PRAKRITINIRNAYA ABHIDHANA

OR

AN ILLUSTRATED AND COMPREHENSIVE DICTIONARY

OF THE

BENGALI LANGUAGE.

CONTAINING

ALL THE WORDS CURRENT IN THE LANGUAGE, RELATING TO LITERATURE, SCIENCE, ARTS, AND THE ORDINARY AFFAIRS OF LIFE, OF THE SANSKRIT, ARABIC, PERSIAN AND VERNACULAR ORIGIN, WITH THEIR VARIOUS ROOTS AND FORMS OF DERIVATION, AND DIFFERENT AND COPIOUS MEANINGS, WITH ILLUSTRATIONS FROM BOTH THE ANCIENT AND THE MODERN SANSKRIT WRITERS AND POETS, ESPECIALLY VALMIKI, VYASA, KALIDASA, BHAVABHUTI, BHARAVI MAGH, BHARTRIHARY, SRIHARSA AND BANA-BHATTA. COMPILED FROM BOTH THE ANCIENT AND THE MODERN AUTHENTIC AND REPUTED WORKS ON THE SUBJECT.

BY

DURGA CHARAN BANDYOPADHYAYA

AND

PURNA CHANDRA CHAKRAVARTI.

EX-STUDENTS, SANSKRIT COLLEGE, CALCUTTA.

প্রকৃতিনির্ণয় অভিধান।

অর্থাৎ

সচিত্র বৃহৎ বাঙ্গালা অভিধান।

যাবতীয় প্রচলিত বাঙ্গালা ও সংস্কৃত শব্দ এবং ঐ সকলের ধাতু, প্রত্যয় ও ব্যুৎপত্তি এবং বিখ্যাত সংস্কৃতলেখক ও কবিগণের গ্রন্থ হইতে উদ্ধৃত উদাহরণ সমেত।

শ্রীযুক্ত দুর্গাচরণ বন্দ্যোপাধ্যায় এবং

শ্রীযুক্ত পূর্ণচন্দ্র চক্রবর্ত্তী কর্ত্তৃক সঙ্কলিত।

CALCUTTA.

PRINTED BY, B. P. M. AT THE B. P. M'S PRESS.

22, Jhamapooker Lane.

1880.

Price 4 Rupees. মূল্য ৪৲ চারি টাকা।

মুখবন্ধ

বাঙ্গালাভাষার কলেবর দিন দিনই বৃদ্ধি পাইতেছে। দিন দিন নানা বিষয়ক প্রস্তাব ইহাতে লিখিত হইতেছে। সুতরাং পূর্ব্বাপরিচিত অনেক শব্দ দিন দিন আমাদিগের নয়নপথে পতিত হইতেছে। আর, বাঙ্গালার পাঠকের সঙ্খ্যাও অতিশয় বৃদ্ধি পাইয়াছে ও পাইতেছে। অতএব এ অবস্থায় একখানি বৃহদাকারের বাঙ্গালা অভিধান যে নিতান্ত আবশ্যক তাহা আর বলিতে হইবে না। ভাষায় নূতনভুক্ত শব্দের সঙ্খ্যা এত বৃদ্ধি পাইয়াছে যে, অল্পদিন মাত্র মহা মহা সুবিজ্ঞ শাব্দিকেরা বহু পরিশ্রম স্বীকার করিয়া যে সকল অভিধান সংগ্রহ করিয়া গিয়াছেন, সে সকল ইহার মধ্যেই পুরাতন হইয়া পড়িয়াছে। শব্দসম্বন্ধে তাৎকালিক অতি উৎকৃষ্ট গ্রন্থ হইলেও বর্ত্তমান সময়ে আর সে সকলে সম্যক্ কাজ চলেনা। বর্ত্তমান সময়ে যে সকল বাঙ্গালা অভিধান প্রচলিত আছে, তন্মধ্যে স্বর্গীয় মুক্তারামবিদ্যাবাগীশকৃত "শব্দাম্বুধি" শ্রীযুক্ত শ্যামাচরণ চট্টোপাধ্যায়সঙ্কলিত "শব্দদীধিতি" ৺রামকমল বিদ্যালঙ্কার কৃত "প্রকৃতিবাদ" শ্রীযুক্ত গিরীশচন্দ্র বিদ্যারত্ন কৃত "শব্দসার" এবং শ্রীযুক্ত বাবু বেণীমাধব দে প্রচারিত "শব্দার্থমুক্তাবলী" "শব্দার্থপ্রকাশিকা" ও "নূতন শব্দার্থপ্রকাশিকা" এই কয়খানিই উৎকৃষ্ট। কিন্তু পূর্ব্বে যে হেতু নির্দ্দেশ করিয়াছি, তদনুসারে এই গুলিও পুরাতন হইয়া পড়িল। আর, সকল শব্দের সমগ্র বিবিধার্থও কোনও খানিতেই নাই।

এই অভাব পূরণ করিবার নিমিত্ত সচেষ্ট হইয়া আমরা এই অভিধানখানি সংগ্রহ করিয়া সাধারণের সমক্ষে প্রকাশ করিলাম। বহু পরিশ্রম সহকারে প্রামাণিক সমুদায় শব্দগ্রন্থ আলোড়ন পূর্ব্বক ইহাতে বিবিধ শব্দ, ধাতু, ধাত্বর্থ, প্রত্যয় ও প্রত্যয়ার্থ, বিবিধঅর্থসহ সংগৃহীত হইয়াছে। অমরকোষ, ও তট্টীকা, এবং রাধাকান্ত, মনিয়র্ উইলিয়ম ও উইলসন্ হইতে প্রচলিত যাবদীয় সংস্কৃত শব্দ সংগৃহীত হইয়া বাঙ্গালা অর্থসহ সন্নিবেশিত হইয়াছে। অনেক শব্দের ব্যুৎপত্তির প্রমাণও দেওয়া হইয়াছে। প্রচলিত প্রসিদ্ধ প্রাচীন ও আধুনিক সংস্কৃত কবি ও লেখক হইতে উদাহরণ উদ্ধৃত করিয়া অনেক শব্দের তত্তদর্থের সহিত সংযোজিত হইয়াছে। অনেক শব্দের বৈদিক

অর্থও দেওয়া গিয়াছে। তদ্ভিন্ন চলিত ভাষার যাবদীয় শব্দও সন্নিবিষ্ট হইয়াছে। প্রাচীন দেশ, নগর ও গ্রামাদির আধুনিক নামও দেওয়া গিয়াছে।

শব্দের অর্থ লিখিবার সময় একার্থবোধক শব্দসকলের মধ্যে (,) কমা এবং ভিন্নার্থ প্রতিপাদক শব্দসমূহের মধ্যে (।) দাঁড়ি চিহ্ন ব্যবহার করা-গিয়াছে।

প্রকৃত শব্দ জ্ঞানে পাঠকগণের সুবিধা হইবে এই নিমিত্ত প্রয়োগ কালে শব্দ সকল যে রূপ ব্যবহৃত হইয়া থাকে, প্রথমতঃ তাহা লিখিয়া তাহার পরেই সেই সেই শব্দের অন্ত্য ভাগটী লেখা হইয়াছে; তদ্দ্বারা প্রকৃত শব্দটী অন্ ভাগান্ত কি ইন্ ভাগান্ত ইত্যাদি অনায়াসে জানা যাইতে পারিবে।

লিঙ্গভেদে যে যে স্থলে শব্দের অর্থভেদ হইয়া থাকে, তাহা প্রায় স্বতন্ত্র না লিখিয়া এক স্থলেই লিখিত হইয়াছে; এবং সেই সকল শব্দের অন্তে আকার ঈকার প্রভৃতি চিহ্ন যোগ করিলে যে সকল স্ত্রীলিঙ্গ শব্দ সিদ্ধ হয় এরূপ অনেক স্ত্রীলিঙ্গ অর্থও যথা স্থানে না লিখিয়া তৎসমুদায়ের অন্তে (স্ত্রী) এই চিহ্ন ও আকার ঈকার প্রভৃতিতে রূপান্তরিত অন্ত্যভাগ মাত্র সংযোজিত করিয়া লিখিত হইয়াছে। সেই সকল শব্দের অর্থ দেখিতে হইলে পাঠকগণ যথাস্থানে না দেখিয়া পূর্ব্বোক্ত শব্দ সমূহের শেষভাগ দেখিলেই অনায়াসে জানিতে পারিবেন।

পরিশিষ্টে অকারাদি অন্ত্যবর্ণ ক্রমে প্রায় সমস্ত আবশ্যকীয় ধাতু ও তাহাদিগের অর্থ বোপদেব সম্মত অনুবন্ধের সহিত বিন্যস্ত করা গিয়াছে। এবং ভিন্ন ভিন্ন উপসর্গ পূর্ব্বে থাকিলে ধাতুর যে সমস্ত ভিন্ন ভিন্ন অর্থ হয় তাহাও লিখিত হইয়াছে।

উপসংহার কালে আমাদের বক্তব্য এই যে অভিধানখানিকে সর্ব্বাঙ্গীন করিবার নিমিত্ত সমগ্র চেষ্টা করা গিয়াছে, কোন ত্রুটি করা হয় নাই। এক্ষণে সকলের নিকট সাদরে গৃহীত হইলেই সকল শ্রম সফল জ্ঞান করিব, ইতি।

কলিকাতা
১২৮৬

শ্রীদুর্গাচরণ বন্দ্যোপাধ্যায়।
শ্রীপূর্ণচন্দ্র চক্রবর্ত্তী।

প্রকৃতিনির্ণয় অভিধান।

অ

অ, আদ্যস্বর। ইহার উচ্চারণ স্থান কণ্ঠ। সং, পুং, বিষ্ণু। যথা "অকারো বিষ্ণুরুদ্দিষ্ট উকারস্তু মহেশ্বরঃ। মকার উচ্যতে ব্রহ্মা প্রণবেন ত্রয়ো মতাঃ"। ইতি দুর্গাদাস। ক্রিং—বিং, অং, অভাব; যথা করণাভাব=অকরণ। বিং, অং, ভিন্ন; যথা শূদ্র ভিন্ন=অশূদ্র। অপ্রশস্ত, কুৎসিত; যথা অপ্রশস্ত দিন =অদিন। অল্প; যথা অল্পকেশী= অকেশী। সদৃশ; যথা ব্রাহ্মণসদৃশ= অব্রাহ্মণ। বিরোধী; যথা সুরবিরোধী= অসুর।

অঋণী, (অঋণিন্, অ-ঋণিন্=যে ঋণগ্রস্ত) বিং, ত্রিং, যে ঋণগ্রস্ত নহে। দেব-ঋণ, ঋষি-ঋণ ও পিতৃ-ঋণ এই ঋণত্রয় বিমুক্ত; যথা "দিবসস্যাষ্টমে ভাগে শাকং পচতি যো নরঃ। অঋণী চাপ্রবাসী চ স বারিচর মোদতে"। ইতি মহাভারত।

অংশ, (অন্শ=ভাগকরা+অ—ভা) সং, পুং, ভাগ। যথা "দ্বাবংশৌ প্রতিপদ্যেত বিভজন্নাত্মনঃ পিতা ইতি দ্ব্যংশহরোহর্দ্ধহরো বা পুত্রবিত্তার্জ্জনাৎ পিতা"। ইতি চ দায়ভাগঃ। রাশিচক্রের দ্বাদশাংশ, সূর্য্যের এক মাসের গমনীয় পথ, এক রাশি। যথা "অংশকলাবিলিপ্তাঃ" ইতি জ্যোতিষ। এক রাশির নবম ভাগ। যথা "স্বাংশং বিলগ্নে যদি বা ত্রিকোণে স্বাংশে স্থিতঃ পশ্যতি" ইতি পঞ্চপক্ষী। ভাজ্য। যথা অন্যোন্যহারাভিহতৌ হরাংশৌ রাশ্যোঃ সমচ্ছেদবিধানমেবম্। মিথোহরাভ্যামপবর্ত্তিতাভ্যাং যদ্বা হরাংশৌ সুধিয়াত্র গুণ্যৌ, ইতি লীলাবতী। খণ্ড। স্কন্ধ। অক্ষাংশ।

অংশক, (অংশ দেখ+অক—ক) সং, পুং, জ্ঞাতি। ক্লীং, দিন। ভাগ।

অংশকূট, (অংশ—কূট) সং, পুং, ককুদ, ষাঁড়ের ঝুঁটী।

অংশন, (অংশ+অন) সং, ক্লীং, পৃথক্ করা, বিভাগ, ভাজন।

অংশল, (অংসল দেখ) বিং ত্রিং, বলবান, বৃষস্কন্ধ।

অংশাংশ, (অংশ—অংশ) সং, পুং, ভিন্ন ভিন্ন অংশ, বিভাগ, ভাগপ্রভাগ।

অংশাংশী, (অংশ+অংশ=ভাগের ভাগ —ইন্) বিং, ত্রিং, ভাগপ্রভাগের অধিকারী, যে ব্যক্তি ভাগের ভাগ পায়।

অংশিতা, (অংশ+ইন্+তা) সং, স্ত্রীং, বিভাগাধিকার, ভাগ।

অংশিত্ব, (অংশ+ইন্+ত্ব) সং, ক্লীং, বিভাগাধিকারিত্ব, অংশিতা।

অংশী, (অংশিন্, অংশ দেখ+ইন্—ক) বিং, ত্রিং, ভাগী, যে অংশ পায়।

অংশু, (অশ্=ব্যাপা+উ—সংজ্ঞার্থে। যে ব্যাপে) সং, পুং, কিরণ। সূত্রাদির সূক্ষ্মাংশ, আঁশ। সূর্য্য।

অংশুক, (অংশু=তন্তুসূক্ষ্মভাগ-ক [কাশ্=দীপ্তি পাওয়া+অ—ক] যে দীপ্তি পায়। যাহা অংশুদ্বারা প্রকাশ পায়, তন্না—ক) সং, ক্লীং, বস্ত্র। সূক্ষ্ম বস্ত্র। শুক্ল বস্ত্র। উত্তরীয় বস্ত্র। তেজপাত।

অংশুকায়, (অংশু=কিরণ—কায়=দেহ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, যাহাদের কর্ম্মেন্দ্রিয়

সকল অংশুবৎ অর্থাৎ কিরণের মত, (যথা—প্রবাল-কীট, তারামৎস্য ইত্যাদি)
অংশুধর, (অংশু=কিরণ—ধর [ধৃ=ধরা অ—ক] যে ধরে। যিনি অংশু ধরেন, ২য়া—ষ) সং, পুং, সূর্য্য। সূর্য্যবংশীয় অসমঞ্জরাজা। আকাশস্থ জ্যোতির্মণ্ডল।
অংশুবাণ, (অংশু=কিরণ+বাণ=শর, ৬ষ্ঠী—হিং) সূর্য্য, দিবাকর।
অংশুভর্ত্তা, (অংশু=কিরণ—ভৃ+তৃ, ধারণকারী) সং, পুং, সূর্য্য, দিবাকর।
অংশুমতী, (অংশু=প্রভা+মৎ—অস্ত্যর্থে, যে প্রভাযুক্ত) সং, স্ত্রীং, শালপর্ণবৃক্ষ। শালপাণী গাছ।
অংশুমৎফলা, (অংশুমৎ=প্রভাযুক্ত—ফল, যাহার প্রভাযুক্ত ফল, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, কদলীবৃক্ষ, কলাগাছ।
অংশুমান্, (অংশুমৎ, অংশু+মৎ—অস্ত্যর্থে। যাহার অংশু আছে) সং, পুং, কিরণবিশিষ্ট। দীপ্তিমান্। সূর্য্যবংশীয় অসমঞ্জ রাজার পুত্র সগররাজার পৌত্র।
অংশুমালা, (অংশু=কিরণ+মালা=শ্রেণী) সং, স্ত্রীং, জ্যোতির্মালা, নক্ষত্রমালা। জ্যোতিঃসমূহ, সূর্য্যমণ্ডল।
অংশুমালী, (অংশুমালিন্, অংশুমালা+ইন্—অস্ত্যর্থে। যাহার অংশুমালা আছে) সং, পুং, সূর্য্য। কিরণশালী।
অংশুল, (অংশু=প্রভা+ল—অস্ত্যর্থে) বিং, ত্রিং, প্রভাযুক্ত। উজ্জ্বল। সুন্দর। সং, পুং, চাণক্যপণ্ডিত।
অংশুশিরালদেহ, (অংশু—শিরাল—দেহ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, যাহাদের দেহস্থ শিরা সকল একমূল হইতে অংশুর ন্যায় সর্ব্বদিকে সমরূপে বিস্তীর্ণ হয়, যথা—পুরুভুজাদি।
অংশুহস্ত, (অংশু=কিরণ—হস্ত, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সূর্য্য।
অংস (অম্=রুগ্নহওয়া+স=সংজ্ঞার্থে। যে ভারাদি দ্বারা রুগ্ন অর্থাৎ পীড়িত হয়) সং, পুং, স্কন্ধ, কাঁধ, বিভাগ।
অংসকূট, (অংস=স্কন্ধ—কূট=শিখর, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ককুদ্, ষাঁড়ের ঝুঁটি।
অংসফলকাস্থি, (অংস=স্কন্ধ—ফলক—অস্থি) সং, ক্লীং, হস্ত চালনা করিবার সময় উভয় স্কন্ধের পশ্চাৎদিকে যে ত্রিকোণাকার অস্থিদ্বয় চালিত হইতে দেখা যায়। সুশ্রুতে কথিত আছে, এই অস্থি ভগ্ন হইলে অঙ্গ-বৈকল্য হইয়া থাকে।
অংসল, (অংস=স্কন্ধ+ল—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বলবান্, মাংসল। হৃষ্টপুষ্ট। শক্তিযুক্ত। বৃষস্কন্ধ।
অংহঃ, (অংহস্, অন্হ্=গমনকরা+অস্—সংজ্ঞার্থে। যাহার দ্বারা অধোগমন করে) সং, ক্লীং, পাপ, পাতক, দুরিত, দুষ্কৃত, কল্মষ।
অংহতি, (অন্হ্=গমনকরা+অতি—প্রং অথবা অন্—হন্=[বধকরা] গমন করা +তি—ভা) সং, স্ত্রীং, দান, পীড়া, রোগ, উপহার, ত্যাগ।
অংহ্রি, (অংহঃ দেথ+রি—সংজ্ঞার্থে। যাহার দ্বারা গমন করা যায়) সং, পুং, পদ, পাদ, চরণ। চতুর্থাংশ। বৃক্ষমূল।
অংহ্রিপ, (অংহ্রি=পাদ প [পা=পান করা +অ—ক] যে পান করে। যে পাদ-দ্বারা পান করে, ৩য়া—ষ) সং, পুং, পাদপ, বৃক্ষ।
অংহ্রিস্কন্ধ, (অংহ্রি=চরণ—স্কন্ধ, ৬ষ্ঠী —ষ) সং, পুং, গুল্ফ, পায়ের গোড়ালি।
অক, (অ—ক=সুখ) সং, ক্লীং, পাপ, দুঃখ।
অকঙ্কর, (ন+কঙ্কর, ৭মী—হিং) বিং, ত্রিং, কঙ্করহীন, কাঁকররহিত।
অকচ, (অ—কচ=কেশ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, কেশরহিত, নেড়া, মুণ্ডিতমস্তক, (মস্তক নাই বলিয়া) সং,পুং, কেতুগ্রহ। পাত, সূর্য্যপথ ও চন্দ্রপথের সঙ্গমস্থল।
অকটু, (ন+কটু) বিং, ত্রিং, সুস্বাদু, তিক্ততা রহিত, যাহা ঝাল নহে।

অকঠিন, (ন+কঠিন) বিং, ত্রিং, কোমল, মৃদু, নরম, সুকুমার।
অকঠোর, (ন+কঠোর) বিং, ত্রিং, অকর্কশ, অকঠিন, মৃদু।
অকণ্টক, (অ—কণ্টক কাঁটা, ক্ষুদ্র শত্রু, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নিঃসপত্ন, নিষ্কণ্টক, শত্রুরহিত, নিরুপদ্রব, যথা "ভুঙ্ক্ষ্ব রাজ্যমকণ্টকম্ ইতি।"
অকথা, (অ=কুৎসিত—কথা) সং, স্ত্রীং, অশ্লীল বাক্য, কুকথা, মন্দ কথা।
অকথ্য, (অ—কথ্য=বক্তব্য) বিং, ত্রিং, অবক্তব্য, যাহা বলা উচিত নয়, অনিবেদ্য।
অকণ্ঠস্থ, (ন কণ্ঠ-স্থা-অ) বিং, ত্রিং অনভ্যস্ত, অনুচ্চারিত।
অকপট, (অ+কপট=শঠ) বিং, ত্রিং, চাতুর্য্যহীন, কপটতাশূন্য, সরল, উদার
অকপটতা, (ন+কপট+তা) সং, স্ত্রীং, অকাপট্য, নিষ্কপটতা, সরলতা, ঔদার্য্য।
অকম্প, (অ+কম্প) বিং, ত্রিং, কম্পন রহিত, নিষ্কম্প, স্থির, অচল, দৃঢ়।
অকম্পন, (অ+কম্প+অন) বিং, ত্রিং, স্থির, নিশ্চল, রাবণের সেনাপতি বিশেষ।
অকর, (অ—কর=হস্ত, রাজস্বাদি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, হস্তরহিত, নিষ্কর। রা—স্ত্রীং, আমলকী, কিরণহীন।
অকরণি, (অ—কৃ=করা+অনি—ক, শাপার্থে) সং, স্ত্রীং, অভিসম্পাত, শাপ, আক্রোশ।
অকরণী, (Rational, অ—করণী সূক্ষ্মরূপে যে রাশির মূল বহিষ্কৃত না হয়) সং, স্ত্রীং, যে রাশির মূল আকর্ষণ করিতে হইলে কোন ভাগশেষ থাকে না।
অকরুণ, (অ—করুণা দয়া, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নির্দ্দয়। করুণা শূন্য, নিষ্ঠুর। যথা অকরুণত্ব মকারণবিগ্রহঃ ইত্যুদ্ভটঃ
অকর্কশ, (অ+কর্কশ=কঠিন) বিং, ত্রিং, কার্কশ্যরহিত, কোমল, নরম।
অকর্ণ, (অ+কর্ণ=কাণ বা হালি) বিং, ত্রিং, কর্ণেন্দ্রিয় রহিত, বধির, কালা। হালিরহিত।
অকর্ণধার, (অ+কর্ণ+ধৃ+ই+অ) বিং, ত্রিং, হালধরিবার অযোগ্য। অজ্ঞমাঝি, মাঝিহীন নৌকা। যথা "যদি নস্যাম্নরপতিঃ সম্যঙ্‌নেতা ততঃ প্রজা। অকর্ণধারা জলধৌ বিপ্লবতেহনৌরিব"। হিতোপদেশ।
অকর্ত্তন, (অ—কর্ত্তন, ৬ষ্ঠী—হিং) বিং, কর্ত্তনশূন্য, বামন, খর্ব্ব।
অকর্ত্তৃক, (অ+কর্ত্তৃ+ক—যোগ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার কর্ত্তা নাই, বি শৃঙ্খল। [শূন্য, নির্ম্মল, পরিষ্কৃত।
অকর্দ্দম, (অ+কর্দ্দম) বিং ত্রিং, কর্দ্দম
অকর্ম্ম, (অ+কর্ম্মন্) সং, ক্লীং, মন্দকর্ম্ম, নিরর্থক কর্ম্ম, কর্ম্মরাহিত্য। কুৎসিতফলাভিসন্ধিরহিত কর্ম্ম। যথা 'কিং কর্ম্মকিমকর্ম্মেতি কবয়োপ্যত্রমোহিতাঃ।' ইতি ভগবদ্গীতা।
অকর্ম্মক, (অ—কর্ম্মন্+ক—যোগ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার কর্ম্ম নাই, ব্যর্থ, অনুপযুক্ত।
অকর্ম্মণ্য, (অ—কর্ম্মণ্য কর্ম্মের যোগ্য) বিং, ত্রিং, কর্ম্মের অযোগ্য, কর্ম্মাক্ষম।
অকর্ম্মা, (অ+কর্ম্মন্, ৬ষ্ঠী হিং) বিং ত্রিং নিষ্কর্ম্মা, কার্য্যাক্ষম, বিপরীত কর্ম্মকারী।
অকলঙ্ক, (অ—কলঙ্ক, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, কলঙ্করহিত, নির্দ্দোষ, নির্ম্মল।
অকল্ক, (অ—কল্ক, দম্ভ, মলা ইত্যাদি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, কল্করহিত, দম্ভরহিত, যে মৎস্যের আইষ নাই, পাকার্থ উষ্ণীকৃত তৈলের ফেনবিগম, ফেনা রহিত, কা—স্ত্রীং, সং, জ্যোৎস্না।
অকল্পিত, (অ+কৢপ+ত) সং, ত্রিং, অকৃত্রিম, যথার্থ, সত্য, বাস্তব।
অকল্য, (অ—কল্য সুস্থ) বিং, ত্রিং, রোগী, পীড়িত, অসমর্থ।
অকল্যাণ, (অ+কল্যাণ) সং, ত্রিং, অমঙ্গল, অকুশল, অশুভ

অকষ্টবন্ধ, (অকষ্ট=যার পর নাই কষ্ট—বন্ধ বন্ধন) সং, অপ্রতীকার্য্য আপদ্। অধিক দুঃখ, অপ্রতিবিধেয়দুঃখে পতিত।

অকস্মাৎ, (অ—কস্মাৎ [কিম্—স্মাৎ=হইতে] কোন স্থান হইতে, কোন স্থান হইতে নহে) ক্রিং—বিং, অং, হঠাৎ। সহসা, দৈবাৎ, বিনা কারণ, অতর্কিত, সপদি।

অকাণ্ড, (অ—কন দীপ্তিপাওয়া+ড—প্রং, অ=আ) ক্রিং—বিং, অং, অকস্মাৎ, সং, পুং অসময়, যথা অকাণ্ডযমদণ্ড ইবৈষ ভুজঃ, ইতি মালতীমাধব। যে বৃক্ষের গুঁড়ি নাই, ত্বক্ সার তৃণ গুল্মাদি।

অকাতর, (অ+কাতর) বিং, ত্রিং, দুঃখবোধ রহিত, অনায়াস, কাতরতা শূন্য।

অকাম, (অ+কাম=অভিলাষ) বিং, ত্রিং, নিষ্কাম, বাসনা শূন্য, ইন্দ্রিয় পরায়ণতা শূন্য। [স্বরবর্ণের আদ্য অক্ষর।

অকার, (অ+কার—স্বার্থে) সং, পুং,

অকার্য্য, (অ কুৎসিত—কার্য্য কর্ম্ম) সং, ক্লীং, অসৎকর্ম্ম, অকর্ত্তব্য কর্ম্ম. যথা "অকার্য্য চিন্তা সমকালমেব প্রাদুর্ভবংশ্চাপধরঃ পুরস্তাৎ, অন্তঃশরীরেস্বপি যঃ প্রজানাং প্রত্যাদিদেশাবিনয়ং বিনেতা" ইতি রঘুবংশ।

অকাল, (অ অপ্রশস্ত—কাল সময়) সং, পুং, গুরু শুক্রের বৃদ্ধাস্ত বাল্যাদি বশতঃ অশুদ্ধ কাল, অসময়, দুর্ভিক্ষ।

অকালজলদোদয়, (অকাল—জলদ মেঘ—উদয়, ৭মী—ষ+৬ষ্ঠী—ষ) সং, পুং, অসময়ে মেঘোদয়, কুজ্ঝটিকা, কুয়াসা।

অকিঙ্কর, (অ+কিঙ্কর) বিং, ত্রিং, কুভৃত্য, যে উত্তম ভৃত্য নহে, ভৃত্যবিহীন দাস্যভাব রহিত।

অকিঞ্চন, (অ—কিঞ্চন কিছু, যার কিছুই নাই, ৬ষ্ঠী—হি) বিং, ত্রিং, দরিদ্র, নিঃস্ব, দীন, দুঃখী।

অকিঞ্চনতা—স্ত্রীং } (পূর্ব্বে দেখ+তা,
অকিঞ্চনত্ব—ক্লীং } ত্ব—ভাবে) সং, দারিদ্র্য, নির্দ্ধনতা, কিছুমাত্র সম্পত্তি না থাকা।

অকিঞ্চিৎ, (অ+কিঞ্চিৎ) সং, অং, তুচ্ছ, সামান্য, হেয়, কিছুই নয়, যথা অকিঞ্চিদপি কুর্ব্বাণঃ সৌখ্যৈর্দুঃখান্যপোহতি, তত্তস্য কিমপিদ্রব্যং যোহি যস্য প্রিয়োজনঃ ইতি উত্তরচরিত।

অকিঞ্চিৎকর, (অ—কিঞ্চিৎ—কর যে করে, ২য়া—ষ) বিং, ত্রিং, যাহা কিছুই করে না, যৎসামান্য, তুচ্ছ।

অকীর্ত্তি, (অ—কীর্ত্তি যশ) সং, স্ত্রীং, অযশঃ, অখ্যাতি, দুর্নাম, অপ্রতিষ্ঠা।

অকীর্ত্তিকর, (অ—কীর্ত্তি যশঃ—কর যে করে) বিং, ত্রিং, অযশস্কর, দুর্নামজনক।

অকুটিল, (অ+কুটিল) বিং ত্রিং সরল, কুটিলতা রহিত, সরলান্তঃকরণ, অবক্র।

অকুণ্ঠ, অকুণ্ঠিত (অ—কুণ্ঠ আলস্য করা +অ, ত—ক) বিং, ত্রিং, প্রতিভাযুক্ত, অব্যাহত, অসঙ্কুচিত, অক্ষুব্ধ।

অকুৎসিত, (অ—কুৎসিত) বিং, ত্রিং-সম্ভ্রান্ত, সুন্দর, আনন্দিত, যথা অকুৎসিতে কর্ম্মণি যঃ প্রবর্ত্ততে নিবৃত্ত রাগস্য গৃহং তপোবনম্॥ ইতি তন্ত্রম্।

অকুতোভয়, (অ—কুতঃ [কিম্+তঃ=হইতে] কোন স্থান হইতে—ভয় শঙ্কা, যার কোন স্থান হইতে ভয় নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নিঃশঙ্ক, নির্ভয়, সাহসী, যে কিছুতেই ভীত হয় না।

অকুপ্য, (অ—কুপ্য স্বর্ণ ও রৌপ্য ভিন্ন আর সকল প্রকার ধাতু) সং, ক্লীং, স্বর্ণ, রৌপ্য। যথা কুরুনকুপ্যং বসুবাসবোপমঃ ইতি ভারবি।

অকুলন, (অ—কুল্ রাশিকরা+অন—ভা) সং, অপ্রতুল, অনাটন, অভাব।

অকুলীন, (অ+কুল+ঈন) কুলমর্য্যাদাহীন, হীন বংশোৎপন্ন, অকৌল, ইতরজাতি যথা অকুলীনোপি শাস্ত্রজ্ঞো দৈবতৈরপি পূজ্যতে ("চানক্য")।

অকূপার (অ—কু পৃথিবী—পার তীর, যার পারে পৃথিবী নাই, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সমুদ্র, কূর্ম্মরাজ, পর্ব্বত।

অকূর্চ্চ, (অ—কূর্চ্চ কাপট্য) বিং, ত্রিং, কাপট্যরহিত। সং, পুং, বুদ্ধ।

অকুলপাতার, (অকুল যার কূল নাই—পাতার [পাথস্ শব্দজ] জল) সং, অগাধজল, মহাবিপদ্।

অকৃত, (অ+কৃ+ত) বিং, ত্রিং, অনিষ্পাদিত, অসম্পন্ন।

অকৃতকার্য্য, (অ+কৃ+ত+কার্য্য ৩য়া-হিং) বিং, ত্রিং, বিফল প্রযত্ন, যে কার্য্য-সম্পাদন করে নাই বা করিতে পারে নাই।

অকৃতঘ্ন, (অ+কৃ+ত+হন+অ) কৃতজ্ঞ, যে ব্যক্তি উপকার বিস্মৃত হয় না।

অকৃতজ্ঞ, (অ—কৃতজ্ঞ যে উপকার স্বীকার করে, ২য়া—ষ) বিং, ত্রিং, যে ব্যক্তি উপকার স্বীকার না করে।

অকৃতদার, (অ—কৃত—দার ভার্য্যা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অবিবাহিত।

অকৃত্রিম, (অ—কৃ করা+ত্রিম—নিবৃত্তার্থে) বিং, ত্রিং, যাহা কৃত্রিম নহে, অকাল্পনিক, অপ্রাকৃত, খাঁটি।

অকৃপ, (অ+কৃপা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, দয়াশূন্য, নির্দ্দয়, নিষ্ঠুর।

অকৃপণঃ, (অ+কৃপ+অণ) বিং, ত্রিং, কার্পণ্য রহিত, ব্যয়কুণ্ঠ নহে।

অকৃপা, (অ+কৃপা) সং, নির্দ্দয়তা, নিষ্ঠুরতা।

অকৃষ্টপচ্য, (অ—কৃষ্ট=চষাক্ষেত—পচ্ পাককরা+য—র্ম্ম, ৫মী—ষ) বিং, ত্রিং, অকৃষ্ট অর্থাৎ পতিত ক্ষেত্রে স্বয়ং পক্ক।

অকৃষ্ণকর্ম্মা, (অকৃষ্ণকর্ম্মন্, অ—কৃষ্ণ কালবর্ণ—কর্ম্মন্ কার্য্য, যার কৃষ্ণকর্ম্ম অর্থাৎ পাপকর্ম্ম নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, দুষ্কর্ম্মরহিত, নিষ্পাপ, নির্ম্মলচরিত।

অকেশ, (অ+কেশ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, কেশ রহিত, অল্পকেশবিশিষ্ট, কুৎসিত শিরোরুহ যুক্ত।

অকৈতব, (অ+কিতব=বঞ্চক+অ ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অকপট, বঞ্চনা শূন্য।

অকোট, (অ—কুট বক্র হওয়া+অ—প্রং। যে বক্রভাবে বাড়ে না) সং, পুং, গুবাক, সুপারিগাছ।

অকৌশল, (অ—কুশল+অ—ভা) সং, ক্লীং, অপটুতা, কৌশলাভাব, বিরোধ, অনিপুণতা।

অক্কা, (অক দুঃখ—ক শব্দার্থ 'কৈ' [illegible]) সং, স্ত্রীং, মাতা, জননী।

অক্ত, (অন্জ্ মাথা+ত—র্ম্ম) বিং, ত্রিং, লেপিত, যুক্ত, মিশ্রিত।

অক্রান্ত, (অ+ক্রম+ত) বিং, ত্রিং, অনতিবাহিত, অনাক্রান্ত, অলঙ্ঘিত, বর্ত্তমান, উপস্থিত।

অক্রিয়, (অ+ক্রিয়া, ৬ষ্ঠী হিং) বিং, ত্রিং, কুকার্য্যান্বিত, কুকর্ম্মবিশিষ্ট, ক্রিয়ারহিত, জড়।

অক্রীড়া, (অ+ক্রীড়া,) সং গ্যাক্রীড়া, অনুপযুক্ত খেলা।

অক্রুদ্ধ, (অ+ক্রুধ+ত) বিং, ত্রিং, অকোপন, রোষহীন, অরুষ্ট।

অক্রূর, (অ—ক্রূর=অসরল) সং, পুং, কৃষ্ণের পিতৃব্য, শ্বফল্ক হইতে গান্দিনীর গর্ভে উৎপন্ন। বিং, ত্রিং, সরল।

অক্রেয়, (অ—ক্রী ক্রয়করা+য—র্ম্ম) বিং, ত্রিং, ক্রয়করিবার অযোগ্য, মহার্ঘ।

অক্লিষ্ট, (অ-ক্লিশ-ত) বিং ত্রিং, অক্লান্ত, অশ্রান্ত, অতিশ্রমী।

অক্লিষ্টকর্ম্মা, (অক্লিষ্টকর্ম্মন্, অ—ক্লিষ্ট ক্লেশযুক্ত—কর্ম্মন্, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং যে অক্লেশে কর্ম্ম সমাধা করে, যে কর্ম্ম করিয়া শ্রান্ত ও ক্লান্ত হয় না। যথা রামস্যাক্লিষ্টকর্ম্মণঃ ইতি রামায়ণ।

অক্লীব, (অ—ক্লীব) বিং, ত্রিং, [illegible], সবল, বীর, ধৈর্য্যশালী, অকাতর।

অক্ষ, (অক্ষ্=ব্যাপা+অ—ক) সং, পুং, পাশক, ব্যবহার, ষোল মাষার ভার, আত্মা, জ্ঞান, জ্ঞাতার্থ, শকট, রথ, চাকার

আল, রথাঙ্গ, রথাদির অবয়ব, রাবণ-পুত্র, চক্র, চক্রের, মধ্যমণ্ডল, সর্প, গরুড়, রুদ্রাক্ষবৃক্ষ, অসুর বিশেষ। ক্লীং, ইন্দ্রিয়, রুদ্রাক্ষবীজ, বয়ড়াগাছ, স্বচ্ছ লবণ।

অক্ষত, (অ—ক্ষত [ক্ষণ্ হিংসাকরা + ত—র্ম্ম] হিংসিত) বিং, ত্রিং, আঘাত-শূন্য, অখণ্ডিত, অহিংসিত। সং, পুং, বহুং, আতপতণ্ডুল, যব। তা—স্ত্রীং, পুরুষসংসর্গরহিতা স্ত্রী, অজাত ঋতু স্ত্রী অর্থাৎ যে স্ত্রীর রজোদর্শন হয় নাই। যথা অক্ষতা বা ক্ষতা বাপি ইতি স্মৃতি।

অক্ষতযোনি, (অ+ক্ষত+যোনি, ৬ষ্ঠী হিং) পুরুষ সংসর্গ রহিতা নারী, যে স্ত্রীর রজো দর্শন হয়নাই। যথা সাচেদক্ষতযোনিঃস্যাৎ গতপ্রত্যাগতাপিবা। পৌনর্ভবেন ভর্ত্রা সা পুনঃ সংস্কার মর্হতি॥ ইতি মনু॥

অক্ষদণ্ড, মেরুদণ্ড, (Axis) যে কল্পিত ব্যাসোপরি পৃথিবীর পশ্চিম হইতে পূর্ব্বাভিমুখে প্রতিদিন আবৃত্তি হয়।

অক্ষদর্শক, (অক্ষ ব্যবহার [ঋণদানাদি বিবাদ]—দর্শক যে দেখে, যিনি অক্ষ দেখেন, ৎয়া—ষ) সং, পুং, বিচারকর্ত্তা, অক্ষদ্রষ্টা, ব্যবহারদ্রষ্টা।

অক্ষদেবী, (অক্ষদেবিন্ অক্ষ পাশক —দেবিন্ [দিব্ ক্রীড়াকরা—ইন্—ক] ক্রীড়ক, যে অক্ষদ্বারা ক্রীড়া করে, ৩য়া—ষ) সং, পুং, পাশাখেলক, দ্যূতকারী, পাশক্রীড়ক, দ্যূতকর।

অক্ষধুর, (অক্ষ চক্র=ধুর অগ্র, ৬ষ্ঠী—ষ) রা—স্ত্রীং, সং, চক্রাগ্র।

অক্ষধূর্ত্ত, (অক্ষ পাশক—ধূর্ত্ত, ৭মী—ষ) সং, পুং, দ্যূতক্রীড়াকারক, পাশক্রীড়ক, দ্যূতজীবী।

অক্ষপাদ, (অক্ষ জ্ঞান—পাদ গমন, যাঁহার জ্ঞানেতে গমন, ৬ষ্ঠী—হিং, কিম্বা বিদ্বন্মোদতরঙ্গিণীতে—পাদজ্ঞাত, যিনি অক্ষদ্বারা জ্ঞাত অর্থাৎ বিখ্যাত ৩য়া—ষ) সং, পুং, গৌতম-মুনি, ন্যায়-শাস্ত্রপ্রণেতা, চক্রাঙ্গ।

অক্ষবতী, (অক্ষ পাশক+বৎ—অস্ত্যর্থে, ঈ—প্রং) সং, স্ত্রীং, দ্যূতক্রীড়া পাশা খেলা।

অক্ষবিৎ, (অক্ষ+বিদ্) বিং, ত্রিং, দ্যূতজ্ঞ, ব্যবহারজ্ঞ, বিচারজ্ঞ, ব্যবহারাজীব, উকীল।

অক্ষম, (অ—ক্ষম সমর্থ) বিং, ত্রিং, ক্ষমতারহিত। মা—স্ত্রীং, সং, ঈর্ষা ক্রোধ।

অক্ষমতা, (অ+ক্ষম+তা) অসামর্থ্য, শক্তিহীনতা, দুর্ব্বলতা।

অক্ষমালা, (অক্ষ রুদ্রাক্ষ—মালা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, রুদ্রাক্ষমালা, জপমালা, বশিষ্ঠপত্নী, অরুন্ধতী। যথা অক্ষমালা বশিষ্ঠেন সংযুক্তাধমযোনিজা ইতি মনু।

অক্ষয়, (অ—ক্ষয় বিনাশ, যাহার ক্ষয় নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, ক্ষয়রহিত, অবিনশ্বর, চিরস্থায়ী, অব্যয়। য়া—স্ত্রীং, তিথিঘটিত যোগবিশেষ।

অক্ষয়তৃতীয়া; (যে তৃতীয়া তিথিতে কর্ম্মফলের ক্ষয় হয় না) সং, স্ত্রীং, চান্দ্র-বৈশাখের শুক্লতৃতীয়া।

অক্ষয্য, (অক্ষয়+য—প্রং) সং, ক্লীং, ঘৃত-মধুযুক্ত জল, অক্ষয়ত্ব, অক্ষয়।

অক্ষর, (অ—ক্ষর ক্ষরণ, যাঁর ক্ষরণ নাই, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, ব্রহ্ম, পরমেশ্বর। অকরাদি পঞ্চাশৎ বর্ণ। বিং, ত্রিং, অনশ্বর, স্থায়ী।

অক্ষরচন-ণ, অক্ষরচুঞ্চু (অক্ষর+চন, চুঞ্চু—খ্যাতার্থে. যে অক্ষর দ্বারা খ্যাত) বিং, ত্রিং, লিপি কর্ম্মে নিপুণ, সুলেখক, বিখ্যাত লেখক।

অক্ষরজননী, (অক্ষর—জননী) সং, স্ত্রীং, লেখনী, কলম।

অক্ষরজীবক, (অক্ষর—জীবক যে প্রাণধারণ করে, অক্ষর অর্থাৎ লিপিদ্বারা যে জীবিকা নির্ব্বাহ করে, ৩য়া—ষ) সং, পুং, লেখক।

অক্ষরজীবিক, (অক্ষর+জীবিকা—৬ষ্ঠী হিং) লেখক, যে ব্যক্তি অক্ষর লিখিয়া জীবিকা নির্ব্বাহ করে।

অক্ষরতূলিকা, (অক্ষর-তূলিকা, ৬ষ্ঠী—ষ সং, স্ত্রীং, লেখনী, কলম।

অক্ষরবিন্যাস, (অক্ষর+বি+ন্যাস ৬ষ্ঠী-ষ) সং, পুং, অক্ষর লেখা।

অক্ষরমালা, (অক্ষর+মালা ৬ষ্ঠী-ষ) বর্ণমালা, অক্ষর শ্রেণী। [পুং, শিষ্য, ছাত্র।

অক্ষরমুখ, (অক্ষর—মুখ, ৬ষ্ঠী—ষ) সং,

অক্ষ-রেখা (Lines of Latitude) নিরক্ষরেখা হইতে সমদূরবর্ত্তী উত্তর দক্ষিণ উভয়দিকেই যে সকল মণ্ডলাকার রেখা গোলকের পূর্ব্বপশ্চিমে ব্যাপিয়া আছে।

অক্ষবৃত্ত, অক্ষসমান্তরাল (Parallels of Latitude) নিরক্ষবৃত্তের সমান্তরাল এবং নিরক্ষবৃত্ত হইতে ক্রমশঃ দশ দশ অংশ অন্তরে যে সকল ক্ষুদ্র ক্ষুদ্র বৃত্ত কল্পিত হয়।

অক্ষরসংস্থান, অক্ষর—সংস্থান আকৃতি আরোপণ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, লিখন, লিপি, লেখা। [পুং, জপমালা।

অক্ষসূত্র, (অক্ষ—সূত্র, ৬ষ্ঠী—ষ) সং,

অক্ষাংশ (Degree, অক্ষ—অংশ) ভূগোলবেত্তারা বিষুবরেখার উত্তর দক্ষিণ অথবা পূর্ব্বপশ্চিম ভূভাগ ৩৬০ ভাগে বিভক্ত করেন। ইহার এক২ ভাগ এক২ অক্ষাংশ।

অক্ষাগ্রকীলক, (অক্ষ চক্র—অগ্র-কীলক অগ্রকার খিল, ৬ষ্ঠী—য) সং, পুং, রথাদিচক্রের রোধক শঙ্কু, চাকার খিল।

অক্ষান্তি, (অ—ক্ষান্তি ক্ষমা) সং, স্ত্রীং অক্ষমা, অসহিষ্ণুতা,ঈর্ষা, যথা অক্ষান্তিসার-সর্ব্বস্বং দুর্ব্বাসসমবেহি মাম্ ইতি বিষ্ণু পুরাণ।

অক্ষারলবণ, (অ—ক্ষার—লবণ) সং, ক্লীং, সৈন্ধবাদি লবণ। গব্য ঘৃত ও দুগ্ধ আতপতণ্ডুল, মুগ তিল যব ইত্যাদি হবিষ্য দ্রব্য।

অক্ষি, (অক্ষ ব্যাপা+ই—ক। যে রূপকে ব্যাপে) সং, ক্লীং নেত্র, চক্ষুঃ।

অক্ষিক, অক্ষীক, (অক্ষ ব্যাপা+ইক, ঈক—প্রং) সং, পুং বৃক্ষবিশেষ, রঞ্জনবৃক্ষ, আচফুলের গাছ।

অক্ষিকূটক, (অক্ষি—কূটক গোলক, ৬ষ্ঠী—ষ) সং পুং, চক্ষুর্গোলক, চক্ষুরতারা।

অক্ষিগত (অক্ষিগত শূকাদির ন্যায় যে ব্যথাদায়ক, যং—স) বিং, ত্রিং, দ্বেষ্য, বৈরাস্পদ, রিপু, ঘৃণাস্পদ, নয়নগোচর। [খিত, অম্লান অদূন।

অক্ষিণ্ণ, (অ+ক্ষিদ্+ত) বিং ত্রিং অদুঃ-

অক্ষিব, অক্ষীব, (অ—ক্ষীব কফাদি ফেলা, দর্পকরা+অ—ণ। রূক্ষবীর্য্যত্ব হেতু তৎ সেবনে কফাদি ফেলা যায় না যাহার দ্বারা) সং, পুং, শোভাঞ্জনবৃক্ষ, শজিনাগাছ। সং, ক্লীং, সামুদ্রলবণ। বিং ত্রিং; অমত্ত।

অক্ষিবিকূণিত, (অক্ষি চক্ষুঃ—বিকূণিত [বি—কুণ্ সঙ্কোচকরা+ত-স্ম] সঙ্কোচিত) সং, ক্লীং, দৃক্পাত, কটাক্ষপাত।

অক্ষীণ, (অ+ক্ষীণ) বিং ত্রিং অকৃশ, হৃষ্টপুষ্ট, সুস্থ, অরুগ্ন, পূর্ণ।

অক্ষীব, (অ+ক্ষীব) বিং ত্রিং অমত্ত, ক্ষীবো মত্ত ইতি মুগ্ধবোধ, (পুং) শোভাঞ্জনবৃক্ষ, শজিনাগাছ। (ক্লীং) সামুদ্রলবণ।

অক্ষুণ্ণ, (অ+ক্ষুদ্+ত) বিং ত্রিং অচূর্ণিত, অখণ্ডিত, মনস্তাপ রহিত, অক্ষুব্ধ অনিপুণ, অপরাজিত, অস্পৃষ্ট।

অক্ষুব্ধ, (অ+ক্ষুভ্+ত)বিং ত্রিং ক্ষোভরহিত, অপ্রতিহত, প্রতিভা সম্পন্ন।

অক্ষোট, অক্ষোড়, (সং, পুং, পর্ব্বতজাত পালুবৃক্ষ, আখরোট, অক্ষোড়বৃক্ষ।

অক্ষোভ, (অ—ক্ষোভ কাতরতা, চঞ্চলতা, যাহার ক্ষোভ নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, ক্ষোভরহিত, সং, পুং, হস্তিবন্ধন স্তম্ভ, আলান, শঙ্কু।

অক্ষোভ্য, (অ—ক্ষুভ চঞ্চল হওয়া, কা-

তর হওয়া+য—র্ম্ম) বিং, ত্রিং, অধৃষ্য, অবিচলনীয়, তারার মস্তকস্থিত সর্প-বিশেষ, যথা মৌলাবক্ষোভ্য ভূষিতাম্ ইতি তাঁরাধ্যান।

অক্ষৌহিণী, (অক্ষ গজাদি সমূহ—ঊহিনী [ঊহ্ তর্ককরা, পাওয়া+ইন্—ক] যে পায়, যে গজাদি সমূহ পায়, ২য়া—ষ) সং, স্ত্রীং, সৈন্যসঙ্খ্যা বিশেষ। যথা ১,০৯,৩৫০ পদাতি, ৬৫,৬১০ অশ্ব, ২১,৮৭০ হস্তী এবং ২১,৮৭০ রথ, সমুদায়ে ২,১৮,৭০০ এতাবৎ সৈন্য, অমরকোষে—একেভৈকরথা ত্র্যশ্বা পত্তিঃ পঞ্চপদাতিকা। পত্ত্যঙ্গৈ স্ত্রিগুণৈঃ সর্ব্বৈঃ ক্রমাদাখ্যা যথোত্তরম্। সেনামুখং গুল্মগণৌ বাহিনী পৃতনা চমূঃ। অনীকিনীদশানীকিন্যক্ষৌহিণ্যথ সম্পাদি।

পদাতি অশ্ব হস্তি রথ
৫ + ৩ + ১ + ১ = পত্তি

১৫ + ৯ + ৩ + ৩ = সেনামুখ
৩

৪৫ + ২৭ + ৯ + ৯ = গুল্ম
৩

১৩৫ + ৮১ + ২৭ + ২৭ = গণ
৩

---

৪০৫ + ২৪৩ + ৮১ + ৮১ = বাহিনী
৩

১২১৫ + ৭২৯ + ২৪৩ + ২৪৩ = পৃতনা
৩

৩৬৪৫ + ২১৮৭ + ৭২৯ + ৭২৯ = চমূ
৩

১০৯৩৫ + ৬৫৬১ + ২১৮৭ + ২১৮৭ =
১০ অনীকিনী

১০৯৩৫০ + ৬৫৬১০ + ২১৮৭০ + ২১৮৭০
= অক্ষৌহিণী

অখণ্ড, (অ—খণ্ড অংশ, যাহার অংশ নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সকল, অখণ্ডিত, সম্পূর্ণ, অবিভাজ্য, যথা অখণ্ড মণ্ডলাকারং ব্যাপ্তং যেন চরাচরম্। তৎপদং দর্শিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ॥ ইতি গুরুগীতা।

অখণ্ডন, (অ—খণ্ড ভগ্নকরা+অন) সং, পুং, কাল, পরমাত্মা) বিং, ত্রিং, অনিবারণ, অখণ্ড, অবিভাজ্য, সমুদায়।

অখণ্ডনীয়, (অ—খণ্ড্ ভগ্নকরা+অনীয়) বিং, ত্রিং, অবিভাজ্য, অচ্ছেদ্য, অভেদ্য, অলঙ্ঘনীয়, অনতিক্রমনীয়।

অখণ্ডদ্বাদশী, (অ—খণ্ড ভগ্নকরা + অ—দ্বাদশী) সং, স্ত্রীং, আগ্রহায়ণিক শুক্ল দ্বাদশী ব্রত।

অখণ্ডিত, (অ—খণ্ড্ ভগ্নকরা+ত—র্ম্ম বিং, ত্রিং, সম্পূর্ণ, অবিচ্ছিন্ন, লিপ্ত, যোড়া।

অখর্ব্ব, (অ—খর্ব্ব=ক্ষুদ্র) বিং, ত্রিং, লম্বা, দীর্ঘ, অক্ষুদ্র।

অখাত, আখাত, (অ—খন্ খোড়া+ত—র্ম্ম, যাহা খনিত নয়) সং, পুং,—ক্লীং, দেবখাত, স্বাভাবিক খাত, উপসাগর, যে জলাশয় মনুষ্য কৃত নহে।

অখাদ্য, (অ অপ্রশস্ত—খাদ্য ভোজনীয়) বিং, ত্রিং, অভক্ষ্য, খাদ্যাযোগ্য, ভক্ষণের অনুপযুক্ত।

অখিল, (অ—খিল শূন্য, পৃথক্কৃত, যাহাতে শূন্য নাই, ৭মী—হিং) বিং ত্রিং, সকল, সমস্ত, সমুদায়, অশেষ।

অখিদ্য (অ—খিদ্ ক্লিষ্ট হওয়া+অ) বিং ত্রিং, অক্লান্ত, অশোচ্য, খেদরহিত।

অখিন্ন, (অ—খিদ্ ক্লিষ্ট হওয়া+ত) বিং, ত্রিং, অক্লিষ্ট, অক্লান্ত, অদূন, অদুঃখিত।

অখ্যাতি, (অ কুৎসিত—খ্যাতি [খ্যা বলা+তি—ভা] কথন) সং, স্ত্রীং, অযশঃ, নিন্দা, অপ্রতিষ্ঠা, দুর্নাম।

অখ্যাত, (অ—খ্যা, প্রচার+ত) বিং, ত্রিং, অবিখ্যাত, অপ্রচারিত, অপ্রসিদ্ধ, অকথিত।

অগ, (অ—গ [গম্ গমনকরা+অ—ক] যে গমন করে, যে গমন করে না) সং, পুং, পর্ব্বত, বৃক্ষ, সূর্য্য, সর্প।

অগঙ্গ, (অ—গঙ্গা, ৭মী—হিং) বিং, ত্রিং, গঙ্গাহীন দেশ, যেখানে গঙ্গা নাই।

অগণন, (অ—গণ, সংখ্যা করা+অন) বিং, ত্রিং, অসঙ্খ্য, অগণ্য, যাহার সঙ্খ্যা করা যায় না।

অগণনীয়, অগণ্য, (অ—গণ্ সংখ্যা করা+অনীয়, য—র্ম্ম)বিং. ত্রিং. অসংখ্য, অগ্রাহ্য, যে ব্যক্তি গণনীয় নহে।

অগতি, (অ—গতি গমন ইত্যাদি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, গতিহীন। সং, স্ত্রীং, উপায়াভাব, গমন না করা।

অগতির গতি, (অ—গম্+তি+ক—গতি) বিং, ত্রিং, নিরাশ্রয়ের আশ্রয়, নিরুপায়ের উপায়।

অগত্যা, (অ—গত্যা [গতি+আ=তে, দ্বারা] গমনদ্বারা) অং, অনুপায়ে, সুতরাং, কাজে কাজে, উপায়াভাবে।

অগদ, (অ-গদ রোগ, যাহা হইতে রোগ নাই, ৫মী—হিং) সং, পুং, ঔষধ। যথা যদভাবি ন তদ্ভাবি ভাবিচেন্ন তদন্যথা ইতি চিন্তাবিষঘ্নোঽয়মগদঃ কিং ন পীয়তে॥ ইতি হিতোপদেশ॥ (যাহার রোগ নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সুস্থ, নীরোগ, পীড়াশূন্য।

অগদঙ্কার, (অগদং অরোগীকে—কার যে করে, যে রোগীকে অরোগী করে, ২য়া—ষ) সং, পুং, বৈদ্য, চিকিৎসক।

অগম, (অ—গম [গম্ গমন করা+অ-ক] যে গমন করে, যে গমন করে না) সং, পুং, পর্ব্বত, বৃক্ষ, অপমান।

অগমতা, (অগমশব্দজ, মান্য ব্যক্তিকে স্থাবর জ্ঞানে তুচ্ছকরা) সং, অপমান, অসম্ভ্রম, অমর্য্যাদা।

অগম্য, (অ—গম্ গমন করা+য—র্ম্ম) বিং, ত্রিং, গমনাযোগ্য, দুর্গম, অতিকষ্টে যেখানে গমন করা যায়। ম্যা—স্ত্রীং, সং, যে স্ত্রীগমনে মহাপাতক হয়।

অগর্হিত, (অ—গর্হ, নিন্দা+ত) বিং, ত্রিং, অনিন্দিত, নির্দ্দোষ, অদূষিত, বৈধ।

অগস্ত্য, অগস্তি, (অগ পর্ব্বত—স্তৈ স্তম্ভিতকরা+অ, ই—ক, যাবৎ আমি দক্ষিণদিক্ হইতে না আসি, তাবৎ তুমি প্রতীক্ষা করিও, এই নিয়ম বদ্ধ করিয়া যিনি সূর্য্যাদির গতি রোধকারী বিন্ধ্য পর্ব্বতকে স্তম্ভিত করিয়াছিলেন, ২য়া—ষ) সং, পুং, মিত্রাবরুণের ঔরসে উর্ব্বশীগর্ভজাত মুনি, কুম্ভ-সম্ভব। বকপুষ্প।

অগস্ত্যোদয়, (অগস্ত্য—উং—ই+অ) সং, পুং, অগস্ত্যমুনির উদয়, ভাদ্র-মাসের সপ্তদশ দিবসে অগস্ত্যোদয় হইয়া থাকে।

অগাত্মজা, (অগ পর্ব্বত—আত্মজা কন্যা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, পার্ব্বতী, গিরিকন্যা, দুর্গা, দশপ্রচেতার পত্নী বৃক্ষকন্যা।

অগাধ, (অ—গাধ [গাধ্ প্রতিষ্ঠিত হওয়া+অ—ভা] প্রকৃষ্টস্থিতি, যাহার প্রকৃষ্ট স্থিতি নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অতলস্পর্শ, অতিগভীর, যথা অগাধজলসঞ্চারী বিকারী ন চ রোহিতঃ। গণ্ডূষজলমাত্রেণ শফরী ফরফরায়তে॥ ইতি উদ্ভট॥

অগার, আগার, (অগ স্তম্ভভূতবৃক্ষ—আর [আ—রা গ্রহণকরা+অ—ক] যে গ্রহণকরে, যে স্তম্ভভূত বৃক্ষ [খুঁটি] গ্রহণ করে, ২য়া—ষ) সং, ক্লীং, গৃহ, ঘর।

অগির, (অ—গৃ শব্দকরা+অ—প্রং। ঋ=ইর, অথবা অগ্ গমন করা+ইর—প্রং) সং, পুং, স্বর্গ, সূর্য্য, অগ্নি, রাক্ষস, অগুজ।

অগু, (অ—গো কিরণ ইত্যাদি) সং, পুং, রাহুগ্রহ, বিং, ত্রিং, কিরণরহিত, গোশূন্য।

অগুরু, (অ—গুরু ভারি) সং, স্ত্রীং, শিংশপাবৃক্ষ। পুং—ক্লীং, সুগন্ধি কাষ্ঠ

বিশেষ, কৃষ্ণবর্ণ চন্দন, সুগন্ধি কাষ্ঠ বিশেষ, কালাগুরু। বিং, ত্রিং, লঘু।

অগূঢ়, (অ—গুহ গোপন+ত) বিং, ত্রিং, অগুপ্ত, প্রকাশিত।

অগূঢ়গন্ধ, (অ—গূঢ় লুকায়িত—গন্ধ, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, হিঙ্গু, হিং।

অগূঢ়ভাব, (অ—গুহ গোপন+ত—ভাব) সং, পুং, সরল, অকপট।

অগোচর, (অ—গোচর ইন্দ্রিয়ের বিষয়) বিং, ত্রিং, অবিষয়, অজ্ঞাত, অপ্রত্যক্ষ।

অগোপন, (অ—গুপ+অন) সং, পুং, গোপনাভাব, প্রকাশ। বিং, ত্রিং, অগুপ্ত, প্রকাশ্য।

অগৌণ, (অ—গৌণ) সং, ত্রিং, অবিলম্ব, শীঘ্র, আশু, ক্ষিপ্র, দ্রুত, মুখ্য, প্রধান।

অগ্নায়ী, (অগ্নি+ঈ—পত্নী অর্থে) সং, স্ত্রীং, অগ্নির ভার্য্যা, স্বাহা, ত্রেতাযুগ।

অগ্নি, (অগ গমনকরা+নি—সংজ্ঞার্থে, যে ঊর্দ্ধে গমন করে) সং, পুং, অনল, হুতাশন, বহ্নি, আগুন, অগ্নি কোণাধিপতি, অগ্নিকোণ, চিত্রবৃক্ষ, ভল্লাতক, পিত্ত।

অগ্নিক, (অগ্নি—ক প্রকাশার্থ 'কৈ' ধাতুজ, যে অগ্নিবৎ প্রকাশ পায়) সং, পুং, অগ্নিরজঃ, ইন্দ্রগোপ নামে রক্তবর্ণ কীট।

অগ্নিকণ, (অগ্নি—কণ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অগ্নিকণিকা, স্ফুলিঙ্গ, বিস্ফুলিঙ্গ।

অগ্নিকল্প, (অগ্নি+কল্প) বিং, ত্রিং, অগ্নিতুল্য তেজস্বী, উষ্ণ, উগ্র, ক্রোধান্বিত।

অগ্নিকারক, (অগ্নি—কৃ+অক) বিং, ত্রিং, অগ্নিকর দ্রব্য বিশেষ, অরণি। চকমকী।

অগ্নিকার্য্য, (অগ্নি—কৃ+য) সং, ক্লীং, অগ্নিহোত্রাদি যজ্ঞ, সংকার, শবদাহ।

অগ্নিকুক্কুট, (জ্বলন্তনুড়া ঠিক কুক্কুটাকার দেখায় বলিয়া, অগ্নিকুক্কুটনাম হইল, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অগ্নিযুক্ত তৃণ, জ্বলন্তনুড়া।

অগ্নিকোণ, (অগ্নি পূর্ব্বদক্ষিণ কোণের অধিদেবতা বলিয়া অগ্নিকোণনাম হইল, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পূর্ব্ব দক্ষিণ কোণ।

অগ্নিক্রিয়া, (অগ্নি—ক্রিয়া) অগ্নিকার্য্য, সৎকার, শবদাহ।

অগ্নিক্রীড়া, (অগ্নি—ক্রীড়া, ৩য়া—ষ) সং, স্ত্রীং, অগ্নিদ্বারা ক্রীড়া, বাজি, আতস বাজি।

অগ্নিগর্ত্ত, (অগ্নি—গর্ত্ত, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সূর্য্যকান্তমণি, আতসী পাতর, অগ্নিজারবৃক্ষ। বিং, ত্রিং, যাহার ভিতরে অগ্নি আছে।

অগ্নিচিৎ, (অগ্নি—চিৎ [চি চয়নকরা+ক্বিপ্—ক] যে চয়ন করে, যে অগ্নি চয়ন করে, ৩য়া—ষ) সং, পুং, সাগ্নিক, অগ্নিহোত্রী ব্রাহ্মণ, যে মন্ত্রপূর্ব্বক বহ্নি স্থাপন করিয়া নিত্য হোমকরে, যথা অধ্বরেষ্বগ্নিচিদ্বৎসু নাপ্যুপপ্লবন্তি রাক্ষসাঃ ইতি ভট্টি।

অগ্নিজিহ্বা, (অগ্নি—জিহ্বা, ৬ষ্ঠী—ষ) অগ্নিশিখা, লাঙ্গলী বৃক্ষ।

অগ্নিজ্বালা, (রক্তবর্ণ পুষ্প বলিয়া যে অগ্নির জ্বালার ন্যায়, ১মা—হিং) সং, স্ত্রীং, জলপিপ্পলী, ধাতকীবৃক্ষ, (৬ষ্ঠী—ষ) অগ্নিশিখা।

অগ্নিদ, (অগ্নি—দা+ড) বিং, ত্রিং, অগ্নিদাতা, অগ্নিদাহে অধিকারী, শবদাহক, গৃহদাহক, যথা অগ্নিদো গরদশ্চৈব ইতি স্মৃতি।

অগ্নিদগ্ধ, (অগ্নি—দহ, দাহকরা+ত) বিং, ত্রিং, যে পিতৃলোকের অগ্নিসংস্কার হইয়াছে, যথা অগ্নিদগ্ধাশ্চ যে কেচিৎ যেঽপ্যদগ্ধাঃ কুলে মম, ইতি শ্রাদ্ধপ্রয়োগ। সন্তপ্ত, জ্বলিত, অকিঞ্চন, অগ্নিতে দগ্ধ, অপ্রিয়বাদিনীর পতি।

অগ্নি পরীক্ষা, (অগ্নি—পরি—ঈক্ষ+অ, ৩য়া—ষ) অগ্নিদ্বারা পরীক্ষা বিশেষ।

অগ্নিদগ্ধপ্রস্তর, (Volcanic rocks, অগ্নি—দগ্ধ—প্রস্তর) সং, ক্লীং, অগ্নি সংযোগে উৎপন্ন প্রস্তর।

অগ্নিদেবা, (অগ্নি—দেবা) সং, স্ত্রীং, কৃত্তিকা নক্ষত্র।

অগ্নিপ্রস্তর, (অগ্নি—প্রস্তর পাথর) সং, পুং, চকমকির পাথর।

অগ্নিবল্লভ, (অগ্নি—বল্লভ, প্রিয়,৬ষ্ঠী—ষ) সং, পুং, যক্ষধূপ, ধূনা, অন্তঃপুর, শালবৃক্ষ, বায়ু।

অগ্নিভ,(অগ্নি—ভ দীপ্ত্যর্থ 'ভা' ধাতুজ, যে অগ্নিবৎ দীপ্তি পায়) সং, ক্লীং, স্বর্ণ, অগ্নিবর্ণ।

অগ্নিভূ, (অগ্নি—ভূ যে হয়, মহাদেবের তেজ ধারণে দেবী অসমর্থা হইলে সেই তেজ অগ্নিতে নিক্ষিপ্ত হয়, তাহা হইতে কার্ত্তিক হন, ৫মী—ষ) সং, পুং, কার্ত্তিক, মেঘ। ক্লীং, জল। বিং, ত্রিং, অগ্ন্যুৎপন্ন।

অগ্নিভূতি, (অগ্নি—ভূ + তি) সং, পুং, বৌদ্ধদেব, জৈনের শেষ আচার্য্য।

অগ্নিমণি, (অগ্নি—মণি, রত্ন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সূর্য্যকান্তমণি।

অগ্নিমন্থ, (অগ্নি—মন্থ [মন্থ মন্থনকরা+ অ+র্ম] মথিত, ইহার কাষ্ঠ ঘর্ষণে শীঘ্র অগ্নি উঠে বলিয়া ইহা মথিত হয়, ৪র্থী—স) সং, পুং, গণিকারিকা বৃক্ষ, অরণি, অগ্ন্যুৎপাদক দারু, শমীবৃক্ষ

অগ্নিমান্দ্য, (অগ্নি—মন্দ+য) সং, ক্লীং, অজীর্ণতা, অপাক।

অগ্নিমারুতি, (অগ্নিমারুত+ই—অপত্যার্থে, অথবা অগ্নি জঠরানল—মারুতি হনুমান, যে মুনির হনুমানের ন্যায় পরিপাক শক্তি আছে, মহাভারতে—মেষবেশধারী বাতাপি নামক দৈত্যকে এই মুনি পরিপাক করিয়াছিলেন) সং, পুং, অগস্ত্যমুনি।

অগ্নিমুখ,(যাঁহাদের অগ্নিই মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, দেবতা, (যাঁহাদের মুখে অগ্নি আছে, ৬ষ্ঠী—হিং) ব্রাহ্মণ, (দাহকত্ব হেতু যাহারা অগ্নির মুখের ন্যায়) চিত্রকবৃক্ষ, চিতাগাছ, ভল্লাতক, ভেলাগাছ।

অগ্নিযন্ত্র, (অগ্নি—যন্ত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, আগ্নেয় যন্ত্র, কামান, বন্দুক।

অগ্নিরজস্, (অগ্নি—রন্জ [রং যুক্ত হওয়া] দীপ্তি পাওয়া+অস্—প্রং, যে অগ্নির ন্যায় দীপ্তিপায়) সং, পুং, ইন্দ্রগোপ নামক কীট।

অগ্নিরহস্য, (অগ্নি-রহস্য) সং, ক্লীং, আগ্নেয় মন্ত্র। অগ্নিসংহিতা, অগ্নি প্রদর্শক ইন্দ্রজাল।

অগ্নিরক্ষণ, (অগ্নি—রক্ষ—অন) সং, ক্লীং, অগ্নিরক্ষা করা, অগ্ন্যাধান, অগ্নিহোত্র।

অগ্নিশর্ম্মা, (অগ্নিশর্ম্মন্, শর্ম্মন্ ব্রাহ্মণের উপাধি, এই শর্ম্মা অগ্নির ন্যায় উষ্ণ) বিং, ত্রিং, মহাক্রোধী।

অগ্নিশিখ, অগ্নিশেখর, (যাহার অগ্নির ন্যায় শিখা অর্থাৎ কেশর, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, কুঙ্কুম, কুসুম্ভবৃক্ষ, বাণ, দীপ।

অগ্নিশিখা, (অগ্নিশিখার ন্যায় বা অগ্নির ন্যায় শিখা অর্থাৎ দীপ্তি যাহার, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, বিষলাঙ্গলিয়া বৃক্ষ, (তীক্ষ্ণত্ব হেতু অগ্নিশিখার ন্যায়) জুঁইতা শাক। (৬ষ্ঠী—ষ) অগ্নিজ্বালা।

অগ্নিষ্টোম, (অগ্নি—স্তোম [স্তু স্তুতিকরা +ম—ভা] স্তুতি, যাহাতে অগ্নির স্তুতি হয়, ৭মী—হিং) সং, পুং, যাগবিশেষ।

অগ্নিষ্ঠ, (অগ্নি—ষ্ঠ ['স্থা' ধাতুজ] যে থাকে) সং, পুং, কটাহ, কড়া, তণ্ডুলাদি ভর্জ্জনার্থ লৌহময় পাত্র।

অগ্নিষ্বাত্ত, (অগ্নি—স্ব, আপন—আত্ত গৃহীত, পিতৃ উদ্দেশে অগ্নিতে আহুতি প্রদত্ত হইলে যাহারা তাহাদের আপনার বলিয়া গ্রহণ করে) সং, পুং, মরীচিসন্তান, উপদেবতাগণ, পিতৃলোক।

অগ্নিসখ, (অগ্নি—সখা বন্ধু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বায়ু, পবন, বাতাস।

অগ্নিসহায়, (অগ্নি—সহায় বন্ধু) সং, পুং, বনকপোত, বায়ু।

অগ্নিসংস্কার, (অগ্নি—সংস্কার) সং, পুং, সৎকার, দাহ, শবদহন।

অগ্নিহোত্র, (অগ্নি হোত্র [হু হোমকরা+ ত্র—ভা] হোম,৭মী—ষ) সং,ক্লীং, সাগ্নিকের প্রাত্যহিক হোম, যজ্ঞবিশেষ

অগ্নিহোত্রী, (অগ্নিহোত্রিন্, অগ্নি হোত্রিন্ [হোত্র+ইন্ অস্ত্যর্থে] হোতা ৭মী—ষ) সং, পুং, নিত্য হোমকর্ত্তা, সাগ্নিক, যজ্ঞে দীক্ষিত।

অগ্নীধ্র, (অগ্নি—ইধ্র [ইন্ধ্ দীপ্তকরা+র—ক] যে দীপ্ত করে, যে অগ্নি দীপ্ত করে, ২য়া—ষ) সং, পুং, অগ্নিরক্ষায় নিযুক্ত ব্রাহ্মণ।

অগ্নীন্ধন, (অগ্নি—ইন্ধন, উদ্দীপন) সং, ক্লীং, আগুন জ্বালান, সমিৎ, অগ্নিপ্রজ্বালনার্থ তৃণ বিশেষ।

অগ্ন্যভাব, (অগ্নি—অভাব, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অগ্নিমান্দ্য, মন্দাগ্নি।

অগ্ন্যস্ত্র, (অগ্নি—অস্ত্র) সং, ক্লীং, আগ্নেয়াস্ত্র, অগ্নিবাণ, কামান বন্দুক প্রভৃতি।

অগ্ন্যাগার, (অগ্নি—আগার, গৃহ) সং, পুং, অগ্নিশরণ; যজ্ঞমন্দির, যে গৃহে সংস্কৃত বহ্নি স্থাপিত হয়।

অগ্ন্যাধান, (অগ্নি—আ—ধা+অন) সং, ক্লীং, শ্রুতিবিহিত অগ্নিসংস্কার, অগ্নিরক্ষণ, অগ্নিহোত্র।

অগ্ন্যুৎপাত, (অগ্নি—উৎপাত, ৬ষ্ঠী—স) সং, পুং আকাশ হইতে অগ্নিপতন, উল্কাপাত, আগ্নেয় গিরি হইতে অগ্নিনির্গম।

অগ্ন্যুৎসব (অগ্নি—উৎসব, আনন্দসূচকক্রীড়া, ৩য়া—ষ) সং, পুং, দোলে চাঁচর, হর্ষ সূচক অগ্নিক্রীড়া, আনন্দব্যঞ্জক অগ্নিপ্রজ্বালন।

অগ্র, (অগ্ গমনকরা+র—ক, যে আদিতে গমন করে) বিং, ত্রিং, আদ্য, প্রথম, প্রধান, উত্তম, প্রাপ্য, আলম্বন। সং, ক্লীং, অগ্রভাগ, অবলম্বন, শিখর, প্রান্তভাগ।

অগ্রকর, (অগ্র, প্রধান—কর, হস্ত) সং, পুং, দক্ষিণহস্ত, কিরণের শেষভাগ।

অগ্রকায়, (অগ্র—কায়, দেহ) সং, পুং, পূর্ব্বকায়, দেহপূর্ব্বভাগ, নাভি হইতে মস্তক পর্য্যন্ত।

অগ্রগ, (অগ্র—গ [অগ দেশ] যে গমন করে, ৭মী—ষ) বিং, ত্রিং, অগ্রসর, অগ্রগামী।

অগ্রগণ্য, (অগ্র—গণ্য গণনীয়) বিং, ত্রিং, অগ্রে গণনীয়, শ্রেষ্ঠ, প্রধান।

অগ্রগামী, (অগ্রগামিন্, অগ্র—গামিন্ [গম্ গমন করা+ইন্—ক] যে গমন করে, ৭মী—ষ) বিং, ত্রিং, অগ্রসর, যে অগ্রে গমন করে।

অগ্রজ, (অগ্র—জ [জন্ উৎপন্ন হওয়া +অ—ক] যে জন্মে, ৭মী—ষ) বিং, ত্রিং, প্রথমোৎপন্ন, জ্যেষ্ঠ। সং, পুং, ব্রাহ্মণ, জ্যেষ্ঠ সহোদর।

অগ্রজন্মা, (অগ্রজন্মন্, অগ্রে ব্রহ্মার মুখ হইতে জন্ম যাহার, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ব্রাহ্মণ, (অগ্র জন্ম যাহার, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, প্রথমোৎপন্ন, জ্যেষ্ঠ।

অগ্রজাতক, অগ্রজাতি, (অগ্র—জাতক যে জন্মে, জাতি কুল, শ্রেণী) সং, পুং, অগ্রজন্মা, ব্রাহ্মণ।

অগ্রণী, (অগ্র—নী[নী লওয়া+ক্বিপ্—ক] যে লইয়া যায়, যে অগ্রে লইয়া যায়, ৭মী—ষ) বিং, ত্রিং, প্রধান, শ্রেষ্ঠ, অধ্যক্ষ, দক্ষ, সেনাপতি।

অগ্রতঃ, (অগ্রতস্, অগ্র+তস্=তে) ক্রিং—বিং, অং, অগ্রে, প্রথমে, পুরতঃ, পুরঃ, সম্মুখে।

অগ্রতঃসর, (অগ্রতঃ—সর [সৃ গমনকরা +অ—ক] যে গমন করে) বিং, ত্রিং, পুরোবর্ত্তী, অগ্রগ, অগ্রসর, অগ্রগামী।

অগ্রদানী, (অগ্র, প্রথম—দা, দান—নী, গ্রহণ, প্রেতোদ্দেশে যাহাকে অগ্রে দান করা যায়) সং, পুং, পতিত ব্রাহ্মণ, অগ্রহারিক।

অগ্রপর্ণী, (অগ্র—পর্ণ পাতা) সং, স্ত্রীং, আলকুশীগাছ, অজলোমাবৃক্ষ।

অগ্রপশ্চাৎ, (দ্বং—স) ক্রিং—বিং, পূর্ব্বাপর, বহুকালীন, চিরকাল, আবহমান কাল।

অগ্রপাণি, (অগ্র, প্রধান—পাণি, হস্ত) সং, পুং, দক্ষিণ হস্ত, হস্তের অগ্রভাগ।

অগ্রভাগ, (অগ্র—ভাগ) সং, পুং, প্রধান অংশ, প্রান্তভাগ।

অগ্রভূমি, সং, স্ত্রী, পূর্ব্বস্থান, প্রধান আশ্রয়, প্রাপ্যস্থান।

অগ্রমাংস, (অগ্র—মাংস, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, বুকের কলিজার অগ্রভাগেরমাংস। হৃদয় ও উদর মধ্যবর্ত্তী মাংসবর্দ্ধক রোগ বিশেষ, অগ্রমাস।

অগ্রযায়ী, (অগ্রযায়িন, অগ্র—যায়িন্ [যা যাওয়া+ইন্—ক) যে যায়, ৭মী—ষ) বিং, ত্রিং, অগ্রগামী।

অগ্রসর, } (অগ্র—সর, সার [স্থ গমন অগ্রসার, } করা+অ—ক] যে গমন করে, ৭মী—ষ) বিং, ত্রিং, অগ্রগামী, অগ্রগ।

অগ্রসূচক, (অগ্র, প্রথম—সূচ+অক) বিং,ত্রিং, প্রথম নির্দ্দেশক, পূর্ব্বজ্ঞাপক।

অগ্রহ, (অ—গ্রহ, ৬ষ্ঠী হিং) গ্রহশূন্য, বিরুদ্ধ গ্রহের অদর্শন।

অগ্রহস্ত, (অগ্র—হস্ত কর) সং, পুং, দক্ষিণ হস্ত, হস্তীর শুণ্ডাগ্র।

অগ্রহায়ণ, (অগ্র—হায়ন বৎসর, হেমন্ত শিশির বসন্ত গ্রীষ্ম বর্ষা শরৎ, এই ছয় ঋতু গণনায় যে বৎসরের অগ্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, হেমন্তের প্রথম মাস।

অগ্রিম, } .(অগ্র+ইম, ইয়, অগ্রিয়, অগ্রীয়, } ঈয়—ভাবার্থে) বিং, ত্রিং, প্রথম, জ্যেষ্ঠ, পূর্ব্বোৎপন্ন, প্রধান, অগ্রে দেয়। [অগ্রসর, অগ্রগামী।

অগ্রেগ, (অগ্রে—গ,অগ্রগ দেখ) বিং,ত্রিং,

অগ্রেদিধিষু, অগ্রে প্রধান—দিধিষু দুই বার বিবাহিতা স্ত্রীরস্বামী,প্রধান জাতীয় দিধিষু,উপ—স) সং, পুং, পুনর্ভূ বিবাহকারী, যাহার ভার্য্যার পূর্ব্বে একবার বিবাহ হইয়াছিল। (৭মী—ষ) স্ত্রীং, জ্যেষ্ঠা সহোদরা অবিবাহিতা থাকিতে যে কনিষ্ঠার বিবাহ হইয়াছে।

অগ্রেসর, (অগ্রে—সর, অগ্রসর দেখ বিং, ত্রিং, অগ্রগামী, প্রধান, শ্রেষ্ঠ

অগ্র্য,(অগ্র+য—ভাবার্থে যে অগ্রে হয়) বিং,ত্রিং, আদ্য, প্রধান, উত্তম, অগ্রিম।

অঘ, (অঘ্ পাপ করা+অ—প্রং) সং, ক্লীং, অধর্ম্ম, দুষ্কৃত, পাপ, কলঙ্ক, দুঃখ, ব্যসন ; যথা অঘমৃগগণনাশে ঘোরোগ্রপঞ্চাস্যরূপং দদতমতিকৃপালুং তারকব্রহ্মনাম॥ ইতি পূর্ণানন্দঃ॥ পুং অসুর বিশেষ।

অঘমর্ষণ, (অঘ—মর্ষণ [মৃষ্ খণ্ডন করা+অন—ক] নাশক। যে অঘ নাশ করে, ২য়া—ষ) বিং, ত্রিং, পাপনাশন, বেদের মন্ত্রবিশেষ ; তজ্জলং কৃষ্ণবর্ণং বিভাব্য পুরঃ কল্পিত বজ্রশিলায়াং তাড়য়েৎ, ইতি অঘমর্ষণম্॥ ইতি আগমতত্ত্ব॥ সং, পুং, তন্মন্ত্রপ্রণেতাঋষি।

অঘোর, (অ—ঘোর[ঘুর ভয়ঙ্করহওয়া+অ—ক] ভয়ঙ্কর, যাহা হইতে আর ভয়ঙ্কর নাই, ৫মী—হিং, বা অ=সদৃশ —ঘোর=ভয়ানক) সং, পুং, শিব, শিববক্ত্র; অঘোরেভ্যোহথঘোরেভ্যো ঘোর ঘোরতরেভ্যঃ সর্ব্বতঃ সর্ব্ব সর্ব্বেভ্যো নমোহস্তু রুদ্ররূপেভ্যঃ ইতি শ্রুতিঃ। বিং, ত্রিং, ভয়ানক। স্ত্রীং, ভাদ্র মাসের কৃষ্ণচতুর্দ্দশী।

অঘোরপন্থী, (অঘোর—ভয়ানক—পন্থী পথিন্ শব্দজ) সং,শৈব সম্প্রদায় বিশেষ, উন্মার্গগামী, দুরাচার।

অঘোস্ (অ—হন্=বধকরা+ওস—প্রং) অং, সম্বোধন সূচক।

অঘ্ন্য, (অ—হন্ বধ করা+য—প্রং, নিপাতন) সং, পুং, ব্রহ্মা। ঘ্ন্যা—স্ত্রীং, গবী, গাই। অবধ্যা।

অঙ্ক, (অনক্=লক্ষ্য করা+অ—ণ, ভা, যাহার দ্বারা লক্ষ্য করা যায়) সং, পুং চিহ্ন, আঁক, সংখ্যাসংস্থাপন, রেখা, কলঙ্ক, দোষ, ক্রোড়, ভূষণ, যুদ্ধ, শরীর,সমীপ, নাটক গ্রন্থের পরিচ্ছেদ।

অঙ্কগ, (অঙ্ক—গম+অ) বিং, ত্রিং, ক্রোড়স্থায়ী, শিশু।

অঙ্কতি, (অন্চ্ গমনকরা+অতি প্রং, চ=ক) সং. পুং, ব্রহ্মা, অগ্নি, বায়ু, অগ্নিহোত্রী।

অঙ্কন, (অঙ্ক দেখ+অন—ভা) সং, ক্লীং, সংখ্যা, চিত্রকরণ, চিহ্নকরণ; আঁককাটা।

অঙ্কপাত, (অঙ্ক—পাত) সং, পুং, অঙ্ক—সংস্থাপন, আঁক রাখা।

অঙ্কপালিকা, অঙ্কপালী, (অঙ্ক ক্রোড়—পালিকা, পালী=যে পালন করে) সং, স্ত্রীং, আলিঙ্গন, ধাত্রী, বেদি।

অঙ্কপূরণ, (অঙ্ক—পূরণ) গুণন, গুণকরা।

অঙ্কিত, (অঙ্ক দেখ+ত—র্ম্ম) বিং, ত্রিং, লক্ষিত, চিহ্নিত, যাহাকে লক্ষ্য করা হইয়াছে।

অঙ্কী, (অঙ্ক+ঈ) সং, স্ত্রীং মৃদঙ্গ বিশেষ।

অঙ্কুট, (অঙ্ক+উট) চাবী, কুঞ্চিকা।

অঙ্কুর, অঙ্কূর, (অক দেখ+উর+সংজ্ঞার্থে। যাহার দ্বারা লক্ষ্য করা যায়) সং, পুং, অচির জাত, বীজোদ্ভব, লোম, জল; রক্ত; দর্ভাঙ্কুরেণ চরণঃ ক্ষত ইত্যকাণ্ডে তন্বী স্থিতা কতিচিদেব পদানি গত্বা ইতি শকুন্তলা। নূতন উৎপন্ন তৃণাদি।

অঙ্কুরক, (অঙ্কুর+ক—প্রং) সং, পুং, নীড়, কুলায়, পাখীর বাসা।

অঙ্কুশ, অঙ্কুষ, (অঙ্ক গমনকরা+উশ—সংজ্ঞার্থে। যে মর্ম্মস্থানে গমন করে) সং, পুং,—ক্লীং, হস্তি শাসন দণ্ড, ডাঙ্গস।

অঙ্কুশদুর্দ্ধর, (অঙ্কুশ—দুর দুঃখ—ধর যে ধারণ করে। যাহাকে অঙ্কুশ দ্বারা কষ্টে বশ করা যায়, ৩য়া—ষ) সং, পুং, মত্ত-মাতঙ্গ। দুরন্ত হস্তী।

অঙ্কোঠ, অঙ্কোল, (অঙ্কদেখ+ওঠ, ওল—প্রং) সং পুং, আঁকড়গাছ।

অঙ্ক্য, (অঙ্ক ক্রোড়+য—র্ম্ম। ক্রোড়ে স্থাপন করিয়া যাহা বাজান যায়) সং, পুং, হরীতক্যাকৃতি মৃদঙ্গ, পাখোয়াজ। বিং, ত্রিং, ক্রোড়ের যোগ্য, গণনীয়।

অঙ্গ, (অনগ্ গমন করা, বোধ করা+অ—ক, ণ শীতাদি দ্বারা যে চলে অথবা যাহার দ্বারা আকৃতি বোধ হয়) সং, ক্লীং, শরীরের একদেশ, অবয়ব। মূর্ত্তি, মন, উপায়, বেদের মন্ত্রবিশেষ, বেদের অবয়বগ্রন্থ, শিক্ষা কল্প ব্যাকরণ ছন্দঃ নিরুক্ত জ্যোতিষ এই ছয়টি। বৌদ্ধদিগের ধর্ম্মশাস্ত্র বিশেষ। বিং, ত্রিং, গৌণ, অপ্রধান। পুং, বহুং, দেশবিশেষ; ভাগলপুর প্রদেশ, চম্পা নগর ইহার রাজধানী ছিল। সং, সম্বোধন সূচক।

অঙ্গগ্রহ, (অঙ্গ—গ্রহ যে [গ্রহণ করে] আক্রমণ করে) সং, পুং, আকর্ষণী, গাত্র বেদনা।

অঙ্গজ, (অঙ্গ—জ [জন্ উৎপন্ন হওয়া+অ—ক] যে জন্মে। অঙ্গ হইতে যে জন্মে, ৫মী—ষ) সং, পুং, পুত্র, কেশ, নখ। লোম, কাম। রোগ। ক্লীং, রক্ত। বিং, ত্রিং, শরীরোৎপন্ন।

অঙ্গণ, অঙ্গন, (অঙ্গ দেখ+অন-ধি, ভা যাহাতে গমন করে) সং, ক্লীং, চত্বর, প্রাঙ্গণ ভূমি, আঙ্গিনা, উঠান, যথা রিঙ্গমাণং ব্রজাঙ্গণে ইতি। গমন।

অঙ্গদ, অঙ্গ—দ [দয় গ্রহণ করা, দে পোষণ করা, দৈ পরিষ্কার করা+অ—ক] যে গ্রহণ করে। যে অঙ্গ অর্থাৎ বাহু গ্রহণ করে, ২য়া—ষ) সং, ক্লীং, কেয়ূর, বাহু, ভূষণ, বাজু। শুভৈরঙ্গদৈর্ভূষয়ন্তী চ বাহূন্ ইতি তারাস্তোত্র। পুং, বালি রাজার পুত্র। দী—স্ত্রীং দক্ষিণদিগ্ হস্তিনী। [প্রাঙ্গন, উঠান।

অঙ্গন, (অঙ্গ+কন) সং ক্লীং চত্বর,

অঙ্গনা, (অঙ্গ+ন—প্রশংসার্থে। যাহার প্রশস্ত অঙ্গ আছে) সং স্ত্রীং, নারী। উত্তরদিগ্ হস্তিনী।

অঙ্গনাপ্রিয় (অঙ্গনা নারী+প্রিয়, ৬ষ্ঠী—ষ) সং, পুং অশোক বৃক্ষ। কবিপ্রসিদ্ধি আছে যে, কামিনীর পদাঘাত ব্যতি

ন্বেকে অশোক মুকুলিত হয় না। বিং, ত্রিং, স্ত্রীলোকের প্রীতিকর।

অঙ্গন্যাস, (অঙ্গ—নি—আস+অ) পূজা প্রারম্ভে মন্ত্র পাঠ পূর্ব্বক ছয় অঙ্গে হস্ত প্রদান। যথা (ওঁ নমঃ শিবায় এই মন্ত্রে ওঁ হৃদয়ায় নমঃ। ন শিরসে স্বাহা। সঃ শিখায়ৈ বষট্। শি কবচায় হুং। বা নেত্রত্রয়ায় বৌষট্। য় করতল পৃষ্ঠাভ্যাং ফট্।

অঙ্গপালি, (অঙ্গ—পাল্ পালন করা+ই—প্রং) সং, পুং; আলিঙ্গন, কোলাকোলি।

অঙ্গপ্রত্যঙ্গ, (অঙ্গ—প্রতি সম্বন্ধীয়—অঙ্গ) সং, ক্লীং সকল অবয়ব।

অঙ্গপ্রায়শ্চিত্ত, সং, ক্লীং, পাপমোচনার্থ অশুদ্ধ দেহ শোধন, অশৌচান্ত দ্বিতীয় দিনকৃত্য বিশেষ।

অঙ্গরক্ষণী, অঙ্গরক্ষিণী, (অঙ্গ—রক্ষণী। যে অঙ্গ রক্ষা করে) সং,স্ত্রীং, আঙ্‌রাখা। সন্নাহ, কবচ, অঙ্গত্রাণ, সাঁজোয়া।

অঙ্গরাগ, (অঙ্গ—রাগ [রনজ্ রংকরা+অ—ভা, ণ] রংকরণ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, চন্দন কুঙ্কুমাদি দ্বারা গাত্র লেপন,লেপন দ্রব্য, শরীরসৌন্দর্য্য-সম্পাদক দ্রব্য।

অঙ্গরাজ্, অঙ্গরাজ, (অঙ্গ রাজ্ দীপ্তি পাওয়া+ক্বিপ্—ক) সং,পুং, অঙ্গদেশের রাজা, অঙ্গদেশাধিপতি, কর্ণ, যথা অঙ্গরাজ সেনাপতে দ্রোণোপহাসিন্ কর্ণ! রক্ষৈনং ভীমাদ্দুঃশাসনম্ ইতিবেণীসংহার

অঙ্গরুহ, (অঙ্গ রুহ [রুহ্ উৎপন্ন হওয়া +অ—ক] যে জন্মে। অঙ্গ হইতে যে জন্মে, ৫মী—ষ) সং, পুং, লোম।

অঙ্গবিকৃতি, (অঙ্গ—বি—কৃ+তি) সং, স্ত্রীং, অঙ্গের বিকার, রোগ বিশেষ। অপস্মার রোগ, মৃগীরোগ।

অঙ্গবিক্ষেপ, (অঙ্গ বিক্ষেপ ক্ষেপণ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অঙ্গভঙ্গী, নৃত্যাদি কালে অঙ্গচালন। শরীরাভিনয়।

অঙ্গবৈকৃত (অঙ্গ—বিকৃত=বিকারপ্রাপ্ত +অ ভাবে) সং, পুং, অঙ্গবিকার, ইঙ্গিত, ইসারা।

অঙ্গসংস্কার, (অঙ্গ—সংস্কার=পরিষ্কার, ৬ষ্ঠী—ষ) সং, পুং, গাত্রে ঘর্ম্মাদি জনিত দুর্গন্ধ দূরীকরণার্থ চন্দনাদি লেপন, কুঙ্কুমাদিদ্বারা শরীরের শোভা করণ, শরীর মার্জ্জন।

অঙ্গসঙ্গ, (অঙ্গ—সং—গম+অ) সং, পুং, অঙ্গের পরস্পর সংযোগ, সম্ভোগ, মৈথুন।

অঙ্গহার, (অঙ্গ—হার হরণ, অঙ্গ সকলের হরণ অর্থাৎ এস্থান হইতে অন্য স্থানে নয়ন, ৬ষ্ঠী—ষ) সং, পুং—ক্লীং অঙ্গচালন, অঙ্গবিক্ষেপ, নৃত্যাদি কালে অঙ্গভঙ্গী।

অঙ্গহীন,(অঙ্গ—হীন,৩য়া—ষ) বিং, ত্রিং বিকলাঙ্গ, অঙ্গহানি বিশিষ্ট। যথা গর্ভে বৈকৃতং দৃষ্টমঙ্গহীনাদি জন্মতঃ,ইতি যাজ্ঞবল্ক্যসংহিতা, যথা চ অঙ্গহীনঃ ক্রিয়াহীনং বিধিহীনঞ্চ যদ্ভবেৎ ইতি স্মৃতি।

অঙ্গাঙ্গি, (অঙ্গ—অঙ্গি, অন্যায়াঙ্গকে অঙ্গ করা, অথবা অঙ্গ—দ্বিত্ব, ই—প্রং অং, গণতা, পক্ষপাত।

অঙ্গাঙ্গিভাব, (অঙ্গাঙ্গি—ভাব) সং, পুং, আত্মীয়তা, প্রধানাপ্রধানতা গৌণ মুখ্যভাব;যথা অঙ্গাঙ্গিভাবমজ্ঞাত্বা কথং সামর্থ্যনির্ণয় ইতি হিতোপদেশ

অঙ্গাধিপ, (অঙ্গ দেশবিশেষ—অধিপ ৬ষ্ঠী—ষ) সং, পুং, অঙ্গদেশের রাজা কুন্তীপুত্র, কর্ণ।

অঙ্গার, (অনগ্ পাওয়া+আর—সংজ্ঞায়ে যে রক্ত বর্ণত্ব বা কৃষ্ণবর্ণত্ব পায়) সং, পুং—ক্লীং, আঙ্‌রা, কয়লা ; যথা উষ্ণে দহতি চাঙ্গারঃ শীতঃ কৃষ্ণায়তে কর ইতি, ঘৃতকুম্ভসমা নারী তপ্তাঙ্গারসমঃ পুমান্ ইতি, অঙ্গারঃ শতধৌতে ইতি চ হিতোপদেশঃ। তৈলবিশেষ যথা তৈলমঙ্গারকং নাম সর্ব্বজ্বরবিমোক্ষণং ইতি শুকবোধ।

অঙ্গারক, (অঙ্গার+ক—তুল্যার্থে, যিনি অঙ্গারের ন্যায় রক্ত বর্ণ) সং, পুং, মঙ্গল গ্রহ, আক্রম্যাঙ্গারক স্তস্থৌ বিশাখামপি চাম্বরে ইতি রামায়ণ।

অঙ্গারকমণি, (অঙ্গারক—মণি রত্ন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, প্রবাল।

অঙ্গারধানিকা, (অঙ্গার—ধানিকা [ধা ধারণ করা+অন—ক] যে ধারণ করে, যে অঙ্গার ধারণ করে, ২য়া—ষ) সং, স্ত্রীং, অঙ্গার ধারণ পাত্র, অঙ্গার শকটী।

অঙ্গারপর্ণ, সং, পুং, গন্ধর্ব্বগণের অধ্যক্ষ, চিত্ররথ গন্ধর্ব্ব।

অঙ্গারপুষ্প, (অঙ্গার—পুষ্প, যাহার পুষ্প অঙ্গার সদৃশ লোহিত বর্ণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ইঙ্গুদীবৃক্ষ।

অঙ্গারবল্লরী, অঙ্গারবল্লী (যাহার অঙ্গারবৎ রক্তবর্ণ বল্লরী অর্থাৎ মঞ্জরী, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, গুঞ্জা, কুঁচ। করঞ্জবিশেষ।

অঙ্গারশকটী,(অঙ্গার—শকটী ক্ষুদ্র শকট, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, আগুন রাখিবার গাড়ি, আঙ্গটা।

অঙ্গারিকা, (অঙ্গার+ইক, আ—প্রং) সং, স্ত্রীং, আঙ্গটা, ইক্ষুকাণ্ড, পলাশ পুষ্পের কুঁড়ি।

অঙ্গিকা, (অঙ্গ+ক—স্বার্থে) সং, স্ত্রীং, কঞ্চুক, কাঁচুলি।

অঙ্গিরাঃ, (অঙ্গিরস্, অঙ্গ জ্ঞান+ইরস্—অস্ত্যর্থে, অথবা অন্গ্ গমনকরা+ইরস্ নামার্থে) সং, পুং, সপ্তর্ষির এক জন, বৃহস্পতির পিতা। যথা মরীচিমত্র্যাঙ্গিরসৌ পুলস্ত্যং পুলহং ক্রতুম্। প্রাচেতসং বশিষ্ঠঞ্চ ভৃগুং নারদমেব চ ইতি মনুঃ।

অঙ্গী, (অঙ্গিন্, অঙ্গ+ইন্ অস্ত্যর্থ। যার অঙ্গ আছে) বিং, ত্রিং, শরীরী। প্রধান। যথা অঙ্গিনোহননুসন্ধান মঙ্গস্যাপ্যতিবিস্তৃতিঃ ইতি সাহিত্যদর্পণম্।

অঙ্গীকার, (অঙ্গ—কার করণ। যাহা পূর্ব্বে অঙ্গ ছিল না এক্ষণে অঙ্গ হইয়াছে, ঈ—অভূত তদ্ভাবে) সং, পুং, প্রতিজ্ঞা, অভ্যুপগম, স্বীকার।

অঙ্গীকৃত, (অঙ্গ—কৃত যাহা করাহইয়াছে অঙ্গীকার দেখ) বিং. ত্রিং, স্বীকৃত, অভ্যুপগত, প্রতিশ্রুত।

অঙ্গুরি, অঙ্গুরী, (অন্গ্ গমন করা; পাওয়া+উরি সংজ্ঞার্থে। যে গ্রহণ জন্য গমন করে) সং, স্ত্রীং, অঙ্গুলি। যাহা ভূষণ জন্য পাওয়া যায়) অঙ্গুলিভূষণ, আঙ্টী।

অঙ্গুরীয়, অঙ্গুরীয়ক, (অঙ্গুরি অঙ্গুলি+য় ইদমর্থে। অঙ্গুলির ইহা) সং, পুং,—ক্লীং, অঙ্গুলি ভূষণ, আঙ্টী। শনিগ্রহ দেখিতে অতি আশ্চর্য্য, তাহার চতুর্দ্দিকে তিনটী বেড় আছে, তাহাদিগকে অঙ্গুরীয়ক কহে।

অঙ্গুল—পুং } (অঙ্গুরি দেখ+
অঙ্গুলি, অঙ্গুলী—স্ত্রীং } উল, উলি—সংজ্ঞার্থে। যে গ্রহণের নিমিত্ত গমন করে) সং, আঙ্গুল, করশাখা। যথা নাঙ্গুলিচ্ছেদমাপ্নুয়াৎ ইতি মনুঃ। যথা চ অঙ্গুলীবোরগক্ষতা ইতি রঘুবংশ।

অঙ্গুলিগ, (অঙ্গুলি+গ যে গমন করে, ৩য়া—হিং) বিং, ত্রিং, যে সকল জীব অঙ্গুলির উপর ভর দিয়া গমন করে।

অঙ্গুলিতোরণ, (অঙ্গুলি+তোরণ চিত্রবিচিত্র স্তম্ভোপরি খিলান করা ধনুরাকৃতি বহির্দ্বার) সং, পুং, চন্দনাদিদ্বারা ললাটে অর্দ্ধ চন্দ্র করা।

অঙ্গুলিত্র, (অঙ্গুলি—ত্র যে রক্ষা করে) সং, ক্লীং, অঙ্গুলিবদ্ধচর্ম্ম, দস্তানা, যথা বদ্ধচিত্রাঙ্গুলিত্রে ইতি ভট্টি।

অঙ্গুলিমুদ্রা, (অঙ্গুলি—মুদ্রা [মুদ্ চিহ্ন করা+অ—র্ম্ম] অঙ্কিত ভূষণ, ৬ষ্ঠী—য) সং, স্ত্রীং, নামাঙ্কিত অঙ্গুলিভূষণ, স্ব নামাঙ্কিত আঙটি।

অঙ্গুলিমোটন, (অঙ্গুলি—মোটন [মুট্ চূর্ণ করা+অন—ভা) মট্কান, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, অঙ্গুলিদ্বয়ের মর্দ্দনশব্দ, অঙ্গুলিমট্কান।

অঙ্গুলিসম্ভূত, (অঙ্গুলি—সম্ভূত, উৎপন্ন, জাত, ৭মী—ষ) সং, পুং, নখ।
অঙ্গুলিস্ফোটন, (অঙ্গুলি—স্ফুট+অন) সং ক্লীং, অঙ্গুলিদ্বয়ের মর্দ্দনশব্দ। টুস্‌কি
অঙ্গুষ্ঠ, (অঙ্গ হস্ত—ষ্ঠ [স্থা থাকা+অ—ক] যে থাকে, যে অঙ্গে থাকে, ৭মী—ষ) সং, পুং, বৃদ্ধাঙ্গুল, বুড়া আঙ্গুল, যথা অঙ্গুষ্ঠমাত্রং পুরুষং নিশ্চকর্ষ যমো বলাৎ ইতি শ্রুতি।
অঙ্গূষ, (অন্‌গ্‌=গমনকরা+উষ—প্রং) সং, পুং, নকুল, বেজি। শর, তীর।
অঙ্ঘ, (অঙ্ঘস্‌, অন্‌ঘ্‌ গমন করা+অস্‌—ণ, যাহার দ্বারা অধোগামী হয়) সং, ক্লীং, পাপ, দুরিত, দুষ্কৃত।
অঙ্ঘ্রি, (অঙ্ঘ+রি—সংজ্ঞার্থে, যাহার দ্বারা গমন করা যায়) সং, পুং, চরণ, পদ, বৃক্ষমূল।
অঙ্ঘ্রিপ, (অঙ্ঘ্রি—প [পা পানকরা+অ—ক] যে পান করে, যে পাদ অর্থাৎ মূল দিয়া পান করে, ৩য়া—ষ) সং, পুং, পাদপ, বৃক্ষ।
অচতুর, (অ—চতুর) বিং, ত্রিং, নির্ব্বোধ, [চতুরতা শূন্য।
অচর, (অ—চর্‌ গমনকরা+অ—প্রং) বিং, ত্রিং, স্থাবর, স্থিতিশীল।
অচল, (অ—চল যে চলে, যে চলে না) সং, পুং, পর্ব্বত, শিব ব্রহ্মা, বৃক্ষ। বিং, ত্রিং, স্থির। লা—স্ত্রীং, পৃথিবী, মেদিনী, ধরিত্রী। [৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, পৃথিবী।
অচলকীলা, (অচল পর্ব্বত—কীলা=কীলক
অচিন্ত্য, (অ—চিন্ত্‌ ভাবনা করা+য—র্ম্ম) বিং, ত্রিং, অভাবনীয়, যাহা চিন্তার বিষয়ীভূত নহে। অচিন্ত্যোহি মনিমন্ত্রৌষধীনাং প্রভাবঃ, ইতি বিক্রমোর্ব্বশী। অচিন্ত্যামিতাকারশক্তিস্বরূপা ইতি মহাকালসংহিতা।
অচির, (অ—চির) বিং, ত্রিং, সত্বর, ক্ষিপ্রকারী।
অচিরক্রিয়, (অচির অল্পক্ষণব্যাপি—ক্রিয়া, ৬ষ্ঠী—হিং) সং, পুং, যে দীর্ঘসূত্রী নহে, যে শীঘ্র শীঘ্র কার্য্য সমাধা করে।
অচিরদ্যুতি, অচিরপ্রভা, অচিররোচিস্‌, অচিরাংশু, (অচির অল্পক্ষণব্যাপি—দ্যুতি, প্রভা, রোচিস্‌, অংশু যাহার, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, ক্ষণপ্রভা, বিদ্যুৎ, সৌদামিনী, তড়িৎ; চপলা।
অচিরাৎ, (অ—চিরাৎ চিরকাল হইতে) ক্রিং,—বিং, অং, অবিলম্বে শীঘ্র, যথা "সোহচিরাদ্‌ ভ্রশ্যতে রাজ্যাৎ জীবিতাচ্চ সবান্ধবঃ" ইতি মনু।
অচিহ্নিত, (Uncovenanted) যাঁহারা চিহ্নিত কর্ম্মচারী নহেন।
অচেতন, অচৈতন্য, (অ—চেতনা, জ্ঞান) বিং, ত্রিং, জড়, যাহার চৈতন্য নাই।
অচ্ছ, (অন্‌চ্‌ পূজা করা+ছ—র্ম্ম, যে পূজিত হয়) বিং, ত্রিং, নির্ম্মল। সং, পুং, ভল্লুক, স্ফটিক। অং, সম্মুখে।
অচ্ছত্র, (অ—ছত্র রাজচ্ছত্র—যেখানে রাজচ্ছত্র নাই) বিং, ত্রিং, অরাজক, রাজশূন্য।
অচ্ছন্ন, (অ—ছদ্‌+ত) বিং, ত্রিং, অনাবৃত, খোলা।
অচ্ছভল্ল, (অচ্ছ সম্মুখে—ভল্ল [ভল্ল্‌ বধ করা+অ—ক] যে বধ করে, যে সম্মুখে বধ করে) সং, পুং, ভল্লুক। অচ্ছ, ভল্ল, দুই স্বতন্ত্র শব্দও হয়।
অচ্ছিদ্র, (অ—ছিদ্র) বিং, ত্রিং, ছিদ্রশূন্য, দোষ রহিত, অঙ্গহানি-রহিত; যথা। অচ্ছিদ্রমিদমস্তু ইতি পূজানন্তরং প্রার্থনা।
অচ্ছিদ্রাবধারণ, (অচ্ছিদ্র—অবধারণ) সং, ক্লীং, অঙ্গহানি-শূন্যরূপে অবধারণ, সমাপন।
অচ্ছেদ্য, (অ—ছিদ্‌+য) অখণ্ডনীয়, যথা অচ্ছেদ্যোহয়মদাহ্যোহয়মক্লেদ্যোহশোষ্য এব চ ইতি ভগবদ্‌গীতা।
অচ্ছোদ, (অচ্ছ নির্ম্মল—উদক, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, স্বচ্ছ জলবিশিষ্ট (তড়াগাদি) সং, ক্লীং, সরোবরবিশেষ, যথা

এতেষাং মানসী কন্যা অচ্ছোদা নাম নিম্নগা ইতি হরিবংশ।
অচ্যুত, (অ—চ্যুত, ভ্রংশ, নিজ পদ হইতে যাঁহার ভ্রংশ নাই, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কৃষ্ণ। বিং, ত্রিং, স্থির, অবিনাশী। যথা "তত্রাবতীর্য্যাচ্যুতদত্তহস্তঃ" ইতি কুমার সম্ভব।
অচ্যুতাগ্রজ, (অচ্যুত, কৃষ্ণ—অগ্রজ জ্যেষ্ঠ ৬ষ্ঠী—[illegible]) সং, পুং, বলরাম, ইন্দ্র।
অচ্যুতাবাস, (অচ্যুত বিষ্ণু—আবাস বাস-স্থান, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অশ্বত্থ বৃক্ষ।
[illegible], (অ—জ [জন্ উৎপন্ন হওয়া+অ—ক) যে জন্মে। যিনি কাহারও গর্ভে জন্মেন নাই) সং, পুং, ব্রহ্মা। বিষ্ণু। শিব। কন্দর্প। রাজা দশরথের পিতা। বিং, ত্রিং, জন্মরহিত। যথা অজস্য গৃহ্ণতো জন্ম নিরীহস্য হতদ্বিষ ইতি রঘুবংশ। (অজ্ গমন করা+অ—ক। যে তৃণাদি ভক্ষণের জন্য গমন করে) সং, পুং, ছাগ, মেষ। জা—স্ত্রীং, ছাগী। ত্রিগুণময়ী প্রকৃতি, মায়া।
অজকব, (অজ বিষ্ণু—ক ব্রহ্মা+ব—অস্ত্যর্থে যাহাতে বিষ্ণু ও ব্রহ্মা উভয়েই আছেন) সং, ক্লীং, শিবের ধনু। হরধনু।
অজগন্ধা, (যাহার অজের ন্যায় গন্ধ, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, বৃক্ষবিশেষ, বন—যোআইন।
অজগব, (অজগু [অজ বিষ্ণু—গো=বৃষ। বিষ্ণু যাঁহার বৃষ স্থানীয় হইয়াছিলেন] শিব+অ—সম্বন্ধার্থে) সং, ক্লীং, পিনাক, শিবের ধনুক।
অজগর, (অজ ছাগ—গর [গৃ ভোজন করা+অ—ক] যে ভোজন করে। যে ছাগ ভোজন করে, ২য়া—ষ) সং, পুং, বৃহৎ সর্প। যথা তৃষ্যদ্ভিঃ প্রতিসূর্য্যকৈরজগরস্বেদদ্রবঃ পীয়তে ইতি উত্তর চরিত।
অজননি, (অ—জননি জন্ম) সং, স্ত্রীং, অনুৎপত্তি, জন্ম না হওয়া। যথা "মা জীবন্ যঃ পরাবজ্ঞাদুঃখদগ্ধোঽপি জীবতি তস্যাজননিরেবাস্তু জননীক্লেশকারিনঃ" ইতি পঞ্চতন্ত্রং।
অজন্য, (অ—জন্য=উৎপন্ন। পুরুষ ব্যাপার দ্বারা যাহা উৎপন্ন নহে) সং, ক্লীং, ভূকম্পাদি উপপ্লব।
অজপ, (অ কুৎসিত—জপ্ পাঠকরা+অ—ক) সং, পুং, মন্দপাঠক। (অজ—প যে পালন করে) বিং, ত্রিং, মেষপালক।
অজপা, (অ—জপ জপনীয়, যাহা জপ করিবার নহে) সং, স্ত্রীং, তান্ত্রিকদিগের অর্চ্চনীয় দেবী। 'হং, সঃ' এবম্বিধ মন্ত্র জপ, শ্বাস প্রশ্বাস দ্বারা তন্মন্ত্র জপ।
অজমীঢ়, (অজম্ [বিষ্ণুকে] কৃষ্ণকে—ইহ্ চেষ্টাকরা, পাইতে ইচ্ছা করা+ত—র্ম্ম) সং, পুং, যুধিষ্ঠির। আজমীর দেশ।
অজন্ত, (অ—জন্ত=দন্ত, যাহার দাঁত নাই, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ভেক, বেঙ্। বিং, ত্রিং, দন্তশূন্য, অদন্ত।
অজয়, (অজয্য দেখ+অ—ভা) সং, পুং, বীরভূমের সন্নিহিত নদী বিশেষ, পরাজয়, অগ্নি। বিং, ত্রিং, অজেয়। য়া—স্ত্রীং, সিদ্ধি, ভাঙ্। দুর্গার সহচারিণী।
অজয্য, (অ—জি জয় করা+য—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে জয় করা যায় না, অজেয়, যথা "স কিল শতক্রতোরজয্যঃ" শকুন্তলা
অজর, (অ—জরা বাৰ্দ্ধক্য। যাঁহাদের জরা নাই, ৬ষ্ঠী—হিং) সং, পুং, দেবতা। বিং, ত্রিং, নির্জর, বার্দ্ধক্যরহিত।
অজস্র, (অ—জস্র [জস্ ত্যাগ করা+র—ক, শীলাদ্যর্থে] যে পরিত্যাগ করে। যে পরিত্যাগ করে না) ক্রিং—বিং, ক্লীং, নিরন্তর, অনবরত, সর্ব্বদা। যথা "বৃথৈব সঙ্কল্পশতৈরজস্রমনঙ্গ! নীতোঽসি ময়াতিবৃদ্ধিং" শকুন্তলা।
[illegible], (অজ স্বাভাবিক

অজ [অজ্ ক্ষেপণ করা+অ—ক] ক্ষেপক, যে অজীর্ণতা নাশ করে, ২য়া—ষ) সং, স্ত্রীং, জীরা।

অজাজীব, (অজ—আজীব=জীবনোপায়, যাহার অজই জীবিকা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ছাগোপজীবী, মেষ ব্যবসায়ী।

অজাতশত্রু, অজাতারি (অ—জাত—শত্রু=বৈরি। যাঁহার শত্রু জন্মে নাই, ৬ষ্ঠী—হিং) সং, পুং, যুধিষ্ঠির, শিব, শমীকপুত্র।

অজানি, (অ+জানি [জায়া] স্ত্রী—৬ষ্ঠী—হিং) সং, পুং, যাঁহার স্ত্রী নাই।

অজি, (অজ্ গমন করা, ক্ষেপণ করা+ই—প্রং) সং, পুং সামর্থ্য, তেজঃ। বিং, ত্রিং, গতিবিশিষ্ট।

অজিত, (অ—জিত [জি জয় করা+ত—র্ম্ম] পরাভূত। যিনি পরাভূত নহেন) সং, পুং, বিষ্ণু। শিব। বুদ্ধ। বিং, ত্রিং, অপরাজিত।

অজিন, (অজ্=পাওয়া+ইন—সংজ্ঞার্থে, ব্রতধারীরা যাহা গ্রহণ করেন) সং, ক্লীং, মৃগচর্ম্ম, পশুচর্ম্ম,। যথা "অথাজিনাষাঢ়ধরঃপ্রগল্ভবাক্" ইতি (কুমার সম্ভব)।

অজিনপত্রা, (অজিন=চর্ম্ম—পত্র=পক্ষ। যাহার পক্ষ চর্ম্মময় ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, চাম্‌চিকা। বাদুড়।

অজিনযোনি, (অজিন—যোনি=উৎপত্তি কারণ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মৃগ।

অজির, (অজ্ গমন করা+ইর—সংজ্ঞার্থে। যাহাতে যাতায়াত করা যায়) সং, ক্লীং, প্রাঙ্গন ভূমি, চত্বর, উঠান। বায়ু। শরীর। ভেক।

অজিহ্ম, (অ—জিহ্ম বক্র। যে বক্র নহে) বিং, ত্রিং, সরল, অবক্র, যথা অজিহ্মামশঠাং শুদ্ধাং জীবেৎ ব্রাহ্মণজীবিকাং,মনু

অজিহ্মগ, (অজিহ্ম—[গম্ গমনকরা+ড—ক] যে গমন করে। যে সোজা গমন করে) সং, পুং, বাণ। বিং, ত্রিং, সরলগামী। অবক্রগতি।

অজিহ্ব, (অ—জিহ্বা=জিব, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ভেক। বিং, ত্রিং, জিহ্বাশূন্য। যাহার জিহ্বা নাই।

অজীর্ণ, (অ—জীর্ণ) সং, ক্লীং, অপাকরোগ, উদরাময়।

অজীব, (অ—জীব=জীবন) বিং, ত্রিং, মৃত। অবসন্ন। জীবন রহিত।

অজীবনি, (অ—জীব্=বাঁচা+অনি—আক্রোশার্থে) সং, স্ত্রীং, অভিশাপ জন্য মৃত্যু, যথা "অজীবনিস্তে শঠ! ভূয়াৎ" পঞ্চতন্ত্র।

অজেয়, (অ—জেয়) বিং, ত্রিং, যাঁহাকে জয় করা যায় না। জয়ের অযোগ্য। "ত্রিষুলোকেষ্বজেয়োঽস্মি সোঽহমদ্য ত্বয়াজিতঃ" (রামায়ণ)।

অজৈকপাদ, (অজ = শিব+ একপদ=অংশ) সং, পুং, একাদশ রুদ্রের অন্যতম রুদ্র।

অর্জ্জুকা, (অর্জ্জ্ উপার্জ্জন করা+উক—সংজ্ঞার্থে। যে ধনাদি উপার্জ্জন করে) সং,স্ত্রীং,নাট্যোক্তিতে—বেশ্যা,গণিকা।

অজ্ঝটা, সং, স্ত্রীং, বৃক্ষ বিশেষ, ভুঁই আম্‌লা।

অজ্ঞ, (অ—জ্ঞ [জ্ঞা জানা+ড—ক] যে জানে। যে কিছুই জানে না) বিং, ত্রিং, অজ্ঞানী, বিবেচনা শূন্য, নির্ব্বোধ

অজ্ঞান, (অ—জ্ঞান, নঞ—ষ+৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, জ্ঞানরাহিত্য। মায়া, অবিদ্যা। বিং, ত্রিং, মূর্খ, জ্ঞানহীন।

অজ্যেষ্ঠ, (অ+জ্যেষ্ঠ) জ্যেষ্ঠেরন্যায় যাহার আচার নহে যথা যো জ্যেষ্ঠো বিনিকুর্ব্বীত লোভাদ্ ভ্রাতৃন্ যবীয়সঃ। সোঽজ্যেষ্ঠঃ স্যাদভাগশ্চ নিয়ন্তব্যশ্চ রাজভিঃ। [পুং, বায়ু, অগ্নি।

অঞ্চতি—তী, (অঞ্চ গতি+অতি) সং,

অঞ্চল, (অনচ্ গমন করা+অল—সংজ্ঞার্থে। যে শেষ পর্য্যন্ত যায়, বা যেখানে যাওয়া যায়) সং, পুং,

বস্ত্রের শেষভাগ, আঁচল। প্রান্ত। অংশ। যথা "উরুঃ কুরঙ্গকদৃশশ্চঞ্চলচেলাঞ্চলো ভাতি" সাহিত্যদর্পণ।

অঞ্চিত, (অন্চ্ পূজা করা+ত—র্ম্ম) বিং, ত্রিং, পূজিত, ভূষিত, সুন্দর, গ্রথিত, আকুঞ্চিত, বক্রীকৃত।

অঞ্জন, (অনজ্ দীপ্তিপাওয়া+অন—ক। যে নয়নে দীপ্তি পায়) সং, ক্লীং, চক্ষুরঞ্জনের দ্রব্য, কজ্জল। কাজল। দীপ শিখার কালিমা। মসী। গমন। ব্যক্ত করণ। (অঞ্জন+অ—অস্ত্যর্থে। যে অঞ্জনের ন্যায় কৃষ্ণবর্ণ) পুং, পশ্চিম দিকের হস্তী।

অঞ্জনা, (অঞ্জন+অ—অস্ত্যর্থে। যে অঞ্জনের ন্যায় কৃষ্ণবর্ণ) সং, স্ত্রীং, হনুমানের মাতা। পশ্চিমদিকের হস্তিনী। ব্যঞ্জনা বৃত্তি।

অঞ্জনাবতী, (অঞ্জন+বৎ—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, পশ্চিমদিগ্-হস্তিনী।

অঞ্জনা-হৃদয়-নন্দন, সং, পুং, হনূমান্।

অঞ্জনিকা, (অঞ্জনা+ক—স্বার্থে) সং, স্ত্রীং, আঞ্জিনা।

অঞ্জলি, (অনজ্=প্রকাশ পাওয়া+অলি—সংজ্ঞার্থে। যাহার দ্বারা বিনয় প্রকাশ পায়) সং, পুং, করপুট, আঁজলা। যথা ন "বার্য্যঞ্জলিনা পিবেৎ" ইতি মনুঃ। পরিমাণ বিশেষ।

অঞ্জলিকারিকা, (অঞ্জলি—কারিকা করে যে, স্পর্শ মাত্রেই যাহার পত্রপুট অঞ্জলি সদৃশ কুঞ্চিত হয়, উপ—স) সং, স্ত্রীং, লজ্জাবতী লতা। পুত্তলিকা।

অঞ্জস, (অনজ্ ব্যক্ত করা+অস—প্রং) বিং, ত্রিং, সরল, সমান, যথার্থ।

অঞ্জসা, (অনজ্+সো+ক্বিপ্) অং শীঘ্র। যথার্থ, ঠিক। তত্ত্বতঃ। যথা "স গচ্ছত্যঞ্জসা বিপ্রোব্রহ্মণঃ সদ্ম শাশ্বতং" ॥ (মনু)।

অঞ্জিষ্ঠ, (অনজ্=প্রকাশ করা+ইষ্ঠ—প্রং যিনি সকল বস্তুকে প্রকাশিত করেন) সং, পুং, সূর্য্য।

অটন, (অট্ ভ্রমণকরা+অন—ভা) সং, ক্লীং, গমন, ভ্রমণ।

অটনি, অটনী, (অট্ গমনকরা+অনি—সংজ্ঞার্থে। যাহা হইতে ছিলা গমন করে) সং, পুং, ধনুকের অগ্রভাগ। যথা ধ্বনদ্গুরুগুণাটনীকৃতকরালকোলাহলম্ ইতি উত্তর চরিত।

অটমান, (অটন দেখ+আন—ক) বিং, ত্রিং, গমনশীল। ভ্রমণশীল।

অটবি, অটবী, (অট [অট্ গমনকরা+অ—ক] গমনকারী — বি = পক্ষী। যাহাতে পক্ষী সকল গমনাগমন করে, ৭মী—হিং) সং, স্ত্রীং, বন, জঙ্গল।

অটবিক, (অটবি=বন+টক্) সং, পুং, বনচারী, কিরাত।

অটল, (অ—টল্=বিচলিত হওয়া+অ—ক) বিং, ত্রিং, অচল, স্থির। অবিচলিত।

অটাট্যা, (অট্=গমনকরা+যঙ্+অ—পুনঃ পুনঃ অর্থে) সং, স্ত্রীং, পর্য্যটন, ভ্রমণ, টোটো।

অট্ট, (অট্ট্ অনাদর করা+অ—ক। যে অন্যান্য গৃহকে অগ্রাহ্য অর্থাৎ উপহাস করে) সং, পুং, অট্টালিকা, প্রাসাদের উপরি গৃহ।

অট্টট্ট, (অট্ট্ অতিক্রম করা+অ—ক) সং, অং, অতিশয় চীৎকার বা উচ্চ হাস্য।

অট্টহাস, (অট্ট—হাস=হাস্য, য়ং—স) সং, পুং, উচ্চহাস্।

অট্টহাসক, (অট্টহাস+ক—সাদৃশ্যার্থে) সং, পুং, কুঁদ ফুলের গাছ।

অট্টহাসী, (অট্টহাসিন্, অট্টহাস+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, শিব।

অট্টাল, অট্টালক—পুং } (অট্ট+আল
অট্টালিকা—স্ত্রীং } —সংজ্ঞার্থে। ক—স্বার্থে) সং, ইষ্টকাদি নির্ম্মিত বাটী।

অট্টালিকাকার, (অট্টালিকা—কার=যে করে) সং, পুং, রাজমিস্ত্রী। শূদ্রানির

গর্ভে চিত্রকরের ঔরসেজাত যথা "কুলটা-য়াঞ্চ শূদ্রায়াং চিত্রকারস্য বীর্য্যতঃ। বভূবাট্টালিকাকারঃ পতিতো জার-দোষতঃ" ব্রহ্মবৈবর্ত্তপুরাণ।

ড়র, অড়হর, (দেশজ) সং, কলাই-বিশেষ, অড়হর।

নক, (অন=শব্দকরা+অচ্+কন) বিং, ত্রিং, নীচ। [কীলক সীমা। পশুবধ স্থান।

ণি, (অন+ইন) সং, পুং, অক্ষের অগ্র-

ণিমা. (অণিমন্, অণু+ইমন্—ভাবে) সং, পুং, অণুত্ব। ঐশ্বর্য্য বিশেষ, নিজ শরীরকে স্বেচ্ছানুসারে সূক্ষ্ম করিবার ক্ষমতা। যথা "অণিমা লঘিমা প্রাপ্তিঃ প্রাকাম্যং মহিমাতথা। ঈশিত্বঞ্চবশিত্বঞ্চ তথা কামাবসায়িতা।"

ণীয়ান্, (অণীয়স্. অণু+ঈয়স্—অতিশয়ার্থে) বিং, ত্রিং, সূক্ষ্মতম।

ণু, (অণ্ শব্দ করা+উ—সংজ্ঞার্থে) বিং, ত্রিং, অল্প, ক্ষুদ্র, সূক্ষ্ম, পরমাণু প্রভৃতি। ক্লীং মাত্রার চতুর্থাংশ। (অন্ বাঁচা+উ—ণ। যাহার দ্বারা প্রাণধারণ করা যায়) সং, পুং, ধান্যবিশেষ, সূক্ষ্ম ধান্য।

ণুচ্ছেদ, সং, পুং, ভিন্ন ভিন্ন বিষয়।

ণুভা, (অণু=সূক্ষ্ম—ভা=দীপ্তি, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, বিদ্যুৎ।

অণুবীক্ষণ, (Microscope, অণু—বি—ঈক্ষ্=দর্শন করা+অন—ণ) সং, ক্লীং, যে যন্ত্র দ্বারা সূক্ষ্ম পদার্থ সকল দৃষ্টি-গোচর হয়। [সূক্ষ্ম ধান্য।

অণুব্রীহি, (অণু—ব্রীহি=ধান্য) সং, পুং,

অণ্ড, (অম, গমনকরা+ড—সংজ্ঞার্থে। যাহা হইতে শাবক নির্গত হয়) সং, ক্লীং, ডিম্ব, ডিম্ যথা "তদণ্ডমভবদ্ধৈমং সহস্রাংশুসমপ্রভং" মনু। (অণ্ডাকৃতি হেতু) মুষ্ক। শুক্র।

অণ্ড-কটাহ, সং, পুং, ব্রহ্মাণ্ড, ভূমণ্ডল।

অণ্ডকোষ, (অণ্ড—কোষ=আধার ৬ষ্ঠী—ষ) সং, পুং, মুষ্ক, বৃষণ।

অণ্ডজ, (অণ্ড—জ যে জন্মে। যাহারা অণ্ড হইতে উৎপন্ন, ৫মী—ষ) বিং, ত্রিং, ডিম্বজাত জন্তু—পক্ষি সর্প প্রভৃতি। যথা অণ্ডজাঃ পক্ষিণঃ সর্পা নক্রাঃ মৎস্যাশ্চ কচ্ছপাঃ (মনু)। জা—স্ত্রীং, মৃগনাভি।

অণ্ডবর্দ্ধন, (অণ্ড+বর্দ্ধন=স্ফীতি) অণ্ড-কোষের স্ফীতি, কোরোণ্ড।

অণ্ডাকার, (অণ্ড+আকার) বিং, ত্রিং, অণ্ডাকৃতি, ডিমের ন্যায় যাহার আকৃতি।

অণ্ডালু, (অণ্ড+আলু—প্রং) সং, পুং, ডিম্বযুক্ত মৎস্য। [বলবান্ পুরুষ।

অণ্ডীর, (অণ্ড+ঈর—প্রং) সং, পুং,

অণ্বী, সং, স্ত্রীং, অঙ্গুলি (বৈদিক ভাষা)।

অতএব, (অতঃ [ইদম্+তঃ—হেত্বর্থে] এই হেতু—এব=ই। এই জন্যই) অং, এই নিমিত্ত। [ইহার পর, পশ্চাৎ।

অতঃপর, (অতঃ=ইহার—পর) অং,

অতট, (অ—তট=অবলম্বন, — তীর— যেখানে তট অর্থাৎ অবলম্বন স্থান নাই, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পর্ব্বতাদির নিরালম্ব উচ্চ স্থান, প্রপাত। নদী প্রভৃতির আড়ুলি, যথা "মনোরথানাম-তট প্রপাতাঃ"। শকুন্তলা।

অতথোচিত, (অ+তথা+উচিত) বিং, ত্রিং, সেই অবস্থার অনুপযুক্ত যথা "অথ ভূমৌ মহারাজং শয়ানমতথোচি-চিতং" রামায়ণ

অতথ্য, (অ+তথ্য=সত্য) বিং, ত্রিং, অ-সত্য, মিথ্যা। যথা "অতথ্যান্তথ্যো ব হরতি মহিমানং জনরবঃ" পরাশর সংহিতা।

অতনু, (অ+তনু=সূক্ষ্ম) বিং, ত্রিং, বৃহৎ মহৎ। [জাগরিত। আলস্যহীন

অতন্দ্র, (অ+তন্দ্রা=আলস্য ৬ষ্ঠী, হিং)

অতন্দ্রিত, (অ—তন্দ্রিত=অলস) বিং ত্রিং, অনলস, সাবধান, অবহিত।

অতর্কিত, (অ—তর্কিত=বিবেচিত) বিং ত্রিং, অলক্ষিত, হঠাৎ।

অতল, (অ—তল=নিম্ন। যাহার নিম্ন দেশ অর্থাৎ তলা পাওয়া যায় না, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, পাতাল। ভূগর্ভ। বিং, ত্রিং, তলশূন্য।

অতলস্পর্শ, } (অতল+স্পৃশ্+ঘঞ্ অতল
অতলস্পৃশ্, } +স্পৃশ্+ক্বিপ্) বিং, ত্রিং অগাধ, অতিগভীর।

অতঃ, (ইদম্—তস্—অং) অতএব। এই হেতু। যথা 'অতঃ পরীক্ষ্য কর্ত্তব্যং বিশেষাৎ সঙ্গতংরহঃ' শকুন্তলা। ইহার পর, যথা, "ভাগ্যায়ত্তমতঃ পরং"। শকুন্তলা।

অতস, (অৎ=সতত গমন করা+অস—সংজ্ঞার্থে) সং, পুং, বায়ু। আত্মা। অস্ত্রবিশেষ। সী—স্ত্রীং, স্বনাম খ্যাত পুষ্পবৃক্ষবিশেষ, মসিনা। শণ।

অতি, (অৎ=সতত গমন করা+ই—প্রং)। অং, উপং, উৎকর্ষ ; অতিশয়, অধিক, অতিক্রম। যথা "বিনষ্টো বহুলোলোল্যাদতি সর্ব্বত্র বর্জ্জয়েৎ"।

অতিকথা, (অতি=অতিক্রান্ত—কথা) সং, স্ত্রীং, মিথ্যা কথা, অনৃত বাক্য।

অতিক্রম, (অতি—ক্রম্=লঙ্ঘন করা+অ—ভা) সং, পুং, উল্লঙ্ঘন। অধিক হওয়া, বিপরীতাচরণ।

অতিক্রান্ত, (অতি+ক্রম+ত—র্ম্ম) বিং, ত্রিং, লঙ্ঘিত, অতীত।

অতিগণ্ড, সং, পুং, বিষ্কুম্ভাদি যোগের অন্যতম যোগ। [গন্ধক।

অতিগন্ধঃ, সং, পুং, চম্পকবৃক্ষ, sulphur,

অতিচার, (অতি—চর্ গমন করা+অ—ভা) সং, পুং, গ্রহগণের স্ব স্ব রাশি অতিক্রম করিয়া গমন।

অতিজগতী, (অতি—জগতী=ছন্দোবিশেষ) সং, স্ত্রীং, দ্বাদশাক্ষর ছন্দোবিশেষ।

অতিজব, (অতি—জব=ত্বরিত) বিং, ত্রিং অতিশয় বেগবান্, দ্রুতগামী।

অতিজাত, (অতি+জাত) বিং, ত্রিং, উৎকৃষ্টজন্মা [illegible] " অতিজাতো হধিকস্তস্মাদপজাতোহধমাধমঃ (পঞ্চতন্ত্রং)

অতিতরাম্, (অতি+তরাম্—প্রং) অং অত্যধিক। যথা "দীর্ঘশোকসন্তানেন সম্প্রত্যভিতরাং পরিক্ষীণো রামভদ্রঃ" উত্তরচরিত।

অতিথি, (অৎ=সতত গমন করা+ইথি সংজ্ঞার্থে। যে সতত গমন করে) সং পুং,—স্ত্রীং, অভ্যাগত, ভিক্ষার নিমিত্ত বা ভোজনার্থী হইয়া গৃহে আগত যস্য ন জ্ঞায়তে নাম নচ গোত্রং ন স্থিতিঃ। অকস্মাৎ গৃহমায়াতি সোহতিথিঃ প্রোচ্যতে বুধৈঃ। পুং, কুশরাজা পুত্র। গোচর।

অতিদেশ, অতি—দিশ্ আরোপ করা-ঘঞ্—ভা) সং, পুং, অন্য ধর্ম্মের অন্যত্র আরোপ। [অসাধ্য, ক্ষমতার অতীত

অতিদৈব, বিং, ত্রিং, দেবতাদিগের

অতিধৃতি, (অতি—ধৃতি ছন্দোবিশেষ সং, স্ত্রীং, ঊনবিংশাক্ষর ছন্দোবিশেষ

অতিপতন—ক্লীং } (অতি=অতিক্রম
অতিপাত—পুং } পত্=গমন করা-অন, অ—ভা) অতিক্রম। কর্ত্তব্য কার্য্যে অনাদর। ক্ষতি, হানি।

অতিপাতক, (অতি—পাতক=পাপ সং, ক্লীং, মাতা, দুহিতা ও পুত্রবধূ গমনরূপ ত্রিবিধ গুরুতর পাতক।

অতিপ্রসক্তি } অতি=অতিক্রম-প্রসক্তি
অতিপ্রসঙ্গ } প্রসঙ্গ) সং, পুং, অন্যত্র প্রসক্তি অলক্ষ্যে লক্ষণ গমন। অতি বিস্তৃতি

অতিভী (অতি+ভী—ভয়) সং, পু বিদ্যুৎ।

অতিভূমি, সং, স্ত্রীং, আধিক্য। যথা "অতিভূমিং গদেন রণরণত্রণ" (উত্তর চরিত)।

অতিভোজন, (অতি+ভোজন=ভক্ষণ সং, ক্লীং, অতিরিক্ত ভোজন।

অতিমঙ্গল্য, (অতি—মঙ্গল+য—প্রং সং, পুং, বিল্ববৃক্ষ। বিং, ত্রিং, অতিশয় মঙ্গলজনক।

অতিমাত্র, (অতি অতিক্রম—মাত্রা=পরিমাণ,যে মাত্রাকে অতিক্রম করিয়াছে,২য়া—ষ) বিং, ত্রিং, অধিক, অত্যন্ত, যথা "অতিমাত্রলোহিততলৌ বাহূ ঘটোৎক্ষেপনাৎ" শকুন্তলা।

অতিমানুষ, (অতি অতিক্রম—মানুষ, যে মনুষ্যকে ক্ষমতাতে অতিক্রম করিয়াছে, ২য়া—ষ) বিং, ত্রিং, অলৌকিক, লোকাতীত, স্বর্গীয়।

অতিমুক্ত, (অতি অতিক্রম—মুক্তা, শুক্লবর্ণ পুষ্প দ্বারা যে মুক্তাকে অতিক্রম করিয়াছে, ২য়া—ষ) সং, পুং, মাধবীলতা। বিং, ত্রিং, নির্ব্বাণ, মোক্ষ প্রাপ্ত।

অতিমোদা, (অতি অতিশয়—মোদ আনন্দ। যাহা গন্ধ দ্বারা অতিশয় আনন্দিত করে, ৬ষ্ঠী—হ্রিং) সং, স্ত্রীং, নবমল্লিকা।

অতিরথ, (অতি—রথ) সং, পুং, যোধবিশেষ, যে ব্যক্তি অসঙ্খ্য যোদ্ধার সহিত যুদ্ধ করিতে সমর্থ, অতিবীর।

অতিরিক্ত, (অতি অতিক্রম—রিক্ত শূন্য। যে শূন্যকে অতিক্রম করিয়াছে,২য়া—ষ) বিং, ত্রিং, অধিক, বেশী। শ্রেষ্ঠ। ভিন্ন।

অতিরেক, (অতি অতিক্রম—রেক [রিচ বিযুক্ত করা+ঘঞ্—ভা] বিয়োগ। যে বিয়োগকে অতিক্রম করিয়াছে, ২য়া—ষ) সং, পুং, আধিক্য, প্রাধান্য। ভেদ।

অতিরোগ, (অতি—রোগ=পীড়া) সং, পুং, ক্ষয়রোগ।

অতিরোমশ, (অতি—রোমশ=অধিক রোমযুক্ত) সং, পুং, বন্যছাগ, বৃহৎ বানর। বিং,ত্রিং,অতিশয় লোমবিশিষ্ট।

অতিলৌল্য, (অতি+লৌল্য [লোল—য] ইচ্ছা সং, ক্লীং, অতিশয় ইচ্ছা "অতিলৌল্যাদ্ বকঃ কশ্চিন্মৃতঃ কর্কটকগ্রহাৎ" ইতি পঞ্চতন্ত্র।

অতিবর্ত্তন, (অতি—বৃত্=বিদ্যমান থাকা—অন—ভা) সং, ক্লীং, উল্লঙ্ঘন।

অতিবর্ত্তী, (অতি+বর্ত্তিন্) বিং, ত্রিং, উল্লঙ্ঘনকারী যথা "লঙ্কামুপবিষ্টানাং সাগরঞ্চাতিবর্ত্তিনাং" ইতি রামায়ণ। অবজ্ঞাকারী।

অতিবাত, (অতি+বাত=বায়ু) সং, পুং,ঝড়, প্রবল বায়ু।

অতিবাদ, (অতি—বদ্=বলা+অ—ভা) সং, পুং, অত্যুক্তি। অপ্রিয় বাক্য। যথা "অতিবাদাংস্তিতিক্ষেত নাবমন্যেত কঞ্চন" ইতি (মনু)।

অতিবাস, (অতি+বাস) সং. পুং, শ্রাদ্ধের পূর্ব্বদিন করণীয় উপবাস।

অতিবাহিক, (অতিবাহ+টক্) সং, পুং, নরকবাসী (an infernal spirit)

অতিবাহিত, (অতি—বাহি=বহান+ত—র্ম্ম) বিং, ত্রিং, যাপিত। অতিক্রান্ত।

অতিবিকট, (অতি+বিকট) সং, পুং, মত্তহস্তী। বিং,ত্রিং, ভয়ানক, দুর্দ্ধর্ষ।

অতিবিষ, (অতি+বিষ) বিং, ত্রিং, বিষকে দমন করে যে। (যা) সং, স্ত্রীং, বৃক্ষ বিশেষ।

অতিবৃষ্টি, সং, স্ত্রীং, অধিক বর্ষণ।

অতিবেল, (অতি=অতিক্রম—বেলা=তীর, যে বেলাকে অতিক্রম করিয়াছে, ২য়া—ষ) বিং, ত্রিং, অধিক, অসীম। মর্য্যাদাতিক্রান্ত। অং, বেলাতিক্রম।

অতিব্যাপ্তি, (অতি=অতিশয়—ব্যাপ্তি=ব্যাপন) সং, স্ত্রীং, অতিশয় ব্যাপ্তি, অলক্ষ্যে লক্ষণ গমন।

অতিশয়, (অতি—শী অতিরিক্ত হওয়া+অ—ক, ভা) বিং, ত্রিং, অধিক, অতিরিক্ত। সং, পুং, আধিক্য।

অতিশয়িত, (অতিশয়+ইত) বিং, ত্রিং, অধিক, অতিক্রান্ত যথা "অতিশয়িতসুরাসুরপ্রভাবং" ইতি উত্তরচরিত।

অতিশয়োক্তি, Hyperbole (অতিশয়—উক্তি) সং, স্ত্রীং, স্বরূপ হইতে অতিরিক্ত বর্ণন। কাব্যালঙ্কার বিশেষ, "প্রস্তুতস্য যদন্যত্বং যদ্যর্থোক্তৌ চ কল্পনং কার্য্য কারণয়োর্যশ্চ পৌর্ব্বাপর্য্য বি-

পর্য্যায়ঃ। বিজ্ঞেয়াতিশয়োক্তিঃ সা” (কাব্যপ্রকাশ)।

অতিশায়ন, (অতি+শী+অনট্) সং, ক্লীং, আধিক্য। প্রকর্ষ।

অতিসর্গ, (অতি—সৃজ=ত্যাগ করা+অ) পুং, দান, উৎসর্গ।

অতিসর্জ্জন, (অতি + সৃজ্ + অন-ভা) সং, ক্লীং, বিসর্জ্জন, ত্যাগ। দান। নিয়োগ। বধ।

অতিসাম্যা, সং, স্ত্রীং, লতাযষ্টিমধু।

অতিসার, অতীসার, (অতি অতিশয়—সৃ=গমন করা+অ—ণ। যাহার দ্বারা অতিশয় পুরীষ নির্গত হয়) সং, পুং, উদরাময়, পেটের পীড়া।

অতিসারকী, (অতিসারকিন্, অতিসার+ইন্—রোগার্থে) বিং, ত্রিং, উদরাময় যুক্ত অতিসার রোগী, পেটরোগা।

অতিসৃষ্ট, (অতি+সৃজ্+ত—র্ম্ম) বিং, ত্রিং, দত্ত। পরিত্যক্ত। নিযুক্ত।

অতিসৌরভ, সং, পুং, আম্রবৃক্ষ।

অতিহসিত—ক্লীং } (অতি অতিশয়—
অতিহাস—পুং } হসিত,হাস=হাস্য) সং, ভীষণ হাস্য, বিকৃত হাস্য।

অতীত, (অতি—ই=গমন করা+ত—ক) বিং, ত্রিং, গত, অতিক্রান্ত। ভূত। যাহা হইয়া গিয়াছে।

অতীন্দ্রিয়, (অতি=অতিক্রম—ইন্দ্রিয়। যে ইন্দ্রিয়কে অতিক্রম করিয়াছে, ২য়া—ষ) বিং, ত্রিং, অপ্রত্যক্ষ, ইন্দ্রিয়ের অগ্রাহ্য। ইন্দ্রিয়াতীত।

অতীব, (অতি—ইব, কিম্বা অত্=গমন-করা+ঈব—প্রং) অং, অতিশয়, অধিক।

অতুল, (অ—তুল্=সদৃশ হওয়া+অ—ক। যে সদৃশ নহে, অথবা অ—তুলা=তুলনা। যাহার সাদৃশ্য নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং. অনুপম, সাদৃশ্য রহিত, অপরিমিত।

অতুহিনরশ্মি, (অ+তুহিন=শীতল+রশ্মি) সং, পুং, যাহার কিরণ শীতল নহে। সূর্য্য, উষ্ণরশ্মি।

অতৈল, (অ=সদৃশ—তৈল) সং, ক্লীং, তিলোৎপন্ন স্নেহ পদার্থ, সর্ষপাদির রস।

অৎক, (অত্=সতত গমন করা+ক—প্রং) সং, স্ত্রীং, শরীরাবয়ব। পথিক।

অত্তা, (অৎ+ত, আ—প্রং) সং, স্ত্রীং, নাট্যোক্তিতে—মাতা, শ্বশ্রূ, মাসী ও জ্যেষ্ঠা ভগিনী। যথা “অত্তা এথ নিমজ্জহি” সাহিত্যদর্পণ।

অত্য, (অত=সর্ব্বদা যাওয়া+যৎ) ঘোটক; (বৈদিকভাষা)।

অত্যন্ত, (অতি অতিক্রম—অন্ত=শেষ বা সীমা। যে অন্তকে অতিক্রম করিয়াছে, ২য়া—ষ) বিং, ত্রিং, অধিক, অতিশয়।

অত্যন্তাভাব, (অত্যন্ত অধিক+অভাব not being) ন্যায়শাস্ত্রমতে একবারে অভাব যথা “অভাবস্তু দ্বিধা সংসর্গান্যোন্যাভাবভেদতঃ। প্রাগভাবস্তথাধ্বংসোঽপ্যত্যন্তাভাব এব চ” ভাষা-পরিচ্ছেদ।

অত্যয়, (অতি অতিক্রম—ই=গমন করা+অ—ভা) সং, পুং, বিনাশ, অপচয়, অতিক্রম, দোষ, শাস্তি।

অত্যর্থ, (অতি অতিক্রম—অর্থ=প্রয়োজন। যে প্রয়োজনকে অতিক্রম করিয়াছে ২য়া—য) বিং, ত্রিং, অত্যন্ত, অধিক।

অত্যল্প, (অতি=অতিশয়—অল্প) বিং, ত্রিং, যৎকিঞ্চিৎ।

অত্যাচার, (অতি—আচার=আচরণ) সং, পুং, অনুচিত আচরণ। কুব্যবহার।

অত্যাচারী, (অত্যাচারিন্, অত্যাচার+ইন্—ক) সং, পুং, যে ব্যক্তি অত্যাচার করে। দুরাচার।

অত্যারূঢ়, (অতি—আরূঢ়) সং, ক্লীং, অতিবৃদ্ধি। বিং, ত্রিং, প্রবৃদ্ধ। বর্দ্ধিত

অত্যারূঢ়ি, (অতি—আরূঢ়ি) সং, স্ত্রীং, অতিবৃদ্ধি, অভ্যুন্নতি। যথা “অত্যারূঢ়ির্ভবতি মহতামপ্যপভ্রংশনিষ্ঠা” শকুন্তলা।

অত্যাহিত, (অতি—আ—ধা [ধারণ করা] অনিষ্ট হওয়া+ত—ভা। ধা

স্থানে—হি) সং, ক্লীং, অমঙ্গল, যথা "আর্য্যে কিমত্যাহিতং সীতাদেব্যাঃ" (উত্তর চরিত)। মহাভয়।

অত্যুক্তি, (অতি—উক্তি=কথন) সং,স্ত্রীং, অধিক উক্তি, স্বরূপ হইতে অতিরিক্ত বর্ণন। [সং, স্ত্রীং, দ্বাদশাক্ষর ছন্দঃ।

অত্যুক্‌থা, (অতি—উক্‌থা=ছন্দোবিশেষ)

অত্যূহ, (অতি—উহ যে [তর্ক করে] শব্দ করে) সং, পুং, পক্ষীবিশেষ, ডাকপাখী। হা—স্ত্রীং, শেফালিকা।

অত্র, (ইদম্=এই+ত্র=তে। সপ্তমী বিভক্তি স্থানে ত্র) অং, এই স্থানে, এই খানে।

অত্রত্য, (অত্র+ত্য—ভবার্থে বিং, ত্রিং, এতদ্দেশীয়, এই দেশের। এই স্থানের।

অত্রভবান্, (অত্রভবৎ, অত্র এই স্থানে—ভূ হওয়া+অৎ—ক) বিং, ত্রিং, পূজ্য, মান্য। যথা "কাম্‌পুনরত্রভবতীমবগচ্ছামি" উত্তরচরিত।

অত্রি, অত্রি, (অদ=ভক্ষণ করা+ত্রিপ্ যিনি তৃণাদি ভক্ষণ করেন) সং, পুং, (বৈদিক ভাষায়) অগ্নি, সপ্তর্ষির এক ঋষি, চন্দ্রের জনক। ইঁহার নেত্র হইতে চন্দ্র উৎপন্ন হন।

অত্রিজাত, (অত্রি—জাত=উৎপন্ন, যিনি অত্রি মুনির নেত্র হইতে উৎপন্ন হইয়াছেন, ৫মী—ষ) সং, পুং, চন্দ্র।

অত্বর, (অ+ত্বর=ত্বরা) বিং, ত্রিং, ত্বরা করেন না, সমীক্ষ্যকারী। কার্য্যক্ষম।

অথ, অথো (অর্থ্=যাচ্ঞা করা+অ, ও —প্রং। র্—লোপ) অং, অনন্তর। মঙ্গল। সংশয়। প্রশ্ন। সমুচ্চয়। চিহ্ন। এক্ষণে। অতএব। আরম্ভ। বিকল্প। পক্ষান্তরে, যদি।

অথকিং,(অথ=সংশয়,কিং=কি। ইহাতে সংশয় কি, তাই বটে) অং, স্বীকার, হাঁ

অথবা, (অথ=সংশয়, বা=বিকল্প) অং কিম্বা, পক্ষান্তর।

অথর্ব্ব, (অথর্ব্বন্, অথ মঙ্গল—ঋ গমন করা+বন্—প্রং। যে মঙ্গলে গমন করে, অথবা অথর্ব্ব মুনিবিশেষ নিপাতন) সং, ক্লীং, চতুর্থ বেদ ক্ষথ। "অথর্ব্বনাম্না মুনিনা প্রোক্তো বেদঃ অথর্ব্বা" শ্রুতি। মন্ত্রবিশেষ। [শিব।

অথর্ব্বণ, (অথর্ব্ব+ণ—প্রং) সং, পুং,

অথর্ব্বণি, (অথর্ব্ব+ণি—প্রং) সং, পুং, অথর্ব্ববেদজ্ঞ-ব্রাহ্মণ।

অথর্ব্ববিদ্, (অথর্ব্ব—বিদ্ জানা+ক্বিপ্) সং, পুং, অথর্ব্ববেদজ্ঞ-ব্রাহ্মণ।

অথর্ব্বভৃত, (বহুবচনান্ত) সং, পুং, দ্বাদশ মহর্ষিদিগের নাম (ধর্ম্ম, দক্ষ, মারীচি, অত্রি, পুলস্ত্য, পুলহ, ক্রতু, বশিষ্ঠ, গৌতম, ভৃগু, অঙ্গিরা ও মনু।

অদত্তা, (অ—দত্ত দেওয়া হইয়াছে পরিণয়ার্থে যাহাকে দেওয়া হয় নাই) সং, স্ত্রীং, অবিবাহিতা।

অদন, (অদ্ ভোজন করা+অন—ভা, র্ম্ম) সং, ক্লীং, ভক্ষণ। ভক্ষ্যবস্তু।

অদভ্র, (অ—দভ্র=অল্প। যাহা অল্প নহে) বিং, ত্রিং, প্রচুর, অধিক, বহু।

অদর্শন, (অ—দর্শন=দৃষ্টি) সং, ক্লীং, দর্শনাভাব। বিনাশ।

অদস্, সর্ব্বং, ত্রিং, উনি। উহা। (অ—দস্ উৎক্ষেপণ করা+ক্বিপ্—প্রং) ত্রিং, অক্ষ, অপুরোবর্ত্তী, যাহাকে অঙ্গুলি দ্বারা নির্দ্দেশ করিতে পারা যায় না। পরোক্ষ।

অদিতি, (অ—দা দানকরা+ইতি—সংজ্ঞার্থে। যিনি বেদনা দেন না) সং, স্ত্রীং, দক্ষপ্রজাপতির কন্যা, কশ্যপ মুনির পত্নী, দেবতাদিগের মাতা।

অদিতিজ,(অদিতি—জ জাত,৫মী—হিং) সং, পুং, অদিতি হইতে জাত, দেবতা

অদীন, (অ—দীন=কাতর) বিং, ত্রিং, অকাতর। [ত্রিং,দৃষ্টিরহিত,জ্ঞানশূন্য,অন্ধ

অদৃক্, (অদৃশ্, অ—দৃশ্=চক্ষুঃ) বিং,

অদৃষ্ট, (অ—দৃশ্=দেখা+ত—ভা, র্ম্ম) সং, ক্লীং, ভাগ্য। ধর্ম্মাধর্ম্ম, পাপ-

পুণ্য। 'ধর্ম্মাধর্ম্মাবদৃষ্টংস্যাৎ' ইতি (ভাঃ পঃ) বিং, ত্রিং, অনীক্ষিত, যাহা দেখা যায়না।

অ-দৃষ্ট-চর } বিং, ত্রিং, যাহা পূর্ব্বে
অদৃষ্ট-পূর্ব্ব } কখন দৃষ্ট হয় নাই।

অদৃষ্টিকা, সং, স্ত্রীং, রাগব্যঞ্জক দৃষ্টি।

অদেশ, (অ+দেশ স্থান) সং, পুং, অস্থান, মন্দস্থান, স্পর্শ করিবার অযোগ্য স্থান যথা "স্ত্রিয়ম্ স্পৃশেদদেশে—" মনু।

অদ্ধা, (অৎ=সতত গমন করা—ধা ধারণ করা+ক্বিপ—প্রং) অং, সত্য, যথার্থ।

অদ্ভুত, (অত্=আশ্চর্য্যজনক অব্যয়—ভূ=হওয়া+উত—প্রং) বিং, ত্রিং, বিস্ময়জনক, আকস্মিক। সং, ক্লীং, বিস্ময়, আশ্চর্য্য।

অদ্মর, (অদ=ভোজনকরা+মর—শীলাদ্যর্থে) বিং, ত্রিং, ভোজনপ্রিয়, পেটুক।

অদ্য, (ইদম্=এই+দ্য—দিবার্থে) অং, বর্ত্তমান দিনে, আজি, এক্ষণে।

অদ্যকার, (অদ্য+কার—ভবার্থে) বিং, অদ্যতন, এই দিনের।

অদ্যতন, (অদ্য+তন—ভবার্থে) বিং, ত্রিং, অদ্য যাহা হইয়াছে, অদ্যকার।

অদ্যশ্বীন, (অদ্য+শ্ব=কল্য, যাহা অদ্য কিম্বা কল্য ঘটিবে) বিং, ত্রিং, চরমোপনত। (না) স্ত্রীং, আসন্ন প্রসবা।

অদ্যাপি, (অদ্য—অপি=ও) অং, আজিও, অদ্য পর্য্যন্ত, যথা "অদ্যাপি তাং কনকদামগৌরীং" চৌরপঞ্চাশিকা।

অদ্যাবধি, (অদ্য—অবধি) অং, আজ অবধি।

অদ্রব্য, (অ+দ্রব্য=বস্তু) মন্দদ্রব্য; যথা "না দ্রব্যে নিহিতা কাচিৎ ক্রিয়া ফলবতী ভবেৎ" হিতোপদেশ।

অদ্রি, (অ—দ্রি[দ্রা=পলায়নকরা+ই—সংজ্ঞার্থে যে পলায়ন করে] যে পলায়ন করে না, কিম্বা অদ=ভোজন করা+রিঞ, সংজ্ঞার্থে) সং, পুং, পর্ব্বত, বৃক্ষ, সূর্য্য, পরিমাণবিশেষ।

অদ্রিকীলা, (অদ্রি=পর্ব্বত—কীল=শঙ্কু, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং পৃথিবী, ভূমি।

অদ্রিজ, (অদ্রি পর্ব্বত—জ যে জন্মে, ৭মী—হিং) বিং, ত্রিং, পর্ব্বতজাত পদার্থ, পার্ব্বতীয়। সং, ক্লীং, শিলাজতু, গিরিমাটী। জা—স্ত্রীং, পার্ব্বতী, দুর্গা। [সং, পুং, ইন্দ্র।

অদ্রিভিদ্, (অদ্রি—ভিদ্ যে ভেদ করে)

অদ্রিরাট্, অদ্রিরাজ, (অদ্রিরাজ্, অদ্রিরাজ্, রাজ=রাজা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, গিরিরাজ, হিমালয় পর্ব্বত।

অদ্রীশ, (অদ্রি—ঈশ পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শিব। হিমালয় পর্ব্বত।

অদ্রোহ, (অ+দ্রোহ=অত্যাচার) সং, পুং, সদ্ব্যবহার, অহিংসা যথা "অদ্রোহঃ সর্ব্বভূতেষু কর্ম্মণা মনসা গিরা" ইতি সাবিত্র্যুপাখ্যান।

অদ্বয়, (অ—দ্বয়, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, ব্রহ্ম। পুং, বৌদ্ধ। বিং, ত্রিং, দ্বয়-শূন্য, দ্বিতীয়-রহিত। অদ্বিতীয়।

অদ্বয়বাদী, (অদ্বয়বাদিন্, অদ্বয়=অদ্বিতীয়—বাদী যে বলে। যাঁহারা অদ্বিতীয় অর্থাৎ একমাত্র ঈশ্বর স্বীকার করেন, ২য়া—ষ) সং, পুং, বৌদ্ধ। বিং, ত্রিং, অদ্বৈতবাদী।

অদ্বিতীয়, (অ—দ্বিতীয়, যাহার দ্বিতীয় নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, দ্বিতীয়রহিত, অতুল্য। সং, ক্লীং, ব্রহ্ম।

অদ্বৈত, (অ—দ্বৈত, দ্বিতীয়ত্ব, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, ব্রহ্ম। বিং, ত্রিং, দ্বৈতরহিত। যথা অদ্বৈতং সুখদুঃখয়োরনুগুণং সর্ব্বাস্ববস্থাসু যৎ" উত্তরচরিত।

অদ্বৈতবাদী, (অদ্বৈত Unity, বাদী যে বলে) সং, পুং, A unitarian, অদ্বয়বাদী।

অধঃ, (অধস্, অধর+অস্—প্রং। র—লোপ) অং, অধোভাগে, নিম্নে।

অধম, (অব্ রক্ষাকরা+অম—প্রং। ব=ধ। কিম্বা অধস্+ম—স্বিতার্থে।

স্‌—লোপ। যে নিম্নে থাকে) বিং, ত্রিং, অপকৃষ্ট, নীচ, নিন্দিত।

অধমর্ণ, (অধম—ঋণ। অপচয় হেতু যাহার ঋণ অধম, ৬ষ্ঠী—হিং) বি ত্রিং, ঋণী, ঋণগ্রস্ত, খাতক, দেনা দার। [পাদ, চরণ

অধমাঙ্গ, (অধম—অঙ্গ, য়ং—স) সং, ক্লী

অধর, (অ—ধর যে ধরে। যে স্বর ধরিতে পারে না) সং, পুং, নীচের ঠোঁট। নিম্নোষ্ঠ। যথা "পিবসি রতিসর্ব্বস্বমধরং" শকুন্তলা। বিং, ত্রিং, নীচ, অধম, নিম্ন

অধরতস্, (অধর+তস্) } অং নীচে, নিম্নে।
অধরাৎ, (অধর+আৎ) }

অধরেণ, (অধর+এন)

অধরামৃত, (অধর+অমৃত) সং, ক্লীং, অধরসুধা, অধর-রস।

অধরীকৃত, (অধর+কৃ+ক্ত) বিং, ত্রিং, হীনীকৃত, পরাজিত, যথা "অধরীকৃতা খলু গুণৈরুদ্যানলতা বনলতাভিঃ" শকুন্তলা।

অধরোষ্ঠ, (অধর নিম্ন+ওষ্ঠ) সং, পুং ঠোঁট, অধর; যথা "পক্কবিম্বাধরোষ্ঠীং" মেঘদূত।

অধর্ম্ম, (অ—ধর্ম্ম) সং, পুং, পাপ, দুষ্কৃত, ধর্ম্ম-বিরুদ্ধ। বিং, ত্রিং, পুণ্যবিরহিত।

অধশ্চর, (অধস্ অধোভাগে, নীচে—চর যে গমন করে) বিং, ত্রিং, অধোগামী। সং, পুং, চোর, চৌর।

অধশ্চোর, (অধস্—চোর+অ—স্বার্থে) সং, পুং, নীচ চোর, সিঁদাল চোর।

অধস্তন, (অধস্+তন—ভবার্থে) বিং, ত্রিং, অধঃস্থ, নিম্নগত।

অধস্তাৎ, (অধর বা অধস্+অস্তাৎ বা তাৎ—প্রং) অং, অধোভাগে, নিম্নে, পশ্চাৎ। [পাপিষ্ঠ।

অধার্ম্মিক, (অ—ধার্ম্মিক) বিং, ত্রিং,

অধি, (আ—ধা ধারণ করা+কি—প্রং। আ=অ) উপং, উপরি, আধিক্য, প্রাধান্য, অধিকার, ঐশ্বর্য্য, অতিক্রম।

অধিক, (অধি আধিক্য—ক [কৈ=শব্দ-করা+অ—ক] যে শব্দ করে। যে আধিক্য কহে, ২য়া—ষ) বিং, ত্রিং, অতিরিক্ত, অনেক, বলবান্, অত্যুত্তম। যথা "ইয়মধিক মনোজ্ঞা বল্কলেনাপি তন্বী" শকুন্তলা। সং, ক্লীং, অর্থালঙ্কার-বিশেষ, আধার ও আধেয়, উভয়ের মধ্যে যেখানে একের আধিক্য বর্ণিত হয়।

অধিকন্তু, (অধিকং, অধিক—তু=ও) অং, আরো, অপর।

অধিকরণ, (অধি উপরি—কৃ করা+অন—ধি। যাহার উপর করা যায়, সং, ক্লীং, কারকবিশেষ; সামীপ্য একদেশ সম্বন্ধ, বিষয়, ব্যাপ্তি—এ চতুর্ব্বিধ আধার। আধার, পাত্র মীমাংসা গ্রন্থ বিশেষ। বিচারালয় আদালত।

অধিকরণমণ্ডপ, (অধিকরণ+মণ্ডপ স্থান সং, পুং, বিচারস্থান, যথা "অধিকর মণ্ডপস্য মার্গমাদেশয়" মৃচ্ছকটিক।

অধিকরণিক, সং, পুং, বিচারপতি জ যথা "অহো ব্যবহারপরাধীনত দুষ্করং খলু পরচিত্তগ্রহণমধিকরণিকৈ মৃচ্ছকটিক।

অধিকর্ম্মিক, (অধিকর্ম্মণ্+ইক—প্র সং, পুং, হাটের তত্ত্বাবধারক বা দারগ

অধিকার, অধীকার, (অধি উপরি— করা+ঘঞ্—ভা) সং, পুং, স্বামি স্বত্ব, উদ্দেশ, আরম্ভ। বশীভূত স্থানা আয়ত্ততা, পদ। রাজাদের ছত্র চামর ধারণ। স্বীকার। নিয়োগ। প্রক পূর্ব্বসূত্রস্থ পদের পর সূত্রে উপস্থিতি

অধিকারী, (অধিকারিন্, অধিকার ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, স্বামী, বান্, দখলিকার।

অধিকৃত, (অধি+কৃ+ত—ক, র্ম) ত্রিং, অধ্যক্ষ, অধিকারী। রক্ষণে নিযু উচ্ছিষ্ট, 'নগরাধিকৃতানাঞ্চ গৃহাণি নাং তথা' ইতি মহাভারতং। "অ

ইত্যধিকৃতেন ময়া গৃহীতা যা বেত্রযষ্টিরবরোধগৃহেষু রাজ্ঞঃ" ॥ শকুন্তলা। যাহা অধিকার করা হইয়াছে।

অধক্ষিপ্ত, (অধি+ক্ষিপ+ত-র্ম্ম) বিং, ত্রিং, তিরস্কৃত, প্রেরিত। স্থাপিত, নিক্ষিপ্ত।

অধিক্ষেপ, (অধি-ক্ষিপ্ [ক্ষেপণ করা] নিন্দা করা+অ—ভা) সং, পুং, তিরস্কার। নিন্দা।

অধিগত, (অধি, গম+ত—ক, র্ভা) বিং, ত্রিং. জ্ঞাত, স্বীকৃত। প্রাপ্ত। যথা "অধিগতং বিধিবদ্ যদপালয়ৎ" ইতি রঘুবংশ।

অধিগম, (অধি—গম্ [গমন করা] পাওয়া, জানা+অ—ভা) সং, পুং, প্রাপ্তি, লাভ, স্বীকার। জ্ঞান।

অধিগম্য, (অধি+গম+য—র্ম্ম) বিং, ত্রিং, প্রাপ্য। জ্ঞেয়। যথা "অধৃষ্যশ্চাধিগম্যশ্চ যাদোরত্নৈরিবার্ণবঃ" ইতি রঘুবংশ।

অধিগুণ, (অধি+গুণ ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, গুণশালী, যথা "যাচ্ঞা মোঘা বরমধিগুণে নাধমে লব্ধকামা" মেঘদূত।

অধিজ্য, (অধি—জ্যা ধনুকের ছিলা। জ্যাকে অধিকার করিয়া যে থাকে, ব্যং—স) সং, ক্লীং, জ্যাযুক্ত ধনুক, ছিলাপরান ধনুক যথা "অস্যাধিজ্যে ধনুষি বিজয়ং পৌরুহূতেচ বজ্রে" শকুন্তলা। 'অধিজ্যধন্বা বিচারদারম্' রঘুবংশ

অধিত্যকা, (Table land, অধি উপরি+ত্যক—ভবার্থে। যে উপরি হয়) সং, স্ত্রীং, পর্ব্বতের উপরিস্থ ভূমি।

অধিদেব—পুং, অধিদেবতা—স্ত্রীং অধিদৈবত—ক্লীং } (অধি প্রধান—দেব, দেবতা, দৈবত) সূর্য্যমণ্ডল। অধিষ্ঠাত্রী দেবতা। "সাধিদৈবতইব শকুন্তলয়া" শকুন্তলা। অন্তর্য্যামী পুরুষ।

অধিপ, (অধি—পা+ড) সং, পুং, রাজা, প্রভু, অধিকারী।

অধিপতি অধিভূ } (অধি+পা+ডতি, অধি+ভূ+কিপ্) সং, পুং, স্বামী, প্রভু, রাজা।

অধিভূত, (অধি উপরি—ভূত ক্ষিত্যাদি) যাহা বিনশ্বর দেহাদি পদার্থভূত সকলকে অধিকার করিয়া থাকে। সং, ক্লীং, যাহা চক্ষুগোচর স্থূল স্থূল পদার্থের উৎপত্তির কারণ।

অধিমাংসক, (অধিমাংস+কন্) সং, পুং, দন্তরোগ বিশেষ। [পুং, মলমাস।

অধিমাস, (অধি অধিক—মাস) সং,

অধিযজ্ঞ, (অধি—যজ্ঞ, বাসুদেবার্জ্জুনসংবাদে কথিত আছে কৃষ্ণ নিজ দৃশ্যমান শরীরে যজ্ঞের অধিষ্ঠাত্রী দেবতা রূপে বাস করেন এবং এই জন্যই তাঁহাকে অধিযজ্ঞ কহে) সং, পুং, কৃষ্ণ, যথা "অধিযজ্ঞোঽহমেবাত্রদেহে" ভগবৎগীতা।

অধিরথ, (অধি উপরি—রথ) সং, পুং, কর্ণের পিতা, ইনি সারথির কর্ম্ম করিতেন।

অধিরাজ, (অধি প্রধান—রাজন্ রাজা+ষ) সং, পুং, প্রধান রাজা, সম্রাট্। সার্ব্বভৌম। [আরূঢ়।

অধিরূঢ়, (অধি+রূহ+ক্ত) বিং, ত্রিং,

অধিরোপণ, (অধি+রুহ+ণিচ্+অন) সং, ক্লীং, আরোহণ করান, ধনুকে শর সংযোগ। [ক্লীং, আরোহণ। উঠা।

অধিরোহণ, (অধি+রুহ+অনট) সং,

অধিরোহণী, অধিরোহিণী, } (অধি উপরি—রুহ প্রাদুর্ভূত হওয়া+অন ইন—ণ+ঈপ্ যাহার দ্বারা উপরে উঠাযায়) সং, স্ত্রীং, কাষ্ঠ বংশ বা ইষ্টকাদি নির্ম্মিত সোপান, সিঁড়ী। [নাম, সংজ্ঞা।

অধিবচন, (অধি+বচন=কথা) সং, ক্লীং,

অধিবাস, (অধি+বস+ণিচ্+ঘঞ্) সং, পুং, নিবাস, প্রতিবেশী, গন্ধমাল্যধূপাদি কৃত সংস্কার, স্থাপন।

অধিবাসন, সং, ক্লীং, অবস্থান, গন্ধমাল্যাদি দ্বারা সংস্কার করণ। যজ্ঞারম্ভের পূর্ব্বে দেবতা স্থাপন।

অধিবাসিত, (অধি+বস+ণিচ্+ত—র্ম্ম) বিং, ত্রিং, গন্ধাদি দ্বারা কৃতসংস্কার। সুরভীকৃত।
অধিবাসী, (অধিবাসিন্, অধি—বাসী যে বাস করে) বিং, ত্রিং, যে সকল লোক বাস করে, নিবাসী লোক।
অধিবিদ্য, (অধি—বিদ্যা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অতিশয় বিদ্বান্।
অধিবিন্না, (অধি পূর্ব্বে—বিন্ন [বিদ্ লাভকরা+ত—র্ম্ম] যে লব্ধ হয়। যাহাকে পূর্ব্বে লাভ করা গিয়াছে) সং, স্ত্রীং, অনেকবার বিবাহিত পুরুষের প্রথমস্ত্রী। যথা "অধিবিন্নস্ত্রিয়ৈ দদ্যাদাধিবেদনিকং সমং" মিতাক্ষরা। অধ্যূঢ়া।
অধিবেদন, (অধি+বিদ+অন—ভা) সং, ক্লীং) পূর্ব্ব স্ত্রী জীবিত থাকিতে দ্বিতীয় বার বিবাহ করণ।
অধিশ্রয়ণ, (অধি—শ্রী [পাক করা] অন্নাদি চড়ান+অন—ধি। যাহাতে অন্নাদি পাক করা যায়) সং, ক্লীং, পাকার্থ চুল্লীর উপরি রন্ধন পাত্র স্থাপন, পাক করণ। (Focus, a point where rays of light meet.) আলোকের কিরণ সকল যে স্থানে একত্র মিলিত হয়। ণী—স্ত্রীং, চুল্লী, উনান।
অধিশ্রিত, (অধি—শ্রি+আশ্রয় করা+ত—র্ম্ম) বিং, স্ত্রীং, আশ্রিত, প্রাপ্ত,
অধিষ্ঠাতা, (অধিষ্ঠাতৃ, অধি—স্থা থাকা+তৃ+ক) বিং, ত্রিং, অবস্থিতিকারী, অধ্যক্ষ, শাস্তা, নিয়ন্তা। ত্রী—স্ত্রীং, স্থিতিকারিণী, আশ্রয়দাত্রী।
অধিষ্ঠান, (অধি—স্থা থাকা+অন—ভা ধি) সং, ক্লীং, সন্নিধান, স্থিতি, উপস্থিত হওয়া। নগর, অধিকরণ, প্রভাব, চক্র। অধ্যাসন।
অধীত, (অধি—ই—অধ্যয়ন করা+ক্ত) পঠিত, অভ্যস্ত। ক্লীং, অধ্যয়ন।
অধীতি, (অধি+ই+ক্তি—ভা) সং, স্ত্রীং, অধ্যয়ন। 'অধীতি বোধাচরণপ্রচারণৈর্দশাশ্চতস্রঃ প্রণয়ন্নুপাধিভিঃ' নৈষধ।
অধীতী, (অধীতিন্, অধীত+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ছাত্র, অধ্যয়নকারী। যাহার পাঠ সমাপ্তি হইয়াছে।
অধীন, (অধি=অধিগত—ইন=প্রভু। যে প্রভুর অধিগত অর্থাৎ আয়ত্ত হয়া—ষ) বিং, ত্রিং, বশীভূত, বাধ্য, আশ্রিত।
অধীর, (অ—ধীর=স্থির) বিং, ত্রিং, অস্থির, অসহিষ্ণু, ভীত, কাতর। রা—স্ত্রীং, বিদ্যুৎ। চঞ্চলা। নায়িকাবিশেষ।
অধীশ, অধীশ্বর, (অধি প্রধান—ঈশ, ঈশ্বর=প্রভু) সং, পুং, মহারাজ, প্রণতাশেষ-সামন্ত রাজা, চক্রবর্ত্তী, সম্রাট্, বিং ত্রিং, প্রভু।
অধুনা, (ইদম্, সপ্তম্যন্ত নিপাত) অং, সম্প্রতি, ইদানীং, এক্ষণে।
অধুনাতন, (অধুনা+তন—ভবার্থে) বিং, ত্রিং, আধুনিক, ইদানীন্তন।
অধৃতি, (অ+ধৃ+ক্তি) সং, স্ত্রীং, অধীরতা, ধৈর্য্যশূন্যতা। বিং, ত্রিং, যাহাদের ধৈর্য্য নাই, অসহিষ্ণু।
অধৃষ্ট, (অ—ধৃষ প্রগল্ভ হওয়া+ত—ক) বিং, ত্রিং, অপ্রগল্ভ, বিনীত, নিরহঙ্কার, লজ্জাশীল।
অধৃষ্য, (অ—ধৃষ্ পরাজয় করা+য—র্ম্ম) বিং, ত্রিং, অধর্ষণীয়, যাহাকে পরাভব করা যায় না; যাহার নিকটে যাওয়া যায় না। প্রগল্ভ, অজেয়, অনভিভবনীয়। ষ্যা—স্ত্রীং নদীবিশেষ।
অধৈর্য্য, (অধীর+ষ্ণ্য) সং, ক্লীং, ধৈর্য্যাভাব। বিং, ত্রিং, ধীরতাশূন্য, চঞ্চল।
অধোংশুক, (অধস্ নিম্ন—অংশুক বস্ত্র) সং, ক্লীং, পরিধেয় অধোবস্ত্র, ধুতি প্রভৃতি।
অধোক্ষজ, (অধস+অক্ষ=ইন্দ্রিয়+জন+ড) অক্ষজ অর্থাৎ ইন্দ্রিয়জ জ্ঞান যাহাতে অধোভূত হইয়াছে, অতীন্দ্রিয়, (অথবা) অধঃকৃত হইয়াছে ইন্দ্রিয় যৎকর্ত্তৃক=অধোক্ষজ=জিতেন্দ্রিয়) জিতে-

ন্দ্রিয়দিগের বিষয়ীভূত, প্রত্যক্ষ। অথবা অধঃপ্রদেশ যাঁহার ক্ষয় নাই যথা অধো ন ক্ষীয়তে জাতু যস্মাৎ তস্মাদধোক্ষজঃ (রঘু)। অতীন্দ্রিয়, বিষ্ণু।

অধোগতি, (অধস্+গতি=গমন) সং, স্ত্রীং, নিম্নাভিমুখগমন, অবনতি।

অধোঙ্গ, (অধস্+অঙ্গ) সং, ক্লীং গুহ্যদেশ।

অধোজিহ্বিকা, (অধস্—জিহ্বা+ক—অল্পার্থে) সং, স্ত্রীং, তালুমূলস্থ ক্ষুদ্র-জিহ্বা, আল্ জিভ্।

অধোভুবন, (অধস্, নিম্ন—ভুবন জগৎ, যং—স) সং, ক্লীং, পাতাল।

অধোমর্ম্ম. (অধোমর্ম্মন্, অধস্—মর্ম্ম. শরীরের সন্ধি স্থান) সং, ক্লীং, গুহ্যদ্বার।

অধোমুখ } (অধস্ নিম্ন—মুখ, বদন, অধোবদন } নিম্নে মুখ যাহার, ৬ষ্ঠী—হিং অথবা অধস্ অধঃকৃত—মুখ, তয়া—হিং। মধ্যপদলোপ) বিং, ত্রিং, নতমুখ। নক্ষত্রগণবিশেষ।

অধোবায়ু, (অধস্+বায়ু) সং, পুং, অপান-বায়ু, গুহ্যদেশস্থ বায়ু।

অধোলোক, (অধস্ নিম্ন—লোক জগৎ, যং সং, পুং। পাতাল।

অধোবিন্দু, (Nadir) গগনমণ্ডলের যে স্থান আমাদিগের পদতলের ঠিক অধো-দিকে স্থিত।

অধ্যক্ষ, (অধি+অক্ষ= ব্যাপা + অন যাহা ইন্দ্রিয়কে অধিকার করিয়া থাকে) বিং, ত্রিং, প্রত্যক্ষ, ইন্দ্রিয়গ্রাহ্য। পুং অর্থব্যয়াদি নিরীক্ষক প্রধান কর্ম্মচারী, অধিকৃত। সং, ক্লীং, প্রত্যক্ষ। [প্রণব।

অধ্যক্ষর, (অধি+অক্ষর) সং, ক্লীং, ওঙ্কার

অধ্যগ্নি, (অধি সমীপে—উপর অগ্নি, ব্যং—স) অং, অগ্নিসমীপে। সং, ক্লীং, বিবাহ কালে কন্যাকে দত্ত ধন।

অধ্যয়ন, (অধি—ইঙ্ পাঠ করা+অন—ভা) সং, ক্লী, পঠন, বেদপাঠ।

অধ্যর্দ্ধ (অধি অধিক—অর্দ্ধ) বিং, ত্রিং, সার্দ্ধ, অর্দ্ধবিশিষ্ট, ডেড়।

অধ্যবসায়, (অধি—অব—সো [নষ্ট করা] উৎসাহ করা+ঘঞ্—ভা) সং, পুং, দৃঢ় প্রযত্ন, অবিচ্ছিন্ন উৎসাহ। নিশ্চয়।

অধ্যশন (অধি+অশন ভোজন) সং, ক্লীং, অতি ভোজন, ভুক্ত দ্রব্যপরিপাক না হইতে হইতেই পুনরায় ভোজন।

অধ্যাত্ম, (অধি—আত্মন্। যাহা আত্মাকে অধিকার করিয়া বর্ত্তে, ব্যং—স) বিং, ক্লীং, পরমাত্মবিষয়ক, দেহসম্পর্কীয়। চিত্তবিষয়ক। পরমব্রহ্ম, স্বভাব।

অধ্যাত্মিক, (অধ্যাত্ম+ষ্ণিক) বিং, ত্রিং. অধ্যাত্ম বিদ্যা সম্বন্ধীয়।

অধ্যাপক, (অধধি+ই+ণি+ণক-ক) সং, পুং উপদেশক, শাস্ত্রাদি শিক্ষক, আচার্য্য, উপাধ্যায়, শিক্ষা গুরু।

অধ্যাপন—ক্লীং } (অধ্যাপি পড়ান+ অধ্যাপনা—স্ত্রীং } অন—ভা) সং অধ্যয়ন করান, শিক্ষাদান, পাঠনা।

অধ্যাপিত, (অধি—ইঙ—ণি+ক্ত) বিং, ত্রিং. শিক্ষিত।

অধ্যায়, (অধি—ইঞ্ পাঠ করা+অ—র্ম্ম। যাহা অধ্যয়ন করা যায়) সং, পুং, গ্রন্থের পরিচ্ছেদ, সর্গ, বর্গ, স্কন্ধ, অঙ্ক, উল্লাস, উচ্ছ্বাস, কাণ্ড, স্তবক, পটল, প্রকরণ, পাঠ, পর্ব্ব, আহ্নিক প্রভৃতি।

অধ্যারূঢ়, (অধি—আ-রুহ+ক্ত, বিং, ত্রিং, যে আরোহণ করিয়াছে। কৃতারোহণ। অধিক।

অধ্যারোপ, (অধি—আরোপ) সং, পুং আরোপ, এক বস্তুতে অন্য বস্তুর কল্পনা।

অধ্যারোহণ, (অধি—আরোহণ) সং, ক্লীং, আরোহণ, স্কন্ধারোহণ।

অধ্যাবাহনিক, (অধি—আবাহন+ইক—প্রং) সং, ক্লীং, স্বামিগৃহ গমন কালে পিতৃকুল হইতে প্রাপ্ত ধন।

অধ্যাস, (অধি—আস্ [উপবেশন করা] কল্পনা করা+অ—ভা) সং, পুং, আ-

রোপ, এক বস্তুতে অন্য বস্তুর-জ্ঞান। আসন। আধিপত্য। অধিষ্ঠান।
অধ্যাসন, (অধি—আস্ উপবেশন করা+ অন—ভা) সং, ক্লীং, অধিষ্ঠান, অধিরোহণ, উপবেশন।
অধ্যাসিত, (অধি+আস্ +ত—ধি) বিং, ত্রিং, বাস করা স্থান, ভূমি, গৃহ প্রভৃতি। অধিষ্ঠিত, বিং, ত্রিং, উপবিষ্ট, অধিষ্ঠিত। "বিবাহযজ্ঞে বিততেঽত্র যুয়মধ্বর্য্যবঃ পূর্ব্ববৃতা ময়েতি" ইতি কুমারসম্ভব।
অধ্যাসীন, (অধি+আস্+শান—ক) বিং, ত্রিং, উপদিষ্ট, অধিষ্ঠিত।
অধ্যাহরণ—ক্লীং } (অধি—আ—হৃ [হরণ
অধ্যাহার—পুং } করা] উহ্য করা+ অন, অ—ভা) সং, উহ্য করা, অসম্পূর্ণ বাক্যের পরিপূরণার্থ পদান্তর যোজনা। তর্ক।
অধ্যুষিত, (অধি—বস্ বাস করা + ত—ধি) বিং, ত্রিং, অধ্যাসিত, যে স্থানে বা যে দিকে বাস বা উপবেশন করা যায়। অধিষ্ঠিত, উপবিষ্ট। [রথ।
অধ্যুষ্ট্র (অধি—উষ্ট্র) সং, পুং, উষ্ট্রযুক্ত-
অধ্যূঢ় (অধি—ঊঢ় যাহা বহন করা হয়) বিং, ত্রিং, বৃদ্ধিশীল। সমৃদ্ধ। ঢ়া—সং স্ত্রীং অধিবিন্না স্ত্রী, যে স্ত্রীর পতি পুনর্ব্বার বিবাহ করে।
অধ্যেতা, (অধ্যেতৃ, অধি—ইঙ্=অধ্যয়ন করা+তৃন্—ক) বিং, ত্রিং, অধ্যয়ন কর্ত্তা, ছাত্র, শিষ্য, পাঠক।
অধ্যেষণ, (অধি—ইষ=ইচ্ছা করা+অন—ভা) সং, ক্লীং, ণা—স্ত্রীং, বিনয় পূর্ব্বক জিজ্ঞাসা। প্রার্থনা, সবিনয় প্রবর্ত্তন।
অধ্রুব, (অ—ধ্রুব=স্থির) বিং, ত্রিং, অনিত্য, অনিশ্চিত, চঞ্চল, অস্থির।
অধ্বন, (অদ+ক্বনিপ্—সংজ্ঞার্থে) দ্=ধ। যাহাতে গমন করা যায়) সং, পুং, পথ। সময়, পরাভব, আক্রমণ, অবয়ব। উপায়। বেদেশাখাবিশেষ।
অধ্বগ, (অধ্বন—গ [গম্ গমন করা+ ড—ক] যে গমন করে। যে পথে গমন করে, ২য়া—ষ) বিং ত্রিং, পথিক। সং, পুং, সূর্য্য। উষ্ট্র। গা—স্ত্রীং, গঙ্গা।
অধ্বনীন, } (অধ্বন্+গীন, খ—গাধ্বর্থে)
অধ্বন্য, } বিং, ত্রিং, পথিক, অতিথি, পর্য্যটনকারী। সূর্য্য।
অধ্বর, (অধ্বন=পথ—রা দান করা+ ড—ক। যে স্বর্গ পথ দান করে, ২য়া—ষ) সং, পুং যজ্ঞ। (অ+ধ্বৃ+অল্) অষ্টবসুর মধ্যে দ্বিতীয় বসু। সাবধান। মনোযোগী।
অধ্বরথ, (অধ্বন্=পথ—রথ) সং, পুং, পথজ্ঞদূত। পথ গমনোপযুক্ত রথ।
অধ্বর্য্যু, (অধ্বর+য, উ—প্রং। অ-লোপ কিম্বা অধ্বর—যু [যু যোগ করা+ কিপ্—ক] যে যোগ করে। যিনি অধ্বর যোগ করেন, ২য়া—ষ) সং, পুং, যজুর্ব্বেদজ্ঞ ব্রাহ্মণ। হোমকারী ঋত্বিক্। 'যদধ্যাষিতমর্হদ্ভিস্তদ্ধি তীর্থং প্রচক্ষতে' ইতি কুমারসম্ভব।
অধ্বশল্য (অধ্বন্—শল্য=শলাকা) সং, পুং অপামার্গ। আপাং গাছ।
অধ্বান্ত, (অ+ধ্বান্ত=অন্ধকার) সং, ক্লীং, স্বল্পান্ধকার। স্ত্রীং, কদলীবৃক্ষ।
অনংশুমৎফলা, (অংশুমৎফলা দেখ) সং,
অনক, (অন্ শব্দ করা+অ, ক-নিন্দার্থে) বিং, ত্রিং, অধম, নীচ। [পিতা।
অনকদুন্দুভ—ভি, সং, পুং, বসুদেবের
অনক্ষ, (অন্—অক্ষ অক্ষিশব্দজ) বিং, ত্রিং, চক্রশূন্য। ইন্দ্রিয়-রহিত। অন্ধ।
অনক্ষর, (অন্ কুৎসিত—অক্ষর বর্ণ। যাহাতে অশ্লীল বর্ণ আছে. ৭মী—হিং) সং, ক্লীং, অবক্তব্য। নিন্দা। বিং, ত্রিং, বর্ণজ্ঞান-হীন, মূর্খ।
অনগ্নি, (অন্—অগ্নি) বিং, ত্রিং, অগ্নিহীন, দাহকার্য্য-রহিত। শ্রুতি-স্মৃতি-সম্মত-কর্ম্মহীন।
অনঘ, (অন—অঘ=পাপ। যাহাতে পাপ নাই, ৭মী—হিং) বিং, ত্রিং, নির্ম্মল,

পবিত্র, নিষ্পাপ, দুঃখহীন। মনোজ্ঞ, যথা "অথগুং পুণ্যানাং ফলমিব চ তদ্রূপমনঘং" শকুন্তলা।

অনঙ্গ, (অন্—অঙ্গ শরীর। ৬ষ্ঠী—হিং) সং, পুং, মদন, কন্দর্প, কন্দর্প মহাদেবের নেত্রাগ্নি দ্বারা ভস্মীভূত হইয়া অনঙ্গ হইয়াছিলেন, ক্লীং, আকাশ। চিত্ত। বিং, ত্রিং, অঙ্গহীন।

অনঙ্গাসুহৃদ্, (অনঙ্গ=কামদেব—অসুহৃদ্ শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শিব।

অনচ্ছ, (অন্—অচ্ছ নির্ম্মল। যে নির্ম্মল নহে) বিং, ত্রিং, মলাযুক্ত, ঘোলা। অপরিষ্কৃত। আবিল। কলুষ।

অঞ্জন, (অন্—অন্জ্=গমন করা, মাখান+অন—ভা, ম্ম) বিং, ত্রিং. কজ্জ্বল শূন্য। দোষরহিত। সং ক্লীং আকাশ। [অভাব, অপ্রতুল।

অনটন, (অন—অটন=চলন) সং, ক্লীং,

অনডুহী, (অনডুহ বা অনড্বাহ+ঈ—পত্নী অর্থে) সং, স্ত্রীং, গবী।

অনড্বান, (অনড্বাহ, অনস্=শকট—বহ+বিণ যে বহন করে। যে শকট বহন করে, ২য়া—ষ) সং, পুং, বৃষ, বলদ।

অনদ্য, (অন্+অদ ভক্ষণ করা করা+য) সং, পুং, গৌর সর্ষপ, বিং, ত্রিং, অভক্ষ্য।

অনধিকারচর্চ্চা, (অন—অধিকার=স্বত্ব—চর্চ্চা=অনুশীলন) সং, স্ত্রীং, যাহার যে বিষয়ে অধিকার নাই, তাহাতে তাহার হস্তক্ষেপ করা, পরাধিকার চিন্তা।

অনধিগত, (অন—অধিগত=প্রাপ্ত) বিং, ত্রিং, অপ্রাপ্ত, অজ্ঞাত, অশিক্ষিত।

অনধ্যায়, (অন্—অধ্যায়=অধ্যয়ন) সং, পুং, অধ্যয়নাভাব, বেদাদি শাস্ত্রাধ্যয়নের নিষিদ্ধকাল। যে কালে অধ্যয়ন নাই।

অনন্ত, (অন্—অন্ত শেষ, বিনাশ। যাঁহার অন্ত নাই, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিষ্ণু। বলদেব। শেষনাগ। সর্পরাজ, মেঘ, সিন্ধুবার বৃক্ষ, (নিত্য বলিয়া ইহার বিনাশ নাই) ক্লীং, আকাশ। ব্রহ্ম। স্তা—স্ত্রীং, পৃথিবী। দুর্গা। হরিতকী। আমলকী। (বহুস্থান ব্যাপক বলিয়া ইহার অন্ত নাই) দূর্ব্বা। বিং, ত্রিং, অসীম। অক্ষয়, অন্তহীন। অনশ্বর।

অনন্তচতুর্দ্দশী, সং, স্ত্রীং, ভাদ্রশুক্ল চতুর্দ্দশী।

অনন্তমূল, (অনন্ত+মূল=গোড়া) সং পুং, বৃক্ষবিশেষ।

অনন্তর (অন্—অন্তর ব্যবধান, নঞ—ষ) সং ক্লীং, পশ্চাৎ। অব্যবধান। সমীপ। (যাহার ব্যবধান নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, পশ্চাদ্বর্ত্তী। নিকটবর্ত্তী, সন্নিহিত, অব্যবহিত।

অনন্তরকরণীয়, (অনন্তর পশ্চাৎ—করণীয় কর্ত্তব্য) বিং, ত্রিং, পশ্চাৎ কর্ত্তব্য, যাহা পরে করা উচিত।

অনন্তরজ, (অনন্তর—জ=জাত) বিং, ত্রিং, পশ্চাৎ-জাত, অনুজ। অব্যবহিত পরজাতীয়া স্ত্রীতে অনুলোমোৎপন্ন পুত্র

অনন্তবিজয়, (অনন্ত—বিজয়=জয়) সং, পুং, যুধিষ্ঠিরের শঙ্খ।

অনন্তব্রত, (অনন্ত—ব্রত=উপাসনা ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, ভাদ্রশুক্লা চতুর্দ্দশীতে কর্ত্তব্য স্বনাম প্রসিদ্ধ ব্রত।

অনন্তশীর্ষা, (অনন্তশীর্ষন্, অনন্ত=অসীম—শীর্ষন্=মস্তক) সং, পুং, বাসুকি। বিং, ত্রিং, অসীমমস্তক। স্ত্রীং, বাসুকিপত্নী

অনন্য, (অন্—অন্য। অন্য নহে নঞ—ষ) বিং, ত্রিং, অদ্বিতীয়। একমাত্র। অভিন্ন।

অনন্যগতিক, (অন্—অন্যগতি। যাহার অন্যগতি নাই, ৬ষ্ঠী—হিং। ক—স্বার্থে বিং, ত্রিং, গত্যন্তর-রহিত, একাশ্রয়

অনন্যজ, (অন্—অন্য—জ যে জন্মে যিনি কেবল মাত্র মনে জন্মান। মনসিজ। কিম্বা অনন্য অর্থাৎ কেবলাত্মা পুরুষ হইতে যিনি উৎপন্ন হন, বিষ্ণুপুত্র, কন্দর্প।

অনন্যপূর্ব্বা, (অন+অন্য+পূর্ব্ব+আ)

সং, স্ত্রীং, অনন্যোপভুক্ত, যাহার পূর্ব্বে আর বিবাহ হয় নাই। তৎপ্রথম পতিকা-স্ত্রী।

অনন্যবৃত্তি, (অন্—অন্য—বৃত্তি=স্থিতি, প্রবৃত্তি। যাহার অনন্যা একমাত্র বৃত্তি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, একমাত্র বৃত্তি। একাগ্র, একাগ্রচিত্ত।

অনন্বয়, (অন্—অন্বয়) অর্থালঙ্কার বিশেষ, যেথানে এক বস্তুতেই উপমান ও উপমেয় উভয় ধর্ম্ম আরোপিত হয়। যথা "রাজীবমিব রাজীবং জলম্ জলমিবাজনি"। বিং, ত্রিং, অন্বয়শূন্য।

অনপত্যতা, (অন্—অপত্য সন্তান সন্ততি+তা—ভাবে) সং, স্ত্রীং, অপত্যরাহিত্য, সন্তানাভাব। অপুত্রতা।

অনপরাধী, (অনপরাধিন্, অন্—অপরাধী=দোষী) বিং, ত্রিং, নিরপরাধ, নির্দ্দোষ।

অনপায়ী, (অনপায়িন্, অন্—অপায়+ইন বিনাশী। যে বিনাশী নহে) বিং, ত্রিং, অপায়-রহিত, অবিনাশী। নিশ্চল।

অনপেত, (অন্+অপেত) বিং, ত্রিং, অচল, অবিচলিত, স্থির।

অনভিজাত, (অন্—অভিজাত=কুলীন) বিং, ত্রিং, অকুলীন, যে ব্যক্তি ভদ্রবংশোদ্ভব নহে।

অনভিজ্ঞ, (অন্—অভি+জ্ঞ+ড) বিং, ত্রিং, অজ্ঞ, মূর্খ।

অনভিমত, (অন্— অভি + মন+ত সম্মত) বিং, ত্রিং, অসম্মত, অনভিপ্রেত

অনভ্যাবৃত্তি, (অন্+অভ্যাবৃত্তি=বার স্বার) সং, স্ত্রীং, সকৃৎ, একবার।

অনম, (অ—নম যে নত হয়। যে নত হয় না) সং, পুং, ব্রাহ্মণ।

অনম্বর, (অন্—অম্বর) বিং, ত্রিং, অম্বররহিত,দিগম্বর। পুং, বৌদ্ধ-বিশেষ।

অনয়, (অ + নয় = নীতি) সং, পুং, দুর্নীতি। (অন্ + অয়=সৌভাগ্য) দুর্দ্দৈব, বিপদ, ব্যসন।

ত্রিং, নীতিশূন্য।

অনর্গল, (অন্—অর্গল=খিল,প্রতিবন্ধক। যাহার প্রতিবন্ধক নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অপ্রতিবন্ধ। স্বেচ্ছাচারী। অর্গলহীন। অবাধ। উদ্দাম।

অনর্ঘ, (অন্+অর্ঘ=মূল্য) বিং, ত্রিং, অমূল্য, দুর্লভ।

অনর্থ, (অন্+অর্থ=প্রয়োজন) সং, পুং. অনিষ্ট, বিং, ত্রিং, (যাহার অর্থ নাই) অর্থশূন্য, অভিধেয় শূন্য।

অনর্থক, (অন্+অর্থ+ক—৭মী—হিং) বিং, ত্রিং, ব্যর্থ, নিষ্ফল। সং, ক্লীং, অসম্বদ্ধ প্রলাপ।

অনর্হ, (অন্+অর্হ=যোগ্য) বিং, ত্রিং, অনুপযুক্ত, অযোগ্য।

অনল, (অন্=বাঁচা+অল—সংজ্ঞার্থে, কিম্বা অ—নল[নল্=বন্ধন করা+অ—ভা] বন্ধন। যাহার বন্ধন নাই অথবা অন্—অল, পর্য্যাপ্ত, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অগ্নি,বসুদেব, ৬ষ্ঠ বসু। রাংচিতা।

অনলপ্রিয়া, (অনল+প্রিয়া=স্ত্রী) সং, স্ত্রীং, অগ্নির স্ত্রী, স্বাহা, স্বধা।

অনল্প (অন্—অল্প। যাহা অল্প নয়, বিং, ত্রিং, অধিক। [পরিশুদ্ধ, অমিশ্রিত।

অনবগীত, (অন্+অবগীত) বিং, ত্রিং

অনবদ্য, (অন্—অবদ্য [অ—বদ্=বলা +য—নিন্দার্থে] নিন্দনীয়। যাহা নিন্দনীয় নহে) বিং, ত্রিং, নির্দ্দোষ, অনিন্দনীয়। হৃদয়গ্রাহী।

অনবধান, (অন্—অবধান=মনোযোগ) সং, ক্লীং, অমনোযোগ। (যাহার অবধান নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অমনোযোগী।

অনবধানতা, (অনবধান+তা—ভাবে) সং, স্ত্রীং, অমনোযোগ।

অনবমামনীয়, (অন—অব=বিপরীত—মন্=পূজা করা+অনীয়—র্ম্ম) বিং,ত্রিং, অনবজ্ঞেয়,অবজ্ঞার অযোগ্য, পূজনীয়।

অনবরত, (অন্—অবরত [অব—রম্

(ক্রীড়া করা) বিশ্রাম করা+ত—ভা] বিরাম। যাহাতে বিরাম নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নিরন্তর, সর্ব্বদা, অবিরত।

অনবলম্ব— পুং } (অন্—অবলম্বন
অনবলম্বন—ক্লীং } আশ্রয়) সং, অবলম্বন-রহিত, নিরাশ্রয়, অশরণ, গতিহীন

অনবলোভন, (অন্—অব—লুভ্ লাভাকাঙ্ক্ষী হওয়া+অন—ভা) সং, ক্লীং, সীমন্তোন্নয়নানন্তর চতুর্থমাস-কর্ত্তব্য গর্ভসংস্কার।

অনবস্কর, (অন্—অবস্কর=ময়লা) বিং, ত্রিং, নির্ম্মল, পরিষ্কৃত। শোধিত।

অনবস্থা, (অন্—অবস্থা) সং, স্ত্রীং, অব্যবস্থাভাব। আবিশ্রান্তি, উপপাদ্য ও উপপাদকের অবিশ্রান্তিরূপ তর্কদোষ বিশেষ।

অনবস্থিত (অন্—অবস্থিত=স্থির) বিং, ত্রিং, অস্থির, চঞ্চল, অব্যবস্থিত।

অনবহিত, (অন্—অবহিত=অবধান-যুক্ত) বিং, ত্রিং, অমনোযোগী প্রমত্ত।

অনশন, (অন্—অশন=ভোজন) সং, ক্লীং, অভোজন, উপবাস। প্রায়োপবেশন। বিং, ত্রিং, ভোজন-শূন্য।

অনশ্বর, (অ—নশ্বর=নাশশীল) বিং, ত্রিং, অক্ষয়, অবিনশ্বর। সনাতন, নিত্য।

অনস্, (অন্=বাঁচা+অস্—সংজ্ঞার্থে। ইহার দ্বারা বাঁচে, যেহেতু ইহা জীবিকোপায়) সং, ক্লীং, শকট, রথ। অন্ন। জননী। জীবন। জন্ম। শ্বাস।

অনসূয়া, (অন্—অসূয়া, ৬ষ্ঠী—হিং+নঞ—ষ) সং, স্ত্রীং, অত্রিপত্নী। শকুন্তলা-সখী। অসূয়াভাব। "ন গুণান্ গুণিনো হন্তি স্তৌতি মন্দগুণানপি। নান্যদোষেষু রমতে সানসূয়া প্রকীর্ত্তিতা" (একাদশীতত্ত্ব)।

অনাকর্ণনীয়, (অন্ — আকর্ণনীয় = শ্রোতব্য) বিং, ত্রিং, অশ্রোতব্য।

অনাকুল, (অন্—আকুল) বিং, ত্রিং, অব্যগ্র, স্থির। অসঙ্কীর্ণ। একাগ্র।

অনাগত, (অন্-আগত=উপস্থিত) বিং, ত্রিং, অনুপস্থিত। ভবিষ্যৎ, ভাবী।

অনাগতবিধাতা, (অনাগত=ভবিষ্যৎ+বিধাতৃ—৬ষ্ঠী) সং, পুং, পরিণামদর্শী, সমীক্ষ্যকারী।

অনাগতার্ত্তবা, (অন্—আগত=উপস্থিত — আর্ত্তব=স্ত্রীরজঃ, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, কুমারী, যে কন্যা ঋতুমতী হয় নাই।

অনাগস, (অন্+আগস্=দোষ ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নিষ্পাপ, ধার্ম্মিক।

অনাঘ্রাত, (অন্+আঘ্রাত) অগৃহীত-সৌরভ, অনুপভুক্ত যথা'অনাঘ্রাতং পুষ্পং কিশলয় মলূনং কররুহৈঃ' শকুন্তলা।

অনাচার, (অন্—আচার আচরণ) সং পুং, কদাচার। শাস্ত্রবিরোধি কার্য্যানুষ্ঠান। বিং, ত্রিং, আচরণহীন।

অনাটন, (অন্—অটন=চলন) সং, অকুলান, অপ্রতুল, অভাব।

অনাড়ি, (দেশজ) বিং, অনভিজ্ঞ, জড়, নির্ব্বোধ। [পুং, রৌদ্রাভাব, ছায়া।

অনাতপ, (অন্—আতপ=রৌদ্র) সং,

অনাথ, (অ—নাথ=প্রভু। যাহার প্রভু নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অস্বামিক, সহায়হীন, নিরাশ্রয়। স্ত্রীং অসহায়া, বিধবা।

অনাথ-নিবাস (Orphan-assylum) সং, পুং, পিতৃমাতৃহীন বালকদের আশ্রয়স্থান

অনাদর, (অন্—আদর) সং, পুং, অযত্ন, অবজ্ঞা, অসম্মান। অপমান।

অনাদি, (অন্—আদি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, আদি-রহিত, উৎপত্তি-রহিত। স্বয়ম্ভু। [ক্লীং, আরোগ্য, স্বাস্থ্য।

অনাময়, (অন্—আময়=রোগ) সং,

অনামা, (অ—নামন্ ডাপ } সং, স্ত্রীং,
অনামিকা, (অনামা—ক) }
কনিষ্ঠার নিকটস্থ অঙ্গুলি।

অনায়ত, (অন্—আয়ত) বিং, ত্রিং

অবিস্তৃত, যাহা দীর্ঘ নহে। অনিয়ন্ত্রিত।
অনায়ত্ত, (অন্—আয়ত্ত=অধীন) বিং, ত্রিং, অবশীভূত, অবাধ্য।
অনায়ত্তবৃত্তিতা, (অনায়ত্ত+বৃত্তি+তা) স্বাধীনতা, স্বেচ্ছাচরিতা। যথা "এতাবজ্জন্মসাফল্যং যদনায়ত্তবৃত্তিতা" হিতোপদেশ।
অনায়াস, (অন্=না, অল্প — আয়াস=ক্লেশ, অথবা অন্—আয়াস=ক্লেশ) সং, পুং, অক্লেশ। আল্পায়াস, অল্পপরিশ্রম। "শরীরং পীড়্যতে যেন সুশুভেনাপি কর্ম্মণা। অত্যন্তং তন্নকুর্ব্বীত অনায়াসঃ স উচ্যতে" বৃহস্পতি।
অনারত, (অন্—আরত [আ—রম্ (ক্রীড়া করা) আরাম করা+ত—ভা] বিশ্রাম। যাহাতে বিশ্রাম নাই) বিং, ত্রিং, নিরন্তর, অবিশ্রান্ত। অবিরত।
অনার্জ্জব, (অন্—আর্জ্জব=ঋজুতা) সং, পুং, কপটতা, সরলতা-রাহিত্য। (৬ষ্ঠী—হিং) রোগ। বিং, ত্রিং, কুটিল।
অনার্ত্তবা, (অন্—আর্ত্তব=স্ত্রীরজঃ) সং, স্ত্রীং, অস্নাত-রজস্কা।
অনার্য্য, (অন্—আর্য্য=মান্য) বিং, ত্রিং, অভদ্র, অসাধু। অপ্রধান। সৎকুলজাত নয়। হীন, অধম যথা "অনার্য্যঃ খলু পরদারপৃচ্ছাব্যাপারঃ" শকুন্তলা।
অনার্য্যক, সং, ক্লীং, অগুরুকাষ্ঠ।
অনার্য্যতিক্ত, সং, পুং, চিরাতা।
অনাবিদ্ধ, (অন্+আবিদ্ধ) বিং, ত্রিং, অপরিক্ষত, বেধনত্বাদিদোষরহিত যথা "অনাবিদ্ধং রত্নং মধুনবমনাস্বাদিতরসং" শকুন্তলা।
অনাবিল, (অন্—আবিল=ঘোলা। ঘোলা নয়) বিং, ত্রিং, নির্ম্মল, অকলুষ, অসন্দিগ্ধ।
অনাবিষ্ট, (অন্—আবিষ্ট মনোযোগী) বিং, ত্রিং, অমনোযোগী।
অনাবৃত্ত, (অন্—আবৃত্ত আচ্ছাদিত) বিং, ত্রিং, অনাচ্ছাদিত, খোলা।
অনাবৃত্তি, (অন্—আবৃত্তি) সং, স্ত্রীং, অপুনরাগমন। অনভ্যাস।
অনাবৃষ্টি, (অন্—আ—বৃষ্টি=বর্ষণ) সং, স্ত্রীং, বর্ষণাভাব, বৃষ্টি না হওয়া।
অনাশ্বস্, (অন্+আশ্বস্) বিং, ত্রিং, অনাহারী, উপবাসী, অনশন।
অনাসন্ন, (অন্—আসন্ন=নিকটবর্ত্তী) বিং, ত্রিং, দূরবর্ত্তী, আসন্ন নয়।
অনাস্থা, (অন্—আস্থা=আদর) সং, স্ত্রীং, অনাদর, অযত্ন।
অনাহত, (অন্—আহত=আঘাতিত। যে আহত নহে) সং, ক্লীং, অধৌত নববস্ত্র। তন্ত্রোক্ত দ্বাদশ-দল পদ্ম। বিং, ত্রিং, নূতন। অক্ষত।
অনাহার, (অন্—আহার) সং, পুং, অনশন, উপবাস।
অনাহূত, (অন্—আহূত=কৃতাহ্বান) বিং, ত্রিং, অনিমন্ত্রিত।
অনিকেত, (অ+নিকেত=গৃহ) বিং, ত্রিং, পরিব্রাজক। গৃহশূন্য।
অনিগীর্ণ (অ—নিগীর্ণ=কথিত) বিং, ত্রিং, অনুক্ত, অকথিত।
অনিত্য, (অ—নিত্য=চিরস্থায়ী) বিং, ত্রিং, অস্থায়ী, নশ্বর, ভঙ্গুর।
অনিভৃত, (অ—নিভৃত দৃঢ়রূপে ধৃত) বিং, ত্রিং, অস্থির, চঞ্চল। প্রকাশিত।
অনিমিষ, অনিমেষ, (অ—নিমিষ, নিমেষ চক্ষুর পলক। যাহাদের চক্ষুর পলক নাই, ৬ষ্ঠী—হিং) সং, পুং, দেবতা। মৎস্য। সূক্ষ্মকাল পরিমাণ। বিং, ত্রিং, নিমেষশূন্য, স্থিরদৃষ্টি যাহার চক্ষুর পলক পড়ে না। যথা "শতৈস্তমক্ষ্ণামনিমেষবৃত্তিভিঃ" ইতি রঘুবংশ।
অনিমিষাচার্য্য, (অনিমিষ দেবতা—আচার্য্য শিক্ষাগুরু) সং, পুং, বৃহস্পতি।
অনিয়ন্ত্রিত, (অ—নিয়ন্ত্রিত দমিত) বিং, ত্রিং, উচ্ছৃঙ্খল। অনিবারিত।
অনিরাকৃত, (অ—নিরাকৃত নিবারিত) বিং, ত্রিং, অনিবারিত, অপ্রতিরুদ্ধ।

অনিরুদ্ধ, (অ—নিরুদ্ধ কৃতরোধ। যিনি কোন যুদ্ধে রুদ্ধ হন নাই) সং, পুং, কামদেবের পুত্র, উষাপতি। দূত, চর। বিং, ত্রিং, অনিবারিত, অপ্রতিরুদ্ধ।

অনিরুদ্ধপথ, (অনিরুদ্ধ অপ্রতিরুদ্ধ—পথ পথিন্ শব্দজ। যে পথ নিরুদ্ধ হয় নাই) সং, ক্লীং, আকাশ।

অনিরুদ্ধভাবিনী, (অনিরুদ্ধ—ভাবিনী স্ত্রীং, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, উষা নামে বাণ রাজার কন্যা, অনিরুদ্ধের স্ত্রী।

অনির্ভিন্ন, (অ+নির্ভিন্ন মুক্ত) বিং,ত্রিং, গূঢ় বাহিরে অপ্রকাশিত যথা "অনির্ভিন্ন গভীরত্বাদন্তর্গূঢ়ঘনব্যথঃ" উত্তরচরিত।

অনির্ব্বচনীয়, (অ—নির্ব্বচনীয় বর্ণনীয়) বিং, ত্রিং, বর্ণনার অসাধ্য, যাহা বাক্য দ্বারা বলা যায় না। বাক্‌পথাতীত।

অনির্ব্বাণ, (অ—নির্ব্বাণ) বিং, ত্রিং, নির্ব্বাণ-রহিত। অস্নাত, মজ্জন রহিত। "অরুন্তুদমিবালানমনির্ব্বাণস্য দন্তিনঃ" রঘুবংশং।

অনির্বৃতি, (অ—নির্বৃতি) সং, স্ত্রীং, অসুখ। দারিদ্র। অসমাপ্তি।

অনিল, (অন বাঁচা+ইল—সংজ্ঞার্থে। যাহার দ্বারা বাঁচা যায়) সং, পুং, বায়ু, বাতরোগ। ৫ম বসু। (লী) সং, স্ত্রীং, স্বাতি নক্ষত্র।

অনিলসখ, (অনিল—সখ সখিশব্দজ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অগ্নি।

অনিলাময়, (অনিল—আময় রোগ। যাহা বায়ুদ্বারা উৎপন্ন হয়) সং, পুং, বাত রোগ।

অনিবার, (অ—নিবার নিবারণ) বিং, ত্রিং, অনিবার্য্য। অবিরত।

অনিবার্য্য, (অ—নিবার্য্য=নিবারণীয়) বিং, ত্রিং, যাহা নিবারণ করা যায় না, নিবারণের অযোগ্য

অনিশ, (অ—নিশা [উপচার হেতু নিশা শব্দের অর্থ রাত্রি অর্থাৎ বিরাম কাল] যাহাতে বিরাম কাল নাই, ৭মী—হিং) বিং, ত্রিং, নিরন্তর, সতত, অনবরত, সর্ব্বদা।

অনিষ্ট, (অন্—ইষ্ট=বাঞ্ছিত) সং, ক্লীং, অপকার, হানি। দুঃখ। পাপ। বিং, ত্রিং, অনভিলষিত।

অনীক, (অন্=বাঁচা+ঈক—সংজ্ঞার্থে। যাহার দ্বারা রাজ্য বাঁচে) সং, পুং,—সৈনিক পুরুষ। সৈন্য। যুদ্ধ। সমূহ।

অনীকিনী, (অনীক+ইন্—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, সৈন্য দল, ২,১৮৭ হস্তী, ২,১৮৭ রথ, ৬,৫৬১ অশ্ব, ১০,৯৩৫ পদাতি—সমুদায় ২১,৮৭০ এতাবৎ সংখ্যক সৈন্য। (অক্ষৌহিণী দেখ)পদ্ম।

অনীশ্বরবাদী, (অনীশ্বরবাদিন্, অন্—ঈশ্বর—বাদী=যে নিশ্চয় রূপে বলে) সং, পুং, নাস্তিক। যে ঈশ্বর মানে না।

অনু, (অন্=বাঁচা,বিদ্যমান থাকা+উ—প্রং। যে সাদৃশ্যাদি অর্থে বর্ত্তে) উপং, পশ্চাৎ, সদৃশ। অধীন, নিকৃষ্ট। সহিত। অংশ। পরস্পর। সমীপ। ব্যাপ্তি। বহির্ভাগ। বীপ্সা। চিহ্ন। অনুক্রম। আয়াস। ইত্থম্ভাব।

অনুক, (অনু—কম্ অভিলাষ করা+অ—ক) বিং, ত্রিং, কামুক, কামাসক্ত।

অনুকম্পা, (অনু—কম্প্ [কাঁপা] কৃপা করা+আ—ভা) সং, স্ত্রীং, দয়া, অনুগ্রহ, কৃপা, করুণা, স্নেহ।

অনুকম্প্য, (পূর্ব্বে দেখ+য—র্ম্ম) বিং, ত্রিং, অনুগ্রাহ্য, কৃপাপাত্র।

অনুকরণ—ক্লীং } (অনু সদৃশ—করণ, অনুকার—পুং } কার) সং, সদৃশ করণ, প্রতিরূপ করণ।

অনুকর্ষ, (অনু—কৃষ্ [চসা] টানা+ঘঞ্—ভা) সং, পুং, রথের অধঃস্থিত চক্রোপরি বদ্ধ কাষ্ঠ। পূর্ব্ব সূত্রোক্ত পদাদির পর সূত্রাদিতে অনুবৃত্তি। আকর্ষণ।

অনুকর্ষণ, (পূর্ব্ব দেখ+অন—ভা) সং, ক্লীং, অনুকর্ষ। আকর্ষণ।

অনুকল্প, (অনু=নিকৃষ্ট—কল্প) সং, পুং, গৌণ কল্প, হীনকল্প। প্রতিনিধি। যথা মধ্বভাবে গুড়ং দদ্যাৎ।

অনুকার, (অনু+কৃ+ঘঞ্) সং, পুং, অনুকরণ, সদৃশী করণ, উপমা।

অনুকামীন, (অনুকাম ইচ্ছা+ঈন—গমনার্থে) বিং, ত্রিং, স্বেচ্ছাবিহারী যথেষ্টাচারী।

অনুকামীনতা, (অনু+কামীন+তা) সং, স্ত্রীং, অভিলাষের অনুগমন; যথা "কুরু বুদ্ধিং কুশাগ্রীয়মনুকামীনতাং ত্যজ" ইতি ভট্টিঃ।

অনুকারী, (অনুকার+ইন) বিং, ত্রিং, অনুসারী, অনুরূপ, সদৃশ।

অনুকীর্ণ, (অনু—কীর্ণ=বিক্ষিপ্ত) বিং, ত্রিং, ব্যাপ্ত, বিস্তৃত।

অনুকূল, (অনু=যোগ্য—কূল=বংশ, বং-স। উ=ঊ, অথবা অনু অনুগত—কূল স্নেহবন্ধ। বিং, ত্রিং, স্ব-পক্ষ, হিতকারী। অনুরক্ত। সহায়। নায়ক-বিশেষ, যিনি একমাত্র নায়িকাতে আসক্ত। (লা) সং, স্ত্রীং, দন্তীবৃক্ষ, সং, ক্লীং, অনুগ্রহ, দয়া, অর্থালঙ্কার বিশেষ।

অনুক্ত, (অন—উক্ত=কথিত। যাহা বলা হয় নাই) বিং, ত্রিং, যাহা কথিত হয় নাই।

অনুক্রকচ, (অনু = সদৃশ + ক্রকচ= করাত) বিং, ত্রিং, সুতীক্ষ্ণ অগ্রভাগযুক্ত।

অনুক্রম, (অনু = রীত্যনুসারে — ক্রম্ গমন করা+অ—ভা) সং, পুং, যথা-ক্রমে, আনুপূর্ব্বী, পর্য্যায়।

অনুক্রমণিকা, (অনু=ক্রম্ [গমন করা] আরম্ভ করা+অন—ণ, আ—প্রং) সং, স্ত্রীং, গ্রন্থের অবতারণিকা, মুখবন্ধ, ভূমিকা। সংক্ষেপে পূর্ব্বোক্ত বিবরণের পুনঃ কথনরূপ পুরাণাদির অংশবিশেষ।

অনুক্রোশ, (অনু=জন্যে—ক্রুশ=দুঃখ করা+অ—ভা। অন্যের দুঃখ জন্য দুঃখ করা) সং, পুং, দয়া, অনুকম্পা, আনুকূল্য।

অনুক্ষণ, (অনু=প্রতি—ক্ষণ, ব্যং—স) ক্রিং—বিং, ক্লীং, নিরন্তর, সর্ব্বদা। অবিরত।

অনুগ, (অনু+গম+ড) বিং. ত্রিং, অনুচর, সেবক, পশ্চাদ্গামী।

অনুগত, (অনু+গম+ক্ত) বিং, ত্রিং, পশ্চাদ্গত, আশ্রিত, অধীন, অধিগত।

অনুগম, (অনু—গম=গমন) সং, পুং পশ্চাদ্গমন। সহমরণ, সদৃশীকরণ, সঙ্গতি, অনুলোম।

অনুগমন, (অনু=পশ্চাৎ—গম্ = গমন করা+অন—ভা) সং, ক্লীং, অনুসরণ, পশ্চাদ্গমন। সহমরণ।

অনুগবীন, (অনু=পশ্চাৎ—গো=গরু+ঈন—গমনার্থে) সং, পুং, গো-রক্ষক, রাখাল। গোপ।

অনুগামী, (অনুগামিন্, অনুগমন দেখ ইন্—ক, শীলার্থে) বিং, ত্রিং, পশ্চাদ্গামী, সঙ্গী। সহচর। [কুল, অনুরূপ।

অনুগুণ, (অনু—গুণ) বিং, ত্রিং, অনু-

অনুগ্রহ, (অনু—গ্রহ [গ্রহণ করা] কৃপা করা+অ—ভা) সং, পুং, অনিষ্ট নিবারণ পূর্ব্বক ইষ্টসাধন, দয়া, উপকার। প্রসন্নতা। আনুকূল্য, দারিদ্র ইত্যাদি জনিত দুঃখ হরণেচ্ছা।

অনুগ্রাহক, (পূর্ব্বে দেখ+অক—ক) বিং, ত্রিং, যে ব্যক্তি অনুগ্রহ করে পালক, সহায়।

অনুগ্রাহ্য, (পূর্ব্বে দেখ+য—র্ম্ম) বিং ত্রিং, যাহার প্রতি অনুগ্রহ করা যায়।

অনুচর, (অনু সহিত বা পশ্চাৎ—চর [চর গমন করা+অ—ক] যে গমন করে) বিং, ত্রিং, পশ্চাদ্গামী, সহচর অনুগামী। ভৃত্য। সলক্ষ, সদ্বার।

অনুচিকীর্ষা, (Imitation, অনু সদৃশ-চিকীর্ষা করিবার ইচ্ছা) সং, স্ত্রীং অনুকরণ করিবার ইচ্ছা।

অনুচ্চার্য্য, (অন্+উচ্চার্য্য) বিং, ত্রিং, যাহা উচ্চারণের যোগ্য নহে।

অনুচ্ছিষ্ট, (অন্—উচ্ছিষ্ট=এঁটো) বিং, ত্রিং, শুদ্ধ, পবিত্র। যাহা উচ্ছিষ্ট নয়।

অনুজ, (অনু পশ্চাৎ—জ [জন্=জন্মান+অ—ক] যে জন্মে) সং, পুং, কনিষ্ঠ ভ্রাতা। জা—স্ত্রীং, কনিষ্ঠা ভগিনী।

অনুজিঘৃক্ষা, (অনুজিঘৃক্ষ, অনু—গ্রহ+সন্ ইচ্ছার্থে+অ—ভা) সং, স্ত্রীং, অনুগ্রহ করিবার ইচ্ছা।

অনুজ্ঝিত, (অন্+উজ্ঝিত) বিং, ত্রিং, অপরিত্যক্ত, অখণ্ড, অব্যাহত।

অনুজীবী, (অনুজীবিন্, অনু সহিত বা পশ্চাৎ—জীবী যে বাঁচে। যে প্রভুর পশ্চাৎ বাঁচে অর্থাৎ প্রভু সেবাদি করিয়া জীবন ধারণ করে, অথবা অনু পশ্চাৎ—জীব্ বাঁচা+নিন্—ক, শীলার্থে) সং, পুং, অনুবর্ত্তী, সহচর। ভৃত্য। আশ্রিত, পোষ্য। চার প্রভৃতি।

অনুজ্ঞা, (অনু—জ্ঞা [জানা] অনুমতি করা+ক্বিপ্—ভা) সং, স্ত্রীং, আজ্ঞা, অনুমতি, নিয়োগ, প্রবর্ত্তনা।

অনুজ্ঞাত, (অনুজ্ঞা দেখ+ত—র্ম্ম) বিং, ত্রিং, আজ্ঞা প্রাপ্ত, আদিষ্ট, অনুমত।

অনুতর্ষ, (অনু—তৃষ=পান করিতে ইচ্ছা করা+অ—ভা, ধি) সং, পুং, তৃষ্ণা, পিপাসা। ইচ্ছা, সুরাপান পাত্র।

অনুতপ্ত, (অনুতাপ দেখ+ত—ক)বিং, ত্রিং, অনুতাপযুক্ত, সন্তপ্ত।

অনুতর্ষণ, (অনু—তৃষ+অনট) সং, ক্লীং, চষক, সুরাপানপাত্র, সুরাবণ্টন।

অনুতাপ, (অনু পশ্চাৎ—তপ্=উত্তপ্ত হওয়া+অ—ভা) সং, পুং, পশ্চাত্তাপ, অনুশোচন, সন্তাপ "বিবক্ষিতং হ্যনুক্তমনুতাপং জনয়তি" শকুন্তলা।

অনুত্তম, (অন্—উত্তম। যাহা অপেক্ষা আর একটি উত্তম নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অত্যুত্তম। (নঞ—ষ)অধম।

অনুত্তর, (অন্+উত্তর) বিং, ত্রিং, মুখ্য, সুর্ব্বশ্রেষ্ঠ, উত্তরদানে অসমর্থ, অধম, দক্ষিণদিকস্থ।

অনুতর,(অনু—তৄ=পার হওয়া+অ—ণ) সং, ক্লীং, তরপণ্য, পারানি কড়ী। আতর।

অনুদর, (অন্=অল্প—উদর। যাহার উদর ক্ষীণ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, কৃশ, দুর্ব্বল, ক্ষীণমধ্য।

অনুদাত্ত, (অন্—উৎ ঊর্দ্ধ—আ—দা [দান করা] বলা+ত—র্ম্ম। যাহা উচ্চ করিয়া উচ্চারণ করা যায় না) সং, পুং, নীচ স্বর। বেদের মন্ত্র-বিশেষ।

অনুদার, (অন্—উদার দাতা অথবা অনু+দারা=স্ত্রী) বিং, ত্রিং, অসাধু, অসৎ। ক্ষুদ্র, নীচাশয়। সস্ত্রীক।

অনুদিত, (অন—উদিত উদ্গত বা কথিত) বিং, ত্রিং, অনুদ্গত। অপ্রকাশিত। অকথিত।

অনুদিন, (অনু=প্রতি—দিন, ব্যং—স) ক্রিং—বিং, ক্লীং, প্রতিদিন, প্রত্যহ। যথা "অনুদিনং পরিহীয়সিঅঙ্গেষুং" শকুন্তলা।

অনুদ্দিষ্ট, (অন্—উদ্দিষ্ট) বিং, ত্রিং, যাহার উদ্দেশ পাওয়া যায় নাই।

অনুদ্রুত, (অনু=পশ্চাৎ—দ্রুত=গত, পলায়িত) বিং, ত্রিং, পশ্চাৎ ধাবিত। অনুগত, যথা ধনুর্দ্ধরং রাজসুতৈরনুদ্রুতম্" ইতি রঘুবংশ।

সং,ক্লীং,সঙ্গীতশাস্ত্রপ্রসিদ্ধ তাল বিশেষ।

অনুদ্বাহ, (অনু+উদ্বাহ=বিবাহ) বিবাহাভাব, বিবাহ না করা।

অনুধাবন, (অনু=পশ্চাৎ-ধাব্=দৌড়ান+অন—ভা) সং, ক্লীং, মনোনিবেশ। পশ্চাদ্গমন। অনুসন্ধান।

অনুধাবিত, (পূর্ব্বে দেখ+ত—ক, র্ম্ম) বিং, ত্রিং, পশ্চাদ্ধাবিত। অভিনিবিষ্ট।

অনুধ্যান, (অনু—ধ্যৈ=চিন্তা করা+অন—ভা) সং, ক্লী, মঙ্গল চিন্তা, শুভচিন্তা। স্মরণ।

অনুনয়, (অনু—নী [লইয়া যাওয়া] স্তুতি করা+অ—ভা) সং, পুং, বিনয়, স্তব, স্তুতি, শিষ্টতা, প্রণতি । প্রার্থনা । ক্রোধাপনয়ন ।

অনুনাদ, (অনু=পশ্চাৎ+নাদ=শব্দ । সং, পুং, প্রতিধ্বনি=প্রতিশব্দ ।

অনুনাসিক, (অনু—নাসিকা, ব্যং—স) সং, পুং, নাসিকা হইতে উচ্চার্য্যমাণ বর্ণ ; যথা—ঞ, ণ, ন, ঙ, ম ইত্যাদি ।

অনুনীত, (অনু+নীত=শিক্ষিত) শিক্ষিত, লব্ধ, পূজিত, বিনীত, মধুর বাক্যদ্বারা প্রসন্নীকৃত ।

অনুপদ, (অপু—পদ, পদের পশ্চাৎ, বহং—স) অং, পশ্চাৎ, অনন্তর । শীঘ্র, অবিলম্বে যথা "অহমনুপদমাগত এব" শকুন্তলা । পদে পদে, প্রতিপদে, বার বার, পুনঃ পুনঃ ।

অনুপদী, (অনুপদিন্, অনুপদ+ইন্— অস্ত্যর্থে) বিং, ত্রিং, অন্বেষণকারী ।

অনুপদীনা, অনুপদ [অনু সকল—পদ] গুল্ফাদি সহিত পদ+ঈন—ব্যাপ-কার্থে । যে গুল্ফাদি সহিত সকল পাদ ব্যাপে) সং, স্ত্রীং, পদাচ্ছাদন, মোজা । বুটজুতা ।

অনুপপত্তি, (অন্—উপপত্তি সিদ্ধান্ত, যুক্তি) সং, স্ত্রীং, যুক্তি প্রদর্শনাভাব অসঙ্গতি অকৃতকার্য্যতা, অসমাপ্তি ।

অনুপপন্ন, (অন্—উপপন্ন=সিদ্ধ) বিং, ত্রিং, অযুক্ত, অসিদ্ধ । অপ্রমাণীকৃত অসম্পন্ন ।

অনুপম, (অন্—উপমা । যাহার উপমা-নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, উপমা রহিত, অত্যুৎকৃষ্ট । মা—স্ত্রীং, অগ্নি কিম্বা নৈঋত কোণের হস্তিনী ।

অনুপলব্ধি, (অন্—উপলব্ধি=প্রাপ্তি) সং, স্ত্রীং, অপ্রাপ্ত । প্রত্যক্ষাভাব ।

অনুপহত, (অন্—উপহত=আহত) বিং, ত্রিং, অবিনাশিত ।

অনুপাত, (অনু—পাত=পতন ইত্যাদি) সং, পুং, পশ্চাৎ পতন Proportion পূর্ব্বাঙ্ক পাতানুসারে পরাঙ্কপাত, ত্রৈরা-শিক, Arithmetical progression.

অনুপাতক, (অনু—পাতক=পাপ) সং, ক্লীং, ব্রহ্মহত্যাসুরাপানাদি মহাপাতক সদৃশ পাপ বিশেষ ।

অনুপান, (অনু=পশ্চাৎ বা সহিত—পান পানীয়) সং, ক্লীং, ঔষধের সহিত পেয়-মধু প্রভৃতি, ঔষধের সহকারী ।

অনুপুষ্প, সং, পুং, শর, খাকড়া ।

অনুপ্রবেশ, (Reflection) সং, পুং, অন্তঃপ্রবেশ, প্রতিবিম্বরূপে, পতন, অধি-ষ্ঠান । "অনুপ্রবেশাদিব বালচন্দ্রমাঃ" ইতি রঘুবংশ ।

অনুপ্রাস, Alliteration (অনু সদৃশ— [প্রস্=বিস্তার করা + অ — ভা] বিস্তার) সং, পুং, তুল্য বর্ণ বিন্যাস, কাব্যের অলঙ্কার বিশেষ । অনুপ্রাসঃ শব্দসাম্যং বৈষম্যেঽপি স্বরস্য যৎ ।

অনুপ্লব, (অনু=সহিত বা পশ্চাৎ—প্লু [প্লু গতিক্রিয়া ২ যাওয়া+ অ—ক] যে গমন করে) সং, পুং, অনুচর । সহায় ।

অনুবন্ধ, (অনু—বন্ধ =বন্ধন করা+ অ—ভা) সং, পুং, উপক্রম । পূর্ব্ব লক্ষণ । শিশু । বন্ধন । সম্বন্ধ । অনুবৃত্তি অবিচ্ছেদ । অনুরোধ । পরিণাম, হিক্কা (Hickup) ব্যাকরণে কোন কার্য্যের জন্য কল্পিত বর্ণ, যাহাকে 'ইৎ' বলে ।

অনুবন্ধী, (অনুবন্ধিন্, অনুবন্ধ+ইন্— অস্ত্যর্থে) বিং, ত্রিং, সহচারী । অনু-বন্ধ বিশিষ্ট, অবিচ্ছিন্ন । অনুবর্ত্তী । অনু-রোধী ।

অনুবল, (অনু+বল সৈন্য) সং, ক্লীং, পৃষ্ঠভাগস্থিত সৈন্য, পার্ষ্ণি ।

অনুভব, (অনু—ভূ [হওয়া] বোধ করা +অ—ভা) সং, পুং, উপলব্ধি, জ্ঞান, বোধ । প্রতীতি ।

অনুভাব, (অনু—ভূ [হওয়া] সমর্থ হওয়া ইত্যাদি+অ—ভা) সং, পুং,

প্রভাব। সামর্থ্য। তেজঃ। মহিমা। নিশ্চয়। মনোগত অভিপ্রায় ব্যঞ্জক হাব ভাবাদি, ইশারা। অলঙ্কার শাস্ত্রে স্থায়ি ভাবের কার্য্য।

অনুভূত, (অনুভব দেখ+ত—র্ম্ম) বিং, ত্রিং, উপলব্ধ, বিবেচিত, পরিজ্ঞাত। ভুক্ত।

অনুভূতি, (অনুভব দেখ+তি—ভা) সং, স্ত্রীং, উপলব্ধি, অনুভব, জ্ঞান। ন্যায় শাস্ত্রমতে বুদ্ধির এক বিভাগ যথা "বুদ্ধিস্তু দ্বিবিধা মতা। অনুভূতি স্মৃতিশ্চস্যাদনুভূতিশ্চতুর্বিধা ॥ (ভাষা পরিচ্ছেদ)।

অনুমত, (অনু—মন্=বোধ করা,আজ্ঞা করা, স্বীকার করা+ত—র্ম্ম) বিং, ত্রিং, অনুজ্ঞাত। সম্মত, স্বীকৃত। অনুমোদিত। যথা "অনুমতগমনা শকুন্তলা তরুভিরিয়ং বনবাসবন্ধুভিঃ" শকুন্তলা।

অনুমতি, (অনু—মন্= জানা; আজ্ঞা করা+তি—বি ভা। দেবতারা পিতৃগণের সহিত যাহাতে অনুমতি করেন কিম্বা অনু সহিত—মন্=সম্মান করা +তি—বি। যাহাতে দেবলোক ও পিতৃলোকের সহিত ভূতগণকে বলিদান করিয়া পূজা করা যায়) সং, স্ত্রীং, যে পূর্ণিমাতে এক কলাহীন চন্দ্র, উদয় হন, শুক্লচতুর্দ্দশীযুক্তা পূর্ণিমা তিথি। অনুজ্ঞা, আদেশ। সম্মতি।

অনুমন্তা, (অনুমন্তৃ, পূর্ব্বে দেখ+তৃ—ক) বিং, ত্রিং, অনুমতি দাতা, আজ্ঞা কর্ত্তা।

অনুমরণ, (অনু—পশ্চাৎ বা সহিত—মরণ) সং, ক্লীং, সহমরণ।

অনুমান—ক্লীং } (অনু—মা=পরিমাণ করা, নির্ণয়
অনুমতি—স্ত্রীং } করা+অন, তি—ভা) সং, হেতু বা তর্ক দ্বারা কোন বস্তুর অনুভব। (Corollary) এক বা বহু প্রতিজ্ঞা হইতে যে ফল উপলব্ধি হয় তাহাকে অনুমান কহে।

অনুমাপক, (অনু—মাপি = পরিমাণ করান, নির্ণয় করান+অক—ক) বিং, ত্রিং, অনুমানজনক, অনুমানের হেতু।

অনুমিত, (অনুমান দেখ+ত—র্ম্ম) বিং, ত্রিং, হেতু দ্বারা নিশ্চিত।

অনুমৃত, (অনু পশ্চাৎ+মৃ মরা—ত—কর্ম্ম) বিং, ত্রিং, সহমৃত। পশ্চাৎ মৃত।

অনুমোদন, (অনু—মুদ্=হৃষ্ট হওয়া, অনুমতি দেওয়া+অন—ভা) সং, ক্লীং, আহ্লাদ পূর্ব্বক সম্মতি। প্রবর্ত্তন, প্রবৃত্তি প্রদান।

অনুমোদিত, (অনুমোদন দেখ+ত—র্ম্ম) বিং, ত্রিং, অনুমত, অনুজ্ঞাত। অনুগামী। সদৃশ। প্রোৎসাহিত।

অনুযাত, (অনু=পশ্চাৎ-যাত=গত) বিং, ত্রিং, পশ্চাদ্গত, অনুকৃত।

অনুযাত্রিক, (অনু সহিত বা পশ্চাৎ—যাত্রা গমন+ইক—ক) বিং, ত্রিং, অনুচর, সমভিব্যাহারী লোক।

অনুযায়ী, (অনুযায়িন্, অনু সহিত—যা যাওয়া+ইন্—ক) বিং ত্রিং, অনুগামী। সদৃশ।

অনুযুক্ত, (অনু—যুজ্ [যোগ করা] প্রশ্ন করা, তিরস্কার করা+ত—র্ম্ম) বিং, ত্রিং, জিজ্ঞাসিত। তিরস্কৃত।

অনুযোক্তা, (অনুযোক্তৃ, অনুযুক্ত দেখ+তৃ—ক) সং, পুং, অনুযোগকারী।

অনুযোগ (অনুযুক্ত দেখ+অ—ভা) সং, পু, প্রশ্ন, জিজ্ঞাসা। আক্ষেপ, তিরস্কার।

অনুরক্ত, (অনু—রন্‌জ্=রং করা, অনুরক্ত হওয়া+ত—ক) বিং, ত্রিং, আসক্ত, অনুরাগ বিশিষ্ট, রত।

অনুরঞ্জন, (অনু—রন্‌জ=রং করান, আপ্যায়িত করা+অন ভা) সং, ক্লীং প্রীতিসম্পাদন। অনুরাগ জন্মান। রঙ্

অনুরণন, (অনু—রণ্ শব্দ করা+অন—

অন—ভা) সং, ক্লীং, ধ্বনির পশ্চাৎ ধ্বনি। অনুগত স্বর।
অনুরাগ (অনু—রন্জ্=রং করা, অনুরক্ত হওয়া,ভালবাসা+অ+ক্বিপ্—ভা) সং, পুং, আসক্তি। প্রীতি, স্নেহ। যথা 'প্রিয়ানুরাগস্যমনঃ সমুন্নতেঃ' ইতি রঘু।
অনুরাগী, (অনুরাগিন্, অনুরাগ+ইন্—অস্ত্যর্থে, অথবা অনু=পশ্চাৎ—রন্জ্=অনুরক্ত হওয়া+ইন্—ক, শীলার্থে) বিং, ত্রিং, অনুরাগযুক্ত, আসক্ত।
অনুরাধা, (অনু—রাধ্ সিদ্ধিকরা+অ—সংজ্ঞার্থে, আ—প্রং। যে যাত্রাদিতে ইষ্ট সিদ্ধি করে) সং, স্ত্রীং, সপ্তদশ নক্ষত্র।
অনুরূপ, (অনু=তুল্য—রূপ=আকার, অথবা অনু যোগ্য—রূপ, ব্যং—স) বিং, ত্রিং, সদৃশ, তুল্য। যোগ্য।
অনুরোধ, (অনু—রুধ্=রুদ্ধকরা+অ—ভা) সং, পুং, উপরোধ, অভীষ্টসাধনার্থ প্রবৃত্তি প্রদান। অনুরাগ। প্রতিরোধ। প্রতীক্ষা। অনুসরণ।
অনুলাপ, (অনু=পুনঃ২—লপ্=বলা+অ—ভা) সং,পুং, পুনঃ২ কথন।
অনুলিপ্ত, (পশ্চাৎ দেথ+ত—র্ম্ম) বিং, ত্রিং, অনুরঞ্জিত, রঙ্ করা। লিপ্ত।
অনুলেপ—পুং } (অনু—লিপ্=লেপন
অনুলেপন—ক্লীং } করা+অ,অন—ভা) সং, গন্ধদ্রব্যাদি লেপন। গন্ধ দ্রব্য।
অনুলোম, (অনু=সহিত বা অনুসারে—লোমন্=শরীরের লোম। প্রতিলোম দেখ) সং, ক্লীং, অনুক্রম, যথাক্রম। বিং, ত্রিং, অনুকূল। ক্রমানুগত। অং, প্রতিরোমে।
অনুলোমজ, (অনুলোম দেখ—জ=জাত) বিং, ত্রিং, নিয়ক্রমে জাত, যথা—ব্রাহ্মণের ঔরসে ক্ষত্রিয়ার গর্ভজাত, ক্ষত্রিয়ের ঔরসে বৈশ্যার গর্ভজাত ইত্যাদি।
অনুবর্ত্তন—ক্লীং } (অনু=পশ্চাৎ—বৃৎ
—স্ত্রীং } =বিদ্যমান থাকা +অন, তি—ভা) সং, সেবা। অনুবন্ধ, অবিচ্ছেদ। পশ্চাৎগমন। স্থানান্তরগমন। পূর্ব্বসূত্রস্থ পদের পরসূত্রে অনুবৃত্তি।
অনুবর্ত্তী, (অনু পশ্চাৎ—বৃৎ=বিদ্যমান থাকা+ইন্—ক) বিং, ত্রিং, পশ্চাদ্বর্ত্তী, সহগামী।
অনুবাক, সং, পুং, বেদের অংশ বিশেষ। সাম ঋক্ বা যজুর্ব্বেদের অংশ বিশেষ।
অনুবাক্যা, (অনু—বচ্=বলা+য—প্রং) সং, স্ত্রীং, ঋক্‌বেদ প্রসিদ্ধ দেবতাহ্বান সাধক মন্ত্র বিশেষ।
অনুবাদ, (অনু=নিন্দা, পুনঃ২—বাদ [বদ বলা+অ—ভা] কথন) সং, পুং, কুৎসিতার্থ বাক্য,নিন্দা। পশ্চাৎ কথন, ভাষান্তর করণ। অনুকরণ।
অনুবাদক, (অনু—বদ্=বলা+অক—ক) বিং, ত্রিং, যে ভাষান্তর করে।
অনুবাদী, (অনুবাদিন্, অনুবাদ+ইন—ক) বিং, ত্রিং, অনুবাদক। সদৃশ, অনুরূপ।
অনুবাসন, (অনু+বাস+অনট) সং, ক্লীং, স্নেহ, প্রীতি। সুরভিত করা, স্নেহবস্তি।
অনুবাসিত, বিং, ত্রিং, সুরভীকৃত, সুগন্ধীকৃত।
অনুবিদ্ধ, (অনু — ব্যধ্ = বিদ্ধ করা, যোগ করা, গাঁথা ইত্যাদি+ত—ক, র্ম্ম, ভা) বিং, ত্রিং, সম্পৃক্ত। যুক্ত। খচিত। ব্যাপ্ত। গ্রথিত। গুম্ফিত। যথা " সরসিজ মনুবিদ্ধং শৈবলেনাপি-রম্যং" শকুন্তলা। সং, ক্লীং, গ্রহণ।
অনুবেধ, (অনু+বেধ) সং, পুং, ছিদ্রকরা, ভেদন।
অনুবেল, (অনু—বেলা, ব্যং—স) অং, সতত, অনুক্ষণ, নিরন্তর। উপকূলে।
অনুবেল্লিত, সং, ক্লীং, ক্ষতস্থানে বস্ত্রাদি বেষ্টনরূপ বন্ধন বিশেষ।
অনুব্যাধ, (অনুবিদ্ধ দেখ+অ—ভা) সং, পুং, সংসর্গ, মিলন। সংযোগ।

অনুব্রজন, } (অনু=পশ্চাৎ ব্রজন, ব্রজ্যা
অনুব্রজ্যা, } =গমন) সং, স্ত্রীং, পশ্চাদ্গমন।

অনুশয়, (অনু=না—শী=শয়ন করা+অ—ভা। শয়ন বা বিশ্রাম না করা) সং, পুং, অনুতাপ। পূর্ব্ববৈর। দীর্ঘ দ্বেষ। ঘৃণা। অনুবন্ধ। অনুসরণ।

অনুশয়ী, (অনুশয়িন্, অনুশয় দেখ+ইন্—ক) বিং, ত্রিং, পশ্চাৎ তাপকারী। অনুরক্ত। স্ত্রীং, পাদরোগবিশেষ।

অনুশর (অনু=পুনঃ২—শৄ=বধ করা+অ—ক) সং, পুং, রাক্ষস।

অনুশাসন, (অনু—শাস্=শাসন করা+অন—ভা) সং, ক্লীং, আজ্ঞা। উপদেশ, নিয়োগ। ব্যুৎপাদন। [শিষ্যের শিষ্য।

অনুশিষ্য, (অনু=হীন—শিষ্য) সং, পুং,

অনুশিষ্ট, (অনু=অনুসারে—শিষ্ট=উপদিষ্ট) বিং, ত্রিং, আদিষ্ট, কথিত। ধর্ম্মশাস্ত্রানুমোদিত।

অনুশীলন, (অনু—শীল্ একান্ত প্রবৃত্ত হওয়া+অন—ভা) সং, ক্লীং, পুনঃ পুনঃ অভ্যাস। আন্দোলন।

অনুশুচ্ছিকা, সং, স্ত্রীং, বৈদিকক্রিয়াবিশেষ

অনুশোচন, (অনুপশ্চাৎ—শুচ্=শোক করা+অন—ভা) সং, ক্লীং, না—স্ত্রীং, পশ্চাত্তাপ, শোক।

অনুষঙ্গ, (অনু—সনজ্=আলিঙ্গন করা+ঘঞ্—ভা) সং, পুং, দয়া। স্নেহ। সম্বন্ধ। প্রসঙ্গ। আসক্তি।

অনুষ্টুভ্, (অনু—স্তুভ্=স্তব্ধ হওয়া+ক্বিপ্—সংজ্ঞার্থে) সং, ক্লীং, অষ্টাক্ষর ছন্দোবিশেষ। পঞ্চমং লঘু সর্ব্বত্র সপ্তমং দ্বিচতুর্থয়োঃ। গুরু ষষ্ঠঞ্চ পাদানাং শেষেষ্বনিয়মো মতঃ।

অনুষ্ঠান, (অনু—স্থা=থাকা, আরম্ভ করা+অন—ভা) সং, ক্লীং, কর্ম্মারম্ভ, প্রথম উদ্যোগ। নির্ব্বাহ। শাস্ত্রবিহিত কর্ত্তব্য সম্পাদন।

অনুষ্ঠিত, (অনুষ্ঠান দেখ+ত—র্ম্ম) বিং, ত্রিং, আরব্ধ। সম্পাদিত।

অনুষ্ঠ্যূত,(অনু—ষ্ঠিব্=ক্ষেপ ফেলা+ত—র্ম্ম)বিং, ত্রিং, পরম্পর সম্বদ্ধ, অবিচ্ছিন্ন।

অনুষ্ণ, (অন্—উষ্ণ=তৎপর, তপ্ত। যে তৎপর বা তপ্ত নহে) বিং, ত্রিং, জড়, অলস। শীতল। সং, ক্লীং, উৎপল।

অনুষ্ণবল্লিকা, সং, স্ত্রীং, নীলদূর্ব্বা।

অনুসন্ধান, (অনু—সম্—ধা = ধারণ করা, অন্বেষণ করা+অন—ভা) সং, ক্লীং, অন্বেষণ, খোঁজা। অনুচিন্তন।

অনুসন্ধিৎসা, (অনুসন্ধান দেখ+ সন্ ইচ্ছার্থে, অ-ভা) সং, স্ত্রীং, অনুসন্ধান করিবার ইচ্ছা।

অনুসরণ—ক্লীং } (অনু=পশ্চাৎ—সৃ
অনুসার—পুং } =গমন করা+অন, অ—ভা) সং, পশ্চাৎ গমন করা+অনুবর্ত্তন। অনুকরণ। অনুরোধ।

অনুসূচনা, (অনু—সূচি=আলোচনা করা+অন—ভা) সং, স্ত্রীং আন্দোলন।

অনুসূয়া, (অনু—সূ=প্রসব করা+য—সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, অত্রিমুনির পত্নী।

অনুস্যূত, (অনু—সিব্=সেলাই করা+ত—র্ম্ম) বিং, ত্রিং, গ্রথিত। সংসক্ত সম্বদ্ধ।

অনুস্বর } (অনু=সহিত—স্বর, স্বার
অনুস্বার } [স্বৃ+অল—ঘঞ্ স্বার্থে] স্বরবর্ণ। যে স্বরের সহিতই থাকে) সং, পুং, বিন্দু মাত্র বর্ণ 'ং'।

অনুহরণ—ক্লীং } (অনু=তুল্য—হৃ
অনুহার—পুং } =হরণ করা, লইয়া যাওয়া+অন, অ—ভা) সং, সদৃশীকরণ, সদৃশ গমন।

অনুহার্য্য, (অনু+হৃ+য) সং, ক্লীং, মাসিক শ্রাদ্ধ, প্রতি আমাবস্যাবিহিত পার্ব্বণ শ্রাদ্ধ।

অনূক, (অনু—উচ্=সমবেত করা, মিলিত করা+ক—প্রাং) সং, ক্লীং, কুল, বংশ। শীল, স্বভাব। পুং, গতজন্ম।

অনূচান, (অনু—বচ্=বলা, জানা, নৃত

হওয়া+কান—ক) সং, পুং, শিক্ষাকল্পাদি ষড়ঙ্গসহিত বেদাধ্যয়নকারী। বিং, ত্রিং, বিনীত।

অনূঢ়, (অন্—ঊঢ়=বিবাহিত) বিং, ত্রিং, অবিবাহিত। (ঢ়া) স্ত্রীং, কন্যা, কুমারী।

অনূদিত, (অন্+বদ+ক্ত) বিং, ত্রিং, অনুচ্চারিত, অকথিত।

অনূদ্য, (অ+বদ+য) বিং, ত্রিং, অকথনীয়। অনুবাদ্য। পুং, মন্ত্রগুরু, ধর্ম্মোপদেশক।

অনূন, (অন্—ঊন=অল্প। অল্প নহে) বিং, ত্রিং, সম্পূর্ণ, সমগ্র, অখণ্ড, পরিপূর্ণ।

অনূপ, (অনু=নিকট বা সহিত—আপ্ জল। আ=উ। অ—প্রং। যাহা জলের সহিত থাকে) সং, ত্রিং, সজল দেশ, জলপ্রায় স্থান। পুং, মহিষ।

অনূপজ, (অনূপ—জ=জাত, ৭মী—ষ) সং, ক্লীং, আর্দ্রক, আদা।

অনূরু, (অন্—ঊরু। যাহার উরুদ্বয় নাই, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অরুণ, সূর্য্যের সারথি।

অনূরুসারথি, (অনূরু—সারথি। অরুণ যাহার সারথি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সূর্য্য।

অনূচ, (অন্—ঋচ্ [ঋচ্=স্তব করা+ক্বিপ্—প্রং] ঋক্+অ—সমাসে। ঋক্ যাহার অভ্যস্ত নাই) সং, পুং, অনুপনীত বালক। বেদজ্ঞান বিহীন।

অনৃজু, (অন্—ঋজু=সরল) বিং, ত্রিং, কুটিল, অসরল, বক্র। শঠ, ধূর্ত্ত।

অনৃণী, (অনৃণিন্, অন্—ঋণিন্ [ঋণ+ইন্—অস্ত্যর্থে] ঋণযুক্ত, নঞ—ষ) বিং, ত্রিং, যাহার ঋণ নাই।

অনৃত, (অন্—ঋত=সত্য) সং, ক্লীং, মিথ্যা, অসত্য। (অন্—ঋত [ঋ=হিংসা করা+ত—ভা] হিংসা। যাহা হইতে কোন হিংসা নাই, ৫মী—হিং) কৃষিকর্ম্ম

অনেক, (অন্—এক। এক নহে) ত্রিং, একভিন্ন, বহু।

অনেকজ, (অনেক, একাপেক্ষা অধিক—জ যে জন্মে) সং, পুং, পক্ষী।

অনেকধা, (অনেক+ধা—প্রকারার্থে) অং, নানাপ্রকার, বহুবিধ।

অনেকপ, (অন্—এক—প [পা=পান করা+অ—ক] যে পান করে। যে এক দ্বার দিয়া নহে, শুণ্ড এবং মুখ দিয়া পান করে, ৬য়া—ষ) সং পুং, হস্তী। পী—স্ত্রীং, হস্তিনী।

অনেকাশ্রিতগুণ, সং, পুং, (ন্যায়শাস্ত্র মতে) বহুনিষ্ঠগুণ যথা সংযোগ, বিভাগ, দ্বি পৃথক্ত্বাদি। একত্বভিন্ন অন্য সংখ্যা।

অনেকৈকত্ববুদ্ধি, সং, স্ত্রীং, এই এক ইত্যাকার বুদ্ধি। অপেক্ষা বুদ্ধি।

অনেড়মূক, (অন+এড়=কালা+মূক বোবা) বিং, ত্রিং, বধির, বাক্শক্তিবিরহিত। ধূর্ত্ত, শঠ।

অনেনস্, (অন্+এনস্=পাপ) বিং, ত্রিং, নিষ্পাপ।

অনেকশঃ, (অনেক+শস্—বারার্থে) ক্রিং—বিং, অং, পুনঃ পুনঃ, বহুবার।

অনেহাঃ (অনেহস্, অন—এহস্ [আ—হন্=গমন করা+অস্—প্রং] যে আগমন করে। যে আগমন করে না) সং, পুং, কাল, সময়। বিং, ত্রিং, প্রতিদ্বন্দ্বিহীন।

অনৈকান্ত, (অন্+একান্ত) বিং, ত্রিং, অস্থির। (ন্যায়শাস্ত্র) পঞ্চবিধহেত্বাভাসমধ্যে পরিগণিত ব্যভিচারী দুষ্টহেতু।

অনৈকান্তিক, (অন্+একান্ত+ষ্ণিক—প্রং) বিং, ত্রিং, ব্যভিচারী, দুষ্ট।

অনৈক্য, (অন্—ঐক্য) সং, ক্লীং, ঐক্যাভাব। পরস্পর অসম্মিলন।

অনোকহ, (অনস্=শকট—অক [অক্=গমন করা+অ—ভা] গমন—হ [হন্ বধ করা+ড—কৃ] যে নষ্ট করে। যে

শকটের গতি নষ্ট করে, ৬ষ্ঠী—ষ+২য়া—ষ) সং, পুং, বৃক্ষ, গাছ।

অন্তঃকরণ, (অন্তর্=ভিতর—করণ=ই—ন্দ্রিয়। দেহান্তর্ব্বর্ত্তী ইন্দ্রিয়) সং, ক্লীং, অন্তরিন্দ্রিয়, মন।

অন্তঃপাতী, (অন্তঃপাতিন্, অন্তর=মধ্য—পত্=পতিত হওয়া+নিন্—ক) বিং, ত্রিং, অন্তর্গত, মধ্যবর্ত্তী।

অন্তঃপুর, (অন্তর্=মধ্য—পুর্=গৃহ) সং, ক্লীং, অবরোধ। অন্দরমহল।

অন্তঃপুরিকা, (অন্তঃপুর+ইক—প্রং) সং, স্ত্রীং, অন্তঃপুরচারী স্ত্রীলোক।

অন্তঃশরীর, সং, ক্লীং, অন্তঃকরণ, অন্তরিন্দ্রিয়।

অন্তঃশত্রু, (অন্তর্=ভিতর—শত্রু) সং, পুং, দেহান্তর্গত শত্রু, কামাদি রিপুগণ।

অন্তঃসত্বা, (অন্তর্=মধ্য—সত্ব=প্রাণী। যাহার অন্তরে অর্থাৎ গর্ভে প্রাণী আছে, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, গর্ভিণী, গর্ভবতী।

অন্তঃসলিলবাহিনী, বিং, স্ত্রীং, যাহার ভিতর দিয়া জল প্রবাহিত হয়। (Subterranean river) যথা "নদীমিবান্তঃ সলিলাং স্বরস্বতীম্" রঘুবংশ।

অন্তঃস্থ, অন্তস্থ, (অন্ত—স্থা+ড=যে থাকে) বিং, ত্রিং, মধ্যস্থিত। (স্পর্শবর্ণ উষ্মবর্ণ এই উভয়ের মধ্যে থাকে বলিয়া) সং, পুং, য-র-ল ব—বর্ণ। আকারান্ত অন্তঃস্থা শব্দ ও হয়।

অন্তঃস্বেদ, (অন্তস্=মধ্য—স্বেদ=তাপ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, হস্তী।

অন্ত, (অম্=গমনকরা+ত—প্রং) সং, পুং, নাশ। নিশ্চয়। প্রান্ত। সীমা। সমীপ। পার। মধ্য। স্বরূপ। অবয়ব। পুং—ক্লীং, অবসান, শেষ। ক্লীং, স্বভাব। অবস্থা। অন্তিক, নিকটস্থ। মনোহর।

অন্তক, (অন্ত নাশকরা+ণিচ্+ণক—ক) সং, পুং, যম। বিং, ত্রিং, নাশক। নিহন্তা।

অন্তকর, (অন্ত—কর=যে করে) বিং, ত্রিং, বিনাশকারী। সংহারক।

অন্তকাল, (অন্ত=শেষ—কাল=সময়) সং, পুং, চরমকাল, মৃত্যুকাল।

অন্তগ, (অন্ত—গম্+ড) বিং, ত্রিং, মৃত। পারগামী। অন্তর্গামী, প্রান্তবর্ত্তী।

অন্ততঃ, (অন্ততস্, অন্ত+তস্=তে) অং, শেষে। ন্যূনকল্পে।

অন্তর, (অন্ত শেষ—রা গ্রহণ করা+ক্বিপ্—প্রং) অং, মধ্যে। শেষে। চিত্তে। স্বীকারে।

অন্তর, (অন্ত=শেষ—র'রা' ধাতুজ,অ—প্রং)সং,ক্লীং,অবকাশ,মধ্যভাগ, অবসর, অবধি, পরিধেয়বস্ত্র, আচ্ছাদন, ব্যবধান। অন্তর্ধান। ভেদ। দূর। তাদর্থ। ছিদ্র। আত্মীয়। সম্পর্কীয়। বিনা। বহিঃ। উচিত। মধ্য। দুইবস্তুর মধ্যস্থান। অভ্যন্তর। অন্তঃকরণ। পরমাত্মা। তাৎপর্য্য। সদৃশ। অন্য। (গণিতশাস্ত্রে) বাকী, (ব্যবকলিত অঙ্ক)।

অন্তরঙ্গ, (অন্তর=মধ্য+অঙ্গ) সং, ত্রিং, অন্তঃকরণ। আত্মীয়,স্বজন। (ব্যাকরণে) প্রকৃত্যাশ্রিত কার্য্য।

অন্তরঙ্গতা, (অন্তরঙ্গ+তা—ভাবে) সং, স্ত্রীং, আত্মীয়তা।

অন্তরস্থ, (অন্তর—স্থা—ড=যে থাকে) বিং, ত্রিং, আন্তরিক, মনোগত।

অন্তরা, (অন্তর্—ইন্—ডা) অং, ব্যতিরেকে। মধ্যে। সমীপে, নিকটে।

অন্তরাত্মা, (অন্তরাত্মন্, অন্তর্=মধ্য—আত্মন্ ৬ষ্ঠী—হিং) সং, পুং, দেহান্তর্গত জীবাত্মা। সর্ব্বান্তর্যামী পরমেশ্বর। অন্তঃকরণ।

অন্তরাপত্যা, (অন্তরা=মধ্যে—অপত্য সন্তান। যাহার অন্তরে অর্থাৎ গর্ভে অপত্য আছে, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, গর্ভবতী। অন্তঃসত্বা।

অন্তরায়, (অন্তর্=মধ্য—অয় গমন করা+অল—ক) সং, পুং, প্রতিবন্ধক, বাধা।

অন্তরাল, (অন্তরা=মধ্যে—লা=গ্রহণকরা +ড—প্রং) সং, পুং—ক্লীং, অভ্যন্তর, ব্যবধান, মধ্য। অবকাশ। আড়াল।

অন্তরিক্ষ, অন্তরীক্ষ (অন্তর্=মধ্য—ঋক্ষ =নক্ষত্র কিম্বা ঈক্ষ্=দেখা+ঘঞ— র্ম্ম। যাহার মধ্যে নক্ষত্র দেখা যায় কিম্বা জগতের দ্বারা যাহা দৃষ্ট হয়) সং, ক্লীং, আকাশ। ভূলোক ও সূর্য্যের মধ্যবর্ত্তী স্থান।

অন্তরিত, (অন্তর্+ইত—প্রং) বিং, ত্রিং, ব্যবহিত। তিরস্কৃত। লুক্কায়িত। অপবারিত যথা "পাদপান্তরিত এব বিশ্রব্ধস্তাব-দেনাং পশ্যামি" শকুন্তলা। স্বতন্ত্র। পৃথক্কৃত।

অন্তরীপ, (অন্তর্=মধ্য—আপ্=জল+ অ=ঈ। জলের মধ্যে যাহা আছে) সং,পুং—ক্লীং,দ্বীপ। (Cape) যে ভূভাগ ক্রমশঃ সূক্ষ্ম হইয়া সাগরাদিতে পতিত হয় তাহার অগ্রভাগকে অন্তরীপ কহে।

অন্তরীয়, (অন্তর=পরিধান+ণীয়—ইদ-মর্থে) সং, ক্লীং, অধোবস্ত্র, ধুতি প্রভৃতি।

অন্তরে, (অন্তর্—ইণ=গমন করা+বিচ্ —প্রং) অং, মধ্যে।

অন্তরেণ, (অন্তর্—ইণ্ গমন করা+ণ —প্রং) অং, বিনা, ব্যতিরেকে। মধ্যে।

অন্তর্গড়ু, (অন্তর—গড়ু=পড়া+উ) বিং, ত্রিং, বৃথা। নিরর্থক।

অন্তর্গত, (অন্তর=মধ্য—গত) বিং, ত্রিং, বিস্মৃত। হৃদ্গত। মধ্যগত।

অন্তর্গৃহ, (অন্তর্ ভিতর—গৃহ ঘর) সং, ক্লীং, গৃহের অভ্যন্তর, অন্তঃপুর।

অন্তর্ঘণ, সং, পুং, বহির্দ্বারপ্রদেশ।

অন্তর্জ, (অন্তর+জন+ড) বিং, ত্রিং, অভ্যন্তরজাত। কৃমি।

অন্তর্জঠর, (অন্তর+জঠর=উদর) সং, ক্লীং, কুক্ষিমধ্য।

অন্তর্জল, (অন্তর্—জল) সং, ক্লীং, জল মধ্যে। স্বল্পজলে। স্নানকালে জলমধ্যে কর্ত্তব্য অঘমর্ষণ মন্ত্রজপ।

অন্তর্জলোৎস, (Artesian fountain)সং, পুং, ভূগর্ভস্থিত উৎস।

অন্তর্জ্যোতিঃ, (অন্তর্জ্যোতিস্, অন্তর্— জ্যোতিস্) সং, ক্লীং, অন্তরাত্মা।

অন্তর্দ্দেশ, (Valley) সং, পুং, দুই পর্ব্বতের মধ্যবর্ত্তী স্থান। অভ্যন্তর প্রদেশ।

অন্তর্দ্ধা—স্ত্রীং,
অন্তর্দ্ধান—ক্লীং
অন্তর্দ্ধি—স্ত্রীং
(অন্তর্=মধ্য—ধা =ধারণ করা+ক্বিপ্ অন, কি—ভা) সং, তিরোধান, লুকান, অদৃশ্য হওয়া। ব্যবধান।

অন্তর্দ্বার, (অন্তর্=মধ্যে—দ্বার) সং, ক্লীং, গৃহমধ্যস্থ গুপ্ত দ্বার।

অন্তর্ভাব, (অন্তর্—ভূ=হওয়া+ঘঞ— প্রং) সং, পুং, মধ্যে পতন। অভ্যন্তরে স্থিতি। অন্তর্নিবেশ।

অন্তর্ভূত, (অন্তর্ মধ্য—ভূত=যে হই-য়াছে) বিং, ত্রিং, অন্তর্গত, স্থিত।

অন্তর্মনাঃ, (অন্তর্মনস্, অন্তর্=বহির্দেশ— মনস্। যাহার মন সংসারের বাহিরে গিয়াছে, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বিষণ্ণ, ব্যাকুল। সমাহিত চিত্ত।

অন্তর্যামী, (অন্তর্যামিন্, অন্তর=মধ্য— যামিন্ [যম্=থাকা+ণিন্—ক] যে অবস্থিতি করে। যিনি অন্তরে অবস্থিতি করেন) সং, পুং, অন্তরাত্মা, জীব। বিং, ত্রিং, আন্তরিক ভাববেত্তা।

অন্তর্ব্বংশিক, (অন্তর্=মধ্য—বংশ কুল+ ইক—স্থিত্যর্থে) সং, পুং, অন্তঃপুর-রক্ষক।

অন্তর্ব্বত্নী, (অন্তর্ মধ্য। বতুঅস্ত্যর্থে+ ঈপ— নিপাতন) সং, স্ত্রীং, গর্ভিণী, সসত্ত্বা।

অন্তর্বেদী, (অন্তর+বেদী=সমতলক্ষেত্র) সং, স্ত্রীং, গঙ্গা যমুনার মধ্যস্থিতদেশ, ব্রহ্মাবর্ত্তদেশ।

অন্তর্হাস, (অন্তর্=মধ্য—হাস=হাস্য, ৬ষ্ঠী —ষ) সং, পুং, গূঢ় হাস্য। আত্মপ্রসাদ।

কাপট্য। বিং, ত্রিং, গূঢ়হাস্যকারী।
অন্তর্হিত, (অন্তর্=মধ্য—ধা=ধারণ করা +ত—র্ম্ম। ধা=হি) বিং, ত্রিং, তিরোহিত। অদৃষ্ট। লুক্কায়িত। [ছাত্র।
অন্তবাসী, (অন্তেবাসী দেখ) শিষ্য,
অন্তশয্যা, (অন্ত শেষ—শয্যা=বিছানা) সং, স্ত্রীং, মৃত্যুকালীন ভূমিশয্যা। মৃত্যু, শ্মশান। [ছাত্র।
অন্তসদ, (অন্ত+সদ) সং, পুং, শিষ্য,
অন্তাবসায়ী, (অন্তাবসায়িন্, অন্ত শেষ—অব—সো=নাশ করা+ণিন্—ক) সং, পুং, নাপিত। চণ্ডাল। মুনিবিশেষ।
অন্তিক, (অন্ত শেষ+ঞিক—প্রং) বিং, ত্রিং. নিকট, সমীপ যথা "স্বনসি মৃদু-কর্ণান্তিকচরঃ" শকুন্তলা। সং,কা—স্ত্রীং, নাট্যোক্তিতে—জ্যেষ্ঠা ভগিনী। ক্লীং, সন্নিধান, নৈকট্য। চুল্লী, উনান। ওষধি বিং।
অন্তিকতম, (অন্তিক+তম—অত্যর্থে) বিং, ত্রিং, অতি নিকট।
অন্তিম, (অন্ত+ডিম—ভবার্থে) বিং, ত্রিং, শেষ, চরম। অন্তকালীন। অতি সন্নিহিত।
অন্তেবাসী, অন্তবাসী, (অন্তেবাসিন্, অন্তে সমীপে—বাসী যে বাস করে। যে পাঠকালে গুরুসমীপে বাস করে) সং, পুং, ছাত্র, শিষ্য; যথা "তাত! প্রাচেতসান্তেবাসী লবোঽভিবাদয়তে" উত্তরচরিত। (অন্তে=প্রান্তে। যে নগরাদির প্রান্তে বাস করে) চণ্ডাল, নীচ। বিং, ত্রিং, সমীপবর্ত্তী।
অন্ত্য, (অন্ত শেষ+য—ভবার্থে) বিং, ত্রিং, অন্তিম, চরম। অবশিষ্ট। নীচ, নীচজাতি। শূদ্র, ম্লেচ্ছ। সং, পুং, চণ্ডাল। ক্লীং, পরার্দ্ধ দশভাগ বা শতভাগ সংখ্যা।
অন্ত্যজ, (অন্ত্য=নীচ—জ=যে জন্মে। যে ব্রহ্মার পাদ হইতে জন্মিয়াছে) সং, পুং, শূদ্র, চতুর্থ বর্ণ। রজকাদি সাত অধমজাতি যথা "রজকশ্চর্ম্মকারশ্চ নটোবরুড়এবচ কৈবর্ত্ত মেদভিল্লাশ্চ সপ্তৈতে চান্ত্যজা স্মৃতাঃ" যমবচন। চণ্ডাল।
অন্ত্যজন্মা, (অন্ত্যজন্মন্, অন্ত্য নীচে—জন্মন্ জন্ম, ৬ষ্ঠী—হিং) সং, পুং, নীচ জাতি। শূদ্র। চণ্ডাল।
অন্ত্যভ, (অন্ত্য শেষ—ভ নক্ষত্র) সং, ক্লীং, শেষ নক্ষত্র, রেবতী নক্ষত্র। মীনরাশি।
অন্ত্যবর্ণ, (অন্ত্য শেষ—বর্ণ=জাতি, অক্ষর য়ং—স) সং, পুং, শেষ অক্ষর। শূদ্র। চতুর্থ বর্ণ।
অন্ত্যাবসায়ী, (অন্তাবসায়ী দেখ) সং, পুং—ক্লীং চণ্ডালাদি জাতি। নিষাদ-স্ত্রীতে চণ্ডালজাত মুদ্দাফরাস নামক সঙ্কীর্ণজাতি।
অন্ত্যেষ্টি, (অন্ত্য শেষ—ইষ্টি [যজ দেবপূজা করা+তি—ভা। যজ্=ইষ] যাগ, য়ং—স) সং, স্ত্রীং, শেষ যজ্ঞ। শবদাহাদিচরম কার্য্য।
অন্ত্যেষ্টিক্রিয়া, সং, স্ত্রীং, শ্রাদ্ধাদি প্রেতকার্য্য।
অন্ত্র, (অম্=রুগ্ন হওয়া+ত্র—প্রং। কিম্বা অন্ত্ বন্ধন করা+র—সংজ্ঞার্থে। সং, ক্লীং, আঁতড়ি, নাঁড়ীভুঁড়ি। [nia)
অন্ত্রবৃদ্ধি, সং, স্ত্রীং, রোগবিশেষ। (Her-
অন্দিকা, সং, স্ত্রীং, চুল্লী, উনান।
অন্দূ—স্ত্রীং } (অনদ্=বন্ধন করা+
অন্দূক—পুং } অ—উ—প্রং। অন্দ+ক স্বার্থে) সং, নিগড়, হস্তিপাদবন্ধন শৃঙ্খল। স্ত্রী-পাদ-ভূষণ।
অন্ধ, (অন্ধ্ দৃষ্টিহীন হওয়া+যঞ্—ক) বিং, ত্রিং, দৃষ্টিহীন। নিবিড়। অন্ধকারময়। সং, ক্লীং, অন্ধকার। জল।
অন্ধক, (অন্ধ দেখ+ক—প্রং) সং, পুং, দেশবিশেষ, বেহার। মুনিবিশেষ। অসুরবিশেষ। যদুবংশীয় নৃপবিশেষ। ক্লীং, অন্ধকার।
অন্ধকরিপু, (অন্ধক অসুরবিশেষ—রিপু

শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শিব। সূর্য্য। চন্দ্র। অগ্নি।

অন্ধকার, (অন্ধ দৃষ্টিহীন—কার যে করে, ২য়া—ষ) সং, পুং—ক্লীং, তিমির, তমঃ।

অন্ধকাসুহৃদ্, (অন্ধক=অসুরবিশেষ—অসুহৃদ্=শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শিব।

অন্ধকূপ, (অন্ধ—কূপ, য়ং—স) সং, পুং, অন্ধকারময় কূপ। (৭মী—হিং) নরক বিশেষ।

অন্ধগোলাঙ্গুলন্যায়—ন্যায় (১) দেখ।

অন্ধতমস, (অন্ধ=নিবিড়—তমস্=অন্ধকার, য়ং—প্রং) সং, ক্লীং, নিবিড় অন্ধকার।

অন্ধতামিস্র, (অন্ধ নিবিড়—তামিস্র =অন্ধকার, য়ং—স) সং, ক্লীং, নিবিড় অন্ধকার। (৭মী—হিং) নরকবিশেষ।

অন্ধমূপ, সং, স্ত্রীং, সুবর্ণাদিধাতু দ্রবীভূত করণার্থ ছিদ্রযুক্ত মৃণ্ময় পাত্র।

অন্ধপঙ্গুন্যায়—ন্যায়, (২) দেখ।

অন্ধপরম্পরান্যায়—ন্যায়, (৮) দেখ।

অন্ধস্, (অদ্ ভোজন করা+অস—প্রং নআগম। দ=ধ। যাহা ভোজন করা যায়) সং, ক্লীং, সিদ্ধ তণ্ডুল, অন্ন।

অন্ধহস্তীন্যায়—ন্যায় (১০) দেখ।

অন্ধাহি, (অন্ধ দৃষ্টিহীন—অহি সর্প, য়ং —স। ইহার সর্পের ন্যায় গঠন ও চক্ষু ক্ষুদ্র) সং, পুং—স্ত্রীং কুঁচে।

অন্ধিকা, (অন্ধ দেখ+অক—ক) সং, স্ত্রীং, রাত্রি। সর্পী। দ্যূতক্রীড়া বিশেষ, নেত্ররোগবিশেষ। স্ত্রীবিশেষ।

অন্ধু, (অম্ গমন করা+তু—সংজ্ঞার্থে। জলার্থিরা যাহার নিকট গমন করে) সং, পুং, কূপ, পাতকুয়া। [বৃক্ষ।

অন্ধুন, (অন্ধ+উন) সং, পুং, শিরীষ-

অন্ধ্র, (অন্ধ দেখ+র—প্রং) সং, পুং, ব্যাধজাতিবিশেষ। দেশবিশেষ,(তৈলঙ্গ) কলিঙ্গের পশ্চিম।

অন্ন, (অদ্ ভোজন করা+ত—র্ম। দ, ত=ন্ন সং, ক্লীং, ওদন, ভাত। ভোজনীয় বস্তু। বিং, ত্রিং, ভক্ষিত, ভুক্ত। পুং, সূর্য্য।

অন্নকোষ্ঠ, (অন্ন—কোষ্ঠ শস্যাগার) সং, পুং, তণ্ডুলাদি রাখিবার স্থান, গোলা।

অন্নকোষ্ঠক, (অন্ন+কোষ্ঠক) সং, পুং, বিষ্ণু,সূর্য্য। ক্লীং,ধান্যরক্ষণস্থান,গোলা।

অন্নগন্ধি, (অন্ন+গন্ধ ঘ্রাণ) সং, পুং, অতিসার, উদরাময় রোগ।

অন্নদা, (অন্ন—দা=যে দেয়) সং, স্ত্রীং, ভগবতী, বিশ্বেশ্বরী।

অন্নপূর্ণা, (অন্ন ভক্ষ্যদ্রব্য—পূর্ণা তৃপ্তিকর্ত্রী। যিনি অন্নদ্বারা তৃপ্তি করেন, ৩য়া—ষ) সং, স্ত্রীং, ভগবতী, দুর্গা, বিশ্বেশ্বরী।

অন্নপ্রাশন, (অন্ন—প্রাশন [প্র—অশ্ ভোজন করা+অন—ভা] ভোজন, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, বালক বালিকাদের প্রথম অন্নভক্ষণ রূপ সংস্কার।

অন্নভোক্তা, (অন্নভোক্তৃ, ভুজ্ ভোজন করা+তৃণ—ক) বিং, ত্রিং, যাহার সহিত একত্র বসিয়া অন্ন ভোজন করা যায়। যাহাদের সহিত অন্ন খাওয়া যায়

অন্নময়কোষ সং, পুং, স্থূল শরীর।

অন্নমল ; সং, ক্লীং, মদ্য, ধেনোমদ।

অন্নরস, (Chyle) সং, পুং, অন্নাস্বাদ। ভক্ষ্যদ্রব্য। সং,ক্লীং, পাকাশয় মধ্য দিয়া গমনকালে ভুক্ত দ্রব্য হইতে দুগ্ধবৎ যে রস নির্গত হয়।

অন্নবহনালী, (Alimentary Canal) সং, স্ত্রীং, যে নালী দ্বারা ভুক্ত বস্তু শরীরের অন্তরস্থ হয় ও তাহার অসার ভাগ বহির্গত হয়। [বুভুক্ষা।

অন্নলিপ্সা, সং, স্ত্রীং, ভোজনেচ্ছা, ক্ষুধা,

অন্নবিকার, (অন্ন—বিকার=প্রকৃতির অন্যথাভাব, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শুক্র। অন্নকৃতশোণিতমাংসাদিপরিণামজাত-চরমধাতু। বিষ্ঠা, মল।

অন্নাকাল, (অন্ন+অকাল) দুর্ভিক্ষ।

অন্নাদ, (অন্ন—অদ যে ভোজন করে) বিং, ত্রিং, অন্নভোজী, পরান্নভোজন-কারী। সং, পুং, বিষ্ণু।

অন্নাদ্য, (অন্ন+আদ্য প্রথম) তিল-ব্রীহি যবাদি সহিত অন্ন, ভাত।

অন্য, (অন্ বাঁচা+য—প্রং)' সর্ব্বং, ত্রিং, ভিন্ন, অপর। অসদৃশ। এক।

অন্যতম, (অন্য+তম—বহুর মধ্যে একের নির্দ্ধারণার্থে) বিং, ত্রিং, অনেকের মধ্যে একজন।

অন্যতর, (অন্য+তর—দুয়ের মধ্যে একের নির্দ্ধারণার্থে) সর্ব্বং, ত্রিং, ভিন্ন-তর। দুয়ের মধ্যে নির্দ্ধারিত এক।

অন্যতরেদ্যুঃ, (অন্যতরেদ্যুস্, অন্যতর+এদ্যুস—দিবার্থে) অং, অন্যতর দিনে। দুয়ের মধ্যে এক দিনে।

অন্যতঃ, (অন্যতস্, অন্য+তস্ | প্রং পঞ্চমী বা সপ্তমী বিভক্তি স্থানে তস্) অং, বিষয়ান্তরে, পক্ষান্তরে, অন্যত্র। অন্য হইতে।

অন্যত্র, (অন্য+ত্র—প্রং। সপ্তমী স্থানে ত্র) অং, ভিন্ন স্থানে, ভিন্ন বিষয়ে। বিনা। তদ্ভিন্ন, তদ্ব্যতিরেকে।

অন্যথা, (অন্য+থাচ্—প্রকারার্থে) অং, ভিন্ন প্রকার। অন্যরূপ, বিপরীত, বিরুদ্ধ নতুবা। অলীক। বিনা।

অন্যথাসিদ্ধি, (অন্যথা—সিদ্ধি=সিদ্ধান্ত করা) সং, স্ত্রীং, হেতুর দোষ, হেত্বা-ভাসবিশেষ, অন্য প্রকারে সিদ্ধি। "কার্য্যাব্যবহিত পূর্ব্ববর্ত্তিত্বে সতি কার্য্যা-নুৎপাদকত্বং"।

অন্যদা, (অন্য+দা—কালার্থে) অং, অন্য কালে, সময়ান্তরে।

অন্যপুষ্ট, (অন্য—পুষ্ট [পুষ্ প্রতিপালন করা+ত—ম্ম] প্রতিপালিত। যে অন্য কর্ত্তৃক অর্থাৎ কাক কর্ত্তৃক [কোকিল কাকের বাসায় ডিম পাড়িয়া আইসে, এবং কাকও চিনিতে না পারিয়া স্ব ডিম্ব বোধে উহাকে ফুটায় ও শাবককে প্রতি-পালন করে] প্রতিপালিত, ৩য়া—ষ) সং, পুং, ষ্টা—স্ত্রীং, কোকিল, পরভৃত। বিং, ত্রিং, পরপুষ্ট।

অন্যপূর্ব্বা, (অন্য—পূর্ব্ব) সং, স্ত্রীং, পুনর্ভূ ; একের সহিত বিবাহ সম্বন্ধ স্থির হইলে পর অন্যের সহিত যে কন্যার বিবাহ হয়।

অন্যভৃৎ (অন্য [কোকিল] ভৃৎ=যে পোষণ করে, ২য়া—ষ) সং, পুং, স্ত্রীং, কাক।

অন্যভৃত, (অন্য [কাক] ভৃত পুষ্ট, ৩য়া—ষ) সং, পুং—স্ত্রীং, কোকিল।

অন্যমনস্ক, (অন্য—মনস্=মন + ক—স্বার্থে যাহার অন্য দিকে মন আছে, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, চঞ্চল চিত্ত, অন্যমনা।

অন্যাদৃক্, অন্যাদৃশ, (অন্যাদৃশ্, অন্য—দৃশ্, দৃশ [দৃশ্ দেখা+ক্বিপ্, অ—ভা] দর্শন। যাহার অন্যমত দর্শন, ৬ষ্ঠী—হিং, অথবা অন্য—দৃশ্ দেখা+ক্বিপ্, অ—ম্ম) বিং, ত্রিং, অন্য প্রকার। অপ-রাধ।

অন্যান্য, (অন্য—অন্য, দ্বং—স) বিং, ত্রিং, অপরাপর, ভিন্ন ভিন্ন।

অন্যায়, (অ—ন্যায় ঔচিত্য) সং, পুং, অনৌচিত্য, ন্যায়বহির্ভূত। অবিচার।

অন্যায্য, (অ ন্যায্য উচিত) বিং, ত্রিং, অনুচিত। অসঙ্গত, গর্হিত, যুক্তিবিরুদ্ধ।

অন্যূন, (অ—ন্যূন অল্প) বিং, ত্রিং, সমগ্র, সম্পূর্ণ, ন্যূনতারহিত।

অন্যেদ্যুঃ (অন্যেদ্যুস, অন্য+এদ্যুস্, দিবার্থে) অং, পরদিনে। অন্যদিনে।

অন্যোদর্য্য, (অন্য- উদর গর্ভ+য—প্রং) সং, পুং, বৈমাত্রেয় ভ্রাতা। অন্যমাতৃজ।

অন্যোন্য, (অন্য—অন্য। স্ আগম। স্=ও) বিং, ত্রিং, পরস্পর। উভয়ত।

অন্যোন্যাভাব, (অন্যোন্য—অভাব) সং, পুং, পরস্পরের অভাব। (ন্যায়শাস্ত্রমতে) অন্যোন্যাভাবত্বং তাদাত্ম্যসম্বন্ধাবচ্ছিন্ন প্রতিযোগিতাকাভাবত্বং। যথা ঘটে

পটের অভাব ও পটে ঘটের অভাবকে অন্যোন্যাভাব কহে।

অন্যোন্যাশ্রয়, (অন্যোন্য—আশ্রয়) সং, পুং, তর্কদোষবিশেষ।

অন্বক্, (অন্বচ্ অনু=পশ্চাৎ—অন্চ্=গমনকরা+ক্বিপ্—প্রং) বিং, ত্রিং, অনুগামী অনুপদ, পশ্চাৎ।

অন্বক্ষ, (অনু=অনুগত—অক্ষ=ইন্দ্রিয় অথবা অক্ষিশব্দজ) বিং, ত্রিং, প্রত্যক্ষ। পশ্চাদ্গামী। অং, অক্ষিসমীপে।

অন্বয়, (অনু=পশ্চাৎ—ই=গমন করা+অ—ধি, ভা) সং, পুং, আদিপুরুষ। বংশ। বংশপরম্পরা। কুল। বংশজাত পুত্রপৌত্রাদি। ধারা,পরস্পরসম্বন্ধবিশিষ্ট বাক্য বা পদের শ্রেণী বিন্যাস। সম্বন্ধ। সম্পর্ক। বৃদ্ধি। অনুবৃত্তি। বিদ্যমানতা।

অন্বয়জ্ঞ, (অন্বয়+জ্ঞা+ড) সং, পুং, রাজবংশাভিজ্ঞ। স্তুতিপাঠক,ভাট।

অন্বয়বোধ, (অন্বয়—বোধ, ৬ষ্ঠী—ষ) সং, বাক্যের অন্বয় জ্ঞান। পুং, পদ পদার্থের পরস্পর সম্বন্ধ নিরূপণ।

অন্বয়-ব্যতিরেক। সং, পুং, তাহা থাকিলে তাহা থাকা,তাহা না থাকিলে তাহা না থাকা। অনুমান ভেদ।

অন্বয়ব্যতিরেকী (অন্বব্যতিরেকিন্, অন্বয়—ব্যতিরেক+ইন্—প্রং) বিং, ত্রিং, সাধ্যসাধক হেতু বিশেষ—যথা বহ্নিসাধনে ধূম।

অন্বয়ী, (অন্বয়িন্, অন্বয়+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, অন্বয়বিশিষ্ট, বংশসম্বন্ধী, অনুসারী।

অন্বর্থ, (অনু=অনুগত—অর্থ, ৭মী—হিং। মধ্য-পদ-লোপ) বিং, ত্রিং যথার্থ, প্রকৃতার্থযুক্ত। যথা "তথৈব সোঽভূদন্বর্থো রাজা প্রকৃতিরঞ্জনাৎ" রঘুবংশ। সঙ্গত, কৃতার্থ। [সং,পুং, যথেচ্ছাপ্রবৃত্তি।

অন্ববসর্গ, (অনু+অব+সৃজ্+ঘঞ্)

অন্ববায়,(অনু=পশ্চাৎ—অব-ইন+অল্ [বা]অয়্+ঘঞ্) সং,পুং,বংশ, কুল, যথা "কথমেকান্ববায়োঽস্মাকং" শকুন্তলা।

অন্বষ্টকা, (অনু + অষ্টকা=অষ্টমদিন) সং, স্ত্রীং, পৌষ মাঘ ফাল্গুণ এবং আশ্বিন মাসের কৃষ্ণনবমী যে সময়ে সাগ্নিকেরা মাতৃপক্ষশ্রাদ্ধ করিয়া থাকেন।

অন্বহ, (অনু=প্রতি—অহন্=দিন, ব্যং—স) অং, অনুদিন, প্রত্যহ।

অন্বাচয়, (অনু=সহিত+আ+চি=চয়ন করা+অল্-ভা) সং, পুং অনুষঙ্গ আনুষঙ্গিকতা। উদ্দেশ্যের সহিত অনুদ্দেশ্যের ও সিদ্ধি [—প্রং) অং,দুর্ব্বলের বলাধান।

অন্বাজে,(অনু+আ+জি—জয় করা+ডে

অন্বাধি, (অনু=অনুসারে—আধি গচ্ছিত বস্তু) সং, পুং, এক জনের নিকট হইতে অন্যের নিকট গচ্ছিত রাখা। অনুশোচন, পশ্চাত্তাপ।

অন্বাধেয়, (অনু=পশ্চাৎ+আধেয়=প্রাপ্ত, লব্ধ) সং, ক্লীং. বিবাহানন্তর. ভর্তৃকুল বা পিতৃকুল হইতে লব্ধ স্ত্রীধন।

অন্বাসিত, (অনু পশ্চাৎ—আসিত=উপবেশিত) বিং, ত্রিং, পশ্চাদুপবেশিত। সেবিত।

অন্বাহার্য্য, (অনু=পশ্চাৎ—আহার্য্য [আ—হৃ=আহরণ করা+য—র্ম্ম] আহরণীয়। সাগ্নিকেরা পিতৃযজ্ঞের পর প্রতি অমাবস্যায় যাহা আহরণ করেন্) সং, ক্লীং, মাসিক শ্রাদ্ধ। পিতৃণাম্ মাসিকং শ্রাদ্ধ মন্বাহার্য্যং বিদুর্বুধাঃ। তচ্চামিষেণ কর্ত্তব্যং প্রশস্তেন প্রযত্নতঃ॥

অন্বাহিত,(অনু=পশ্চাৎ—আহিত=স্থাপিত) বিং, ত্রিং, পুনর্গচ্ছিত। অন্য লোকের নিকট প্রেরণের নিমিত্ত যাহা গচ্ছিত রাখা যায়।

অন্বিত, অন্বীত (অনু=সহিত—ইন [ই গমন করা+ত—ক] গত) বিং, ত্রিং, সংযুক্ত, মিলিত, পরস্পর সম্বদ্ধ। অনুগত। অন্বয়বিশিষ্ট।

অন্বিষ্ট, অন্বেষিত } (অনু=পশ্চাৎ—ইষ=ইচ্ছা করা+ত—র্ম্ম) বিং, ত্রিং,

যাহার অন্বেষণ করাযায়। আকাঙ্ক্ষিত।

অন্বীক্ষা, (অনু=পশ্চাৎ—ঈক্ষা দর্শন) সং, স্ত্রীং. বেদ বাক্য শ্রবণ করিয়া পশ্চাৎ তদর্থ পর্য্যালোচন, অনুমান।

অন্বেষণ, (অন্বিষ্ট দেখ+অন—ভা) সং, ক্লীং,(ণা)—স্ত্রীং,অনুসন্ধান, আকাঙ্ক্ষা।

অন্বেষ্টা, (অন্বেষ্টৃ, অন্বিষ্ট দেখ+তৃণ—ক) বিং, ত্রিং, অনুসন্ধানকারী।

অপ্, (আপ্=পাওয়া+কিপ—প্রং আ=অ) সং, স্ত্রীং, বহুং, জল।

অপ, (অ—পা=রক্ষা করা+ড—প্রং) উপং। অপকর্ষ। অপগম। বর্জ্জন। বিয়োগ বিপর্য্যয়। ভেদ। বৈরাগ্য। অশিষ্টতা। অসাধুতা। হর্ষ। বিকৃতি। চৌর্য্য। নির্দ্দেশ

অপকর্ম্ম, (অপকর্ম্মন্, অপ কুৎসিত—কর্ম্ম ক্রিয়া, য়ং—স) সং ক্লীং,কুকর্ম্ম,দুষ্ক্রিয়া।

অপকর্ষ, (অপ=অধম-কৃষ্=আকর্ষন করা অল—ভা) সং, পুং, অপকৃষ্টতা। অপ্রধানতা, নীচতা।

অপকলঙ্ক, (অপ—কলঙ্ক=অখ্যাতি) সং, পুং, মিথ্যাপবাদ, দুর্নাম।

অপকার, (অপ=মন্দ—কৃ+ঘঞ্-করণ) সং, পুং, অনিষ্ট, হানি, ক্ষতি।

অপকারী, (অপকারিন্, অপ=মন্দ—কৃ=করা+ইন্—ক) বিং,ত্রিং, অনিষ্টকর, মন্দকারী। [অপযশ, অপবাদ।

অপকীর্ত্তি, (অপ—কীর্ত্তি=যশ) সং, স্ত্রীং,

অপকৃত, (অপকারী দেখ+ত—র্ম্ম) বিং, ত্রিং যাহার অপকার করা হয়।

অপকৃষ্ট, (অপকর্ষ দেখ—ত—র্ম্ম) বিং, ত্রিং, নিকৃষ্ট। অপনীত। অধম।

অপক্রম, (অপ=কোন স্থান হইতে বা স্থানান্তরে—ক্রম্=গমন করা+অ—ভা) সং, পুং, পলায়ন। প্রস্থান।

অপক্রিয়া, (অপ=মন্দ বা বিরুদ্ধ—ক্রিয়া=করণ) সং,স্ত্রীং অপকার, হানি। দ্রোহ।

অপক্রোশ, (অপ = বিরুদ্ধ — ক্রুশ্=চীৎকার করা + অ—ভা) সং, পুং, নিন্দা, ভৎর্সনা। জুগুপ্সন।

অপগত, (অপ=স্থানান্তরে—গত=যে গিয়াছে) বিং, ত্রিং, মৃত। প্রস্থিত। পলায়িত। বিগত। রহিত।

অপগম, (অপগত দেখ, গম্=গমন করা +অ—ভা) সং, পুং, নাশ। প্রস্থান। পলায়ন। নির্গম। বিচ্ছেদ, মরণ।

অপগা, (অপ=নিম্ন কিম্বা অপ [অপ্=জল+অ—অস্ত্যর্থে] সমুদ্র—গ যে গমন করে। যে নিম্নে বা সমুদ্রে গমন করে, ৭মী—ষ) সং, স্ত্রীং, নদী, নিম্নগা, স্রোতস্বতী। আপগা।

অপঘন, (অপ—হন্=নাশকরা+অ—র্ম্ম। হ=ঘ) সং, পুং, অবয়ব, অঙ্গ। শরৎকাল। বিং, ত্রিং, নির্মেঘ, মেঘশূন্য।

অপঘাত, (অপ=অপকৃষ্ট—হন্=নাশকরা +অ—ভা। হন্=ঘাত) সং, পুং, অপকৃষ্ট মৃত্যু, রোগ ব্যতিরেকে কোন আকস্মিক কারণে অর্থাৎ উদ্বন্ধনাদি দ্বারা অকালমৃত্যু।

অপঘৃণ, (অপ—ঘৃণা) বিং, ত্রিং, নির্দ্দয়। নির্লজ্জ। [পুং, ক্ষতি, হ্রাস। ব্যয়। ক্ষয়।

অপচয়, (অপ=বিপরীত—চয়=সঞ্চয়)সং,

অপচার, (অপ=বিরুদ্ধ—চর্=গমন করা +ঘঞ্—ভা) সং, পুং, স্বধর্ম্ম ব্যতিক্রম। অহিতাচরণ অত্যাচার। অজীর্ণ রোগ।

অপচিত, (অপ—চায়্=পূজা করা কিম্বা চি=সঞ্চয় করা+ত—র্ম্ম। চায়=চি) বিং, ত্রিং, পূজিত। ব্যয়িত।

অপচিতি, (অপ—চায়+তি—ভা) সং, স্ত্রীং, পূজা, আরাধনা। (অপ+চি+তি) অপচয়, হানি। ক্ষয়।

অপচ্ছায়, (অপ+ছায়া) বিং, ত্রিং, ছায়া শূন্য স্ত্রীং, (য়া) ভূতযোনী।

অপজয়, (অপ=বিপরীত—জি=জয়করা +অ—ভা) সং, পুং, পরাজয়।

অপঞ্চীকৃত, (অ—পঞ্চন্=পাঁচ—কৃত=করা হইয়াছে+চ্বি) সং, ক্লীং, সূক্ষ্মভূত, অভেদ্য (Which can not be analysed) আকাশাদি পঞ্চভূত।

অপটাক্ষেপ, (অ+পট=পর্দ্দা+আক্ষেপ, নিক্ষেপ=করা)সং,পুং,পর্দ্দা (Scenery) না ফেলিয়া রঙ্গভূমিতে সসম্ভ্রমে প্রবেশ।
অপটান্তর—(অ+পট+অন্তর=ব্যবধান) বিং, ত্রিং যাহার মধ্যে পটমাত্রও ব্যবধান নাই। অব্যবহিত। সংসক্ত।
অপটী, (অ—পট্=গমন করা+অ—ক। ঈ—প্রং, যে গমন করিতে দেয় না) সং,স্ত্রীং, বস্ত্রাবরণ, কানাত, পর্দ্দা।
অপটু, (অ—পটু=নিপুণ) বিং; ত্রিং, কার্য্যাক্ষম। অসুস্থ, রোগী। অমুখর, বাগ্মিতারহিত।
অপতন্ত্রক, (অপ=অপগত, নষ্ট, তন্ত্র, =অভিলাষ, ইচ্ছা। যে ইচ্ছা নষ্ট করে), সং, পুং, বায়ুরোগ বিশেষ, ধনুষ্টঙ্কার।
অপতর্পণ, (অপ+তর্পণ [তৃপ+অনট্] সন্তোষ, যাহার দ্বারা সন্তোষ নষ্ট হয়) সং, ক্লীং, লঙ্ঘন, রোগাদিনিমিত্ত উপবাস।
অপত্য, (অ—পৎ=গমন করা+য—ণ। যদ্দারা বংশ পতিত হয় না অর্থাৎ রক্ষা হয়) সং,ক্লীং, সন্তান সন্ততি, প্রসূতি, পুত্রকন্যা।
অপত্যদা, (অপত্য+দা=যে দান করে) সং স্ত্রীং, ধাত্রী। গর্ভদাত্রীলতা বিশেষ, যাহা সেবন করিলে স্ত্রীলোকদিগের গর্ভ হয়।
অপত্যশত্রু, (অপত্য—শত্রু। অপত্য শত্রু যাহার, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কাঁকড়া, কর্কট। গর্ভনির্গমনকালে কর্কটের প্রাণবিনাশহয় বলিয়া ইহাকে অপত্যশত্রুবলে।
অপত্যস্নেহ, (অপত্য—স্নেহ, ৭মী—ষ) সং, পুং, সন্তানের প্রতি যে স্বাভাবিক স্নেহ, পুত্র বাৎসল্য।
অপত্রপ, (অপ=রহিত—ত্রপা=লজ্জা। যাহার লজ্জা নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নির্লজ্জ। পা—স্ত্রীং, ত্রপা, অন্য হেতুক লজ্জা।
অপত্রপিষ্ণু, (অপ—ত্রপ্=লজ্জিত হওয়া +ইষ্ণু—শীলার্থে) বিং, ত্রিং, লজ্জাশীল, লাজুক, যে লজ্জা করে।
অপথ, (অ—পথ [পথিন্ শব্দজ] রাস্তা) সং, ক্লীং, পথ না থাকা, কুপথ। যোনি। গর্ভ।
অপথ্য, (অ—পথ্য=রোগীর যোগ্য আহার) বিং, ত্রিং, কুপথ্য, রোগীর ভোজনের অযোগ্য। অহিতকর। অনুপযুক্ত।
অপন্থা, (অপথিন্, অ—পথিন্=পথ) সং, পুং, অপথ দেখ।
অপদান } (অপ,অব, পূর্ব্বে+দা=দান
অবদান } ক্ত+অনট্) প্রশংসনীয়কার্য্য, মহৎ কার্য্য যথা "গণয়ত্যবদান সম্মিতাং ভবতঃ সোপি ন সৎক্রিয়ামিমাম্" শকুন্তলা।
অপদান্তর, (অ,পদ=স্থান+অন্তর=মধ্য, যাহার মধ্যে স্থান নাই। ৬ষ্ঠী—হিং), সং,ক্লীং, সান্নিধ্য,সন্নিকর্ষ,নৈকট্য। বিং, ত্রিং, অব্যবহিত। [অযোগ্য, অসার।
অপদার্থ, (অ—পদার্থ=বস্তু) বিং, ত্রিং,
অপদিশ, (অপ=মধ্য—দিশ=দিক্। দুই দিকের মধ্যস্থল, ব্যং—স) সং, ক্লীং, অগ্ন্যাদি কোণ। বিদিক্।
অপদিশ্য, (অপ,+দিশ্=দেখান+য)। সর্ব্বত্র দেখান) ব্যং সর্ব্বত্র গমন, উপপাদনানন্তর। [চাদি।
অপদেবতা; সং, স্ত্রীং, ভূত, প্রেত, পিশা-
অপদেশ, (অপ=অপকৃষ্ট—দিশ্=বলা, দান করা+অ—ভা) সং, পুং শঠতা। লক্ষ্য। স্থান। দিক্। কারণ। সুখ্যাতি। ব্যবহার। নাম। নির্দ্দেশ। বেশাদির দ্বারা ছদ্মবেশ ধারণ।
অপধ্বস্ত, (অপ=অপকৃষ্ট—ধ্বংস্=গমন করা, বিনষ্ট হওয়া+ত—র্ম) বিং, ত্রিং, ত্যক্ত, পরিত্যক্ত। নিন্দিত। চূর্ণিত।
অপধ্যান,(অপ+ধ্যৈ=শব্দ করা+অনট্) সং, ক্লীং, অমদভিসন্ধি। দুষ্ট অভিপ্রায়।
অপনয়—পুং } (অপ = এক স্থান
অপনয়ন—ক্লীং } হইতে—নী=লওয়া

+অ, অন—ভা) সং, দূরীকরণ। পরিত্যাগ। খণ্ডন। অপহরণ। অপকার। প্রমার্জ্জন, মোছা। বিনাশন। স্মরণ। ঋণ হইতে মোচন।

অপনীত, (অপনয় দেখ+ত—র্ম্ম) বিং, ত্রিং, ত্যক্ত, দূরীকৃত। অপসারিত। অপহৃত। খণ্ডিত। অপকৃত, ঋণনির্ম্মুক্ত।

অপর্নুত্তি, (অপ+নুদ্=বধ করা+তি) সং, স্ত্রীং, অপনোদ, খণ্ডন, বিনাশ।

অপনোদন, (অপ—নুদ্=প্রেরণ করা+অনট্—ভা) সং, ক্লীং, অপনয় দেখ।

অপভাষা, (অপ = অপকৃষ্ট—ভাষা =কথন) সং, স্ত্রীং, অসাধুবাক্য, অপকৃষ্ট ভাষা।

অপভ্রংশ, অপভ্রংস, (অপ=একস্থান হইতে —ভ্রন্শ্, ভ্রন্স্ পতিত হওয়া+অ—ভা) সং, পুং, অধঃপতন। ধ্বংশ। অপভাষা, অসংস্কৃত শব্দ।

অপমন্, (অপ+মা=পরিমাণকরা+ড) সং, পুং, জ্যোতিষ প্রসিদ্ধ ক্রান্তি। সূর্য্যগমনার্থ বক্র গোল রেখা(Ecliptic)

অপমর্শ, অপমর্ষ, (অপ=অপকৃষ্ট—মৃশ্, মৃষ্=বিবেচনা করা ইত্যাদি+অ-প্রং) সং, পুং, নিন্দা। অপহরণ। স্পর্শ, সঙ্ঘর্ষ।

অপমান, (অপ=বিপরীত—মান= [মন+ঘঞ্] সম্ভ্রম) সং, ক্লীং, অনাদর, মানহানি, অমর্য্যাদা, অবজ্ঞা, তিরস্কার।

অপমার্গ, (অপ+মৃজ=শোধন-কৃ+ঘঞ)সং পুং, অঙ্গমার্জ্জন, পরিষ্ক্রিয়া। যথা অমৃতদ্রবৈর্বিদধদব্জমাদৃশামপমার্গ মোধিপতিঃ স্ম করৈঃ। (শিশুপাল বধ)। (অপ+মার্গ= পথ) অপরপার্শ্ব, অন্যদিক্। মন্দপথ।

অপমিত্যক, (অপ+মি=নিক্ষেপ করা+ত্যকন্। ঋণগ্রহণে উত্তমর্ণ সমীপে অপমান হেতুক দুঃখ উৎপন্ন হইয়া থাকে) ঋণ।

অপমৃত্যু, (অপ=অপকৃষ্ট—মৃত্যু=মরণ) সং, পুং অপঘাত মৃত্যু, রোগ ব্যতিরেকে কোন আকস্মিক কারণে মৃত্যু।

অপযশঃ, (অপযশস্ অপ, অপকৃষ্ট—যশস =খ্যাতি) সং, ক্লীং, অখ্যাতি, কুযশ, দুর্নাম, কলঙ্ক, অপবাদ।

অপযান, (অপ=স্থানান্তরে—যান=গমন) সং, ক্লীং, অপগমন, পলায়ন। প্রস্থান যথা মানস্তক্রতমপযানমাস্থিতস্য (শিশুপালবধ)।

অপর, (অ—পৃ=পালন করা+অ—প্রং কিম্বা অ—পর=অন্য) বিং, ত্রিং, অন্য, অসাধারণ। পশ্চিম। শত্রুপক্ষ। অধম, হীন। প্রতিকূল, বিপরীত। আত্মীয়, স্বপক্ষ। সং, ক্লীং, হস্তীর পশ্চিম পাদ। আরও। রা—স্ত্রীং, পশ্চিমদিক। জরায়ু। স্ত্রীলোকের গর্ভকালে রজোনিবৃত্তি।

অপরক্ত, (অপ—রন্জ্=অনুরক্ত হওয়া +ত—ক) বিং, ত্রিং, বিরক্ত, অনুরাগশূন্য, উদাসীন।

অপরতি, (অপ — রম্=ক্রীড়াকরা, বিশ্রামকরা+তি—ভা। ম—লোপ) সং, স্ত্রীং, বিরতি, নিবৃত্তি। বিরাগ।

অপরত্র, (অপর+ত্র—কালার্থে) অং, পরকালে। অন্যত্র। পশ্চাৎ।

অপরত্ব, (অপর+ত্ব) সং, ক্লীং, প্রতিকূলতা, বিপক্ষতা। (ন্যায়মতে) অন্তিকত্ব। কণিষ্ঠত্ব, অল্পদেশমাত্রবৃত্তিত্ব।

অপরপক্ষ, (অপর=শেষ—পক্ষ) সং, পুং, কৃষ্ণপক্ষ।

অপররাত্র, (অপর=শেষ—রাত্র=রাত্রি শব্দজ) সং, পুং, শেষরাত্রি, রাত্রির শেষ প্রহর।

অপরব, (অপ+রব=শব্দ) সং, পুং, বিবাদ, কলহ, অনৈক্য।

অপরাগ, (অপ—রন্জ্=অনুরক্ত হওয়া +অ—ভা) সং, পুং, অনুরাগ। বিরাগ। বিরক্ত।

অপরাগ্নি, (অপর+অগ্নি) সং, পুং, গার্হপত্য অগ্নি।

অপরাজিত, (অপর=অন্য—জি+জিত

=পরাভূত। যে অন্য কর্ত্তৃক পরাজিত নহে, কিম্বা অ—পরাজিত, নঞ্—ষ) বিং, ত্রিং, অজিত, অপরাভূত। সং, পুং, শিব। বিষ্ণু। ঋষি বিশেষ। তা—স্ত্রীং, প্রসিদ্ধ লতা। দুর্গা। দূর্ব্বা। শর্করীনামক ছন্দোবিশেষ। ঈশানকোণ

অপরাদ্ধ, (অপ=অপকৃষ্টরূপে—রাধ্=সম্পন্ন করা+ত—ক) বিং, ত্রিং, অপরাধী। স্খলিত। ভ্রান্ত। ক্লীং, অপরাধ, দোষ।

অপরাদ্ধপৃষৎক, অপরাদ্ধেষু (অপরাদ্ধ স্খলিত,ভ্রান্ত—পৃষৎক, ইষু=বাণ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার বান লক্ষ্যে পড়ে নাই। লক্ষ্যচ্যুতসায়ক। ধনুর্দ্ধারী।

অপরাধ, (অপ+রাধ+ঘঞ্-ভা) সং, পুং, দুষ্ক্রিয়াজন্য দোষ, পাপ।

অপরাধী, (অপরাধিন্, অপরাধ্+ইন্=অস্ত্যর্থে) বিং, ত্রিং, অপরাধকারী, দোষী।

অপরান্ত, (অপরা=পশ্চিমদিক্—অন্ত) সং, পুং, পশ্চিমদিগন্ত। বিং, ত্রিং, পাশ্চাত্য, পশ্চিম দেশীয়।

অপরাহ্ণ, (অপর=শেষ—অহ্ন [অহন্+ষ—প্রং। অ—লোপ] দিবস—ষ) সং, পুং, দিনের শেষভাগ, বৈকাল।

অপরিগ্রহ, (অ—পরিগ্রহ=গ্রহণ) সং, পুং, গ্রহণাভাব, অস্বীকার। (অ+পরিগ্রহ = পত্নী, যাহার পত্নী নাই) পরিব্রাজক।

অপরিচিত, (অ+পরিচিত=অজ্ঞাত) বিং, ত্রিং, যাহার সহিত আলাপ নাই অবিদিত। অজ্ঞাতকুলশীল।

অপরিচ্ছন্ন, (অ+পরি+ছদ+ক্ত, যে পরিচ্ছেদ যুক্ত নয়) বিং ত্রিং, বস্ত্রহীন।

অপরিচ্ছিন্ন, (অ—পরিচ্ছিন্ন) বিং, ত্রিং, ইয়ত্তারহিত, অসীম।

অপরিণামদর্শী, (অপরিণামদর্শিন্, অ—পরিণাম=শেষ—দর্শী=যে দেখে) বিং, ত্রিং, যে পশ্চাৎ বিবেচনা করিয়া কার্য্য করে না, অনভিজ্ঞ, অবিবেচক।

অপরিমিত, (অ—পরিমিত) বিং, ত্রিং, পরিমাণ-রহিত, প্রচুর। অনন্ত।

অপরিবাদ্য, (অ+পরিবাদ্য [পরি+বদ=বলা+ঘ্যণ্] নিন্দনীয়) বিং, ত্রিং, তিরস্কারের অযোগ্য, অনিন্দ্য।

অপরিসর, (অ+পরিসর, [পরি+সৃ, গতি+অল] নিকট,যাহা নিকটে থাকে না) বিং, ত্রিং, দূরবর্ত্তী, অসন্নিহিত।

অপরিহার্য্য, (অ—পরিহার্য্য=ত্যাজ্য) বিং, ত্রিং, পরিহারের অযোগ্য, অত্যাজ্য। অবশ্যম্ভাবী।

অপরূপ, (অপ=কুৎসিত, মন্দ+রূপ=আকৃতি। যাহার আকৃতি মন্দ) বিং, ত্রিং, কুরূপ, কুৎসিতাকার। আশ্চর্য্য। সং, ক্লীং, অঙ্গবিকৃতি, বিকলাঙ্গতা।

অপরেদ্যুঃ, (অপরেদ্যুস্, অপর+এদ্যুস্—দিবার্থে) অং, অপরদিনে, পরশ্ব।

অপরোক্ষ, (অ—পর=অতীত—অক্ষ=ইন্দ্রিয়। স্—আগম। যাহা ইন্দ্রিয়ের অতীত নহে) বিং, ত্রিং, সাক্ষাৎকার-যোগ্য। প্রত্যক্ষ জ্ঞান বিষয়। সং, ক্লীং, বিষয়েন্দ্রিয়সন্নিকর্ষ জন্য-প্রত্যক্ষ-রূপ জ্ঞান।

অপর্ণা, (অ—পর্ণ পত্র। অথবা অ=না [ভুক্ত]—পর্ণ=পত্র। অভুক্ত হইয়াছে পর্ণ যৎকর্ত্তৃক, ওয়া—হিং। মধ্যপদ—লোপ) সং, স্ত্রীং, পার্ব্বতী, দুর্গা। "স্বয়ং বিশীর্ণদ্রুমপর্ণবৃত্তিতা পরা হি কাষ্ঠা তপসস্তয়া পুনঃ। তদপ্যপকীর্ণমতঃ প্রিয়ংবদাং বদন্ত্যপর্ণেতি চ তাং পুরাবিদঃ" কুমারসম্ভব।

অপর্য্যাপ্ত, (অ—পর্য্যাপ্ত=প্রচুর) বিং, ত্রিং, অপরিমিত, অসীম। অসমর্থ। অসম্পূর্ণ। অক্ষম। অপ্রচুর।

অপর্য্যুষিত, (অ+পর্য্যুষিত [পরি+বস=বাসকরা+ত] পুরাতন) বিং, ত্রিং, নূতন। সদ্যোজাত।

অপল, (অপ=নিম্নে+লা=গ্রহণ করা+ড) সং, ক্লীং, কীলক। গোঁজ, খোঁটা।
অপলাপ, (অপ বিরুদ্ধ—লপ্ বলা+অ—ভা) সং, পুং, অপহ্নব, অস্বীকার। জ্ঞাতবিষয়ের গোপন স্নেহ, প্রেম, প্রণয়।
অপলাষিকা } (অপ—লষ্=অভিলাষ
অপলাসিকা } করা+অক—ক) সং, স্ত্রীং, পিপাসা, তৃষ্ণা।
অপবরক, (অপ+বৃ, আচরণ করা+কন্) সং, পুং, অন্তর্গৃহ, সভাগার, শয়নস্থান।
অপবর্গ, অপ—বৃজ্=ত্যাগ করা+ঘঞ্—ভা। জ=গ) সং, পুং, মুক্তি, মোক্ষ, নির্ব্বাণ জীবাত্মা পরমাত্মার ঐক্য, সংসার বন্ধ মোচন। পরিত্যাগ। ফলসিদ্ধি, কর্ম্ম ফল। নিষ্পত্তি। কার্য্যসমাপ্তি। দান।
অপবর্জ্জন, (অপ+বৃজ+অন—ভা) সং, ক্লীং, দান। ত্যাগ, বিসর্জ্জন। পরিহার ছেদন। মোক্ষ।
অপবর্ত্তক, (Measure, অপবর্ত্তন দেখ+অক—ক) বিং, ত্রিং, যে রাশি দ্বারা অন্য রাশিকে ভাগ করিলে ভাগাবশিষ্ট কিছু না থাকে। তাহাকে ঐ রাশির অপবর্ত্তক কহে, যথা—৩, ১৮র অপবর্ত্তক।
অপবর্ত্তন, (অপ—বৃৎ [বিদ্যমান থাকা] কমান+অন—ভা) সং, ক্লীং, আন্দোলন। গ্রহণ। অপসরণ। সংক্ষেপ, লাঘব। অঙ্কশাস্ত্র প্রসিদ্ধ ভাজ্য ভাজক উভয়েরই তুল্যরূপ কোন অঙ্ক দ্বারা বিভাজন পরিবর্ত্তন। Division by a common measure, reduction of a fraction to its lowest terms.।
অপবর্ত্ত্য, (Multiple, অপবর্ত্তন দেখ+য—র্ম্ম) বিং, ত্রিং অন্যরাশি' দ্বারা বিভক্ত হইলে যে রাশির ভাগাবশিষ্ট কিছু না থাকে, সেই রাশিকে ঐ অন্য রাশির অপবর্ত্ত্য কহে, যথা—১৮, ৩ এর অপবর্ত্ত্য, কারণ ১৮, ৩ এর ঠিক চতুর্গুণ, অথাৎ ৩ দ্বারা বিভক্ত হইলে ১৮র ভাগাবশিষ্ট কিছুই থাকে না।
অপবাদ, (অপ=অধম, ঘৃণিত—বাদ [বদ্=বলা+অ—ভা] কথন) সং, পুং, নিন্দা, অপযশ। নিয়ম, আজ্ঞা। বিশ্বাস, প্রণয়। বিশেষবিধি।
অপবারণ, (অপ—বারি=আবরণ করা+অন—ভা) সং, ক্লীং, অন্তর্ধান। ব্যবধান। বর্জ্জন।
অপবারিত, (অপ+বৃ+ণিচ্—র্ম্ম—ত) বিং, ত্রিং, আচ্ছাদিত। অন্তর্হিত, ব্যবহিত। বর্জ্জিত।
অপবার্য্য, (অপ+বৃ=গোপন করা+ণিচ্+য) গোপন করা।
অপবাহ, (অপ+বহ+ঘঞ্) সং, পুং, অনুমান, অনুমতি।
অপবাহিত, (অপ—বাহি=বহান+ত—র্ম্ম) বিং, ত্রিং, তাড়িত, সরাইয়া দেওয়া আক্রান্ত।
অপবিদ্ধ, (অপ—ব্যধ্=তাড়না করা+ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রত্যাখ্যাত, নিরস্ত। পরিত্যক্ত। ক্ষিপ্ত, প্রক্ষিপ্ত। সম্প্রেষিত, প্রেরিত। সং, পুং, দ্বাদশবিধ পুত্র মধ্যে একপ্রকার পুত্র, মাতাপিতা কর্ত্তৃক উৎসৃষ্ট যে বালককে পুত্ররূপে গ্রহণ করা যায়। যথা "মাতা পিতৃভ্যামুৎসৃষ্টং তয়োরন্যতরেণ বা। যং পুত্রং পরিগৃহ্ণীয়াদপবিদ্ধ স উচ্যতে" মনুঃ।
অপব্যয়, (অ'=অপকৃষ্ট—ব্যয়) সং, পুং, অপকৃষ্ট ব্যয়, 'ধনাদির অপরিমিত বা বৃথাব্যয়। কুকর্ম্মে অর্থ ব্যয়।
অপশদ, অপসদ, (অপ=অপকৃষ্ট—শদ্, সদ্=গমন করা+অ—ক) সং, পুং, অধম মনুষ্য, নীচ।
অপশব্দ, (অপ=অপকৃষ্ট—শব্দ)সং, পুং, অপকৃষ্ট শব্দ, অপভ্রংশ ইতর শব্দ।
অপশুচ, (অপশুক্, অপ+শুচ্=দুঃখ) সং, পুং, আত্মা।

অপশোক, (অপ=অপগত—শোক) বিং, ত্রিং, শোকরহিত। সং, পুং, অশোকবৃক্ষ।

অপশ্চিম, (অ+পশ্চিম=শেষ) বিং, ত্রিং, অন্ত্য, শেষ, চরম। অতিশয়।

অপষ্টম, সং, পুং, অঙ্কুশাগ্রভাগ।

অপষ্ঠু, (অপ মন্দরূপে—স্থা=যে থাকে—ডু—প্রং। স্থ=ষ্ঠ) সং, পুং, অসত্য, প্রতিকূল। বাম, দক্ষিণেতর। অং, নির্দ্দোষ। শোভন। প্রতিকূল, বিপরীত,

অপস্, (আপ্=পাওয়া+অসু) সং, ক্লীং, যজ্ঞকর্ম্ম।

অপসর—পুং
অপসর্পণ—ক্লীং
অপসর্পণ—ক্লীং
(অপ=স্থানান্তর হইতে বা স্থানান্তরে—সৃপ্ গমনকরা+অ, অনট্—ভা) সং, ক্লীং, স্থানান্তর গমন, সরিয়া যাওয়া। বহির্গমন।

অপসর্জ্জন, (অপ—সৃজ্=ত্যাগকরা+অন—ভা) সং, ক্লীং, দান, ত্যাগ, বিসর্জ্জন। মোক্ষ অপবর্গ, মুক্তি। বধ, হত্যা।

অপসর্প, (অপ=মন্দরূপে—সৃপ্=গমন করা+অ—ভা) সং, পুং, গুপ্তচর, চর। দূত। অপসর্পণ।

অপসব্য, (অপ—সব্য=দক্ষিণ) বিং, ত্রিং, দক্ষিণদিক্, ডানদিক। বিপরীত দিক্। (অপ্—সু=পীড়াদেওয়া+য—প্রং) প্রতিকূল। ক্লীং, প্রদেশিনী ও অঙ্গুষ্ঠের মধ্যবর্ত্তীস্থান।

অপসার, (অপ+সৃ+ঘঞ্—ভা) সং, পুং, নির্গমপথ, দুর্গাদির নির্গমদ্বার। পলায়ন, অপসারণ।

অপসারণ, (অপ=স্থানান্তর হইতে+সারি [সৃ+ণি]=চালান+অন) চালান, সরান।

অপসারিত, (অপ=স্থানান্তর হইতে—সারি=গমন করান+ত—র্ম্ম) বিং,ত্রিং, বহির্গত, পলায়িত। বিবৃত। চালিত। তাড়িত। নিষ্কাশিত।

অপসৃত, (অপসর দেখ+ত—ক) বিং, ত্রিং, অপগত, চলিত।

অপস্কর, (অপ—কর [কৃষ=চষা, অথবা কৃ=করা+অ—প্রং। স্—আগম,সুশ্রাব্যার্থে)সং, পুং, অক্ষ, যুগ, চক্র প্রভৃতি রথাবয়ব। গুহ্যদ্বার, মলদ্বার। বিষ্ঠা, পুরীষ।

অপস্নান,(অপ—স্না=স্নান করা+অন—ভা, ণ) সং, ক্লীং, মৃত স্নান, কোন ব্যক্তি মরিলে তাহাকে উদ্দেশ করিয়া যে স্নান। অপবিত্র স্নান।

অপস্মার, (অপ—না—স্মার [স্মৃ+ঘঞ্ স্মরণ। যাহার দ্বারা স্মরণ থাকে না) সং, পুং, মূর্চ্ছারোগ, মৃগীরোগ। অলঙ্কারশাস্ত্রে ত্রিংশদ্বিধ ব্যভিচারিতার মধ্যে পরিগণিত একপ্রকার ব্যভিচারীভাব।

অপহরণ,(অপ=পূর্ব্বে হৃ লইয়া যাওয়া+অনট্—ভা) সং, ক্লীং, চুরি। দত্তদ্রব্যের পুনর্গ্রহণ।

অপহর্ত্তা, (পূর্ব্বে দেখ +তৃন—ক) সং, অপহরণকারী, চোর। অপলাপকারী।

অপহসিত, (অপ=অপকৃষ্ট—হস্=হাস্য করা+ত—ক, ভা) সং, ক্লীং, বিকট হাস্য, অপকৃষ্ট হাস্য। বিকৃতহাস্য।

অপহস্ত; বিং, ত্রিং, গলহস্তাদিদ্বারা অপসারিত। বেহাতী। ক্লীং চৌর্য্য, অপসারণ।

অপহা, (অপহন্ অপ—হন্=বধকরা+ক্বিপ্—ক) বিং, ত্রিং, বিনাশক, উচ্ছেদকারক।

অপহার, (অপহরণ দেখ+অ—ভা) সং, পুং, ক্ষতি, চুরি যাওয়া। অপচয়। সংগোপন, নিহ্নব।

অপহারক, (অপহরণ দেখ+অক—ক) সং, পুং, চোর, ক্ষতিকারক। গ্রাহক।

অপহাস, (অপ—হস্=হাস্য করা+অ—ভা) সং, পুং, অকারণ হাস্য। বৃথা হাস্য।

অপহ্নব, (অপ+হ্নু=গোপনকরা+অন্) সং, পুং, অপলাপ। জানিয়াও গোপন করা। স্নেহ।
অপহ্নুতি, (অপ+হ্নু+তি) সং, স্ত্রীং, অপলাপ নিহ্নব। অর্থালঙ্কার বিশেষ।
অপাকরণ, (অপ+আ+কৃ+অনট্) সং, ক্লীং, বেতনদান। মূল্যদান। নিরাকরণ
অপাংনিধি, (অপাম্ = জলরাশির— নিধি [নি—ধা=ধারণকরা+ই—ধি] পাত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সমুদ্র, জলনিধি।
অপাংপতি, (অপাম্=জলরাশির—পতি স্বামী, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সমুদ্র। বরুণ।
অপাক, (অ—পচ্=পাক করা+অ—ভা) সং, পুং, অজীর্ণরোগ, উদরাময়।
অপাকশাক, সং, পুং, আর্দ্রক, আদা।
অপাকরণ—ক্লীং } (অপ বিরুদ্ধ—
অপাকৃতি—স্ত্রীং } আ—কৃ=করা+
অনট্, তি—ভা) সং, প্রকৃতির অন্যথাভাব। প্রশমন, নিরাকরণ। নিবারণ। অপসারণ। বিকার।
অপাকৃত, (অপাকরণ দেখ+ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রশমিত। নিবারিত। ত্যক্ত, অপোহিত।
অপাক্ষ, (অপ সম্মুখে, কুৎসিত—অক্ষ ইন্দ্রিয় বা অক্ষিশব্দজ) বিং, ত্রিং, প্রত্যক্ষ। কুৎসিত চক্ষু। নেত্রহীন,অন্ধ
অপাঙ্‌ক্তেয়, (অ—পঙ্‌ক্তি+ঞেয়—প্রং) বিং ত্রিং সাধুগণের সহিত এক পঙ্‌ক্তিতে ভোজনের অযোগ্য। পঙ্‌ক্তিবহির্ভূত।
অপাঙ্গ (অপ=অপকৃষ্ট— অন্গ্ = গমন করা+অ—সংজ্ঞার্থে। অসরলতাহেতু যে অপকৃষ্ট গমন করে, কিম্বা অপ—অঙ্গ=আকৃতি) সং, ক্লীং, চক্ষুর প্রান্তভাগ, চক্ষুর কোণ। কটাক্ষ। তিলক, কপালের ফোঁটা। বিং, ত্রিং,বিকলাঙ্গ।
অপাঙ্গদর্শন. (অপাঙ্গ—দর্শন তৃৱা—ষ কিম্বা ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং কটাক্ষনেত্রদ্বারা দর্শন, আড়চক্ষে দেখা।
অপাচ্, বিং, ত্রিং, দক্ষিণদিক্‌জাত বস্তু। স্ত্রীং (চী) দক্ষিণদিক্।
অপাটব. (অ—পাটব=পটুতা, আরোগ্য, নঞ—ষ+৬ষ্ঠী—ষ) সং, ক্লীং অপটুতা, জড়তা। অসুস্থতা, রোগ।[অসৎপাত্র।
অপাত্র, (অ—পাত্র) সং, ক্লীং, কুপাত্র,
অপাদান, (অপ=কোন স্থান হইতে— আদান=গ্রহণ, কিম্বা অপ—আ—দা [দেওয়া] গ্রহণকরা+অনট্—পা। যাহা হইতে কোন বস্তু গৃহীত হয়) সং, ক্লীং, কারকবিশেষ, যাহা হইতে কোন বস্তু বা ব্যক্তি চলিত ভীত গৃহীত পরাজিত উৎপন্ন বা বিরত হয়।
অপান, (অপ নিম্ন বা অপসরণ—অন্= বাঁচা+ঘঞ—ণ। উৎসৃজনহেতু যাহার দ্বারা বাঁচা যায়) সং, পুং গুহ্যদেশস্থ বায়ু,বাতকর্ম্ম। (অপান+অ—যুক্তার্থে) ক্লীং মলদ্বার, গুহ্যদেশ।
অপামার্গ, (অপ—আ—মৃজ্ পরিষ্কার করা+ঘঞ—ণ। জ=গ। যাহার ক্ষার দ্বারা বস্ত্রাদি ধৌত করা যায়) সং, পুং, আপাংগাছ।
অপায়, (অপ=স্থানান্তর হইতে ব স্থানান্তরে—ইন্ গমনকরা+অ—ঘঞ ভা) সং, পুং, অপগম, বিশ্লেষ, বিয়োগ স্থানভ্রংশ,চলন। নাশ, ধ্বংস, অপসরণ পলায়ন। ন্যূনতা।
অপার, (অ—পার। যাহার পার নাই ৬ষ্ঠী—হিং,) বিং, ত্রিং, পারহীন, অকূল অনন্ত, অসীম। সং, ক্লীং, নদ্যাদি অপর তীর।
অপাবরণ, (অপ—আ—বৃ=আবরণ কর +অনট্—ভা) সং, ক্লীং, আচ্ছাদন প্রকাশ হওয়া।
অপাবৃত, (অপাবরণ=দেখ+ত—র্ম্ম) বিং, ত্রিং, স্বেচ্ছাপ্রবৃত্ত। অনাচ্ছাদিত উদ্ঘাটিত।স্বেরীকৃত।

অপাবৃত্ত, (অপ—আ—বৃৎ = হওয়া+ত +ক) বিং, ত্রিং, ভূমি লুণ্ঠিত, গড়াগড়ি দেওয়া। প্রত্যাবৃত্ত। প্রতিনিবৃত্ত। ফিরিয়া আসা। অনাবৃত।

অপাশ্রয়, (অপ—আশ্রয়) সং, পুং, প্রাঙ্গনাবরণ, চন্দ্রাতপ, সামিয়ানা, চাঁদোয়া। বিং, ত্রিং, নিরাশ্রয়।

অপাস্ত, (অপ = বিরুদ্ধ—অস্ = বিদ্যমান থাকা+ত—ক) বিং, ত্রিং, বিগত। খণ্ডিত। নিরস্ত। নিক্ষিপ্ত। অবধীরিত, দূরীকৃত।

অপাহরণ, (অপ—আ—হৃ = হরণকরা+অনট্—ভা) সং, ক্লীং, আকর্ষণ। অপনোদন।

অপি, (অ— পি = গমনকরা+ক্বিপ্—প্রং) অং, সম্ভাবনা। নিশ্চয়। সন্দেহ। সমুচ্চয়। নিন্দা। অনুজ্ঞা। প্রশ্ন। অনুসন্ধান। অপর। অল্পত্ব। পাদপূরণার্থেও ব্যবহৃত হয়।

অপিগীর্ণ, (অপি = সম্মুখে—গ = শব্দকরা +ত—র্ম্ম) বিং, ত্রিং, স্তুত, বর্ণিত। উদ্দান্ত।

অপিচ, (অপি = অপর—চ = ও) অং, আরো, অপরঞ্চ, পুনশ্চ, তথাচ।

অপিতু, (অপি—তু = কিন্তু, এবং ইত্যাদি) অং, কিন্তু। যদি।

অপিধান, (অপি-ধা = ধারণকরা, আচ্ছাদন করা+অনট্-ভা) সং, ক্লীং, আচ্ছাদন, আবরণ, তিরোধান।

অপিনদ্ধ, (অপি—নহ্ = বন্ধন করা+ত —র্ম্ম। হ্ত = দ্ধ) বিং, ত্রিং, পরিহিত, কৃতপরিধান। আচ্ছাদিত। [ঐকীভাব।

অপীতি, সং, স্ত্রীং, প্রলয়। অত্যয়।

অপীনস্, (অ+পীনস্) সং, পুং, পীনস্ নামে খ্যাত নাসারোগ বিশেষ।

অপুচ্ছাঙ্কুর, (Anura, অ—পুচ্ছ—অঙ্কুর) সং,পুং, যাহাদের মস্তক প্রকাণ্ড, হাঁ খুব বড়, পুচ্ছনাই, পশ্চাৎ পাদের অপেক্ষা সম্মুখপাদ অতি খর্ব্ব সুতরাং উল্লম্ফনের বিশেষ উপযোগী, যথা—মণ্ডুকাদি।

অপুংপ্রভব (Femle progenitor) সং,পুং, পিতা কিম্বা মাতার জনয়িত্রী। পিতার জনয়িত্রী, যথা— পিতামহী প্রভৃতি। মাতার জনয়িত্রী, যথা — মাতামহী প্রমাতামহী প্রভৃতি।

অপুনরাবৃত্তি, (অ—পুনর্—আবৃত্তি = আগমন) সং, স্ত্রীং, অপুনরাগমন। পুনর্জ্জন্মাভাব। পুনর্ব্বার আর ফিরিয়া না আসা। মুক্তি।

অপুনর্ভব, (অ—পুনর্ = পুনর্ব্বার—ভূ হওয়া+অ—প্রং) সং, পুং, মোক্ষ, পুনর্জ্জন্ম না হওয়া। কৈবল্য।

অপুরোদন্তী, (Edentata,) অপুরোদন্তিন্, অ—পুরস্ = অগ্রে—দন্তী, দন্তবিশিষ্ট) সং,পুং, যে সকল জীবের মুখের সম্মুখ ভাগের দন্ত ও তৎপার্শ্ববর্ত্তী ছেদকদন্ত, (Canines) নাই, যথা—পিপীলিকাভুক্, বজ্রকীট প্রভৃতি।

অপূপ, (অ—পূয়্—বিদীর্ণ করা+অ+প—সংজ্ঞার্থে। য্—লোপ, কিম্বা অপ্ = জল—বপ্ = বপনকরা+অ-র্ম্ম। জল দ্বারা যাহা উপ্ত হয়, ওয়া—ষ) সং, পুং, পিষ্টক, পিঠা, রুটি। গোধূম। [চূর্ণ। ময়দা।

অপূপ্য, (অ+পূয়+য) সং, পুং, গোধূম-

অপূর্ব্ব, (অ—পূর্ব্ব) সং, ক্লীং, অদৃষ্ট, পাপ বা পুণ্য। (১মা—হিং) বিং, ত্রিং, আশ্চর্য্য, যাহা পূর্ব্বে ছিল না। নূতন। অজ্ঞাত। আদিশূন্য, অনাদি। অতুল্য। পূর্ব্বদিক্‌দেশকাল ভিন্ন। সং, পুং, ব্রহ্মা।

অপেক্ষা, (অপ—ঈক্ষ্ = দেখা+আ—ভা) সং,স্ত্রীং। আকাঙ্ক্ষা। প্রযত্ন। অনুরাগ। সম্মাননা। পর্য্যালোচন। বিচার। কার্য্যকারণের পরস্পর সম্বন্ধ। জাতি এবং দ্রব্যের পরস্পরসম্বন্ধ। প্রয়োজন। উপযোগ। অনুরোধ। সম্বন্ধ।

অপেক্ষাকৃত ; বিং, ত্রিং, পূর্ব্বের অপেক্ষা অধিক বা অল্প।

অপেক্ষা-বুদ্ধি ; সং, স্ত্রীং, "এই একটী, এই একটী" ইত্যাকার অনেকত্ব বিষয়িণী বুদ্ধি। "অনেকৈকত্ব বুদ্ধির্যা সাহপেক্ষাবুদ্ধিরিষ্যতে।" ভাষা পরিচ্ছেদ।"

অপেক্ষিত, (অপ—ঈক্ষিত=দৃষ্ট) বিং, ত্রিং, আকাঙ্ক্ষিত। অনুরোধিত। বিবেচিত, পর্য্যালোচিত। জিজ্ঞাসিত, আদৃত। দৃষ্ট। সম্বদ্ধ।

অপেত, (অপ=স্থানান্তর—ই=গমন করা+ত—ক) বিং, ত্রিং, অপগত। প্রস্থিত। ত্যক্ত। নির্গত। প্রনষ্ট। রহিত। আবরণহীন।

অপেত-রাক্ষসী; সং, স্ত্রীং, তুলসী গাছ।

অপোগণ্ড, (অপ=অপকৃষ্ট—গম্=গমন করা+ড—সংজ্ঞার্থে। প=পো) সং, ত্রিং, শিশু, ভীরু। ভয়শীল। নাবালক। বিকলাঙ্গ। অপ্রাপ্তব্যবহার।

অপোঢ়, (অপ—উহ্=তর্ক করা, উহ করা, অথবা বহ্= বহন করা+ত—ম্ম) বিং, ত্রিং, অতিক্রান্ত। উদ্ঘাটিত। ভীত। নির্ণীত। ত্যক্ত। তর্কাদি দ্বারা নিরস্ত। বাধিত।

অপোহ, (অপ=বিপরীত—উহ্=তর্ক করা+ঘঞ্—ভা) সং, পুং, তর্ক। নিরাস। অপনোদন।

অপৌরুষ, (অ—পৌরুষ [পুরুষ+ষ্ণ] পুরুষকার) সং, ক্লীং, কাপুরুষত্ব, পৌরুষাভাব।

অপ্নস্, সং, ক্লীং, যজ্ঞকার্য্য।

অপ্তু, (আপ্=পাওয়া+তুন্) সং, পুং, শরীর। অভিলষিত বস্তু।

অপ্নস্, (বৈদিক শব্দ) সং, ক্লীং, জল।

অপ্পতি, (অপ্=জল—পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বরুণ। সমুদ্র।

অপ্পিত্ত, (অপ্=জল—পিত্ত=শরীরস্থ ধাতু বিশেষ। শোষকত্ব হেতু যে জলের পিত্ত স্বরূপ) সং, পুং, অগ্নি, আগুন। চিত্রক বৃক্ষ।

অপ্রকাণ্ড (অ-প্রকাণ্ড=গাছের গুঁড়ী. ৭ম্মী—হিং) সং, পুং, কাণ্ডরহিতবৃক্ষ, গুল্ম, ঝোপ

অপ্রকাশ, (অ—প্রকাশ দীপ্তি) সং, পুং, অনুদয়, প্রকাশাভাব। গোপন। ক্লীং নির্জ্জনে, পরোক্ষে।

অপ্রজ, (অ—প্রজা=সন্তান, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, পুত্রহীন, বংশহীন, নিঃসন্তান। প্রজাহীন, অধিবাসী শূন্য। স্ত্রীং (জা) অপুত্রা স্ত্রী।

অপ্রতিকার, (অ+প্রতি=বিরুদ্ধ+কৃ=করা+ঘঞ্) সং, পুং, অপ্রতিবিধান, নিবারণ না করা। বিং, ত্রিং, নিরুপায়। অনিবার্য্য।

অপ্রতিকার্য্য, অপ্রতীকার্য্য, (অ—প্রতি বিরুদ্ধ, পরিবর্ত্ত—কৃ করা+য—ভাঁ, র্ম্ম) বিং, ত্রিং, প্রতিকারাযোগ্য, যাহার প্রতিকার করা যায় না।

অপ্রতিঘ, (অ+প্রতিঘ=প্রতিকূল) বিং, ত্রিং, অনুকূল, অপ্রতীপ, অভিমুখ।

অপ্রতিপত্তি, (অ+প্রতি+পদ=স্থান+ক্তি) সং, স্ত্রীং, প্রকৃত বিষয় না জানা। অসম্পাদন।

অপ্রতিবদ্ধ, (অ—প্রতিবদ্ধ=বাধা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, উচ্ছৃঙ্খল। প্রতিবন্ধকরহিত। বাধাশূন্য।

অপ্রতিভ, (অ—প্রতিভা=দীপ্তি। যাহার প্রতিভা নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, প্রতিভাশূন্য। অপ্রস্তুত। দীপ্তিহীন। হতজ্ঞান। লজ্জাশীল। অপ্রগলভ। (অ—প্রতিভা নবং উন্মেষশালিনী প্রজ্ঞা। ৬ষ্ঠী—হিং) অপ্রত্যুৎপন্নমতি। স্ত্রীং (ভা) উত্তরের অপ্রতিপত্তিরূপ নিগ্রহস্থানবিশেষ

অপ্রতিম, (অ—প্রতিমা সাদৃশ্য, ৬ষ্ঠী—হিং,) বিং, ত্রিং, অনুপম, অতুল্য।

অপ্রতিরথ, (অ—প্রতি=প্রতিপক্ষ—রথ রথান্তর। যাহার প্রতিপক্ষ রথান্তর নাই) সং, পুং, যোদ্ধা, সেনানায়ক প্রতিযোধহীন। বিষ্ণু। ক্লীং, যুদ্ধার্থ যান যুদ্ধ সময়ে যাত্রাকৃত মঙ্গল। সামবেদাবয়ব ভেদ।

অপ্রতিবিধেয় } বিং, ত্রিং, অপ্রতী-
অ-প্রতি-সমাধেয় } কার্য্য, অনিবার্য্য।
অপ্রতিহত, (অ—প্রতিহত=আহত) বিং, ত্রিং, অব্যাহত; প্রতিবন্ধকরহিত অপীড়িত।
অপ্রতীতি, সং, স্ত্রীং, অবিশ্বাস, অপ্রত্যয়।
অপ্রতুল, (অ—প্র=প্রকৃষ্ট—তুলা=পরিমাণ, ৬ষ্ঠী—হিং, যে ধনের প্রকৃষ্ট পরিমাণ নাই) সং, ক্লীং, প্রকৃষ্ট পরিমাণাভাব। অভাব। অসঙ্গতি।
অপ্রত্যক্ষ, (অ—প্রতি=লক্ষ্য—অক্ষ=ইন্দ্রিয়) বিং, ত্রিং, অতীন্দ্রিয়। ইন্দ্রিয়ের অগোচর।
অপ্রধৃষ্য, (অ—প্র—ধৃষ্=পরাজয়করা+য—র্ম্ম) বিং, ত্রিং, অধৃষ্য, যাহাকে পরাভব করা যায় না। অগম্য।
অপ্রমত্ত, (অ—প্রমত্ত=প্রমাদযুক্ত) বিং, ত্রিং, সাবধান, অবহিত। অতন্দ্রিত।
অপ্রয়াণি, (অ+প্রয়াণি=গমন, মৃত্যু) সং, স্ত্রীং, দীর্ঘজীবন, মরণ না হওয়া যথা "অপ্রয়াণিস্তে ভূয়াৎ" বোপদেব।
অপ্রযুক্ততা, সং, স্ত্রীং, অলঙ্কার শাস্ত্রে প্রসিদ্ধ অপ্রসিদ্ধশব্দ প্রয়োগরূপ কাব্য দোষ বিশেষ। [সত্বর। ক্লীং, শীঘ্র, ঝটিতি।
অপ্রলম্ব, (অ+প্রলম্ব=বিলম্ব) বিং, ত্রিং,
অপ্রস্তুত, বিং, ত্রিং, আরম্ভশূন্য, অসম্বদ্ধ, অপ্রাকরণিক। অপ্রশস্ত। অপ্রসিদ্ধ। অপ্রতিভ।
অ-প্রস্তুত-প্রশংসা; সং, স্ত্রীং, অপ্রকৃত কথনরূপ অর্থালঙ্কার বিশেষ, অপ্রাকরণিক অর্থের অভিধান দ্বারা প্রাকরণিক অর্থের আক্ষেপ।
অপ্রহত, (অ—প্রহত=আঘাত প্রাপ্ত) বিং, ত্রিং, অক্ষুন্ন, অনাহত, অতাড়িত। হলাদি দ্বারা অকৃষ্টভূমি, (Fallow)। যাহা পা দিয়া মাড়ান যায় না।
অপ্রাকরণিক, (অ—প্রকরণ+ষ্ণিক—প্রং) বিং, ত্রিং, অপ্রস্তাবিক।
অপ্রাকৃত, (অ—প্রাকৃত=স্বাভাবিক) বিং, ত্রিং, অনৈসর্গিক। অলোকসামান্য। সংস্কৃত।
অপ্রাগ্র্য, (অ—প্রাগ্র্য প্রধান) বিং, ত্রিং, অপ্রধান। অশ্রেষ্ঠ।
অপ্রাপ্তবয়স্ক, (অ—প্রাপ্ত—বয়স্=যৌবন+ক—অল্পার্থে, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যে বয়ঃপ্রাপ্ত হয় নাই, নাবালক।
অপ্রাপ্তব্যবহার, (অ+প্রাপ্ত+ব্যবহার) সং, পুং, শিশু, ষোড়শবর্ষের অনধিকবয়স্ক। বিং, ত্রিং, অপ্রাপ্তবয়স্ক।
অপ্রাপ্য, (অ—প্রাপ্য=লভ্য) বিং, ত্রিং, দুষ্প্রাপ্য, দুর্লভ। অনধিগম্য।
অপ্রিয়, (অ—প্রিয়=রম্য) সং, ক্লীং, নিন্দা। অনিষ্ট। বিং, ত্রিং, অনভিমত, অহৃদ্য। নির্দ্দয়। পুং, শত্রু। স্ত্রীং, শৃঙ্গী মৎস্য (সিঙি মাচ)। বিদ্বেষী।
অপ্সরাঃ, (অপ্সরস্—অপ্=জল—সৃ, গমনকরা+অস্—সংজ্ঞার্থে। যাহারা সমুদ্রমন্থনে উঠিয়াছিল, কিম্বা যাহারা স্নানার্থ বা বিহারার্থ সর্ব্বদা জলে গমন করে) সং, স্ত্রীং, প্রায়িক বহুং, স্বর্গবেশ্যা, উর্ব্বশী প্রভৃতি।
অপ্সরস্তীর্থ, (অপ্সর+তীর্থ) সং, ক্লীং, আকাশের অংশবিশেষ, "যথা স্ত্রী সংস্থানমপ্সরস্তীর্থমারাৎউৎক্ষিপ্যাকে জ্যোতিরেনাং তিরোহভূৎ" শকুন্তলা।
অফল, (অ—ফল। যাহার ফল নাই, ৬ষ্ঠী—হিং) সং, বন্ধ্য। বিং, ত্রিং, নিষ্ফল। স্ত্রীং (লা) ঘৃতকুমারী। ভূমি আমলকী।
অফেন, (অ=অল্প—ফেন=ফেনা) সং, ক্লীং, নির্য্যাস বিশেষ, আফিঙ্, অহিফেন। বিং, ত্রিং, ফেনা রহিত।
অবদ্ধ, (অ—বদ্ধ) সং, ক্লীং নিরর্থক। বিং, ত্রিং, অসম্বদ্ধ। অসংযত। স্বাধীন। মুক্ত।
অবধ্য, (অ—বধ্য=হননীয়) বিং, ত্রিং, বধের অযোগ্য, ব্রাহ্মণাদি। অনর্থকবাক্য।
অবন্ধ্য, (অ—বন্ধ্য=নিষ্ফল) বিং, ত্রিং,

সফল, ফলবান্। "ইয়েষ সা কর্ত্তুমবন্ধ্যরূপতাং" কুমারসম্ভব।
অবল, (অ—বল) বিং, ত্রিং, বলহীন। দুর্ব্বল (লা)—স্ত্রীং, যোষিৎ। স্ত্রী। ক্লীং, ক্ষীণতা। অপকর্ষ, ন্যূনতা। দৌর্ব্বল্য।
অবাধ, (অ—বাধা) বিং, ত্রিং, বাধাহীন। অনিয়ন্ত্রিত। পীড়াহীন। স্ত্রীং (ধা) (অঙ্কশাস্ত্রে) ত্রিভুজের অংশ বিশেষ। অস্ফুটত্ব। জটিলতা।
অবাধে; ক্রিং, বিং, (নাই বাধা যাহাতে) নির্ব্বিঘ্নে, অনায়াসে।
অবিন্ধন, (অপ্=জল—ইন্ধন=উদ্দীপন) সং, পুং, বাড়বাগ্নি। বজ্রাগ্নি। বিদ্যুৎ।
অবোধ, (অ—বোধ জ্ঞান, ৬ষ্ঠী—হিং) পুং, মূঢ়তা, অজ্ঞানতা। বিং, ত্রিং, বোধশূন্য, অজ্ঞান। হতবুদ্ধি।
অব্জ, (অপ্=জল—জ=যে=জন্মে। যে জলে জন্মে, কিম্বা যে সমুদ্রমন্থনে জন্মিয়াছে) সং, পুং, চন্দ্র। নিচুলবৃক্ষ, ধন্বন্তরি। পুং—ক্লীং, শঙ্খ, শাঁখ। জলোদ্ভূত শুক্তি মুক্তাদি। ক্লীং, পদ্ম। অম্বুজ। দশার্ব্বুদসংখ্যা।
অব্জজ } (অব্জ+জ=জাত) অব্জ
অব্জযোনি } =পদ্ম—যোনি উৎপত্তি স্থান। বিষ্ণুর নাভিপদ্ম যাহার উৎপত্তি স্থান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কমলযোনি, ব্রহ্মা।
অব্জনী (অব্জ+ইন্—সমূহার্থে) সং, স্ত্রীং, পদ্মিনী। পদ্মসমূহ। নলিনী।
অব্দ, (অব্=রক্ষাকরা+দ সংজ্ঞার্থে) সং, পুং, বৎসর। (অপ্=জল—দ [দা+ড] যে দান করে, প=ব যে জল দান করে, ২য়া—ষ) জলদ, মেঘ। মুত। পর্ব্বত বিশেষ।
অব্দসার, (অব্দ+সার=উৎকৃষ্ট অংশ) সং, পুং, কর্পূর বিশেষ।
অব্ধি, (অপ্=জল—ধি [ধা=ধারণকরা+কি—ক] যে ধারণকরে। যে জল ধারণ করে, ২য়া—ষ, অথবা অপ্=জল—ধা=ধারণ করা+কি—ধি) সং, পুং, জলধি, সমুদ্র।
অব্ধিজ, (অব্ধি+জ [জন+ড] জাত) পুং, দ্বি—বং, (জৌ) অশ্বিনীকুমার দ্বয়। পুং, চন্দ্র। স্ত্রীং (জা) সুধা। লক্ষ্মী।
অব্ধিমণ্ডূকী, (অব্ধি—সমুদ্র+মণ্ডূকী=মাদি ব্যাঙ) শুক্তি। মুক্তাস্ফোট।
অব্ভক্ষ, (অপ্=জল+ভক্ষ=যে খায়। যে জল খাইয়া প্রাণ ধারণ করে) সর্প।
অভ্র, (অপ্=জল—ভৃ—ধারণকরা+অ—ক, কিম্বা অপ্—ভ্রন্স্=পতিত হওয়া+অ—পা। যে জল ধারণ করে বা যাহা হইতে জল পতিত হয়। সং, ক্লীং, জলধর, মেঘ। অভ্রক ধাতু।
অভ্রমাতঙ্গ. (অভ্র+মাতঙ্গ—হস্তী) ঐরাবত, ইন্দ্রের হস্তী।
অভ্রি, সং, স্ত্রীং, তীক্ষ্ণাগ্রলৌহদণ্ড। গুলবসান লাঠী। নৌকার জলনিষ্কাশনার্থ কাষ্ঠময় পাত্র বিশেষ (কাস্তো)।
অব্রহ্মণ্য, (অ—ব্রহ্মণ্য [ব্রাহ্মণ পক্ষে যাহা উপযুক্ত] অহিংসা, মৃত্যু) সং, ক্লীং, নাট্যে—"অবধ্য" উক্তি "বধ করিও না" এই কথা বলা। বেদ বিরুদ্ধ নিন্দিত কর্ম্ম।
অব্রাহ্মণ ; সং, পুং, অপকৃষ্ট ব্রাহ্মণ, ভাট।
অব্রুবাণ, (অ—ব্রুবাণ যে বলে) বিং, ত্রিং, বাক্‌শক্তিহীন। বালক।
অভক্তচ্ছন্দ, (অ+ভক্ত—ভাত+ছন্দ=অভিলাষ, ইচ্ছা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অরুচি, অগ্নিমান্দ্য।
অভয় (অ—ভয়। রোগহারিত্ব হেতু যাহা হইতে ভয় নাই, ৫মী—হিং) সং, ক্লীং বেনামূল। য়া—স্ত্রীং, দুর্গা। হরিতকী। পুং পরমাত্মা। জ্যোতিস্ প্রসিদ্ধ যোগ বিশেষ। বিং, ত্রিং, যে ভয়ঙ্কর নহে। ভয়শূন্য।
অভয়ডিণ্ডিম, (অ—ভয়—ডিণ্ডিম=ঢক্কা ৪র্থী—ষ) সং, পুং, যুদ্ধঢক্কা, জয়ঢাক।
অভব, (অ+ভব=বিদ্যামানতা) সং,

পুং, প্রলয়। মোক্ষ। বিনাশশীল বিং, ত্রিং, স্থায়ী, বিনশ্বর।
ভব্য, (অ+ভব্য, যাহা হইবে) বিং, ত্রিং, সম্ভবযোগ্য। হতভাগ্য। শঠ। অবিনীত। (দেশীয়) অসভ্য।
ভাব, (অ—ভূ=হওয়া+ঘঞ্—ভা) সং, পুং, অবিদ্যমানতা, অসত্ত্বা। অনুপস্থিতি। ধ্বংস, (ন্যায়শাস্ত্রমতে) ইন্দ্রিয় গ্রহণ যোগ্য বস্তুর অনুপলব্ধি। অভাব দ্বিবিধ, সংসর্গাভাব ও অন্যোন্যাভাব। মৃত্যু।
ভাবতঃ, (দেশীয়) অন্ততঃ।
ভাবনীয়, (অ—ভাবনীয়) বিং, ত্রিং, অচিন্তনীয়। ভাবনাতীত।
ভি, (অ—ভা—দীপ্তিপাওয়া+ই—প্রং) উপং, সাদৃশ্য। বিদ্যমানতা। আভিমুখ্য। সম্মুখ। নিকট। অভিলাষ। বিভিন্নতা। একীকরণ। বিশেষকরণ। সমন্তাৎ। বীপ্সা। ইত্থম্ভাব। চিহ্ন। ধর্ষণ।
ভিক, (অভি—ক [কম্ ইচ্ছাকরা+ড—ক] যে অভিলাষ করে) বিং, ত্রিং, কামুক, লম্পট।
অভিক্রম, (অভি=সম্মুখ—ক্রম্=গমন করা+অ—ভাবে) সং, পুং, যুদ্ধযাত্রা। আক্রমণ। আরম্ভ। আরোহণ।
অভিখ্যা, (অভি—খ্যা=বলা+আ—ভা) সং, স্ত্রীং, নাম। খ্যাতি, কীর্ত্তি। উপাধি। শোভা, যথা "কাপ্যভিখ্যা তয়োরাসীৎ" রঘুবংশ।
অভিগম—পুং } (অভি সম্মুখ—গম্
অভিগমন—ক্লীং } =গমনকরা+অ, অনট্—ধি, ভা) সং,আশ্রয়। প্রত্যুদ্গমন। সঙ্গম। সেবা। মৈথুন। প্রাপ্তি।
অভিগ্রস্ত, (অভি—গ্রস্ত=আক্রান্ত) বিং, ত্রিং, আক্রান্ত। লুণ্ঠিত।
অভিগ্রহ—পুং, } (অভি সম্মুখ—
অভিগ্রহণ—ক্লীং, } গ্রহ গ্রহণকরা+অ, অনট্—ভা) সং, আক্রমণ, যুদ্ধার্থ সম্মুখ গমন। লুঠ। অভিযোগ। বল পরীক্ষা করিবার নিমিত্ত সাহঙ্কারে ডাকা (Challenge) গৌরব। সাহস।
অভিঘাত, (অভি—হন্=হিংসাকরা+অ—ভা) সং, পুং, আঘাত, দণ্ডাদি বা অস্ত্রাদি দ্বারা নিগ্রহ। হত্যা। সংঘর্ষণ। পীড়ন। প্রতিকার।
অভিঘাতী, (অভিঘাতিন্,=অভি—হন্=বধকরা+ইন্—ক) বিং, ত্রিং, শত্রু, আঘাতকারী। পীড়াজনক। প্রতিকারক।
অভিঘার, (অভি—ঘৃ=রক্ষিত হওয়া, দীপ্তি পাওয়া, সেচন করা+অ—ভা) সং, পুং, হোম। হবনীয় দ্রব্য। ঘৃত। সেচন।
অভিচর, (অভি=পশ্চাৎ+চর=ভ্রমন করা+অল, যে প্রভুর পশ্চাতে গমন করে) সং, পুং, চাকর, ভৃত্য।
অভিচার, (অভি—চর্ = গমনকরা, হিংসাকরা+ঘঞ্—ভা) সং, পুং, পরহিংসা, হিংসাকর্ম্ম। মারণ, উচ্চাটন, মোহন, স্তম্ভন, বিদ্বেষণ, বশীকরণ এই ষড়্‌বিধ তান্ত্রিক প্রয়োগ। উপপাতক বিশেষ।
অভিচারিত, (অভি+চার+ত—র্ম)বিং, ত্রিং, অভিচারমন্ত্র দ্বারা বশীকৃত। যাদুকৃত।
অভিচারী, (অভিচারিন্=অভিচার দেখ, ইন্—ক) বিং, ত্রিং, যে ব্যক্তি মারণাদি হিংসা কর্ম্ম করে। মন্ত্রাদি দ্বারা সম্মোহনকারী।
অভিজন, (অভি=সম্যক—জন্=জন্মান+অ—ধি) সং, পুং, বংশ, প্রসিদ্ধ বংশ। অভিজনবতো ভর্ত্তুঃ শ্লাঘ্যে স্থিতা গৃহিণীপদে" শকুন্তলা। খ্যাতি। পূর্ব্বপুরুষ, পিত্রাদি। কুলশ্রেষ্ঠ।
অভিজয়, (অভি=সম্পূর্ণ+জি+অ) সং, পুং, সম্পূর্ণরূপে জয়। সর্ব্বদিকে জয়।
অভিজাত, (অভিজন দেখ+ত—ক) জন্মভূমি। বিং, ত্রিং, সদ্বংশজাত, কুলীন। সুজাত। জ্ঞানী। পণ্ডিত।

যোগ্য। ন্যায্য। উচিত। সুশ্রী। মধুর। ভাগ্যবান্। ধন্য। স্বচ্ছ। বিশুদ্ধ। চতুর্দ্দিকে জাত।

অভিজাত-তন্ত্র, (Aristocracy) প্রধান ব্যক্তিদের দ্বারা রাজ্য শাসন।

অভিজিৎ, (অভি—জিৎ=যে জয় করে) সং, ক্লীং, নক্ষত্রবিশেষ। যাত্রানুকুল লগ্নবিশেষ। সং, পুং, যজ্ঞবিশেষ। কুতপকাল নামক পঞ্চদশভাগে বিভক্ত দিনের অষ্টমভাগ।

অভিজ্ঞ, (অভিজ্ঞ=সম্যক্—জ্ঞ [জ্ঞা=জানা+ড—ক] যে জানে) বিং, ত্রিং, বহুদর্শী, অনেক দেখিয়া শুনিয়া যাহার জ্ঞান জন্মিয়াছে, জ্ঞানবান্। নিপুণ। বিদ্বান। স্ত্রীং, (জ্ঞা) প্রথম উৎপন্ন জ্ঞান, আদ্যজ্ঞান। স্মৃতি।

অভিজ্ঞতা, (অভিজ্ঞ+তা—ভাবে) সং, স্ত্রীং, অনেক দেখিয়া শুনিয়া যে জ্ঞান জন্মে। নিপুণতা। পরিচয়।

অভিজ্ঞান, (অভি=সম্মুখে—জ্ঞা=জানা +অন—ণ) সং, ক্লীং, চিহ্ন, স্মারক বস্তু, স্মৃতি বা জ্ঞান সাধন চিহ্ন।

অভিজ্ঞান পত্র, সং, ক্লীং, যে পত্র দ্বারা কোন ব্যক্তিকে বিশেষ করিয়া জানা যায়। (Certificate)

অভিতঃ, (অভিতস্,—অভি=সম্মুখ বা উভয়+তস্— সপ্তমীবিভক্তি স্থানে তস্) অং, সমন্তাৎ। উভয় দিকে। সর্ব্বদিকে। নিকটে। অভিমুখে। প্রতি। শীঘ্র। সম্পূর্ণরূপে।

অভিতপ্ত, (অভি—তপ্=উত্তপ্ত হওয়া +ত—ক) বিং, ত্রিং, সন্তপ্ত। দগ্ধ। দুঃখিত। শোকাদি দ্বারা পীড়িত।

অভিদ্যোতিত, (অভি—দ্যোতিত [দ্যুৎ= দীপ্তিপাওয়া+ত—ক] প্রকাশিত) বিং, ত্রিং, শোভিত। প্রকাশিত। উল্লাসিত।

অভিদ্রবণ, (অভি—দ্রু= গমন করা, গলা+অনট্—ভা)সং,ক্লীং,বেগে গমন

অভিদ্রোহ, (অভি—দ্রোহ [দ্রুহ=হিংসা করা+ঘঞ্—ভা] অনিষ্টাচরণ) সং, পুং, অনিষ্টচিন্তা। অপকার। পীড়ন। আক্রোশ, যথা "নামজাতিগ্রহংত্বেষামভিদ্রোহেণকুর্ব্বতঃ" মনু।

অভিধা, (অভি—ধা=ধারণকরা, বলা ইত্যাং+আ) সং, স্ত্রীং, নাম, শব্দনিষ্ঠ অর্থবোধজনকতা শক্তি বিশেষ, যে শক্তি দ্বারা শব্দের অর্থোপলব্ধি হয়।

অভিধান, (অভি+ধা+অনট্—ণ, ভা, ধি) সং, ক্লীং, কথন। নাম। শব্দকোষ, শব্দ। শব্দার্থপ্রকাশক গ্রন্থ-বিশেষ। অভিধা। ধ্বনি, নির্ঘোষ।

অভিধেয়, (অভি+ধা+য—র্ম্ম) বিং, ত্রিং, অভিধা-প্রতিপাদ্য, বাচ্য, প্রতিপাদ্য, ক্লীং, নাম, আখ্যা, অভিধাবোধ্য অর্থ। শব্দের অর্থ। বক্তব্য।

অভিধ্যা, (অভি—ধ্যৈ=চিন্তা করা+আ —প্রং) সং,স্ত্রীং,পরদ্রব্যে স্পৃহা। চিন্তা।

অভিনন্দন, (অভি—নন্দ্=আনন্দিত হওয়া, প্রশংসাকরা ইত্যাদি+অনট্—ভা) সং, ক্লীং, সেবা। অনুমোদন। সন্তোষ পূর্ব্বক প্রশংসা করা, স্তব। স্বীকার,স্পৃহা। বিং,ত্রিং, আনন্দজনক।

অভিনয়, (অভি—নী=লওয়া, সজ্জাকরা, +অন্—ভা) সং, পুং, শরীর সজ্জা, বেশ রচনাদি,অন্তর্গত ক্রোধাদিভাবাভিব্যঞ্জক শরীর চেষ্টা। শরীর চেষ্টা দ্বারা অনুরূপকরণ। সংসাজা। সামাজিকতা।

অভিনব, (অভি—নব=নূতন) বিং, ত্রিং, নূতন, নব্য। সদ্যোজাত।

অভিনহন, (অভি—নহ্=বন্ধন করা+ অনট্—ভা) সং,ক্লীং,বন্ধন।(Bandage)

অভিনির্ম্মুক্ত, (অভি=সর্ব্বদা বা সর্ব্বোতোভাবে—নির্=নিশ্চয়—মুক্ত) বিং, ত্রিং, সূর্য্যাস্তকালে নিদ্রিত। পরিত্যক্ত। সন্ধ্যাবন্দনাদিসায়ন্তনকর্ম্মহীন।

অভিনির্যাণ, (অভি=সম্যক্—নির্ বাহির—যা=যাওয়া+অন—ভা) সং,ক্লীং, যাত্রা, যুদ্ধযাত্রা।

অভিনিবিষ্ট, (অভি—নি—বিশ্=প্রবেশ করা+ত—ক) বিং, ত্রিং, অন্তঃপ্রবিষ্ট। আগ্রহ যুক্ত। শাস্ত্রাদিতে নিবিষ্ট চিত্ত। মনোযোগী। নিপুণ।

অভিনিবেশ, (অভি+নি+বিশ+ঘঞ্—ভা) সং, পুং, আগ্রহ। আবেশ। মনোযোগ। প্রণিধান। প্রবেশ। দৃঢ়-সঙ্কল্প। অনুরাগ। সংস্কার।(যোগশাস্ত্রে) মরণ ভীতি জনক জ্ঞান বিশেষ।

অভিনিষ্ঠান, (অভি+ নি+স্থা+অন) সং,পুং, বিসর্জ্জনীয়,বিসর্গ (ঃ)অক্ষরমাত্র

অভিনীত, (অভিনয়—দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, সুসজ্জিত, ভূষিত, অভিনয়ের বিষয়ীভূত, অভিনয়োপযুক্ত করা। বিনীত। সহিষ্ণু। অনুকূল। ক্ষমাবান্। ক্রুদ্ধ। ন্যায্য।

অভিনেতা, (অভিনেতৃ,—অভিনয় দেখ, তৃ—ক) বিং, ত্রিং, অভিনয়কর্ত্তা, নট। সজ্জাকারক। স্ত্রীং, (ত্রী) অভিনয়কর্ত্রী। (Actress)

অভিনেয়, (অভিনয়—দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, অভিনয় বিষয়। অভিনয় করিবার যোগ্য। দৃশ্যকাব্য।

অভিন্নপুট, (অভিন্ন=অস্ফুটিত+পুট—যাহার পত্র সকল এখনও পরস্পর সম্বদ্ধ আছে ৬ষ্ঠী—হিং) ক্লীং মধূকপুষ্প, পদ্ম। সং, পুং, বালপল্লব।

অভিন্যাস, (অভি+নি+অস+ঘঞ্) সং, পুং, সন্নিপাতজ্বর।

অভিপন্ন (অভি—পদ্ গমনকরা+ত—ক) বিং, ত্রিং, বিপদ্গ্রস্ত, বিপন্ন। অপরাদ্ধ। স্বীকৃত। অভিভূত, পীড়িত। পলায়িত। শরণার্থী। রক্ষিত। মৃত।

অভিপ্রায়, (অভি—প্র—ই—গমনকরা, বাঞ্ছাকরা ইত্যাদি+অ—ভা) সং, পুং, আশয়। হৃদ্গত ভাব। তাৎপর্য্য। মত। প্রতিপাদ্য।

অভিপ্রেত, (অভিপ্রায়=দেখ+ত—র্ম্ম) বিং, ত্রিং, অভীষ্ট, বাঞ্ছিত। ইচ্ছার বিষয়ীভূত, সম্মত। বাস্তবিক বিশ্বাস না থাকিলেও যিনি বিশ্বাসের ভান করেন।

অভিবশ, সং ক্লীং, অলঙ্কার শাস্ত্রোক্ত-গর্ভাঙ্কবিশেষ।

অভিভব, অভিভাব, (অভি=অপকৃষ্ট—ভূ হওয়া+ অ—ভা) সং, পুং, পরাভব, তিরস্কার। অবমান। আকুলীভাব। অনাদর। অন্য কর্ত্তৃক অভিযোগ বা আক্রমণ। গর্ব্বনাশ।

অভিভাবক (অভি—ভূ—হওয়া+ণক—ক) সং, পুং, রক্ষক, তত্ত্বাবধায়ক। আশ্রয়দাতা। অভিভবকারী।

অভিভূত, (অভিভব=দেখ, ত—ক) বিং, ত্রিং, পরাভূত। আয়ত্ত। আবৃত। তিরস্কৃত। জ্ঞান রহিত। ইতিকর্ত্তব্যতা বিমূঢ়। আকুল। হতমান।

অভিমত, (অভি—মন্=বুঝা, ভালবাসা +ত—র্ম্ম) বিং, ত্রিং, সম্মত, অনুমোদিত,মনোনীত, প্রিয়। ইষ্ট। হৃদয়ঙ্গম।

অভিমনস্, বিং, ত্রিং, অতিশয় উৎসুক। উৎকণ্ঠিতচিত্ত।

অভিমন্তৃ, (অভি+মন+তৃণ) সং, পুং, উপদেষ্টা, গুরু। সদসদ্ বিবেক।

অভিমন্ত্রণ, (অভি—সম্মুখে—মন্ত্র্=মন্ত্রণা করা+অন—ভা) সং, ক্লীং, আমন্ত্রণ। সম্বোধন। আহ্বান। উপদেশ দান। মন্ত্রপাঠ দ্বারা সংস্কার করণ।

অভিমন্ত্রিত, (পূর্ব্বে দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, আহূত। মন্ত্রপূত।

অভিমন্যু (অভি=নির্ভয়—মন্যু=ক্রোধ মহাভারতে—কৃষ্ণের প্রিয়তমা ভগিনী সুভদ্রা এক পুত্র প্রসব করেন। তিনি স্বভাবতঃ অভী ও মন্যুবিশিষ্ট অর্থাৎ নির্ভয় ও ক্রোধান্বিত ছিলেন বলিয়া তাঁহার নাম অভিমন্যু হইল) সং, পুং, অর্জ্জুনের পুত্র, পরীক্ষিতের পিতা।

অভিমর, অভি—মৃ—মরা+অ—আধারার্থে) সং, পুং, যুদ্ধ। বধ। বন্ধন। (স্বপক্ষ হইতে বিশ্বাসঘাতকতাশঙ্কা।

মরণে নিরপেক্ষ হইয়া কৃতযুদ্ধোৎসাহ।
অভিমর্দ্দ, (অভি—মৃদ্=মর্দ্দন করা+ঘঞ্ ভা) সং, পুং, শত্রুকৃত পীড়ন। 'বিপক্ষ রাজ্যের' উচ্ছেদ সাধন। যুদ্ধ। মর্দ্দ।
অভিমাতি, (অভি+মা—পরিমাণ করা +তি, যাহার সহিত বলের পরিমাণ করা যায়) সং, পুং, শত্রু, বিপক্ষ। দুর্জ্জন। বিং ত্রিং, অনিষ্টকারী।
অভিমান, (অভি—মন্= বুঝা, বা, মানি=গর্ব্বকরা+অ—ভা) সং, পুং, প্রতীতি। অহঙ্কার, মনের ভাববিশেষ। জ্ঞান। হিংসা। প্রণয়। প্রার্থনা। ইচ্ছা। (ন্যায়শাস্ত্রে) অহমিত্যাকার অভিমান। অহঙ্কার।
অভিমানিত, (অভি+মন্+ণিচ্+ক্ত) সং ক্লীং, সুরত, মৈথুন। স্ত্রীং, (তা) গর্ব্ব। দর্প।
অভিমানী, ('অভিমান' দেখ, ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, অহঙ্কৃত, দৃপ্ত। অভিমান বিশিষ্ট। পুং, ভৌত্যনামক মনুর পুত্র।
অভিমায়, (অভি+মায়া—৬ষ্ঠী—ত্রিং) বিং, ত্রিং, অভিভূত, ইতিকর্ত্তব্যতাবিমূঢ়।
অভিমুখ, (অভি=সমীপ—মুখ=বক্ত্র) বিং, ত্রিং, সম্মুখ। উদ্যত। অনুকূল। সদয়। উর্দ্ধমুখ। ক্লীং, সম্মুখ, সমীপ, অন্তিক।
অভিমৃষ্ট, (অভি—মৃষ্ট [মৃজ+ত] মার্জ্জিত) বিং, ত্রিং, মিলিত, সম্বদ্ধ। সংসৃষ্ট।
অভিযাতি, (অভি—বিপরীত+যা= যাওয়া+তি) সং, পুং, শত্রু, বিপক্ষ।
অভিযান, (অভি=বিরুদ্ধে—যান—গমন) সং, ক্লীং, অভিগমন, উপস্থিতি। আগমন। আক্রমণ। যুদ্ধযাত্রা।
অভিযাত, বিং, ত্রিং, আক্রান্ত। গত।
অভিযুক্ত, (অভি+যুজ+ত) বিং, ত্রিং, আক্রান্ত। কুশল। ধ্যানাসক্ত। কথিত। অভিযোগের বিপরীতভাবে প্রতিবাদী (Defendant)
অভিযোক্তা, (অভিযোক্তৃ, অভি+যুজ+তৃণ—ক) সং, পুং, অভিযোগকর্ত্তা, বাদী, ফরিয়াদী (Plaintiff)। শত্রু।
অভিযোগ, (অভি+যুজ+অন—ভা) সং, পুং, আক্রমণ। যুদ্ধার্থ আহ্বান। বধ। অভিনিবেশ। উদ্যোগ। কোন ব্যক্তির অপরাধ কথন পূর্ব্বক বিচারকের নিকট বিচারার্থ আবেদন। নালিশ। তিরস্কার। নিবারণ। সম্বন্ধ।
অভিরতি, (অভি—রতি=সন্তোষ) সং, স্ত্রীং, আসক্তি, অনুরাগ, সুখ, আনন্দ। উদ্যোগ।
অভিরাধ, (অভি—রাধ্ [নিষ্পন্ন হওয়া] আরাধনা করা+ত—ম্ম) বিং, ত্রিং, আরাধিত, পূজিত। প্রসাদিত।
অভিরাম, (অভি—রম্—অনুরক্ত হওয়া +অ—ধি। যাহাতে মন অনুরক্ত হয়) বিং, ত্রিং, রমণীয়, সুন্দর, প্রিয়।
অভিরুচি, (অভি—রুচ+ইচ্ছা+ই—ভা) সং, স্ত্রীং, স্পৃহা, অভিলাষ। প্রবৃত্তি। অনুরাগ। প্রভা।
অভিরূপ, (অভি—রূপ=রূপযুক্ত করা +অ—প্রং, কিম্বা অভি=লক্ষণীয়—রূপ। যাহার রূপ লক্ষণীয় হইয়াছে) বিং, ত্রিং, মনোহর। বিদ্বান্। সং, পুং, পণ্ডিত। শিব। বিষ্ণু। কামদেব। চন্দ্র।
অভিলষণীয়, (অভিলষিত দেখ, অনীয় —র্ম্ম) বিং, ত্রিং, অভিলাষ করিবার যোগ্য। বাঞ্ছনীয়। প্রার্থনীয়।
অভিলষিত, (অভি—লষ্=ইচ্ছাকরা+ত—র্ম্ম) বিং, ত্রিং, বাঞ্ছিত, অভীষ্ট, ইষ্ট। ক্লীং, অভিলাষ।
অভিলাপ, (অভি—লপ্=বলা+অ—ভা) সং, পুং, সঙ্কল্পাদি বাক্য। শব্দ।
অভিলাব, (অভি—লু—ছেদন করা+ঘঞ্—ভা) সং, পুং, ছেদন। বিনাশ।
অভিলাষ, (অভি+লষ+অ—ভা) সং, পুং, ইচ্ছা, স্পৃহা। উদ্বেগ, অত্য-

রাগ। সম্ভোগেচ্ছা যথা "অভিলা রিতেন্দ্রিয়ঃ স্বসুতায়ামকরোৎ প্রজা পতিঃ" কুমারসম্ভব।

অভিলাষী } (অভিলাষন্. অভিল-
অভিলাষুক } ষিত দেখ, ইন্, উক—ক) বিং ত্রিং, সস্পৃহ। লোভী। লুব্ধ। প্রার্থী। লোলুপ, ইচ্ছুক। গৃধ্নু।

অভিবাদ, (অভি=বিপরীত—বাদ কথন) সং, পুং, অপবাদ। অখ্যাতি। অপ্রিয়-বাক্য প্রণাম।

অভিবাদন,(অভি—বাদি [বলা] প্রণাম-করা+অন—ভা) সং, ক্লীং, পাদস্পর্শ পূর্ব্বক প্রণাম, স্বনামোচ্চারণ পূর্ব্বক বন্দনা।

অভিবিধি—পু } (অভি=সর্ব্বো-
অভিব্যাপ্তি—স্ত্রীং } তোভাব— বিধি [বি—ধা "ধারণ করা" ব্যাপা+ই—ভা] ব্যাপ্তি) সং, পুং, সর্ব্বতোভাবে ব্যাপ্তি।

অভিব্যক্ত, (অভি—ব্যক্ত=স্পষ্ট) বিং, ত্রিং, প্রকাশিত পরিস্ফুট।

অভিব্যক্তি, (অভি—ব্যক্তি=প্রকাশ) সং, স্ত্রীং, প্রকাশ। প্রত্যক্ষযোগ্যতা।

অভিব্যাহার, (অভি+বি+আ+হৃ+ঘঞ্) সং, পুং, পরিস্ফুট বাক্য কথন।

অভিশংসন, (অভি+শন্স্ = বলা + অনট্) সং, ক্লীং আক্রোশ, অপবাদ। পরুষ বাক্য প্রয়োগ।

অভিশপ্ত, (অভি—শপ্=শাপ দেওয়া +ত—র্ম্ম) বিং, ত্রিং, অভিশাপগ্রস্ত, প্রাপ্তাভিশাপ। যাহার প্রতি অভিশাপ হয়।

অভিশস্ত, (অভি=বিরুদ্ধ-শন্স্=প্রশংসা করা+ত—র্ম্ম) বিং, ত্রিং, অপবাদিত, কলঙ্কিত। মিথ্যাদোষ-দূষিত। পৃষ্ট। যাচিত।

অভিশস্তাঙ্ক, (৬ষ্ঠী—ষ) সং, পুং, অপ-রাধীর ললাটাদিতে প্রদত্ত অপরাধ সূচক চিহ্ন।

অভিশাপ, (অভিশপ্ত দেখ, অ—ভা) সং, পুং, মিথ্যাপবাদ। শাপ দেওয়া, অভিসম্পাত।

অভিষক্ত (অভি+সন্জ্+ক্ত) বিং, ত্রিং, পরাজিত, অভিভূত। পিশাচগ্রস্ত, ভূতে পাওয়া।

অভিষঙ্গ, অভীষঙ্গ, (অভি=বিরুদ্ধ. সহিত ইত্যাদি—সন্জ্=আসক্ত হওয়া +অ—ঘঞ্—ভা)সং, পুং, অভিশাপ। অভিভব, পরাজয়। যথা "তীব্রাভিষঙ্গ প্রভবেন বৃত্তিম্" কুমারসম্ভব। অপ-বাদ। আলিঙ্গন। সম্পর্ক। শোক, ব্যসন। শপথ। অক্রোশ।

অভিষব—পুং } (অভি—সু=স্নান-
অভিষবণ—ক্লীং } করা+অ, অন—ভা) স্নান। যজ্ঞাদি কর্ম্মের পূর্ব্বে স্নান। যজ্ঞান্তস্নান, অবভৃথ স্নান। রসাদি পান। যজ্ঞ। মদ্যোৎপাদক দ্রব্য বিশেষ। সং, ক্লীং, কাঞ্জিক, কাঁজি, আমানি।

অভিষিক্ত, (অভি—সিচ্=জলাদিসেক করা+ত—র্ম্ম) বিং, ত্রিং, স্নাত। বিধি পূর্ব্বক পবিত্র জলাদিদ্বারা স্নপিত। কোন কর্ম্মে নিযুক্ত।

অভিষেক, (অভি+সিচ্+ঘঞ্—ভা) সং, পুং, স্নান। যথাবিধিমন্ত্র উচ্চারণ পূর্ব্বক পবিত্র জলাদি দ্বারা স্নান। রাজসিংহাসনে আরোহণার্থ; অভি-ষেচন। কর্ম্মে নিয়োগ।

অভিষেচন, (অভি+সিচ্+অন—ভা) সং, ক্লীং, অভিষেক দেখ।

অভিষেণন, (অভি=বিরুদ্ধ—সেনি= সেনা+ঞি=সেনা সহ গমন করা+ অন—ভা) সং, ক্লীং, সসৈন্য শত্রুর প্রতি অভিগমন, সসৈন্য যুদ্ধযাত্রা।

অভিষ্টুত, (অভি—স্তু=স্তবকরা+ত= র্ম্ম) বিং, ত্রিং, প্রশংসিত। স্তুত, যাহাকে স্তব করা যায়। বর্ণিত।

অভিষঙ্গ, (অভি—সন্জ্=আসক্ত হওয়া

+ঘঞ্+অ—ভা।) সং, পুং, উৎকট অনুরাগ, আসক্তি। সক্তিস্ময়েদমিত্যেব প্রীতিমাত্রমুদীরিতা। অভিষঙ্গস্তু পুত্রাদৌ তাদাত্ম্যাধ্যাসলক্ষণঃ।

অভিষ্যন্দ, (অভি—স্যন্দ্ [ক্ষরা] উন্নত হওয়া+অ—ভা) সং,পুং, অতি স্ফীতি, আধিক্য। অতিশয় উন্নতি। যথা "স্বর্গাভিষ্যন্দবমনংকৃত্বেবোপনিবেশিতং" কুমারসম্ভব। ক্ষরণ। অতিরেক। চক্ষুরোগ বিশেষ। বিং, ত্রিং, অধিক। উদ্বৃত্ত।

অভিষ্যন্দ-নগর; সং, ক্লীং, প্রধান নগরের উদ্বৃত্ত লোকদ্বারা কৃত নগর, শাখা নগর। প্রধান নগরের সন্নিহিত নগর।

অভিসন্তাপ, (অভি=অধিক—সন্তাপ, ৭মী—হিং) সং,পুং, যুদ্ধ, বিগ্রহ। দুঃখ। তাপ। অভিশাপ। পতন।

অভিসন্ধা, (অভি+সন্+ধা+অ) সং. স্ত্রীং, বাক্য, বচন। প্রতিজ্ঞা, অঙ্গীকার।

অভিসন্ধান, (অভি—সং—ধা [ধারণ করা] লক্ষ্যকরা+অন—ভা) সং, ক্লীং, উদ্দেশ। প্রবঞ্চনা, ঠকান। আসক্তি, অনুরাগ। প্রতিজ্ঞা। সন্ধিকরণ।

অভিসন্ধি (অভিসন্ধান—দেখ, ই—ভা) সং, পুং, উদ্দেশ, অভিপ্রায়। প্রতিজ্ঞা। সন্ধিস্থল তাৎপর্য্য। বঞ্চনা, প্রতারণা।

অভিসম্পাত, (অভি+সম্পাত=পতন) সং, পুং, যুদ্ধ, বিগ্রহ। পতন। অভিশাপ।

অভিসর, (অভি=পশ্চাৎ বা সমীপ—সর [সৃ—অ] যে গমন করে) সং, পুং, সহায়। অনুচর।

অভিসরণ, (অভি=পশ্চাৎ বা সহিত—সৃ=গমন করা+অনট—ভা) সং, ক্লীং, অনুগমন, অনুবর্ত্তন, অভিমুখেগমন। স্ত্রী পুরুষের অন্যতরের, অন্যতরের নিমিত্ত সঙ্কেত স্থানে গমন। অভিসার।

অভিসর্জ্জন, (অভি—সৃজ্=ত্যাগকরা+অন—ভা) সং, ক্লীং, দান, ত্যাগ, বিসর্জ্জন। বধ।

অভিসার, (অভি=সম্মুখ বা পশ্চাৎ—সৃ=গমন করা+অ—ভা, ধি, ক) সং, পুং, যুদ্ধ। বল। অনুচর। সাধন। কান্তার্থে সঙ্কেত স্থানে গমন।

অভিসারস্থান, সং, ক্লীং, সঙ্কেতস্থান, যথা ক্ষেত্র, বাগান বাটী, ভগ্নদেবালয়, দূতীগৃহ। বন। মালয় শ্মশান। নদ্যাদির তট।

অভিসারিকা, (অভিসার দেখ, অক—ক) সং, স্ত্রীং, কান্তের নিমিত্ত যে নারী সঙ্কেত স্থানে যায়।

অভিসারিণী, (অভি—সারিন্ [সৃ+ণিন্] যে গমন করে+ঈপ্) সং, স্ত্রীং, অভিসারিকা।

অভিসৃষ্ট, (অভিসর্জ্জন দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, দত্ত। পরিত্যক্ত। উৎসৃষ্ট।

অভিহত, (অভি—হন্=বধ করা+ত—র্ম্ম) বিং, ত্রিং, আহত। তাড়িত। নিরুদ্ধ। পরাজিত। অভিভূত। বিনষ্ট। ভগ্ন। হত। (অঙ্কশাস্ত্রে) গুণিত।

অভিহরণ, (অভি—হৃ [হরণকরা] আনা +অনট্—ভা) সং, ক্লীং, আহরণ, আনয়ন। অপহরণ।

অভিহার, (অভি—হৃ [হরণকরা] বলপূর্ব্বক লওয়া+অ—ভা) সং, পুং, চৌর্য্য। সাহস। ডাকইতি। আক্রমণ। পৌনঃপুন্য। বর্ম্মাদি ধারণ। অভিযোগ

অভিহিত, (অভি—ধা [ধারণকরা] বলা +ত—র্ম্ম—ধা=হি) বিং, ত্রিং, কথিত, উক্ত। স্ত্রীং, জলপিপ্পলী।

অভী, (অ—ভী=ভয়, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নির্ভয়, ভয়রহিত। নিঃশঙ্ক।

অভীক, (অভি—কম্=ইচ্ছাকরা+ড—ক) বিং, ত্রিং, কামুক, ইচ্ছুক। উৎসুক। ক্রূর, নিষ্ঠুর (অ—ভী=ভয়, ৬ষ্ঠী —হিং। ক—স্বার্থে) নির্ভয় নিঃশঙ্ক। সং, পুং, কবি। পতি, স্বামী।

অভীক্ষ্ণ, (অভি—ক্ষ্ণু=তীক্ষ্ণকরা+অ—প্রং। উ—লোপ। ই=ঈ) বিং, ত্রিং, সতত। অবিচ্ছিন্ন। বারম্বার নিত্য। সার্ব্বকালিক। অতিশয়।

অভীক্ষ্ণম্, (অভীক্ষ্ণ=দেখ, অম্—প্রং) অং, পুনঃপুনঃ, সর্ব্বদা।

অভীপ্সিত, (অভি=পুনঃপুনঃ—আপ্=পাওয়া+সন্=ইচ্ছার্থে, ত—র্ম্ম। আ=ঈ) বিং, ত্রিং, অভিলষিত, বাঞ্ছিত অভীষ্ট।

অভীর, (অভি+ঈর=প্রেরণ করা+অ) সং, পুং, আভীর, গোপ। গোয়ালা।

অভীরু, (অ—ভীরু=ভীত। ইহার অনেক মূল বলিয়া ভাঙ্গিবার ভয় নাই) সং, স্ত্রীং শতমূলী। পুং মহাদেবের মূর্ত্তিভেদ (নঞ্—ব) বিং, ত্রিং, ভয়শূন্য। নির্ভীক।

অভীশু, অভীষু, (অভি—অশ্=ব্যাপা, অথবা ইষ্ বাঞ্ছা করা, ঈশ্ প্রভুত্ব করা+উ—সংজ্ঞার্থে) সং, পুং কিরণ। দীপ্তি। লাগাম, প্রগ্রহ"তেন হি গৃহ্যন্তামভীষবঃ" শকুন্তলা। কাম, অভিলাষ। অঙ্গুলি।

অভীষুমান্, (অভীষুমৎ—অভীষু=কিরণ+মৎ—অস্ত্যর্থে) সং, পুং, সূর্য্য। বিং, ত্রিং, তেজোবিশিষ্ট।

অভীষ্ট, (অভি=পুনঃপুনঃ—ইষ্=বাঞ্ছাকরা+ত—র্ম্ম) বিং, ত্রিং, বাঞ্ছিত অভিলষিত। প্রিয়। দয়িত।

অভিষ্টসিদ্ধি, (অভীষ্ট—সিদ্ধি, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, ইষ্টলাভ, অভিলষিতপ্রাপ্তি।

অভুক্ত, (অ—ভুক্ত=ভক্ষিত) বিং, ত্রিং, অনাহারী। উপবাসী যে ভোজন করে নাই। যাহা ভোগ বা ভোজন করা হয় নাই, যথা—অভুক্ত বিষয়, অভুক্ত অন্ন।

অভুক্তমূল, (অভুক্ত+মূল) নক্ষত্র বিশেষ।

অভুগ্ন, (অ+ভুগ্ন) বিং, ত্রিং, অবক্র, সরল। সুস্থ।

অভূততদ্ভাব, (অ+ভূত+তৎ+ভাব) সং, পুং, পূর্ব্বে যাহা ছিল না এক্ষণে তাহা হইয়াছে।

অভূতোপমা, সং, স্ত্রীং, অলঙ্কারশাস্ত্রে উপমালঙ্কার বিশেষ।

অভূমি, সং, স্ত্রীং, অবিষয়। অপাত্র। অনুপযুক্ত স্থল।

অভেদ, (অ—ভেদ=প্রভেদ নঞ্—ষ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অভিন্ন ভেদরহিত)সং,পুং,ঐক্য। তাদাত্ম্য। ভেদাভাব, অবিশেষ।

অভেদ্য, (অ—ভেদ্য [ভিদ্+য]ভেদনীয়) সং, ক্লীং, হীরক। বজ্র। বিং, ত্রিং, ভেদাসাধ্য, বিদারণাযোগ্য। দুষ্প্রবেশ্য। অতি কঠিন।

অভ্যক্ত, (অভি—অন্জ্=ম্রক্ষিতকরা+ত—র্ম্ম) বিং, ত্রিং, তৈলাক্ত। যে তৈল মর্দ্দন করিয়াছে। যথা "অভ্যক্তমিব স্নাতঃ" শকুন্তলা।

অভ্যগ্র, (অভি = বিদ্যমানতা—অগ্র=সম্মুখ) বিং, ত্রিং, সমীপস্থিত। আসন্ন। নূতন।

অভ্যঙ্গ—পুং, অভ্যাঙ্গ—ক্লীং (অভি—অন্জ্=ম্রক্ষিত করা+অ, অন—ভা) সং, তৈল বা তৈলবৎ বস্তুদ্বারা অঙ্গ মর্দ্দন। কজ্জলাদি দ্বারা চক্ষুরঞ্জন করা।

অভ্যধিক, (অভি—অধিক) বিং, ত্রিং, অতিশয় অধিক। সর্ব্বোত্তম। বলবত্তর।

অভ্যনুজ্ঞা, (অভি—অনুজ্ঞা, অনুজ্ঞাদেখ) সং, স্ত্রীং, অনুমতি, আদেশ। অনুমোদন।

অভ্যন্তর, (অভি-অন্তর=মধ্য) সং, ক্লীং, অন্তরাল, মধ্য, ভিতর। বিং, ত্রিং, মধ্যবর্ত্তী, অন্তর্গত। অন্তরালস্থিত। আত্মীয়। অন্তরঙ্গ।

অভ্যন্তরায়াম, সং, পুং, বায়ুরোগ বিশেষ

অভ্যন্তরীণ, অভ্যন্তর+ঈন—প্রং) বিং, ত্রিং, অন্তর্বর্ত্তী, মধ্যবর্ত্তী। [চ্ছেদ।

অভ্যন্তরীণ-বিবাদ, সং, পুং, গৃহবি-

অভ্যমিত, (অভি—অম্—পীড়িত হওয়া +ত—র্ম্ম) বিং, ত্রিং, রোগী। ব্যাধিত।

অভ্যমিত্রীণ, } (অভি=সম্মুখ বা বিরুদ্ধ-
অভ্যমিত্রীয়, } অমিত্র=শত্রু+ঈন,ঈয়,
অভ্যমিত্র্য, } য—অত্যর্থ বা গমনার্থে)
সং, পুং, সম্মুখযোদ্ধা।

অভ্যর্ণ, (অভি=নিকট—অর্দ্দ্=গমন করা+ত—ক) বিং, ত্রিং, আসন্ন নিকট, সমীপ, অন্তিক।

অভ্যর্থন, (অভি—অর্থ=বাঞ্ছাকরা+অন—ভা) সং, ক্লীং, (না) স্ত্রীং, প্রার্থনা। সন্তাষ। সমাদর। সংবর্দ্ধনা। আবেদন।

অভ্যর্হিত, (অভি+অর্হ্=যোগ্য হওয়া ত—ক) বিং, ত্রিং, উচিত। ন্যায্য। মান্য। পূজিত। শ্রেষ্ঠ।

অভ্যবকর্ষণ, (অভি—অব—কৃষ্=ভূমি চসা, টানা+অন—ভা) সং, ক্লীং, আকর্ষণ। শস্যাদির উৎপাটন। উদ্ধরণ।

অভ্যবস্কন্দ—পুং } অভি—অব—স্কন্দ
অভ্যবস্কন্দন—ক্লীং } =গমনকরা, প্রহার করা+অ, অন—ভা) সং, প্রহার শত্রুর সম্মুখে গমন। আক্রমণ,অবরোধ

অভ্যবহার, (অভি—অব—হৃ=হরণকরা খাওয়া+অ—ভা) সং, পুং, ভোজন, আহার, ভক্ষণ। অন্ন। ভক্ষ্যবস্তু।

অভ্যবহার্য্য, (অভ্যবহার দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং,ভোজন পানাদিযোগ্য ভক্ষ্য। ক্লীং ভক্ষ্য বস্তু।

অভ্যবহৃত, (অভ্যবহার দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, ভক্ষিত, ভুক্ত।

অভ্যসন, (অভি—অস্=হওয়া, বারম্বার অনুশীলন করা+অনভা) সং, ক্লীং, পুনঃ পুনঃ আলোচনা। অভ্যাস।

অভ্যসূয়া, (অভি—অসূয়া) সং, স্ত্রীং, গুণে দোষারোপ। ঈর্ষা, দ্বেষ।

অভ্যস্ত, (অভ্যসন=দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, শিক্ষিত যাহা অভ্যাসকরা হইয়াছে। আবৃত্ত অভ্যাসসংজ্ঞাবিশিষ্ট। দ্বিরুক্তধাতুর পূর্ব্বভাগের অভ্যাস সংজ্ঞা হয়। ভক্ষাদি সাতটী অভ্যস্ত ধাতু। (অঙ্কশাস্ত্রে) গুণিত।

অভ্যাকাঙ্ক্ষিত } (অভি—আকাঙ্ক্ষিত
অভ্যাখ্যান } বাঞ্ছিত; আখ্যান,কথন
সং, ক্লীং, মিথ্যাভিযোগ, মিথ্যা দাওয়া। মিথ্যাপবাদ।

অভ্যাগত, (অভি—আ—গম্=গমনকরা +ত—ক। যে গৃহে আগমন করিয়াছে) স, পুং, অতিথি। বিং, ত্রিং, সম্মুখাগত। উত্তরাধিকার ক্রমে প্রাপ্ত।

অভ্যাগম, (অভি=নিকটে বা সম্মুখে—আগম=আগমন) সং, পুং, যুদ্ধ। প্রহার, শত্রুতা। সমীপ। অভ্যুত্থান। নিকটে বা সম্মুখে আগমন। স্বীকার। ভোগ। ফলোদয়, ফলসম্বন্ধ।

অভ্যাগারিক, (অভি—আগারিক=অগার=গৃহ+ষ্ণিক—ইদমর্থে,=গৃহাসক্ত) বিং, ত্রিং, পরিবার-পোষণে মনোযোগী, কুটুম্ব। ব্যাপৃত।

অভ্যাদান, (অভি—আদান=গ্রহণ) সং, ক্লীং, প্রথমারম্ভ। সম্মুখবর্ত্তী হইয়া গ্রহণ। আরম্ভ। [পুনঃ পুনঃ, অসকৃৎ।

অভ্যাবৃত্তি, (অভি—আবৃত্তি) সং, স্ত্রীং,

অভ্যাস—শ, (অভ্যসন দেখ, অ—ভা) সং, পুং, পুনঃ পুনঃ অনুশীলন,আবৃত্তি। (অভি=সম্মুখ—অস্=বিদ্যমান থাকা +অ—ভা, ক) নৈকট্য। বিং, ত্রিং, নিকট, সমীপ।

অভ্যাসাদন, (অভি—আ—সাদি=গমন করা+অন—ভা) সং, ক্লীং, শত্রুর প্রতি প্রহার। অস্ত্রাদি দ্বারা শত্রুকে নির্ব্বীর্য্য করা। শত্রুর সম্মুখে গমন।

অভ্যাহার, (অভি—আ—হৃ+অ—ভা। অভিহার, দেখ) সং, পুং, অভিগ্রহণ, চৌর্য্য। ভোজন, আহার।

অভ্যুক্ষণ, (অভি—উক্ষ্=আর্দ্রকরা+অন—ভা) সং, ক্লীং, সেচন, কোন বস্তুর উপর জল ছড়ান।

অভ্যুক্ষিত, (অভি+উক্ষ+ত—র্ম্ম) বিং, ত্রিং, সিক্ত, যাহাতে জলসেচন হইয়াছে। জলদ্বারা আর্দ্রীকৃত।

অভ্যুচ্চয়, (অভি—উৎ—চি=একত্রকরা +অ—প্রং) সং, পুং, রাশি, সমুচ্চয়।

অভ্যুচ্ছ্রিত, (অভি=সম্যক্—উচ্ছ্রিত= উন্নত) বিং, ত্রিং, অত্যুন্নত। সমর্থ।

অভ্যুত্থান, (অভি—উৎ=ঊর্দ্ধ—স্থা=থাকা=অন—ভা। স্—লোপ) সং, ক্লীং, উদয়, উত্থান। উদ্যম। অভ্যুন্নতি, সমৃদ্ধি, অভ্যুদয়। সুখ্যাতি। কীর্ত্তি। সূর্য্যোদয়, প্রত্যুদ্গমন, আগন্তুক ব্যক্তির সমাদরার্থে আসন হইতে উত্থান। প্রতি-কূলে অস্ত্রধারণ।

অভ্যুত্থিত, (অভ্যুত্থান দেখ, ত—ক) বিং, ত্রিং, উত্থিত, উদিত। প্রজ্বলিত। প্রবৃত্ত। অভ্যুন্নত। প্রতিকূলেধৃতাস্ত্র। প্রত্যুদ্গত। সমাদরার্থ আসন হইতে উত্থিত।

অভ্যুৎপতন, (অভি+উৎ+পত+অনট্ সং, ক্লীং, আক্রমণ, অভিমুখে গমন, যথা "অলক্ষিতাভ্যুৎপতনোনৃপেন প্রসহ্য সিংহঃ কিল তাং চকর্ষ" রঘুবংশ।

অভ্যুদয়, (অভি-উদয়) সং, পুং, উত্থান, উদয়। মঙ্গল। উন্নতি, বৃদ্ধি। অভীষ্টসিদ্ধি। বিবাহাদি উৎসব। চূড়াদি সংস্কার।

অভ্যুদাহরণ, (অভি—উদাহরণ=দৃষ্টান্ত) সং, ক্লীং, প্রতিকূলে উদাহরণ। বিধর্ম্মপ্রদর্শন দ্বারা স্বধর্ম্ম প্রতিপাদক দৃষ্টান্ত।

অভ্যুদিত, (অভি—উৎ=ঊর্দ্ধ—ই=গমন করা+ত—ক) বিং, ত্রিং, সূর্য্যোদয় হইলেও যে নিদ্রিত থাকে। উদিত, উদয় প্রাপ্ত। প্রকাশিত। বিবাহাদি মহোৎসব বিশিষ্ট। সমৃদ্ধ। বৃদ্ধিশালী।

অভ্যুদীরিত, (অভি—উৎ—ঈর্=প্রেরণ করা, বলা ত—র্ম্ম) বিং, ত্রিং, কথিত। বিক্ষিপ্ত। আক্ষিপ্ত।

অভ্যুদ্গত, (অভি+উৎ+গত) বিং, ত্রিং, উন্নত। প্রকাশিত। সম্মুখাগত। সম্মানার্থ আসন হইতে উত্থিত।

অভ্যুদ্যত, (অভি= সমন্তাৎ — উদ্যত উদ্যুক্ত) সং, ত্রিং, উদিত, উত্থিত। প্রবৃত্ত। অযাচিতোপস্থিত। সম্মুখে উপনীত। লব্ধোদয়। উদ্ধৃত।

অভ্যুন্নত, (অভি+উৎ+নম+ত) অতিশয় উন্নত। অনিম্ন।

অভ্যুপগত, (অভি—উপ—গম্=গমন করা, স্বীকার করা+ত—র্ম্ম। ম্—লোপ) বিং, ত্রিং, অঙ্গীকৃত, স্বীকৃত। প্রতিভা। প্রাপ্ত। আসক্ত। সমীপাগত। সদৃশীভূত। অনুমিত।

অভ্যুপগম, (অভি+উপ+গম+অ—ভা) সং, পুং, স্বীকার, অঙ্গীকার অনুমোদন অনুমতি। নিকটে আগমন, সিদ্ধান্ত, উপস্থিত। প্রাপ্তি। সাদৃশ্য।

অভ্যুপগমসিদ্ধান্ত, সং, পুং, সাক্ষাৎ সম্বন্ধে যাহার সূত্র করা হয় নাই, তাহার বিশেষ ধর্ম্ম কথন "অপরীক্ষিতাভ্যুপগমাৎ তদ্বিশেষপরীক্ষণং"। গোতমসূত্র।

অভ্যুপগমিত; সং, পুং, নির্দ্দিষ্টকালের নিমিত্ত নিযুক্ত দাস। অঙ্গীকারানন্তর প্রাপ্ত।

অভ্যুপপত্তি, (অভি—উপ—পদ্ [গমন করা] কৃপাকরা ইত্যাদি+তি—ভা) সং, স্ত্রীং, উপকার, অনুগ্রহ। প্রসাদ সান্ত্বনা। পরিত্রাণ। স্বীকার। ভ্রাতৃজায়ার গর্ভে সুতোৎপাদন।

অভ্যুপায়, (অভি—উপ—ই [গমনকরা] স্বীকার করা ইত্যাং+অ—ভা) সং, পুং, স্বীকার। সদুপায়।

অভ্যুপায়ন, (অভি—উপায়ন=উপহার) ক্লং, ক্লীং, উপঢৌকন, ভেট।

অভ্যুপেত, (অভ্যুপায়=দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, স্বীকৃত, অঙ্গীকৃত। প্রাপ্ত।

অভ্র, (অভ্র [গমনকরা] পাওয়া+অ—

ক। যে ঐশ্বর্য্য প্রাপ্ত হইতেছে, কিম্বা অ—ভ্রম্ [চলা] পাওয়া+অ—ক। যে বিকার পায় না) সং, ক্লীং, আকাশ। গমন (যে বিকার প্রাপ্ত হয়) মেঘ। অভ্রক ধাতু। স্বর্ণ। কাঞ্চন। কর্পূর। মুস্তা। বেতস বৃক্ষ। (অভ্র্ গমন করা +অ—প্রং, বা "অ—ভ্রন্শ্" পতিত হওয়া+অ—পা। "ন ভ্রশ্যন্তি যতস্তেভো জলান্য ভ্রাণি তান্যত" ইতি নিরুক্তিঃ। অপ—ভ্রন্শ্ পূর্ব্ববৎ। এই রূপ ব্যুৎপত্তিতে নকার যুক্ত অভ্র শব্দ। কেহ বলেন অপ—ভৃ ধারণকরা+অ—ক)

অভ্রংলিহ, (অভ্রং=আকাশকে—লিহ =অস্বাদন করা+অ—ক) সং, পুং, বায়ু। বিং, ত্রিং, গগণস্পর্শী, অতি উচ্চ। অন্তস্তোয়ং মণিময়ভুবস্তুঙ্গমভ্রংলিহাগ্রাঃ" মেঘদূত।

অভ্রক, (অভ্র—ক=কৈ ধাতুজ অথবা ক —স্বার্থে) সং, ক্লীং, ধাতুবিশেষ, অভ্র।

অভ্রঙ্কষ, (অভ্রং=আকাশকে—কষ্ = [বিদারণ] চষা+ক) সং, পুং, অভ্রংলিহ দেখ।

অভ্র-পিশাচ ; (অভ্র=আকশ+পিশাচ। যেআকাশের পিশাচ) সং, পুং, রাহুগ্রহ।

অভ্রপুষ্প, (অভ্র=মেঘ—পুষ্প। মেঘগমে যাহার পুষ্প হয়, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বেতসবৃক্ষ। (বৃষ্টি, মেঘ হইতে পুষ্পের ন্যায় বাহির হয় বলিয়া জলের নাম মেঘপুষ্প হইল, ৬ষ্ঠী—ষ) ক্লীং, জল।

অভ্রমতঙ্গজ } অভ্রমাতঙ্গ } (অভ্র=মেঘ—মাতঙ্গ মতঙ্গজ হস্তী। মেঘের বা অভ্ররাজ ইন্দ্রের হস্তী, ৬ষ্ঠী—ষ, অথবা অভ্রাত্মক—মাতঙ্গ, য়ং—স। মধ্যপদলোপ) সং, পুং, ঐরাবত হস্তী। পূর্ব্বদিঙ্নাগ।

অভ্রমু, (অ—ভ্রম্=ভ্রমণকরা+উ—সংজ্ঞার্থে, কিম্বা অভ্র মেঘ—মা=পরিমাণ করা+উ—সংজ্ঞার্থে। নীলবর্ণ বলিয়া মেঘের এবং মহাকায় বলিয়া যে আকাশের পরিমাণ অর্থাৎ সমান) সং, স্ত্রীং, পূর্ব্বদিকের হস্তিনী, ঐরাবতের স্ত্রী।

অভ্ররোহ, (অভ্র=মেঘ+রুহ=অঙ্কুরিত হওয়া+ঘঞ্। মেঘের শব্দে যে অঙ্কুরিত হয়) সং, পুং, বৈদূর্য্য মণি।

অভ্রলিপ্তী, (অভ্র+লিপ=লেপনকার—ঙপ) সং, স্ত্রীং, অল্প মেঘবিশিষ্ট আকাশ

অভ্রাতৃক, (অ—ভ্রাতৃ= ভ্রাতা+ক—স্বার্থে। যাহার আর ভ্রাতা নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, ভ্রাতৃহীন।

অভ্রান্ত, (অ—ভ্রান্ত) বিং, ত্রিং, ভ্রমশূন্য। ভ্রান্তিরহিত।

অভ্রাবকাশ, (অভ্র+অবকাশ=আশ্রয় যাহার আশ্রয় আকাশ—৬ষ্ঠী হিং) সং, পুং, অনাবৃত স্থান।

অভ্রাবকাশিক, (অভ্রবকাশ+ক) সং, ত্রিং, অনাবৃত প্রদেশাশ্রয়ী।

অভ্রি, (অভ্র্=গমনকরা+ই—সংজ্ঞার্থে, যে নৌকার মল মার্জ্জনার্থে গমন করে বা ব্যবহিত হয়) সং, স্ত্রীং, মল পরিষ্কারক কাষ্ঠ, কুদ্দাল, কেঠো। তীক্ষ্ণাগ্রলোহদণ্ড বিশেষ।

অভ্রিত, (অভ্র+ইত—জাত অর্থে) বিং, ত্রিং, সঞ্জাতমেঘ "দদর্শকালে দিব ভ্রভিতামিব" রঘুবংশ।

অভ্রিয়, (অভ্র+ইয়—ভবার্থে) বিং, ত্রিং, মেঘ সমন্ধীয়, মেঘোৎপন্ন। আকাশীয়, অভ্রসম্বন্ধীয়। সং, স্ত্রীং, (য়া) বিদ্যুৎ। সং, ক্লীং, মেঘজল। বজ্র।

অভ্রেষ, (অ+ভ্রেষ) সং, পুং, ন্যায়, উচিত।

অভ্রোত্থ, (অভ্র—উত্থ=উত্থিত, যাহা মেঘ হইতে উৎপন্ন হইয়াছে, ৫মী—ষ) সং, ক্লীং, বজ্র।

অম, (অম্=রুগ্নহওয়া+অ—ভা) সং, পুং, রোগ, আময়। বিং, ত্রিং, অপক্ক। ব্যং শীঘ্র অল্প।

অমঙ্গল, (নঞ্—ষ+৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, মঙ্গলাভাব, অশুভ অনিষ্ট, অশিব "অমঙ্গলাভ্যাসরতিং বিচিন্ত্যতম্" কুমারসম্ভব। পুং, এরণ্ডবৃক্ষ। বিং, ত্রিং, মঙ্গলশূন্য। অশিবকর অশুভ সূচক।

অমণ্ড, (অ+মণ্ড[মড়ি=ভূষিতকরা+অ] যে ভূষিত করেনা ১মা—হিং) সং, পুং, এরণ্ড বৃক্ষ।

অমত, (অ—মত) সং, পুং, অসম্মতি। রোগ। মৃত্যু। সময়। বিং, ত্রিং, অবিভাত, অতর্কিত।

অমতপরার্থতা, (অমত=অতর্কিত, অসঙ্গত+পরার্থ+তা) সং, স্ত্রীং, (অলঙ্কারশাস্ত্রে) বাক্যদোষবিশেষ।

অমতি, সং, পুং, কাল। চন্দ্র। দুষ্টব্যক্তি সং, স্ত্রীং, অজ্ঞান অনভিসন্ধি।

অমত্র, সং, ক্লীং, ভোজন পাত্র, থালা।

অমনি, (দেশজ) বিং, ঐপ্রকার। বিনামূল্য।

অমন্দ, (অম=রোগ+দ [দো=ছেদন করা+ত] যে বিনাশ করে, যে রোগ বিনাশ করে) সং, পুং, ওষধি বৃক্ষ বিশেষ। বিং, ত্রিং, পণ্ডিত। ভীষণ। অতিগভীর। জ্যানির্ঘোষমমন্দ দুন্দুভিরবৈঃ" উত্তর চরিত। অনল্প, প্রচুর। "অমন্দমদদুর্দ্দিন দ্বিরতবারিদৈরাবৃতঃ" উত্তরচরিতঃ অজড়, উদ্যোগী। কুশল।

অমর, (অ—মৃ=মরা+অ—ক, ভা। যাঁহারা মরে না, কিম্বা যাহাদের মরণ নাই, ৬ষ্ঠী—হিং) সং, পুং, দেবতা। অমরসিংহ কবি। পারদ। চতুর্ব্বিংশতি প্রকার বয়ুার মধ্যে একবার বায়ু সুবর্ণ ধাতু। অস্থিসংহারক নামক বৃক্ষ বিশেষ। দেবদারু বৃক্ষ। সং, স্ত্রীং, ইন্দ্র পুরী। খুঁটি। জরায়ু। নাভিনাল। নীল দূর্ব্বা। ঘৃত কুমারী। (অমর+অ—অস্ত্যর্থে) রা—স্ত্রীং, ইন্দ্রের পুরী, দেবনগরী। বিং, ত্রিং, মরণশূন্য, যাহার মৃত্যু নাই। যে নানা সৎকার্য্য করিয়া চিরস্মরণীয় হইয়াছে।

অমরকোষ, সং, পুং, অমরসিংহকৃত প্রসিদ্ধ নাম লিঙ্গানুশাসন নামককোষ।

অমরজ, সং, পুং, খদির বৃক্ষ ভেদ।

অমরতা, অমরত্ব } (অমর+তা ত্ব — ভাবে) সং, ক্লীং, দেবত্ব। অমরের ধর্ম্ম, মৃত্যুঞ্জয়। অবিনাশিতা, অক্ষয়ত্ব।

অমরদারু, (অমর—দারু=বৃক্ষ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, দেবদারু বৃক্ষ।

অমরদ্বিজ, (অমর=দেবতা—দ্বিজ=ব্রাহ্মণ, অথবা অমর=অমরপূজক—দ্বিজ ব্রাহ্মণ। মধ্যপদলোপ) সং, পুং, দেবল, পূজারি ব্র্যহ্মণ। দেবপূজক। দেবজীব।

অমরপুষ্পক, (অমর=অবিশীর্ণ—পুষ্প+ক—প্রং, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কল্পবৃক্ষ কাশতৃণ, কেওড়া। কেতক। আম্রবৃক্ষ।

অমরসিংহ, সং, পুং, স্বনামখ্যাত অষ্টশাব্দিক মধ্যে পরিগণিত। নাম লিঙ্গানুশাসন নামক কোষ কার। ইনি বিক্রমাদিত্যের অন্যতম রত্ন।

অমরাদ্রি, (অমর—অদ্রি=পর্ব্বত, ৬ষ্ঠী—ষ। এই পর্ব্বত দেবতাদের বাসস্থান) সং, পুং, সুমেরু পর্ব্বত।

অমরালয়, (অমর—আলয়, ৬ষ্ঠী—ষ) সং, পুং, স্বর্গ। সুরলোক।

অমরাবতী, (অমর+বতু—অস্ত্যর্থে। অ=আ) সং, স্ত্রীং, ইন্দ্রনগরী।

অমরু, সং, পুং, স্বনামখ্যাত প্রসিদ্ধ কবিত্ব সম্পন্ন রাজা।

অমর্ত্ত্য, (অ—মর্ত্ত্য=মনুষ্য, মরণার্হ। যাঁহারা মনুষ্য বা মরণার্হ নহেন) সং, পুং, দেবতা, অমর। অক্ষয়, অবিনাশ।

অমর্ষ, আমর্ষ, (অ—মর্ষ [মৃষ্ ক্ষমাকরা +অ—ভা] ক্ষমা) সং, পুং, ক্রোধ অক্ষমা, অসহিষ্ণুতা। হিংসা। অপমানা সহিষ্ণুতা (অলঙ্কারশাস্ত্রে) ব্যভিচারীভাব বিশেষ।

অমর্ষণ, (অমর্ষণ=দেখ, অন—ভা, ক) সং, ক্লীং, ক্রোধ। বিং, ত্রিং, ক্রুদ্ধ, ক্রোধী। অসহসন।

অমল, (অ—মল=আবিল) বিং, ত্রিং, নির্ম্মল, পরিষ্কৃত। স্বচ্ছ। শুদ্ধ। (লা) স্ত্রীং ভূমি-আমলকী। লক্ষ্মী। ক্লীং (লং) অভ্রক ধাতু।

অমন, (অম=গমনকরা+অন) সং, পুং, কাল। মূর্খ। রোগবিশেষ।

অমা, (অ—মা—পরিমাণকরা+ক্বিপ্—প্রং) অং, সহিত। নিকট। সং, স্ত্রীং, অমাবস্যা। চন্দ্রের ষোড়ষকলা। চন্দ্রমণ্ডলস্থ সূর্য্য কিরণ।

অমাংস, (অ=অল্প—মাংস। যাহার অল্প মাংস আছে, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, কৃশ, দুর্ব্বল। ক্ষীণকায়। সং, ক্লীং, নিরামিষ ভক্ষ্যবস্তু।

অমাত্য, (অমা=নিকট+ত্য—ভবার্থে, কিম্বা অমা=সহিত—অৎ=সততগমন করা+য—সংজ্ঞার্থে। যিনি রাজার সহিত মন্ত্রণায় গমন করেন বা রাজার পার্শ্বে উপবেশনকারী)সং, পুং, মন্ত্রী। সহচর।

অমাত্র, (অ+মাত্রা=পরিমাণ) বিং, ত্রিং, অপরিমিত, অপরিচ্ছিন্ন। মাত্রাহীন ওঙ্কার। অসমস্ত, খণ্ডিত।

অমানুষ, (অ—মানুষ) বিং, ত্রিং, অলৌকিক। (দেশীয়) মন্দলোক, পশ্বাদিতুল্য, অপদার্থ।

অমাবস্যা, অমাবাস্যা, অমাবসী অমামসী, অমামাসী(অমা=সহিত—বস্=বাসকরা+ঘ্যণ্—ধি)চন্দ্র সূর্য্যের সহিত যাহাতে বাস করেন, অথবা অমা=সূর্য্যকিরণ যথা—"অমা নাম রবে রশ্মিশ্চন্দ্রলোকে প্রতিষ্ঠিতঃ"। চন্দ্র যে তিথিতে সূর্য্যকিরণে বাস করেন) সং, স্ত্রীং, কৃষ্ণপক্ষের শেষ তিথি।

অমায়, (অ+মায়া ৬ষ্ঠী. হিং যাহার মায়া নাই) সত্য। মোহরহিত। সরল কাপট্য শূন্য। স্ত্রীং (য়া) মোহভাব, অজ্ঞান। সরলতা।

অমায়িক, (অ—মায়িক=কপটাচারী) বিং, ত্রিং, অকপট, সরল। মুগ্ধস্বভাব, নিরহঙ্কার।

অমিত, (অ—মিত=পরিমিত) বিং, ত্রিং, অপরিমিত, যাহার পরিমাণ করা যায় না। অবধীরিত। অপরিষ্কৃত।

অমিত্র, (অ—মিত্র=বন্ধু, নঞ—ষ, কিম্বা অম্ [গমনকরা] পাওয়া+ইত্র—প্রং,। যে বৈর প্রাপ্ত হয়) সং, পুং, শত্রু, অরি। বিং, ত্রিং,বিপক্ষ প্রতিকূল

অমিত্রকর্ষণ, (অমিত্র=শত্রু+কর্ষণ[কৃষ—নাশকরা+অন] বিং, ত্রিং, শত্রুঘ্ন শত্রুদমনকারী। [রোগী ব্যাধী।

অমিন, (অম=পীড়া+ইন—অস্ত্যর্থে)

অমিশ্র, (অ—মিশ্র) বিং, ত্রিং, মিশ্রিত নয়, বিশুদ্ধ, খাঁটী।

অমুক, (অদস্—ইহা, উহা+অক—উযোগ) বিং, ত্রিং, কোন ব্যক্তি বা বস্তু যাহা নামের পরিবর্ত্তে ব্যবহার করা যায়।

অমুক্ত, (অ—মুচ+ক্ত) বিং, ত্রিং, অপরিত্যক্ত। অপ্রাপ্তমোক্ষ। সং,ক্লীং,ছুরিকা।

অমুতঃ, (অদস্+তস্) এখান হইতে।

অমুত্র, (অদস্=উহা+ত্র=তে। সপ্তমী স্থানে ত্র) অং, পরলোক, জন্মান্তরে। ভবান্তরে।

অমুত্রত্য, (অমুত্র+ত্য) পরলোক সম্বন্ধী জন্মান্তর বিষয়ক। [তথনই।

অমুনি, (দশজ) ক্রিং—বিং, তৎক্ষণাৎ,

অমুষ্যপুত্র, (অমুষ্য=ষষ্ঠ্যন্ত অদস্ শব্দজ =ইহার—পুত্র = সন্তান। অমুষ্যপুত্র বলিলে এই প্রসিদ্ধবংশের সন্তান বুঝায়) সং, পুং, সৎকুলোদ্ভব, প্রখ্যাতবংশোদ্ভব। কুলীন।

অমূর্ত্ত, (অ—মূর্ত্ত=আকৃতি বিশিষ্ট) বিং, ত্রিং, মূর্ত্তিহীন। বায়ু আকাশ প্রভৃতি। ন্যায়মতে আকাশ,কাল দিক ও আত্মা।

অমূর্ত্তগুণ, ন্যায়শাস্ত্রে অমূর্ত্তদ্রব্যাশ্রিত

গুণ যথা ধর্ম্ম, অধর্ম্ম, ভাবনা শব্দ বুদ্ধি সুখ দুঃখ ইচ্ছা দ্বেষ ও যত্ন।

অমূর্ত্তবিদ্, (অমূর্ত্ত+বিদ্) শূন্যবাদী সর্ব্বাকার বিরহিত পরমার্থ বিদ্।

অমূল } (অ—মূল=গাছের গোঁড়া, অমূলক } আদ্য। যাহার মূল নাই, ৬ষ্ঠী—হিং, ক—স্বার্থে) বিং, ত্রিং, মূল-রহিত, ভিত্তিশূন্য অপ্রামাণিক, মিথ্যা।

অমূল্য, (অ—মূল্য। যাহার মূল্য নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, মূল্য দিয়াও যাহা পাওয়া যায় না।

অমৃত, (অ—মৃত [মৃঙ্+ত—ভা]=মরা। যাহা হইতে মরণ নাই, ৫মী—হিং) সং, ক্লীং, সুধা জল। ঘৃত। অন্ন। সুস্বাদ বস্তু। ধন। মুক্তি। বিষ। অযাচিত লব্ধ বস্তু। যোগ বিশেষ। পুং, দেবতা। ধন্বন্তরি। তা—স্ত্রীং, দূর্ব্বা। তুলসী। জলবাহিনী সূর্য্যরশ্মি—আনন্দা, মেধ্যা, ভূতনা, পূতনা এই চারিটি। সুরা। আমলকী। হরীতকী। বিং, ত্রিং, অমৃতবন্নিরতিশয় তৃপ্তিহেতু প্রিয়, সুন্দর। অমর।

অমৃতকুণ্ড, (অমৃত—কুণ্ড=কূপ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, অমৃতকূপ, অমৃতকলস, অমৃতপাত্র।

অমৃততরঙ্গিণী, (অমৃত—তরঙ্গিণী=নদী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, জ্যোৎস্না চন্দ্রিকা।

অমৃতদীধিতি, (অমৃত—দীধিতি=কিরণ। অমৃতসদৃশ স্নিগ্ধ যাহার কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চন্দ্র।

অমৃতযোগ, (অমৃত—যোগ) জ্যোতিশাস্ত্র-প্রসিদ্ধ শুভযোগ বিশেষ।

অমৃতসারজ, (অমৃত-সার=স্থিরাংশ—জ [জন্+ড] উৎপন্ন, ৫মী—ষ) সং, পুং, গুড়, খাঁড়।

অমৃতসূৎ, (অমৃত—সূৎ [সূ+ক্বিপ্]যে প্রসব করে, ২য়া—ষ) সং, পুং, চন্দ্র।

অমৃতান্ধস্, (অমৃত—অন্ধস্=ভক্ষ্য। যাঁহাদের অমৃতই ভক্ষ্য ৬ষ্ঠী—হিং) সং,) পুং, দেবতা।

অমৃতাশন, (অমৃত—অশন—=যে ভোজন করে, ২য়া—ষ) সং, পুং, দেবতা, অমর।

অমৃত্তি, (স্ত্রী) পানপাত্র।

অমেধাঃ, (অমেধস্, অ—মেধা=ধারণাশক্তি,বুদ্ধি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নির্ব্বুদ্ধি, অবোধ, স্মরণ শক্তিহীন।

অমেধ্য, (অ—মেধ্য=পবিত্র) বিং, ত্রিং, অপবিত্র। সং, ক্লীং, পুরীষাদি। যজ্ঞের অযোগ্য।

অমেয়, (অ — মেয়—পরিমাণযোগ্য) বিং, ত্রিং, পরিমাণের অযোগ্য। অপরিচ্ছেদ্য।

অমোঘ, (অ—মোঘ—ব্যর্থ) বিং, ত্রিং, অবন্ধ্য, সফল, অব্যর্থ (ঘা) সং, স্ত্রীং, পারুল বৃক্ষ।

অম্বক, (অম্ব=গমন করা, পাওয়া+অক—সংজ্ঞার্থে। যে রূপাদি প্রাপ্ত হয়) সং, ক্লীং, চক্ষুঃ তাম্র পুং, পিতা।

অম্বর, (অম্ব্—গমন করা+অর—সং সংজ্ঞার্থে) সং, ক্লীং, আকাশ। বস্ত্র কার্পাস তুলা। অম্বুরিনামক গন্ধ দ্রব্য।

অম্বরলেখী, (অম্বরলেখিন্, অম্বর—লেখী =যে লিখে। যে অম্বরে লিখে,২য়া—ষ) বিং, ত্রিং, অভ্রংকষ, গগণস্পর্শী,অত্যুন্নত।

অম্বরিষ, (ক্লী) ভর্জ্জনপাত্র।

অম্বরীষ, (অম্ব্=শব্দকরা+ঈষ—সংজ্ঞার্থে। অর্—আগমন) সং, পুং—ক্লীং, ভর্জ্জন পাত্র, ভাজনা খোলা। যুদ্ধ। পুং, শিব। বিষ্ণু। সূর্য্য। বালক। নৃপবিশেষ, সূর্য্য বংশীয় নাভাগ রাজার পুত্র। নরকবিশেষ। অনুতাপ। আম্রাতক।

অম্বষ্ঠ, (অম্ব=পিতা—স্থা=থাকা+অ—সংজ্ঞার্থে। আয়ুর্ব্বেদ অধিকারী বলিয়া যিনি রোগ সময়ে পিতার ন্যায় থাকেন) সং, পুং, ব্রাহ্মণের ঔরসে বৈশ্যার গর্ভ-

জাত, বৈদ্য। দেশবিশেষ। হস্তিপক। (অম্বা=মাতা। প্রীতির নিমিত্ত যে মাতার ন্যায় থাকে) ৬ষ্ঠী—স্ত্রীং যূঁই-গাছ। নিমুঁইগাছ। বনতিক্তকা। আম-রুল শাক। আম্রাতক, কেহ কেহ ইহাকে আমড়াও বলিয়া থাকেন।

অম্বা, (অম্ব্=শব্দকরা+অ—সংজ্ঞার্থে। যিনি বালক কর্ত্তৃক শব্দিত অর্থাৎ উক্ত হন অথবা স্নেহ হেতু বালকেরা যাঁহার নিকট উপস্থিত হয়) সং, স্ত্রীং, মাতা। দুর্গা। কাশীরাজদুহিতা।

অম্বালা, (অম্ব+লা=[ধারণ করা] ক+আ) অম্ব এই শব্দ যিনি ধারণ করেন।

অম্বালিকা, (অম্বালা=মাতা+ক—স্বার্থে) সং, স্ত্রীং, মায়া। দুর্গা পাণ্ডুরাজমাতা।

অম্বিকা, (অম্বা+ক—স্বার্থে বা তুল্যার্থে) সং, স্ত্রীং, মাতা। দুর্গা। ধৃতরাষ্ট্রের জননী। জৈনদেবী বিশেষ।

আম্বিকেয়, (অম্বিকা+এয়—অপত্যার্থে) সং, পুং, কার্ত্তিকেয়। গণেশ। ধৃতরাষ্ট্র।

অম্বু, (অম্ব্=শব্দকরা+উ—সংজ্ঞার্থে) সং, ক্লীং, জল। ওষধি বিশেষ।

অম্বুক, (অম্বু+ক) ক্লীং, সং, রক্তবর্ণ এরণ্ডবৃক্ষ, ভেরাণ্ডা গাছ।

অম্বুকণ্টক } (অম্বু—কণ্টক, ৬ষ্ঠী—
অম্বুকিরাত } ষ) (অম্বু — কিরাত বনচর, ব্যাধ, ৭মী—ষ) সং, পুং, কুম্ভীর।

অম্বুকীশ, অম্বুকূর্ম্ম, (অম্বু—কীশ=বানর, কূর্ম্ম, কচ্ছপ, ৭মী—ষ) সং, পুং, শিশুমার, শুশুক।

অম্বুচামর, (অম্বু—চামর=চমরী-পুচ্ছ) জলের চামরের ন্যায়। সং, ক্লীং, শৈবাল, শেওলা।

অম্বুজ, (অম্বু—জ [জন্+ড] জন্মে, ৭মী—ষ) সং, ক্লীং, জলজ, পদ্ম। চন্দ্র। বজ্র। পুং, হিজল বৃক্ষ। পুং—ক্লীং, শঙ্খ। ত্রিং, বিং, জলজাত, সলিলোদ্ভব।

অম্বুতস্কর, (অম্বু—তস্কর=চৌর) সূর্য্য শোষণ করেন বলিয়া সূর্য্যকে অম্বু-তস্কর বলে

অম্বুতাল, (অম্বু—তাল, ৭মী—ষ) সং, পুং, শৈবাল।

অম্বুদ, (অম্বু=জল—দ [দা=দানকরা+ড—ক] যে দান করে। যে জল দান করে, ২য়া—ষ) সং, পুং, জলদ, মেঘ। অভ্রনামক ধাতু বিশেষ। মুস্তক।

অম্বুদাগম, (অম্বুদ—আগম) সং, পুং, বর্ষাকাল (যে সময়ে মেঘের উদয় হয়)

অম্বুধর, (অম্বু—ধর=যে ধারণ করে, ২য়া—ষ) সং, পুং, জলধর, মেঘ। মুস্তক। অভ্রনামক ধাতু বিশেষ।

অম্বুধি, অম্বুনিধি, (অম্বু=জল—ধি [ধা=ধারণ করা+কি—ক] যে ধারণ করে। যে জল ধারণ করে, ২য়া—ষ। অম্বু—নিধি=ধন, সম্পত্তি। যাহার অম্বু সম্পত্তি স্বরূপ হইয়াছে, ৬ষ্ঠী—হিং, অথবা অম্বু জল—ধা, নি—ধা ধারণ করা+কি—ধি) সং, পুং, জলধি, সমুদ্র, সিন্ধু, সাগর। [স্ত্রীং, ঘৃতকুমারী।

অম্বুধিস্রবা, (অম্বুধি+স্রু=ক্ষরণ—আ)

অম্বুপ, অম্বু+পা+ড) যিনি অম্বু পান করেন) সং, পুং, বরুণ, শতভিষা নক্ষত্র। ত্রিং, বিং, যিনি জলপান করেন।

অম্বুভৃৎ, (অম্বু—ভৃৎ [ভৃ=ধারণ করা+ক্বিপ্—ক] যে ধারণ করে। যে অম্বু ধারণ করে, ২য়া—ষ) সং, পুং, মেঘ, বারিবাহ। সমুদ্র। [কচ্ছদেশ।

অম্বুমান্, (অম্বু+মতু) সং, পুং, নদীতট,

অম্বুমাত্রজ, (অম্বু=জল—মাত্র=সাকল্য, প্রত্যেক প্রকার, অথবা মাত্রা=অল্প পরিমাণ—জ [জন্+ড] উৎপন্ন) সং, পুং, শম্বুক, শামুক।

অম্বুর, (অম্বু+রাজ=শোভা পাওয়া—ড) দ্বারাধঃকাষ্ঠ, গোবরাট্।

অম্বুরাশি, (অম্বু—রাশি=সমূহ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, জলনিধি, সমুদ্র।

অম্বুরুহ, (অম্বু—রুহ [রুহ্=উৎপন্ন

হওয়া+অ—ক] যে জন্মে। (যে জলেতে জন্মে, ৭মী—ষ) সং, ক্লীং, পদ্ম, জলজ।

অম্বুবাচী, বাচী (অম্বু—[বচ+ণি] যে বলে) সং, স্ত্রীং, রজস্বলাভূমি। বোধ হয় এই সময়ে পৃথিবী জল সিক্ত হওয়াতে শস্যপ্রসবক্ষমা বলিয়া জ্যোতিষ শাস্ত্রকারেরা এই সময়ে ইহাকে রজস্বলা বলিয়া থাকেন। মিথুন রাশিস্থ আর্দ্রা নক্ষত্রের প্রথম পাদ ভোগ কাল।

অম্বুবাহ, (অম্বু—বাহ [বহ+ঘঞ্]=যে বহন করে, ২য়া—ষ) সং, পুং, মেঘ, বারিবাহ।

অম্বুবাহী, (অম্বু—বাহিন্=যে বহন করে) বিং, ত্রিং, জলবহনকারী। (হিনী)—স্ত্রীং, সং, কাষ্ঠাদি নির্ম্মিত জলসেচনী পাত্র। নদী। [পুং, সমুদ্র।

অম্বুসংরোধ, (অম্বু+সং+রুধ+ঘঞ) সং,

অম্বুসরণ, (অম্বু+সৃ+অনট্) সং, ক্লীং, স্রোত, জলপ্রবাহ।

অম্বুসর্পিণী, (অম্বু—সৃপ্=গমনকরা+ইন্—ক) সং, স্ত্রীং, জলৌকা, জোঁক।

অম্বূকৃত, (অম্বু—কৃত=যাহা করা হইয়াছে, ৩য়া—ষ। উ=ঊ) বিং, ত্রিং, নিষ্ঠীবনযুক্ত বাক্য। সথুৎকার।

অম্ব্ল, (অম্ব্=যাওয়া+ব্ল) অম্লরস।

অম্ভস, (ম্ভঃ) (অন্ভ+অস্=আগম প=ভ) সং, ক্লীং, জল বালানামৌষধি (অঙ্কশাস্ত্রে) চতুর্থ সংখ্যা (জ্যোতিষে) লগ্ন হইতে চতুর্থরাশি। বৈদিকচ্ছন্দোবিশেষ। বহুবচন হইলে দেব, মনুষ্য, পিতা, অসুর বুঝায়। [ক্লীং, মুক্তা।

অম্ভঃসার, (অম্ভস্—সার, ৬ষ্ঠী—ষ) সং,

অম্ভঃসূ, (অম্ভস্=জল—সূ=যে উৎপাদন করে) সং, পুং, ধূম, ধোঁয়া।

অম্ভোজ, (অম্ভস্=জল—জ[জন্+ড] যে জন্মে, যে জলে জন্মে, ৭মী—ষ) সং, ক্লীং. পদ্ম, জলজ। পুং, চন্দ্র, সারসপক্ষী। পুং—ক্লীং, শঙ্খ। বিং, ত্রিং, জলজাত। (জিনী)—স্ত্রীং, পদ্মসমূহ, পদ্মিনী। পদ্মের ঝাড়।

অম্ভোজজনি, যনি (অম্ভোজ+জনি, যনি =উৎপত্তি) সং, পুং, বিষ্ণুনাভিপদ্মে যাহার উৎপত্তি ব্রহ্মা।

অম্ভোদ, অম্ভোধর, (অম্ভস্=জল—দা +ড। অম্বুদ দেখ। অম্ভস্—ধর=যে ধারণ করে, ২য়—ষ) সং, পুং, মেঘ।

অম্ভোধি, অম্ভোনিধি, (অম্ভস্=জল—ধা; নি—ধা=ধারণ করা+কি—ধি) সং, পুং, সমুদ্র।

অম্ভোধিবল্লভ, (অম্ভোধি+বল্লভ=প্রিয়) সং, পুং, প্রবাল (পলা)

অম্ভোরুহ, (অম্ভস্=জল—রুহ+ক্বিপ্ অম্বুরুহ, দেখ) সং, ক্লীং, পদ্ম, জলজ।

অম্ময়, (অপ্=জল+ময়—তদ্রূপার্থে। প=ম) বিং, ত্রিং, জলময়, ফেনাদি।

অম্র, (অম্=ভোজনকরা+র—সংজ্ঞার্থে। যাহা ভোজন করা যায়) সং, পুং, আম্রবৃক্ষ। ক্লীং, আম্রফল।

অম্রাত, অম্রাতক (অম্র—অত্=গমনকরা+অ—সংজ্ঞার্থে। যে অম্রের ন্যায় গমন করে অর্থাৎ অম্রতুল্য) সং, পুং, আমড়া গাছ। ক্লীং আমড়া।

অম্ল, (অম্=ভগ্ন হওয়া+ল—সংজ্ঞার্থে। যে রোগ জন্মায়) সং, পুং, রসবিশেষ, টক্। স্ত্রীং, তেঁতুল গাছ। বিং, ত্রিং, অম্লরসযুক্ত।

অম্লগোরস, (অম্ল+গো+রস) সং, পুং, তক্র, ঘোল। [পালম)।

অম্লচুক্রিকা, সং, স্ত্রীং, অম্লশাক (চুকা-

অম্লজান, (Oxygen) (অম্ল+জান) বর্ণহীন অদৃশ্য বাষ্প। ইহা অস্বাদন ও গন্ধ বিরহিত। ভূবায়ুতে ইহা অসংযুক্ত অবস্থায় বাসকরে।

অম্লপঞ্চক, (অম্ল+পঞ্চক=পাঁচ) সং, ক্লীং, অম্লরসযুক্ত পাঁচ প্রকার ফল যথা কোল, দাড়িম বৃক্ষাম্ল, চুক্রিকা, অম্ল-

বেতস। অথবা জম্বীর, নারঙ্গ, অম্লবেতস, তেঁতুল, বীজপুর। [বিশেষ।

অম্লপিত্ত, (সং, ক্লী) স্বনামখ্যাত রোগ

অম্লমেহ, (অম্ল+মেহ=প্রসার সম্বন্ধীয় পীড়াবিশেষ) প্রস্রাবের বৈকল্য হেতু যে ছয় প্রকার মেহ উৎপন্ন হয় তাহার অন্যমত। ছয়প্রকার মেহ যথা অম্লমেহ, নীলমেহ, হরিদ্রামেহ, ক্ষারমেহ, মঞ্জিষ্টামেহ, শোণিত মেহ।

অম্ললোলিকা, (অম্ল— লোলিকা [লু =ছেদন করা+অক—ক] যে নাশ করে। যে অম্লরস দ্বারা অরুচি নষ্ট করে, ও্যা—ষ) সং, স্ত্রীং, আমরুল শাক।

অম্লবর্গ, (অম্ল+বর্গ=শ্রেণী) সং, পুং, সুশ্রুতমতে দাড়িম্ব, আমলকি, মাতুলঙ্গ আম্রাতক (আমড়া) কপিত্থ, করমর্দ্দ বদর, কোল, তেঁতুল, কেশাম্র, ভব্য, পারাবত, বেত্রফল, লকুচ, অম্লবেতস দন্তশঠ, দধি, তক্র, সুরা, শুক্ত, সৌবীরক তুষোদক এবং ধান্যাম্ল।

অম্লাধ্যুষিত, (অম্ল+অধ্যুষিত=সম্পূর্ণ গ্রস্ত) চক্ষুরোগ বিশেষ।

অম্লান, (অ—ম্লান=মলিন) বিং, ত্রিং, প্রফুল্ল, বিকসিত, অবিষণ্ণ। সং, পুং, কণ্টকবৃক্ষ, আঁমলা।

অম্লিকা, অম্লীকা (অম্ল+ক—যুক্তার্থে। অ=ই, ঈ। অম্ল যোগ হেতু অম্লিকা) সং, স্ত্রীং, তেঁতুল গাছ।

অয়, (আ—ই=গমনকরা+অ—সংজ্ঞার্থে। যাহার দ্বারা সুখ আগমন করে) সং, পুং সৌভাগ্য, শুভাদৃষ্ট। শুভদায়ক বিধি। নরকবিশেষ। লাভ। দ্যূতক্রীড়াতে পাশার গতিভেদ।

অযত্ন, (অ—যত্ন) সং, পুং, অনাদর, অবহেলা।

অযত্ন-সম্ভূত, বিং, ত্রিং, বিনা যত্নে উৎপন্ন। অনায়াস সিদ্ধ।

অযথাভূত, (Perverted) যে রূপ হওয়া উচিত সে রূপ নহে। অযথাভূত-দর্শন-শাস্ত্র; দর্শন-শাস্ত্রের যাহা উদ্দেশ্য তাহা প্রতিপন্ন না করিয়া তদ্বিপরীতার্থ প্রতিপাদক।

অয়ন, (ই=গমন করা+অনট্—ণ, ধি। যাহার দ্বারা গমন করা যায়) সং, ক্লীং, পথ। (সূর্য্য যাহাতে দিগন্তর গমন করেন) উত্তরায়ণ, দক্ষিণায়ন। আশ্রয়। গতি। স্থান। জন্ম।

অযবনবমী, (অযব=অর্দ্ধমাস = নবমী, নবমদিন) ভাদ্রপদের কৃষ্ণনবমীতিথি।

অয়ন-মণ্ডল, (Ecliptic) রাশিচক্র ও রাশি চক্রস্থ সূর্য্যের দৃশ্যমান্ গমনীয় পথ।

অয়নান্তবৃত্ত, (Tropics, অয়ন=গমন—অন্ত=শেষ, সীমা—বৃত্ত। বিষুব-রেখার উভয় পার্শ্বে কিয়দ্দূর অন্তরে অপর যে দুই রেখা কল্পিত আছে, তাহা সূর্যের উত্তর ও দক্ষিণ অয়নের সীমা বলিয়া উহাদের নাম "অয়নান্তবৃত্ত") সূর্য্যের উত্তর দক্ষিণে গতির সীমনিরূপক রেখা।

অযশস্কর, অযশস্য, (অযশস্—কর=যে করে, অযশস্+য—প্রং) বিং, ত্রিং, অখ্যাতিজনক, যাহাতে অযশ হয়।

অয়স্, (ই [গমনকরা] পাওয়া+অস্—সংজ্ঞার্থে। যাহা খনি হইতে পাওয়া যায়) সং, ক্লীং, লৌহ। (যাহা উর্দ্ধে গমন করে) পুং, বিষ্ণু। বহ্নি, অগ্নি, আগুন।

অয়স্কান্ত, (অয়স্=লৌহ—কান্ত=কমনীয়। কিন্তু এখানে কান্ত শব্দের অর্থ রত্ন) সং, পুং, লৌহাকর্ষক মণি, চুম্বক পাথর। [পুং, লৌহকার, কামার।

অয়স্কার, (অয়স্—কার=কর্ম্মকর্ত্তা) সং,

অযাচিত, (অ—যাচিত=প্রার্থিত) বিং, ত্রিং, অপ্রার্থিত। [স্থিতি।

অয়ান, (অ+যা=যাওয়া) সং ক্লী স্বভাব,

অয়ানয়, (অয়=প্রদক্ষিন, গমন+অনয়=

প্রসব্যগমন) সং, ক্লীং, অক্ষক্রীড়াতে ক্রীড়কদিগের স্থলবিশেষ এবং গতি-বিশেষ ।

অয়ি, (ইন্=গমন করা+ই—প্রং) অং অনুনয় । অনুরাগ । সান্ত্বনা । কোমল সম্বোধন । প্রশ্ন ।

অযুক্ছদ, } অযুজ্ছদ, (অযুক্=অযুক্ত । অযুগ্ম বিযোড়—ছদ=পত্র । যা-হার পত্র বিযোড়, ৬ষ্ঠি—হিং) সং, পুং, সপ্তপর্ণ বৃক্ষ, ছাতিম গাছ ।

অযুক্ত; (অ—যুক্ত) বিং, ত্রিং অনুচিত, যাহা যুক্তিসিদ্ধ নহে ।

অযুগ, } অযুগ্ম, (অ+যুগ, যুগ্ম=যোড়া) সং, ত্রিং, বিং,স্বতন্ত্র, এক, বিষম ।

অযুগার্চ্চিঃ, (অযুগ, বিষম (অর্থাৎ ৭টী) অর্চ্চিঃ শিখা যার) অগ্নি ।

অযুত, (অ—যুত যুক্ত, গণিত) বিং, ক্লীং, দশসহস্র, ১০,০০০ । ত্রিং, অসংযুক্ত ।

অযুতাশ্চ, (অযুত+অশ্চ) সং, পুং, স্বনা-মখ্যাত সগরবংশীয় রাজা ।

অয়ে, (ইন=গমন করা+এ—প্রং) অং, স্মরণ । শ্রম । ভয় । ক্রোধ । বিষাদ । সম্বোধন । সম্ভ্রম । শোক । কোমল । সম্ভাষণ । [ভাব ।

অযোগ, (অ—যোগ) সং, পুং, যোগা-

অয়োগব, (অয়স্ [লৌহ] লৌহবৎ কঠিন=গো = বাক্য । ৬ষ্ঠি—হিং) সং, পুং, শূদ্রের ঔরসে বৈশ্যাজাত ।

অযোগবাহ, (অযোগ—বাহি=বহান+অ —প্রং) সং,পুং, অনুস্বার বিসর্গাদি বর্ণ ।

অয়োগুল, } অয়োগুড়, (অয়স্ [লৌহ] লৌহ নির্ম্মিত ।

—গুল—গুড়=গোলাকার বস্তু) সং,পুং, লৌহ গুলিকা, লৌহার গুলি ।

অয়োগোলক, সং, পুং, লৌহনির্ম্মিত গোলাকার বস্তু । [ত্রিং, অনুপযুক্ত ।

অযোগ্য, (অ—যোগ্য=উপযুক্ত) বিং,

অযোগ্যম্মন্য, (অযোগ্যং—মন্=বোধকরা +য—প্রং) সং, পুং, যে আপনাকে অনুপযুক্ত বলিয়া বিবেচনা করে ।

অয়োগ্র, (অয়স্=লৌহ—অগ্র=মুখ । যাহার অগ্রে অর্থাৎ মুখে লৌহ আছে, ৬ষ্ঠি—হিং) সং, ক্লীং, মুষুল, যদ্দ্বারা উদুখলে ধান্যাদি পরিস্কার করাযায়, বাণাদি অস্ত্র । হাতুড়ি

অয়োঘন, (অয়স্=লৌহ—হন্=বধকরা +অ—ণ। যাহার দ্বারা লৌহ পিটা যায়) সং, পুং, লৌহপিণ্ড, হাতুড়ি প্রভৃতি । মুদ্গর ।

অযোধ্য, (অ—যুধ্=যুদ্ধকরা+য—র্ম্ম) বিং, ত্রিং, যাহার প্রতিযোদ্ধা নাই । ধ্যা—স্ত্রীং, রামচন্দ্রের রাজধানী ।

অযোনি, (অ—যোনি, ৬ষ্ঠি—হিং) বিং, ত্রিং, জন্মরহিত । ব্রহ্মা, শিব ।

অযোনিজ, (অ—যোনি=গর্ভ—জ= জাত) বিং, ত্রিং, অগর্ভজাত । সং, পুং পরমেশ্বর । (জা—স্ত্রীং, সীতা । ন্যায় শাস্ত্রে,শরীর দ্বিবিধ যোনিজ ও অযোনিজ কৃমিদংশাদি স্বেদজ ও তরুগুল্মাদি উদ্ভিদ সকলকে অযোনিজ পদার্থ কহে ।

অযোনিসম্ভবা, (অ—যোনি=গর্ভ—সম্ভব =উৎপত্তি) সং, স্ত্রীং, সীতা ।

অয়োমল, (অয়স্—মল=মলা, ৬ষ্ঠি—ষ) সং, ক্লীং, লৌহমল, লৌহার মরিচা ।

অয়োমুখ, (অয়স্ = লৌহ—মুখ । যাহার মুখে লৌহ আছে, ৬ষ্ঠি—হিং) সং, পুং, লৌহাগ্র, বান । পর্ব্বত বিশেষ ।

অয়োবাহু, (অয়স্ +বাহু) সং, পুং, ধৃতরাষ্ট্রের শতপুত্র মধ্যে অন্যতম পুত্র ।

অয়োহৃদয়, (অয়স্+হৃদয়) লৌহের ন্যায় কঠিন হৃদয় যার) নির্দ্দয় ।

অর, (ঋ=গমন করা+অ, প্রং) সং, ক্লীং, চাকার পাখি । ক্রিংবিং, আশু, দ্রুত, শীঘ্র । পর্য্যাপ্ত, প্রভূত, জৈন-দিগের কামচক্রের দ্বাদশাংশ, ব্রহ্মলোক-স্থিত, সমুদ্রোপম, বিষাল, সরোবর ।

অরক, (অর=যে গমনকরে+ক—প্রং)সং, পুং,শৈবাল।পাবড়ি। পর্পটনামকওষধি।

অরঘট্ট, (অর=শীঘ্র—ঘট্ট=চালিত করা +অ—প্রঃ) সং, পুং, পাতকুয়া,ছুঁ-দারা। কূপ হইতে জল তুলিবার যন্ত্র।

অরঘট্টঘাটিকা, (অরঘট্ট=কুয়া+ঘা-টিকা=ঘাট, ৬ষ্ঠি—ষ) সং; স্ত্রীং, কূপের পাড়। কূপের ভিত্তিগর্ত্ত।

অরঙ্গ, (অর=শীঘ্র + গ [গম+ড] গামী) শীঘ্রগামী মৎস্যবিশেষ।

অরজাঃ, (অরজস=অ—রজস=ঋতু, ৬ষ্ঠি—হিং) সং, স্ত্রীং, যে ঋতুমতী হয় নাই। বিং, ত্রিং রজোরহিত। রজোগুন কার্য্য কাম ক্রোধাদি রহিত। নির্ম্মল।

অরণি, (ঋ [গমন করা] পাওয়া+অনি —প্রং। যে অগ্নি প্রাপ্ত হয়) সং, পুং, স্ত্রীং, ঘর্ষণ দ্বারা অগ্নি জ্বালিবার কাষ্ঠ। অগ্নি। সূর্য্য।

অরণ্য, (ঋ=গমনকরা+অন্য—সংজ্ঞার্থে পশুরা যেথানে গমন করে) সং; ক্লীং, বন, কানন। স্বনামখ্যাত রৈবতমনুর-পুত্র। কট্‌ফলবৃক্ষ। [দ্বাদশী।

অরণ্যদ্বাদশী, সং, স্ত্রীং, মার্গশীর্ষার শুক্ল-

অরণ্যদ্বাদশীব্রত,মার্গশীর্ষার শুক্লদ্বাদশীতে বিবিধোপচারে ক্রিয়মান স্বনামখ্যাত ব্রত বিশেষ।

অরণ্যধান্য, (অরণ্য—ধান্য, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, নীবার, উড়িধান।

অরণ্যমক্ষিকা, (অরণ্য—মক্ষিকা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, দংশ, ডাঁশ।

অরণ্যবায়স, (অরণ্য—বায়স=কাক, ৬ষ্ঠী—ষ) সং, পুং দ্রোণ কাক, ডাঁড়কাক।

অরণ্যশূরণ, (অরণ্য+শূরণ=মূলবিশেষ) বুনো ওল।

অরণ্যশ্বা, (অরণ্যশ্বন্ = অরণ্য—শ্বন্= কুকুর) সং, পুং, বৃক, নেকড়িয়া বাগ।

অরণ্যষষ্ঠী, সং, স্ত্রীং, জ্যৈষ্ঠ শুক্লা ষষ্ঠী। জামাইষষ্ঠী শিং—১"জ্যৈষ্ঠে মাসি সিতে পক্ষে ষষ্ঠী যারণ্য সংজ্ঞিতা। ব্যজনৈব কয়াস্তস্যামটন্তি বিপিনে স্ত্রিয়"।

অরণ্যানি, অরণ্যানী, (অরণ্য+আন—মহ-দর্থে) সং, স্ত্রীং, মহাবন, বৃহৎবন।

অরতত্রপ, (অ—রত=রমণবিষয়ে—ত্রপা লজ্জা। শৃঙ্গারে যাহার লজ্জা নাই, ৬ষ্ঠি—হিং) সং, পুং—স্ত্রীং, কুক্কুর।

অরতি, (অ—রতি=সন্তোষ) সং, স্ত্রীং, অপ্রীতি। (ঋ=গমন করা+অতি—প্রং,) ব্যথা, পীড়া। ক্রোধ। উদ্বেগ। ত্রিং, বিং, রতিহীন; নিরুৎসাহ।

অরত্নি, (অ—রত্নি [ঋ=গমনকরা+অত্নি—প্রং] মুটন্ হাত) সং, পুং, কনিষ্ঠাঙ্গুলি ভিন্ন মুষ্টি। কীল, ঘুসী যথা"তস্য জানু দদৌ ভীমো জঘ্নেচৈন-মরত্নিনা" ইতি মহাভারতঃ। [বিশেষ।

অরন্তুক, সং, ক্লীং, স্বনামখ্যাত তীর্থ-

অরন্ধন, (অ+রন্ধন=পাক) সং, ক্লীং, পাকাভাব। অরন্ধন দুই প্রকার কন্যা সংক্রান্তিতে করিলে তাহাকে বৃদ্ধারন্ধন কহে এবং সৌরভাদ্রের যে কোন দিবসে করিলে ইচ্ছারন্ধন কহে যথা আচারমাণ্ডে,"কর্কান্নমদ্যাৎ সিংহাহে সিংহান্নং সিংহ কন্যয়োঃ। মনসাশেষ, নাগেভ্যো দত্বা সর্ব্বং নিশোধিতং। এই দিন হিন্দুরা প্রায় পূর্ব্বাহ্নপক অন্ন-ব্যঞ্জন ভক্ষণ করিয়া অতিবাহিত করেন

অরপ, (অ+রপ=পাপ) বিং, ত্রিং, নিষ্পাপ অকল্মষ।

অরর, (ঋ=গমন করা+অর—সংজ্ঞার্থে) সং, ক্লীং, করাট। কোষ, খাপ। চর্ম্মকর্ত্তক ছুরিকাভেদ। রণ, যুদ্ধ।

অররু, (ঋ=গমন করা, বধ করা ইত্যা-দি+অরু—প্রং) সং, পুং, শত্রু। অস্ত্রভেদ।

অরবিন্দ, (অর=শীঘ্র—বিন্দ=লাভকরা +অ—র্ম্ম। ভ্রমর কর্ত্তৃক যাহা শীঘ্র লব্ধ হয়) সং, ক্লীং, পদ্ম। তাম্র।

অরবিন্দনাভ-নাভি, (অরবিন্দ+নাভ, নাভি) সং, পুং, বিষ্ণু যথা ভামিনীবিলাসে "দেহাবসান সময়ে হৃদয়ে মদীয়ে দেবশ্চকাস্তু ভগবানরবিন্দনাভঃ"।

অরবিন্দিনী, (অরবিন্দ+ইন্ ঈ—প্রং) সং, স্ত্রীং, পদ্মিনী। পদ্মসমূহ। পদ্মযুক্তদেশ।

অরাজক, (অ—রাজন্=রাজা। যেখানে রাজা নাই, ৭মী—হিং। ক—স্বার্থে) বিং, ত্রিং, রাজা-শূন্য দেশ।

অরাতি, আরাতি (অ—রা=দান করা +তি—প্রং। যে সুখ দেয় না) সং, পুং, অরি, শত্রু।

অরাল, (অর = গমনকারী—আ—লা =দানকরা, গ্রহণ করা+অ—প্রং) বিং, ত্রিং, বক্র। নত। (অ—রা=দানকরা +ল—সংজ্ঞার্থে) সং, পুং, ধুনা। বন্য-হস্তী।(লা)—স্ত্রীং, নম্রস্বভাবা স্ত্রী।

অরি, (ঋ=গমন করা, পাওয়া+ই—ক যে বিরোধ প্রাপ্ত হয়) সং, পুং, শত্রু। কামাদি ছয় রিপু। চক্র।

অরিত্র, (ঋ=গমন করা+ইত্র—ণ। যাহার দ্বারা নৌকা গমন করে) সং, ক্লীং, নৌকার হাল, দাঁড়।

অরিন্দম, (অরিম্=শত্রুকে—দম=যে দমন করে। যে অরিকে দমন করে) বিং, ত্রিং, শত্রুদমনকারী, পরাভিভাবক।

অরিমেদ, (অরি+মেদ) সং, পুং, গুয়ে বাবলা গাছ।

অরিষ, সং, পুং, অপান মাংসজ রোগ বিশেষ। জলধারাসম্পাত। আসার।

অরিষড়্বর্গক, (অরি+ষট্+অষ্টন্+ক) বিবাহ কালে বর্জ্জনীয় যোগভেদ।

অরিষ্ট, (অ—রিষ্ট=মঙ্গল বা অমঙ্গল। মন্ত্রাদি দ্বারা নিরস্তত্ব বলিয়া যেখানে অমঙ্গল নাই, ৭মী—হিং) সং, ক্লীং, সূতিকা গৃহ, আতুড় ঘর। (সেব্যমান হইলে যাহা হইতে অশুভ নাই, ৫মী—হিং) সং, পুং, রসুন বৃক্ষ। নিম্ববৃক্ষ। (যাহা হইতে অশুভ হয় না, ৫মী—হিং) সং, ক্লীং, ঘোল। (যাহার রিষ্ট অর্থাৎ অকাল মরণ নাই, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কাক। অসুরবিশেষ। ক্লীং, শুভ বা অশুভ মদ্য। মৃত্যু চিহ্ন। উপদ্রব। (ষ্টা) সং, স্ত্রীং, কশ্যপ-পত্নী।

অরিষ্টনেমি, সং পুং, বিনতাগর্ভ-সম্ভূত কশ্যপপুত্র।

অরিষ্টসূদন, (অরিষ্ট=অসুর বিশেষ—সূদন=যে নাশ করে) সং, পুং, অশুভ নাশক, বিষ্ণু।

অরিহা, (অরিহন্, অরি—হন্=বধ করা +ক্বিপ্—ক। যে অরিকে বধ করে, ২য়া—ষ) বিং, ত্রিং, রিপুঘ্ন, শত্রুনাশক

অরুক্, অরুগ্ন (অরুজ্,—অ-রুজ্ঃরুগ্ন =পীড়িত) বিং, ত্রিং, নীরোগী, সুস্থ।

অরুচি, (অ—রুচি—দীপ্তি) সং, স্ত্রীং, অপ্রীতি, অনভিলাষ। আহারে অনিচ্ছা। অলঙ্কার শাস্ত্রোক্ত দশবিধ স্মরদশা মধ্যে বস্তুবৈরাগ্যরূপস্মরদশা বিশেষ।

অরুচির, (অ+রুচির=হৃদ্য) সং, ত্রিং, বিং, বিরক্তিকর, অমনোহর।

অরুচিকর, (অরুচি—কর্=যে করে) বিং, ত্রিং, অপ্রীতিকর, অসন্তোষজনক।

অরুণ, (ঋ=গমনকরা+উন—সংজ্ঞার্থে। যিনি গমন করেন বা অরুণবর্ণ বলিয়া অরুণ) সং, পুং, সূর্য্য। সূর্য্যের সারথি। রক্তবর্ণ। ঈষৎ রক্তবর্ণ। (ণা)— স্ত্রী, কুঙ্কুম। গুঞ্জা। মঞ্জিষ্ঠা। বিং, ত্রিং, রক্তবর্ণ-বিশিষ্ট।

অরুণকমল, (অরুণ—কমল=পদ্ম, য়ং—স) সং, ক্লীং, রক্তকমল।

অরুণলোচন, (অরুণ—লোচন=নেত্র, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, রক্তনেত্র। সং, পুং, পারাবত, পায়রা। [সং, পুং, সূর্য্য।

অরুণসারথি (অরুণ—সারথি ৬ষ্ঠী—হিং)

অরুণাত্মজ, (অরুণ=সূর্য্যসারথি—আ-

অগ্রজ=পুত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, জটায়ু

অরুণানুজ } (অরুণ=সূর্য্য-সারথি—
অরুণাবরজ } অনুজ,অবরজ=কনিষ্ঠ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, গরুড়পক্ষী।

অরুণিমা, (অরুণিমন্,=অরুণ+ইমন্—প্রং) সং, পুং, রক্তিমা, রক্তত্ব।

অরুণোদয়, (অরুণ—উদয়) সং, পুং, সূর্য্যোদয়ের প্রাক্কাল।

অরুণোদয়সপ্তমী, (অরুণ+উদয়+সপ্তমী—সং, স্ত্রীং, মাঘ মাসের শুক্ল সপ্তমী ইহাকে রথসপ্তমী ও কহে যথা মৎস্য পুরাণে "যস্মান্মন্বন্তরাদৌতু রথমাপুর্দিবাকরাঃ। মাঘমাসস্য সপ্তম্যাং তস্মাৎ সা রথসপ্তমী" ॥

অরুণোপল, (অরুণ=রক্তবর্ণ—উপল প্রস্তর, য়ং—স) সং, পুং, পদ্মরাগমণি, রক্তবর্ণ মণিবিশেষ, চুনী।

অরুন্তুদ, (অরুস্=মর্ম্মস্থান, শরীরের সন্ধিস্থান—তুদ্‌[তুদ্= পীড়াদেওয়া+খশ—ক, যে পীড়া দেয়, ২য়া—ষ। স=ম) বিং, ত্রিং, মর্ম্মচ্ছেদী, ক্লেশকারক।

অরুন্ধতী, (অ—রুধ্—রুদ্ধ করা+ত—প্রং। যে শুভ. কর্ম্ম রোধ করে না) সং, স্ত্রীং, বশিষ্ট ঋষির পত্নী। অতি সূক্ষ্ম নক্ষত্র বিশেষ।

অরুষ্ক, (অরুষ্+কৈ+ক মর্ম্মস্থানকে পীড়া দেয় যে) ভল্লাতকবৃক্ষ যাহা স্পর্শমাত্রেই ব্রণ উৎপন্ন হয়।

অরুস্কর, (অরুস্=ক্ষত—কর=যে করে) বিং, ত্রিং, মর্ম্মব্যথদায়ক। ক্ষতকারক।

অরুস (ঋ=গমনকরা+উস—সংজ্ঞার্থে) সং, পুং—ক্লীং, ক্ষত, ঘা। মর্ম্মস্থান। (রু) সূর্য্য।

অরূপরাশি, (Surds) করণী, যাহার ঠিক মূল বাহির হয় না।

অরে, অরেরে, অং, নীচ সম্বোধন। সক্রোধ সম্বোধন।

অরোচক, (অ—রোচক=রুচিকারক) সং, পুং, রোগবিশেষ, অরুচি রোগ।

অর্ক,=(অর্চ্চ=পূজাকরা+অ—র্ম্ম, কিম্বা অর্ক=তাপদেওয়া+অ—সংজ্ঞার্থে) সং, পুং, সূর্য্য। আকন্দগাছ। স্ফটিক তাম্র। ইন্দ্র। সুধী, কবি, পণ্ডিত বিষ্ণু। আলোক, জেষ্ঠভ্রাতা, রবিবার

অর্কচন্দন, (অর্ক=রক্ত+চন্দন) সং, ক্লীং, রক্তচন্দন বৃক্ষ।

অর্কতনয়, (অর্ক=সূর্য্য—তনয় =পুত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সূর্য্যের ঔরসে কুন্তীর গর্ভজাত সন্তান, কর্ণ। মনু। শনি। যম। সুগ্রীব। দ্বিং, অশ্বিনী-কুমার দ্বয়। (য়া)—স্ত্রীং, সূর্য্যকন্যা তপতী এবং যমুনা।

অর্কপত্র, (অর্ক=সূর্য্য—পত্র, সূর্য্যের ন্যায় তীক্ষ্ণ পত্র যাহার) সং, পুং, আকন্দ গাছ। (অর্ক=আকন্দগাছ—পত্র, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, আকন্দের পাতা। (ত্রা) সং, স্ত্রীং, অর্কমূলা, ইশেরমূল। [পুং, নিম্ববৃক্ষ।

অর্কপাদপ, (অর্ক—পাদপ=বৃক্ষ) সং,

অর্কপ্রিয়া, (অর্ক—প্রিয়া, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, জবাপুষ্প।

অর্কবন্ধু, (অর্ক = সূর্য্য—বন্ধু=জ্ঞাতি, মিত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সূর্য্যবংশীয়। গৌতম, বৌদ্ধধর্ম্ম প্রণেতা।

অর্কযন্ত্র, (অর্ক+যন্ত্র=কল) সং, ক্লীং, ওষধিকাথনিষ্কাশনযন্ত্র, পাকযন্ত্র।

অর্কব্রত, সং, পুং, মাঘ মাসের শুক্লা সপ্তমী প্রভৃতি তিথিতে কর্ত্তব্য সূর্য্যের আরাধনা-রূপ ব্রত।

অর্কসোদর, (অর্ক+সহ=সমান+উদর) সং, পুং, ঐরাবত হস্তী।

অর্কাশ্মা } (অর্কশ্মন্=অর্ক—অশ্মন্,
অর্কোপল } উপল=প্রস্তর) সং, পুং, সূর্য্যকান্ত মণি।

অর্গল, (অর্জ=উপার্জ্জন করা+অল—সংজ্ঞার্থে) সং, ক্লীং, লা—স্ত্রীং, খিল, কবাট ব

মাহাত্ম্যের পূর্ব্বে পাঠ্য স্তোত্র-বিশেষ। বিং,ত্রিং,প্রতিবন্ধক। কল্লোল।

অর্গলী } অর্গল+ঈ—প্রং। অর্গলী
অর্গলিকা } +ক—স্বার্থে) সং, স্ত্রীং, ক্ষুদ্র অর্গল।

অর্ঘ, (অর্ঘ্—ক্রয় করা, পূজাকরা+অ—ভা, ণ) সং, পুং, মূল্য। পূজা। পূজার সামগ্রী বিশেষ। "অয়ে বনদেবতেয়ং ফলকুসুমপল্লবার্ঘেন মামুপতিষ্ঠতে" উত্তরচরিত।

অর্চ্চক, (অর্চ্চ্=পূজাকরা+অক—ক) সং, পুং, পূজক, পূজাকারক।

অর্চ্চন—ক্লীং } অর্চ্চ্=পূজাকরা+অন.
অর্চ্চনা—স্ত্রীং } আ—ভা) সং, পূজা,
অর্চ্চা—স্ত্রীং } উপাসনা।

অর্চ্চি—স্ত্রীং } (অর্চ্চক দেখ.
অর্চ্চিস্—স্ত্রীং,—ক্লীং } ই,ইস্—প্রং) জ্বালা, অগ্নিশিখা, তেজঃ, প্রভা।

অর্চ্চিত, (অর্চ্চ্=পূজাকরা+ত—র্ম্ম) বিং, ত্রিং, পূজিত। উপাসিত। মান্য। দীপ্ত।

অর্চ্চিষ্মান্, (অর্চ্চিষ্মৎ=অর্চ্চিস্—তেজঃ+মৎ—অস্ত্যর্থে) সং, পুং, সূর্য্য। অগ্নি বিং, ত্রিং, তেজস্বী, দীপ্তিমান্।

অর্চ্চ্য, (অর্চ্চক দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, পূজ্য, পূজনীয়, আরাধ্য।

অর্জ্জক, (অর্জ্জ=উপার্জ্জন করা+অক+ক) বিং, ত্রিং, উপার্জ্জক। সং, পুং, শ্বেত তুলসী [ক্লীং, উপার্জ্জন, লাভ।

অর্জ্জন, (অর্জ্জক=দেখ,অন—ভা) সং,

অর্জ্জিত, (অর্জ্জ+ত) বিং, ত্রিং, উপার্জ্জিত, লব্ধ।

অর্জ্জুন, (অর্জ্জুন=শুক্লবর্ণ। মহাভারতে—বিরাটতনয় উত্তরের নিকট অর্জ্জুন আপনার নামের অর্থ করিতেছেন, "আমি এই সসাগরা পৃথিবীতে সর্ব্বদা শুভ্র অর্থাৎ নির্ম্মল কর্ম্ম করিয়া থাকি" এই নিমিত্ত লোক আমাকে অর্জ্জুন বলিয়া থাকে) সং,পুং,পাণ্ডুরাজার তৃতীয় পুত্র। কার্ত্তবীর্য্য রাজা। (মহৌষধি বলিয়া ইহা অর্জ্জন করা যায়) ককুভ বৃক্ষ। শ্বেতবর্ণ। ময়ূর। মাতার অদ্বিতীয় পুত্র। বিং, ত্রিং, শ্বেতবর্ণ-বিশিষ্ট। ক্লীং, নেত্ররোগবিশেষ, আঞ্জনি। নী—স্ত্রীং, ঊষা। গাভী,কুট্টিনী। বাহুদা নদী,তৃণ।

অর্জ্জুনচ্ছবি, (অর্জ্জুন=শ্বেত+ছবি=কান্তি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, শুভ্রকান্তি, শ্বেতবর্ণযুক্ত।

অর্জ্জুনদ্রুম, (অর্জ্জুন+দ্রুম=বৃক্ষ) সং, পুং, আজন নামে খ্যাত ককুভবৃক্ষ।

অর্জ্জুনধ্বজ, (অর্জ্জুন—ধ্বজ=পতাকা) সং,পুং,হনুমান্,কপি। [বৃক্ষ। অক্ষর,বর্ণ।

অর্ণ, (ঋ+যাওয়া+ন) সং, পুং, শাক-

অর্ণব, (অর্ণস্=জল+ব—অস্ত্যর্থে। স্—লোপ) সং, পুং, সমুদ্র, জলধি।

অর্ণবজ, (অর্ণব—জ—জাত, ৫মী—ষ) সং, পুং,—ক্লীং, সমুদ্রের ফেণা। বিং, ত্রিং, সমুদ্রজাত, সাগরোৎপন্ন।

অর্ণবতরি—স্ত্রীং } (অর্ণব=সমুদ্র-তরি
অর্ণবপোত—ক্লীং } পোত = নৌকা). সং, জাহাজ, সমুদ্রযান, জলযান।

অর্ণবমন্দির, (অর্ণব—মন্দির=গৃহ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বরুণ।

অর্ণবযান, (অর্ণব—যান=বাহন, হস্ত্যশ্ব শকটাদি, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, জাহাজ, সমুদ্রপোত।

অর্ণবোদ্ভব, (অর্ণব+উৎ+ভূ+অল) সং, পুং, অগ্নিজারবৃক্ষ। চন্দ্র। সং,ক্লীং,অমৃত বিং, ত্রিং, সমুদ্রজাত।

অর্ণস্, (ঋ=গমনকরা+অস্—সংজ্ঞার্থে। ন্—আগম) সং, ক্লীং, জল, সলিল।

অর্ণোদ, (অর্ণস্=জল—দ=যে দান করে, ২য়া—ষ) সং, পুং, মেঘ। মুতা।

অর্ণোভব, (অর্ণস্=জল+ভব=উৎপত্তি, ৫মী—হিং) সং, পুং, শঙ্খ।

অর্ত্তন, (ঋতি+অন) সং, ক্লীং, জুগুপ্সা, নিন্দা, অপবাদ।

অর্ত্তি, (অর্দ্দ্=পীড়া+তি—ভা) সং, স্ত্রীং, পীড়া। ধনুকের অগ্রভাগ।

অর্ত্তিক, (অর্ত্তি+কন্) বিং, ত্রিং, পীড়িত, ব্যথিত। সং, পুং, একপ্রকার পিষ্টক।

অর্ত্তিকা, সং, স্ত্রীং, জ্যেষ্ঠাভগিনী।

অর্থ, (ঋ [গমন করা] পাওয়া+থ—সংজ্ঞার্থে। যাহা পাওয়া যায়) সং, পুং, ধন, ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষরূপ চতুর্ব্বর্গমধ্যে পরিগণিত ঐহিক ধনজনিত সৌভাগ্য। বস্তু। শব্দের প্রতিপাদ্য। অলঙ্কার মতে অর্থ ত্রিবিধ বাচ্য, লক্ষ্য এবং ব্যঙ্গ যথা দর্পণকার " অর্থো বাচ্যশ্চ লক্ষ্যশ্চ ব্যঙ্গশ্চেতিত্রিধামতঃ " মানে (Meaning)। প্রয়োজন। জ্ঞানের বিষয়, ইন্দ্রিয়েরবিষয়। কারণ। প্রার্থনা। প্রকাষ। কুশল। বিবাদের বিষয়। সমর্থন। প্রকাশ। বিষয়। উদ্দেশ্য। নিবৃত্তি। ফল।

অর্থকর, (অর্থ—কর=যে করে) বিং, ত্রিং, প্রয়োজনোপযোগী, কার্য্যকারক।

অর্থকৃচ্ছ্র, (অর্থ—কৃচ্ছ্র, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, ধনকষ্ট। [ধন সম্পত্তি।

অর্থজাত, (অর্থ+জাত=সমূহ) সং, ক্লীং,

অর্থদোষ, (অর্থ+দোষ) সং, পুং, অলঙ্কারশাস্ত্রে কাব্যার্থদূষক এক বিংশতি সংখ্যক অর্থদোষ আছে যথা সাহিত্যদর্পণে " অপুষ্ট দুষ্ক্রম গ্রাম্য ব্যাহতাশ্লীলকষ্টতা। অনবীকৃত নির্হেতু প্রকাশিত বিরুদ্ধতা। সন্দিগ্ধ পুনরুক্তত্বে খ্যাতিবিদ্যাবিরুদ্ধতে। সাকাঙ্ক্ষতা সহচর ভিন্নতাস্থানযুক্ততা॥ অবিশেষে বিশেষশ্চানিয়মে নিয়মস্তথা। তয়োর্বিপর্য্যয়ো বিধ্যনুবাদাযুক্ততে তথা॥ নির্মুক্ত পুনরুক্তত্বমর্থাদোষাঃ প্রকীর্ত্তিতাঃ।

অর্থন, (অর্থ=যাচ্ঞা করা+অন—ভা) সং, ক্লীং, না—স্ত্রীং, প্রার্থনা, ভিক্ষা। সমর্থন।

অর্থপতি, (অর্থ=ধন—পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কুবের। ধনী। রাজা।

অর্থবৈকল্প, (অর্থ+বিকল্প + ষ্ণ—পরিবর্ত্তন) সং, ক্লীং, শ্লেষাদি দ্বারা প্রকৃতার্থের অন্যথা করণ (অপহ্নুতি)

অর্থপিশাচ, (অর্থ—পিশাচ, ৭মী—ষ সং, পুং, যে ব্যক্তি ধর্ম্মাধর্ম্ম জ্ঞানশূ হইয়া ধনের নিমিত্ত লালায়িত হয়।

অর্থপ্রয়োগ, (অর্থ—প্রয়োগ, ৬ষ্ঠী—ষ সং, পুং, বৃদ্ধিজীবিকা, বৃদ্ধির নিমি ঋণদান, বাড়ি দেওয়া।

অর্থবাদ, (অর্থ=বস্তু—বাদ=কথন, ৬ —ষ) সং, পুং, প্রশংসা। স্তুতিবাদ।

অর্থবান্, (অর্থবৎ=অর্থ=ধন+বৎ-অস্ত্যর্থে) বিং, ত্রিং, অর্থযুক্ত, ধনী।

অর্থবিজ্ঞান, (অর্থ=শব্দের প্রতিপাদ্য-বিজ্ঞান=জ্ঞান, ৬ষ্ঠী—ষ) সং, ক্লী শব্দার্থ জ্ঞান।

অর্থবিদ্, (অর্থ=শব্দের প্রতিপাদ্য— বি [বিদ্=জানা+ক্বিপ্—ক] যে জানে যে অর্থ জানে, ২য়া—ষ) বিং, ত্রি শব্দার্থজ্ঞ, অর্থজ্ঞানবান্।

অর্থশাস্ত্র, (অর্থ=ধন—শাস্ত্র, ৬ষ্ঠী— সং, ক্লীং, কৃষিশাস্ত্র,। নীতিশাস্ত্র, রা নীতি। [অর্থ উপার্জ্জন করে

অর্থশুচি ; সং, পুং, ধর্ম্মপথে থাকিয়া

অর্থাগম, (অর্থ=ধন—আগম=আগমন ৬ষ্ঠী—ষ) সং, পুং, ধনাগম, আ উপার্জন।

অর্থাৎ, (অর্থ=ধন, ফল+আৎ। পঞ্চম স্থানে আৎ) অং, ফলতঃ, বস্তুতঃ।

অর্থান্তর, (অর্থ—অন্তর=অন্য, ময়ং—স সং, ক্লীং, অন্য অর্থ।

অর্থান্তর-ন্যাস ; সং, পুং, কাব্যের অ ঙ্কার বিশেষ—সামান্য দ্বারা বিশেষে বিশেষ দ্বারা সামান্যের, কার্য্য দ্বা কারণের এবং কারণ দ্বারা কার্যে সমর্থন।

অর্থান্তরাক্ষেপ, (অর্থান্তর+আক্ষেপ ক্ষেপন) সং, পুং, অর্থালঙ্কার বিশেষ অন্য অর্থদ্বারা প্রকৃতার্থের প্রস্তাব।

অর্থাপত্তি, (অর্থ—আপত্তি=প্রাপ্তি) স

স্ত্রীং, সুতরাং প্রাপ্তি, অনুমানবিশেষ— উপপাদ্যের অনুপপত্তি দ্বারা উপপাদকের কল্পনা। কাব্যালঙ্কার বিশেষ— "মূষিক দণ্ডভক্ষণ করিয়াছে" বলিলে যেরূপ দণ্ডস্থিত পিষ্ঠকেরও ভক্ষণ, অর্থবশতঃ বোধ হয়, সেই রূপ এক অর্থ দ্বারা অপরার্থের উপলব্ধি হইলে, অর্থাপত্তি কহে।

অর্থিক, (অর্থিন্=ধনবান্—ক শব্দার্থ অথবা আহ্বানার্থ 'কৈ' ধাতুজ) সং, পুং, নিদ্রিত রাজগণের জাগরণার্থে নিযুক্ত স্তুতিপাঠকাদি। [প্রার্থিত, যাচিত।

অর্থিত, (অর্থিন দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং,

অর্থিতা, (অর্থিন্=যাচক+তা—ভাবে) সং, স্ত্রীং, প্রার্থনা। ইচ্ছা।

অর্থী, (অর্থিন্, অর্থ=যাচ্ঞা করা+ইন্—ক) বিং,ত্রিং, প্রার্থক, যাচক, ভিক্ষুক।

অর্থোপক্ষেপক, (অর্থ+উপক্ষেপক=যে বুঝাইয়া দেয়) নাট্যশাস্ত্রে বিষ্কম্ভক, প্রবেশক, চূলিকা, অঙ্কাবতার এবং অঙ্কমুখ এই পাঁচটীকে অর্থোপক্ষেপক কহে।

অর্থ্য, (অর্থ+য—প্রং) বিং, ত্রিং, জ্ঞানী। ধনী। ন্যায্য। প্রার্থনীয়। অর্থযুক্ত।

অর্দ্দন, (অর্দ্দ=পীড়নকরা, যাজ্ঞাকরা +অন—ভা, ধি) সং, ক্লীং, না—স্ত্রীং, প্রার্থনা। পীড়া। রণ। হিংসা।

অর্দ্দিত, (অর্দ্দন দেখ, ত—র্ম্ম, ভা) বিং, ত্রিং, প্রার্থিত, যাচিত। পীড়িত। হিংসিত। সং, ক্লীং, পীড়া। বাতরোগ।

অর্দ্ধ, (ঋধ্ = বৃদ্ধিপাওয়া + অ—ণ। যাহার দ্বারা সমুদায় বৃদ্ধিপায়) সং, পুং, অংশ। একদেশ। সমাংশ। ক্লীং, সমান অর্দ্ধাংশ, ঠিক অর্দ্ধেক। বিং, ত্রিং, দ্বিভাগীকৃত, দুই ভাগকরা।

অর্দ্ধচন্দ্র, (অর্দ্ধ—চন্দ্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, চন্দ্রখণ্ড। (অর্দ্ধচন্দ্রাকৃতি বলিয়া) প্রাদেশ, যাহা গলদেশে অর্পণ করিয়া অপরাধীকে দূরীকরণ করে, গলাধাক্কা। ময়ূরপুচ্ছের চন্দ্রক। অর্দ্ধ চন্দ্রাকৃতি অগ্রভাগবিশিষ্ট বাণ। গজাভরণ-বিশেষ।

অর্দ্ধচোলক, (অর্দ্ধ+চোলক) সং, পুং, কাঁচুলী।

অর্দ্ধজরতীয় ন্যায়—ন্যায় (৬৫) দেখ।

অর্দ্ধনারীশ, (অর্দ্ধনারী—ঈশ=ঈশ্বর। অর্দ্ধনারীসহিত ঈশ, ৩য়া—য) সং, পুং, মহাদেব, শিব।

অর্দ্ধনাব, (অর্দ্ধ—নৌ=নৌকা+অ—প্রং) সং, ক্লীং, নৌকার অর্দ্ধভাগ।

অর্দ্ধমানব, সং, পুং—দ্বাদশযষ্টিক হার, বার নর হার। [স্ত্রীং, অর্দ্ধপরিমাণ।

অর্দ্ধমাত্রা, (অর্দ্ধ—মাত্রা=পরিমাণ) সং,

অর্দ্ধরাত্র, (অর্দ্ধ—রাত্রি, ৬ষ্ঠী—ষ। ই=অ) সং, পুং, নিশীথ, মধ্যনিশা।

অর্দ্ধসীরিন্, (অর্দ্ধ+সীর=লাঙ্গল+ইন্) সং, পুং, যে কৃষক পরক্ষেত্রে চাস করিয়া শস্যের অর্দ্ধভাগ লয়।

অর্দ্ধবীক্ষণ (অর্দ্ধ—বীক্ষণ=দর্শন, য়ং—স) সং, ক্লীং, অপাঙ্গদর্শন, কটাক্ষ।

অর্দ্ধহার, (অর্দ্ধ—হার। অর্দ্ধ সম্পন্নহার) সং, পুং, চৌষাট্টনর হার।

অর্দ্ধাঙ্গ, (অর্দ্ধ—অঙ্গ) শাস্ত্রকারেরা পত্নীকে শরীরের অর্দ্ধ বলিয়া নির্দ্দেশ করিয়াছেন, য়ং=স) সং, ক্লীং, শরীরের অর্দ্ধ। পত্নী। [ক্লীং, অর্দ্ধভোজন।

অর্দ্ধাশন, (অর্দ্ধ—অশন=ভোজন) সং

অর্দ্ধাসন, (অর্দ্ধ+আসন=উপবেশনস্থান) স্নেহ ব্যঞ্জক সম্মানভেদ, ভালবাসার চিহ্নস্বরূপ একাসনে বসান।[র্দ্ধোচ্চারিত।

অর্দ্ধোক্ত, (অর্দ্ধ+উক্ত=কথিত) অসম্পূ-

অর্দ্ধোদয়, (অর্দ্ধ—উদয়। যেখানে সমৃদ্ধ পুণ্যের উদয় হয়) সং, পুং, বার তিথি নক্ষত্র সংযুক্ত যোগবিশেষ।

অর্দ্ধোরুক, (অর্দ্ধোরু উরুর অর্দ্ধ+ক—পিধানার্থে, কিম্বা ক [কাশ্=দীপ্তি পাওয়া+অ—ক] যে দীপ্তি পায়। যে উরুর অর্দ্ধেকে দীপ্তি পায়, ৭মী—ষ) সং, ক্লীং, স্ত্রীদিগের অর্দ্ধোরু পর্য্যন্ত আচ্ছাদন বস্ত্র, ঘাগ্রা।

অর্পণ, (অর্পি [ঋ=গমনকরা+ই—নিযুক্ত্যর্থে] গমন্ করান+অন—ভা) সং, ক্লীং, দান। স্থাপন। ত্যাগ। নিক্ষেপ।
অর্পিত, (অর্পণ দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, স্থাপিত। গচ্ছিত। দত্ত। ন্যস্ত।
অর্পিস্ (অর্পণ দেখ, ইস্—প্রং) সং, পুং, হৃদয়। অগ্রমাংস।
অর্ভ } (ঋ [গমন করা] পাওয়া+
অর্ভক } ভ—সংজ্ঞার্থে। ক—স্বার্থে। যে বৃদ্ধি প্রাপ্ত হয়) সং, পুং, শিশু। বালক। শাবক। মূর্খ। কৃশ।
অর্য্য, (ঋ [গমনকরা] পাওয়া+য—প্রং। যে প্রভুত্ব প্রাপ্ত হয়) সং, পুং, স্বামী। (যে কৃষি কর্ম্ম প্রাপ্ত হয়) বৈশ্য। (যে উত্তমতা প্রাপ্ত হয়) বিং, ত্রিং, শ্রেষ্ঠ। সং, র্য্যা—স্ত্রীং, বৈশ্যজাতীয় স্ত্রী। র্য্যী—স্ত্রীং, বৈশ্য-পত্নী।
অর্য্যমা, (অর্য্যমন্, ঋ=গমন করা+মন্—সংজ্ঞার্থে। য—আগম। যিনি গমন করেন) সং, পুং, আদিত্য, সূর্য্য।
অর্ব্বন্, (ঋ=গমনকরা+বন্—সংজ্ঞার্থে) সং, পুং, ঘোটক। তী—স্ত্রীং, ঘোটকী। ইন্দ্র। কুট্টিনী। (যে নিন্দায় গমন করে) বিং, ত্রিং, নীচ, অধম।
অর্ব্বাক্, (অবর=পূর্ব্বকাল—অন্চ্=গমন করা+কিপ্—প্রং। অবর=অর্ব্ব) অং, পূর্ব্ব, আদিম। পশ্চাৎ। মধ্য।
অর্ব্বাঙ্, (অর্ব্বাচ্, অর্ব্বন্ কুৎসিত=অন্চ্=গমন করা+ক্বিপ্—ক) বিং, ত্রিং, নিকৃষ্ট, নীচ। কনিষ্ঠ। ক্ষুদ্র। বক্র।
অর্ব্বাচীন, (অর্ব্বাচ্+ঈন—ভবার্থে) বিং ত্রিং, বিরুদ্ধ। পশ্চাদ্বর্ত্তী। নূতন। প্রবীণ নয়; যাহার বয়স হইয়াছে, অথচ বুদ্ধির পরিপাক ও সদসদ্বিবেচনাশক্তি জন্মে নাই। অধম, নীচ।
অর্ব্বুদ, (অর্ব্ব=হিংসাকরা+উদ—প্রং। বগ্য বও হয়) সং, ক্লীং, দশকোটি সংখ্যা। রোগবিশেষ, আব্।
অর্শ, অর্শস্, (ঋ গমন করা+অ, অস্—সংজ্ঞার্থে। শ্=আগম। বিজয়রক্ষিত বলেন অর্শশব্দ হিংসার্থ 'শৃ' ধাতুজ। যে অরির ন্যায় প্রাণ নষ্ট করে) সং, ক্লীং, রোগবিশেষ। [অর্শরোগ-যুক্ত।
অর্শস, (অর্শস্+অ—অস্ত্যর্থে) বিং, ত্রিং,
অর্শোঘ্ন, (অর্শস্—ঘ্ন [হন্=বধকরা+অ—ক] যে বধ করে। যে অর্শরোগ নষ্ট করে, ২য়া—ষ) সং, পুং, শূরণ, ওল। বিং, ত্রিং, অর্শনাশক।
অর্হ, (অর্হ্=পূজাকরা, যোগ্য হওয়া+অ—র্ম্ম, ক) বিং, ত্রিং, যোগ্য, উপযুক্ত। পূজ্য, মান্য।
অর্হণ—ক্লীং } (অর্হ=পূজাকরা+অন,
অর্হণা—স্ত্রীং } অন, আ—ভা) সং,
অর্হা—স্ত্রীং } পূজা। সম্মান। পূজার সামগ্রী। যোগ্যতা।
অর্হৎ (অর্হ দেখ, অৎ—ক) সং, পুং, বুদ্ধ। বিং, ত্রিং পূজ্য। যোগ্য। প্রশস্ত।
অর্হিত, (অর্হ দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, পূজিত, সম্মানিত।
অলং, (অলম্, অল্=ভূষিতকরা+অম্—প্রং) অং, ভূষণ। প্রচুর, পর্য্যাপ্ত। সমর্থ। নিষেধ। অনাবশ্যক। ব্যর্থ। অত্যর্থ।
অলক, (অল্ [মুখ] ভূষিতকরা+অক—ক) সং, পুং—ক্লীং, চূর্ণকুন্তল, কোঁকড়া চুল, ঝাপ্টা। অঙ্গলিপ্ত কুঙ্কুম। মেঘবিশেষ, যে সকল মেঘ চূর্ণকুন্তলাকারে অথবা বিক্ষিপ্ত কার্পাসের ন্যায় দৃষ্ট হইয়া থাকে। সং, পুং. ক্ষিপ্তকুকুর। কা—স্ত্রীং, কুবেরের পুরী। ৮। ১০ বৎসরের বালিকা।
অলকনন্দা, (অলক—নন্দা=যে আনন্দিত হয়) সং, স্ত্রীং, ৮। ১০ বৎসরের বলিকা। (অলকা—নন্দা=যে আনন্দিত করে) গঙ্গা।
অলকমেঘ, (Cirrus, অলক=চূর্ণকুন্তল—মেঘ) যে সকল মেঘ আকাশে অলকের ন্যায় অথবা বিক্ষিপ্ত কার্পাসের ন্যায় দৃষ্ট হইয়া থাকে

অলকস্তর, (Cirro-stratus) সং, পুং, মেঘবিশেষ, যে সকল মেঘ প্রথমতঃ অলকাকারে উৎপন্ন হইয়া স্তর মেঘ অর্থাৎ ছাড়া ছাড়া মেঘের সহিত মিশ্রিত হয়।

অলকস্তূপ (Cirro cumulus) সং,পুং, যে সকল মেঘ প্রথমতঃ অলকাকারে উৎপন্ন হইয়া স্তূপমেঘের সহিত মিশ্রিত হয়।

অলকাধিপ, (অলকা কুবের নগরী—অধিপ রাজা, ৬ষ্ঠী—ষ) সং,পুং, কুবের।

অলক্ত—পুং } (অ—রক্ত। যাহা অলক্তক—ক্লীং } হইতে আর রক্ত বর্ণ নাই, ৫মী—হিং। র=ল। ক—স্বার্থে) সং, পুং, লাক্ষারস, আলতা।

অলক্ষণ, (অ—লক্ষণ=চিহ্ন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, দুর্ভাগ্য, কুলক্ষণাক্রান্ত। সং, ক্লীং, কুলক্ষণ, অমঙ্গল, মন্দচিহ্ন।

অলক্ষিত, (অ—লক্ষিত=চিহ্নিত) বিং, ত্রিং, অজ্ঞাত। অদৃষ্ট। অতর্কিত। লক্ষণাদিদ্বারা অস্থচিত।

অলক্ষ্মী, (অ=বিরুদ্ধ—লক্ষ্মী) সং, স্ত্রীং, লক্ষ্মীর বিরোধিনী দেবতা, আলক্ষ্মী, দুষ্টলক্ষ্মী। দুর্ভাগ্য, দুর্দ্দশা।

অলগর্দ্দ, অলগর্দ্ধ, অলিগর্দ্ধ (অলক্ [অ=লগ=সংলগ্ন হওয়া+ক্বিপ্=প্রং] অসংলগ্ন+অর্দ্দ=গমনকরা+অ—ক। যে সমস্ত শরীর ভূমিতে সংলগ্ন করিয়া যায় না। অলক্—অর্দ্ধ। ফণা ধারণ হেতু যাহার অর্দ্ধভাগ ভূমিতে সংলগ্ন নয়। অলি=ভ্রমর—গর্দ্ধ=রবকরা +অ—ক। যে অলির ন্যায় রবকরে) সং, পুং, বিলকেউটিয়া। জলসর্প। নির্বিষ সর্প, ঢোঁড়াসাপ।

অলগ্ন, (অ+লগ্ন=সংযুক্ত) বিং, ত্রিং, অসম্বদ্ধ। অসংযুক্ত। অসংশ্লিষ্ট।

অলঙ্করণ, (অলম্=ভূষিত—কৃ=করা+অন—ণ) সং, ক্লীং, ভূষণ, আভরণ, অলঙ্কার। ভূষিতকরণ।

অলঙ্করিষ্ণু, (অলম্+কৃ+ইষ্ণু) বিং, ত্রিং, ভূষিত, মণ্ডিত। ভূষণ শীল। অলঙ্কারপ্রিয়।

অলঙ্কর্ত্তা, (অল+ কৃ+তৃণ) বিং, ত্রিং, ভূষণকারী, ভূষক, প্রসাধক।

অলঙ্কর্ম্মীণ, (অলম্=পারক—কর্ম্ম=ক্রিয়া +ঈন—ভাবার্থে) বিং, ত্রিং, কর্ম্মঠ, কার্য্যদক্ষ। কার্য্যকুশল।

অলঙ্কার (অলম্=ভূষিত—কৃ=করা+অ—ণ) সং, পুং, ভূষণ, আভরণ। ভূষিত করণ। সাহিত্যবিষয়ক দোষ গুণ প্রতিপাদক শাস্ত্র। কাব্যের অলঙ্কার, উপমা রূপক প্রভৃতি। শব্দ ও অর্থের ভূষণ। [ভূষিত, সজ্জিত।

অলঙ্কৃত,(অলঙ্কার দেখ,ত—র্ম্ম) বিং, ত্রিং,

অলঙ্ক্রিয়া, (অলম্=ভূষিত—ক্রিয়া=করণ) সং, স্ত্রীং, ভূষিতকরণ, সাজান। ভূষণ।

অলঙ্ঘন, (অ+লঙ্ঘ+অনট) সং, ক্লীং, অনতিক্রম, ক্রমোল্লঙ্ঘন না করা।

অলঙ্ঘ্য, (অ—লঙ্ঘ্য=অতিক্রমণীয়) বিং, ত্রিং অনতিক্রমণীয়, যাহা অতিক্রম করা যায় না।

অলঞ্জর, অলিঞ্জর, (অলম্=শীঘ্র—জৃ=জীর্ণ হওয়া+অ—ক। যে শীঘ্র ভাঙ্গিয়া যায়) সং, পুং, মাটির কলসী। জালা।

অলন্ধূম, (অলম্=অত্যর্থ—ধূম) সং, পুং, অত্যর্থ ধূম, ধূমসমূহ।

অলম্বুদ্ধি, (অলম্—বুদ্ধি) সং, স্ত্রীং, অলংজ্ঞান, নিষ্প্রয়োজনবোধ।

অলম্বুষ (অলম্—বুস্=ক্ষতিকরা+অ—সংজ্ঞার্থে) সং, পুং, রাক্ষসবিশেষ। অঙ্গুলিযুক্ত হস্ত (প্রস্ত) বমন। যা—স্ত্রীং, স্বর্ব্বেশ্যা বিশেষ।

অলয়, (অ+লয় স্থান। ধ্বংস) বিং, ক্রি, গৃহহীন=সং, পুং, প্রলয়াভাব। সংস্থিতি, অবস্থান।

অলর্ক, (অলং=অত্যর্থ—অর্ক=স্তুতি করা+অ—র্ম্ম। দংশন ভয় বা মৃগদংশন নিমিত্ত যে স্তুত হয়, কিম্বা অলং শীঘ্র—অর্ক=গমন করা। নিপাতন।

যে শীঘ্র গমন করে) সং, পুং, প্রেরিত কুক্কুর। উন্মত্ত কুক্কুর। শ্বেত আকন্দ।
অললে,অলে, পিশাচ ভাষায় সম্বোধনপদ
অলস, আলস (অ—লস্=শ্লিষ্টহওয়া+ অ—ক। যে কোন কার্য্যে রত হয় না) বিং, ত্রিং, আলস্যযুক্ত। পাঁকুই নামক পাদরোগ বিশেষ। জড়।
অলসক, (অলস+ক—স্বার্থে, অথবা অলস দেখ, অক=ণ) সং, পুং, উদরাময় রোগ বিশেষ।
অলাত, আলাত (অ—লা=গ্রহণকরা+ত—সংজ্ঞার্থে। যাহা গ্রহণ করা যায় না) সং, ক্লীং, দগ্ধকাষ্ঠ, অঙ্গার, জ্বলন্ত বা নিবন্ত কয়লা।
অলাতচক্র, (অলাত=চক্র=চাকা) সং,ক্লীং, চক্রাকার বহ্নি, অঙ্গার চক্র।
অলাত-শিলা ; সং, স্ত্রী, পাতুরে কয়লা।
অলাবু, অলাবূ, আলাবু (অ—লব্=মগ্ন হওয়া+উ, ঊ—সংজ্ঞার্থে। যে জলে মগ্ন হয় না) সং, স্ত্রীং, তুম্বী, লাউ।
অলার, (অল+ঋ=যাওয়া+অঁ যাহা দ্বারা যাওয়া যায়) সং, পুং কবাট।
অলাম; (অ+লাম) সং, পুং জিহ্বামূল জাত শোথ রোগ বিশেষ।
অলি, আলি (অল্=ভূষিত করা+ই—সংজ্ঞার্থে। যে পুষ্প ভূষিত করে) সং, পুং, ভ্রমর। (ভ্রমরবৎ কৃষ্ণবর্ণ বলিয়া অলি নাম হইল) কোকিল। কাক। (অল=বৃশ্চিকলাঙ্গুল+ই—অস্ত্যর্থে) বৃশ্চিক। বৃশ্চিকরাশি। মদ্য।
অলিক, অলীক (অল্—ভূষিত করা+ইক, ঈক—সংজ্ঞার্থে। যে ভূষিত হয়) সং, ক্লীং, ললাটদেশ।
অলিগর্দ্ধ, (অলি+গর্দ্ধ=শব্দকরা) আলায নামক জলসর্পবিশেষ।
অলিঙ্গিন্, (অ+লিঙ্গ—চিহ্ন+ইন্) সং, পুং, ভণ্ডতপস্বী। অধার্ম্মিকের একশেষ হইয়াও তিলকাদি কপট চিহ্নধারী।
অলিজিহ্বা, সং, স্ত্রীং, জিহ্বার উপরিস্থ ক্ষুদ্র জিহ্বা, আলজিব্।
অলিন্দ,আলিন্দ, (অল্=ভূষিতকরা+ইন্দ—সংজ্ঞার্থে। যাহার দ্বারা গৃহভূষিত করা যায়) সং, পুং, চাতাল, বাটির সম্মুখে বাঁধান উঠান।
অলিপক, সং, পুং,—স্ত্রীং, ভ্রমর। কোকিল। কুক্কুর। [ভ্রমর। কোকিল।
অলিমক, , সং, পুং, পদ্ম কেশর। ভেক।
অলী, আলী, (অলিন্, আলিন্, অলিদেখ ইন্—ক, অস্ত্যর্থে) সং, পুং, ভ্রমর। বৃশ্চিক, বিছা।
অলীক, (অল্=নিবারণকরা+ঈক—প্রং) সং, ক্লীং, মিথ্যা, অসত্য। ললাট। আকাশ। স্বর্গ। বিং, ত্রিং, মিথ্যা। অসুখকর। অপ্রিয়। ক্ষুদ্র।
অলে, অলেলে,, অং,নাটকাদিতে দৈত্যাদির অর্থশূন্য শব্দ। [বদ্য। অলৌকিক।
অলেপক, (অ+লিপ+ণ্বুল) নির্ম্মল, নির অ-লোক-সামান্য, বিং, ত্রিং, অসাধারণ।
অলোহ (অ+লোহ=লৌহ) বিং, ত্রিং, লৌহব্যতিরিক্ত।
অলৌকিক, বিং,ত্রিং, অসামান্য, লোকাতীত। লোক ব্যবহারে অনভিজ্ঞ।
অলৌকিকতা,(অলৌকিক+তা—ভাবে) সং, স্ত্রীং, চমৎকারিত্ব, চমৎকারজনকতা। লোক ব্যবহারে অনভিজ্ঞতা।
অল্ক, সং, ক্লীং, অবয়ব, অঙ্গ।
অল্প, (অল্—নিবারণকরা+প—প্রং,) বিং, ত্রিং, ক্ষুদ্র। ঈষৎ। তুচ্ছ। কিঞ্চিৎ, কিছু। কম। ক্ষীণ। কৃশ।
অল্পতনু, (অল্প—তনু, ৬ষ্ঠী—হিং) বিং ত্রিং, খর্ব্ব, বামন।
অল্পদর্শী, (অল্পদর্শিন্, অল্প—দর্শী=যে দেখে) বিং, ত্রিং, যে বিচক্ষণ নয়, যাহার বিজ্ঞতা জন্মে নাই। [রক্তপদ্ম।
অল্পপদ্ম, (অল্প=অসম্পূর্ণ—পদ্ম) সং,ক্লীং,
অল্পপ্রাণ, (অল্প—প্রাণ=সামর্থ্য, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, ক্ষুদ্রপ্রাণ, ক্ষীণজীবী।
অল্পমারিষ,(অল্প—মৃষ=খণ্ডনকরা+ই—

সংস্কার্থে। অথবা অল্প—মারিষ=শাক-বিশেষ। পত্র কাণ্ড ক্ষুদ্র বলিয়া অল্প-মারিষ নাম হইল) সং, পুং, ক্ষুদ্র নটেশাক।
অল্পবিষয়, (অল্প+বিষয়—জ্ঞেয় পদার্থ ৬ষ্ঠি+হিং) বিং, ত্রিং, সামান্য। মন্দ। স্বল্পজ্ঞেয়বিশিষ্ট। [অং, অল্পে অল্পে।
অল্পশঃ, (অল্পশস্=অল্প+শস্—প্রং)
অল্পসরঃ, (অল্পসরস্, অল্প ক্ষুদ্র—সরঃ সরোবর, য়ং—স) সং, ক্লীং, পল্বল, ক্ষুদ্র সরোবর, যাহা গ্রীষ্মকালে শুকাইয়া যায়।
অল্পায়ুঃ, (অল্পায়ুস্, অল্প—আয়ুস্ জীবন ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অল্পকালজীবী।
অল্পিষ্ঠ, অল্পীয়ান্ (অল্পীয়স, অল্প+ইষ্ঠ, ঈয়স্—অত্যর্থে) বিং, ত্রিং, অত্যল্প।
অল্ল, (অল+লা=গ্রহণ করা বা জানা) (যিনি সকলকে জানেন) সং, পুং, স্ত্রীং, অথর্ব্ববেদে অল্ল অল্লা ইত্যাদি খ্যাত যবনোপাস্য পরমেশ্বর।
অল্লা, (অল্=ভূষিতকরা—লা=গ্রহণকরা +আ—কু। ভূষিত হইবার জন্য যিনি বালককে গ্রহণ করেন) সং, স্ত্রীং, মাতা। পরম দেবতা।
অব, (অব্ রক্ষাকরা+অ—প্রং) অং, উপং, বিস্তার। ন্যূনতা। বিশ্রাম আদেশ। শোধন। জ্ঞান। অসম্মান অনাদর। পুষ্টি। নিম্নতা। নিশ্চয় ব্যাপ্তি। আলম্বন। নীরোগ। শুদ্ধি পরিভব। পালন। [অবকুটার
অবকট, (অব+কট) বিং, ত্রিং, অবাচিন্,
অবকর, (অব্=বিস্তীর্ণতা—কর যে করে। অথবা অব—কৃ=বিক্ষেপকরা +অ—র্ম্ম) সং, পুং, আবর্জ্জনা, ওচলা, জঞ্জাল। অতিবর্ষণ। বিক্ষেপ।
অবকর্ত্ত, (অব+কর্ত্ত=কাটা) সং, পুং, খণ্ডসকল। [দৃষ্ট।
অবকলিত, (অব+কল+ত) বিং, ত্রিং,
অবকাশ, (অব=মধ্য—কাশ=দীপ্তি পাওয়া+অ—ভা) সং, পুং, অবসর। মধ্যস্থান। স্থান। অবস্থান।
অবকীর্ণ, (অব—কৄ—বিক্ষেপকরা+ত—র্ম্ম। ত—ন) বিং, ত্রিং, চূর্ণিত। বিক্ষিপ্ত। ধ্বস্ত।
অবকীর্ণী, (অবকীর্ণিন্, অবকীর্ণ [অব—কৄ—হিংসাকরা+ত—র্ম্ম] হিংসিত+ইন্—তৃতীয়ার্থে) বিং, ত্রিং, ব্রতোল্লঙ্ঘনকারী, নিয়মোল্লঙ্ঘনকারী।
অবকুণ্ঠন, (অবপূর্ব্বে+কুণ্ঠ—বেষ্টন) সং, ক্লীং, পরিবেষ্টন। আকর্ষণ।
অবকৃষ্ট, (অব—বাহির—কৃষ্—ভূমিচসা+ত—র্ম্ম। ত—ট) বিং, ত্রিং, তাড়িত, বহিষ্কৃত। অধম, জঘন্য, হেয়। হীন জাতীয়।
অবকেশী, (অবকেশিন্, অবকেশ [অব জঘন্য—কেশ=চুল। অবকেশ অর্থাৎ ছিন্নকেশ, তদ্ধর্ম্ম নৈষ্ফল্য। ধর্ম্মধর্ম্মির অভেদ হেতু এখানে অবকেশের অর্থ নৈষ্ফল্য]+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, অফল বৃক্ষ। বিং, ত্রিং, বন্ধ্য, নিষ্ফল। অল্পকেশযুক্ত।
অবক্তব্য, (অ—বক্তব্য=কথনীয়) বিং, ত্রিং, যাহা বাক্যদ্বারা বলা যায় না। অবক্তব্য, অবাচ্য।
অবক্রন্দন, সং, ক্লীং, বিলাপ, উচ্চৈঃস্বরে রোদন।
অবক্রয়, (অব—ক্রী—ক্রয়করা+অ—প্রং) সং, পুং, ভাড়া। মূল্য, দাম।
অবক্রুষ্ট, (অব+ক্রুষ্ট=শব্দিত) বিং, ত্রিং, অধিক্ষিপ্ত, অপবাদিত।
অবক্রোশ, (অব+ক্রুশ=শব্দকরা) সং, পুং, অভিশাপ। নিন্দা, অধিক্ষেপ।
অবক্ষেপ—পুং, অবক্ষেপণ—ক্লীং (অব-ক্ষিপ্ ক্ষেপণ করা+অ, অন-ভা) সং, অধোনিক্ষেপ, বিক্ষেপ। তিরস্কার। শ্লেষোক্তি। নী—সং, স্ত্রীং বল্‌গা, লাগাম।
অবগণিত, (অব+গণ্—গণা, হেয়করা

+ত—র্ম্ম) বিং, ত্রিং, অবজ্ঞাত, ঘৃণিত, তিরস্কৃত।

অবগণ্ড, (অব — গন্ড্—বদনৈকদেশ +অ—প্রং) সং, পুং, গণ্ডস্থ ব্রণ,

অবগত, (অব—গম্—গমনকরা, জানা +ত—ক। ম্—লোপ) বিং, ত্রিং, জ্ঞাত, বিদিত, যাহা জানা হইয়াছে। নিম্নগত।

অবগতি—স্ত্রীং } (অবগত দেখ, তি,
অবগম—পুং } অ—ভা) সং, জ্ঞান, বোধ।

অবগম, (অব+অস্ গম + থক) বিং, ত্রিং, প্রাতঃ স্নায়ী, প্রাতঃ স্নানকারী।

অবগাঢ়, (অবগাহ—দেখ, ত—প্রং) বিং, ত্রিং, নত, নিম্ন। নিমগ্ন। অতিরিক্ত। নিবিড়। অন্তঃপ্রবিষ্ট। স্নাত।

অবগাদ, (অব—অপ+গ (গম)+আদক্) সং,পুং, জলদ্রোণী নৌকার জলসেচনার্থ কাষ্ঠপাত্র (কাত্তো)।

অবগাহ—পুং } (অব—গাহ্=স্নান
অবগাহন—ক্লীং } করা+অ, অন—ভা) সং, স্নান। মজ্জন। প্রবেশ। অন্তঃপ্রবেশ।

অবগীত, (অব=নিন্দিত ইত্যাদি—গীত উচ্চারিত, যাহা গাওয়া হইয়াছে) বিং, ত্রিং, নিন্দিত। দুষ্ট। গীত। সং, ক্লীং, অপবাদ।

অবগুণ, (অব—গুণ্—মন্ত্রণাকরা ইত্যাদি +অ—প্রং) সং, পুং, দোষ।

অবগুণ্ঠন,—ক্লীং } (অব—গুন্ঠ্ বেষ্টন
অবগুণ্ঠিকা—স্ত্রীং } করা+অন, অক —ণ, ভা) সং, মুখাবরণ, ঘোম্‌টা। আবরণ। যবনিকা।

অবগুণ্ঠিত, (অবগুণ্ঠন—দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, আবৃত, ঘোম্‌টা দেওয়া।

অবগূহন, (অব+গূহ+অনট) সং, ক্লীং, আলিঙ্গন, আশ্লেষ।

অবগোরণ, (অব—গুর্=উত্তোলন করা, অথবা গূর্=বধকরা+অন—ভা) সং, ক্লীং, বধার্থ অস্ত্রাদি উত্তোলন।

অবগ্রহ, অবগ্রাহ, (অব—গ্রহ্=গ্রহণকরা+অ—বৃষ্টিপ্রতিবন্ধার্থে) সং, পুং, গ্রহণ, স্বীকার। অনাবৃষ্টি। অঙ্কুশ দ্বারা যাহা নিগৃহীত হয়) হস্তীর ললাট। প্রতিবন্ধ, বাধা। শাপবাক্য। নিগ্রহ।

অবগ্রহণ, (অবগ্রহ=দেখ, অন—ভা) সং,ক্লীং,প্রতিরোধ। অবজ্ঞা, অনাদর।

অবঘট্ট, (অব=নিম্ন—ঘট্ট্=চালিতকরা +অ—প্রং) সং, পুং, ঘরট্ট। গর্ত্ত।

অবঘাত, (অব—ঘাত=আঘাত) সং, পুং, অপহত্যা। তণ্ডুলাদি কাঁড়া।

অবচনীয়তা, (অবচনীয়+তা) কথনাযোগ্যতা, অশ্লীলকথন, আক্রোশবাদ।

অপচয়, (অব—চয়=চয়ন) সং, পুং, চয়ন। অপব্যয়।

অবচিত, (অব—চি=চয়নকরা+ত—ঝ) বিং, ত্রিং, কৃতচয়ন, চয়নকরা। আহৃত। সঞ্চিত। অপব্যয়িত।

অবচূড়, (অব=নিম্ন—চূড়া শিখা) সং, পুং, ধ্বজার অধোবদ্ধ বস্ত্র। ড়া-স্ত্রীং, চূড়া। মালা।

অবচূর্ণিত, (অব—চূর্ণ্=গুঁড়া করা+ত —র্ম্ম) বিং ত্রিং, চূর্ণীকৃত, পিষ্ট।

অবচূল, (অব—নিম্ন--চূড়া শিখা। ড়= ল) সং, পুং, ধ্বজার অধোবদ্ধ বস্ত্র।

অবচূলক, (অবচূল+ক—সাদৃশ্যার্থে) সং, ক্লীং, চামর।

অবচ্ছদ, (অব+চ্ছদ=আবরণ) সং, পুং, আচ্ছাদন বস্ত্র। সঙ্কুচিত। সীমাবদ্ধ।

অবচ্ছিন্ন, (অব—ছিন্ন=ছেঁড়া) বিং,ত্রিং,

অবচ্ছুরিত, (অবচ্ছুর্=ছেদনকরা, শব্দকরা+ত—ভা) সং, ক্লীং, ঘোটকের শব্দ। অট্টহাস। বিং, ত্রিং, মিশ্রিত। ব্যাপ্ত। রুষিত।

অবচ্ছেদ, (অব=দূর—ছিদ্=ছেদনকরা+অ—ভা) সং, পুং, পরিচ্ছেদ। খণ্ড। বিরাম। একদেশ। বিচ্ছেদ।

অবচ্ছেদক, (পূর্ব্ব=দেখ, অক—ক) বিং,

ত্রিং, অবচ্ছেদকারক, ব্যাবর্ত্তক।
অবচ্ছেদাবচ্ছেদ, (অবচ্ছেদ—অবচ্ছেদ) সং, পুং, ব্যাপকত্ব, সর্ব্বসাকল্য।
অবজ্ঞা, (অব=অপকৃষ্ট—জ্ঞা=বোধকরা+আ—ভা) সং, স্ত্রীং, তিরস্কার, অবমান, হেয়জ্ঞান, অনাদর, তাচ্ছল্য, ঘৃণা। [ত্রিং, অনাদৃত, অবমানিত।
অবজ্ঞাত, (অবজ্ঞা দেখ, ত—র্ম্ম) বিং,
অবজ্ঞান, (অবজ্ঞা দেখ, অন—ভা) সং, ক্লীং, অবমাননা, অবজ্ঞা।
অবট, (অব্=রক্ষাকরা+অট—সংজ্ঞার্থে। যাহা হইতে রক্ষা করে) সং, পুং, গর্ত্ত, গহ্বর। কূপ। ঐন্দ্রজালিক।
অবটঙ্ক, সং, পুং, পণ্যবীথিকা, হাট।
অবটি, অবটী, (অবট=দেখ, অটি—সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, গর্ত্ত। কূপ। শারীর বিদ্যাতে দেহস্থিত রন্ধ্রাদি।
অবটীট, (অব=অবনত+নাসিকা, ৬ষ্ঠী—হিং, নাসিকা স্থানে টীটাদেশ) বিং, ত্রিং, নতনাসিক, খাঁদা।
অবটু, (অব=নিম্ন—টীক্=গমনকরা+উ—সংজ্ঞার্থে, কিম্বা অ—বট্=বেষ্টন করা+উ—সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, গ্রীবা, ঘাড়। গর্ত্ত। কূপ।
অবডীন, (অব—ডীন=উড়ন) সং, ক্লীং, অবরোহণরূপ পক্ষির গতি বিশেষ।

অবতংস, (অব—তন্স্=ভূষিতকরা+অ—ক, ণ) সং, পুং—ক্লীং, ভূষণ। কর্ণভূষণ। শিরোভূষণ, কিরীট।
অবততি, (অব—তন্=বিস্তার করা+তি—ভা। ন্—লোপ) সং, স্ত্রীং, বিস্তৃতি, বিস্তার।
অবতমস, (অব=ন্যূন—তমস্=অন্ধকার+অ—প্রং) সং, ক্লীং, অল্প অন্ধকার।
অবতর—পুং
অবতরণ—ক্লীং } (অব=নিম্ন—তৄ=পার হইয়া যাওয়া, ইত্যাদি+অ, অন—ভা) সং, অবরোহণ, নামন। প্রবেশ। উৎপত্তি।
অবতরণিকা, (অবতরণ+ক—যোগ) সং, স্ত্রীং, ভূমিকা। গ্রন্থ প্রস্তাবনা।
অবতর্পণ, (অব+তৃপ=সন্তোষ করা) সং, ক্লীং, সান্ত্বনা, উপশমন।
অবতান, (অব+তন=বিস্তার) সং, পুং, বিস্তার, আবরণ।
অবতার, (অবতর=দেখ, অ—ভা) সং, পুং, উৎপত্তি। স্বর্গাদি হইতে মনুষ্যলোকে দেবাদির আবির্ভাব। যথা—বিষ্ণুর ১০ অবতার, ১ম মৎস্য, ২য় কূর্ম্ম, ৩য় বরাহ, ৪র্থ নৃসিংহ, ৫ম বামন, ৬ষ্ঠ পরশুরাম, ৭ম রামচন্দ্র, ৮ম কৃষ্ণ, ৯ম বুদ্ধ, ১০ম কল্কী। নামা। তীর্থ, ঘাট।
অবতারণ, (অব=নিম্ন—তারি=পার হইয়া যাওয়া ইত্যাদি+অন—ভা) সং, ক্লীং, অবরোপন, নামান। প্রস্তাবন। বস্ত্রাঞ্চল, পূজা। ণী, ণিকা—স্ত্রীং, উপক্রমণিকা। সিঁড়ি।
অবতীর্ণ, (অবতর=দেখ, ত—ক। ত=ন) বিং, ত্রিং, পৃথিবীতে আবির্ভূত। অপনীত। নিম্নাগত, উচ্চ হইতে নীচে আগত। উত্তীর্ণ। অবগাঢ়।
অবতোকা, (অব=অপগত—তোক=অপত্য। যাহা হইতে অপত্য অবস্রুত হইয়াছে, ৫মী—হিং) সং, স্ত্রীং, স্রবদ্গর্ভা, দৈবাৎ গর্ভস্রাবযুক্তা গবী।
অবদংশ, (অব—দন্শ্=দংশন করা+অ—র্ম্ম) সং, পুং, চর্ব্বণ দ্রব্য, চাট্।
অবদাত, (অব—দৈ=শুদ্ধ হওয়া+ত—ক) সং, পুং, শ্বেতবর্ণ। বিং, ত্রিং, শুভ্রবর্ণ। গৌরবর্ণ। নির্ম্মল। সুন্দর।
অবদান, (অব—দৈ=শুদ্ধকরা, দা=দান করা কিম্বা দো ছেদন করা+অন—র্ম্ম, ণ, ভা) সং, ক্লীং, বেণামূল। সম্পাদিত কর্ম্ম। মনোনীত ব্যবসায়। ছেদ,

খণ্ড। পরাক্রম। ছেদন। শোধন।

অবদারক, (অবদারণ=দেখ, অক—ক) বিং, ত্রিং, বিদারণকারী, বিদারণকর্ত্তা। সং, পুং, খননাস্ত্র।

অবদারণ, (অব=নিম্ন—দারি=বিদীর্ণ হওয়ান+অন—ক, ভা) সং, ক্লীং, খননাস্ত্র, কোদালি, খন্তা শাবল প্রভৃতি। খনন। বিদারণ, খোঁড়া।

অবদাহ, (অব=ন্যূন—দাহ=সন্তাপ। যাহা হইতে সন্তাপ ন্যূন হয়) সং, পুং, উষীরমূল, বেণামূল। খস্‌খস্।

অবদীর্ণ, (অব—দৃ=বিদীর্ণ হওয়া+ত—ক। ত=ন) বিং, ত্রিং, গলিত, দ্রবীভূত। বিদীর্ণ।

অবদূন, (অব+দু=দুঃখিত হওয়া) বিং, ত্রিং, অনুতপ্ত। অনুশোচিত।

অবদোহ, (অব+দুহ=দোহন করা+ঘঞ্—র্ম্ম) সং, পুং, দুগ্ধ।

অবদ্ধ, (অ—বন্ধ্=বন্ধন করা+ত—র্ম্ম) সং, ক্লীং, নিরর্থক বাক্য। বিং, ত্রিং, সম্বন্ধহীন। অসংযত।

অবদ্ধমুখ, (অবদ্ধ—মুখ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অপ্রিয়বাদী, দুর্ম্মুখ।

অবদ্য, (অ—বদ্=বলা+য—নিন্দার্থে) বিং, ত্রিং, নীচ, হীন। নিন্দনীয়। অকথ্য। সং, ক্লীং, অনিষ্ট। দোষ।

অবধান, (অব—ধা=ধারণ করা+অন—ভা) সং, ক্লীং, মনোযোগ, অভিনিবেশ

অবধারণ, (অব—ধারি [ধারণকরা] স্থিতি করা+অন—ভা) সং, ক্লীং, নিশ্চয়, নির্ণয়, স্থিরীকরণ।

অবধারিত, (অবধারণ=দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, নির্ণীত, স্থিরীকৃত, নিশ্চিত।

অবধাবন, (অব+ধাবন) সং, ক্লীং, পশ্চাদ্ধাবন, অনুসরণ।

অবধি, (অব—ধা=ধারণকরা+ই—প্রং) সং, পুং, সীমা। অন্ত। পর্য্যন্ত। সময়। গর্ত্ত। অবধান। অবসান।

অবধীরণ, (অবধীর্=অবজ্ঞাকরা+অন—ভা) সং, ক্লীং, ণা—স্ত্রীং, অবজ্ঞা, হেয়জ্ঞান। অবমাননা।

অবধীরিত, (অবধীরণ দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, অবজ্ঞাত, অনাদৃত।

অবধূত, (অব—ধূ [কম্পিত হওয়া] ত্যাগ করা ইত্যাদি+ত—র্ম্ম) বিং, ত্রিং, ত্যক্ত। তিরস্কৃত। নিরস্ত। অভিভূত। কম্পিত। সং, পুং, শৈব-সম্প্রদায়-বিশেষ। বর্ণাশ্রমধর্ম্মত্যাগী সন্ন্যাসী। সন্ন্যাসী, উদাসীন। সংসারমায়ামুক্ত।

অবধূতী, (অবধূত+ঈ) সং, স্ত্রীং, শিবাদেবী, দুর্গা।

অবধূনন, (অব+ধূনন=কম্পন) সং, ক্লীং, কম্পন, আন্দোলন, চালন, অপসারণ।

অবধৃত, (অব+ধৃ+ত) বিং, ত্রিং, নিশ্চিত, নির্দ্ধারিত।

অবধ্য, (অ—বধ্য=বধের যোগ্য) বিং, ত্রিং, বধানর্হ, বধের অযোগ্য।

অবধ্বংস, (অব—ধ্বন্‌স্ [বিনষ্ট হওয়া] ত্যাগ করা ইত্যাদি+অ—ভা) ত্যক্ত। চূর্ণন। নিন্দা। বিনাশ।

অবধ্বস্ত, (অবধ্বংস=দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, চূর্ণিত। প্রস্থিত। গত। ত্যক্ত। নিন্দিত।

অবন, (অব্—তৃপ্ত=হওয়া, রক্ষাকরা, যাওয়া ইত্যাদি+অন—ভা) সং, ক্লীং, তৃপ্তি, দান, পালন। বেগ। গতি। প্রীতকরা। প্রীণন। রক্ষণ। যাচন, বধ। শক্তি। বৃদ্ধি, সত্তা। কাম। শোভা। আলিঙ্গন, প্রবেশ, শ্রবণ।

অবনত, (অব=নিম্ন—নম্=নমস্কারকরা+ত—ক। ম্—লোপ) বিং, ত্রিং, আনত, নম্রীভূত, নিম্নীভূত।

অবনতি, (অবনত—দেখ, তি—ভা) সং, স্ত্রীং, অনুন্নতি, অধোগতি। নমন। প্রণতি। বিনয়।

অবনদ্ধ, (অব—নহ=বন্ধনকরা+ত—র্ম্ম। হ, ত=দ্ধ) বিং, ত্রিং, প্রত্যুপ্ত, বসান। বদ্ধ। খচিত। লিপ্ত। সং, ক্লীং, মৃদঙ্গাদি বাদ্য। ঢক্কা। বসন ভূষণ পরিধান।

অবনয়—পুং } (অব=নিম্ন—নী
অবনয়ন—ক্লীং, } =লওয়া+অ, অন—
ভা) সং, অবনতি, নমন, অধোনয়ন।
অবনাট, (অব=অবনত+নাসিকা, ৬ষ্ঠী —হিং, নাসিকাস্থানে নাটাদেশ) বিং, ত্রিং, অবনতনাসিক, খাঁদা।
অবনাহ, (অব+নহ=বদ্ধকরা+ঘঞ্) সং, পুং, বন্ধন। আচ্ছাদন। বেষ্টন।
অবনি, অবনী, (অব্=রক্ষাকরা+অনি —সংজ্ঞার্থে। যিনি লোকসকল রক্ষা করেন, কিম্বা যিনি ভূপাল কর্ত্তৃক রক্ষিত হন) সং, স্ত্রীং, পৃথিবী।
অবনিপতি, অবনীপতি, (অবনি=পৃথিবী —পতি=পালক। ৬ষ্ঠী—ষ) সং, পুং, ভূপতি, রাজা। ভূমিপ।
অবনিরূহ, সং, পুং, বৃক্ষ, তরু।
অবনেজন, (অব—নিজ্=ধৌতকরা+ অন—ভা) সং, ক্লীং, প্রক্ষালন। শ্রাদ্ধকালে পিণ্ডদানার্থ আস্তৃত কুশো পরি জলসেচন।
অবন্তি, (অব্=রক্ষাকরা+অন্তি—সংজ্ঞার্থে) সং, পুং, দেশবিশেষ। ন্তি, ন্তী, ন্তিকা—স্ত্রীং,উজ্জয়িনীনগরী। নদীবিশে
অবন্তিসোম, (অবন্তি=স্বনাম প্রসিদ্ধ দেশ —সু হওয়া+ম—ভবার্থে। যাহা অবন্তিদেশে হয়) সং, ক্লীং, কাঁজি, আমানি।
অবন্ধকপ্রয়োগ, (অ—বন্ধক—প্রয়োগ) সং, পুং, কোন বস্তু বন্ধক না রাখিয়া ঋণ দান। [সফল, ফলবান্।
অবন্ধ্য, (অ—বন্ধ্য=নিষ্ফল) বিং, ত্রিং,
অবপাত, (অব=নিম্ন—পত্=পতিত হওয়া+অ—ধি, ভা) সং, পুং, হস্তি ধারণার্থ তৃণাদিচ্ছন্ন গর্ত্ত। অধঃপতন। নাটকাদিতে ভয়াদিজনিত পলায়ন সম্ভ্রমাদি বর্ণনা দ্বারা প্রস্তুতের পরিবর্ত্ত।
অবপাত্রিত, অপপাত্রিত, (অব—পাত্র+ ইত) বিং, ত্রিং, উৎকট দোষজ্ঞ জাতি বর্গকর্ত্তৃক ভিন্নোদকীকৃত। একঘরে।
অবপ্লুত, (অব=নিম্ন—প্লু=লাফিয়া২ যাওয়া+ত—ভা) বিং, ত্রিং, সহসা অবতীর্ণ, হঠাৎ নামা।
অববধা, (অব+বধ যাহা মারে) সং, স্ত্রীং, ত্রিভুজের অংশ বিশেষ।
অববোধ, (অব—বুধ্=জানা+অ—ভা) সং, পুং, পরিজ্ঞান। জাগরণ, শিক্ষা।
অবভাস, (অব—ভাস্=দীপ্তি পাওয়া+ অ—ভা) সং, পুং, প্রকাশ, স্ফুরণ। সাক্ষাৎকার। ভান। আরোপ।
অবভাসিন্, (অব+ভাস+ইন্) বিং, ত্রিং, দীপ্তিমান্, উজ্জ্বল। (নী) স্ত্রীং, শরীরের বহিস্ত্বক্। [কুঞ্চিত, বক্রীকৃত।
অবভুগ্ন, (অব+ভুগ্ন=বক্র) বিং, ত্রিং,
অবভৃথ, (অব—ভৃ=পোষণকরা+থ— সংজ্ঞার্থে) সং, পুং, প্রধান যজ্ঞ পূরণার্থ যাগবিশেষ, যজ্ঞাবশেষ স্নান। দীক্ষান্তকর্ম্ম, যজ্ঞ।
অবম, (অব্=রক্ষাকরা+অম—প্রং। যাহা হইতে আত্মাকে রক্ষা করে) বিং, ত্রিং, অধম, নিকৃষ্ট। ন্যূন। তিথিত্রয়যুক্ত দিন।
অবমত, (অব=ঘৃণিত বা অপকৃষ্ট—মন =বোধকরা+ত—ম্ম) বিং, ত্রিং, অনাদৃত, অবজ্ঞাত।
অবমতি, (অবমত দেখ, তি—ভা) সং, স্ত্রীং, অবজ্ঞা, হেয়জ্ঞান।
অবমন্তা, (অবমন্তৃ—অব—মন্=পূজা করা+তৃন্—ক) বিং,ত্রিং,অবজ্ঞাকারী।
অবমর্দ্দ—পুং } (অব—মৃদ্ =চূর্ণ
অবমর্দ্দন—ক্লীং } করা+অ, অন—
ভা) সং, পীড়ন, দলন। শত্রুনগরাদির উচ্ছেদ।
অবমর্শ=র্ষ, (অব—মৃশ্=ষ্=বিবেচনা করা+অ—ভা) সং, পুং, আলোচনা।
অবমর্ষণ, (অব+মৃষ=সহ্যকরা+অন) সং, ক্লীং, অক্ষমা, অধৈর্য্য, বিলোপ,বিস্মৃতি।
অবমাননা, (অব=বিপরীত—মান্= পূজা করা+অন—ভা) সং,স্ত্রীং, অপমান, অনাদর।

অবমানিত, (অবমাননা দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, অবজ্ঞাত।

অবমূর্দ্ধশয়, (অব=অবনত—মূর্দ্ধন্=মস্তক [৬ষ্ঠী—হিং]—শী=শয়নকরা+অ—ক। যে অধোমুণ্ড হইয়া শয়ন করে) বিং, ত্রিং, অধোমুখশায়ী।

অবমোচন, (অব—মুচ্=মুক্তকরা। অন—ভা) সং, ক্লীং, পরিত্যাগ। ছাড়িয়া দেওয়া, মুক্তকরা।

অবমোটন, (অব—মুট্=চূর্ণকরা+অন—ভা) সং, ক্লীং, মোচড়ান।

অবয়ব, (অব—যু=মিশ্রিত হওয়া+অ—ক। যে অঙ্গীর সহিত মিশ্রিত হয়) সং, পুং, অঙ্গ, হস্তপদাদি। অংশ। উপকরণ। ন্যায়ে—প্রতিজ্ঞাদির পঞ্চক।

অবর, (অ—বর=শ্রেষ্ঠ। যে শ্রেষ্ঠ নহে) বিং, ত্রিং, কনিষ্ঠ। নিকৃষ্ট। পশ্চাদ্বর্ত্তী (রা) সং, স্ত্রীং, শিবপত্নী, দুর্গা, সং, ক্লীং, গজের পশ্চাৎ জঙ্ঘাদি দেশ।

অবরজ, (অবর=পশ্চাৎ—জ=যে জন্মে) সং, পুং, অনুজাত; কনিষ্ঠ। শূদ্র। (জা) সং, স্ত্রীং, কনিষ্ঠা ভগ্নী।

অবরতি, (অব—রম্ [ক্রীড়াকরা] বিশ্রাম করা+তি—ভা) সং, স্ত্রীং, বিরতি, নিবৃত্তি, বিশ্রাম, ত্যাগ।

অবরবর্ণ, (অবর=শেষ—বর্ণ=জাতি, য়ং—স) সং,পুং—স্ত্রীং, চতুর্থ বর্ণ, শূদ্র।

অবরব্রত, (অ+বর=শ্রেষ্ঠ+ব্রত=পূজাকরা) সং, পুং, সূর্য্য।

অবরীণ, (অব—রী = গমনকরা+ত—র্ম্ম) বিং, ত্রিং, ঘৃণিত, তিরস্কৃত।

অবরুগ্ন, (অব—রুগ্ন=পীড়িত) বিং, ত্রিং, ভগ্ন, পীড়িত। [বিদ্ধ। কয়েদী। আচ্ছাদিত

অবরুদ্ধ, (অবরোধ=দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং,

অবরূঢ়, (অব=নিম্ন—রুহ্=গমন করা +ত—ক। হ, ত=ঢ়। উ=ঊ) বিং, ত্রিং, অবতীর্ণ।

অবরোধ—পুং, অবরোধন—ক্লীং } (অব—রুধ্=আবরণ করা+অ, অন—ধি, র্ম্ম, ভা) সং, অন্তঃপুর। অন্তঃপুর-স্ত্রী। প্রতিবন্ধ। আটক।

অবরোপন, (অব+রোপন=রোয়া) উৎপাটন, অবতরণ, অন্তগমন।

অবরোহ—পুং, অবরোহণ—ক্লীং } (অব = নিম্ন—রুহ্=প্রাদুর্ভূত হওয়া+অ, অন—ভা) সং, আল, শাখার ন্যায় লম্বমান শিকড়। নীচে আগমন। নামান। পরিত্যাগ।

অবরোহী, (অবরোহিন্=অবরোহ দেখ, ইন্—ক) বিং, ত্রিং, অবতরণকারী। সং, পুং, বটবৃক্ষ।

অবর্ণ, (অ—বর্ণ=স্তুতি, রং) সং, পুং, নিন্দা, অযশঃ। (যার রং নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বর্ণহীন (অ=অপ্রশস্ত—বর্ণ=জাতি) সং, পুং, নীচ জাতি। 'অ' অক্ষর, অকার।

অবলক্ষ, (অব—লক্ষ্=চিহ্ন করা, শুদ্ধ হওয়া+অ—ক) সং, পুং, শুক্লবর্ণ। বিং, ত্রিং, শুক্লবর্ণবিশিষ্ট। মূর্খ।

অবলগিত, (অব—লগ্=লাগিয়া যাওয়া +ত—প্রং)সং,ক্লীং, প্রস্তাবনা-বিশেষ।

অবলগ্ন, (অব—লগ্ন=সংলগ্ন। যাহাতে বস্ত্রাদি সংলগ্নহয়) সং,পুং—ক্লীং, কটিদেশ কাঁকাল। বিং, ত্রিং, সংলগ্ন, দৃঢ়সংযুক্ত।

অবলম্ব—পুং, অবলম্বন—ক্লীং } (অব=লম্ব=লম্বিত হওয়া, ধারণ করা+অ, অন—ধি, ভা) সং, আশ্রয়, যাহাতে ঝুলিয়া থাকে, যাহার শরণাগত হয়। গ্রহণ। স্থাপন। আশ্রয়সাধন যষ্ট্যাদি।

অবলম্বিত, (অবলম্বন=দেখ, ত—ক) বিং, ত্রিং, আশ্রিত, শরণাগত। ধৃত। গৃহীত। অধোলম্বায়মান।

অবলম্বী, (অবলম্বিন্—অবলম্বন দেখ, ইন্—ক) বিং,ত্রিং,আশ্রয়কারী। [স্ত্রীলোক

অবলা, (অ—বল, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং,

অবলিপ্ত, (অব—লিপ্=লেপনকরা, অহঙ্কারকরা ইত্যাদি+ত—ক) বিং,ত্রিং, প্রলিপ্ত। গর্ব্বিত।

অবলীঢ়, (অব—লীঢ়) যাহা চাটা হয়। বিং, ত্রিং, ভক্ষিত। আস্বাদিত "শষ্পৈরর্দ্ধাবলীঢ়ৈঃ শ্রমবিবৃতমুখভ্রংশিভিঃ কীর্ণবর্ত্মা" অভিজ্ঞান শকুন্তলং।

অবলীলা, (অব—লীলা=ক্রীড়া) সং, স্ত্রীং, অনায়াস, অক্লেশ।

অবলূন, বিং, ত্রিং, ছিন্ন, কর্ত্তিত।

অবলেপ, (অবলিপ্ত=দেখ, অ—ভা) সং পুং, গর্ব্ব। বিদ্বেষ। দূষণ। অধিক্ষেপ। প্রলেপ। লেপন। ক্ষেপণ। সঙ্গ।

অবলেপন, (অবলিপ্ত=দেখ, অন—ভা) সং, ক্লীং, গর্ব্বপ্রকাশ। প্রলেপ। ম্রক্ষণ। সঙ্কল্প।

অবলেহ—পুং, অবলেহন—ক্লীং } (অব—লিহ্=আস্বাদন করা+অ, অন—ভা) সং, পুং, জিহ্বা দ্বারা আস্বাদন, চাটা। ঔষধাদি।

অবলোকন, (অব—লোক্=দেখা+অন—ভা) সং, ক্লীং, দর্শন, দৃষ্টিপাত। অনুসন্ধান। নয়ন, নেত্র। আলোক।

অবলোকিত, (অবলোকন দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, দৃষ্ট। সং, পুং, জৈনমুনি।

অববাদ, (অব=অসম্মান—বাদ=কথন) সং, পুং, নিন্দা। আদেশ। বিশ্বাস।

অববাহিকা, (Basin, অব—বাহি=বহান+অক—ক) সং, স্ত্রীং, যে নদীর উভয়দিকের যতদূরের জল আসিয়া সেই নদীতে পড়ে, ততদূরের ভূমি সেই নদীর অববাহিকা।

অবশ, (অ—বশ=স্বাধীনতা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অনায়ত্ত, পরাধীন। অক্ষম।

অবশক্‌থিকা, সং, স্ত্রীং, পর্য্যঙ্কবন্ধ।

অবশিষ্ট, (অব—শিষ্=শেষ রাখা+ত—র্ম্ম) বিং, ত্রিং, পরিশিষ্ট, বাকি।

অবশীন, (অব = পূর্ব্বে+শৈ=যাওয়া+ক্ত) বৃশ্চিক।

অবশেষ, (অব—শেষ=বাকী (বিং, ত্রিং, অবশিষ্ট, বাকি, উদ্বর্ত্ত। সং, পুং, শেষ, পরিশেষ। সমাপ্তি।

অবশ্য, (অ—বশ্য=আজ্ঞাকারী) বিং, ত্রিং, অদম্য, অবাধ্য, অবশ। নিশ্চয়।

অবশ্যং, (অবশ্যম্, অব—শৈ=গমন করা, দৃঢ় হওয়া+অম্—প্রং) অং, নিশ্চিত, সর্ব্বথা। অনিবার্য্য।

অবশ্যম্ভাবী, (অবশ্যম্ভাবিন্, অবশ্যম্—ভূ=হওয়া+ইন্—ভবিষ্যদর্থে) বিং, ত্রিং, যাহা নিশ্চয় হইবে। [টিকা, কোয়াসা।

অবশ্যা, (অব+শৈ+ড) সং, স্ত্রীং কুজ্ঝ-

অবশ্যায়, অব—শৈ=গমনকরা, যাওয়া+অ, বা—য—প্রং। যে শৈত্য প্রাপ্ত হয়) সং, পুং, নীহার, হিম, শিশির। অভিমান। গর্ব্ব।

অবশ্রয়ণ, (অব—শ্রী [পাককরা] অন্নাদি চড়ান+অন—ভা) সং, ক্লীং, চুল্লী হইতে অবতারণ।

অবষ্করণী, সং, স্ত্রীং, চিরপ্রসূতা গাভী।

অবষ্টব্ধ, (অব—স্তন্ভ্ [স্তব্ধ হওয়া] আবরণ করা, আরম্ভ করা ইত্যাদি+ত—র্ম্ম) বিং, ত্রিং, বদ্ধ। বেষ্টিত। আক্রান্ত। আসন্ন। রুদ্ধ। আশ্রিত, জড়িত। প্রতিরুদ্ধ, অধোলম্বিত।

অবষ্টম্ভ, (অবষ্টব্ধ=দেখ, অ—ক, ভা) সং, পুং, আশ্রয়, অহঙ্কার। আরম্ভ। সূচনা। উৎকর্ষ। স্বর্ণ। থাম। স্তম্ভীভাব, স্থিরতা, খাড়া হইয়া থাকা। রুদ্ধ।

অবষ্বাণ, (অব+স্বন্=শব্দকরা+ঘঞ্) সং, ক্লীং, ভক্ষণ।

অবস, (অব্=রক্ষা করা+অস—প্রং) সং, পুং, রাজা। সূর্য্য। সং, ক্লীং, রক্ষণ।

অবসক্‌থিকা, (অব=চতুর্দ্দিকে—সক্‌থি=উরুদেশ+ক—প্রং) সং, স্ত্রীং, বস্ত্রবিশেষ। রাপার প্রভৃতি। খট্বা।

অবসথ, (অ—বস্=বাস করা+অথ—সংজ্ঞার্থে। যাহা হইতে উত্তম আর বাসস্থান নাই) সং, পুং, গ্রাম। আবাস গৃহ। পাঠশালা। আড্ডা, আখড়া।

অবসন্ন, (অব—সদ্=অবসন্ন হওয়া+ত—ক। দ, ত=ন্ন) বিং, ত্রিং, শ্রান্ত,

ক্লান্ত, দুর্ব্বল। বিনষ্ট।
অবসর, (অব—সৃ=গমনকরা+অ—ভা) সং, পুং, প্রস্তাব, যোগ্যকাল, অবকাশ, সময়, সুযোগ। গোপনে পরামর্শ। বৃষ্টি। বৎসর। প্রারম্ভ।
অবসরালয়, (অবসর+আলয়) সং, পুং, নিশার্দ্ধভাগ, নিশীথকাল। [স্বেচ্ছাচার।
অবসর্গ, (অব+সৃজ=সৃষ্টিকরা+ঘঞ্)
অবসর্প, (অব—সৃপ্=গমনকরা+অ—ক) সং, পুং, দূত। প্রণিধি। গুপ্তচর।
অবসর্পিণী, (অব+সৃপ+ণিন্+ঈ) সং, স্ত্রীং, জৈনদিগের কালভেদ।
অবসব্য,(অব=বিপরীত—সব্য বাম) বিং, ত্রিং, বামেতর,দক্ষিণ, ডান। প্রতিকূল।
অবসাদ, (অবসন্ন=দেখ,অ—ভা) সং,পুং, অবসন্নতা, দৌর্ব্বল্য। বিনাশ। বিষাদ।
অবসান, (অব—সো=শেষকরা+অন—ভা) সং, ক্লীং, শেষ, সমাপ্তি। মৃত্যু।
অবসায়, (অবসান=দেখ, অ—ভা। য—আগম) সং,পুং,শেষ, সমাপ্তি। নিশ্চয়।
অবসিত, (অব—সো=শেষকরা, জানা ইত্যাদি+ত—র্ম্ম) বিং, ত্রিং, সমাপ্ত, সমাপিত। নিঃশেষিত। জ্ঞাত। গত। নিশ্চিত। পরিণত। মর্দ্দিত। বদ্ধ।
অবসেকিম, (অব+সিচ্+ইমচ্) পিষ্টকবিশেষ, বড়া।
অবস্কন্দ, (অব=বিরুদ্ধ—স্কন্দ্=গমনকরা +অ—ভা) সং, পুং, সৈন্যের ছাউনি, শিবির। অবরোধ। আক্রমণ।
অবস্কন্দন, (অব—স্কন্দন=গমন) সং,ক্লীং, অবগাহন। অবতরণ। আক্রমণ। রোধ
অবস্কর, (অব=নিম্ন—কৃ=বিক্ষেপকরা+ অ—র্ম্ম) সং, পুং, জঞ্জাল, ময়লা, বিষ্ঠা। গুহ্যদেশ। [সারণার্থ সম্মার্জ্জনী, খাঙরা।
অবস্করক, সং, পুং, পাংশু প্রভৃতি অপ-
অবস্তার, (অব=চতুর্দ্দিকে — স্তৃ=বিস্তার করা+অ—কর্ম্মণি) সং, পুং, যবনিকা, পর্দ্দা। আস্তরণ।
অবস্তু, (অ+বস্তু=পদার্থ) অসদ্বস্তু, তুচ্ছ পদার্থ যথা "অবস্তু নির্ব্বন্ধপরে! কথং-নু তে করোহয়মামুক্তবিবাহকৌতুকঃ" (কুমারসম্ভব)।
অবস্থা, (অব—স্থা=থাকা+আ—ভা) সং, স্ত্রীং, দশা। কালকৃত বৈলক্ষণ্য। স্থিতি। পরিমাণ। সময়।
অবস্থান, (অব—স্থা=থাকা+অন—ভা, ধি) সং, ক্লীং, অবস্থিতি। থাকিবার স্থান। আবাস। [অন্য অবস্থা।
অবস্থান্তর, (অবস্থা—অন্তর) সং, ক্লীং,
অবস্থায়ী, (অবস্থায়িন্, অব—স্থা=থাকা +ইন্—ক। য—আগম) বিং, ত্রিং, স্থিতিকারী।
অবস্থিত, (অবস্থান দেখ, ত—ক) বিং, ত্রিং, যে স্থিতি করিয়াছে।
অবস্থিতি, (অবস্থান, দেখ, তি—ভা) সং, স্ত্রীং, অবস্থান, বাস।
অবস্যন্দন, অব—স্যন্দ্=গমনকরা ইত্যাদি+অন—ভা) সং, ক্লীং, হিংসা।
অবস্রংসন,(অব—স্রন্স্=পতিত হওয়া+ অন—ভা) সং, ক্লীং, অধঃপতন। ক্ষরণ।
অবস্রস্ত, (পূর্ব্বে দেখ, ত—) বিং, ত্রিং, অধঃপতিত, ক্ষরিত,। চ্যুত।
অবহরণ, (অব+হরণ=লওয়া) সং, ক্লীং, প্রতিগ্রহ। অর্থদণ্ডদান, অপহরণ, চৌর্য্য।
অবহার, (অব—হৃ=হরণকরা+অ—ক। যে জলজন্তুকে হরণ করে) সং, পুং, হাঙ্গর। জলহস্তী। চোর। যুদ্ধাদির বিশ্রাম। উপহার, দেয়বস্তু। আহ্বান, প্রত্যর্পণ।
অবহালিকা, সং, স্ত্রীং, প্রাচীর। স্বধর্ম্ম ত্যাগ পূর্ব্বক ধর্ম্মান্তর পরিগ্রহ।
অবহিত, (অব—ধা [ধারণকরা] মনোযোগ করা, জানা+ত—র্ম্ম। ধা=হি) বিং, ত্রিং, বিদিত। অপ্রমত্ত। অবধানযুক্ত, মনোযোগী।
অবহিত্থ, (অবহিস্ [অ—বহিস্ বাহিরে] বাহিরে নহে—স্থা=থাকা+অ—ভা। স্—লোপ। স্=ৎ। বাহিরে না থাকা

অর্থাৎ অদর্শন) সং, ক্লীং, থা—স্ত্রীং, আকার গোপন, ছদ্মবেশ। হৃদ্গতভাব। ইহার লক্ষণ যথা সাহিত্যদর্পণে "ভয় গৌরবলজ্জাদের্হর্ষাদ্যাকারগুপ্তিরবহিত্থা"

অবহেল—ক্লীং, অবহেলা—স্ত্রীং, অবহেলন—ক্লীং (অব—হেড়্=অনাদর করা+অ, অন—ভা। ড়=ল) সং, অবজ্ঞা, অনাদর।

অবাক্, (অবাচ্=অ—বাচ্=বাক্য। যাহার বাক্য নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বাক্যহীন, মুক, বোবা।

অবাক্, (অবাঞ্চ—অবাচ—অব—অন্চ্ গমনকরা+ক্বিপ্—প্রং) অং, অধঃ। অধোবদন। নিম্নপ্রদেশ। নিকৃষ্ট কাল। (দক্ষিণ দিক্‌কে নিম্ন বোধ করা যায় বলিয়া এই দিকের নাম অবাক্) দক্ষিণদিক্।

অবাক্‌পুষ্পী, (অবাক্=অধোভাগে—পুষ্পী যাহার পুষ্প অধোমুখে থাকে, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, হেটমুণ্ডী বৃক্ষ। মৌরী।

অবাক্‌শিরাঃ (অবাক্‌শিরস্-অবাক্=অধোভাগে—শিরস্=মস্তক। যাহার অধোভাগে মস্তক থাকে, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অবনত মস্তক।

অবাক্ষ, (অব+অক্ষি+অ) বিং, ত্রিং, পরিরক্ষক, রক্ষাকর্ত্তা।

অবাগ্র, (অব=বিপরীত—অগ্র=মস্তক, আগা) বিং, ত্রিং, অধোমুখ, অবনত।

অবাঙ্মুখ, (অবাক্=অধোভাগে—মুখ। যাহার অধোভাগে মুখ থাকে, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অধোমুখ, নতমুখ

অবাচী, (অবাচ্=দক্ষিণদিক্+ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, দক্ষিণদিক্।

অবাচীন, (অবাচ্=দক্ষিণদিক্+ঈন ভাবার্থে) বিং, ত্রিং, দক্ষিণদেশীয়, দক্ষিণদিকস্থ। অধোমুখ।

অবাচ্য, (অ=অপ্রশস্ত—বাচ্য=কথনীয়) সং, ক্লীং, নিন্দিতবাক্য। বিং, ত্রিং, অবক্তব্য।

অবাতবিক্ষোভিত, (অ—বাত=বায়ু—বিক্ষোভিত=চালিত) বিং, ত্রিং, যাহা বায়ু দ্বারা চালিত নহে।

অবাধে; অং, নির্ব্বিঘ্নে, অনায়াসে।

অবাধ্য, (অ—বাধ্য=বশীভূত) বিং, ত্রিং, যে বশীভূত নয়।

অবান্তর, (অব=অবগত—অন্তর=মধ্যে, ব্যং—ধ) বিং, ত্রিং, অন্তঃপাতী। প্রধানের অঙ্গভূত। বিশেষ।

অবান্তর বিভাগ; সং, পুং, বিভাগের বিভাগ, ভেদের ভেদ।

অবান্তর-শাসন; সং, ক্লীং, রাজ্যের অন্তর্গত বিষয় সকল যে শাসনের অধীন।

অবাপিত, (অব—আপি=পাওয়ান+ত—স্ম) বিং, ত্রিং, প্রাপিত, অধিগমিত। (অ—বাপিত=রোপিত) যাহা রোপিত নহে।

অবাপ্ত, (অব—আপ্=পাওয়া+ত—স্ম) বিং, ত্রিং, প্রাপ্ত, অধিগত।

অবার, (অব=নিম্ন—ঋ=গমন করা+অ—ধি) সং, ক্লীং, পূর্ব্বপার, আদি তীর, অপর তীর। (অ—বার=নিবারণীয়) বিং, ত্রিং, অবারণীয়।

অবারপার, (অবার এবং পার আছে যাহার) সং, পুং, সমুদ্র, পারাবার।

অবারণীয়, (অ—বারি=নিবারণ করা+অনীয়—স্ম) বিং, ত্রিং, দুর্ব্বার, বারণাশক্য।

অবারিকা, (অ+বারি+কন্) সং, স্ত্রীং, ধন্যাক, ধনে।

অবারিত, (অ—বারিত=নিবারিত) বিং, ত্রিং, বাধারহিত, যেখানে যাইতে বারণ নাই।

অবার্য্য, (অ—বৃ=আবরণকরা+য—স্ম) বিং, ত্রিং, দুর্ব্বার, অনিবারণীয়।

অবাবট, সং, পুং, দ্বিতীয় পিতাকর্ত্তৃক সবর্ণাতে উৎপন্ন পুত্র যথা দ্বিতীয়েনতু যঃ পিত্রা সবর্ণায়াং প্রজায়তে। অবাবট ইতি খ্যাতঃ শূদ্রধর্ম্মঃ স জাতিতঃ ইতি স্মৃতি।

অবাবন্, (বা) ওণ্+বনিপ্) সং, পুং, চৌর, চোর।

অবাসাঃ, (অবাসস্, অ—বাসস্=বস্ত্র। যাহার বস্ত্র নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বিবস্ত্র, উলঙ্গ। নগ্ন।

অবি, (অব্=গমনকরা, রক্ষাকরা+ই—সংজ্ঞার্থে) সং, পুং, সূর্য্য। প্রভু। বায়ু। পর্ব্বত। মেষ। ছাগ। মূষিক। কম্বল। প্রাচীর। সং,স্ত্রীং,ঋতুমতী স্ত্রী। [হীরক

অবিক, (অবি=সূর্য্য+কন্) সং, ক্লীং,

অবিকল, (অ—বিকল=দোষযুক্ত, অসম্পূর্ণ) বিং, ত্রিং, ঠিক, অবিকৃত।

অবিকম্প, বিং, ত্রিং, নিশ্চিত, ত্বরিত। অসন্দিগ্ধ।

অবিকৃত, (অ—বিকৃত=বিকারপ্রাপ্ত) বিং, ত্রিং, যাহা বিকৃত হয় নাই। প্রকৃত, যথাভূত। অচঞ্চল।

অবিক্ষীর, (অবি=শেষ+ক্ষীর দুগ্ধ) সং, ক্লীং, মেষদুগ্ধ। [অনিন্দিত।

অবিগীত, (অ—বিগীত) বিং, ত্রিং,

অবিঘ্ন, (অ—বিঘ্ন) সং, বিঘ্নাভাব। বিং, ত্রিং, নির্ব্বিঘ্ন, নিরাপদ।

অবিচলিত, (অ—বিচলিত=চঞ্চল) বিং, ত্রিং, স্থির, দৃঢ়। [বিচার। অত্যাচার।

অবিচার, (অ—বিচার) সং, পুং, অন্যায়

অবিতথ, (অ—বিতথ=অসত্য, নঞ্—ষ) বিং, ত্রিং, যথার্থ, সত্য, অমিথ্যা। যথা "অবিতথমাহপ্রিয়ম্বদা" ইতি শকুন্তলা। [ত্রিং, অপরিতৃপ্ত। অসন্তুষ্ট।

অবিতৃপ্ত, (অ—বিতৃপ্ত=সন্তুষ্ট) বিং,

অবিদিত, (অ—বিদিত=জ্ঞাত) বিং, ত্রিং, অজ্ঞাত। অনবগত। অবজ্ঞাত।

অবিদ্ধকর্ণা—র্ণী, (অ—বিদ্ধ=বিভিন্ন—কর্ণ=কাণ। যাহার পত্র কর্ণ হইতে ভিন্ন নহে অর্থাৎ কর্ণতুল্য) সং,স্ত্রীং,নিমূইগাছ

অবিদ্য,(অ—বিদ্যা=জ্ঞান। যাহার বিদ্যা নাই, ৬ষ্ঠী—হিং,) বিং, ত্রিং, মূর্খ।

অবিদ্যা, (অ—বিদ্যা=জ্ঞান) সং, স্ত্রীং, অজ্ঞান, মায়া। প্রকৃতি।

অবিধি, (অ—বিধি=নিয়ম) সং, পুং, অশাস্ত্র, অনিয়ম।

অবিধেয়, (অ—বিধেয়=কর্ত্তব্য) বিং, ত্রিং, অকর্ত্তব্য, অযোগ্য।

অবিন, (অব=রক্ষাকরা+ইন) সং, পুং, যাগকর্ত্তা, যষ্টা।

অবিনয়, (অ—বিনয়=শিষ্টাচার) সং, পুং, ধৃষ্টতা, ঔদ্ধত্য, অশিষ্টাচার।

অবিনাভাব, (অ—বিনা=ব্যতিরেকে—ভাব,) সং, পুং, না থাকিলে না থাকা।

অবিনীত, (অ—বিনীত=যে বিনয় করে) বিং, ত্রিং, ধৃষ্ট, উদ্ধত, অশিক্ষিত, অসৎ।

অবিপ, (অবি=শেষ+পা+ড) সং, পুং, মেষপালক।

অবিপট, (অবি+পট)সং, পুং, কম্বলাদি।

অবিপ্লুত, (অ—বিপ্লুত=বিগত) বিং, ত্রিং, অবিনষ্ট। অক্ষত।

অবিভক্ত, (অ—বিভক্ত) বিং, ত্রিং, যে বস্তু বা যে ব্যক্তি বিভক্ত হয় নাই।

অবিভাজ্য, (অ—বিভাজ্য) বিং, ত্রিং, যাহা বিভাগযোগ্য নয়।

অবিমুক্ত, (অ—বিমুক্ত। হরগৌরীকর্ত্তৃক অপরিত্যক্ত) সং, ক্লীং, বারাণসী, কাশী।

অবিমৃষ্যকারী, (অবিমৃষ্যকারিন্, অ—বিমৃষ্য [বি—মৃষ=বিবেচনা করা+য—প্রং] বিবেচনা করিয়া—কারী যে করে) বিং, ত্রিং,যে ব্যক্তি বিবেচনা না করিয়া কর্ম্ম করে।

অবিমৃষ্যবাদী, (অবিমৃষ্যবাদিন্, অ—বিমৃষ্য বিবেচনা করিয়া—বাদী=যে বলে) বিং, ত্রিং, যে ব্যক্তি বিবেচনা না করিয়া কথা কয়।

অবিরত, (অ—বিরত=বিশ্রাম। যাহাতে বিশ্রাম নাই, ৭মী—হিং) বিং, ত্রিং, অনবরত, সতত। অবিশ্রান্ত।

অবিরতি, (অ—বিরতি=নিবৃত্তি) সং, স্ত্রীং, অনিবৃত্তি।

অবিরল, (অ—বিরল [বি—রম্='ক্রীড়া করা' বিশ্রামকরা+অল—প্রং। যে

বিশ্রাম বিশিষ্ট] ফাঁক। যে ফাঁক নহে) বিং, ত্রিং, নিবিড়, ঘেঁস, ঘন।
অবিলম্বিত, অবিলম্ব, (অ—বিলম্বিত, বিলম্ব=বিলম্বন, গৌণ। যাহাতে বিলম্ব নাই, ৭মী—হিং) বিং, ত্রিং, ত্বরিত, শীঘ্র।
অবিলা, সং, স্ত্রীং, ভেড়ী।
অবিবেক, (অ—বিবেক=বিবেচনা) সং, পুং, বিবেচনাভাব, অজ্ঞান। ভ্রম। (৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বিবেচনা শূন্য।
অবিবেকী, (অবিবেকিন্=অবিবেক দেখ, ইন্—ক) বিং, ত্রিং, অবিবেচক। সাঙ্খ্যমতে—অভিন্ন।
অবিশেষ, (অ—বিশেষ=প্রভেদ) সং, পুং, অভেদ, বিশেষভাব। (যাহার বিশেষ নাই, ৬ষ্ঠী—হিং,) বিং, ত্রিং, অভিন্ন, তুল্য।
অবিশ্রান্ত, (অ—বিশ্রান্ত=ক্লান্ত) বিং, ত্রিং, অনবরত, অবিরত।
অবিষ, (অব্=গমনকরা+ইষ—প্রং) সং, পুং, সমুদ্র। রাজা, (ষা) স্ত্রীং, নদী। পৃথিবী। স্বর্গ। বিং, ত্রিং, বিষশূন্য।
অবিসম্বাদ, (অ—বিসম্বাদ) সং, পুং, অবিরোধ, মিলন। [ক্লীং অস্পষ্ট বাক্য।
অবিস্পষ্ট, (অ—বিস্পষ্ট=স্পষ্ট) সং,
অবী, (অব্=রক্ষাকরা+ই—সংজ্ঞার্থে। ঈ—স্ত্রীলিঙ্গে। যে লজ্জা হেতু রজঃ রক্ষা করে অর্থাৎ গোপন করে) সং, স্ত্রীং, রজস্বলা স্ত্রী।
অবীচি, (অ—বীচি=তরঙ্গ) সং, পুং, নরকবিশেষ। বিং, ত্রিং, তরঙ্গশূন্য।
অবীর, (অ—বীর=বলবান্, নঞ্—ষ) বিং, ত্রিং, দুর্ব্বল। (রা—স্ত্রীং, যাহার পতি-পুত্ররূপ বীর নাই, ৬ষ্ঠী—হিং) পতি-পুত্র-হীনা স্ত্রী। [ধন, বৃদ্ধিরহিত।
অবৃদ্ধিক, বিং, ত্রিং, বৃদ্ধি (সুদ) রহিত
অবেক্ষণ—ক্লীং } (অব—ঈক্ষ্ [দেখা]
অবেক্ষা—স্ত্রীং } আন্দোলন করা ইত্যাদি+অন, আ—ভা) সং, দর্শন। আলোচন। মনোযোগ। বিচার। অনুসন্ধান। পালন। অনুরোধ।
অবেক্ষিত, (অবেক্ষণ=দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, দৃষ্ট। আলোচিত। পালিত।
অবেল, (অব+ইল) সং, পুং, অপলাপ। অপহ্নব। (লা) সং, স্ত্রীং, চর্ব্বিতপান।
অবৈতনিক, (অ—বেতন+ইক—গ্রহণার্থে) বিং, ত্রিং, যে বেতনভোগী নহে।
অবৈধ, (অ=বিরুদ্ধ—বিধি=নিয়ম+অ—ইদমর্থে) বিং, ত্রিং, বিধিবিরুদ্ধ, নিষিদ্ধ।
অবোক্ষণ, (অব+উক্ষণ) ন্যুব্জহস্তে জলক্ষেপণ যথা শুদ্ধিতত্ত্বে "উত্তানেন তু হস্তেন প্রোক্ষণং সমুদাহৃতং। ন্যুব্জতা ভ্যুক্ষণং প্রোক্তং তিরশ্চাবোক্ষণং স্মৃতং।
অবোদ, (অব+উন্দ আর্দ্রকরা+ক) বিং, ত্রিং, আর্দ্র, অভিষিক্ত। [মেঘ, বৎসর।
অব্দ, (অব্=রক্ষা—করা+দন্) সং, পুং,
অব্যক্ত, (অ—ব্যক্ত=প্রকাশিত। যিনি ব্যক্ত নহেন) সং, পুং, বিষ্ণু। শিব। কন্দর্প। মূর্খ। ক্লীং, পরব্রহ্ম। কারণ। প্রকৃতি। আত্মা। বিং, ত্রিং, অস্পষ্ট। অতিসূক্ষ্ম। অপ্রকাশিত। অজ্ঞাত।
অব্যক্তপুষ্পক, (Cryptogamus, অ—ব্যক্ত—পুষ্প+ক—যোগ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যে বৃক্ষের পুষ্প দৃষ্টিগোচর হয় না।
অব্যক্তরাগ, (অব্যক্ত = অস্পষ্ট—রাগ =বর্ণ) সং, পুং, ঈষৎ লোহিত বর্ণ।
অব্যক্তশিরস্ক, (Acephala, অব্যক্ত—শিরস্ক, ৬ষ্ঠী—হিং) যাহাদের মস্তক স্পষ্ট ব্যক্ত নহে, ঝিনুক প্রভৃতি।
অব্যঞ্জন, (অ+ব্যঞ্জন=আকৃতি, চিহ্ন) বিং, ত্রিং, অস্ফুট। ব্যঞ্জনাশূন্য। সং, পুং, শৃঙ্গহীন পশু। (না) সং, স্ত্রীং, যে কন্যার রজস্বলা চিহ্ন প্রকাশিত হয় নাই যথা "অব্যঞ্জনা ভবেৎ কন্যা কুচহীনা চ নগ্নিকা" পঞ্চতন্ত্র।
অব্যথা, (অ—ব্যথা=দুঃখ, ভয়। যাহা হইতে ভয় নাই, ৫মী—হিং) সং, স্ত্রীং, হরীতকী। ক্লীং. অবাধ. বাধারহিত।

অব্যভিচরিত, (অ—ব্যভিচরিত) সং,

অব্যভিচারী,(অব্যভিচারিন্=অ—ব্যভিচার+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ব্যভিচাররহিত।

অব্যয়, (অ—ব্যয় [বি—ই=গমনকরা+অ—ভা] বিশেষরূপে গমন। যে লিঙ্গ বচন কারকে গমন করে না অর্থাৎ যে একরূপই থাকে) সং, পুং—ক্লীং, যে সকল শব্দের উত্তর বিভক্তি থাকে না। (অ—ব্যয় নাশ। যাঁহার নাশ নাই, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিষ্ণু। শিব। ক্লীং, ব্রহ্ম। বিং,ত্রিং, ব্যয়রহিত, অক্ষয়। অবিকৃত। "সদৃশং ত্রিষু লিঙ্গেষু সর্ব্বাসুচ বিভক্তিষু, বচনেষু চ সর্ব্বেষু যন্ন ব্যেতি তদব্যয়ং"।

অব্যয়ীভাব, (অব্যয়—ভাব+ঈ—অভূততদ্ভাবার্থে) সং, পুং, মরণধর্ম্ম রাহিত্য। সমাসবিশেষ। যাহাতে অনব্যয় শব্দ অব্যয় হয়। যথা—প্রতিগৃহ ইত্যাদি স্থলে অন্ব্যয় গৃহাদি পদ অব্যয় হয়।

অব্যর্থ, (অ—ব্যর্থ=বৃথা) বিং, ত্রিং, অমোঘ, বিফল নয়। অবন্ধ্য।

অব্যবস্থ, (অ—ব্যবস্থা=বিধি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অনিশ্চিত।

অব্যবস্থা, (অ—ব্যবস্থা=বিধি) সং, স্ত্রীং, অবধি, অশাস্ত্র। অনিয়ম। অস্থৈর্য্য।

অব্যবস্থিত, (অ—ব্যবস্থিত=নিয়মিত) বিং, ত্রিং, অস্থির, চঞ্চল। যথা "অব্যবস্থিতচিত্তস্য প্রসাদোঽপি ভয়ঙ্করঃ" হিতোপদেশ।

অব্যবহার্য্য, (অ—ব্যবহার্য্য=ব্যবহার যোগ্য) বিং, ত্রিং, যাহা ব্যবহার যোগ্য নয়। অনাচরণীয়। অনুপভোগ্য।

অব্যবহিত, (অ—ব্যবহিত=দূরীকৃত, বিভক্ত) বিং, ত্রিং, সংলগ্ন, নিকটস্থ।

অব্যাক্ষেপ, (অ+ব্যাক্ষেপ=বিলম্ব) সং, পুং, অবিলম্ব যথা "অব্যাক্ষেপো ভবিষ্যন্ত্যাঃ কার্য্যসিদ্ধের্হি লক্ষণং" ইতিরঘুঃ।

অব্যাজ, (অ—ব্যাজ=কপটাচারী। সং, পুং, শীঘ্র। অকপটতা,সারল্য। যথা "ইদং কিলাব্যাজ মনোহরং বপুঃ" ইতি অভিজ্ঞান শকুন্তলং।

অব্যাপন্ন, (অ+ব্যাপন্ন=বিপদ্‌গ্রস্ত) বিং, ত্রিং, জীবিত, বিপদহীন যথা "অব্যাপন্নামবিহতগতির্দ্রক্ষসিভ্রাতৃজায়াং" ইতি মেঘদূতং।

অব্যাপ্যবৃত্তি, (অ—ব্যাপ্য=ব্যাপিয়া—বৃত্তি=বর্ত্তন, থাকা। ব্যাপিয়া থাকা নহে) সং, স্ত্রীং, একাংশে স্থিতি। কখন থাকা কখন না থাকা। বিং, ত্রিং, স্বসমানাধিকরণপ্রতিযোগী, "অব্যাপ্যবৃত্তিক্ষণিকো বিশেষগুণঈষ্যতে।

অব্যুৎপন্ন, (অ—ব্যুৎপন্ন) বিং, ত্রিং, ব্যুৎপত্তিরহিত। অজ্ঞান।

অশকুম্ভী, সং, স্ত্রীং, জলের পানা।

অশক্ত, (অ—শক্ত=সমর্থ) বিং, ত্রিং, অসমর্থ, অপারগ।

অশক্য, (অ—শক্য=করিবার যোগ্য) বিং ত্রিং, শক্তির বর্হিভূত, অসাধ্য।

অশন, (অশ্=ভোজনকরা+অন—ভা, র্ম্ম) সং, ক্লীং, ভোজন। ভক্ষ্যবস্তু।

অশননলী; সং, স্ত্রীং, যে নলী দ্বারা গিলিত বস্তু মুখ হইতে জঠরে নীত হয়।

অশনাচ্ছাদন, (অশন—আচ্ছাদন, দ্বং—স) সং, ক্লীং, অন্নবস্ত্র, ভাত কাপড়।

অশনায়া, (অশন=ভক্ষ্যবস্তু+আয়—ইচ্ছার্থে এবং আ—ভা) সং, স্ত্রী, ক্ষুধা, ভক্ষণেচ্ছা, বুভুক্ষা, খাইবার ইচ্ছা।

অশনায়িত, (অশনায়া+ইত—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ক্ষুধিত, বুভুক্ষিত।

অশনি, (অশ্=ভোজন করা+অনি—সংজ্ঞার্থে। যে পর্ব্বতাদি খায় অর্থাৎ ধ্বংস করে) সং, পুং—স্ত্রীং, বজ্র, মেঘাগ্নি। বিদ্যুৎ।

অশরণ, (অ—শরণ=আশ্রয়, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অনাথ, নিরাশ্রয়। গৃহশূন্য।

অশরীর } (অশরীরিন্—অ—শরীর
অশরীরী } =দেহ,৬ষ্ঠী—হিং। ইন্—

অস্ত্যর্থে) বিং, ত্রিং, শরীরহীন, নিরাকার। শরীরের অভিমানশূন্য,জীবন্মুক্ত।
অশরীরিবাক্, (অশরীরিবাচ্=অশরীরিন্ শরীরহীন—বাচ্=বাক্য) সং, স্ত্রীং, আকাশবাণী, দৈববাণী।
অশর্ম্ম, (অশর্ম্মন্=অ—শর্ম্মন্=সুখ, স্বচ্ছন্দ) সং, ক্লীং, ক্লেশ, দুঃখ। (র্ম্ম) বিং, ত্রিং, দুঃখিত। পীড়াযুক্ত।
অশান্ত, (অ—শান্ত=শিষ্ট) বিং, ত্রিং, অশিষ্ট, দুরন্ত। উদ্ধতস্বভাব।
অশাস্ত্র, (অ—শাস্ত্র) সং, ক্লীং, অবিধি। শাস্ত্রাভাব। বেদাদিবিরুদ্ধ শাস্ত্র। বিং, ত্রিং, শাস্ত্রবিরুদ্ধ।
অশাস্ত্রীয়, (অ—শাস্ত্র+ঈয়=সম্বন্ধার্থে) বিং, ত্রিং, শাস্ত্রবিরুদ্ধ, অবৈধ।
অশিক্ষিত, (অ—শিক্ষিত=শিক্ষাপ্রাপ্ত। যে শিক্ষাপ্রাপ্ত হয় নাই) বিং, ত্রিং, অনভিজ্ঞ, মূঢ়। অসভ্য।
অশিত, আশিত, (অশন = দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, ভুক্ত। তৃপ্ত।
অশিত্র, (অশ্=ব্যাপা+ইত্র—প্রং) সং, পুং, চোর। চরু।
অশির, (অশন=দেখ, ইর—সংজ্ঞার্থে। যিনি বলি খান) সং, পুং, সূর্য্য। অগ্নি। রাক্ষসবিশেষ। (ক্লীং) হীরক।
অশিরস্, (অ+শিরস্=মস্তক) বিং, ত্রিং, মস্তকশূন্য, কবন্ধ।
অশিব, (অ—শিব=শুভ) বিং, ত্রিং, অমঙ্গল, অশুভ।
অশিশ্বী, অশিশ্বিকা, (অ—শিশু। যাহার শিশু নাই, ৬ষ্ঠী—হিং, । ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, শিশুহীনা, পুত্র-কন্যাবিহীনা স্ত্রী। [অশান্ত, দুরন্ত।
অশিষ্ট, (অ—শিষ্ট=শান্ত) বিং, ত্রিং,
অশীত, (অ+শীত=শীতল) বিং, ত্রিং, উষ্ণ, উত্তপ্ত। [ত্রিং, অপবিত্র।
অশুচি, (অ—শুচি=পবিত্রতা) বিং,
অশুদ্ধ, (অ—শুদ্ধ=পবিত্র) বিং, ত্রিং, অপবিত্র। যাহা সংশোধিত হয় নাই।
অশুদ্ধি, (অ—শুদ্ধি=পবিত্রতা) সং, স্ত্রীং, অপবিত্রতা। অশৌচ। শুদ্ধির অভাব, ভুল।
অশুভ, (অ—শুভ=মঙ্গল) সং, ক্লীং, অমঙ্গল। (৫মী—হিং) পাপ। বিং, ত্রিং, অশিব, অমঙ্গলযুক্ত।
অশূন্য, (অ—শূন্য=খালি) বিং, ত্রিং, শূন্য নহে, পরিপূর্ণ। যথা "ত্বমপি স্বনিয়োগমশূন্যংকুরু" শকুন্তলা।
অশৃত, (অ—শৃত=পক্ব) বিং, ত্রিং, অপক্ব, কাঁচা।
অশেষ, (অ—শেষ। যাহার শেষ নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, শেষহীন, সম্পূর্ণ, সমুদায়। সং, পুং, শেষাভাব।
অশোক, (অ—শোক। এই বৃক্ষতলে তপস্যা করিতে করিতে গৌরী অভীষ্ট লাভ করিয়া নষ্টশোকা হইয়াছিলেন বলিয়া ইহার নাম অশোক হইল) সং, পুং, বৃক্ষবিশেষ। স্বনাম খ্যাত নৃপতি। ক্লীং, পারদ। বিং, ত্রিং, শোকরহিত, যাহার শোক নাই।
অশোকষষ্ঠী—(অশোক+ষষ্ঠী) সং, স্ত্রীং, চৈত্রমাসের শুক্লষষ্ঠী, যাহাতে পুত্রবতী নারীগণ সন্তানের মঙ্গল কামনায় ষষ্ঠী দেবীর পূজা করে।
অশোকারি, (অশোক—অরি=শত্রু,৬ষ্ঠী—ষ) সং, পুং, কদম্ববৃক্ষ।
অশোকাষ্টমী, সং, স্ত্রীং, চৈত্র মাসের শুক্লাষ্টমী ইহাতে অষ্ট সংখ্যক অশোক কলিকাযুক্ত জল পান করিলে শোক পাইতে হয় না।
অশোচনীয়, অশোচ্য, (অ—শুচ্=শোককরা+অনীয়, য—র্ম্ম) বিং ত্রিং, শোকের অযোগ্য। [সং, ক্লীং, অশুদ্ধি।
অশৌচ, (অ—শৌচ=শুচিতা, শুদ্ধি)
অশ্ম, অশ্মন্, (অশ্=ব্যাপা+ম, মন্—সংজ্ঞার্থে) সং, পুং, প্রস্তর, পাতর। পর্ব্বত। মেঘ (বৈদিকভাষায়)।
অশ্মগর্ভ, (অশ্ম=পাতর—গর্ভ=জ্রূণ) সং,

পুং, মরকতমণি, সবুজবর্ণ রত্ন বিশেষ।

অশ্মঘ্ন, (অশ্মন্+ঘ্ন=যে হনন করে যে প্রস্তরকে ভেদ করে) হাতাজুড়ী নামক পাষাণ ভেদক বৃক্ষ বিং,।

অশ্মজ, (অশ্ম=পর্ব্বত—জ=যে জন্মে। যাহা পর্ব্বতে জন্মে, ৭মী—ষ) সং, ক্লীং, শৈলজতু, গিরিমাটী। লৌহ।

অশ্মদারণ, (অশ্ম=পাতর—দারণ=যে বিদারণ করে। যে প্রস্তরকে বিদারণ করে, ২য়া—ষ) সং, ক্লীং, পাষাণভেদক অস্ত্র। টঙ্ক।

অশ্মন্ত, (অশ্ম=পাতর—অন্ত=শেষ। যে থানে পাষাণেরও অন্ত হয়, ৭মী—হিং) বিং, ত্রিং, অসীম, অশুভ। সং, ক্লীং, অগ্নিস্থান। উনান। মৃত্যু। অশুভ ক্ষেত্র।

অশ্মন্তক, সং, পুং, অম্লকুচাই নামক বৃক্ষ। অম্লোটক বৃক্ষ। ক্লীং, চুল্লী। দীপধারাচ্ছাদন।

অশ্মভাল, (অশ্ম=পাতর—ভাল ['ভাজি চূর্ণকরান+অ--ক। জ=ল] যে চূর্ণিত করে। যে পাতরকেও চূর্ণিত করে) সং, পুং, যে লৌহপাত্রে দ্রব্য চূর্ণ করা যায়। হামানদিস্তা।

অশ্মযোনি, (অশ্ম=পাতর—যোনি) সং, পুং, মরকতমণি, পান্না।

অশ্মর, (অশ্মন্=পাতর+র—প্রং) বিং, ত্রিং, প্রস্তরজাত, প্রস্তর সম্বন্ধীয়।

অশ্মরী, (অশ্মর=প্রস্তরময়+ঈ—প্রং) সং, স্ত্রীং, পাথরী রোগ। মূত্রকৃচ্ছ্ররোগ বিশেষ।

অশ্মরীহর, (অশ্মরী=পাথরী রোগ—হর=যে হরণ করে) সং, পুং, ধান্য বিশেষ, দেধান।

অশ্মসার, (অশ্ম=পাতর—সার=স্থিরাংশ। পাতরের সার অর্থাৎ অত্যন্ত শক্ত পাতর, ৬ষ্ঠী—ষ) সং, পুং—ক্লীং, লৌহ।

অশ্মীর, (অশ্ম=প্রস্তর+ঈর—প্রং) সং, পুং—ক্লীং, পাথরীরোগ।

অশ্র, (অশ্=ব্যাপা+র—সংজ্ঞার্থে। যাহা রোদন কালে কণ্ঠ ব্যাপে এবং যাহা শরীর ব্যাপে) সং, ক্লীং, চক্ষুজল। শোণিত।

অশ্রদ্ধেয়, (অ—শ্রদ্ধেয়) বিং, ত্রিং, যাহা শ্রদ্ধাযোগ্য নহে, অনাদরণীয়।

অশ্রপ, (অশ্র=রক্ত—প=যে পান করে, ২য়া—) সং, পুং, রাক্ষস, নিশাচর।

অশ্রান্ত, (অ—শ্রান্ত=ক্লান্ত) বিং, ত্রিং, শ্রম রহিত, ধারাবাহী। ক্লীং, অনবরত, সতত। অনিশ।

অশ্রাব্য, (অ—শ্রাব্য=শ্রবণযোগ্য) বিং, ত্রিং, যাহা শ্রবণযোগ্য নহে, শ্রুতিকটু।

অশ্রি, (অ—শ্রি=সেবাকরা+ক্বিপ্—প্রং। কিম্বা অশ্=ভোজন করা, ব্যাপা+রি—সংজ্ঞার্থে। যে রক্ত খায়) সং, স্ত্রীং, খড়্গাদির ধার যথা "বৃত্রস্তহস্তঃ কুলিশং কুণ্ঠিতাশ্রীবলক্ষ্যতে" কুমারসম্ভব। গৃহ বা অন্য বস্তুরকোণ।

অশ্রু, (অ—শ্রি=সেবাকরা+উ—সংজ্ঞার্থে। কিম্বা অশ্=ব্যাপা+রু—সংজ্ঞার্থে। যাহা রোদন কালে কণ্ঠ ব্যাপে) সং, ক্লীং, নয়নজল।

অশ্রুতচর } (অ—শ্রুত—চর, পূর্ব্ব)
অশ্রুতপূর্ব্ব } বিং, ত্রিং, যাহা পূর্ব্বে কখন শুনা যায় নাই।

অশ্রেয়ঃ, (অশ্রেয়স্,=অ—শ্রেয়স্) সং, ক্লীং, মঙ্গল। অনর্থ। বিং, ত্রিং, অনিষ্টকর।

অশ্রোত্রিয়, (অ+শ্রোত্রিয়=বেদজ্ঞ ব্রাহ্মণ) সং, পুং, বেদাধ্যয়ন হীন ব্রাহ্মণ। বিং, ত্রিং, বেদজ্ঞ ব্রাহ্মণ শূন্য।

অশ্লীল, (অ—শ্লীল [শ্রী+ল অস্ত্যর্থে] শ্রীযুক্ত। র=ল। যাহা শ্রীযুক্ত নহে অর্থাৎ বিশ্রী) সং, ক্লীং, লজ্জাজনক, গ্রাম্যবাক্য। ইহা কাব্যার্থ দোষমধ্যে পরিগণিত।

অশ্লেষা, (অ—শ্লেষ=আলিঙ্গন) সং, স্ত্রীং, অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত নবম নক্ষত্র। [৬ষ্ঠী—হিং) কেতুগ্রহ।

অশ্লেষাভূঃ, (অশ্লেষা+ভূ=উৎপত্তি স্থান

অশ্ব, (অশ=ব্যাপা=ভোজন করা + ব—সংজ্ঞার্থে। দ্রুতগামিত্বহেতু যে বহু দূর ব্যাপে, কিম্বা যে তৃণাদি ভোজন করে) সং, পুং, ঘোটক, শ্বা—স্ত্রীং, ঘোটকী।

অশ্বক, (অশ্ব+কন্) বিং, ত্রিং, অশ্বতুল্য, অপকৃষ্টাশ্ব, ঘোটকমাত্র, দেশবিশেষ।

অশ্বকর্ণ, (অশ্ব—কর্ণ=কাণ। যাহার পত্র অশ্ব কর্ণের ন্যায়, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শালবৃক্ষ।

অশ্বকুটী, (অশ্ব—কুটী=ঘর) সং, স্ত্রীং, অশ্বশালা, আস্তাবল, মন্দুরা।

অশ্বখরজ (অশ্ব+খর=গর্দ্দভ+জন্+ড অশ্ব এবং গর্দ্দভ হইতে যে জন্মিয়াছে) সং, পুং, খচ্চর নামক ঘোটক।

অশ্বখুর, সং, পুং, ঘোড়ার খুর (রা—রী) সং, স্ত্রীং, অপরাজিতা লতা।

অশ্বগোযুগ, (অশ্ব+গোযুগ—যুগ্মার্থে) সং, ক্লীং, অশ্বদ্বয়। [করবীর বৃক্ষ।

অশ্বঘ্ন, (অশ্ব+ঘ্ন যে হনন করে) সং, পুং,

অশ্বতর, (অশ্ব—তৃ=গমনকরা, পরাভব করা+অ—সংজ্ঞার্থে। যে গমনে অশ্বকে পরাভব করে, ২য়া—ষ) সং, পুং, রী—স্ত্রী গর্দ্দভীর গর্ভে ঘোটকের ঔরসজাত অশ্ব। সর্পবিশেষ।

অশ্বত্থ, (অশ্বঃ [অ—শ্বস্=কল্য। কল্য নহে অর্থাৎ বহুদিন] অনেক কাল—স্থা=থাকা+অ—সংজ্ঞার্থে। যে বহুদিন থাকে। অথবা অশ্বত্থ=জল+অ—অস্ত্যর্থে। গ্রীষ্মকালে ধর্ম্মার্থে ইহার মূলে জলসেচন করে অতএব জল বিশিষ্ট বলিয়া ইহার নাম অশ্বত্থ। ক্রমদীশ্বর বলেন—অশ্বকর্ণের ন্যায় সদা চলদলত্বহেতু "অশ্ব ইব তিষ্ঠতি" অর্থাৎ যে অশ্বের ন্যায় থাকে) সং, পুং, আশদ গাছ। সূর্য্যের একটী নাম। ক্লীং, জলথা—স্ত্রীং, পূর্ণিমা তিথি।

অশ্বব্রত, সং, ক্লীং, কন্যাদিগের বালবৈধব্যদোষনিবারক ব্রত বিশেষ।

অশ্বত্থামা, (অশ্বত্থামন্=অশ্ব—স্থা=থাকা +মন্—প্রং। মহাভারতে—দ্রোণের ঔরসে কৃপীর গর্ভে এক পুত্র জন্মে। জাতমাত্র উচ্চৈঃশ্রবা অশ্বের ন্যায় ধ্বনি করিয়া ভূমিষ্ঠ হইল বলিয়া ঐ পুত্রের নাম অশ্বত্থামা হইল যথা মহাভারতে "অলভদ্‌গৌতমী পুত্রমশ্বত্থামা নমো বচ। স জাতমাত্রো ব্যনদদ্‌ যথৈবোচ্চৈঃ শ্রবাহয়ঃ। তচ্ছ্রুত্বাহন্তর্হিতং ভূত মন্তরীক্ষস্থমব্রবীৎ। অশ্ব স্যেবাস্য যৎস্থাম নদতঃ প্রদিশোগতং॥ অশ্বত্থামৈব বালোহয়ং তস্মান্নাম্না ভবিষ্যতি"॥ সং, পুং, দ্রোণচার্য্যের পুত্র।

অশ্বপাল } (অশ্ব—পাল, পালক যে
অশ্বপালক } পালন করে) সং, পুং, অশ্বরক্ষক, সহিস্।[কেশে। ঘোটককেশর।

অশ্ববাল, (অশ্ব+বাল=পুচ্ছ) সং, পুং,

অশ্বমহিষিকা, (অশ্ব+মহিষ+বুন) সং, স্ত্রীং, অশ্ব ও মহিষের স্বাভাবিকশত্রুতা।

অশ্বমুখ, (অশ্ব—মুখ। যাহার অশ্বের ন্যায় মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কিন্নর, খী—স্ত্রীং, কিন্নরী।

অশ্বমেধ, (অশ্ব—মেধ=বলি। যে যজ্ঞে অশ্বকে বলি দেয়) সং, পুং, যজ্ঞবিশেষ।

অশ্বমেধিক } (অশ্বমেধ+ষ্ণিক, ষ্ণীয়—
অশ্বমেধীয় } প্রং) সং, পুং, অশ্বমেধ যজ্ঞীয় অশ্ব। মেধ্যাশ্ব।

অশ্বযুক্, (অশ্বযুজ্=অশ্ব—যুজ=যোগ করা+ক্বিপ্—প্রং। যে অশ্বের অকার যুক্ত) সং, স্ত্রীং, অশ্বিনী নক্ষত্র। পুং, আশ্বিন মাস।

অশ্বরক্ষক, (অশ্ব—রক্ষক=যে রক্ষা করে) সং, পুং, অশ্বরক্ষা কর্ত্তা। [শ্রবা।

অশ্বরাজ, সং, পুং, ইন্দ্রের ঘোটক উচ্চৈঃ-

অশ্বরোধক, (অশ্ব—রুধ্=রুদ্ধকরা, আচ্ছাদন করা+ণক—ক। করবীর দেখ) সং, পুং, করবী গাছ।

অশ্বলালা, সং, স্ত্রীং, সর্পভেদ। ব্রহ্মসর্প।

অশ্ববক্ত্র, (অশ্ব—বক্ত্র=মুখ। যাহার

অশ্বের ন্যায় মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং—স্ত্রীং, কিন্নর, কিন্নরী।

অশ্ববার } (অশ্ব-বার=যে পোষণ
অশ্ববাহ } করে,বাহ=যে বহন করে। যাহাকে অশ্ব বহন করে) সং, পুং, অশ্বারোহী। [অন—ভা) সং,পুং,গবয়।

অশ্ববারণ, (অশ্ব—বারি=আবিরণ করা+

অশ্ববিদ, (অশ্ব—বিদ্=যে জানে) সং, পুং, নলরাজা। [আস্তাবল, মন্দুরা।

অশ্বশালা, (অশ্ব+শালা=গৃহ) স

অশ্বশৃগালিকা, (অশ্ব—শৃগাল + ষ্ণিক—শত্রুতার্থে) সং, স্ত্রীং অশ্বশৃগালের স্বভাবিক শত্রুতা।

অশ্বসাদী, (অশ্বসাদিন্, অশ্ব -সাদী=যে গমন করে) সং, পুং, অশ্বারোহী।

অশ্বারী, (অশ্ব—অরি=শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মহিষ।

অশ্বারোহ, (অশ্ব—আরোহ=যে আরোহণ করে। যে অশ্বে আরোহণ করে, ২য়া—ষ) সং, পুং, অশ্বারূঢ়। সাদী।

অশ্বী- (অশ্বিন্,অশ্বিনী+অ—অপত্যার্থে, অ—লোপ। স্বামী বলেন—অশ্বারূঢ়ত্ব হেতু, অশ্বিন্ শব্দ) সং, পুং, দ্বিং, অশ্বিনী গর্ভে সূর্য্যের ঔরসজাত যমজ সন্তানদ্বয়, স্বর্গবৈদ্য।

অশ্বিনী, (অশ্ব+ইন্—অস্ত্যর্থে। এই নক্ষত্রের আকার অশ্বমস্তকের ন্যায়, এই নিমিত্ত ইহাকে অশ্বিনী বলে) সং, স্ত্রীং, প্রথম নক্ষত্র। বড়বারূপধারিণী সূর্য্যপত্নী। ঘোটকী।

অশ্বিনীসুত } (অশ্বিনী=বড়বারূপ-
অশ্বিনীকুমার } ধারিণী সূর্য্যপত্নী—সুত, কুমার=পুত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, দ্বিং, স্বর্গবৈদ্য।

অশ্বীয়, (অশ্ব+নীয়—প্রং) বিং, ত্রিং, অশ্বসমূহ। অশ্বহিতকারী, অশ্বসম্বন্ধীয়।

অশ্বোরস, (অশ্ব—উরস্=হৃদয় + অ—প্রং, ৭মী—য) সং, ক্লীং, প্রধান অশ্ব।

অষড়ক্ষীণ, (অ—ষড়ক্ষি [ষট—অক্ষি] ছয়ইন্দ্রিয়+ঈন—প্রং যাহাএতগোপনে হয়যেন ষড়িন্দ্রিয়ের অগোচর) সং,পুং, দুইজনের পরস্পর গোপনেযে মন্ত্রণা।

অষ্ট, (অষ্টন্, অশ=ব্যাপা+অন্—প্রং। ত্—আগম) বিং, ত্রিং, বহুং, আট সংখ্যা, ৮।

অষ্টক, (অষ্টন্+ক—প্রং) সং, ত্রিং, পানিনীর অষ্টাধ্যায় গ্রন্থ। অষ্টসংখ্যা। বিং, ত্রিং, অষ্টসংখ্যক।

অষ্টকর্ণ, (অষ্ট—কর্ণ চারিটিমুখ থাকতে যাঁহার আটটি কর্ণ আছে, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ব্রহ্মা।

অষ্টকা, (অষ্টিকা, অশ=ভোজনকরা+তক—প্রং। যাহাতে মৎস্য মাংস, পিষ্টকাদি নানাবিধ দ্রব্য প্রদান করিয়া ব্রাহ্মণ ভোজন করান হয়। এইনিমিত্ত 'অষ্টিকা' ও বলাযায়) সং, স্ত্রীং, সপ্তমী প্রভৃতি তিথিত্রয়। পৌষ, মাঘ, ও ফাল্গুন মাসের কৃষ্ণাষ্টমী। তত্তদ্দিন কর্ত্তব্য শ্রাদ্ধ বিশেষ।

অষ্টকাঙ্গ, (অষ্টক=আটটি—অঙ্গ। যাহার আটটি বিভাগ আছে) সং, ক্লীং, নয় পীঠি। পাশারছক্।

অষ্টদিক্পাল, (অষ্ট আট+দিক্+পাল যিনি পালন করেন) সং, পুং, বহুং, ইন্দ্রাদি আটজন দিক্পাল যথা ইন্দ্র বহ্নি, পিতৃপতি, নৈঋত, বরুণ, মরুৎ, কুবের এবং ঈশ।

অষ্টধা, (অষ্ট=আট+ধা—প্রকারার্থে) অং, আট প্রকারে। আটগুণ।

অষ্টধাতু, ; সং, ক্লীং, সোণা, রূপা, তামা, সিসা, কান্তিলৌহ, রাঙ্গ, লৌহ, ইস্পাত—এই আটপ্রকার ধাতু। যথা "সুবর্ণং রজতং তাম্রং সীসকং কান্তিকং তথা, রঙ্গং লৌহং তীক্ষ্ণলৌহমিত্যষ্টৌ ধাতবঃ স্মৃতাঃ।

অষ্টপাদ, (অষ্ট—আট+পাদ=পা ৬ষ্ঠী) ইং,সং,পুং, উর্ণাবিশেষ, লূতা,মাকড়সা

অষ্টপাদিকা, সং, স্ত্রীং, হাপরমালীলতা

ষ্টম, (অষ্টন্+ম—পূরণার্থে) বিং, ত্রিং, আটের পূরণ। মী—স্ত্রীং, তিথি-বিশেষ, চন্দ্রের অষ্টমকলার ক্রিয়া যে দিনেহয়। ক্ষীরকাকোলিলতা।

ষ্টমকালিক, (অষ্টম+কলিক কাল-সম্বন্ধীয়) বিং, ত্রিং, তিনদিন উপবাস করিয়া চতুর্থদিবসরাত্রিতে যিনি ভোজন করেন। নক্তঞ্চান্নং সমশ্নীয়াদ্দিবা ব্যাহৃত্য শক্তিতঃ। চতুর্থকালিকো বা স্যাৎ স্যাদ্বাপ্যষ্টমকালিকঃ।

ষ্ট-মঙ্গল, সং, পুং, অশ্ববিশেষ, যাহার খুর চতুষ্টয়, পুচ্ছ, মুখ, বক্ষঃ এবং পৃষ্ঠস্থ কেশ শুক্লবর্ণ। অষ্ট প্রকার মঙ্গল দ্রব্য যথা—ব্রাহ্মণ, গো, অগ্নি, সুবর্ণ, ঘৃত, সূর্য্য, জল, রাজা। যথা শুদ্ধিতত্ত্বে "লোকেঽস্মিন্ মঙ্গলান্যষ্টৌ ব্রাহ্মণো গৌ র্হুতাশনঃ, হিরণ্যং সর্পিরাদিত্য আপো রাজা তথাষ্টমঃ"। অথবা বৃহন্নদিকেশ্বর পুরাণে যথা "মৃগরাজ বৃষো নাগঃ কলসী ব্যজনং তথা। বৈজয়ন্তী তথাভেরী দীপইত্যষ্টমঙ্গলঃ"।

অষ্টমিকা, (অষ্টম+ক—প্রং) সং, স্ত্রীং চারিতোলা পরিমাণ।

অষ্টমূর্ত্তি, (অষ্ট=আট—মূর্ত্তি=আকার। যাঁহার আটটি মূর্ত্তি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিব। অষ্টমূর্ত্তি যথা—পৃথিবী, জল, অগ্নি, বায়ু, আকাশ,চন্দ্র,সূর্য্য,যজমান। "পৃথিবী সলিলং তেজো বায়ুরাকাশমেবচ, সূর্য্যা-চন্দ্রমসৌ যাজী রষ্টৌ শঙ্কর মূর্ত্তয়ঃ।"

অষ্টশ্রবাঃ, (অষ্টশ্রবস্, অষ্ট=আট—শ্রবস্=কর্ণ। চতুর্ম্মুখ হেতু যাঁহার আটটিকর্ণ আছে, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ব্রহ্মা।

অষ্ট-সিদ্ধি, সং, স্ত্রীং, অণিমা, লঘিমা, প্রাপ্তি, প্রাকাম্য, মহিমা, ঈশিতা, বশিতা, কামাবসায়িতা—এই আট প্রকার সিদ্ধি।

অষ্টাংশিত (অষ্ট—অংশিত=বিভক্ত) বিং, ত্রিং, অষ্ট পৃষ্টে বিভক্ত, আটপেজী।

ষ্টাকপাল, (অষ্টন্=আট—কপাল =কলসের অর্দ্ধাংশ। যে যজ্ঞে সার্দ্ধ অষ্ট কলসী ঘৃতপ্রদত্ত হয়) সং, পুং, যজ্ঞ-বিশেষ।

ষ্টাঙ্গ, (অষ্ট=আট—অঙ্গ=অবয়ব, ৬ষ্ঠী —হিং) সং, পুং, যম, নিয়ম, আসন, প্রাণায়াম, প্রত্যাহার, ধ্যান, ধারণা, সমাধি—এই আট প্রকার যোগ। অষ্টাঙ্গে প্রণাম যথা—জানু, পদ, হস্ত, উরস্, বুদ্ধি, শিরস্, বাক্য, চক্ষুঃ। "জানুভ্যাঞ্চ তথা পদ্ভ্যাং পাণিভ্যামুরসা ধিয়া, শিরসা বচসা দৃষ্ট্যা প্রণামোঽষ্টাঙ্গ ঈরিতঃ।"

সাষ্টাঙ্গার্ঘ্য,(অষ্টাঙ্গ—অর্ঘ্য=পূজোপকরণ) অষ্টদ্রব্য ঘটিত পূজোপকরণ যথা তন্ত্রে আপঃ ক্ষীরং কুশাগ্রঞ্চ দধি সর্পিঃ সতণ্ডুলং। যবঃ সিদ্ধার্থকশ্চৈব অষ্টাঙ্গোঽর্ঘ্যঃ প্রকীর্ত্তিতঃ।

অষ্টাদশ, (অষ্টাদশন্=অষ্টন্=আট—দশন্=দশ। অষ্টাধিক দশ, য়ং—স। মধ্যপদলোপ-) বিং, ত্রিং, বহুং আঠার সংখ্যা, ১৮।

অষ্টাদশাঙ্গ,সং, পুং,=অষ্টাদশ দ্রব্যাত্মক পাঁচন যথা ইহা চতুর্বিধ দশমূল্যাদি, ভূনিম্বাদি, দ্রাক্ষাদি, মুস্তাদি।

অষ্টাপদ, (অষ্টন্=আট—পদ স্থান। যাহার প্রতি পঙ্‌ক্তিতে আট্‌টি স্থান আছে,৬ষ্ঠী—হিং। নিপাতন। অ=আ) সং, পুং,—ক্লীং, সারিফলক। পাশার ছক্। চিত্রবিচিত্র ফলক বা বস্ত্র। স্বর্ণ। কীট। পুং,কৈলাসপর্ব্বত। কৃমি, কীলক শরভ নামক মৃগ। লূতা। চন্দ্রমল্লী।

অষ্টাবক্র (অষ্টন্=আট—বক্র=বাঁকা, ৬ষ্ঠী—হিং। নিপাতন। মহাভারতে—পিতার অভিশাপে কলেবরের অষ্টস্থল বক্র হয় বলিয়া ইহারনাম অষ্টাবক্র হইল) সং,পুং, কাহোড় পুত্র,স্বনামখ্যাত মুনিবিশেষ।

অষ্টাবিংশতি, (অষ্টন্=আট—বিংশতি

কুড়ি। অষ্টাধিক কুড়ি, য়ং—স) সং, স্ত্রীং, আটাইশ, ২৮।
অষ্টি, (অস্ = ক্ষেপণ করা+তি—ভা) সং, স্ত্রীং, আঁটি, বীচি। ছন্দোবিশেষ।
অষ্টীলা, (অষ্টী) সং, স্ত্রীং, গোলাকার পাষাণ খণ্ড। আঁটী
অষ্ঠীবান্, (অষ্ঠিবৎ, =অস্থি হাড়+বৎ—অস্ত্যর্থে) সং, পুং,—ক্লীং, জানু, আটু।
অসংখ্য, (অ—সংখ্যা গণনা। যাহার সংখ্যা নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অগণ্য। সংখ্যাতীত।
অসংযম (অ+সংযম নিগ্রহকরা) ইন্দ্রিয় নিগ্রহাভাব.কামক্রোধাদির অবশীকরণ
অসংবৃত, (অ+সংবৃত আচ্ছাদিত) বিং, ত্রিং, অনাচ্ছাদিত, অনাবৃত।
অসংশয়, (অ—সংশয় সন্দেহ,৬ষ্ঠী—হিং সং, ক্লীং,অং, নিঃসন্দেহ, নিশ্চয় যথা "অসংশয়ং ক্ষত্রপরিগ্রহ ক্ষমা" শকুন্তলা।
অসংশ্লিষ্ট পর্ব্বত, (Isolated rock) যে শক্তিতে পৃথিবীর স্তর উৎক্ষিপ্ত করে, তাহা পৃথিবীর একস্থানে বল প্রকাশ করিলে কুব্জাকার একপর্ব্বত পিণ্ড সম্ভবে তাহাকে 'অসংশ্লিষ্টপর্ব্বত' কহে।
অসংসৃষ্ট, (অ+সংসৃষ্ট একত্রিত), বিং, ত্রিং অমিশ্রীকৃত, স্বতন্ত্র, বিভাগের পর পুনর্ব্বার মিশ্রীকরণ রহিত।
অসংসৃষ্টী, সং, পুং, সংসর্গরহিত যথা "অসংসৃষ্ট্যপি চাদদ্যাৎ সংসৃষ্টো নান্যমাতৃজঃ" যাজ্ঞবল্ক্য।
অসংস্কৃত, (অ—সংস্কৃত) বিং, ত্রিং, সংস্কারহীন। অপরিশুদ্ধ
অসংস্কৃত বাক্য,সং,ক্লীং,সংস্কৃতেতর ভাষা, অপভ্রংশ, অপশব্দ।
অসংস্থান, (অ—সংস্থান) সং, ক্লীং, অসঙ্গতি,সংস্থান না থাকা। প্রণালী বিরহ।
অসকৃৎ, (অ—সকৃৎ=একবার) অং, অনেকবার, মুহুর্মুহুঃ। ভূয়োভূয়ঃ।
অসক্ত, (অ—সক্ত=সংলগ্ন, আসক্ত) বিং, ত্রিং, অসংলগ্ন। অনাসক্ত। অপ্রতিবদ্ধ। [ষ্ঠিত, প্রশস্ত।
অসঙ্কুচিত, (অ—সঙ্কুচিত) বিং, ত্রিং, অকু-
অসঙ্কুল, (অ—সঙ্কুল=ব্যাপ্ত) বিং, ত্রিং, পরস্পর অবিরুদ্ধ। অমিশ্র। বিস্তীর্ণ।
অসংক্রান্ত মাস,(অ+সংক্রান্ত=অন্য রাশিতে প্রবিষ্ট+মাস) শুক্লপ্রতিপদাদিদর্শান্ত সংক্রমণ শূন্য মলমাস, মলিম্লুচ।
অসঙ্গ, (অ — সঙ্গ = সহিত, সংসর্গ) বিং, ত্রিং, সঙ্গ-রহিত, নির্লিপ্ত। সং, পুং, বৈরাগ্য।
অসঙ্গত, (অ—সঙ্গত=সংলগ্ন) বিং, ত্রিং, অযুক্ত, যুক্তিবিরুদ্ধ। অসংলগ্ন। অসম্ভব। অমনোনীত। অনুচিত।
অসঙ্গতি, (অ—সঙ্গতি=সংলগ্নতা) সং, স্ত্রীং, সঙ্গতিবিরহ, অসংস্থান। অসংলগ্নতা। অর্থালঙ্কার-বিশেষ, কার্য্যকারণের ভিন্নদেশবর্ত্তিতা।
অসংজ্ঞ, (অ+সংজ্ঞা। যাহার সংজ্ঞা নাই) চৈতন্য রহিত।
অসৎ, (অ—সৎ=সাধু) বিং, ত্রিং, দোষী, অসাধু। অবিদ্যমান।
অসতায়ী, (অসৎ=মন্দ+ঈ[illegible]+আয় আগম) সং, স্ত্রীং, অশিষ্টাচরণ, দুষ্টমতি।
অসতী, (অ—সতী=সাধ্বী) সং, স্ত্রীং, ভ্রষ্টা, ব্যভিচারিণী। কুলটা।
অসত্তা, (অ+সৎ+তা) সং, স্ত্রীং, অবিদ্যমানতা, মিথ্যা, পাপাচার।
অসৎপরিগ্রহ, (অসৎ+পরিগ্রহ=গ্রহণ ৫মী—ষ অথবা কর্ম্ম-ধারয়)। সং, পুং, অসৎ পাত্র হইতে দান গ্রহণ। অনুপযুক্ত উপঢৌকন। [সত্য নয়।
অসত্য, (অ—সত্য) সং, ক্লীং, মিথ্যা,
অসত্যসন্ধ, (অসত্য=মিথ্যা—সন্ধা=অভিসন্ধি—৬ষ্ঠী—হিং) বিশ্বাসঘাতক। নীচ।
অসদৃশ, (অ+সদৃশ=তুল্য নঙ্—ষ) বিং, ত্রিং, অতুল্য, বিষম, অনুচিত। অন্যায্য।
অসদ্গ্রহ, (অসৎ=অবিদ্যমান বস্তু=গ্রহ=আগ্রহ, ৭মী—ষ) সং, পুং, বালকাদির অনুচিত আগ্রহ. আবদার

অসদ্ভাব, (অ—সদ্ভাব বা অসৎ+ভাব) সং, পুং, অপ্রণয় অভাব, দুষ্টস্বভাব, দুশ্চরিত্র।
অসন, (অস্=প্রেরণকরা, ক্ষেপণকরা+অন—সংজ্ঞার্থে) সং, পুং, সর্জ্জবৃক্ষ, পিয়াসাল। ক্লীং, ক্ষেপন।
অসন্তুষ্ট, (অ+সম্+তুষ+ক্ত—ক) সন্তোষ রহিত।"অসন্তুষ্টা দ্বিজা নষ্টা"চানক্যঃ।
অসন্নিকৃষ্ট, (অ—সন্নিকৃষ্ট=নিকটবর্ত্তী) বিং, দূরবর্ত্তী।[শত্রু রহিত। নিষ্কণ্টক।
অসপত্ন, (অ+সপত্ন=শত্রু) বিং, ত্রিং,
অসপিণ্ড, (অ+সপিণ্ড) বিং, ত্রিং, সপিণ্ড ভিন্ন সপ্তমপুরুষেতর পুরুষ।
অসভ্য, (অ—সভ্য=সামাজিক) বিং, ত্রিং, অসভ্যনহে। খল। দুর্ব্বিনীত।
অসম, (অ—সম=সমান, একবিধ) বিং, ত্রিং, অতুল্য। অনুপম।
অসমঞ্জস, (অ—সমঞ্জস=সদৃশ, যুক্তিযুক্ত) বিং, ত্রিং, অসদৃশ। অসঙ্গত। সং, পুং, সগর রাজার জ্যেষ্ঠ পুত্র।
অসময়, (অ—সময়) সং, পুং, অনুপযুক্ত সময়, অযোগ্য কাল। দুঃসময়।
অসমর্থ, (অ—সমর্থ=ক্ষমতাপন্ন) বিং, ত্রিং, দুর্ব্বল। অশক্ত।
অসমবায়িকারণ, সং, ক্লীং, সমবায়ি কারণের আসন্ন কারণ যথা তন্তু সংযোগ বস্ত্রের অসমবায়ি কারণ।
অসমশর, (অসম=বিযোড়+শর=বান) সং, পুং, পঞ্চবান, কন্দর্প।
অসমসাহসিক, (অ — সম=সমান—সাহসিক। যাহার সমান সাহসিক নাই) বিং, ত্রিং, দুঃসাহসিক।
অসমীক্ষকারী, (অসমীক্ষ্যকারীন্, অ—সমীক্ষ্য [সং—ঈক্ষ=দেখা+য—প্রং] দেখিয়া—কারী=যেকরে) বিং, ত্রিং, বিবেচনা না করিয়া যে কর্ম্মকরে, মূর্খ।
অসমীচিন, (অ+সমীচিন=প্রশস্ত) বিং, ত্রিং, অসঙ্গত। অসুন্দর।
অসম্বদ্ধ, (অ-সম্বদ্ধ=মিলন। যাহার সহিত কোন মিলন নাই) বিং, ত্রিং, সম্বন্ধশূন্য
অসম্বদ্ধপ্রলাপ, (অসম্বদ্ধ—প্রলাপ=অনর্থক বাক্য, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অসঙ্গত উক্তি, সম্বন্ধশূন্য বাক্যকথন।
অসম্বাধ, (অ—সম্বাধ=সঙ্কীর্ণ, বাধা, ৭মী—হিং) বিং, ত্রিং, বাধা-রহিত। বিরল। জনতা-রহিত। সঙ্ঘর্ষ-রহিত। ছন্দোবিশেষ।
অসম্ভব, (অ—সম্ভব=উৎপত্তি) বিং, ত্রিং, যাহা সম্ভবে না; যাহা ঘটিতে পারে না। বিশ্বাসের অযোগ্য।
অসম্ভাব্য (অ—সম্ভাব্য=সম্ভাবনাযোগ্য) বিং, ত্রিং, যাহা সম্ভাবনাযোগ্য নহে। অলৌকিক।
অসম্ভ্রম, সং, পুং, স্থিরতা, চাঞ্চল্যাভাব। বিং, ত্রিং, স্থির। (দেশীয়) অপমান।
অসম্মত, (অ—সম্মত=অভিমত) বিং, ত্রিং, অনভিমত। অপ্রিয়। বিরোধী।
অসব্য, (অ+সব্য=বাম) বিং, ত্রিং, সব্যেতর, দক্ষিণ।
অসহন, (অ—সহন=যে সহ্য করে) সং, পুং, শত্রু। বিং, ত্রিং, অসহিষ্ণু, যে সহ্য করিতে পারে না, ক্ষমাশূন্য।
অসহিষ্ণু, (অ—সহিষ্ণু=সহনশীল) বিং, ত্রিং, যে সহ্য করিতে পারে না।
অসহ্য, (অ—সহ্য=সহনীয়) বিং, ত্রিং, অসহনীয়, যাহা সহা যায় না।
অসাধারণ, (অ—সাধারণ=সামান্য) বিং, ত্রিং, যাহা সকলের নাই অসামান্য।
অসাধু, (অ—সাধু=সজ্জন) বিং, ত্রিং, সাধুভিন্ন, অসৎ। ইতর। দুর্ব্বৃত্ত।
অসাধ্য, (অ—সাধ্য=শক্য) বিং, ত্রিং, সাধ্যাতীত। অপ্রতীকার্য্য। দুর্দ্দম।
অসামান্য, (অ—সামান্য=সাধারণ) বিং, ত্রিং, অসাধারণ।
অসাম্প্রতম্, (অ—সাম্প্রতম্=উচিত) অং, অযুক্ত, অনুচিত। অন্যায্য।
অসার, (অ—সার=স্থিরাংশ। যাহার সার নাই, ৬ষ্ঠী—হিং) সং, পুং, এরণ্ডবৃক্ষ।

বিং, ত্রিং, সাররহিত, স্থিরাংশহীন। অপদার্থ। দুর্ব্বল। মহত্ত্ব রহিত,অপকৃষ্ট।
অসি, (অস্=ক্ষেপণ করা+ই-সংজ্ঞার্থে) সং, পুং, খড়্গ। করবাল। অং, তুমি।
অসিক, (অস্= ক্ষেপণ করা, দীপ্তি পাওয়া+ইক—সংজ্ঞার্থে) সং, ক্লীং, অধর ও চিবুকের মধ্য ভাগ।
অসিক্নী, (অ—সিতা=শুক্ল+ঈ প্রং। ত=ক্ন। বয়স হইলেও যাহার কেশ শাদা হয় নাই) সং, স্ত্রীং, অন্তঃপুরচারিণী অবৃদ্ধা দাসী। নদীবিশেষ। বিরণকন্যা, দক্ষপত্নী।
অসিগণ্ড, (অসি নিক্ষিপ্ত—গণ্ড, ৭মী—হিং)সং,পুং, ক্ষুদ্র উপাধান,ছোটবালিস
অসিত, (অ—সিত=শুক্লবর্ণ) সং, পুং, কৃষ্ণবর্ণ। শনিগ্রহ। কৃষ্ণপক্ষ। বিং, ত্রিং, কৃষ্ণবর্ণ যুক্ত।
অসিতা, (অ—সিত=শুক্ল+আ—স্ত্রী-লিঙ্গে) সং, স্ত্রীং, অন্তঃপুরচারিণী যুবতী দাসী। স্বনাম খ্যাতা অপ্সরা।
অসিতার্চ্চিঃ, (অসিতার্চ্চিস,অসিত=কৃষ্ণ-বর্ণ+অর্চ্চিস্=শিখা। যাহার কৃষ্ণবর্ণ শিখা, ৬ষ্ঠি—হিং) সং, পুং, অগ্নি।
অসিতোৎপল,(অসিত—উৎপল=পদ্ম-যং—স) সং, ক্লীং, নীলপদ্ম।
অসিদংষ্ট্র, (অসিদন্ত অসি=খড়্গ—দংষ্ট্র=দন্ত। যাহার অসিরন্যায় দন্ত, ৬ষ্ঠী—হিং,) সং, পুং, জলজন্তুবিশেষ, হাঙ্গর, মকর।
অসিদ্ধ, (অ—সিদ্ধ=সম্পন্ন) বিং, ত্রিং অনিষ্পন্ন। অপক্ক। অসম্পূর্ণ,অনিষ্পত্তি। ন্যায়মতে হেতুদোষ বিশেষ।
অসিদ্ধি (অ—সিদ্ধি নিষ্পত্তি) সং, স্ত্রীং,
অসিধাব } (অসি—ধাব্ ধৌতকরা
অসিধাবক } +অ,অক—ক। যে খড়্গ শাণায়, ২য়া—ষ) সং, পুং, যে অস্ত্রাদির ধারকরে। শাণকর। অস্ত্রমার্জ্জক।
অসিধেনু } (অসি—ধেনু ধনুস্
অসিধেনুকা } শব্দজ। ধনুকের ন্যায় অসি। ক—যোগে অসিধেনুকা) সং, স্ত্রীং, ছুরিকা, ছুরি।
অসিপত্র, (অসি—পত্র। যাহার অসির ন্যায় পত্র, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ইক্ষু। খড়্গাবৎ পত্রযুক্তবৃক্ষ। নরকবিশেষ, যাহাতে খড়্গাধারের উপর চাপিয়া কাটা হয়। ক্লীং, খড়্গাকোশ, খাপ।
অসিপুচ্ছ } (অসি খড়্গ—পুচ্ছ,
অসিপুচ্ছক } পুচ্ছক=লেজ। যাহার পুচ্ছ অসির ন্যায় ধারাল, ৬ষ্ঠী—বিং) সং, পুং, শিশুমার, শুশুক।
অসিপুত্রী—ত্রিকা, (অসি—পুত্রী—কন্যা, ৬ষ্ঠী—ষ। ক—যোগে অসিপুত্রিকা) সং, স্ত্রীং, ছুরি, ছুরিকা।
অসিহেতি, (অসি=খড়্গ—হেতি=অস্ত্র, ৬ষ্ঠী—হিং), সং, পুং, খড়্গাধারী যোদ্ধা।
অসীম, (অ—সীমা—প্রান্তভাগ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং,যাহার সীমা নাই,অনন্ত।
অসু, (অস্=হওয়া+উ—সংজ্ঞার্থে) সং, পুং, বহুং, প্রাণ। শরীরান্তর্গত প্রাণাদি পঞ্চবায়ু, যথা—প্রাণ অপান সমান উদান ব্যান। পুং, চিত্ত। তাপ।
অসুখ, (অ—সুখ) সং, ক্লীং, দুঃখ, ক্লেশ, কষ্ট। পীড়া। [বিং, ত্রিং, প্রাণী,জীব।
অসুভৃৎ, (অসু—ভৃ-ক্বিপ যে ধারণ করে)
অসুর, (অ=বিরোধ—সুর=দেবতা। যাহারা দেবতা বিরোধী। কিম্বা অস্=ক্ষেপণকরা ইত্যাদি+উর—সংজ্ঞার্থে। অথবা অ—সুরা=সুধা। যাহাদের সুধা নাই, ৬ষ্ঠী—হিং। সমুদ্রমন্থন কালে বিষ্ণু মোহিনীরূপ ধারণ করিয়া অসুরদিগকে সুধায় বঞ্চিত করিয়াছিলেন) সং, পুং, সুরবিরোধী, দৈত্য, দানব। সূর্য্য। রা—স্ত্রীং, রাত্রি। রাশি। রী—স্ত্রীং, অসুরপত্নী। দ্বিতীয় ব্যুৎপত্তি দেখ, যাহা নিক্ষেপ করিলে ভূতাপসরণ হয়) রাইসরিষা। [ষ) সং, পুং, বিষ্ণু।
অসুররিপু, (অসুর—রিপু=শত্রু, ৬ষ্ঠী—
অসুরসা, (অ+সু+রস—৬ষ্ঠী—হিং)সং,

স্ত্রীং, বাবুইতুলসী। [স—পুং, বিষ্ণু।
অসুরসূদন, (অসুর+সূদন=বিনাশক)
অসুরাহ্ব, (অসুর — আহ্বা = নাম। অসুরের নামে নাম যাহার; অসুরের আগমন নিবারণার্থ যাহা পূজাকালীন বাদিত হয়, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, কাংস্য, কাঁসা।
অসুর্ক্ষণ, অসূর্ক্ষণ, অসূক্ষণ (অ—সূর্ক্ষ=অমান্য করা +অন—ভা। এখানে 'অ' শব্দের অর্থ নাই। র্—লোপ) সং, ক্লীং, অবজ্ঞা, অনাদর।
অসূক, (অসূ+নিন্দাকরা+কন্) বিং, ত্রিং, নিন্দুক, পরগুণাসহিষ্ণু।
অসূতি,(অ+সূ=প্রসব করা+ক্তি) সং, স্ত্রীং, প্রসবাভাব, বন্ধ্যাতা, নিষ্ফলতা।
অসূয়ক, অসূয়িতা, (অসূয়িতৃ, অসূয়া দেখ, অক, তৃ—ক) বিং, ত্রিং, যে অসূয়া করে।
অসূয়া, (অসূ=অনাদরকরা+আ—ভা, য—আগম পরগুণাসহিষ্ণু) সং, স্ত্রীং, পরগুণে দোষারোপ, নিন্দা। ক্রোধ। দ্বেষ। অত্রিপত্নী।
অসূর্য্যম্পশ্য, (অ—সূর্য্যম্=সূর্য্যকে—পশ্য [দৃশ্ = দেখা+শশ—ক] যে দেখে) বিং, ত্রিং, যে সূর্য্যকেও দেখিতে পায় না। সূর্য্যাদর্শী, অত্যন্ত গুপ্ত, যথা—অসূর্য্যম্পশ্যা রাজদারা, অসূর্য্যম্পশ্য পর্ব্বতীয় ভূভাগ।
অসূর্য্যম্পশ্যরূপা, (অসূর্য্যম্পশ্য—রূপ ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, যে স্ত্রীর রূপ সূর্য্যের মুখ দেখে না, অর্থাৎ যে স্ত্রী অন্তঃপুরেই আবদ্ধ থাকে কখন গৃহের বাহির হয় না।
অসৃক্, (অসৃজ্+অ—সৃজ্=সৃষ্টিকরা+ক্বিপ্—সংজ্ঞার্থে বা অস+ঋজ্) সং, ক্লীং, রক্ত, রুধির। কুঙ্কুম। ষোড়শযোগ।
অসৃক্কর, (অসৃজ্=রক্ত+কৃ + অল—যে করে) সং, পুং, ভুক্ত অন্নাদির রসরূপে পরিবর্ত্তন এবং অবশেষে সেই রসের রক্তরূপে পরিণতি।
অসৃক্প, (অসৃক্+রক্ত+প[পা+ড]=যে পান করে। যে রক্ত পান করে, ২য়া—ষ) সং পুং—স্ত্রীং, রক্তপায়ী। রাক্ষস।
অসৃক্দর, (অসৃজ্+দর) সং, পুং, যোনি হইতে রক্তাদি ধাতুক্ষরণ রোগ। প্রদর।
অসৃগ্ধরা, (অসৃক্—ধর=যে ধরে। যে রক্ত ধরে, ২য়া—ষ) সং, স্ত্রীং, চর্ম্ম।
অসৃগ্বহা, (অসৃজ্+বহ+আ) সং, স্ত্রীং, শোণিতের আধার স্থান। রক্তস্থলী।
অসেচনক, (অ—সিচ+অন = ক্ষরণ। যাহা হইতে চক্ষু ও মনের ক্ষরণ অর্থাৎ বিশ্লেষ হয় না, ৫মী—হিং।ক—স্বার্থে) বিং, ত্রিং, অতিপ্রিয়দর্শন, যাহাকে পুনঃ ২ দেখিয়া ও তৃপ্তি হয় না।
অসৌষ্ঠব, (অ+সুষ্ঠু+ষ্ণ) বিং, ত্রিং, শোভাহীন, ক্লীং শোভারাহিত্য। অলঙ্কার শাস্ত্রে স্মরদশা বিশেষ।
অস্খলিত, (অ—স্খলিত=ভ্রষ্ট) বিং, ত্রিং, অব্যাহত। স্থির, অবিচলিত।
অস্ত, (অস্+ক্ষেপণকরা+ত—ভা, র্ম। গ্রহাদির অস্ত অর্থাৎ অদর্শন আছে যাহাতে) সং, পুং, পশ্চিমাচল। ক্লীং, চন্দ্রসূর্য্যাদির অস্ত গমন। মৃত্যু। শেষ। অবসান। বিং, ত্রিং নিক্ষিপ্ত। প্রেরিত। ত্যক্ত। পাতিত। চালিত।
অস্তক, (অস্ত=অবসান, অদর্শন+ক—প্রং) সং, পুং, মুক্তি, মোক্ষ। নির্ব্বাণ।
অস্তগত, (অস্ত—গত, ২য়া—ষ) বিং, ত্রিং, অদর্শনপ্রাপ্ত, দৃষ্টিবহির্ভূত।
অস্তম্, (অস্=ক্ষেপণকরা+তম্—প্রং) সং, অং, অদর্শন। নাশ।
অস্তমন—ক্লীং, অস্তময়—পুং (অস্ত-মি+অল। অস্ত+মন্) অস্তগমন, তিরোধান। সূর্য্যাদির অদর্শন।
অস্তমিত, (অস্তম্—ইত=গত, ২য়া-ষ) বিং, ত্রিং, বিলুপ্ত। অস্তগত। বিনষ্ট।
অস্তাঘ, (অস্থাঘ—দেখ) বিং, ত্রিং, অগাধ. অতি গভীর।

অস্তাচল, (অস্ত—অচল, পর্ব্বত, যং =স) সং, পুং অস্তগিরি, পশ্চিমাচল।

অস্তি, (অস্=হওয়া+তিপ—বর্ত্তমান কালের প্রথম পুরুষের এক বচন) অং, বর্ত্তমান। স্থিতি। বিদ্যমানতা। সত্তা।

অস্তিত্ব, (অস্তি+ত্ব—ভাবে) সং, ক্লীং, স্থায়িত্ব, বিদ্যমানতা। সত্তা।

অস্তিম,(অস্তি+মৎ অস্ত্যর্থে। যাহার কিছু আছে) বিং, ত্রিং, ধনবান্, সমৃদ্ধিশালী।

অস্তু, (অস্=হওয়া+তু—প্রং। অনুজ্ঞার প্রথম পুরুষের এক বচন) অং, হউক। অনুজ্ঞা। অসূয়া। পীড়া। প্রশংসা। প্রকর্ষ। লক্ষণ। প্রতিক্ষেপ, অঙ্গীকার।

অস্তেন } (অ+স্তেন—স্তেয়= অস্তেয় } চৌর্য্য) সং, ক্লীং, সাধুতা, চৌর্য্যাদি দুষ্ক্রিয়াবিরহ।

অস্ত্যান, (অ=কুৎসিত-স্তৈ=শব্দকরা+ অন—ভা) সং, ক্লীং, তিরস্কার, নিন্দা।

অস্ত্র, (অস্=ক্ষেপণকরা+ত্র—সংজ্ঞার্থে) সং, ক্লীং, প্রহারসাধন দ্রব্য, খড়্গ, চর্ম্ম ধনুকাদি। [অস্ত্র) সং, পুং, বাণ।

অস্ত্রকণ্টক, (অস্ত্র—কণ্টক। কণ্টক সদৃশ

অস্ত্রবিদ্, (অস্ত্র—বিদ্=যে জানে) বিং, ত্রিং, অস্ত্রজ্ঞ।

অস্ত্রসায়ক, (অস্ত্র—সায়ক [সো=নাশ করা+অক—ক] যে নাশ করে। যে অন্যান্য অস্ত্র নাশ করে) সং, পুং, নারাচাস্ত্র, লৌহময় বাণ।

অস্ত্রাগার, (অস্ত্র—আগার=গৃহ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, যে গৃহে অস্ত্র থাকে।

অস্ত্রী, (অস্ত্রিন্, অস্ত্র+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, অস্ত্রধারী।

অস্থাগ, অস্থাঘ, (অ—স্থা = থাকা+ ক্বিপ—প্রং) স্থিতি, সীমা—গ 'গম্' ধাতুজ এবং ঘ 'হন্' ধাতুজ। যাহার সীমা পর্য্যন্ত গমন করা যায় না) বিং, ত্রিং, অগাধ, অতি গভীর।

অস্থান, (অ—স্থান) সং, ক্লীং, কুস্থান, অযোগ্য স্থান। অপাত্র।

অস্থাবর, (অ — স্থাবর = স্থায়ী পদার্থ বৃক্ষভূম্যাদি) বিং, ত্রিং, গমনশীল। জঙ্গম, গোহিরণ্যাদি স্থাবর ভিন্ন দ্রব্য।

অস্থায়িভাব, সং, পুং, ভাব মধ্যের সহিত নিম্ন ভাগের সংযোগ না থাকা।

অস্থার, (অস্থা [অস্থাগ দেখ]—র প্রা-প্ত্যর্থ 'রা' ধাতুজ। যাহার সীমা পাওয়া যায় না) বিং, ত্রিং, অগাধ, অতলস্পর্শ।

অস্থি, (অস্ = ক্ষেপণ করা+থি—প্রং) সং, ক্লীং, হাড়।

অস্থি-চর্ম্মাবশিষ্ট, বিং, ত্রিং, যাহার কেবল অস্থি ও চর্ম্মমাত্র অবশিষ্ট আছে, অতিশয় কৃশ। [সং, পুং, মজ্জা।

অস্থিজ, (অস্থি—জ=যে উৎপন্ন হয়)

অস্থিত-পাটীগণিত, (Arithmetic of infinites) এক প্রকার অঙ্কশাস্ত্র।

অস্থিতুণ্ড, (অস্থি = হাড়—তুণ্ড = মুখ যাহার মুখ বা ওষ্ঠাধর অস্থিময়, ৬ষ্ঠী—হিং) সং, পুং—স্ত্রীং, পক্ষী।

অস্থিধন্বন্, (অস্থি+ধনু+অন্, অস্থি যাহার ধনু, ৬ষ্ঠী—হিং) শিব।

অস্থিপঞ্জর, অস্থি=হাড়—পঞ্জর=পিঞ্জর সং, পুং, কঙ্কাল, শরীরের অস্থিসমূহ।

অস্থিভক্ষ, (অস্থি—ভক্ষ=যে ভক্ষণ করে) সং, পুং—হাড়গিলা পক্ষী। কুক্কুর।
অস্থিমালী, (অস্থিমালিন্=অস্থিমালা+ইন্—অস্ত্যর্থে। যাহার অস্থিমালা আছে) বিং, ত্রিং, অস্থিমালাধারী। সং, পুং, শিব।
অস্থির, (অ—স্থির=স্থায়ী) বিং, ত্রিং, অস্থায়ী, নশ্বর। অনিশ্চিত। অধীর, চঞ্চলস্বভাব, বিশ্বাসের অযোগ্য।
অস্থির-বায়ু-মণ্ডল, (Regions of the variable wind and calms) সং, ক্লীং, পৃথিবীর যে অংশ কখন ব্যাত্যা-বিশিষ্ট এবং কখন বা নির্ব্বাত থাকে।
অস্থিবিগ্রহ, সং, পুং, ভৃঙ্গী নামক শিবের অনুচর।
অস্থিসংহার, (অস্থি—সং-হৃ=হরণকরা, যোজনা করা ইত্যাদি+অ—ভা, ধি) সং, পুং, গ্রন্থিবিশিষ্ট বৃক্ষ, হাড়জোড়া।
অস্থিসঞ্চয়, সং, পুং, মৃত্যুর পর চতুর্থ দিবসে মৃত ব্যক্তির অস্থির সঞ্চয় করণ।
অস্থিসার, (অস্থি—সার=সারাংশ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অস্থিজাত মজ্জা। (৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, রক্ত-মাংস শূন্য। হাড়ি-সার।
অস্থ্যাধারদেহ, (Vertibrata, অস্থি—আধার—দেহ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, যাহাদের দেহের আধার অস্থি, যথা—মনুষ্য, পশু, পক্ষী, মৎস্য, কুম্ভীরাদি।
অস্নাবির, (অ—স্নাবির[স্নায়ু=সর্ব্ব শরীর ব্যাপী সূত্রবৎ সূক্ষ্ম শিরা বিশেষ+ইর—প্রং] শিরাবিশিষ্ট) বিং, ত্রিং, শিরা-বর্জ্জিত। স্থূল শরীর-শূন্য।
অস্নেহ, (অ+স্নেহ ৬ষ্ঠী+হিং) বিং, ত্রিং, নির্দ্দয়, শুষ্ক, রুক্ষ। পুং, বাৎসল্যাভাব। তৈলাভাব। [স্পর্শের অযোগ্য, অশুচি।
অস্পৃশ্য, (অ+স্পৃশ+য—র্ম্ম) বিং, ত্রিং,
অস্ফুট, (অ—স্ফুট=স্পষ্ট) বিং, ত্রিং, অব্যক্ত, অস্পষ্ট। অদৃষ্ট, অবিকসিত। সং, ক্লীং, অব্যক্ত বচন
অস্ফুটবাক্, (অস্ফুট—বাচ্=যে বলে) বিং, ত্রিং, অস্পষ্টবাদী। লোহল।
অস্মদ্, (অস্=হওয়া+মদ্—প্রং। উত্তম পুরুষ) সর্ব্বং, ত্রিং, আমি। দেহাভি-মানী জীব।
অস্মদীয়, (অস্মদ্—ইদমর্থে) বিং, ত্রিং, আমাদের সম্বন্ধীয়।
অস্মন্ত, (অশ্মন্তদেখ)সং, ক্লীং,উনন,চুল্লী।
অস্মি, (অস্=হওয়া + মি—প্রং। বর্ত্ত-মান কালের উত্তম পুরুষের এক বচন) অং, অহম, আমি।
অস্মিতা, (অস্মি+তা—ভাবে) সং, স্ত্রীং, অহঙ্কার, অহংজ্ঞান। অভিমান। সাং-খ্যমতে প্রধান পুরুষদ্বয়ের অভেদাভি-মান; মোহ।
অস্যবামীয়, সং, ক্লীং, "অস্যবামীয়মস্য বামস্য পতিতস্য এতৎ" ইতি ঋগ্বে-দোক্ত সূক্ত ভেদ।
অস্র, (অস্=ক্ষেপণকরা ইত্যাদি+র-—প্রং। রোগোপশমের নিমিত্ত যাহা ক্ষেপণ করা যায়) সং, ক্লীং, রক্ত। (দুঃখ হেতু যাহা নিক্ষিপ্ত হয়) চক্ষের জল। পুং, কেশ। কোন বস্তু বা গৃহাদির কোণ।
অস্রকণ্ঠ, (অস্র—কণ্ঠ=গলা)সং, পুং, বাণ।
অস্রজ, (অস্র=রক্ত+জ=উৎপন্ন) সং, ক্লীং, মাংস।
অস্রপ, (অস্র—পা=যে পান করে। যে রক্ত পান করে, ২য়া—ষ) সং, পুং, রাক্ষস। পা—স্ত্রীং, রাক্ষসী। জলৌকা, জোঁক।
অস্রমাতৃকা, সং, স্ত্রীং, শরীররসভুক্ত দ্রব্যের রসরূপ দেহস্থ প্রথম ধাতু।
অস্ররোধিনী, সং, স্ত্রীং, লজ্জাবতীলতা।
অস্রার্জ্জক, (অস্র+অর্জক=যে উপার্জ্জন করে) শ্বেত তুলসী বৃক্ষ।
অস্রু, (অস্=ক্ষেপণকরা+রু—সংজ্ঞার্থে) সং, ক্লীং, চক্ষুর জল, নেত্রাম্বু।
অস্বচ্ছন্দ, (অ—স্ব=আপনার—ছন্দ=

অভিলাষ, অধীনতা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, পরাধীন। আয়ত্ত।

অস্বতন্ত্র, (অ — স্ব = আপনার—তন্ত্র= অভিলাষ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, পরাধীন। আজ্ঞাবহ, পরবশ।

অস্বন্ত, (অ—সু=সুন্দর—অন্ত= শেষ, ৭মী—হিং) সং, ক্লীং, অশুভ। চুল্লী, উনান। (অসু=শরীরান্তর্গত প্রাণাদি পঞ্চবায়ু—অন্ত=শেষ, ৬ষ্ঠী—ষ) পুং, মরণ। বিং, ত্রিং, অতি দুরন্ত। কষ্টোন্মুখ। পরিণাম-বিরস।

অস্বপ্ন, (অ—স্বপ্ন = নিদ্রা। যাহাদের স্বপ্ন নাই, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অমর, দেব, দেবতা। বিং, ত্রিং, নিদ্রারহিত।

অস্বরস, (অ—স্বরস—আপন মত) বিং, ত্রিং, অকৌশল, মনোভঙ্গ। বিবাদ।

অস্বর্গ্য, (অ—স্বর্গ্য=স্বর্গসম্বন্ধীয়) বিং, ত্রিং, স্বর্গগমনের প্রতিবন্ধক, নরক—সাধক, অধোগতির কারণ।

অস্বস্তি, (অ—স্বস্তি=মঙ্গল) অং, অমঙ্গল

অস্বাধ্যায়, (অ—স্বাধ্যায়=বেদাধ্যয়ন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অধ্যয়ন নিষিদ্ধ কাল, অষ্টমী প্রভৃতি তিথি। বিং, ত্রিং, বিধিপূর্ব্বক বেদাধ্যয়ন বর্জ্জিত।

অস্বামিক, (অ—স্বামিন্ = প্রভু+ক—প্রং, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, স্বামিহীন। সাধারণাধিকৃত।

অস্বাস্থ্য (অ—স্বাস্থ্য=সুস্থতা) সং, ক্লীং, অসুস্থতা, পীড়া। উপদ্রব।

অস্বৈরী, (অস্বৈরিন্,=অ — স্বৈরিন্ = স্বাধীন) বিং, ত্রিং, পরাধীন। পরবশ।

অহ, (অ—হ=বধার্থ 'হন' ধাতুজ, অথবা অহ=ব্যাপা+অ—প্রং) অং, প্রশংসা। ক্ষেপন। নিয়োগ। নিগ্রহ। আচারাতিশয়। পূজা। [আমি।

অহং, (প্রথমান্ত=অস্মদ্—শব্দজ) অং,

অহংমদ, সং, পুং, আমি বড় এই প্রকার অভিমান, অহঙ্কার।

অহংযাতি, সং, পুং, সংজাতি রাজার পুত্র। স্বনাম খ্যাত নৃপবিশেষ।

অহংযু, (অহং+যু—অস্ত্যর্থে) বিং, ত্রিং, অহঙ্কৃত। গর্ব্বিত। পুং, যোদ্ধা।

অহঃপতি } (অহন্=দিন—পতি. ৬ষ্ঠী
অহর্পতি } -ষ। ন্=ঃ, র্)সং,পুং, সূর্য্য

অহঙ্কার—পুং } (অহং—কৃ=করা+
অহঙ্কৃতি—স্ত্রীং } ঘঞ্ ক্তি—ভা) সং, আপনাকে বড় জ্ঞানকরা, গর্ব্ব। অভিমানা ত্মকা অন্তঃকরণবৃত্তি।

অহঙ্কারী, (অহঙ্কারিন্-অহম্+কৃ+ণিন্—ক) বিং, ত্রিং, গর্ব্বিত। অভিমানযুক্ত।

অহঙ্কৃত, (অহঙ্কার=দেখ, ত—ক) বিং, ত্রিং, গর্ব্বিত, অহঙ্কারযুক্ত।

অহত, (—হন্=বধকরা+ত—র্ম) সং ক্লীং, নূতনবস্ত্র। বিং, স্ত্রীং, অক্ষত। অতাড়িত।

অহন, (অ+হা=ত্যাগকরা কনিন্) সং, ক্লীং, দিন, দিবস। বাসর।

অহম্, (অহ্=ব্যাপা+অম্=সংজ্ঞার্থে) অং, অহঙ্কার। অভিমান।

অহমহমিকা, (অহম—অহম+ইক—প্রং) সং, স্ত্রীং, পরস্পর অহঙ্কার, আমিই বড় আমিই বড় বলিয়া পরস্পর অহঙ্কারকরা

অহমিকা, (অহম্+ইক—প্রং) সং, স্ত্রীং, অহঙ্কার।

অহম্পূর্ব্বিকা, (অহম্—পূর্ব্ব+ইক—প্রং) সং, স্ত্রীং, আমিই অগ্রে যাইব আমি অগ্রেযাইব বলিয়া যোদ্ধাদিগের পরস্পর আগ্রহ প্রকাশ।

অহম্মতি, (অহম্=মতি=বুদ্ধি। অহং এই বুদ্ধি। কেহ বলেন—অহঙ্কার, প্রধানা মতি) সং, স্ত্রীং, অবিদ্যা, অজ্ঞান।

অহরহ, (অহন্=অহন্, দ্ব—সং) ক্রিং —বিং, প্রতিদিন। সর্ব্বদা।

অর্হগণ, সং, পুং, ত্রিংশৎ দিনান্তক মাস।

অহর্জ্জর, (অহন্=দিন+জর[জৄ=জীর্ণ কৃ +অল্] যে জীর্ণকরে।) সং, পুং সংবৎসর। বৎসর দিনের দ্বারা পরি

বর্ত্তমান হইয়া লোক দিগকে জীর্ণ করে বলিয়া ইহার নাম অহর্জ্জর হইল ।

অহর্দিব, (অহন্=দিবা, দ্বং—স) সং, ক্লীং, অহঃরহঃ ।

অহর্নিশ, (অহন্=দিন—নিশা=রাত্রি, দ্বং—স) সং, ক্লীং, ক্লীং, দিবারাত্র ।

অহর্ম্মণি, (অহন্—মণি=রত্ন, ৬ষ্ঠি—ষ) সং, পুং, দিনমণি, সূর্য্য ।

অহর্মুখ, (অহন্=দিন—মুখ=আদি, ৬ষ্ঠি—ষ) সং, ক্লীং, প্রভাত । দিনের প্রত্যূষ ।

অহল্য, (অ—হল্য=লাঙ্গলদ্বারা কৃষ্ট) বিং, ত্রিং, হলদ্বারা অকৃষ্টক্ষেত্র । (ল্যা) স্ত্রীং, গৌতমের পত্নী । অপ্সরা-বিশেষ ।

অহস্কর, (অহন্=দিন—কর=যে করে । যিনি দিবস করেন, ২য়া—ষ) সং, পুং, সূর্য্য, রবি, দিবাকর, দিনকর ।

অহস্ত, (অ+হস্ত ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহাদিগের হস্ত নাই । মৎস্যাদি ।

অহহ } (অহ 'অহম্' শব্দজ—হা
অহহা } + ক অং, অাঃ, খেদ । আনন্দ । সম্বোধন । প্রকর্ষ । অদ্ভুত ।

অহার্য্য, (অ—হার্য্য=হরণীয় । যাহা হরণ বা স্থানান্তর করা যায় না) সং পুং, পর্ব্বত । বিং, ত্রিং, অহরণীয় । অভেদ্য । অবহনীয় ।

অহি, (আ—হন্=বধকরা+ডি—সংজ্ঞার্থে । আ=অ । যে সকলের হিংসা করে । ক্রমদীশ্বর বলেন—অ—হা =ত্যাগকরা+ই—সংজ্ঞার্থে) সং, পুং, সর্প বৃত্রাসুর (অহ্=ব্যাপা+ই—সংজ্ঞার্থে) সূর্য্য । পথিক । রাহু ।

অহিংসা, (অ—হিংসা=ক্ষতি) সং, স্ত্রীং, হিংসার অভাব পীড়া না দেওয়া ।

অহিকা, সং, স্ত্রীং, শাল্মলী বৃক্ষ ।

অহিকান্ত, (অহি=সর্প—কান্ত=প্রিয় । অহির কান্ত । ৬ষ্ঠি—ষং, সর্পে বায়ু ভক্ষণ করিয়া প্রাণ ধারণ করে, এই নিমিত্ত বায় সর্পের প্রিয়) সং, পুং, বায়ু ।

অহিচ্ছত্র, (অহি=সর্প—ছত্র=ছাতা) সং, পুং, আর্য্যাবর্ত্তের অন্তঃপাতী পঞ্চাল দেশীয় নগর বিশেষ ।

অহিজিৎ } (অহি=কালিয়সর্প, বৃত্রা-
অহিদ্বিট্ } সুর সর্প—জিৎ[জি+ক্বিপ] যে জয় করে, দ্বিট্ [দ্বিষ+ক্বিপ্] যে দ্বেষ করে, ২য়া—ষ) সং, পুং, বিষ্ণু ইন্দ্র । গরুড় । ময়ূর । নকুল ।

অহিত, (অ—হিত=মঙ্গল । যাহা হইতে হিত নাই. ৫মী—হিং) সং, পুং, শত্রু । বিং, ত্রিং, অমঙ্গল । কুপথ্য । অনুপকারী ।

অহিতুণ্ডিক, (অহিতুণ্ড=সর্পমুখ+ষ্ণিক —ধারণার্থে) সং, পুং, সর্পধারক, সর্পখেলক, সাপুড়ে ।

অহিনকুলতা } (সং, স্ত্রীং, অহি এবং
অহিনকুলিকা } নকুলের ন্যায় বৈরিতা, চিরবিরোধ । স্বভাব বৈর ।

অহিনির্ম্মোক, সং, পুং, সর্পত্বক্ সাপের খোলশ ।

অহিফেন, (অহি=সর্প—ফেন=ফেনা । সর্পের ফেন অর্থাৎ বিষের ন্যায় তীব্র) সং, ক্লীং পুং, আফিং ।

অহিবুধ্ন, (অহি—বুধ্ন=গ্রীবা, ৬ষ্ঠি—হিং) সং, পুং, উত্তর ভাদ্রপদ নক্ষত্র । রুদ্র-বিশেষ ।

অহিব্রধ্ন, (অহি—ব্রধ্ন [ব্রধ=বন্ধকরা +ক) বদ্ধ, যাহার গ্রীবা সর্পদ্বারা বদ্ধ বা বেষ্টিত) শিব, মহাদেব ।

অহিভুক্, (অহিভুজ্=অহি— ভুক্ [ভুজ+ক্বিপ্] যে ভোজন করে । যে সর্প ভোজন করে, ২য়া—ষ) সং, পুং, গরুড় ময়ূর । নকুল ।

অহিমার, (অহি—মার [মৃ=ঘঞ] যে মারে)অহিলতা, সং, স্ত্রীং, নাগবল্লীলতা ।

অহীনগু, সং, পুং, স্বনামখ্যাত সূর্য্যবংশীয় নৃপতি বিশেষ ।

অহীরণি, (অহি—ঈর্=প্রেরণ করা+ অনি—ভা যে অন্যান্য সর্পদিগকে প্রেরণ করে অর্থাৎ যাহাকে দেখিলে

অন্যান্য ইতর সর্পেরা পলায়ন করে) সং, পুং, দ্বিমুখ সর্প।
অহীশ্বর, (অহি—ঈশ্বর, সর্পদিকের ঈশ্বর ৬ষ্ঠি—ষ) সং, পুং, বাসুকি, অনন্তদেব, সর্পরাজ। [সম্বোধন।
অহে, (অ—হা=অহ—এ, প্রং,) অং
অহেতুক, (অ—হেতু=কারণ যাহার হেতু নাই ৬ষ্ঠি—হিং। ক—যোগ) বিং, ত্রিং, অকারণ। আকস্মিক।
অহেরু, (অ—হি=গমনকরা+রু—সংজ্ঞার্থে। অনেক মূল আছে বলিয়া ইহা নড়ে না) সং, পুং, শতমূলী।
অহো, (অ—হা=ত্যাগকরা+ও—প্রং) অং, সম্বোধন। নিন্দা। করুণা, দয়া। অনুতাপ শোক। বিষাদ। প্রশংসা। শ্রান্তি। আশ্চর্য্য। দ্বৈধ। বিতর্ক। অতএব।
অহোরাত্র, (অহন্=দিন-রাত্রি,+ষ। দ্বং —স) সং, পুং, দিবারাত্র, দিন ও রাত্রি।
অহো-বত, অং, সম্বোধন। খেদ। অনুকম্পা।
অহ্নায়, (অ—হ্নু=গোপনকরা+ঘঞ—প্রং। উ=আব, ব=য) অং, ঝটিতি, শীঘ্র তৎক্ষণাৎ। যথা"অহ্নায় সা নিয়মজম্ ক্লমমুৎসর্স্জ" কুমারসম্ভব।
অহ্রিক, সং, পুং, বৌদ্ধ সন্যাসী।

আ

আ; আকার, দ্বিতীয় স্বরবর্ণ। সং, পুং, মহাদেব। ব্রহ্মা।
আ, (আপ=ব্যাপা+আ—প্রং। প—লোপ) অং,। ঈষৎ। সীমা, অবধি ব্যাপ্তি। সুখদুঃখবোধক শব্দ।
আং, (অম্=গমনকরা+০—প্রং। অ=আ) অং, স্বীকার, হাঁ। স্মরণ।
আংশিক, (অংশ+ইক—ইদমর্থে) বিং, ত্রিং, একদেশ সম্বন্ধীয়। অংশ-সম্বন্ধীয়।
আ, (আস্=উপবেশনকরা+ক্বিপ্-প্রং) অং, কোপ। পীড়া। তর্জ্জন। স্পর্দ্ধা।
আই, (দেশজ) সং, মাতামহী, মাতার মাতা। [বর্ত্তমান দিন।
আজ, (দেশজ) ক্রিং—বিং, অদ্য,
আইবড়, (অবর শব্দজ) বিং, অবিবাহিত, যার বিবাহ হয় নাই।
আক, (ইক্ষুশব্দজ) সং, ইক্ষু, যাহার রসে গুড় হয়। [পড়ন।
আওড়ান, (দেশজ) সং, আবৃত্তিকারণ,
আওতা, (দেশজ) সং, আবরন, আচ্ছাদন, ঢাকন। [অঙ্ক, সংখ্যাবিনিবেশ।
আঁক, (অঙ্ক শব্দজ) সং, চিহ্ন, দাগ,
আঁকুষি, (আকর্ষ বা আকর্ষণী শব্দজ) সং, যাহার দ্বারা ফল পুষ্পাদি আকর্ষণ করিয়া পাড়া যায়, নগা। [অক্ষি।
আঁখি, (অক্ষি শব্দজ) সং, চক্ষু, নেত্র,
আঁচ, (দেশজ) সং, উত্তাপ, তাপ উষ্ণতা। [স্ত্রীং, বস্ত্রের চোস।
আঁচল, আঁচলা, (অঞ্চলশব্দজ) সং,
আঁচান, (আচমন শব্দজ) সং, ভোজনান্তর হস্তমুখ প্রক্ষালন।
আঁজলা, (অঞ্জলি শব্দজ) সং, যুক্তকর দ্বয়, করপুট। [দৃঢ় করণ।
আঁটন, (দেশজ) সং, শক্তরূপে বন্ধন,
আঁটি, (দেশজ) সং, তৃণাদির কিয়ৎ পরিমিত মুষ্টি। [প্রসবগৃহ।
আঁতুড়, (দেশজ) সং, সুতিকাগার,
আঁৎ, (অন্ত্র শব্দজ) সং, নাড়ী, ভুঁড়ি আঁতড়ি। [শঙ্কা।
আঁৎকান, (দেশজ) সং, ভয়করণ, ত্রাস,
আঁধার, (অন্ধকার শব্দজ) সং, তিমির, তমঃ
আঁব, (আম্র শব্দজ) সং, চুত, আম।
আঁশ, (দেশজ) সং, আম্রাদি ফলের অন্তরস সম্পৃক্ততন্তু, চোঁচ, বস্ত্র গাত্রোত্থিত অংশু। মৎস্যাদির কণ্টক।
আকজ, (দেশজ) সং, আক্রোশ, শক্রতা।
আকণ্ঠ, (আ—অবধি=কণ্ঠ। গলদেশ)

আকথন, (আ=সম্মুখে+কথন=যে স্পর্দ্ধা করে) বিং, ত্রিং, অহঙ্কারী, চকিত।

আকম্পিত, (আ=ঈষৎ—কম্পিত) বিং, ত্রিং, ঈষৎ কম্পিত, আধূত।

আকর, (আ—কৃ=করা, উৎপন্ন হওয়া +অন্—ধি। যাহাতে স্বর্ণরৌপ্যাদি উৎপন্ন হয়) সং, পুং, খনি, ধাতু প্রভৃতির উৎপত্তি স্থান। সমূহ। আদি, মূল। শ্রেষ্ঠ। আধার। বংশ।

আকরিক, (আকর=খনি+ষ্ণিক—প্রং) বিং, ত্রিং, খনিজাত পদার্থ, স্বর্ণ রৌপ্যাদি। খনিতে নিযুক্ত।

আকর্ণ, (আ=অবধি—কর্ণ) ক্রিং-বিং, ক্লীং, কর্ণ পর্য্যন্ত।

আকর্ণচক্ষুঃ, (আকর্ণচক্ষুস্, আকর্ণ=কর্ণ-পর্য্যন্ত—চক্ষুস্) সং, ক্লীং, যে চক্ষু কর্ণ পর্য্যন্ত বিস্তৃত, বড় চোক্। বিং, ত্রিং, যাহার চক্ষু কর্ণ পর্য্যন্ত বিস্তৃত।

আকর্ণন, (আ—কর্ণ=শ্রবণকরা+অনট্—ভা) সং, ক্লীং, শ্রবণ, শুনা।

আকর্ণিত, (আকর্ণ দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, শ্রুত, যাহা শুনা গিয়াছে।

আকর্ষ, (আ—কৃষ্ [চসা] টানা+অল্-র্ম্ম, ভা, ধি) সং, পুং, পাশা। পাশ-ক্রীড়া। পাশা খেলার ছক্। আকর্ষণ। আঁকুশি।

আকর্ষক, (আকর্ষ দেখ, অক—ক) সং, পুং, চুম্বক পাতর। বিং, ত্রিং, যে আকর্ষণ করে, আকর্ষণকারী।

আকর্ষণ, (আকর্ষ দেখ, অন—ভা, ণ) সং, ক্লীং, টানিয়া আনা, টানিয়া লওয়া, বলপূর্ব্বক আনয়ন। জড় পদার্থের যে গুণ দ্বারা পরমাণু সমুদায় পরস্পরের প্রতি স্ব স্ব অভিমুখে বল প্রকাশ করে। (attraction) বিং, ত্রিং, যাহাদ্বারা টানিয়া আনা যায়। ঈ—স্ত্রীং, আকুঁশি, যাহার দ্বারা আকর্ষণ করাযায়। আকর্ষণকারিণী; যথা—আকর্ষণী শক্তি।

আকর্ষিক, (আকর্ষ দেখ, ষ্ণিক—প্রং) সং, পুং, চুম্বক লৌহ। বিং, ত্রিং, আকর্ষক।

আকলন, (আ—কল = গণনা করা, ইচ্ছা করা, টানা, ইত্যাদি+অনট্-ভা) সং, ক্লীং, আকাঙ্ক্ষা। আকর্ষণ। গণন। সংগ্রহ। বন্ধন। ধারণ।

আকলিত, (আকলন দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, আকৃষ্ট। বদ্ধ। সংগৃহীত। গণিত, সংখ্যাত। আকাঙ্ক্ষিত।

আকল্প, (আ—কৃপ=সমর্থ হওয়া, ভূষিত করা ইত্যাদি+অল্—ণ, ভা) সং, পুং, বেশ, ভূষা, সজ্জা। আভরণ। বৃদ্ধি, উন্নতি। কল্পনা। পীড়া। (আ=অবধি—কল্প) ক্রিং—বিং, ক্লীং, প্রলয়কাল পর্য্যন্ত।

আকল্পক, (আকল্প দেখ, অক—ক) সং, পুং, অজ্ঞান। ঔৎসুক্য। হর্ষ।

আকষ, (আ—কষ=বধ করা+অ-ধি) সং, পুং, কষ্টিপাতর।

আকষক, সং, বিং, ত্রিং, আকষে কুশল, কষণনিপুণ।

আকস্মিক, (অকস্মাৎ [অ—কস্মাৎ= কোনস্থান হইতে] কোনস্থান হইতে নহে+ষ্ণিক—ভাবার্থে) বিং, ত্রিং, অকস্মাৎ উৎপন্ন, অচিন্ত্যনিমিত্তক। হঠাৎ।

আকাঁড়া, (অকণ্ডিত শব্দজ) বিং, সতুষতণ্ডুল, অপরিস্কৃত চাউল। মহাবল পরক্রম।

আকাঙ্ক্ষা, (আ—কাঙ্ক্ষ=বাঞ্ছাকরা+আ—ভা) সং, স্ত্রীং, ইচ্ছা, স্পৃহা, অভিলাষ, বাঞ্ছা। আশা। প্রার্থনা। যে পদ বিনা যে পদের অন্বয় বোধ হয়না, তাহার সহিত তাহার আকাঙ্ক্ষা, যথা ক্রিয়াপদ ব্যতিরেকে কারকপদের দ্বারা অর্থগ্রহ হয়না বলিয়া ক্রিয়াপদের সহিত কারক পদের আকাঙ্ক্ষা আছে "যৎ পদেন বিনা যস্যাননুভাবকতা ভবেৎ। আকাঙ্ক্ষা বক্তুরিচ্ছা তু তাৎপর্য্যং পরিকীর্ত্তিতং"। ভাবা পরিচ্ছেদ।

আকায়, (আ—চি [একত্রকরা] বাস

করা+অ—ধি) সং, পুং, নিবাস, বাসস্থান। চিত্ত।

আকার, (আ—কৃ=করা, প্রকাশকরা +ঘঞ্) সং, পুং, যাহা দ্বারা বস্তু বা ব্যক্তিকে জানা যায়, আকৃতি, মূর্ত্তি। হৃদ্গতভাব, ইঙ্গিত। শোক হর্ষাদি সূচক মুখ ভঙ্গ্যাদি। চিহ্ন।

আকারগুপ্তি, (আকার=মুখবিকারাদি —গুপ্তি=গোপন, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, ভয় হর্ষাদি জনিত হৃদ্গতভাব বা মুখ বিকারাদি গোপন।

আকারণ, (আ—কারি=করান, ডাকা +অনট্—ভা) সং, ক্লীং, ণা—স্ত্রীং, আহ্বান, ডাকান।

আকারানুভাবকতা, (Perception of figure. আকার—অনুভাবকতা) সং,স্ত্রীং, যে বৃত্তিদ্বারা, আকারের অনুভব হয়।

আকারিত,(আকারণ দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, আহূত।

আকারোপলক্ষিত, (আকার—উপলক্ষিত, ৩য়া—ষ) বিং, ত্রিং, আকার বিশিষ্ট, আকারধারী। [দুঃসময়।

আকাল, (অকাল শব্দজ) সং, দুর্ভিক্ষ,

আকালিক, (অকাল+ঞ্চিক—ভবার্থে) বিং, ত্রিং,অসময়ে উৎপন্ন, অসাময়িক। ক্লীং, স্ত্রীং, বিদ্যুৎ। অসময়ে উৎপন্না।

আকাশ, (আ=সর্ব্বোতভাব—কাশ্ = দীপ্তি পাওয়া+অ—ক। যে সর্ব্বত্র দীপ্তি পায়) সং, পুং, ক্লীং, পঞ্চমভূত, গগন, অন্তরীক্ষ, শূন্য।

আকাশকক্ষা, (আকাশ—কক্ষ=কটিবন্ধন। ৬ষ্ঠী—ষ) সং,স্ত্রীং, গগণান্তরাল (Horizon) [কিনী।

আকাশগঙ্গা,—সং, স্ত্রীং, স্বর্গঙ্গা, মন্দা-

আকাশদীপ,—সং, পুং, লক্ষ্মী এবং নারায়ণ উদ্দেশে কার্ত্তিকমাসে দেয় আকাশ প্রদীপ।

আকাশ ভাষিত, (আকাশ—ভাষিত ভাষ্+ত—র্ম্ম=উক্ত। আকাশের প্রতি উক্ত) সং, ক্লীং, (নাট্যোক্তিতে) অকথিত বাক্য,"কিবলিতেছ" ইত্যাদি বাক্যদ্বারা কথন। "কিং ব্রবীষীতি যেন্নাট্যে বিনা পাত্রং প্রযুজ্যতে। শ্রুত্বেবানুক্তমপ্যর্থং তৎস্যাদাকাশভাষিতং" সাহিত্যদর্পণ।

আকাশমণ্ডল,(আকাশ—মণ্ডল=বৃত্ত)সং, ক্লীং, নভোমণ্ডল (Celestial sphere)

আকাশমূলী, আকাশ=ভূমি-শূন্যস্থান— মূলী=যাহার মূল আছে, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, জলের পানা।

আকাশযান, (আকাশ—যান [যা+অনট্=] যাহাদ্বারা যাওয়াযায়, শকট) সং, ক্লীং, ব্যোমযান, বেলুন।

আকাশবাণী, (আকাশ—বাণী বাক্য, ৭মী—ষ) সং, স্ত্রীং, অশরীরি বাক্য, দৈববাণী।

আকাশরক্ষী, আকাশরক্ষিন্, (আকাশ —রক্ষিন্=রক্ষক) সং, পুং, দুর্গের বহির্ভাগস্থ প্রাচীরের উপরিস্থিত চর

আকিঞ্চিন, (অকিঞ্চন+অ—ভাবে) সং, ক্লীং, অকিঞ্চনতা। চেষ্টা, প্রয়াস, যত্ন

আকীর্ণ, (আ—কৄ=বিক্ষেপকরা+ত—ক। ত=ণ) বিং, ত্রিং, ব্যাপ্ত, সংকুল, বিস্তীর্ণ। বিক্ষিপ্ত।

আকুঞ্চন, (আ—কুঞ্চ্ =কোঁকড়ান +অনট্ ভা) সং, ক্লীং, সঙ্কোচ, কোঁকড়ান। ঈষৎ বাঁকান।

আকুঞ্চিত, (আ=ঈষৎ—কুঞ্চ=কোঁকড়া +ত—ক) বিং, ত্রিং, ঈষৎ বক্রীকৃত। সঙ্কুচিত। [যকবস্তু আকুঞ্চিত হয়

আকুঞ্চিনীয়তা, যে ধর্ম্ম প্রযুক্ত জড়া

আকুণ্ডকুণ্ড, (দেশজ) সং, ঘোরতর কলহ, বিবাদবর্দ্ধন।

আকুল, (আ—কুল= [রাশিকরা] ব্যস্তহওয়া ইত্যাদি+অ—ক) বিং, ত্রিং ব্যগ্র। ব্যাকুল, উদ্বিগ্ন, কাতর। বিহ্বল। অসুস্থ। সন্দিহান। ভয়চকিত। সঙ্ক্ষোভিত। ব্যাপ্ত। আবিষ্ট

সসম্ভ্রম। সঙ্কীর্ণ। অস্পষ্ট। পরিপূর্ণ।
আকুলাকুল, (আকুল—দ্বিত্ব) বিং, ত্রিং, অতিব্যাকুল, অত্যন্ত আকুল।
আকূত, (আ—কূ=কাতর হইয়া শব্দ করা+ত—ভা) সং, ক্লীং, অভিপ্রায়। মনের ভাব।
আকূতি, সং, স্ত্রীং, স্বনাম-খ্যাতা স্বায়ম্ভুব মনুরকন্যা। অভিপ্রায়, আশয়। ইচ্ছা।
আকৃতি, (আ—কৃ=করা, ব্যক্তকরা+তি—ণ) সং, স্ত্রীং, অবয়ব-সংস্থান, আকার, মূর্ত্তি। প্রকার। (ন্যায়শাস্ত্র) সামান্যজাতি। "আকৃতির্জাতিলিঙ্গাখ্যা" ন্যায় সূত্র।
আকৃষ্ট, (আ—কৃষ্ [চসা) টানা+ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে আকর্ষণকরা হইয়াছে। বশীকৃত। গৃহীত।
আকেকর, (আ—কে=মস্তকে—কর=যে করে। চলনাদি দ্বারা যে নেত্রদ্বয় মস্তকের দিকে করে) বিং, ত্রিং, বক্রাক্ষি, টেরা। সং, পুং, মকররাশি। সং, স্ত্রীং, (রা) দৃষ্টি বিশেষ। দৃষ্টিরাকেকরা কিঞ্চিৎ স্ফুটাপাঙ্গে প্রসারিতা। মীলিতার্দ্ধা পুরালোকে তারাব্যাবর্ত্তনোত্তরা" নৃত্যবিলাস।
আক্রন্দ, (আ—ক্রন্দ্—রোদনকরা+অ—ভা, ধি) সং, পুং, রোদন, ক্রন্দন। চীৎকার। আহ্বান। মিত্র। ভ্রাতা। সমীপস্থ রাজার পশ্চাদ্বর্ত্তী রাজা। উপদ্রব। ভয়ানক যুদ্ধ। রোদন স্থান।
আক্রন্দিক, (আক্রন্দ+ষ্ণিক) বিং, ত্রিং, সাহায্যের নিমিত্ত যে দুঃখিত দিগের রোদনস্থানে গমন করে।
আক্রন্দিত, (আক্রন্দ=দেখ, ত—ভা) সং, ক্লীং, আর্ত্তনাদ, ক্রন্দন।
আক্রম—পুং
আক্রমণ—ক্লীং } (আ—ক্রম=গমন করা+অল্, অনট্-ভা) সং, অতিক্রম, ছাড়িয়া উঠা। আরোহণ। উদয়। অভিভব। অধিষ্ঠান। উপরে আসিয়া পড়া

আক্রা, (অক্রেয়=শব্দজ) বিং, দুর্মূল্য, মহার্ঘ।
আক্রান্ত, (আক্রম=দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, অতিক্রান্ত। অভিভূত। যাহার উপরে আক্রমণ করা যায়। ব্যাপ্ত।
আক্রামক, (আক্রম দেখ, অক—ক) বিং, ত্রিং, যে আক্রমণ করে।
আক্রীড়, (আ—ক্রীড়্=খেলাকরা+অ—ধি) সং, পুং, রাজকীয় উদ্যান। উপবন। ক্রীড়াস্থান "আক্রীড়পর্ব্বতাস্তেন কল্পিতাঃ স্বেষু বেশ্মসু" কুমার সম্ভব।
আক্রুষ্ট, (আক্রোশ=দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, তিরস্কৃত। নিন্দিত। অভিশপ্ত। অভিযুক্ত।
আক্রোশ—পুং
আক্রোশন—ক্লীং } (আ—ক্রুশ্ [রোদনকরা] ক্রোধ করা ইত্যাদি+ঘঞ্, অনট্—ভা) সং, কটূক্তি, ভর্ৎসনা। অভিসম্পাত, শাপ। ক্রোধ। অভিযোগ। নিন্দা।
আক্ষদ্যূতিক, (অক্ষদ্যূত=পাশক্রীড়া+ষ্ণিক) বিং, ত্রিং, পাশক্রীড়া দ্বারা জাত, পাশক্রীড়াজনিত শত্রুতা।
আক্ষপাটিক, (অক্ষপাট=ক্রীড়াস্থান বা ব্যবহার স্থান+ষ্ণিক—নিযুক্তার্থে) সং, পুং, ধর্ম্মাধ্যক্ষ। বিচার কর্ত্তা। অক্ষদর্শক।
আক্ষপাদ, (অক্ষপাদ=গোতম, ন্যায়শাস্ত্র প্রণেতা+ষ্ণ) সং, ক্লীং, ন্যায়শাস্ত্র।
আক্ষার—পুং
আক্ষারণ—ক্লীং
আক্ষারণা—স্ত্রীং } (আ—ক্ষারি [ফোঁটা ফোঁটা পড়া] গমন করা ইত্যাদি+অ, অনট্—ভা) সং, পরস্ত্রীগমন নিমিত্ত পুরুষের এবং পরপুরুষগমন নিমিত্ত স্ত্রীলোকের অপবাদ।
আক্ষারিত, (আক্ষার=দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, মৈথুনবিষয়ক অপবাদগ্রস্ত, দূষিত।
আক্ষিক, (অক্ষ=পাশক্রীড়া+ষ্ণিক) বিং, ত্রিং, পাশক্রীড়া সম্বন্ধীয়।
আক্ষিকপণ, (আক্ষিক—দেখ+পণ) সং, পুং, দ্যূতক্রীড়াতে কৃতপণ

আক্ষিপ্ত, (আক্ষেপ=দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহাতে আক্ষেপ জন্মিয়াছে, যথা —আক্ষিপ্ত চিত্ত। নিন্দিত। আকৃষ্ট।

আক্ষেপ, (আ—ক্ষিপ্ [ক্ষেপণকরা] খেদকরা ইত্যাদি+ঘঞ্—ভা) সং, পুং, অপবাদ, নিন্দা। ভর্ৎসনা। প্রতিষেধ। আকর্ষণ। অপহরণ। কাব্যের অলঙ্কার বিশেষ, বিবক্ষিত বিষয়ের বিশেষ প্রতিপাদনের নিমিত্ত নিষেধের ন্যায় যে উক্তি। "বস্তুনো বক্তুমিষ্টস্য বিশেষ প্রতিপত্তয়ে নিষেধাভাস আক্ষেপঃ" সাহিত্যদর্পণ। খেদ,মনস্তাপ। বিক্ষেপ।

আক্ষেপক, (আক্ষেপ দেখ, অক—ক) সং, পুং, নিন্দাকর। ব্যাধ। বাতরোগ-বিশেষ

আক্ষোট } আক্ষোড় } (অক্ষোট, অক্ষোড়+অ—স্বার্থে) সং, পুং, আখরোট্ গাছ।

[—ভা) সং, ক্লীং, মৃগয়া।

আক্ষোদন, (আ—ক্ষুদ্=চূর্ণকরা+অনট্

আখ } আখন } (আ—খন্=খনন করা+ড, অন—ণ। যাহার দ্বারা মৃত্তিকা খনন করা যায়) সং, পুং, খনিত্র, খন্তা।

[স্তির আড্ডা, পাঠশালা।

আখড়া, (দেশজ) গানের বা কু-

আখণ্ডল, (আ—খণ্ড্=ভগ্নকরা+ডল-চ্ সংজ্ঞার্থে। যিনি বজ্রদ্বারা পর্ব্বত ভাঙ্গেন বা শত্রুনাশ করেন) সং, পুং, ইন্দ্র, সহস্রাক্ষ।

আখনিক, (আ—খন্=খননকরা+ষ্ণিক — সংজ্ঞার্থে। যে মৃত্তিকা খনন করে) সং, পুং, চৌর। মূষিক। শূকর। বিং, ত্রিং, খননকারী।

আখনিকবক } আখর } (আখনিক দেখ, ইক-বক, অর—সংজ্ঞার্থে। যাহার দ্বারা মৃত্তিকা খনন করা যায়) সং, পুং, খনিত্র, খন্তা।

আখা, (আ—পূর্ব্ব—খন্ধাতুজ) সং, চুল্লী, উনান।

আখাত, (অখাত+ষ্ণ—স্বার্থে) সং, পুং,—স্ত্রীং, দেবখাত,অকৃত্রিম জলাশয়।

আখু, (আ—খন+ডু) সং, পুং, আখনিক দেখ। কৃপণ। শূকর, চৌর।

আখুগ, (আখু=মূষিক—গ=যে গমন করে) সং, পুং, মূষিকবাহন, গণেশ।

আখুঘাত, (আখু=ইন্দুর+ঘাত=যে বধ করে। যে ইন্দুরাদি বধ করে) সং, পুং, শূদ্রাদি নীচ জাতি। [চুম্বক প্রস্তর।

আখুপাষাণ, সং, পুং, পাষাণ বিশেষ।

আখুভুক্, আখুভুজ্, আখু=মূষিক—ভুক্ [ভুজ্=ভোজনকরা+ক্বিপ্] যে ভোজন করে। যে মূষিক ভোজন করে, ২য়া—ষ) সং, পুং, বিড়াল, মার্জ্জার।

আখুরথ, (আখু=মূষিক—রথ শকট, ৬ষ্ঠী —হিং) সং, পুং, মূষিকবাহন, গণেশ।

আখেট } আখেটক } আ—খিট্ [ত্রাসিতকরা] মৃগয়াকরা+ঘঞ্—ভা। ক —স্বার্থে) সং, পুং, মৃগয়া, পশুপক্ষি শিকার। ভীতি, ত্রাস। (পূর্ব্ব ব্যুৎপত্তি দেখ, অক—ক) শিকারী, যে সকল জীব অপর জন্তু ধরিয়া তাহার মাংস দ্বারা জীবিকা নির্ব্বাহ করে।

আখেটশীর্ষক, (আখেট=ভীতিপ্রদ+শীর্ষক=মস্তক, প্রধান অংশ। ৬ষ্ঠী—হিং) সুড়ঙ্গ। সুড়ঙ্গের, ভিতর অন্ধকার প্রযুক্ত যাইতে ভয় করে বলিয়া ইহার নাম অখেট শীর্ষক হইল।

আখেটিক, (আখেট=মৃগয়া+ষ্ণিক—নিপুণার্থে) সং, পুং, শিকারী কুক্কুর। যে মৃগয়া করে। যে মৃগয়া দ্বারা জীবিকা নির্ব্বাহ করে। বিং, ত্রিং, মৃগয়া-সংক্রান্ত।

আখ্যা. (আ—খ্যা=বলা+আ—ভা) সং, স্ত্রীং, নাম, সংজ্ঞা "উমেতি মাত্রা তপসো নিষিদ্ধা পশ্চাদুমাখ্যাং সুমুখী জগাম" কুমার সম্ভব। কথন।

আখ্যাত, (আখ্যা দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, কথিত। তিঙন্তপদ, তি প্রভৃতি বিভক্তি।

আখ্যান, (আ—খ্যা=বলা+অনট্—ভা, র্ম্ম) সং, ক্লীং, কথন। নামোল্লেখ। ইতিহাস। উপন্যাস, কল্পিতবৃত্তান্ত। প্রসিদ্ধ ইতিবৃত্তকথন। রামায়ণ মহাভারতাদির সর্গ।

আখ্যানক,--(আখ্যান—ক--অল্পার্থে) সং. পুং, ক্ষুদ্র উপাখ্যান।

আখ্যায়িকা, (আখ্যান দেখ, অক—প্রং। য—আগমন) সং স্ত্রীং, ইতিহাস বা উপন্যাস গ্রন্থ।

আখ্যায়ী, (আখ্যায়িন্,=আখ্যান দেখ, ইন্—ক) বিং, ত্রিং, কথয়িতা।

আখ্যেয়, (আ-খ্যা=বলা+য—র্ম্ম) বিং, ত্রিং, কথনীয়। "শব্দাখ্যেয়ং যদপি কিল তে যঃ সখীনাং পুরস্তাৎ" মেঘদূত।

আগঃ, (আগস্, ই=গমনকরা+অস্—প্রং। ই=আগ্। যাহার দ্বারা অধোগমন করে) সং, ক্লীং, অপরাধ। ক্ষতি। পাপ।

আগ্, (দেশজ) বিবাহাদি মঙ্গল কর্ম্মের সময় পিটুলি দ্বারা নির্ম্মিত বরণডালার নাম বিশেষ, শ্রী। [ধান্য।

আগ্‌ড়া, (দেশজ) সং, তুচ্ছধান্য, শস্যহীন

আগত, (আ—গম [গমনকরা] আসা+ত—ক। লোপ) বিং, ত্রিং, উপস্থিত। প্রাপ্ত। সং, ক্লীং, আগমন।

আগন্তু, আগান্তু (আ—গম্ [যাওয়া] আসা+তু—প্রং) বিং, ত্রিং, অতিথি, অভ্যাগত। আগত। অনিয়ত স্থায়ী। আকস্মিক আঘাতাদি। অজ্ঞাতস্বামিক গোমেষাদি।

আগন্তুক, (আ+গম+তুন্—ক—স্বার্থে) বিং, ত্রিং, অকস্মাৎ উপস্থিত। অভ্যাগত, অতিথি। আগত।

আগম, (আ—গম্=[যাওয়া] আসা—অল—ধি, ভা) সং, পুং, ক্লীং, বেদাদিশাস্ত্র। তন্ত্রশাস্ত্র। শাস্ত্রাভ্যাস। লেখ্যাদি প্রমাণ। আয়, অর্থাদির আগম। লাভ। পুং, আগমন। উপদেশ। ব্যাকরণে প্রকৃতি প্রত্যয়কে পরিবর্ত্তিত না করিয়া যে বর্ণ উপস্থিত হয়। "আ" গতং পঞ্চবক্ত্রাত্তু (শিববক্ত্রেভ্যো) "গ" তঞ্চ গিরিজাননে (গিরিজা শ্রুতৌ) "ম" তঞ্চ বাসুদেবস্য তস্মাদাগম মুচ্যতে।

আগমন, (আ+গম—অনট্—ভা) সং, ক্লীং, উপস্থিতি, আসা।

আগমিত, (আ—গম+ণি (গমনকরান) অধ্যয়ন করা ইত্যাদি+ত—র্ম্ম) বিং, ত্রিং, অধীত, পঠিত, অভ্যস্ত। জ্ঞাত। প্রাপ্ত। [পাপ, অপরাধ, দোষ।

আগস, (আ—ইন্—অস) সং, ক্লীং,

আগস্কৃত, (আগস্=অপরাধ—কৃ+ত=যে করিয়াছে। যে অপরাধ করিয়াছে) বিং, ত্রিং, অপরাধী। [ধার, কিনারা।

আগা, (অগ্র=শব্দজ) সং, অগ্র, ডগা,

আগাধ, (অগাধ+অ—স্বার্থে) বিং ত্রিং, অতি গভীর।

আগামী, (আগামিন্, আ— গম্=[গমন করা] আসা+ণিন্=ক; ভবিষ্যৎকালে) বিং, ত্রিং, ভবিষ্যৎ, ভাবী, যাহা আসিবে। আগন্তুক।

আগার, (আ+গৄ+ঘঞ্) সং, ক্লীং, গৃহ।

আগুর্ } সং, স্ত্রীং } প্রতিজ্ঞা।
আগুড় } সং, ক্লীং }

আগুড়ী, (আ—পূর্ব্ব—গম্ ধাতুজ) বিং, আগামী, অগ্রিম।

আগুন, (অগ্নি=শব্দজ) সং, বহ্নি, অনল।

আগূ, (আ+গম+ক্বিপ্ অ, উ) সং, স্ত্রীং, প্রতিজ্ঞা, প্রতিশ্রুত।

আগ্নিমারুত, (অগ্নিমরুৎ + ষ্ণ। অগ্নি এবং বায়ু দৈবত) সং, ক্লীং, অগ্নি এবং বায়ুর উদ্দেশে দেয় ঘৃত ভেদ।

আগ্নীধ্র, সং, পুং, স্বায়ম্ভুব মনুর পুত্র স্বনাম খ্যাত মুনিবিশেষ। [থমে, পূর্ব্বে।

আগে, (অগ্রে=শব্দজ) ক্রিং,—বিং, প্র-

আগোড়, (দেশজ) সং, আবরণ, ঝাঁপ।

আগ্নেয়, (অগ্নি+ষ্ণেয়) সং, পুং, অগস্ত্যমুনি। য়ী—স্ত্রীং, অগ্নিপত্নী, স্বাহা।

অগ্নিকোণ। ক্লীং, নগরবিশেষ। রক্ত। রক্তবর্ণ। স্বর্ণ। ঘৃত। অগ্নিপুরাণ। বিং, ত্রিং, অগ্নিসম্বন্ধীয়, অগ্নিজন্য, অগ্নিকর।

আগ্নেয়গিরি, (Volcano) সং, পুং, যে পর্ব্বত হইতে অগ্নি ও ধাতুনিঃস্রব নির্গত হয়।

আগ্নেয়-প্রস্তর, (Volcanic Formation) যে প্রস্তর সকল অগ্নির সাহায্যে তাহাদের বর্ত্তমানাবস্থা প্রাপ্ত হইয়াছে, অর্থাৎ যাহারা অগ্নি দ্বারা দ্রব হওনানন্তর শীতল হইয়া বর্ত্তমান রূপ ধারণ করিয়াছে।

আগ্নেয়ব্রত, (সং, পুং, দুষ্টের দমন এবং শিষ্টের পালনরূপ রাজধর্ম্ম। দুষ্ট রাজগণের বিনাশ, যথা দুষ্টসামন্তহিংস্রশ্চ তদাগ্নেয়ং ব্রতং স্মৃতং" মনু।

আগ্রয়ণ, সং, ক্লীং, শস্য পাকান্তে সমাধেয় যাগবিশেষ।

আগ্রহ, (আ—গ্রহ=[গ্রহণ করা] যত্ন করা। ইত্যাদি+অ-ভা) সং, পুং, অতিযত্ন। আশক্তি অতিব্যগ্রতা। আক্রমণ। অনুগ্রহ। সাহায্য। সামর্থ্য। গ্রহণ।

আগ্রহায়ণ } (অগ্রহায়ণ+ষ্ণ-ষ্ণিক
আগ্রহায়ণিক } স্বার্থে) সং, পুং, অগ্রহায়ণ মাস, মার্গশীর্ষ মাস।

আগ্রহায়ণী, (অগ্রহায়ণ+ষ্ণ—ভবার্থে। স্ত্রীলিঙ্গে—ঈ) সং, স্ত্রীং, অগ্রহায়ণ পূর্ণিমা। মৃগশিরা নক্ষত্র।

আগ্রহারিক, (অগ্রহার+ষ্ণিক—প্রং) সং, পুং, অগ্রদানী ব্রাহ্মণ।

আঘট্টন, (আ—ঘট্ট=চালিত করা+অনট্—) সং, ক্লীং, স্ত্রীং, (না) সঙ্ঘট্টন। আঘাত।

আঘাট, (অঘট্ট=শব্দজ) কুঘাট। (অ—ঘাটি=হিংসাকরা+অ-প্রং)পুং,সীমা। আপাং গাছ।

আঘাত, (আ—হন্=বধকরা+ঘঞ্—ভা, ধি। হন্—ঘাত) সং, পুং, প্রহার। বধ। বধস্থান। আঘট্টন। ছেদন, তাড়ন "যথা পাদাঘাতাদশোকং বিকসতি বকুলং যোষিতামাস্যমদ্যৈঃ"।

আঘাতক, (আঘাত—দেখ, অক—ক) বিং, ত্রিং, (তিকা)—স্ত্রীং, যে আঘাত করে।

আঘাতন, (আ—ঘাতি=বধকরান+অনট্—ধি) সং, ক্লীং, বধ্যগৃহ, হত্যাস্থান।

আঘার, (আ—ঘৃ=সেচনকরা+ঘঞ্-সংজ্ঞার্থে) যাহা অগ্নিতে সেচন করা যায়) সং, পুং, ঘৃত, আজ্য। হোম।

আঘূর্ণন, (আ—ঘূর্ণ্ =ভ্রমণ করা+অনট্—ভা) সং, ক্লীং, চক্রের ন্যায় ভ্রমণ, ফিরণ। পরিভ্রমণ, ঘোরান।

আঘূর্ণিত, (আঘূর্ণন দেখ, ত—র্ম্ম) বিং ত্রিং, ভ্রামিত।

আঘোষিত, (আ=সম্যক্‌রূপে ঘোষি=শব্দকরান+ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রচারিত, যাহা ঘোষণা করিয়া দেওয়া হইয়াছে।

আঘ্রাণ, (আ—ঘ্রা=গন্ধগ্রহণকরা, শোঁকা+অনট্—ভা) সং, ক্লীং, গন্ধগ্রহণ। সন্তোষ, তৃপ্তি।

আঘ্রাত, (আঘ্রাণ দেখ, ত—র্ম্ম) বিং,ত্রিং, যাহা ঘ্রাণ করা গিয়াছে। ক্রান্ত। সন্তুষ্ট। তৃপ্ত। [অঙ্গ বিং, ত্রিং, অঙ্গসম্বন্ধীয়

আঙ্গ,(অঙ্গ+ষ্ণ—প্রং) সং, ক্লীং,কোমল

আঙ্গটি, (অঙ্গুরি শব্দজ) সং, অঙ্গুরিয়ক, আঙুলের আভরণ। [কয়লা।

আঙ্গরা, (অঙ্গার শব্দজ) সং, দগ্ধকাষ্ঠ,

আঙ্গার, (অঙ্গার+ষ্ণ—সমূহার্থে) সং, ক্লীং, অঙ্গাররাশি, অঙ্গার সমূহ)।

আঙ্গার্য্যস্তর, (Carboniferous Formation) ভূগোলবেত্তারা কহেন যে, বারুণস্তর তিনযুগে উৎপন্ন হইয়াছে, তন্মধ্যে প্রথম যুগে ছয় জাতীয় স্তর উৎপন্ন হয়। প্রথম যুগোৎপন্ন পঞ্চম জাতীয় স্তরকে "আঙ্গার্য্যস্তর" কহে।

আঙ্গিক, (অঙ্গ+ষ্ণিক—কৃতার্থে) বিং, ত্রিং, অঙ্গজাত, অঙ্গ সম্বন্ধীয়। অঙ্গনিষ্পন্ন ভাবব্যঞ্জক ভ্রূবিক্ষেপাদি। যথা "ভবেদভিনয়োবস্থানুকারঃ স চতুর্ব্বিধঃ। আঙ্গিকো বাচিকশ্চৈবমাহার্য্যঃ সাত্ত্বিকস্তথা।" সাহিত্যদর্পণ। সং, ক্লীং মৃদঙ্গবাদ্য। [উঠান।

আঙ্গিনা, (অঙ্গন শব্দজ) সং, চত্বর,

আঙ্গিরস, (অঙ্গিরস=ঋষিবিশেষ+ষ্ণ—অপত্যার্থে) সং, পুং, বৃহস্পতি, দেবগুরু।

আচক্ষুস্, (আ—চক্ষ=বাক্য কথন+উস্) সং, পুং, পণ্ডিত, বিদ্বান, জ্ঞানী।

আচতুরং, (আ—চতুরম্) অং, ত্রিং, বিং, চতুর্থ পুরুষ পর্য্যন্ত।

আচমন, (আ—চম্ = ভোজনকরা+অনট্—ভা) সং, ক্লীং, পূজাদির পূর্ব্বে জলদ্বারা বিধিপূর্ব্বক দেহশোধন। ভোজনোত্তর মুখ প্রক্ষালন। হরণ।

আচমনক, (আচমন—ক=জল। মুখ প্রক্ষালনের জল যাহাতে থাকে, ৭মী—হিং) সং, পুং, নিষ্ঠীবন পাত্র, পিক্‌দান।

আচমনীয় (আচমন দেখ, নীয়—র্ম্ম) সং, ক্লীং, মুখ প্রক্ষালনের জল। ভক্ষ্য দ্রব্য।

আচম্বিৎ, (দেশজ) অং, অকস্মাৎ, দৈবাৎ, হঠাৎ।

আচরণ—ক্লীং, আচরিত—ক্লীং, আচার—পুং } (আ—চর্ = গমন করা, ব্যবহারকরা ইত্যাদি + অনট্, ত, ঘঞ্—ভা) সং, অনুষ্ঠান। ব্যবহার। নিয়ম। রীতি।

আচরিত, (আচরণ দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, অনুষ্ঠিত, কৃত। ব্যবহৃত।

আচান্ত, (আচমন দেখ, ক্ত—ক। ম্=ন্) বিং, ত্রিং, যে আচমন করিয়াছে।

আচাম, (আচমন দেখ, ঘঞ্—ভা) সং, পুং, আচমন। ভক্ষণ। পান। ভাতের মাড়।

আচার, (আ+চর+ঘঞ্) সং, পুং, আচরণ। নিয়ম, রীতি, পদ্ধতি যথা "আচার ইত্যধিকৃতেন ময়া গৃহীতা" শকুন্তলা।

আচারবান্, (আচারবৎ, আচার+বৎ—অস্ত্যর্থে) সং, পুং, নিয়মবান্, আচারবিশিষ্ট।

আচারাঙ্গ, সং, ক্লীং জৈনদিগের নয় প্রকার অঙ্গশাস্ত্র মধ্যে পরিগণিত ধর্ম্মশাস্ত্র বিশেষ।

আচারিক, (আচার+ষ্ণিক) বিং, ত্রিং, সদাচারানুগত। শাস্ত্র বিহিত।

আচার্য্য, (আ—চর্=গমনকরা, শিক্ষা দেওয়া+ণ্যপ্—ক) সং, পুং, বেদাধ্যাপক। শিক্ষাগুরু। দ্রোণাচার্য্য। দৈবজ্ঞ ব্রাহ্মণ।

আচার্য্যক (আচার্য্য+ কন্—ইদমর্থে) সং, ক্লীং, আচার্য্য কর্ম্ম, উপদেশ।

আচার্য্যা, (আচার্য্য দেখ, স্ত্রীলিঙ্গে—আ) সং, স্ত্রীং, বেদমন্ত্রাদির শিক্ষাদায়িনী। আচার্য্যাণী। সং, স্ত্রীং, আচার্য্যপত্নী।

আচিখ্যাসা, (আ—চিখ্যাসা [খ্যা=কথন+সন্] বলিবার ইচ্ছা) সং, স্ত্রীং, কথনের ইচ্ছা। বিপক্ষ।

আচিখ্যাসোপামা, সং, স্ত্রীং, অলঙ্কার শাস্ত্রে উপমাভেদ, যথা "চন্দ্রেন ত্বন্মুখং তুল্যলমিত্যাচিখ্যা সুমে মনঃ। স গুণো ব স্তুদো ষোবেত্যাচিখ্যাসোপমাংবিদুঃ।" কার্য্যাদর্শ।

আচিত, (আ—চি=একত্রকরা ইত্যাদি+ত—ক) সং, পুং,—দশ ভার পরিমাণ, পঁচিশ মন। বিং, ত্রিং, সঞ্চিত, রাশীকৃত, গ্রথিত। আচ্ছাদিত। ব্যাপ্ত। গ্রথিত।

আচূষণ, (আ—চুষ=চুষা+অনট্—ভা) সং, ক্লীং, আকর্ষণ, চুষে লওয়া। শৃঙ্গাদির দ্বারা গাত্রের দূষিত রক্ত মোক্ষণ।

আচোট, (দেশজ) বিং অনাকৃষ্ট, পতিত, যাহা চসা হয় নাই।

আচ্ছন্ন, (আ—ছদ্=আবরণকরা+ণিচ্ ত—র্ম্ম) বিং, ত্রিং, আবৃত, ঢাকা। অভিভূত।

আচ্ছা, (দেশজ) অং, হাঁ, স্বীকার।
আচ্ছাদ—পুং } (আ—ছাদি=আ-
আচ্ছাদন—ক্লীং } বরণকরা+ঘঞ্, অনট্—ণ, ভা) সং, আবরণ। ঢাক্নি। বস্ত্র। পরিধান। বিং,ত্রিং, যাহা দ্বারা ঢাকিয়া দেওয়া যায়, যথা—আচ্ছাদবস্ত্র।
আচ্ছাদক, (আ—ছিদ+ত, অক—ক) বিং,ত্রিং,যে আচ্ছাদন করে, আবরক।
আচ্ছাদিত, (আচ্ছাদ দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, আবৃত, ঢাকা।
আচ্ছিন্ন, (আ—ছিদ+ত—র্ম্ম) বিং, ত্রিং, বলদ্বারা গৃহীত, ছিনিয়া লওয়া।
আচ্ছুক, সং, পুং, আচ্ ফুলের গাছ।
আচ্ছুরিত, (আ—চ্ছুর্=ছেদনকরা, শব্দকরা+ত—ভা) সং, ক্লীং, সশব্দ হাস্য। ঘোড়ার হাসি। নখেনখে শব্দ। নখাদিরদ্বারা আহত।
আচ্ছুরিতক, (আচ্ছুরিত+ক—স্বার্থে) সং, ক্লীং, হাস্য। ঘোরতর চিঁহিঁ শব্দ। নখবাদ্য।
আচ্ছেদ, (আ—ছিদ্ [ছেদনকরা] বল-পূর্ব্বক লওয়া+ঘঞ্—ভা) সং, পুং, ছিনিয়া লওন। ছেদন। কর্ত্তন।
আচ্ছোদন, (আ চুদ্=প্রেরণ করা, ভোজন করা+অনট্—ধি। চ=চ্ছ) সং, ক্লীং, মৃগয়া, পশুপক্ষ্যাদি শিকার।
আজ, (আ—অজ্ গমনকরা+অ—প্রং) সং, ক্লীং, ঘৃত। (অজ+ষ্ণ—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, অজ-সম্বন্ধীয়।
আজক, (অজ+ক—সমূহার্থে) সং, ক্লীং, ছাগলের পাল।
আজকার,—সং, পুং, মহাদেবের বৃষ।
আজগব, (অজগব+অ—প্রং) সং, ক্লীং, শিবধনু।
আজনন, (আ+জনন [জন=জন্ম গ্রহণ করা+অনট্] জন্ম) সং, ক্লীং, পুনর্জ্জন্ম পর্য্যন্ত। যাবজ্জীবন, আমরণ।
আজন্ম, (আজন্মন্, আ অবধি—জন্মন্) ক্রিং-বিং, ক্লীং, জন্মাবধি। যাবজ্জীবন। "আজন্মনঃ শাঠ্যমশিক্ষিতো যৈঃ" শকুন্তলা।
আজমীর, সং, পুং, বিদুর।
আজান, (আ—জন+ঘঞ্) সং, ক্লীং, দেবলোক। স্বভাব।
আজানু, (আ=অবধি—জানু) ক্রিং বিং, ক্লীং, জানুদেশ পর্য্যন্ত।
আজানুলম্বিত,(আজানু=জানুদেশ পর্য্যন্ত লম্বিত) বিং,ত্রিং,জানুদেশপর্য্যন্ত লম্বমান
আজানেয়, (অজ=গমন—আনেয়=আ-নীত। অথবা আ—জ্ঞা—নেয়শ্ বহু বাধার মধ্যে গমন করিলেও যে আনীত হয় অর্থাৎ যে সংগ্রাম মধ্যে অতি প্রহা-রিত হইলেও আপনার প্রভুকে ত্যাগ করে না) সং, পুং, সুজাতীয় অশ্ব। "শক্তিভির্ভিন্নহৃদয়াঃ স্খলন্তশ্চ পদে পদে, আজানন্তি যতঃ সংজ্ঞামাজা-নেয়াস্ততঃস্মৃতাঃ।"
আজি, (আ—অজ্=গমনকরা+ই—প্রং) সং, স্ত্রীং, যুদ্ধ, সংগ্রাম। যুদ্ধভূমি। সমান ভূমি। নির্দ্দিষ্ট ক্ষণ। নিন্দা। আ-ক্ষেপ। (দেশজ) ক্রিং-বিং, অদ্য, এই দিন।
আজীব, (আ—জীব=প্রাণধারণকরা+অ—ণ। যাহার দ্বারা বাঁচা যায়) সং, পুং, উপজীবিকা, জীবনোপায় "অলে কধেহি কীদিশে দে আজীবো" শকুন্তলা।
আজীবন, (আজীব=দেখ, অনট্—ভা) সং, ক্লীং, আজীব, জীবিকা। ক্রিং, বিং, জীবনকাল ব্যাপিয়া, যাবজ্জীবন।
আজীব্য, (আজীব=দেখ, য—প্রং) বিং, ত্রিং, উপজীব্য, অবলম্বন।
আজু,(আ—জু=বেগেচলা+ক্বিপ্—প্রং, কিম্বা আ—জন্=জন্মান+উ—প্রং)সং, স্ত্রীং, বেতন বিনা কর্ম্মকরা, বেগার।
আজ্ঞপ্ত, (আ—জ্ঞপি [জানান] আদেশ করা+ত—র্ম্ম) বিং, ত্রিং, আদিষ্ট, অনু-জ্ঞাত, অনুমত, অনুমতি প্রাপ্ত।
আজ্ঞা, (আ—জ্ঞা [জানা] আদেশকরা

+অচ—ভা) সং, স্ত্রীং, আদেশ,নিদেশ, নিয়োগ। আপনার অপেক্ষা নিকৃষ্ট ব্যক্তিকে কোন কর্ম্ম করিতে বলা। জ্যোতিষ প্রসিদ্ধ স্থান বিশেষ,লগ্ন হইতে দশম স্থান।

আজ্ঞাকারী, (আজ্ঞাকারিন্,=আজ্ঞা—কারী=যে করে। যে আজ্ঞা পালন করে, ২য়া—ষ) বিং, ত্রিং, আজ্ঞাবহ, আজ্ঞানুবর্ত্তী।

আজ্ঞাচক্র, (আজ্ঞা—চক্র=চাকা) সং, ক্লীং, তন্ত্রশাস্ত্র প্রসিদ্ধ ষট্ চক্রের অন্তর্ভূত ষষ্ঠ চক্র। [নামা।

আজ্ঞাপত্র, সং, ক্লীং, আদেশ পত্র, হুকুম-

আজ্ঞানুবর্ত্তী, (আজ্ঞানুবর্ত্তিন্, আজ্ঞা—অনু=অনুযায়ী—বর্ত্তিন্=যে বিদ্যমান থাকে) বিং, ত্রিং, আজ্ঞাকারী, আদেশ প্রতিপালক। [বিং, ত্রিং, আজ্ঞাকারী।

আজ্ঞাবহ, (আজ্ঞা—বহ=যে বহন করে)

আজ্ঞাবিঘাত, (আজ্ঞা—বিঘাত=বিনাশ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, আজ্ঞাভঙ্গ।

আজ্য, (আ—অঞ্জ=গমনকরা, ম্রক্ষিত করা+ক্যপ.) সং, ক্লীং, হবি, ঘৃত। যাগক্রিয়াসাধন তৈলদুগ্ধাদি।

আজ্যপ, (আজ্য=ঘৃত—পা=পানকরা +ড) সং, পুং, পুলস্ত্য মুনির পুত্র, বৈশ্য দিগের পূর্ব্বপুরুষ। এই শব্দটী সচরাচর বহু বচনে ব্যবহৃত হয়।

আজ্যস্তোত্র, সং, ক্লীং, সামবেদী দিগের প্রাতঃ স্নানান্তর গীয়মান স্তোত্র চতুষ্টয়।

আঝাল, (দেশজ, আ=না—ঝাল) বিং, কটুরস-বিহীন, ঝালরহিত।

আঞ্জিক, সং, পুং, সিংহিকার পুত্র এবং রাহুর ভ্রাতা। দৈত্যবিশেষ।

আঞ্জনেয়, (অঞ্জনা+ঞেয়—অপত্যার্থে) সং, পুং, অঞ্জনাপুত্র, হনুমান্।

আঞ্জিনেয়, (অঞ্জন=কজ্জল+ঞেয়—প্রং। ইহার পৃষ্ঠে নীলবর্ণ চিহ্ন আছে বলিয়া আঞ্জিনেয় নাম হইল) সং, পুং, সরীসৃপ জন্তুবিশেষ, আঞ্জিনে, আজনাই।

আট, (অষ্টন্ শব্দজ) বিং, অষ্টসংখ্যা, ৮।

আটক, (দেশজ) সং, আবরণ। বাধা, প্রতিবন্ধক।

আটকান, (দেশজ) বিং, প্রতিবন্ধ, রুদ্ধ।

আটপিটা, (আট=অষ্টন্শব্দজ—পিটা পৃষ্ঠশব্দজ। আট টা পৃষ্ঠ যাহার অর্থাৎ (যে আট জন লোকের উপযুক্ত কর্ম্ম একাকী করিতে পারে) বিং, উদ্যোগী, পরিশ্রমী।

আটবিক,(অটবী=বন+ষ্ণিক—ভাবার্থে) বিং, আরণ্যক, অটবী-সম্বন্ধীয়। সং, পুং, বন্যজাতি। অরণ্যচর ব্যাধ প্রভৃতি।

আটা, (দেশজ) সং, গোধূমচূর্ণ, গমের গুঁড়া। [সং, পুং, শরালি পক্ষী।

আটি, (আ—ট গমনকরা+ই—সংজ্ঞার্থে)

আটীকর, (আটীক=লাফান+র [রৈ=শব্দকরা+ড] যে লাফাইয়া শব্দকরে) সং, পুং, বৃষ। ষাঁড়।

আটোপ, (আ—টুপ [সৌত্রধাতু] অহঙ্কারকরা+অ—ভা) সং, পুং, গর্ব্ব, দর্প, অহঙ্কার। সম্ভ্রম। বায়ুজন্য উদরস্ফীতি।

আঠা, (দেশজ) সং, ক্বাথ, নির্য্যাস, বৃক্ষের রস।

আঁঠি, (অষ্ঠিশব্দজ)সং,বীজ,বীচি।[বাঁকা।

আড়, (দেশজ) বিং প্রস্থ, পরিশর। বক্র,

আড়কাঠা, (আড়=প্রস্থ—কাঠা=কাষ্ঠ। প্রস্থের কাষ্ঠ) সং, গৃহের উপরিস্থ প্রস্থ-কাষ্ঠ, কড়িকাঠ।

আড়ং, (দেশজ) সং, গঞ্জ, বিক্রয়ের নিমিত্ত যেখানে ধান্যাদি রাখা যায়।

আড়পার, (আড়=প্রস্থ—পার)সং, নদীর অপর তট।

আড়ম্বর, (আ—ডম্ব [শান্তহওয়া] জাঁক জমককরা ইত্যাদি+অর—প্রং) সং, পুং, তূর্য্যাদি বাদ্যধ্বনি। হস্তিধ্বনি। রণবাদ্য। আরম্ভ। গর্ব্ব। হর্ষ। ক্রোধ। আনন্দ। বাহু প্রভৃতি অঙ্গের মর্দ্দন। সমারোহ, জাঁকজমক। পক্ষ। মেঘধ্বনি।

আড়ি, (আ—অড় গমনকরা+ই-সংজ্ঞা-

র্থে) সং, পুং, শরালিপক্ষী। (দেশজ) আইড়মাচ। পণ,প্রতিজ্ঞা। দ্বেষ,হিংসা। ভাব না থাকা, অপ্রণয়। [উচ্চস্থান।
আড়রি, আঁড়লি, (দেশজ) সং,ধার, তটস্থ
আড়ু, সং, পুং, উড়ুপ, ভেলা।
আড্ডা, (দেশজ) সং, এক ধর্ম্মাক্রান্ত লোকের উপবেশন স্থল, আখড়া। উত্তরণ-স্থান।
আঢ়ক, (আ—ঢৌক্=গমনকরা+অন্) সং, ত্রিং, ধান্যাদির পরিমাণ পাত্রবিশেষ, চতুঃপ্রস্থ পরিমাণ। দুইমন পরিমাণ।
আঢ়কিক } (আঢ়ক+ইক, ঈন-বাপা-
আঢ়কীন } দ্যর্থে) বিং, ত্রিং, আঢ়ক-পরিমিত বীজ বপন যোগ্য (ক্ষেত্রাদি)
আঢাকা, (আ=না—ঢাকা=আচ্ছাদিত) বিং, অনাচ্ছাদিত, খোলা।
আঢ়ি, (আঢ়কশব্দজ) সং, আঢ়ক দেখ।
আঢ্য, (আ—ধ্যৈ=চিন্তাকরা+ড—ক। ধ=ঢ়। যে ধন চিন্তা করে) বিং, ত্রিং, ধনবান্। যুক্ত, পূর্ণ, সম্পন্ন।
আঢ্যবর, (আঢ্য+বরট্) ভূতপূর্ব্ব ধনী।
আণ্ডা, (অণ্ডশব্দজ) সং, ডিম্ব, ডিম্।
আণক, (আ—অণ্=শব্দকরা+অক-প্রং) বিং, ত্রিং, ক্ষুদ্র, অল্প, অপকৃষ্ট।
আনি, সং, পুং, স্ত্রীং, খড়্গের কোটি। তরবালের ধার।
আণুবিক আকর্ষণ, (Molecular attraction) যে শক্তি দ্বারা জড়পদার্থের পরমাণু সকল পরস্পরকে আকর্ষণ করে।
আণুবিক-বিপ্রকর্ষণ, (Molecular repulsion যে শক্তি দ্বারা পরমাণু সকল বিপ্রকৃষ্ট হয়।
আণ্ডীর, (আণ্ড=ডিম্ব সমূহ+ইরচ্) বিং, ত্রিং, অনেক অণ্ডবিশিষ্ট।
আতঙ্ক, } (আ—তন্ক [কষ্টে বাঁচা]
আতঙ্ক } ভয়পাওয়া ইত্যাদি+অ—ভা। অন্যপক্ষে, ক=গ) সং, পুং ভয়, শঙ্কা। পীড়া,অস্বাস্থ্য। যাতনা। সন্তাপ। ক্লেশ, দুঃখ। মুরজবাদ্য।
আতঞ্চন, (আ—তনচ্=গমনকরা+অনট্—ভা) সং,পুং,ক্লীং,দ্রবীভূত দ্রব্যে কোন প্রকার চূর্ণ নিক্ষেপ। দধি উৎপন্ন করিবার নিমিত্ত দুগ্ধে অম্লরস নিক্ষেপ। বেগ। প্রীতি সম্পাদন।
আতত, (আ—তন্=বিস্তারকরা ইত্যাদি +ত—র্ম্ম,ক) বিং, ত্রিং, আরোপিত। বিস্তৃত। প্রসারিত। সং, ক্লীং, মুরজ বা ঢক্কাধ্বনি।
আততজ্য, (আতত=সমন্তাৎ বিস্তৃত—জ্যা=ধনুকের ছিলা, ৬ষ্ঠী=হিং) বিং, ত্রিং, অধিজ্য, আরোপিত মৌর্ব্বীক, বিস্তৃত ছিলাযুক্ত।
আততায়ী, আততায়িন্, আতত=সমন্তাৎ বিস্তৃত—ই গমনকরা+ইন্—ক) বিং, ত্রিং, বধোদ্যত। চোর দস্যু অগ্নিদ প্রভৃতি অনিষ্টকারী। "অগ্নিদো গরদশ্চৈব শস্ত্রপাণির্ধনাপহঃ, ক্ষেত্রদারাপহারী চ ষড়েতে আততায়িনঃ। আততায়িনমায়ান্তং হন্যাদেবাবিচারয়ন্। নাততায়িবধে দোষো হন্তুর্ভবতি কশ্চন।"
আতন, (আ—তন=বিস্তার করা+অল) সং, ক্লীং, দৃষ্টি। বিস্তৃতি, প্রসারণ।
আতপ, (আ—তপ্=তাপদেওয়া+অল্—ক) সং, পুং, সূর্য্যকিরণ, রৌদ্র।
আতপ-তণ্ডুল, সং, ক্লীং, আলোচাল।
আতপত্র } (আতপ—ত্র [ত্রৈ=রক্ষা
আতপবারণ } করা+ড—ক] যে রক্ষা করে। যে আতপ হইতে রক্ষা করে। আতপ—বারণ=যে নিবারণ করে। যে আতপ নিবারণ করে, ২য়া—ষ) সং, ক্লীং, ছত্র, ছাতী।
আতর } (আ—তৄ=পারহওয়া+অল্,
আতার } ঘঞ্—ণ। যাহারদ্বারা পার হয়) সং, পুং, তরপণ্য, নদী পার হইবার নৌকা ভাড়া।
আতর্পণ, (আ—তৃপ্=তৃপ্তিকরা+অনট্—ভা) সং, পুং, সন্তোষ, প্রীতি। তৃপ্ত-

করা, প্রীতি-সম্পাদন। আলিপনা।
আতাপী, (আতাপিন্=আ—তপ্=স-ন্তাপ দানকরা+ইন্। যে সন্তাপ দেয়) অসুরবিশেষ। চিল্।
আতায়ী, (আতায়িন=আ—তায়্ [পালনকরা] বিস্তারকরা+ণিন্—ক। যে পক্ষ প্রসারণদ্বারা আত্মাকে পালন করে আতাপী শব্দও হয়) সং, পুং, চিলপক্ষী।
আতি, (অত্ = গমন করা+ইন। যে গমন করে) পক্ষি বিশেষ। গমন, গতি।
আতিথেয়, (অতিথি+ঢেয়—সাধ্বর্থে বা ইদমর্থ) বিং, ত্রিং, অতিথি সেবক। সং, ক্লীং, অতিথি সেবার বস্তু।
আতিথ্য, (অতিথি+ষ্ণ্য-প্রয়োজনার্থে) সং, ক্লীং, অতিথি সেবা। অতিথি সেবার উপযুক্ত ভক্ষ্যবস্তু।
আতিদেশিক, (অতিদেশ=অন্যত্রআরোপণ+ফিক—ভবার্থে) বিং, ত্রিং, অন্যত্র আরোপিত, অতিদেশ প্রাপ্ত।
আতিশয্য, (অতিশয়+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, আধিক্য, অতিরেক। প্রাবল্য।
আতু, (আ-তৃ=পার হইয়া যাওয়া+উ—প্রং) সং, পুং, ভেলা, মাড়।
আতুপাতু, (দেশজ) সং, অতিশয় স্নেহ, রক্ষার্থ মহাযত্ন।
আতুর, (আ—তুর্=ত্বরাকরা+ক—ক। যে অস্বাস্থ্য হেতু ত্বরান্বিত হয়) বিং, ত্রিং, কাতর, অধীর। রোগী, পীড়িত।
আতুরনিবাস, (আতুর=পীড়িত—নিবাস=বাসস্থান, ৬ষ্ঠী—ষ) সং, পুং, চিকিৎসার্থী পীড়িত ব্যক্তিদের থাকিবার স্থান।
আতৃপ্য, (আ-তৃপ=তৃপ্তহওয়া+য—প্রং) সং, পুং, আতাগাছ। ক্লীং, আতাফল।
আতোদ্য (আ—তুদ্=পীড়নকরা+ঘ্যণ্—র্ম্ম) ক্লীং, বীণা। বীণাবংশ্যাদিচতুর্ব্বিধবাদ্য
আত্ত, (আ—দা=দানকরা, গ্রহণকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, গৃহীত, প্রাপ্ত। গ্রস্ত
আত্তগন্ধ } (আত্ত গৃহীত—গন্ধ=গর্ব্ব।
আত্তগর্ব } আত্ত—গর্ব্ব। যাহার গন্ধ বা গর্ব্ব গৃহীত হইয়াছে, ৬ষ্ঠী—হিং) বিং, বিং, হতগর্ব্ব, দূরীভূতাহংকার। শত্রু কর্ত্তৃক পরাজিত।
আত্মক } (আত্মন্+কন্) } বিং, ত্রিং, আ
আত্মকীয় } (আত্মক+ঈয়) } ত্মীয় স্বীয়।
আত্মগত, বিং, ত্রিং, আপনাতে যাহা আছে, আত্মনিষ্ঠ। ক্রিং—বিং, স্বগত, মনে মনে, অন্যের অগোচরে।
আত্মগুণ, সং, পুং, (ন্যায়শাস্ত্রে) বুদ্ধ্যাদি চতুর্দ্দশগুণ। "বুদ্ধ্যাদি ষট্‌কং সংখ্যাদিপঞ্চকং ভাবনা তথা। ধর্ম্মাধর্ম্মৌ গুণা এতে আত্মনঃ স্যুশ্চতুর্দ্দশ" ভাষাপরিচ্ছেদ।
আত্মগুপ্তা, (আত্মন্=আপনি—গুপ্ত=রক্ষিত। কণ্ডূ বিস্ফোটক জনকত্ব হেতু যে আত্মদ্বারা রক্ষিত হয়, ৩য়া—ষ) সং, স্ত্রীং, লতাবিশেষ, আলকুশী গাছ।
আত্মগ্রাহী, আত্মগ্রাহিন্, (আত্মন্—গ্রাহিন্=যে গ্রহণ করে) বিং, ত্রিং, আত্মম্ভরি, স্বার্থপর। স্বোদর পূরক।
আত্মগত, সং, ক্লীং, (নাট্যোক্তিতে) স্বগত
আত্মঘাতী, (আত্মঘাতিন্, আত্মন্=আপনি—ঘাতী=যে হত্যা করে। যে আপনাকে হত্যা করে, ২য়া—ষ) বিং, ত্রিং, আত্মহত্যাকারী, যে শোকাদিবশত আত্ম হত্যা করে।
আত্মঘোষ, (আত্মন্ আপনি—ঘুষ্=শব্দ করা+ঘঞ্—র্ক। 'কা' এই শব্দকরিয়া যে আপনাকে ঘোষণা করে, ২য়া—ষ) সং, পুং, কাক। কুক্কুট, মুরগী।
আত্মজ, (আত্মন্=শরীর—জ [জন+ড] যে জন্মে। যে আত্মা হইতে জন্মে, ৫মী—ষ) সং, পুং, পুত্র। জা—স্ত্রীং, কন্যা।
আত্মজন্মা, (আত্মজন্মন্, আত্মন্—শরীর জন্মন্=উৎপত্তি। শরীর হইতে যাহার জন্মহয়, ৬ষ্ঠী—হিং, পুং, —স্ত্রীং, পুত্র, কন্যা।
আত্মতা, (আত্মন্—তা) সং, স্ত্রীং, ব্রহ্মস্বরূপতা, পরমাত্মার সহিত আপানাকে সমান জ্ঞান করণ।
আত্মত্যাগী, (আত্মন্—ত্যাগিন্ [ত্যজ=

ত্যাগকরা+ঘিন্] যে ত্যাগ করে। যে আপনাকে ত্যাগ করে। ৬ষ্ঠী—ষ) বিং, ত্রিং, ইচ্ছা পূর্ব্বক আত্ম হননকারী, আত্মঘাতী।

আত্মদর্শ, (আত্মন্ শরীর—দর্শ=দর্শন। যাহাতে শরীরের দর্শন হয়, ৭মী—হিং) সং, পুং, দর্পণ, আদর্শ, মুকুর। "নিশ্বাস বাষ্পাপগমাৎ প্রপন্নঃ, প্রসাদমাত্মীয় মিবাত্মদর্শঃ" রঘুবংশ।

আত্মদর্শন, (আত্মন্=আপনি—দর্শন) সং, ক্লীং, আপনার দোষ গুণের দিকে দৃষ্টি রাখা। পরমাত্মা সাক্ষাৎকার।

আত্মনিত্য, (আত্ম—নিত্য=চিরস্থায়ী) বিং, বিং, প্রিয়তম, অতিশয় আনন্দদায়ক।

আত্মনীন, (আত্মন্+নীন—হিতার্থে) বিং, ত্রিং, আত্মহিতকারী। আত্মসংক্রান্ত।

আত্মপ্রবাধ, সং, পুং, জৈনদিগের ধর্ম্মশাস্ত্র বিশেষ।

আত্মবন্ধু, (আত্মন্=আপনার—বন্ধু=কুটুম্ব) সং, পুং, পৈতৃ-স্বস্রেয়, মাতৃস্বস্রেয় এবং মাতুল পুত্র।

আত্মবোধ, (আত্মন্—বুধ+ঘঞ্) সং, পুং, ব্রহ্মজ্ঞান, তত্ত্বজ্ঞান "আত্মবোধাদৈক দেশাদালোক্যোপরতৈর্হরিঃ" বোপদেব

আত্মভূ, (আত্মন্=স্বয়ং—ভূ [ভূ+ক্বিপ্] যে হয়। যিনি আপনা হইতে হইয়াছেন, ৫মী—ষ) সং, পুং, কামদেব। ব্রহ্মা। "বচস্যবসিতে তস্মিন্ সসর্জ্জ গিরমাত্মভূঃ" কুমারসম্ভব। বিষ্ণু। শিব।

আত্মম্ভরি, (আত্মন্=আপনাকে—ভরি [ভৃ=পোষণকরা+খি—ক] যে ভরণ-পোষণ করে। যে আপনাকে পোষণ করে) বিং, ত্রিং, স্বোদর মাত্রপূরক। স্বার্থপর।

আত্মযোনি, (আত্মন্=স্বয়ং—যোনি=উৎপত্তি স্থান। যিনি আপনিই আপনার উৎপত্তি স্থান, ১মা—হিং) সং, পুং, আত্মভূ দেখ।

আত্মলাভ, (আত্মন্=স্বয়ং—লাভ, ষষ্ঠী—ষ) সং, পুং, নিজের লাভ। উৎপত্তি। জ্ঞান, বিবেক, পরমাত্মতত্ত্বজ্ঞান।

আত্মলিঙ্গ, (আত্মন্—লিঙ্গ=চিহ্ন, প্রমাণ) আত্মার অস্তিত্বের পরিচায়ক, সুখদুঃখ প্রভৃতি। "ধর্ম্মাধর্ম্মৌ সুখং দুঃখমিচ্ছাদ্বেষৌ তথৈব চ প্রযত্নজ্ঞানসংস্কার মাত্মলিঙ্গমুদাহৃতং" কামন্দকীয় নীতিসার।

আত্মলোম, (আত্ম=শরীর—লোমন্=চুল ৬ষ্ঠী—ষ) শরীরস্থিত লোম। শ্মশ্রু, দাড়ি

আত্মবশ, (আত্মন্—বশ্=বশকরা+অল্) সং, পুং, মনোবশীকরণ। আপনার ইন্দ্রিয়াদির নিগ্রহ করণ।

আত্মবান্, (আত্মবৎ, আত্মন্+বৎ—উপমানার্থে) বিং, ত্রিং, সত্ববান্। মনস্বী। অপ্রমত্ত। অং, আপনার ন্যায়। পক্ষপাতরাহিত্য।

আত্মবিগ্রহ, (আত্মন্=আপনি—বিগ্রহ=যুদ্ধ) সং, পুং, লোকেরদের আপনা আপনির মধ্যে যে যুদ্ধ। (Civil war)

আত্মবিদ্যা, (আত্মন্—বিদ্যা) সং, স্ত্রীং, যে বিদ্যার দ্বারা আত্মজ্ঞান হয়, ব্রহ্ম-বিদ্যা, যোগশাস্ত্র।

আত্মশ্লাঘা, (আত্মন্—শ্লাঘা=প্রশংসা। ৬ষ্ঠী—ষ) নিজগুণ-প্রশংসা, আত্মগর্ব্ব।

আত্মসম্ভব, (আত্মন্=শরীর—সম্ভব উৎপত্তি। আত্মা হইতে যাহার উৎপত্তি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পুত্র। বা—স্ত্রীং, কন্যা।

আত্মসাৎ, (আত্মন্=আপনি+সাৎ—অধীনতার্থে) অং, আত্মায়ত্ত, আত্মাধীন, আপনার আয়ত্ত, হস্তগত।

আত্মসার, (আত্মন্—সার, ৬ষ্ঠী—হিং) সং, পুং, স্বার্থপর।

আত্মহা, (আত্মহন্, আত্মন্=আপনাকে হন্ [হন+ক্বিপ্] যে হত্যা করে। যে আপনাকে হত্যা করে, ২য়া—ষ) সং, পুং, আত্মঘাতী। অজ্ঞ।

আত্মা, (আত্মন্, আ—অৎ=সতত গমন করা+মন্—সংজ্ঞার্থে) সং, পুং, আপনি, স্বয়ং। স্বরূপ। ব্রহ্ম। জীব। দেহ আকার। যত্ন। স্বভাব। বুদ্ধি। ধৈর্য্য। মন। অন্তঃকরণ। সূর্য্য। বহ্নি। বায়ু। অধিষ্ঠাত্রী দেবতা।

আত্মাদর, (Self-esteem) আত্মন্—আদর, ৭মী—ষ) সং, পুং, আত্মবিষয়ে যত্ন ও আদর; আপনার মান অপমানের প্রতি দৃষ্টি রাখা।

আত্মানুসন্ধান, (আত্মন্—অনুসন্ধান) সং, ক্লীং, আপনার বা ঈশ্বরের বিষয়ে অনুসন্ধান।

আত্মারাম, (আত্মন্—আরাম[আ—রম+ঘঞ্] প্রীত) বিং, ত্রিং, যে ব্রহ্মজ্ঞানবশতঃ নিজ অন্তঃকরণে সর্ব্বদা আনন্দ অনুভব করে।

আত্মাশী, (আত্মাশিন্, আত্মন্—অশ=ভোজনকরা+ণিন্—ক। যে স্বকুলখায়) সং, পুং, মৎস্য।

আত্মাশ্রয়, সং, পুং, স্বাপেক্ষত্বরূপ তর্ক দোষ বিশেষ।

আত্মীয়, (আত্মন্ আপনি+ীয়—ইদমর্থে) বিং, ত্রিং, আত্মসম্পর্কীয়। স্বজন, স্বকীয়, যথা "কিমিদং দ্যুতিমাত্মীয়াং ন বিভ্রতি যথা পুরা" কুমারসম্ভব।

আত্মীয়তা, (আত্মীয়+তা—ভাবে) সং, স্ত্রীং, বন্ধুত্ব, অন্তরঙ্গতা।

আত্মোদ্ভব, (আত্মন্=শরীর—উদ্ভব=উৎপত্তি। শরীর হইতে যাহার জন্ম হয়, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পুত্র। বা—স্ত্রীং, কন্যা।

আত্মোপজীবিন্, (আত্মন্—উপজীবিন্ [উপ+জীব=প্রাণ ধারণ করা+ণিন্] যে প্রাণ ধারণ করে) যে স্বশরীর ব্যাপার দ্বারা আপনার জীবিকা নির্ব্বাহ করে, নট, অভিনেতা (Actor)। নিজপত্নীর ব্যাভিচারার্জ্জিত অর্থে যে জীবিকা নির্ব্বাহ করে।

আত্যন্তিক | আত্যন্তীন } (অত্যন্ত+ষ্ণিক, ীন—ভাবার্থে) বিং, ত্রিং, অতিরিক্ত, বিস্তার, সম্পূর্ণ। যৎপরোনাস্তি।

আত্যয়িক, (অত্যয়=বিনাশ+ষ্ণিক-প্রং) বিং, ত্রিং, বিনাশ-সম্বন্ধীয়।

আত্রেয়, (অত্রি=মুনিবিশেষ+ষ্ণেয়—অপত্যার্থে) সং, পুং, অত্রিমুনির পুত্র, দুর্ব্বাসা। চন্দ্র। (য়ী, য়িকা)—স্ত্রীং, নদীবিশেষ। অত্রি-বংশ্যা। ঋতুমতী।

আথর্ব্বণ, (অথর্ব্বণ্+ষ্ণ—জ্ঞাতার্থে, ইদমর্থে) সং, পুং, কুলপুরোহিত। বিং, ত্রিং, অথর্ব্ববেদজ্ঞ। অথর্ব্ববেদ-বিহিত।

আদত্ত, (আ—দা=দানকরা, গ্রহণ করা ইত্যাদি+ত—র্ম্ম) বিং, ত্রিং, আত্ত, গৃহীত।

আদর, (আ—দৃ=আদরকরা+অল্—ভা) সং, পুং, সম্মান, মর্য্যাদা। অনুরাগ। স্নেহ। যত্ন।

আদর্শ, (আ—দৃশ্=দেখা+অল্—ধি। যেখানে আপনাকে কিম্বা লিখিতব্য বিষয়কে দেখা যায়) সং, পুং, দর্পণ। যে গ্রন্থ দেখিয়া অন্য পুস্তক লেখা যায়। নমুনা, দ্রব্যের যে অংশ দেখিয়া মনোনীত বা দোষ গুণ পরীক্ষা করা যায়।

আদর্শ বিদ্যালয়, (Model School) সং, পুং, যে বিদ্যালয়ে শিক্ষা প্রণালী প্রদর্শিত হয়।

আদা, (আর্দ্রক শব্দজ) সং, মূলবিশেষ।

আদান, (আ—দা=দানকরা, গ্রহণকরা ইত্যাদি+অনট্-ভা) সং, ক্লীং, গ্রহণ, স্বীকার। অশ্বাভরণ। রোগলক্ষণ।

আদাননিত্য, (আদান—নিত্য=অভ্যাস ৬ষ্ঠী—হিং) সং, পুং, প্রতি গ্রহোপজীবী ব্রাহ্মণ, যে প্রতিগ্রহ দ্বারা আপনার জীবন যাত্রা নির্ব্বাহ করে।

আদায়, (আ—দা+যপ্ অং, গ্রহণ করিয়া। (দেশজ) গ্রহণ, লওন।

আদি, (আ—দা+কি—প্রং। যাহা

অগ্রে গৃহীত হয়) সং, পুং, প্রথম, পূর্ব্ব, সকলের অগ্রিম। নিয়ত পূর্ব্ববর্ত্তি কারণ, উৎপত্তিহেতু। মূল। আরম্ভ প্রভৃতি।

আদিকবি, (আদি=প্রথম—কবি) সং, পুং, প্রথমকবি। ব্রহ্মা। বাল্মীকি।

আদিকারণ, (আদি—কারণ, য়ং—স) সং, ক্লীং, পূর্ব্বনিমিত্ত, প্রথম কারণ। (ন্যায়-শাস্ত্রে) সমবায়িকারণ। (বৈদ্যকমতে) কারণের কারণ, (Original cause) যথা—কম্পের কারণ জ্বর, জ্বরের কারণ শ্লেষ্মা, সেই শ্লেষ্মা কম্পের কারণ।

আদিজিন, (আদি=প্রথম—জিন) সং, পুং, জৈনদিগের আদিদেবতা, ঋষভ।

আদিতাল, (আদি—তাল) সং, পুং, সঙ্গীতের তাল বিশেষ, "এক এব লঘু র্যত্র আদিতালঃ স কথ্যতে" সঙ্গীত দামোদর।

আদিতেয়, (অদিতি=কশ্যপ-পত্নী + ষ্ণেয় —অপত্যার্থে) সং, পুং, অদিতিসন্তান, দেবতা।

আদিত্য, (অদিতি+ষ্ণ্য—অপত্যার্থে। অথবা অ=অভাব—আদি=প্রভৃতি বিপদ্‌-সমূহ+ত্য—ভবার্থে। যিনি অ-ভাবাদি বিপদ্‌-সমূহে আবির্ভূত হন অর্থাৎ যিনি দারিদ্র্য নাশক) সং, পুং, রবি, দিবাকর, ভাস্কর, সূর্য্য, ইতুদেবতা দেবতা। আকন্দ গাছ। পুণর্ব্বসুনক্ষত্র।

আদিত্যভবন, (আদিত্য—ভবন=গৃহ। ৬ষ্ঠী—ষ) উদয়াচল, যে স্থান হইতে সূর্য্য উদয় হন।

আদিত্যসূনু, (আদিত্য=সূর্য্য—সূনু সন্তান, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সুগ্রীব। যম। শনি। সাবর্ণিমনু। বৈবস্বত মনু।

আদিৎসা, (আদিৎস [আ—দা+সন্—ইচ্ছার্থে] গ্রহণ করিতে ইচ্ছা করা+আ—ভা) সং, স্ত্রীং, গ্রহণেচ্ছা।

আদিদেব } (আদি—দেব=দেবতা।
আদিবরাহ } বরাহ শূকর, ৭মী—ষ) সং, পুং, নারায়ণ, বিষ্ণু। আদিদেব শব্দে শিবও হয়।

আদিপুরুষ, (আদি=প্রথম—পুরুষ) সং, পুং, প্রথমপুরুষ, বংশের সৃষ্টিকর্ত্তা। নারায়ণ, বিষ্ণু।

আদিম, (আদি+ম—ভবার্থে) বিং, ত্রিং, [প্রথম, আদ্য।

আদিরাজ, (আদি—রাজন্=রাজা, য়ং, —স) সং, পুং, পৃথুরাজা। বৈবস্বতমনু।

আদিষ্ট, (আ—দিশ্ [দান করা] অনুমতি-করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, আজ্ঞপ্ত। নিযুক্ত। আদেশপ্রাপ্ত। কথিত। (ব্যাকরণ শাস্ত্রে) আদেশ দ্বারা প্রাপ্ত বর্ণ। সং, ক্লীং, আদেশ।

আদীনব, (আ=অতিশয়—দীন=দৈন্য+বা+ড) সং, পুং, যাতনা, দুঃখ। দোষ। ক্লেশদাতা পুরুষ যে ব্যক্তি দুঃখদেয়।

আদীপন, (আ=সম্যক—দীপ=দীপ্ত হওয়া+অনট্—ভা, ক) সং, ক্লীং, উদ্দীপন, সন্দীপন। আলিম্পনা আলিপনা।

আদুড়, (দেশজ) বিং, অনাবৃত, অনাচ্ছাদিত, আঢাকা।

আদৃত, (আ—দৃ+ত—র্ম্ম) বিং, ত্রিং, সম্মানিত, আদরযুক্ত যাহার আদর করা হইয়াছে। পূজিত। অভিমত।

আদৃত্য, (আ—দৃ+ক্যপ—র্ম্ম) বিং, ত্রিং, আদরণীয়।

আদেবক, (আ—দেবক=ক্রীড়াশীল) বিং, ত্রিং, যে সর্ব্বদা ক্রীড়াকরে, ক্রীড়াসক্ত।

আদেশ, (আ—দিশ+ঘঞ্—ভা) সং, পুং, নিয়োগ। আজ্ঞা। কথন। (ব্যাকরণ শাস্ত্রে) একটী শব্দ বা বর্ণের শব্দান্তর বা বর্ণান্তররূপে পরিবর্ত্তন।

আদেশী } (আদেশিন্ আদেষ্টৃ, আ-
আদেষ্টা } দিষ্ট দেখ, ণিন্, তৃণ—ক) বিং, ত্রিং, উপদেশক, আদেশকর্ত্তা। সং, পুং, পুরোহিত। দৈবজ্ঞ, গণক।

আদৌ, (আদি+ই—বিভক্তি। ই=ঔ। সপ্তম্যন্ত আদিশব্দের রূপ) প্রথমে, অগ্রে, পূর্ব্বে।

আদাশ, (দেশজ) সং, নিবেদন। অভি-যোগ।

আদ্য, (আদি+ষ্ণ্য—ভবার্থে) বিং, ত্রিং, প্রথম, সর্ব্বোৎকৃষ্ট। প্রধান। (অদ্=ভোজনকরা+ঘ্যণ্) ভোজনার্হ, ভক্ষ্য, যাহা শাস্ত্রানুসারে ভোজন করা যায়। দ্যা—স্ত্রীং, কালী। দুর্গা। প্রথম।

আদ্যন্ত, (আদি=প্রথম—অন্ত=শেষ, দ্বং—স) সং, পুং, প্রথমাবধি শেষ পর্য্যন্ত।

আদ্যমাষক, (আদ্য—মাষক [মষ=হিংসা করা+ঘঞ্—ক]যে হিংসা করে) সং, পুং, মাষা, পাঁচ কুঁচ পরিমাণ।

আদ্যুন, (আ—দিব্ [ক্রীড়াকরা] পোষণকরা+ক্ত—ক। ব্=ূ। ত=ন। যে আপনাকে মাত্র পোষণ করে) বিং, ত্রিং, ঔদরিক, অতিশয় পেটুক। স্বার্থপর।(আদি—উন,ওয়া—ষ) আদিশূন্য।

আদ্যোপান্ত, (আদ্য=প্রথম—উপ=সমীপ—অন্ত=শেষ, দ্বং—স) সং, ক্লীং, প্রথমাবধি শেষ পর্য্যন্ত, আদ্যন্ত।

আদ্রিয়মাণ, (আ—দৃ+শান—ম্ম। য, ম—আগম) বিং, ত্রিং, যাহাকে আদর-করা যায়।

আধ, (অর্দ্ধশব্দজ) বিং, আধা, অর্দ্ধেক।

আধমন, (আ—ধা [ধারণ করা] স্থাপন করা ইত্যাদি+কমনন্—প্রং) সং, ক্লীং, বন্ধক দেওয়া। (দেশজ) অর্দ্ধমন।

আধর্ষণ, (আ—ধৃষ+অনট্) সং, ক্লীং, অপরাধ, অপকার সাধন, দণ্ডযোগ্য, দোষ করণ।

আধর্ষিত, (আ—ধৃষ্=বল পূর্ব্বক বদ্ধ করা, প্রগল্ভ হওয়া ইত্যাদি+ক্ত—ম্ম) বিং, ত্রিং, আক্রান্ত। অপমানিত। অপকৃত। পরাভূত।

আধলা, (অর্দ্ধ—শব্দজ) সং, ইষ্টকার্দ্ধ। অর্দ্ধেক। [আধটাকা।

আধলি, (অর্দ্ধশব্দজ) সং, অর্দ্ধমুদ্রা,

আধান, (আ-ধা=ধারণকরা+অনট্—ভা) সং, ক্লীং, সম্পাদন "প্রজানাং, বিনয়াধানাদ্রক্ষণাৎ ভরণাদপি" রঘুবংশ। উৎপাদন। স্থাপন। গর্ব্ভাধান। অগ্নিস্থাপন। যজন, হোম। বন্ধক দেওয়া।

আধানিক, (আধুনিক শব্দজ) বিং, ইদানীন্তন (আধান+ষ্ণিক—ভাবার্থে) সং, ক্লীং, গর্ভাধান সংস্কার।

আধার,(আ—ধৃ=ধারণকরা+ঘঞ্—প্রং বা—ধি। যে জলাদি ধারণ করে) সং, পুং, পাত্র। আলম্ব, আশ্রয়। "অপানিববারমনুত্তরঙ্গম" কুমারসম্ভব। ক্ষুদ্র নদী। আলবাল। বাঁধ। (ব্যাকরণ শাস্ত্রে) অধিকরণ কারক। ঔপশ্লেষিকো বৈষয়িকোঽভিব্যাপকশ্চেত্যাধারস্ত্রিধা। কট আস্তে। স্থাল্যাং পচতি। মোক্ষে ইচ্ছাস্তি। সর্ব্বস্মিন্নাত্মাস্তি।—সমীপ্যাশ্লেষবিষয়ৈ ব্যাপ্তাধারশ্চতুর্বিধঃ।

আধি, (আ—ধ্যৈ [চিন্তাকরা] স্থাপন করা ইত্যাদি+কি—প্রং কিম্বা আ—পূর্ব্ব 'ধা' ধাতুজ) সং, পুং, গচ্ছিত বস্তু। স্থাপন। দুঃখ। মনঃপীড়া। বিপদ্। আধান, বন্ধক দেওয়া।

আধিকরণিক, (অধিকরণ+ষ্ণিক—নিযুক্তার্থে) সং, পুং, বিচারক, মাজিষ্ট্রেট্ প্রভৃতি।

আধিক্য, (অধিক+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, অধিকতা, অতিশয়। প্রাধান্য।

আধিকারিক, (অধিকার+ষ্ণিক—নিযুক্তার্থে) বিং, ত্রিং, অধিকারে নিযুক্ত, স্বামী, প্রভু, রাজ কার্য্যাদিতে নিযুক্ত। ক্লীং, নাটকাদিতে প্রধান নায়কের ইতিবৃত্ত, যথা "অধিকারঃ ফলে স্বাম্যাধিকারী চ তৎপ্রভুঃ। তস্যেতি বৃত্তং কবিভিরাধিকারিকমুচ্যতে।" সাহিত্যদর্পণ।

আধিজ, (আধি=মনঃপীড়া+জ[জন+ড] যে জন্মায়। যে মনঃপীড়া হইতে জন্মায় ৬মী—ষ) বিং, ত্রিং, দুঃখ হেতুক।

আধিজ্ঞ, (আধি=দুঃখ ইত্যাদি — জ্ঞ [জ্ঞা=ক] যে জানে বিং, ত্রিং, ব্যথিত। দুঃখিত। বক্র।

আধিদৈবিক, (অধিদেব+ষ্ণিক—ভবার্থে) বিং, ত্রিং, দৈবাধীন, দৈবজাত, দেবতা হইতে যাহা ঘটে বা উৎপন্ন হয় অতিবাত বজ্রপাতাদি জনিত দুঃখ।

আধিপত্য,(অধিপতি+ষ্য—ভাবে, কর্ম্মণি) সং, ক্লীং, প্রভুত্ব, কর্তৃত্ব।

আধিভোগ, (আধি=গচ্ছিত বস্তু—ভোগ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বন্ধক দেওয়া বস্তুর উপভোগ।

আধিভৌতিক, (অধিভূত+ষ্ণিক—অধিকারার্থে। ভূতদিগের অধিকার করিয়া যাহা প্রবৃত্ত হইতেছে) বিং, ত্রিং, ভূতাধীন। ব্যাঘ্রসর্পাদি দ্বারা জনিত দুঃখ।

আধিরথি, সং, পুং, কুন্তীগর্ভজাত কর্ণ। তিনি মাতা কর্তৃক পরিত্যক্ত হইয়া অধিরথ নামক সূতের দ্বারা প্রতিপালিত হইয়াছিলেন বলিয়া তাহার নাম আধিরথি হইয়াছে।

আধিরাজ্য, (অধিরাজ+ষ্য) সং, ক্লীং, রাজ্যাধিকার। আধিপত্য যথা "বভৌ ভূয়ঃ কুমারত্বাদাধিরাজ্যমবাপ সঃ" রঘুবংশ।

আধিবেদনিক, (অধিবেদন=সপত্নীকরণ+ষ্ণিক—ভবার্থে, দেয়ার্থে) বিং, ত্রিং, অবিবেদন প্রাপ্ত। দ্বিতীয়বার বিবাহ সময়ে প্রথমা স্ত্রীকে দত্ত ধনাদি।

আধিশ্রয়ণিক, (অধিশ্রয়ণ+ষ্ণিক—ভবার্থে) বিং, ত্রিং, অধিশ্রয়ণ-সম্বন্ধীয়।

আধিশ্রয়ণিক-ব্যবধি (Focal distance) সং, পুং, মুকুরের সর্ব্বাপেক্ষা উচ্চভাগ ও অধিশ্রয়ণ এই উভয়ের অন্তর।

আধিস্তেন, (আধি—বন্দক + স্তেন = চোর। বন্ধক দ্রব্যের চোর। ৭ষ্ঠী—ষ) সং, পুং, যে গোপনে বন্ধকদ্রব্য উপভোগ করে।

আধীকৃত, (আধি = গচ্ছিত বস্তু—কৃত যাহা করা হইয়াছে, ঈ=আগম) বিং, ত্রিং, আহিত, যাহা বন্ধক রাখা গিয়াছে

আধুত / আধূত } (আ=ঈষৎ—ধু, ধূ=কাঁপা +ক্ত—ক) বিং, ত্রিং, ঈষৎ-কম্পিত। "পুষ্পরেণূৎকিরৈর্বাতৈরাধুতবনরাজিভিঃ" রঘুবংশ।

আধুনিক, (অধুনা = এক্ষণে+ষ্ণিক—ভবার্থে) বিং, ত্রিং, অধুনাতন, ইদানীন্তন।

আধেয়, (আধান=দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, স্থাপনীয়বস্তু, আধারস্থ। আশ্রিত। উৎপাদ্য। আধান-যোগ্য, বন্ধক রাখার উপযুক্ত। [ক্ষালিত।

আধোয়া, (অধৌত=শব্দজ) বিং, অপ্র-

আধোরণ, (আ—ধোর্ = গতি চাতুর্য্য করা+অন—ক) সং, পুং, হস্তিপক, মাহুত। "আধোরণানাং, গজসন্নিপাতে শিরাংসি চক্রৈর্নিশিতৈঃ ক্ষুরাগ্রৈঃ।

আধ্মাত, (আ—ধ্মা=শব্দকরা, অগ্নি সংযোগ করা+ক্ত—ক, র্ম্ম) বিং, ত্রিং, শব্দিত, ধ্বনিত। দগ্ধ। স্ফীত। বিবর্দ্ধিত। "জ্যানির্ঘোষমমন্দদুন্দুভিরবৈরাধ্মাতমুজ্জৃম্ভয়ন্" উত্তর চরিত।

আধ্মান, (আধ্মাত=দেখ, অনট—ভা) সং, ক্লীং, স্ফীতহওয়া। উচ্চারণ। (বৈদ্যশাস্ত্রে) বাত রোগজাত উদর স্ফীতি "আধ্মানমিতি জানীয়াৎ ঘোরং বাতনিরোধজং।"

আধ্যাত্মিক, (অধ্যাত্ম=আত্মা+ষ্ণিক—ভবার্থে) বিং, ত্রিং, আত্মসম্বন্ধীয়। আত্মা হইতে যাহা উৎপন্ন হয়। মানসিক ও শারীরিক দুঃখ।

আধ্যান, (আ—ধ্যৈ=চিন্তা করা+অনট্—ভা) সং, ক্লীং, স্মরণ। দুর্ভাবনা, দুশ্চিন্তা।

আন, (অন+ঘঞ) সং, পুং, নাসিকা মুখাদি দ্বারা বহিঃস্থিত বায়ুর গ্রহণ।

আনক, (আ—অণ্=শব্দকরা+অক—

শব্দং। যে শব্দকরে) সং, পুং, পটহ, ঢক্কা, ভেরী, মৃদঙ্গাদি। সশব্দ মেঘ। বিং, ত্রিং, উৎসাহ-কারক।

আনকদুন্দুভি, (জন্মকালে আনক এবং দুন্দুভির বাদন হইয়াছিল বলিয়া আনক দুন্দুভি নাম হইল) সং, পুং, বসুদেব, শ্রীকৃষ্ণের পিতা। স্ত্রীং, বড় ঢাক।

আনথা, (অনীক্ষিত শব্দজ) বিং, অজ্ঞাত, অজানিত, অপরিচিত।

আনডুহ, (অনডুহ = বৃষ + ষ্ণ) বিং, ত্রিং, বৃষ সম্বন্ধীয়, বৃষমাংসাদি। স্বনামখ্যাত তীর্থ বিশেষ।

আনত, (আ—নম্=নম্রহওয়া+ক্ত—ক। ম্—লোপ) বিং, ত্রিং, নম্রীভূত, অবনত, নত। পতিত। বিনয় নম্র। পদানত।

আনতি, (আনত=দেখ, ক্তি—ভা) সং, স্ত্রীং, প্রণাম, অবনমন। নম্রতা।

আনদ্ধ, (আ—নহ্ = বন্ধনকরা+ত—র্ম্ম। যাহার মুখ চর্ম্মদ্বারা বদ্ধ) সং, ক্লীং, মুরজ মৃদঙ্গাদি। বেশভূষাদি। বিং, ত্রিং, বদ্ধ। অস্ত্রাদিদ্বারা সজ্জিত। ব্যাপ্ত।

আনন, (আ—অন = প্রশ্বসন + অনট্। যাহার দ্বারা বহির্বায়ু গ্রহণ করা যায়) সং, ক্লীং, বদন, মুখ।

আনন্তর্য্য, (অনন্তর+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, পশ্চাদ্ভাব, অনন্তর, পরে হওয়া। অব্যবধান।

আনন্ত্য, (অনন্ত=অসীম+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, অসীমতা, অন্ত না থাকা, বাহুল্য। অক্ষয়তা।

আনন্দ, (আ—নন্দ্ = হৃষ্ট হওয়া+ঘঞ্) সং, পুং, আহ্লাদ, হর্ষ, সুখ। "যত্রানন্দাশ্চ মোদাশ্চ যত্রশ্নিগ্ধাশ্চ সম্পদঃ" উত্তর চরিত। পরমাত্মা, ব্রহ্ম "সত্যং জ্ঞানমানন্দং ব্রহ্ম" শ্রুতি। বিং, ত্রিং, আনন্দ বিশিষ্ট, হর্ষযুক্ত।

আনন্দন, (আ—নন্দ+অনট্—ভা) সং, ক্লীং, সম্বর্দ্ধনা, পরস্পর সাক্ষাৎকারে সৌজন্য প্রকাশ। হর্ষ। বিং, ত্রিং, আনন্দজনক, প্রীতিকর।

আনন্দপট, (আনন্দ=প্রীতিকর—পট = বস্ত্র) সং, ক্লীং, নবোঢ়ার বস্ত্র।

আনন্দপ্রভব (আনন্দ—প্রভব=জনক। ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, রেতঃ, বীর্য্য।

আনন্দভুক্, (আনন্দ—ভুজ্ [ভুজ=ভোজনকরা+ক্বিপ্] যে ভোজন করে। যিনি পরমব্রহ্ম সাক্ষাৎকার জনিত আনন্দ ভোগ করেন) সং, পুং, প্রাজ্ঞ, জ্ঞানী, তত্ত্বজ্ঞান বিশারদ।

আনন্দার্ণব, (আনন্দ—অর্ণব=সমুদ্র) সং, পুং, পরমেশ্বর। জ্যোতিষ প্রসিদ্ধ যোগবিশেষ। [হর্ষ।

আনন্দি, (আ+নন্দ—ই সং, পুং, আনন্দ,

আনন্দিত, (আ—নন্দ+ত—ক) বিং, ত্রিং, আহ্লাদিত, হৃষ্ট।

আনয়ন, (আ—নী=লইয়া যাওয়া+অনট্—ভা) সং, ক্লীং, স্থানান্তর প্রাপণ, আনা। উপনয়ন সংস্কার।

আনর্ত্ত, (আ—নৃত্=নৃত্যকরা+ঘঞ্—দি) সং, পুং, নৃত্যশালা, রঙ্গভূমি। যুদ্ধ। জল। দ্বারকাদেশ। দ্বারকাদেশ বাসী লোক। স্বনামখ্যাত রাজাবিশেষ।

আনর্ত্তিত, (আনর্ত্ত দেখ, ক্ত—ক) বিং, ত্রিং, কম্পিত। নাচান।

আনা, (আনয়ন শব্দজ) সং, আনয়ন। (দেশজ) ষোড়শাংশের এক অংশ, চারি পয়সা। [যাতায়াত।

আনাগোনা, (দেশজ) সং, গমনাগমন,

আনাজ, (দেশজ) সং, তরকারী।

আনাড়ী, (দেশজ) বিং, অকর্ম্মা, মূর্খ, অজ্ঞান।

আনায়, (আ—নী=লওয়া+ণ—ণ। যাহার দ্বারা মৎস্যাদি আনা যায়) সং, পুং, জাল।

আনায়ী, (আনায়িন্, আনায়+ণিন্—অস্ত্যর্থে) সং, পুং, জালিক, জেলে।

আনাম্য, (আ—নম+ঘ্যণ—র্ম্ম) সং, পুং,

দক্ষিণাগ্নি, অগ্নিগৃহের দক্ষিণভাগে স্থাপিত অগ্নি।

আনাহ, (আ—নহ্=বন্ধনকরা+ঘঞ্—ণ) সং, পুং, কোষ্ঠ-বদ্ধরোগ, মলমূত্র-রোধক রোগ। দীর্ঘতা, দৈর্ঘ্য। (এখানে আ—পূর্ব্ব নহ্ ধাতুর অর্থ বিশাল হওয়া)

আনিল } (অনিল=পবন+ষ্ণ, ষ্ণি—
আনিলি } অপত্যার্থে) সং, পুং, অনিল পুত্র, হনূমান্। ভীম। স্বাতীনক্ষত্র।

আনীত, (আ—নী=লওয়া+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহা আনয়ন করা গিয়াছে।

আনীল, (আ—ঈষৎ—নীল) সং, পুং, কৃষ্ণবর্ণ অশ্ব। বিং, ত্রিং, ঈষৎ নীলবর্ণ।

আনুকূল্য, (অনুকূল+ষ্ণ—ভাবে, কর্ম্মণি) সং, ক্লীং, অনুকূলতা, সাহায্য। পোষকতা। অনুগ্রহ। উপকার।

আনুকূলিক, (অনকূল+ষ্ণিক) বিং, ত্রিং, অনুকূল, প্রসন্ন, সহায়।

আনুগত্য, (অনুগত+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, অনুবৃত্তি, তোষামোদ, অনুগমন করা, অনুগত হইয়া থাকা।

আনুগ্রামিক, (অনুগ্রাম+ষ্ণিক) বিং, ত্রিং, গ্রামবাসী, গ্রাম্য।

আনুপাদিক, (অনুপদ+ষ্ণিক) বিং, ত্রিং, পশ্চাৎ ধাবমান, অনুসরণ কারী।

আনুপূর্ব্ব } অনু=পশ্চাদ্বর্ত্তী—পূর্ব্ব=
আনুপূর্ব্ব্য } প্রথম+ষ্ণ, ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, র্ব্বী—স্ত্রীং, যথাক্রম, অনুক্রম

আনুমানিক, (অনুমান+ষ্ণিক-ভাবার্থে) বিং, ত্রিং, অনুমানসিদ্ধ। (সাংখ্য দর্শনে) প্রধান, প্রকৃতি।

আনুরক্তি, (অনুরক্ত+ই—ভাবে) সং, স্ত্রীং, অনুরাগ। [সাদৃশ্য। যথৌচিত্য।

আনুরূপ্য, (অনুরূপ+ষ্ণ্য-ভাবে) সং, ক্লীং,

আনুলোমিক, (অনুলোম=অনুক্রম+ষ্ণিক) বিং, ত্রিং, অনুলোমবর্ত্তী, ক্রমানুযায়ী।

আনুবিধিৎসা, (অ—অনুবিধিৎসা [অনু+বি+ধা+সন্—ইচ্ছার্থে) উপকারেচ্ছা) সং, স্ত্রীং, প্রত্যুপকারের অনিচ্ছা

আনুবেশ্য, সং, পুং, নিজ গৃহের পার্শ্বস্থিত গৃহের পার্শ্বে যিনি বাস করেন।

আনুশ্রবিক, (অনুশ্রব [অনু+শ্রু+অল] বেদ+ষ্ণিক—বিহিতার্থে) সং, পুং, বেদবিহিত ক্রিয়া কলাপ। "দৃষ্টবদানুশ্রবিকঃ" তত্ত্বকৌমুদী।

আনুষঙ্গিক, (অনুসঙ্গ=সম্বন্ধ+ষ্ণিক—ভবার্থে) বিং, ত্রিং, সঙ্গঘটিত, অপ্রধান, যাহা অন্যের সহচরে ঘটে।

আনুষ্ঠিক, (অনুষ্ঠা+ষ্ণিক—প্রং) বিং, ত্রিং, অনুষ্ঠান-সম্বন্ধীয়।

আনূপ, (অনূপ+ষ্ণ—ভাবার্থে) সং, পুং, অনূপ দেশস্থ জন্তু—মহিষ গণ্ডার শূকর প্রভৃতি। বিং, ত্রিং, জলবহুল, জলপ্রায়

আনৃণ্য, (অনৃণ+ষ্ণ্য-ভাবে) সং, ক্লীং, ঋণরাহিত্য, ঋণ হইতে মুক্ত হওয়া। প্রত্যুপকার দ্বারা অন্যকৃত উপকারের পরিশোধ। [ক্লীং, অনৈষ্ঠুর্য্য, অনির্দ্দয়তা।

আনৃশংস্য, (অনৃশংস+ষ্ণ্য—ভাবে) সং,

আনেতা, (আনেতৃ, আ—নী=লওয়া+তৃণ্—ক) বিং, ত্রিং, আহর্ত্তা, আনয়নকারী

আন্তরিক, (অন্তর=মধ্য, মন+ষ্ণিক—ভবার্থে) বিং, ত্রিং, অন্তর্গত। মানসিক অন্তরে বদ্ধমূল।

আন্তরিক-স্রোতঃ, (আন্তরিক-স্রোতস্ (Under currents of ocean) সং, ক্লীং সমুদ্রের অভ্যন্তরে যে স্রোত নিয়ত প্রবাহিত হয়।

আন্দোলন, (আন্দোলি=দোলা+অনট—ভা) সং, ক্লীং, অনুশীলন, কোন বিষয় লইয়া তর্ক বা বাদানুবাদ করণ কম্পন। দোলন।

আন্দোলিত, (আন্দোলন দেখ, ত—র্ম্ম বিং, ত্রিং, অনুশীলিত। দোলিত কম্পিত চালিত বিং, ত্রিং, পাচক।

আন্ধসিক, (অন্ধস্=সিদ্ধ-তণ্ডুল+ষ্ণিক পাকার্থে) বিং, ত্রিং, পাচক।

আন্ন, (অন্ন+ষ্ণ) বিং, ত্রিং, অন্নলাভ-কারী, অন্নসম্বন্ধী, অন্নজাত।

আন্মনা, (অন্যমনা শব্দজ) বিং, অন্য-মনস্ক, অন্যচিত্ত।

আন্বায়িক, (অন্বয়=বংশ+ষ্ণিক—জাতার্থে) বিং, ত্রিং, সৎকুলজাত। অন্বয়সঙ্গত, সম্বদ্ধ। অন্বয়সম্বন্ধীয়।

আন্বহিক, (অন্বহ=প্রত্যহ+ষ্ণিক — ভবার্থে) বিং, ত্রিং, প্রাত্যহিক, প্রতি-দিন-সাধ্য, পাকাদি।

আন্বীক্ষিকী, (অন্বীক্ষা [অনু=পশ্চাৎ বা অনুসারে—ঈক্ষ্ =দেখা+আ— ভা] আগমশাস্ত্র প্রতিপাদিত বস্তুতত্ত্ব জানি-বারপর যে দর্শন+ষ্ণিক—প্রয়োজনার্থে ঈপ্-যাহার অন্বীক্ষা প্রয়োজনহইয়াছে) সং, স্ত্রীং, ন্যায়শাস্ত্র, তর্কবিদ্যা। আত্ম বিদ্যা। দুর্গা "আত্মবেদনশীলত্বাদন্বী ক্ষণপরাথবা অন্বীক্ষং কুরুতে যস্মাৎ তস্মাদান্বীক্ষিকীমতা" দেবীপুরাণ।

আপ, (আপস্, আপ্=পাওয়া অস — প্রং) সং, ক্লীং, জল।

আপ, (অপ্=জল+ষ্ণ—সমূহার্থে) সং, ক্লীং, অপসমূহ, জলরাশি। আপ্= পাওয়া—অ—সংজ্ঞার্থে) পুং,বস্তুবিশেষ।

আপক্ক, (আ=ঈষৎ—পক্ক= পরিণত, পাকা) বিং, ত্রিং, ঈষৎপক্ক, অর্দ্ধপক্ক।

আপগা, (আপ=জলরাশি—গ [গম+ড] যে গমন করে। যে আপদ্বারা গমন করে, ৩য়া—য। কিম্বা আপ=সমুদ্র। যে সমুদ্রে গমন করে, ৭মী—ষ) সং, স্ত্রীং, স্রোতস্বতী, নদী।

আপণ, (আ—পণ্=বাণিজ্যকরা+অল্ ধি) সং, পুং, বিক্রয়স্থান, দোকান, হট্ট, বাজার। [বিক্রেতা। দোকানি।

আপণিক, (আপণ+ষ্ণিক) সং, পুং,

আপতন, (আ—পত্=গমনকরা+অনট্ —ভা)সং,ক্লীং, আগমন, অভি-ধাবন পতন, পড়া।

আপতিত, (আপতন=দেশ, ত—র্ম্ম) বিং, ত্রিং, পতিত। যাহা ঘটিয়াছে, উপস্থিত। আগত।

আপত্তি, (আ—পদ্=গমনকরা, দুঃখিত হওয়া ইত্যাদি+ক্তি—ভা) সং, স্ত্রীং, বিপ্রতিপত্তি। দোষ। তিরস্কার। অসম্মতি। তর্কদোষ, বাধা দান, বিপরীত যুক্তি প্রদর্শন।

আপদ্ } (আ+পদ+ক্বিপ্—আ
আপদা } সং, স্ত্রীং, বিপদ্। দুঃখ দুর্ভাগ্য। দুর্ঘটনা।

আপন, (আপনি শব্দজ) বিং, নিজ। আত্মীয়, স্বীয়। [স্বয়ং, নিজ।

আপনি, (হিন্দী আপনে শব্দজ) সং,

আপন্ন, (আ—পদ+ক্ত—কর্ম্ম) বিং, ত্রিং, আপদ্গ্রস্ত, আপৎপ্রাপ্ত, বিপন্ন। লব্ধ। প্রাপ্ত। পুনঃ প্রাপ্ত।

আপন্নসত্ত্বা, (আপন্ন=লব্ধ—সত্ত্ব=গর্ভস্থিত জন্তু। যে গর্ভে অপত্য প্রাপ্ত হইয়াছে ৩য়া-স্ত্রিং) সং, স্ত্রীং, গর্ভিণী, অন্তঃসত্ত্বা.

আপমিত্যক, (অপমিত্য=বিনিময়যুক্ত +ষ্ণিক—প্রং) সং, ক্লীং, তুল্যরূপ দ্রব্য বিনিময় করিয়া যে দ্রব্য লওয়া যায়। বিনিময় প্রাপ্ত।

আপরাহ্নিক, (অপরাহ্ন+ষ্ণিক ভবার্থে) বিং, ত্রিং, অপরাহ্নসম্বন্ধীয়।

আপাক, (আ—ঈষৎ—পচ=পাককরা +ঘঞ্—ভা) সং, পুং, ঈষৎ পাক। কুম্ভকারের পোন্।

আপাত, (আ-পত্=গমনকরা+ঘঞ, ভা) সং, পুং, পতন। আগমন। তৎকাল, প্রথমসময়, "আপাতরম্যা বিষয়াঃ পর্য্যন্তপরিতাপিনঃ" ঘটনাসময়। পথ। সমীপে আগমন। "খিলীভূতে বিমা-নানাং তদাপাতভয়াৎ পথি" কুমার-সম্ভব।

আপাততঃ, (আপাততস্, আপাত= প্রথমসময়+তস্। সপ্তমীস্থানে তস্) অং, সং, প্রতি, ইদানিং, এক্ষণে, প্রথমত।

আপাত্য, (আ—পত্=গমনকরা+ঘ্যণ

—প্রং) বিং, ত্রিং, আগত, আগন্তুক।
আপাদিত, (আ—পাদি=গমন করান+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, সম্পাদিত, অনুষ্ঠিত।
আপান, (আ—পা=পানকরা+অনট্ ধি। যেখানে একত্রে মদ্যপান করে) সং, ক্লীং, সুরাপানগোষ্ঠী, পানস্থান, যে স্থানে অনেকে একত্র বসিয়া সুরাপান করে। মদ্য বিক্রয়ের স্থান।
আপামর, (আ=অবধি—পামর) ত্রিং—বিং, ক্লীং, পামর পর্য্যন্ত। সমস্ত, সকল
আপালি, (আ—পল্=গমন করা+ই প্রং। আ—আ) সং, পুং, উকুন।
আপিঙ্গর, সং, ক্লীং, স্বর্ণ, বিং, ত্রিং, ঈষৎ পীতবর্ণ।
আপীড়, (আ—পীড়্=পীড়নকরা+অল্—ণ। যাহার দ্বারা মস্তক পীড়িত হয়) সং, পুং, শিরোভূষণ, কিরীট। শিখা স্থিত মাল্য। বন্ধন বিশেষ। ক্লেশদান। শেখর।
আপীত, (আ=ঈষৎ—পীত) বিং, ত্রিং, ঈষৎ পীতবর্ণ।
আপীন, (আ=সম্যক্, ঈষৎ—পীন [প্যায়+ক্ত] স্থূল) সং, ক্লীং, গোরু প্রভৃতির পালান। "আপীনভারোদ্বহন প্রযত্নাৎ গৃষ্টির্গুরুত্বাদ্বপুষো নরেন্দ্রঃ" রঘুবংশ। কূপ। বিং, ত্রিং, ঈষৎ স্থূল। সম্যক স্থূল।
আপূপ, সং, পুং, পিষ্টক গোধূম।
আপূপিক, (অপূপ=পিষ্টক+ষ্ণিক—পাকার্থে) বিং, ত্রিং, পিষ্টকব্যবসায়ী, পিষ্টকবিক্রেতা, রুটিওয়ালা।
আপূপ্য, (অপূপ=পিষ্টক+ষ্ণ্য=ইদমর্থে) সং, পুং, ময়দা ছাতু প্রভৃতি।
আপূর, (আ—পূর্+ক) সং, পুং, পরিপূর্ণতা আভোগ আতিশয্য।
আপূষ, (আ—পূষ=বৃদ্ধি পাওয়া+অ—প্রং,) সং, ক্লীং, রঙ্গ, রাং।
আপৃচ্ছা—স্ত্রীং } (আ—প্রচ্ছ=জিজ্ঞা-
আপ্রচ্ছন—ক্লীং } সা করা+আ, অনট্

—ভা) সং, আভাষণ, আলাপ। জিজ্ঞাসা আবাহন।
আপেক্ষিক, (অপেক্ষা+ষ্ণিক—কৃতার্থে) বিং, ত্রিং, তুলনাকৃত, যথা—আপেক্ষিক গুরুত্ব, অর্থাৎ অন্যের সহিত তুলনা করিয়া যাহার গুরুত্ব নির্দ্ধারণ করা যায়
আপ্ত, (আপ্=পাওয়া+ক্ত—ক, র্ম্ম) বিং, ত্রিং, অভ্রান্ত, ভ্রম-প্রমাদরহিত, সত্য। বিশ্বস্ত। আত্মীয়, বন্ধু। লব্ধ। যুক্ত। হিত। কুশল। "কুমারভৃত্যা কুশলৈরনুষ্ঠিতে ভিষগ্ভিরাপ্তৈরথ গর্ভভর্ম্মণি" রঘুবংশ। বহু, অনল্প, অধিক। বিশ্বাস পূর্ব্বক নিযুক্ত। অভিযুক্ত, দূষিত। সং, পুং, ভ্রম প্রমাদাদি দোষ বিবর্জ্জিত মুণি প্রভৃতি। বন্ধু। স্বনামখ্যাত নাগরাজ। সং, স্ত্রীং, (প্তা) জটা। ক্লীং, ভাগফল।
আপ্তবাক্য, সং, ক্লীং, আপ্ত ব্যক্তির বাক্য প্রমাণ বাক্য, সিদ্ধান্ত বাক্য।
আপ্তি, (আপ+ক্তি—ভা) সং, স্ত্রীং, লাভ, প্রাপ্তি। সংযোগ। সম্বন্ধ। ব্যাপ্তি।
আপ্য, (অপ্=জল+ষ্ণ্য—বিকারার্থে) বিং ত্রিং, জলময়, জলপ্রায়, জলা। জলবিকার ফেনাদি। (আপ্=পাওয়া+য—র্ম্ম) লভ্য, প্রাপ্য, সং, পুং, দেবগণভেদ।
আপ্যান, (আ—প্যায়=বৃদ্ধিপাওয়া+ক্ত) বিং, ত্রিং, বলিষ্ঠ, শূর। স্ফীত। স্থূল।
আপ্যায়ন, (আ—প্যায়—অনট্+ভা) সং, ক্লীং, তৃপ্তি। প্রীতি। বৃদ্ধি। উন্নতি। পোষণ। বিং, ত্রিং, পুষ্টিকর। তৃপ্তিকর, উন্নতি সম্পাদক।
আপ্যায়িত, (আ—প্যায় [বৃদ্ধিপাওয়া] তুষ্ট হওয়া ইত্যাদি+ক্ত—ক) বিং, ত্রিং, তৃপ্ত, সন্তুষ্ট। বৃদ্ধিযুক্ত।
আপ্রস্থন, (আ+প্রস্থ+অনট্) সং, ক্লীং, আমন্ত্রণ, সম্ভাষণ।
আপ্রপদ, (আ=অবধি—প্রপদ=পাদাগ্র, ব্যং—স) সং, ক্লীং, পাদাগ্রপর্য্যন্ত।
আপ্রপদীন, (আ=অবধি—প্রপদ=পা-

দাগ্র+নীন ব্যাপকার্থে) বিং, ত্রিং, পাদাগ্রপর্য্যন্ত পতিত (বস্ত্র মালাদি ।
আপ্লব } (আ—প্লু=জলে ভাসিয়া
আপ্লাব } যাওয়া+অল্, ঘঞ—ভা) সং, পুং, স্নান, অবগাহন । জলপ্লাবন । জলসেচন, জলোচ্ছাস ।
আপ্লবব্রতী } (—তিন্ আপ্লব, আপ্লুত
আপ্লুত ব্রতী } =স্নান—ব্রত+ণিন্—অস্ত্যর্থে । স্নানরূপব্রতবিশিষ্ট) সং, পুং, স্নাতকব্রতী, ব্রহ্মচর্য্যানন্তর গৃহস্থাশ্রমে প্রবিষ্ট । বিং, ত্রিং, স্নাতকব্রতী । নিত্য-স্নায়ী । [ত্রিং, সিক্ত
আপ্লাবিত, (আপ্লাব+ইত—যুক্তার্থে) বিং,
আপ্লুত, (আপ্লব দেখ, ত—ক) বিং,ত্রিং, সিক্ত । স্নাত । সং, ক্লীং, স্নান । সং,পুং, স্নাতক ।
আপ্বন, (আপ=পাওয়া+বন । যাহা সর্ব্বত্র পাওয়া যায়, অর্থাৎ যাহা সর্ব্বত্র বিদ্যমান) বাতাশ, বায়ু ।
আফুক, সং, ক্লীং, অহিফেণ, আফিং ।
আবদ্ধ,(আ—বন্ধ=বন্ধন করা ইত্যাদি+ত—র্ম্ম) বিং, ত্রিং, বদ্ধ । সংলগ্ন । ব্যাপৃত । আহিত । বিরচিত । কল্পিত । "গর্ভাধানক্ষণপরিচয়ান্নূনমাবদ্ধমালাঃ" মেঘদূত ।
আবন্ধ, (আ—বন্ধ্=বন্ধনকরা+অল্—ভা, ণ) সং, পুং, যোক্ত্র, যোত্ দড়ি । যোয়াল । দৃঢ় বন্ধন । সম্বন্ধ । অলংকার, ভূষণ ।
আবাধা } (আ—বাধ্=পীড়ন করা,
আবাধ } ব্যাঘাত করা+অ— প্রং) সং, স্ত্রীং, পুং, পীড়া । দুঃখ, ক্লেশ । আঘাত । সন্তাপ । বিষম ত্রিভুজক্ষেত্রের মধ্যস্থিত লম্বরেখার উভয় পার্শ্বস্থ ভূমি ।
আবালি, সং, স্ত্রীং, শ্রেণী, সমূহ ।
আবুত্ত, (আপ—উদ্—তন্=বিস্তার করা+ড-প্রং, কিম্বা আ=সম্যক্—বুধ্ জানা+ত—ক) সং, পুং, ভগিনীপতি, (নাটকাদিতে প্রযোজ্য ।)
আবোধন, (আ—বুধ+অনট্) সং, ক্লীং, জ্ঞান,প্রবোধ । সম্যগ্বোধন । উপদেশ ।
আভরণ, (আ—ভৃ=ধারণকরা+অনট্—র্ম্ম) সং, ক্লীং, ভূষণ, অলঙ্কার । আবেধ্য (কুণ্ডলাদি) বন্ধনীয় (কুসুমাদি) ক্ষেপ্য (নূপুরাদি) আরোপ্য (হারাদি) এই চতুর্বিধ অলঙ্কার । সম্যগভরণ, পোষণ ।
আভা, (আ—ভা=দীপ্তিপাওয়া+আ—ভা) সং, স্ত্রীং, শোভা, কান্তি । প্রভা, দীপ্তি । সাদৃশ্য । বাতরোগ বিশেষ ।
আভাষ, (আ—ভাষ্=বলা+ঘঞ্—ভা) সং, পুং, ভূমিকা । অনুষ্ঠান । আলাপ ।
আভাষণ, (আ—ভাষ্=কথাকহা+অনট্—ভা) সং, ক্লীং, আলাপ, কথাবার্ত্তা । উক্তি । [ত্রিং, কথিত ।
আভাষিত, (আ—ভাষ—ক্ত—র্ম্ম) বিং,
আভাষ্য, (আ—ভাষ+য—র্ম্ম) বিং, ত্রিং, আলাপের যোগ্য । জিজ্ঞাস্য । "কথমেকপদে নিরাগসং জনমাভাষ্যমিমং ন মন্যসে" রঘুবংশ ।
আভাস, (আ—ভাস্ = দীপ্তিপাওয়া+ঘঞ্—ভা) সং, পুং, অভিপ্রায় । সাদৃশ্য দীপ্তি । দোষ । প্রতিবিম্ব (ন্যায়শাস্ত্রে) অবাস্তব অনুমান (Fallacy)
আভাসমান, (আ -ভাস+শান—র্ম্ম) বিং, ত্রিং, প্রতীয়মান । দীপ্যমান । যাহা ব্যক্ত হয়, প্রকাশমান ।
আভাস্বর, (আ=সর্ব্বত্র—ভাস্=দীপ্তিপাওয়া+বর—সংজ্ঞার্থে) সং, পুং, গণদেবতাবিশেষ । বিং, ত্রিং, দীপ্ত, দীপ্তিশালী । সং,পুং, চতুঃষষ্ঠী গণদেবতা ভেদ
আভিজন, (অভিজন=বংশ+ষ্ণ—ভাবে) বিং, পুং, বংশসম্বন্ধীয় । "তাং পার্ব্বতীতাভিজনেন নাম্না বন্ধুপ্রিয়াং বন্ধুজনো জুহাব" কুমারসম্ভব ।
আভিজাতিক, (অভিজাত=বংশ+ষ্ণিক—প্রং) বিং, ত্রিং, অভিজাত সম্বন্ধীয় । বংশঘটিত, কুলপরিচায়ক ।

আভিজাতিক চিহ্ন ; কুলপরিচায়কচিহ্ন।

আভিজাত্য, (আভিজাতি=সৎবংশ+ ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, সদ্বংশীয়ত্ব, কৌলীন্য। পাণ্ডিত্য।

আভিধানিক, (অভিধান+ষ্ণিক—প্রং) বিং,ত্রিং, অভিধানে প্রসিদ্ধ। অভিধানসম্বন্ধীয়। অভিধানবেত্তা।

আভিমুখ্য, (অভিমুখ+ষ্ণ্য—ভাবে)সং, ক্লীং, সম্মুখীনত্ব, সাম্মুখ্য। আনুকূল্য।

আভিরূপ্য, (অভিরূপ+ষ্ণ্য) সং, ক্লীং, উৎকর্ষ। পাণ্ডিত্য।

আভিষেচনিক, (অভিষেচন+ষ্ণিক) বিং, ত্রিং, অভিষেচনের উপযুক্ত বস্তু। অভিষেচনার্থ আনীত দ্রব্য। মহাভারতের পর্ব্ববিশেষ।

আভীক্ষ্ণ, আভীক্ষ্ণ্য (অভীক্ষ্ণ + ষ্ণ, ষ্ণ্য—ভাবে) সং, ত্রিং, পৌনঃপুন্য। আধিক্য।

আভীর, (আ—ভী—রা+ড) সং, পুং, রী—স্ত্রীং, গোপ, গোপী, গোয়ালিনী, আহিরিণী। দেশবিশেষ। মাত্রাবৃত্তভেদ।

আভীরপল্লি, ল্লী (আভীর=গোয়ালা—পল্লি=পাড়া, ৬ষ্ঠী—ষ) সং,স্ত্রীং, গোপপল্লী, গোয়ালাপাড়া, গোপস্থান।

আভীল, (আ—ভী—লা+ড। যে চতুর্দ্দিকে ভয় উৎপাদন করে) সং, ক্লীং, শারীরিক যন্ত্রণা। ক্লেশ। কষ্ট। বিং, ত্রিং, প্রকাণ্ড, ভয়াবহ। কষ্টযুক্ত।

আভুগ্ন, (আ=ঈষৎ—ভুজ=বক্রহওয়া+ক্ত—ক। জ—গ। 'ত' স্থানে ন) বিং, ত্রিং, ঈষদ্বক্র। চারিধারে ভগ্ন। "আভুগ্নেন বিবর্ত্তিতা বলিমতা মধ্যেন কম্রস্তনী" শকুন্তলা।

আভেরী, (আ—ভেরী=বাদ্যযন্ত্রবিশেষ) সং, স্ত্রীং, সঙ্গীতশাস্ত্রপ্রসিদ্ধ রাগিণীভেদ

আভোগ, (আ—ভুজ্=খাওয়া, পূর্ণ হওয়া ইত্যাদি+ঘঞ্—ভা। 'জ'স্থানে গ) সং, পুং, সম্পূর্ণতা, পরিপূর্ণতা। "গণ্ডাভোগাৎ কঠিন বিষমামেকবেণীং করেণ" মেঘদূত। প্রযাস। বিস্তার। যত্ন। ভণিতা। উপভোগ, বরুণের ছত্র।

আভ্যুদয়িক, (অভ্যুদয়=মঙ্গল+ষ্ণিক—প্রং,) বিং, ত্রিং, মাঙ্গলিক। সুখসৌভাগ্য বৃদ্ধিহেতুক।

আম, (অম্=রুগ্নহওয়া, গমনকরা+ঘঞ্—প্রং) সং, পুং, রোগ, পীড়া। রোগবিশেষ, অজীর্ণ রোগ। তুষরহিত ধান্যাদি। বিং, ত্রিং, নূতন। অপক্ক, কাঁচা। অং, আনুকূল্য। স্মরণ। [মৃণ্ময় কুম্ভ।

আমকুম্ভ, (আম—কুম্ভ) সং, পুং, অদগ্ধ

আমগন্ধি, (আম=কাঁচা—গন্ধ। যাহার অপক্ক গন্ধ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, দুর্গন্ধ, চিতাধূমাদি গন্ধযুক্ত।

আমজ্বর, (আম—জ্বর)সং, পুং, কোষ্ঠবদ্ধ জনিত জ্বর।

আমণ্ড, (আ=ঈষৎ—মন্ড্=ভূষিতকরা +অ—প্রং) সং, পুং, এরণ্ড বৃক্ষ।

আমনস্য, আমানস্য (আ—মনস্, মানস—অন্তঃকরণ+ষ্ণ্য—বিকারার্থে) সং, ক্লীং, যাতনা, পীড়া, দুঃখ, কষ্ট।

আমন্ত্রণ, (আ—মন্ত্র=মন্ত্রণাকরা, আহ্বানকরা+অনট্—ভা।) সং, ক্লীং, সম্বোধন। আহ্বান। নিমন্ত্রণ। অভিনন্দন, সম্বর্দ্ধনা। আলাপ।

আমন্ত্রিত, (আ—মন্ত্র+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অভিনন্দিত। সম্বোধিত। নিয়োজিত। সং, ক্লীং, সম্বোধন পদ।

আময়, (আম [অম্=রুগ্নহওয়া। অ—ভা]—যা=যাওয়া+ড প্রং) সং, পুং, রোগ, ব্যাধি। সং, ক্লীং, ওষধিভেদ,কুড়

আময়াবী, (আময়াবিন্ = আময়+বিন্—ক। যে রোগ প্রাপ্ত হয়, ২য়া—ষ) বিং, ত্রিং, রোগী,ব্যাধিগ্রস্ত মন্দাগ্নিযুক্ত।

আময়াবিত্ব, (আময়াবী+ত্ব) সং, ক্লীং, অগ্নিমান্দ্য, মন্দানলত্ব।

আমরক্ত, (আম—রক্ত) সং, পুং, স্বনামখ্যাত রোগবিশেষ।

আমর্দ্দ, (আ—মর্দ্দ) সং, পুং, আকর্ষণ, বলপূর্ব্বক আনয়ন। "অর্দ্ধপীতস্তনং মাতুরামর্দ্দক্লিষ্ট কেশরং" শকুন্তলা।

আমর্শ—পুং, আমর্শন—ক্লীং } (আ—মৃশ্=পরামর্শ করা, স্পর্শ করা + অল্, অনট্—ভা) সং, ভক্ষণ। স্পর্শ ধর্ষণ। পরামর্শ। উপদেশ।

আমর্ষ, (অ—মর্ষ=ক্ষমা + অ —ভাবে, অথবা অমর্ষ দেখ) সং, পুং, ক্রোধ।

আমলক, (আ—মল্=ধারণকরা+ক —র্ম্ম)। ঔষধার্থ যাহাকে ধারণ করা যায়) সং, ক্লীং, আমলা, আমলকী। সং, পুং, আমলকী বৃক্ষ।

আমলা, (আমলক শব্দজ) সং, আমলকী-ফল। (যাবনিক) বেতনভোগী কর্ম্মচারী

আমবাত, (আম=পীড়াদায়ক—বাত, য়ং—স) সং, পুং, স্বনাম প্রসিদ্ধ বাত-রোগ বিশেষ।

আমশ্রাদ্ধ, সং, ক্লীং, আমান্নবিহিত শ্রাদ্ধ বিশেষ। "আমশ্রাদ্ধং দ্বিজৈঃ কার্য্যং শূদ্রেণ তু সদৈব হি"। [কাঁচপোড় ইট্।

আমা, (অম শব্দজ) সং, অপক্ব ইষ্টক,

আমাদ্, (আম—অদ্=ভক্ষণ করা+ক্বিপ্) বিং, ত্রিং, অসিদ্ধমাংস ভোজী। যে কাঁচা মাংস খায়।

আমানী, (দেশজ) সং, কাঞ্জী, কাঁজী।

আমান্ন, (আম=অপক্ব—অন্ন, য়ং—স) সং, ক্লীং, অপক্বান্ন, তণ্ডুল, চাউল।

আমাশয়, (আম—আশয়=স্থান, ৬ষ্ঠী—য) সং, পুং, আমস্থলী। রোগবিশেষ।

আমিক্ষা,মীক্ষা (আ—মিষ্=সেচনকরা+স—সংজ্ঞার্থে। আ — স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, দুগ্ধ বিকার বিশেষ, ছানা।

আমিক্ষীয়, (আমিক্ষা+নীয়—প্রং) সং, ক্লীং, আমিক্ষার জনক দধি। বিং, ত্রিং, আমিক্ষাজাত।

আমিষ, (আ=সমন্তাৎ—মিষ্=[স্পর্দ্ধা করা] অভিব্যক্ত হওয়া + ঘঞ্—ক যে সর্ব্বত্র অভিব্যক্ত হয়) সং, পুং—ক্লীং,মাংস। ভোগ্যবস্তু। সুন্দরবস্তু। ঘুষ, উৎকোচ, অভিলাষ। ভোজন। লাভ।

আমিষপ্রিয়, (আমিষ=মাংস—প্রিয়, ৬ষ্ঠী —ষ) সং, পুং, কঙ্কপক্ষী। বিং, ত্রিং, মাংসাভিলাষী।

আমিষভুক্, (আমিষভুজ্, আমিষ—ভুজ্=যে ভোজন করে। যে আমিষ ভোজন করে, ২য়—ষ) বিং, ত্রিং,মাংসভোজী।

আমিষাশী, (আমিষাশিন্, আমিষ—আশী [অশ্=ভোজনকরা + ণিন্—ক] যে ভোজন করে। যে আমিষ ভোজন করে, ২য়া—ষ) বিং, ত্রিং, মাংসভোজী, যে মৎস্যমাংসাদি ভোজন করে।

আমীলন, (আ=ঈষৎ+মীলন) সং, ক্লীং, ঈষৎ নিমীলন, অল্পমুদ্রিত।

আমীন, (যাবনিক) সং, জমীদার যে ব্যক্তিকে জরিপ্ করিবার নিমিত্ত নিযুক্ত করেন।

আমুক্ত, (আ—মুচ্=মোচনকরা, বন্ধন করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বদ্ধ। পরিহিত। পরিত্যক্ত। নিক্ষিপ্ত। আবর্জ্জিত

আমুখ, (আ—মুখ=আরম্ভ) সং, ক্লীং, প্রস্তাবনারূপ নাটকের অঙ্গ বিশেষ; "সূত্রধারেণ সহিতাঃ সংলাপং যত্র কুর্ব্বতে। নটো বিদূষকোবাপি পারিপার্শ্বিক এব বা॥ আমুখং নাম তজ্জ্ঞেয়ং, সৈব প্রস্তাবনাপি তা" ভরত।

আমুপ, সং, পুং,বেউড় বাঁশ।

আমুষ্যায়ণ (অমুষ্য [অমুষ্যপুত্র দেখ]+ ষ্ণায়ন পুত্রার্থে) বিং, ত্রিং, অমুষ্যপুত্র, সদ্বংশীয়, প্রসিদ্ধ বংশোৎপন্ন, কুলীন।

আমুষ্মিক, (অমুষ্মিন্+ষ্ণিক—প্রং) বিং, ত্রিং, পারলৌকিক।

আমূল, (আ=অবধি—মূল = গোড়া, আদি) ক্রিং—বিং, ক্লীং, মূল পর্য্যন্ত। প্রথমাবধি। [প্রং) অং, মূল হইতে।

আমূলতঃ, (আমূলতস্, আমূল+তস্—

আমৃষ্ট, (আ—মৃজ্=শুদ্ধকরা, চূর্ণকরা ইত্যাদি+ত—র্ম্ম। জ—ষ। ত=স্থানে

ট) বিং, ত্রিং, মর্দ্দিত, প্রমর্দ্দিত। "আমৃষ্টবক্ষোহরিচন্দনাঙ্কা মন্দারমালা হরিণাপিনদ্ধা" শকুন্তলা।

আমোক্ষণ, (আ—মোক্ষণ=মুক্ত করণ) সং, ক্লীং, পরিধান। বন্ধন।

আমোচন, (আ—মুচ্ [ত্যাগকরা] সংযুক্তকরা ইত্যাদি+অনট্—ভা) সং, ক্লীং, পরিধান। সংযোগ। মুক্তি।

আমোদ, (আ—মুদ্=হৃষ্টহওয়া+ঘঞ্ ভা) সং, পুং, হর্ষ, আনন্দ। (আ=সম্যক্—মোদ=হৃষ্ট। যাহার দ্বারা সম্যক্ রূপে হৃষ্ট হয়) অতিদূরব্যাপী গন্ধ, সৌরভ।

আমোদিত, (আমোদ+ইত—যুক্তার্থে, কিম্বা আমোদ দেখ, ত—ক) বিং, ত্রিং, সুরভীতকৃত। আনন্দিত,সহর্ষ,পুলকিত,

আমোদী, (আমোদিন, আমোদ+ণিন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, আনন্দযুক্ত। সং, পুং, মুখের সুগন্ধসাধক দ্রব্য কর্পূরাদি।

আমোষ, (আ—মুষ=হরণকরা+ঘঞ্) সং, পুং, চৌর্য্য। অন্যায় পূর্ব্বক পরদ্রব্যাপহরণ।

আম্নাত, (আ—ম্না=অভ্যাসকরা, বলা+ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রকটিত, কথিত, বর্ণিত। অধীত, পঠিত। "যদ্ব্রহ্ম সম্যগাম্নাতং যদগ্নৌ বিধিনা হুতং" কুমারসম্ভব

আম্নায়, (আ—ম্না=অভ্যাসকরা+ঘঞ্—ণ, ক, র্ম্ম। য—আগম। মুনিগণ যাহা সম্যক্ অভ্যাস করিয়া থাকেন) সং, পুং, বেদ। কুলাচার। অভ্যাস। গুরুপরম্পরাগত উপদেশ। সম্প্রদায়। কুলক্রমাগত আচার পদ্ধতি। তন্ত্রশাস্ত্র। কুল।

আম্নায়সারী, (আম্নায়সারিন্, আম্নায়=বেদ-সারিন্=গামী, যে যায়) বিং, ত্রিং, বেদানুগামী, যে বেদবিহিত ক্রিয়াকলাপ করিয়া থাকে। ধর্ম্মনিষ্ঠ।

আম্বিকেয়, (অম্বিকা+ঢেয়—অপত্যার্থে) সং, পুং, অম্বিকাপুত্র, ধৃতরাষ্ট্র কার্ত্তিকেয়

আম্র, (অম্র দেখ, অ=আ) সং, পুং, আমগাছ। ক্লীং, আম্রফল।

আম্রকূট, সং, পুং, স্বনামখ্যাত পর্ব্বত বিশেষ। "ত্বমক্ষতাধ্বশ্রমপরিগতং সানুমানাম্রকূটঃ" মেঘদূত।

আম্রপেশী, ষী; সং, স্ত্রীং, আমচূর্ণ, আমসী।

আম্রাত
আম্রাতক } সং, পুং, আমড়া গাছ। আমড়াফল।

আম্রাবর্ত্ত, (আম্র—আবর্ত্ত) সং, পুং, আমড়াগাছ। আমসত্ব।

আম্রেড়ন, (পশ্চাৎ দেখ, অনট্—ভা) সং, ক্লীং, এক বিষয় পুনঃ পুনঃ বলা, বারম্বার কথন।

আম্রেড়িত, (আ—ম্রেড়=উন্মত্ত হওয়া, পুনঃ পুনঃ বলা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, দুই তিনবার কথিত, পুনঃ পুনঃ কথিত

আম্ল, (অম্ল+অ—ভবার্থে) বিং, ত্রিং, অম্লরসযুক্ত।

আম্লা
আম্লিকা
আম্লীকা } সং, স্ত্রীং, তেঁতুলগাছ।

আয়, (আ—ই [যাওয়া] আসা+ঘঞ্—ভা) সং, পুং, ধনাগম, প্রাপ্তি, লাভ, উপস্বত্ব। অন্তঃপুররক্ষী।

আয়ঃশূলিকা, (অয়ঃশূল+ষ্ণিক) বিং, ত্রিং, পরিশ্রমী। ক্ষিপ্রকারী, তীক্ষ্ণ উপায় দ্বারা অভীষ্ট সাধক।

আয়ত, (আ—যম্=বিরত হওয়া+ত—ক) বিং,ত্রিং,দীর্ঘ। বিশাল। দূর। বিস্তৃত প্রবৃদ্ধ। আকৃষ্ট। সং, ক্লীং, সমকোণ বিশিষ্ট বিষমবাহু চতুর্ভুজ ক্ষেত্র। (Rectangle) সামান্তরিক ক্ষেত্রের চারিটী কোণ এক একটী সমকোণ হইলে উহাকে আয়ত কহে।

আয়তন, (আ=সম্যক্-যত=যত্নকরা+অনট্—ধি, ভা। যেখানে গৃহীরা সম্যকরূপে যত্ন করে) সং, ক্লীং, যজ্ঞবেদি, যজ্ঞস্থান। আশ্রয়। ভদ্রাসন,

গৃহ। পরিমাণ। পরিসর, প্রশস্ত। রোগের কারণ।

আয়তি, (আয়ত দেখ, তি—ভা) সং, স্ত্রীং, দৈর্ঘ্য। গৌরব, প্রভাব। আয়, প্রাপন। উত্তরকাল, ভবিষ্যৎকাল। সংযম। সঙ্গম।

আয়ত্ত, (আ—যৎ=যত্নকরা, বশহওয়া +ক্ত—ক) বিং, ত্রিং, অধীন, বশীভূত।

আয়ত্তি, (আয়ত্ত দেখ, তি—ভা) সং, স্ত্রীং, অধীনতা। অনুরাগ। সীমা। সামর্থ্য। দৈর্ঘ্য। আগ্রহ। গৌরব। প্রভাব। দিন। ভবিষ্যৎকাল। বল।

আয়থাতথ্য, (অযথাতথ+ষ্ণ্য) সং, ক্লীং, উদ্দেশের অনুপযোগী।

আযমন, (আ—যম+অনট্) সং, ক্লীং, আকর্ষণ, দীর্ঘ করণ।

আয়ল্লক, সং, ক্লীং, উৎকণ্ঠা।

আয়স, (অয়স্+ষ্ণ—ইদমর্থে, স্বার্থে) বিং, ত্রিং, লৌহময়। "আয়সং হৃদয়ং মন্যে তস্য দুষ্কৃতকর্ম্মণঃ" মহাভারত। সং, ক্লীং, লৌহ। সী—স্ত্রীং, বর্ম্ম, লৌহ নির্ম্মিত কবচ।

আয়স্ত, (আ—যস্=যত্নকরা, ক্ষেপণ করা, ক্লিষ্ট হওয়া+ক্ত—ক, র্ম্ম) বিং, ত্রিং, শাণিত,তীক্ষ্ণীকৃত। নিক্ষিপ্ত। ক্লেশিত, কুপিত। আহত। সযত্ন। হত।

আয়াত, (আ—যাত=গত) বিং, ত্রিং, আগত। সং, ক্লীং, আগমন।

আয়ান, (আ—যা+অনট্) সং, ক্লীং, স্বভাব, প্রকৃতি। আগমন, উপস্থিতি।

আয়াম, (আয়ত দেখ, অ—) সং, পুং, দৈর্ঘ্য, লম্বতা। বিস্তার। "তেনোদীচীং দিশমনুচারেস্তির্য্যগায়ামশোভী" মেঘদূত

আয়াস, (আ—যস্=ক্ষেপণ করা, ক্লিষ্ট-হওয়া+ঘঞ—ভা) সং, পুং, শ্রান্তি। পরিশ্রমাদিজনিত শরীরদৌর্ব্বল্য। অতিযত্ন। ক্লেশ।

আয়াসিত, (আয়াস+ইত— যুক্তার্থে) বিং, ত্রিং, শ্রান্ত, ক্লান্ত।

আয়ু, পুং-ক্লীং, } (ই=গমন করা+
আয়ুস্, ক্লীং, } উন্, উস্-সংজ্ঞার্থে। যে গমন করে) সং, জীবন, জীবিতকাল, পরমায়ু। স্বনাম খ্যাত চন্দ্রবংশীয় রাজা বিশেষ, নহুষের পুত্র।

আয়ুক্ত, আ—যুজ্=যোগকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ব্যাপারিত। নিযুক্ত। নিপুণ। কর্ম্মাধ্যক্ষ।

আয়ুধ (আ—যুধ্=যুদ্ধকরা+ক—ণ) সং, পুং, ধনুক প্রভৃতি অস্ত্রশস্ত্র।

আয়ুধাগার, (আয়ুধ—আগার=গৃহ ৬ষ্ঠী—ষ)সং, ক্লীং, অস্ত্রগৃহ, যে গৃহে অস্ত্রাদি রাখা যায়।

আয়ুধিক, আয়ুধীয়, (আয়ুধ+ষ্ণিক, নীয়—প্রং) বিং,ত্রিং, শস্ত্রধারী। শস্ত্রজীবী। যে যুদ্ধ করিয়া আপনার জীবনযাত্রা নির্ব্বাহ করে, সৈনিক।

আয়ুর্দ্রব্য, (আয়ুস্=জীবন—দ্রব্য=বস্তু) সং, ক্লীং, ঔষধ। [পুং, ঔষধ।

আয়ুর্যোগ, (আয়ুস্=জীবন—যোগ)সং,

আয়ুর্ব্বেদ, (আয়ুস্=জীবনকাল—বেদ=শাস্ত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, চিকিৎসা শাস্ত্র, নিদানশাস্ত্র

আয়ুর্ব্বেদী, (আয়ুর্ব্বেদিন্, আয়ুর্ব্বেদ+ণিন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, চিকিৎসা ব্যবসায়ী, চিকিৎসক, কবিরাজ।

আয়ুস্কর, (আয়ুস্+কর=যে করে, ২য়া—ষ) বিং,ত্রিং,পরমায়ু বৃদ্ধি কারক বস্তু।

আয়ুষ্কাম, (আয়ুস্=জীবন+কাম=যে ইচ্ছাকরে) যে দীর্ঘ জীবন ইচ্ছা করে, দীর্ঘ জীবনাভিলাষী।

আয়ুষ্টোম, (আয়ুস্=জীবন+ষ্টোম=যাগ) সং, পুং, জীবন বৃদ্ধি কারক যাগবিশেষ।

আয়ুষ্মান্, (আয়ুষ্মৎ, আয়ুস্+মৎ—অস্ত্যর্থে) বিং, ত্রিং, দীর্ঘায়ু, চিরজীবী। (নাটকে) রথির প্রতি সূতের সম্বোধন। "আয়ুষ্মন্ রথিনং সূতো বৃদ্ধং তাতেতি চেতরঃ" সাহিত্য দর্পণ। সং, পুং, তিথি নক্ষত্রের যোগবিশেষ।

আয়ুষ্য, (আয়ুস্+ষ্যঁ—প্রয়োজনার্থে) বিং, ত্রিং, আয়ুষ্কর, আয়ুর্জনক।

আয়ুস্তেজস্, সং, পুং, বুদ্ধের নামান্তর।

আযোগ, (আ—যুজ্=যোগকরা+ঘঞ্—ভা) সং, পুং, গন্ধমাল্যোপহার। ব্যাপার। রোধ।

আয়োগব, (অয়োগব—ষ্ণ—ইদমর্থে) সং, পুং, শূদ্রের ঔরসে বৈশ্যাগর্ভজাত সঙ্করজাতি বিশেষ।

আয়োজক, (আয়োজন=দেখ, অক—ক) বিং, ত্রিং, যে আয়োজন করে, সংগ্রহকারক। উদ্যোগী।

আয়োজন, (আ—যুজ্=যোগ করা, সংগ্রহকরা+অনট্—ভা) সং, ক্লীং, উদ্যোগ। আহরণ, সংগ্রহ।

আয়োজিত, (আয়োজন=দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, সংগৃহীত, সঙ্কলিত।

আয়োধন, (আ—যুধ্=যুদ্ধকরা+অনট্ ধি,ভা) সং, ক্লীং,যুদ্ধ। যুদ্ধক্ষেত্র। "আয়োধনে কৃষ্ণগতিং সহায়ং" রঘুবংশ।

আর, (ঋ=গমনকরা+ঘঞ্—সংজ্ঞার্থে) সং, পুং, মঙ্গলগ্রহ। শনি। ক্লীং, পিত্তল। চর্ম্মকারের বেধনাস্ত্র। প্রান্ত। চক্রাঙ্গ কাষ্ঠবিশেষ। কোণ। (হিন্দী আওর শব্দজ) অং, এবং,। রা—স্ত্রীং, চর্ম্ম বেধনাস্ত্র। টেকো।

আরকূট, (আর=গমনকারী—কূট=স্তূপ, য়ং—স। যাহা স্তূপাকারে অর্থাৎ বহুল পরিমাণে ব্যবহৃত হয়) সং, পুং,—ক্লীং, পিত্তল ধাতু, পিত্তলাভরণ।

আরক্ত, (আ=ঈষৎ—রন্জ্=রংকরা ইত্যাদি+ক্ত—প্রং) বিং, ত্রিং, ঈষৎ রক্তবর্ণ।

আরক্ষ, (আ—রক্ষ্=রক্ষাকরা+অ—প্রং,) সং, পুং, সৈন্য। রক্ষা। বিং, ত্রিং, রক্ষক। গজকুম্ভের নিম্নভাগ।

আরগ্বধ, (আ—রগ্=রোগ—বধ্=নষ্টকরা+অ—ক। যে রোগ নষ্ট করে, ২য়া—ষ) সং, পুং, সোঁদালিগাছ।

আরজী, (যাবনীক) সং, বিচারপতির নিকটে আবেদন পত্র।

আরট্ট, সং, পুং, ভারতবর্ষের উত্তর পশ্চিম স্থিত দেশ,পঞ্জাব। যথা মহাভারতে "পঞ্চনদ্যো বহন্ত্যেতা যত্র নিস্থত্য পর্ব্বতাৎ। আরট্টা নাম বাহীকা ন তেষ্বার্য্যো দ্ব্যহং বসেৎ"।

আরট্টজ, আরট্ট=দেশবিশেষ—জ=যে জন্মে, ৭মী—ষ) সং, পুং, আরট্ট—দেশীয় ঘোটক।

আরণি, (আ—ঋ=গমনকরা+অনি—সংজ্ঞার্থে) সং, পুং, জলাবর্ত্ত, জলভ্রম।

আরণ্য } (অরণ্য+ষ্ণ—ভবার্থে।
আরণ্যক } ক—স্বার্থে) বিং, ত্রিং, বন্য, অরণ্যজাত, বনসম্বন্ধীয়, বৃক্ষ পক্ষি মৃগ প্রভৃতি। সং, পুং, পথ। হস্তী। অধ্যায়। ক্লীং বেদাংশ বিশেষ। বিহার স্থান। ন্যায়শাস্ত্র। গোময়। অরণ্যবাসী, মুনি প্রভৃতি।

আরণ্য রাশি, (আরণ্য—রাশি) সং, পুং, সিংহরাশি, মেষরাশি, বৃষরাশি, এবং মকর রাশির প্রথম অংশ।

আরতি, (আ—রম্=ক্রীড়াকরা, ক্ষান্ত-হওয়া ইত্যাদি+ক্তি—ভা) সং, স্ত্রীং, বিরতি, নিবৃত্তি, ক্ষান্তি। নীরাজন, প্রতিমার সম্মুখে প্রদীপাদি চালনা করা।

আরনাল } অরনাল [অর=শীঘ্র—
আরনালক } নল্=বন্ধনকরা+ষ্ণ—ক যে শীঘ্র মল বন্ধন করে] অন্ন+ষ্ণ—ইদমর্থে) অথবা আর=গমনশীল+নাল=গন্ধ। যাহার গন্ধ গমনশীল অর্থাৎ যাহার গন্ধ চারিদিকে বিস্তৃতহয়। ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, কাঁজি, আমানি।

আরব্ধ, (আ—রভ্=বেগে গমনকরা, আরম্ভ করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহার আরম্ভ হইয়াছে, উপক্রান্ত। সং, ক্লীং, আরম্ভ।

আরভটি, (আ—রভ+অটি। ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, নাট্যক্রীড়াবিশেষ।

"মায়েন্দ্রজালসংগ্রামক্রোধোদ্‌ভ্রান্তাদি-চেষ্টিতৈঃ। সংযুক্তা বধবন্ধাদ্যৈরুদ্ধ-তারভটীমতা।" সাহিত্যদর্পণ।

আরম্ভ, (আ—রভ+ঘঞ্—ভা) সং, পুং, উদ্যোগ। উপক্রম। ব্যাপার, যথা "নৃত্যারম্ভে হর পশুপতেরার্দ্রনাগাজি-নেচ্ছাং" মেঘদূত। কার্য্য। যত্ন। উপায়। উপায়প্রয়োগ। "অকরোদচিরেশ্বরঃ ক্ষিতৌ দ্বিষদারম্ভফলানি ভস্মসাৎ" রঘুবংশ। ত্বরা। গর্ব্ব। উৎপত্তি, যোগ। অনুষ্ঠান। হিংসা।

আরম্ভবাদ, (আরম্ভ—বাদ=তর্ক) সং, পুং, মীমাংসকদিগের বাদ বিশেষ।

আরম্ভক, (আরব্ধ—দেখ, অক—ক) বিং, ত্রিং, জনক, উৎপাদক।

আরব, আরাব (আ—রু=শব্দকরা+অল্—ঘঞ ভা) সং, পুং, ধ্বনি, শব্দ।

আরস্থলা, (দেশজ) সং, কীট-বিশেষ, তেলাপোকা। [রসহীনতা, নীরসতা।

আরস্য, (আ—রস+ষ) সং, ক্লীং,

আরাৎ, (আ—রা=দানকরা+আৎ—প্রং) অং, দূর। সমীপ "তমর্চ্চ্যমারা-দভিবর্ত্তমানং" রঘুবংশ।

আরাতীয়, (আরাৎ+ঈয়) বিং, ত্রিং, নিকট বর্ত্তী। দূরস্থ।

আরাত্রিক, (অ—রাত্রি+ষ্ণিক—প্রং, অথবা আ—রাত্রি+ক—যোগ। দীপা-লোক কেবল রাত্রিতেই প্রদর্শিত হয়, ইহা দিবাভাগেও হইয়া থাকে) সং, ক্লীং, আরুতি, নীরাজনা। নীরাজনপাত্র।

আরাধন, (আ—রাধ্=নিষ্পন্ন হওয়া, আরাধনা করা ইত্যাদি+অনট্—ভা) সং, ক্লীং (না)—স্ত্রীং, উপাসনা। তুষ্টি-করণ। পরিচর্য্যা, সেবা। "আরাধনায় লোকানাং, মুঞ্চতো নাস্তি মে ব্যথা" উত্তরচরিত। "আরাধনায়াস্য সখী-সমেতাং, সমাদিদেশ প্রযতাং তনুজাম্" কুমারসম্ভব। অভ্যাস। পাক।

আরাধিত, (আরাধন দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, উপাসিত। সেবিত। অভ্যস্ত।

আরাধ্য, (আরাধন দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, উপাস্য, যাহাকে আরাধনা করা যায়।

আরাম, (আ—রম্=ক্রীড়াকরা+ঘঞ্—র্ম্ম) সং, পুং, উপবন, বাগান।

আরালিক, (অরাল=বক্র+ষ্ণিক—প্রং, সর্ব্বদা যে পাত্রাদির উপর বক্র হয়) সং, পুং, সূপকার, পাচক। বিং, ত্রিং, বক্রগামী।

আরু, (ঋ=গমনকরা+উ—সংজ্ঞার্থে। অ=আ) সং, পুং, কর্কট, কাঁকড়া। শূকর। [খ্যাত নাগরাজ।

আরুণি, সং, পুং, উদ্দালক মুনি। স্বনাম

আরুরুক্ষু, (আরুরুক্ষ=আ—রু+সন্—ইচ্ছার্থে) আরোহন করিতে ইচ্ছা করা +উ—প্রং) বিং, ত্রিং, আরোহণ করিতে ইচ্ছুক।

আরু, (আ—ঋ=গমন করা+উ) বিং, ত্রিং, পিঙ্গল বর্ণ বিশিষ্ট। সং, পুং, শূকর। বৃক্ষবিশেষ। পিঙ্গল বর্ণ।

আরূঢ়, (আ—রুহ্=জন্মান, উপরে উঠা+ক্ত—ক। হ, ত=ঢ়। উস্থানে ঊ) বিং, ত্রিং, যে আরোহণ করিয়াছে। উচ্চস্থান গত।

আরোগ্য, (অরোগ+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, স্বাস্থ্য, রোগরাহিত্য।

আরোগ্যশালা, (আরোগ্য—শালা=গৃহ) সং, স্ত্রীং, চিকিৎসা গৃহ। আরো[illegible]দান গৃহ (Hospital)

আরোপ, (আ—রোপি=আরোহণ করান+ঘঞ্—ভা। হ=প) সং, পুং, অন্য বস্তুতে অন্য ধর্ম্মের স্থাপন; যথা—রজ্জুতে সর্পের আরোপ। কল্পনা, উদ্ভাবন; যথা—দোষারোপ। অভেদজ্ঞান।

আরোপণ, (আরোপ দেখ—অনট্—ভা) সং, ক্লীং, আরোপকরণ। আরোহণ করান। ধনুকে ছিলা সংযোগ। শস্যাদি বপন।

আরোপিত, (আরোপ দেখ, ক্ত—র্ম্ম) বিং,

ত্রিং,। স্থাপিত। গচ্ছিত। কল্পিত। ন্যস্ত। নিহিত। কৃতারোপণ।

আরোহ, (আ—রুহ্=উৎপন্ন হওয়া, উপরে উঠা+ঘঞ্—ক, ভা) সং, পুং, উচ্চতা। দৈর্ঘ্য। অশ্ব হস্ত্যাদিতে আরুঢ় সৈনিক। ভার। উত্তম স্ত্রীর নিতম্ব। "তাং যযাচে বরারোহাং বিদ্যাধর বধূং ততঃ" বিষ্ণুপুরাণ। পরিণামবিশেষ। সমুচ্ছ্রয়। উচ্চয়।

আরোহণ, (আরোহ দেখ, অনট্-ভা-ণ) সং, ক্লীং, উপরে উঠা। ক্লীং, ণী—স্ত্রীং, সোপান, সিড়ী। [ঋজুতা, সরলতা।

আর্জ্জব, (ঋজু=সরল+ষ্ণ-ভাবে) সং, ক্লীং,

আর্ত্ত, (আ—ঋ=গমনকরা, ব্যাকুল হওয়া ইত্যাদি+ক্ত—ক) বিং, ত্রিং, পীড়িত। আকুল। বিপন্ন। বিহ্বল। "আর্ত্তত্রাণায় বঃ শস্ত্রং ন প্রহর্ত্তুমনাগসি" শকুন্তলা।

আর্ত্তনাদ, (আর্ত্ত—নদ=শব্দকরা+ঘঞ্) সং, পুং, করুণধ্বনি, শোকসূচক চিহ্ন।

আর্ত্তপর্ণি, (ঋতপর্ণি+ষ্ণি) সং, পুং, ঋতপর্ণির পুত্রস্বনামখ্যাত রাজাবিশেষ।

আর্ত্তব, (ঋতু=স্ত্রীকুসুম, বা গ্রীষ্মাদি সময়+ষ্ণস্বার্থে, প্রাপ্তার্থে) সং, ক্লীং, স্ত্রীরজঃ। বিং, ত্রিং, স্ত্রীরজঃ সম্বন্ধীয়। গ্রীষ্মাদি ঋতুসম্বন্ধীয়। "অভিভূয় বিভূতিমার্ত্তবীম্" রঘুবংশ।

আর্ত্ত[illegible]গ, (ঋতভাগ+ষ্ণ) সং, পুং, ঋতভাগ গোত্রজ ঋষি বিশেষ।

আর্ত্তি, (আ—ঋ+ক্তি—ভা) সং, স্ত্রীং পীড়া। ধনুকের অগ্র।

আর্ত্বিজ্য, (ঋত্বিজ্+ষ্ণ্য—কর্ম্মণি) সং, ক্লীং, পুরোহিতের কর্ম্ম।

আর্থ, (অর্থ+ষ্ণ—প্রং) বিং, ত্রিং, অর্থসম্বন্ধীয়। [অর্থগ্রাহী। অর্থসম্বন্ধীয়।

আর্থিক, (অর্থ+ষ্ণিক—প্রং) বিং, ত্রিং,

আর্দ্র, (অর্দ=গমনকরা+রক্—প্রং) বিং, ত্রিং, সজল, ভিজা। স্যাৎসেতে। নূতন। মৃদু। (র্দ্রা) সং, স্ত্রীং, ষষ্ঠনক্ষত্র।

আর্দ্রক, (আর্দ্র=ভিজা+ক—প্রং) সং, ক্লীং, মূলবিশেষ, আদা।

আর্দ্রপটী, (আর্দ্র=ভিজা+পট=বস্ত্র ঈপ্) সং, স্ত্রীং, শত্রুনাশক। অথর্ব্ব বেদোক্ত মন্ত্রবিশেষ। "আর্দ্ররক্তপটেনাবৃতঃ নদীতটে দক্ষিণ মুখে ঊর্দ্ধবাহুর্জপেৎ। যাবৎ পটঃ শুষ্যতি তাবৎ প্রাণাঃ শুষ্যন্তি শত্রোঃ" তন্ত্রসার।

আর্দ্ধিক, (অর্দ্ধ+ষ্ণিক—প্রং) বিং, ত্রিং, অর্দ্ধাংশভাগী।

আর্য্য, (ঋ=গমনকরা, পাওয়া+য—প্রং। যে প্রতিষ্ঠা প্রাপ্ত হয়) বিং, ত্রিং, সৎকুলোদ্ভব। সজ্জন। মান্য, পূজ্য। স্বামী। শ্রেষ্ঠ। উচিত। সমানজাতীয়, সবর্ণ। "শ্রেয়ঃসু গুরুবদ্বৃত্তিং নিত্যমেব সমাচরেৎ। গুরুপুত্রেষু চার্য্যেষু গুরোশ্চৈব স্ববন্ধুষু" মনু। সম্বোধন স্থলে সম্ভ্রমার্থ প্রয়োগ হয়। (র্য্যা) সং, স্ত্রীং, ভগবতী। শ্রেষ্ঠা। মান্যা। ছন্দোবিশেষ, যাহার প্রথম ও তৃতীয় চরণে দ্বাদশ, দ্বিতীয় চরণে অষ্টাদশ এবং চতুর্থ চরণে পঞ্চদশ মাত্রা থাকে।

আর্য্যক, (আর্য্য=পূজ্য+ক—প্রশস্তার্থে, অতিশয় পূজ্য সং, পুং, পিতামহ। মাতামহ। (ক—স্বার্থে) বিং, ত্রিং, শ্রেষ্ঠ।

আর্য্যকর্ম্মণ্, (আর্য্য—কর্ম্মণ্=কার্য্য) বিং ত্রিং, যিনি আর্য্যের কর্ম্ম করিয়া থাকেন। ব্রাহ্মণোচিত ক্রিয়াশীল।

আর্য্যকা }
আর্য্যিকা } (আর্য্যা+ক—স্বার্থে) সং, স্ত্রীং, মান্যা স্ত্রীলোক।

আর্য্যাগৃহ্য, (আর্য্য=মঙ্গল+গৃহ্য [গ্রহ+ক্বিপ্] গ্রহণীয়। ৬ষ্ঠী—ষ) বিং, ত্রিং, সাধুগণপূজিত, সজ্জনসম্মত। "তামার্য্যগৃহ্যাং নিগৃহীত ধেনুঃ" রঘুবংশ।

আর্য্যপুত্র, (আর্য্য=সৎকুলোদ্ভব—পুত্র, যং,—স) সং, পুং, স্বামী, ভর্ত্তা, পতি। গুরুপুত্র। (নাটকাদি স্থলে স্বামীকেই আর্য্যপুত্র বলিয়া থাকে।)

আর্য্যমিশ্র, (আর্য্য [এখানে আর্য্যশব্দের

অর্থ শ্রেষ্ঠতা বুঝাইবে] শ্রেষ্ঠত্ব—মিশ্র মিশ্রিত, ৩য়া—ষ) বিং, ত্রিং, প্রসিদ্ধ। মান্য। গৌরবান্বিত। সং, পুং, পূজ্যবর্গ।

আর্য্যবৃত্ত, (আর্য্য—বৃত্ত=চরিত্র, ৬ষ্ঠী—ষ) বিং, ত্রিং, সাধুচরিত, ধর্ম্মশীল। সং, ক্লীং, সৌজন্য। [পূর্ব্বক।

আর্য্যহলম্, অং, বলপূর্ব্বক, বলাৎকার

আর্য্যাবর্ত্ত, (আর্য্য=পূজ্য—আবর্ত্ত=বাসস্থান, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পুণ্যভূমি, হিমালয় ও বিন্ধ্যপর্ব্বতের মধ্যবর্ত্তী দেশ। উহা পূর্ব্ব পশ্চিম সমুদ্র ব্যাপিয়া আছে "আসমুদ্রাত্তু বৈ পূর্ব্বাদাসমুদ্রাত্তুপশ্চিমাৎ। হিমবদ্বিন্ধ্যয়োর্মধ্যমার্য্যাবর্ত্তং প্রচক্ষতে।" মনু।

আর্শি, (আদর্শ শব্দজ) সং, মুকুর, দর্পণ।

আর্ষ, (ঋষি+ষ্ণ—কৃতার্থে বা উক্তার্থে) সং, পুং, বিবাহ বিশেষ। বিং, ত্রিং, ঋষি প্রণীত। ঋষি-সম্বন্ধীয়।

আর্ষোঢ়া, (আর্ষ—ঊঢ়া=বিবাহিতা) সং, স্ত্রীং, আর্ষ বিবাহ বিধি দ্বারা পরিণীতা স্ত্রী।

আর্হত, (অর্হৎ+ষ্ণ—প্রং) সং, পুং, বুদ্ধ বিশেষ, এই মতে আত্মা চিরস্থায়ী, জীবের পরিমাণ দেহ সদৃশ, এবং অর্হৎই পরমেশ্বর। বিং, ত্রিং, অর্হৎসম্বন্ধীয়।

আল, (অল=ভূষিত করা+ঞি—অল্) সং, ক্লীং, হরিতাল। বিং, ত্রিং, বহুল।

আল্গা, (অলগ্ন শব্দজ) বিং, অবদ্ধ, খোলা। [ছোঁয়া।

আলগোচ, (দেশজ) সং, অস্পর্শ, না

আলঙ্কারিক, (অলঙ্কার+ষ্ণিক—জ্ঞাতার্থে) বিং, ত্রিং, অলঙ্কার শাস্ত্রে নিপুণ, অলঙ্কার শাস্ত্রবেত্তা। অলঙ্কার শাস্ত্র প্রণেতা।

আলজিব, (আল—জিব জিহ্বাশব্দজ) সং, ক্ষুদ্র জিহ্বা।

আল্‌তা, (অলক্ত শব্দজ) সং, স্বনাম প্রসিদ্ধ লাক্ষারস।

আলভন, (আ—লভ্—লাভ করা স্পর্শ করা ইত্যাদি+অনট্—ভা) সং, ক্লীং, স্পর্শ। লেপনদ্রব্য।

আলম্ব, (আ=লম্ব্=লম্বিত হওয়া, আশ্রয় করা+অন্—ধি) সং, পুং, অবলম্বন, আশ্রয়। আধার।

আলম্বন, (আলম্ব দেখ, অনট্—ভা) সং, ক্লীং, অবলম্বন, আশ্রয়। শৃঙ্গারাদি রসের বিভাববিশেষ, যাহাকে অবলম্বন করিয়া রস হয়, নায়কাদি। "আলম্বনং নায়কাদিস্তমালম্ব্য রসোদ্গমাৎ" দর্পণ।

আলম্বিত, (আ—লম্ব+ত—র্ম্ম) বিং,ত্রিং, ধৃত। আশ্রিত।

আলম্ভ, (আ—লভ্=পাওয়া, বধকরা+ঘঞ্—ভা) সং, পুং, মারণ, হিংসা, বধ। "সুরভিতনয়ালম্ভজাং মানয়িষ্যন্" মেঘদূত। স্পর্শ।

আলম্ভ্যা, (আলম্ভ দেখ, য—প্রং, আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, বধার্হা, বধযোগ্যা।

আলয়, (আ-লী=লীন হওয়া+অল্-ধি) সং, পুং, বাড়ী, বাসস্থান। অং, পর্য্যন্ত।

আলয়-বিজ্ঞান, সং, ক্লীং, বৌদ্ধ মতে প্রলয়কাল পর্য্যন্ত স্থায়ী জ্ঞান, যে জ্ঞান প্রলয়কালেও নষ্ট হয়না,চিরস্থায়ী জ্ঞান।

আলবাল, অলবাল (আ-লূ=ছেদনকরা কিম্বা খোঁড়া+আল—সংজ্ঞার্থে। যাহা খনিত হয়, কিম্বা আলি=সেতু—বল =ধারণকরা+অ—প্রং। যে আলি ধারণ করে, ২য়া—ষ) সং, ক্লীং, বৃক্ষমূলে জল দিবার নিমিত্ত বাঁধবিশিষ্ট খাত। জলাধার প্রদেশ। [আলস্য যুক্ত।

আলস, (অলস+ষ্ণ) বিং, ত্রিং, অলস,

আলস্য, (অলস+ষ্ণ্য—ভাবে বা কর্ম্মণি) সং, ক্লীং, অলসতা, জড়তা, মান্দ্য, সামর্থ্য সত্ত্বেও অনুৎসাহ।

আলাত, (অলাত+ষ্ণ—স্বার্থে) সং, ক্লীং, অঙ্গার। "কুরুতেস্মিন্নমোঘেঽপি নির্ব্বাণালাতলাঘবং" কুমারসম্ভব।

আলাৎপলাৎ, (দেশজ) বিং, অসংলগ্ন বাক্য। অনুপযোগি কথা।

আলান, (আ—লী=গ্রহণকরা, বন্ধনকরা +অনট্—ণ) সং, ক্লীং, বন্ধন স্তম্ভ। বন্ধন রজ্জু। "আলানে গৃহ্যতে হস্তী বাজী বল্গাসু গৃহ্যতে" "তদ্‌গজান-লতাং প্রাপ্তৈঃ সহ কালাগুরুদ্রুমৈঃ।" রঘুবংশ।

আলাপ, (আ-লপ্=বলা, ঘঞ্) সং, পুং, কথোপকথন, কথাবার্ত্তা। উচ্চারণ।

আলাপ্য, (আলাপ দেখ, ঘ্য—প্রং) বিং, ত্রিং, আলাপ-যোগ্য, যাহার সহিত আলাপ করা উচিত।

আলাবর্ত্ত, (আল=হরিতাল—আবর্ত্ত=বাসস্থান। যাহা ঐ রূপ পদার্থে চিত্রিত অথবা—বৃত [হওয়া] চালিত করা, ঘেরা ইত্যাদি+অ—ভা) সং, ক্লীং, বস্ত্র নির্ম্মিত ব্যজন, কাপড়ের পাখা।

আলাবু, (অলাবু দেখ) সং, স্ত্রীং, তুম্বী, লাউ।

আলাস্য, (আল=বিস্তৃত, বৃহৎ—আস্য=[মুখ) সং, পুং, কুম্ভীর।

আলি, আলী, (অল্=ভূষিতকরা, পারক হওয়া ইত্যাদি+ই—সংজ্ঞার্থে। অথবা ঋ গমনকরা+ই—প্রং। যাহারদ্বারা গমন করা যায়। অথবা আ—লী=লীন হওয়া+ই—প্রং, যেখানে অন্ত লীন হয়) সং, স্ত্রীং, ভূমির বাঁধ, ক্ষেত্রের আল্। (যে শোভা করে) শ্রেণী। (যাহাতে বিশ্বাস লীন হয়) স্ত্রীলোকের সখী। "নিবার্য্যতামালি কিমপ্যয়ং বটুঃ' কুমারসম্ভব। সন্ততি। পুং, ভ্রমর। বৃশ্চিক। বিং, ত্রিং, নির্ম্মলান্তঃকরণ। নিরর্থক।

আলিঙ্গন, (আ—লিন্‌গ—ভা) সং, ক্লীং, পরস্পর আশ্লেষ, অঙ্গমিলন, কোলাকোলি প্রভৃতি। "যত্র স্ত্রীনাং প্রিয়তমভুজালিঙ্গনোচ্ছ্বাসিতানাং" মেঘদূত।

আলিঞ্জর, (অলিঞ্জর+অ—স্বার্থে) সং, পুং, মৃণ্ময় জলপাত্র; জালা প্রভৃতি।

আলিন্দ, (অলিন্দ+ষ্ণ—স্বার্থে) সং, পুং, বহির্দ্বার প্রকোষ্ঠ, রক, বারাণ্ডা, দাওয়া।

আলিপনা, (আলিম্পন শব্দজ) সং, পিটুলি দিয়া লেপন বা চিত্রকরণ।

আলিম্পন, (আ—লিন্‌প্=লেপনকরা+অনট্—ভা) সং, ক্লীং, না—স্ত্রীং, আলিপনা।

আলিসা (অলসশব্দজ) বিং, অলস, কুড়ে।

আলিসিয়া, (দেশজ) সং, ইষ্টকময় গৃহের নিকাল, কার্ণিস।

আলীঢ়, (আ—লিহ্=আস্বাদন করা ইত্যাদি+ত—র্ম্ম, ভা) বিং, ত্রিং, ভক্ষিত, স্বাদিত। চাটা। অস্ত্রক্ষত। সং, ক্লীং, শরক্ষেপাদি সময়ে উপবেশন বিশেষ, " আলীঢ়ং পদমগ্রতং দক্ষিণং বামমাকুঞ্চ্য" যাদব। বামজানু পশ্চাদ্ভাগে ও দক্ষিণজানু সম্মুখে বিস্তাররূপে স্থাপন পূর্ব্বক উপবেশন। "অতিষ্ঠদালীঢ়বিশেষশোভিনা" রঘুবংশ।

আলীন, (আ—লী=লীন হওয়া, দ্রবকরা +ত—প্রং। ত=ন) বিং, ত্রিং, ব্যাপ্ত। লয়প্রাপ্ত।

আলীনক, (আলীন+ক—সংজ্ঞার্থে। যাহা অল্পমাত্র অগ্নি সংযোগে লীন অর্থাৎ দ্রবীভূত হয়) সং, ক্লীং, রঙ্গ, রাঙ্।

আলু, (আ—লু+ডু যে গমনকরে। যে ভূমিতে এবং জলেতে গমন করে) সং, স্ত্রীং, ক্ষুদ্র জলাধার, কলসী, ঘটী। পুং, ক্লীং, মূলবিশেষ। ভেলা। পেচক।

আলুঢন, (আ=সম্যক্+লুঢন, ছেদন) সং, ক্লীং, সম্যক্‌রূপে ছেদন।

আলুন, (আ—লু=ছেদনকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ছিন্ন।

আলেখ্য, (আ—লিখ্ = লেখা+য—র্ম্ম, ভা) সং, ক্লীং, চিত্রপট, ছবি। "নিশীথদীপাঃ সহসা হতত্বিষো বভূবুরালেখ্যসমর্পিতা ইব" রঘুবংশ। বিং, ত্রিং, চিত্রকরণ। লিখনযোগ্য।

আলেখ্যশেষ, (আলেখ্য=লিখন, চিত্র —শেষ=অন্ত, ৬ষ্ঠী—ষ) বিং, ত্রিং, চিত্রাবশিষ্ট, মৃত।

আলেপন, (আ—লিপ্= লেপনকরা+ অনট্—ভা) সং, ক্লীং, লেপন। আলিপনা। [প্রকাশ।
আলো, (আলোকশব্দজ) সং, দীপ্তি,
আলোক, (আ—লোক্=দেখা, দীপ্তিপাওয়া ইত্যাদি+ঘঞ্—ভা) সং, পুং, দর্শন। দৃষ্টিপথ। "আলোকে তে নিপততি পুরা সা বলিব্যাকুলাবা" মেঘদূত প্রকাশ, দীপ্তি, আভা, আলো। "রুদ্ধালোকে নরপতিপথেস্থচিভিদ্যৈস্তমোভিঃ" মেঘদূত। জয়ধ্বনি, জয়শব্দ। "উদীরয়ামাসুরিবোন্মদানামালোক শব্দং বয়সাং বিরাবৈঃ" রঘুবংশ।
আলোকন, (আ—লোক+অনট্—ভা) সং, ক্লীং, দৃষ্টি, দর্শন, দেখা। দেখান।
আলোক-বিজ্ঞান, (Optics) সং, ক্লীং, আলোক ও দর্শন বিষয়ক বিদ্যা।
আলোচন, (আ—লোচ্ [দেখা] বারম্বার বিবেচনাকরা+অনট্—ভা) সং, ক্লীং, না—স্ত্রীং, আন্দোলন, অনুশীলন, চর্চ্চা। দৃষ্টি বিবেচন। সাংখ্যমতে নির্ব্বিকল্প জ্ঞান।
আলোড়ন, (আ—লুড্=নাড়াচাড়াকরা +অনট্—ভা) সং, ক্লীং, বিলোড়ন, ঘোটন, মন্থন, আবর্ত্তন। সম্মিলন। আলোচন।
আলোড়িত, (আ—লুড়+ক্ত—র্ম্ম) বিং, বিং, মথিত। সম্মিলিত। আলোচিত।
আবনেয়, (অবনী=পৃথ্বী+ঞেয়—অপত্যার্থে) সং,পুং, অবনী পুত্র, মঙ্গলগ্রহ।
আবপন, (আ—বপ্=বপনকরা, মুণ্ডন করা+অনট্—ধি, ভা) সং, ক্লীং, ধান্য স্থাপন পাত্র। পাত্র, ভাণ্ড। ক্ষৌরকর্ম্ম, মুণ্ডন। বীজ রোপণ। [আচ্ছাদক।
আবরক,(আবরণ দেথ,অক—ক)বিং,ত্রিং,
আবরণ, (আ—বৃ=অবরোধকরা+অনট্ —ণ, ভা) সং, ক্লীং, চাল। আচ্ছাদন, ঢাকন। অবরোধ। গৃহাদির রক্ষাসাধন প্রাচীরাদি।
আবরণ-শক্তি ; সং, স্ত্রীং, যে শক্তি দ্বারা বস্তুর স্বরূপের তিরোধান হয়।
আবর্জ্জিত, (আ—বর্জ্জি=ত্যাগকরান+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, দত্ত। প্রক্ষিপ্ত। আনমিত,নোয়ান। "আবর্জ্জিতা কিঞ্চিদিবস্তনাভ্যাং" "আবর্জ্জিতজটামৌলিবিলম্বিশশিকোটয়ঃ" কুমার সম্ভব। আহৃত। সংযমিত। নিয়মিত।
আবর্ত্ত, (আ—বৃত্=হওয়া, ঘোরা ইত্যাদি+ঘঞ্—ক, ভা) সং, পুং, জলভ্রম, ঘুর্ণিজল। মেঘবিশেষ। বিবেচনা, চিন্তা। পরিবর্ত্ত। ঘূর্ণন। অশ্বের দশবিধ রোম সংস্থান বিশেষ।
আবর্ত্তক, (আবর্ত্ত+ক—যোগ) সং, পুং, মেরুদণ্ডে যে সকল অস্থি আছে, তাহার প্রত্যেক খণ্ড। মেঘবিশেষ। (আবর্ত্ত দেথ, অক—ক) বিং, ত্রিং, আবরক। আবৃত্তি-কারক। (কী) সং, স্ত্রীং, লতা বিশেষ। চক্রাকারে ভ্রমণ, জল ভ্রমী জলের ঘূর্ণ। রোম সংস্থানভেদ। বামাবর্ত্তক নামক ঘোটকদিগের চিহ্নবিশেষ।
আবর্ত্তন, (আ—বৃত+অনট্—ভা) সং, ক্লীং, দুগ্ধাদির আলোড়ন, মন্থন আওটান। দ্রবীকরণ, গালান। গুণন। চক্রাকারে পরিভ্রমণ,ঘূর্ণন। পুনরাগমন, ফিরিয়া আসা যে সময়ে পশ্চিমদিকস্থ ছায়া পূর্ব্বগামী হয়। নী—স্ত্রীং, তাম্রাদিধাতু গলাইবার মুচী।
আবর্ত্তিত, (আ—বৃত+ণিচ+ত—র্ম্ম) বিং, ত্রিং, অভ্যস্ত। গুণিত। বিলোড়িত। বক্রীকৃত যথা "আবর্ত্তিত ভ্রূলতমাননমস্যাঃ" শকুন্তলা।
আবর্হিত, (আ—বর্হ=বধকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, সমূলে উৎপাটিত। উন্মূলিত।
আবলি-লী, (আ—বল=গমনকরা+ই—প্রং) সং, স্ত্রীং, শ্রেণী, পঙ্‌ক্তি, সারি। সন্ততি, বংশপরম্পরা।
আবল্গিত, (আ—বল্গ্=দৌড়িয়া যা-

ওয়া+ক্ত—ক, ভা) বিং, ত্রিং, চঞ্চল। সং, ক্লীং, চাঞ্চল্য।

আবল্য, (অবল+ঘঞ্—ভাবে) সং, দৌর্ব্বল্য, দুর্ব্বল হওয়া। জড়তা, স্ফূর্ত্তির অভাব।

আবশ্যক, (অবশ্য=নিশ্চয়+ক—ভবার্থে) বিং,ত্রিং,প্রয়োজনীয়,নৈশ্চয়িক। উচিত অবশ্য কর্ত্তব্য। সং, ক্লীং, অবশ্যম্ভাব। নিয়তকর্ত্তব্যতা।

আবসথ, (আ—বস্=বাসকরা+অথ—ধি) সং, পুং—ক্লীং,স্থান। আশ্রম। গৃহ, ভবন। বাসস্থান। অগ্নিহোত্র, অগ্নিগৃহ।

আবসথ্য, সং, পুং, হোমাগ্নি যথা "আবসথ্যং দ্বিজাঃ প্রাহুর্দীপ্তমগ্নিং মহাপ্রভং" মহাভারত।

আবসিত, (আ—অব—সো=নাশকরা, স্থাপনকরা ইত্যাদি+ত—র্ম্ম) বিং, ত্রিং, ভাণ্ডারে স্থাপিত। রাশীকৃত। পরিপক্কধান্য।

আবহ, (আ—বহ্=বহা, জন্মান+অ—ক) বিং, ত্রিং, জনক, উৎপাদক কারক যথা—"ক্লেশবহার্ভত্তুরলক্ষণাহং"। দাতা সপ্তবায়ুর অন্তর্গত এক বায়ু, ভূবায়ু। বহনকারী। ক্লীং, উৎপাদন। বহন।

আবহন, (আ+বহ অনট্—ভা) সং,

আবহমান, (আবহ=দেখ, শান—ক) বিং, ত্রিং, ক্রমাগত, চিরপ্রচলিত, যাহা বরাবর চলিয়া আসিতেছে। ধারাবাহিক। পরম্পরাগত।

আবাধা, (আ—ধারা=পীড়া) সং, স্ত্রীং, দুঃখ, পীড়া, যাতনা। বিষম ত্রিভুজ ক্ষেত্রের মধ্যস্থ লম্বরেখারউভয় পার্শ্বস্থভূমি।

আবাপ, (আ—বপ্=বপনকরা ইত্যাদি +অ—ধি, ভা) পুং, আলবাল। বলয়াদি ভূষণ। শত্রুরাজ্যচিন্তা। শত্রুবিষয়ক চিন্তা। রাজ্যরক্ষা। প্রক্ষেপ। শস্যাদি বপন। উন্নতানত ভূমি। মিশ্রণ। একত্রাবস্থান। অন্বয়। পাত্র বিশেষ, থলিয়া। প্রধান হোম। ভাণ্ড।

আবাপক, (আবাপ=দেখ, অক—ক) বিং, ত্রিং, বপনকারী। (আবাপ+ক যোগ) সং, পুং, সুবর্ণ বলয়াদি ভূষণ।

আবাপন, (আ—বাপ=বস্ত্র বুনন+অনট্—ভা) সং, ক্লীং, সূত্রযন্ত্র, তাঁত।

আবারি, (আ—বারি=অবরোধ করা, আবরণ করা + ই—প্রং) সং, ক্লীং, হট্টবেশ্ম, হাটের চালি।

আবাল, (আ—বল্=গমনকরা, খনন করা+অ—র্ম্ম) সং, ক্লীং, আলবাল। (আ=অবধি—বাল) বাল্যাবধি, বালককাল পর্য্যন্ত।

আবাস,(আ—বস্=বাসকরা+ঘঞ্—ধি) সং, পুং, গৃহ, ভবন, বাসস্থান।

আবাহন, (আ—বাহি=বহান, আহ্বান করা+অনট্—ভা) সং, ক্লীং, আহ্বান। নিমন্ত্রণ। মন্ত্রোচ্চারণপূর্ব্বক হস্তের প্রক্রিয়া বিশেষ দ্বারা অধিষ্ঠান জন্য দেবতার আমন্ত্রণ। "হস্তাভ্যামঞ্জলিং বদ্ধাহ্নামিকামূলপর্ব্বণোঃ। অঙ্গুষ্ঠৌ নিক্ষেপেৎসেয়ং মুদ্রাত্বাবাহণী স্মৃতা" তন্ত্রশাস্ত্র।

আবাহিকা, (আ—বহ্=বহন করা + অক—ক) সং, স্ত্রীং, শিরা।

আবিক, (অবি=মেষ+ক—ইদমর্থে) সং, ক্লীং, কম্বল, মেষলোমজ বস্ত্র অজাদুগ্ধ। বিং, ত্রিং, মেষসম্বন্ধীয়।

আবিগ্ন, (আ—বিজ্=ভীত বা কম্পিত হওয়া+ত—ক) বিং, ত্রিং, উদ্বিগ্ন, উৎকণ্ঠিত। পুং, পাণি আমলা নামে খ্যাত বৃক্ষবিশেষ।

আবিদ্ধ, (আ—ব্যধ্=তাড়নাকরা, নিক্ষেপকরা, ইত্যাদি+ত—র্ম্ম) বিং, ত্রিং, বক্র, কুটিল। নিক্ষিপ্ত। প্রেরিত। ভগ্ন। পরাহত, নিরাশ। মূর্খ। বিদ্ধ। নিরস্ত। অভিভূত।

আবিধ, (আ—ব্যধ্[তাড়নাকরা] ছিদ্রকরা+ঘঞ্—ণ) সং, পুং, সূত্রধরের কাষ্ঠবেধনাস্ত্র, তুরপুন, ভোমর প্রভৃতি।

আবির্ভাব, (আবিস্ প্রকাশ—ভাব গতি,

অবস্থা) সং, পুং, প্রকাশ। দেবতাগণের অধিষ্ঠান। উদ্ভব।

আবির্ভূত, (আবিস্—ভূত=যে হইয়াছে) বিং, ত্রিং, প্রকাশিত। অধিষ্ঠিত। অবতীর্ণ। উদ্ভূত। জাত।

আবিল, (আ—বিল্=ভেদকরা+ক—যে শোভা নষ্ট করে) বিং, ত্রিং, কলুষিত। ঘোলা। আকুল। সন্দিগ্ধ। মলিন। ক্লীং, আবিষ্করণ।

আবিষ্কার—পুং } আবিস্—কার, ক্রিয়া
আবিষ্ক্রিয়া—স্ত্রীং } =করণ) সং, নূতন প্রকাশ, ব্যক্তকরা, অপ্রকাশিত অথবা অপরিজ্ঞাত বিষয়ের উদ্ভাবন।

আবিষ্কৃত, (আবিস্—কৃত=যাহা করা হইয়াছে) বিং, ত্রিং, প্রকটিত, ব্যক্তীকৃত। নব প্রকাশিত। উদ্ভাবিত।

আবিষ্ট, (আ—বিশ্=প্রবেশ করা+ত—র্ম্ম, ক) বিং, ত্রিং, ভূতাদি কর্ত্তৃক অভিভূত বা অধিকৃত। নিবিষ্ট, মনোযোগী। ব্যাপ্ত। প্রবিষ্ট।

আবিস্, (আ—উ=শব্দকরা+ইস্—প্রং) অং, প্রকাশ, ব্যক্ত। উদ্ভব। প্রস্ফুটিত

আবী, স্ত্রীং, প্রসব যন্ত্রণা।

আবীত, (আ+বীত=অতীত) বিং, ত্রিং, অতীত। অতিক্রান্ত। স্থাপিত। লম্বিত। পুং, যজ্ঞোপবীত ধারণ বিশেষ।

আবীর, (আ+বি—ঈর্ = গমনকরা+অ—প্রং) সং, ক্লীং, ব্যঞ্জক দ্রব্যবিশেষ, ফাগ্।

আবুক, (অব্=রক্ষাকরা+উন্+কন্—প্রং) সং, পুং, [নাট্যে] পিতা।

আবুত্ত, (আ—বুধ্=জানা+ত-ক) সং, পুং, [নাট্যে] ভগ্নীপতি।

আবৃৎ, (আ+বৃত+ক্বিপ্) সং, স্ত্রীং, পরিপাটী। প্রকার। অনুক্রম। জাতকর্ম্মাদি ক্রিয়া কলাপ।

আবৃত, (আ—বৃ=আবরণ করা+ত—র্ম্ম) বিং, ত্রিং, বেষ্টিত। বলয়িত। বিস্তারিত। ঢাকা, আচ্ছাদিত। পুং, বর্ণভেদ। ব্রাহ্মণের ঔরসে উগ্রজাতিয়ার গর্ভজাত।

আবৃতি, (আবরণ দেখ, তি—ভা, ণ) সং, স্ত্রীং, আবরণ, আচ্ছাদন। প্রাচীর। বেষ্টন।

আবৃত্ত, (আ—বৃত্=হওয়া, পড়া ইত্যাদি+ত—র্ম্ম, ক) বিং, ত্রিং, পুনঃ পুনঃ পঠিত। অভ্যস্ত। আগত। গুণিত। নিবৃত্ত। পলায়িত। উল্টিয়া রাখা।

আবৃত্তি, (আবৃত্ত দেখ, তি—ভা) সং, স্ত্রীং, পঠন, ব্যাখ্যা না করিয়া গ্রন্থের উচ্চারণ বা পঠন। অভ্যাস। গুণন। আগমন। পুনঃ পুনঃ জন্মগ্রহণ। দীপকালঙ্কারবিশেষ।

আবেগ, (আ—বিজ্=ভীত হওয়া, ত্বরাকরা+ঘঞ্—ভা)সং,পুং, ত্বরা, শীঘ্রতা। চিত্ত সম্ভ্রম। চিত্তের ব্যাকুলতা। অলঙ্কারমতে ব্যভিচারী ভাবভেদ।

আবেদন, (আ—বেদি [বিদ+ণিচ্] জানান+অনট্—ভা) সং,ক্লীং,নিবেদন, বিজ্ঞাপন। প্রার্থনা।

আবেদিত, (আবেদন=দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, যে বিষয়ে আবেদন করা গিয়াছে, বিজ্ঞাপিত। প্রার্থিত।

আবেশ, (আ—বিশ্=প্রবেশ করা, থাকা ইত্যাদি+ঘঞ্—ভা) সং, পুং, অধিষ্ঠান। প্রবেশ। গর্ব্ব। মনোযোগ। আয়ত্তীকরণ। আন্তরিক যত্ন, অভিনিবেশ। সঞ্চার। অপস্মাররোগ, মৃগীরোগ। ভূতের অনুপ্রবেশ।

আবেশন, (আবেশ দেখ, অনট্—ধি,ভা) সং, ক্লীং, শিল্পশালা। প্রবেশ। সূর্য্যাদির পরিধি। ভূতাবেশ। ফৌজ।

আবেশিক, (আ+বিশ+ঘঞ্—ক) বিং, ত্রিং, আগন্তুক, অতিথি। গৃহাগত, প্রবেশ কর্ত্তা। স্বীয়। অসাধারণ। আত্মীয়।

আবেষ্টক, (আ-বেষ্ট=বেষ্টন করা+অক—ণ) সং, পুং, প্রাচীর বেড়া প্রভৃতি।

আবেষ্টন, (আ+বেষ্ট+অনট) সং.

ক্লীং, পরিবেষ্টন। রজ্জু বা বস্ত্রাদির দ্বারা বন্ধন।

আবোধন, (আ—বুধ্=বুঝা+অন—ভা) সং, স্ত্রীং, জ্ঞান, বুদ্ধি।

অশংসন ক্লীং, } (আ—শন্স্ বলা,ইচ্ছা
আশংসা স্ত্রীং, } করা+আ—ভা) সং, আশা। ইচ্ছা। আকাজ্ক্ষা। প্রকাশন। কথন। সম্ভাবনা। অভিপ্রেত অর্থবলা।

আশংসিত, (আশংসা দেখ, ত—র্ম্ম, ভা) বিং, ত্রিং, আকাঙ্ক্ষিত। প্রার্থিত। কথিত। অভিহিত। সম্ভাবিত। সং, ক্লীং, ইচ্ছা। কথন।

আশংসিতা } (আশংসিতৃ, আশংসা
আশংসু } দেখ, তৃ, উ—ক) বিং, ত্রিং, আকাঙ্ক্ষী, প্রার্থক। ইচ্ছুক। কথয়িতা। সূচয়িতা।

আশক্ত, (আ—শক্=পারক হওয়া+ত—ক) বিং, ত্রিং, সম্যক্ শক্তিবিশিষ্ট। সমর্থ।

আশক্তি, (আ+শক্+ক্তি) স্ত্রীং, সামর্থ্য; যোগ্যতা, সম্যক্ শক্তিমত্তা।

আশঙ্কা, (আ—শন্ক্=ভীত হওয়া+আ—ভা) সং, স্ত্রীং, ত্রাস, ভয়। সন্দেহ। সঙ্কোচ। বিতর্ক। সংশয়।

আশয়, (আ—শী=শয়ন করা+অ—ধি) সং, পুং, অভিপ্রায়, তাৎপর্য্য। আশ্রয়, আধার। মনঃ। অদৃষ্ট। বিভব, ঐশ্বর্য্য, অন্তঃকরণ। ধর্ম্মাধর্ম্মরূপ। কর্ম্ম জন্য বাসনা, ইচ্ছা "যথা যোগেন দলিতাশয়ঃ। সাহিত্যদর্পণ। পনসবৃক্ষ। কাঁঠাল। অজীর্ণস্থান।

আশয়াস, (আশ্রয়াস দেখ) পুং, অগ্নি।

আশর, (আ—শৄ=বধকরা+অল্—ক) সং, পুং, অগ্নি। রাক্ষস।

আশা, (আ—অশ্=ব্যাপা+অল্ এবং আ—প্রং। যে সর্ব্বতোভাবে ব্যাপে) সং, স্ত্রীং, আকাঙ্ক্ষা। অনধিগত বিষয়ে তৃষ্ণা। দিক্। দৈর্ঘ্য। অতিতৃষ্ণা, ভবিষ্যৎ বিষয়ে দৃঢ় বিশ্বাস। দক্ষ প্রজাপতির অন্যতম কন্যা।

আশাবন্ধ,(আশা=আকাঙ্ক্ষা ইত্যাদি—বন্ধ=বন্ধন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, আশ্বাস, প্রত্যাশা। তৃষ্ণাবন্ধ "আশাবন্ধঃ কুসুমসদৃশং প্রায়শো হ্যঙ্গনানাং সদ্যঃপাতি প্রণয়ি হৃদয়ং বিপ্রয়োগে রুনদ্ধি" মেঘদূত। (আশা দিক্—বন্ধ বন্ধন,) মাকড়সার জাল। [বৈফল্য।

আশাভঙ্গ, সং, পুং, নৈরাশ্য, আকাঙ্ক্ষা-

আশাবহ, (আশা=দিক্+আবহ) সং, পুং, সূর্য্য।

আশাস্য, (আ—শাস্=শাসন করা, আশীর্ব্বাদ করা ইত্যাদি+য—র্ম্ম) বিং, ত্রিং, আশংসনীয়, প্রার্থনীয়। আশীর্ব্বাদ সাধ্য।

আশিঞ্জিত, (আ+শিঞ্জ+ক্ত) বিং, ত্রিং, নূপুর কঙ্কণাদিভূষণের শব্দ বিশিষ্ট, যথা "পাদেন নাপেক্ষত সুন্দরীণাং সম্পর্কমাশিঞ্জিত নূপুরেন" কুমার সম্ভব।

আশিত, (আ—অশ্=ভোজন করা+ত—র্ম্ম) বিং, ত্রিং, অশিত, ভুক্ত। ভোজন দ্বারা তৃপ্ত।

আশিতঙ্গবীন, (আশিত=ভুক্ত — গো গোরু+ঈন—প্রাগ্‌ভূতার্থে) বিং, ত্রিং, পুর্ব্বে যে স্থানে গোচারণ হইত।

আশিতম্ভব, (আশিত—ভব [ভূ+অল্ উৎপত্তি) সং, ত্রিং, তৃপ্তিকর খাদ্য অন্নাদি। পুং, তৃপ্তি।

আশির, সং, পুং, অগ্নি। রাক্ষস।

আশিস্ } (আ—শাস্=শাসন করা,
আশী } শুভাকাঙ্ক্ষা করা ইত্যাদি+ক্বিপ্—ভা। আ=ই। আ—অশ্ ভোজনকরা, শুভাকাঙ্ক্ষাকরা+অএবং ঈ—প্রং) সং, স্ত্রীং, মঙ্গলাকাঙ্ক্ষা। সর্পাদির বিষদাঁত। অলঙ্কার শাস্ত্রে অর্থালঙ্কার ভেদ।

আশীর্ব্বাদ, (আশিস্—বাদ=কথন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শুভাকাঙ্ক্ষাসূচক বাক্য

মঙ্গল প্রার্থনা। [—হিং) সং, পুং, সর্প।
আশীবিষ, (আশী—বিষদাঁত—বিষ; ৬ষ্ঠী
আশু, (অশ্=ব্যাপা+উ—প্রং) সং; পুং, —ক্লীং, আউস্ ধান। অং, শীঘ্র। দ্রুত, ক্ষিপ্র, ঝটিতি।
আশুকারী, (আশুকারিন্, আশু—কারিন্ =যে কর্ম্ম করে) বিং, ত্রিং, ক্ষিপ্রকারী, যে শীঘ্র কার্য্য সম্পাদন করে।
আশুগ, (আশু=শীঘ্র—গ=যে গমন করে) সং, পুং, বাণ। বায়ু। সূর্য্য। বিং, ত্রিং, শীঘ্রগামী।
আশুগতি, (আশু=শীঘ্র—গতি=গমন, ৬ষ্ঠী—হিং,) সং, পুং, বায়ু। (য়ং—স) স্ত্রীং; শীঘ্রগমন।
আশুতোষ, (আশু — তোষ = সন্তোষ। অল্পেই যাহার সন্তোষ জন্মে) সং, পুং, শিব। [য়ং—স) সং, পুং, আউস্‌ধান।
আশুব্রীহি, (আশু=শীঘ্র—ব্রীহি=ধান্য,
আশুশুক্ষণি, (আশু—শুষ্=শুষ্ককরা+ অনি—সংজ্ঞার্থে। যে সর্ব্বদা শুষ্ক করে) সং, পুং, অগ্নি, আগুন। বায়ু।
আশেকুটিন্, (টী) সং, পুং, পর্ব্বত।
আশ্চর্য্য, (আ—চর=গমনকরা+ণ্যৎ—প্রং) স্—আগম) বিং, ত্রিং, অদ্ভুত, অপূর্ব্ব, বিস্ময়জনক। সং, ক্লীং, বিস্ময়। চমৎকার।
আশ্যান, (আ=ঈষৎ [শ্যৈ—ক্ত] শুষ্ক) বিং, ত্রিং, ঈষৎ ঘনীভূত। যথা "সরিতঃ কুর্ব্বতী গাধাঃ পথশ্চাশ্যান কর্দ্দমান্" রঘুবংশ। চট্‌চটে।
আশ্রম, (আ—শ্রম=তপস্যাকরা+অ—ধি) সং, পুং — ক্লীং, ব্রহ্মচর্য্য গার্হস্থ্য বানপ্রস্থ্য ভৈক্ষ্য এই চতুর্বিধ অবস্থা। মুনিদিগের বাসস্থান। বেদাদি অধ্যয়ন-স্থান। অরণ্য, বিপিন, বন। মঠ। পরমেশ্বর। [মস্থান।
আশ্রমপদ, (৬ষ্ঠী—ষ) তপোবন, আশ্র-
আশ্রমিক } (আশ্রম+ইক—নিবাসা-
আশ্রমী } র্থে। আশ্রমিন্, আশ্রম+ ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, আশ্রমস্থ, আশ্রম বিশিষ্ট। আশ্রমেস্থিত, ধর্ম্মস্থিত। তপোবনবাসীমুনি প্রভৃতি।
আশ্রয়, (আ—শ্রি=সেবাকরা, অবলম্বন করা ইত্যাদি+অ—ধি, ভা) সং, পুং, রাজগণের সন্ধি প্রভৃতি ষড়্‌গুণের অন্যতম গুণ। সামীপ্য। রক্ষার স্থান, রক্ষক। কারণ। বিষয়। প্রতারণা। অবলম্বন। স্থিতি। প্রাপ্তি। আধার। গৃহ। সহায়। অনুসরণ। ব্যপদেশ।
আশ্রয়ণীয়, (আশ্রয়=দেখ, অনীয়—ধি) বিং, ত্রিং, আশ্রয় স্থান, যাহাকে আশ্রয় করা যায়। অবলম্বনীয়। সেবনীয়। অনুসরণীয়।
আশ্রয়ভুক্, (আশ্রয়ভুজ্=আশ্রয়—ভুজ্ =যে ভোজন করে, ৭মী—ষ)যে পক্ষিরা কিছুকাল পর্য্যন্ত মাতার আশ্রয়ে প্রতি-পালিত হয়, যথা-চিল, কাক প্রভৃতি।
আশ্রয়াশ, (আশ্রয়=স্থান—আশ=অশ্ ভোজন করা+অ-ক]যে ভোজন করে। যে নিজ আশ্রয় ভোজন করে ২য়া —ষ) সং, পুং বহ্নি, অগ্নি, বৈশ্বানর, আগুন। চিতার গাছ। বিং, ত্রিং, যে আশ্রয় নষ্ট করে।
আশ্রয়াসিদ্ধি, সং, স্ত্রীং, ন্যায়মতে পক্ষে পক্ষতাবচ্ছেদকের অভাব রূপ হেত্বাভাস। যথা ভাষ্য পরিচ্ছেদে "আশ্রয়াসিদ্ধিরাদ্যাস্যাৎ স্বরূপাসিদ্ধিরপ্যথ"।
আশ্রব, (আ—শ্রু=শ্রবণ করা, প্রতিজ্ঞা করা+অ—ভা) সং, পুং, প্রতিজ্ঞা, স্বীকার, অঙ্গীকার। ক্লেশ। দোষ। বিং, ত্রিং, কথার বাধ্য, বশ্য।
আশ্রিত, (আশ্রয় দেখ, ত—ক) বিং, ত্রিং, আশ্রয়প্রাপ্ত, যে আশ্রয় লইয়াছে। শরণাগত। সেবক। অধীন, বশবর্ত্তী, অনুপ্রবিষ্ট। স্থিত। [সমবায়সম্বন্ধে বৃত্তিমত্ব।
আশ্রিতত্ব, সং, ক্লীং, অধীনত্ব। ন্যায়মতে
আশ্রুত, (আশ্রব দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রতিজ্ঞাত, অঙ্গীকৃত। শ্রুত।

আশ্লিষ্ট, (আ—শ্লিষ্=আলিঙ্গন করা+ত—র্ম্ম) বিং, ত্রিং, আলিঙ্গিত। ব্যাপ্ত। সংশ্লিষ্ট,সংসক্ত, সংযুক্ত। সম্বদ্ধ।

আশ্লেষ, (আশ্লিষ্ট দেখ, অ—ভা) সং, পুং,আলিঙ্গন। পরীরম্ভ। মিলন। এক-দেশসম্বন্ধ।

আশ্ব, (অশ্ব+অ—সমূহার্থে) সং, ক্লীং, অশ্বসমূহ। অশ্ববাহ্য রথাদি। বিং, ত্রিং, অশ্ববাহ্য। ঘোটকসম্বন্ধীয়।

আশ্বযুজ, (আশ্বযুজী—অশ্বিনী নক্ষত্রযুক্তা পূর্ণিমা+অ—তদ্‌যুক্ত কালার্থে) সং, পুং, আশ্বিনমাস। বিং, ত্রিং, আশ্বিন-মাসসম্বন্ধীয়। স্ত্রীং (জী) আশ্বিনী পূর্ণিমা।

আশ্বসিত } (আশ্বাস দেখ,ত—র্ম্ম) বিং,
আশ্বস্ত } ত্রিং, যে আশ্বাস পাইয়াছে।

আশ্বাস,(আ—শ্বস্=নিশ্বাস-প্রশ্বাস ফেলা, প্রত্যাশা করা+অ—ভা) সং, পুং, আ-শাদান। বিবৃতি, অনুনয়। প্রবোধন। উৎসাহদান। স্নেহ-প্রদর্শন। আখ্যায়িকার পরিচ্ছেদ।

আশ্বাসন, (আশ্বাসিত দেখ, অন—ক, ভা) বিং, ত্রিং,আশ্বাসজনক। সং, ক্লীং, আশ্বাস দান। অভয়দান। সান্ত্বনা।

আশ্বাসিত,(আ—শ্বাসি=প্রত্যাশা করান +ত—র্ম্ম) বিং, ত্রিং, আশ্বস্ত। আশ্বাস। প্রাপিত। প্রবোধিত।

আশ্বিন, (আশ্বিনী অশ্বিনী নক্ষত্র যুক্তা পূর্ণিমা + অ — তদ্‌যুক্তকালার্থে) সং, পুং, স্বনামপ্রসিদ্ধ মাস। নী—স্ত্রীং, ঐ মাসের পূর্ণিমা।

আশ্বিনেয়, (অশ্বিনী সূর্য্যপত্নী+ঢেয়—অপত্যার্থে) সং, পুং, দ্বিং, স্বর্গবৈদ্য অশ্বিনীকুমারদ্বয়। সহদেব এবং নকু-লের নাম।

আশ্বীন, (অশ্ব+ঈন—প্রং) সং, ত্রিং, এক ঘোড়ায় একদিনে যত পথ যাওয়া যায়।

আশ্বীয়, (অশ্ব+ঈয়—সমূহার্থে) সং, ক্লীং, ঘোটকসমূহ।

আষাঢ়, (আষাঢ়ী আষাঢ়নক্ষত্রযুক্তা পূ-র্ণিমা + অ—তদ্‌যুক্তমাসার্থে) সং, পুং, স্বনামপ্রসিদ্ধমাস। ব্রহ্মচারিধার্য্য প-লাশকাষ্ঠের দণ্ড। মলয়পর্ব্বত। (অ—সহ সহ্যকরা+ত—প্রং। আ—স্ত্রীলিঙ্গে ঢা—স্ত্রীং, নক্ষত্র বিশেষ। ঢী—স্ত্রীং, আষাঢ় মাসের পূর্ণিমা।

আষাঢ়ভব, সং, পুং, মঙ্গল গ্রহ।

আষ্ট্র, (অস্=ক্ষেপনকরা+ষ্ট্রন্) সং, ক্লীং, আকাশ। [পুং, ধনুক।

আস, (অস্ ক্ষেপণ করা+ঘঞ্—ণ) সং,

আসক্ত, (আ সর্ব্বদা-সন্‌জ্=আলিঙ্গনকরা +ত—ক) বিং, ত্রিং, অনুরক্ত। তৎপর। লগ্ন। সংসক্ত, আবিষ্ট, যত্নবান্। বিশ্বস্ত। নিত্য। ক্লীং, অবিরত। সতত।

আসক্তি—স্ত্রীং } (আসক্ত দেখ, তি,
আসঙ্গ—পুং } অ—ভা) সং, অনু-রাগ। সাতিশয় মনোযোগ, অভিনিবেশ সঙ্গ, মিলন, সহবাস। ভোগাভিলাষ। সংশ্লেষ,সংযোগ,সংসক্তি যথা "পাদাকৃষ্ট ব্রততিবলয়াসঙ্গসংজাতপাশঃ" শকুন্তলা।

আসঙ্গলিপ্সা, (Adhesiveness, আসঙ্গ-লভ্=পাওয়া+সন্=ইচ্ছার্থে, আ-প্রং। লভ্=লিপ) সং, স্ত্রীং, সকলের সহিত একত্রিত হইয়া থাকিবার ইচ্ছা।

আসঙ্গিনী,(আসঙ্গ+ইন্+ঈপ্ (Awhirl-wind) চক্রবাত, ঘূর্ণবাতাস।

আসঞ্জন, (অ—সন্‌জ্=আসক্ত হওয়া+অনট্—ভা) সং, ক্লীং, লগ্ন হওয়া।

আসত্তি, (আ—সদ্=গমন করা, নিকটস্থ হওয়া+তি—ভা) সং, স্ত্রীং, সংসর্গ, মি-লন। সন্নিধি, নৈকট্য। লাভ, সঙ্গম। বুদ্ধির অবচ্ছেদ। ন্যায়মতে যে পদার্থের যাহার সহিত অন্বয় আছে তাহাদের উভয়ের অব্যবধানে উপস্থিতি। যথা ভাষা পরিচ্ছেদে "করণং সন্নিধানন্তু পাদস্যাসত্তিরুচ্যতে"।

আসন, (আস্=উপবেশনকরা+অন—ধি, ভা) সং, ক্লীং,বসিবার স্থান, পীঠাদি ও কম্বলাদি। শত্রু ও জিগীষুর পরস্পর

কালপ্রতীক্ষার্থ অবস্থান। যাত্রানিবর্ত্তন (Halting) উপবেশন। উপবেশন বিশেষ, পদ্মাসন বীরাসন প্রভৃতি। সন্ধ্যাদি ছয়টী রাজগুণের মধ্যে শত্রু-দুর্গাদি অবরোধ করিয়া স্থিতিরূপ চতুর্থগুণ। হস্তিরস্কন্ধ দেশ। সং, পুং, জীরক বৃক্ষ। স্ত্রীং,স্থিতি। অবস্থান। স্ত্রীং (নী) দোকান।

আসনবন্ধ, (আসন—বন্ধ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পদ্মাসনাদি উপবেশন বিশেষ।

আসন্দ, (আস্=বসা+দ) পুং বাসুদেব। স্ত্রীং, (ন্দী) ক্ষুদ্র খট্টা, ছোট খাট। যোষিৎ। স্ত্রী।

আসন্ন, (আ—সদ্ [গমন করা] আগমন করা+ত—ক) বিং, ত্রিং, উপস্থিত। নিকবর্ত্তী,সমীপস্থ। পুং,অস্তাভিমুখসূর্য্য।

আসন্নকাল, (আসন্ন—কাল=সময়) সং, পুং, মৃত্যু সময়। বিপৎকাল।

আসর, (আ—স্থ=হিংসাকরা+অ—ক) সং, পুং, রাক্ষস।

আসব; (আ—স্থ=প্রসবকরা+অ—ক। যে মত্ততা জন্মায়) সং, ক্লীং, মদ্য। মধু। তাড়ি। "মুখং লালাক্লিন্নং পিবতি চষকং সাসবমিব। শীধুরিক্ষুরসৈঃপক্কৈরপক্কৈরাসবোভবেৎ। মৈরেয়ং ধাতকীপুষ্প গুড়ধানাম্লসংহিতং।

আসবদ্রু, (আসব=মদ্য—দ্রু=বৃক্ষ এই বৃক্ষের রসে মদ্য প্রস্তুত হয়) সং, পুং, তালগাছ।

আসাদন, (আসাদিত দেথ, অন—ভা) সং, ক্লীং, লাভ। স্থাপন। সন্নিধাপন। পহুঁছন।

আসাদিত, (আ—সাদি [গমনকরান] পাওয়া+ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রাপ্ত, লব্ধ। সন্নিধাপিত। আয়োজিত।

আসার, (আ—স্থ=গমনকরা+ঘঞ—ভা)সং,পুং,জলকণা। ধারাসম্পাত, বৃষ্টিপাত। শত্রুকে বেষ্টন। সুহৃৎসৈন্য। প্রবেশ। অনুগত। সৈন্যের প্রসরণ। যথা, "মেঘৈঃ সততাসারং বর্ষদ্ভিঃ। ২ তুহিনকণাসার। ৩ পুষ্পাসার। ৪ রুধিরাসার। ৫ প্রেমরসাসার বর্ষিণা চক্ষুষা।"

আসিক, (অসি+টক্) সং, পুং, অসিধারী যোধ। (আস্+ণ্বুল্) আসীন।

আসিত, (আসন=দেথ, ত—র্ম্ম) বিং, ত্রিং, উপবেশিত। স্থিত, উপবিষ্ট। ক্লীং, বাসস্থান। দেশ। উপবেশনাধার।

আসিতব্য, (আসন=দেথ, তব্য— ভা) সং, ক্লীং, অবস্থিতি।

আসিদ্ধ, (আ—সিধ্ [গমনকরা] রাজাজ্ঞানুসারে ধরা+ত-র্ম্ম) বিং, ত্রিং, বিধি ও বিচারকর্ত্তার আদেশানুসারে যাহাকে অবরোধ করা হইয়াছে।

আসিধার, (আসি=উপবেশন—ধার যে ধারণ করে) সং, ক্লীং, যুবা ও যুবতীর একত্র অবিকৃতচিত্তে অবস্থানরূপব্রত। "ইয়ন্তি বর্ষাণি ত্বয়া সহোগ্রং অভ্যস্ততীব ব্রতমাসিধারং"। রঘুবংশ।

আসীন, (আস্=উপবেশনকরা + শান—ক) বিং, ত্রিং, উপবিষ্ট, যে বসিয়াছে, স্থিত। অনুদ্‌যোগী।

আসীন প্রচলায়িত; সং, ক্লীং, বসিয়া নিদ্রাবশে দোলা, বসে বসে ঢোলা।

আসুতি, (আ—সু [প্রসব করা] সুরা স্থাপন করা+তি—প্রং) সং, পুং, মদচোয়ান। মদ্যপ্রস্তুতকরণ।(destillation)

আসুতিবল, (আসুতি+বল) পুং, যজ্বা, শৌণ্ডিক, শুঁড়ী।

আসুর, (অসুর+অ—ইদমর্থে) বিং, ত্রিং, অসুরসম্বন্ধীয়। অপবিত্র। নিন্দিত, অশুভকর। ভয়ঙ্কর। সং, পুং, বিবাহ বিশেষ। রী—স্ত্রীং, রাইসরিসা। চিকিৎসাবিশেষ। ক্লীং, বিট লবণ।

আসেচন } (আসেচন+ষ্ণ—স্বার্থে
আসেচনক } ক—যোগে আসেচনক) বিং, ত্রিং, অতি তৃপ্তিকারক, যাহাকে দেখিয়া তৃপ্তির শেষ হয়না। অতি প্রিয়দর্শন। ক্লীং, সেচন, আসেক।

আসেদিবান্, (আসেদিবস্ = আ—সদ্

পাওয়া+ক্বসু—ক, ভূতকাল) বিং,ত্রিং, যে প্রাপ্ত হইয়াছে। আসন্ন।

আসেধ, (আসিদ্ধ—দেখ, অ—র্ম্ম) সং, পুং, রাজাজ্ঞায় বিধি ও বিচারকর্ত্তার আদেশানুসারে অপরাধী অবরোধ। আসেধ চারি প্রকার কালাসেধ, স্থানাসেধ, প্রবাসাসেধ, কর্ম্মাসেধ।

আসেবা, (আ+সেবা=শুশ্রূষা) ক্রিয়ার পৌনঃপুন্য। ইচ্ছা করিয়া পুনঃ পুনঃ কার্য্যে প্রবৃত্তি। [আরোহণ।

আস্কন্দ, (আ+স্কন্দ=যাওয়া+অল্) পুং, আস্কন্দন, (আ—স্কন্দ্ [গমনকরা] ভর্ৎসনা করা ইত্যাদি+অন — ভা) সং, ক্লীং, তিরস্কার। আস্ফালন। যুদ্ধ। শোষণ। গতিভেদ। বিনাশ। ধাবন। আক্রমণ। হনন। বিলোপ।

আস্কন্দিত, (আস্কন্দন=দেখ, ত—ভা) সং, ক্লীং, অশ্বের গতিবিশেষ, বল্গন, প্লুতগতি।

আস্তর—পুং, আস্তরণ—ক্লীং, } (আ—স্তৃ=বিস্তার করা=অল, অনট্—র্ম্ম) সং, শয্যা। শয্যার উত্তরচ্ছদ। হাতীর বা অশ্বের পৃষ্ঠস্থিত কম্বলাদি। দর্ভাদিনির্ম্মিতআস্তরণ, কুশাসন।

আস্তিক, (অস্তি=আছে+ষ্ণিক—কথনার্থে। ঈশ্বর বা পরলোক আছেন ইহা যে বলে) বিং, ত্রিং, ঈশ্বরবাদী, অনাস্তিক, যে ঈশ্বর ও পরলোকের অস্তিত্ব স্বীকার করে। শাস্ত্রবিহিত কর্ম্মে যাহার শ্রদ্ধা ওবিশ্বাস আছে এবংতৎসমুদায়ের যথাবিধি অনুষ্ঠান করে। সং, পুং, জরৎকারুপুত্র মুনিবিশেষ, মনসাপুত্র।

আস্তিক্য—ক্লীং আস্তিকতা—স্ত্রীং } (আস্তিক+ষ্ণ্য-তা—ভাবে) সং, বৈদিকধর্ম্মে শ্রদ্ধা। ঈশ্বরে ও পরলোকে বিশ্বাস।

আস্তীক, (মনসাদেবী স্বামী জরৎকারুর পুত্র প্রার্থনা করতে তিনি "অস্তি" [অর্থাৎ আমার ঔরসজাত সন্তান তোমার গর্ভে আছে] বলিয়া প্রস্থান করেন। এই নিমিত্ত জরৎকারুর পুত্রের নাম আস্তীক হইল। তথাহি—নাম চাস্যা ভবৎখ্যাতং লোকেষাস্তীক ইত্যুত। অস্তীত্যুক্ত্বাগতো যস্মাৎ পিতা গর্ভস্থমেব তম্) সং, পুং, মুনিবিশেষ, মনসাদেবীর পুত্র।

আস্তীর্ণ, (আ—স্তৃ=বিস্তারকরা+ক্ত—ক) বিং, ত্রিং, বিস্তীর্ণ। পতিত। পীড়িত। আকীর্ণ। ব্যাপ্ত।

আস্থা, (আ—স্থা [থাকা] আদর করা ইত্যাদি+আ—ধি, ভা) সং, স্ত্রীং, অবলম্বন,আশ্রয়। শ্রদ্ধা। যত্ন। আদর। প্রযত্ন। প্রতিষ্ঠা। সভা। স্থান। স্থিতি।

আস্থান, (আ—স্থা=থাকা ইত্যাদি+অনট্ ধি, ভা) সং, ক্লীং, নী—স্ত্রীং, সভা। ক্লীং, যত্ন, প্রয়াস। অবলম্বন, আশ্রয়। বিশ্রামস্থান। আরোহণ।

আস্থিত, (আ—স্থা+ত—র্ম্ম, ক) বিং ত্রিং, আশ্রিত। প্রাপ্ত। আরূঢ়। অধিষ্ঠিত। নিযুক্ত। অবলম্বিত।

আস্পদ, (আ—পদ্=গমনকরা+ঘঞ্—প্রং,। স্—আগম) সং, ক্লীং, স্থান। "স্তনদ্বয়েঽস্মিন্ হরিচন্দনাস্পদে" অধিষ্ঠান। প্রতিষ্ঠা। কার্য্য। পদ। প্রভুত্ব। মর্য্যাদা, গৌরব।

আস্পন্দন, (আ—স্পন্দ্=ঈষৎ কম্পিত হওয়া+অনট্—ভা) সং, ক্লীং, স্পন্দন, কম্পন।

আস্পর্দ্ধা, (আ—স্পর্দ্ধ্=সমকক্ষ হইতে চেষ্টা করা+আ—ভা) সং, স্ত্রীং, আস্ফালন,মাৎসর্য্যপ্রকাশ। প্রতিপক্ষের নিকট সাহঙ্কার বাক্য প্রয়োগ। প্রতিযোগিতা।

আস্ফাল, (আ—স্ফুর+ণিচ্+ঘঞ্—ভা) সং, পুং, হস্তীর কর্ণচালন।

আস্ফালন, (আ—স্ফুর+ণিচ্+অনট্—ভা) সজ্ঘর্ষণ। সঞ্চালন। আঘাত। সং, ক্লীং,তাড়ন। সজ্ঘর্ষ। "অনারত ধনুর্জ্যা-

স্ফালনক্রূর কর্ম্মা” শকুন্তলা গুর্ব্ব-প্রকাশ। কোপ-প্রকাশ। শুক্র
আস্ফুজিৎ,—সং, পুং, শুক্রচার্য্য, দৈত্য-
আস্ফোট—পুং } (আ—স্ফুট [প্র-
আস্ফোটন—ক্লীং } স্ফুটিত হওয়া] বধ করা+ঘঞ অনট=ভা) সং, আঘাত। মল্লদিগের তালঠোকা। আকন্দবৃক্ষ।
আস্ফোটনী, (আ—স্ফোটি=ভেদ করান +অনট্ ঈপ্—ণ) সং,স্ত্রীং, বেধনিকা। তুরপুন, ভোমর প্রভৃতি
আস্ফোত,—(আ—স্ফুট্=স্ফীত হওয়া+ অল্। ট=ত) অর্কবৃক্ষ, আকন্দ গাছ, ভূপলাশ বৃক্ষ। তা—স্ত্রীং অপরাজিতা,, বনমল্লিকা। হাপরমালী গাছ।
আস্য, (অস্=ক্ষেপন করা, ক্ষরণকরা ঘঞ—প্রং, কিম্বা আ—স্যন্দ্=গমন করা +অ—প্রং। ন্দ্—লোপ। যাহার ভিতর দিয়া বাক্যনিক্ষেপ করে) আহার যায় সং, ক্লীং, বদন, মুখ। মুখমধ্য। স্যা—স্ত্রীং, স্থিতি। আসন।
আস্যপত্র,—(আস্য—পত্র=পাত। ৬ষ্ঠী —হিং। সুন্দর মুখের সহিত পদ্মের তুলনা করা যায় বলিয়া ইহার নাম আস্য পত্র হইল) পদ্ম, কমল।
আস্যলাঙ্গল. (আস্য=মুখ—লাঙ্গল। যাহার লাঙ্গল তুল্য মুখ, ৬ষ্ঠী—হিং)। শূকর মুখদ্বারা লাঙ্গলের ন্যায় ভূমি বিদারণ করে বলিয়া ইহার নাম আস্য লাঙ্গল হইল। সং, পুং. শূকর।
আস্যলোম, (আস্যলোমন্, আস্য=মুখ —লোমন্ লোম, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, শ্মশ্রু, দাড়ী।
আস্যাসব, (আস্য=মুখ—আসব [মধু ইত্যাদি] তরল পদার্থ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, লাল, থুথু।
আস্রপ,—সং, পুং, মূলানক্ষত্র।
আস্রব, (আ—স্রু=ক্ষরিত হওয়া=অল্ —ভা) সং, পুং, ক্ষরণ। ক্লেশ, কষ্ট, দুঃখ। ক্ষরণ, প্রভৃতি।
আস্বাদ, (আ—স্বদ্=আস্বাদন করা+ ঘঞ্—র্ম্ম, ভা) সং, পুং, মধুরাদি রস। রসানুভব, স্বাদগ্রহ। পান। ভোজন। “চুতাঙ্কুরাস্বাদকষায়কণ্ঠঃ পুংস্কোকিলো যন্মধুরং চুকূজ” কুমার সম্ভব।
আস্বাদন, (আ—স্বাদি=আস্বাদনকরান +অনট্—ভা) সং, ক্লীং, আস্বাদ। স্বাদগ্রহণ। রসগ্রহণ। অনুভূতি।
আস্বাদিত, (আস্বাদন দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং,যাহার আস্বাদ গ্রহণকরা হইয়াছে।
আহ,অং—ক্ষেপ, নিয়োগ। দৃঢ়সম্ভাষণ।
আহকজ্বর } (আহক=নাসারোগ—
আহক } জ্বর) সং. পুং, নাসাজ্বর।
আহত,(আ—হন্ [বধকরা] আঘাতকরা ইত্যাদি+ক্ত—র্ম্ম) সং, ক্লীং, নূতন বস্ত্র। পুরাতন বস্ত্র। পুং, ঢক্কা। বিং, ত্রিং, গুণিত। তাড়িত। জ্ঞাত। দগ্ধ। মৃষার্থক বাক্য, যথা—তুমি বন্ধ্যার পুত্র ইত্যাদি।
আহতলক্ষণ, (আহত=জ্ঞাত—লক্ষণ= চিহ্ন, ৬ষ্ঠী—হিং,) বিং, ত্রিং, গুণদ্বারা বিখ্যাত বা প্রতীত। স্বগুণ খ্যাত।
আহর, (আ—হৃ=গ্রহণ করা+অল্। যাহাভিতরে গ্রহণ করায়ায়) উচ্ছাস, অন্তর্মুখশ্বাস। গ্রহণ, আহরণ।
আহরণ, (আ—হৃ [হরণ করা] আনা ইত্যাদি+অনট্—ভা) সং, ক্লীং, সং-গ্রহ। আয়োজন। দ্রব্যাদির আনয়ন। আসাদন। উপার্জ্জন। নির্ব্বাহ। শল্যা-দির উদ্ধরণ।
আহব, (আ—হু=হোমকরা, বা হ্বে =আহ্বান করা+অল্—ধি। যেখানে বীরগণ আহূত হয়,কিম্বা যেখানে হোম করাহয়) সং, পুং, যুদ্ধ। যজ্ঞ।
আহবনীয়, (আ—হু= হোমকরা+ অনীয়—ধি) সং, পুং, যজ্ঞাগ্নিবিশেষ গার্হপত্য হইতে উদ্ধৃত করিয়া হোমার্থ যে অগ্নির সংস্কার করা যায়।
আহা,অং, খেদ বা আক্ষেপ বোধকশব্দ।

আহার, (আ—হৃ [হরণ করা] ভোজন করা ইত্যাদি+ঘঞ—ভা) সং, পুং, ভোজন। বহন। আহরণ। ভক্ষ্যবস্তু। আহার ত্রিবিধ সাত্বিক রাজসিক এবং তামসিক। যাহা ভক্ষণ করিলে পরমায়ু বৃদ্ধি হয় শরীর সবল এবং সুস্থ হয় এবং মন প্রফুল্ল হয় তাহাদিগকে সাত্বিক আহার বলে। কটু অম্ল অতিশয় লবণ-যুক্ত অত্যুষ্ণ এবং ঝাল বিশিষ্ট বস্তু রাজসিক আহার। শুষ্ক দুর্গন্ধ পরিপূর্ণ উচ্ছিষ্ট ও অপবিত্র ভক্ষ্য বস্তু দিগকে তামসিক আহার বলে।

আহার সম্ভব, (আহার—সম্ভব (সম্+ভূ+অল্) উৎপন্ন। যাহা আহার দ্বারা উৎপন্ন হইয়াছে) শরীরস্থরস, ধাতু।

আহার্য্য, (আ+হৃ=ঘ্যণ—র্ম্ম) বিং, ত্রিং, নৈমিত্তিক। আস্বাভাবিক, কৃত্রিম। আরোপিত। আহারীয়,ভক্ষ্য, ভোজ্য। আগন্তুক (পুং,) (নাটকে) ভূষাদি বিরচিত রসাদি ব্যঞ্জক অবস্থানুকরণ বিশেষ।

আহাব, (আ—হ্বে=আহ্বানকরা+অ ঘঞ—ধি,ভা। যেখানে পান করাইবার জন্য পশু-দিগকে ডাকাযায় বা যেখানে বীরগণ আহূত হয়) সং, পুং, কূপসমীপস্থ ক্ষুদ্র জলাশয়, চৌবাচ্চা। যুদ্ধ। আহ্বান। [কেতুগ্রহ।

আহিক,—সং, পুং,= পাণিনি মুনি।

আহিত, (আ—ধা [ধারণকরা] স্থাপন করা ইত্যাদি+ক্ত—র্ম্ম। ধা=হি) বিং, ত্রিং, স্থাপিত। নিক্ষিপ্ত। কৃত। নিষিক্ত। ন্যস্ত। অর্পিত। সম্পাদিত। জাত। কৃতাধানসংস্কার।

আহিতলক্ষণ, (আহিত=কৃত,—লক্ষণ =চিহ্ন। যাহার নাম বা গুণ সকলের মনে চিরস্মরণীয় থাকে ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, গুণদ্বারা বিখ্যাত। অহত লক্ষণ দেখ।

আহিতাগ্নি, (আহিত=স্থাপিত—অগ্নি, ওয়া—হিং) সং, পুং, সাগ্নিক, অগ্নিহোত্রী।

আহিতুণ্ডিক, (অহিতুণ্ড=সর্পমুখ+ষ্ণিক—ক্রীড়ার্থে। যে সর্পমুখ দ্বারা খেলা করে) সং, পুং, সাপুড়ে। বেদে, যে সর্প বিদ্যায় নিপুণ। ব্যালগ্রাহী।

আহুত, (আ—হু+ত—র্ম্ম, ভা)বিং,ত্রিং, সম্যক্ হুত। সং, ক্লীং, গৃহস্থের কর্ত্তব্য পঞ্চমহাযজ্ঞান্তর্গত যজ্ঞবিশেষ।

আহুতি, (আ-হু=হোমকরা+ক্তি—ভা) সং,স্ত্রীং, দেবোদ্দেশে মন্ত্রোচ্চারণ পূর্ব্বক অগ্নিতে ঘৃতদান, হোম। পুং, ধর্ম্মের ঔরসে ও অরুন্ধতীর গর্ভে জাত স্বনাম খ্যাত মরুৎ বিশেষ।

আহূত, (আ—হ্বে=আহ্বান করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, নিমন্ত্রিত, কৃতাহ্বান, আমন্ত্রিত। যাহাকে আহ্বান করা যায়। ক্লীং, প্রলয়কালপর্য্যন্ত।

আহূতি, (আ—হ্বে+তি—ভা) সং,স্ত্রীং, আহ্বান, ডাকা।

আহৃত, (আ—হৃ+ত—র্ম্ম) বিং, ত্রিং, আয়োজিত। সঞ্চিত। আনীত। সঙ্কলিত। [বিং, ত্রিং, সর্পসম্বন্ধীয়।

আহেয়, (অহি=সর্প+ঢেয়—সম্বন্ধার্থে)

আহো, (আ—হন্=বধকরা+ডো—প্রং) অং, বিকল্প। সন্দেহ। প্রশ্ন। বিচার। "দারত্যাগী ভবাম্যাহো পরস্ত্রীস্পর্শপাংশুলঃ"। শকুন্তলা।

আহোপুরুষিকা, (আহো = অহং—পুরুষ+ষ্ণ—ইদমর্থে—স্ত্রী—আ) সং, স্ত্রীং, আত্মশ্লাঘা, অহমিকা, আত্মপ্রশংসা। "অহোপুরুষিকাং পশ্য"ভট্টি।

আহোস্বিৎ, (আহো+স্বিৎ—প্রং) অং, বিকল্প। প্রশ্ন।

আহ্ন, (অহন্+ষ্ণ—সমূহার্থে) সং, পুং, দিন সমূহ।

আহ্নিক, (অহন্=দিন+ষ্ণিক) বিং, ত্রিং, দিবাকৃত্য, দৈনিক, দিনসাধ্য সং, ক্লীং, প্রতিদিন ক্রিয়মাণ স্নান-

সন্ধ্যাতর্পণাদি কার্য্য। গ্রন্থের অংশ বিশেষ। ভোজন। প্রকরণ সমূহ।
আহ্নিকগতি, (Diurnal motion) সং, ক্লীং, স্বীয় অক্ষের (Axis) চতুর্দ্দিকে পৃথিবীর একবার ঘূর্ণন (Rotation)
আহ্লাদ, (আ—হ্লদ্=সন্তুষ্ট হওয়া+ঘঞ্ ভা) সং, পুং, আনন্দ, আমোদ, হর্ষ। "নন্দত্যাত্মজ উৎপন্নে জাতাহ্লাদো মহামনাঃ" শ্রীমদ্ভাগবত।
আহ্লাদিত, (আহ্লাদ+ইত—জাতার্থে। যাহার আহ্লাদ জন্মিয়াছে) বিং, ত্রিং, আনন্দিত, হৃষ্ট।
আহ্বয়—পুং, আহ্বা—স্ত্রীং (আ—হ্বে=আহ্বান করা+শঙ—ণ) সং, নাম, আখ্যা, সংজ্ঞা। যথা "সোপিরাজা স্বনগরং প্রস্থিতো, গজসাহ্বয়ং" মহাভারত।
আহ্বান, (আ—হ্বে+অনট্—ভা) সং, ক্লীং, ডাকা, নিমন্ত্রণ। সম্বোধন। আবাহন, আকারণ, আহূতি। নাম, সংজ্ঞা।
আহ্বায়ক, (আহ্বয় দেখ, ণক—ক) বিং, ত্রিং, যে আহ্বান করে। সং, পুং, দূত।

ই

ই, তৃতীয় স্বরবর্ণ। (ই=গমন করা+ক্বিপ্—প্রং) সং, পুং, কামদেব। অং, খেদ। কোপ। আহ্বান। নিরাকরণ। অনুকম্পা। নিন্দা। বিস্ময়। সম্বোধন। (দেশজ) কেবল, মাত্র, যথা—আমিই, তিনিই, তাঁহারই ইত্যাদি।
ইংরেজ, সং, পুং, ইংলণ্ডদেশ জাত ম্লেচ্ছ জাতি বিশেষ "অধিপা মণ্ডলানাঞ্চ সংগ্রামেষ্বপরাজিতাঃ। ইংরেজা নবষট পঞ্চ লণ্ড্রজাশ্চাপি ভাবিনঃ"। মেরুতন্ত্র ২৩ প্রকাশ।
ইঃ, (ই শব্দজ) অং, কোপ, দুঃখবোধক উপহাস সূচক শব্দ। সন্তাপ।
ইকার, (ই+কার—স্বার্থে) সং, পুং ইবর্ণ, ই।
ইক্ষু, (ইষ্=ইচ্ছাকরা+কস্থ—সংজ্ঞার্থে। কিম্বা ঈক্ষ্=দেখা+অয়ন্—সংজ্ঞার্থে ঈ=ই) সং, পুং, আক্গাছ। অসিপত্র বৃক্ষ।
ইক্ষুকাণ্ড, (ইক্ষু—কাণ্ড। ইক্ষুর ন্যায় কাণ্ড যাহার, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শরমুঞ্জ। কাশতৃণ, কেশে।
ইক্ষুগন্ধা, (ইক্ষু—গন্ধ=ঘ্রাণ, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, গোখুরী। কাশতৃণ, শুক্লভূমিকুষ্মাণ্ড। কুলিয়াখারা।
ইক্ষুনেত্র, (ইক্ষু+নেত্র=চক্ষু) সং, ক্লীং, ইক্ষুমূল। ইক্ষুগ্রন্থি।
ইক্ষুপত্র, (ইক্ষু—পত্র। ৬ষ্ঠী—হিং) যাবনাল নামক ধান্য বিশেষ, জোয়ার।
ইক্ষুযন্ত্র, (ইক্ষু—যন্ত্র=কল) সং, ক্লীং, যে যন্ত্রদ্বারা নিষ্পীড়ন করিয়া ইক্ষু হইতে রস বাহির করা যায়।
ইক্ষুযোনি—পুং, ইক্ষুবাটিকা—স্ত্রীং (ইক্ষু—যোনি=উৎপত্তি স্থান) সং, পুড়ি আক্। [রস। কাশতৃণ, কেশে।
ইক্ষুরস, (ইক্ষু—রস) সং, পুং, আকের
ইক্ষুশাকট, ইক্ষুশাকিন (ইক্ষু+শাকট, শাকিন—তৎক্ষেত্রার্থে) সং, ক্লীং, ইক্ষুক্ষেত্র, আকের খেত।
ইক্ষুসার, (ইক্ষু—সার=স্থিরাংশ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, একোগুড়, খাঁড়। [গুড়।
ইক্ষুরসক্বাথ, (ইক্ষুরস—ক্বাথ) সং, পুং,
ইক্ষ্বাকু, (ইক্ষু—আ+কৃ+ডু। যাহা আকের খেতে করা হয়) সং, স্ত্রীং, কটুতুম্বী, তিতলাউ। এই গাছ আকের খেতে প্রায়ই দেখিতে পাওয়া যায় বলিয়া ইহার নাম ইক্ষ্বাকু হইল। পুং, বৈবস্বত মনুর পুত্র, সূর্য্যবংশের আদি রাজা। "ইক্ষ্বাকুবংশ্যঃ ককুদং নৃপানাং" রঘুবংশ।
ইঙ্গ, (ইন্গ+ক—প্রং) বিং, ত্রিং, অদ্ভুত। জঙ্গম। সং, পুং, ইঙ্গিত। জ্ঞান।

ইঙ্গন, (ইন্‌গ+অনট্‌—ভা) সং, ক্লীং, গমন। চেষ্টা। চলন। কম্পন। না—স্ত্রীং, প্রসিদ্ধি।

ইঙ্গিত, (ইন্‌গ্‌=গমন করা+ত—ভা) সং,ক্লীং, হৃদ্‌গত ভাব। "তস্য সংবৃতমন্ত্রস্য গূঢ়াকারেঙ্গিতস্যচ"। সঙ্কেত,ইশারা। ঠার। চলন, চাল্‌। অন্বেষণ। চেষ্টা।

ইঙ্গুদ, (ইঙ্গ—উ+দো+ক) সং, পুং, স্ত্রীং,বৃক্ষ বিশেষ। ইঙ্গোট বৃক্ষ, জীয়াপুতা গাছ, নয়াফট্‌কী। দং—ক্লীং ইঙ্গুদী বৃক্ষের ফল।

ইচ্ছা, (ইষ্‌=বাঞ্ছাকরা+আ—ভা। ষ্‌=চ্ছ) সং, স্ত্রীং, বাঞ্ছা, স্পৃহা। উৎসাহ।

ইচ্ছাবতী, (ইচ্ছা+বৎ—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, কামুকা। ধনাদিতে স্পৃহাবতী।

ইচ্ছাবসু, (ইচ্ছা—বসু=ধন) সং, পুং, কুবের।

ইচ্ছু } ইচ্ছুক } (ইচ্ছা দেখ, উ—ক। ক—স্বার্থে) বিং, ত্রিং, ইচ্ছাবিশিষ্ট। আকাঙ্ক্ষা যুক্ত।

ইজ্জল, (ইৎ [ই=গমন করা+ক্বিপ্‌—ক] যে গমন করে—জল। এই গাছের নিকট দিয়া জলগমন করে, ৬ষ্ঠী—হিং) সং, পুং, হিজ্জল বৃক্ষ, হিজলগাছ। জিউলিগাছ। নিচুল-বৃক্ষ।

ইজ্য, (যজ=পূজাকরা+ক্য—ভা) সং, পুং, সুরাচার্য্য, বৃহস্পতি। বিষ্ণু। গুরু। জ্যা—স্ত্রীং, দান। যজ্ঞ। পূজা। সঙ্গম। বিং,ত্রিং,শিক্ষক। পূজ্য। "সোঽহমিজ্যা বিশুদ্ধাত্মা প্রজালোপনিমীলিতঃ"রঘুঃ।

ইজ্যাশীল, (ইজ্যা=যজ্ঞ—শীল্‌=পুনঃ পুনঃ আচরণ করা+অল—ক। যে যজ্ঞে বারম্বার প্রবৃত্ত হয়, ৭মী—ষ) সং, পুং, পুনঃ পুনঃ যজ্ঞকর্ত্তা, যাবজুয়।

ইঞ্চাক, সং,পুং, ইঁচলামাছ,চিঙ্গড়ীমাছ।

ইট, (ইষ্টক শব্দজ) সং, দগ্ধমৃত্তিকা, যাহাদ্বারা অট্টালিকাদি নির্ম্মিত হয়।

ইটখোলা, (ইট—খোলা=স্থান, ৬ষ্ঠী—ষ) সং, ইষ্টকক্ষেত্র, পাঁজাখোলা।

ইট্‌চর, ইট্‌ [ইষ্‌=ইচ্ছা করা+ক্বিপ্‌—প্রং] ইচ্ছা—চর=যে চরে। যে স্বেচ্ছাতে চরে, ৩য়া—ষ) সং, পুং, ষণ্ড, বৃক্ষ, ষাঁড়। ইড্বরশব্দও হয়।

ইড়া, (ইল্‌=গমনকরা, ক্ষেপণ করা ইত্যাদি+অ এবং আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, ইক্ষ্বাকু কন্যা, বুধপত্নী। পৃথিবী। ধেনু। ত্বরা। শরীরের বামভাগস্থিত নাড়ী। বাণী, সরস্বতী।

ইড়াচিকা, (ইড়া=পৃথিবী—চর্‌ গমনকরা +ডন্‌—ক। র লোপ) সং, স্ত্রীং, বরটা, বোল্‌তা। [সং, স্ত্রীং, পৃথিবী।

ইড়িক, (ইল=গমনকরা+বুন্‌। ল=ড)

ইড়িক্ক, (ইড়িক্‌=অনুকরণ শব্দবিশেষ+কৈ=শব্দকরা+ড) সং, পুং, বুনোছাগল।[ত্রিং,স্তত্য, স্তবের যোগ্যপাত্র।

ইড্য, (ইড্‌=স্তবকরা+য—র্ম্ম) বিং,

ইত, (ই=গমনকরা ইত্যাদি+ক্ত—ক) বিং, ত্রিং, গত। প্রাপ্ত। জ্ঞাত।

ইতর, (ই=ইচ্ছা—তৃ=পারহওয়া+অ—ক) বিং, ত্রিং, নীচ, অধম। পামর। অন্য, ভিন্ন। অপর। "অথেতরে সপ্ত রঘুপ্রবীরাঃ" "বামেতরস্তস্য করঃ প্রহর্ত্তুঃ" রঘুবংশ।

ইতরথা (ইতর+থা—প্রকারার্থে) অং, অন্যথা, নতুবা। প্রকারান্তরে।

ইতরবিশেষ, (ইতর—বিশেষ, দ্বং—স) সং, পুং, ভেদাভেদ, ভিন্নতা।

ইতরেতর, (ইতর, দ্বং—স) বিং, ত্রিং, পরস্পর, অন্যোন্য।

ইতরেতর-যোগ, সং, পুং, দ্বন্দ্ব সমাস বিশেষ, যে সমাসে পদের পরস্পর যোগ বুঝায়,যথা-রামলক্ষ্মণ, ভীমার্জ্জুনইত্যাদি

ইতরেদ্যুঃ, (ইতরেদ্যুস্‌, ইতর=অন্য+এদ্যুস্‌—দিবার্থে) অং, অন্যদিনে।

ইতঃ, (ইতস্‌, ইদম্‌=এই+তস্‌—প্রং। পঞ্চমী বা সপ্তমী স্থানে তস্‌) অং, এখান হইতে, এখানে এদিকে। "ইদো ইদো পিয়সহীও" শকুন্তলা।

ইতশ্চেতশ্চ, (ইতশ্চ—ইতশ্চ) অং, এ-দিক্ ওদিক্, এখানে সেখানে 'সন্তোষা-মৃততৃপ্তাণাং যৎ সুখং শান্তচেতসাং। কুতস্তদ্ধনলুব্ধানামিতশ্চেতশ্চ ধাবতাং" হিতোপদেশ।

ইতস্ততঃ, (ইতস্ততস্ ইতস্=এখানে—ততস্=সেখানে) অং, অত্র তত্র, এখানে সেখানে, চতুর্দ্দিকে। "ইতস্ততো ধাবমানো সুরথো রথিনাংবরঃ"মহাভারত।

ইতঃপর, (ইতস্=ইহার—পর) অং, অতঃপর, ইহার পর।

ইতি, (ই=গমনকরা+ক্তি—প্রং) অং, অতএব। এই হেতু। এই প্রকার। এই, ইহা। প্রকরণ। সমাপ্তি। সমাপ্তি-সূচক শব্দ। উপক্রম। প্রকাশ। নিদর্শন। অনুকর্ষ। পরকৃতি। স্বরূপ। সান্নিধ্য। মত। প্রত্যক্ষ অবধারণ। ব্যবস্থা। পরামর্শ। মান।

ইতিকথ, বিং, ত্রিং, অশ্রদ্ধেয়। নষ্ট।

ইতিকথা, (ইতি=ইহা—কথা=কথন। ইহা কথামাত্র, বস্তুতঃ কোন অর্থ নাই) সং, স্ত্রীং, উপকথা, বৃথাকথা, অপ্রয়োজন কথা। অর্থ শূন্য বাক্য।

ইতিকর্ত্তব্য, (ইতি=ইহা—কর্ত্তব্য=করণীয়) বিং, ত্রিং, ইহা করা উচিত বা আবশ্যক। কোন বিষয় সম্পন্ন করিতে আনুষঙ্গিক যাহা করিতে হয়। পূর্ব্বাবধারিত কর্ত্তব্য কর্ম্ম।

ইতিকর্ত্তব্যতা, (ইতিকর্ত্তব্য+তা-ভাবে) সং, স্ত্রীং, ইহাই কর্ত্তব্য এই প্রকার জ্ঞান। অবশ্য সম্পাদ্য কর্ম্মের অনুষ্ঠান।

ইতিবৃত্ত, (ইতি=এই প্রকার বা তদ্রূপ — বৃত্ত = ঘটনা বা চরিত্র সং, ক্লীং, যাহা ঘটিয়াছে, অতীত বৃত্তান্ত, ইতিহাস। ঘটনা। বিখ্যাত লোকের চরিত্র বর্ণনা।

ইতিহ, (ইতি=এই প্রকার বা তদ্রূপ—হ সমাচার। এই বৃক্ষে ভূত আছে এই প্রকার পরম্পরাগত কথা) অং, পারম্পর্য্যোপদেশ, পুরাতন কথা। ঐতিহ্য।

ইতিহাস, (ইতিহ=পরম্পরাগত উপদেশ —আস্=হওয়া+ঘঞ্—ধি। যাহাতে পরম্পরাগত উপদেশ আছে) সং, পুং, পূর্ব্ববৃত্তান্ত, প্রাচীন কথা, পুরাবৃত্ত। মহাভারতরামায়ণাদিগ্রন্থ। "ধর্ম্মার্থ কাম মোক্ষাণামুপদেশ সমন্বিতম্। পূর্ব্ববৃত্ত কথাযুক্তমিতিহাসং প্রচক্ষতে"। "যাদিসীং ইদিহাসকথানুবন্ধেসুং কামিঅনানাং অবথা শুনীয়দি" শকুন্তলা।

ইত্থং, (ইত্থম্, ইদম্=ইহা+থম্—প্রকারার্থে) অং, এইরূপ, এই প্রকার।

ইত্থম্ভূত, (ইত্থম্—ভূত=হইয়াছে। যাহা এইরূপ হইয়াছে) বিং, ত্রিং, এবম্ভূত, ঈদৃশ। এই প্রকার জাত। "ইত্থম্ভূতাং প্রথমবিরহে তামহং তর্কয়ামি" মেঘদূত "সত্যং ইত্থম্ভূত এবাস্মি সংবৃত্তঃ"শকুন্তলা।

ইত্বর, (ই=গমনকরা+বর—ক,শীলার্থে। যে স্বেচ্ছাতে সর্ব্বত্র গমন করে) বিং, ত্রিং, গমনশীল, পথিক। নীচ। দীন, দরিদ্র। নিষ্ঠুর। সং, পুং, ষণ্ড। রী—স্ত্রীং, অসতী, ভ্রষ্টা স্ত্রী, কুলটা।

ইদং, (ইদম্, ইন্দ্=প্রভুত্বকরা+কম্—প্রং, কিম্বা ই=গমনকরা+দম্—প্রং) সর্ব্বং, ত্রিং, এই, ইহা, ইনি।

ইদানীং, (ইদানীম্, ইদম্=ইহা+দানীম্ —কালার্থে। দম্ লোপ) অং, অধুনা, সম্প্রতি এই কালে, এক্ষণে, এখন।

ইদানীন্তন, (ইদানীম্+তন—ভবার্থে) বিং, ত্রিং, আধুনিক, নব্য, এখনকার।

ইদাবৎসর, ইদ্বৎসর } সং, পুং, সংবৎসরাদি বর্ষপঞ্চকান্তর্গত তৃতীয় বৎসর। এই বৎসরে অন্নবস্ত্রাদি দান করিলে অক্ষয় ফল লাভ হয়।

ইদ্ধ, (ইন্ধ্=দীপ্তহওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, প্রদীপ্ত। জ্বলিত, প্রভাযুক্ত। অপ্রতিহত। পরিষ্কৃত। আশ্চর্য্য। সং, ক্লীং, সমূহ। দীপ্তি। আতপ। প্রভা।

ইধ্ম, (ইন্ধ্=প্রজ্বলিত করা, দগ্ধকরা+

মক্—সংজ্ঞার্থে। যাহাকে দগ্ধ করা যায়) সং, ক্লীং, কাষ্ঠ, জ্বালানি কাঠ। সমিধ্।

ইধ্মবাহ, (ইধ্ম—বাহ=যে বহন করে, ২য়া—ষ। সং, পুং, অগস্ত্যের পুত্র। "সকল এব তেজস্বী পিতুস্তস্য নিবেশনে। ইধ্মানাং ভারমাজর্হে ইধ্মবাহস্ততোঽভবৎ" ॥ মহাভারত।

ইধ্মপ্রব্রশ্চন,(ইধ্ম=কাষ্ঠ+প্রব্রশ্চ [প্র+ব্রশ্চ=ছেদনকরা+অনট্] যে ছেদন করে। যে কাষ্ঠ ছেদন করে) কুঠার প্রভৃতি।

ইন, (ই=গমন করা+ন—প্রং) সং, পুং —সূর্য্য। পতি, প্রভু। নৃপ, রাজা। শ্রেষ্ঠ।

ইনসভ, (ইন=রাজা+সভ) সং, ক্লীং, রাজসভা। [এই লোক।

ইনি, (ইদম্ শব্দজ) সর্ব্বং, এই ব্যক্তি,

ইন্দম্বর, (ইন্দম্=ইন্দ্ ধাতুজ—বর=শ্রেষ্ঠ। অন্যান্যপুষ্পাপেক্ষা ইহাই শ্রেষ্ঠ। সং, ক্লীং, নীলপদ্ম। [সং,পুং, ভ্রমর,মধুকর।

ইন্দিন্দির, (ইন্দ্=প্রভুত্বকরা—নিপাতন)

ইন্দিরা, (ইন্দি=ঐশ্বর্য্য—রা=যে দানকরে ২য়া—ষ) সং, স্ত্রীং, লক্ষ্মী, বিষ্ণুপত্নী, কমলা, রমা।

ইন্দিরামন্দির, (ইন্দিরা=লক্ষ্মী+মন্দির=আবাসস্থান। ৬ষ্ঠী-ষ) বিষ্ণুর নামান্তর।

ইন্দিরালয়, (ইন্দিরা=লক্ষ্মী — আলয়, ৬ষ্ঠী—ষ। সৃষ্টিকালীন এই দেবী পদ্ম হইতে জন্মিয়াছিলেন) সং, ক্লীং, পঙ্কজ, অব্জ, পদ্ম।

ইন্দিবর, ইন্দীবর ইন্দিবার, ইন্দীবার } (ইন্দি [ইন্দিরা শব্দজ] লক্ষ্মী —বর=শ্রেষ্ঠ, অভীষ্ট, ৬ষ্ঠী—ষ। এই পুষ্প লক্ষ্মীর অত্যন্ত প্রিয়) সং, ক্লীং, নীলপদ্ম, নীলোৎপল। রী—স্ত্রীং, শতমূলী। ইহার ফুল নীল পদ্মের তুল্য বলিয়া ইহাকে ইন্দীবরী বলে।

ইন্দু, (ইন্দ্=প্রভুত্বকরা+উ—সংজ্ঞার্থে। যিনি নক্ষত্রগণ মধ্যে আধিপত্য করেন কিম্বা উন্দ্=আর্দ্র করা+উ—প্রং। উ=ই। যিনি সুধাবর্ষণ দ্বারা লোক দিগকে আর্দ্র করেন) সং, পুং, শশী, নিশাকর, চন্দ্র। (চন্দ্রেরন্যায় শুভ্র বলিয়া) কর্পূর। চন্দ্রদেবতাক মৃগশিরা নক্ষত্র। একসংখ্যা।

ইন্দুকমল, (ইন্দু=চন্দ্র—কমল= পদ্ম, য়ং—স) সং, ক্লীং, ইন্দুর ন্যায় শুভ্রবর্ণ কমল, শ্বেত পদ্ম।

ইন্দুকান্ত, (ইন্দু—কান্ত=স্বামী। ইন্দু যাহার স্বামী—৬ষ্ঠী হিং। এই মণি চন্দ্রকিরণে অতি শোভা ধারণ করে) সং, পুং, চন্দ্রকান্তমণি। ন্তা—স্ত্রীং, রাত্রি। তারা, নক্ষত্র।

ইন্দুজনক, (ইন্দু—জনক=পিতা, ৬ষ্ঠী —ষ। সমুদ্রমথনকালে চন্দ্রের উৎপত্তি হইয়াছিল) সং, পুং, সমুদ্র।

ইন্দুজ, (ইন্দু—জ=যে জন্মে, ৫মী—ষ) সং, পুং, বুধ। জা—স্ত্রীং, রেবানদী, নর্ম্মদানদী। [বুধগ্রহ।

ইন্দুপুত্র, (ইন্দু—পুত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং,

ইন্দুভৃৎ, (ইন্দু—ভৃৎ=যে ধারণ করে। যিনি কপালে অর্দ্ধচন্দ্র ধারণ করেন, ২য়া—ষ) সং,পুং, চন্দ্রশেখর, মহাদেব।

ইন্দুমতী, (ইন্দু+মৎ—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, পূর্ণিমাতিথি। অজ রাজার স্ত্রী। "বসুধামপি হস্তগামিনীমকরোদিন্দুমতীমিবাপরাম্" রঘুবংশ।

ইন্দুর, ইন্দূর (উন্দ্=আর্দ্র হওয়া+উরচ্ —সংজ্ঞার্থে। উ=ই। সং, পুং, মূষিক, ইঁদুর।

ইন্দুর।

ইন্দুরত্ন, (ইন্দু—রত্ন=মণি, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, মুক্তা।

ইন্দুরেখা } (ইন্দু—রেখা, লেখা প-
ইন্দুলেখা } ঙক্তি, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং,
চন্দ্রকলা, চন্দ্রখণ্ড। সোমলতা।

ইন্দুবল্লী, (ইন্দু—বল্লী=লতা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, সোমলতা।

ইন্দুব্রত, (ইন্দু—ব্রত=পুণ্যোৎপাদক বা পাপনাশক ক্রিয়া কলাপ ৬ষ্ঠী—ষ) সং, ক্লী, চান্দ্রায়ণ ব্রত।

ইন্দ্র, (ইন্দ্=আধিপত্য করা+র—সংজ্ঞার্থে। যিনি আধিপত্য করেন) সং, পুং, দেবরাজ। শ্রেষ্ঠ। রাজা। যোগবিশেষ। বিং, ত্রিং, প্রভু, অধিপতি। ঐশ্বর্য্যশালী। (বেদান্ত শাস্ত্র) পরমেশ্বর। দ্বাদশ আদিত্যের অন্তর্ভূত এক আদিত্য বিশেষ। রাত্রি। ইন্দ্রিয়। অন্তরাত্মা। যোগবিশেষ। ইন্দ্রদৈবত জ্যেষ্ঠানক্ষত্র। উপদ্বীপ বিশেষ। চতুর্দ্দশ সংখ্যা। কোন শব্দের পরে প্রয়োগ হইলে ইন্দ্রশব্দ প্রধান অর্থ বুঝায় যথা "খগেন্দ্র" "মুনীন্দ্র"। ইত্যাদি।

ইন্দ্রক, (ইন্দ্র=শ্রেষ্ঠ—ক ['কৈ' ধাতুজ] যে শব্দ করে। শ্রেষ্ঠ লোকেরা যেখানে বাক্যালাপ করেন। সং, ক্লীং, সভাগৃহ,আস্থান,গৃহ। [সং,পুং, মন্দরপর্ব্বত।

ইন্দ্রকীল, (ইন্দ্র—কীল=শঙ্কু, ৬ষ্ঠী—ষ)

ইন্দ্রকুঞ্জর, (ইন্দ্র—কুঞ্জর=হস্তী, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ঐরাবত হস্তী।

ইন্দ্রকূট,—সং, পুং, জয়ন্ত প্রভৃতি সপ্ত পর্ব্বতান্তর্গত পর্ব্বত বিশেষ।

ইন্দ্রকৃষ্ট, (ইন্দ্র—কৃষ্ট [কৃষ+ক্ত] যাহা চষা হইয়াছে) বিনাকর্ষণে যে সমস্ত দ্রব্য উৎপন্ন হয়। স্বয়ম্ উৎপন্নধান্যাদি

ইন্দ্রকোষ, (ইন্দ্র=অত্যুত্তম—কোষ=স্থান, ৬ষ্ঠী-ষ) সং,পুং,মঞ্চ। খট্বা। নাগদন্তক

ইন্দ্রগোপ, (ইন্দ্র=অত্যুত্তম—গো=কিরণ—প=যে ধারণ করে। যে অত্যুত্তম শোভা ধারণ করে, যং—স+২য়া—ষ) সং, পুং, রক্তবর্ণ ক্ষুদ্র কীট বিশেষ।

ইন্দ্রজাল, (ইন্দ্র=ইন্দ্রিয়—জাল [জালি আচ্ছাদন করা+অ—ক] যে আচ্ছাদন করে। যে ইন্দ্রিয় আচ্ছাদন করে। অর্থাৎ ভ্রান্তিতে পাতিত করে, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, কুহক, ভোজবাজি। যুদ্ধে শত্রুমারণের কৌশল বিশেষ।

ইন্দ্রজালিক, (ইন্দ্রজাল+ইক—জ্ঞাতার্থে) বিং, ত্রিং, বাজীকর, কুহকী।

ইন্দ্রজিৎ, (ইন্দ্র—জিৎ=যে জয় করে। যে ইন্দ্রকে জয় করিয়াছে, ২য়া—ষ) সং, পুং, রাবণপুত্র, মেঘনাদ।

ইন্দ্রজিদ্বিজয়ী, (ইন্দ্রজিৎ—বিজয়ী) সং, পুং, যিনি ইন্দ্রজিৎকে জয় করিয়াছেন, রামানুজ, লক্ষ্মণ।

ইন্দ্রতূল, (ইন্দ্র—তূল=কার্পাস। ইন্দ্রের তূল, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, বায়ুসঞ্চালিত আকাশ হইতে পতিত তুলা, আকাশবুড়ির সূতা।

ইন্দ্রতোয়া, (ইন্দ্র—তোয়া) সং, স্ত্রীং, স্বনামখ্যাতা পুণ্যনদী বিশেষ।

ইন্দ্রদারু, (ইন্দ্র—দারু=বৃক্ষ) সং, পুং, দেবদারু বৃক্ষ।

ইন্দ্রদ্রু, ইন্দ্রদ্রুম (ইন্দ্র—দ্রু, দ্রুম=বৃক্ষ, ৬ষ্ঠী—ষ। এইবৃক্ষে ইন্দ্রের নিশান বাঁধা আছে বলিয়া ইন্দ্রদ্রু নাম হইল) সং, পুং, অর্জ্জুন বৃক্ষ, কুটজ বৃক্ষ।

ইন্দ্রধনু, (ইন্দ্রধনুস্,=ইন্দ্র—ধনুস্=ধনুক, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং,শক্র-ধনু, রামধনুক। "রবিকিরণাবহুবর্ণা বাতেন বিলোড়িতা নভসি। শক্রায়ুধ সংস্থানা দৃশ্যন্তে তত্ত্ব ইন্দ্রধনুঃ"।

ইন্দ্রধ্বজ, (ইন্দ্র—ধ্বজ=পতাকা, ৬ষ্ঠী—ষ) সং, পুং,—ক্লীং, ভাদ্র শুক্লা দ্বাদশীতে উদিত ইন্দ্রদৈবত ধ্বজ; রাজগণ প্রজাগণের অভ্যুদয়ার্থ ঐ দিবসে উহার পূজাকরিয়া থাকে।

ইন্দ্রনীল, (ইন্দ্র=অত্যুত্তম—নীল=নীলবর্ণ+অ—অস্ত্যর্থে) সং, পুং, মরকতমণি, নীলকান্তমণি, পান্না।

ইন্দ্রপুরোহিতা, (ইন্দ্র—পুরোহিত। ইন্দ্র যাহারা পুরোহিত। ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, ইন্দ্রদেবতাস্থ পুষ্যা নক্ষত্র।

ইন্দ্রপ্রস্থ, (ইন্দ্র=রাজা+প্রস্থ=উচ্চভূমি রাজাদিগের উচ্চস্থান, যে স্থানে চন্দ্র বংশীয়রাজাগণ আধিপত্য করিয়াছেন) সং, পুং, পার্থনগর, যুধিষ্টিরের স্থাপিত নগর, প্রাচীন দিল্লী।

ইন্দ্রপ্রহরণ, (ইন্দ্র—প্রহরণ=মাত্র ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, ইন্দ্র অস্ত্র। স্ত্রীং, কুলিশ।

ইন্দ্রভেষজ, (ইন্দ্র=শ্রেষ্ট—ভেষজ=ঔষধ) সং, ক্লীং, শুণ্ঠি, শুঁঠ।

ইন্দ্রযব, (ইন্দ্র=বৃক্ষবিশেষ—যব=বীজ ৬ষ্ঠী—ষ। সং, পুং,—ক্লীং, কুটজ বৃক্ষের তিক্তবীজ।

ইন্দ্রলোক, (ইন্দ্র—লোক=আবাসস্থান। ৬ষ্ঠী—ষং) সং, পুং, স্বর্গ, দেবলোক।

ইন্দ্রবংশা, সং, স্ত্রীং, দ্বাদশাক্ষর ছন্দো-বিশেষ, যাহার ৩য়, ৬ষ্ঠ, ৭ম, ৯ম ও ১১শ বর্ণলঘু, অবশিষ্ট বর্ণ গুরু।

ইন্দ্রবজ্রা, সং, স্ত্রীং, একাদশাক্ষর ছন্দো-বিশেষ, যাহার ৩য়, ৬ষ্ঠ, ৭ম এবং ৯ম বর্ণ লঘু, অবশিষ্ট বর্ণ গুরু।

ইন্দ্রবস্তি, (ইন্দ্র—বস্তি) সং, স্ত্রীং, জঙ্ঘার অধোদেশে স্থিত মাংসল স্থান, পায়ের ডিম্ (The calf)

ইন্দ্রলুপ্ত, (ইন্দ্র=অত্যুত্তম—লুপ্ত=লোপ-প্রাপ্ত, ৩য়া—য) সং, ক্লীং, কেশনাশক রোগ, টাক্‌পড়া।

ইন্দ্রশত্রু, (ইন্দ্র-শত্রু) প্রহ্লাদ। বৃত্রাসুর।

ইন্দ্রসাবর্ণি, (ইন্দ্র—সাবর্ণি=সূর্য্য-তনয়) সং, পুং, চতুর্দ্দশ মনু।

ইন্দ্রসুত, (ইন্দ্র—সুত=পুত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বালী রাজা। জয়ন্ত। অর্জ্জুন।

ইন্দ্রাণী, (ইন্দ্র+ঈ—স্ত্রীলিঙ্গে। আন—আগম) সং, স্ত্রীং, শচী। মাতৃকা বিশেষ।

ইন্দ্রানুজ, ইন্দ্রাবরজ (ইন্দ্র—অনুজ, অবরজ =কনিষ্ঠ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বামনদেব, বিষ্ণু।

ইন্দ্রায়ুধ, (ইন্দ্র—আয়ুধ=অস্ত্র, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, ইন্দ্রধনু, দেখ। কীটবিশেষ।

ইন্দ্রারি, (ইন্দ্র—অরি=শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অসুর, দৈত্য।

ইন্দ্রিয়, (ইন্দ্র=আত্মা, স্বয়ং+ইয়—লিঙ্গার্থে। আত্মা যাহার উপর প্রভুত্বকরে) সং ক্লীং, যাহা দ্বারা পদার্থের জ্ঞান জন্মে; চক্ষুঃ শ্রোত্র ঘ্রাণ জিহ্বা ত্বক্—জ্ঞানসাধন এই পাঁচ এবং বাক্য পাণি পাদ পায়ু ও উপস্থ—কর্ম্মসাধন এই পাঁচ অঙ্গ। এবং মন, বুদ্ধি, অহঙ্কার ও চিত্ত এই চারিটি অন্তরেন্দ্রিয়। শুক্র, বীর্য্য।

ইন্দ্রিয়গোচর, (ইন্দ্রিয়—গোচর=জ্ঞাত, প্রত্যক্ষ, ৬ষ্ঠী—ষ) বিং, ত্রিং, ইন্দ্রিয়ের বিষয়, জ্ঞানগম্য, জ্ঞানপথবর্ত্তী।

ইন্দ্রিয়ায়তন, (ইন্দ্রিয়—আয়তন=আলয়, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, শরীর। দেহ।

ইন্দ্রিয়ার্থ, (ইন্দ্রিয়—অর্থ=বস্তু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ইন্দ্রিয় জন্য জ্ঞান বিষয়। রসাদি। "অপিস্বকেহাৎ কিমুতেন্দ্রিয়ার্থাৎ যশোধনানাং প্রষশোগরীয়ঃ" রঘুবংশ।

ইন্দ্রেজ্য, (ইন্দ্র—ইজ্য=পূজ্য, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বৃহস্পতি। ইন্দ্রগুরু।

ইন্ধন, (ইন্ধ্=দীপ্ত হওয়া+অনা—ণ, ভা) সং, ক্লীং, তৃণকাষ্ঠাদি। উদ্দীপন। "ইন্ধনৈর্গোময়াভিমিশ্রৈরাদীপয়েৎ।"

ইভ, (ই=গমনকরা+ভ—সংজ্ঞার্থে) সং, পুং, করী, হস্তী। ভী—স্ত্রীং, হস্তিনী

ইভনিমীলিকা, (ইভ—নিমীলিকা=চক্ষু-মুদ্রণ) সং, স্ত্রীং রসিকতা, সামাজিকতা।

ইভমাচল, (ইভম্=হস্তীকে—আচল [আ—চল্ "চলা" আক্রমণ করা+অ—ক] যে আক্রমণ করে। যে হস্তীকে আক্র-মণ করে, ২য়া—ষ) সং, পুং, সিংহ।

ইভরাজ, ইভরাট্ (ইভরাজ্, ইভ=হস্তী—রাজন্, ৬ষ্ঠী—ষ, এবং রাজ্ দীপ্তি পাওয়া+কিপ—ক) সং, পুং, ঐরাবত হস্তী। হস্তিরাজ।

ইভ্য, (ইভ+য—যোগ্যার্থে) বিং, ত্রিং, ধনী। ভ্যা—স্ত্রীং, হস্তিনী। সল্লকীবৃক্ষ।

ইমন, (দেশজ) স্বরমিলন। রাগিণী-বিশেষ।

ইয়ৎ, (ইদম্=ইহা+বতু—পরিমাণার্থে) বিং,ত্রিং, এতাবৎ, এত, এই পরিমাণ।

ইয়ত্তা, (ইয়ৎ+তা—ভাবে) সং, স্ত্রীং, এতাবত্ত্ব, এতপরিমাণ, সীমা, সংখ্যা "ঊর্দ্ধং গতং যস্ত ন চানুবন্ধি যশঃ পরিচ্ছেত্তু মিয়ত্তয়ালং" রঘুবংশ।

ইরণ, (ঋ=গমনকরা+অন,—সংজ্ঞার্থে) সং, ত্রিং, মরু, উষর ভূমি, ক্ষারভূমি। জল বৃক্ষাদি শূন্য ভূভাগ। শূন্য।

ইরম্মদ, (ইরা=জল, জলপূর্ণ মেঘ-মদ=যে ক্রীড়া করে বা দীপ্তি পায়, ৭মী—ষ) সং, পুং, মেঘদিগের পরস্পর সংঘর্ষণে যে অগ্নি উৎপন্ন হয়। বজ্রাগ্নি। বাড়বাগ্নি। হস্তী।

ইরা, (ই=গমনকরা+র—সংজ্ঞার্থে। আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, বাক্য। পৃথিবী। ভূমি,মদ্য। জল। অন্ন। সরস্বতী। কশ্যপের পত্নী বিশেষ।

ইরাচর, (ইরা=জল ইত্যাদি—চর=যে গমন করে) সং, ক্লীং, করকা,বিং, ত্রিং, জলচর। [পুং, কন্দর্প।

ইরাজ, (ইরা=জল, মদ্য—জ=জাত) সং,

ইরাবান্, (ইরাবৎ,ইরা=জল+বতু অস্ত্যর্থে) সং, পুং, সমুদ্র। তী—স্ত্রীং, নদী বিশেষ; পঞ্জাবের অন্তর্গত নদীবিশেষ, রাবী। ব্রহ্মদেশীয় নদীবিশেষ। বিং, ত্রিং, জলবিশিষ্ট, সজল, জলপূর্ণ।

ইরিণ, (ঋ—ইন) বিং ,ত্রিং, উষর, শূন্য। ইরণ দেখ। [বিট্‌খয়ের।

ইরিমেদ, সং, পুং, বিট্‌খদির, অরিমেদ,

ইরিবেল্লিকা,সং,স্ত্রীং, মস্তকে সঞ্জাত ব্রণ।

ইরেশ, (ইরা=সরস্বতী ইত্যাদি—ঈশ প্রভু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বিষ্ণু। রাজা। বরুণ। ব্রহ্মা, বাগীশ।

ইর্ব্বারু,, সং, পুং, স্ত্রীং, কর্কটী, কাঁকুড়।

ইর্ব্বারুক, সং, পুং, গুহাশয় জন্তু বিশেষ।

ইর্ব্বারুশুক্তিকা,(ইর্ব্বারু—শুক্তিকা) ফুটী।

ইর্ম্ম, (ইর্ম্মন্, ঋ=গমন করা, পাওয়া+মন্—প্রং। ঋ=ইর্। যাহার দ্বারা ব্যথা পায়) সং, ক্লীং, ব্রণ, ক্ষত, ঘা।

ইর্ব্বালু, (উর্ব্ব=বীজ—আলু=যে গমনকরে কিম্বা যে পায়। যে বীজ প্রাপ্ত হয়) সং, পুং—স্ত্রীং, কর্কটী, কাঁকুড়। ইর্ব্বারু।

ইলবিলা ; সং, স্ত্রীং, কুবের জননী।

ইলা, (ইল্=প্রেরণকরা+ক এবং আ—প্রং) সং, স্ত্রীং, বৈবস্বত মনুর কন্যা, বুধ-পত্নী। ইক্ষ্বাকুরাজার কন্যা। বৌদ্ধ-পত্নী। পৃথিবী। ধেনু। বাণী।

ইলাবৃত, (ইলা=পৃথিবী—আবৃত=মনোনীত। ইহা ভূগোলের উত্তমাংশ) সং, ক্লীং, জম্বুদ্বীপের নববর্ষান্তগত চতুর্থ বর্ষ।

ইলি } (ঈলী দেখ,বা ইল্=গমনকরা
ইলী } +ই, ঈ—প্রং)' সং, স্ত্রীং, ছুরিকা, ছুরী। কাপালিকা।

ইলীশ, ইল্লিশ, } (ইল্=যে [জলে]
ইল্লীশ } চরে—ঈশ=প্রধান। অতি উপাদেয় বলিয়া যে জলচর অর্থাৎ মৎস্যদিগের প্রধান) সং, পুং, ইলিশ্‌মাছ

ইল্বলা } (ইল্=শয়নকরা+ল — সং-
ইল্বকা } জ্ঞার্থে, নিপাতন। য়াহারা মৃগশিরার শিরোদেশে শয়ন করে) সং, পুং, (নিত্য বহুবচনান্ত) মৃগশিরা নক্ষত্রের শিরস্থ পাঁচটী ক্ষুদ্র তারা।

ইল্বল, (ইল্=প্রেরণকরা বা গমনকরা+বল—সংজ্ঞার্থে) সং, পুং, দৈত্যবিশেষ। বাতাপির ভ্রাতা। অতি চঞ্চল মৎস্য বিশেষ।

ইব, অং, সাদৃশ্য, তুল্যতা, সাম্য। উৎপ্রেক্ষা। ঈষৎ। বাক্যালঙ্কার। যথা ১, "গূহেৎ কূর্ম্ম ইবাঙ্গানি। ২ পিতেব পালয়েৎ পুত্রান্ জ্যেষ্ঠো ভ্রাতৃন্ যবীয়সঃ। ৩ মৃগানুসারিণঃ সাক্ষাৎ পশ্যামীব পিনাকিনম্।"

ইশ্‌তাহার, (যাবনিক) বিজ্ঞাপন পত্র।

ইশাদী, (যাবনিক,) (Witness) সাক্ষী।

ইষ, ঈষ, (ইষ=গমন করা+অ—প্রং) কিম্বা যাত্রা+অ—অস্ত্যর্থে, জিগীষুরা যে সময় যুদ্ধযাত্রা করিয়া থাকেন। সং, পুং, আশ্বিনমাস।

ইষিকা, ইষীকা, ইষীকা } (ইষ=গমন করা+ইক্+প্রং) সং, স্ত্রীং, হস্তীরনেত্র গোলক। তুলি। কাশ,কুশ।

ইষু, (ইষ=গমনকরা+উ—প্রং। যে হিংসার জন্য গমন করে) সং, পুং, শর, বাণ,তীর। "উৎকর্ষঃ স চ ধন্বিনাং যদিষবঃ সিধ্যন্তি লক্ষ্যে চলে।" শকুন্তলা।

ইষুধি, (অথবা ইষু=বাণ— ধা=ধারণ করা+কি—ধি) সং, পুং—স্ত্রীং, শরাধার, তূণ। [বিং, ত্রিং, বাণবিশিষ্ট

ইষুমান্, (ইষু=বাণ+মৎ—অস্ত্যর্থে.)

ইষ্ট, (ইষ=বাঞ্ছাকারা বা যজ=পূজাকরা+ক্ত—র্ম্ম,ভা) বিং, ত্রিং, বাঞ্ছিত। প্রিয়। প্রশংসিত। পুজিত। সং, ক্লীং, ইচ্ছা। যজ্ঞাদিকর্ম্ম। কাম। সংস্কার। সং, পুং, যজ্ঞ। এরণ্ড বৃক্ষ।

ইষ্টক, (ইষ=বাঞ্ছাকরা+তকন্ প্রং) সং, পুং, কা—স্ত্রীং, দগ্ধমৃৎখণ্ড, ইট।

ইষ্টগন্ধ, (ইষ্ট=প্রিয়—গন্ধ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সুগন্ধবিশিষ্ট।

ইষ্টদেব, সং, পুং, মন্ত্রদাতা গুরু।

ইষ্টদেবতা,স্ত্রীং,উপাস্যদেবতা। দীক্ষাগুরু

ইষ্টাপত্তি, (ইষ্ট—আপত্তি=প্রাপ্তি, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, অভিলষিত প্রাপ্তি, ইষ্টসিদ্ধি। লাভ, উপকার।

ইষ্টাপূর্ত্ত, (ইষ্ট=ক্রতোৎসর্গ—পূর্ত্ত=খাতাদি কর্ম্ম, দ্বং—স। আ—আগম) সং, ক্লীং, সাধারণের উপকার জন্য কূপাদি খনন প্রভৃতি কর্ম্ম "অগ্নিহোত্রং তপঃ সত্যং বেদানাঞ্চানুপালনং। আতিথ্যং বৈশ্বদেবশ্চ ইষ্টমিত্যভিধীয়তে। বাপীকূপ তড়াগানি দেবতাযতনানি চ। অন্নপ্রদানমারামাঃ পূর্ত্তমিত্যভিধীয়তে" জাতুকর্ণ

ইষ্টালাপ, (ইষ্ট+আলাপ, দ্বং—ষ) সং, পুং, সদালাপ, সপ্রণয় কথোপকথন, পরস্পর ভদ্র আলাপ।

ইষ্টি, (ইষ=ইচ্ছাকরা অথবা যজ=পূজাকরা+ক্তি—ভা) সং, স্ত্রীং, ইচ্ছা। যাগ, যজ্ঞ। যথা ১ "রক্ষাংসি ন ইষ্টিবিঘ্নমুৎপাদয়ন্তি।"

ইষ্ম, (ইষ=বাঞ্ছাকরা) সং, পুং, কামদেব,মদন, বসন্তকাল।[পুং, বসন্ত ঋতু।

ইষ্য, (ইষ=ইচ্ছা করা+য—প্রং) সং,

ইসন, (ইষু=বাণ—ষ) সং, ক্লীং, ধনুক।

ইষ্বাস, (ইষু=বাণ—আস, অস্ নিক্ষেপ করা+ঘঞ—ণ যে নিক্ষেপ করে, ২য়া—ষ) সং, পুং, ধনুঃ। বিং, ত্রিং, ধনুর্দ্ধর, তীরন্দাজ। [স্ময় বোধক।

ইস্, (দেশজ) অং, আশ্চর্য্য বোধক, বি-

ইহ, (ইদম্=ইহা+হ। সপ্তমীস্থানে হ) অং, এই স্থানে, এই কালে ইত্যাদি। "ইহ সর্ব্বৈর্নিরাকারৈর্ব্বাস্তব্যমিতিরোচয়ে" মহাভারত।

ইহকাল, (ইহ—কাল=সময়) সং, পুং, জন্মাবধি মৃত্যু পর্য্যন্ত সময়।

ইহলোক, (ইহ—লোক=জগৎ) সং,পুং, এই জগৎ, নরলোক।

ইহত্য,(ইহ+ত্য—ভবার্থে)অং,অত্রত্য। এইস্থান সম্বন্ধীয়।

ঈ

ঈ ; চতুর্থ স্বরবর্ণ। সং, পুং, কন্দর্প। (অ বিষ্ণু+ঈ—পত্নী অর্থে) স্ত্রীং, লক্ষ্মী।

ঈঃ ; অং, যন্ত্রণা বা ক্রোধাদিবোধক।

ঈকার, (ঈ+কার—স্বার্থে) সং, পুং, ঈবর্ণ, ঈ।

ঈক্ষণ, (ঈক্ষ—দেখা+অনট্ ভা, ণ) সং, ক্লীং, দৃষ্টি, দর্শন। চক্ষুঃ।

ঈক্ষণিক, (ঈক্ষণ=দর্শন+ষ্ণিক—প্রং,) বিং, ত্রিং, দৈবজ্ঞ,শুভাশুভ দর্শী। গণককার।

ঈক্ষণিকা, (ঈক্ষণ=দর্শন+ষ্ণিক—প্রং) আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, দৈবজ্ঞা, যে স্ত্রীলোক শুভাশুভ গণনা করিতে পারে।

ঈক্ষা, (ঈক্ষণ দেখ, আভা। আ— স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, দর্শন, দেখা।

ঈক্ষিত, (ঈক্ষ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, দৃষ্ট। দৃষ্টিপথে পতিত। সং,ক্লীং, দর্শন।

ঈক্ষিতা, (ঈক্ষিতৃ, ঈক্ষণ দেখ, তৃ—ক) বিং, ত্রিং, দ্রষ্টা, দর্শক। যে দেখে।

ঈড়া, ঈলা (ঈড়্=স্তুতিকরা+আ—ভা) সং, স্ত্রীং, স্তুতি, স্তব, প্রশংসা।

ঈড়িত, ঈলিত, (ইড়+ক্ত-র্ম্ম) বিং,ত্রিং, স্তুত, প্রশংসিত। যাহাকে প্রশংসাকরাহয়

ঈড্য, (ঈড়া দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, স্তুত্য, স্তবের যোগ্য। প্রশংসার উপযুক্ত পাত্র।

ঈড্যমান, (ঈড়—শান—র্ম্ম। য—আগম) বিং, ত্রিং, স্তূয়মান, প্রশংস্যমান, যাহাকে প্রশংসা করা যাইতেছে।

ঈতি, (ঈ=গমন করা+ক্তি—ভা) সং, স্ত্রীং, অতিবৃষ্টি, অনাবৃষ্টি,মূষিক, পতঙ্গ, পক্ষী এবং নিকটস্থ শক্ররাজা, শস্যের এই ষড়্বিধ বিঘ্ন। তথাহি—অতিবৃষ্টিরনাবৃষ্টিঃ শলভা মূষিকাঃ খগাঃ। প্রত্যাসন্নাশ্চ রাজানঃ ষড়েতে ঈতয়ঃ স্মৃতাঃ। "পুরুষায়ুষ জীবিন্যোঃ নিরাতঙ্কা নিরীতয়ঃ" রঘুবংশ।

ঈদৃক্ষ, ঈদৃশ, ঈদৃশ—ক্ (ইদম্=ইহা —দৃক্ষ, দৃশ্, [দৃশ্=দেখা+ষক, টক্, ক্বিপ্ ভা] দর্শন। ইহার ন্যায় দর্শন যাহার, ষ্ঠী—হিং) বিং, ত্রিং, এইরূপ, এতাদৃশ, এবম্ভূত। এই প্রকার।

ঈপ্সা, (আপ+সন্=আ—ভা) সং, স্ত্রীং, পাইবার ইচ্ছা। বাঞ্ছা, ইচ্ছা। অভিলাষ।

ঈপ্সিত, (ঈপ্স [আপ্=পাওয়া+সন্ -ইচ্ছার্থে]পাইতে ইচ্ছা করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বাঞ্ছিত। যাহা পাইতে ইচ্ছা হয়। সং,ক্লীং, মনোরথ। ইচ্ছা। বাঞ্ছা।

ঈপ্সু, (ঈপ্সিত দেখ, উ—ক) বিং, ত্রিং, পাইতে ইচ্ছুক। ইচ্ছুক।

ঈরণ, ঈরিণ (ঋ=গমন করা+অন ইন— সংজ্ঞার্থে) বিং, ত্রিং, উষরভূমি, ক্ষারভূমি। রক্ষাদিশূন্য। শূন্য। ঊষর।

ঈরিত, (ঈর=কাঁপা, প্রেরণকরা, বলা+ ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রেরিত। ক্ষিপ্ত, বিসর্জ্জিত। পরিত্যক্ত। বিক্ষিপ্ত। বিসৃষ্ট। কথিত। চালিত। কম্পিত। দোলিত।

ঈর্ম্ম, (ঈর্=প্রেরণ করা+মরু-প্রং। যে সাস্থ্য প্রেরণ বা নষ্ট করে) সং, ক্লীং, ব্রণ, ক্ষত, ঘা।

ঈর্ষা, ঈর্ষ্যা,(ঈর্ষ্=দ্বেষকরা+অ, য-ভা, আ স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, পরশ্রীকাতরতা, অক্ষমা। হিংসা। দ্বেষ। অন্যলোকের সৌভাগ্য ও সুখ সমৃদ্ধি দেখিয়া অসুখানুভব।

ঈর্ষালু, ঈর্ষ্যালু (ঈর্ষা দেখ, আলু—প্রং) বিং, ত্রিং,পরশ্রীকাতরতা,হিংসাবিশিষ্ট।

ঈর্ষ্যী, (ঈর্য্যন্,=ঈর্ষা দেখ, ণিন্=ক) বিং, ত্রিং, ঈর্ষ্যাবিশিষ্ট। "ঈর্ষী ঘৃণী ত্বসন্তুষ্টো ক্রোধনো নিত্যশঙ্কিতঃ" হিতোপদেশ।

ঈলি, ঈলী (ঈর্=গমন করা ইত্যাদি +অ—প্রং। ঈ—স্ত্রীলিঙ্গে। র=ল। ইলী দেখ) সং, স্ত্রীং, ক্ষুদ্র গদাকৃতি হস্ত দণ্ড, সোঁটা।

ঈলিত, (ঈড়্=স্তুতিকরা+ক্ত—র্ম্ম। ড় =ল) বিং, ত্রিং, স্তুত, প্রশংসিত।

ঈশ্,(ঈশ+ক্বিপ্—প্রং)সং,পুং,ঈশ দেখ।

ঈশ, (ঈশ্=আধিপত্য করা+ক—ক) সং, পুং, শিব। বিং, ত্রিং, স্বামী। নিয়ন্তা। প্রধান। সমর্থ। সং, শা—স্ত্রীং, লাঙ্গলদণ্ড। লাঙ্গল দ্বারা করে লম্বা খনিত ভূমিখণ্ড। সীতা। দুর্গা।

ঈশসখ, (ঈশ=শিব—সখি =বন্ধু,-৬ষ্ঠী

—ষ) সং, পুং,কুবের। মহাদেবের সখা।
ঈশাদন্ত, (ঈশা—দন্ত=দাত। ঈশার তুল্য দন্ত যাহার, ৬ষ্ঠী—হিং) সং, পুং, যে হস্তীর দন্ত অতি বৃহৎ।
ঈশান, (ঈশ+শান—প্রং) সং, পুং, মহেশ্বর। একাদশ রুদ্রের এক রুদ্র। মহাদেবের অষ্ট মূর্ত্তির অন্তর্ভূত, সূর্য্য-মূর্ত্তি। নী—স্ত্রীং, মহেশ্বরী, দুর্গা। বিং, ত্রিং, প্রভু।
ঈশানকোণ, (ঈশান=শিব—কোণ, ৬ষ্ঠী—ষ। এই কোণের অধিপতি শিব)সং, পুং,পূর্ব্বওউত্তরদিকের মধ্যবর্ত্তী কোণ।
ঈশিতা—স্ত্রীং } (ঈশ=ঈশ্বর+তা, ত্ব-
ঈশিত্ব—ক্লীং } ভাবে) সং, ঈশ্বরত্ব, সর্ব্বপ্রাধান্য,প্রভুত্ব,আধিপত্য। সামর্থ্য। অষ্টবিধ ঐশ্বর্য্যের অন্তর্গত এক ঐশ্বর্য্য।
ঈশিতা, (ঈশিতৃ, ঈশ তৃণ্—ক) সং, পুং, ঈশ্বর। সমর্থ। প্রধান। প্রভু।
ঈশ্বর, (ঈশ=দেখ, বর—ক, শীলার্থে) সং, পুং, শিব। ব্রহ্ম। পরমেশ্বর। রী—স্ত্রীং, দুর্গা। লক্ষ্মী। সরস্বতী। শক্তি। বিং, ত্রিং, অধিপতি। শ্রেষ্ঠ। রাজা। সমর্থ।
ঈষৎ, (ঈষ্=গমনকরা, পাওয়া+অৎ—প্রং। যে ন্যূনতাকে পায়) অং, অল্প, কিঞ্চিৎ, কিছু। "তং দৃষ্ট্বা কুপিতং পুত্রমীষৎপ্রস্ফুরিতাধরং" বিষ্ণুপুরাণ।
ঈষৎকর, (ঈষৎ=কিঞ্চিৎ—কর [কৃ+খল] যে করে) সং, পুং, অত্যল্প। বিং, ত্রিং, অল্পয়াসসাধ্য।
ঈষা, (ঈষ্=গমনকরা+ক—ধি। আ—স্ত্রীলিঙ্গে। যেখান দিয়া লাঙ্গল যায়) সং, লাঙ্গলপদ্ধতি, লাঙ্গলের দাগ। সীতা। লাঙ্গলদণ্ড।
ঈষাদন্ত, (ঈষা—দন্ত=দাঁত। ঈশাদন্ত দেখ) সং,পুং, ঈষার ন্যায় দীর্ঘ দন্ত হস্তী।
ঈষিকা—ষীকা, (ঈষ্=আঘাত করা, গমন করা+ইক, ঈক—সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, হস্তীর নেত্র গোলক। তূলিকা তুলি। কাশতৃণ, কেশে। শরাদি তৃণের মাজ, খড়কে।
ঈহা—স্ত্রীং } (ঈহ্ = চেষ্টা করা,
ঈহিত—ক্লীং } ইচ্ছাকরা+অ, ত-ভা) সং, চেষ্টা, যত্ন। ইচ্ছা, স্পৃহা। উৎসাহ, উদ্যোগ। উদ্যম। বিং, ত্রিং, চেষ্টিত, ইষ্ট, উদ্যত।
ঈহামৃগ } (ঈহা=চেষ্টা, ইচ্ছা—মৃগ
ঈহাবৃক } হরিণ। যাহার মৃগ বধ করিবার চেষ্টা। ঈহা—বৃক=বাঘ। মৃগ চেষ্টাতে স্থিত বৃক, ৭মী—ষ) সং, পুং, নেকড়ে বাঘ, কুক্কুরাকার ক্ষুদ্র ব্যাঘ্র।

উ

উ, পঞ্চম স্বরবর্ণ। সং, পুং, শিব। অং, সম্বোধন। বিতর্ক। পাদপূরণ। ক্রোধাদিসূচক। দয়া। বিস্ময়। নিয়োগ।
উঃ; অং, ক্রোধ বা দুঃখ বোধক।
উঁচ, উঁচু, (উচ্চশব্দজ) বিং, ত্রিং, উপরিভাগ। [পন, উঠান।
উচন, (উচ্চশব্দজ) সং, উত্তোলন, উত্থা-
উঁচল, (উঞ্ছনশব্দজ) সং, চালন, ঝাড়ন, তৃণাদিপরিত্যাগ পূর্ব্বক শস্য একত্রকরণ।
উচোট, (দেশজ) সং, ঠোক্কর, পদাঙ্গুলিতে আঘাত।
উই, (দেশজ) সং, কীট বিশেষ।

উই।

উক, (দেশজ) সং, স্ফুলিঙ্গ, উড্ডীয়মান অগ্নিকণা। [উবর্ণ, উ।
উকার, (উ+কার—স্বার্থে) সং, পুং,
উকি, (দেশজ) সং, গোপনে থাকিয়া দেখা। উদ্গার, বমি হইবার উপক্রম।

উকুণ, (উৎকুণ দেখ) সং, পুং, উৎকুণ, উক্কুণ, কেশ কীট।

উক্ত, (বচ=বলা+ক্ত—র্ম্ম। ব=উ) বিং, ত্রিং, কথিত, ভাষিত। সং, ক্লীং, কথন। যথা "ইত্যুক্তঃ সকলং মাত্রে কথয়ামাস তদ্‌যথা।" বিষ্ণুপুরাণ।

উক্তি, (বচ+ক্তি—ভা) সং, স্ত্রীং, কথা, বচন, বাক্য। কথন। নির্দ্দেশ।

উক্থ, (বচ্=বলা+থ—প্রং) সং, ক্লীং, সামবেদ, দ্বিতীয় বেদ। সামবেদাংশ। পুং, যজ্ঞবিশেষ। কৃথা—স্ত্রীং, একাক্ষর ছন্দোবিশেষ।

উক্থশাঃ, (উক্থশাস্, উক্থ-শাস্ [শন্স=বাক্য বলা+বিণ্] যে বলে, ২য়া—স) সং, পুং, যজমান। যাজ্ঞিক।

উক্ষ, (উক্ষ=আর্দ্র করা+অল্-র্ম্ম) বিং, ত্রিং, সিক্ত, ধৌত।

উক্ষণ, (উক্ষ+অনট্—ভা) সং, ক্লীং, প্রোক্ষণ, সেচন।

উক্ষতর, (উক্ষন্=বৃষ+তর—অত্যর্থে) সং, পুং, বৃহৎবৃষ, বড়ষাঁড়, প্রৌঢ় বৃষ। রী—স্ত্রীং, গতযৌবনা গবী। বুড়োগাই।

উক্ষা, (উক্ষন্, উক্ষ দেখ, অন্—সংজ্ঞার্থে সং, পুং, বৃষ, ষাঁড় বা বলদ। স্ত্রীং, গবী,

উক্ষিত, (উক্ষ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, সিক্ত, অভিষিক্ত। লিপ্ত।

উখ, (দেশজ) সং, সূত্রধর বা কর্ম্মকারদের ঘর্ষণাস্ত্র, ঘর্ষণী।

উখড়ী, উড়কী, (দেশজ) সং, নারিকেল মালাদি নির্ম্মিত হাতার ন্যায় একপ্রকার তৈলাদি তুলিবার যন্ত্র।

উখা, (উখ্=গমনকরা+ক—ধি। আ—স্ত্রীলিঙ্গে। যাহাতে পাচ্য দ্রব্য গমন করে) সং, স্ত্রীং, স্থালী, পাকপাত্র, হাঁড়ী। পাকস্থালী।

উখ্য, (উখা+য্য—পাকার্থে) বিং, ত্রিং, স্থালীপক্ক মাংসাদি। [ন্যাকার।

উগরণ, (উদ্গীরণ শব্দজ) সং, বমন,

উগ্র, (উচ্=সমবেত বা মিলিত করা+রক্—সংজ্ঞার্থে) সং, পুং, শিব। শিবের বায়ুমূর্ত্তি। শূদ্রাণীর গর্ভে ক্ষত্রিয়ের ঔরস জাত জাতিবিশেষ, আগুরি। সং, ক্লীং, ক্রোধ। বিং, ত্রিং, ক্রুদ্ধ। তীব্র, প্রখর। উৎকট। প্রচণ্ড, ভয়ানক।

উগ্রগন্ধ, (উগ্র=তীব্র, উৎকট—গন্ধ, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, হিঙ্গু, হিং। পুং, রশুন। চম্পক, চাঁপা। বিং, ত্রিং, উৎকটগন্ধ বিশেষ।

উগ্রচণ্ডা, (উগ্র=ভয়ানক—চণ্ডা=অতিকোপনা, ২ং—স) সং, স্ত্রীং, চণ্ডিকাদেবী। অতিশয় কোপনা নারী।

উগ্রধন্বা, (উগ্রধন্বন্, উগ্র = ভয়ানক—ধন্বন্=ধনুক, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ইন্দ্র। শিব।

উগ্রশেখরা, (উগ্র=শিব—শেখর=কিরীট) সং, স্ত্রীং, গঙ্গা। গঙ্গা মহাদেবের মস্তকস্থিত জটা হইতে বহির্গত হইতেছেন বলিয়া ইহার নাম উগ্রশেখরা হইল।

উগ্রশ্রবাঃ, (উগ্রশ্রবস্, উগ্র=উৎকট—শ্রবস্=কর্ণ, ৬ষ্ঠী—হিং,) সং, পুং, রোমহর্ষণ পুত্র। সূত। বিং, ত্রিং, তীক্ষ্ণকর্ণ বিশিষ্ট। তীক্ষ্ণশ্রবণশক্তিযুক্ত।

উগ্রসেন, (উগ্র=ক্রুদ্ধ, ভয়ানক—সেনা =সৈন্য, ৬ষ্ঠী—হিং,) সং, পুং, মথুরা দেশের রাজাবিশেষ, আহুকের পুত্র, কংসের পিতা। [পুং, কংস।

উগ্রসেনজ, (উগ্রসেন—জ=জাত) সং,

উঙ্কুন, (উং-কুণ। মারিবার সময় স্ত্রীলোকেরা 'উং' শব্দ করে বলিয়া ইহার নাম উঙ্কুণ হইল) সং, পুং, উকুণ, কেশকীট, ড্যাঙর। [ঊর্দ্ধভাগ।

উচ, উচু, (উচ্চ শব্দজ) বিং, উন্নত,

উচিত, (বচ্=বলা+ক্ত। অথবা উচ+ক্ত—প্রং) বিং, ত্রিং, ন্যায্য, কর্ত্তব্য। পরিচিত। অভ্যস্ত। " উচিতমেবৈতৎ পুরুবংশপ্রভবস্য নরেন্দ্রদীপস্য ভবতঃ" শকুন্তলা।

উচ্চ, (উৎ=ঊর্দ্ধ—চি=চয়নকরা+ড—

প্রং) বিং, ত্রিং, উন্নত, উঁচু। "অত্যুচ্চারোহণেনাস্থা নদ্যাং গর্ভঃ পপাতহ" বিষ্ণুপুরাণ।

উচ্চকৈঃ (উচ্চকৈস্, উচ্চৈস্+অক—আগম) অং, উচ্চ, তুঙ্গ। প্রচুর।

উচ্চটা, (উৎ—চট্ =বধকরা, ভেদকরা +অ—প্রং। যে রোগ নষ্ট করে) সং, স্ত্রীং, গুঞ্জা, কুঁচ। নির্বিষীগাছ। নাগরমুথা। ভূমি আমলকী।

উচ্চণ্ড, (উৎ=অতিশয়—চণ্ড=রুষ্টহওয়া +অ—ক) বিং, ত্রিং, ত্বরান্বিত। প্রচণ্ড, ভয়ানক, অতিকোপন। অতিভীষণ।

উচ্চভাষী, (উচ্চভাষিন্, উচ্চ — ভাষ্ বলা+গিন্—ক) বিং, ত্রিং, উগ্রবক্তা, যে ব্যক্তি কড়া কথা বলে। যে চেঁচাইয়া কথা বলে।

উচ্চয়, (উৎ=ঊর্দ্ধ কিম্বা উপরি—চি একত্র করা+অল্—প্রং) সং, পুং, চয়ন। পরিধানবস্ত্রগ্রন্থি, নীবী। রাশি, পুঞ্জ। সমূহ।

উচ্চরিত, (উৎ—চর্[গমনকরা] বলা+ক্ত —র্ম্ম) বিং, ত্রিং, শব্দিত। কীর্ত্তিত, উক্ত, কথিত।

উচ্চলিত, (উৎ=বাহির—চল=গমনকরা +ক্ত—ক) বিং, ত্রিং, নির্গত। প্রস্থিত।

উচ্চাটন, (উদ্+চট্+ণিচ্+অনট্) সং, ক্লীং, উন্মূলন, উচাটন। চঞ্চলকরণ। অভিচার কর্ম্মবিশেষ। উৎকণ্ঠা, বিষাদ।

উচ্চার, (উদ—চর্ [গমনকরা] ত্যাগকরা +ঘঞ্—র্ম্ম) সং, পুং, মল, বিষ্ঠা। উচ্চারণ। "দানে তপসি শৌর্য্যে চ যস্য ন প্রথিতং মনঃ বিদ্যায়ামর্থলাভে চ মাতুরুচ্চার এব সঃ"। "মূত্রোচ্চারসমুৎসর্গং দিবা কুর্য্যাদুদঙ্মুখঃ"।

উচ্চারণ, (উৎ—চারি [গমনকরান] শব্দকরা+অনট্—ভা) সং, ক্লীং, কথন, শব্দপ্রয়োগ, কীর্ত্তন।

উচ্চার্য্য, (পূর্ব্বে দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, উচ্চারণ যোগ্য, কীর্ত্তনীয়, বলিবারযোগ্য।

উচ্চাবচ, (উদক্ [উদ্গত]—অবাক্ [উন্নত, অবনত] এই অর্থে উচ্চাবচ, নিপাতন) বিং, ত্রিং, বিবিধ, নানাপ্রকার। অসমান। নিম্নোন্নত। ভালমন্দ।

উচ্চুঙ্গ, সং, পুং, পতঙ্গ বিশেষ, উইচিঙ্গড়া।

উচ্চৈঃ, উচ্চৈস্, (উৎ=অধিক—চি=চয়ন করা, জড়করা, +ডৈস্—প্রং) অং, উচ্চ। উন্নত। প্রচুর, যথেষ্ট, অধিক। "উচ্চৈর্মনোরথস্তেঽয়ং মৎপুত্রস্তেব কিং বৃথা" বিষ্ণুপুরাণ।

উচ্চৈঃশ্রবা, (উচ্চৈঃশ্রবস্, উচ্চৈঃ=উচ্চ-শ্রবস্=কর্ণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ইন্দ্রের ঘোটক। বিং, ত্রিং, "উচ্চৈরুচ্চৈশ্রবাস্তেন হয়রত্নমহারিচ" কুমার। উচ্চকরিয়া বলিলে যে শুনিতেপায়, কালা, বধির।

উচ্চৈর্ঘুষ্ট, (উচ্চৈঃ—ঘুষ্ট [ঘুষ্=রবকরা +ক্ত—ভা] শব্দ, য়ং—স) সং, ক্লীং, ঘোষণা।

উচ্ছলিত, (উৎ—ঊর্দ্ধ—শল্=গমনকরা+ ক্ত—ক) বিং, ত্রিং, উদ্গত, উৎক্ষিপ্ত। উত্থিত। উৎলে উঠা।

উচ্ছাদন, (উৎ—ছাদি=আবরণ করা+ অনট্—ভা) সং, ক্লীং, উদ্বর্ত্তন, শরীরের মলা তোলা।

উচ্ছাস্ত্র, (উৎ—শাস্ত্র। শাস্ত্র হইতে ভ্রষ্ট) বিং, ত্রিং, শাস্ত্রবিরুদ্ধ, অশাস্ত্রীয়।

উচ্ছিখ, (উৎ=উপরি—শিখা=অগ্রভাগ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, উন্নতাগ্র। উন্নতমস্তক।

উচ্ছিত্তি, (উৎ—ছিদ্=ছেদনকরা+ক্তি— ভা) সং, স্ত্রীং, উচ্ছেদ, বিনাশ। ধ্বংস।

উচ্ছিন্ন, (উদ্+ছিদ+ক্ত—র্ম্ম। দ, ত—ন্ন) বিং, ত্রিং, বিনাশিত। উৎপাটিত। উন্মূলিত।

উচ্ছিলীন্ধ্র, (উৎ—শিলীন্ধ্র=কন্দলীপুষ্প) সং, ক্লীং, কোঁড়ক, ছাতা। বিং, ত্রিং, উদ্গত শিলীন্ধ্র, প্রস্ফুটিত কন্দলী পুষ্প বিশিষ্ট। 'উচ্ছিলীন্ধ্রামবন্ধ্যাং মেঘদূত'।

উচ্ছিষ্ট, (উৎ—শিষ্=শেষ রাখা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ভুক্তাবশিষ্ট, এঁটো। অনুভূতাবশিষ্ট। ত্যক্ত, পরিত্যক্ত। "নোচ্ছিষ্টং কুর্ব্বতে মুখ্যা বিপ্রুষোহঙ্গে পতন্তি যাঃ। ন শ্মশ্রূণি গতানাস্যং ন দন্তান্তরধিষ্ঠিতম্। নোচ্ছিষ্টং কস্যচিৎ দদ্যাৎ" ।স্মৃতি

উচ্ছীর্ষক, (উৎ= উদ্গত—শীর্ষ= মস্তক, +ক যাহার দ্বারা মস্তক উন্নত করা যায় অথবা যাহাতে মস্তক তোলা যায় ৭মী—হিং) সং,ক্লীং,উপাধান, বালিস। বিং, ত্রিং, উন্নত মস্তক।

উচ্ছুষ্ক, (উৎ=উপরি—শুষ=শুষ্ক হওয়া+ক্ত—ক। ত স্থানে ক) বিং, ত্রিং, উপরি ভাগে শুষ্ক।

উচ্ছূন, (উৎ=ঊর্দ্ধ—শ্বি=বৃদ্ধিপাওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, স্ফীত, বর্দ্ধিত, ফুলা। উন্নত। উচ্ছসিত।

উচ্ছৃঙ্খল, (উৎ=না—শৃঙ্খল=শিকল। যাহার শিকল নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বিশৃঙ্খল,অনিয়ন্ত্রিত। স্বেচ্ছাচারী। উদ্বৃত্ত

উচ্ছেদ, (উৎ—ছেদ [ছিদ+ঘঞ্] ছেদন) সং, পুং, উৎপাটন, উন্মূলন। সমূলে বিনাশ।

উচ্ছোষণ, (উৎ—শোষণ [শুষ+অন] নীরস করণ) বিং, ত্রিং, ঊর্দ্ধ-শোষক। সন্তাপক।

উচ্ছ্রয়, উচ্ছ্রায়, (উৎ=ঊর্দ্ধ—শ্রি=সেবা করা+অল্+ঘঞ্, ভা) সং, পুং, উচ্চতা।উন্নতি।

উচ্ছ্রিত, (উদ্+শ্রি+ক্ত—ক) বিং, ত্রিং, উন্নত। উদিত। উন্নমিত। উৎপন্ন। প্রবৃদ্ধ।

উচ্ছ্বসিত, (উৎ=উপরি — শ্বস্=নিশ্বাস-প্রশ্বাস ত্যাগকরা+ক্ত—ক, ভা) বিং, ত্রিং, বিকসিত। স্ফীত। বিশ্লেষিত। কম্পিত। জীবিত। ত্রুটিত। প্রফুল্ল। শিথিলীকৃত। সং, ক্লীং, উচ্ছ্বাস, নিশ্বাস স্ফুরণ, কম্পন। "সা খলু ভগবতঃ কণ্বস্য কুলপতেরুচ্ছ্বসিতম্।" শকুন্তলা।

উচ্ছ্বাস, (উদ্—শ্বস+ঘঞ্—ভা) সং, পুং, বিকাশ। নিশ্বাস। স্ফীতি। প্রাণ। আশ্বাস। বিশ্লেষ। আকাঙ্ক্ষা। ফাঁক। বিকাশ। অধ্যায়, পরিচ্ছেদ। "প্রিয়ামুখোচ্ছ্বাস বিকম্পিতং মধু"। "তাসামুচ্ছ্বাসবাতেন মাল্যং বস্ত্রঞ্চ গাত্রতঃ। নাত্যর্থং স্পন্দতে" "মুখোচ্ছ্বাসগন্ধ"।

উজন, (দেশজ) সং, স্রোতের বৈপরীত্য। বিপরীত, উল্টা।

উজ্জয়িনী, উজ্জয়নী (উৎ অতিশয়—জয়িনী=যে জয় করে। যে স্বকীয় সৌন্দর্য্য দ্বারা সমস্ত নগরীকে পরাভব করিয়াছে। অথবা যে নগরে বিজয়ী লোকেরা বাস করেন।)

উজ্জাসন, (উৎ—জাসি=বধকরা+অনট্—ভা) সং,ক্লীং, মারণ, হনন, বধ।

উজ্জীবন, (উৎ—জীব=বাঁচা+অনট্—ভা) সং, ক্লীং, চৈতন্য লাভ। লুপ্ত-প্রায় হইয়া পুনর্ব্বার প্রবল হইয়া উঠা।

উজ্জীবিত, (উৎ—জীব+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, চৈতন্যপ্রাপ্ত। মৃতপ্রায় হইয়া যাহা পুনর্ব্বার প্রবল হইয়া উঠিয়াছে।

উজ্জৃম্ভ—পুং } (উদ্=উপরি-জৃম্ভ্ হাইতোলা+ঘঞ্
উজ্জৃম্ভিত—ক্লীং } ত—ক) সং, বিকাশ। বিং, ত্রিং, প্রকাশিত, স্ফুটিত, বিকসিত। "উজ্জৃম্ভবদনাম্ভোজা।"

উজ্জ্বল, (উৎ= অতিশয়—জ্বল্=দীপ্তিপাওয়া+ অন—ক) বিং, ত্রিং, দীপ্তিমান্ ভাস্বর, দীপ্ত। পরিষ্কৃত, নির্ম্মল। শোভমান। সং,পুং শৃঙ্গাররস। ক্লীং,স্বর্ণ।

উজ্ঝিত, (উদ্ঝ=ত্যাগকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ত্যক্ত, বর্জিত, উৎসৃষ্ট। "সেকান্তে মুনি কন্যাভিস্তৎক্ষণোজ্ঝিত বৃক্ষকং" রঘুবংশ। "প্রোজ্ঝিতাশেষ বান্ধবাঃ" বিষ্ণুপুরাণ।

উঞ্ছ,(উঞ্ছ্=খুঁটিয়া লওয়া+অ—ভা) সং, ক্লীং, জীবিকার্থ ধান্যাদি খুঁটিয়া লওয়া, বৃত্তিবিশেষ।

উঞ্ছ } (উন্‌ছ=খুঁটিয়া লওন + ঘঞ্
উঞ্ছসিল } —সিল আহরণ,৩য়া—ষ)সং, ক্লীং, উপেক্ষিত ধান্যাদি খুঁটিয়া লওয়া, বৃত্তিবিশেষ।

উঞ্ছবৃত্তি,(উঞ্ছ—বৃত্তি জীবনোপায়, ৩য়া—৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং,উঞ্ছজীবিকা,সামান্য ব্যবসায়। বিং, ত্রিং, নীচবৃত্তি,নীচাশয়।

উট, (উষ্ট্র শব্দজ) সং, লম্বোষ্ঠ, উষ্ট্র। (উ শব্দকরা+ট—সংজ্ঞার্থে)ক্লীং, তৃণ,পর্ণ।

উটজ, (উট তৃণপত্রাদি—জ(জন্+ড) যে জন্মে, ৫মী—ষ) সং, পুং, ক্লীং, পর্ণশালা, কুঁটীর।

উট্‌ন, (দেশজ) সং, ধারে ক্রয় করণ।

উঠ্‌তি, (দেশজ) সং, দ্রব্যাদি বিক্রয়। বেশী কাট্‌তি, উন্নতি।

উঠন, (উত্থান শব্দজ) সং, স্ফীত হওয়া, গাত্রোত্থান, উঠা।(দেশজ) প্রাঙ্গন,চত্বর।

উঠান, (উত্থাপন শব্দজ) সং, উত্তোলন। তোলা। প্রাঙ্গন, উঠান।

উড়কুড়, (দেশজ) সং, আদ্যন্ত, শেষ, যথা মরে উড়কুড় উঠে গেল।

উড়ন, উড়া, (উড্ডয়ন শব্দজ) সং, শূন্যে গমন করান, আকাশে গমন।

উড়নী, উড়ানী, (দেশজ) সং, গাত্রবস্ত্রবিশেষ, চাদর। উত্তরীয়বস্ত্র।

উড়িয়া, (ওড় শব্দজ) সং, উৎকল বাসী লোক, উড়িষ্যার লোক। উড়ে।(ধান্য।

উড়ী, (দেশজ) সং, ধান্য বিশেষ, উড়ক

উডু, (উড্ স্তুতিকরা+উ—সংজ্ঞার্থে কিম্বা উৎপূর্ব্ব উড্ডয়নার্থ ডীধাতু নিষ্পন্ন) সং, স্ত্রীং—ক্লীং, তারা, নক্ষত্র। ক্লীং, জল।

উডুক্কুমৎস্য, (Flying fish) সং, মৎস্য বিশেষ, যে মৎস্য উড়িতে পারে।

উডুপ, উড়ুপ, (উডু=জল—প [পা+ড] যে রক্ষা করে। যে জলমগ্ন হইতে রক্ষা করে, ৫মী—ষ) সং, পুং—ক্লীং, ভেলা চর্ম্মাবনদ্ধ পাত্রবিশেষ। (উডু নক্ষত্র—প=পালক, পতি, ৬ষ্ঠী—ষ) পুং,উডুপতি চন্দ্র। " তিতীর্ষুর্দুস্তরং মোহাদুড়ুপেনাস্মি সাগরম্" রঘুবংশ। অপশ্যদ্বদনং তস্য রশ্মিবন্তমিবোড়ুপম্"।

উড়ুপতি, (উডু=নক্ষত্র—পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, চন্দ্র। বরুণ।

উড়ুপথ, (উডু=নক্ষত্র—পথ=পথিন্ শব্দজ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, আকাশ।

উডুম্বর, (উডুম্=নক্ষত্রকে—বৃ=আচ্ছাদন করা+খশ্—ক) সং, পুং, উডুম্বর,যজ্ঞ ডুম্বর বৃক্ষ। ক্লীং, তাম্র, তামা। কায। দুইতোলা পরিমাণ। যজ্ঞ ডুম্বর বৃক্ষের ফল। দেহলী।

উডুম্বরপর্ণী,(উডুম্বর=তাম্র—পর্ণ=পাত্র। যাহার পাতা তাম্রের ন্যায়, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, দন্তীবৃক্ষ।

উড্ডয়ন, (উৎ—ডী=আকাশে গমনকরা +অনট্—ভা) সং, ক্লীং, আকাশপথে বিচরণ, শূন্যে গমন, উড়া।

উড্ডয়মান, (উৎ+ডী+শান—ক। য, ম—আগম) বিং,ত্রিং,নভোগমনকারী।

উড্ডামর; বিং, ত্রিং, প্রধান উৎকৃষ্ট। অতি প্রচণ্ড।

উড্ডীন, (উৎ+ডী+ক্ত—ক, ভা। ক্ত—স্থানে ন) বিং, ত্রিং, ঊর্দ্ধগত, আকাশগামী। নভোগতি। সং, ক্লীং, শূন্যে গমন, উড়া। নভোগত।

উড্ডীয়মান, [উৎ+ডী+শান—ক। য, ম—আগম) বিং,ত্রিং,শূন্যে গমনকারী। নভোমার্গগামী।

উত,(ব্যে+ক্ত-র্ম্ম) বিং,ত্রিং,তন্তুবায়নির্ম্মিত,স্যূত বয়নকৃত।(উ+ক্ত) অং,সন্দেহ। প্রশ্ন। বিকল্প। কিতর্ক। সমুচ্চয়।অত্যর্থ। পাদ পূরণ।"ততো জ্ঞাস্যসি মাং সৌতে প্রজ্ঞাচক্ষুরমিত্যুত। উতদণ্ডঃ পতিষ্যতি"

উতথ্য ; সং, পুং, অঙ্গিরার জ্যেষ্ঠপুত্র, বৃহস্পতির জ্যেষ্ঠ ভ্রাতা।
উতথ্যতনয়, (উতথ্য—তনয়=পুত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, গৌতমমুনি।
উতথ্যানুজ
উতথ্যাবরজ
উতথ্যানুজন্মন্ } (উতথ্য—অনুজ, অনুজন্মন্, অবরজ=কনিষ্ঠ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বৃহস্পতি।
উতাহো, (উত—আহো, সমাহারদ্বং—স) অং, পরি, প্রশ্ন। বিকল্প। বিচার।
উতাহোস্বিৎ ; অং, সন্দেহ। প্রশ্ন। বিকল্প
উৎক, (উদ্—উপরি+ক—প্রং) বিং, ত্রিং, উন্মনাঃ, অন্যমনস্ক, উদ্বিগ্ন, উৎসুক। "তেনাহমুৎকা ত্বাং দ্রষ্টমাগতা। "চিরদর্শনোৎকয়া দৃষ্ট্যা। ৩ "সোৎকম্বিত প্রিয়াম।"
উৎকট, (উৎ=উপর, এড়+কট—প্রং) বিং, ত্রিং, উদ্দাম। অধিক। দুঃসাধ্য। বিষম। তীব্র। মত্ত। সং, পুং, মদ, সংজাতমদ হস্তী। শব, রক্তেক্ষু।"চন্দ্রাংশুনিকরাভাশ্চ হারাঃ কাসাংচিদুৎকটা স্তনমধ্যে সুবিন্যস্তা বিরেজুর্হংসপাণ্ডরাঃ" ২ সিংহাবিব উৎকটৌ। ৩ মদোৎকট" ক্লীং, গুড়ত্বক্‌, তেজপাত। দারুচিনি।
উৎকণ্ঠ, (উৎ+কণ্ঠ=গলদেশ) সং, পুং, শৃঙ্গারের ষোড়শবন্ধান্তর্গত ত্রয়োদশ বন্ধ যথা "নারীপাদৌ চ হস্তেন ধারয়েৎ গলকে পুনঃ। স্তনার্পিতকরঃ কামী বদ্ধশ্চোৎকণ্ঠসংজ্ঞকং" রতিমঞ্জরী। (ঠা) (উৎ=অতিশয়, কণ্ঠ=চিন্তাকরা+আ) সং, স্ত্রীং, উদ্বেগ, চিন্তা, ভাবনা, বেদনা। ঔৎসুক্য। ইষ্টলাভে কালক্ষেপণাসহিষ্ণুতা।"যাস্যত্যদ্য শকুন্তলেতি হৃদয়ং সংস্পৃষ্ট মুৎকণ্ঠয়া" শকুন্তলা।
উৎকণ্ঠিত, (উৎকণ্ঠা+ইত—জাতার্থে) বিং, ত্রিং, উদ্বিগ্ন। উৎসুক। তা—স্ত্রীং, নায়িকাবিশেষ, সঙ্কেতস্থানস্থিতা যে নায়িকা নায়কের অনাগমনজন্য রোদন দীর্ঘ নিশ্বাস প্রভৃতি দ্বারা শোক প্রকাশকরে
উৎকর, (উৎ=ঊর্দ্ধ—কর+অনট্। যাহা ঊর্দ্ধদিকে করা যায়) সং, পুং, ধান্যাদির রাশি, পুঞ্জ, গাদা, কাঁড়ী, স্তূপ। প্রসারণ। বিক্ষেপ। "তৃণপর্ণোৎকরযুতং জলম্"। "অদ্য তে—শিরঃ পাতয়ামি ক্ষিতৌ বেগাৎ বৃষ্টিঃ পাংশূৎকরাণিব।"
উৎকর্ত্তন, (উৎ—কৃৎ=ছেদন করা+অনট্—ভা) সং, ক্লীং, খণ্ড খণ্ড করিয়া কাটা, বহুখণ্ডে ছেদন।
উৎকর্ষ, (উৎ অধিক—কৃষ্=চিহ্নকরা+ঘঞ্—ভা) সং, পুং, শ্রেষ্ঠতা। আধিক্য। অতিশয়। বৃদ্ধি, উন্নতি। "উৎকর্ষঃ স চ ধন্বিনাং যদিষবঃ সিধ্যন্তি লক্ষ্যে চলে" শকুন্তলা।
উৎকল, (উৎ—কল্ গমন করা+অ—সংজ্ঞার্থে) সং, পুং, উড়িষ্যাদেশ। ব্যাধ। পাখিমারা। বিং, ত্রিং, ভারবাহক। মুটে।
উৎকলিকা, (উৎ=ঊর্দ্ধ—কল=গমনকরা+অক—সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, তরঙ্গ, ঊর্ম্মি, ঢেউ। ফুলের কুঁড়ি, কলিকা। (উৎ—কল্ [গমনকরা] চিন্তাকরা+অক, আ=ভাবে) উৎকণ্ঠা, উদ্বেগ। "জাতা নোৎকলিকা"। "তত্তদুৎকলিকা ভূতা" (মনসা)
উৎকলিত, (উৎ—কল্ [গমনকরা] চিন্তা করা, গণনা করা+ত—ক) বিং, ত্রিং, উৎকণ্ঠিত। উন্মনাঃ। প্রবুদ্ধ।
উৎকা, সং, স্ত্রীং, উৎকণ্ঠিতা নায়িকা।
উৎকাকা, সং স্ত্রীং, যে গাভীর প্রতিবর্ষে সন্তান হয় প্রতিবর্ষ-প্রসূতা গাভি।
উৎকার, (উৎ উপর—কৃ বিক্ষেপকরা+ঘঞ্—ভা) সং, পুং, ধান্যোৎক্ষেপণ, ধানসারা, অথবা ধানের গাদা দেওয়া।
উৎকাশ—স (উৎ উপর—কশ্ শব্দকরা, এবং কাস্ রোগ হেতুক কুৎসিত শব্দ করা, কাঁশা+অ—প্রং) সং, পুং, কাসরোগবিশেষ।
উৎকির, (উদ্+কৃ+ক) বিং, ত্রিং, উৎক্ষেপক। "পুষ্পরেণূৎকিরৈর্বাতৈঃ"।

"অত্যন্তহিমোৎকিরানিল"। তীরমন্দার কুসুমোৎকিরবীচি।"

উৎকীর্ণ, (উৎ—কৄ=বিক্ষেপকরা+ত-র্ম্ম) বিং, ত্রিং, ক্ষত। বিদ্ধ=ক্ষোদিত। উৎক্ষিপ্ত। যথা "উৎকীর্ণপটবাসমিবান্ধকারে" রত্নাবলী।

উৎকীর্ত্তন, (উৎ-কীর্ত্ত্=প্রশংসা করা+অনট্—ভা) সং, ক্লীং, বর্ণন। প্রচার, ঘোষণা।

উৎকুট, (উৎ না—কুট=বক্র হওয়া+অ প্রং বক্র না হইয়া অর্থাৎ সটান শোয়া সং, ক্লীং, উত্তানশয়ন, চিৎ হইয়া শোওয়া

উৎকুণ, (উৎ—উপরি—কুণ্=শব্দকরা+ক—প্রং) পুং, কেশকীট, উকুণ, ডেঙ্গর।

উৎকূট, (উৎ না—কূট্ দগ্ধকরা+অ—প্রং) সং, পুং, আতপত্র ছত্র, ছাতি।

উৎকূলিত, (উৎ—কূল তীর+ইত—প্রং) বিং, ত্রিং, কূলে উত্তোলিত, কূলে বিক্ষিপ্ত, উদ্বেল। [২৬ অক্ষর ছন্দঃ।

উৎকৃতি, (উৎ—কৃতি=রচনা) সং, স্ত্রীং,

উৎকৃত্ত, (উৎ—কৃৎ=ছেদনকরা+ক্ত-র্ম্ম) বিং, ত্রিং, ছিন্ন। উৎক্ষত। উৎখাত।

উৎকৃষ্ট, (উৎকর্ষ দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, শ্রেষ্ঠ, প্রধান, উত্তম।

উৎকোচ, (উৎ—কুচ্ [সঙ্কুচিতহওয়া] অপপ্রদানকরা+ঘঞ্-ভা যাহা দিতে সঙ্কুচিত অর্থাৎ ভীত হইতে হয়) সং, পুং, ঘুষ।

উৎকোচক, (উৎকোচ দেখ, অক—ক) বিং, ত্রিং, যে ঘুষ দেয়।

উৎক্রম, (উৎ=উল্টা—ক্রম্=গমনকরা+অল্—ভা) সং, পুং, ব্যতিক্রম, বিলোম। উচ্চলন। নিঃসরণ, বৈপরীত্য।

উৎক্রান্ত, (উৎ=উপরি—ক্রম্=গমনকরা +ক্ত—ক) বিং, ত্রিং, উদ্গত।) উৎক্রম দেখ) অতিক্রান্ত, উল্লঙ্ঘিত।

উৎক্রোশ, (উৎ—ক্রুশ্=ক্রন্দনকরা+ঘঞ্—প্রং) সং, পুং, কুররপক্ষী। চীৎকার।

উৎক্ষিপ্ত, (উৎ—ঊর্দ্ধ—ক্ষিপ্ত=প্রেরিত) বিং, ত্রিং, ঊর্দ্ধক্ষিপ্ত।

উৎক্ষিপ্ত-কম্পন, (Perpendicular shocks of earthquake) সং, ক্লীং, ভূমিকম্প বিশেষ, এই প্রকার কম্পসময়ে বোধ হয় যেন ভূমি ঊর্দ্ধে উৎক্ষিপ্ত হইতেছে।

উৎক্ষেপ—পুং } (উৎক্ষিপ্ত দেখ,
উৎক্ষেপণ—ক্লীং } অন্ অনট্—ভা)
সং, ঊর্দ্ধেক্ষেপণ। "অতিমাত্র-লোহিততলৌ বাহূ ঘটোৎক্ষেপণাৎ।" শকুন্তলা

উৎখাত, (উৎ=ঊর্দ্ধে—খন্=খোড়া+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, উৎপাটিত, উন্মূলিত। উপড়ান। বিদারিত। পদভ্রংশিত। অবদারিত। "রথেনানুৎখাৎস্তিমিতগতিনা"।

উৎখাতকেলি, সং, পুং, বপ্রক্রীড়া, শৃঙ্গাদি দ্বারা বৃষগজাদির মৃত্তিকা খনন।

উত্ত, (উন্দ্=আর্দ্র হওয়া+ত-প্রং) বিং, ত্রিং, আর্দ্র, ভিজা।

উত্তংস, (উদ্=ঊর্দ্ধ—তন্স্=ভূষিতকরা—"অন্—ণ) সং, পুং, কর্ণভূষণ কর্ণফুল। শিরোভূষণ।

উত্তপ্ত, (উৎ=অতিশয়—তপ্ উষ্ণকরা, দগ্ধকরা+ত-র্ম্ম) বিং, ত্রিং, সন্তপ্ত, উষ্ণ। দগ্ধ। পরিপ্লুত, স্নাত। ক্লীং, শুষ্কমাংস। উত্তভিত, বিং, ত্রিং, উন্নমিত।

উত্তম, (উৎ অতিশয়+তম্) বিং, ত্রিং, ভদ্র, উৎকৃষ্ট। চরম। উপাদেয় মুখ্য। সং, পুং, বৈশিক নাম নায়কভেদ সুরুচিগর্ভজাত উত্তানপাদরাজপুত্র। "যচ্ছাবিবেকতয়া রাজ্ঞা ভৃত্যানুত্তমপদযোজ্যান্ হীনাধমস্থানে নিয়োজয়তি।" "উত্তমস্যাপি বর্ণস্থ নীচোঽপি গৃহমাগতঃ।" হিতোপদেশ।

উত্তমর্ণ, (উত্তম=প্রধান—ঋণ। উপচয়হেতু যাহার উত্তম ঋণ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, ঋণদাতা, মহাজন।

উত্তম-সংগ্রহ, সং, পুং, নির্জ্জনে পর স্ত্রীর সহিত পরস্পর আলিঙ্গন ও সহাসনাদি রূপমৈথুনীভাব।

উত্তমসাহস, (উত্তম অত্যুত্তম বা অতি গুরুতর—সাহস, দণ্ড) সং, পুং দণ্ডবি-

শেষ, ১,০০০ বা ৮০০০ পণ দণ্ড। ১,৮০,০০০ পণ দণ্ড। যথা "পণানাং দ্বে শতে সার্দ্ধে প্রথমঃ সাহসঃ স্মৃতঃ। মধ্যমঃ পঞ্চবিজ্ঞেয়ঃ সহস্রং ত্বেব চোত্তমঃ"। মনুঃ। অথবা "সাশীতি পণসাহস্রো দণ্ড উত্তমসাহসঃ" যাজ্ঞবল্ক্য।
উত্তমাঙ্গ, (উত্তম=প্রধান—অঙ্গ, য়ং—স) সং, ক্লীং, মস্তক, শির।
উত্তম্ভ, (উৎ—স্তন্ভ্=স্তব্ধকরা+ঘঞ= প্রং) সং, পুং, স্তম্ভীভাব। নিবৃত্তি।
উত্তম্ভন, (উদ্+স্তন্ভ+অনট্-ভা) সং, ক্লীং, অবলম্বন। ঠেকো, খুঁটি।
উত্তর, (উৎ=উপরি—তৃ=উত্তীর্ণ হওয়া +অল্—প্রং, যাহা দ্বারা প্রকৃত অভিযোগ হইতে পরিত্রাণ পাওয়া যায়) সং, ক্লীং, প্রতিবচন, জবাব, সিদ্ধান্ত। জিজ্ঞাসিত বিষয়ে আপন বক্তব্য কথন। আপত্তি খণ্ডন। কেহ আহ্বান করিলে তৎ শ্রবণসূচক বাক্য। পুং, বিরাটরাজ পুত্র। রা—স্ত্রীং, বিরাটকন্যা। উত্তরদিক্। বিং, ত্রিং, শ্রেষ্ঠ। যোগ্য। উত্তম। অসাধারণ, যথা—লোকোত্তর। যাহা পরে ঘটিবে, ভাবী। উত্তরদিক সম্বন্ধীয়। উপরিস্থিত। অনন্তর, পশ্চাৎ। বা ক্রিং—বিং, যথা — শ্রবণোত্তর। "প্রত্যুবাচোত্তরং বাক্যম্। এবমুক্ত্বা স বচনং বাষ্পপূরিতলোচনঃ। বাষ্পোপহতয়া বাচা নাশক্নোদ্বক্তুমুত্তরম্॥ পক্ষস্য ব্যাপকং সারমসন্দিগ্ধমনাকুলং। অব্যাখ্যাগম্য মিত্যেবমুত্তরং তদ্বিদো বিদুঃ"।
উত্তরকাল, (উত্তর=পশ্চাদ্গামী—কাল =সময়, য়ং—স) সং, পুং, ভবিষ্যৎ সময়, য়ং—স) সং, পুং, ভবিষ্যৎ সময়, যে সময় আসিবে। গৌণকাল।
উত্তরকুরু, (উত্তর—কুরু=ভূগোলের উত্তরাংশ, য়ং—স) সং, পুং—ক্লীং, জম্বু দ্বীপের নববর্ষান্তর্গত বর্ষবিশেষ।
উত্তরকেন্দ্র, সং, পুং, পৃথিবীর উত্তরপ্রান্ত।
উত্তরকোশলা, (উত্তর—কোশলা=প্রদেশ, য়ং—স) সং, স্ত্রীং, অযোধ্যা নগরী। পুং, বহুং, কোশল দেশ।
উত্তরক্রিয়া, (উত্তর=পশ্চাৎ—ক্রিয়া= কার্য্য, য়ং—স) সং, স্ত্রীং, অন্তিমক্রিয়া সাংবৎসরিক শ্রাদ্ধাদি পিতৃকার্য্য। যথা "প্রেতে পিতৃত্বমাপন্নে সপিণ্ডীকরণাদনু। ক্রিয়ন্তে যাঃ ক্রিয়াঃ পিত্র্যাঃ প্রোচ্যন্তে তাঃ নৃপোত্তরাঃ।
উত্তরঙ্গ, (উত্তর=উপরি—গ=যে গমন করে, অথবা উত্তর—অঙ্গ, য়ং—স) সং, ক্লীং, দ্বারোপরিস্থ বক্র কাষ্ঠ, কুমীর্কা। (উৎ=উদ্গত—তরঙ্গ=ঢেউ। যাহার তরঙ্গ উত্থিত হইয়াছে, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, উদ্গততরঙ্গ।
উত্তরচ্ছদ, (উত্তর=উপরিস্থিত—ছদ= বস্ত্র, য়ং—স) সং, পুং, আস্তরণ বস্ত্র, বিছানার চাদর।
উত্তরণ, (উৎ=উপরি—তরণ=গমন) সং, ক্লীং, নদ্যাদির পার গমন। কোন স্থানে উপস্থিতহওয়া। পার হওয়া, উত্তরণ।
উত্তরণ-স্থান; সং, ক্লীং, যে স্থানে গিয়া উপস্থিত হওয়া যায়, নামিবার স্থান। আড্ডা।
উত্তরতঃ, (উত্তরতস্=উত্তর+তস্। পঞ্চমী বা সপ্তমী স্থানে তস্) অং, উত্তরে, উত্তর হইতে।
উত্তরদিক্, (উত্তরদিশ, উত্তর—দিশ্= দিক্, য়ং—স। গরুড় গালবের নিকট উত্তরদিকের বৃত্তান্ত কহিতেছে—এই দিকের প্রভাবে লোক পাপ হইতে উত্তীর্ণ হইয়া মুক্তি লাভ করে, অথবা পূর্ব্বোক্ত নানাপ্রকার গুণে সকলদিক্ অপেক্ষা প্রধান হইয়াছে। এই নিমিত্ত ইহা উত্তরদিক অর্থাৎ শ্রেষ্ঠদিক্ বলিয়া বিখ্যাত) সং, স্ত্রীং, উদীচী, দিক্‌বিশেষ।
উত্তরপক্ষ, (উত্তর=পশ্চাদ্গামী—পক্ষ= অনুমেয় বস্তুর আধার) সং, পুং, পূর্ব্ব পক্ষের নিরাসক পক্ষ, সিদ্ধান্ত পক্ষ। সমাধান। সিদ্ধান্তের অনুকূলতর্কের উপন্যাস

উত্তরফল্গুনী
উত্তরফাল্গুনী } (উত্তর=পশ্চাদ্‌গামী—ফল্গুনী, ফাল্গুনী=নক্ষত্র-বিশেষ, য়ং—স) সং,স্ত্রীং, অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত দ্বাদশ নক্ষত্র।
উত্তরভাদ্রপদ্‌—দা, (উত্তর=পশ্চাদ্‌-গামী—ভাদ্রপদ্‌=নক্ষত্রবিশেষ, য়ং—স) সং, স্ত্রীং, ষড়্‌বিংশনক্ষত্র।
উত্তরমেরু, (North Pole) সং, পুং, পৃথিবীর উত্তর প্রান্ত।
উত্তরমেরুবৃত্ত, (Antartic Circle) মেরু-হইতে ২৩॥০ অংশ অন্তরে স্থিত যে ২ ক্ষুদ্রবৃত্ত কল্পিত হয় তাহাদিগকে মেরুবৃত্ত কহে, তন্মধ্যে উত্তরদিগের বৃত্তকে উত্তরমেরু কহে।
উত্তরবাদী, (উত্তরবাদিন্‌, উত্তর=প্রতি-বচন—বাদিন্‌=যে বলে)বিং, ত্রিং, উত্তরবক্তা, প্রতিবাদী, আসামী।
উত্তরসাধক, (উত্তর—সাধক=যে সাধন করে,)বিং, ত্রিং,সহকারী, সাহায্যকারী।
উত্তরাৎ, (উত্তর+আৎ—প্রং) অং, উত্ত-রদিকে, দেশ বা কালে।
উত্তরাধিকার, (উত্তর—অধিকার=স্বত্ব) সং, পুং, মৃত ব্যক্তির ধনে, ধনীর সহিত সম্পর্ক নিবন্ধন স্বত্ব।
উত্তরাধিকারী, (উত্তরাধিকারিন্‌= উত্ত-রাধিকার+ইন্‌—অস্ত্যর্থে) বিং, ত্রিং, পশ্চাদধিকারী, দায়াদ। কোন ব্যক্তির মৃত্যু হইলে বা অন্য কোন কারণে যে ব্যক্তি তাহার সম্পত্তির অধিকারী হয়, ওয়ারিস্‌।
উত্তরাভাস, (উত্তর=দোষখণ্ডন—আ-ভাস=সদৃশ হওন,৬ষ্ঠী—ষ) সং, পুং, দুষ্ট উত্তর, অসদুত্তর, প্রকৃতার্থের সহিত যে উত্তরের সম্বন্ধ নাই, যাহা প্রয়োজনা-তিরিক্ত অথবা যাহা জিজ্ঞাস্য বিষয়ে অংশ বিশেষ ব্যাপী। যথা "প্রকৃতেন ত্বসম্বন্ধমত্যল্পমতিভূরি চ। পক্ষৈকদেশ-ব্যাপ্যেব তচ্চ নৈবোত্তরং ভবেৎ" কা-ত্যায়ন।
উত্তরায়ণ, (উত্তর—অয়ন=পথ, গতি,৬ষ্ঠী—ষ+৭মী—হিং)সং, ক্লীং, উত্তরদিগ্বর্ত্তি সূর্য্যের পথ। সূর্য্যের উত্তরে গতি। মাঘ হইতে ছয়মাস। "সংপ্রাপ্তে উত্তরায়ণে প্রভাত উত্তরায়ণসংক্রা-ন্তিরনন্তদানফলা ভবিষ্যতি"।
উত্তরায়ণান্তবৃত্ত, (Tropic of Cancer) সূর্য্যের উত্তরে গতির সীমা নিরূপক রেখা, বিষুব রেখার ২৩॥০ অংশ উত্তরে যে অক্ষ রেখা কল্পিত আছে।
উত্তরাশাপতি, (উত্তর—আশা=দিক্‌—পতি=প্রভু। উত্তরাশা অর্থাৎ উত্তর-দিকের অধিপতি বলিয়া, ৬ষ্ঠী—ষ)সং, পুং, কুবের।
উত্তরাষাঢ়া, (উত্তর=পশ্চাদ্‌গামী—আ-ষাঢ়া=নক্ষত্রবিশেষ, য়ং—স)সং, স্ত্রীং, একবিংশ নক্ষত্র।
উত্তরাসঙ্গ, (উত্তর=উপরিস্থিত—আসঙ্গ =আসক্তি, ৬ষ্ঠী—হিং) সং, পুং—ক্লীং, আচ্ছাদনবস্ত্র। উত্তরীয়বস্ত্র, উড়ানী, চাদর।
উত্তরী, (উত্তরীয় শব্দজ) সং, দোছোট, পৈতের ন্যায় ধৃত বস্ত্র।
উত্তরীয়, (উত্তর=উপর+ণীয়—ইদমর্থে) সং, ক্লীং, ঊর্দ্ধদেহ ধারণীয় বস্ত্র, উড়ানী দোছোট, দোবজা।
উত্তরেণ, (উত্তর+এনপ্‌=প্রং) অং, উত্তরদিকে। উত্তরস্থ। " অথোত্তরেণ কৈলাসান্‌ মৈনাকং পর্ব্বতং প্রতি"।
উত্তরেদ্যুঃ, (উত্তরেদ্যুস্‌, উত্তর=পশ্চাৎ +এদ্যুস্‌—দিবার্থে) অং, পরদিনে, আগামি দিবসে, কল্য।
উত্তরোত্তর, (উত্তর=পশ্চাৎ— দ্বিত্ব) ক্রিং—বিং, ক্লীং, ক্রমশঃ, ক্রমে ক্রমে।
উত্তান, (উৎ=উপরি—তন = বিস্তৃত হওয়া+অ—ক) বিং, ত্রিং, অগম্ভীর, ঊর্দ্ধমুখ শয়িত। চিতহওয়া। বিস্তার-রহিত। "উত্তানপাণিদ্বয়সন্নিবেশাৎ প্র-ফুল্লরাজীব মিবাঙ্কমধ্যে" কুমারসম্ভব।

উত্তানপাদ, সং, পুং, স্বায়ম্ভুব মনুর পুত্র, ধ্রুবের পিতা।
উত্তানপাদজ, (উত্তানপাদ=স্বায়ম্ভুবমনু-পুত্র—জ=যে জন্মে, ৫মী—ষ) সং, পুং, উত্তানপাদ রাজার পুত্র, ধ্রুব।
উত্তানশয়, (উত্তান—শয়=যে শয়ন করে, য়ং—স) সং, পুং, য়া—স্ত্রীং, অর্ভক, অত্যন্ত শিশু। বিং, ত্রিং, চিত হইয়া শয়িত।
উত্তাপ, (উৎ—তপ=উষ্ণ হওয়া+অ—ভা) সং, পুং, তেজ, উষ্মা। তাপ।
উত্তাপিত, (উৎ—তাপি=উত্তপ্ত করান, উষ্ণ হওয়ান+ত—র্ম্ম, ভা) বিং, ত্রিং, যে উত্তাপ পাইয়াছে, যাহাকে উষ্ণ করা গিয়াছে। সন্তাপিত।
উত্তার, (উৎ=উপরি—তার=যে পার হয়, তৃ+অ—প্রত্যয়ে নিষ্পন্ন) বিং, ত্রিং, উচ্চ। উৎকৃষ্ট। মহৎ। (উৎ—তারা, ৬ষ্ঠী—হিং) উদ্গততারক নেত্রযুক্ত। পুং, বাঁনর বিশেষ।
উত্তাল (উৎ—তল্=উন্নত হওয়া+ঘঞ—ক) বিং, ত্রিং, উৎকট। মহৎ, শ্রেষ্ঠ। উন্নত। ত্বরিত। তালপ্রমাণ। ভয়ানক। "উত্তালতালীবনরাজিনীলা" রঘু।
উত্তিষ্ঠমান, (উৎ—স্থা [থাকা] উঠা +শান—ক। ম—আগম) বিং, ত্রিং, উত্থানশীল। বর্দ্ধমান, বৃদ্ধিশীল।
উত্তীর্ণ, (উৎ=উপরি—তীর্ণ=গত) বিং, ত্রিং, পারগত। নদ্যাদির অপর পারে উপনীত। নির্গত। অতিক্রান্ত। উপস্থিত। নিষ্কৃতিপ্রাপ্ত। কৃতকার্য্য। মুক্ত।
উত্তুঙ্গ, (উৎ=অতিশয়—তুঙ্গ=উচ্চ) বিং, ত্রিং, উচ্চ, অত্যুন্নত, অত্যুচ্চ। "প্রোত্তুঙ্গং জয়কুঞ্জরম্।"
উত্তুষ, (উৎ=উদ্গত—তুষ, ৫মী—হিং) সং, পুং, ভৃষ্ট ধান্য, লাজ, খই।
উত্তেজন, (উৎ—তিজ্=তীক্ষ্ণকরা+অনট্—ভা) সং, ক্লীং, না—স্ত্রীং, শাণাদি দ্বারা তীক্ষ্ণকরণ। উস্‌কন। প্রবর্ত্তন। ধমকান। উদ্দীপন। প্রোৎসাহন। ব্যগ্রকরণ। উৎপীড়ন।
উত্তেজিত, (উত্তেজন দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, উদ্দীপিত। শাণিত। প্রবর্ত্তিত। প্রোৎসাহিত, প্রেরিত। সং, ক্লীং, অশ্বের চতুর্থগতি।
উত্তেরিত (উৎ+তৃ=গমনকরা+ক্ত) সং, ক্লীং, অশ্বের চতুর্থ গতি।
উত্তোলন, (উৎ=ঊর্দ্ধ—তোলন=ওজন) সং, ক্লীং, উত্থাপন, তোলা, ঊর্দ্ধে নয়ন।
উত্তোলিত, (উৎ=ঊর্দ্ধ—তোলি=ওজন করান+ত—র্ম্ম) বিং, ত্রিং, উৎক্ষিপ্ত, উঠান।
উত্ত্যক্ত, (উৎ—ত্যক্ত=বর্জ্জিত) বিং, ত্রিং, ঊর্দ্ধক্ষিপ্ত। পরিত্যক্ত। বিরক্ত।
উত্ত্রাস, (উৎ=অতিশয়—ত্রাস=ভয়) সং, পুং, ভয়, ত্রাস।
উত্থ, (উৎ=উপরি—স্থা=থাকা+ড—ক) বিং, ত্রিং, উত্থিত। জাত, উৎপন্ন। "অথ নয়নসমুত্থং জ্যোতিরত্রেরিব দ্যোঃ" রঘুবংশ।
উত্থান, (উৎ=উপরি—স্থা=থাকা+ড—ভা, ধি, ক। স্—লোপ), সং, ক্লীং, উদয়। উত্থিতি। উন্নতি। উঠা। উঠন, যথা—গাত্রোত্থান। অঙ্গন, উঠান। উদ্যোগ। উদ্যম। উৎসাহ। হর্ষ। রাজ্য-চিন্তা। পৌরুষ। যুদ্ধ, রণ। সৈন্য। উৎপত্তি। মলত্যাগ। "ভ্রাতৃণামবিভক্তানাং যদ্যুত্থানং ভবেৎ সহ। ন পুত্রভাগং বিষমং পিতা দদ্যাৎকথঞ্চন" ।দায়ভাগ।
উত্থানৈকাদশী, (উত্থান [উঠা] নিদ্রা হইতে হরির জাগরণ—একাদশী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, কার্ত্তিক মাসের শুক্ল পক্ষের একাদশী।
উত্থাপন, (উৎ—স্থাপি=স্থিতি করান+অনট্-ভা) সং, ক্লীং, উত্তোলন। প্রেরণ উপস্থিত করা। ক্ষোভণ।
উত্থাপক, সং, পুং, উত্তোলনকারী, যে উৎসাহিত করে। চালাক।

উত্থাপিত, (উত্থাপন দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, উত্তোলিত। প্রেরিত। প্রবোধিত। ক্ষোভিত। উপস্থাপিত।

উত্থিত, (উদ্+স্থা+ক্ত—ক) বিং, ত্রিং, উৎপন্ন। উদ্যত। উদ্গত। বর্দ্ধিত, বৃদ্ধিপ্রাপ্ত।

উত্থিতাঙ্গুলি, (উত্থিত=বৃদ্ধিপ্রাপ্ত-অঙ্গুলি =আঙুল, ৭মী—হিং) সং, পুং, চপেট, চাপড়। বিস্তৃতাঙ্গুল, করতল।

উৎপত, (উৎ=উর্দ্ধে—পত [পৎ=গমন করা+অল্—ক] যে গমন করে) সং পুং, পক্ষী।

উৎপতন, (উৎ=উর্দ্ধ—পৎ=গমনকরা +অনট্ ভা) সং, ক্লীং, উৎপত্তি। উৎপ্লবন। উত্থান। উর্দ্ধগমন, উড্ডয়ন।

উৎপতিত, (উৎপতন দেখ, ত—ক) বিং, ত্রিং, উত্থিত। উদিত। উদ্গত।

উৎপতিষ্ণু, (উৎপতন=দেখ, ইষ্ণু—ক, শীলার্থে) বিং, ত্রিং, উৎপতনশীল, উর্দ্ধগামী, উৎপতিত।

উৎপত্তি, (উৎ=উপরি—পদ্=গমন করা +তি—ভা) সং,স্ত্রীং, জন্ম। আবির্ভাব। "উৎপত্ত্যৈবার্থং স্বামিত্বাল্লভেত"। মিতাক্ষরা।

উৎপথ, (উৎ=হইতে—পথ পথিন্শব্দজ) সং, পুং; অসৎপথ, কুপথ।

উৎপদ্যমান, (উৎপত্তি দেখ, শান—ক। য, ম—আগম) বিং, ত্রিং, জায়মান, যাহার উৎপত্তি হইতেছে।

উৎপন্ন, (উৎ+পদ+ত—ক। দ, ত= ন্ন) বিং, ত্রিং, জাত, উদ্ভূত। উত্থিত।

উৎপন্নতন্তু, (উৎপন্ন=জাত, তন্তু= সন্ততি, ৬ষ্ঠী=হিং) বিং, ত্রিং, যাহার সন্তান সন্ততি হইয়াছে।

উৎপল, (উৎ=উপরি—পল্=গমনকরা +অ—প্রং,) সং, ক্লীং, পদ্ম। পদ্ম কুমুদাদি জলপুষ্প মাত্র। "কপোলসংসর্পিশিখঃ স তস্যা মুহূর্ত্ত কর্ণোৎপলতাং প্রপেদে"। কুমার।

উৎপলিনী, (উৎপল+ইন্—সমূহার্থে, ঈপ্ স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, পদ্মিনী, পদ্মবন, পদ্মসমূহ। জলপুষ্প বিশেষ।

উৎপলী,—সং, স্ত্রীং, তুষের চাপড়া।

উৎপবন, (উৎ=উপরি ইত্যাদি—পূ =বিশুদ্ধকরা+অনট্ ভা) সং, ক্লীং, কুশদ্বারা জলপ্রোক্ষণ।

উৎপশ্য, (উৎ=উর্দ্ধ—পশ্য [দৃশ্+শ] দর্শন) বিং, ত্রিং, উর্দ্ধমুখ, উর্দ্ধদৃষ্টি বিশিষ্ট।

উৎপাটক, (উৎ+পাট+ণক—ক) বিং, ত্রিং,যে উৎপাটন করে,উন্মূলনকারী।

উৎপাটন, (উৎ=উর্দ্ধ—পাট=গমন করান+অনট্—ভা) সং, ক্লীং, উন্মূলন, উত্তোলন, উপড়ান।

উৎপাটিত, (উদ+পট+ণি+ক্ত—র্ম্ম)। বিং, ত্রিং, উন্মূলিত। উৎখাত। আবর্হিত। উদ্ধৃত।

উৎপাত, (উৎ=অকস্মাৎরূপে—পৎ =গমনকরা+ঘঞ—ভা) সং, পুং, উপদ্রব। প্রাণিদিগের শুভাশুভসূচক মহাভূতবিকার ভূমিকম্প প্রভৃতি। দৌরাত্ম্য। দৈব অমঙ্গল ঘটনা, দৈব নিগ্রহ। উৎপাত ত্রিবিধ, আন্তরীক্ষ্য ভৌম এবং দিব্য, উল্কাপতন প্রভৃতি আন্তরীক্ষ্য উৎপাত। ভূমিকম্পাদি ভৌম উৎপাত এবং চন্দ্রগ্রহণ সূর্য্যগ্রহণ প্রভৃতি দিব্য উৎপাত।

উৎপাতকেতু, সং, পুং, অমঙ্গলচিহ্ন, উল্কাপাত, নির্ঘাত ভূমিকম্প প্রভৃতি।

উৎপাদক, (উৎ—উপরি—পাদি=গমনকরান+অক—ক) বিং, ত্রিং, উৎপত্তিকারক। জনক। "উৎপাদক ব্রহ্মদাত্রো গরীয়ান্ ব্রহ্মদঃ পিতা" স্মৃতি।

উৎপাদন, (উদ+পাদি+অনট্—ভা) সং, ক্লীং, উৎপন্ন করণ, জন্মান।

উৎপাদশয়, (উৎ=উপরি—পাদ=পা— শয়=শয়ন, নিদ্রা) সং,পুং, টিটির পক্ষী।

উৎপাদিকা, (উৎ+পাদ+ণ্বিক+আপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, দেহিকানামক কীট। হিল মোচিকা। পূতিকা।

উৎপাদিত, (উদ্+পাদি+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, জনিত, জন্মান।

উৎপাদ্য, (উদ+পাদি+য—র্ম্ম) বিং, ত্রিং, উৎপাদনযোগ্য, যাহা উৎপাদন করিতে হইবে।

উৎপালী, (উৎ=সম্মুখে—পল্=রক্ষা করা+ঘঞ্—প্রং,। ঈপ্=স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, আরোগ্য, স্বাস্থ্য।

উৎপিঞ্জর, (উৎ= বাহিরে—পিঞ্জর= পিঁজরা) বিং, ত্রিং, পিঞ্জরমুক্ত, বন্ধন মুক্ত। [অতিশয় ব্যাকুল।

উৎপিঞ্জল, (উৎপিঞ্জর দেখ) পিঙ্গল বর্ণ।

উৎপীড়—পুং } উৎপীড়ন—ক্লীং } (উৎ—পীড়= পীড়া দেওয়া+অল্, অনট্—ভা) সং, বাধা। উত্তেজন। ঠেলামারা। ঠাসাঠাসি। প্রবর্ত্তন। আধিক্য, ছাপাছাপি। "পূরোৎপীড়ে তড়াগস্য পরীবাহঃ প্রতিক্রিয়া" উত্তর চরিত। উপদ্রব, পীড়াপীড়ি, ক্লেশ দেওয়া।

উৎপ্রাস, (উৎ—প্র—অস্=ক্ষেপণ করা +ঘঞ—প্রং) সং, পুং, ঈষৎহাস্য। উপহাস।

উৎপ্রেক্ষা—স্ত্রীং } উৎপ্রেক্ষণ—ক্লীং } (উৎ—প্র—ঈক্ষ্ [দেখা] বিতর্ক করা +আ, অনট্=ভা) সং, অর্থালঙ্কার বিশেষ, প্রকৃত বস্তুতে অন্য প্রকার সম্ভাবনা। "সম্ভাবনমথোৎপ্রেক্ষা প্রকৃতস্য সমেন যৎ" কাব্যপ্রকাশ। বিতর্ক। অনুমান। উপেক্ষা। উদ্ভাবন। দর্শন, দেখা। অনবধান।

উৎপ্লবন, (উৎ=ঊর্দ্ধ—প্লবন=লম্ফ) সং, ক্লীং, উল্লম্ফন, লাফান। উন্মজ্জন সন্তরণ, জলের উপরে ভাসা।

উৎপ্লবা, সং, স্ত্রীং, নৌকা।

উৎফাল, (উৎ—ফুল্=চলা+ঘঞ—প্রং। স্—লোপ। উ=আ) সং, পুং, লম্ফ, লাফান।

উৎফুল্ল, (উৎ—ফুল্ল্=বিকসিত হওয়া+অ—ক) বিং, ত্রিং, প্রফুল্ল। বিকসিত।

উৎস, (উন্দ্=আর্দ্র হওয়া+স—সংজ্ঞার্থে) সং, পুং, প্রস্রবণ, পর্ব্বতের ঝরণা, ফোয়ারা।

উৎসঙ্গ, (উৎ—সন্জ্=আলিঙ্গনকরা+ঘঞ—ধি) সং, পুং, ক্রোড়, কোল "সপত্নীতনয়ং দৃষ্ট্বা তমঙ্কারোহণোৎসুকং" বিষ্ণুপুরাণ। উরু। ঊর্দ্ধভাগ। ঊর্দ্ধতল। বিং, ত্রিং, নিঃসঙ্গ, সঙ্গরহিত, উৎসন্ন। নষ্ট। [উৎসঙ্গে স্থাপিত।

উসঙ্গিত, (উৎসঙ্গ+ইত—প্রং) বিং,

উৎসন্ন, (উৎ—সদ্ [গমনকরা] নষ্ট হওয়া+ক্ত—ক। দ্, ত=ন্ন) বিং, ত্রিং, নষ্ট, ধ্বস্ত।

উৎসর্গ—পুং } উৎসর্জ্জন—ক্লীং } (উৎ—সৃজ=ত্যাগ করা+ঘঞ্,অনট্—ভা) সং পরিত্যাগ "তোয়োৎসর্গ দ্রুততরগতিঃ" মেঘদূত। দান। বন্ধন। সামান্য বিধি। সাগ্নিকর্ত্তব্য ক্রিয়াবিশেষ।

উৎসর্পণ, (উৎ=ঊর্দ্ধ—সৃপ্=ধীরে ধীরে গমন করা+অনট্—ভা) সং, ক্লীং, উল্লঙ্ঘন। ঊর্দ্ধগমন। ত্যাগ।

উৎসর্পী, (উৎসর্পিন্, উৎসর্প=ঊর্দ্ধগমন +গিন্—অস্ত্যর্থে)বিং, ত্রিং, ঊর্দ্ধগামী। উল্লঙ্ঘনকারী। [বিশেষ।

উৎসর্পিনী—সং, স্ত্রীং, জৈনদিগের কাল

উৎসব, (উৎ—সু=প্রসব করা+অল্ প্রং। যে সুখ প্রসব করে) সং, পুং, আনন্দজনক ব্যাপার। আনন্দ। ইচ্ছা প্রসব। কোপ। "উৎসবে ব্যসনে চৈব দুর্ভিক্ষে রাষ্ট্র বিপ্লবে। রাজদ্বারে শ্মশানেচ যস্তিষ্ঠতি স বান্ধবঃ"॥ হিতোপদেশ।

উৎসবসঙ্কেত, (উৎসব=আনন্দজনক—সঙ্কেত=অত্যন্ত অনুরাগ বশতঃ স্ত্রী-পুরুষের পরস্পর আহ্বান, ৬ষ্ঠী-হিং। ইহাদের দাম্পত্য নিয়ম নাই, স্ত্রীপুরুষেরা

পরস্পর অনুরক্ত হইলেই, ইহারা স্বেচ্ছা বিহার করিয়া থাকে) সং, পুং, পার্ব্বতীয় জাতিবিশেষ।

উৎসাদন, (উৎ—সদ্+ণিচ [গমন করান] বিনাশ করা+অনট্—ভা) সং, ক্লীং, উদ্বর্ত্তন, সুগন্ধদ্রব্য দ্বারা গাত্র পরিষ্করণ, মলশোধন। বিনাশন। উন্মূলন। আরোহণ। উত্তোলন।

উৎসাদিত, (উৎসাদন দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, উৎপাটিত, বিনাশিত, উন্মূলিত। পরিষ্কৃত, নির্ম্মলীকৃত। আরূঢ়, উত্তোলিত।

উৎসারণ, (উৎ—সৃ+ণিচ=গমন করান +অনট্—ভা) সং, ক্লীং, সরাইয়া দেওয়া, দূরীকরণ। দূরে রাখা।

উৎসারিত, (পূর্ব্ব দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, দূরীকৃত। চালিত। স্থানান্তরিত।

উৎসাহ, (উৎ=অতিশয়—সহ্=সহ্যকরা, +ঘঞ্-ভা) সং, পুং, উদ্যম। উদ্যোগ। অধ্যবসায়। স্থিরযত্ন, কোন কার্য্যে দৃঢ়তর দীর্ঘস্থায়ী যত্ন। বীররসের স্থায়িভাব। হর্ষ। সংরম্ভ। সূত্র, সুতা। যথা "কার্য্যারম্ভেষু সংরম্ভঃ স্থেয়ানুৎসাহ উচ্যতে।২ "গমনে চ কৃতোৎসাহাং প্রতিষেদ্ধুং ন চার্হসি"। "নীতাবিবোৎসাহ গুণেন সম্পৎ"। কুমারসম্ভব।

উৎসাহিত, (উৎসাহ+ইত—অস্ত্যর্থে) বিং, ত্রিং, উত্তেজিত। দত্তোৎসাহ, যাহাকে উৎসাহ দেওয়া হইয়াছে।

উৎসিক্ত, (উৎসেক দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, গর্ব্বিত, উদ্ধত। উপরিভাগেসিক্ত উদ্রিক্ত। বিরক্ত।

উৎসুক, (উৎ—সু [প্রসব করা] ক্বিপ্ প্রং। ক—স্বার্থে) বিং, ত্রিং, ইষ্ট বিষয়ে উদ্যুক্ত, ইচ্ছুক। উৎকণ্ঠিত। প্রিয়, অনুরক্ত। "অয়ং স তে তিষ্ঠতি সঙ্গমোৎসুকঃ। বিশঙ্কসে ভীরু যতোহবধীরণাং"। শকুন্তলা।

উৎসূর, (উৎ+সূর=সূর্য্য, সূর্য্যাস্ত) সং, পুং,সন্ধ্যাকাল। (Twilight)

উৎসৃজন, (উৎ—সৃজ্=ত্যাগ করা+অনট্—ভা) সং, ক্লীং, ত্যাগ। সমর্পণ।

উৎসৃষ্ট, (উৎসৃজন দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, ত্যক্ত, বিসৃষ্ট। দত্ত, নিহিত।

উৎসেক, (উৎ—সিচ্=[সিক্তকরা] গর্ব্ব করা+ঘঞ্—ভা) সং, পুং, গর্ব্ব, অহঙ্কার, দর্প। উদ্রেক। উপরিভাগে জল সেক। উৎপতন।

উৎসেচন,(উৎসেক দেখ,অনট্-ভা) সং, ক্লীং, উপরিসেক। উত্তেজন। ফোটান।

উৎসেধ, (উৎ=উপরি+সিধ্=গমনকরা +ঘঞ্—ভা) সং, পুং, উচ্চতা, ঔদ্ধত্য দেহ। মেদস্বিতা। ক্লীং, বধ। বিনাশ।

উদ্—উৎ; অং, ঊর্দ্ধ। উচ্চতা। ঔদ্ধত্য। বিপরীত। ত্যক্ত। উৎকর্ষ। প্রকাশ। বিভাগ দৌর্ব্বল্য। অস্বাস্থ্য। সামর্থ্য। প্রাধান্য। বন্ধন। মোচন। নৈকট্য।

উদ, উদক, (উন্দ্=আর্দ্র হওয়া, নিপাতন। উদক শব্দ, উদশব্দবৎসাধু, কেহ কেহ বলেন, উদ এবং ক শব্দ যোগে উদক শব্দ নিষ্পন্ন হইয়াছে। এই উভয় শব্দের অর্থ জল। সং,ক্লীং, বারি, জল।

উদক্, (উদচ্ দেখ) অং, উত্তর দিক্ বা কাল। উত্তরাভিমুখ। পরবর্ত্তী।

উদকক্রিয়া (উদক=জল—ক্রিয়া কর্ম্ম, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, প্রেতপ্রীত্যর্থে ঊর্দ্ধতন চতুর্দ্দশ পুরুষের জলদান,তর্পণাদি।

উদকুম্ভ, (উদ=উদকপূর্ণ—কুম্ভ=কলস, য়ং—স। মধ্য-পদ-লোপ) সং, পুং, উদকপূর্ণ কলস।

উদকোদর, (উদক—উদর। ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, উদরীরোগাক্রান্ত। সং, ক্লীং, উদরী। [বিং,ত্রিং,উত্থিত,ঊর্দ্ধদিকে গত।

উদক্ত, (উদ্+অঞ্চ=গমনকরা+ক্ত)

উদক্যা, (উদক=জল+য—যোগ্যতার্থে। যিনি বিশুদ্ধির নিমিত্ত জল ব্যবহার করেন) সং, স্ত্রীং, রজস্বলা, ঋতুমতী স্ত্রী।

উদগদ্রি, (উদক্=উত্তরদিক্—অদ্রি= পর্ব্বত,৭মী—ষ) সং,পুং হিমালয় পর্ব্বত

উদগয়ন, (উদক্=উত্তর দিক্—অয়ন= গমন, ৭মী—ষ) সং, ক্লী°, উত্তরায়ণ।

উদগ্ভুম, পুং } সং, উত্তম মাটী, 'উ-
উদগ্ভুতি স্ত্রীং } র্ব্বরা ভূমি।

উদগ্র, (উৎ=উপরি—অগ্র=শেষ, আগা ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, উন্নত। উদ্ধত। উৎকট। অতি মহৎ। তীব্র। দীর্ঘ উদ্ধৃত। [চর্ম্মপাত্র, কুঁপা।

উদঙ্ক, (উদ্+অঞ্চ—ঘঞ্—ভা) সং, পুং,

উদচ্, উদঞ্চ (উৎ=উপরি—অন্চ=গ মন করা+ক্বিপ্ প্রং) বিং, ত্রিং, উত্ত-রাভিমুখ। ঊর্দ্ধগত।

উদজ, (উদ্=জল+জ [জন+ড] জাত) বিং, ত্রিং, জলজাত পদ্ম প্রভৃতি। (উদ্=ঊর্দ্ধ দিক্+অর্জ=গমনকরা+ ণপ্) সং, পুং, চালিত মেষাদির দল।

উদঞ্চন, (উদ্+অঞ্চ+অনট্—ভা) সং, ক্লীং, ঊর্দ্ধক্ষেপণ,উদ্গমন। আচ্ছাদন। পাত্র, ঢাকুনি।

উদঞ্চিত, (উৎ=উপরি—অন্চ্=গমন-করা, পূজা করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, উৎক্ষিপ্ত। উদ্গত। পূজিত।

উদণ্ডপাল, (উদ্=অনেক+অণ্ড=ডিম্ব+ পাল=যে পালন করে) সং, পুং, মৎস্য বিশেষ। সর্পবিশেষ।

উদধি, (উদ্=জল—ধি [ধা+কি] যে ধারণ করে, ২য়া—ষ) সং, পুং, জলধি, সমুদ্র।

উদধিক্রম, (উদধি+ক্রম=যে গমন করে) সমুদ্র পথচারী, নাবিক।

উদধিমেখলা, (উদধি—মেখলা=কটি-ভূষণ, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, পৃথিবী। "চতুরুদধিমালামেখলায়া ভুবো ভর্ত্তা" কাদম্বরী। [লক্ষ্মী।

উদধিসুতা, (উদধি—সুতা) সং, স্ত্রীং,

উদন্ত, (উৎ=বিভেদক—অন্ত=শেষ) সং, পুং, বার্ত্তা, বৃত্তান্ত, সংবাদ, খবর।

উদন্যা, (উদক+য—ইচ্ছার্থে। ক=ন, আ—ভা) সং, স্ত্রীং, পিপাসা, উদক পানেচ্ছা।

উদন্বান্, (উদন্বৎ, উদক+মৎ—অস্ত্যর্থে ম=ব। ক=ন) সং, পুং, উদধি, সমুদ্র।

উদপান, (উদ্=জল—পান [পা পান করা+অনট্ ধি] পানের স্থান, ৬ষ্ঠী—ষ) সং, পুং,—ক্লীং, কূপ সমীপে চৌবাচ্চা।

উদমাদা, (দেশজ) বিং, নির্ব্বোধ।

উদয়, (উৎ=ঊর্দ্ধ—ই=গমন করা+অল —পা, ধি, ভা। যাহা হইতে সূর্য্যাদির উদয় হয়) সং, পুং, পূর্ব্বপর্ব্বত, উদয়াচল। উৎপত্তি। উত্থান। উঠা। বৃদ্ধি। লাভ। ফলসিদ্ধ। লগ্ন। সৃষ্টি। গ্রহনক্ষত্রাদির আবির্ভাব। আয়।

উদয়ন, (উদয় দেখ, অন—সংজ্ঞার্থে, ভা) সং, পুং, অগস্ত্য। কুসুমাঞ্জলি প্রভৃতি গ্রন্থকারক, উদয়নাচার্য্য। বৎসরাজ। ক্লীং, উত্থান, উদয়।

উদয়াস্ত, (উদয়—অস্ত) সং, ক্লী, উদয় হইতে অস্তপর্য্যন্ত কাল, প্রাতঃকাল হইতে সন্ধ্যা পর্য্যন্ত সময়।

উদয়োন্মুখ, (উদয়—উন্মুখ, ৭মী—ষ) বিং, ত্রিং, উদয়ে উন্মুখ, যাহার উদয় হইবার উপক্রম হইয়াছে।

উদর, (উদ্—উপর—ঋ গমনকরা+অচ্ বা অল্—প্রং। যে উপরে গমন করে কিম্বা আহার দ্বারা স্ফীত হয়) সং, ক্লীং, জঠর, পেট। অভ্যন্তর। (উৎ—দৃ বিদীর্ণ হওয়া, হত্যা করা+অল্—প্রং) যুদ্ধ। উদররোগ। "বাতেনোদরং পূরয়িত্বা"। হিতোপদেশ। "কুসুমমিবক্লিনষ্টং পাণ্ডুপত্রোদরেণ।" শকুন্তলা।

উদরগ্রন্থি, (উদর=তলপেট—গ্রন্থি=গাঁইট,৭মী—ষ) সং,পুং,গুল্মরোগ। প্লীহা।

উদরত্রাণ, (উদর=পেট—ত্রাণ=যে রক্ষা করে) সং,ক্লীং,উদরবন্ধবস্ত্রাদি,কোমরবন্ধ

উদরথি, (উদ্=অবাধে+ঋ=গমনকরা

+অথির্=যে অবাধে গমন করে বা যথায় অবাধে গমনকরা যায়) সূর্য্য।সমুদ্র

উদরপরায়ণ, (উদর—পরায়ণ=অনুরক্ত, ৭মী—ষ) বিং, ত্রিং, পেটুক। উদরিকা।

উদরপিশাচ, (উদর—পিশাচ, ৭মী—য) বিং, ত্রিং, সর্ব্বান্নখাদক, যাহার আহার বিষয়ে ভাল মন্দ, পথ্যাপথ্য বিবেচনা নাই।

উদরম্ভরি, (উদর—ভরি [ভৃ পোষণকরা +খি—ক] যে ভরে) বিং, ত্রিং,আত্মম্ভরি, পেটুক।

উদরশয়, (উদর—শয়=যে শয়ন করে) বিং, ত্রিং, যে উপুড় হইয়া শয়ন করে বা নিদ্রাযায়।

উদরাময়, (উদর=পেট—আময়=পীড়া, ৬ষ্ঠী—ষ) সং, পুং, উদররোগ, পেটের পীড়া। [হিং)সং,পুং, নাভি।

উদরাবর্ত্ত, (উদর—আবর্ত্ত=ঘূর্ণন, ৬ষ্ঠী—

উদরাবেষ্ট, (উদর—আবেষ্ট=যে বেষ্টন করে) কৃমি বিশেষ (Tape worm)

উদরিণী, (উদরিন্+ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, গর্ভবতী।

উদরী, (উদর+ঈ — বিকারার্থে) সং, স্ত্রীং, উদরস্ফীততা, রোগবিশেষ।

উদরী, উদরিল, (উদরিন্, উদর + ইন্, ইলট—অস্ত্যর্থে) বিং, ত্রিং, তুন্দিল, স্থূলোদর। মোটা। ভুঁড়ো।

উদর্ক, (উদ্=অতিশয়—ঋচ = স্তবকরা +ঘঞ্—সংজ্ঞার্থে) সং,পুং, ভাবীফল। ভবিষ্যৎ কাল। লতাবিশেষ।

উদর্চ্চিঃ, (উদর্চ্চিস্—উৎ=উদ্‌গত—অর্চ্চিস্=প্রভা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, প্রজ্বলিত, উদ্‌গতশিখা। সং, পুং,অগ্নি। শিব। কন্দর্প।

উদবসিত, (উদ=জল—বসিত [বস্ আচ্ছাদন করা+ক্ত — র্ম্ম] আচ্ছাদিত। জল নিবারণ জন্য যাহা আচ্ছাদিত হয়, ৪র্থী—ষ) সং,ক্লীং, ভবন, বসতি বাটী।

উদবাস, (উদ+বস+ঘঞ্) সং, পুং, নদী বা পুষ্করিণীর ধারে নির্ম্মিত বাটী। জলে বাস করণ। " সহস্তরাত্রীরুদবাস তৎপরা " কুমার।

উদশ্বিৎ, (উদ=জল—শ্বি=বৃদ্ধিপাওয়া+ক্বিপ্—ক। যে জল দ্বারা বাড়ে, ৩য়া —ষ) সং, ক্লীং, অর্দ্ধজলযুক্ত ঘোল।

উদস্ত, (উৎ—অস্=ক্ষেপণকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, উৎক্ষিপ্ত, ইতস্ততঃ বিক্ষিপ্ত। লজ্জাপ্রাপ্ত।

উদাত্ত, (উৎ=উচ্চ—আত্ত [আ — দা "দানকরা" উচ্চারণ করা+ক্ত — র্ম্ম] উচ্চারিত। যাহা উচ্চ করিয়া উচ্চারণ করা যায়) সং, পুং, উচ্চস্বরবিশেষ। দান। বৃহৎ ঢক্কাবিশেষ। বিং, ত্রিং, দাতা। মহান্। হৃদয়ঙ্গম। প্রিয়। বিখ্যাত। দয়ালু। ক্লীং, অর্থালঙ্কার বিশেষ, অলৌকিক সম্পত্তিবর্ণন, অথবা মহৎ ব্যক্তিদের চরিত যদি প্রস্তুত বিষয়ের অঙ্গ হয়।

উদান, (উৎ—আ—অন্=বাঁচা+অল —ণ। এই বায়ুদ্বারা কথনাদি হয় বলিয়া ইহার দ্বারা বাঁচে) সং, পুং, প্রাণাদি পঞ্চ বায়ুর অন্তর্গত বায়ু বিশেষ। কণ্ঠস্থ বায়ু। নাভি। সর্পবিশেষ।

উদার, (উৎ—আ—ঋ [গমনকরা] দানকরা ইত্যাদি+ঘঞ্—প্রং) বিং, ত্রিং, দাতা। মহাত্মা। উৎকৃষ্ট। গম্ভীর। সরল। মহৎ, উচ্চ।

উদাবর্ত্ত, (উদ্=উপরি—আবর্ত্ত=বাসস্থান) সং, পুং, রোগবিশেষ, মল মূত্র বায়ু রোধক রোগ।

উদাবর্ত্ততা, (উদাবর্ত্ত+তা) সং, স্ত্রীং, রজঃ কৃচ্ছ্রতা(Difficult menstruation

উদাস, (উদ+অস—বিক্ষেপ করা+ঘঞ্) বিং, ত্রিং, উদাসীন। বিরাগী মধ্যস্থ। সং, পুং, বৈরাগ্য।

উদাসিতা } (উদাসিতৃ, উদাস+তৃ
উদাসীন } উদ+আস+শান—ক

বিং, ত্রিং, নিঃসঙ্গ, বৈরাগী, বিষয়বির

হইয়া ধর্ম্মচিন্তায় একান্ত রত। নিঃসম্বন্ধ, নিঃসম্পর্ক। তটস্থ। মধ্যস্থ, যে ব্যক্তি কোন পক্ষেই লিপ্ত নয়। সপক্ষ, বিপক্ষ রহিত।

উদাস্থিত, (উদ্=উপরি—আ — স্থা= থাকা+ক্ত-র্ম্ম) সং, পুং, চর। দ্বারপাল। অধ্যক্ষ। বিং, ত্রিং, উপরি স্থাপিত।

উদাহরণ—ক্লীং, } (উদ্— আ—হৃ=
উদাহার—পুং } আহরণ করা+ অনট্—ঘঞ্-ভা) সং, ক্লীং, দৃষ্টান্ত। নিদর্শন। বর্ণন। উল্লেখ। প্রকৃত বিষয়ের সমর্থক কথা প্রসঙ্গ। প্রয়োগ প্রদর্শন। কথা প্রসঙ্গ। সন্দর্ভ।

উদাহৃত, (উদ+আ+হৃ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, কথিত। দৃষ্টান্তরূপে কথিত। উচ্চারিত। বর্ণিত। উল্লিখিত। উপযুক্ত।

উদিত, (উদ্=উপরি—ইত [ই+ক্ত] গত—প্রং) বিং, ত্রিং, উদ্গত উৎপন্ন। উন্নত, দীর্ঘ। কথিত। উত্থিত। ধৃত, প্রাদুর্ভূত। বদ্ধ। ক্লীং, লগ্ন। (বদ্= বলা+ত--র্ম্ম) উক্ত।

উদিতোদিত, (উদিত [ধর্ম্ম এবং বিধি কর্ত্তৃক] কথিত — উদিত [উত্থিত] বিখ্যাত) বিং, ত্রিং, শাস্ত্রজ্ঞ।

উদীক্ষণ, (উদ্—ঈক্ষণ=দর্শন) সং, ক্লীং, উদ্বীক্ষণ, দর্শন। প্রতীক্ষা।

উদীচী, (উদচ্ দেখ, ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, উত্তরদিক্।

উদীচীন, (উদচ্+ঈন—ইদমর্থে) বিং, ত্রিং, উত্তরদিক্ সম্বন্ধীয়।

উদীচ্য, (উদীচী+য—ভবার্থে) বিং,ত্রিং, উত্তর দেশীয়। সং, পুং, সরস্বতীনদীর উত্তর পশ্চিমস্থ দেশ। "উদাচ্যাশ্চ প্রতীচ্যাশ্চ দক্ষিণাত্যাশ্চ কেবলাঃ। কোট্যাঃ পরান্তাঃ সমুদ্রা রত্নান্যুপহরন্তু তে।"

উদীচ্যবৃত্ত, (Arctic Circle) উত্তর মেরুর ২৩॥০ অংশ দক্ষিণে যে অক্ষরেখা আছে।

উদীচেতরবৃত্ত, (Antarctic Circle) দক্ষিণ মেরুর ২৩॥০ অংশ উত্তরে যে অক্ষরেক্ষা আছে।

উদীরণ, (উদ্=উপরি—ঈর্=গমনকরা ইত্যাদি+অনট্—ভা) সং, ক্লীং, উচ্চারণ, বিজৃম্ভণ। উদ্দীপন। প্রেরণ। উৎপত্তি। কথন।

উদীরিত, (উদ্+ঈর+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, উচ্চারিত, কথিত।

উদীর্ণ, (উদ্=উপরি—ঋ=গমনকরা+ ক্ত—ক) বিং, ত্রিং, উদ্গত। উদ্ধত। উদ্দীপ্ত। উদ্রিক্ত। উৎকট, প্রবল।

উদীর্য্য, (উৎ+ঈর—য—র্ম্ম) বিং, ত্রিং, কথনীয়, বক্তব্য। বলিবার যোগ্য।

উডুম্বর, (উডুম্বর দেখ) সং, পুং, কুষ্ঠ রোগ বিশেষ। ক্লীব। বারাণ্ডা। ডুমুর, যুক্ত ডুমুর গাছ। ক্লীং, তৎফল। তাম্র।

উদূখল, (উদ্=উপরি—খ= আকাশ+ লা+ড) সং, পুং—ক্লীং, ধান্যাদি কণ্ডনার্থ কাষ্ঠনির্ম্মিত পাত্রবিশেষ, উখলি।

উদূঢ়, (উদ্=উপরি—বহ্=বহন্ করা+ ক্ত—র্ম্ম। নিপাতন) বিং, ত্রিং, ধৃত, বাহিত। বিবাহিত, উঢ়। স্থূল। উন্নত, অতিরিক্ত।

উদেজর, (উদ্—এজ=কাঁপা+শর) বিং, ত্রিং, কম্পিত। [গত, উত্থিত।

উদ্গ, (উদ্+গম+ড) বিং, ত্রিং, উর্দ্ধ-

উদ্গত, (উদ্=পরি—গত=যে গিয়াছে) বিং, ত্রিং, উত্থিত। উৎপন্ন। উদিত।

উদ্গতা, সং, স্ত্রীং, ছন্দোবিশেষ।

উদ্গম, (উদ্=উপরি—গম=গমন) সং, পুং, উত্থান। উৎপত্তি। উদয়, উঠা।

উদ্গমনীয়, (উদ্=উপরি—গম্ = গমন করা+অনীয়—প্রং) সং, ক্লীং, ধৌত বস্ত্রযুগল। "গৃহীতপত্যুদ্গমনীয়বস্ত্রা" কুমার। বিং, ত্রিং, সাদরে গ্রহণযোগ্য।

উদ্গাঢ়, (উদ্=অতি—গাঢ়=অতিশয়) ক্রিং—বিং, অতিশয়, অধিক, অতিমাত্র।

উদ্গাতা, (উদ্গাতৃ=উদ্=উচ্চ—গাতা=যে গান করে) সং,পুং,সামবেদ পাঠক। বিং,ত্রিং, উচ্চৈঃস্বরে যে গানকরে।

উদ্গার—পুং } (উদ্=উপরি-গৄ=ভো-
উদ্গারণ—ক্লীং } জনকরা+ঘঞ্, অনট্—ভা) সং, উচ্চারণ। বমন। নিঃসরণ। মুখ দ্বারা বায়ু নির্গম।

উদ্গীত, (উদ্=উচ্চ--গীত) বিং, ত্রিং, উচ্চৈঃস্বরে গীত।

উদ্গীত, (উদ্—গীতি=ছন্দোবিশেষ) সং, ক্লীং, আর্য্যাছন্দোবিশেষ। উচ্চৈঃস্বরে গান।

উদ্গীথ, (উদ্=উচ্চ—গৈ=গানকরা+থক্—সংজ্ঞার্থে) সং, পুং, সামবেদের অংশবিশেষ। যথা"ভূয়াংস উদ্গীথবিদো বসন্তি" উত্তরচরিত।

উদ্গীর্ণ, (উদ্+গৄ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বমিত, ব্যস্ত। উচ্চরিত। উত্থিত। অনুরঞ্জিত। অনুবিদ্ধ। প্রতিবিম্বিত। নির্গত। উৎসৃষ্ট।

উদ্গূর্ণ, (উদ্=উপরি—গুর্=উত্তোলনকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, উত্তোলিত, উছাঁন। উদ্যত। উত্তেজিত।

উদ্গ্রথিত, (উদ্—গ্রন্থ=গাঁথা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ঊর্দ্ধে সংযত, উপরিভাগে বদ্ধ। [গ্রহণ, প্রত্যুত্তর দান।

উদ্গ্রাহ, (উদ্+গ্রহ্+ঘঞ্) সং, পুং,

উদ্গ্রাহিত, (উদ্=উপরি—গ্রাহিত=নীত) বিং, ত্রিং, বদ্ধ। আক্রান্ত। অন্তঃকরণে অর্পিত। উপন্যস্ত। প্রত্যায়িত। গ্রাহিত।

উদ্ঘ, (উদ্=অধিক আঘাত করা হন+ঘঞ্) সং, পুং, সুখ, উৎকর্ষ, করপুট। বহ্নি, বায়ু। প্রশংসা। বিং, ত্রিং, প্রকাণ্ড। প্রশস্ত।

উদ্ঘট্টন, (উদ্=উপরি—ঘট্টন=সংযোগ) সং, ক্লীং, আঘাত, প্রহার, ধাক্কা মারা। উন্মোচন।

উদ্ঘট্টিত, (উদ্=উপরি—ঘট্টিত=সংযোজিত)বিং,ত্রিং,আহত। উন্মোচিত।

উদ্ঘন, (উদ্=উপরি—হন=বধকরা+অধি) সং, পুং, যাহার উপর কাষ্ঠ রাখিয়া সূত্রধারেরা কর্ম্মকরে। পরকাঠ।

উদ্ঘর্ষণ, (উদ্=উপরি—ঘর্ষণ=ঘষা) সং, ক্লীং, উপরি ঘর্ষণ, গাত্রাদি মার্জ্জন।

উদ্ঘস, (উদ্—অদ=ভক্ষণ করা+অল্র্ম্ম। অদ=ঘস। যাহা ভক্ষিত হয়) সং, ক্লীং, মাংস।

উদ্ঘাট, (উদ্+ঘট=চেষ্টা করা+ঘঞ্—ভা) সং, পুং, রাজস্ব গ্রহণ স্থান, কৃত ঘাট। চৌকিরঘর, থানা।

উদ্ঘাটক, (উদ্+ঘট+নক—ক) বিং, ত্রিং, উন্মোচন কারী। উত্তোলনকারী। উল্লেথক। প্রকাশক। সং, পুং,—ক্লীং, কূপ হইতে জল তুলিবার যন্ত্র বিশেষ। ঘটী।

উদ্ঘাটন, (উদ্—ঘাটি [চেষ্টাকরা] তুলা ইত্যাদি+অনট্—ণ, ভা) সং, ক্লীং, কূপের জল তুলিবার জন্য রজ্জুসহিত চর্ম্মপাত্র। উন্মোচন। উত্তোলন। উন্মোচনসাধন দ্রব্য। উল্লেথ। প্রকাশ করা।

উদ্ঘাটিত, (উদ্ঘাটন দেখ, ত—র্ম্ম) বিং,ত্রিং,উন্মোচিত, উত্তোলিত, কৃতোদ্ঘাটন, খোলা। প্রকাশিত।

উদ্ঘাটিতজ্ঞ, (উদ্ঘাটিত+জ্ঞ [জ্ঞা+ক] যে জানে) বিং, ত্রিং, বুদ্ধিমান্, প্রাজ্ঞ।

উদ্ঘাটিতাঙ্গ, (উদ্ঘাটিত+অঙ্গ=শরীর) বিং, ত্রিং, বুদ্ধিমান্। বিবস্ত্র। উলঙ্গ।

উদ্ঘাত, (উৎ—হন=বধকরা+ঘঞ্—ণ, ভা) সং, পুং,শস্ত্রবিশেষ। প্রতিঘাত। যথা" উদ্ঘাতিনী ভূমিরিতি রথস্য মন্দীভূতোবেগঃ" শকুন্তলা। বাধা। উপক্রম। গ্রন্থ পরিচ্ছেদ, পাদস্খলন, পবনাভ্যাস যোগের নিমিত্ত কুম্ভকাদিত্রয়। উত্তুঙ্গ। মুদ্গর। বিং, ত্রিং, উত্তুঙ্গ। উন্নত। অধ্যায়। আরম্ভ যথা "উদ্ঘাত প্রণবো যাসাং ন্যাসাং

ত্বং প্রভবো গিরাং" কুমার সম্ভব। উল্লেখ। নিদর্শন।

উদ্‌ঘাত্যক, (উৎ—ঘাতি=বধ করান+য—ক) সং, পুং, প্রস্তাবনা বিশেষ।

উদ্‌ঘুষ্ট, (উদ্+ঘুষ শব্দকরা+ক্ত র্ম্ম) বিং, ত্রিং, শব্দিত।

উদ্দংশ, (উদ্=অধিক—দংশ [দন্‌শ্ দংশন করা+অল্-ক] যে দংশন করে) সং, পুং, কেশকীট, উকুন। মৎকুন।

উদ্দণ্ডপাল, (উদ্+দণ্ডপাল=শাস্তি-দাতা) পুং, সর্পবিশেষ। মৎস্য বিশেষ। রাজা, শাসনকর্ত্তা।

উদ্দন্তুর, (উদ্=উচ্চ, লম্বা—দন্তুর=বৃহৎ দন্তবিশিষ্ট, য়ং—স) বিং, ত্রিং, ভীষণ দন্ত। উত্তুঙ্গ, উন্নত, ভীষণ। উৎকট।

উদ্দান, (উদ্=বিরুদ্ধ—দা=দানকরা, ছেদন করা+অনট্—ভা) সং, ক্লীং, চুল্লী। বাড়বাগ্নি। বন্ধন। বশীকরণ। মধ্যদেশ।

উদ্দাম, (উদ্—দম [বশীভূত করা] মুক্ত হওয়া+ঘঞ্—ক) বিং, ত্রিং, উৎকট। বন্ধন রহিত; স্বতন্ত্র, স্বেচ্ছাবিহারী। মহান্, যথা উদ্দাম দন্তুর বিধুস্তুদদন্ত-ঘাতৈঃ" প্রব্রজ্যা। নদত্যাকাশগঙ্গায়াং শ্রোতস্যুদ্দামদিগগজে" রঘুবংশ।

উদ্দামেন, দ্বিরদপতিনা সন্নিপত্যাভিযুক্তঃ উত্তরারিত। পুং, বরুণ।

উদ্দাল }
উদ্দালক } সং, পুং, বহুবারক বৃক্ষ।

উদ্দিন, (উৎ+দিন) সং, ক্লীং, মধ্যাহ্ন কাল। প্রতিদিন।

উদ্দিষ্ট, (উদ্—দিশ-ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অভিপ্রেত। উপদিষ্ট। কথিত। যাহার অনুসন্ধান করা হইয়াছে। প্রতিভাত লক্ষীকৃত।

উদ্দীপক, (উদ্=অধিক—দীপক [দীপ-+ণক] যে দীপ্ত করে) বিং, ত্রিং প্রকাশক উত্তেজক। উদ্দীপন কর্ত্তা।

উদ্দীপন, (উদ্=অধিক—দীপ্ দীপ্ত করা +অনট্ ভা) সং, ক্লীং, না—স্ত্রীং, উত্তেজন, উসকে দেওয়া। দীপ্তকরণ। প্রকাশকরা। প্রজ্জ্বলন। বর্দ্ধিত করণ। বিভাভ বিশেষ যথা"আলম্বনোদ্দীপনা-খ্যৌ তস্য ভেদাবুভৌ স্মৃতৌ। উদ্দীপন বিভাবাস্তেরসমুদ্দীপয়ন্তিযে ॥ সাহিত্য দর্পণ।

উদ্দীপন-বিভাব, সং, পুং, রসের উদ্দী-পক বিভাব যথা—নায়কাদির চেষ্টা (রূপ ভূষণাদি) ও চন্দ্র চন্দন কোকি-লালাপ ভ্রমর ঝঙ্কার প্রভৃতি।

উদ্দীপিত, (উদ্দীপন দেখ,ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, উত্তেজিত। প্রজ্জ্বলিত। প্রদীপ্ত। প্রকাশিত। বর্দ্ধিত।

উদ্দীপ্ত, (উদ=অধিক—দীপ্ত প্রকাশিত) বিং, ত্রিং, জ্বলিত, প্রকাশিত,।

উদ্দীপ্র, (উৎ+দীপ=দীপ্ত পাওয়া+ রক্) ক্লীং, গুগ্‌গুল্।

উদ্দেশ, (উৎ—দিশ্ [দানকরা, বলা] লক্ষ্য করা ইত্যাদি+অল্—ভা) সং, পুং, লক্ষ্য। প্রদেশ। অনুসন্ধান, অন্বে-ষণ। অভিসন্ধি, অভিপ্রায়।

উদ্দেশ্য, (উৎ+দিশ+য—র্ম্ম) বিং, ত্রিং, লক্ষ্য। অভিপ্রেত। প্রয়োজনীয়।

উদ্দেহিকা, সং, স্ত্রীং, কীটবিশেষ।

উদ্দ্যোত, (উদ্—দ্যুৎ=দীপ্তি পাওয়া+ অ—ভা) সং, পুং, প্রকাশ। আলো।

উদ্দ্রাব, (উদ্=উপরি—দ্রু=গমন করা+ ঘঞ্—ভা) সং, পুং, পলায়ন প্রস্থান।

উদদ্রুত, (উদ্দ্রাব দেখ, ক্ত—প্রং) বিং, ত্রিং, পলায়িত। চলিত। আরূঢ়।

উদ্ধত (উৎ=উপরি—হন্=গমনকরা+ ক্ত—ক) বিং, ত্রিং, উৎকট। অবিনীত। ধৃষ্ট, দুরন্ত। উৎক্ষিপ্ত। অহঙ্কৃত।

উদ্ধতি, (উদ্ধত দেখ, ক্তি—ভা) সং, স্ত্রীং, উৎপতন। ঔদ্ধত্য। ধৃষ্টতা।

উদ্ধরণ, (উৎ=উপরি—ধৃ=লওয়া+অনট —ভা,) অথবা—হরণ হৃধাতুজ) সং, পুং, ক্লীং, উত্তোলন। উন্মূলন। মুক্তি

ঋণশোধ। বমন। বান্তান্ন। "স বন্ধুর্যো বিপন্নানামাপদুদ্ধরণক্ষমঃ"।

উদ্ধর্ষ, (উদ্=অধিক—হর্ষ=সুখ, আনন্দ) সং, পুং, উৎসব। ধর্ম্মার্থ উৎসব। পরমানন্দ।

উদ্ধর্ষণ, (উদ্=অধিক—হর্ষি=হৃষ্টহওয়া অনট্—ভা) সং ক্লীং, রোমাঞ্চ। লোমহর্ষণ।

উদ্ধব, (উৎ—ধু [অনুভবকরা] আনন্দকরা+ঘঞ্-ধি, অথবা—হব হুধাতুজ সং, পুং, উৎসব, আনন্দজনক কর্ম্ম। যজ্ঞাগ্নি। কৃষ্ণের সখা। বিশ্রামদিন "বৃষ্ণীণাং সম্মতো মন্ত্রী কৃষ্ণস্য দয়িতঃ সখা। শিষ্যো বৃহস্পতেঃ সাক্ষাৎ উদ্ধবো বুদ্ধিসত্তমঃ"।

উদ্ধান, (উদ—ধা=ধারণ করা+অনট্ ভা) সং, ক্লীং, চুল্লী, উনান। বিং, ত্রিং, উদ্গত। বমিত।

উদ্ধান্ত, (উৎ+ধ্মা=শব্দকরা+ক্ত) বিং, ত্রিং, বমিত, উদ্বান্ত পুং, নির্ম্মদ হস্তী।

উদ্ধার, (উদ্=উপরি—ধৃ=লওয়া+ঘঞ্—ভা, বা—হার হৃধাতুজ) সং, পুং, উত্তোলন। মোচন, পরিত্রাণ। ঋণ। কুসীদশূন্য ঋণ। অংশ। ক্লীং, উনন আকা। রা=স্ত্রীং, লতাবিশেষ। গুড়ূচী।

উদ্ধারণ, (উদ্+ধৃ+ণিচ্+অনট্-ভা) সং, ক্লীং, উত্তোলন, বিভজন, উদ্ধার করণ।

উদ্ধুর, (উদ্—ধুর্=ভার=৬ষ্ঠী—হিং,) বিং, ত্রিং, দৃঢ়। গুরু। ভার যুক্ত।

উদ্ধূত, (উদ—ধূ [কাঁপা] উঠান ইত্যাদি+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, উৎপাটিত। উত্থাপিত,। উৎখাত। নিরস্ত। উৎকম্পিত। উৎক্ষিপ্ত। যথা "পূনানং, পবনোদ্ধূতৈর্ধুমৈরাহুতি গন্ধিভিঃ"। রঘুবংশ এলাচ লবঙ্গ কর্পূর কস্তূরী মরিচপ্রভৃতির ছালএকত্রে চূর্ণ। উৎক্ষেপন। কম্পন

উদ্ধূনন, (উদ্ধূত দেখ, অনট্-ভা) সং, ক্লীং,

উদ্ধূষণ, (উদ=উপরি—ধূষ্=ভূষিত হওয়া+অনট ভা) সং, ক্লীং, রোমাঞ্চ।

উদ্ধৃত, (উৎ+ধৃ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, উত্তোলিত। মোচিত। কৃতোদ্ধরণ তোলা, উঠাইয়া দেওয়া, বিভক্ত। বিশেষিত। উৎক্ষিপ্ত, পরিভুক্তোদ্বমিত বমিত

উদ্ধ্মান, (উদ—ধ্মা=অগ্নি সংযোগ তাওয়ান+অনট্ ভা) সং, ক্লীং, চুল্লী, উনান। মহানস।

উদ্ধ্য, (উদ্ঝ=গমন করা+ক্যপ্—সংজ্ঞার্থে) সং, পুং, নদ, তরঙ্গযুক্তনদী।

উদ্বদ্ধ, (উদ্=উপর, বৈপরীত্য—বন্ধ বন্ধন করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, উর্দ্ধেবদ্ধ। টাঙ্গান। বন্ধম ভ্রষ্ট।

উদ্বন্ধন, (উদ=উপর, বৈপরীত্য—বন্ধন) সং, ক্লীং, গলায় দড়ি দেওয়া। বন্ধনভ্রংশ, খুলিয়া পড়া।

উদ্বাহু, (উদ=উদ—বাহু, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, উর্দ্ধবাহু। যথা, "প্রাংশুলভ্যে ফলে লোভাদুদ্বাহুরিব বামনঃ।

উদ্বুদ্ধ, (উদ—বুদ্ধ [জ্ঞাত] প্রকাশিত) বিং, ত্রিং, বিকসিত প্রস্ফুটিত। প্রবুদ্ধ। উদিত। অনুস্মৃত।

উদ্বোধ, (উদ্—বোধ=জ্ঞান) সং, পুং, কিঞ্চিৎ জ্ঞান। সংস্কারোদ্দীপন, স্মারক বস্তু দর্শনে বিস্মৃত বিষয়ের পুনরুপস্থিতি। স্মরণ, জাগরণ।

উদ্বোধক, (উদ্—বোধক=জ্ঞাপক) বিং, ত্রিং, প্রকাশক, জ্ঞাপক। উদ্দীপক।

উদ্বোধন, (উদ্—বোধি=জানান+অনট্—ভা) সং, ক্লীং, জাগরিত করিয়া দেওয়া, মনে করিয়া দেওয়া। বিং, ত্রিং, যদ্দ্বারা উদ্বোধ জন্মে।

উদ্ভট, (উদ্=উচ্চ—ভট্=ইচ্ছাকরা+অল্—ক। যাহার উচ্চ মন) বিং, ত্রিং, উৎকট। প্রবর। প্রসিদ্ধ। উদার, মহাশয়। শ্রেষ্ঠ। যথা "পদে পদে সন্তি ভটা রণোদ্ভটা" নৈষধ। গ্রন্থবহির্ভূত। পুং, কচ্ছপ। সূর্য্য। [সং, পুং, জন্ম, উৎপত্তি।

উদ্ভব, (উদ্—ভূ=হওয়া+অল্—ভা)

উদ্ভাবন, (উদ্=উপরি—ভাবন=চিন্তা

দর্শন) সং, ক্লীং, কল্পনা। উৎপাদন। উন্নয়ন। কথন। অজ্ঞাত বিষয় প্রকাশ করা অমনোযোগ চিন্তন। অশ্রদ্ধা।

উদ্ভাবিত, (উদ্=উপরি-ভাবিত=চিন্তিত) বিং, ত্রিং, কল্পিত। যে বিষয়ের উদ্ভাবন হইয়াছে। চিন্তিত। কথিত। অনাদৃত।

উদ্ভাসিত, (উদ্—ভাস্=দীপ্তিপাওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, শোভিত। দীপ্ত। আলোকিত।

উদ্ভিজ্জ, উদ্ভিদ, উদ্ভিদ্, (উদ্ভিদ্ [উদ্=ঊর্দ্ধ—ভিদ্=ভেদকরা+ক্বিপ্—ভা]উদ্ভেদন—জ=যে জন্মে। যে উদ্ভিদ্ হইতে জন্মে, ৫মী— ষ। —উদ্=ঊর্দ্ধ—ভিদ, =যে ভেদ করে) বিং, ত্রিং, তরুলতা গুল্মাদি, যাহা ভূমি ভেদ করিয়া জন্মে। উদ্ভিজ্জাঃ স্থাবরাঃ সর্ব্বে বীজকাণ্ড প্ররোহিণঃ। তৈষাং খল্বেষাং ভূতানাং ত্রীণ্যেব বীজানি ভবন্তি অণ্ডজং জীবজমুদ্ভিজ্জমিতি। ভিত্ত্বা তু পৃথিবীং যানি জায়ন্তে কালপর্য্যয়াৎ। উদ্ভিজ্জানি চ তান্যাহুর্ভূতানি দ্বিজসত্তমাঃ।— (ভূতানি) জরায়ুজাণ্ডজাতানিস্বেদজান্যুদ্ভিদানি” চ — “অঙ্কুরোঽভিনবোদ্ভিদি” ।— উদ্ভিদস্তরুগুল্মাদ্যাঃ ক্লীং, পাংশুলবণ, পাঙালুণ।

উদ্ভিজ্জপ্রদেশ, (Botanical Region)সং, পুং,যে প্রদেশে যে জাতীয় বৃক্ষাদিজন্মে।

উদ্ভিজ্জাণু, (উদ্ভিজ্জ—অণু) সং, পুং, চক্ষুর অগোচর ক্ষুদ্র উদ্ভিজ্জ।

উদ্ভিদ-বিদ্যা. (Botany) সং, স্ত্রীং, তরু গুল্মাদির অবয়ব সংস্থান, প্রত্যেক অবয়বের কার্য্য, উৎপত্তিস্থান, জাতি বিভাগ ইত্যাদি যে শাস্ত্রে নির্ণীত আছে।

উদ্ভিদ-সংবিভাগ ; সং, পুং, তরুগুল্মাদির জাতি বিভাগ। (classification)

উদ্ভিন্ন,(উদ্=উপরি—ভিদ+ক্ত ভেদিত) বিং, ত্রিং, প্রকাশিত। অঙ্কুরিত। যথা “বিদূরভূমির্নবমেঘশব্দাদুদ্ভিন্নয়া রত্নশলাকয়েব” কুমারসম্ভব। ভেদ করিয়া উঠা।

উদ্ভূত, (উদ্+ভূ+ক্ত—ক) বিং, ত্রিং, জাত, উৎপন্ন যথা “ শোকপাবকমুদ্ভূতং কর্ম্মনৈতেন নাশয়” মহাভারত। প্রত্যক্ষযোগ্য।

উদ্ভূতরূপ ; সং, ক্লীং, নয়নগোচররূপ যথা “উদ্ভূতরূপং নয়নস্য গোচরং দ্রব্যানি তদ্বন্তি পৃথকৃত্বসংখ্যা” । ভাষা পরিচ্ছেদ।

উদ্ভেদ, (উদ্=উপরি—ভেদ = ভেদন) সং, পুং, আবিষ্কার। উৎপত্তি। প্রকাশ। উদ্গম। রোমাঞ্চ। স্ফুরণ।

উদ্ভ্রম. (উদ্=অধিক-ভ্রম্=ভ্রমণকরা+অল্-ভা) সং,পুং, উদ্বেগ। বুদ্ধিলোপ। দুঃখকরা। অনুতাপ, ঊর্দ্ধভ্রমণ। ঘূর্ণন।

উদ্ভ্রান্ত, (উদ্=অতিশয়—ভ্রান্ত=ঘূর্ণিত) বিং, ত্রিং, আঘূর্ণিত। পরিভ্রান্ত। ভ্রান্ত, উদ্বিগ্ন। ক্লীং, বাহু উত্তোলন করিয়া মণ্ডলাকারখড়্গচালন,তলোয়ার খেলা। “ মাঘে কৃষ্ণচতুর্দ্দশ্যামাদিদেবো মহানিশি। শিবলিঙ্গতয়োদ্ভূতঃ কোটিসূর্য্য সমপ্রভঃ” ॥ তিথ্যাদিতত্ব।

উদ্যত, (উদ্=বিপরীত— যম্ = বিরত হওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, উদ্যুক্ত। প্রবৃত্ত। পরিশ্রমী, উত্থিত। উত্তোলিত। পুং, গ্রন্থের পরিচ্ছেদ।

উদ্যম, (উদ্ = যম—ঘঞ্—ভা) সং, পুং, উদ্যোগ। উৎসাহ। অধ্যবসায়। উত্থান। যথা উদ্যমেন হি সিধ্যন্তি কার্য্যাণি ন মনোরথৈঃ।”

উদ্যান, (উদ্=ঊর্দ্ধ—যা=যাওয়া+অনট্—ধি) সং, ক্লীং, উপবন, ক্রীড়াবন। যথা “ব্যাবৃত্তগতিরুদ্যানে কুসুমস্তেয়সাধ্বসাৎ”কুমার। নিঃসরণ। প্রয়োজন।

উদ্যানপাল, (উদ্যান—পাল=যে রক্ষাকরে) বিং, ত্রিং, উদ্যানরক্ষক, মালী। যথা “ উদ্যানপালসামান্যমৃতবস্তমুপাসতে ” কুমার সম্ভব।

উদ্যাব, (উদ্+যু=মিশ্রকরা+ঘঞ্) সং, পুং, মিশ্রণ, সংযোজন।

উদ্যাপন, (উদ্‌—যাপি=যাওয়ান+অনট্‌—ভা) সং, ক্লীং, সঙ্কল্পিতব্রতাদি সমাপন।

উদ্যুক্ত, (উদ্‌—যুজ্‌ [যোগকরা] উদ্যত হওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, উদ্যোগ-বিশিষ্ট, উদ্যম যুক্ত, উৎসাহান্বিত, যত্নবান, চেষ্টিত।

উদ্যোগ, (উদ্‌+যুজ+ঘঞ্‌—ভা) সং, পুং, চেষ্টা। আয়োজন। উদ্যম। যত্ন। উৎসাহ। অধ্যবসায়।

উদ্যোগী, (উদ্যোগিন্‌=উদ্যোগ+ইন্‌-অস্ত্যর্থে) বিং, ত্রিং, উদ্যোগ বিশিষ্ট। যত্নশীল। উৎসাহী। উদ্যোগিনম্‌ পুরুষসিংহমুপৈতি লক্ষ্মী দৈবেন দেয়মিতি কাপুরুষা বদন্তি।” হিতোপদেশ।

উদ্যোত, সং, পুং, আলোক, জ্যোতি।

উদ্র, (উন্দ্‌=আর্দ্র হওয়া+রক্‌—সংজ্ঞার্থে) সং, পুং, জলজন্তু বিশেষ, উদ্বিড়াল, জলমার্জ্জার।

উদ্রঙ্ক } উদ্রঙ্গ } (উদ্‌+দ্রঙ্ক—ঙ্গ = নগর, দ লোপ) সং, পুং, কল্পিতনগর বিশেষ। হরিশ্চন্দ্রপুর।

উদ্রথ, (উদ্‌=উদ্গত—রথ, ৫মী—হিং) সং, পুং, রথকীলক (রথতুল্য পক্ষ যাহার, ৬ষ্ঠী—হিং) কুক্কুট, তাম্রচূড়পক্ষী।

উদ্রাব, (উদ্‌+রু=শব্দকরা+ঘঞ্‌) সং, পুং, চীৎকার।

উদ্রিক্ত, (উদ্‌+রিচ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, উত্থিত। উত্তেজিত। বর্দ্ধিত। স্ফুট। স্পষ্ট।

উদ্রেক, (উদ্‌—রিচ্‌ [বিযুক্ত হওয়া] উঠা ইত্যাদি+ঘঞ্‌—ভা) সং, পুং, উত্থান। উত্তেজন। বৃদ্ধি। উপক্রম। আরম্ভ যথা “গতো ভক্ত্যুদ্রেকঃ পরিণতিমসৌ চক্রবপুষাত্রয়াণাং রক্ষায়ৈ ত্রিপুরহর জাগর্ত্তি জগতাং” মহিম্নস্তোত্র। “অধুনৈববকুরঙ্গাক্ষি জহার জগতাং মনঃ ন জানে যৌবনোদ্রেকে জীবনস্থাপিকাগতিঃ” উদ্ভট। স্ত্রীং, মহানিম্ব।

উদ্বমন, (উদ্‌—বমন=ন্যক্কার) সং, ক্লীং, উদ্গীরণ, বমি করা। তুলিয়া ফেলা।

উদ্বর্ত্ত, (উদ্‌+বৃত—অল্‌—ভা) সং, পুং, অতিরেক, আধিক্য। বিং, ত্রিং, অতিরিক্ত, উব্‌রণ, বাড়া। ব্যয়বিশিষ্ট।

উদ্বর্ত্তন, (উদ্‌—বৃৎ [হওয়া] লেপনকরা ইত্যাদি+অনট্‌—ভা) সং, ক্লীং, গন্ধাদি দ্বারা বিলেপন। শরীর নির্ম্মলীকরণ। গন্ধদ্রব্যাদি। পাণ্টান। উৎপতন। গাত্রমার্জ্জন। ঘর্ষণ।

উদ্বর্দ্ধন, সং, ক্লীং, অন্তর্হাস।

উদ্বর্হিত, বিং, ত্রিং, উদ্ধৃত।

উদ্বহ, (উদ্‌=দূরতর—বহ=যে বহনকরে যে একের নাম ইত্যাদি বহন করে) সং, পুং, সন্তান। বর। নায়ক। সপ্তবায়ু অন্তর্গত বায়ু বিশেষ। হা—স্ত্রীং, কন্যা, পুত্রী। বিং, ত্রিং, উৎপাদক, জনক।

উদ্বহন, (উদ্‌+বহ—অনট্‌—ভা) সং, ক্লীং, বিবাহ। বহন।

উদ্বান্ত, (উদ্‌—বম্‌=বমনকরা+ত—র্ম্ম) বিং, ত্রিং, বমিত, কৃতবমন। উদ্গীর্ণ। উদ্গত। সং, পুং, মদহীন গজ।

উদ্বাসন, (উদ=বাহিরে—বাসি=বাসকরা+অনট্‌—ভা) সং, ক্লীং, বিসর্জ্জন। মারণ, বধ।

উদ্বাহ, (উদ্‌=উপরি—বহ=বহনকরা+ঘঞ্‌-ভা) সং, পুং, বিবাহ। পরিণয়। ভার্য্যাত্ব, সম্পাদক গ্রহণ।

উদ্বাহনী, (উৎ=উপরি—বাহি=যত্ন করান+অনট্‌—ভা। ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, বরাটক, কড়ী।

উদ্বাহিত, (উদ+বহ+ণিচ+ক্ত ভা) বিং, ত্রিং, পরিণীত, বিবাহিত। উদ্ধৃত।

উদ্বাহিনী, (উদ্বাহ+ইন্‌, ঈ—প্রং) সং, স্ত্রীং, রজ্জু, দড়ী।

উদ্বাহ্যা, (উদ্বাহ+য—যোগ্যার্থে) সং, স্ত্রীং, উদ্বাহযোগ্যা কন্যা।

উদ্বিগ্ন, (উদ্‌—বিজ্‌=ভয়করা, কাঁপা+

ক্ত—ক) বিং; ত্রিং, উদ্বেগযুক্ত, উৎকণ্ঠিত, ভাবনাযুক্ত। ভীত। ক্ষুভিত। কাতর। যথা, তৈর্বৃক্ষরুগ্নসংভুগ্নক্ষুন্নভিন্নবিপন্নকৈঃ। নিমগ্নোদ্বিগ্ন সংস্ত্রীনৈঃ পপ্রেদ্দীনৈশ্চ মেদিনী” ভট্টি।

উদ্বিড়াল; সং, পুং, লী—স্ত্রী, ভূচর ও

উদ্বিড়াল।

জলচর জন্তুবিশেষ, জলমার্জ্জার।

উদ্বৃত্ত (উদ্=উপরি—বৃত্ত=জাত) বিং, ত্রিং, উত্তোলিত। জাত। উত্থিত। ক্ষুভিত। উচ্ছৃঙ্খল, অবাধ্য। অতিরিক্ত। উৎক্ষিপ্ত। বান্ত, বমিত। (উদ্=বৃত্ত চরিত্র, ৬ষ্ঠী—হিং) দুর্বৃত্ত।

উদ্বেগ (উদ্+বিজ+ঘঞ্—ভা) সং, পুং, উৎকণ্ঠা। ভয়। ত্বরা। চমৎকার। উদ্গমন। ক্ষোভ। বিরহজন্য দুঃখ।

উদ্বেজয়িতা, (উদ্বেজয়িতৃ, উদ্=বেজি উদ্বেগ করান+তৃণ+ক) বিং, ত্রিং, উদ্বেগজনক, উদ্বেগকারক। উদ্বেজক।

উদ্বেজিত, (উদ্বেজয়িতা দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, ক্লেশিত। উত্যক্ত। ভীত।

উদ্বেয়, (উৎ—বে=বস্ত্রাদি বুনা, বিস্তার করা+য—র্ম্মং) বিং, ত্রিং, বায়ুর সহিত মিশ্রণীয়।

উদ্বেয়তা, (উদ্বেয়+তা—ভাবে) সং, স্ত্রীং বায়ুর সহিত মিশিয়া যাওয়া।

উদ্বেল }
উদ্বেলিত } (উৎ অতিক্রান্ত—বেলা সীমা বা তীর। উদ্বেল+ইত—প্রং) বিং, ত্রিং, উচ্ছলিত, উতলে উঠা। সীমাতিক্রান্ত

উদ্বেষ্টন (উৎ—বেষ্ট=বেষ্টন করা+অনট—ভা) সং, ক্লীং, হস্তিপাদ বন্ধন। উষ্ণীষ। মোচন, উন্মোচন। বিং, ত্রিং, বেষ্টনরহিত। বন্ধনমুক্ত।

উদ্বোঢ়া, (উদ্বোঢ়ৃ, উদ্বাহ দেখ, তৃণ—ক) সং, পুং, উদ্বাহকারী, বর।

উধস্, (বহ্=বহন করা+অস্—সংজ্ঞার্থে। যে দুগ্ধ বহন করে) সং, ক্লীং, গবাদির স্তন, গো প্রভৃতির পালান।

উনন, (দেশজ) সং, দ্রবকরণ, গলান। চুল্লী, চুলা, আখা।

উনান (দেশজ) সং, চুল্লী, চুলা, আখা।

উনুই, (দেশজ) সং, উৎস, নির্ঝর, ঝরণা। যথা, “তৃষ্ণানিবারণ কর উনুইয়ের জলে” সম্ভাবশতক।

উন্দরু, উন্দুরু }
উন্দুর, উন্দূর } (উন্দ্=আর্দ্র হওয়া +অরু, উরু, উর, ঊর—সংজ্ঞার্থে) সং, পুং, মূষিক, ইঁদুর।

উন্ন (উন্দ্=আর্দ্র হওয়া+ত—র্ম্ম) বিং, ত্রিং, ক্লিন্ন, সিক্ত। আর্দ্র। দয়ালু।

উন্নত, (উদ্=উপরি—নত নিম্ন) বিং, ত্রিং, উত্তুঙ্গ, উচ্চ। বৃদ্ধিপ্রাপ্ত।

উন্নতানত, (উন্নত—আনত দ্বং—স) বিং, ত্রিং, বন্ধুর, উচুনীচু।

উন্নতি, (উদ্—নতি [নম+ক্তি] নিম্নতা) সং, স্ত্রীং, গরুড়পত্নী। বৃদ্ধি। উদয়। উচ্চতা। “স্তোকেনোন্নতিমায়াতি স্তোকেনায়াত্যধোগতিম্। অহো সুসদৃশী চেষ্টা তুলাযষ্টেঃ খলস্য চ।” সাহিত্যদর্পণ।

উন্নতীশ, (উন্নতি+ঈশ=স্বামী) সং, পুং, গরুড়পক্ষী।

উন্নদ্ধ, (উৎ=উপরি—নহ্ বন্ধন করা +ত—র্ম্ম) বিং, ত্রিং, উদ্বদ্ধ, ঊর্দ্ধে বন্ধন প্রাপ্ত, ঊর্দ্ধে সংযত। উৎকট।

উন্নমিত, (উদ্=উপরি—নমি=নতকরা +ত—র্ম্ম) বিং, ত্রিং, ঊর্দ্ধীকৃত, উত্তোলিত, ঊর্দ্ধে উত্থাপিত।

উন্নয় }
উন্নায় } (উৎ=উপরি—নী=লওয়া +অল—ঘঞ্—ভা) সং, পুং, উন্নতি, ঊর্দ্ধনয়ন। উত্থান। উত্তোলন।

উন্নয়ন, (উন্নয় দেখ, অনট্-ভা) সং, ক্লীং,

উত্তোলন, ঊর্দ্ধ প্রাপণ, উঠান, তোলা। উন্নতি। অনুমান। বিতর্ক। ন্যায়শাস্ত্র। উদ্ভাবন।

উন্নস, (উৎ=উন্নত—নাসা=নাসিকা, ৬ষ্ঠী—হিং। নাসা স্থানে নস) বিং, ত্রিং, উন্নত নাসিকাবিশিষ্ট।

উন্নাহ, (উৎ+নহ অন্ধকয়া+ঘঞ্) সং, স্ত্রীং, কাঞ্জিক, কাঁজী, আমানি।

উন্নামিত, (উৎ ঊর্দ্ধে—নামি নতকরান +ত—র্ম্ম) বিং, ত্রিং, ঊর্দ্ধে উত্থাপিত।

উন্নিদ্র, (উদ্=না—নিদ্রা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বিকসিত, প্রফুল্ল। নিদ্রা-রহিত। সাবধান।

উন্নীত, (উৎ-নী=লওয়া+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, উন্নতিপ্রাপ্ত, বৃদ্ধিযুক্ত। অনুমিত।

উন্মগ্ন, (উৎ= উপরি—মস্জ+ক্ত—ক) বিং, ত্রিং, জলাদি হইতে উত্থিত।

উন্মজ্জক (উদ্—মস্জ্= ডুবা+ণক—ক) বিং, ত্রিং, উন্মজ্জনকারী। সং, পুং, তাপসবিশেষ। যথা "কণ্ঠদঘ্নে জলেস্থিত্বা তপঃ কুর্ব্বন্ প্রবর্ত্ততে। উন্মজ্জকঃ স বিজ্ঞেয়স্তাপসো লোক পূজিতঃ"।

উন্মজ্জন, (উন্মজ্জক দেখ, অনট্—ভা) সং, ক্লীং, জলাদি হইতে উত্থান।

উন্মত্ত, উন্মদ, উন্মদিষ্ণু, (উৎ=অতিশয়-মত্ত=পাগল।—উৎ=অতিশয়— মদ্= মত্তহওয়া+অ—ক।—উন্মদ্=মত্তহওয়া +ইষ্ণু—ক) বিং, ত্রিং, উন্মাদযুক্ত। বায়ুকৃত চিত্ত বিভ্রম বিশিষ্ট। পাগল। মাতাল। বাহ্য-জ্ঞান-শূন্য। যথা" উন্মত্ত ব্রতধৃগ্ বিপ্রঃ " বিষ্ণুপুরাণ।

উন্মত্ত, (পূর্ব্বে দেখ) সং, পুং, ধুস্তূর। মুচুকুন্দবৃক্ষ।

উন্মথন, (উৎ—মথ্=বধকরা, মন্থনকরা +অনট্—ভা) সং, ক্লীং, নিধন। মন্থন। মর্দ্দন। মারণ, হনন।

উন্মনাঃ, (উন্মনস্, উদ্=উপরি, চঞ্চল—মনস্=মন,৬ষ্ঠী—হিং, বা উৎ উৎকণ্ঠিত —মনস্=মন, ৬ষ্ঠী—হিং।মধ্যপদলোপ) বিং, ত্রিং উৎকণ্ঠিতচিত্ত। উদ্বিগ্ন, ব্যাকুল। বন্ধুবিচ্ছেদকাতর। উৎসুক। অন্যমনস্ক।

উন্মথ, উন্মন্থ, (উৎ—মন্থ্=বধকরা+অল্—ভা) সং, পুং, বধ, হনন, মারণ। মন্থনকরা।

উন্মাথ, (উদ্—মথ+ঘঞ্—প্রং) সং,পুং, কূটযন্ত্র। মৃগ-বধোপযুক্ত যন্ত্র, ফাঁদ। বিলোড়ন। হনন। ঘাতক।

উন্মাদ(উৎ—মদ্=মত্তহওয়া+ঘঞ্—ভা) সং, পুং, বাতিকরোগ-বিশেষ, বাতুলত্ব। চিত্তবিভ্রম। বুদ্ধিভ্রংশ, অলঙ্কারশাস্ত্রোক্ত দশাবিশেষ। বিং, ত্রিং, উন্মাদরোগযুক্ত ক্ষিপ্ত, পাগল। উন্মাদন, (উৎ—মাদি, মত্তকরান+ অনট্— ভা) সং; পুং, কন্দর্পের বাণবিশেষ। ক্লীং, উন্মত্তকরণ। বিং,ত্রিং, উন্মত্ততাকারক।

উন্মান, (উৎ+মা=পরিমাণকরা+অনট্—ভা) সং, ক্লীং, পরিমাণ-বিশেষ, দ্রোণ-পরিমাণ।

উন্মার্গ (উৎ—মার্গ=পথ) সং, পুং, অসৎ পথ। গর্হিত আচরণ। যথা উন্মার্গ প্রস্থিতানাত্তর্দণ্ডঃ" রঘুবংশ।

উন্মিষিত, (উৎ—মিষ্= [স্পর্দ্ধা-করা] বিকসিত হওয়া+ত—ক, ভা) বিং,ত্রিং, উন্মীলিত, বিকসিত। কিঞ্চিৎ প্রকাশিত। সং,ক্লীং, উন্মেষ, উন্মীলন।

উন্মীলন, (উৎ—মীল [চক্ষু মুদ্রিত হওয়া] চক্ষু চাওয়া+অনট্—ভা) সং, ক্লীং বিকাশ। উন্মেষ, প্রকাশ। চক্ষুচাওয়া।

উন্মীলিত, (উৎ—মীল+ত—ক) বিং, ত্রিং, বিকসিত। প্রকাশিত। উন্মিষিত।

উন্মুক্ত, (উৎ—মুচ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, মুক্ত, যাহা খুলিয়া গিয়াছে।

উন্মুখ, (উদ্=ঊর্দ্ধে—মুখ, ৬ষ্ঠী—হিং, বা উৎ=উন্নমিত—মুখ, ৩য়া—হিং। মধ্য-পদলোপ) বিং,ত্রিং, ঊর্দ্ধমুখ। উৎসুক। উদ্যুক্ত। "চূতযষ্টিরিবাভ্যাসে মধৌ পরভৃতোন্মুখী" কুমারসম্ভব।

উন্মুদ্র, (উদ্=বিমুক্ত—মুদ্রা=মোহর, সীল, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বিকসিত, প্রকাশিত, প্রস্ফুটিত। মুদ্রারহিত।

উন্মূলন, (উদ্=উপরি—মূলি [নামধাতু] মূললওয়া+অনট্—ভা) সং, ক্লীং, উৎপাটন, উপড়ন। বিনাশ-করণ। "ন পাদপোন্মূলনশক্তিরংহঃ শিলোচ্চয়ে মূর্চ্ছতি মারুতস্য" রঘুবংশ।

উন্মূলিত, (উদ্—মূলি+ত—র্ম্ম) বিং, ত্রিং, উৎপাটিত, উপড়ান। বিনাশিত।

উন্মৃষ্ট, (উৎ—মৃষ্ট [মৃজ্=পরিষ্কার করা +ত—র্ম্ম] পরিষ্কৃত) বিং,ত্রিং, পরিষ্কৃত, মার্জ্জিত, বিমলীকৃত।

উন্মেষ, (উদ্—মিষ্+ঘঞ্—ভা) সং, পুং, প্রকাশ। চক্ষুখোলা। উন্মীলন।

উন্মোচন, (উৎ—মুচ্=মোচনকরা+অনট্—ভা) সং, ক্লীং, মোচন, খোলা। ছিনিয়া লওয়া।

উপ, অং, উপরি। সামীপ্য। প্রতিনিধি। আধিক্য। হীনতা। সাদৃশ্য। আরম্ভ। পূজা। অনুগতি। পশ্চাদ্ভাব। অনুকম্পা। প্রাথম্য। দাক্ষিণ্য। সামর্থ্য। অত্যয়। ভূষণ। দোষাখ্যান। নিদর্শন, আশ্চর্য্যকরণ। দান। মারণ। ব্যাপ্তি। লিপ্সা। উপালম্ভন। উদ্যোগ।

উপকণ্ঠ, (উপ=সমীপ—কণ্ঠ = গলা) বিং, ত্রিং, নিকট, সমীপ। সং, ক্লীং, গ্রামান্ত। অশ্বের পঞ্চম গতি। "আকৃষ্য চাপং শ্রবণোপকণ্ঠে" রঘুবংশ।

উপকথা, (উপ=সদৃশ—কথা) সং, স্ত্রীং, আখ্যায়িকা। কল্পিত গল্প।

উপকরণ, (উপ=সাহায্য—কৃ = করা+অনট্—প্রং) সং, ক্লীং, রাজাদিগের ছত্রচামরাদি চিহ্ন। প্রধান অঙ্গীভূত উপকারক দ্রব্য। সামগ্রী, অঙ্গ দ্রব্য। আনুষঙ্গিক দ্রব্য, যথা — ভোজনে ব্যঞ্জনাদি, পূজাতে নৈবেদ্যাদি। মৃগবন্ধনে জালাদি।

উপকর্ত্তা, (উপকর্ত্তৃ, উপ—কৃ+তৃণ্—ক) বিং, ত্রিং, উপকারকর্ত্তা, উপকারকারী, "যোপকর্ত্তৃংশ্চ হন্তৃংশ্চ তেজসৈবোপগচ্ছতি" মহাভারত।

উপকল্পন, (উপ—কল্প+অনট্) সং, ক্লীং, ঔষধাদিপ্রস্তুত করণ। আহারীয় দ্রব্য প্রস্তুত করণ। নির্ম্মাণ। প্রতিনিধি দান।

উপকার, (উপ—কৃ+ঘঞ্—ভা) সং, পুং, অনুগ্রহ। আনুকূল্য, সাহায্য। "উপকারেণ তত্তস্য ক্ষন্তব্যমপরাধিনঃ" মহাভারত। ফল, প্রয়োজন। উপকৃতি উপকরণ। ব্যবহার। সুবিধা। প্রস্ফুটিত পুষ্পাদি। শোভাসম্পাদনার্থ তোরণে বিলম্বিত পুষ্পমালা প্রভৃতি।

উপকারক, (উপ—কৃ+ণক—ক) বিং, ত্রিং, উপকর্ত্তা, উপকারকর্ত্তা, যে উপকার করে। "স্পর্শস্ত্বগিন্দ্রিয়গ্রাহ্যস্ত্বচঃ স্যাদুপকারকঃ।" ভাষাপরিচ্ছেদ।

উপকারিকা, (উপকারক + আ-স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, উপকারকর্ত্রী। পটভবন। রাজার বাসযোগ্য গৃহ। ধান্যরক্ষণস্থান, গোলা, মরাই।

উপকারী, (উপকারিন্, উপ—কৃ+ণিন্—ক) বিং, ত্রিং, উপকারক, উপকারকর্ত্তা। "পূর্ব্বোপকারী যস্তেস্যাদপরাধে গরীয়সি" মহাভারত। উপযোগী। ণী—স্ত্রীং, রাজার বাসযোগ্য গৃহ।

উপকার্য্য, (উপকরণ = দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, যাহার উপকার করা যায়। র্য্যা—স্ত্রীং, রাজার বাসযোগ্য গৃহ। পটভবনাদি। গোলা, মরাই।

উপকুঞ্চি, (উপ—কুঞ্চ=ক্ষুদ্র হওয়া+কি) সং, স্ত্রীং, সূক্ষ্ম কৃষ্ণজীরক, কেলেজিরে।

উপকুঞ্চিকা, সং, স্ত্রীং, কৃষ্ণজীরক। ছোট এলাচ্।

উপকুম্ভ, (উপ=সমীপ—কুম্ভ=ঘট, ব্যং—স) বিং, ত্রিং, নিকট, সমীপ। নির্জ্জন। সং, ক্লীং, কুম্ভের সমীপ।

উপকুর্ব্বন্, (উপকুর্ব্বৎ, উপ—কৃ+শতৃ—

ক) বিং, ত্রিং, উপকার।

উপকুর্ব্বাণ, (উপ—কৃ+শান—ক) বিং, ত্রিং, যে উপকার করিতেছে। সং, পুং, ব্রহ্মচর্য্যান্তর যে ব্যক্তি গৃহে বাস করে।

উপকুল্যা, (উপ=সমীপ—কুল্=রাশিকরণ+য—প্রং। আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, পিপ্পলী, পিঁপুল। জলনালী, খাল।

উপকূল, (উপ=সমীপ—কূল, ব্যং—স) সং, ক্লীং, বেলাভূমি, সমুদ্র সন্নিহিত ভূপ্রান্তভাগ।

উপকৃত, (উপ=কৃ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যার উপকার করা হইয়াছে। বাধিত, অনুগৃহীত। সং, ক্লীং, উপকার। "উপকৃতং বহুতত্র কিমুচ্যতে। সুজনতা প্রথিতা ভবতা পরম্"।

উপকৃতি, (উপ— কৃ+তি— ভা) সং, স্ত্রীং, উপকার।

উপকেশ, (উপ=সদৃশ—কেশ, ব্যং—স) সং, ক্লীং, কল্পিত কেশ, পরচুলা।

উপক্রম, (উপ—ক্রম্ [গমনকরা] আরম্ভকরা ইত্যাদি+অল —ভা) সং,পুং, উপায়। উদ্যম। প্রক্রম। প্রথম আরম্ভ। রাজা কর্তৃক অমাত্য প্রভৃতি প্রধান কর্ম্মচারীদিগের পরীক্ষণ। বিক্রম। চিকিৎসা। পলায়ন।

উপক্রমণিকা, (উপ—ক্রম—অনট্—ভা। ক—যোগ স্ত্রীলিঙ্গে আপ)সং,স্ত্রীং, প্রথম সূত্রপাত, পরে যে বিষয় বাহুল্যে বলা বা লেখা যাইবে তাহার প্রস্তাব, উপস্থিত বিষয়ের সংক্ষেপে অভিপ্রায় প্রদর্শন। Argument।

উপক্রান্ত, (উপ—ক্রম+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রক্রান্ত, আরব্ধ।

উপক্রিয়া, (উপ=সাহায্য—ক্রিয়া=কার্য্য) সং, স্ত্রীং, উপকার।

উপক্রোশ, (উপ—ক্রুশ্ [ক্রন্দনকরা, শব্দকরা] নিন্দাকরা+ঘঞ্—ভা) সং,পুং, নিন্দা, ভর্ৎসনা। "প্রাণৈরুপক্রোশমলীমসৈর্ব্বা" রঘুবংশ।

উপক্রোষ্টা, (উপক্রোষ্টৃ, উপ — ক্রুশ+তৃণ—ক) বিং, ত্রিং, নিন্দুক। সং, পুং, গর্দ্দভ।

উপক্লৃপ্ত, (উপ—ক্লৃপ=নির্ম্মাণকরা+ত—র্ম্ম) বিং,ত্রিং, নিবেদিত। উৎসর্গিত। ব্যবহারের নিমিত্ত রক্ষিত।

উপক্কণ } (উপ=উত্তম—ক্বণ্=শব্দ-
উপক্কাণ } করা+অল, ঘঞ্ —প্রং) সং, পুং, বীণার শব্দ।

উপক্ষয়, (উপ—ক্ষি+অল্) সং, পুং, ক্ষতি। নাশ। হানি।

উপক্ষেপ, (উপ—ক্ষেপ=ক্ষেপণ) সং, পুং, উল্লেখ, প্রস্তাব। অলঙ্কার পরিপূর্ণ রচনা। নাট্যে—ইতিবৃত্তের উল্লেখ।

উপগত, (উপ—গম্ [গমনকরা] অঙ্গীকার করা ইত্যাদি + ক্ত — ক) বিং, ত্রিং, অঙ্গীকৃত, স্বীকৃত। প্রাপ্ত। আসক্ত। জ্ঞাত। উপস্থিত। সন্নিহিত।

উপগম, (উপ—গম+অল্—ভা) সং, পুং, অঙ্গীকার। উপস্থিতি, নিকটে গমন, প্রাপ্তি। জ্ঞান।

উপগীতি, (উপ—গীতি=ছন্দোবিশেষ) সং, স্ত্রীং, আর্য্যাচ্ছন্দোবিশেষ, যাহার ১ম ও ৩য় চরণে দ্বাদশ এবং ২য় ও ৪র্থ চরণে পঞ্চদশ মাত্রা।

উপগূঢ়, (উপ — গুহ্ [গোপনকরা] আলিঙ্গন করা+ক্ত) বিং, ত্রিং, আলিঙ্গিত। লুক্কায়িত। ক্লীং আলিঙ্গন। গ্রহণ। গোপন। সম্বরণ।

উপগূহন, (উপ+গুহ=সম্বরণ করা+অনট্—ভা) সং, ক্লীং, আলিঙ্গন। আশ্চর্য্য। গ্রহণ।

উপগ্রহ, (উপ=নিকট—গ্রহ্=গ্রহণকরা +অল—প্রং) বিং, ত্রিং, প্রাণীমাত্র। কারারুদ্ধ। সং,পুং,বন্দী,কয়েদী,বহুয়ান। উপযোগ, আনুকূল্য, অনুগ্রহ। (উপ=ন্যূন—গ্রহ) অনুষঙ্গীগ্রহ, প্রধান গ্রহের চতুর্দ্দিকে পরিভ্রমণকারী ক্ষুদ্র গ্রহ, যথা — চন্দ্র পৃথিবীর উপগ্রহ।

উপগ্রহণ, (উপ=অধিক—গ্রহ = গ্রহণ করা+অনট্—ভা) সং, ক্লীং, সংস্কারপূর্ব্বক বেদাধ্যয়ন। উপাকরণ।

উপগ্রাহ্য, (উপ=অধিক ইত্যাদি—গ্রহ =গ্রহণকরা+ঘ্যণ্—প্রং) সং,পুং, উপঢৌকন, ভেট। ডালি।

উপঘাত, (উপ=অধিক—হন্ = বধকরা +ঘঞ্—ভা) সং,পুং, আঘাত। ক্ষতি, বিনাশ, ক্ষয়, লোপ। পীড়া।

উপঘাতক, (উপ—হন+ণক—ক) বিং, ত্রিং, বিনাশক। ক্ষতিকারক।

উপঘ্ন, (উপ=সমীপ—হন্=গমনকরা+ অল—প্রং) বিং, ত্রিং, নিকটস্থ আশ্রয়, সমীপ।

উপচক্র, সং, পুং, চক্রবাক পক্ষিবিশেষ।

উপচতুর, (উপ = প্রায়+চতুর=চারি) সং, পুং, বহু, প্রায় চারি।

উপচয়, (উপ—চি [একত্রকরা] বৃদ্ধিপাওয়া ইত্যাদি+অল্—ভা) সং, পুং, বৃদ্ধি। উন্নতি। পুষ্টি। আধিক্য। রাশি লগ্ন হইতে তৃতীয় ষষ্ঠ দশম একাদশ স্থান। "তদেতেষ্বামস্মৎপুত্রাণাং জ্ঞানোপচয়ে ভবন্তঃপ্রমাণম্"।

উপচরিত, (উপ—চর্ [গমনকরা] সেবা করা ইত্যাদি+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, সেবিত, উপাসিত, আরাধিত। লক্ষণা দ্বারা প্রতিপাদিত।

উপচর্য্যা, (উপচরিত=দেখ, ক্যপ্—প্রং) সং, স্ত্রীং, সেবা, শুশ্রূষা। চিকিৎসা।

উপচক্ষুঃ, (উপচক্ষুস্) সং, ক্লীং, দিব্যচক্ষুঃ। চস্‌মা।

উপচার্য্য, (উপচয় দেখ, য—প্রং) সং, পুং, যজ্ঞীয় অগ্নি সংরক্ষণের স্থান। সংস্কৃত অগ্নি, যজ্ঞাগ্নি।

উপচার, (উপ+চর—ঘঞ্—ভা) সং, পুং, রোগ প্রতীকার। শুশ্রূষা, সেবা। সম্মান। উপকরণ যথা—ষোড়শ উপচারে পূজা। চিকিৎসা। ব্যবসায়। আরোপ। উৎকোচ। ব্যবহার। লক্ষণাদ্বারা অর্থবোধ। ছল, চাতুরী। "উপচারপদং ন চেদিদং ত্বমনঙ্গঃ কথমক্ষতা রতিঃ" কুমার সম্ভব।

উপচার্য্য, (উপ+চর+ঘ্যণ্) সং, পুং, চিকিৎসা।

উপচিকীর্ষা, (Benevolence, উপ=সাহায্য—চিকীর্ষ [কৃ=করা+সন-ইচ্ছার্থে) করিতে ইচ্ছাকরা+আপ্ স্ত্রীলিঙ্গে-প্রং) সং, স্ত্রীং, উপকার করিবার ইচ্ছা, পরোপকারে প্রবৃত্তি।

উপচিকীর্ষু, (উপচিকীর্ষা দেখ, উ—প্রং) বিং, ত্রিং, উপকার করিতে ইচ্ছুক।

উপচিত, (উপ+চি—ক্ত—ক, র্ম্ম) বিং, ত্রিং, সমৃদ্ধ, প্রবৃদ্ধ, বৃদ্ধিপ্রাপ্ত। রাশীকৃত। বর্দ্ধিত, লেপাদি দ্বারা পরিপুষ্ট। সঞ্চিত। সমাহিত। দগ্ধ। রচিত।

উপচিত্রা, সং, স্ত্রীং, মূষিকপর্ণী। ইন্দুর কানিলতা। দন্তীবৃক্ষ।

উপচীয়মান, (উপ+চি-শান—ক) বিং, ত্রিং, বর্দ্ধমান। যাহা বৃদ্ধি প্রাপ্ত হইতেছে।

পউচূলন, (উপ+চুর=দগ্ধকরা+অনট্,র =ল) সং, ক্লীং, দগ্ধকরা পোড়ান। উত্তাপ দান।

উপচ্ছন্দ, (উপ—ছন্দ=আচ্ছাদন করা+ অল্-প্রং) সং,পুং, প্রার্থনা। অনুরোধ।

উপচ্ছন্ন, (উপ+ছদ+ক্ত) বিং, ত্রিং, লুক্কায়িত। গোপনীয়।

উপ-জাতি ; সং, স্ত্রীং, ছন্দোবিশেষ, ইন্দ্রবজ্রা ও উপেন্দ্রবজ্রায় মিলিত, এবং ইন্দ্রবংশা ও বংশস্থবিল মিলিত ছন্দঃ। স্যাদিন্দ্রবজ্রা যদি তৌ জগৌ গঃ উপেন্দ্রবজ্রা প্রথমে লঘৌ সা। অনন্তরোদীরিত লক্ষ্মভাজৌ পাদৌ যদীয়াবুপজাতয়স্তাঃ॥ ছন্দোমঞ্জরী।

উপজাপ, (উপ=গোপনীয়রূপে—জপ্= =জপকরা+ঘঞ্—ভা) সং, পুং, ভেদ, বিচ্ছেদ, অনৈক্য, বিরোধ ঘটাইয়া দেওয়া। বিশ্বাসঘাতকতা।

উপজাপক, (উপ+জপ—ণক—ক) বিং, ত্রিং, ভেদকারক, যে বিরোধ ঘটাইয়া দেয়।

উপজিহ্বা, (উপ=হীন—জিহ্বা) সং,স্ত্রীং, ক্ষুদ্র জিহ্বা, আলজিব। কীট বিশেষ। জিহ্বার বৃদ্ধি।

উপজীবক, (উপ—জীব্=বাঁচা+অক—ক) বিং, ত্রিং, যে জীবিকা নির্ব্বাহ করে। যে অবলম্বন বা আশ্রয় করে। সং, ক্লীং, জীবনোপায়।

উপজীবিকা, (উপ—জীবিকা) সং, স্ত্রীং, জীবনোপায়, যাহা দ্বারা জীবন ধারণ করা যায়, বৃত্তি।

উপজীবী, (উপজীবিন্=উপ—জীবী=যে বাঁচে) বিং, ত্রিং, যে জীবিকা অবলম্বন করিয়া প্রাণ ধারণ করে যথা মৎস্যোপজীবী। আশ্রিত। যথা "পরভাগ্যোপজীবীচ ষড়েতে দুঃখভাগিনঃ" হিতোপদেশ।

উপজীব্য, (উপ—জীব্=বাঁচা+য—প্রং) বিং, ত্রিং, আশ্রয়স্থান, যাহাকে অবলম্বন করিয়া জীবন ধারণ হয়, আশ্রয়। ক্লীং, কারণ। "সর্ব্বেষাং কবিমুখ্যানামুপজীব্যো ভবিষ্যতি। পর্জ্জন্য ইব ভূতানামক্ষয়ো ভারতক্রমঃ"।

উপজোষম্, উপযোষম্ (উপ=অতিশয়—জুষ্=প্রীত হওয়া+অম্—প্রং) অং, আনন্দ। তূষ্ণীম্ভাব, চুপ্ করিয়া থাকা। "কিমিদমুপজোষমাস্যতে"।

উপজ্ঞা, (উপ=আরম্ভ, জ্ঞা=জ্ঞান) সং, স্ত্রীং, আদ্যজ্ঞান, প্রথম জ্ঞান, উপদেশ ব্যতিরেকে জ্ঞান। পূর্ব্ব সংস্কার। যেরূপ বাল্মিকীর কবিত্ব শক্তি। "রসজ্ঞতোপজ্ঞমুপজ্ঞমজ্ঞং" নৈষধ।

উপঢৌকন, (উপ=সমীপ—ঢৌক্=গমন করা+অনট্—ভা) সং, ক্লীং, উপহার, পারিতোষিক দ্রব্য, ভেট, ডালি, আত্মীয়তারক্ষার জন্য বা প্রীতি প্রদর্শনার্থ বা সন্তোষ জন্মাইবার নিমিত্ত মূল্য গ্রহণ ব্যতিরেকে অন্যকে কোন বস্তুর দান। উৎকোচ।

উপতপ্ত, (উপ+তপ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, দুঃখিত। কাতর। পীড়িত। উষ্ণ।

উপতপ্তৃ, (উপ+তপ=সন্তাপ দেওয়া+তৃণ্) সং, পুং, উত্তাপের কারণ Morbid heat.

উপতাপ, (উপ=অতিশয়—তপ্=তাপ-দেওয়া+ঘঞ্—ভা) সং, পুং, পীড়া। ত্বরা। সন্তাপ। উত্তাপ। দুঃখ, ক্লেশ, মনস্তাপ। বিবক্ষিতং হ্যনুক্তমুপতাপং জনয়তি।" শকুন্তলা।

উপত্যকা, (উপ=নিকট+ত্যক—ভবার্থে) সং, স্ত্রীং, পর্ব্বতের নিকট ভূমি। "এতেখলু গিরেরুপত্যকারণ্যবাসিনঃ কণ্সন্দেশমাদায় সস্ত্রীকাঃ তপস্বিনঃ সম্প্রাপ্তাঃ" শকুন্তলা। "নর্ম্মদাতীরে পর্ব্বতোপত্যকায়াম্।"

উপদংশ, (উপ=অতিশয় ইত্যাদি—দন্শ্=দংশনকরা+অল্—র্ম্ম) সং, পুং, মদ্যপানকালীন ভক্ষ্যবস্তু, চাট্নি। ভক্ষ্য দ্রব্য। গরমিরব্যারাম। "হস্তাবিঘাতান্নখদন্তঘাতাদধারণাদত্যুপসেবনাদ্বা যোনিপ্রদোষাচ্চ ভবন্তি শিশ্নে পঞ্চোপদংশা-বিবিধাপচারৈঃ"।

উপদর্শক,(উপ—দর্শক=যে দেখাইয়া দেয়) সং, পুং, দ্বারপাল, দ্বারী। বিং, ত্রিং, যে দেখাইয়া দেয়।

উপদর্শন, (উপ—দর্শি=দেখান+অনট্—ভা) সং, ক্লীং, প্রদর্শন, দেখান।

উপদা, (উপ—দা=দান) সং, স্ত্রীং, উপায়ন, উপঢৌকন, ভেট। উৎকোচ, ঘুষ।

উপদানক, (উপ=সাহায্য—দান+ক—স্বার্থে। অনুগ্রহ বা আশ্রয় পাইবার মানসে যাহা দেওয়া হয়) সং, ক্লীং, উৎকোচ, ঘুষ।

উপদিশ্যমান, (উপদিশ—শান—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে বা যে বিষ[illegible] দেওয়া যাইতেছে।

উপদিষ্ট, (উপ—দিশ [বলা, দানকরা] দেখান ইত্যাদি+ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে উপদেশ দেওয়া হইয়াছে, উপদেশপ্রাপ্ত, দীক্ষাপ্রাপ্ত, শিক্ষিত। আদিষ্ট। প্রদর্শিত। কথিত "যোষিৎসুস্তদ্বীর্য্যনিষেক ভূমিঃসৈব ক্ষমেত্যাত্মভুবোপদিষ্টং" কুমারসম্ভব। ক্লীং পউদেশ, পরামর্শ।

উপদেবতা, সং, স্ত্রীং, যক্ষ, ভূত প্রেত প্রভৃতি। [দেবীর প্রাধান্য নাই।

উপদেবী, সং, স্ত্রীং, ক্ষুদ্র দেবতা, যে

উপদেশ,(উপ, দিশ+ঘঞ্—ভা) সং,পুং, মন্ত্র, কথন, দীক্ষা, শিক্ষাদান, পরামর্শদান। হিতকথন। উদ্দেশ। শিক্ষাবাক্য। প্রবর্ত্তক বাক্য। মন্ত্রদান। নাম। অনুশাসন।"চন্দ্রসূর্য্যগ্রহেতীর্থে সিদ্ধক্ষেত্রে, শিবালয়ে। মন্ত্রমাত্রপ্রকথনমুপদেশঃ স উচ্যতে" রামার্চ্চন চন্দ্রিকা। "স্থিরোপদেশামুপদেশকালে প্রপেদিরে প্রাক্তন জন্ম বিদ্যাঃ" কুমারসম্ভব।

উপদেশক, (উপ,দিশ—ণক্ল—ক) বিং, ত্রিং,হিতশিক্ষক, সৎপরামর্শদাতা। গুরু

উপদেশ্য } উপদিষ্ট দেখ, য, তব্য—
উপদেষ্টব্য } র্ম্ম) বিং, ত্রিং, শিক্ষণীয়, উপদেশ দিবার যোগ্য। অনুশাসনীয়।

উপদেষ্টা, (উপদেষ্টৃ, উপদিষ্ট দেখ, তৃণ্—ক) বিং, ত্রিং, শিক্ষাদাতা, গুরু। উপদেশক, উপদেশকর্ত্তা।

উপদেহ, (উপ+দিহ+ঘঞ্) সং, পুং, প্রলেপ, Liniment [কীট বিশেষ।

উপদেহিকা, (উপ+দেহি+কন্+আপ্)

উপদ্রব, (উপ—দ্রু [গমনকরা] অনিষ্ট করা+অল—ভা) সং, পুং, উৎপাত, অমঙ্গল ঘটনা, অত্যাচার। দৌরাত্ম্য। উপসর্গ, রোগারম্ভকদোষপ্রকোপ জন্য অন্য বিকার।

উপদ্রষ্টা,(উপ+দৃশ-তৃণ) উপদর্শক (Inspector) উদাসীনবোধরূপত্বহেতু গুণপ্রচারদর্শী।

উপদ্রুত, (উপ+দ্রু+ক্ত—র্ম্ম) বিং,ত্রিং, ব্যাকুল। উপদ্রবগ্রস্ত, উৎপাতগ্রস্ত, অত্যাচারিত।

উপদ্বীপ, (উপ=হীন—দ্বীপ) সং, পুং—ক্লীং, ক্ষুদ্রদ্বীপ। যে ভূমির প্রায় চতুর্দ্দিকে জল (Peninsula)

উপধর্ম্ম, সং, পুং, কাল্পনিক ধর্ম্ম, অনীশ্বরে ঈশ্বর-জ্ঞান। বিধর্ম্মী, পাষণ্ড।

উপধা, (উপ-ধা+ড-আপ্—ভা) সং,স্ত্রীং, ধর্ম্মাদির উপন্যাস দ্বারা মন্ত্রী প্রভৃতির পরীক্ষা। ধর্ম্মার্থ-কামমোক্ষাদি দ্বারা পরীক্ষা। ধর্ম্মার্থকামমোক্ষৈশ্চ প্রত্যেকং পরিশোধনৈঃ। উপেত্য ধীয়তে যস্মাদুপধা পরিকীর্ত্তিতা। অন্ত্যবর্ণের পূর্ব্ব বর্ণ।

উপধাতু, সং, পুং, অষ্টপ্রধান ধাতু সদৃশ ধাতু। উহা সাত প্রকার মাক্ষিক, তুত্থক, অভ্র, নীলাঞ্জন, মনঃসিলা, হরিতাল, রসাঞ্জন। (Secondary secretion) ইহা সাত প্রকার স্তনদুগ্ধ, স্ত্রীরজঃ, বসা, ঘর্ম্ম, দন্ত, কেশ, ওজঃ।

উপধান } (উপ—ধা [ধারণকরা]
উপধানীয় } আরোপণ করা ইত্যাদি +অনট্,অনীয়—ধি) সং, ক্লীং, শিরোধান, বালিশ। দয়া, প্রণয়। বিষ। উৎকর্ষ। ধারণ। ব্রত। "অশেত ভূমৌ সহ পাণ্ডুপুত্রৈঃ পাদোপধানী চ কুতা কুশেষু"।

উপধায়ক, (উপ,ধা=ণক—ক) বিং, ত্রিং, জনক, উপপাদক। উপযোগী।

উপধায়ী, (উপধায়িন্=উপধান দেখ, ইন্—ক) বিং, ত্রিং, জনক, উৎপাদক। উপযোগী।

উপধাস্থচি, (উপধা—স্থচি=বিশুদ্ধ) বিং, ত্রিং, পরীক্ষিত। অনুমোদিত।

উপধি, (উপ+ধা—কি—প্রং) সং, পুং, ছল, চাতুরী, কপটতা। রথচক্র। ভয়। "নিরুপধি বিশুদ্ধং বিজয়তে" উত্তরচরিত।

উপধিক, (উপ—ধি+কৃ+ড) বিং, ত্রিং,

প্রতারক। শঠ। ডাকাইত। যে বলপূর্ব্বক অর্থ কাড়িয়া লয়।
উপধূপিত, (উপ=সমীপ বা অধিক—ধূপিত=তাপিত) বিং, ত্রিং, সন্তাপিত। আসন্নমরণ।
উপধৃতি, (উপ=অধিক—ধৃ=ধরা+ক্তি—ভা) সং, স্ত্রীং, কিরণ। আলোক।
উপনত, (উপ=সমীপ—নম্=নম্রহওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, সমীপাগত, নিকটস্থিত। শরণাগত। প্রাপ্ত। উপস্থিত।
উপনদ, উপনদি } ক্লীং, নদীর সমীপ।
উপনয়—পুং, উপনায়—পুং, উপনয়ন—ক্লীং } (উপ=উপরি—নী=লওয়া+অল্-ঘঞ্ অনট্—ভা) সং, ব্রাহ্মণ ক্ষত্রিয় ও বৈশ্যের যজ্ঞসূত্রধারণরূপ সংস্কার বিশেষ।
উপনয়ন, (উপ=সমীপ—নী=লওয়া+অন—ণ। অধ্যাপনার্থ আচার্য্যের সমীপে নীত হয় যে কর্ম্মের দ্বারা) সংস্কার বিশেষ। "গৃহোক্তকর্ম্মণা যেন সমীপং নীয়তে গুরোঃ। বালো বেদায় উদ্যোগাদ্বালস্তোপনয়নং বিদুঃ।" স্মৃতি।
উপনাম, সং, কল্পিত নাম, কৃত্রিম নাম।
উপনাহ, (উপ—নহ্=বন্ধন করা+ঘঞ্—ভা) সং, পুং, বন্ধন। বীণাদির তন্ত্র-বন্ধন স্থান, যে স্থলে তন্ত্রী সকল সম্বদ্ধ থাকে। প্রলেপ, ব্রণ প্রভৃতির উপশমার্থ লেপন দ্রব্য, প্রলেপন পুলটিস্ প্রভৃতি। [পুং, গচ্ছিত, ন্যাস।
উপনিক্ষেপ, (উপ+নি+ক্ষিপ+ঘঞ্)সং,
উপনিধান—ক্লীং, উপনিধি—পুং } (উপ—নি—ধা=ধারণকরা+অনট্ কি—প্রং) সং, ন্যাস, গচ্ছিত রাখা, উপন্যস্ত বস্তু, স্থাপ্যদ্রব্য, বন্ধকী জিনিষ।
উপনিবেশ, (Colony, উপ—নি—বিশ্ প্রবেশ করা+ঘঞ্—প্রং, (সং, পুং, লোকসংখ্যা বৃদ্ধি হইলে স্বদেশ হইতে যে দেশে লোকেরা গমন করে তাহাকে উপনিবেশ কহে।
উপনিবেশিত, (উপ—নি-বেশি=প্রবেশ করান+ক্ত=র্ম্ম) বিং, ত্রিং, যে সকল লোক উপনিবেশে বাস করে। "স্বর্গাভিষ্যন্দবমনং কৃত্বেবোপনিবেশিতং" কুমারসম্ভব।
উপনিষদ্, (উপ—নি—সদ=গমনকরা+ক্বিপ্—প্রং) সং, স্ত্রীং, বেদান্ত শাস্ত্র, বেদের যে অংশে ঈশ্বর নিরূপণ আছে, জ্ঞানকাণ্ড। ব্রহ্মবিদ্যা। বিদ্যা। তত্ত্বধর্ম্ম। সত্য, নির্জ্জনস্থান, সমীপ সদন।
উপনিষ্কর, (উপ—নি—কৃ=করা+অল্ প্রং। স্—আগম) সং, ক্লীং, নগরের পথ। রাজপথ।
উপনিষ্ক্রমণ, (উপ—নি—ক্রম্=গমনকরা+অনট্—ভা) সং, ক্লীং, রাজপথ। নিষ্ক্রমণ নামক সংস্কার।
উপনিহিত, (উপ—নি—ধা=ধারণ করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহা গচ্ছিত রাখা গিয়াছে। ন্যস্ত।
উপনীত, (উপনয় দেখ, ক্ত—র্ম্ম)সং, পুং, যে বালকের উপনয়ন হইয়াছে কৃতোপনয়ন। বিং, ত্রিং, আনীত। সমীপাগত, উপস্থিত।
উপনেতা, (উপনেতৃ, উপনয়ন দেখ, তৃণ্—ক)বিং, ত্রিং, আনয়নকারী, আনেতা। উপনয়নকর্ত্তা। [সং, ক্লীং, চস্‌মা।
উপনেত্র, (উপ=সদৃশ—নেত্র, ব্যং—স)
উপন্যস্ত, (উপন্যাস দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহার উপন্যাস হইয়াছে। বিন্যস্ত। উপক্রান্ত। "অয়ে কিমিদমুপন্যস্তং" শকুন্তলা। "উপন্যস্তেতু যদ্বিত্তং বিদ্যয়া পণপূর্ব্বকং" দায়ভাগ।
উপন্যাস, (উপ—নি—অস্ [ক্ষেপণকরা] বলা+অ—ভা) সং, পুং, বাক্যোপক্রম, উল্লেখ। প্রস্তাব। শ্রোতা বা পাঠকদিগের চিত্তরঞ্জনার্থ কল্পিত গল্প। উপকথা "তস্মাদ্‌ব্রহ্ম জিজ্ঞাসোপন্যাসমুখেন —প্রস্তূয়তে।"

উপপতি, (উপ=প্রতিনিধি—পতি=স্বামী) সং, পুং, জার, গুপ্তপতি।

উপপত্তি, (উপ—পদ [গমনকরা] উৎপন্ন হওয়া ইত্যাদি+তি—ভা) সং, স্ত্রীং, উৎপত্তি। সঙ্গতি "লক্ষণাশক্যসম্বন্ধস্তাৎপর্য্যানুপপত্তিতঃ" ভাষা পরিচ্ছেদ। নির্বৃতি, প্রকরণ প্রতিপাদ্য অর্থ সাধন বিষয়ক যুক্তি যথা "শ্রোতব্যঃ শ্রুতিবাক্যেভ্যোমন্তব্যশ্চোপপত্তিভিঃ"। সিদ্ধান্ত। সমাধান। সিদ্ধি। কারণ

উপপত্নী, (উপ=প্রতিনিধি—পত্নী=স্ত্রী) সং, স্ত্রীং, বিবাহিতা স্ত্রী ভিন্ন যে নারীর প্রতি পুরুষ অনুরক্ত হয়। রক্ষিতা স্ত্রী, বেশ্যা।

উপপদ, (উপ=সমীপ—পদ) সং, ক্লীং, পদের নিকটস্থ পদ, পূর্ব্বপদ সমীপোচ্চারণীয় পদ। অপ্রধান পদ। উপাধি, যথা নামের পর শর্ম্ম বর্ম্মাদি। সমভিব্যাহৃত স্বার্থ পোষক পদ যথা প্রহারাদিতে প্রাদি।

উপপন্ন, (উপ-পদ=যাওয়া—ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, উৎপন্ন। উচিত। সিদ্ধ, সম্পন্ন। যুক্তিযুক্ত "সর্ব্বং সখে! ত্বয্যুপপন্নমেতৎ" কুমারসম্ভব। প্রমাণিত। মিলিত। আগত। ফলিত। আরোগ্যপ্রাপ্ত।

উপপাতক, (উপ=অতিশয়—পাতক=পাপ) সং, ক্লীং, পাপবিশেষ, গোবধাদি পাপ। ইহা উনপঞ্চাশৎ প্রকার যথা—গোবধ, অযাজ্যযাজন, পরদারগমন, আত্মবিক্রয়, গুরুত্যাগ, মাতৃত্যাগ, পিতৃত্যাগ, স্বাধ্যায়ত্যাগ, অগ্নিত্যাগ, সুতত্যাগ, পরিবিত্তিতা (কণিষ্ঠের বিবাহের পর জ্যেষ্ঠের বিবাহ), পরিবেদন (জ্যেষ্ঠ অকৃতদার থাকিতে কণিষ্ঠের বিবাহ)। এই উভয়কে কন্যাদান এবং যাজন, কন্যার দূষণ (অঙ্গুলি দ্বারা যোনি বিদারণ), বার্দ্ধুষ্য, ব্রতলোপ (ব্রহ্মচারীর রতিক্রিয়া), তড়াগ বিক্রয়, আরামবিক্রয়, দারাবিক্রয়, অপত্যবিক্রয়, ব্রাত্যতা, বান্ধবত্যাগ, ভৃতাধ্যাপন, ভৃতাধ্যয়ন, অপণ্যদ্রব্যের বিক্রয়, সর্ব্বাকরাধিকার, মহাযন্ত্রপ্রবর্ত্তন, ওষধিহিংসন, স্ত্র্যাজীব, অভিচার কর্ম্ম, মূলকর্ম্ম (মন্ত্রৌষধিদ্বারা বশীকরণ) ইন্ধনার্থ শুষ্কবৃক্ষের চ্ছেদন, আত্মার্থ কার্য্যোদ্যোগ, নিন্দিতান্ন ভক্ষণ, অনাহিতাগ্নিতা, স্তেয়, ঋণাশোধন, অসৎশাস্ত্রাভিগমন, কৌশীলব্য ক্রিয়া, ধান্যস্তেয়, পশুস্তেয়, কূপ্যস্তেয়, মদ্যপ স্ত্রী নিষেবন, স্ত্রীবধ, শূদ্রবধ, বৈশ্যবধ, ক্ষত্রিয় বধ, নাস্তিকতা। মনু।

উপপাদক, (উপ—পাদি=গমন করান, +ণক—ক) বিং, ত্রিং, নির্ব্বাহক, সম্পাদক। মীমাংসক।

উপপাদন, (উপ—পাদি—অনট্—ভা) সং, ক্লীং, সম্পাদন, সাধন। দান। মোচন, মীমাংসা করা, প্রকাশকরা। পূর্ব্বাপর সামঞ্জস্য রাখা।

উপপাদিত, (উপ—পাদি—ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, নির্ব্বাহিত। সম্পাদিত। মীমাংসিত। মোচিত। দত্ত। প্রমাণীকৃত।

উপপাদুক, (উপ+পদ=যাওয়া+উক) সং, পুং, দিব্যপুরুষ, দেবতা, দানব। নরক।

উপপাদ্য, (Theorem, উপ—পাদি—য—র্ম্ম) বিং, ত্রিং, যাথার্থ্য নিরূপণ যে প্রতিজ্ঞার উদ্দেশ্য। নির্ব্বাহনীয়। মীমাংসাযোগ্য।

উপপুর, (উপ=নিকট—পুর=নগর, ব্যং—স) সং, ক্লীং, শাখানগর, বৃহৎ নগরের সন্নিহিত গ্রাম। (Suburb)

উপপুরাণ, (উপ=ক্ষুদ্র—পুরাণ=ইতিহাস) সং, ক্লীং, ব্যাসকৃত অষ্টাদশ পুরাণ সদৃশ ভিন্ন ২ মুনি প্রণীত অষ্টাদশ ক্ষুদ্র পুরাণ। যথা অন্যান্যুপপুরাণানি মুনিভিঃ কথিতান্যপি। আদ্যঃ সনৎকুমারোক্তং নারসিংহং ততঃ পরং॥ তৃতীয়ং বায়বীয়ঞ্চ কুমারেণ চ ভাষিতং। চতুর্থং শিবধর্ম্মাখ্যং সাক্ষান্নন্দীশভাষিতং॥ দু-

ব্বাসসোক্তমাশ্চর্য্যং নারদীয়মতঃ পরং। নন্দিকেশ্বরযুগ্মঞ্চ তথৈবোশনসেরিতং॥ কাপিলং বারুণঞ্চৈব কলিকাহ্বয় মেব চ মাহেশ্বরং তথা শাম্বং দৈবং সর্ব্বার্থ সিদ্ধিদং॥ পরাশরোক্তমপরং মারীচং ভাস্করাহ্বয়ং। দৈবং দেবীপুরাণং। ইতি মলমাসতত্ত্বধৃত কূর্ম্মপুরাণ।

উপপুষ্পিকা, (উপ=অধিক—পুষ্প [ফোটা] পুষ্পের ন্যায় খুলিয়া যাওয়া+অক—আ—প্রং) সং, স্ত্রীং, জৃম্ভা, মুখব্যাদান,হাই

উপপ্রদান, (উপ=সাহায্যার্থে—প্র—দা দানকরা+অনট্—ভা। যাহা সাহায্যার্থ দেওয়া যায়) সং,ক্লীং,উৎকোচ, ঘুষ।

উপপ্লব, (উপ=প্লু [গমনকরা] বিপন্ন-হওয়া ইত্যাদি+অল—ভা) সং, পুং, প্রতিবন্ধক বিপদ।"উপপ্লবায় লোকাণাং ধূমকেতুরিবোত্থিতঃ" কুমারসম্ভব। উৎপাত, উপদ্রব। ভয়। রাহুগ্রহ। চন্দ্রাদি-গ্রহণ। (Rebellion) প্রভুর প্রতিকূলে প্রজাগণের অভ্যুত্থান। প্রজাবিদ্রোহ।

উপপ্লুত, (উপ—প্লু—ক্ত—র্ম্ম) বিং,ত্রিং, উপদ্রুত। রাহুগ্রস্ত। পীড়িত। ভীত। বিপদগ্রস্ত। আক্রান্ত। আদ্র।

উপভুক্ত, (উপ=সদৃশ—ভুজ=ভোজন করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহা ভোগ-করা যায়। ভক্ষিত, ভুক্ত, খাদিত। ব্যবহৃত।

উপভুজ্যমান, (উপ-ভুজ—শান—র্ম্ম। য, ম—আগম) বিং, ত্রিং, যে বিষয় উপ-ভোগ বা ব্যবহার করা যাইতেছে।

উপভুঞ্জান, (উপ-ভুজ-শান--ক) বিং,ত্রিং, যে উপভোগ করিতেছে। যথা "ভূয়িষ্ঠমুপভুঞ্জানং ফেনমাপিবতাং পয়ঃ" মহাভারত।

উপভৃৎ, (উপ+ভৃ=ভরণ করা+ক্বিপ্) সং,স্ত্রীং,চক্রাকার বটকাষ্ঠনির্ম্মিতযজ্ঞপাত্র

উপভোক্তা, (উপভোক্তৃ, উপভুক্ত দেখ, তৃণ্—ক) বিং, ত্রিং, যে উপভোগকরে।

উপভোগ, (উপ—ভুজ—ঘঞ্—ভা) সং, পুং,সুখাদিভোগ। স্ত্রীসম্ভোগ। আনন্দ, তৃপ্তি। ভক্ষণ। ব্যবহার। "ন জাতু কামঃ কামানামুপভোগেন শাম্যতি"। মহাভারত। "চরণোপভোগসুভগো লাক্ষারসঃ কেনচিৎ" শকুন্তলা।

উপভোগ্য, (উপ—ভুজ+ঘ্যণ্—র্ম্ম) বিং, ত্রিং, উপভোগ যোগ্য, যে বিষয় উপ-ভোগ করা কর্ত্তব্য। ভোক্তব্য।

উপমর্দ্দ, উপ—মৃদ্=মর্দ্দনকরা+অল—ভা) সং, পুং, আলোড়ন। হিংসা। তিরস্কার, পীড়ন।

উপমা, (উপ=তুল্য—মা=পরিমাণকরা+আ—ভা) সং, স্ত্রীং, সাদৃশ্য, তুল্যতা। অর্থালঙ্কার বিশেষ, সাধারণ ধর্ম্মবিশিষ্ট বিভিন্ন জাতীয় বস্তুদ্বয়ের সাদৃশ্য কীর্ত্তন। "সাধর্ম্ম্যং উপমা" ইতি কাব্যপ্রকাশ। বিং, ত্রিং, তুল্য। "উপমা নৃপতেস্তস্য গজেন্দ্রস্থস্য গচ্ছতঃ। ভবেদ্‌যদি রবির্যায়াদ্ গগণে সোদয়াচলঃ।"

উপমাতা, (উপমাতৃ, উপমা দেখ, তৃণ্—ক) বিং, ত্রিং, উপমানকর্ত্তা, যে উপমা দেয়। (উপ=সদৃশ—মাতা) সং, স্ত্রীং, ধাত্রী, ধাই। মাতৃতুল্যা মাসী পিসী ইত্যাদি। উপমাতা ছয় প্রকার যথা— মাতুঃস্বসা মাতুলানী পিতৃব্যস্ত্রী পিতৃস্বসা। শ্বশ্রূঃপূর্ব্বজপত্নী চ মাতৃতুল্যাঃ প্রকীর্ত্তিতাঃ" ॥ ইতিস্মৃতি।

উপমান, (উপমা দেখ, অনট্—ভা, ণ) সং, ক্লীং, সাদৃশ্য, উপমা। যাহার সহিত উপমা দেওয়া যায়, চন্দ্রপদ্মাদি। "উপমানমভূৎ বিলাসিনাং করণং যত্তব কন্তিমত্তয়া" কুমারসম্ভব।

উপমিতি, (উপমা দেখ, তি—ভা) সং, স্ত্রীং, উপমা। ন্যায়মতে সাদৃশ্যজ্ঞান জন্য জ্ঞান। যথা গোসদৃশ গবয়পদবাচ্য ইত্যাকার জ্ঞান।। "গ্রামীণস্য প্রথমতঃ পশ্যতো গবয়াদিকং। সাদৃশ্যধী-র্গবাদীনাং যা স্যাৎ সোপমিতিঃস্মৃতা"। ভাষাপরিচ্ছেদ।

উপমেত, সং পুং, শালবৃক্ষ।
উপমেয়, (উপমা দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, উপমার বিষয়ীভূত। অন্যের সহিত যাহার উপমা দেওয়া যায়, যথা—চন্দ্রতুল্য বদন, এস্থলে চন্দ্র উপমান বদন উপমেয়।
উপমেয়োপমা, (উপমেয়-উপমা=সাদৃশ্য) সং, স্ত্রীং, যে স্থলে উপমান ও উপমেয় উভয়েরই পর্য্যায়ক্রমে উপমানোপমেয় ভাব বিবক্ষিত হয়। যথা "মতিরিব কমলা কমলেবমতিঃ।"
উপযন্তা, (উপযন্তৃ, উপ—যম্ [নিবৃত্ত হওয়া] বিবাহকরা+তৃণ্—ক) সং, পুং, বিবাহকারক, বর। পতি। "অথোপযন্ত্রা সদৃশেন যুক্তাং স্কন্দেন সাক্ষাদিব দেবসেনাম্।" রঘুবংশ।
উপযম, উপযাম, (উপযন্তা দেখ, অল্—ঘঞ্—ভা) সং, পুং, বিবাহ।
উপযমন, (উপযন্তা দেখ, অনট্—ভা) সং, ক্লীং, বিবাহ। বিবাহসম্বন্ধীয় মন্ত্র।
উপযাচক, (উপ—যাচ=যাচ্ঞাকরা+ণক—ক) বিং, ত্রিং, স্বয়ং যাচক, যে নিজে যাইয়া কোন বিষয় প্রার্থনা করে, যে নিকটে গিয়া অথবা হীনতা স্বীকার করিয়া কোন বিষয় যাচ্ঞা করে, সমীপে যাচ্ঞাকর্ত্তা। উপযাচিকা—স্ত্রীং, যে স্ত্রী পরপুরুষের নিকটে গিয়া অনুরাগ প্রকাশ বা সম্ভোগ প্রার্থনা করে।
উপযাচিত, (উপযাচক দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রার্থিত। সমর্পিত। অভীষ্টসিদ্ধির নিমিত্ত দেবতাকে দেয়।
উপযাচিতক, (উপযাচিত+ক—যোগ) সং, ক্লীং, প্রার্থিত বস্তু। দেবোদ্দেশে বিসৃষ্ট, দেয়।
উপযাত, (উপ—যাত=গত) বিং, ত্রিং, [গত। প্রাপ্ত।
উপযান, (উপ—যান=গমন) সং, ক্লীং, প্রাপ্তি। নিকটে গমন।
উপযুক্ত, (উপ=যুজ্ [যোগকরা] পারগ হওয়া ইত্যাদি+ক্ত—ক) বিং, ত্রিং, যোগ্য। সমর্থ। উচিত, কর্ত্তব্য, নীতি সম্বদ্ধ। কুশল। ভুক্ত।
উপযুক্ততা, (উপযুক্ত+তা-ভাবে) সং, স্ত্রীং, কার্য্যদক্ষতা। কর্ত্তব্যতা। উপযোগিতা।
উপযোগ, (উপ—যুজ—ঘঞ্—ভা) সং, পুং, উপকার। আবশ্যকতা। আচরণ। উপযোগিতা। ভোজন। ভোগ। অভিলষিত। সিদ্ধির নিমিত্ত ব্যাপার। আনুকূল্য। কারণ। ব্যয়।
উপযোগিতা, (উপযোগিন্+তা—ভাবে) সং, স্ত্রীং, কার্য্যকারিতা, ফলসাধনতা, কোন কার্য্যে লাগা। প্রয়োজন, আবশ্যকতা। আনুকূল্য। উপযুক্ততা।
উপযোগী, (উপযোগিন্=উপযোগ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ক্রিয়াসাধন, অনুকূল। উপকারী। উপযুক্ত। যোগ্য, অনুরূপ। কার্য্যদক্ষ, "অস্তি কন্যারত্নং মে গৃহ্যতামুপযোগি চেৎ। পুরুষার্থানুপযোগিত্বাৎ।"
উপরক্ত, (উপ—রন্জ=রংকরা] গ্রাসকরা ইত্যাদি+ক্ত—র্ম্ম, ক) বিং, ত্রিং, পীড়াগ্রস্ত। ব্যসনার্ত্ত। অনুরক্ত। রক্তবর্ণ। সং, পুং, রাহুগ্রস্ত চন্দ্র সূর্য্য। রাহু।
উপরক্ষণ, (উপ—রক্ষ্=রক্ষাকরা+অনট্—ভা) সং, ক্লীং, রক্ষাকরণ। চৌকী। রক্ষণার্থ সৈন্যাদি স্থাপন।
উপরত, (উপ—রম্ [ক্রীড়াকরা] বিশ্রামকরা+ক্ত—ক) বিং, ত্রিং, নিবৃত্ত। মৃত। বিগত।
উপরতস্পৃহ, (উপরত—স্পৃহা=বাঞ্ছা, ৬ষ্ঠী হিং) বিং, ত্রিং, যাহার স্পৃহা নিবৃত্ত হইয়াছে, বীতস্পৃহ। ইচ্ছারহিত। সত্ত্বথাকিতেও স্বগতধনেচ্ছারহিত। স্বসমানা ধিকরণস্বত্বসমানকালীনেচ্ছা প্রাগভাবাসমানকালীনেচ্ছাধ্বংসবান্ ইতি দায়তত্ত্ব।
উপরতি—স্ত্রীং } (উপ-রম ক্তি,
উপরম, উপরাম—পুং } অল্ ঘঞ্-ভা)
সং, নিবৃত্তি, বিরতি। বৈরাগ্য। বাসনা

ত্যাগ, মৃত্যু, নিগৃহীতেন্দ্রিয় ব্যক্তিদিগের বিষয় হইতে উপরমণ। "যানি চাপি ত্বয়া সার্দ্ধং বনেষু চ সুগন্ধিষু। বিহৃতানি সুখং কালে তেষামুপরমঃ কৃতঃ"।

উপরস, সং, পুং, উপধাতু যথা খেচর, অঞ্জন, কঙ্কুষ্ঠ, গন্ধারী, গৈরিক, ক্ষিতিনাগ, শৈলেয়।

উপরাগ, (উপ—রনজ+ঘঞ্—ভা) সং, পুং, রাহুগ্রস্ত চন্দ্র ও সূর্য্য-গ্রহণ। রাহু। যন্ত্রণা। বিরাগ। নিন্দা। ব্যসন। "উপরাগান্তে শশিনঃ সমুপগতা রোহিণী যোগম্"। শকুন্তলা।

উপরি, উপরিষ্টাৎ, (ঊর্দ্ধ+রি, রিষ্টাৎ—প্রং) অং, ঊর্দ্ধে, উপরে। অনন্তর, পরে। "উপরিষ্টাচ্চ বৃক্ষস্য বলাকা সংন্যলীয়ত।"

উপরিতন, (উপরি+তন—ভবার্থে) বিং, ত্রিং, যাহা উপরে আছে, ঊর্দ্ধতন।

উপরিতল, সং, ক্লীং, গৃহের ছাদ। উপরের তোলা।

উপরীতক, পুং, শৃঙ্গারবন্ধ বিশেষ। একপাদমুরৌকৃত্য দ্বিতীয়ং স্কন্ধসংস্থিতং। নারীং কাময়তে কামী বন্ধঃ স্যাৎ উপরীতক ইতি রতিমঞ্জরী।

উপরুদ্ধ, (উপ [রুধ+ক্ত] বদ্ধ) বিং, ত্রিং, বদ্ধ, আচ্ছাদিত। উৎপীড়িত। যাহাকে বা যে বিষয়ে উপরোধ করা গিয়াছে, অনুরুদ্ধ। প্রতিবদ্ধ।

উপরূপক, সং, ক্লীং, নাটক বিশেষ।

উপরোধ, (উপ—রুধ্=আবরণকরা+ঘঞ্—ভা) সং, পুং, প্রতিবন্ধ। পীড়া। অনুরোধ, সুপারিস, খাতির। আবরণ। তপোবনবাসিনামুপরোধো মা ভূৎ।

উপরোধক, (উপরোধ দেখ, ণক—ক) বিং, ত্রিং, উপরোধকর্ত্তা, যে উপরোধ করে। সং, ক্লীং, গর্ভাগার, বাসগৃহ।

উপর্য্যুপরি, (উপরি—উপরি) অং, সামীপ্য, যথা উপর্য্যুপরি গ্রামং। তারপর তারপর। উপরে উপরে। "উপর্য্যুপরি, পশ্যন্তঃ সর্ব্ব এব দরিদ্রতি" হিতোপদেশ।

উপল, (উপ—লা=দানকরা বা লওয়া+ড—প্রং) সং, পুং, পাষাণ, শিলা, প্রস্তর। রত্ন। বহুমূল্যপ্রস্তর। লা—স্ত্রীং, প্রস্তরময়ী ভূমি।

উপলধীপ্রিয়, পুং, চমরনাম বনজন্তু।

উপলক্ষ, উপলক্ষ্য (উপ=সমীপ—লক্ষ্য দ্রষ্টব্য বা উদ্দেশ্য) সং, পুং, অবলম্বন, আশ্রয়, উদ্দেশ, নিমিত্ত।

উপলক্ষণ, (উপ=অধিক—লক্ষণ চিহ্ন দর্শন) সং, ক্লীং, অজহৎস্বার্থলক্ষণা। অন্যের উদ্বোধক, অধিক সূচক। লক্ষণাদ্বারা অধিকবোধক শব্দ। একপদের দ্বারা তদর্থাতিরিক্ত অর্থ কথন। প্রসঙ্গবশতঃ তৎসংক্রান্ত বা তৎসদৃশ অন্য বিষয়েরও আনুষঙ্গিক উদ্বোধন।

উপলক্ষিত, (উপ—লক্ষ্=চিহ্নকরা+ত—র্ম্ম) বিং, ত্রিং, সূচিত। অনুমিত, যুক্তিপ্রাপ্ত। বিশিষ্ট, যুক্ত।

উপলব্ধ, (উপ—লভ্=পাওয়া, জানা+ত-র্ম্ম) বিং, ত্রিং, জ্ঞাত, অনুভূত। প্রাপ্ত।

উপলব্ধি, (উপ—লভ্—তি—ভা) সং, স্ত্রীং, মতি জ্ঞান, অনুভব। প্রাপ্তি।

উপলভ্য, (উপলব্ধ দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, জ্ঞেয়। প্রাপ্য। সাধ্য।

উপলম্ভ, (উপলব্ধ দেখ, অ—ভা) সং, পুং, উপলব্ধি। অনুভব, তিরস্কার। "সোঽহমবিঘ্নক্রিয়োপলম্ভায় ধর্ম্মারণ্যমিদমায়াতঃ"। [বিং, ত্রিং, প্রকাশক।

উপলম্ভক, (উপলব্ধ দেখ, অক—ক)

উপলম্ভ্য, (উপলব্ধ দেখ, য—র্ম্ম। ম—আগম) বিং, ত্রিং, স্তুত্য, স্তবোপযুক্ত স্তবার্হ।

উপলিঙ্গ, (উপ=উপরি—লিনগ্=গমন করা+অ—প্রং) সং, ক্লীং, ভূমিকম্প প্রভৃতি উপদ্রব। অরিষ্ট।

উপলিপ্ত, (উপ—লিপ্=লেপনকরা+ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহাতে লেপদেওয়া হইয়াছে। লেপযুক্ত

উপলেপ—পুং, উপলেপন—ক্লীং } (উপ—লিপ্=লেপনকরা+অ, অন—ভা) সং, গোময়াদিলেপন।

উপবন, (উপ=সদৃশ—বন) সং, ক্লীং, কৃত্রিম বন, উদ্যান। আরাম।

উপবর্ত্তন, (উপ—বৃৎ [বিদ্যমান থাকা] বাসকরা ইত্যাদি+অনট্—ভা) সং, ক্লীং, জনপদ, দেশ। জনপদ সমুদয় বা তাহার এক অংশ। সজল নির্জল স্থান মাত্র।

উপবর্হ, (উপ—বর্হ্ [শ্রেষ্ঠহওয়া] আরোপণকরা+অ—ধি) সং, পুং, শিরোধান, বালিশ। উপাধান।

উপবসথ, (উপ—বস্=বাসকরা+অথ—সংজ্ঞার্থে) সং, পুং, গ্রাম। [পবাস।

উপবস্ত, (উপ+বস+ক্ত) সং, ক্লীং, উ-

উপবাস, (উপ—বস্ [বাসকরা] আহার না করা+ঘঞ্—ভা) সং, পুং, অগ্ন্যাধান। অনশন, অহোরাত্র অভোজন অনাহার, উপোষ। সর্ব্ব প্রকার ভোগ হইতে নিবৃত্তি। হ্রাস। "উপাবৃত্তস্য পাপেভ্যো যস্ত বাসগুণৈঃ সহ, উপবাসঃ স বিজ্ঞেয়ো ন শরীরবিশোষণং।"

উপবাসী, (উপবাসিন্, উপবাস দেখ, ইন্—ক) বিং, ত্রিং, যে উপবাস করিয়া আছে। উপবাস যুক্ত। অহোরাত্র ভোজনাভাব বিশিষ্ট।

উপবাহ্য, (উপ+বহ=বহনকরা+ণ্যৎ) সং, পুং, রাজবাহকহস্তী।

উপবিষ, (উপ=তুল্য—বিষ) সং, পুং, কৃত্রিমবিষ আকন্দের আঠা প্রভৃতি পঞ্চদ্রব্য। "অর্কক্ষীরং স্নুহীক্ষীরং তথৈব কালহারিকা। ধুস্তূরঃ করবীরশ্চ পঞ্চ চোপবিষাঃ স্মৃতাঃ"। (ষা) স্ত্রীং, অতিবিষা, অতৈষ।

উপবিষ্ট, (উপ—বিশ্ [প্রবেশকরা(বসা+ক্ত—ক) বিং, ত্রিং, যে বসিয়াছে, কৃতোপবেশন, আসীন।

উপবীত, (উপ—বী [গমনকরা] উজ্জ্বল হওয়া+ক্ত—ক) সং, ক্লীং, বামস্কন্ধার্পিত যজ্ঞসূত্র, পৈতা। "কার্য্যা সমুপবীতং স্যাদ্দ্বিপ্রস্যোর্দ্ধবৃতং ত্রিবৃৎ। শণসূত্রময়ং রাজ্ঞো বৈশ্যস্যাবিকসৌত্রিকম্। পিত্র্যমংশমুপবীতলক্ষণং মাতৃকঞ্চ ধনুরূর্জ্জিতং দধৎ" রঘুবংশ।

উপবীতী, (উপবীতিন্, উপবীত+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, যজ্ঞোপবীতধারী।

উপবৃংহিত, (উপ—বৃংহিত=পুষ্ট, বর্দ্ধিত) বিং, ত্রিং, উচ্ছ্বসিত, বর্দ্ধিত। সঞ্চিত।

উপবেদ, (উপ—বিদ্ [ধর্ম্মাধর্ম্ম] জানা+অল্—ণ) সং, পুং, প্রধান বেদাতিরিক্ত-বেদ; আয়ুর্ব্বেদ, ধনুর্ব্বেদ, গান্ধর্ব্ববেদ, স্থাপত্যবেদ।

উপবেশন, (উপ—বিশ=অনট্—ভা) সং ক্লীং. স্থিতি, বসা। (উপবেশিত দেখ, অ—ভা) বসান, বসাইয়া দেওয়া।

উপবেশিত, (উপ—বেশি [প্রবেশকরান] বসান+ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে বসান গিয়াছে। [চিত্রক, চিতা বাঘ।

উপব্যাঘ্র, (উপ—ব্যাঘ্র) সং, পুং,

উপশম, (উপ—শম্=শান্ত হওয়া+অল্—ভা) সং, পুং, শমতা, শান্তি। নিবৃত্তি। নিগ্রহ।

উপশমনীয়, (উপশম, দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, যাহার উপশম করা যাইতে পারে। উপশমযোগ্য।

উপশয়, (উপ—শী=শয়ন করা+অল—ধি) সং, পুং, নিদানপঞ্চকান্তর্গত-রোগজ্ঞানজনক ঔষধ এবং খাদ্যের ফলবিশেষ দ্বারা রোগ নির্ণয়। মৃগপথস্থিত ব্যাধের আত্মগুপ্তি স্থান, গর্ত্ত বিশেষ। সমীপে শয়ন। ক্রোড়। বিং, ত্রিং, সুখোৎপাদক, বিশ্রাম জনক।

উপশল্য, (উপ=সমীপ—শল্=গমনকরা+য—প্রং, অথবা উপ উপগত—শল্য অস্থিস্থান, ভাগাড়) সং, ক্লীং, গ্রামের প্রান্তভাগ, গ্রামান্ত।

উপশান্ত, (উপশম=দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, নিবৃত্ত, যাহার উপশম হইয়াছে।

উপশায়, (উপ=পর্য্যায়ক্রমে—শায় [শী +ঘঞ] শয়ন) সং, পুং, প্রহরী প্রভৃতির পর্য্যায়ক্রমে শয়ন।

উপশোভিত, (উপ—শোভিত=শোভাযুক্ত) বিং, ত্রিং, শোভিত। অলঙ্কৃত, সজ্জিত।

উপশ্রুত, (উপ—শ্রু [শুনা] অঙ্গীকার করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অঙ্গীকৃত, প্রতিশ্রুত।

উপশ্রুতি, (উপ=উপরে—শ্রু [শুনা] অঙ্গীকার করা+ক্তি—ভা) সং, স্ত্রীং, অঙ্গীকার। দৈব শুভাশুভ প্রশ্ন। "নক্তং নির্গত্য যৎকিঞ্চিচ্ছুভাশুভকরং বচঃ। শ্রূয়তে তদ্বিদুর্ধীরা দৈবপ্রশ্নমুপশ্রুতিং" হারাবলী।

উপশ্লেষ, (উপ—শ্লিষ্=আলিঙ্গনকরা+অল্—ভা) সং, পুং, একদেশ সম্বন্ধ। আলিঙ্গন। আশ্লেষ।

উপষ্টম্ভ, (উপ—স্তম্ভ্ [স্তব্ধ হওয়া] আরম্ভকরা+অ—ভা)সং, পুং, আধিক্য উপক্রম, আরম্ভ। উদ্রেক। স্তম্ভ। স্তম্ভন। উপলক্ষ, নিমিত্ত, প্রয়োজন।

উপসংখ্যান, (উপ=সমীপ—সম্—খ্যা [বলা] গণনাকরা+অনট্—ভা) সং, ক্লীং, গণনা। সংগ্রহ। বিশেষণ।

উপসংগ্রহ, (উপ=নিকট—সং=সহিত —গ্রহ্=গ্রহণকরা+ঘঞ্—ভা) সং,পুং, পাদস্পর্শপূর্ব্বক প্রণাম, অভিবাদন।

উপসংগ্রাহ্য, (উপসংগ্রহ=দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, বন্দনীয়, অভিবাদ্য, প্রণম্য।

উপসংযম, (উপ—সম্—যম=নিবৃত্তকরা +অল্—ভা) সং, পুং, পরিশেষ। সংগ্রহ। নিগ্রহ।

উপসংব্যান, (উপ—সং,—ব্যে=আচ্ছাদন করা+অনট্—ণ। যাহার দ্বারা শরীর আচ্ছাদন করা যায়) সং, ক্লীং, পরিধেয়বস্ত্র, উত্তরীয় বস্ত্র।

উপসংহরণ, (উপ+সং — হৃ+অনট্) সং, ক্লীং; অস্বীকার। আক্রমণ।

উপসংহার, (উপ—সং—হৃ [লওয়া] শেষ করা ইত্যাদি+ঘঞ্—ভা) সং, পুং, বিনাশ। পরিশেষ। সমাপ্তি। সংগ্রহ। আরব্ধ বা প্রস্তাবিত বিষয়ের শেষকরা।

উপসংহৃত, (উপ—সং — হৃ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহার উপসংহার হইয়াছে, সমাপিত।

উপসত্তি, (উপ=সমীপ বা সহিত— সদ্ গমনকরা+ক্তি—ভা) সং, স্ত্রীং, সেবা। প্রতিপাদন। নিকটে গমন।

উপসদন, (উপ=সমীপ—সদন=গৃহ) সং, ক্লীং, গৃহসমীপ। ঘরের নিকট।

উপসন্ন, (উপ=সমীপ—সদ্ = গমনকরা +ক্ত—ক) বিং, ত্রিং, উপস্থিত, সমীপস্থ। আসন্ন। উপনত।

উপসম্পন্ন, (উপ—সং—পদ্ [গমনকরা] পরিণত হওয়া ইত্যাদি+ক্ত—ক, র্ম্ম) বিং, ত্রিং, পক্ব। মৃত। লব্ধ। প্রাপ্ত। পর্য্যাপ্ত। প্রস্তুত। সংস্কৃত। যুক্ত, বিশিষ্ট। সমভিব্যাহৃত।

উপসর, (উপ—সৃ=গমনকরা+অল্— প্রং) সং,পুং, গবী প্রভৃতির প্রথম গর্ভাধানার্থ বৃষভাদির অভিগমন। প্রজন।

উপসর্গ, (উপ=উপস্থিত—সর্গ=সৃষ্টি। হঠাৎ উপস্থিত সৃষ্টি) সং, পুং, ভূকম্পাদি উৎপাত, উপদ্রব। উপপ্লব। বিঘ্ন,ব্যাঘাত। পীড়া। রোগজাতবিকার, এক রোগ সত্ত্বে সেই রোগের সূত্রে অপর রোগের আবির্ভাব। (উপ=সমীপ বা সহিত+সর্গ=যে সৃষ্টি করে। যাহারা ধাতুর সমীপে গিয়া নানাবিধ অর্থ সৃষ্টি করে) ধাতুর পূর্ব্ববর্ত্তী প্র—প্রভৃতি বিংশতি অব্যয় "নিপাতাশ্চাদয়ো জ্ঞেয়া উপসর্গাস্ত প্রাদয়ঃ। দ্যোতকত্বাৎ ক্রিয়া যোগে লোকাদবগতা ইমে॥ ধাত্বর্থং বাধতে কশ্চিৎ কশ্চিত্তমনুবর্ত্ততে। তমেব বিশিনষ্ট্যন্যঃ উপসর্গগতিস্ত্রিধা॥

উপসর্গেন ধাত্বর্থো বলাদন্যত্র নীয়তে। নীহারাহারসংহারপ্রতীহারপ্রহারবৎ॥ দুর্গাদাস।

উপসর্জ্জন, (উপ=হীন, নীচ—সৃজ্ [সৃষ্টি-করা] গমন করা+অনট্—ভা) সং, ক্লীং, গৌণ, অপ্রধান। বিশেষণ।

উপসর্পণ, (উপ=সমীপ—সৃপ্=গমনকরা+অনট্—ভা) সং, ক্লীং, ণা — স্ত্রীং, সমীপে উপস্থিতি। অনুগ্রহ লাভ প্রত্যাশায় অন্যের নিকট যাওয়া উপাসনা। "অথবা ন তাবদয়মুপসর্পণকালঃ"। শকুন্তলা।

উপসর্য্যা, (উপ—সৃ=গমন করা+য—প্রং। নিপাতন)সং,স্ত্রীং,ঋতুমতী গাভি।

উপসাগর; সং, পুং, যে সাগরাংশের প্রায় চতুর্দ্দিকে স্থল।

উপসার্য্য, (উপ=সমীপ—সৃ=গমনকরা+ঘ্যণ—র্ম্ম) বিং, ত্রিং, উপসর্পণীয়, সমীপে গমনীয়।

উপসূর্য্যক, (উপ=সমীপ বা উপগত—সূর্য্য+ক—স্বার্থে) সং,ক্লীং,সূর্য্যমণ্ডল। (উপসূর্য্য+ক—তুল্যার্থে) চন্দ্রমণ্ডল।

উপসৃষ্ট, (উপ—সৃজ [সৃষ্টি করা] যোগ করা ইত্যাদি+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, আক্রান্ত। ব্যাপ্ত। যুক্ত। উপসর্গযুক্ত। রাহুগ্রস্ত। ভূতে পাওয়া। বিসৃষ্ট। সং, ক্লীং, মৈথুন। তুলা। "তেনোপসৃষ্টো (ভূতে পাওয়া) লভতে ন রাজ্যং"। রাজনন্দন।

উপস্কর, উপস্কার, (উপ = সম্পূর্ণ—কর, কার=যে করে। স—আগম। অথবা যে বাক্যের ও ব্যঞ্জনের উপকার করে) সং, পুং, অসম্পূর্ণ বাক্যের বোধার্থে শব্দের অধ্যাহার। ব্যঞ্জনের মসলা, বাটনা। উপকরণ। গৃহস্থের প্রয়োজনীয় দ্রব্য সামগ্রী। অপবাদ। তিরস্কার।

উপস্তম্ভ, (উপ—স্তন্ভ=বিরত করা+ঘঞ্) সং, পুং, যাহার দ্বারা জীবন রক্ষা হয়, আহার নিদ্রা প্রভৃতি।

উপস্ত্রী, (উপ=প্রতিনিধি—স্ত্রী=পত্নী) সং, স্ত্রীং, উপপত্নী।

উপস্থ, (উপ=সমীপ—স্থ=যে থাকে) বিং, ত্রিং, সমীপস্থ। উপরিস্থ। সং, পুং স্ত্রীপুং চিহ্ন। যে ইন্দ্রিয় দ্বারা সন্তান জন্মে। "গঙ্গাযমুনয়োর্ম্মধ্যে পৃথিব্যা জঘনং স্মৃতম্। প্রয়াগং জঘনস্থানমুপস্থমৃষয়ো বিদুঃ"।

উপস্থপত্র, সং, পুং, ডুমুর গাছ।

উপস্থনিগ্রহ, (উপস্থ—নিগ্রহ ৬ষ্ঠী—যং) সং, পুং, স্ত্রীসংসর্গাভাব, ইন্দ্রিয় দমন।

উপস্থাতা, (উপস্থাতৃ=উপ—স্থা+তৃণ—ক) বিং,ত্রিং,সেবক, ভৃত্য। উপাসক। যে উপস্থিত হয়।

উপস্থান, (উপ=সমীপ—স্থা =থাকা+অনট্—ভা) সং, ক্লীং, উপস্থিতি। উপাসনা। আগমন। উত্তরণ। নৈকট্য। প্রাপ্তি। সভা।

উপস্থাপক
উপস্থাপয়িতা } (উপস্থাপয়িতৃ, উপ—স্থাপি [স্থিতি করান] উপস্থিত করান, উপাসনা করান+ণক, তৃণ—ক) বিং, ত্রিং, যে উপস্থিত করে, প্রস্তাবকর্ত্তা।

উপস্থাপন, (উপ—স্থাপি+অনট্—ভা) সং, ক্লীং, উপস্থিত করা। প্রস্তাব করা, আনয়ন।

উপস্থাপিত, (উপ—স্থাপি+ক্ত — র্ম্ম) বিং, ত্রিং, প্রস্তাবিত। যাহা উপস্থিত করা গিয়াছে। আনীত।

উপস্থিত, (উপ+স্থা—ক্ত—ক) বিং, ত্রিং, আগত। উপাসিত। যাহা আছে, বর্ত্তমান। "উপস্থিতং প্রাঞ্জলিনা বিনীতেন গরুত্মতা"রঘুবংশ। ঘটিত। জ্ঞাত। প্রাপ্ত। অনুভূত। পরিষ্কৃত। সম্পাদিত।

উপস্থিতি, (উপ+স্থা+ক্তি—ভা) সং, স্ত্রীং, উপস্থান, নিকটে আগমন। উপাসনা। বিদ্যমানতা। ঘটন। জ্ঞান প্রাপ্তি। অনুভব। পরিষ্করণ। সম্পাদন।

উপস্নুত, (উপ—স্নু=ক্ষরিত হওয়া+ক্ত

—ক) বিং, ত্রিং, ক্ষরিত। গলিত।

উপস্পর্শ—পুং } (উপ = সদৃশ—
উপস্পর্শন=ক্লীং } স্পর্শ, স্পর্শন) সং, স্নান। আচমন। পান। স্পর্শ।

উপস্পৃষ্ট, (উপ=সদৃশ—স্পৃশ্=স্পর্শকরা +ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, আচান্ত, কৃতাচমন। স্নাত। স্পৃষ্ট, সংস্পৃষ্ট।

উপস্বত্ব, (উপ—স্বত্ব=ধনাদিতে প্রভুত্ব) সং, ক্লীং, ভূম্যাদি বিষয় হইতে উৎপন্ন ধনাদি, যথা জমীর খাজনা, বাটীর ভাড়া, টাকার সুদ ইত্যাদি।

উপস্বেদ, (উপ— স্বিদ্ = ঘর্ম্মাক্ত হওয়া ইত্যাদি+ঘঞ্—ভা) সং, পুং, সেক দেওয়া, তাপ দেওয়া।

উপহত, (উপ—হত=হিংসিত) বিং, ত্রিং আহত। বিঘ্নিত। দূষিত। বিঘট্টিত। বিনাশিত। আক্রান্ত, অভিভূত, "শোকোপহতাত্মবৃত্তিভিঃ"।

উপহরণ, (উপ—হরণ) সং, ক্লীং, উপঢৌকন, ভেট। বলিদান। আহারীয় দ্রব্য, পরিবেশন।

উপহব, (উপ—হু=আহ্বান করা+অল্) সং,পুং,আহ্বান। আমন্ত্রণ। আবাহন।

উপহসিত—ক্লীং, } (উপ—হস্=হাস্য-
উপহাস—পুং } করা+ক্ত, ঘঞ্—ভা) সং, হাস্য; পরিহাস।

উপহসিত, (উপ—হস+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে উপহাস করা গিয়াছে।

উপহার, (উপ—হৃ [হরণকরা] দানকরা +অ—ভা) সং, পুং, সমর্পণ উপঢৌকন, ভেট।

উপহাস্য, (উপ—হস্=হাস্যকরা+ঘ্যণ্—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে দেখিয়া উপহাস করা যায়, হাস্যের বিষয়।

উপহিত, (উপ—ধা [ধারণকরা] অর্পণ করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অর্পিত। বিন্যস্ত। দত্ত। সংযোজিত। মিশ্রিত।

উপহৃত, (উপ—হৃ+ক্ত—র্ম্ম) বিং,ত্রিং, দত্ত। আনীত। আহৃত।

উপহ্বর, (উপ—হ্বৃ=কুটিল হওয়া+অ —প্র) সং, ক্লীং, বিজন, নির্জ্জন, নির্জ্জনস্থান। সমীপ। পুং, রথ। যুদ্ধ।

উপাংশু, (উপ—অংশু = কিরণ) সং, পুং, জপবিশেষ। অং, নির্জ্জন। গোপনীয়রূপে।

উপাংশুবধ, (Assassination, উপাংশু গোপনীয়রূপে—বধ হত্যা) সং, পুং, নির্জ্জনে বধ, যে বধ অন্যে দেখিতে না পায়।

উপাংশুবাসী, (উপাংশুবাসিন্, উপাংশু বিজন—বাসী যে বাস করে) বিং, ত্রিং, বিজনবাসী, যে নির্জ্জনস্থানে বাসকরে।

উপাকরণ, (উপ — আ — কৃ [করা] পাঠকরা, বধকরা + অনট্—ভা) সং, ক্লীং,সংস্কার,পূর্ব্বক পশুহনন। আরম্ভ। বেদপাঠের পূর্ব্বে বিহিত সংস্কারবিশেষ।

উপাকৃত, (উপ—আ—কৃ+ক্ত — র্ম্ম) বিং, ত্রিং, দেবোদ্দেশে হত বা হন্তব্য জন্তু। উপক্রত। আরব্ধ। সং, পুং, অমঙ্গল। ভাবী বিপদসূচক নৈসর্গিকঘটনা।

উপাক্ষ, (উপ=সদৃশ—অক্ষ=অক্ষিশব্দজ, ব্যং,—স) সং, ক্লীং, উপনেত্র, চসমা।

উপাক্ষকার, (Spectacle-maker, উপাক্ষ চসমা—কার যে করে, ২য়া—ষ) সং, পুং, চসমা প্রস্তুতকারী।

উপাখ্যান, (উপ—আখ্যান=উপন্যাস) সং, ক্লীং, কল্পিত গল্প যাহার আদ্যোপান্ত প্রকৃত ঘটনা বলিয়া গণনীয় নহে, ইতিবৃত্ত, আখ্যান। কথন।

উপাগম, (উপ—আ—গম্ [গমনকরা] স্বীকারকরা+অল্ — ভা) সং, পুং, স্বীকার। (উপ=সমীপ — আগম = আগমন) উপস্থিত। প্রাপ্তি। অনুভব। দুঃখভোগ।

উপাঙ্গ, (উপ=সদৃশ—অঙ্গ) সং, পুং, ললাটদেশে চন্দনাদি চিহ্ন, তিলক ফোঁটা প্রভৃতি। প্রধানের উপযোগী, অঙ্গের অঙ্গ প্রত্যঙ্গ, যেমন অঙ্গুলি,যথা—

শরীরের অঙ্গ কর, করের অঙ্গ অঙ্গুলি। বিজ্ঞানের অপ্রধান অংশ।

উপাচার্য্য, (উপ—আচার্য্য) সং, পুং, আচার্য্যের সহকারী, অপ্রধান আচার্য্য।

উপাজে, (উপ—অজ্=গমন করা+এ—প্রং) অং, দুর্ব্বলের বলাধান।

উপাঞ্জন, (উপ — অঞ্জন) সং, ক্লীং, গোময়াদি দ্বারা ভূমি লেপ।

উপাত্ত, (উপ=সমীপ—আত্ত=গৃহীত) বিং, ত্রিং, গৃহীত। স্বীকৃত। প্রাপ্ত। সং, পুং, নির্ম্মদ হস্তী। উপাত্তবিদ্যো গুরুদক্ষিণার্থী কৌৎসঃ প্রপেদে বরতন্তু শিষ্যঃ" রঘুবংশ।

উপাত্যয়, (উপ—অতি—ই গমনকরা+অল—ভা) সং, পুং, আচারাতিক্রম। নাশ।

উপাদান, (উপ=সমীপ—আদান=গ্রহণ) সং, ক্লীং, সমবায়িকারণ, কোন পদার্থ যে বস্তুতে নির্ম্মিত বা প্রস্তুত হয়, যথা —ঘটের উপাদান মৃত্তিকা, বস্ত্রের উপাদান সূত্র। আদান, গ্রহণ। স্ব স্ব বিষয় হইতে ইন্দ্রিয়াকর্ষণ। ইন্দ্রিয় নিগ্রহ। কারণ। উদ্দেশ্য। কথন। স্বার্থবাক্য, অভিপ্রেত অর্থ ভিন্ন অন্যার্থ পরিচায়ক বাক্য।

উপাদেয়, (উপ—আ—দা [দানকরা] গ্রহণকরা ইত্যাদি+য—র্ম্ম) বিং, ত্রিং, গ্রাহ্য। রমণীয়। উৎকৃষ্ট, উত্তম।

উপাধান, (উপ—আ—ধা [ধারণকরা] স্থাপনকরা+অনট্— ধি) সং, ক্লীং, শিরোধান, বালিশ।

উপাধি, (উপ—আ—ধা [ধারণকরা] চিন্তা করা ইত্যাদি+কি—প্রং) সং, পুং, ধর্ম্মচিন্তা। কুটুম্বব্যাপৃত। অধিক সমৃদ্ধি। আধার। কারণ। ছল। উপনাম। নামচিহ্ন। জাতি বংশ বিদ্যা প্রভৃতির পরিচায়ক শব্দ, যথা—শর্ম্মা, বর্ম্মা, তর্কালঙ্কার, এম এ, বি এ, প্রভৃতি। ন্যায় মতে সাধ্যব্যাপকত্ব হইলে হেতুর অব্যাপক যথা ধূমবান্ বহ্নি এস্থলে আর্দ্রকাষ্ঠ উপাধি। (অলঙ্কার মতে) জাতি গুণ এবং ক্রিয়ার যদৃচ্ছা-স্বরূপ।

উপাধিপত্র ; সং, ক্লীং, বিদ্যালয়ের প্রশংসা পত্র।

উপাধ্মানীয়, (উপাধ্মান = ওষ্ঠ+ঈয়—ভবার্থে) সং, পুং, ওষ্ঠোচ্চার্য্য গজকুম্ভাকৃতি বর্ণ।

উপাধ্যায় (উপ=সমীপ—অধি—ই অ—ধ্যয়নকরা+ঘঞ্—পা। নিকটস্থ হইয়া যাঁহা হইতে অধ্যয়ন করে) সং, পুং, অধ্যাপক, উপদেশক। বেদের একদেশ মাত্রের অধ্যাপক। যথা "একদেশন্তু বেদস্য বেদাঙ্গান্যপি বা পুনঃ। যোধ্যাপয়তি বৃত্ত্যর্থং উপাধ্যায় স উচ্যতে" ভবিষ্যপুরাণ। য়া—স্ত্রীং, বিদ্যোপদেশিনী। অধ্যাপিকা। য়ী, য়ানী—স্ত্রীং, অধ্যাপকভার্য্যা। উপাধ্যায়পত্নী।

উপানৎ, (উপানহ্=উপ—আ—নহ্ বন্ধনকরা+ক্বিপ্—ণ) সং, স্ত্রীং, চর্ম্ম-নির্ম্মিত পাদকোষ, জুতা, বিনামা। "শ্বা যদি ক্রিয়তে রাজা স কিং নাশ্নাত্যুপানহং" উদ্ভট।

উপানৎকার, (উপানৎ=পাদুকা—কার =যে করে, ২য়া—ষ) সং, পুং, চর্ম্ম-নির্ম্মিত পাদুকা প্রস্তুতকারী, যে জুতা গড়ে।

উপান্ত, (উপ=সমীপ—অন্ত=শেষ)বিং, ত্রিং, সমীপ। প্রান্ত, পরিসর। শেষ। নিকট। "দিশামুপান্তেষু সসর্জ দৃষ্টিম্" কুমার সম্ভব।

উপান্তবর্ণ,(উপ=সমীপ—অন্ত—শেষ-বর্ণ) সং, পুং, অন্ত্যবর্ণের পূর্ব্ববর্ণ।

উপাপরাধ, (উপ—অপরাধ) সং, পুং, মিথ্যা সাক্ষ্য, প্রতারণা, হিংসা প্রভৃতি।

উপায়, (উপ—ই [গমনকরা] সম্পাদন করা+অ—ণ, ভা) সং, পুং, সাম, দান, ভেদ, দণ্ড অর্থাৎ শত্রুর সহিত

সন্ধি, শত্রুকে অর্থদান, শত্রুর গৃহবিচ্ছেদ এবং শত্রুর সহিত যুদ্ধ, রাজাদের শত্রুবশী করণ এই চতুর্ব্বিধ সাধন। উপগতি। সাধন। উপগম। স্বার্থ সম্পাদক, যাহা দ্বারা কর্ম্ম সম্পন্ন হয়। প্রতীকারের পথ। উপার্জ্জন। "উপায়তঃ সমারম্ভা সর্ব্বেসিদ্ধন্ত্যপক্রমাঃ। উপায়ং পশ্য যেন ত্বং ধারয়েথাঃ প্রজা নৃপ" বহ্নিপুরাণ।

উপায়ন, উপ=সমীপ—অয়্=গমনকরা +অনট্—ভা) সং, ক্লীং, উপহার, উঢৌকন, ভেট। সমীপগমন। ব্রতাদি প্রতিষ্ঠা।

উপারত, (উপ—আ—রম্ [ক্রীড়াকরা] আরামকরা+ক্ত—ক) বিং, ত্রিং, নিবৃত্ত,প্রত্যাবৃত্ত। সর্ব্বদা গমন। অধিকৃত।

উপার্জ্জন, (উপ—অর্জ্জন ধনাহরণ) সং, ক্লীং, অর্জ্জন, সেবা কৃষি বাণিজ্য প্রভৃতি দ্বারা ধনাদি আহরণ করা। লাভ। সঞ্চয়, আহরণ। সত্ব হেতুভূত ব্যাপার।

উপার্জ্জিত, (উপ—অর্জ্জিত=ধনাহৃত) বিং, ত্রিং, যাহা উপার্জ্জন করা গিয়াছে লব্ধ, প্রাপ্ত।

উপালব্ধ, (উপ+আ+লভ+ক্ত) বিং, ত্রিং, তিরস্কৃত। [প্রাপ্ত। আরূঢ়।

উপারূঢ়, (উপ—আরূঢ়) বিং, ত্রিং,

উপালম্ভ, (উপ—আ—লভ্ [লাভকরা] নিন্দাকরা+অল্—ভা) সং, পুং, তিরস্কার, ভর্ৎসনা। সরোষ-বাক্য, দুর্ব্বাক্য, বিলম্ব করণ, "তদস্যা দেবীং বসুমতী মন্তরেণ মহান্তমুপালম্ভমধিগতোঽস্মি"। উত্তর চরিত।

উপাবর্ত্তন,(উপ—আ—বৃৎ [হওয়া] ফিরিয়া আসা+অনট্—ভা) সং, ক্লীং, প্রত্যাগমন, পুনরাগমন। ঘূর্ণন। পার্শ্বপরিবর্ত্তন। নিবৃত্তি। সমীপাগমন।

উপাবৃত্ত, (উপাবর্ত্তন দেখ, ত-ক) বিং, ত্রিং,ঘূর্ণায়মান। ঘূর্ণিত। লুণ্ঠিত। প্রতিনিবৃত্ত। প্রত্যাগত। সম্পাদিত। শ্রমশান্তির নিমিত্ত পুনঃ পুনঃ ভূমিতে লুণ্ঠিত অশ্ব।

উপাসক, (উপ—অস্ [হওয়া] সেবাকরা+ণক—ক) বিং, ত্রিং, উপাসনাকারী, সেবক। শূদ্র। উপকার। প্রত্যাশায় যে অন্যের উপাসনা করে।

উপাশ্রয়, (উপ+আ+শ্রি+অল) সং, পুং, নিবাস (Asylum) আধার, আশ্রয়, অবলম্বন।

উপাসঙ্গ, (উপ—আ—সন্জ্=আসক্ত হওয়া+ঘঞ্—ধি) সং, পুং, তূণ, বাণাধার, তূণীর।

উপাসন—ক্লীং, না—স্ত্রীং, } (উপ+আস
উপাস্তি—স্ত্রীং } অনট্ তি-
ভা) সং, শুশ্রূষা, পূজা, সেবা, পরিচর্য্যা আরাধনা, উপকার প্রত্যাশায় অন্যের অনুবৃত্তি।

উপাসিত, (উপাসক দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, আরাধিত, সেবিত। উপকার প্রত্যাশায় যাহার অনুবৃত্তি করা গিয়াছে। কৃতোপাসন।

উপাস্থি, (Cartilage) সং, ক্লীং, শরীরের অভ্যন্তরস্থ অস্থিতুল্য পদার্থ।

উপাস্থিক, (Cartilaginous-fish) যে সকল মৎস্যের দেহের অভ্যন্তর অস্থিতুল্য পদার্থ দ্বারা আবৃত, যথা—বাণমাছ হাঙ্গর প্রভৃতি।

উপাস্য, উপাসক দেখ, য—র্ম্ম) বিং,ত্রিং, পূজ্য, উপকার প্রত্যাশায় অনুবর্ত্তনীয়।

উপাহিত, (উপ-আ-ধা [ধারণকরা] আগমন করা ইত্যাদি+ক্ত—ভা, ক, র্ম্ম, বা উপ আসন্ন—অহিত, ৫মী—হিং) সং, পুং, অগ্ন্যুৎপাত, উল্কাপাতাদি উপদ্রব। ধূমকেতু। বিং, ত্রিং, সংযোজিত,মিলিত। ন্যস্ত আরোপিত, পরিহিত।

উপেক্ষক, (উপ ঈক্ষ ণক—ক বিং, ত্রিং, যে উপেক্ষা করে; অবজ্ঞাকারক। উদাসীন। সহিষ্ণু।

উপেক্ষা, (উপ—ঈক্ষ [দেখা] তুচ্ছকর

ইত্যাদি+আ—ভা) সং, স্ত্রীং, তাচ্ছীল্য অনাদর। ঔদাসীন্য। ঔদাসীন্যরূপে দর্শন। অস্বীকার ত্যাগ। সহিষ্ণুতা।ঘৃণা।

উপেক্ষিত, (উপেক্ষা দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, অনাদৃত, অবজ্ঞাত, ঘৃণিত, ত্যক্ত অস্বীকৃত।

উপেত, (উপ=সমীপ—ইত=গত, প্রাপ্ত) বিং, ত্রি,মিলিত। প্রাপ্ত। "স চ মৌনব্রতোপেতো ন কিঞ্চিৎ প্রত্যভাষত"। মহাভারত।

উপেন্দ্র, (উপ=পশ্চাৎ-ইন্দ্র=দেবরাজ। যিনি ইন্দ্রের পরে জন্মগ্রহণ করিয়াছেন .পৌরাণিকেরা কহেন—ইন্দ্রলোকের উপরি আছেন বলিয়া উপেন্দ্র) সং, পুং, বিষ্ণু, ইন্দ্রের কনিষ্ঠ।

উপেন্দ্রবজ্রা, সং, স্ত্রীং, একাদশাক্ষর পাদ ছন্দোবিশেষ, প্রায় ইন্দ্রবজ্রাচ্ছন্দের ন্যায়, কেবল এইমাত্র বিশেষ, ইন্দ্রবজ্রায় ১ম বর্ণ গুরু, ইহাতে প্রথম বর্ণ লঘু।

উপেয়, (উপ=নিকট—ই=গমনকরা+য—প্রং) বিং,ত্রিং,প্রাপ্য। উপায়সাধ্য।

উপেয়িবান্, (উপেয়িবস্. উপ=নিকট—ই=গমনকরা+বস্—ক) বিং, ত্রিং, উপগত, প্রাপ্ত।

উপেয়ুষ্, (উপেয়িবান্ দেখ, নিপাতন। ই—ইয়, বস্=উম্) বিং, ত্রিং, উপগত, উপেয়িবান্, প্রাপ্তবান্, যথা—"গুণত্রয় বিভাগায় পশ্চাৎ ভেদমুপেয়ুষে" কুমার।

উপোঢ়, (উপ—বহ [বহনকরা] বিবাহকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বিবাহিত। শ্রেণীবদ্ধ, ব্যূহ। নিকট। আসন্ন।

উপোদকী, (উপ——উদক=জল, ৭মী—হিং। ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, পুতিকা, পুঁইশাক।

উপোদ্ঘাত, (উপ—উৎ—হন্ [বধকরা] আরম্ভ করা ইত্যাদি+ঘঞ—ভা। হন্ স্থানে ঘাত) সং, পুং, উপক্রম। উপক্রমণিকা, উদাহরণ। সঙ্গতি বিশেষ। আরম্ভ। সূচনা,প্রস্তাবনা।"চিন্তাং প্রকৃতসিদ্ধ্যর্থা মুপোদ্ঘাতং বিদুর্বুধাঃ"

উপোষ—পুং } (উপ—বস্ [বাস-
উপোষণ—ক্লীং } করা] নিরাহারে থাকা+ অন—ভা.) সং, উপবাস, অনাহার। [ত্রিং, অভুক্ত, অনাহারী।

উপোষিত, উপ—বস+ক্ত—ক) বিং,

উপ্ত, (বপ=বীজবুনা+ক্ত—র্ম্ম) বিং,ত্রিং, কৃতবপন, যাহা বপনকরা হইয়াছে। নিক্ষিপ্ত।"বীজমিবোপ্তমূষরে" ।রামায়ণ

উপ্তকৃষ্ট, (আদৌ উপ্ত—পশ্চাৎ কৃষ্ট অর্থাৎ প্রথম যাহাতে বুনা যায় পশ্চে তাহা চসা যায়) বিং, ত্রিং বিচতলা।

উপ্তি, (উপ+ক্তি) সং, স্ত্রীং, বীজবপন।

উপ্তিবিদ, (উপ্তি—বিদ [বিদ+কিপ] যে জানে) সং, পুং, কৃষিজ্ঞ, যিনি কৃষিবিদ্যায় নিপুণ (Agriculturist.)

উপ্তিম, (উপ্তি+মম্) বিং, ত্রিং, উপ্ত, যাহা চাষ করা হইয়াছে।

উভ, (উভ=পরিপূর্ণকরা+অ—প্রং) সর্ব্বং, ত্রিং, দ্বিং, দুইজন, উভয়। "ব্যূহাবুভৌ তাবিতরেতরেতরস্মাৎ ভঙ্গং জয়ঞ্চাপতুরব্যবস্থং" রঘুবংশ।

উভচর, (উভ—চর=যে গমন করে) বিং, ত্রিং, যাহারা জলে ও স্থলে উভয়স্থানে বাস করে।

উভয় (উভ+য—অবয়বার্থে) সর্ব্বং, ত্রিং, একং—বহুং, দুইজন, দুই।

উভয়তঃ, (উভয়তস্, উভয়+তস্—প্রং সপ্তমী স্থানে তস্) অং, দুই দিকে, দুই দিকে, দুই পার্শ্বে। ওষধ্যঃ ফলপাকান্তা বহুপুষ্পফলোপগাঃ। অপুষ্পাঃ ফলিনশ্চৈব বৃক্ষাস্তূভয়তঃ স্মৃতাঃ"। অমরকোষ

উভয়ত্র, (উভয়+ত্র—প্রং। সপ্তমী স্থানে ত্র) অং, দুই স্থানে, দুই দিকে। "দ্বৌ দৈবে (শ্রাদ্ধে) পিতৃকার্য্যে ত্রীনেকৈকমুভয়ত্রবা ভোজয়েৎ" স্মৃতি।

উভয়থা, (উভয়+থা—প্রং) অং দুই প্রকারে।

উভয়দ্যুঃ, উভয়েদ্যুঃ (উভয়—দ্যুস্‚উভয়+এদ্যুস—দিবার্থে) অং, দুই দিনে।
উভয়ভাগহর, (উভয়—ভাগ+হৃ+অল্) বিং, ত্রিং, যে দুই অংশ গ্রহণকরে। সং, ক্লীং দুই প্রকার গুণবিশিষ্ট ঔষধ।
উভয়বেতন, উভয়—বেতন) বিং, ত্রিং, যে উভয়ে বেতন গ্রহণ করে, যাহার দুইজন প্রভু। [স্বীকার। প্রশ্ন।
উম্, অং, কোপ, ক্রোধ। প্রতিজ্ঞা।
উমা, (উ=শিব—মা=লক্ষ্মী, ৬ষ্ঠী — ষ, কিম্বা উ=হে—মা=না। মেনকা ভগবতীকে কহিয়াছিলেন "উ দুর্গে মা কুরু তপস্যাং" এই নিমিত্ত ভগবতীর উমা নাম হইল। তথাহি "উমেতি মাত্রা তপসো নিষিদ্ধা পশ্চাদুমাখ্যাং সুমুখী জগাম" কুমার সম্ভব। সং, স্ত্রীং, পার্ব্বতী, দুর্গা। (বে=বস্ত্রাদি বুনা+মক্ —প্রং, অথবা মা = পরিমাণকরা, বা মা=দীপ্তি) মসিনা। হরিদ্রা। কীর্ত্তি। কান্তি। শান্তি।
উমাকট, (উমা=মসিনা ইত্যাদি+কট-প্রং) সং, পুং, মসিনা বা হরিদ্রার রজঃ।
উমাগুরু, উমাধর (উমা—গুরু, ধর, ৬ষ্ঠী—ষ) সং, পুং, হিমালয় পর্ব্বত। শিব।
উমাপতি, উমেশ, (উমা—পতি, ঈশ = স্বামী, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মহাদেব, শিব।
উমাবন, (উমা—বন = উদ্যান) সং, ক্লীং, বানপুরের নামান্তর, দেবী কোট।
উমাসুত, (উমা=পার্ব্বতী—সুত = পুত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কার্ত্তিকেয়।
উম্য, (উমা = মসিনা + য) সং, ক্লীং, মসিনার ক্ষেত্র।
উম্বর, (উদ্=উপরি — বৃ = আচ্ছাদন করা+অ — প্রং) সং, পুং, দেহলী, চৌকাটের উপরিস্থ কাষ্ঠ।
উম্বী, সং, স্ত্রীং, অর্দ্ধশুষ্ক তৃণের অগ্নিতে ভাজা যবের বা গোধূমের মঞ্জরী।
উরঃ, (উরস্, ঋ=গমনকরা, পাওয়া+অল্=সংজ্ঞার্থে। ঋ=উর। যে নিশ্বাস বায়ু পায় কিম্বা উর [সৌত্রধাতু] গমন করা+অস্—প্রং) সং, ক্লীং, বক্ষঃস্থল, হৃদয়। বিং, ত্রিং, প্রধান, উত্তম।
উরঃক্ষত, (উরস্—ক্ষত) সং, ক্লীং, রক্তস্থলীর (Blood vessel) ভঙ্গ, রোগবিশেষ, যাহাতে মুখাদি দ্বারা রক্ত নির্গত হয় (Consumption)
উরঃসূত্রিকা, (উরস্ = বক্ষঃস্থল — সূত্র সূতা, ৭মী—ষ। ক—যোগ) সং, স্ত্রীং, মুক্তারচিত হার।
উরগ, উরঙ্গ, উরঙ্গম, (উরস্=বক্ষঃ—গ, গম=যে গমন করে, ৩য়া—ষ) সং, পুং, ভুজগ, সর্প, সাপ। "ত্যাজ্যো দুষ্টো প্রিয়োপ্যাসীদঙ্গুলীবোরগক্ষতা"রঘুবংশ।
উরগস্থান, (উরগ=সর্প—স্থান। নাগ বা সর্পের বাসস্থান, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, নাগলোক, পাতাল।
উরগাশন, (উরগ = সর্প — অশন = যে ভোজন করে, ২য়া—ষ) সং, পুং, গরুড় পক্ষী। শিখী, কেকী, ময়ূর।
উরণ, উরভ্র, (ঋ=গমনকরা+অন—সংজ্ঞার্থে) সং, পুং, মেষ, ভেড়া।
উরণাক্ষ, (উরণ = মেষ —অক্ষ, চক্ষুঃ। ইহার পুষ্প মেষচক্ষুর ন্যায়) সং, পুং, বৃক্ষ বিশেষ, চাকুন্দা।
উররী, উরী, উরুরী, ঊরী, ঊররী, ঊরুরী (বে= বুনা+ররী—প্রং)অং, অঙ্গীকার। পরিত্যাগ। বিস্তার।
উররীকৃত, উরীকৃত, ঊরীকৃত, (উররী—কৃত=যাহা করা হইয়াছে) বিং, ত্রিং, অঙ্গীকৃত। প্রসারিত। বিস্তারিত। পরিত্যক্ত।
উরশ্ছদ—পুং, উরস্ত্র—ক্লীং, উরস্ত্রাণ—ক্লীং (উরস্—বক্ষঃ — ছদ যে আচ্ছাদন করে। —ত্র, ত্রাণ = যে রক্ষা করে, ২য়া—ষ)সং,কবচ, সাজোয়া,বর্ম্ম।
উরসিজ, উরোজ, (উরসি=বক্ষেতে—জ যে জন্মে) সং, পুং, বক্ষোজ, স্তন।

উরসিল, (উরস্=বক্ষঃস্থল+ইল—বিদ্যমানার্থে) বিং, ত্রিং, যাহার বক্ষঃস্থল প্রশস্ত। [সং, পুং, যজ্ঞোপবীত।
উরকট, (উরস্-কট্=বেষ্টনকরা+অল্)
উরস্য, (উরস্=বক্ষঃ+য ভবার্থে। যে বক্ষ হইতে হইয়াছে) সং, পুং, স্যা — স্ত্রীং, সবর্ণা স্ত্রীর গর্ভে উরসজাত সন্তান।
উরস্বান্, (উরস্বৎ, উরস্+মৎ — অস্ত্যর্থে) বিং, ত্রিং, প্রশস্ত বক্ষঃস্থল-বিশিষ্ট।
উরাহ, সং, পুং, কৃষ্ণবর্ণ পদ বিশিষ্ট ঘোটক বিশেষ।
উরু, (ঊর্ণু=আচ্ছাদনকরা+ উ— প্রং। উ=উ। ন্—লোপ) বিং, ত্রিং, বিশাল, মহৎ, বড়। লম্বা। মূল্যবান।
উরুগায়, (উরগ=সর্প+ই= গমনকরা +অম্) সং, পুং, শ্রীকৃষ্ণের নামান্তর।
উরুমার্গ, (উরু—মার্গ) সং, পুং, প্রশস্ত রাস্তা।
উরুবুক, উরুবূক, (উরু = মহৎ—বৈ= শুষ্ক করা+উক, উক—প্রং। যে মহৎ পীড়া নষ্ট করে) সং, পুং, এরণ্ডবৃক্ষ ভেরেণ্ডা, যাহার ফলে তৈল হয়।
উরুব্যয়স্, (উরু—অধিক—ব্যয়= প্রতারণা করা+অস্) প্রেত যোনি। ইহা রাত্রিকালে নানা রূপ ধারণকরিয়া লোকদিগকে ছলনা করে বলিয়া ইহার নাম উরুব্যয়স্ হইল। [সং, পুং, স্তন।
উরোজ, (উরস্= বক্ষঃ—জ = উৎপন্ন)
উর্ণনাভ, (উর্ণা=সূত্র—নাভি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, লূতা, মাকড়্সা।

উর্ণনাভ।

উর্ণা, (উর্ণ=আচ্ছাদনকরা+অ—ণ)সং, স্ত্রীং, মেষাদি-লোম, পশুলোম।
উর্দ্র, (উর্দ্=ক্রীড়াকরা+র—সংজ্ঞার্থে) সং, পুং, জলাখু, উদ্বিড়াল।
উর্ব্বট, (উরু=অধিক—অট= যে গমন করে। যে অধিক পরিমাণে বা সর্ব্বদা গমন করিতেছে) সং, পুং, বৎসর।
উর্ব্বরা, (উরু=অধিক—ঋ = গমনকরা, পাওয়া+অ—প্রং। আ — স্ত্রীলিঙ্গে) বিং, স্ত্রীং, যাহাতে সর্ব্ব শস্য জন্মে।
উর্ব্বশী, (উরু, মনীষাদি, যে নারায়ণের উরু ভেদ করিয়া হইয়াছিল, অথবা উরু মহৎ—বশ্ = বশীভূতকরা+অ — সংজ্ঞার্থে, ক)সং, স্ত্রীং, স্বর্গ-বেশ্যা-বিশেষ। বিক্রমোর্ব্বশী নামক কালিদাস রচিত নাটকের নায়িকা।
উর্ব্বশীরমণ, উর্ব্বশীবল্লভ } (উর্ব্বশী—রমণ=স্বামী, বল্লভ=প্রিয়, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ঐলরাজা, পুরূরবাঃ।
উর্ব্বারু, (ইর্ব্বারু দেখ) সং, পুং, কর্কটি ফল, কাঁকুড়।
উর্ব্বী, (উরু=মহৎ+ঈ-স্ত্রীলিঙ্গে। অতি বিস্তীর্ণ বলিয়া উর্ব্বী) সং, স্ত্রীং, পৃথিবী, পৃথ্বী।
উর্ব্বীরুহ, (উর্ব্বী—রুহ=যে জন্মে, ৭মী —ষ) সং, পুং, মহীরুহ, বৃক্ষ, গাছ।
উলপ, উলুপ, (বল্ = বলবান্ হওয়া+ অপ, উপ—সংজ্ঞার্থে) সং, পুং, তৃণবিশেষ, উলুখড়।
উলূক, উলুক, (উলপ—দেখ, উক-প্রং। কিম্বা উৎ—নম্ উড়া, নিপাতন। যে উড়িতে উড়িতে নেত্রদ্বারা দেখে) সং, পুং, পেচক, পেঁচা। দেবরাজ, শচীপতি, ইন্দ্র। দুর্য্যোধন-মাতুল

উলূক।

শকুনির পুত্র। ক্লীং উলুখড়।
উলূখল, (উদূখল দেখ, দ=ল) সং,ক্লীং, উদূখল, গড়। ধান্যাদি পরিষ্কারের নিমিত্ত কাষ্ঠের দ্বারা নির্ম্মিত যন্ত্রবিশেষ।
উলূত, (উদ্=অধিক—লূ=ছেদনকরা+ত—প্রং) সং, পুং, অজগর সর্প।
উলূপিন্ উলুপিন্ উল্লুপিন্ } (উ = শিব—রূপ+ইন্—অস্ত্যর্থে। শিবের ন্যায় যাহার রূপ। অথবা উদ্ উপরি—লুপ্=ঘোলাকরা ইত্যাদি+ইন্—ক। উদ্=উ) সং, পুং, শিশুমার, শুশুক।
উলূপী ; সং, স্ত্রীং, নাগকন্যা অর্জ্জুনপত্নী।
উলূলু (উরু-দ্বিত্ব, নিপাতন। র=ল) সং, পুং, মাঙ্গলিক ধ্বনিবিশেষ, উলুধ্বনি।
উল্কা, (উষ্=দাহকরা+ক—প্রং। ষ=ল। কিম্বা উল্ [সৌত্রধাতু] দাহকরা) সং, স্ত্রীং, আকাশ হইতে পতিত অগ্নি। স্ফুলিঙ্গ। উথা, অগ্নিশিখা।
উল্কামুখ, সং, পুং, প্রেতবিশেষ। এই প্রেত পূর্ব্বজন্মে ব্রাহ্মণ ছিল। এবং ব্রাহ্মণোচিত ক্রিয়াকলাপের অনুষ্ঠানে অমনোযোগী হওয়াতে প্রেত যোনি প্রাপ্ত হইয়াছিল। ইহার মুখে সর্ব্বদা অগ্নি জ্বলিতেছে এবং ইহা বাস্তদ্রব্য ভক্ষণ করিয়া প্রাণ ধারণ করে।
উল্কামুখী, (উল্কা = অগ্নিশিখা—মুখ=আস্য,ষষ্ঠী—হিং। শৃগালীর মুখের রক্তিমা প্রযুক্ত উল্কামুখী নাম হইল) সং, স্ত্রীং, শৃগালী, খ্যাক্‌শেয়ালী। আলেয়া।
উল্মুক (উষ্=দগ্ধকরা+মুক—প্রং। ষ=ল) সং, পুং, কয়লা। জ্বলন্ত অঙ্গার। রাজকুমার বিশেষ।
উল্লকসন, (উদ্—লষ=হানিকরা+অনট্—ক, আগম) সং, ক্লীং, শঙ্কাদিপ্রযুক্ত রোমোদ্গম, রোমাঞ্চ।
উল্লঙ্ঘন, (উদ্—লন্ঘ্=লঙ্ঘনকরা+অনট্—ভা) সং, ক্লীং, লঙ্ঘন, অতিক্রম, ডিঙ্গান, লাফান। বিপরীতাচরণ।
উল্লঙ্ঘিত, (উদ্—লন্ঘ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অতিক্রান্ত, লঙ্ঘিত।
উল্লম্ফন, (উৎ—ঊর্দ্ধে—রন্ফ্ = গমন করা+অনট্—ভা) সং, ক্লীং, লাফান।
উল্লল, (উদ্=অধিক—লল্=কাঁপা+অ—প্রং) বিং, ত্রিং, কম্পন, আন্দোলন।
উল্ললিত, (উৎ=অতিশয়—লল্ = কাঁপা+ক্ত—ক) বিং, ত্রিং, আন্দোলিত, চালিত, কম্পিত। তরলিত।
উল্লস উল্লসৎ } (উদ্—লস্ = দীপ্তহওয়া+অচ্, শতৃ) বিং, ত্রিং, উজ্জ্বল, দীপ্তিবিশিষ্ট। ক্রীড়মান্, আনন্দযুক্ত। সুখী।
উল্লসিত, (উৎ—লস্ [ক্রীড়াকরা] দীপ্ত হওয়া ইত্যাদি+ক্ত—ক) বিং, ত্রিং, আনন্দিত। শোভিত, উজ্জ্বল। সুখী।
উল্লাঘ, (উদ্ =অতিশয়— লাঘ্=পারক হওয়া+অনট্—ক)বিং,ত্রিং, কার্য্যদক্ষ। রোগমুক্ত। শুচি। বুদ্ধিমান্। সুখী।
উল্লাঘন, (উদ্—লাঘ+অনট্—ভা) সং, ক্লীং, রোগনাশ। ভারমোচন।
উল্লাপ, (উদ্ =পরিবর্ত্তন—লপ= বলা+ঘঞ্—ভা) সং, পুং, পীড়া বা শোক প্রযুক্ত স্বরভঙ্গ, শোকাদি জন্য উচ্চৈঃস্বরে রোদন।
উল্লাস, (উদ্+লস+ঘঞ্— ভা) সং, পুং, আনন্দ, আহ্লাদ। প্রকাশ। উজ্জ্বলতা। গ্রন্থের পরিচ্ছেদ।
উল্লিখিত, (উৎ—লিখ্ [লেখা] বলা ইত্যাদি+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, কথিত, যাহা পূর্ব্বে বলা হইয়াছে। চিত্রিত। উৎক্ষিপ্ত। উৎকীর্ণ। কোঁদা, চাঁচা, ছোলা। উপরিলিখিত।
উল্লিঙ্গিত, (উদ্—লিঙ্গিত=চিহ্নিত) বিং, ত্রিং, জ্ঞাত। প্রভেদিত। যাহাকে অন্য বস্তু হইতে বিভেদ করা গিয়াছে।
উল্লুঞ্চন, (উদ্—লুচি=কর্ত্তনকরা+অনট্) সং, ক্লীং, কেশোত্তোলন। কেশ কর্ত্তন, চুল কাটা।

উল্লুণ্ঠ—পুং } (উৎ—লুণ্ঠ্ [লুণ্ঠকরা]
উল্লুণ্ঠন—ক্লীং } উল্টাকরা+অল, অ-নট্—ভা) সং, উল্টান, পাল্টান, উ-ল্‌ট পালট্। উপহাস, ঠাট্টা।

উল্লেখ—পুং } (উদ্—লিখ+ঘঞ
উল্লেখন—ক্লীং } অনট—ভা) সং, খনন। বমন। কথন। চাঁচা, কোঁদা। "সম্মার্জ্জনোপাঞ্জনেন সেকেনোল্লেখনেন চ। গবাঞ্চ পরিবাসেন ভূমিঃ শুধ্যতি পঞ্চভিঃ"॥ স্মৃতি। মাসপক্ষতিথীনাঞ্চ সর্ব্বশঃ। উল্লেখনমকুর্ব্বাণো ন তস্য ফলভাগ্ভবেৎ॥ ইতি তিথ্যাদিতত্ত্বম্।

উল্লেখ, (পূর্ব্বে দেখ) সং,পুং, আর্থালঙ্কার বিশেষ; এক বস্তুর অনেক প্রকারে উল্লেখ; তাহা দুই প্রকার।

উল্লোচ, (উদ্=উপরি—লোচ দেখা+অক্—র্ম্ম) সং, পুং, চন্দ্রাতপ, চাঁদোয়া।

উল্লোল, (উৎ=উপরি—লোড়=আন্দোলিত হওয়া প্রচণ্ড হওয়া+অচ্—ক—উ=ল.) সং, পুং, কল্লোল, বৃহৎতরঙ্গ। বিং, ত্রিং, দোদুল্যমান।

উল্ব, (উচ=সমবেত করা, মিলিত করা +বন্—সংজ্ঞার্থে, চ=ল। অথবা—বল বৃদ্ধি পাওয়া+ব—সংজ্ঞার্থে। ব=উ) সং, ক্লীং, জরায়ু, গর্ভাশয়।

উল্বণ, (উৎ=উপরি—ল্বী=যোগ করা, নিপাতন) বিং, ত্রিং, স্ফুট, ব্যক্ত। উগ্র, তীক্ষ্ণ। সং, ক্লীং, বাত, পিত্ত, কিম্বা শ্লেষ্মার আধিক্যে যে রোগ উৎপন্ন হয়।

উশতী } (বশ = অভিলাষকরা, উষ
উষতী } দগ্ধকরা+শতৃ—ক) বিং, ত্রিং, অমঙ্গলসূচক।

উশনাঃ, (উশনস্, বশ=ইচ্ছাকরা+অনস্—সংজ্ঞার্থে) সং, পুং, শুক্রাচার্য্য, অসুরগুরু। "কাব্যস্যোশনসঃ শাপান্ন চ তৃপ্তোস্মি যৌবনে" মহাভারত।

উশিক্, (উশিজ্ বশ,=ইচ্ছাকরা—ইজ—সংজ্ঞার্থে। ব=উ) সং, পুং, অগ্নি, আগুন। ঘৃত। মাখম মারা ঘি।

উশী, (বশ=অভিলাষকরা+ঈ—সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, বাঞ্ছা, ইচ্ছা।

উশীনর, (উশী=ইচ্ছা—নর=মনুষ্য) সং, পুং, গান্ধার দেশ (Candahar) চন্দ্রবংশীয় নৃপবিশেষ, শিবিরাজার পিতা।

উশীর, উষীর, (বশ=ইচ্ছাকরা+ঈরন্—সংজ্ঞার্থে) সং, পুং—ক্লীং, বেণার মূল, গন্ধতৃণ বিশেষের মূল, খশ্খশ্। "প্রিয়ম্বদে কস্যেদমুশীরানুলেপনং মৃণালবন্তিচ নলিনীদলানি নীয়ন্তে" শকুন্তলা।

উষ, (উষ=দাহকরা+অ-প্রং) সং, পুং, প্রভাত। গুগ্গুল্। বিং, ত্রিং, কামী। ষা-স্ত্রীং, অনিরুদ্ধের পত্নী, বাণরাজার কন্যা। রাত্রি। প্রভাত। "অর্দ্ধাস্তময়াৎ সন্ধ্যা ব্যক্তীভূতা ন তারকা য়াবৎ। তেজঃপরিহানিরুষা ভানোরর্দ্ধোদয়ং যাবৎ"। ইতি তিথিতত্ত্বধৃতবরাহবচনম্।

উষণ, (উষ+অনট=প্রং। যে কণ্ঠ দাহ করে) সং, ক্লীং, গোলমরীচ। পিপ্পলীমূল। ণা—স্ত্রীং,পিপ্পলী,পিপুল। শুঁঠ।

উষপ, (উষ=দাহকরা+পচ্—প্রং) সং, পুং, সূর্য্য। অগ্নি।

উষর্বুধ, (উষস্=প্রভাত—বুধ=জানা+অ—প্রং। যাহাকে প্রভাতের ন্যায় বোধ হয় অর্থাৎ প্রভাতের ন্যায় রক্তবর্ণ) সং, পুং, অগ্নি, আগুন।

উষস্, (উষ দেখ, অস্—প্রং) সং, ক্লীং, প্রত্যূষ, প্রভাত, ভোর। "উষসি সর ইব প্রফুল্লপদ্মংকুমুদবনপ্রতিপন্ননিদ্রমাসীৎ" রঘুবংশ।

উষসী, (উষ=সো=শেষ করা+অ—প্রং। ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, সন্ধ্যার প্রাক্কাল। (Twilight)

উষস্য, (উষস্+য—প্রং) বিং, ত্রিং, উষাকালীন।

উষাকল, (উষা—কল [কল্=শব্দকরা+অ—ক] যে শব্দ করে। যে উষাকালে

শব্দ করে) সং, পুং, কুক্কুট, কুঁকড়া।
উষাপতি } (উষা—পতি, রমণ স্বামী,
উষারমণ } ৬ষ্ঠী—ষ) সং, পুং, অনিরুদ্ধ, কামদেবের পুত্র।
উষিত, (বস্=বাসকরা+ক্ত—ক) বিং, ত্রিং, উর্য্যুষিত, বাসি। দগ্ধ। ত্বরিত। স্থিত। নিবিষ্ট। কৃতবসতি।
উষিঙ্গবীন, (উষিত—গবীন [গো+ীন্] গোসম্বন্ধীয়) বিং, ত্রিং, গোকৃতনিবাস, পূর্ব্বে যে স্থানে গোরু থাকিত।
উষেশ, (উষা—ঈশ=প্রভু, স্বামী, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অনিরুদ্ধ।
উষ্ট্র, (উষ দেখ, ট্র—সংজ্ঞার্থে। যে মরু-

ভূমিতে দগ্ধ প্রায় হয়) সং, পুং, পশুবিশেষ, উট। ষ্ট্রী, ষ্ট্রিকা—স্ত্রীং, স্ত্রীউট। মৃণ্ময় পাত্র বিশেষ।
উষ্ট্রকণ্টকভোজন ন্যায়—ন্যায় (১২) দেখ।
উষ্ট্রকাণ্ডী, সং, স্ত্রীং, রক্তবর্ণ পুষ্প বিশেষ।
উষ্ট্রক্রোশী, (উষ্ট্র—ক্রোশী=যে শব্দ করে) বিং, ত্রিং, যে উষ্ট্রের ন্যায় শব্দ করে।
উষ্ট্রগোযুগ, (উষ্ট্র+গোযুগ=যোড়া) সং, ক্লীং, এক যোড়া উষ্ট্র।
উষ্ট্রশিরোধর, (উষ্ট্র=উট—শিরস্=মস্তক—ধর—যে ধারণ করে) সং, ক্লী, ভগন্দর রোগ।
উষ্ণ, (উষ্=দাহকরা+ণ—প্রং) সং, পুং, গ্রীষ্মকাল। রৌদ্র। উষ্মা। পলাণ্ডু। দীর্ঘ নিশ্বাস। বিং, ত্রিং, অশীতল, তপ্ত "দীর্ঘমুষ্ণঞ্চ নিশ্বস্য কৈকেয়ীম্ বাক্যমব্রবীৎ" রামায়ণ। তীব্র। অনলস, তৎপর। ষ্ণা—স্ত্রীং, যক্ষ্মারোগ। সন্তাপ। পিত্ত।

উষ্ণক, (উষ্ণ+ক—যোগ) বিং, ত্রিং, অনলস, ক্ষিপ্রকারী। সং, পুং, জ্বর। গ্রীষ্মকাল।
উষ্ণকটিবন্ধ, (Torrid zone) সং, পুং, কর্কটক্রান্তি ও মকরক্রান্তির অন্তর্ব্বর্ত্তী ভূভাগ। [সং, স্ত্রীং, বৈতরণী নদী।
উষ্ণনদী, (উষ্ণ=তপ্ত—নদী, য়ং—স)
উষ্ণরশ্মি, উষ্ণাংশু (উষ্ণ=তপ্ত—রশ্মি, অংশু=কিরণ। যাহার কিরণ উষ্ণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সূর্য্য। "কুবেরগুপ্তম্ দিশমুষ্ণরশ্মৌ গন্তং প্রবৃত্তে সময়ং বিলঙ্ঘ্য" কুমারসম্ভব।
উষ্ণবারণ, (উষ্ণ=রৌদ্র—বারণ=যে নিবারণ করে, ২য়া—ষ) সং, পুং—ক্লীং, আতপত্র, ছত্র, ছাতা।
উষ্ণবীর্য্য (উষ্ণ=তীব্র=বীর্য্য শৌর্য্য, বল, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিশুমার, শুশুক। তেজস্বী দ্রব্য।
উষ্ণাগম } (উষ্ণ=রৌদ্র, উষ্মা—আগম, অভিগম, উপগম=
উষ্ণাভিগম } আগমন, ৭মী—হিং) সং,
উষ্ণোপগম } পুং, গ্রীষ্মকাল।
উষ্ণাসহ, (উষ্ণ=উত্তাপ—অসহ অসহ্য) বিং, ত্রিং, যে উত্তাপ সহ্য করিতে পারে না। সং, পুং, হেমন্তকাল।
উষ্ণিক্, (উষ্ণিহ (উৎ=ঊর্দ্ধে—স্নিহ্ স্নিগ্ধকরা+ক্বিপ্ প্রং) সং, স্ত্রীং, শিরোবেষ্টন, পাকড়ী। ৭ অক্ষর ছন্দোবিশেষ।
উষ্ণিকা, (উষ্ণ=তপ্ত [অন্ন]+ক—যোগ, অথবা অন্ন+ক—প্রং। অন্ন স্থানে উষ্ণাদেশ) সং, স্ত্রীং, অন্নমণ্ড। ভাতের মাড়
উষ্ণীষ, (উষ্ণ=তাপ—ঈষ্=নাশকরা+অ—ক। যে তাপ নষ্ট করে, ২য়া—ষ) সং, পুং—ক্লীং, শিরোবেষ্টন, পাকড়ী। কিরীট। বিশেষ চিহ্ন।
উষ্ম, উষ্মন্ (উষ্=দাহকরা+ম, মন্—প্রং) সং, পুং, গ্রীষ্মকাল। উত্তাপ। তীব্রতা। শ-ষ-স-হ বর্ণ
উষ্মপা, (উষ্ম—পা=পান করা+ক্বিপ্

প্রং) সং, পুং স্বর্গীয় প্রেত বিশেষ।
উস্র, (বস্ = বাসকরা + র—সংজ্ঞার্থে। যাহাতে লোক বাস করে ব=উ) সং, পুং, কিরণ, আলোক। (যাহাতে বল-বীর্য্য বাস করে) বৃষ, ষাঁড়, স্রা—স্ত্রীং, ধেনু, গবী। লতাবিশেষ।
উস্রধন্বণ্, সং, পুং, ইন্দ্র।
উহান, সং, পুং, দেশ বিশেষ।
উহ্যমান, (বহ্ = বহনকরা + শান—র্ম্ম) য, ম—আগম) বিং, ত্রিং, আকৃষ্যমাণ। যাহা বহন করা যায়। "তমুহ্যমানং বেগেন বীচিমালাপরিপ্লুতং" বিষ্ণুপুরাণ।

ঊ।

ঊ, ষষ্ঠস্বরবর্ণ। (অব্ = গমনকরা + ক্বিপ্ প্রং। অব্ = ঊ) সং, পুং, চন্দ্র। শিব। বিং, ত্রিং, রক্ষক। অং, শোক দুঃখাদি সূচক। সম্বোধন। বাক্যারম্ভ। রক্ষা। দয়া।
ঊখলি, (উদূখল শব্দজ) সং, উলূখল, গড়।
ঊঢ়, (বহ্ = বহন করা + ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বিবাহিত। বহনীয়, যাহা বহন করা যায়। ধৃত। অঙ্গীকৃত।
ঊঢ়কঙ্কট, (ঊঢ় = বহনীয়—কঙ্কঠ = বর্ম্ম, ৩য়া—হিং,) বিং, ত্রিং, কবচধারী, বর্ম্মী, সন্নাহবিশিষ্ট।
ঊত, (বে = বুনা + ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বোনা, কাপড় প্রভৃতি। স্যূত, সেলাই করা।
ঊতি, (বে + ক্তি—ভা) সং, স্ত্রীং, স্যূতি, সেলাই। বস্ত্রাদিবয়ন। (অব্ = রক্ষকরা ইত্যাদি + ক্তি—ভা) রক্ষণ। লীলা। ক্ষরণ।
ঊধন্য, (ঊধস্ + যৎ। স = ন) বিং, ত্রিং, পালান হইতে উৎপন্ন, দুগ্ধাদি।
ঊধস্, (ঊধস্ দেখ, বহ = ঊধ) সং, ক্লীং, পশুস্তন, পালান। [দুগ্ধ।
ঊধস্য, (ঊধস্ + য—ইদমর্থে) সং, ক্লীং,

ঊন, (ঊন্ = ন্যূনকরা, কমকরা + অ—প্রং) বিং, ত্রিং, ন্যূন, হীন, কম, অল্প। দুর্ব্বল।
ঊম, (অব = রক্ষাকরা + ম্—প্রং) অং, গর্ব্ব। ক্রোধ। নিন্দা, ভর্ৎসনা। প্রশ্ন। সং, ক্লীং, নগর বিশেষ। [পিঁপড়া।
ঊয়ী, (দেশজ) সং, বল্মীক, রুই, শাদা
ঊররী, ঊরী } (ঊয় সেলাইকরা ইত্যা-
ঊরুরী } দি + ররী, রী, রুরী—প্রং) অং, অঙ্গীকার, স্বীকার, বিস্তার।
ঊরব্য, ঊরুজ (ঊরু + ষ্ণ্য—ভবার্থে।—ঊরু—জ যে জন্মে, ৫মী—ষ। যে ব্রহ্মার ঊরুদেশ হইতে জন্মিয়াছে) সং, পুং, বৈশ্যজাতি।
ঊরীকৃত, (ঊরী—কৃত = যাহা করা হইয়াছে) বিং, ত্রিং, অঙ্গীকৃত। বিস্তারিত।
ঊরু, (ঊর্ণ = আচ্ছাদনকরা + উ—প্রং। ণ—লোপ) সং, পুং, জানুর উপরিভাগ, ঊরুৎ। "অয়ং স যস্মাৎ প্রণয়াবধীরণামশঙ্কণীয়াং করভোরু! শঙ্কসে" শকুন্তলা। "কুরুষ তাবৎ করভোরু পশ্চাৎ, মার্গে মৃগপ্রেক্ষিণি দৃষ্টিপাতম্" রঘুবংশ।
ঊরুপর্ব্বা, (ঊরুপর্ব্বন্, ঊরু—পর্ব্বন্ = গ্রন্থি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, জানু, হাঁটু।
ঊরুস্তম্ভ, (ঊরু—স্তন্ভ = স্থির হওয়া + অ—প্রং) সং, পুং যে রোগ হইলে ঊরু-অবশ হইয়া যায়, ঊরুতে স্ফোটক।
ঊরুস্তম্ভা, (ঊরু—স্তম্ভ = থাম। যে ঊরুর উপমাভূত স্তম্ভ, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, কদলী বৃক্ষ।
ঊর্জ্জ, (ঊর্জ = জীবিত হওয়া, বলিষ্ঠ হওয়া + অ—ভা) সং, পুং, কার্ত্তিকমাস। যত্ন, চেষ্টা, উৎসাহ। বল, সামর্থ্য, শক্তি। নিশ্বাস। ক্লীং, জল।
ঊর্জ্জঃ, (ঊর্জস্, ঊর্জ দেখ, অস্—প্রং) সং, ক্লীং, বল। উৎসাহ। তেজঃ। প্রাণন।
ঊর্জস্বল, ঊর্জস্বী, ঊর্জ সামর্থ্য, বল + বিন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বলবান্, তেজস্বী।

ঊর্জ্জিত, (ঊর্জ+ক্ত—ক) বিং, ত্রিং, বিখ্যাত। তেজস্বী।

ঊর্ণনাভ, (ঊর্ণনাভ দেখ) সং, পুং, লূতা, মাকড়সা।

ঊর্ণা, (ঊর্ণা দেখ) সং, স্ত্রীং, মেষাদিলোম, পশম। "ঊর্ণাতন্তুময়ং বাসঃ"।

ঊর্ণামর, ঊর্ণা+ময়ট্—তদ্রূপার্থে) বিং ত্রিং, মেষাদিলোম নির্ম্মিত। পশমী।

ঊর্ণায়ু, (ঊর্ণা+যু—অস্ত্যর্থে) সং, পুং, মেষলোমের আসন, কম্বল। মেষ। মাকড়সা।

ঊর্ণুত, (ঊর্ণু+ক্ত—র্ম্ম) আচ্ছাদিত।

ঊর্দ্দর, (ঊর্দ=বলবান্ হওয়া+দরল্। জলোপ) সং, পুং, বীর, যোদ্ধা। রাক্ষস, দানব।

ঊর্দ্ধ, (উদ=উপরি—হা=ত্যাগকরা, গমনকরা+ব=প্রং। উদ=ঊর) বিং, ত্রিং, উচ্চ। উৎকৃষ্ট অনন্তর। উপরিস্থ। পিতর্য্যূর্দ্ধংগতে পুত্রা বিভজেয়ুর্ধনংপিতুঃ"। দায়ভাগ।

ঊর্দ্ধক, (ঊর্দ্ধ=উচ্চ—ক [কৈধাতুজ] যে শব্দ করে। বাদিত হইলে যে উচ্চ শব্দ করে) সং, পুং, ঢক্কা বিশেষ।

ঊর্দ্ধকায়, ঊর্দ্ধ=উপরিস্থিত+কায়=দেহ) সং,পুং, শরীরের প্রথমাংশ,মস্তক হইতে কটিদেশ পর্য্যন্ত। পূর্ব্বকায়।

ঊর্দ্ধগ, (ঊর্দ্ধ—গ=যে গমন করে) বিং, ত্রিং, ঊর্দ্ধগামী।

ঊর্দ্ধগপুর, (ঊর্দ্ধগ—পুর=নগর) সং, ক্লীং, রাজা হরিশ্চন্দ্রের নগর। ইনি প্রজাদিগের সহিত আকাশে বাস করিতেছেন বলিয়া ইঁহার পুরের নাম ঊর্দ্ধগপুর হইয়াছে।

ঊর্দ্ধজ্ঞু, (ঊর্দ্ধ—জানু, ৬ষ্ঠী=হিং। জানু =জ্ঞ) বিং, ত্রিং, ঊর্দ্ধজানু। বিং, ত্রিং, উন্নত।

ঊর্দ্ধতন, (ঊর্দ্ধ+তন—ভবার্থে) বিং, ত্রিং, উপরিস্থ। সং, পুং, বিষ্ণু।

ঊর্দ্ধদেব, (ঊর্দ্ধ=উৎকৃষ্ট, প্রধান—দেব)

ঊর্দ্ধন্দম,(ঊর্দ্ধ+দম+খ) বিং, ত্রিং, উন্নত আনন্দিত। উচ্ছসিত।

ঊর্দ্ধপত্র, (ঊর্দ্ধ=পাত্র) সং, ক্লীং, যজ্ঞীয় পাত্র বিশেষ।

ঊর্দ্ধপুণ্ড্র, (ঊর্দ্ধ—পুণ্ড্র=ফোঁটা, য়ং—স) সং, পুং, ললাটের লম্বা ফোঁটা।

ঊর্দ্ধম্, (উদ=উপরি—হ্বে=আহ্বানকরা +অম্—প্রং। উদ=ঊর) অং, উপরি।

ঊর্দ্ধমান, (ঊর্দ্ধ—মা=পরিমাণকরা+অনট্—ভা) সং, ক্লীং, বাটখারা।

ঊর্দ্ধরেতাঃ, (ঊর্দ্ধরেতস্ বীর্য্য যাহার বীর্য্য ঊর্দ্ধগত হইয়াছে, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিব। শুক্রসংযমকারী, যোগী। ভীষ্ম। মুনিবিশেষ।

ঊর্দ্ধলিঙ্গ, (ঊর্দ্ধ=উৎকৃষ্ট, বৃহৎ—লিঙ্গ=পুংচিহ্ন। ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিব। মহাদেব বিষ্ণুর মোহিনীর রূপ, দর্শনে মোহিত হইয়া নিজলিঙ্গ বৃদ্ধি করিয়াছিলেন বলিয়া ইঁহার নাম ঊর্দ্ধলিঙ্গ হইল।

ঊর্দ্ধলোক,(ঊর্দ্ধ—লোক=জগৎ, য়ং—স) সং, পুং, স্বর্গ। উপরিস্থিত।

ঊর্দ্ধস্থ, (ঊর্দ্ধ—স্থ=যে থাকে) বিং, ত্রিং,

ঊর্দ্ধস্থিতি, (ঊর্দ্ধ—স্থিতি=অবস্থান) সং, স্ত্রীং, ঘোটকের পৃষ্ঠদেশ, যেখানে আরোহীরা উপবেশন করে।

ঊর্ম্মি, (ঋ=গমনকরা+মি—সংজ্ঞার্থে। যে ঊর্দ্ধে গমন করে) সং, পুং—স্ত্রীং, তরঙ্গ, ঢেউ। স্রোত। বস্ত্রের উপর চুনাট করা। ত্বরা, বেগ, উৎকণ্ঠা। মানসিক পীড়া। ভ্রান্তি। অঙ্গুরীয়ক। স্ত্রীং, অশ্বগতিবিশেষ, যথা"উৎক্রীকৃতানামশ্বানাং নমনোন্নমনাকৃতিঃ, অতিবেগ সমাযুক্তা গতিরূর্ম্মিরুদাহৃতা"।

ঊর্ম্মিকা (ঊর্ম্মিকা, (ঊর্ম্মি+ক ইত্যাদি —যোগ। অথবা ঊর্ম্মি—ক কৈধাতুজ) সং, স্ত্রীং, তরঙ্গ। উৎকণ্ঠা। বস্ত্রের উপর চুনাট করা। অঙ্গুরীয়।

ঊর্ম্মিমান্,(ঊর্ম্মিমৎ,ঊর্ম্মি+মৎ—অস্ত্যর্থে)

বিং, ত্রিং, ঊর্ম্মিযুক্ত, তরঙ্গিত। বক্র। ঢেউখেলানে। "দীর্ঘেষু নীলেষ্বঞ্চোর্ম্মিমৎসু জগ্রাহ কেশেষু নরেন্দ্রপত্নীম্"।
ঊর্ম্মিমালী, (ঊর্ম্মিমালিন্=ঊর্ম্মিমালা তরঙ্গমালা+ণিন্ অস্ত্যর্থে) সং, পুং, সাগর, সমুদ্র। [সং, স্ত্রীং, লক্ষ্মণের পত্নী।
ঊর্ম্মিলা, (ঋ=গমনকরা+মিল-সংজ্ঞার্থে)
ঊর্ম্মিলাবিলাসী, (—সিন্, ঊর্ম্মিলা—বিলাস+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, লক্ষ্মণ।
উর্ব্বরা, (উর্ব্বরা দেখ) সং, স্ত্রীং, সর্ব্বশস্যাঢ্যা ভূমি, শস্যশালিনী, যে ভূমিতে নানাবিধ শস্য জন্মে। [দেখ।
ঊর্ব্বশী, (উর্ব্বশী দেখ) সং, স্ত্রীং, উর্ব্বশী
ঊর্ব্বস্থি, (উরু—অস্থি=হাড়, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, উরুতের হাড়।
ঊষ, (উষ্=রোগযুক্তহওয়া+অ—ক) সং, পুং, ক্ষারমৃত্তিকা। লবণাক্ত ভূমি। ক্লীং, প্রত্যূষ, প্রভাত। গর্ত্ত। চন্দনাদি। ষা-স্ত্রীং, বাণরাজকন্যা, অনিরুদ্ধের পত্নী।
ঊষর } (ঊষবৎ, ঊষ—ক্ষারমৃত্তিকা
ঊষবান্ } +র, বৎ—অস্ত্যর্থে) বিং, ত্রিং, লোণাভূমি।
ঊহ, (ঊহ্=তর্ককরা+অ—ভা) সং, পুং, তর্ক, বিতর্ক। অনুমান। অধ্যাহার।
ঊহনী, (বহ্=বহনকরা+অন, ঈ—সংজ্ঞার্থে। ব=ঊ) সং, স্ত্রীং, সম্মার্জ্জনী, ঝাঁটা।
ঊহিত, (ঊহ্+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, তর্কিত, অধ্যাহৃত, অনুমিত, সম্ভাবিত।
ঊহিণ্, (ঊহ্+ণিন্—বিশিষ্টার্থে) বিং, ত্রিং, তার্কিক, যিনি তর্ক করেন। নী, সং, স্ত্রীং, সমবায়, সমাহরণ।
ঊহ্য, (ঊহ দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, অধ্যাহার্য্য, আকাঙ্ক্ষা পূরণার্থ উল্লেখ্য, যে বিষয়ের ন্যূনতা পরিহার করিতে হইবে।

ঋ।

ঋ; সপ্তম স্বরবর্ণ। সং, স্ত্রীং, অদিতি, দেবমাতা। অং, হাস্য, পরিহাস বা নিন্দা সূচক বাক্য।
ঋক্, (ঋচ্, ঋচ্=স্তুতিকরা+ক্বিপ্—প্রং। যে দেবতাদিগকে স্তব করে) সং, স্ত্রীং, তৃতীয়বেদ। বেদমন্ত্র। গায়ত্রী।
ঋক্থ, (ঋচ=স্তবকরা+থ—সংজ্ঞার্থে) সং, ক্লীং, দায়, ধন, সম্পত্তি। স্থাবর অস্থাবর সম্পত্তি। উত্তরাধিকারী কর্ত্তৃক প্রাপ্ত সম্পত্তি, পৈতৃক ধন। "ঊর্দ্ধং পিতুশ্চ মাতুশ্চ সমেত্য ভ্রাতরঃ সমং ভজেরন্ পৈতৃকং রিক্থ মনীশাস্তেহি জীবতোঃ" দায়ভাগধৃতমনুবচন।
ঋক্থজাত, (ঋক্থ—জাত) বিং, ত্রিং, বৃদ্ধিপ্রাপ্ত। রাশীকৃত।
ঋক্থহর, (ঋক্থ—হর=যে গ্রহণ করে) বিং, ত্রিং, উত্তরাধিকারী। অংশভাগী।
ঋক্ষ, (ঋক্ষ্=বধকরা+অ—প্রং, কিম্বা ঋষ্ গমনকরা+স—সংজ্ঞার্থে, ষ্=ক্। স=ষ। ক্, ষ=ক্ষ) সং, পুং, ভল্লূক। ঋক্ষবান্ পর্ব্বত। পুং, ক্লীং, নক্ষত্র। মেষাদি রাশি। বিং, ত্রিং, বিদারিত। বিভক্ত। কর্ত্তিত।
ঋক্ষগন্ধা, (ঋক্ষ=ভল্লূক—গন্ধ। যাঁহার ভল্লূকের ন্যায় গন্ধ, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, বীরতাড়কগাছ।
ঋক্ষবান্, (ঋক্ষবৎ, ঋক্ষ+বৎ—অস্ত্যর্থে) সং, পুং, গণ্ডোয়ানা দেশস্থিত পর্ব্বতের প্রাচীন নাম, এই পর্ব্বত হইতে তাপ্তী ও নর্ম্মদা নদীর উৎপত্তি হইয়াছে।
ঋক্ষর, (ঋষ্=গমনকরা+সর-সংজ্ঞার্থে। ষ্=ক্। স=ষ। ক্, ষ=ক্ষ) সং, ক্লীং, বারিধারা। পুং, ঋত্বিক্।
ঋক্ষরাজ, (ঋক্ষ=নক্ষত্র ইত্যাদি—রাজন রাজা, ৬ষ্ঠী-ষ) সং, পুং, চন্দ্র। জাম্বুবান্।
ঋক্ষবিভাবন, (ঋক্ষ=তারা—বিভাবন=নির্ণয়ন) সং, ক্লীং, তারকা দর্শন।

ঋক্ষেশ, (ঋক্ষ—নক্ষত্র—ঈশ=পতি, ৬ষ্ঠী—ষ) সং,পুং,চন্দ্র, তারাপতি। জাম্বুবান্।
ঋক্ষেষ্টি, (ঋক্ষ=তারকা+ইষ্টি=যজ্ঞ) সং, স্ত্রীং, গ্রহনক্ষত্রাদির পূজা।
ঋচীষ } (ঋজ্=ভর্জনকরা+ঈষন্—
ঋজীষ } সংজ্ঞার্থে। জ=চ) সং, ক্লীং, পিষ্টকভর্জ্জনপাত্র, পিটে ভাঁজাখোলা। ধন। নরকবিশেষ।
ঋচ্ছরা, (ঋচ্ছ্= গমনকরা+অর — সংজ্ঞার্থে। আ-স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, বেশ্যা।
ঋজীক, (ঋজ্ + ঈক — সংজ্ঞার্থে) সং, পুং, ইন্দ্র। ধূম।
ঋজু, (ঋজ=গমনকরা, পাওয়া+উ-প্রং। যে সোজা গমন করে বা যে সরলতা পায়) বিং, ত্রিং, সরল, অকুটিল, সোজা, সহজ, যে কঠিন নয়।
ঋজুকায়, (ঋজু=সরল—কায় = দেহ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কশ্যপমুনি। বিং, ত্রিং, অবক্রশরীর। [নায়ক।
ঋজ্র, (ঋজ্=গমনকরা+রন্) সং, পুং,
ঋঞ্জসন, (ঋজ্ গমনকরা + শান) সং, পুং, মেঘ। [সরল রেখা।
ঋজুরেখা. (Straight line) সং, স্ত্রীং,
ঋণ, (ঋ গমনকরা, পাওয়া + ক্ত — ক। যে বৃদ্ধি পায়) সং, ক্লীং, ধার, কর্জ্জ দেনা। জল। দুর্গ। ব্যবকলনের চিহ্ন, '—' এই চিহ্ন। "ঋণৈশ্চতুর্ভিঃ সংযুক্তা জায়ন্তে মানবা ভুবি। পিতৃদেবর্ষিমনুজৈর্দেয়ং তেভ্যশ্চ ধর্ম্মতঃ॥ দেবানামনৃণো জন্তুর্যজ্ঞৈর্ভবতি মানবঃ। অন্নবিত্তশ্চ পূজাভিরুপবাসব্রতৈস্তথা। শ্রাদ্ধেনপ্রজয়াচৈব পিতৃণামনৃণো ভবেৎ। ঋষীণাং ব্রহ্মচর্য্যেণ শ্রুতেন তপসা তথা॥ বিষ্ণুধর্ম্মোত্তর।
ঋণগ্রস্ত, বিং, ত্রিং, ঋণী, ঋণযুক্ত।
ঋণদায়ক, (ঋণ—দায়ক যে দান করে) বিং, ত্রিং, উত্তমর্ণ, ঋণদাতা, মহাজন।
ঋণমৎকুণ, ঋণমার্গণ, (ঋণ—মৎ আমার —কুণ শব্দকরা+অ—ক।—মার্গি [মৃগ +ণিচ্ অন্বেষণ করান] পরিশোধ করান+অনট—ক) সং, পুং, লগ্নক, জামিন, প্রতিভূ।
ঋণমুক্তি—স্ত্রীং } (ঋণ—মুক্তি, মোক্ষ
ঋণমোক্ষ—ক্লীং } =মোচন, ৬ষ্ঠী—ষ) সং, ধারশোধা। ঋণপরিশোধ।
ঋণাদান, (ঋণ—আদান=গ্রহণ ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, অধমর্ণের নিকট হইতে লাভের সহিত ধনগ্রহণ, সুদশুদ্ধ টাকা লওয়া। অষ্টাদশ বিবাদান্তর্গত প্রথম বিবাদ। [মঙ্গল গ্রহ।
ঋণান্তক, (ঋণ, অন্ত + ক) সং, পুং,
ঋণাপনয়ন, ঋণাপনোদন, (ঋণ—অপনয়ন, অপনোদন=দূরীকরণ, ৬ষ্ঠী-ষ) সং, ক্লীং, ঋণপরিশোধ করা। ধার শোধা।
ঋণী, (ঋণিন্, ঋণ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ঋণগ্রস্ত, অধমর্ণ, যে ধার লয়। ঋণে আবদ্ধ।
ঋণোৎগ্রহণ, (ঋণ+উৎগ্রহণ= লওয়া) যে কোন প্রকারে হউক অধমর্ণ গৃহীত অর্থ আদায় করিয়া লওয়া।
ঋত, (ঋ গমনকরা+ত—প্রং) সং, ক্লীং, জল। সত্য। উঞ্ছশিল। বিং, ত্রিং, দীপ্ত। পূজিত। পীড়িত। গত, সত্য।
ঋতজিৎ, সং, পুং, যক্ষবিশেষ।
ঋতধামা, (ঋতধামন্, ঋত=দীপ্ত—ধামন্ বাসস্থান। যাঁহার বাসস্থান দীপ্তিময়, ৬ষ্ঠী—হিং) পুং, ঈশ্বর, বিষ্ণু।
ঋতম্ ; অং, সত্য।
ঋতম্ভরা, (ঋতম্—ভৃ ধারণকরা+অল—আ—প্রং,) সং, স্ত্রীং, সত্যজ্ঞানরূপ মনোবৃত্তি বিশেষ।
ঋতি, (ঋত দেখ, তি—ণ) সং, স্ত্রীং, কল্যাণ। পথ, গমন, গতি। জুগুপ্সা, নিন্দা। বর্দ্ধন। স্পর্দ্ধা। অশুভ।
ঋতীয়া, (ঋৎ=নিন্দাকরা+ঈয় — প্রং। আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, ঘৃণা, নিন্দা, লজ্জা।
ঋতু, (ঋ গমনকরা+তু—সংজ্ঞার্থে। যে

নিয়মানুসারে আগমন করে ও যায়) সং, পুং, কালবিশেষ। ঋতু ষড়্ বিধ' যথা (১) মার্গপৌষো হিমঃ (২) মাঘফাল্গুণৌ শিশিরঃ (৩) চৈত্রবৈশাখৌ বসন্তঃ (৪) জ্যৈষ্ঠাষাঢ়ৌ গ্রীষ্মঃ (৫) শ্রাবণভাদ্রৌ বর্ষা (৬) আশ্বিনকার্ত্তিকো শরৎ। "উ-দ্যানপালসামান্যমৃতবস্তামুপাসতে" কু-মারসম্ভব। দীপ্তি, স্ত্রীরজ।

ঋতুমতী, (ঋতু+মৎ—অস্ত্যর্থে। ঈ—স্ত্রীলিঙ্গে) বিং, স্ত্রীং, ঋতুযুক্তা স্ত্রী, রজস্বলা, স্ত্রীধর্ম্মিণী, " তত্র প্রথমে দিবসে ঋতুমত্যাং মৈথুনগমনমনায়ুষ্যং পুংসাং ভবতি"।

ঋতুরাজ, (ঋতু—রাজন্ রাজা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বসন্তকাল।

ঋতুসন্ধি, (ঋতু+সন্ধি=মিলন) সং, পুং, ঋতুদ্বয়ের সন্ধিকাল। ঋতুদ্বয়ের অন্ত্য ও আদি সপ্তাহ। [দিবস কর্ত্তব্য স্নান।

ঋতু-স্নান ; সং, ক্লীং, রজস্বলা স্ত্রীর চতুর্থ-

ঋতে, (ঋত=ত্যাগকরা+কে — প্রং) অং, ব্যতিরেকে, বিনা, বর্জ্জন, "অভ্রা-তৃকো হরেৎ সর্ব্বং দুহিতৃণাং সুতাদৃতে" দায়ভাগ " ঋতে কৃশানোর্নহিমন্ত্রপূতং মর্হন্তি তেজাংস্যপরানি হব্যং " কুমার সম্ভব।

ঋত্বিক্ (ঋত্বিজ্, ঋতু—যজ্ পূজাকরা+ক্বিপ্—ক। যিনি ঋতুতে যাগ করেন, ৭মী—ষ) সং, পুং, পুরোহিত। যাজক ঋতুযাজী, " চত্বারোবয়মৃত্বিজঃ" বেণী-সংহার।

ঋদ্ধ, (ঋধ্=বৃদ্ধি পাওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, সম্পন্ন, সঞ্চিত। সমৃদ্ধিশালী, উন্নতিশালী, সমৃদ্ধিযুক্ত, প্রচুর। সং, ক্লীং, পরিপক্ব, মর্দ্দিত ধান্য। সিদ্ধান্ত।

ঋদ্ধি, (ঋধ্ ক্তি—ভা) সং, স্ত্রীং, সম্পত্তি। সমৃদ্ধি। পার্ব্বতীর নামান্তর। মাতৃকা বিশেষ, অষ্টবর্গান্তর্গত, ওষধিবিশেষ, সিদ্ধি

ঋভু, (ঋ=দেবমাতা—ভূ=হওয়া+ডু—প্রং, ৫মী — ষ) সং, পুং, দেবতা। "চাক্ষুষস্যান্তরে তাত মনো র্দেবানিমান্ শৃণু। আপ্যাঃ প্রভুতা ঋভবঃ পৃথুকাশ্চ দিবৌকসঃ। লেখা নাম মহারাজ পঞ্চ-দেবগণাঃ স্মৃতাঃ "।

ঋভুক্ষ, (ঋভু=দেবতা—ক্ষি = বাসকরা, গমনকরা, নাশকরা+ড- -ক, ধি) সং, পুং, বজ্র। ইন্দ্র। স্বর্গ।

ঋভুক্ষা, (ঋভুক্ষি=বা ঋভুক্ষিন্, ঋভুক্ষ স্বর্গ বা বজ্র+ই, ইন্— অস্ত্যর্থে) সং, পুং, দেবরাজ, ইন্দ্র। [বা শ্বেতপদ হরিণ।

ঋশ্য, (ঋষ = গমনকরা+ক্যপ) চিত্রিত

ঋষভ, (ঋষ=গমনকরা+অভচ্—সংজ্ঞার্থে) সং, পুং, শ্রেষ্ঠ, বৃষ। শুষ্ক লতা বিশেষ। কুম্ভীরের ও শূকরের পুচ্ছ। [কোন শব্দের পরে থাকিলে শ্রেষ্ঠ অর্থ বুঝায়, যথা — মনুষ্যর্ষভ, দেবর্ষভ]। পর্ব্বতবিশেষ। ঋষভ নামক ঔষধ। বৃষশব্দবৎ স্বরবিশেষ [নাভি হইতে উঠিয়া কণ্ঠশীর্ষ পর্য্যন্ত উদ্গত যে বায়ু তদ্দ্বারা এই স্বর জন্মে] ভী—স্ত্রীং, শ্মশ্রুযুক্ত স্ত্রী। বিধবা। "ঋষীণামৃষভঃ" "নাভিমূলাদ্‌যদা বর্ণ উত্থিতঃ কুরুতে ধ্বনিম্, বৃষভস্তৈবনির্ঘাতি হেলয়া ঋষভঃ স্মৃতঃ"।

ঋষভধ্বজ, (ঋষভ—ধ্বজ = চিহ্ন, ৬ষ্ঠী—হিং,) সং, পুং, শিবের নামান্তর, বৃষ বাহন।

ঋষি, (ঋষ=গমন করা + ইন—সংজ্ঞার্থে যিনি সাংসারিক সুখ ত্যাগ করিয়া জ্ঞানপথে গমন করিয়াছেন) সং, পুং, মহর্ষি, দেবর্ষি, রাজর্ষি, শ্রুতার্ষি, কাণ্ডর্ষি, পরমর্ষি, ব্রহ্মর্ষি। যাহারা সাংসারিক বিষয় হইতে বিরত হইয়া ধর্ম্ম চিন্তায় মনোনিবেশ করেন। মরীচ, অত্রি, অঙ্গি-রস, পৌলস্ত্য পুলহ, ক্রতু এবং বশিষ্ঠ এই সপ্তর্ষি। " সপ্তর্ষি হস্তাবচিতাব-শেষাণ্যধো বিবস্বান্ পরিবর্ত্তমানঃ " কুমার। শাস্ত্র প্রণেতা। দীধিতি। মন্ত্র-দ্রষ্টা। বেদাংশবিশেষ।

ঋষ্ট, (ঋষ, ক্ত—প্রং) সং, পুং, শ্বেত-বিন্দু-চিত্রিত হরিণ। বিং, ত্রিং, অশুভ-দায়ক। [ধার খড়্গ। গ্রহদোষ, অশুভ।

ঋষ্টি, (ঋষ্+ক্তি—প্রং) সং, স্ত্রীং, দ্বি-

ঋষ্য, (ঋষ্+ক্যপ্—প্রং) সং, পুং, চি-ত্রিত বা শ্বেতপদহরিণ। কুষ্টরোগভেদ

ঋষ্যমুক, (ঋষ্য=হরিণ—মূক=বোবা। ভয়ের কারণ না থাকাতে যেখানে মৃ-গেরা নীরব হইয়া থাকে, ৭মী—হিং) সং, পুং, দাক্ষিণাত্য পর্ব্বত, যথায় রাম বানর রাজ সুগ্রীবের সহিত কিছুকাল বাস করিয়াছিলেন।

ঋষ্যশৃঙ্গ, (ঋষ্য=মৃগ—শৃঙ্গ = শিং। মৃগ-শৃঙ্গের ন্যায় শৃঙ্গ যার, ৬ষ্ঠী—ষ, উত্তরপদলোপীসমাস) সং, পুং, মুনিবি-শেষ, বিভাণ্ডকমুনির পুত্র, রাজা দশ-রথের ভগিনীপতি। 'বিভাণ্ডক সুতঃ ঋ-ষ্যশৃঙ্গস্তামুপযেমে'। উত্তরচরিত।

ৠ।

ৠ, অষ্টম স্বরবর্ণ। সং, পুং, দানব। শিব। বক্ষঃস্থল। বাক্যারম্ভ। স্বর্গ। স্ত্রীং, দিতি অদিতি। স্মৃতি। দনু। গতি। রক্ষা। অং, ভয়। বাম নাসিকা। তিরস্কার, ভয় ও সহানুভূতিসূচক অব্যয়।

ঌ।

ঌ, নবম স্বরবর্ণ। পুং, পর্ব্বত। সং, স্ত্রীং, পৃথিবী। অদিতি।

ৡ।

ৡ, দশম স্বরবর্ণ। সং, পুং, শিব। স্ত্রীং, দেবনারী। দৈত্যমাতা। স্বর্গীয়নারী। স্ত্রীস্বভাব।

এ।

এ, একাদশস্বর। সং, পুং, বিষ্ণু। স্ত্রীং, পৃথিবী। অং, স্মৃতি। ঘৃণা। অবজ্ঞা। সম্বোধন, দয়া। আমন্ত্রণ।

এই, (অয়ং বা ইয়ংপদজ) সর্ব্বং, অগ্র-স্থিত, সম্মুখবর্ত্তী।

এক, (ই=গমনকরা+ক—প্রং) বিং, ত্রিং, প্রথম সংখ্যা, ১। একাকী, কেবল, অ-দ্বিতীয়। "এক এব সুহৃদ্ধর্ম্মো নিধনে প্যানুযাতি যঃ" হিতোপদেশ। সমান। প্রধান। অন্য। অন্যতম। শ্রেষ্ঠ।

একক, একচর (এক+ক—স্বার্থে। এক—চর=যে গমন করে) বিং, ত্রিং, অস-হায়, একলা।

এককালীন, (এক—কালীন=সাময়িক। বিং, ত্রিং, সমকালীয় Contemporary)

এককুণ্ডল, (এক— কুণ্ডল = কর্ণভূষণ। এককর্ণে যিনি কুণ্ডল পরিধান করেন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বলরাম। কুবের।

একক্ষীর, (এক—ক্ষীর=দুগ্ধ) সং, ক্লীং, এক নারীর স্তন দুগ্ধ।

এককোষ্ঠী ; যে সকল শিরঃ পদী জীবের দেহ এক কোষ্ঠবিশিষ্ট চূর্ণময় আধারে থাকে, যথা—কটল মৎস্য, অর্গোনট, বেলেম, নাইট অকটোপস্ প্রভৃতি।

একগুঁয়া, (দেশজ) বিং, অবাধ্য, এক-রোখা, যে কাহারও কথা মানে না।

একগুরু, (এক—গুরু, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সতীর্থ, একগুরুর শিষ্য। যাহারা একগুরুর নিকট অধ্যয়ন করেন।

একঘরে, (দেশজ) বিং, জাতিভ্রষ্ট, সমা-জচ্যুত, অপাঙক্তেয়।

একচক্র, (এক—চক্র = গোল, চাকা) সং, পুং, সূর্য্যরথ। নগরীবিশেষ। পা-ণ্ডবেরা বকাসুরের বধার্থ যে নগরীতে অবস্থিতি করিয়াছিলেন।

একচর, (এক—চর = যে গমন করে)

বিং, ত্রিং, একাকী। সহচর শূন্য? সং, পুং, গণ্ডার। অধীন।

একচারী, (এক—চারী = যিনি গমন করেন) বিং, ত্রিং, যাঁহার একটী মাত্র সহচর। সং, পুং, বুদ্ধ শিষ্য।

একচেটিয়া, (এক—চেটিয়া=অধীন) বিং, একায়ত্ত, একাধীন।

একজন্মন্, (এক — জন্মন্) সং, পুং, রাজা। শূদ্র।

একজাতি, (এক—জাতি) বিং, ত্রিং, সমান জাতি, স্বজাতি। সং, পুং, শূদ্র।

একজাতীয়, (এক+জাতীয়—প্রকারার্থে) বিং, ত্রিং, তুল্যপ্রকার, তুল্যরূপ।

একজ্যা, (এক—জ্যা = ধনুকের ছিলা) সং, স্ত্রীং, The chord of an car sine of 30°.

একটা, (এক+টা—প্রং, কেবল বা অনাদরাদি অর্থে বাঙ্গালা ‘টা’ প্রত্যয় হয়) বিং, একবস্তু, একমাত্র, একই।

একটী, (এক+টী—প্রং, কেবল বা আদরাদি অর্থে বাঙ্গালা ‘টী’ প্রত্যয় হয়) বিং, একমাত্র, একবস্তু।

একটু, (এক+টু—অল্পার্থে) বিং, কিঞ্চিন্মাত্র, কিছু। [কিঞ্চিৎ, অত্যল্প।

একটুকু, (এক+টুকু— অল্পার্থে) বিং,

একতঃ, (একতস্ = এক+তস্— প্রং। সপ্তমী স্থানে তস্) অং, একদিকে, একপার্শ্বে।

একতম, (এক+তম—বহুর মধ্যে একের নিদ্ধারণার্থে) বিং, ত্রিং, অনেকের মধ্যে এক।

একতর, (এক+তর—দুয়ের মধ্যে একের নির্দ্ধারণার্থে) বিং, ত্রিং, দুয়ের মধ্যে এক

একতা, (এক+তা—ভাবে) সং, স্ত্রীং, একত্ব, ঐক্য, মিলন। অভেদ। সাম্য মুক্তিবিশেষ।

একতান, (এক—তান বিষয়, স্বরবিশেষ, ৬ষ্ঠী—হিং+য়ং—স) বিং, ত্রিং, একাগ্র, একবিষয়াসক্ত। সং, পুং, একস্বর লয়।

একতাল, (এক—তাল মৃদঙ্গাদি বাদ্যের কালপরিমাণ, য়ং—স) সং, পুং, সমান তাল, একমিল। সমন্বিত লয়। অবিচ্ছিন্ন স্বর। লী—একস্বর বিশিষ্ট বাদ্য যন্ত্রবিশেষ।

একতীর্থী, (একতীর্থিন্, এক — তীর্থ পুণ্যক্ষেত্র+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, সতীর্থ, সহাধ্যায়ী, একপাঠী।

একত্র, (এক+ত্র—প্রং। সপ্তমী স্থানে ‘ত্র’) অং, এক স্থানে। এক বিষয়ে। একদিকে।

একত্ব, (এক+ত্ব—ভাবে) সং, ক্লীং, ঐক্য। অভেদ। সাম্য। মুক্তিবিশেষ।

একদংষ্ট্র, একদন্ত, (এক—দংষ্ট্র = দন্ত, ৬ষ্ঠী—হিং। ক্রীড়া যুদ্ধে ইহাঁর একটি দন্ত কার্ত্তিক [কেহ বলেন যুদ্ধ কালে পরশুরাম] ভগ্ন করিয়াছিলেন) সং, পুং, লম্বোদর, গণেশ। অভেদ। সাদৃশ্য।

একদা, (এক+দা — কালার্থে) অং, এক কালে, এক সময়ে।

একদুঃখ-সুখ, (এক—দুঃখ—সুখ) বিং, ত্রিং, সমদুঃখসুখ যে অন্যের দুঃখে দুঃখী এবং সুখে সুখী হয় (sympathizing)

একদৃক্, (একদৃশ্, এক—দৃশ=চক্ষুঃ, ৬ষ্ঠী —হিং) সং, পুং কাক। বিং, ত্রিং, কাণ। কপালে একটি চক্ষুঃ আছে বলিয়া শিবের নাম একদৃক্ হইল। শিব।

একদেশ, (এক—দেশ=স্থান) সং, পুং, অবয়ব। একাংশ। “একদেশোপাত্তস্যৈব ভূহিরণ্যাদৌ উৎপন্নস্য স্বত্বস্য গুটিকা পাতাদিনা বিশেষেণ ভজনং স্বত্বজ্ঞাপনং বিভাগঃ” দায়ভাগ॥

একদেহ, (এক = উৎকৃষ্ট বা ১ — দেহ শরীর) সং, পুং, বুধগ্রহ। বিং, ত্রিং, অভিন্নশরীর, একাত্মা।

একধা, (এক+ধাচ্ প্রকারার্থে) অং, এক প্রকারে।

একধুরা, (এক—ধুর্ =ভার, য়ং—স) সং স্ত্রীং, একভার।

একধুর, (এক—ধুর্) সং, স্ত্রীং, যান-বিশেষ।

একধুর
একধুরীণ
একধুরাবহ
(এক—ধুর্=ভার,+অ, ঈন—অস্ত্যর্থে। একধুরা—বহ=যে বহন করে।) বিং, ত্রিং, একবিধভারবাহী, গবাদি।

একনট, (এক = প্রধান—নট=অভিনেতা) নাটকের প্রধান অভিনেতা। অভিনয়ের তত্ত্বাবধারক।

একনায়করাজ্যতন্ত্র, (Kingly from of Government) সং, ক্লীং, যে রাজ্যের শাসন কার্য্য এক রাজার মতানুসারে সম্পন্ন হয়।

একপক্ষ, (এক—পক্ষ=পার্শ্ব, সহায়, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সহায়।

একপত্নী, (এক—পতি = স্বামী, ৬ষ্ঠী—হিং। ন—আগম্) সং, স্ত্রীং, পতিব্রতা সতী, সাধ্বী "ধৃষ্টদ্যুম্নস্য ভগিনী মেকপত্নী মনুব্রতাম্," মহাভারত। প্রধান ভার্য্যা।

একপত্রোৎপত্তিক,(Monocotyledonous) বিং, ত্রিং, বীজ অঙ্কুরিত হইবার সময় যাহা হইতে কেবল একটীমাত্র পত্র নির্গত হয়, যথা — নারিকেল, খর্জ্জুর, তৃণ, তাল, কদলী ইত্যাদি। এই বর্গের বৃক্ষ।

একপদ, (এক—পদ=পা, চিহ্ন ইত্যাদি) সং, ক্লীং, তৎকালে, তৎক্ষণে। "কথমেকপদে নিরাগসং জনমাভাষ্যমিমং ন মন্যসে" রঘুবংশ।

একপদী, (এক—পদ=পা, চিহ্ন ইত্যাদি) সং, স্ত্রীং, পথ, রাস্তা। একপেয়ে।

একপদে, (এক—পদ=পা, চিহ্ন ইত্যাদি,+এ—প্রং) অং, অকস্মাৎ। এক উদ্যমে।

একপিঙ্গ, একপিঙ্গল, (এক — পিঙ্গ, পিঙ্গল=নীলপীত মিশ্রিত বর্ণ। যাহার এক চক্ষুর স্থানে একটি পিঙ্গল বর্ণ চিহ্ন আছে, ৬ষ্ঠী—হিং। পৌরাণিকেরা কহেন—গৌরীর নিরীক্ষণ বা প্রভাব দ্বারা ইহার বাম চক্ষু অন্ধ হয়, কিন্তু শিব অনুগ্রহ করাতে দেবী তাহাতে এক পিঙ্গল বর্ণ চিহ্ন দেন) সং, পুং, কুবের।

একভক্তব্রত, (এক—ভক্ত = ভাত—ব্রত=নিয়ম) সং, ক্লীং, রাত্রিকালে ভোজন না করিয়া দিবাভাগে একবার মাত্র ভোজনের নিয়ম।

একমত; বিং, ত্রিং, যাহার সহিত মতের ঐক্য আছে, একবাক্য।

একমূলা, (এক—মূল = শিকড়, ৬ষ্ঠী—(হিং, সং, স্ত্রীং, শালীপর্ণী; অতসী।

একযষ্টিকা, (এক—যষ্টিকা = নর, ছড়া, ৬ষ্ঠী—হিং) সং,স্ত্রীং, একাবলী, একনরি হার বিশেষ। [ত্রিং, একাকী, একলা।

একল, (এক+ল — অসহায়ার্থে) বিং,

একলা, (একল শব্দজ) বিং, পূর্ব্বে দেখ।

একলাই, (দেশজ) সং ফুলকাটা শাদা উড়নী বা চাদর।

একবর্ষিকা, (এক—বর্ষ=বৎসর+ক—প্রং) সং, স্ত্রীং, এক বৎসরের গাভী।

একবিংশতি, (এক—বিংশতি = কুড়ি। এক অধিক কুড়ি, য়ং—শ। মধ্য-পদ-লোপ) সং, স্ত্রীং, ২১ একুশ।

একশফ, (এক=অ—খণ্ড—শফ=খুর, ৬ষ্ঠী—হিং) সং, পুং, একখুরে জন্তু। ঘোটক। "খরোঽশ্বোঽশ্বতরো গৌরঃ শরভশ্চমরী তথা। এতেচৈকশফাঃ"।

একশৃঙ্গ, (এক— শৃঙ্গ = চিহ্ন বা শিং, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিষ্ণু। একশৃঙ্গ যুক্ত পশু।

একশেষ, (এক—শেষ, ৭মী—হিং) সং, পুং, দ্বন্দ্বসমাস বিশেষ; এক বিভক্তি যুক্ত হইলে তুল্যাকার বহু পদের একটী মাত্র অবশিষ্ট থাকে; দ্বিবচন বা বহুবচন সেই পদে যুক্ত হয়।

একষষ্টি, (এক—ষষ্টি=ষাট্। এক অধিক ষাট, য়ং—স। মধ্য-পদ-লোপ) সং, স্ত্রীং, ৬১ একষট্টি।

একসর্গ, (এক=একবিষয়ে—সর্গ=নিশ্চ

ন্ম, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, একাগ্রমনাঃ।

একসূত্র, (এক—সূত্র=সূতা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ডমরুবাদ্য।

একহায়নী, (এক—হায়ন=বৎসর। যা-হার একবর্ষ বয়ঃক্রম, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, একবর্ষীয়া গবী। এক বৎসরের বাছুর। [একপুরু।

একহারা, (দেশজ) বিং, কৃশ। একমাত্র।

একা, (একাকী শব্দজ) বিং, একক, একলা, অদ্বিতীয়।

একা; সং, স্ত্রীং, দুর্গা। "একা গুণার্থা ত্রৈলোক্যে তস্মাদেকা স উচ্যতে দেবী সা পরমার্থেতি বদন্তে ভিন্নদর্শিনঃ" দেবী পুরাণ।

একাকী, (একাকিন্, এক+আকিন্—অসহায়ার্থে) বিং, ত্রিং, একক, একলা, অসহায়, সহায়রহিত। "(সুরথঃ) এ-কাকী হয়মারুহ্য জগাম গহনং বনম্"।

একাক্ষ, (এক—অক্ষ=অক্ষিশব্দজ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কাক। বিং, ত্রিং, কাণ, কাণা।

একাগ্র, একাগ্রা, (এক—অগ্র প্রধান, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, এক বিষয়েই আসক্ত, অনন্যচিত্ত, একমনা, অনাকুল। একতান।

একাগ্রতা, (একাগ্র+তা—ভাবে) সং, স্ত্রীং, এক বিষয়েই আসক্তি। একচিত্ততা।

একাঙ্গ, (এক—অঙ্গ=দেহ) সং, ক্লীং, চন্দন। সং, পুং, বুধগ্রহ।

একাত্মা, (একাত্মন্, এক—আত্মন্, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অভিন্ন দেহ, এক প্রাণ।

একাদশ, (একাদশন্, এক—দশন্ দশ। অ=আ। একাধিক দশ, য়ং — স। মধ্য-পদ-লোপ বিং, ত্রিং, বহুং, এগার সংখ্যা, ১১।

একাদশ, (একাদশন্+অ—পুরাণার্থে) বিং, ত্রিং, এগারটা। এগারই। শী—স্ত্রীং, তিথিবিশেষ।

একানংশা সং, স্ত্রীং, পার্ব্বতী।

একান্ত, (এক—অন্ত—=শেষ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অত্যন্ত। অবধারিত। নির্জন। ক্রিং—বিং, অতিশয়, অত্যন্ত, অতিমাত্র। "সর্ব্বত্র যদবধারেণোচ্যতে স একান্তঃ"।

একান্ততঃ, (একান্ততস্=একান্ত+তস্—প্রং) অং, একান্তে। নিশ্চয়ই।

একাক্ষ, (এক+অক্ষি—চক্ষু) সং, পুং, কাক। বিং, ত্রিং, কানা।

একান্ন, (এক—অন্ন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অবিভক্ত, একত্র অন্নভোক্তা, এক পাকাবস্থিত। সহভোজী, সংসৃষ্ট। সং, ক্লীং, একভক্তব্রত। (দেশজ) বিং, ৫১ একপঞ্চাশৎ সংখ্যা।

একায়ন, (এক—অয়ন=গমন, বিষয়, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, এক বিষয়াসক্ত চিত্ত, একাগ্র। [এঅক্ষর, এ।

একার, (এ+কার—স্বার্থে) সং, পুং,

একার্থ, (এক—অর্থ শব্দের প্রতিপাদ্য) বিং, ত্রিং, যাহার অর্থ এক। অন্যের সহিত যাহার উদ্দেশ্য বা অভিপ্রায়ের অনৈক্য নাই।

একাবলী, (এক—আবলী=শ্রেণি, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, একযষ্টীকা। একনরমালা, একনর হার। অর্থালঙ্কার বিশেষ, "স্থাপ্যতেঽপোহ্যতে বাপি যথাপূর্ব্বং পরস্পরং বিশেষণতয়া যত্র বস্তু, সৈকাবলী দ্বিধা"। কাব্যপ্রকাশ। উত্তরোত্তর পদার্থের বিশেষ্যগুলি যদি পূর্ব্ব পূর্ব্ব পদার্থের বিশেষণ-রূপে সন্নিবিষ্ট বা পরিত্যক্ত হয় যথা পুরাণিযস্যাং সবরাঙ্গনানি, বরাঙ্গনারূপ পুরস্কৃতাঙ্গঃ। রূপং সমুন্মীলিতসদ্বিলা সং, অস্ত্রং বিলা-সাঃ কুসুমায়ুধস্য। একাদশাক্ষর ছন্দো-বিশেষ।

একাব্দা, (এক—অব্দ=বৎসর, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, একবর্ষ-বয়স্কা গাভি।

একাশ্রয়, (এক—আশ্রয়, ৬ষ্ঠী—হিং) বিং,

ত্রিং, অনন্যগতি। একমাত্রগতি

একাষ্ঠীল, (এক=প্রধান—অষ্ঠীল=যে দান করে বা গ্রহণ করে, লা+অ—প্রং) সং, পুং, বকগাছ। লা, লী—স্ত্রীং, নিমুই গাছ। পাটা।

একাহ, (এক—অহন্=দিন, গুং—স) সং, ক্লীং, একদিন।

একীভাব,(এক—ভাব। স্বভাব-ঈআগম) সং, পুং, একত্র হওয়া। একত্র অভেদ।

ঐকৈক, (এক—এক) বিং, ত্রিং, এক এ-কটী, এক এক। যথা "ঐকৈক দিবসে দিবসে মদীয়ং নামাক্ষরং গণয় ন গচ্ছসি যাবদন্তং" শকুন্তলা।

ঐকৈকশঃ, (ঐকৈকশস্, ঐকৈক+শস্—প্রং) অং,,এক একটী করিয়া একে একে।

একোদ্দিষ্ট, (এক—উদ্দিষ্ট=লক্ষিত, ৭মী—হিং, অথবা এক একপ্রেত—উৎ—দিশ্=উদ্দেশকরা+ক্ত—স্ম) সং, ক্লীং, মৃত ব্যক্তির উদ্দেশে শ্রাদ্ধ, সাম্বৎসরিক শ্রাদ্ধ, প্রেতোদ্দেশ্যক শ্রাদ্ধ। "একং প্রেতমুদ্দিশ্য যদ্দীয়তে শ্রাদ্ধং তদেকোদ্দিষ্টমিতি বৈদিক প্রয়োগাধীনং যৌগিকম্।" [অং, এখনই এই সময়ে।

এক্ষণে (এ এই শব্দজ—ক্ষণে=সময়ে)

এখন, (এ=এইশব্দজ—খন=ক্ষণশব্দজ) অং, সম্প্রতি, এক্ষণে, অধুনা।

এখান, (এ=এইশব্দজ-খান স্থানশব্দজ) সং, এইস্থান, এস্থল, এই জায়গা।

এটে, (দেশজ) সং কলাগাছের গোড়া, কদলীর মূল।

এড়, (আ—ইড়্=স্তুতিকরা+অ—প্রং, কিম্বা ইল্=ক্ষেপণকরা+অ—প্রং। ল=ড) বিং, ত্রিং, শ্রবণেন্দ্রিয়-হীন, বধির। সং, পুং, মেষ।

এড়ক, (ইল্=গমনকরা+অক—সংজ্ঞার্থে। ল=ড) সং, পুং, মেষ, ভেড়া, মেড়া। বুনোছাগল। কা—স্ত্রীং, ভেড়ী, মেষী। বন্যছাগী।

এড়গজ,সং,পুং,চক্রমর্দ্দক,চাকুন্দিয়াগাছ।

এড়মূক, (এড়—বধির—মূক বোবা, দ্বং—স) বিং, ত্রিং, বাগিন্দ্রিয় ও শ্রবণেন্দ্রিয় রহিত, বাক্শ্রুতি বর্জ্জিত, বোবা ও কালা। শঠ।

এড়ুক, এড়ূক, (ঈড়=স্তব করা, নিক্ষেপ করা বা প্রেরণকরা+উক ঊক—প্রং। নিপাতন) সং, ক্লীং, অন্তর্ন্যস্তাস্থিকুড্য বাটী। গোর। ভিত্তি। হিংসা।

এণ, (ই=গমনকরা+ণ—সংজ্ঞার্থে) সং, পুং, কালসার। হরিণ, মৃগ, ণী—স্ত্রীং, হরিণী।

এণতিলক, (এণ=হরিণ+তিলক=চিহ্ন। ৬ষ্ঠী=হিং) সং, পুং, মৃগলাঞ্ছন, চন্দ্র।

এত, (ই=গমনকরা+ক্ত—প্রং) বিং, ত্রিং, নানাবর্ণবিশিষ্ট। কুর্ব্বুরবর্ণযুক্ত (আ-ই গমনকরা+ক্ত—ক) আগত। সং, পুং, হরিণ, কালসার। তা—স্ত্রীং, হরিণী। (এতাবৎ শব্দজ) বিং, ইয়ৎ সংখ্যক।

এতৎ, (এতদ্+ই= গমনকরা+তদ্—প্রং) সর্ব্বং, ত্রিং, ইহা, এই, ইনি, সম্মুখস্থ। "এতত্তদেক কদলীবনমধ্যবর্ত্তি কান্তাসখস্য শয়নীয়শিলাতলন্তে" উত্তর চরিত।

এতদীয়, (এতদ্+ীয়—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, এতৎসংক্রান্ত।

এতন, (ইন= গমনকরা+তনন্) সং, পুং, প্রশ্বসন, প্রশ্বাস ত্যাগকরণ।

এতশ, (ইন=গমনকরা+তশস্) সং, পুং, ব্রাহ্মণ।

এতর্হি, (এতদ্+র্হি— কালার্থে। দ্—লোপ) অং, এক্ষণে, এখন, অধুনা।

এতাদৃক্, (এতাদৃশ, এতদ্—দৃশ্ [দৃশ্ দেখা+ক্বিপ্—ভা] দর্শন। যাহার এইরূপ দর্শন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, এতাদৃশ, এই প্রকার।

এতাদৃশ, (এতদ্+দৃশ্+টক্—ভা) বিং, ত্রিং, এতাদৃক্ দেখ। "অস্তি চৈতাদৃশং কর্ম্ম যেন পুত্রশতং ভবেৎ"।

এতাবান্, (এতাবৎ, এতদ্+বৎ—পরিমাণার্থে) বিং, ত্রিং, এতৎপরিমাণ, এত, এই মাত্র, ইহাই কেবল। "তথাপি মমৈতাবান্ সংকল্পো যত্বয়া সহ সৌহৃদ্যমবশ্যং করণীয়ম্"। হিতোপদেশ।

এথা, (এ=এইশব্দজ—থা স্থানশব্দজ) অং, এখানে, এই স্থানে, অত্র।

এধঃ—ক্লীং } (এধস্, এধ্=বৃদ্ধিপাওয়া
এধ—পুং } +অসুন্, ঘঞ— প্রং। যাহার দ্বারা অগ্নি বৃদ্ধি পায়) সং, ইন্ধন, কাষ্ঠ, তৃণ। "যথৈধঃ স্বসমুত্থেন বহ্নিনা নাশমর্চ্ছতি। তথা কৃতাত্মা লোভেন সহজেন বিনশ্যতি"।

এধিত,(এধ্=বৃদ্ধি পাওয়া+ক্ত—ক)বিং, ত্রিং, বর্দ্ধিত, বৃদ্ধিপ্রাপ্ত।

এনঃ, (এনস্,ই=গমনকরা+অস্—প্রং। ন—আগম। যাহার দ্বারা লোকে অধোদেশে অর্থাৎ নরকে গমন করে।) সং, ক্লীং, পাপ। অপরাধ। নিন্দা।

এমত, (এ=এইশব্দজ—মত=প্রকার) বিং, এরূপ, এপ্রকার, এইরূপ।

এরকা, (ই=গমন করা+রক্—প্রং) সং, স্ত্রীং, গ্রন্থিহীন তৃণবিশেষ, খড়ী।

এরণ্ড, (আ—ইর্=গমনকরা+ অণ্ড—সংজ্ঞার্থে। ক—যোগে এরণ্ডকও হয়) সং, পুং,ভেরেণ্ডা গাছ। "নিরস্তপাদপে দেশে এরণ্ডোঽপি দ্রুমায়তে। হিতোপদেশ। এরণ্ডভিণ্ডার্কনলৈঃ প্রভূতৈরপি সংচিতৈঃ। দারুকৃত্যং যথা নাস্তি তথৈবাজ্ঞৈঃ প্রয়োজনম্"।

এলক, (ইল=গমন করা+ণ্বুল্) মেষ।

এলঙ্গ, সং, পুং, মৎস্য বিশেষ।

এলবিল, সং, পুং, কুবেরের নামান্তর।

এলা, (ত্রল্=ক্ষেপণকরা+অ—প্রং। যে মুখের দুর্গন্ধ ক্ষেপণ অর্থাৎ দূরকরে) সং, স্ত্রীং, এলাইচ ফল বা গাছ। "এলালতালিঙ্গিতচন্দনাসু" রঘুবংশ।

এলাপর্ণী, (এলা—পর্ণ=পাতা। যাহার এলার ন্যায় পত্র, ঙী—স্ত্রিং) সং, স্ত্রীং, কাঁটা আমরুল।

এলাপত্র, সং, পুং, প্রধানসর্পবিশেষ।

এলীকা, (এলা—ইকন্+আপ্ স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, ছোট এলাচ।

এলো, (দেশজ) বিং, অসংলগ্ন, শিথিল, আল্‌গা।

এব, (ই=গমনকরা+ব—প্রং) অং, সাদৃশ্য। নিশ্চয়। নিয়ম। অবধারণ। পরিসংখ্যা। বাক্যপূরণ। ব্যবচ্ছেদ॥ "উপেতা সা দোহদদুঃখশীলতাং, যদেব বব্রে তদপশ্যদাহৃতং" রঘুবংশ। "অসূত সদ্যঃ কুসুমান্যশোকঃ স্কন্ধাৎ প্রভৃত্যেব সপল্লবানি" কুমারসম্ভব।

এবং, (এবম্, ই=গমনকরা+বম্—প্রং অথবা এ [ইত্থং পদজ] এই প্রকার—বম্=বমনকরা+ক্বিপ্ প্রং। যে এই প্রকার বমন করে) অং, এইপ্রকার, এতাদৃশ। সাদৃশ্য। স্বীকার, সম্মতি। প্রশ্ন। নিশ্চয়। সাম্য। "কষ্ট এবংবাদিনা জনেন রামপরিভূতা অপি বয়ং পুনঃ পরিভূয়ামহে।

অরু। এবমেতৎ, অগ্নিরিতি বৎসাং প্রতি পরিলঘূন্যক্ষরাণি, সীতেত্যেব পর্য্যাপ্তং" উত্তরচরিত।

এবম্ভূত, (এবম্—ভূত=যে হইয়াছে) বিং, ত্রিং, এবম্প্রকার, ঈদৃশ, এইরূপ।

এবম্বিধ, (এবম্—বিধ=প্রকার) বিং, ত্রিং, এবম্ভূত দেখ। [এসময়, এখন।

এবার, (এ=এইশব্দজ—বার=সময়) অং,

এষণ, (আ—ইষ্=গমনকরা,অন্বেষণকরা +অন্—ক, ভা) সং, পুং, লৌহময় বাণ। ক্লীং, নী—স্ত্রীং, লৌহ বা ইস্পাত নির্ম্মিত ক্ষতাদি পরিমাপক শলাকা (Probe)। স্বর্ণকারাদির নিক্তি। অন্বেষণ। ইচ্ছা।

এষণিকা, (এষ্=গমনকরা+অনট্—ক —যোগ। আপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, স্বর্ণকারাদির নিক্তি। ক্ষতাদি পরিমাপক শলাকা (Probe)।

ঐ।

ঐ, দ্বাদশ স্বরবর্ণ। সং, পুং, শিব। অং, স্মরণ। সম্বোধন। (দেশজ) কিঞ্চিৎ দূরস্থ দৃশ্য পদার্থ।

ঐকধা, (এক—ধামুঞ্) সং, ক্লীং,

ঐকমত্য, (এক—মত=অভিপ্রায়+য—ভা) সং, ক্লীং, মতৈক্য, একমত, একবিধ অভিপ্রায় "গর্হিতান্যোহন্যমতয়ো মন্ত্রিণো ব্রুবতে সদা। ন চৈকমত্যঃ শেষোহস্তি মন্ত্রঃ যোঽধমউচ্যতে"।"যতঃ পরস্পরং বিবাদমানানামপি ধর্ম্মশাস্ত্রাণা অহিংসা পরমো-ধর্ম্মইত্যত্রৈকমত্যম্" হিতোপদেশ।

ঐকবাক্য, (একবাক্য+অ—ভাবে) সং, ক্লীং, একবাক্যতা, একমত, অবলম্বন।

ঐকাগারিক, (এক=অসহায়—অগার=গৃহ+ষ্ণিক—প্রয়োজনার্থে) বিং, ত্রিং, চোর,লুণ্ঠকারক। দস্যু। একাগারবাসী।

ঐকাগ্র্য, (একাগ্র+য—ভাবে) সং, ক্লীং, একাগ্রতা, একতানতা, একবিষয়েই মনোনিবেশ। "মনসশ্চেন্দ্রিয়াণাং চাপ্যৈকাগ্র্যম্"।

ঐকান্তিক,(একান্ত+ষ্ণিক—ভবার্থে) বিং, ত্রিং, নিশ্চিত। দৃঢ়। গাঢ়, আত্যন্তিক। "কৃষ্ণস্যৈকান্তিকঃ সুহৃৎ"।

ঐকাহিক, (এক—অহন্=দিন+ষ্ণিক—ভবার্থে) বিং, ত্রিং, একদিন-সম্বন্ধীয়। যাহা এক দিন অন্তর হয়।

ঐক্য, (এক+য—ভাবে) সং, ক্লীং, একতা, একীভাব। একরূপতা, মিল, অবিরোধ।

ঐক্ষব, (ইক্ষু=আক্+ষ্ণ—ভবার্থে) বিং, ত্রিং, ইক্ষুসম্বন্ধীয়; গুড়, চিনি প্রভৃতি।

ঐক্ষ্বাক, (ইক্ষ্বাকু+ষ্ণ—অপত্যার্থে) বিং, ত্রিং, ইক্ষ্বাকুবংশজাত।

ঐঙ্গুদ, (ইঙ্গুদ=তাপসতরু+ষ্ণ—ভবার্থে) সং, ক্লীং, ইঙ্গুদী বৃক্ষের ফল বা তৈল।

ঐচ্ছিক, (ইচ্ছা+ষ্ণিক—ইদমর্থে) বিং, ত্রিং, ইচ্ছাধীন। ইচ্ছানুযায়ী।

ঐণ, ঐণেয়, (এণ=হরিণ+ষ্ণ,ষ্ণেয় ইদমর্থে) বিং, ত্রিং, মৃগসম্বন্ধীয়।

ঐণিক, (এণ=মৃগ+ষ্ণিক—প্রং) বিং, ত্রিং, মৃগহন্তা।

ঐতিহাসিক, (ইতিহাস+ষ্ণিক ইদমর্থে) বিং, ত্রিং, ইতিহাসসংক্রান্ত।

ঐতিহ্য, (ইতিহ্+ষ্ণ্য—স্বার্থে) সং,ক্লীং, পরম্পরাগত বাক্য; যথা—বটবৃক্ষে ভূত আছে ইত্যাদি বাক্য। প্রমাণবিশেষ। "ঐতিহ্যমনুমানঞ্চ প্রত্যক্ষপিচাগমম্। যে হি সম্যক্ পরীক্ষন্তে কুতস্তেষামবুদ্ধিতা"।

ঐন্দব, (ইন্দু+ষ্ণ—ইদমর্থে) বিং, ত্রিং, চন্দ্রসম্বন্ধীয়। সং, ক্লীং, মৃগশিরা নক্ষত্র। বিং, স্ত্রীং, লতা বিশেষ।

ঐন্দ্র, (ইন্দ্র+ষ্ণ—অপত্যার্থে, ইদমর্থে) সং,পুং, জয়ন্ত। বালী। অর্জ্জুন। সুগ্রীব। ন্দ্রী—স্ত্রীং, ইন্দ্রাণী। ইন্দ্রদেবতাক পূর্ব্বদিক্। পূর্ব্বদেশীয় জাতিবিশেষ। বিং, ত্রিং, ইন্দ্রসম্বন্ধীয়।

ঐন্দ্রজালিক, (ইন্দ্রজাল=কুহক+ষ্ণিক—ইদমর্থে) সং, পুং, কুহকী, ইন্দ্রজালকারক, মায়াকারক, বাজীকর। বিং, ত্রিং, ইন্দ্রজাল সংক্রান্ত।

ঐন্দ্রলুপ্তিক, (ইন্দ্রলুপ্ত+ষ্ণিক) বিং,ত্রিং, টাকপড়া, টেকো।

ঐন্দ্রি, (ইন্দ্র+ষ্ণি—অপত্যার্থে) সং, পুং, জয়ন্ত। বালী। অর্জ্জুন। সুগ্রীব। কাক।

ঐন্দ্রিয়ক, (ইন্দ্রিয়+কন্—স্বার্থে) বিং, ত্রিং, প্রত্যক্ষ, ইন্দ্রিয়ের বিষয়। ইন্দ্রিয় গ্রাহ্য।

ঐরাবণ, (ইরাবৎ=সমুদ্র, মেঘ+অ—ইদমর্থে) সং, পুং, ইন্দ্রহস্তী, পূর্ব্বদিকের হাতী। ণী—স্ত্রীং, বিদ্যুৎ।

ঐরাবত, (ইরাবৎ [ইরা জল+বৎ—অস্ত্যর্থে] সমুদ্র, মেঘ+ষ্ণ—ইদমর্থে। যে সমুদ্র হইতে জন্মিয়াছে) সং, পুং, পূর্ব্বদিকের হস্তী। ইন্দ্রহস্তী "ঐরাবতা-

স্ফালন কর্কশেন হস্তেন পস্পর্শ অদঙ্গমিন্দ্রঃ” কুমারসম্ভব। তী—স্ত্রীং, বিদ্যুৎ ঐরাবতের স্ত্রী। (রক্তবর্ণ ফল বলিয়া যে বিদ্যুতের ন্যায়) সং, ক্লীং, নারাঙ্গা লেবু, সর্প, পাতালস্থ নাগরাজ। পঞ্জাব দেশীয় নদী বিশেষ, রাবী। সং, ক্লীং, ইন্দ্রধনু। [লবণবিশেষ, পাঙ্গা লবণ।

ঐরিণ, (ইরিণ+ষ্ণ—ইদমর্থে) সং, ক্লীং,

ঐরেয়, (ইরা [সুরা] অন্ন+ঞ্চেয়—ভবার্থে)সং,ক্লী, অন্নভব মদ্য। ধেনোমদ্।

ঐল, (ইলা=বুধের স্ত্রী+ষ্ণ—অপত্যার্থে) সং, পুং, চন্দ্রবংশীয় পুরূরবা রাজা।

ঐলবিল,(ইলবিলা=পুলস্তি ঋষির ভার্য্যা, কুবেরের পিতামহী+ষ্ণ — অপত্যার্থে, নপ্তাকেও অপত্য বলা যায়) সং, পুং, কুবের, ইলবিলার পুত্র।

ঐশ, (ঈশ+ষ্ণ) বিং,ত্রিং, ঈশ্বর সম্বন্ধীয় স্বর্গীয়। রাজকীয়।

ঐশানী, (ঈশান=শিব+ষ্ণ — ইদমর্থে —ঈপ্ স্ত্রীলিঙ্গ) সং,স্ত্রীং, ঈশান কোণ, শক্তিবিশেষ।

ঐশিক, ঐশ্বর, (ঈশ+ষ্ণিক, ঈশ্বর+ষ্ণ —ইদমর্থে) বিং, ত্রিং, ঈশ সম্বন্ধীয়।

ঐশ্বর্য্য, (ঈশ্বর+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, প্রভুত্ব। ঈশ্বরত্ব। সম্পত্তি। অনিমা, লঘিমা, প্রাপ্তি, প্রাকাম্যং, মহিমা, ঈশিত্ব, বশিত্ব, কামাবসায়িতা—এই অষ্টবিধ শক্তি। তথাহি—“অনিমা লঘিমা ব্যাপ্তিঃ প্রাকাম্যং মহিমা তথা, ঈশিত্বঞ্চ বশিত্বঞ্চ তথা কামাবসায়িতা”। “ঐশ্বর্য্যমত্ত দুষ্টাত্মন্নতিস্তব্ধোসি বাসব”। বিষ্ণুপুরাণে।

ঐষমঃ, (ঐষমস্, ইদম্=এই+সমস্+ বর্ষার্থে) অং, এই বৎসরে।

ঐষমস্ত্য, (ঐষমস্+ত্য) বিং, ত্রিং, এই বৎসর সম্বন্ধীয়।

ঐষ্টিক, (ইষ্টি=যজ্ঞ+ষ্ণিক) যজ্ঞ সম্বন্ধীয়।

ঐহিক, (ইহ=ইহকালে+ষ্ণিক—ভবার্থে) বিং, ত্রিং, ইহকালোদ্ভব, এই কালের। ইহলোকসম্বন্ধীয়।

ও।

ও, ত্রয়োদশ স্বর বর্ণ। সং, পুং, ব্রহ্মা। অং,সম্বোধন। স্মরণ। দয়া। অভিপ্রায়। (হিন্দীভাষায় এবমর্থ) এবং। দেশজ) বিং, পুরোবর্ত্তী, যথা ওপার, অর্থাৎ পুরোবর্ত্তী পার।

ওআড়, (দেশজ) সং, লেপ বালিস প্রভৃতির আচ্ছাদম বস্ত্র।

ওঁ, (ওম্ শব্দ না লিখিয়া লিখনে ওঁ শব্দ প্রচলিত হইয়াছে ওম্ শব্দ দেখ) অং, প্রণব,ওঙ্কার, আদ্যবীজ।

ওঁচলা, (দেশজ) সং, অবস্কর, জঞ্জাল।

ওঁছা, (দেশজ) সং, উচ্ছিষ্ট। ত্যক্ত, জঘন্য, হেয়। [শূদ্র।

ওক, (পশ্চাৎ দেখ) পুং, পক্ষী। বৃষল,

ওকঃ—ক্লীং } (ওকস্, উচ্=একত্র
ওক—পুং } করা+অস্, অ—প্রং) সং, স্থান। আশ্রয় “ওকঃ সর্ব্বসত্বানাং মহী”।

ওকড়া, (দেশজ) সং, পাঁচন বিশেষ।

ওকণ-পুং, ওকণি-পুং, ওকণী-স্ত্রীং } সং, কেশকীট, উকুণ।

ওকুল, সং, পুং, ময়দা পিষ্টক, পিটে।

ওকোদনী, (ওকস্=আশ্রয়—অদনী যে ভক্ষণ করে) সং, স্ত্রীং,আশ্রয়ভক্ষিণী, উকুণ।

ওগো, (দেশজ) অং, সম্বোধনার্থ শব্দ।

ওঘ, (উচ্=একত্রকরা+ঘঞ্—প্রং। চ=ঘ) সং, পুং, সমূহ। তরঙ্গ। প্রবাহ। জলবেগ, স্রোত, (যাহাতে হস্তাদি জড়সড় করা যায়) দ্রুতনৃত্য,নৃত্য বিষয়ে দ্রুতগমন।“কুলঙ্কষেব সিন্ধুঃ প্রসন্নমোঘং তটতরুঞ্চ” শকুন্তলা।

ওঙ্কার, (ওম্=সম্মতিসূচকশব্দ—কার= যে করে। যে আমাদের ইচ্ছানুযায়ি

কর্ম্ম করে। কিম্বা ওম্+কার—স্বার্থে) সং, পুং, প্রণব, ওঁ, আদ্যবীজ।
ওজস্, (উর্জ্=জীবিতহওয়া, বলিষ্ঠ হওয়া, তেজস্বীহওয়া কিম্বা ওজ্=বাঁচা+অস্—প্রং) সং, ক্লীং, তেজঃ। বল। দীপ্তি। শোভা। স্বর্ণ। কাব্যের প্রৌঢ়তাদি গুণ, সমাসবহুল দীর্ঘ পদযুক্ত বাক্য।"ওজশ্চিত্তস্য বিস্তাররূপং দীপ্তত্বমুচ্যতে। বীরবীভৎসরৌদ্রেষু ক্রমেণাধিক্যমস্য তু" সাহিত্যদর্শন।
ওজস্বিতা, (ওজস্বিন্+তা—ভাবে) সং, স্ত্রীং, বলশালিতা। তেজস্বিতা।
ওজস্বী, (ওজস্বিন্, ওজস্+বিন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ওজোগুণ বিশিষ্ট। তেজস্বি। বলবান্। রূপং তদোজস্বি তদেব বীর্য্যং তদেব নৈসর্গিকমুন্নতত্বং" রঘুবংশ। দীপ্ত (স্ত্রীলিঙ্গে ওজস্বিনী)।
ওজিষ্ঠ, (ওজ+ইষ্ঠ—অত্যর্থে) বিং, ত্রিং, তেজিয়ান্। অতিশয় ওজস্বি। বলবান্। [ধান।
ওড়িকা, ওড়ি; সং, স্ত্রীং, নীবার, উড়ী-
ওড্র (উড্, আলিঙ্গনকরা+র—সংজ্ঞার্থে সং, পুং, উৎকল দেশের উত্তরাংশ। পুষ্প বৃক্ষ বিশেষ। ক্লীং, জবাফুল (china rose)
ওত (আ—বে=বস্ত্রাদি বুনা+ক্ত—প্রং) বিং, ত্রিং, অন্তর্ব্যাপ্ত। প্রোত। বস্ত্রের দীর্ঘতন্তু, টানা।
ওতপ্রোত, (ওত—প্রোত, দ্বং—স) বিং, ত্রিং, স্থানব্যাপ্ত, সকল স্থান ব্যাপিয়া থাকা।
ওতু (অব্=গমনকরা, রক্ষাকরা+তু—সংজ্ঞার্থে) সং, পুং, বিড়াল, মার্জার। বোপদেব—১ "স্থূলোতু, স্থূলোতু।"
ওথা, (ও—থা স্থানশব্দজ) অং, ওখানে, কিঞ্চিৎ দূরবর্ত্তি স্থানে।
ওদন (উন্দ্=আর্দ্রহওয়া+অন-প্রং) সং, পুং, ক্লীং, সিদ্ধতণ্ডুল, অন্ন, ভক্ত, ভাত। তরুণংসর্ষপশাকং নবৌদনং পিচ্ছিলানি চ দধীনি। অল্পব্যয়েন সুন্দরি গ্রাম্যজনো মিষ্টমশ্নাতি"॥ নীবা রৌদনমণ্ডমুষ্ণমধুরং সদ্যপ্রসূতা প্রিয়াপীতাদপ্যধিকং তপোবনমৃতাঃ পর্য্যাপ্ত মাচামতি" উত্তর চরিত।
ওম্, (অব্=রক্ষাক রা+ম-প্রং। কিম্বা অ=বিষ্ণু—উ= শিব—ম্=ব্রহ্মা। সন্ধি দ্বারা ওম্) অং, প্রণব। সকল মন্ত্রের আদ্যোচ্চার্য্য বর্ণ। স্বীকার। প্রশ্ন। রোষ। অনুমতি। আরম্ভ। অপাকরণ। সং, ক্লীং, ব্রহ্ম। অ উ ম্ অর্থাৎ ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর এই ত্রিবর্ণাত্মকবীজ। "অকারো বিষ্ণুরুদ্দিষ্ট উকারস্ত মহেশ্বরঃ। মকারেণোচ্যতে ব্রহ্মা প্রণবেন ত্রয়ো মতাঃ। এই শব্দটী ব্রহ্মার কণ্ঠ হইতে বহির্গত হইয়াছিল বলিয়া অত্যন্ত মঙ্গল সূচক। যথা ওঙ্কারশ্চাথ শব্দশ্চ দ্বাবেতৌ ব্রহ্মণঃ পুরা। কণ্ঠং ভিত্বা বিনির্যাতৌ তেন মাঙ্গলিকা বুভৌ"।
ওরম্বা, (দেশজ) বিং, লম্পট, যে কর্ত্তব্য কর্ম্ম না করিয়া এখানে সেখানে বেড়িয়া বেড়ায়।
ওল, (বল্=বৃদ্ধিপাওয়া+অচ্—প্রং। যে ভূমিতে বৃদ্ধি পায়) বিং, ত্রিং, আর্দ্র। সং, ক্লীং, স্বনাম প্রসিদ্ধ মূল, শূরণ।
ওলন, (দেশজ) সং, অবরোহণ, নামন। রাজমিস্ত্রীর প্রাচীরাদি সমস্ত নির্ণয়ার্থ যন্ত্রবিশেষ।
ওলা, (দেশজ) সং, নামা। লড্ডুক বিশেষ। (যাহা বর্দ্ধমানে ও তারকেশ্বরে সর্ব্বদা পাওয়া যায়)।
ওলাউঠা, (ওলা=নামা—উঠা=বমন) সং, ভেদ বমি, বিসূচিকারোগ, নামাউঠা।
ওষ, (উষ্=দাহকরা+ঘঞ্—ভা) সং, পুং, দাহ, দহন।
ওষণ, (ওষ=দেখ, অনট্—ভা) সং, পুং, কটুরস, ঝাল। দাহকারক।
ওষধি, (ওষ=উষ্ণ—ধি [ধা+কি] যে

ধারণ করে) সং, স্ত্রীং, যে সকল লতা রাত্রিকালে জ্বলে। জ্যোতির্লতা। "ভবন্তি যত্রৌষধয়ো রজন্যামতৈলপূরাঃ সুরত প্রদীপাঃ" "যত্রৌষধি প্রকাশেন নক্তং দর্শিত সঞ্চরা" ফল পাকান্ত বৃক্ষাদি, ফল পক্ক হইলে যে সকল বৃক্ষাদি শুষ্ক হইয়া যায়, যেমন ধান্য কদলী ইত্যাদি। "ওষধ্যঃ ফলপাকান্তা বহুপুষ্পফলোপগাঃ"। অমর কোষ।

ওষধিপ্রস্থ ; সং, পুং—ক্লীং, হিমালয়পুর। "আসেদুরোষধিপ্রস্থং মনসা সমরংহসঃ" কুমারসম্ভব।

ওষধীপতি, ওষধীশ, (ওষধি — পতি, ঈশ, ৬ষ্ঠী—ষ। চন্দ্র ওষধির অধিষ্ঠাত্রী দেবতা) সং, পুং, চন্দ্র, ওষধিনাথ, চাঁদ। কর্পূর।

ওষ্ঠ, (উষ=দগ্ধ হওয়া+ঠ — সংজ্ঞার্থে। কটূ অম্লাদি দ্বারা বা উষ্ণতা দ্বারা যে দগ্ধ হয়) সং, পুং, দন্তচ্ছদ, ঠোঁট। "তাম্রৌষ্ঠপর্যস্তরুচঃ স্মিতস্য" "চূতপ্রবালোষ্ঠমলংচকার" "স্ফুরৎপ্রবালোষ্ঠ মনোহরাভ্যঃ" কুমার সম্ভব।

ওষ্ঠ্য, (ওষ্ঠ+য—ইদমর্থে) সং, পুং, ওষ্ঠোচ্চার্য্য বর্ণ। [চৌড়া।

ওসার, (দেশজ) বিং, পরিসর, প্রস্থ,

ঔ।

ঔ ; চতুর্দ্দশ স্বরবর্ণ। অং, আহ্বান। সম্বোধন। নিষেধ। সং, পুং, অনন্ত। পৃথিবী। [সামবেদাংশজ্ঞ ব্রাহ্মণ।

ঔকৃথক, (ঔকৃথ+টক) সং,পুং,ঔকৃথনামক

ঔক্ষ, ঔক্ষক } (উক্ষন্=বৃষ+ষ্ণ—সমূহার্থে ক—যোগে ঔক্ষক) সং, ক্লীং, বৃষসমূহ।

ঔখ্য, (উখা = কড়া+য—নিষ্পন্নার্থে) বিং, ত্রিং, স্থালীপক্ক, অন্নাদি।

ঔচিতী—স্ত্রীং, ঔচিত্য—ক্লীং } (উচিত+ষ্ণ, ষ্ণ্য—ভাবে। ঈ-স্ত্রীলিঙ্গে) সং, ন্যায্যতা। কর্ত্তব্যতা। উপযুক্ততা।

ঔজসিক, ওজস্+ষ্ণিক) সং, পুং, ওজোগুণ বিশিষ্ট বীর, যোদ্ধা।

ঔজ্জ্বল্য, (উজ্জ্বল + ষ্ণ্য — ভাবে) সং, ক্লীং, উজ্জ্বলতা, দীপ্তি।

ঔডুপিক, (উডুপ+ষ্ণিক) সং, পুং, যে নৌকাযোগে গমন করে, নৌকারোহী।

ঔডুম্বর, (উডুম্বর+ষ্ণ ইদমর্থে) বিং, ত্রিং, তাম্রনির্ম্মিত। যজ্ঞি ডুমুরকাটের নির্ম্মিত। সং, পুং, যমবিশেষ। সং, ক্লীং, তাম্র। কুষ্ঠরোগভেদ।

ঔত্তানপাদি, (উত্তানপাদ+ষ্ণ্য— অপত্যার্থে) সং, পুং, ধ্রুব, উত্তানপাদ পুত্র।

ঔৎপাতিক, (উৎপাত+ষ্ণিক—ইদমর্থে) বিং, ত্রিং, উপদ্রবান্বিত, দৈব উপদ্রব সম্বন্ধীয়,উৎপাতবিশিষ্ট। অশুভ-সূচক। "ঔৎপাতিকং তদিহ দেব বিচিন্তনীয়ং। নারায়ণো যদি পতেদথবা সুভদ্রা" উদ্ভট।

ঔৎসর্গিক, (উৎসর্গ+ষ্ণিক— ইদমর্থে) বিং, ত্রিং, স্বাভাবিক, প্রাকৃতিক।

ঔৎসুক্য, (উৎসুক+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, আগ্রহ। ব্যগ্রতা, উৎকণ্ঠা। উৎসুকতা। "মন্দৌৎসুক্যোঽস্মি নগরগমনং প্রতি"। শকুন্তলা।

ঔদনিক, (ওদন = সিদ্ধতণ্ডুল+ষ্ণিক— পাচকার্থে) বিং, ত্রিং, সুপ্রকার, পাচক।

ঔদরিক, (উদর+ষ্ণিক—আসক্ত্যর্থে) বিং, ত্রিং, পেটুক। উদরম্ভরি।

ঔদার্য্য, (উদার+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, বদান্যতা। মহত্ত্ব। উদারতা।

ঔদাস্য, (পশ্চাৎ দেখ) সং, ক্লীং, বৈরাগ্য। অমনোযোগ। উপেক্ষা।

ঔদাস্য, ঔদাসীন } (উদাস, উদাসীন + ষ্ণ্য —ভাবে) সং, ক্লীং, উদাসীনতা। উপেক্ষা। নিঃসম্পর্ক।

ঔদুম্বর, (উদুম্বর+ষ্ণ্য—ইদমর্থে) বিং, ত্রিং, উদুম্বর-সম্বন্ধীয়।

ঔদ্দালক, (উদ্দাল [উদ্=উচ্চ, বৃহৎ —

দালি=ভেদ করান, ছিন্ন ভিন্ন করান, মাড়ান ইত্যাদি+অ—প্রং] + ক — যোগ) সং, ক্লীং, মধুবিশেষ।

ঔদ্ধত্য, (উদ্ধত+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, অশিষ্টতা,অনম্রতা, প্রগলভতা, ধৃষ্টতা।

ঔদ্ধারিক, (উদ্ধার+ষ্ণিক) বিং, ত্রিং, অংশ সম্বন্ধীয়, বিভাগ সংক্রান্ত। বিং. ত্রিং, অংশ, বিভাগ। পৈতৃক সম্পত্তি।

ঔদ্ভিদ্, (উদ্ভিদ+ষ্ণইদমর্থে) বিং, ত্রিং, উদ্ভিদ সংক্রান্ত। উদ্ভিদ-সম্বন্ধীয়।

ঔদ্বাহিক, (উদ্বাহ+ষ্ণিক—ইদমর্থে) বিং, ত্রিং, বিবাহসম্বন্ধীয়। উদ্বাহ কালে লব্ধ, যৌতুকাদি। [পশুর স্তন্যদুগ্ধ।

ঔধস্য, (উধস+ষ্ণ্য—ইদমর্থে) সং, ক্লীং,

ঔন্নত্য, (উন্নত+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, উচ্চতা, উন্নতি।

ঔপকার্য্যা, (উপকার্য্যা+ ষ্ণ — স্বার্থে) সং, স্ত্রীং, বাস ভবন, আবাসস্থান।

ঔপকূলিক, (উপকূল+ষ্ণিক—ইদমর্থে) বিং, ত্রিং, উপকূল-সম্বন্ধীয়।

ঔপগ্রস্তিক { উপগ্রস্ত+ষ্ণিক } সং,
ঔপগ্রহিক { উপগ্রহ+ষ্ণিক } পুং,
চন্দ্রসূর্য্যাদির গ্রহণ। রাহুগ্রস্ত চন্দ্র বা সূর্য্য।

ঔপচারিক, (উপচার+ষ্ণিক—ইদমর্থে) বিং, ত্রিং, উপচার-সম্বন্ধীয়। সং, পুং, উপচার।

ঔপচ্ছন্দসিক, (উপ—ছন্দস্+ ষ্ণিক — প্রং) সং, ক্লীং, ছন্দোবিশেষ।

ঔপজানুক, (উপজানু+ণক) বিং, ত্রিং, জানুর নিকটস্থিত। জানুর উপরিভাগস্থিত।

ঔপধেয়, (উপধি+ষ্ণেয়—স্বার্থে) সং, ক্লীং, শকটের চক্র, গাড়ীর চাকা।

ঔপনিধিক, (উপনিধি+ণক — যোগ) সং,ক্লীং, উপভোগের নিমিত্ত প্রীতিপূর্ব্বক যাহা অর্পিত হয়।

ঔপনিবেশিক, (উপনিবেশ+ষ্ণিক—ইদমর্থে) বিং, ত্রিং, উপনিবেশসম্বন্ধীয়।

ঔপনিষদ, (উপনিষদ্+ষ্ণ — ইদমর্থে) বিং, ত্রিং, উপনিষৎসংক্রান্ত। উপনিষৎ শাস্ত্র দ্বারা অবধারিত।

ঔপনীবিক, (উপ—নীবি+ণক—প্রং) বিং, ত্রিং, নীবি সমীপে স্থিত।

ঔপম্য, (উপমা+ষ্ণ্য—স্বার্থে) সং, ক্লীং, সাদৃশ্য, তুল্যতা। "প্রাণা যথাত্মনোঽভীষ্টা ভূতানামপি তে তথা। আত্মৌপম্যেন ভূতানা দয়াং কুর্ব্বন্তি সাধবঃ" ॥ হিতোপদেশ।

ঔপয়িক, (উপায়+ষ্ণিক — ইদমর্থে) সং, ক্লীং, উপায়। বিং, ত্রিং, উপযোগী উপযুক্ত। ন্যায়, উপায়লব্ধ।

ঔপল, (উপল+ষ্ণ—ভবার্থে) বিং, ত্রিং, উপলময়, উপলনির্ম্মিত। উপলসম্বন্ধীয়।

ঔপসর্গিক, (উপসর্গ=উপদ্রব+ষ্ণিক—ইদমর্থে) বিং, ত্রিং, উপসর্গসম্বন্ধীয়। সং, পুং, সন্নিপাত রোগবিশেষ।

ঔপাধিক,(উপাধি+ষ্ণিক—ইদমর্থে) বিং, বিং,উপাধি-সম্বন্ধীয়। বৈশেষিক। অস্থায়ী

ঔপায়িক, (উপায়+ষ্ণিক — ইদমর্থে) বিং, ত্রিং, উপায়সাধ্য।

ঔপাসন, (উপাসনা+ষ্ণ—ইদমর্থে) বিং, ত্রিং,উপাসনা-সম্বন্ধীয়,উপাসনাকালীন।

ঔপাস্থিক, (উপাস্থি+ইক — ইদমর্থে) বিং, ত্রিং, উপাস্থি-সংক্রান্ত।

ঔমীন, (উমা=মসিনা+ীন — তৎক্ষেত্রার্থে) বিং, উমা ক্ষেত্র, মসিনারক্ষেত্র।

ঔরভ্র, (উরভ্র=মেষ+ষ্ণ—ইদমর্থে) সং, ক্লীং. কম্বল, মেষলোম নির্ম্মিত আসন, গালিচা, দুলিচা। মেষসমূহ। বিং, ত্রিং, মেষ-সংক্রান্ত।

ঔরভ্রক, (উরভ্র+ণক—সমূহার্থে) সং, পুং, মেষ-সমূহ।

ঔরস } (উরস্=শ্রেষ্ঠ + ষ্ণ, ষ্ণ্য —
ঔরস্য } প্রং। দ্বাদশ পুত্রমধ্যে শ্রেষ্ঠ) বিং, ত্রিং, ধর্ম্মপত্নীজ সন্তান। "সে ক্ষেত্রে সংস্কৃতায়াং তু স্বয়মুৎপাদয়েদ্ধি যম্। তমৌরসং বিজানীয়াৎ পুত্রং প্র-

ণম কল্পিতম্" । "ঔরসো ধর্ম্মপত্নীজঃ" । স্মৃতি ।

ঔর্দ্ধদেহিক, (ঊর্দ্ধ—দেহ=শরীর+ষ্ণিক—ইদমর্থে) বিং, ত্রিং, দেহ ধ্বংসের পর ক্রিয়মাণ দাহতর্পণাদি কর্ম্ম, অন্ত্যেষ্টি, প্রেতকৃত্য, অগ্নিসংস্কারাদি । "কুরুষ্বাস্যৌর্দ্ধদেহিকম্" ।

ঔর্ব্ব, (উর্ব্ব+ষ্ণ—ইদমর্থে উর্ব্ব নামক এক ঋষির ঊরু হইতে এক তেজ জন্মায়, সমুদ্র সেই তেজ গ্রহণ করে । মহাভারতে এইরূপ বর্ণিত আছে, যে এক ব্রাহ্মণীর ঊরুদেশ হইতে মহর্ষি ভৃগুর ঔরস-জাত একটী সন্তান হয় । ঐ সন্তানটীর নাম ঔর্ব্ব । তিনি সমুদ্রজলে আপনার ক্রোধানল নিক্ষেপ করিয়াছিলেন এবং ঐ অনল ক্রমশঃ সমুদ্রজল শোষণ করিতে লাগিল । ঔর্ব্বমুনির ক্রোধানল হইতে উৎপন্ন হইয়াছে বলিয়া বাড়বানলের নাম ঔর্ব্ব হইল । কেহ বলেন যে ঔর্ব্বনামক এক ঋষির উরু হইতে এক তেজ জন্মায় এবং ঐ তেজ সমুদ্র গ্রহণ করেন) সং, পুং, বাড়বানল, সমুদ্রীয় বহ্নি । (উর্ব্বী+ষ্ণ—প্রং) পাংশু লবণ । "অদ্যাপি নূনং হরকোপবহ্নিরন্তর্জ্জ্বলত্যৌর্ব্ব ইবাম্বুরাশৌ" ।

ঔর্ব্বশেয়, (উর্ব্বশী+ষ্ণেয়—অপত্যার্থে) সং, পুং, উর্ব্বশী-পুত্র, অগস্ত্য ।

ঔর্ব্ব্য, (উর্ব্ব+ষ্ণ্য—প্রং) সং, পুং, মুনিবিশেষ । [উলূকসমূহ, পেচকসমূহ ।

ঔলূক, (উলূক+ষ্ণ—সমূহার্থে) সং, ক্লীং,

ঔলূক্য, (উলূক=পেচক+ ষ্ণ্য—সাদৃশ্যার্থে) সং, ক্লীং, উলূক প্রণীত, বৈশেষিকদর্শন । পুং, বৈশেষিকদর্শন প্রণেতা ।

ঔশনস, (উশনস্+ষ্ণ—প্রং) সং, ক্লীং, শুক্রাচার্য্য প্রণীত শাস্ত্র ।

ঔশীর } ঔষীর } (উশীর+ষ্ণ—ভবার্থে) সং, বিং, ত্রিং, উশীর সংক্রান্ত । পুং, চামর দণ্ড । ক্লীং, শয়নাসন, চৌকী, কেদারা । শয়ন ।

ঔষধ, (ওষধি+ষ্ণ—ভবার্থে) সং, ক্লীং, যে বস্তুদ্বারা রোগ নষ্ট হয় । ভেষজ । 'শ্রূয়তে হি পুরালোকে বিষস্য বিষমৌষধম্'

ঔষধাজীব, (ঔষধ—আজীব ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যে ব্যক্তি ঔষধ বিক্রয় দ্বারা আপনার জীবিকা নির্ব্বাহ করে, কবিরাজ) বৈদ্য ।

ঔষধালয়, (ঔষধ—আলয়=গৃহ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, যেখানে ঔষধ থাকে, দাওয়াইখানা ।

ঔষস, (উষস্+ষ্ণ—ইদমর্থে) বিং, ত্রিং, উষাসংক্রান্ত । [সংক্রান্ত ।

ঔষ্ট্র, (উষ্ট্র+ষ্ণ—ইদমর্থে) বিং, ত্রিং, উষ্ট্র

ঔষ্ট্রক, (উষ্ট্র=উট+কণ সমূহার্থে) সং, ক্লীং, উষ্ট্র সমূহ । [ওষ্ঠোচ্চার্য্য বর্ণ ।

ঔষ্ঠ্য, (উষ্ঠ+ষ্ণ্য—ভবার্থে) বিং, ত্রিং,

ঔষ্ণ, ঔষ্ণ্য (উষ্ণ+ষ্ণ, ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, উষ্ণতা উত্তাপ সন্তাপ. ।[উষ্ণতা ।

ঔষ্ম (উষ্মন্+ষ্ণ—ভাবে) সং, ক্লীং, উষ্মতা,

ক ।

ক, প্রথম হলবর্ণ । (কৈ=শব্দকরা বা কচ্=দীপ্তিপাওয়া+অ — সংজ্ঞার্থে) সং, পুং, ব্রহ্মা । বিষ্ণু, বায়ু । যম । সূর্য্য । আত্মা । রাজা । অগ্নি । দক্ষ । পক্ষী । ময়ূর । মন । শরীর । ধন । শব্দ । ক্লীং, রোগ । মস্তক । জল । সুখ । [মৎস্য

কই, (কবয়ী শব্দজ) সং, স্বনাম প্রসিদ্ধ

কইলা, (দেশজ) সং, বৎস, বাছুর ।

কএক, (দেশজ) বিং, কতিপয়, কিয়ৎ । কিঞ্চিৎ । [টিকান ।

কএদ, (দেশজ) সং, অবরোধ, বন্ধ, আ-

কংবূল, কবূল, (এই শব্দটি অষ্টম যোগে আছে) সং, ক্লীং, স্বীকার ।

কংশ } কংস } (কম্=বাঞ্ছাকরা + শ, স—সংজ্ঞার্থে) সং, পুং, অসুর বিশেষ । উগ্রসেনপুত্র । মথুরা দেশের স্বনাম প্রসিদ্ধ রাজা । পুং, —ক্লীং, তৈজস দ্রব্য, স্বর্ণ রজতাদি নির্ম্মিত পান-

পাত্র। পরিমাণ পাত্রবিশেষ, আঢ়ক। তাম্র মিশ্রিত ধাতু, কাঁসা। "ত্বমিতি যচ্চাহং ত্বয়োক্তো মত্তকাশিনি। কংসস্তস্মাদ্রিপুধ্বংসী তব পুত্রো ভবিষ্যতি"।

কংসক, (কংস+ক—তুল্যার্থে যাহা শ্বেতবর্ণ তুল্য কিম্বা কংস—ক=জল। কংসের ন্যায় জল যাহা হইতে, ৫মী—হিং) সং, ক্লীং, হীরাকস।

কংসকারক, (কংস—কার=যে করে, ২য়া—ষ) সং, পুং, কাংস্যবণিক্, কাঁসারি। "বৈশ্যায়াংব্রাহ্মণাজ্জাতো অম্বষ্ঠোগান্ধিকো বণিক্। কংসকরাশঙ্খকারৌ ব্রাহ্মণাৎ স বভূবতুঃ॥ "বিশ্বকর্ম্মা চ শূদ্রায়াং বীর্য্যাধানং চকার সঃ। ততো বভূবুঃ পুত্রাশ্চ নবৈতে শিল্পকারিণঃ॥ মালাকারঃ কর্ম্মকারঃ শঙ্খকারঃ-কুবিন্দকঃ কুম্ভকারঃ কংসকারঃ ষড়েতে শিল্পিনো নরাঃ"।

কংসকৃষ্ } কংসহা } (কংসহন্, কংস—কৃষ্ যে কর্ষণ করে—হন্=যে বধ করে, ২য়া—ষ) সং, পুং, বিষ্ণু, কৃষ্ণ।

কংসজিৎ, (কংস—জিৎ=যে জয় করে, ২য়া—ষ) সং, পুং, বিষ্ণু, শ্রীকৃষ্ণ।

কংসারি, কংসারাত (কংস—অরি, অরাতি শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শ্রীকৃষ্ণ, নারায়ণ, বিষ্ণু।

ককান, (দেশজ) সং, অতিশয় রোদন।

ককানি, (দেশজ) সং, রোদন শব্দবিশেষ।

ককুঞ্জল, সং, পুং—স্ত্রীং, চাতক পক্ষী।

ককুৎস্থ, (ককুদ্=রাজচিহ্ন—স্থ=যে থাকে ৭মী=ষ কিম্বা ৭মী—হিং। মল্লিনাথ বলেন ককুদ্=ষাঁড়ের ঝুটি—স্থ=যে থাকে যিনি বৃষরূপ ইন্দ্রের ককুদে স্থিতি করিয়াছিলেন, ৭মী—ষ) সং, পুং, সূর্য্যবংশীয় নৃপ বিশেষ। "ইক্ষ্বাকুবংশ্যঃ ককুদং নৃপাণাং ককুৎস্থ ইত্যাহিতলক্ষণোঽভূৎ"। রঘুবংশ।

ককুদ্—স্ত্রীং } ককুদ—পুং-ক্লীং } (ক=সুখ—কু=শব্দকরা+দ্, দ-সংজ্ঞার্থে) সং, বৃষের স্কন্ধের ঝুঁটি। রাজচিহ্ন ছত্রচামরাদি। শ্রেষ্ঠ। পর্ব্বতশৃঙ্গ। "স হি সংখ্যে মহাবাহুঃ ককুদং সর্ব্বরক্ষসাম্"।

ককুদ্মান্, (ককুদ্মৎ, ককুদ্+মৎ—অস্ত্যর্থে) সং, পুং, বৃষ, ষাঁড়। গিরি, পর্ব্বত।

ককুদ্মতী, (ককুদ্মৎ+ঈ—স্ত্রীলিঙ্গে) সং, কটিদেশ।

ককুদ্মী, (ককুদ্মিন্, ককুদ্+মিন্—প্রং) সং, পুং, নৃপবিশেষ, রেবতী পিতা।

ককুন্দর, (ক [দেহ] পৃষ্ঠদেশ—কু=নিতম্বস্থ ভূমি—দৃ=বিদীর্ণহওয়া+অ—প্রং) সং, ক্লীং, পৃষ্ঠদেশের অধঃস্থিত আবর্ত্ত চিহ্নদ্বয়। নিতম্বস্থ আবর্ত্তবৎ গর্ত্তদ্বয়।

ককুভ্, ককুভা, (ক=বায়ু—স্কুভ্=বিস্তার করা+ক্বিপ্ আ—প্রং। স্—লোপ। যে বায়ু বিস্তার করে, ২য়া—ষ) সং, স্ত্রীং, দিক্। দেশ। শোভা। চম্পকশাখা চম্পকমালা। রাগিণীবিশেষ।

ককুভ, (ক=বায়ু—স্কুভ্=বিস্তারকরা+অ—ক। ককুভ্ দেখ) সং, পুং, রাগ বিশেষ। বীণার অন্তভাগে বক্রকাষ্ঠ। বীণাস্থ অলাবু, বস্। (ককুভ্+অ—অস্ত্যর্থে। যে দিক্ বিশিষ্ট অর্থাৎ দিক্ব্যাপী) কুটজ বৃক্ষ, অর্জুন গাছ। "পীতং বসানা বসনং সুকেশী বনে রুদন্তী পিকনাদদূনা। বিলোকয়ন্তী ককুভোঽস্তিভীতা মূর্ত্তিঃ প্রদিষ্টা ককুভস্তথেয়ম্"।

কক্কোল, (কক্ [কক্=অহঙ্কার করা+ক্বিপ—প্রং]—কোল [কুল=রাশি করা+ঘঞ্—প্রং] য়ং—স) সং, পুং—ক্লীং, কাঁকলা, গন্ধদ্রব্যবিশেষ।

কক্খটি, (কক্খ্=হাস্যকরা+অট্—প্রং। ঈ—স্ত্রীলিঙ্গে) সং স্ত্রীং, খড়ী, কঠিনী।

কক্ষ, (কষ্=হিংসাকরা+স—সংজ্ঞার্থে) সং, পুং, বাহুমূল। পার্শ্ব। শুষ্কবন। শুষ্কতৃণ। "কক্ষঘ্নঃ শিশিরঘ্নশ্চ মহাকক্ষে বিলোকসঃ" মহাভারত। মহিষ পাপ। স্পর্দ্ধাস্পদ, প্রতিযোগী, বিরোধী,

যথা সমকক্ষ। বস্ত্রাঞ্চল। কাছা। (Orbit) গ্রহগণের পরিভ্রমণ পথ। পুং, ক্ষা—স্ত্রীং, ভিত্তি, দেয়াল। "কক্ষান্তর গতো বায়ু জীমূত ইব গর্জ্জতি" "যথোদ্ধরতি নির্দাতা কক্ষং ধান্যঞ্চ রক্ষতি। তথা রক্ষেন্নৃপো রাষ্ট্রং হন্যাচ্চ পরিপন্থিনঃ"।

কক্ষা, কক্ষ্যা, (কক্ষ দেখ, আ-স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, হস্তীর গলা বা কক্ষ বন্ধন-রজ্জু। স্ত্রীলোকের কটিবন্ধ। কুঠরী। মহল। রাজান্তঃপুর। রথের মধ্যবর্ত্তী-স্থান। প্রতিযোগিতা। কাঞ্চী। বস্ত্রাঞ্চল। গৃহভিত্তি। রোগবিশেষ, কাঁকবিরালী।

কক্ষাপাট, (কক্ষা = কোটিবন্ধ—পট= বস্ত্র) সং, পুং, কৌপীন, কপ্নি।

কক্ষাবেক্ষক, (কক্ষা=মহল — অবেক্ষক যে দেখে, ২য়া—ষ) সং, পুং,দ্বারপাল। কঞ্চুকী, অন্তঃপুররক্ষী। উদ্যানপাল। কবি। রঙ্গাজীব। চিত্রকর। ষিড়্গা,লম্পট

কক্ষীকৃত, (কক্ষ—কৃত=করা হইয়াছে। ঈ—আগম) বিং, ত্রিং, আয়ত্তীকৃত।

কখন, কখন্, (ক কিম্শব্দজ — খন= ক্ষণশব্দজ) অং, কদা, কোন সময়ে, কোন কালে।

কঙ্ক, (কন্‌ক=গমনকরা, পাওয়া+অ—সংজ্ঞার্থে) সং, পুং, কাঁকপক্ষী (এই পক্ষীর পালকে বাণের পুঙ্খ প্রস্তত হয়) "নখপ্রভাভূষিত কঙ্কপত্রে সক্তাঙ্গুলিঃ সায়কপুঙ্খ এব" রঘুবংশ। যম। ছল ব্রাহ্মণ। যুধিষ্ঠিরের নাম। বিরাটনগরে অজ্ঞাতবাসকালে যুধিষ্ঠির এই নামে পরিচিত ছিলেন।

কঙ্কট, (কঙ্ক দেখ, অট—প্রং। কিম্বা কং বায়ুকে—কট্ আবরণকরা+অ — ক) সং, পুং উরশ্ছদ, কবচ, বর্ম্ম, সাঁজোয়া।

কঙ্কটক, (কঙ্কট+ক—স্বার্থে) সং, পুং, কঙ্কট দেখ।

কঙ্কণ, (কণ্ [যঙ্লুগন্তধাতু] শব্দকরা+অ—প্রং) সং, ক্লীং, করভুষণবিশেষ। হস্তসূত্র। শেখর "দানেন পাণি র্ন তু কঙ্কণেন" "কঙ্কণস্তু লোভেন মগ্নঃ পঙ্কে সুদুস্তরে। বৃদ্ধব্যাঘ্রেণ সংপ্রাপ্ত পথিকঃ সংমৃতো যথা" হিতোপদেশ।

কঙ্কণী, (কঙ্কণ দেখ, ঈ=স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, ক্ষুদ্রঘণ্টিকা, ঘুমুর।

কঙ্কত, (কন্‌ক্ গমনকরা+অত — সংজ্ঞার্থে। যে কেশ মধ্যে গমন করে) সং, পুং—ক্লীং, তী, তিকা—স্ত্রীং, কাঁকুই, চিরুণী।

কঙ্কতদেহী (Ctenophora) যাহাদের দেহ শ্লেষ্ম পিণ্ডাকার এবং চিরুণীর ন্যায় দন্তে আবৃত, যথা—সিডিপ (Cydippe) নামক জীব। ইহারা দুই গণে বিভক্ত।

কঙ্কপত্র, (কঙ্ক=কাঁকপক্ষী—পত্র=পাখা। যাহার কঙ্কপক্ষের ন্যায় পক্ষ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বাণ। (৬ষ্ঠী—ষ) ক্লীং, কঙ্কপক্ষীর পালক।

কঙ্কমুখ, (কঙ্ক—মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চিম্‌টা, সাঁড়াশী। সোন্না।

কঙ্কর, (কং—কর=যে করে। যে আঘাত পাইলে 'কং' এই শব্দ করে। কিম্বা কং জল—কর যে করে) সং, স্ত্রীং, কাঁকর। বিং, ত্রিং, কঠিন, কর্কশ। সং, তক্র, ঘোল।

কঙ্কশায়, (কঙ্ক=কাঁকপক্ষী—শী= যে শয়ন করে) সং, পুং, কুক্কুর।

কঙ্কাল, (কঙ্ক্=গমনকরা+আল—প্রং) সং, পুং, অস্থি। (Skeleton) রক্তমাংস চর্ম্মাদি শূন্য অস্থিময় দেহ, অস্থিপঞ্জর। কটি, কাঁকাল। "অস্থিকঙ্কালসংকীর্ণা ভূর্বভূব"।

কঙ্কালমালী, (কঙ্কালমালিন্=কঙ্কালমালা+ইন্—অস্ত্যর্থে। যাহার কঙ্কালমালা আছে) সং, পুং, অস্থিমালাধারী, রুদ্র, শিব। লিনী—স্ত্রীং, রুদ্রাণী।

কঙ্কেল, কঙ্কেল্লি ; সং, পুং, অশোকবৃক্ষ।

কঙ্গরাজ্য, (কঙ্গ—রাজ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং,ইহার পশ্চিমে কেরল দেশ। উত্তরে

কর্ণাট এবং দক্ষিণে সমুদ্র।
কচ, (কচ্=বন্ধনকরা ইত্যাদি+অ—প্রং)সং, পুং, কেশ, চুল। বৃহস্পতিরপুত্র (ইনি শুক্রাচার্য্যের নিকট অধ্যয়ন করেন ; ইহাঁরই শাপে শুক্রাচার্য্যের কন্যা দেবযানী ক্ষত্রিয় পত্নী হন)। মেঘ। শুষ্কব্রণ। চা—স্ত্রীং, হস্তিনী।
কচঙ্গন, সং, ক্লীং, বিক্রয়স্থান। বাজার।
কচঙ্গল, (কচ=মেঘ—অঙ্গ=দেহ—ল=যে গ্রহণ করে) সং, পুং, সমুদ্র।
কচটা,(দেশজ) বিং,মর্দ্দিত,মাথা,চট্কান
কচটন, (দেশজ) সং, অবক্ষোদন, মর্দ্দন।
কচর্কচর্, (দেশজ) সং, অব্যক্তশব্দ। পক্ষীর ধ্বনি। কিচির্মিচির্ শব্দ।
কচান, (দেশজ) সং, মুঞ্জরিত হওন, গজান। [ঝক্‌ড়া।
কচাল, (দেশজ) সং, বিবাদ বা কলহ,
কচি, (দেশজ) বিং,কোমল,নরম,নবীন।
কচু,কচ্বী ; সং,স্ত্রীং,কচুগাছ। কচুর মূল।
কচুরি, (দেশজ) সং, খাদ্য দ্রব্যবিশেষ।
কচ্‌কচ্, (দেশজ) সং, অব্যক্তশব্দ, অনুকরণ শব্দ। [বিবাদ, কলহ।
কচ্‌কচী, (দেশজ) সং, অপ্রীতিকর শব্দ
কচ্চর, (কু=কুৎসিত—চর=যে গমন করে। কু=কৎ) বিং, ত্রিং, মলিন, মলদূষিত। দুর্বৃত্ত,দুরাত্মা। সং,ক্লীং,তক্র।
কচ্চিৎ, (কু=কুৎসিত+চিৎ—প্রং। কু=কৎ) অং, অভিলাষজ্ঞাপন। প্রশ্ন।
কচ্ছ, (ক=জল—ছো=ছেদনকরা+অ—প্রং, কিম্বা কচ্=বন্ধনকরা+ছ—প্রং) সং, পুং, বৃক্ষবিশেষ, তুঁদগাছ। নৌকার পশ্চাৎভাগ। নদী প্রভৃতির তীর। জলময় দেশ বা স্থান। পর্ব্বতের সন্নিহিত সমতল স্থান। বিং, ত্রিং, জলপ্রান্ত। পুং, চ্ছা—স্ত্রীং, পরিধেয় বস্ত্রের পশ্চাদংশ, কাছা। ঝিঁঝিপোকা।
কচ্ছটিকা, সং, স্ত্রীং, কচ্ছ, কাছা।
কচ্ছপ, (কচ্ছ=জলাভূমি—প=যে পালন করে। ইহারা জলাভূমিতে বাস করে কিম্বা কচ্ছ=সংপুট, কাছিমের খোলা—প=যে রক্ষা করে) সং, পুং, কূর্ম্ম, কাছিম। কুবেরের নিধিবিশেষ। মল্লযুদ্ধবন্ধবিশেষ। "(কচ্ছপঃ) কচ্ছমাত্মনো মুখসংপুট পাতি। স হি কিঞ্চিৎ দৃষ্ট্বা শরীর এব মুখসংপুটং প্রবেশয়তি। সংপুটে হি কচ্ছশব্দঃ প্রসিদ্ধঃ। পাণিবাচ্যঃ কচ্ছপুট ইতিচ। কচ্ছেন কটাহেন ইতরাণ্যঙ্গানি পাতীতি বা। অথবা কচ্ছেন মুখসংপুটেন পিবতি। কচ্ছঃ খমাকাশং ছাদয়তি। স হি মধ্যে সুষিরো ভবতি"।
কচ্ছপী, (কচ্ছপ দেখ ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, স্ত্রীকচ্ছপ বা ক্ষুদ্র কচ্ছপ। সরস্বতীর বীণা।
কচ্ছরুহা, (কচ্ছ=জলময়স্থান—রুহ যে জন্মে, ৭মী—ধ) সং, স্ত্রীং, দূর্ব্বা।
কচ্ছু, কচ্ছূ (কষ্=হিংসাকরা+উ, ঊ—প্রং) সং,স্ত্রীং, পাঁচ্‌ড়া, কণ্ডু, চুল্‌কানি।
কচ্ছুর, (কচ্ছু=পাঁচড়া বা চুল্‌কানি+র—অস্ত্যর্থে) বিং, ত্রিং, খসোরোগী। পাঁচড়া রোগাক্রান্ত। কচ্ছূরোগবিশিষ্ট। (কূ=পাপ—ছুর্=রঞ্জিত করা+অ—ক) পরস্ত্রীগামী। লম্পট। রা—স্ত্রীং, বেশ্যা।
কচ্ছোটিকা, (কচ্ছা—উটিকা = বেষ্টন, ৩য়া—ষ) সং, কচ্ছাবেষ্টন, কাছাদিয়া জড়ান। [করণ।
কচ্‌লন, (দেশজ) বিং, প্রক্ষালন, ধৌত
কচ্‌লা, (দেশজ) বিং, প্রক্ষালিত, ধৌত।
কজ্জল, (কু=কুৎসিত—জল=বারি কিম্বা রস, য়ং—স) সং, ক্লীং, অঞ্জন। পুং, মেঘ, বারিবাহ মেঘের বর্ণ কাজলের ন্যায় কাল বলিয়া ইহার নাম কজ্জল হইল। "সকজ্জলং তাম্রবটে চ ঘৃষ্টং সর্পির্যুতং তুত্থকমঞ্জনঞ্চ। "ধিঙ্ মাং বিগর্হিতং সদ্ভির্দুষ্কৃতং কুলকজ্জলম্"।
কজ্জলরোচক, (কজ্জল—রোচি=রোচক হওয়ান, দীপ্তি পাওয়ান+অক—ক)সং, পুং-ক্লীং, দীপাধার, পিল্‌সুজ, দের্‌কো।

কজ্জলী, (কজ্জলবর্ণ বলিয়া কজ্জলী). সং, স্ত্রীং, পারদ ও গন্ধকঘটিত ঔষধ। লা— স্ত্রীং, মৎস্যবিশেষ।

কজ্জল, (কু=কুৎসিত—জ্বল=অগ্নিশিখা) সং, ক্লীং, কাজল, অঞ্জন।

কঞ্চট,কঞ্চড়, (কং=জল—চট=পৃথক্ করা +অল্—প্রং) সং, পুং, জলজ শাক বিশেষ, কাঁচড়াদাম।

কঞ্চিকা, কঞ্চী; সং, স্ত্রীং, বেণুশাখা, কঞ্চী, বাঁশের গ্রন্থিদেশ হইতে যে ক্ষুদ্র ক্ষুদ্র শাখা নির্গত হয়।

কঞ্চুক, (কন্চ্ =বন্ধনকরা+উক—প্রং) সং, পুং, কবচ, সাঁজোয়া। সাপের খোলস। নির্ম্মোক। কাঁচুলি। জামা, আঙ্‌রাখা। "সুভাষিতরসাস্বাদ জাত-রোমাঞ্চকঞ্চুকাঃ। বিনাপি কামিনীসঙ্গং সুধিয়ঃ সুখমাপ্নুয়ুঃ"।

কঞ্চুকালু, (কঞ্চুক=সাপের খোলস+আলু অস্ত্যর্থে) সং,পুং, কঞ্চুকবিশিষ্টসর্প।

কঞ্চুকী, (কঞ্চুক=কবচ ইত্যাদি+ণিন্ —অস্ত্যর্থে) সং, পুং, অন্তঃপুরের ক্লীব। সেবক বা রক্ষক। লম্পট। সর্প। কবচধারী। "অন্তঃপুরচরো বৃদ্ধো বিপ্রো গুণগুণান্বিতঃ। সর্ব্বকার্য্যার্থকুশলঃ কঞ্চুকীত্যভিধীয়তে"।

কঞ্চুলিকা, কঞ্চুলী; সং, স্ত্রীং, অঙ্গরক্ষক বিশেষ, কাঁচুলি। "ত্বং মুগ্ধাক্ষি বিনৈব কঞ্চুলিকয়া ধৎসে মনোহারিণীং লক্ষ্মীম্"

কঞ্জ, (কম্=সুখ, জল ইত্যাদি—জ=যে জন্মে বা উৎপন্ন হয়) ক্লীং, পদ্ম। অমৃত সং, পুং, ব্রহ্মা। কেশ।

কঞ্জক, কঞ্জল, (কঞ্জ—ক কৈ-ধাতুজ এবং —ল লাধাতুজ) সং, পুং, ময়নাপাখী।

কঞ্জজ, (কঞ্জ=পদ্ম—জ= জাত) সং, পুং, ব্রহ্মা। পদ্মযোনি।

কঞ্জর, (কঞ্জ=পদ্ম ইত্যাদি—ঋ = ঘৃণা করা বা বধকরা+অ — প্রং। অথবা কঞ্জ্ [সৌত্রধাতু] উৎপন্ন হওয়া বা জন্মান+অর—সংজ্ঞার্থে) সং,পুং,সূর্য্য। ব্রহ্মা। ময়ূর। হস্তী। উদর।

কঞ্জার, (কঞ্জর দেখ, আর = সংজ্ঞার্থে) সং, পুং, মুনি। ব্রহ্মা।

কঞ্জিকা; সং, স্ত্রীং, বামুনহাটী গাছ।

কট, (কট্=বর্ষণকরা, আচ্ছাদনকরা+অ=প্রং) সং পুং, টী—স্ত্রীং, হস্তীর গণ্ডদেশ। মাদুরী। তৃণপরদা। তৃণ। তৃণাসন, কুশাসন। কটি। তৃণরচিত রজ্জুভেদ, অতিশয়। শ্মশান। শব। শবরথ। "গোহশ্বোষ্ট্রযানপ্রাসাদপ্রস্তরেষু কটেষু চ। আসীত গুরুণা সার্দ্ধম্"।

কটক, (কট্=বেষ্টনকরা+ণক—প্রং) সং, পুং—ক্লীং, পর্ব্বতের নিতম্ব দেশ। বলয়। রাজধানী,সৈন্ধব,সৈন্য। শিবির, সেনা সন্নিবেশ স্থান। গজদন্তমণ্ডল। "সহস্রানীক নামাঙ্গং চকার কটকং করে"। "অস্তি কল্যাণকটকবাস্তব্যো ভৈরবো নাম ব্যাধঃ। স চ দিগ্বিজয়ক্রমেণাগত্য চন্দ্রভাগাতীরে সমাবাসিতকটকো বর্ত্ততে" হিতোপদেশ। [কৃদান।

কটকোল; সং, পুং, নিষ্ঠীবন পাত্র, পি-

কটখাদক, (কট=অধিক বা শব—খাদক [খাদ্=খাওয়া+ণক—ক] ভক্ষক ৬ষ্ঠী —ষ) সং, পুং, কাক। শৃগাল। বিং, ত্রিং, পেটুক। ঔদরিক।

কটপ্রূ, (কট=অধিক—প্রূ=গমনকরা +ক্বিপ্—প্রং) সং, পুং, মহাদেব। যক্ষবিশেষ। পাশক্রীড়ক। কটকাবরণ। কটকার। কৃমিবিশেষ।

কটভঙ্গ, (কট—ভঙ্গ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সৈন্যভঙ্গ দ্বারা রাজাদির বিনাশ। হস্তদ্বারা শস্য ছেদন। [রবর্ণ, কটাসিয়া রং।

কটা, কটাস, (দেশজ) বিং, রুক্ষ, গৌ-

কটাক্ষ, (কট=গমনকারী—অক্ষি=চক্ষু) সং, পুং, অপাঙ্গ অপাঙ্গদর্শন, আড় দৃষ্টি। "কটাক্ষৈর্নিহন্তীব তির্য্যগ্রাজানমৈক্ষত"। "কান্তাকটাক্ষবিশিখাঃ"।

কটায়ন, (কট—অয়ন, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, খস্‌খস্, বেণার মূল।

কটাহ, (কট = অধিক ইত্যাদি—আ—হন্=আঘাতকরা+ড—প্রং) সং, পুং, ভাজনা খোলা। দুগ্ধাদি জ্বাল দিবার পাত্র, কড়া। কচ্ছপের খোলা। মহিষ শিশু নরকবিশেষ। দ্বীপবিশেষ।

কটি, কটী, (কট্=গমনকরা+ই—প্রং) সং,পুং—স্ত্রীং,কোমর,কাঁকাল। হস্তিগণ্ড

কটিত্র, (কটি=কোমর—ত্র [ত্রৈ+অ—ক] যে রক্ষা করে) সং, ক্লীং, কটিবস্ত্র। কোমরবন্ধ। কাঞ্চী, রসনা, চন্দ্রহার।

কটিপ্রোথ, (কটি—প্রোথ্=প্রচুরহওয়া+অ—প্রং) সং, পুং, কটিদেশস্থ মাংসপিণ্ড, পাছা। নিতম্ব।

কটিবন্ধ, (কটি—বন্ধ্ = বন্ধন করা+অ—ণ) সং, পুং, কোমরবন্ধ। যাহার দ্বারা কটি বন্ধন করা যায়।

কটিশীর্ষক, (কটি—শীর্ষ=মস্তক বা প্রধান অংশ+ক—প্রং) সং,পুং,কটিদেশ,কোমর

কটিশৃঙ্খলা, (কটি=কোমর—শৃঙ্খলা=শিকল) সং, স্ত্রীং, কটিদেশস্থ ক্ষুদ্রঘণ্টিকা, কোমরের ঘুঘুর।

কটিসূত্র, (কটি—সূত্র=সূতা, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, কটিবন্ধ। গোট্, চন্দ্রহার। ঘুন্সী। [খাঁড়া।

কটীতল; সং, পুং, ন্যুব্জখড়্গ, বাঁকা

কটীর, (কট্= গমন করা+ঈর—সংজ্ঞার্থে) পুং, জঘন। কন্দর। সং, ক্লীং, কটি, কোমর।

কটু, (কট্=গমনকরা+উ—প্রং) বিং, ত্রিং, ঝাল। উগ্র, তীক্ষ্ণ। তিক্ত। কষায়। পরশ্রীকাতর। অপ্রিয়. কর্কশ। উষ্ণ। সুরভি। কুৎসিত। দুর্গন্ধ। সং, পুং, কটুতা। "সপ্তচ্ছদক্ষীরকটুপ্রবাহমসহ্যমাঘ্রায় মদম্"। রঘুবংশ।

কটুক, (কটু+ক—প্রং) সং, ক্লীং, শুঁঠ পিপুল মরিচ এই তিন কটুদ্রব্য। পুং, সুগন্ধি তৃণ। অলাবু, লাউ। পটোল। কটুরস। আকন্দ গাছ। কুটজ বৃক্ষ। "যো জিহ্বাগ্রং বাধতে উদ্বেগং জনয়তি শিরো গৃহ্নীতে নাসিকাঞ্চ স্রাবয়তি স কটুকঃ (রস)"।

কটুকীট } কটুকীটক } (কটু = ভয়ানক—কীট ক্রিমি, পোকা+ক-স্বার্থে) সং, পুং, মশক, মশা।

কটুফল, (কটু—ফল, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পটোল। [সং,পুং,ভেক, ব্যাঙ্।

কটুরব, (কটু—রব=শব্দ, ৬ষ্ঠী=হিং)

কটুস্নেহ, (কটু—স্নেহ=ঘৃতাদি দ্রব পদার্থ, যাহা হইতে কটু তৈল জন্মে, ৫মী—হিং) সং. পুং, সর্ষপ। শ্বেতসর্ষপ, রাইসরিষা।

কটরা, সং, স্ত্রীং, মৃণ্ময় পানপাত্র, বড়খুরি। মাটির বাটি। [ড়াব্যঞ্জক শব্দ।

কট্‌কট্, (দেশজ) সং, অব্যক্ত ধ্বনি, পী-

কট্‌কিনা, (কঠিন শব্দজ) সং, কঠিনতা।

কট্‌ফল, (কট্=কটুশব্দজ—ফল, য়ং—স) সং, পুং, বৃক্ষবিশেষ, ফল বিশেষ, কাঁকফল। [দুরূহ।

কটমট, (দেশজ) বিং, কঠিন, শক্ত,

কট্বর, (কট্=বর্ষণ করা ইত্যাদি+বর—প্রং) সং, ক্লীং, ব্যঞ্জন। দধির সর।

কঠ, (কঠ্=দুঃস্থ হওয়া+অ—প্রং) সং, পুং, মুনিবিশেষ। উপনিষদ্ বিশেষ। কঠ শাখাধ্যায়ী। ঋক্‌বেদ।

কঠর, (কঠ=ক্লেশ—র, রা লওয়া বা দেওয়া+অ—ক) বিং, ত্রিং, কঠিন।

কঠাকু,সং,পুং, পক্ষিবিশেষ। কাঠঠোক্‌রা

কঠিঞ্জর, (কঠিন=দৃঢ়, শক্ত—জৄ=জীর্ণ হওয়া+অ প্রং। নিপাতন) সং, পুং, পলাসবৃক্ষ। তুলসীগাছ।

কঠিন, (কঠ=ক্লেশ, ইন—প্রং) বিং,ত্রিং, দৃঢ়, শক্ত। "কঠিনমপি মৃগাক্ষ্যা বল্কলং কান্তরূপং ন মনসি রুচিভঙ্গং স্বল্পমপ্যাদধাতি" শকুন্তলা। নিষ্ঠুর, নির্দ্দয়, দুর্ব্বোধ। দুরূহ, তীক্ষ্ণ, দুঃসহ। "নিতান্ত কঠিনাং রুজং মম ন বেদ সা মানসীম্"

কঠিনপৃষ্ঠ, (কঠিন—পৃষ্ঠ=পিঠ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কচ্ছপ।

কঠোর, (কঠ=ক্লেশ, ওর—প্রং) বিং, ত্রিং, কঠিন। "অয়ি কঠোর! যশঃ কিল তে প্রিয়ং কিমযশো নমু ঘোরমতঃ পরং" উত্তরচরিত। কঠোরহৃদয়ো রামোঽস্মি সর্ব্বংসহো বৈদেহী তু কথং ভবিষ্যতি"। [বালা, কটক।

কড়, (দেশজ) সং, করভূষণ, গালার

কড়ক, (কড়্+পৃথক্‌করা+অক—প্রং) সং, ক্লীং, কর্‌কচ্ লবণ।

কড়ককচ, (দেশজ) সং, সামুদ্রিক লবণ। কর্‌কচ্ লবণ। [গজান। মুসড়ান।

কড়কন, (দেশজ) সং, ক্ষত শুষ্ক হওয়া

কডঙ্গর, (কড়্=ভক্ষণকরা+র—প্রং। অঙ্গ—আগম) সং,পুং, কুঁড়া,তুঁষ,ভূষি।

কড়ঙ্গরীয়, (কড়ঙ্গর=কুঁড়া+ঈয়—প্রং) বিং, ত্রিং, কুঁড়াখেকো। যে কুঁড়া খায়। "নীবার পারণদি কড়ঙ্গরীয়রামৃষ্যতে পাণপদৈর্ব্বাশ্চিৎ" রঘুবংশ।

কড়ম্ব, (কড়্=পৃথক্‌করা+অম্ব—প্রং) সং, পুং,শাকাদির ডাঁটা। কুঁড়ি। অগ্রভাগ। (দেশজ) বংশের একমাত্র আশাভূত শিশু,যে বালকের মৃত্যু হইলে বংশরক্ষার আর উপায়ন্তর না থাকে। ম্বী—স্ত্রীং, (কলম্বী দেখ) কলমী শাক।

কড়রা, (দেশজ) বিং,কঠিন,দৃঢ়, কর্কশ।

কড়া, (দেশজ) সং, কড়ি। ধাতু নির্ম্মিত বলয়। কটাহ। বিং, কটু, দৃঢ়।

কড়ার, (কড়্=ভক্ষণকরা ইত্যাদি+আর—প্রং) সং, পুং, পিঙ্গলবর্ণ। বিং, ত্রিং পিঙ্গলবর্ণবিশিষ্ট। (দেশজ) সং, নিরূপিত সময়।

কড়ি, (দেশজ) সং, কপর্দ্দক আড়কাঠা।

কড়ে, (দেশজ) বিং, বালক, ছোট,ক্ষুদ্র।

কড়্‌কড়,(দেশজ) সং,কঠিন দ্রব্যের শব্দ।

কড়্মড়্, (দেশজ) সং, কঠিনদ্রব্যচর্ব্বণ কালে উৎপন্ন শব্দ।

কণ, (কণ্=সংক্ষেপ করা+অ—প্রং) সং, পুং, ণা,ণী,ণকা—স্ত্রীং, সূক্ষ্ম অংশ, রেণু। পুং, শস্যের সূক্ষ্মাংশ বিশেষ। স্ফুলিঙ্গ। জীরক। পিপুল। "তণ্ডুলকণান্ বিকীর্য্য জালং বিস্তীর্য্য চ প্রচ্ছন্নো ভূত্বা স্থিতঃ" হিতোপদেশ।

কণভক্ষ, কণভুক্ (কণভুজ্, কণাদ দেখ—ভুজ্, ভক্ষ=ভোজনকরা+ক্বিপ্—প্রং) সং, পুং, কণাদ দেখ।

কণভক্ষক, (কণ=পিপুল—ভক্ষক=যে ভক্ষণ করে,২য়া—ষ) সং,পুং,পক্ষিবিশেষ

কণাদ, (কণ=অল্প—অদ্=ভোজনকরা +অল্—প্রং। যিনি অল্প ভোজন করেন, ২য়া—ষ, অথবা এই মুনি পরমাণুর বিষয় উদ্ভাবন করেন বলিয়া ইঁহার নাম কণাদ হইল) সং, পুং, বৈশেষিক দর্শন প্রণেতা মুনি। কশ্যপ মুনি। সাক্‌রা, স্বর্ণকার।

কণিক, (কণ=অল্প+ইক-বিদ্যমানার্থে) সং,পুং,গোধূমচূর্ণ,ময়দা। অতিসূক্ষ্মভাগ।

কণিকা, (কণা+ক—ত্রং) সং, স্ত্রীং, এক কণামাত্র। অল্প পরিমাণমাত্র।

কণিত, (কণ্=শব্দকরা+ত—ভা) সং, ক্লীং, আর্ত্তনাদ, ক্রন্দন শব্দ, রোদন।

কণিশ, (কণ=অল্প+শ—প্রং) সং, স্ত্রীং, শীষ, শস্যের মঞ্জরী।

কণীচি, (কণ্=নয়ন মুদ্রিত করা+ঈচি—সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, কুঁচ, গুঞ্জা। শব্দ।

কণীয়ান্, (কণীয়স্=কণ=অল্প+ঈয়স্—অত্যর্থে) বিং, ত্রিং, কনিষ্ঠ। "অর্হঃ পুরুরিদং রাজ্যং কণীয়ানপি সত্তমঃ" মহাভারত। অতিশয় ক্ষুদ্র,অতিশয় ছোট

কণুই, (কফোণি শব্দজ) সং, হস্তের নিম্নস্থিত গ্রন্থি। [অং, তৃপ্তি।

কণে, (কণ্=গমন করা+এ—প্রং)

কণের, কণেরু (কণ্=গমন করা+এর, এরু—প্রং) সং, স্ত্রীং, করিণী। বেশ্যা। পুং, কর্ণিকার বৃক্ষ।

কণ্‌কণিয়া, (দেশজ) বিং, অতিশীতল, বরফের ন্যায় শীতল।

কণ্টক, (কণ্ট=গমন করা+অক—প্রং) সং, পুং—ক্লীং, মৎস্যের অস্থি, কাঁটা।

ক্ষুদ্রশত্রু। সূচ্যগ্র। লোমাঞ্চ। যাহা বিরক্তিকর।

কণ্টীকদেহী, (Echinodermata) যাহাদের শরীরের উপর কাঁটা থাকে; যেমন ষ্টার-মৎস্য (Starfish)।

কণ্টীকপক্ষক, (Acanthoptara) যাহাদের পৃষ্ঠ দেশে পক্ষের সম্মুখে এক বা অধিক অস্থি থাকে। যথা কৈ-মাছ, খরসলা মাছ প্রভৃতি।

কণ্টকফল, কণ্টকিফল, কণ্টকীফল (যাহার ফলেকাঁটা আছে ৬ষ্ঠী—হিং) সং, পুং, কাঁঠালগাছ। ধুস্তূরবৃক্ষ। ধুতরাগাছ। গাবভেরাণ্ডা গাছ। ক্লীং, কাঁঠাল।

কণ্টকবৃন্তাকী, সং, স্ত্রীং, বার্ত্তাকু, বেগুণ।

কণ্টকারিকা, কণ্টকারী (কণ্টক=কাঁটা—ঋ গ গমন করা+অ—প্রং,। ঈ—স্ত্রীলিঙ্গে। ক—যোগে কণ্টকারিকা) সং, স্ত্রীং, স্বনাম খ্যাত বৃক্ষ, কণ্টীকারী। বৈদ্যাদিগের পাঁচনের প্রধান উপকরণ।

কণ্টকাশন, কণ্টক—অশন=ভোজনীয়। যাহারা কণ্টক আহার করে ৬ষ্ঠী—হিং) সং, পুং, উষ্ট্র, উট।

কণ্টকিত, (কণ্টক+ইত—জাতার্থে) বিং, ত্রিং, কণ্টকযুক্ত। রোমাঞ্চিত।

কণ্টকিল, (কণ্টক+ইল—অস্ত্যর্থে সং, পুং, বংশবিশেষ, বেউড়বাঁশ।

কণ্টকী, (কণ্টীকিন্=কণ্ট=কাঁটা বা ক্ষুদ্র অস্থি+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, মৎস্যবিশেষ। খেজুরগাছ। বেউড়বাঁশ। বিং, ত্রিং, কণ্টকবিশিষ্ট।

কণ্টল, (কণ্ট=কণ্টকশব্দজ—ল, লা গ্রহণ করা প্রাপ্ত হওয়া+অল্—ক) সং, পুং, বাব্লাগাছ। [কাঁঠালগাছ।

কণ্টাফল, (কণ্টকফল দেখ) সং, পুং,

কণ্টাহ্বয়; সং, ক্লীং, পদ্মমূল, পদ্মের গেঁড়ো।

কণ্ঠ, (কণ্=শব্দকরা+ঠ — প্রং) সং, পুং, ক্লীং, ণ্ঠা, ণ্ঠী—স্ত্রীং, গলদেশ, গলা। কণ্ঠধ্বনি। নিকট। "বিকচসরসিজায়াঃ স্তোকনির্ম্মুক্তকণ্ঠং নিজমিবকমলিন্যাঃ কর্কশং বৃন্তজালম্" শকুন্তলা। "চূতাঙ্কুরাস্বাদকষায়কণ্ঠঃ পুংস্কোকিলো যন্মধুরং চুকূজ" কুমার।

কণ্ঠকুণিকা, (কণ্ঠ=গলা—কুণ=শব্দকরা +ণক—প্রং। যে কণ্ঠ সদৃশ শব্দকরে) সং, স্ত্রীং, বীণা।

কণ্ঠগত, কণ্ঠাগত, (কণ্ঠ—গত—গিয়াছে, আগত=আসিয়াছে) বিং, ত্রিং, কণ্ঠপর্য্যন্ত উপস্থিত। কণ্ঠ পর্য্যন্ত আগত।

কণ্ঠ, (ণ্ঠা) গতপ্রাণ; বিং, ত্রিং, যাহার প্রাণ বায়ু কণ্ঠপর্য্যন্ত আসিয়াছে, যাহার প্রাণ বিয়োগ হইবার উপক্রম হইয়াছে, মৃতপ্রায়।

কণ্ঠনালী; সং, স্ত্রীং, গলার নলী।

কণ্ঠনীড়ক; সং, পুং, চিল্পক্ষী।

কণ্ঠপাশক, (কণ্ঠ—পাশক=পদবন্ধক শৃঙ্খল প্রভৃতি) সং, পুং, হস্তীর গলবেষ্টন-রজ্জু। হাতির গলার দড়ী।

কণ্ঠভূষা, (কণ্ঠ—ভূষা=অলঙ্কার, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, কণ্ঠমালা। চিক। হার।

কণ্ঠমণি, (কণ্ঠ—মণি = রত্ন) সং, পুং, কণ্ঠে ধারণীয় রত্ন। [বিশেষ।

কণ্ঠসূত্র; সং, ক্লীং, মাল্য। আলিঙ্গন-

কণ্ঠস্থ, (কণ্ঠ—স্থ=যে থাকে) বিং, ত্রিং, মুখস্থ, যাহা উত্তরূপে অভ্যাস হইয়াছে। যাহা কণ্ঠে প্রবেশ করে, যাহা গলার ভিতরে প্রবেশ করে।

কণ্ঠাগ্নি, (কণ্ঠ—অগ্নি [আগুন] জঠরানল। কণ্ঠে যাহার জঠরানল অর্থাৎ পরিপাক শক্তি আছে) সং, পুং, পক্ষী।

কণ্ঠাল, (কণ্ঠ = গলা—অল্ ভূষিতকরা ইত্যাদি+অ—প্রং) সং, পুং, শূরণ, ওল্। উষ্ট্র, উট্। রণ, যুদ্ধ। অরিত্র।

কণ্ঠিকা, কণ্ঠী (কণ্ঠী+ক—প্রং) সং স্ত্রীং, একহালি কণ্ঠমালা। অলঙ্কার বিশেষ। ঘোটকের গলবেষ্টন-রজ্জু।

কণ্ঠীরব, (কণ্ঠী=কণ্ঠ—রব=শব্দ, ৬ষ্ঠী—হিং,) সং, পুং,কপোত। সিংহ। মদমত্ত মাতঙ্গ।

কণ্ঠেকাল, (কণ্ঠে=গলপ্রদেশে—কাল=কৃষ্ণবর্ণ। যাহার গলদেশে কাল দাগ আছে,৬ষ্ঠী—হিং,) সং, পুং, শিব, নীলকণ্ঠ। সমুদ্রমন্থনকালে, প্রথমে সমুদ্র হইতে বিষ উত্থিত হয়। ঐ বিষ দেবতারা মহাদেবকে পান করিতে দেন। বিষপান অবধি মহাদেবের কণ্ঠ নীলবর্ণ হইয়াছে বলিয়া তাঁহার নাম নীলকণ্ঠ হইল।

কণ্ঠ্য, (কণ্ঠ+ঘ্যঃ—ভবার্থে) বিং, ত্রিং, কণ্ঠসংক্রান্ত। অ, আ, ক, খ, গ, ঘ, ঙ, এ,হ এই নয়টী বর্ণ। ইহারা কণ্ঠ হইতে উচ্চারিত হয় বলিয়া ইহাদিগকে কণ্ঠ্য বর্ণ বলে।

কণ্ডন, (কণ্ড=তুষ রহিত করা, কাঁড়া +অনট্—ভা) সং, ক্লীং, তুষ বাহির করা, কাঁড়ান।

কণ্ডনী, (কণ্ডন দেখ, অ—ণ। ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, উদূখল, হামান দিস্তা। মুষল।

কণ্ডূ, কণ্ডূ, কণ্ডূতি, কণ্ডূয়া }—স্ত্রীং কণ্ডূয়ন ... ... ক্লীং } (কণ্ডু=চুল্কান+ক্বিপ্ তি, ণ্ডূয়া, অনট্—ভা। য-আগম) সং, চুল্কনা। "কপোলকণ্ডূঃ করিভির্বিনেতুং বিঘট্টিতানাং সরলদ্রুমাণাং" কুমার। সড়্সড় করা। পাঁচড়া। "বিষাণাগ্রেণ মদ্বাহুকণ্ডূয়নপরোহি সঃ" বিষ্ণুপুরাণ।

কণ্ডূয়মান, (কণ্ডূ দেখ শান—কং। য,ম—আগম) বিং, ত্রিং, কণ্ডূয়নকারী, ঘর্ষণকারী। "কণ্ডূয়মানেন কটং কদাচিৎ বন্যদ্বিপোন্মথিতা ত্বগস্য" রঘুবংশ।

কণ্ডূরা, (কণ্ডূ—রা=দানকরা+ক্বিপ্ প্রং। যে কণ্ডূ দেয়, ২য়া—ষ) সং, স্ত্রী, বৃক্ষবিশেষ। আলকুসী বৃক্ষ।

কণ্ডূল, (কণ্ডূ-লা=গ্রহণকরা+ড—প্র) বিং, ত্রিং কণ্ডূযুক্ত, যাহা চুলকান হইয়াছে। যাহার দ্বারা চুলকনা হইয়াছে।

কণ্ডোল, কণ্ডোলক } (কণ্ড=রক্ষাকরা+ওল—সংজ্ঞার্থে। যাহাতে ধান্য প্রভৃতি রাখা যায়। ক=যোগ কণ্ডোলক) সং, পুং, কুশূল, ডোল। উষ্ট্র।

কণ্ব (কণ্=শব্দকরা+ব—প্রং) সং, পুং, স্বনাম খ্যাত মুনি। ক্লীং, পাপ।

কত, কতিশব্দজ) বিং, কিয়ৎ, পরিমাণ বা সংখ্যা জিজ্ঞাসা। কৈ শব্দকরা+ডত—প্রং) সং, পুং, কতফল, নির্ম্মলী স্বনামপ্রসিদ্ধ মুনি।

কতক, (কতিশব্দজ) বিং,কতিপয়, কএক কিছু। (ক=জল—তক=প্রকাশ ৫মী—হিং) সং, পুং, কতফল, নির্ম্মলী। এই ঘর্ষণ করিয়া জলে দিলে জল বিশুদ্ধ ও নির্ম্মল হয় বলিয়া ইহার নাম নির্ম্মলী হইয়াছে।

কতম, (কিম্+ডতম—অনেকের মধ্যে একের নিশ্চয়ার্থ) বিং, ত্রিং, অনেকের মধ্যে কোন এক ব্যক্তি। "এবাং কতমঃ শৈবঃ" বোপদেব।

কতর, (কিম্+ডতর—দুয়ের মধ্যে একের নিশ্চয়ার্থ) বিং, ত্রিং, দুয়ের মধ্যে কোন এক ব্যক্তি। "অনয়োঃ কতরো বৈষ্ণবঃ" বোপদেব।

কতি, (কিম্+ডতি—পরিমাণার্থে। কি সংখ্যা পরিমাণ ইহার) বিং, ত্রিং, কত, কিয়ৎ পরিমাণ। "ন কতি পিতরো দারাঃ পুত্রাঃ পিতৃব্য পিতামহা মহতি বিততে সংসারেঽস্মিন্ গতা স্তব কোটয়ঃ"

কতিচিৎ, (কতি=কিয়ৎ+চিৎ—অসাকল্যার্থে) অং, কতিপয়, কতকগুলি।

কতিথ, (কতি+থ—যোগ) বিং, ত্রিং, কতিবিধ, কত প্রকারের।

কতিপয়, (কতি+পয় প্রং। বিং, ত্রিং, কিয়ৎ সংখ্যক, কতকগুলি। "অপি কতিপয়া এবৈবং সমৃদ্ধাঃ স্যুঃ। "মাসান্

কতিপয়ান্”। [কত প্রকারের।
কতিবিধ (কতি—বিধ=প্রকার) বিং, ত্রিং
কত্তোয়, (কু=কুৎসিত—তোয় = জল।
কু=কৎ) সং, ক্লীং, মদ্য, মদ।
কথং, (কিম্+থম্— প্রকারার্থে) অং, কিরূপে “অবাপ্যতে বা কথমন্যথা দ্বয়ং তথাবিধং প্রেম পতিশ্চ তাদৃশঃ” কুমার। কেন, কি নিমিত্ত। কি কারণে। প্রশ্ন। সম্ভ্রম। যত্ন। সম্ভাবনা। নিন্দা। ঘৃণা। আনন্দ। হর্ষ। “অহং কথং ন বিশ্বাসভূমিঃ” হিতোপদেশ। “সুরক্ষিতানি বেশ্মানি প্রবেষ্টুং কথমুৎসহে”। জতুগৃহদাহ
কথক, (কথ=বলা+ণক—ক) বিং, ত্রিং, বক্তা, বর্ণনাকারক। যিনি কথা কহিয়া আপনার জীবিকা নির্ব্বাহ করেন। যিনি সভাস্থলে পুরাণ ব্যাখা করেন।
কথঙ্কথিক, (কথং—কথ—বলা+অক— প্রং। “কথং” অর্থাৎ কি প্রকারে ইত্যাদি বাক্য যিনি প্রয়োগ করেন। ২য়া—ষ) বিং, ত্রিং, প্রশ্নকারক, জিজ্ঞাসাকারী প্রষ্টা।
কথঙ্কারম্, (কথম্—কারম্ [কৃ=করা+অম্—প্রং] করিয়া) অং, কেমন করিয়া, কিরূপে।
কথঞ্চন } (কথম্+চন, চিৎ—অসাকথঞ্চিৎ } কল্যার্থে) অং, কোন প্রকারে, কোন রূপে। অতি কষ্টে।
কথন, (কথ+অনট্—ভা) সং, ক্লীং, কহন, উক্তি, বলন, কথা।
কথনীয়, (কথ্+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, কথিতব্য,বক্তব্য,কথ্য, কহিবার যোগ্য। “তস্মৈ মহেশ্বরোক্তৈ ষা কথনীয়া কথা ত্বয়া”।
কথমপি, (কথম্—অপি দ্বং—স) অং, কষ্টে, কোন রকমে। অতিযত্নে। গৌরবে। অতিশয় কঠিন।
কথম্ভূত, (কথম্—ভূত=হইয়াছে) বিং, ত্রিং, কি প্রকার, কিরূপ। কি রকম।
কথা, (কথ+আ—ভা) সং, স্ত্রীং, কথন উচ্চারণ। গল্প, উপন্যাস। কল্পিত উপাখ্যান, “তেন সম্ভ্রান্তাঃ কথয়ন্তি মিথঃ কথাঃ”। কিমিতি মম কথাবিরক্তোঽন্যাসক্তো ভবান্” উত্তর চরিত।
কথাপ্রসঙ্গ, (কথা—প্রসঙ্গ=প্রস্তাব, ৬ষ্ঠী —ষ+৬ষ্ঠী—হিং) সং, পুং, কথার প্রস্তাব। কথোপকথন। বক্তা। বাতুল। বিষবৈদ্য, সাপুড়ে। অং, কথায় কথায়। কথাসূত্রে।
কথিত, (কথক দেখ, ত—র্ম্ম, ভা) বিং, ত্রিং, উক্ত,যাহা বলা হইয়াছে। বর্ণিত। প্রসিদ্ধ, ব্যাখ্যাত। উচ্চারিত। সং,ক্লীং, কথন। বর্ণন।
কথ্য, (কথক দেখ, য—র্ম্ম) বিং ত্রিং, বক্তব্য, বলিবার যোগ্য। কথনোপযুক্ত।
কদ, (ক জল—দ যে দান করে) সং, পুং, মেঘ জলদ।
কদক, (কদ=মেঘ—ক যে মেঘের ন্যায় ছায়া দেয়) সং, পুং, চাঁদোয়া, বিতান। চন্দ্রাতপ।
কদক্ষর, (কু=কুৎসিত—অক্ষর = বর্ণ) সং, ক্লীং, কুৎসিত অক্ষর, জঘন্য লেখা। কাঁচালেখা।
কদধ্বা, (কদধ্বন্, কু=কুৎসিত—অধ্বন্—পথ, য়ং—স) সং, পুং, নিন্দিত মার্গ কুপথ, কুৎসিতপথ, অপকৃষ্টপথ।
কদন,(কদ্=কাতর হওয়া নষ্টকরা+অনট্ —ভা) সং, ক্লীং, হিংসন। মারণ, নাশ। মর্দ্দন। যুদ্ধ। পাপ। অনিষ্ট।
কদন্ন, (কু কুৎসিত—অন্ন, য়ং—স) সং, ক্লীং, কুৎসিত অন্ন, মণ্ডের ন্যায় ভাত। অতি অপকৃষ্ট আহারীয় পদার্থ।
কদম্ব, কদম্বক, (কদ্ = কাতর হওয়া+অম্ব—প্রং। ক—যোগে কদম্বক। অথবা কদং বর্ষাকাল—বা [গমনকরা] বোধ করান+অ—প্রং। যে বর্ষাকাল বোধ করাইয়া দেয়, ২য়া—ষ) সং, পুং, স্বনাম প্রসিদ্ধ বৃক্ষ, কদম গাছ। ক্লীং, কদম্ব পুষ্প। (কদি বিস্তীর্ণ হওয়া+অম্ব

—প্রং) সমূহ। রাশি। "ছায়াবদ্ধকদম্বকং মৃগকুলং রোমন্থমভ্যস্যতু" শকুন্তলা। "পৃথুকদম্বকদম্বককোরকং গ্রথিতমাল তমাল বনপ্রিয়ং" ভারবি।

কদম্বগোলক ন্যায়—ন্যায় (১৩) দেখ।

কদর,(ক=জল ইত্যাদি—দৃ বিদীর্ণকরা+অল্—প্রং) সং, পুং, কাঁটা বাবলা। করাত। জাম্‌ড়ো, কড়া।

কদর্থ, (কু=কুৎসিত—অর্থ প্রয়োজন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নিরর্থক, ব্যর্থ, নিষ্ফল।

কদর্থিত, (কু=কুৎসিত—অর্থিত=বিহিত, অন্বিষ্ট) বিং, ত্রিং, বিড়ম্বনাযুক্ত। ঘৃণিত। দূষিত। নিন্দিত। বিফলীকৃত।

কদর্য্য, (কু=কুৎসিত—অর্য্য=শ্রেষ্ঠ,বিং, ত্রিং, কুৎসিত। জঘন্য, লোভী। কৃপণ। নীচ। "আত্মানং ধর্ম্মকৃত্যঞ্চ পুত্রদারাংশ্চ পীড়য়ন্। লোভাৎ যঃ সঞ্চিনোত্যর্থান্ স কদর্য্য ইতিস্মৃতঃ"।

কদল, (ক=বায়ু—দল্=ভেদকরা+অল্—র্ম্ম। যে বায়ু কর্ত্তৃক দলিত হয়, ৩য়া—ষ, অথবা যে বায়ুরোগ বিনাশ করে, ২য়া—ষ) সং, পুং, কলাগাছ। ক্লীং, তৎফল, কলা। লী—স্ত্রীং, কলাগাছ। কলা। মৃগীবিশেষ। পতাকা। হস্তীর উপরিস্থিত ধ্বজা।

কদলীকুসুম, (কদলী—কুসুম=৬ষ্ঠী—ষ) সং.ক্লীং,কদলীপুষ্প, কলারফুল, মোচা।

কদলীদণ্ড, (কদলী—দণ্ড, ৬ষ্ঠী—ষ) সং, পুং, থোড়।

কদা, কিম্+দা—কালার্থে। কিম্=ক) অং, কখন, কোন্ কালে, কবে। কোন্ সময়।

কদাকার, (কু=কুৎসিত—আকার=গঠন আকৃতি কু=কৎ) বিং, ত্রিং, যাহার আকার অতি কদর্য্য। বিশ্রী।

কদাচ, (কদাচন শব্দজ) অং, কখন।

কদাচন, কদাচিৎ (কদা+চন, চিৎ—অসাকল্যার্থে) অং, কোন সময়,কখন। "কদাচিদাসন্নসখীমুখেন সা মনোরথজ্ঞং পিতরং মনস্বিনী"। কুমার।

কদাচার, (কু—আচার=ব্যবহার) সং, পুং, কুৎসিত আচরণ, অসদ্ব্যবহার। বিং, ত্রিং, কদাচারী। আচার ভ্রষ্ট।

কদাচারী, (কদাচারিন্=কদাচার+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, যাহার কুৎসিত আচার, অসদাচারী। কুকার্য্য রত। দুষ্কর্ম্মা। [কখনই। কোন সময়ে।

কদাপি, (কদা—অপি=নিশ্চয়) অং,

কদুষ্ণ, (কু=ঈষৎ—উষ্ণ, য়ং—স) বিং, ত্রিং,ঈষদুষ্ণ,অল্পগরম। সামান্যরূপ তপ্ত।

কদ্রথ, (কু=কুৎসিত—রথ) সং, পুং, কুৎসিত রথ।

কদ্রু, (কম্=ইচ্ছাকরা+উ—প্রং। র—আগম। ম=দ) বিং, ত্রিং, পিঙ্গলবর্ণ। দ্রু, দ্রূ—স্ত্রীং, কশ্যপ মুনির পত্নী, নাগজননী। সর্প-প্রসূতি।

কদ্বদ, (কু=কুৎসিত—বদ=যে বলে, য়ং—স) বিং, ত্রিং, কুৎসিত বক্তা, অবাগ্মী। অশুদ্ধ ভাষী, মন্দবক্তা।

কনক, (কন্=দীপ্তিপাওয়া+অক—প্রং) সং, ক্লীং, স্বর্ণ। পুং, পলাশ প্রভৃতি। ধুস্তূর বৃক্ষ, লোহিতবর্ণ পুষ্পের গাছ, কিংশুক বৃক্ষ। [পুং, সোহাগা।

কনকক্ষার, (কনক—ক্ষার=ক্ষরণ) সং,

কনকপ্রসবা, সং, স্ত্রীং, স্বর্ণকেতকী।

কনকময়, (কনক+ময়ট-তদ্রূপার্থে প্রং) বিং, ত্রিং, সুবর্ণনির্ম্মিত। কনকময়।

কনকরস, সং, পুং, হরিতাল।

কনকাচল, (কনক—অচল=পর্ব্বত, য়ং—স) সং, পুং,সুমেরু পর্ব্বত,অস্তাচল।

কনকালুকা, (কনক—আলু=জলপাত্র ক—স্বার্থে, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রী, সুবর্ণকলসী, সোনারঘট।

কনকাহ্ব } (কনক—আহ্বা, আ—
কনকাহ্বয় } হ্বয়=নাম) সং, পুং, ধুস্তূর বৃক্ষ। নাগকেশর। [উত্তরস্থ পর্ব্বত।

কনখল, সং, পুং, তীর্থবিশেষ, কুরুক্ষেত্রের

কনিষ্ঠ, (কন্=দীপ্তিপাওয়া+ইষ্ঠ—প্রং। কিম্বা কণ=অল্প+ইষ্ঠ—প্রং। ণ=ন। অথবা যুবন্, অল্প+ইষ্ঠ—প্রং। যুবন্, অল্প=কন) বিং, ত্রিং, অনুজ, বয়ঃক্রমে ছোট। অতিক্ষুদ্র। ষ্ঠা—স্ত্রীং, কনিষ্ঠাঙ্গুলি, কড়ে আঙ্গুল।

কনী, (কন্ দীপ্তিপাওয়া+অ—প্রং। ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, দুহিতা, কন্যা।

কনীনিকা, (কন্ দীপ্তিপাওয়া+ঈন্—প্রং। ক—স্বার্থে) সং, স্ত্রীং, চক্ষুর তারকা। কনিষ্ঠাঙ্গুলি। কনিষ্ঠাভগিনী।

কনীয়ান্, (কনীয়স্, কনিষ্ঠ দেখ, ঈয়স্-অত্যর্থে) বিং, ত্রিং, সকলের ছোট সর্ব্বকনিষ্ঠ। কনিষ্ঠ ভ্রাতা বা ভগ্নী। (স্ত্রীলিঙ্গে কনীয়সী)।

কন্তু, (কম্ ইচ্ছাকরা+তু — সংজ্ঞার্থে, অথবা কং+তু = অস্ত্যর্থে) সং, পুং, কন্দর্প, কামদেব। ক্লীং চিত্ত। মন।

কন্থা, (কন্থ্=শ্লিষ্টহওয়া+আ — প্রং। কু=ক। লোকে শীতার্থ হইয়া যাহার সহিত সংশ্লিষ্ট হয়) সং, স্ত্রীং, কাঁথা। ছিন্ন বস্ত্র সকল একত্র সেলাই করিয়া যে গাত্রাচ্ছাদন প্রস্তুত হয়। মৃণ্ময় ভিত্তি, "বস্ত্রঞ্চ জীর্ণশতখণ্ডময়ী চ কন্থা"।

কন্দ, (কন্দ্ = আর্দ্রহওয়া+অ—প্রং। কিম্বা ক=জল—দ [দা+ড] যে দেয়) সং, পুং—ক্লীং, আলু মূলা প্রভৃতি। পুং, মেঘ। জলদ।

কন্দর, (ক=জল—দৃ বিদীর্ণহওয়া+অল—প্রং) সং, পুং—ক্লীং, রা, রী—স্ত্রীং, পর্ব্বতের গহ্বর, গুহা। দরী। পুং, অঙ্কুশ। ডাঙ্গস। ক্লীং, আদা, আর্দ্রক।

কন্দর্প, (ক=ব্রহ্মা+দৃপ্=পীড়ন করা অল্—প্রং। যিনি ব্রহ্মাকেও পীড়ন করেন, কিম্বা কং=কাহাকে। কাহাকে না পীড়ন করেন, "কং ন দর্পয়তি পীড়য়তীতি কন্দর্পঃ", সং, পুং, স্মর, রতিপতি, মদন। "কং দর্পয়ামাতি মদাজ্জাতমাত্রো জগাদ চ। তেন কন্দর্প নামানং তং চকার চতুর্ম্মুখঃ"।

কন্দর্পকূপ, (কন্দর্প—কূপ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, যোনি, স্ত্রীচিহ্ন।

কন্দর্প মুষল, (কন্দর্প—মুষল=যষ্টি, লগুড়) সং, পুং, মেঢ্র, পুং চিহ্ন।

কন্দল, (কং=সুখ—দল=ভেদকরা+অ—প্রং) সং, ত্রিং, পুং, ঝগড়া, বিসম্বাদ, রণ। অব্যক্ত ধ্বনি। গণ্ডদেশ। (কম্=কমনীয়—দল=পত্র) নবজাত পল্লব স্বর্ণ। সমূহ। (কন্দ=মূল—ল=যে গ্রহণ করে বা ভক্ষণ করে) লী— স্ত্রীং, মৃগীবিশেষ। (ক=বায়ু—দল=দলিত। যে বায়ু দ্বারা দলিত হয়) নিশান। পদ্মফুলের বীজ। ভূমিকদলী বৃক্ষ। ক্লীং, কদলী পুষ্প। "জঙ্ঘারণ্যেষ্বধিকসুরভিং কন্দলীশ্চানুকুচ্ছং" মেঘদূত।

কন্দশূরণ, (কন্দ—শূরণ) সং, পুং, ওল্।

কন্দু, (স্কন্দ্=গমনকরা+উ—প্রং। স—লোপ) সং, ত্রিং, লৌহ নির্ম্মিত পাকস্থালী, হাঁড়ি কড়া প্রভৃতি "কন্দুপকানি তৈলেন পায়সং দধি শক্তবঃ। দ্বিজৈরেতানি ভোজ্যানি শূদ্রগেহকৃতান্যপি" স্মৃতি

কন্দুক, (কন্দ্—রোদনকরা+উ—প্রং। ক—স্বার্থে) সং, পুং, ভাঁটা। খেলিবার গোলা। "ক্লমং যযৌ কন্দুকলীলয়াপি যা গুর্চিমুনীনাং চরিতং ব্যগাহত" কুমার। [ক্লীং, নীল পদ্ম।

কন্দোট; সং, পুং, শ্বেতপদ্ম, সুঁদি।

কন্দোত; সং, পুং, শ্বেতপদ্ম।

কন্ধর, (ক=মস্তক, জল—ধর=যে ধারণ করে, ২য়া—ষ) সং, পুং, রা — স্ত্রীং, গলদেশ, গ্রীবা। পুং, জলধর, মেঘ।

কন্ধি, (ক=জল বা মস্তক—ধা ধারণকরা+কি—ধি) সং, স্ত্রীং, গ্রীবা। পুং, সমুদ্র, জলধি।

কন্যকা, কন্যা } (কন্যা+কন্—স্বার্থে। কন=প্রীতহওয়া ইত্যাদি+য—প্রং। আপ্ স্ত্রীলিঙ্গ) সং, স্ত্রীং, কন্যারাশি পুত্রী, অপ্রাপ্তবয়স্কা কুমারী। অবিবাহিতা

নারী। "কন্যাপ্যেবং পালনীয়া শিক্ষণীয়াতিযত্নতঃ"।

কন্যাকুব্জ, (কন্যা—কুব্জ কুঁজো যে নগরে কুব্জ কন্যাগণ বাস করে। এইরূপ কথিত আছে যে পবনদেব কান্যকুব্জাধিপতি রাজা কুশনবের কন্যাগণের রূপে মুগ্ধ হইয়া, পুরুষবেশ ধারণ করতঃ তাহাদিগের নিকট সম্ভোগ প্রার্থনা করিয়াছিলেন। কন্যাগণ তাঁহার মনস্কামনা পূর্ণ না করাতে তিনি স্বমূর্ত্তি ধারণ করিয়া প্রবল বাত্যাবেগে তাহাদিগকে ভূমিতে নিপাতিত করেন এবং পতনজন্য আঘাত বশতঃ কন্যাগণ কুব্জ হইয়া যায়) সং, পুং, কান্যকুব্জদেশ।

কন্যাট, (কন্যা=কুমারী—অট্ গমনকরা +অল্—ভা) সং, পুং নিবাস গৃহ, বাস ভবন। আগার। অন্তঃপুর।

কন্যান্তঃপুর, (কন্যা—অন্তঃপুর) সং, ক্লীং, অন্তঃপুরের যে অংশে রাজকন্যাগণ বাস করেন।

কপট, (ক=ব্রহ্মা—পট্=গমনকরা+অ—প্রং। যে ব্রহ্মাতেও গমন করে। কিম্বা ক=মস্তক—পট=বস্ত্র) সং, পুং, —ক্লীং, বঞ্চনা। শঠতা। চাতুরী।

কপটী, (কপটিন্, কপট+ণিন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, প্রতারক। কপটকারী, ধূর্ত্ত।

কপর্দ্দ, কপর্দ্দক } (ক [গঙ্গার] জল বা ক= সুখ, মস্তক—পৃ = পালন করা+দ—প্রং। ক—স্বার্থে) সং, পুং, মহাদেবেরজটা। কড়ি "মিত্রাণ্যমিত্রতাং যান্তি যস্য ন স্যুঃ কপর্দ্দিকাঃ"। "যদ্যহমিমং শক্তুশরাবং বিক্রীয় দশকপর্দ্দান্ প্রাপ্নোমি"। পঞ্চতন্ত্র।

কপর্দ্দী, (কপর্দ্দিন্, কপর্দ্দ+ণিন্—অস্ত্যর্থে) সং, পুং, শিব। "মৃণাল, ব্যালবলয়া বেণীবদ্ধ কপর্দ্দিণী। হারানুকারিণী পাতু লীলয়া পার্ব্বতী জগৎ"।

কপাট, কবাট, (ক=বায়ু—পট= গমন করা+অল্—প=ব। যে বাতাসের গতি রোধ করে) সং, পুং—ক্লীং, টী—স্ত্রীং, দ্বারের আবরণ। "স্বর্গদ্বারকপাটপাটনপটু" 'উদ্ঘাটকো ভবতি যত্র দৃঢ়ে কপাটে'

কপাল, (ক [লক্ষণাহেতু] মস্তকস্থ ঘৃত —পাল = যে রক্ষা করে, ২য়া— ষ) সং, পুং—ক্লীং, মাথার খুলি। করোটি। কলসের কাণা। "ঘটাদীনাং কপালাদৌ দ্রব্যেষু গুণকর্ম্মনাং" ভাষা পরিচ্ছেদ। জনতা। ভিক্ষাপাত্র। খাপ্‌রা। সমূহ। "কপালং বৃক্ষমূলানি কুচেলমসহায়তা। সমতা চৈবসর্ব্বস্মিন্নেতন্মুক্তস্যলক্ষণম্"।

কপালভৃৎ, (কপাল—ভৃৎ = যে ধারণ করে। যিনি নর কপাল ধারণ করেন, ২য়া—ষ) সং, পুং, মহাদেব।

কপালমালী, (—লিন্, কপালমালা+ণিন্—অস্ত্যর্থে। যাঁহার কপালমালা অর্থাৎ হাড়ের মালা আছে) সং, পুং, শিব। লিনী—স্ত্রীং, দুর্গা। পার্ব্বতী।

কপালিকা, (কপাল+ক—অল্পার্থে) সং, স্ত্রীং, ক্ষুদ্রকপাল। খাপ্‌রা।

কপালী, (কপালিন্, কপাল+ণিন্—অস্ত্যর্থে। যাঁহার নর কপাল আছে) সং, পুং, শিব। লিনী—স্ত্রীং, দুর্গা।

কপি, (কপ্ = কাঁপা+ই—সংজ্ঞার্থে। কিম্বা ক—পা = রক্ষাকরা+ই—প্রং) সং, পুং, বিষ্ণু। কপিলবর্ণ। বানর। আক্রন্দয়ৎকপিভিরায়ম্ভাশুরামঃ" "কপীনকারয়ৎ সেতুং বানরৈরপি রাঘবঃ" বোপদেব।

কপিকন্দুক, (কপি—কন্দুক=গোলা) সং, ক্লীং, মাথার খুলি। মড়ার মাথা।

কপিকেতন, (কপি—কেতন = ধ্বজা, চিহ্ন। যাঁহার রথে কপি চিহ্ন আছে, ৬ষ্ঠী—হিং,) সং, পুং, কপিধ্বজ, অর্জ্জুন।

কপিঞ্জল; সং; পুং, মুনিবিশেষ, পুণ্ডরীকের মিত্র। চাতকপক্ষী। গৌরবর্ণ তিত্তির পক্ষী।

কপিত্থ, কবিত্থ, (কপি—স্থ = যে থাকে। প্রায় কপিরা এই বৃক্ষে থাকে বলিয়া

ইহার নাম কপিত্থ হইল) সং, পুং, কয়েতবেল বৃক্ষ। ক্লীং, তৎফল। "অম্লং কপিত্থং শ্লেষ্মাণং শময়তি"।

কপিধ্বজ, (কপি—ধ্বজ=চিহ্ন। যাঁহার রথে কপি চিহ্ন আছে, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অর্জ্জুন, মধ্যম পাণ্ডব। কপিকেতন

কপিপ্রিয়, (কপি—প্রিয়, ৬ষ্ঠী—ষ) সং, পুং, আম্রাতক বৃক্ষ, আমড়াগাছ। কয়েতবেল গাছ।

কপিল, কবিল, (কম্ = বাঞ্ছাকরা+ইল—প্রং,। ম=প। কিম্বা কপি বানর+ল অস্ত্যর্থে। যাহার বানরের ন্যায় রঙ) বিং, ত্রিং, পিঙ্গলবর্ণ বস্তু। পীত মিশ্রিত কৃষ্ণ বর্ণ। সং, পুং, পিঙ্গল রঙ্। সাংখ্য দর্শন প্রণেতা স্বনামখ্যাত মুনি বিশেষ। বিষ্ণু। অগ্নি। দানব। কুকুর। ভেদ। "কপিলং পরমর্ষিঞ্চ যং প্রাহুর্যতয়ঃ সদা অগ্নিঃ স কপিলো নাম সাংখ্যযোগ প্রবর্ত্তকঃ" ॥

কপিলদ্যুতি, (কপিল—দ্যুতি = দীপ্তি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সূর্য্য। বিং, ত্রিং, পিঙ্গলবর্ণ, কান্তিযুক্ত।

কপিলা, (কপিল+অ—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, দিক্ হস্তিনীবিশেষ, পুণ্ডরীক নামক দিগ্‌গজের স্ত্রী। কামধেনু। শিংশপাবৃক্ষ। সুগন্ধি দ্রব্য বিশেষ।

কপিলাশ্ব, (কপিল = কপিলবর্ণ—অশ্ব ঘোড়া) সং, পুং, ইন্দ্রের কপিলবর্ণ অশ্ব আছে বলিয়া ইহার নাম কপিলাশ্ব হইয়াছে।

কপিলোহ, (কপিল পিঙ্গলবর্ণ — লোহ লৌহ। কপিল=কপি) সং, ক্লীং, পিত্তল, পিতল।

কপিবল্লী, (কপি—বল্লী=লতা। যাহার বল্লী কপিলোমের ন্যায় লোমে আচ্ছাদিত, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, গজপিপুল।

কপিশ, (কপি+শ—অস্ত্যর্থে। যে কপির ন্যায় রঙ্) সং পুং, নীলপীত মিশ্রিত বর্ণ। শী—স্ত্রীং, মদ্যবিশেষ। শা—স্ত্রীং, স্বনাম প্রসিদ্ধ নদী। মাধবীলতা। বিং, ত্রিং,মেটে রং বিশিষ্ট।

কপিশাঞ্জন, সং, পুং, শিব।

কপিশীর্ষ, (কপি—শীর্ষ=মস্তক) সং,ক্লীং, প্রাকারমস্তক, প্রাচীরের অগ্র।

কপীতন, (কপি—তন=যে বিস্তার করে। যে কপিদিগের নিমিত্ত শাখা বিস্তার করে অর্থাৎ যে তাহাদিগকে আশ্রয় দেয়। ২য়া—ষ) সং, পুং, আমড়াগাছ। শিরীষবৃক্ষ। গন্ধপিপুল।

কপীন, (কৌপীন শব্দজ) সং, কপ্নী, অন্তর্বাস। গুহ্যদেশাদির আবরক বস্ত্রখণ্ড।

কপীন্দ্র, (কপি—ইন্দ্র=প্রধান) সং, পুং, হনূমান। সুগ্রীব। বানররাজ।

কপোত, (ক=বায়ু—পোত=নৌকা। যে বায়ুর পোতের ন্যায়। যেরূপ সমুদ্রাদির জলে জাহাজ ভাসে সেই রূপ আকাশমার্গে পারাবতেরা ভাসমান থাকে বলিয়া উহাদিগকে কপোত বলে। সং, পুং, পারাবত পায়রা। পাখী।

কপোতপালিকা, কপোতপালী } (কপোত—পাল্=রক্ষাকরা + ণক, অ—ক। আ, ঈ—স্ত্রীলিঙ্গে। যেখানে পারাবত দিগকে পালন বা রক্ষা করা যায়, ২য়া—ষ) সং,স্ত্রীং,পায়রার খোপ। চিড়িয়াখানা। বিটঙ্ক।

কপোতারি, (কপোত—অরি=শত্রু,৬ষ্ঠী—ষ) সং,পুং,শ্যেন পক্ষী,শিকারীপাখী।

কপোল, (ক=মুখ—পোল [পোলি=বড় করান+অ—ক] যে বড় করায় যে মুখকে বড় করায়, ২য়া—ষ। কিম্বা কপ্=কাঁপা+ওল—সংজ্ঞার্থে) সং, পুং, গণ্ডস্থল, গাল।

কপোল কল্পনা ; সং, স্ত্রীং, অবাস্তবিক গল্পাদির রচনা, গালগল্প। কল্পনা দ্বারা রচিত অবাস্তব উপন্যাসাদি। [ফোটা।

কপ্‌চান, (দেশজ) সং. পক্ষিদের বুলি-

কফ, (ক=জল—ফল—ফলিত হওয়া বা জন্মান+অ—প্রং। যে জল দ্বারা

উৎপন্ন হয় ৩য়া—ষ) সং, পুং, এক প্রকার শরীর সম্বন্ধীয় ধাতু শ্লেষ্মা।,
কফকূর্চ্চিকা, (কফ্—কূর্চ্চিকা=গাঢ় দুগ্ধ) সং, স্ত্রীং সিক্নি, পোঁটা, গয়ের, থুথু।
কফণি, কফোনি (ক=সুখ—ফণ্গমনকরা +ই—সংজ্ঞার্থে) সং, পুং—স্ত্রীং, কণুই বাহুর নিম্নস্থিত গাঁট।
কফারি, (কফ—অরি=শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শুঁঠ, শুঁঠ খাইলে কফ আরোগ্য হয় বলিয়া উহাকে কফারি বলে।
কফী, (কফিন্=কফ+ণিন্-অস্ত্যর্থে) বিং, ত্রিং, কফবিশিষ্ট। সং, পুং, হস্তী।
কবন্ধ, (ক=মস্তক—বধ্=বধকরা+অ—প্রং। কিম্বা ক=জল—বন্ধ্=বন্ধনকরা +অ—প্রং) সং, পুং—ক্লীং, চালনাদি ক্রিয়া বিশিষ্ট মস্তকহীন নরদেহ "বামাঙ্গসংসক্ত সুরাঙ্গনং স্বং নৃত্যৎ কবন্ধং সমরে দদর্শ" রঘুবংশ। পুং, রাহু। ধূমকেতু। রাক্ষসবিশেষ। ক্লীং, বারি, জল। উদর, পেঠ। [পায়রা।
কবুতর, (কপোত শব্দজ) সং, পারাবত,
কবে,(কদাশব্দজ) অং,কখন্,কোন্ সময়ে
কব্জা, (যবন ভাষা) সং, দরজা যোজক লৌহাদি রচিত কল।
কব্জী,(যবন ভাষা) সং,করগ্রন্থি।
কভু, (কদাপি শব্দজ) অং, কোন কালে কখন।
কম্, (কম্=ইচ্ছা করা+বিচ্—প্রং) অং, পাদপূরণ। বারি। সুখ। মস্তক, মাথা, নিন্দা, অপবাদ। মঙ্গল।
কমঠ, (কম্=ইচ্ছাকরা ইত্যাদি+অঠ—সংজ্ঞার্থে)সং, পুং, কচ্ছপ, বাঁশ শজারু। পুং—ক্লীং, সন্ন্যাসীদের পান পাত্র বিশেষ। ঠী—স্ত্রীং, কচ্ছপী, কচ্ছপস্ত্রী মাদি কাছিম্।
কমণ্ডলু, (ক=ব্রহ্মা, জল—মণ্ড=ভূষণ—লা=দানকরা+ডু—সংজ্ঞার্থে) পুং—ক্লীং,ব্রহ্মচারী বা সন্ন্যাস ব্রতাবলম্বীদের কাষ্ঠ বা মৃত্তিকা নির্ম্মিত পাত্র। পুং, ব্যক্তিবিশেষ। অশ্বত্থবৃক্ষ।
কমন, (কম্=বাঞ্ছাকরা+অন—ক) বিং, ত্রিং, কামী, লম্পট। সুন্দর, রমণীয়, হৃদয়গ্রাহী, মনোহর। সং, পুং, অশোক বৃক্ষ।
কমনচ্ছদ, (কমন=রম্য—ছদ=ডানা, পাখনা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কাঁকপক্ষী।
কমনীয়, (কমন=দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, রমণীয়, সুশ্রী, মনোহর। অভিলষণীয়, বাঞ্ছনীয়।
কমল, (ক=জল—অল=যে ভূষিত করে কিম্বা কম্ ইচ্ছাকরা+অল্—সংজ্ঞার্থে) সং, ক্লীং, পদ্ম। বারি, জল। তামা। ঔষধ। পুং, এক প্রকার হরিণ। সারসপক্ষী। (কমল=পদ্ম+অ—অস্ত্যর্থে। যাঁহার হাতে সর্ব্বদা কমলথাকে; কিম্বা ক=ব্রহ্মত্ব=ম—শিবত্ব—লা=যে দান করে। যিনি ব্রহ্মত্ব ও শিবত্ব পদ দান করেন, ২য়া—ষ) লা—স্ত্রীং, পদ্মালয়া, লক্ষ্মী। নারাঙ্গী নেবু।
কমলযোনি, (কমল=পদ্ম [বিষ্ণুর নাভি পদ্ম]—যোনি=উৎপত্তিস্থান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ব্রহ্মা, সৃষ্টিকর্ত্তা।
কমলষণ্ড, (কমল=পদ্ম—ষণ্ড=সমূহ) সং, ক্লীং, পদ্মনিকর, পদ্ম সকল।
কমলাকর, (কমল—আকর=খনি, জন্মস্থান, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পদ্মালয়, যে সরোবরে অনেক পদ্ম জন্মায়।
কমলালয়া, (কমল=পদ্ম—আলয়=গৃহ, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রী, পদ্মালয়া, কমলা।
কমলাসন, (কমল—পদ্ম-আসন, ৬ষ্ঠী—হিং। উৎপত্তি সময়ে ব্রহ্মা বিষ্ণুর নাভি পদ্মে জন্মগ্রহণ করিয়াছিলেন বলিয়া ইহাকে কমলাসন বলে)। সং, পুং, ব্রহ্মা, পদ্মযোনি।
কমলিনী, (কমল+ণিন্—সমূহার্থে) সং, স্ত্রীং, পদ্মিনী,পদ্মগুচ্ছ "কমলিনী মলিনী দিবসাত্যয়ে শশিকলা বিকলা ক্ষণদাক্ষয়ে"
কমলোত্তর, (কমল—উত্তর=উৎকৃষ্ট, অ-

ত্যুত্তম। যাহা পদ্মের ন্যায় উৎকৃষ্ট) সং, ক্লীং, কুসুম্ভ পুষ্প, কুসুম ফুল।
কমিতা, (কমিতৃ,কম্=ইচ্ছাকরা+তৃণ্—ক। ই—আগম) বিং, ত্রিং, লম্পট।
কম্প—পুং } (কম্প=কাঁপা+অল্
কম্পন—ক্লীং } =কামী-অনট্—ভা) সং, কাঁপনি। নড়ন।
কম্পমান, (কম্প+শানচ্—ক। ম—আগম) বিং, ত্রিং,যে কাঁপিতেছে,কম্পযুক্ত
কম্পাক,(কম্প+আক—প্রং) সং, পুং, যে কাঁপায়, বায়ু।
কম্পিত, (কম্প+ক্ত—ক) বিং, ত্রিং, চলিত, চঞ্চল। কম্পবিশিষ্ট।
কম্প্র, (কম্প দেখ, র—শীলার্থে) বিং, ত্রিং, চলিত, কম্পিত।
কম্বর, বিং ত্রিং, কর্ব্বুরবর্ণ।
কম্বল, (কম=ইচ্ছাকরা+কল—প্রং। ক=ব। কিম্বা ক=মস্তক, জল ইত্যাদি—বল্=বলবান্ হওয়া+অ—প্রং) সং, পুং, মেষ প্রভৃতির লোমের দ্বারা নির্ম্মিত আসন। "কম্বলবন্ত খলু ভাগ্যবন্তঃ"। উত্তরীয় বস্ত্র। উত্তরচ্ছদ, কৃমি, নাগবিশেষ। সাস্না, গো মহিষাদির গলকম্বল। ক্লীং, জল।
কম্বলী, (কম্বলিন্, কম্বল+ণিন্—অস্ত্যর্থে) সং, পুং, গলকম্বলযুক্ত গো-মহিষাদি। বিং, ত্রিং, কম্বলবান্, কম্বলযুক্ত।
কম্বি, (কম্=ইচ্ছাকরা+বি—প্রং) সং, স্ত্রীং, বাঁশের পাব। দর্ব্বি, হাতা।
কম্বু, (কন্ব=গমনকরা+উ—সংজ্ঞার্থে) সং, পুং—ক্লীং, শঙ্খ, শাঁখ। পুং, শম্বুক, শামুক। বলয়, বালা। অঙ্গুরীয়,আংটী। হস্তী, হাতী। গলপ্রদেশ, যে হাড় নিরেট নয়, ফাঁপা হাড়। ম্বু, ম্বু—স্ত্রীং, গ্রীবা। বিং, ত্রিং, চিত্রবিচিত্র, নানা বর্ণ দ্বারা রঞ্জিত, কর্ব্বুর।
কম্বুগ্রীবা, (কম্বু=শঙ্খ=শাঁখ—গ্রীবা—যং,—স) সং, স্ত্রীং, শঙ্খগ্রীবা, শাঁখের মতন তিনটী রেখা বিশিষ্ট গ্রীবা।
কম্বোজ, (কন্ব=গমনকরা+ওজ—প্রং) সং, পুং একপ্রকার শাঁক, দেশভেদ।
কম্র, (কম্=ইচ্ছাকরা+র—শীলার্থে) বিং, ত্রিং, ইচ্ছুক কামী, সুন্দর, হৃদয়গ্রাহী।
কয়লা, (যবন ভাষা) সং,দগ্ধাবিশিষ্ট কাষ্ঠ, অঙ্গার, অলাত, দগ্ধকাষ্ঠ।
কর, (কৃ=করা+অল্—প্রং) সং, পুং, হস্ত। হাতির শুঁড়। কিরণ। শুল্ক। রাজস্ব। বিষয়। কর্ত্তা। প্রত্যয়। করকা। কোন পদের পরে থাকিলে কারক, জনক; যথা—পীড়াকর, দুঃখকর ইত্যাদি। "দিনকরকুলচন্দ্র চন্দ্রকেতো সরভসমেহি দৃঢ়ং পরিষ্বজস্ব।" উত্তরচরিত। "মৃণালরূপেণ নবো নিশাকরঃ করংসমেত্যোভয়কোটিমাশ্রিতঃ" শকুন্তলা। "তথাপ্যাল্লো গ্রহীতব্যো রাষ্টাদ্রাজ্ঞাব্দিকঃ করঃ।"
করক, (কৃ=বধকরা+ণক—প্রং) সং, পুং, দাড়িম্বৃক্ষ। দালিম গাছ। পক্ষিবিশেষ। নারিকেলমালা। রাজস্ব, রাজদেয় কর। পুং, ক্লীং, কমণ্ডলু। পুং, কা—স্ত্রীং, বর্ষোৎপল, শিলা।
করকঙ্কণ, ন্যায়—ন্যায় (১৫) দেখ।
করকচ, (কড়কশব্দজ) সং, লবণবিশেষ, সমুদ্রোদ্ভব লবণ।
করকচি (দেশজ) বিং, কোমল, অপুষ্ট।
করকণ্টক (কর=হস্ত—কণ্টক=কাঁটা) সং, পুং, নখর, নখ।
করকাম্ভঃ, (করকাম্ভস্, করক=নারিকেলমালা—অম্ভস্=জল। সং, পুং, নারিকেল বৃক্ষ। নারিকেলের মধ্যে জল থাকে বলিয়া নারিকেল বৃক্ষের নাম করকাম্ভর হইল।
করকোষ্ঠী, (কর=হস্ত—কোষ্ঠী=জন্মপত্রিকা) সং স্ত্রীং হস্ততলস্থিত রেখা। জন্মপত্রিকা দেখিয়া যেরূপ জীবনের ভবিষ্যৎ শুভাশুভ ঘটনাদি নির্ণয় করা যায় সেইরূপ করতলস্থ রেখা দ্বারা জীবনের ভাবী ঘটনা নির্ণয় করা

যাইতে পারে। এই নিমিত্ত ঐ রেখা-গুলিকে করকোষ্ঠী বলে।

করগ্রহ, (কর=হস্ত-গ্রহ=গ্রহণ, ৭মী—হিং) সং, পুং, পাণিগ্রহণ, বিবাহ। হস্তধারণ।

করঘর্ষণ, (কর=হস্ত—ঘর্ষণ=ঘষা) সং, পুং দুগ্ধাদি মন্থন দণ্ড। ক্লীং, হস্তঘর্ষণ।

করঙ্ক (কৃ=করা+অঙ্ক—সংজ্ঞার্থে) সং, পুং, কমণ্ডলু। দেহের অস্থি। নারিকেলেরমালা। ভিক্ষাপাত্র। খুঙ্গি, ডিপে, কৌটা। মস্তক, মাথার খুলি।

করঙ্গ, (করঙ্কশব্দজ) সং, একপ্রকার ঘটী, জলপাত্রবিশেষ।

করজ, (কর=হস্ত—জ=উৎপন্ন, অথবা ক =সুখ—রন্জ্=রংকরাইত্যাদি+অ—প্রং) সং, পুং, নখ। করঞ্জবৃক্ষ।

করঞ্জ, করঞ্জক (ক—রন্জ্=রট্করা+অল্সংজ্ঞার্থে। ক—স্বার্থে) সং, পুং করম্চা গাছ।

করট (ক=আত্মা—রট্=রটান ঘোষণা করা+অ—সংজ্ঞার্থে। যে আপনাকে রটায়, বা ঘোষণা করে, ১য়া—ষ; কিম্বা কৃ করা+অট—প্রং) সং, পুং, কাক। হাতির শুঁড়। নাস্তিক। বাদ্যযন্ত্রবিশেষ। কুসুম্ভবৃক্ষ। কুসুমফুলগাছ। টা—স্ত্রীং, যে গাভী অতি কষ্টে দুগ্ধ দান করে।

করটক, (করট+ক—যোগ) সং, পুং কাক।

করটী, (করটিন্, করট+ণিন্—অস্ত্যর্থে, [সং, পুং, হস্তী।

করণ, (কৃ=করা—অনট—ক, র্ম্ম, ণ, ভা) সং, ক্লীং, কারকবিশেষ, যাহার দ্বারা কোন বিষয় সম্পন্ন করা যায়। কার্য্যের প্রধান সাধন, কারণ। ইন্দ্রিয়। শরীর "উপমানমভূদ্বিলাসিনাং করণং যত্তবকান্তিমত্তয়া" কুমার সম্ভব। স্থান। ক্ষেত্র। কার্য্য। করা, অনুষ্ঠান। বালবাদিকরণ। পুং, শূদ্রানীর গর্ভে এবং বৈশ্যের ঔরসে জাত পুত্র। কায়স্থ।

করণক; বিং, ত্রিং, দিয়া, দ্বারা। (পূর্ব্ববর্ত্তী কোন পদের সহিত বহুব্রীহি সমাস না করিলে ইহার প্রয়োগ হয় না)।

করণত্রাণ, (করণ=ইন্দ্রিয়—ত্রাণ=রক্ষণ) সং, ক্লীং, মস্তক।

করণী, (Surds, করণ দেখ, ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, যে রাশির মূল সূক্ষ্মরূপে বাহির করা যায় না।

করণীয়, (কৃ=করা+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, কর্ত্তব্যকার্য্য, যাহা করা উচিত।

করণ্ড, (কৃ = করা+অণ্ড—সংজ্ঞার্থে) সং, পুং, পেটরা, খুঙ্গী, ঝাঁপি টুক্‌রি, চুপড়ী, ঝুড়ি। মৌচাক। খড়্গ। পক্ষীবিশেষ, কারণ্ডব পক্ষী। ণ্ডা—স্ত্রীং, যকৃৎরোগ।

করণ্ডিক, (করণ্ড+ইক—ইদমর্থে) বিং, ত্রিং, যে সকল জীবের উদরে চর্ম্মময় করণ্ডবৎ থলি আছে।

করণ্ডী, (করণ্ডিন্, করণ্ড+ণিন্—অস্ত্যর্থে) সং, পুং, মৎস্য, করণ্ড বিশিষ্ট।

করতল, (কর=হস্ত—তল=নিম্ন স্থান, ৬ষ্ঠী—ষ) সং, পুং—ক্লীং, হস্ততল, হাতের তেলো। হস্ত।

করতাল, (কর=হস্ত—তাল = গানের পরিমাণ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, লী—স্ত্রীং, করতল ধ্বনি, হাততালী। কাংস্য নির্ম্মিত এক প্রকার বাদ্যযন্ত্র, খত্তাল।

করতোয়া, (কর=হস্ত—তোয়=জল। সং, স্ত্রীং, স্বনাম প্রসিদ্ধ নদী। পৌরাণিকেরা কহেন যে হরপার্ব্বতীর বিবাহ কালে মহাদেবেরহস্ত হইতে যে জল পতিতহয় তাহা হইতে এই নদী উৎপন্ন হইয়াছে।

করদ, (কর—দ=যে দান করে) বিং, ত্রিং, যে অন্যকে কর বা রাজস্ব দেয়, করপ্রদ।

করদীকৃত, (করদ—কৃত=করা হইয়াছে চ্বি প্রত্যয়। অ=ঈ) বিং, ত্রিং, যাহাকে করদ করা গিয়াছে।

করপক্ষ, (Hand-winged) (কর অর্থাৎ হস্তই যাহাদের পক্ষ স্বরূপ) বাদুড় ইত্যাদি।

করপত্র, (কর—পত্র=পাতা। যে কর পত্রের ন্যায়, ১মা—হিং) সং, ক্লীং, ক্রকচ, করাত। জলক্রীড়া।

করপত্রবান্, (করপত্রবৎ, করপত্র=করাত —বৎ— অস্ত্যার্থে। যাহার পত্র সমূহ করাতের ন্যায়) সং, পুং, তালবৃক্ষ।

করপল্লব, (কর—পল্লব=শাখা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অঙ্গুলি, করশাখা। "করপল্লবঃ স তস্যা সহসৈব জড়াজড়ঃ পরিভ্রষ্টো"।

করপাল, করবাল, (কর — পাল = যে রক্ষা করে। কর—বাল = যে বলবান্ হয়।) সং, পুং, খড়্গ, তরবার।

করপালিকা } করপালী } (কর = হস্ত—পাল= রক্ষা করা+ক+ণ—প্রং, অথবা করপাল+ক—যোগ) সং, স্ত্রীং, ছোট গদাকার হস্তদণ্ড, সোঁটা। ছোরা। মুদগর, মুগুর।

করপীড়ন, (কর—পীড়ন—৭মী—হিং) সং, ক্লীং, পাণিগ্রহ, বিবাহ।

করপুট, (কর—পুট=ঠোঙা, ৬ষ্ঠী—ষ) সং,পুং, বদ্ধাঞ্জলি, যোড়হাত।

করভ, (কৃ=করা+অভ—সংজ্ঞার্থে) সং, পুং, মণিবন্ধ হইতে কনিষ্ঠাঙ্গুলি পর্য্যন্ত করবহির্ভাগ। "মণিবন্ধাদাকনিষ্ঠং করস্য করভো বহিঃ" অমরকোষ। "সা চূর্ণগৌরং রঘুনন্দনস্য ধাত্রীকরাভ্যাং করভোপমোরুঃ" রঘুবংশ। হস্তিশাবক। উষ্ট্রশাবক। উষ্ট্র। অশ্বতর, খচ্চর।

করভূষণ, (কর=হস্ত—ভূষণ=অলংকার ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং কঙ্কণ। হস্তাভরণ।

করমর্দ্দ, (কর=হস্ত—মৃদ=মর্দ্দনকরা+অল্—প্রং। যাহা কর দ্বারা মর্দ্দিত হয়) সং, পুং, বৃক্ষবিশেষ। করঞ্জ বৃক্ষ। হস্ত-দ্বারা মর্দ্দন।

করম্ব, (কৃ=করা+অম্ব=সংজ্ঞার্থে, অথবা ক=জল—রম্ব্=শব্দকরা ইত্যাদি+অ—প্রং) সং, পুং, মিশ্রণ। বিং, ত্রিং, মিশ্রিত। [মিশ্রিত। মিলিত। খচিত।

করম্বিত, (করম্ব+ইত-ইদমর্থে) বিং,ত্রিং,

করম্ভ, করম্ভক, (ক=জল—রন্ভ্=প্রেরণ করা, ইত্যাদি+অ—প্রং। ক—যোগে করম্ভক) সং, পু, দধিমিশ্রিত শক্তু।

কররুহ, (কর—রুহ=যে জন্মে, ৭মী—ষ) সং, পুং, নখর, নখ। অঙ্গুলি।

করর্দ্ধি, (কর=হস্ত—ঋদ্ধি = সম্পত্তি, সমৃদ্ধি) সং, স্ত্রীং, করতালী, হাততালী।

করবী, (কর [এখানে কর শব্দে মূল] মূল —বী=যে ব্যাপে। যে মূল দ্বারা ব্যাপে, ২য়া—ষ) সং, স্ত্রীং, স্বনামখ্যাত পুষ্প বিশেষ।

করবীর, (কর=মূল—বীর্=শৌর্য্যপ্রকাশ করা+অল্ প্রং) সং, পুং, স্বনাম খ্যাত বৃক্ষ। এই বৃক্ষের মূল খাইলে ঘোড়া মরিয়া যায়। খড়্গ,তরবার। শ্মশান। দেশভেদ। ক্লীং পুষ্প বিশেষ। রী—স্ত্রীং, অদিতি। উত্তম গাভী, প্রিয় গাই। পুত্রবতী, যে নারীর একটী মাত্র পুত্র সন্তান হইয়াছে।

করবীরক, (করবীর—ক=কৈধাতুজ) সং, পুং, অর্জ্জুন বৃক্ষ। (ক—যোগে করবীরক) করবীর মূল। খাঁড়া।

করলা, (কারবেল্ল শব্দজ) সং, তিক্ত ফল বিশেষ। লম্বা উচ্ছে।

করশাখা, (কর—শাখা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, অঙ্গুলি, আঙ্গুল।

করশীকর, (কর=হস্তিশুণ্ড—শীকর=জলকণা, ৫মী—ষ) সং, পুং, হাতির শুঁড় হইতে বহির্গত জলকণা।

করশূক, (কর=হস্ত-শূক=শস্যাদির শুঁয়া) সং, পুং, নখ।

করহাট, (করহ [ক=জল—রুহ্=উৎপন্ন হওয়া] পদ্ম—অট=যে গমন করে বা যাহা দ্বারা গমন করে; অথবা কর হস্ত—হট=প্রকাশ পাওয়া বা শোভিত করা+অ—প্রং) সং,পুং, দেশ বিশেষ। পদ্ম প্রভৃতির মূল। বৃক্ষবিশেষ। মদনবৃক্ষ।

করারোট, (কর=হস্ত—আরুট=প্রকাশ পাওয়া+ঘঞ্—প্রং) সং, পুং, অঙ্গুরীয়।

করাল, (কর—অল=পারক হওয়া+অ—প্রং) সং, পুং, এক প্রকার তৈল। গর্জ্জন তৈল। ক্লীং, তুলসী। ধুনা। বিং, ত্রিং, মহৎ। ভীষণ। উচ্চ। দন্তুর লা—স্ত্রীং, চণ্ডিকা, অনন্তমূল। "ব্যাকীর্ণকেশরকরালমুখা মৃগেন্দ্রাঃ" "কালীং করালবদনাং ঘোরাম্"।

করিকা, (কর+ইক—প্রং। আ—স্ত্রীলিঙ্গে) সং স্ত্রীং, নখক্ষত।

করিকুম্ভ, (করিন্—কুম্ভ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, গন্ধচূর্ণ। হাতির মস্তক।

করিজ, (করিন্=হস্তী—জ=জাত, ৫মী—ষ) সং, পুং, হস্তিশাবক। করভ।

করিবন্ধ, (করিন্—বন্ধ=বন্ধন) সং, পুং, যে স্তম্ভে হাতী বাঁধা যায়। আলান।

করিমুখ, (করিন্—মুখ। হাতির ন্যায় মুখ, যাহার ৬ষ্ঠী—হিং) সং, পুং, গজানন, গণেশ। (৬ষ্ঠী—ষ) ক্লীং, হাতীর মুখ।

করির, করীর (কৃ=করা ইত্যাদি+ইর, ঈর—সংজ্ঞার্থে) সং, পুং—ক্লীং, বংশাঙ্কুর, বাঁশের কোঁড়া। পুং, ঘট। বৃক্ষভেদ। রা, রী—স্ত্রীং, হস্তিদন্তেরমূল; হাতীর দাঁতের গোড়া।

করিষ্যমাণ, (কৃ=করা+স্যমান—ক, ভবিষ্যৎকালে। ই—আগম) বিং, ত্রিং, যাহা করা হইবে।

করী, (করিন্, কর=হস্তিশুণ্ড+ণিন্—অস্ত্যর্থে) সং, পুং, হাতী হস্তী, ণী—স্ত্রীং, হস্তিনী। মাদি হাতী।

করীন্দ্র, (করিন্—ইন্দ্র=প্রধান, উৎকৃষ্ট সং, পুং, হস্তিশ্রেষ্ঠ, উৎকৃষ্ট হাতী।

করীষ, (কৃ=নিক্ষেপকরা ইত্যাদি+ঈষ-সংজ্ঞার্থে) সং, পুং—ক্লীং, শুষ্ক গোময়, শুকন গোবর, ঘুটে।

করীষাগ্নি, (করীষ—অগ্নি=আগুন। এই দ্রব্য হিন্দুস্থানে জ্বালানি কাঠের পরিবর্ত্তে ব্যবহৃত হয়) সং, পুং, ঘুঁটের আগুন

করুই, (দেশজ) সং, ধান্যাদির গোলা, ভাণ্ডার, দ্রব্যাগার।

করুণ, (কৃ=নিক্ষেপকরা+উন—প্রং) সং পুং, রসবিশেষ, করুণারস, রস আত্মীয় লোকের বা বন্ধুবান্ধবের বিয়োগ হইলে বা কোন প্রকার অনিষ্ট ঘটিলে যে রস উৎপন্ন হয়। এই রসে শোক স্থায়িভাব; বৃক্ষবিশেষ। পুং, ণা—স্ত্রীং, কৃপা, দয়া। অনুগ্রহ। বিং, ত্রিং, কাতর "বিরুতৈঃ করুণ স্বরৈরিয়ং গুরুশোকামনুরোদিতীব মাম্"কুমার। দীন, শোকব্যাকুল, দয়ালু, পরদুঃখে কাতর।

করুণাময়, (করুণা+ময়ট্—তদ্রূপার্থে বিং, ত্রিং, দয়াময়, যাহার অতিশয় দয়া আছে।

করেটু=কুৎসিত বা ক=জল—রেট=শব্দকরা+উ—প্রং। ক=ক) সং, পুং,—স্ত্রীং, এক প্রকার পক্ষী, কর্করেটু পক্ষী।

করেণু, (কৃ=করা+এনু—প্রং, সং, পুং, —স্ত্রীং, হস্তী, হস্তিনী "দদৌ রসাৎ পঙ্কজরেণুগন্ধি গজায় গণ্ডূষজলং করেণুঃ"কুমার। বিং, ত্রিং, দীন, শোকার্ত্ত।

করেণুকা, (করেণু+ক—স্বার্থে, আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং হস্তিনী।

করোটি—পুং }
করোটি, করোটী—স্ত্রীং } (ক=মস্তক —রুট্=রক্ষা করা+অ, ই, ঈ—প্রং) সং, মাথার খুলি। শিরোহস্থি।

কর্ক, (কৃ=করা+ক—প্রং) সং, পুং, শ্বেতবর্ণ অশ্ব। সাদাঘোটক। দর্পণ। জল। বহ্নি। কান্তি। কাঁকড়া। কর্কটরাশি। ঘট, ক্ষুদ্র কলস। বৃক্ষবিশেষ। কণ্টক। বিং, ত্রিং, শুভ্রবর্ণ। উৎকটশ্রেষ্ঠ।

কর্কট, কর্কটক, (কর্ক্‌ হাস্যকরা+অট—সংজ্ঞার্থে। ক—স্বার্থে) সং, পুং, কাঁকড়া। কর্কটরাশি। পক্ষিভেদ কর্করেটু পক্ষী। টি, টী, টীকা—স্ত্রীং, ফলবিশেষ কাঁকুড়। সর্পীবিশেষ। কলস, "তৌ চ বৃতিভঙ্গং কৃত্বা কর্কটিকাক্ষেত্রেষু প্রবিশ্য তৎফল ভক্ষণং স্বেচ্ছয়া কৃত্বা।" হিতোপদেশ।

কৰ্কটক্রান্তি (Tropic of Cancer) সং, স্ত্রীং, নিরক্ষরেখা (Equator) হইতে ২৩॥০ অংশ (degree) উত্তরে যে অক্ষরেখা আছে।

কৰ্কন্ধু,—ন্ধূ (কর্ক=শ্রেষ্ঠ বা কঠিন কণ্টক শক্ত কাঁটা—ধা=ধারণকরা+উ, ঊ—সংজ্ঞার্থে। সং, পুং,—স্ত্রীং, কুলগাছ, বদরীবৃক্ষ। "কৰ্কন্ধূফলমিশ্রশাকপচনামোদঃ পরিস্তীর্য্যতে" উত্তর চরিত।

কৰ্কর, (কর্ক=সৌন্দর্য্য—র = যে দান করে) সং, পুং, আদর্শ, দর্পণ আর্শি। কাঁকর, ঘুটিং। মুদ্গর লগুড়। রী—স্ত্রীং, এক প্রকার জলপাত্র। সনাল জলপাত্র, গাড়ু, বদ্না। ঘটী। বিং, ত্রিং, কঠিন, দৃঢ়। কৰ্কশ। কুঠোর।

কৰ্করাঙ্গ, (কৰ্কর=কঠিন—অঙ্গ = শরীর ৬ষ্ঠী—হিং) সং, পুং, পক্ষীবিশেষ খঞ্জন্পক্ষী।

কৰ্করান্ধুক ; সং, পুং, অন্ধকূপ। কুন্তল।

কৰ্করাল ; সং, পুং—ক্লীং, অলক, চূর্ণ-

কৰ্করেট, (কৰ্কর=কঠিন—ইট্ = গমন করা, হওয়া+ঘঞ্ — প্রং) সং, পুং, অর্দ্ধচন্দ্র। গলহস্ত, গলাটিপি।

কৰ্করেটু, (কৰ্কশ=কঠিন ইত্যাদি—রেট্=শব্দ করা। নিপাতন) সং, পুং, —স্ত্রীং, করেটু দেখ, করকটু পাখী।

কৰ্কশ (কৰ্ক্=হাস্যকরা+শ—প্রং) সং, পুং, বৃক্ষ বিশেষ, করঞ্জবৃক্ষ। ইক্ষু। খড়্গ। খরস্পর্শ। বিং, ত্রিং, কঠিন, কঠোর। "ঐরাবতাস্ফালন কর্কশেন হস্তেন পস্পর্শ তঙ্গদমিন্দ্রঃ" কুমার। ক্রূর। নিষ্ঠুর। অত্যন্ত। পরুষ শ্রুতিকটু সাহসী। খরস্পর্শবিশিষ্ট। "কৰ্কশানি চ পত্রাণি লেখনার্থে প্রদাপয়েৎ। কৈবর্ত্ত কৰ্কশকর" 'রাক্ষসাঃ কোপকৰ্কশাঃ'

কৰ্কসার, (কৰ্ক—সার=স্থিরাংশ) সং, ক্লীং, দধি-মিশ্রিত শক্তু।

কৰ্কারু } কৰ্কাৰু } (কৰ্ক=শাদা+ঋ যাওয়া বা হওয়া+উ—প্রং) সং, পুং কুষ্মাণ্ড, কুমড়া।

কর্চ্চর (কর্ব্=রংকরা+উর—প্রং। ব র্চ্চ) সং ক্লীং, হরিতাল।

কর্জ (দেশজ) সং ঘণ্, দেনা, ধার।

কর্ণ (কর্ণি=শ্রবণকরা+অ—ণ) সং, পুং, শ্রবণেন্দ্রিয়। সূর্য্যের ঔরস-জাত কুন্তীর কালীন পুত্র, অঙ্গদেশের রাজা। হাইল, দাঁড়। রেখাবিশেষ, (Diagonal) যে সরলরেখা চতুর্ভুজের বিপরীত কোণদ্বয় সংযুক্ত করে। ভুজকোটিতে সংলগ্ন দীর্ঘ ভুজ (Hypotenuse)

কর্ণক, (কর্ণ—ক কৈধাতুজ) বিং, ত্রিং, নিয়ন্তা। কর্ণধার।

কর্ণকীটী, (কর্ণ—কীট) সং, স্ত্রীং, কীটবিশেষ, কাণকোটারি, এই কীট কাণের মধ্যে প্রবেশ করে বলিয়া ইহার নাম কর্ণকীট হইল।

কর্ণকুহর, (কর্ণ—কুহর=ছিদ্র, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, কর্ণেরছিদ্র, শ্রবণেন্দ্রিয় গোলক

কর্ণকূপকশ্বসেক, (Branchifera). যাহারা জলে কাণকূয়া দ্বারা নিশ্বাস বায়ু গ্রহণ করে। জলজ শম্বুক।

কর্ণগূথ, (কর্ণ—গূথ=বিষ্ঠা, মল, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, কর্ণমল, কাণের খোল্।

কর্ণগ্রাহ, (কর্ণ=হাইল=গ্রাহ=যে গ্রহণ করে) সং, পুং, নাবিক, কর্ণধার।

কর্ণজলৌকা, (কর্ণজলৌকস্, কর্ণ—জলৌকস্=জোঁক) সং, স্ত্রীং, কাণকোটারি।

কর্ণজাহ, (কর্ণ+জাহ—ইদমর্থে) সং, ক্লীং, কর্ণমূল।

কর্ণজিৎ, (কর্ণ—জিৎ = যে জয় করে, ২য়া—ষ) সং, পুং, অর্জ্জুন। অর্জ্জুন কুরুপাণ্ডব যুদ্ধে কর্ণকে বধ করিয়াছিলেন বলিয়া তাহার নাম কর্ণজিৎ হইয়াছে।

কর্ণদর্পণ, (কর্ণ—দর্পণ=আর্শি) সং, পুং, কর্ণের অলঙ্কার বিশেষ কাণতড়্কা।

কর্ণধার, (কর্ণ=হাইল—ধার=যে ধরে, ২য়া—ষ) সং, পুং, নাবিক, কাণ্ডারি,

মাজি। "আঃ অকর্ণধারাজ্জলধৌ বিপ্লবেতেহ নৌরিব"। "অকর্ণধারা পৃথিবী শূন্যেব প্রতিভাতি মে। গতে দশরথে স্বর্গং রামে চারণ্যমাশ্রিতে"। রামায়ণ।

কর্ণপরম্পরা; সং, স্ত্রীং, এক কাণ হইতে অন্য কাণ।

কর্ণপালী, (কর্ণ—পাল্=রক্ষা করা পালন করা+অ—প্রং। ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, কর্ণালঙ্কার, কাণবালা কর্ণফুল প্রভৃতি।

কর্ণপূর, (কর্ণ—পূর=যে সম্পূর্ণ করে, ২য়া—ষ) সং, পুং, কর্ণভূষণ। নীলপদ্ম।

কর্ণবেধ, (কর্ণ—বেধ=বিদ্ধকরণ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সংস্কারবিশেষ, বিধিপূর্ব্বক কাণ বিধান, চূড়াকরণ।

কর্ণবেষ্টক—পুং } (কর্ণ—বেষ্টক, বেষ্টন
কর্ণবেষ্টন—ক্লীং } যে বেষ্টন করে, ২য়া —ষ) সং, কর্ণভূষণ, কুণ্ডল।

কর্ণশষ্কুলী, (কর্ণ—শষ্কুল=ছিদ্র, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, কর্ণ বিবর, কর্ণকুহর।

কর্ণাকর্ণি, (কর্ণেতে কর্ণেতে এই মন্ত্রণা হয়, ১মা—হিঃ) সং, ক্লীং, কাণাকাণি, পরস্পর ফুস্‌ফুসনী। গোপনে বাক্যালাপ।

কর্ণাকর্ণিকা, (কর্ণাকর্ণি+ক—যোগ) সং, স্ত্রীং, কাণাকাণি করা। গোপনে কথা কহা।

কর্ণাট, (কর্ণ=কাণ, রাজকুমার—অট্=গমনকরা+অ—প্রং) সং, পুং, দেশবিশেষ, স্বনাম প্রসিদ্ধ দ্রাবিড়ের উত্তর পশ্চিম স্থিত দেশ। টী—স্ত্রীং, কর্ণাট দেশীয় মহিলা। কাব্যের রীতিবিশেষ। রাগিণীবিশেষ।

কর্ণিকা, (কর্ণ=কাণ+ইক—প্রং। ক—স্বার্থে) সং, স্ত্রীং, কর্ণাভরণ। পুষ্পমধ্যস্থল। হাতির শুঁড়ের অগ্রভাগ। পদ্মের বীজকোষ। হস্তের মধ্যম অঙ্গুলি। লেখনী। কুট্টিনী।

কর্ণিকাচল, (কর্ণিকা=পদ্মের বীজকোষ —অচল=পর্ব্বত। ইহা পৃথিবীর মধ্যস্থানে থাকাতে পদ্মপত্রের ন্যায় আদর্শ হইয়া অংশবৎ দেখায়) সং, পুং, সুমেরুপর্ব্বত।

কর্ণিকার (কর্ণিকা—কর্ণভূষণ—ঋ=গমন করা+অ—প্রং) সং, পুং, বৃক্ষবিশেষ। ক্লীং, পুষ্পবিশেষ। "বর্ণ প্রকর্ষেসতি কর্ণিকারং দুনোতি নির্গন্ধতয়া স্ম চেতঃ" কুমার সম্ভব।

কর্ণীরথ, (কর্ণী=কর্ণৈকদেশ—রথ=যান ৬ষ্ঠী—ষ) সং, পুং, থা—স্ত্রীং, স্ত্রীলোকের গমনাগমনার্থ বস্ত্রাবিত ছোট গাড়ি। ডুলি।

কর্ণীসুত, (কর্ণী—সুত=পুত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, স্বনাম প্রসিদ্ধ কর্ণীগর্ভজাত মথুরার রাজা, কংশ। তস্কর, চোর।

কর্ণেজপ, (কর্ণে=কাণেতে—জপ্=পুনঃ পুনরুচ্চারণ করা+অ—ক) বিং, ত্রিং, খল। গোয়েন্দা। যে প্রভু বা রাজপুরুষদিগের নিকটে অন্যের দোষ বা অপরাধ প্রকাশ করে, যে কুপরামর্শ দিয়া মনোভঙ্গ করিয়া দেয়; কুপরামর্শ দাতা।

কর্ণেন্দু, (কর্ণ—ইন্দু=চন্দ্র) সং, পুং, অর্দ্ধচন্দ্রাকৃতি কর্ণালঙ্কারবিশেষ।

কর্ত্তন, (কৃৎ=ছেদন করা+অনট্—ভা) সং, ক্লীং, ছেদন, কাটা। "অন্যেষং নি[illegible] শাস্ত্রং শরীরপরিকর্ত্তণং" মহাভারত। কাটনা কাটা। নী—স্ত্রীং, যাহা দ্বারা কাটাযায় কাঁচি, কাটারি প্রভৃতি।

কর্ত্তরী, কর্ত্তরিকা, (কর্ত্তন দেখ, অর—প্রং। ঈ—স্ত্রীলিঙ্গে। ক—যোগে কর্ত্তরিকা) সং, স্ত্রীং, কাটিবার অস্ত্রবিশেষ, কাঁচি। কাটারি।

কর্ত্তব্য, (কৃ=করা+তব্য—র্ম্ম) বিং, ত্রিং, করণীয়, করণোপযুক্ত। করা উচিত। উচিত, বিধেয়। "ময়া প্রাতর্নিঃসত্বং বনং কর্ত্তব্যং"। পঞ্চতন্ত্র। "হীনসেবান কর্ত্তব্যা কর্ত্তব্যো মহদাশ্রয়ঃ"।

কর্ত্তা, (কর্ত্তৃ,—কৃ=করা+তৃণ্—ক) বিং, ত্রিং, কারকবিশেষ, যে করে। কর্ম্ম-কারক। বিধানকর্ত্তা। প্রণেতা, স্বামী, অধ্যক্ষ। ত্রী—স্ত্রীং,প্রধানা স্ত্রী, গৃহিণী, সং, পুং, বিধাতা, পরমেশ্বর।

কর্ত্তিত, (কৃৎ+ক্ত—র্ম) বিং, ত্রিং, যাহা কাটা হইয়াছে। ছেদিত।

কর্ত্তুকাম,(কর্ত্তুম্=করিবার নিমিত্ত—কাম ইচ্ছা, ৬ষ্ঠী—হিং। ম্ — লোপ) বিং, ত্রিং, চিকীর্ষু, করিবার নিমিত্ত ইচ্ছু। করিতে অভিলাষী।

কর্ত্তৃকা,"(কৃৎ=ছেদন করা+তৃণ=ক—প্রং) সং, স্ত্রীং, ক্ষুদ্র খড়্গ। ছোটখাঁড়া।

কর্ত্তৃত্ব, (কর্ত্তৃ+ত্ব—ভাবে) সং, ক্লীং, প্রভুত্ব, স্বামিত্ব, আধিপত্য। অধিকার।

কর্ত্তৃবাচ্য, (কর্ত্তৃ—বাচ্য=উক্ত) বিং, ত্রিং, বাচ্যত্রয়ান্তর্গত বাচ্যবিশেষ ; এই বাচ্যে কর্ত্তায় প্রথমা বিভক্তি হয়।

কর্দ্দ, (কর্দ্দট দেখ, অ—প্রং) সং, পুং, কর্দ্দম, কাদা।

কর্দ্দন, (কর্দ্দ্ [কুৎসিত শব্দ করা] এই প্রকার শব্দকরা+অনট্—ভা) সং, ক্লীং, পেটের শব্দ, উদরের ডাক।

কর্দ্দম, (কর্দ্দ=কুৎসিত শব্দকরা+অম—সংজ্ঞার্থে) সং, পুং, পঙ্ক, কাদা। পাপ। ক্লীং, মাংস। "রসানাং কর্দ্দমা নদ্যো [illegible] পাদৌ নূপুরলগ্নকর্দ্দমধারিণৌ"। "কৃত্বা রুধিরকর্দ্দমম্"।

কর্দ্দমাটক, (কর্দ্দম [পঙ্ক] ওঁচলা—অট গমনকরা+ণক—ধি) সং, পুং, বিষ্ঠাদি ফেলিবার স্থান। আঁস্তাকুড়।

কর্দ্দমিত, (কর্দ্দম+ইত—ইদমর্থে) বিং, ত্রিং, কর্দ্দমবিশিষ্ট, পঙ্কিল পঙ্কযুক্ত।

কর্পট—পুং
কর্পটি—স্ত্রীং
কর্পটিকা-ক্লীং } (কৃপ্ = পারকহওয়া +অট—প্রং) সং, পুরাতন বস্ত্র। ছেঁড়া কাপড়, নেকড়া। কাপড়। (কর—পট, ৬ষ্ঠী—ষ) করবস্ত্র, রুমাল, ঘর্ম্মাদি মার্জ্জনার্থ হস্তস্থিত বস্ত্রখণ্ড।

কর্পটিক
কর্পটী } (কর্পটন্, কর্পট+ইক, ণিন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, কর্পটধারী, ছিন্নবস্ত্রপরিধানকারী, ভিক্ষুক।

কর্প্পর, (কৃপ+অর—প্রং) সং, পুং, মাথার খুলি। খাপরা। কূর্ম্মের পৃষ্ঠাস্থি। কটাহ। অস্ত্রবিশেষ। "কুলালোঽহং প্রকৃত্যা। মদ্‌গৃহেঽনেককর্পরাণ্যাসন্। গার্হপত্যাৎ কর্পরেণজ্বলন্তমগ্নিমাদায়"।

কর্পরাংশ, (কর্পর—অংশ) সং, পুং, কর্পরখণ্ড খাপ্‌রা,।

কর্পাস, (কৃ=করা ইত্যাদি+পাস—প্রং) সং, পুং—ক্লীং, কাপাস গাছ। কার্পাস, তুলা। সী—স্ত্রীং, কাপাস গাছ।

কর্পূর, (কর্প+উর=প্রং) সং, পুং,—ক্লীং, শুভ্রবর্ণ স্বনাম প্রসিদ্ধ গন্ধদ্রব্য-বিশেষ। "কর্পূরপূরপরিপূর্ণমুখী।"

কর্পূরমণি, (কর্পূর—মণি=রত্ন) সং, পুং, এক প্রকার মহার্ঘ প্রস্তর।

কর্ব্বুর
কর্ব্বূর } (কর্ব্ব্=গমনকরা ইত্যাদি+উর, ঊর—প্রং) রাক্ষস। সং, ক্লীং, স্বর্ণ। জল। পুং, পাপ বিং; ত্রিং, বিচিত্রবর্ণ দৈত্যবিশেষ। এক প্রকার বৃক্ষ।

কর্ব্বুরিত, (কর্ব্বুর+ইত—ইদমর্থে) বিং, ত্রিং, বিবিধ বর্ণে রঞ্জিত, শবলিত।

কর্ম্ম, (কর্ম্মন্, কৃ=করা+মন্—প্রং) সং, ক্লীং, কার্য্য, ক্রিয়া। অদৃষ্ট, পাপ, পুণ্য। কারকবিশেষ "মনসা নিশ্চয়ং কৃত্বা ততো বাচাভিধীয়তে। কর্ম্মণা ক্রিয়তে পশ্চাৎ"। "যেষান্তু যাদৃশং কর্ম্ম ভূতানামিহ কীর্ত্তিতম্।" "শোকপাবকমুদ্ভূতং কর্ম্মনৈতেন নাশয়"।

কর্ম্মকর
কর্ম্মকার } (কর্ম্মন্—কর=যে করে, ২য়া বিং, ত্রিং, যে বেতন গ্রহণ করিয়া কর্ম্মকরে, ভৃত্য। কারিকর, কার্য্য সম্পাদক "কর্ম্মকরাঃ স্থপত্যাদয়ঃ। শিষ্যান্তেবাসিভৃতকাশ্চতুর্থ স্বধিকর্ম্মকৃৎ। এতে কর্ম্মকরাঃ জ্ঞেয়াঃ।" সং, পুং, কামার লোহকার।

কর্ম্মকাণ্ড, (কর্ম্মন্—কাণ্ড) সং, পুং, কর্ম্মসমূহ। ত্রিকাণ্ডান্তর্ভূত • বেদের কাণ্ড, বেদাংশবিশেষ।

কর্ম্মকীলক ; সং, পুং, ধোপা।

কর্ম্মক্ষেত্র , সং, ক্লীং, ভারতবর্ষ।

কর্ম্মচারী, (কর্ম্মচারিন্, কর্ম্মন্,—চর্=গমন করা+ণিন্—ক) বিং, ত্রিং, যে ব্যক্তি বেতন গ্রহণকরিয়া অন্যের কার্য্য সম্পাদন করে।

কর্ম্মজ, (কর্ম্মন্—জ=উৎপন্ন) যাহা কর্ম্ম-হইতে উৎপন্ন হয় বিং, ত্রিং, ক্রিয়াজন্য সং, পুং, কলিযুগ।

কর্ম্মঠ, (কর্ম্মন্+ঠ—তৎকশলার্থে) বিং, ত্রিং, কর্ম্মদক্ষ, কার্য্যকুশল পারক। ক্ষমতাশালী।

কর্ম্মণ্য (কর্ম্মন্+য—প্রং) .বিং, ত্রিং, কর্ম্মযোগ্য। কর্ম্মঠ, কার্য্যদক্ষ। ণ্যা—স্ত্রীং, বেতন।

কর্ম্মধারয় ; সং, পুং, সমাসবিশেষ, সমান বিভক্তি কবিশেষ্যবিশেষণপদঘটিত সমাস।

কর্ম্মফল, (কর্ম্মন্—ফল, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, সুখ বা দুঃখ।

কর্ম্মভূমি (কর্ম্মন্—ভূমি=পৃথিবী। আর্য্যাদিগের কর্ম্মকাণ্ডের স্থান, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, হিমাচল ও বিন্ধ্য গিরির মধ্যবর্ত্তী দেশ আর্য্যাবর্ত্ত,ভারতবর্ষ, কৃষ্টভূমি

কর্ম্মবিপাক, (কর্ম্মন্—বিপাক=পরিণাম) সং, পুং, কর্ম্মের ফলভোগ, সম্পাদিত শুভাশুভ কার্য্যের পরিণাম।

কর্ম্মব্যতিহার ; সং, পুং, পরস্পর একজাতীয় ক্রিয়াকরণ।

কর্ম্মমূল, (কর্ম্মন্—মূল=গাছের গোড়া, ইহা) সং, ক্লীং, দর্ভ, কুশ। শ্রাদ্ধাদি ধর্ম্ম কার্য্যে ইহা ব্যবহৃত হয় বলিয়া ইহাকে কর্ম্মমুল বলে।

কর্ম্মযুগ (কর্ম্মন্—যুগ সত্য, ত্রেতা, দ্বাপর কলি—এই চারি কাল) সং, ক্লীং, কলিযুগ।

কর্ম্মরঙ্গ ; সং, পুং,—ক্লীং, বৃক্ষবিশেষ, কামরাঙ্গা গাছ।

কর্ম্মশীল; (কর্ম্মন্—শীল=যুক্ত, ৩য়া—ষ) বিং, ত্রিং, যে যত্ন ও পরিশ্রম পূর্ব্বক কার্য্য সম্পন্ন করে পরিশ্রমী।

কর্ম্মশূর, (কর্ম্মন্—শূর=দক্ষ, ৭মী—ষ) বিং, ত্রিং, কর্ম্মঠ, কার্য্যদক্ষ, কর্ম্ম কুশল।

কর্ম্মসচিব, (কর্ম্মন—সচিব=মন্ত্রী) সং, পুং, যে কার্য্য সম্পাদন বিষয়ে সহায়তা করে, সহকারী।

কর্ম্মসাক্ষী, (কর্ম্মসাক্ষিন্, কর্ম্মন্—সাক্ষিন্=প্রত্যক্ষদর্শী। যিনি সমুদায় কর্ম্ম প্রত্যক্ষদর্শন করেন) সং, পুং, সূর্য্যাদি নয়। "সূর্য্যঃ সোমো যমঃ কালো মহাভূতানি পঞ্চচ। এতে শুভাশুভস্যেহ কর্ম্মণো নব সাক্ষিণঃ।"

কর্ম্মার, (কর্ম্ম—ঋ=গমনকরা+অ—সংজ্ঞার্থে) সং, পুং, কামার। কামরাঙ্গা গাছ। বাঁশবিশেষ, বেউড় বাঁশ।

কর্ম্মিষ্ঠ (কর্ম্মিন্+ইষ্ঠ—অত্যর্থে) বিং, ত্রিং, অতিশয় কর্ম্মকুশল।

কর্ম্মী, (কর্ম্মিন্, কর্ম্মন্+ণিন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, কর্ম্মক্ষম, কার্য্যদক্ষ। কর্ম্মকারী। [সন্ন্যাসী।

কর্ম্মেন্দী, (কর্ম্মেন্দিন্) সং, পুং, ভিক্ষুক,

কর্ম্মেন্দ্রিয়, (কর্ম্ম—ইন্দ্রিয়, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, বাক্ পাণি পাদ পায়ু উপস্থ এই পঞ্চ প্রকার বাহ্যেন্দ্রিয়।

কর্ব্বট (কর্ব্ব=দর্প করা+অট—প্রং,) সং, পুং, ক্ষুদ্র নগর বা গ্রাম।

কর্ব্বর, (কৄ=বধকরা+বর—সংজ্ঞার্থে) সং, পু, ব্যাঘ্র। রাক্ষস।

কর্ব্বুর, (কর্ব্ব=গমন করা+উর—প্রং,) সং, পুং, রাক্ষস। পাপ, ক্লীং, স্বর্ণ। জল বিং, ত্রিং, নানাবর্ণ। [বিষ্ণুপুরাণ।
"এষা, বসুমতী তস্তখুরাগ্র ক্ষত কর্ব্বুরা"

কর্ব্বুরিত, (কর্ব্বুর+ইত—ইদমর্থে) বিং, ত্রিং, নানাবর্ণেরঞ্জিত, শবলিত চিত্রিত।

কর্ব্বুর, (কর্ব্বুর দেখ, উয়—প্রং) সং,

ক্লীং। স্বর্ণ। হরিতাল। পুং, রাক্ষস। বিং, ত্রিং, বিচিত্র বর্ণ।

কর্শিত (কর্শি=সূক্ষ্মকরান, ক্ষীনকরান +ত—র্ম্ম)। "পৌরাশ্চ পুরুষব্যাঘ্রান-ন্বয়ঃ শোককর্শিতাঃ" মহাভারত। বিং, ত্রিং,কৃশীকৃত, দুর্ব্বলীকৃত।

কর্ষ, (কৃষ্=ভূমিকর্ষন করা, চষা +অ —ভা) সং, পুং,—ক্লীং, কর্ষণ এক তোলা পরিমাণ।

কর্ষক, (কৃষ্+ণক —ক) যে কর্ষণ করে বিং, ত্রিং, কৃষক, চাসা। যে আকর্ষণ করে, আকর্ষক। যে সকল পক্ষী নখর দ্বারা ভূমি কর্ষণ করিয়া আহার অন্বেষণ করে (Scraping-birds)।

কর্ষণ, (কষ্+অনট—ভা) সং, ক্লীং, কৃষিকর্ম্ম, চাস। আকর্ষণ।

কর্ষী, (কর্ষিন্, কৃষ+ণিন্—ক) বিং, ত্রিং, আকর্ষণকারক। হৃদয়গ্রাহী,মনোহর, মনোরম। ষিণী—স্ত্রীং, যাহার দ্বারায় আকর্ষণ করা যায় খলীন, লাগাম।

কর্ষূ, (কৃষ=ভূমিচসা ইত্যাদি+উ— সংজ্ঞার্থে) সং, পুং, কৃষিকর্ম্ম। করীষাগ্নি, ঘুঁটের আগুন। স্ত্রীং, কৃত্রিম ক্ষুদ্র জলাশয়, কুল্যা,চৌবাচ্চা। কৃষি।

কর্হি, (কিম্+র্হি—কালার্থে) অং কোন্ সময়, কখন।

কর্হিচিৎ, (কর্হি+চিৎ—অসাকল্যার্থে) অং, কদাচিৎ, কখনও, কোন সময়ে।

কল, (কল্=শব্দকরা, গণনা করা+অ প্রং) সং, পুং, অব্যক্ত মধুর ধ্বনি, ভ্রমরাদির গুন্‌গুন্ শব্দ। ক্লীং, শুক্র। (দেশজ) যন্ত্র, পাটের কল জলের কল তেলের কল ইত্যাদি।

কলকণ্ঠ (কল=মধুরধ্বনি—কণ্ঠ=গলা। যাহার মধুরধ্বনি বিশিষ্ট গলা আছে। ৬ষ্ঠী হিং। সং,পুং,পারাবত। কোকিল। হংস। বিং, ত্রিং, যাহার কণ্ঠ হইতে কলধ্বনি নির্গত হয় সুস্বরবিশিষ্ট।

কলকল, (কল দেখ, দ্বিরুক্তি) সং, পুং, কোলাহল, গোলমাল। "তদাগমনজানন্দগসৎকগকলারবাঃ। প্রবলমারুতোদ্ধূতসলিলচলতরঙ্গসংঘট্টজনিত কলকলারবায়াঃ"।

কলঘোষ, (কল—ঘুষ্=শব্দকরা+ঘঞ্-ক। যে কলরব ঘোষণা করে, ২য়া-ষ) সং, পুং, কোকিল।

কলঙ্ক, (ক=ব্রহ্মা, সুখ ইত্যাদি—লন্‌ক্ মলিন করা+অল্ প্রং) সং, পুং, চিহ্ন, তাম্রাদি পাত্রের দাগ। অপযশ। লৌহাদি ধাতুর মলা,মরচে "আভাতি বেলা লবণাম্বুরাশের্ধারানিবদ্ধেব কলঙ্ক রেখা" রঘুবংশ।

কলঙ্কষ, (কল=কলরব—কষ্ শব্দকরা +খ—প্রং) সং, পুং, সিংহ। ষা—স্ত্রীং, করতালী।

কলঙ্কিত } (কলঙ্ক+ইত, ণিন্-অ-
কলঙ্কী } স্ত্যর্থে বিং, ত্রিং, কলঙ্কযুক্ত, যাহাতে কলঙ্ক হইয়াছে। অপবাদ গ্রস্ত। অপযশযুক্ত।

কলঙ্কুর, (কল=শব্দ+কৃ=করা+উর। যে শব্দ করে) সং, পুং, আবর্ত্ত, জলের পাক। জলের ঘুর্ণা।

কলঞ্জ, সং, পুং,—ক্লীং, বিষলিপ্ত বাণাদির দ্বারা বিদ্ধ জন্তু। তাম্র। তামাক।

কলট; সং, ক্লীং, গৃহাচ্ছাদন, চাল।

কলতুলিকা, সং,স্ত্রীং, ইচ্ছাবতী, কামুকা।

কলত্র, (ক্ষল্=নিঃসৃত হওয়া+অত্রপ্রং। গ=ক। কিম্বা কল=ক্ষীণ—ত্রৈ=পালন করা+ড—প্রং) সং, ক্লীং, নিতম্ব, কটি, দুর্গ। ভার্য্যা,স্ত্রী। [রৌপ্য। মধুর ধ্বনি।

কলধূত, কলধৌত; সং, ক্লীং, স্বর্ণ।

কলধ্বনি, (কল—ধ্বনি শব্দ) সং, পুং, অব্যক্ত মধুরধ্বনি পারাবত। কোকিল। ময়ূর।

কলন, (কল্=গণনাকরা ইত্যাদি+অনট্-ভা) সং, ক্লীং, না-স্ত্রীং, গণনা। দর্শন। গ্রহণ। গ্রাসন, গ্রাস। ধারণ, পরিধান। শব্দকরা। লঙ্ঘন। দোষ। চিহ্ন।

কলন্দর ; সং, পুং, বর্ণসঙ্কর জাতিবিশেষ।
কলপ,(দেশজ) সং, কৃষ্ণবর্ণ কাই,লেই। কেশাদি রঞ্জকদ্রব্যবিশেষ।
কলভ, (করভ দেখ, র=ল) সং, পুং, ত্রিংশদ্বর্ষীয় করিশাবক। উষ্ট্রশাবক।
কলম (কল্=গণনাকরা ইত্যাদি+অম—প্রং) সং, পুং, ধান্য বিশেষ। লেখনী। চৌর। ধূর্ত্ত। (দেশজ) বৃক্ষাদির শাখা হইতে জাত চারাগাছ।
কলম্ব, (কড়=ভক্ষণকরা ইত্যাদি+অম্ব—প্রং,) সং, পুং, কদম্ববৃক্ষ, শাকের ডাঁটা। বাণ। ম্বী—স্ত্রীং, কলমীশাক।
কলম্বিকা, (ক=মস্তক—লন্ব্=হওয়া, বিশ্রাম করা+ণক—প্রং) সং, স্ত্রীং, কলমীশাক।
কলরব, (কল=মধুরাস্ফুট-রব=ধ্বনি, ৬ষ্ঠী-হিং+য়ং-স) সং,পুং, কপোত,পারাবত পায়রা। কোকিল কলকলধ্বনি।
কলল, (কল্=গণনাকরা+অল্—প্রং) সং, পুং,—ক্লীং, জরায়ু, গর্ভাবরণ চর্ম্ম।
কললজ ; সং, পুং, ধুনা।
কলবিঙ্ক, (কল=মধুরধ্বনি—বিন্‌ক্=গমন করা ইত্যাদি+অ—প্রং। নিপাতন) সং, পুং, চটককা,চড়ুই পাখী। বৃক্ষ বিশেষ, ইন্দ্রযববৃক্ষ। শ্বেতচামর। কলঙ্ক, চিহ্ন, দাগ।
কলশ, পুং—ক্লীং, শি, শী—স্ত্রীং, } (ক=জল
কলস, পুং—ক্লীং, সি, সী—স্ত্রীং, }
—লশ্=শিল্পীহওয়া লস=আশ্লেষ+অ, ই—প্রং) সং, জলপাত্র, ঘড়া।
কলহ, (কল=সুশ্রাব্যশব্দ—হ [হন+ড] যে বধ করে ২য়া—ষ) সং, পুং—ক্লীং, বিবাদ, যুদ্ধ। ঝকড়া। খড়্গাকোষ। "পুত্রেষু পুত্রৈর্মে কলহো ন ভবিষ্যতি"। "ভবন্তি ভেদা জ্ঞাতীনাং কলহাশ্চ"। "কুর্ব্বন্তঃ কলহং ঘোরং পক্ষিণোহস্য রথাগ্রতঃ"।
কলহংস, (কল=মনোহর শব্দ—হংস। সুস্বরবিশিষ্ট হংস, য়ং—স) সং, পুং, রাজহংস, "চলৎপদাম্ভোরুহ নূপুরোপমা চুকূচ কূলে কলহংসমণ্ডলঃ" নৈষধ। শ্রেষ্ঠরাজা উত্তম রাজা। ব্রহ্ম। পরমাত্মা। ভূদেব, ব্রাহ্মণ।
কলহান্তরিতা, (কলহ—অন্তরিতা=আচ্ছাদিয়ত্রী ৩য়া—ষ) সং, স্ত্রীং, যে নায়িকা নায়কের সহিত কলহ করিয়া পরে অনুতাপ করে। যে কুপিত হইয়া মানভরে নায়কের সহিত বাক্যালাপ করে না এবং পশ্চাৎ মানজন্য অনুশোচনা করে।
কলা, (কল দেখ, আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, চন্দ্রের ষোড়শভাগ। "কলাচ সা কান্তিমতী কলাবতঃ ত্বমস্য লোকস্য চ নেত্রকৌমুদী" কুমার সম্ভব। অল্পসময়। অংশ। কালের অংশ বিশেষ ; অষ্টাদশ নিমেষে এককাষ্ঠা, ত্রিংশৎ কাষ্ঠায় এককলা,বিভূতি। নৌকা। কাপট্য। সামর্থ্য। শৌর্য্যাদি গুণ। টাকার সুদ। কলন। মরীচিপত্নী। সন্ধ্যা। গীত, বাদ্য, নৃত্য, নাট্য, আলেখ্য, পুষ্পাস্তরণ, দশনবসনাঙ্গরাগ, শেখরাপীড়যোজন, গন্ধযুক্তি, ভূষণযোজন,ঐন্দ্রজাল, কাব্যসমস্যাপূরণ, তর্ক কর্ম্ম, কেশমার্জন, কৌশল, দেশভাষা জ্ঞান, বৃক্ষায়ুর্ব্বেদযোগ, আকরজ্ঞান, মণিরাগ জ্ঞান ইত্যাদি ৬৪ বিদ্যা "গীতবাদিত্রকুশলাঃ নৃত্যেষু কুশলাস্তথা। উপায়জ্ঞাঃ কলাজ্ঞাশ্চ বৈশিকে পরিনিষ্ঠিতাঃ (যোষিতঃ)" "চতুঃ ষষ্ট্যঙ্গমদদৎ কলাজ্ঞানং মমাদ্ভুতং"।
কলাই, (কলায় শব্দজ) সং, কড়াই, শস্য বিশেষ। তাম্রাদি নির্ম্মিত পাত্র রংকরা।
কলাকূল ; সং, ক্লীং, বিষ।
কলাকেলি, (কলা=কপট—কেলি=যে ক্রীড়া বা কৌতুক করে) সং, পুং, কামদেব। মদন।
কলাঙ্কুর ; সং, পুং, সারসপক্ষী। কংস।
কলাচিকা, কলাচী ; সং, স্ত্রীং, প্রকোষ্ঠ। হস্ত।

কলাদ, (কলা = শিল্পবিদ্যা—দা=দান করা+ড—প্রং) সং, পুং, স্বর্ণকার।

কলাধর, (কলা—ধর=যে ধারণ করে, ২য়া—ষ) সং, পুং, চন্দ্র।

কলান, (দেশজ) সং, যোগকরণ গজান।

কলানিধি, (কলা—নিধি=আধার, ৬ষ্ঠী—ষ) সং, পুং, চন্দ্র।

কলাপ, (কলা—আপ্= পাওয়া+অ—প্রং) সং, পুং, ময়ূরপুচ্ছ। সমূহ। ভূষণ তূণ। চন্দ্র। মেখলা,কটিভূষণ, চন্দ্রহার। বিদগ্ধব্যক্তি। ব্যাকরণবিশেষ। "ব্যালোল কুন্তল কলাপবতী"। "অর্থং বিনা নৈব কলাকলাপং প্রাপ্নোতিমর্ত্ত্যোঽত্র মনুষ্যলোক"। "মুক্তাকলাপীকৃত সিন্ধুবারং বসন্ত পুষ্পাভরণং বহন্তী"। কুমার সম্ভব।

কলাপক, (কলাপ+ক—স্বার্থে) সং, পুং, কলাপ। হস্তীর গলদেশস্থ রজ্জু। ক্লীং, মিলিত চারি, শ্লোক। সমূহ।

কলাপী, (কলাপিন্, কলাপ= ময়ূরপুচ্ছ —গিন্—অস্ত্যর্থে) সং, পুং, ময়ূর (কল মধুরধ্বনি—আপ্ পাওয়া+ইন্—ক) কোকিল। "যস্মিন্কালে ময়ূরাঃ কালাপিনো ভবন্তি স উপচারাৎ কলাপী"। "কাংশ্চিৎ প্রিয়াভিঃ সহিতান্ কলাপিনঃ"।

কলাভৃৎ, (কলা—ভৃৎ=যে পোষণ করে) সং, পুং, চন্দ্র।

কলাম্বিকা, (কলা—অম্ব=গমন করা+ণক—প্রং। আপ্—স্ত্রীলিঙ্গে। সং,স্ত্রীং, ঋণদান, ধার দেওয়া।

কলায়, (ক=বায়ু—লা=গ্রহণকরা,দানকরা+য—প্রং) সং, পুং,কলাই,কড়াই।

কলায়ন, (কলা—অয়ন=গমন) সং, পুং, নর্ত্তক।

কলালাপ, (কল=মধুর—আলাপ=কথন, শব্দ, ৬ষ্ঠী—হিং+৬ষ্ঠী—ষ) সং, পুং, মধুর অব্যক্তধ্বনি। মধুরশব্দ। ভ্রমর।

কলাবান্,কলাবৎ, কলা+বৎ—অস্ত্যর্থে) সং, পুং, চন্দ্র "কলাচ সা কান্তিমতী কলাবতঃ" কুমারসম্ভব। বতী—স্ত্রীং, তুম্বুরু গন্ধর্ব্বের বীণা। বিং, ত্রিং, নৃত্যগীতাদিতেদক্ষ, কালোয়াত,কলাবিশিষ্ট।

কলাবিক, সং,পুং, কুক্কুট, কুঁকুড়া।

কলাবিকল, (কলবিঙ্ক=দেখ) সং, পুং, চড়ুই পাখী। চটকিকা।

কলি, (কল্= গণনা করা ইত্যাদি+ই—প্রং) সং, পুং, চতুর্থযুগ। "কালস্তাহং কলের্বন্দী তচ্চাটুচটুলাননঃ" উত্তরনৈষধ। যুদ্ধ, দ্বেষ। কলহ। শূল। কা, লী—স্ত্রীং, কোরক, অস্ফুট পুষ্প।

কলিক, সং, পুং, বক। ক্রৌঞ্চপক্ষী।

কলিঙ্গ, (কলি=কলহ ইত্যাদি—গম্=গমন করা + ড—প্রং) সং, পুং, দেশবিশেষ, উৎকলের দক্ষিণ দ্রাবিড় পর্য্যন্ত সমুদ্র তীরস্থ দেশ "উৎকলাদর্শিতপথঃ কলিঙ্গাভিমুখং যযৌ" রঘুবংশ। বৃক্ষবিশেষ। ঙ্গা—স্ত্রীং, সুন্দরী স্ত্রী।

কলিজা, (দেশজ) সং, বক্ষঃস্থলের গ্রন্থিবিশেষ। চাঁচ, দরমা, মাদুর প্রভৃতি।

কলিঞ্জ, সং, পুং, তৃণ-নির্ম্মিত আসন,

কলিত, (কল্=গণনা করা ইত্যাদি+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অবগত। উপার্জ্জিত। লব্ধ। গণিত। গৃহীত। বিচারিত। বদ্ধ ধৃত। উক্ত। দৃষ্ট।

কলিদ্রুম, (নলশরীরে প্রবেশকালে ছিদ্রানুসন্ধানার্থ কলি এই বৃক্ষে আশ্রয় গ্রহণ করিয়াছিলেন) সং, পুং, বিভীতক বৃক্ষ। "নিষ্পদস্য কলেস্তত্র স্থানদানাদ্বিভীতকঃ কলিদ্রুমঃ পরং নাসীদাসীৎ কল্পদ্রুমোপি সঃ" উত্তরনৈষধ।

কলিন্দ, (কলি—দাণ—আগম) সং, পুং, সূর্য্য। পর্ব্বত বিশেষ।

কলিন্দকন্যা, (কলিন্দ=পর্ব্বতভেদ, হিমালয়ের অংশ বিশেষ—কন্যা, ৬ষ্ঠী—ষ সং, স্ত্রীং, কলিন্দ নন্দিনী, যমুনা, কালিন্দী। কলিন্দ পর্ব্বত এই নদীর উৎপত্তি স্থান বলিয়া ইহার নাম কলিন্দ-

কন্যা হইয়াছে। "কলিন্দকন্যা মথুরাং গতাপি,গঙ্গোর্ম্মি সংসক্ত জলেব ভাতি" রঘুবংশ।

কলিপ্রিয়, (কলি=কলহ বা কলিকাল—প্রিয়) সং, পুং, নারদ। বিভীতক বৃক্ষ। বানর। বিং, ত্রিং, কলহপ্রিয়।

কলিল, (কল্=গণনা করা ইত্যাদি+ইল—প্রং) বিং, ত্রিং, গহন, যাহার মধ্যে প্রবেশ করা যায় না। দুষ্প্রবেশ্য কাননাদি। মিশ্রিত। [জাতি।

কলু, (দেশজ) সং, তৈলিক, তৈলকার-

কলুনী, (দেশজ) সং, কলুর ভার্য্যা, তৈলকারপত্নী।

কলুষ, কল্=গমনকরা ইত্যাদি+উষ—প্রং) সং, পুং, মহর্ষি। সং, ক্লীং, পাপ বিং, ত্রিং, পাপী। মলিন। আবিল, ঘোলা, ক্ষুব্ধ। দুঃখিত। অসমর্থ। গর্হিত। "কণ্ঠস্তম্ভিতবাষ্পবৃত্তি কলুষঃ"। "ত্যজৈনং কলুষং ভারং"।

কলুষিত, (কলুষ+ইত—প্রং) বিং, ত্রিং, পাপযুক্ত। মলিনীকৃত।

কলেবর, (কলে=বীর্য্যেতে, শুক্রেতে—বর=শ্রেষ্ঠ, আবৃত। ইহা শুক্রেতে নির্ম্মিত, অথবা শুক্রোৎপন্ন বস্তুর মধ্যে পবিত্র) সং, ক্লীং, শরীর, গাত্র।

কল্ক, (কল্=গণনাকরা ইত্যাদি+ক—প্রং) সং, পুং—ক্লীং, মৎস্যাদির আঁস। খলি। শিটে। কাট। মল। দম্ভ, অহঙ্কার। কর্ণমূল। প্রতারণা। পাপ। ঘৃত তৈলাদি পাকে দেয় ঔষধি দ্রব্য। বিং ত্রিং, পাপিষ্ঠ। "দ্রব্যমাত্রং শিলাপিষ্টং শুষ্কং বা জলমিশ্রিতং। তদেব সূরিভিঃ পূর্ব্বৈঃ কল্ক ইত্যভিধীয়তে"। "তপো ন কল্কোঽধ্যয়নং ন কল্কঃ স্বাভাবিকো বেদবিধির্ন কল্কঃ। প্রসহ্য বিত্তাহরণং ন কল্ক স্তান্যেব ভাবোপহতানি কল্কঃ"।

কল্কন, (কল্ক দেখ=অনট—ভা) সং, ক্লীং, ক্বাথ, শিটে। অহঙ্কার, দম্ভ। কলহ। শঠতা।

কল্কফল, সং, পুং, দাড়িম্ব বৃক্ষ।

কল্কলানী, (কলকল শব্দ) সং, জল প্রবাহের ধ্বনি, কলকল শব্দ।

কল্কি, কল্কী (কল্কিন্ কল=গমন করা+ক্কি—প্রং।—কল্ক+গিন্—প্রং) সং,পুং, বিষ্ণুর দশম অবতার, কলিযুগের শেষে ভাবী অবতার। "কল্কী বিষ্ণুযশা নাম দ্বিজঃ কালপ্রচোদিতঃ। উৎপৎস্যতে মহাবীর্য্যো নূনং মহাপরাক্রমঃ। সম্ভূতঃ সম্ভল গ্রামে ব্রাহ্মণাবসথে শুভে"। "শ্রুত্বৈতৎ বচনামৃতং কলিকুলধ্বংসস্য কল্কেরলং" "কল্কিঃ কল্কহরঃ শ্রীমানাহ সংহর্ষয়ন্ শনৈঃ" কল্কিপুরাণ।

কল্প, (কৃপ্=পারক হওয়া+অ—প্রং। ঋ=অল্) সং, পুং, বেদাঙ্গ বিশেষ, ব্রহ্মার দিবাভাগ, ৪,৩২০,০০০,০০০ বৎসর। প্রলয়। বিকল্প। সঙ্কল্প। বিধান। বিধি। ন্যায়। বেদবিধি বিশেষ। অভিপ্রায়। বৃক্ষ। ত্রিং, (কোন শব্দের পরে প্রয়োগ করিলে) তৎসদৃশ, তার তুল্য "ব্রাহ্মে মুহূর্ত্তে কিল তস্য দেবী কুমারকল্পং সুষুবে কুমারং" রঘুবংশ। প্রত্যয়বিশেষ ঊন অর্থে এই প্রত্যয় হয় যথা বিদ্বৎকল্প অর্থাৎ ঈষৎ ঊন বিদ্বান্।

কল্পক, (কৃপ্=ছেদন করা+ণক—সংজ্ঞার্থে) সং, পুং, নাপিত। বিং, ত্রিং, ছেদনকারী। কল্পনাকারক।

কল্পতরু, কল্পদ্রু, কল্পদ্রুম, কল্পবৃক্ষ } (কল্প=মানস, অভিপ্রায়—তরু, দ্রু দ্রুম, বৃক্ষ=পাদপ। কল্পান্ত স্থায়ী বৃক্ষ, ৬ষ্ঠী—ষ। এই বৃক্ষের নিকট যাহা যাচ্ঞা করা যায়, তাহাই পাওয়া যায়) সং, পুং, অভীষ্ট-ফলদাতা স্বর্গীয় বৃক্ষ। অতিশয় দাতা, "নিগমকল্পতরোর্গলিতং ফলং"। "ইষ্টং চ মিষ্টং চ ফলং সুবানা দেবা হি কল্পদ্রুমকাননং নঃ" উত্তরনৈষধ

কল্পন, (কল্প দেখ, অনট—ভা) সং, ক্লীং, না—স্ত্রীং, রচনা, আরোপ। উদ্ভাবন, অবাস্তব বিষয়ের যথার্থ রূপে বর্ণনা।

সম্ভাবনা। হস্তিসজ্জা। মানস, মনন। সঙ্কল্প। স্থিরকরণ সামর্থ্য। পর্য্যাপ্তি। "কাচিৎ বিশ্ববিশেষকল্পনপরা"। "ইয়ংস্থাদংশ কল্পনা"।

কল্পনাশক্তি, সং, স্ত্রীং, কবিগণ যে শক্তি প্রভাবে নব নব বিষয় সকল উদ্ভাবিত করেন।

কল্পপাদপ, (কল্প=মানস=অভিপ্রায়—পাদপ=বৃক্ষ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কল্পতরু। অভীষ্টফলপ্রদ স্বর্গীয় বৃক্ষ।

কল্পান্ত, (কল্প=ব্রহ্মার দিন—অন্ত=শেষ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, যুগান্ত, প্রলয়কাল। শরীরং ক্ষণবিধ্বংসি কল্পান্তস্থায়িনো গুণাঃ" হিতোপদেশ।

কল্পিত, (কল্প—ক্ত—র্ম্ম) সং, পুং, যুদ্ধার্থ সজ্জিত হস্তী। বিং, ত্রিং, নিশিত, অবধারিত। আরোপিত। দত্ত। সম্পাদিত। উদ্ভাবিত।

কল্পিত-ধর্ম্ম, সং,পুং,অনীশ্বরে ঈশ্বরজ্ঞান।

কল্মষ, (কর্ম্ম—সো=নাশকরা+অ-প্রং নিপাতন) সং,ক্লীং,পাপ। নরকবিশেষ। বিং, ত্রিং, মলিন। পাপিষ্ঠ "প্রসাদয়ামাস তদা দুর্ব্বাসসমকল্মষং"বিষ্ণুপুরাণ।

কল্মাষ, (কল [কল=গমনকরা ইত্যাদি +ক্বিপ্ প্রং] গমন—মষ=হানি করা +অ—প্রং। যে অন্য বর্ণকে নষ্ট করে) সং, পুং, কৃষ্ণবর্ণ। বিচিত্রবর্ণ, শ্বেতকৃষ্ণ মিশ্রিত বর্ণ। রাক্ষস। স্বনাম প্রসিদ্ধ দানব। বিং, ত্রিং, বিচিত্রবর্ণে রঞ্জিত।

কল্মাষকণ্ঠ, (কল্মাষ=কৃষ্ণবর্ণ বিশিষ্ট—কণ্ঠ, ৬ষ্ঠী—) সং,পুং, নীলকণ্ঠ, মহেশ্বর

কল্মাষপাদ, সং, পুং, রাজা সৌদাস।

কল্য, কল্=গণনা করা ইত্যাদি+য—প্রং) সং, ক্লীং, গতদিন। আগামীদিন। প্রাতঃকাল। লগ্ন। মধু। বিং, ত্রিং, দক্ষ। অত্যুৎকৃষ্ট। মঙ্গলকর। সজ্জিত। সুস্থ। বধির, কালা এবং বোবা। ল্যা—স্ত্রীং,মদ্য। কল্যাণ বচন। শুভবাক্য।

কল্যজগ্ধি, (কল্য=প্রাতঃকাল—জগ্ধি ভোজন) সং, স্ত্রীং, প্রাতরাশ, প্রাতর্ভোজন, কল্যবর্ত্ত।

কল্যত্ব, (কল্য=সুস্থ+ত্ব—ভাবে) সং, ক্লীং, আরোগ্য, স্বাস্থ্য।

কল্যপাল, (কল্য [মধু] মদ্য—পাল=যে পোষণ করে) সং,পুং,শৌণ্ডিক,শুঁড়ি

কল্যাণ, (কল্য=সুস্থ—অণ্=হওয়া, শব্দকরা+অ—প্রং) সং, ক্লীং, মঙ্গল। সুখ। স্বর্ণ। বিং, ত্রিং, সুখী। সাধু শুভদায়ক। সং, স্ত্রীং, মঙ্গলমূর্ত্তি গাভী। "উপস্থিতেয়ং কল্যাণী নাম্নি কীর্ত্তিত এব যৎ" রঘুবংশ।

কল্ল, (কল্ল=অব্যক্ত শব্দকরা+অ—প্রং) বিং, ত্রিং, কালা, বধির,। যে শুনিতে পায়না।

কল্লা, (দেশজ) বিং, দুষ্ট, শঠ। অবাধ্য।

কল্লোল, (কল্ল দেখ, ওল—প্রং) সং, পুং, মহাতরঙ্গ। আনন্দ। বিং, ত্রিং, শত্রু। "অন্যোন্যপ্রতিঘাতসংকুলচলৎকল্লোলকোলাহলৈরুত্তালাস্ত ইমে গভীরপয়সঃ পুণ্যাঃ সরিৎসঙ্গমাঃ" উত্তরচরিত।

কবচ, (কু=শব্দকরা+অচ—প্রং) সং, পুং—ক্লীং, সন্নাহ, বর্ম্ম, সাঁজোয়া। পুং, বাদ্য, যন্ত্রবিশেষ নাগরা বাদ্য। তন্ত্রশাস্ত্রোক্ত মন্ত্রবিশেষ। এই মন্ত্র শরীরে ধারণ করিলে শারীরিক কোন প্রকারে বিঘ্ন বা অনিষ্ট ঘটেনা বলিয়া অনেকেই ইহা ভূর্জ্জপত্রে লিখিয়া গলদেশে, বা কটিদেশে ধারণ করেন। "ববন্ধ কবচং দৃঢ়ম্" "প্রাণাংশ্চরিত্র কবচান্ ধারয়ন্তি পরস্ত্রিয়ঃ"। "কুঞ্জরান্ কবচাবৃতান্"

কবচ-পত্র, সং, ক্লীং, কবচ লিখিবার পত্র, ভূর্জ্জপত্র।

কবয়ী, সং, স্ত্রীং, মৎস্যবিশেষ, কইমাছ।

কবর, (ক=মস্তক—বৃ=আচ্ছাদন করা +অ—প্রং) সং, পুং—ক্লীং, রী—স্ত্রীং, কেশবিন্যাস। ক্লীং, অম্ল। লবণ। বিং, ত্রিং,কর্ব্বুর বর্ণে রঞ্জিত, সম্পৃক্ত, খচিত

কবল, (ক—বল্=বলবানহওয়া+অ—

প্রং। যাহার দ্বারা শরীর বলিষ্ঠ হয়) সং, পুং, গ্রাস। "আস্বাদবদ্ভিঃ কবলৈস্তৃণানাম্ কণ্ডূয়নৈর্দংশনিবারণৈশ্চ" রঘুবংশ। মৎস্যবিশেষ, বেলেমাছ।

কবলিত, (কবলি [নাম ধাতু] গ্রাস করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, গ্রস্ত, ব্যাপ্ত। ভক্ষিত। কৃতগ্রাস।

কবি, (কব্=স্তুতিকরা ইত্যাদি+ই—প্রং,) সং, পুং, কাব্যকর্ত্তা, যাহার কবিতা রচনা শক্তি আছে। বাল্মীকি। সূর্য্য। শুক্রাচার্য্য। ব্রহ্মা। পণ্ডিত। বি, বী—স্ত্রীং, লাগাম। "চতুরো ব্রাহ্মণস্তাদ্যান্ প্রশস্তান্ কবয়ো বিদুঃ"। "মন্দঃ কবিযশঃপ্রার্থী গমিষ্যাম্যুপহাস্যতাং"।

কবিক, (কবি দেখ, ক—যুক্ত হইল) সং, ক্লীং, কা—স্ত্রীং, লাগাম। কইমাছ।

কবিতা, (কবি+তা—ভাবে) সং, স্ত্রীং, কবিত্ব, কবিকৃতি। শ্লোক। "কবিতাবনিতা চৈব স্বায়াতা সুখদায়িকা"।

কবোষ্ণ, (কু=ঈষৎ—উষ্ণ, স্বং—স। কু—কব) বিং, ত্রিং, ঈষদুষ্ণ। "পয়ঃ পূর্ব্বৈঃ স্বনিশ্বাসৈঃ কবোষ্ণমুপভুজ্যতে" রঘুবংশ।

কব্য (কু=শব্দকরা ইত্যাদি+য—প্রং) সং, ক্লীং, মৃত ব্যক্তির উদ্দেশে দেয় আহারীয় দ্রব্য। "যস্যাস্যেন সদাশ্নন্তি হব্যানি ত্রিদিবৌকসঃ। কব্যানি চৈব পিতরঃ কিংভূতমধিকং ততঃ।

কশা, ষা, সা (কশ্—বধকরা+অ—প্রং। আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, চাবুক, লাগাম।

কশিপু, কসিপু (কশ্=বধকরা+পু) পুং, অন্নবস্ত্র, গ্রসাচ্ছাদন। নিপাতন। শয্যা।

কশেরু, (ক—শৃ—হিংসাকরা+উ—প্রং ঋকার=এর্) সং, পুং, ক্লীং, জম্বু-দ্বীপের নববিভাগান্তর্গত অংশবিশেষ। পৃষ্ঠের অস্থি, মেরুদণ্ড। (The back bone) স্ত্রীং, তৃণমূলবিশেষ, কেশূর।

কশেরুক, (কশেরু+ক—যোগ) বিং, ত্রিং, যে সকল জীবের মেরুদণ্ড আছে। সং, পুং,—ক্লীং, কশেরু।

কশেরুকা, কষেরুকা (কশেরু দেখ, ক—যুক্ত হইল) সং, স্ত্রীং, মেরুদণ্ড।

কশ্চন, কশ্চিৎ (কঃ+চন, চিৎ—অসাকল্যার্থে) সং, অং, কোন লোক, কোন ব্যক্তি, কেহ।

কশ্মল, কস্মল (কশ্=গমনকরা+মল—প্রং) সং, ক্লীং, দুরাচার। পাপ। মূর্চ্ছা। বিং, ত্রিং, দুষ্ট, পাপী। মলিন। কুৎসিত। নিন্দিত "মৎসম্বন্ধাৎ কশ্মলা কিম্বদন্তী স্যাচ্চেদস্মিন্ হন্ত ধিঙ্‌মামধন্যং"।

কশ্মীর, (কশ=গমনকরা+ঈর—প্রং,। ম্—আগম) সং, পুং, স্বনাম খ্যাতদেশ, কাশ্মীর দেশ।

কশ্মীরজ, কশ্মীরজন্মা (কশ্মীরজন্মন্, কশ্মীর=জন্মন্ উৎপত্তি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কুঙ্কুম।

কশ্য (কশ্=আঘাত করা, শাসনকরা+য—প্রং) সং, ক্লীং, অশ্ব-কটিদেশ, অশ্বের মধ্য স্থল। মদ্যবিশেষ। (কশা+য—র্ম্ম) বিং, ত্রিং, কশাঘাতের পাত্র। কশাঘাতের উপযুক্ত।

কশ্যপ; সং, পুং, দেবতা দানবের গুরু, স্বনাম খ্যাত মুনি, মৎস্যবিশেষ। মৃগবিশেষ।

কষ, (কষ্=হিংসাকরা, আস্বাদনকরা, পরীক্ষা করা+অ—প্রং) সং, পুং, যে প্রস্তরে ঘর্ষণ করিয়া স্বর্ণের পরীক্ষা করা যায়। কষ্টিপাথর। "ছদহেম কষনিবালসৎ, কষপাষাণনিভে নভস্থলে" নৈষধ।

কষণ, (কষ্=হিংসাকরা+অনট্‌ভা) সং, ক্লীং, ঘর্ষণ। কণ্ডূয়ন। কষা, প্রস্তরে ঘর্ষণ করিয়া পরীক্ষা করণ। (দেশজ) সং, টানিয়া বন্ধন।

কষণী, (দেশজ) সং, ধমকানী, আঁটুনী।

কষা, (কষায়শব্দজ) সং, কটুরস। ব্যয়কুণ্ঠ, কৃপণ।

কষাণি, (দেশজ) সং, ক্লেদ। নির্গতরস।
কষায়, কষ্=হিংসাকরা+আয়—প্রং) সং, পুং,—ক্লীং, রসবিশেষ, কষা রস। কাথ। নির্য্যাস। সুগন্ধ লেপনদ্রব্য। রং। বিং, ত্রিং, রক্ত এবং পীত মিশ্রিত বর্ণ। রঞ্জিত। সুশ্রাব্য "চূতাঙ্কুরাস্বাদ-কষায়কণ্ঠঃ পুংস্কোকিলো যন্মধুরং চুকূজ"। কুমারসম্ভব। সুরভি। কষায় আস্বাদ বিশিষ্ট।
কষায়িত, (কষায়=রং+ইত—অস্ত্যর্থে) বিং, ত্রিং, রঞ্জিত, ছোবান। রক্তপীত মিশ্রিত বর্ণ। বিলেপিত।
কষি, (কষ=হিংসাকরা+ই—প্রং) বিং ত্রিং, হিংসক। (দেশজ) দীর্ঘসরল রেখা, "—" এই রূপ চিহ্ন।
কষিত, (কষ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং; যাহা কষা গিয়াছে, পরীক্ষিত, স্বর্ণাদি।
কষ্ট, (কষ্=হিংসাকরা+ক্ত—ভা, ক) সং, ক্লীং, ক্লেশ, যন্ত্রণা, দুঃখ। "কষ্টং জনঃ কুলধনৈরনুরঞ্জনীয়ঃ" উত্তর-চরিত। বিং, ত্রিং, ক্লিষ্ট। দুঃখজনক। কুৎসিত,গহন। "স হি কষ্টতরো রিপুঃ" "ইতঃ কষ্টতরং কিংনু"। "কষ্টাবৃত্তিঃ পরাধীনা কষ্টবাসো নিরাশ্রয়ঃ। নির্ধনো ব্যবসায়শ্চ সর্ব্বকষ্টা দরিদ্রতা"।
কষ্টকল্পনা; সং, স্ত্রীং, কষ্টে কল্পনা, যাহা সহজে কল্পনা করিতে পারা যায় না।
কষ্টকারক, (কষ্ট=ক্লেশ—কারক=কর্ত্তা কারণ) সং, পুং, সংসার। বিং, ত্রিং, দুঃখ জনক।
কষ্টশ্রিত, (কষ্ট—শ্রিত=আশ্রিত, ২য়া—ষ) বিং, ত্রিং,যে কষ্ট আশ্রয় করিয়াছে, যে কঠোর ব্রত আচরণ করিতেছে।
কষ্টসহ, (কষ্ট—সহ=সহন) বিং, ত্রিং, যে কষ্ট সহ্য করিতেপারে। ক্লেশসহিষ্ণু।
কষ্টি, (কষ+ক্তি—ভা) সং, স্ত্রীং, কষা, স্বর্ণাদি পরীক্ষা করণ, কষণ। [সৃক্কণী।
কস্, (দেশজ) সং, মুখের প্রান্তভাগ।
কস্তীর, (কস্=গমন করা, নিপাতন। অথবা ক—তীর্=কর্ম্ম সমাপন করা+অ—প্রং) সং, পুং-ক্লীং, রঙ্গ, রাঙধাতু।
কস্তুরিকা, কস্তূরিকা, কস্তূরী } (কস্=গমন-করা+তুর—প্রং। ক—যোগে কস্তুরিকা, কস্তূরিকা। ইহার গন্ধ দূরে গমন করে) সং, স্ত্রীং, মৃগনাভি। কস্তূরি ত্রিবিধ, কপিলা পিঙ্গলা এবং কৃষ্ণা। ইহা নেপাল কাশ্মীর এবং কামভূপদেশে সচরাচর পাওয়া যায়। কামভূপ প্রদেশস্থ কস্তুরি সর্ব্বোৎকৃষ্ট, নেপাল দেশীয় কস্তূরি মধ্যম, কাশ্মীরজ কস্তূরী সকলের অধম।
কস্মিন্‌কালে, (কস্মিন্ [সপ্তম্যন্ত কিম্ শব্দ]—কালে কালেতে) অং, কোন্ সময়ে।
কহন, (দেশজ) সং, কথন, বলন, বাক্য প্রয়োগ।
কহা, (দেশজ) বিং, কথিত, উক্ত, বলা।
কহ্লার, (ক=জল—হার=মুক্তাদির মালা ৬ষ্ঠী—ষ। ল—আগম) সং, ক্লীং, শ্বেতোৎপল, সুঁদি।
কহ্ব, (ক=জল—হ্বে=আহ্বান করা+অ—প্রং) সং, পুং, বক। ক্রৌঞ্চ।
কাই, (দেশজ) সং, লেই, মণ্ড, কলপ।
কাট, (দেশজ) সং, তৈলাদির শিটে, মলা। খাদ। কল্ক।
কাওরা, (দেশজ) সং, নীচজাতি বিশেষ।
কাংস্য, (কংস = দেখ, য—স্বার্থে) সং, পুং—ক্লীং, পানপাত্র। ক্লীং, মিশ্রধাতু-বিশেষ, তাম্র এবং রাং মিশ্রিত ধাতু। কাঁসা। বাদ্য যন্ত্রবিশেষ, কাঁসী।
কাংস্যকার, (কাংস্য—কার = যে করে, ২য়া—ষ) সং, পুং, যে কাংস্যধাতু নির্ম্মাণ করে, কাঁসারী।
কাঁক, (কক্ষ এবং কক্ষ শব্দজ) সং, কঙ্ক পক্ষী। কক্ষদেশ, বগল।
কাঁকই, (কঙ্কতিকাশব্দজ) সং, চিরুণী।
কাঁকড়া, (কর্কটশব্দজ) সং, কুলীর, কর্কট।

কাঁকড়াবিছা, সং, তীক্ষ্ণদাড়াযুক্ত ক্ষুদ্রবিছ

কাঁকড়াবিছা।

কাঁকর, (কঙ্করশব্দজ) সং, অতি ক্ষুদ্র প্রস্তর খণ্ড।

কাঁকাল, (দেশজ) সং, কটি, কোমর।

কাঁকুড়, (কর্কটিশব্দজ) সং, অপক্কফুটি।

কাঁচ, (কাচশব্দজ) সং, স্বচ্ছ বস্তুবিশেষ। ইহা বালি এবং একপ্রকার ক্ষার একত্রে মিশ্রিত করিয়া অগ্নিদ্বারা উত্তাপিত করিলে উৎপন্ন হয়। পরকলা।

কাঁচকড়া ; সং, তিমিমৎস্যের দন্ত স্থানে এক প্রকার কোমল অস্থি আছে ইহাই কাঁচকড়া নামে খ্যাত।

কাঁচলি, কাঁচুলি, (কঞ্চুলিকা শব্দজ) সং, স্ত্রীলোকের অঙ্গরক্ষণী, স্তনাবরক বস্ত্র-নির্ম্মিত পরিচ্ছদ বিশেষ।

কাঁচপোকা, সং, পতঙ্গ বিশেষ।

কাঁচপোকা।

কাঁচা, (দেশজ) বিং অপরিণত। অপরিপক্ক। [বিং, অপক্ক, অসম্পূর্ণ।

কাঁচী, (দেশজ) সং, কর্ত্তরিকা, ছেদনী।

কাঁজি, (কাঞ্জিক শব্দজ) সং, আমানি।

কাঁটা, (কণ্টক শব্দজ) সং, কণ্টক। বাবলা, শাঁই প্রভৃতি বৃক্ষের গাত্রস্থ সূচি

'কাঁটা হেরি ক্ষান্ত কেন কমল তুলিতে দুঃখ বিনা সুখলাভ হয় কি মহীতে"। পীড়াজনক দ্রব্য। ক্ষুদ্র শত্রু।

কাঁটাল, (কণ্টকীফল শব্দজ) সং, বঙ্গদেশীয় ফলবিশেষ,পনস। বিং, কণ্টকময়

কাঁঠী, (দেশজ) সং, জালস্থিত লৌহনির্ম্মিত বর্ত্তুল। শুক পক্ষীর গলরেখা। প্রবাল বিশেষ।

কাঁড়ন, (কণ্ডন শব্দজ) সং, নিস্তুষকরণ, পরিষ্কারকরণ। কুঁড় বাহির করা।

কাঁড়া, (কণ্ডিত শব্দজ) বিং, পরিষ্কৃত, নির্ম্মলীকৃত।

কাঁড়ি, (দেশজ) সং, রাশি, ঢিপী। তালকাটের আড়া।

কাঁত, কাঁথ, (দেশজ) সং, ভিত্তি, প্রাচীর।

কাঁৎড়া, (দেশজ) সং, ভগ্ন প্রাচীর, জীর্ণ দেওয়াল। যথা দেশীয় প্রবাদ "ছাগল খোঁজে ভাঙা কাঁৎড়া"।

কাঁথা, (কন্থা শব্দজ) সং, জীর্ণ বস্ত্র নির্ম্মিত আস্তরণ। [পন।

কাঁদা, (ক্রন্দন শব্দজ) সং, রোদন, বিলকাঁদা, কাঁধা, (দেশজ) সং, কূল, তীর।

কাঁধ, (স্কন্ধ শব্দজ সং, স্কন্ধ, কন্ধর, ভারবহনের স্থান।

কাঁপন, কাঁপা, কাঁপনী, (কম্পন শব্দজ) সং, থরথর করণ, লড়ন।

কাঁসর, (কাংস্য শব্দজ) সং, কাংস্য নির্ম্মিত এক প্রকার যন্ত্রবিশেষ।

কাঁসা, (কাংস্য শব্দজ) সং, রাং তামা মিশ্রিত ধাতু।

কাঁসারি, (কাংস্যকার শব্দজ) সং, কাংস্যবণিক্।

কাক, কাগ, (কৈ=শব্দকরা+ক—প্রং কিম্বা কা—কৈ শব্দকরা+অ—প্রং। যে 'কা' এই শব্দকরে। অথবা কু=কুৎসিত —অক্ গমনকরা+অ—প্রং) সং, পুং, স্বনামখ্যাত পক্ষী। দ্বীপবিশেষ। কড়ার চতুর্থাংশ। "কাকাঃ কিমপরাধ্যন্তি হংসৈর্জগ্ধেষু শালিষু"।

কাকচিঞ্চা } (কাক—চিঞ্চা=অগ্রভাগ
কাকচিঞ্চি } যাহার অগ্রভাগ কাকের
কাকচিঞ্চী } ন্যায় কাল, ৬ষ্ঠী—হিং)
সং,স্ত্রীং, গুঞ্জা, কুঁচ ।[পুং, খঞ্জন পক্ষী।

কাকচ্ছদ, .(কাক—ছদ = পাখা) সং,

কাকতন্দ্রা } সং, স্ত্রীং, কাকের মত
কাকনিদ্রা } নিদ্রা,অতি সতর্ক নিদ্রা,
সজাগ ঘুম ।

কাকতালীয়, (কাক—তাল=ফলবিশেষ +ঈয়—তুল্যার্থে। অথবা কাকঅর্থাৎ কাকগমন—তাল অর্থাৎ তালপতন+ ঈয়—তুল্যার্থে। কাক গমন এবং তাল পতনের ন্যায় অসম্ভব বিষয়কে লক্ষ্য করিয়া ইহা উক্ত হইয়াছে) বিং, ত্রিং, হঠাৎকৃত, অকস্মাৎ কৃত। ন্যায়বিশেষ, কাকের তালবৃক্ষে উপবেশন ও তালের পতন এবং উভয়ের সমকালীনতা হেতু যেরূপ কার্য্য কারণ ভাব কল্পনা করা যায়, সেইরূপ বাস্তবিক কার্য্য কারণ ভাব না থাকিলেও সমকালীনত্ব অথবা তাদৃশ অন্য কোন কারণ বশতঃ কার্য্য কারণ ভাব কল্পনা করা। "তদিদং কাকতালীয়ং বৈরমাসাদিতং ত্বয়া"।

কাকতালীয়, ন্যায়—ন্যায় (৩৫) দেখ।

কাকপক্ষ, (কাক—পক্ষ=পালক। যাহা কাকপক্ষের ন্যায়, য়ং—স) সং, পুং, [illegible] মস্তকের দুই পার্শ্বে কেশ রচনাবিশেষ। কাকের পক্ষের মত উভয় গণ্ডে লম্বমান অনতিদীর্ঘ কেশ, কাণপাটা, জুল্পী।

কাকপদ, (Caret) সং, ক্লীং, পতিত অক্ষর উপরিভাগে লিখিবার সময়ে যে স্থান হইতে তাহা পাঠ করিতে হয়, তৎসূচনার্থ অর্পিত কাকপদাকার চিহ্ন, "^"। শিরস্থ কাকপদাকার কেশ, চৈতন।

কাকপুচ্ছ, কাক—পুচ্ছ লেজ) সং, পুং, কোকিল।

কাকপুষ্ট, (কাক—পুষ্ট=পালিত ৩য়া—ষ.। পুং, কোকিল। এই রূপ প্রসিদ্ধি আছে যে, কোকিলা স্বীয় ডিম্ব স্ফোটন করিতে অসমর্থ হওয়ায় কাকের নীড়ে ডিম্ব প্রসব করে। কাক নিজডিম্বজ্ঞানে উহা প্রতিপালন করে বলিয়া কোকিলের নাম কাকপুষ্ট হইল।

কাকফল, সং, পুং, নিমগাছ।

কাকবন্ধ্যা, (কাক—বন্ধ্যা,য়ং—স। মধ্যপদলোপী। যে কাকের ন্যায় একবার মাত্র প্রসব করে। কাকী,সং, স্ত্রীং, যে স্ত্রীর এক সন্তানের পর দ্বিতীয় বার গর্ভ হয় না, একগর্ভা।

কাকযব, সং, পুং, তণ্ডুলরহিত ধান্য, আগড়া।

কাকরূক (কাক—রূক্ [রুজ+ক্বিপ্] পীড়া। কাক যাহার পীড়া স্বরূপ অর্থাৎ যাহাঁকে কাক অত্যন্ত কষ্ট দেয় ৬ষ্ঠী—হিং) সং, পুং, পেচক, পেঁচা। বিং, ত্রিং, ভীরু। নির্ধন।

কাকল (কু=ঈষৎ—কল্=শব্দকরা+অ —প্রং) সং, ক্লীং, কণ্ঠের অলঙ্কার বিশেষ, কণ্ঠমণি। লি, লী—স্ত্রীং, সূক্ষ্ম অথচ মধুর অস্ফুট শব্দ "কোকিল কাকলীকলরবঃ"। "কাকলী কোবিদা বুধঃ"

কাকলীরব, (কাকলী=মধুরধ্বনি—রব =শব্দ) সং, পুং, কোকিল।

কাকলাস, (কৃকলাস শব্দজ) সং, সরট, বড়জেঠী।

কাকশীর্ষ, (কাক—শীর্ষ=মস্তক) সং, পুং, বক ফুলের গাছ।

কাকা (দেশজ) সং, পিতার কনিষ্ঠ ভ্রাতা, খুড়া। কাকের শব্দ।

কাকাক্ষিগোলক, সং, ক্লীং, ন্যায়বিশেষ. কাকের একমাত্র চক্ষুঃ যেরূপ উভয় গোলকেই চক্ষুর কার্য্য সম্পাদন করে, সেই রূপ এক বিষয়ের সহিত উভয়ের সম্বন্ধ থাকিলে কাকাক্ষিগোলক ন্যায় হয়।—ন্যায় (১৬) দেখ।

কাকাতুয়া, সং, পক্ষিবিশেষ।

কাকাতুয়া।

কাকারি, (কাক—অরি=শত্রু, ৬ষ্ঠী—হিং সং, পুং, পেচক।
কাকাল,, (কাক—অল্=পারকহওয়া+অ—প্রং। অথবা কাকা—ল 'লা' ধাতুজ) সং, পুং, দ্রোণকাক, দাঁড়কাক।
কাকিণী, কাকিনী, কক্—চঞ্চল হওয়া + অন্—প্রং। নিপাতন) সং, স্ত্রীং, এক রতি। কুড়িকড়া,৫ গণ্ডা কড়ি,একবুড়ি
কাকী, (কাক,ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং বায়সী। (দেশজ) পিতৃব্য পত্নী, খুড়ী।
কাকু, (কক্=চঞ্চল হওয়া+উ—প্রং) সং, স্ত্রীং, ভয় শোকাদি দ্বারা বিকৃত কণ্ঠ ধ্বনি। বক্রোক্তি।
কাকুৎস্থ, (ককুস্থ+ষ্ণ—অপত্যার্থে) সং, পুং,দশরথ প্রভৃতি ককুৎস্থবংশীয় রাজা। "ইক্ষ্বাকুবংশ্যঃ ককুদং নৃপাণাং ককুৎস্থ ইত্যাহিতলক্ষণোভূৎ। কাকুৎস্থ শব্দং যত উন্নতেচ্ছাঃ শ্লাঘ্যং দধত্যুত্তর কোশলেন্দ্রাঃ" রঘুবংশ।
কাকুদ, (ককুদ্=মস্তক+ষ্ণ—প্রং। অথবা কাকু—দ 'দা'ধাতুজ) সং,ক্লীং, তালু
কাকূক্তি, (কাকু—উক্তি=বাক্য, ৩য়া-ষ) সং, স্ত্রীং, কাতর বাক্য। বক্রোক্তি।
কাকেক্ষু, (কাক—ইক্ষু=আক্) সং, পুং, শর, খাগড়া।
কাকোদর, (কাক [কু=কুৎসিত—অক্=গমনকরা+অ—ক] বক্রগামী—উদর=পেট, ৬ষ্ঠী—হিং) সং,পুং, সর্প, সাপ। সর্প উদরদ্বারা বক্রভাবে গমন করে বলিয়া ইহার নাম কাকোদর হইল।
কাকোল, (কাকু দেখ, ওল—সংজ্ঞার্থে) সং, পুং - ক্লীং, গরল, বিষ। পুং, দাঁড়কাক। শূকরবিশেষ। লী—স্ত্রীং, জ্বরনাশক, ঔষধবিশেষ।
কাকোলূকিকা, (কাক—উলক=পেচক+অক—প্রং, সং, স্ত্রীং, কাক ও পেচকের ন্যায় স্বাভাবিক শত্রুতা।
কাক্ষ, (কু=কুৎসিত বা ঈষৎ—অক্ষি চক্ষুঃ। কু=কা) সং, ক্লীং,কটাক্ষ। বিং, ত্রিং, কুৎসিত চক্ষু।
কাক্ষী, (কক্ষ=তৃণ প্রভৃতি+ষ্ণ—ইদমর্থে। ঈ—স্ত্রীলিঙ্গে) সং, ক্লীং, অড়হর কলাই; সৌরাষ্ট্রদেশের মৃত্তিকা।
কাঙ্ক্ষা, (কাঙ্ক্ষ্=বাঞ্ছাকরা+আ—ভা) সং, স্ত্রীং, অভিলাষ, বাঞ্ছা।
কাঙ্ক্ষিত, (কাঙ্ক্ষ—ক্ত ভা, র্ম্ম) সং, ক্লীং, অভিলাষ। বিং, ত্রিং, অভিলষিত, ইষ্ট বাঞ্ছিত। [নিঃস্ব, সম্পত্তিহীন; হীন।
কাঙ্গাল, কাঙ্গালি (দেশজ) বিং, দরিদ্র,
কাচ, (কচ্ দীপ্তিপাওয়া, বন্ধনকরা+অ প্রং,) সং, পুং, বালি ও এক প্রকার ক্ষার দ্বারা উৎপন্ন বস্তু বিশেষ, কাঁচ, গ্লাস, পরকোলা "কাচ-মূল্যেন বিক্রীতো হন্ত চিন্তামণির্ম্ময়া।" "আকরে পদ্মরাগাণাং জন্ম কাচমণেঃ কুতঃ।" নেত্ররোগ বিশেষ। ক্লীং, মোম, কৃষ্ণবর্ণ লবণ। (দেশজ) কাল্পনিক বেশ, ছদ্ম, ছল
কাচন, ক্লীং, (কচ্=বন্ধন করা+অনট্—ণ। সং, কাচনক কযোগ। যাহা দ্বারা পত্রাদি আঁটা যায়, গালা প্রভৃতি। (দেশজ) সং, ধৌতকরণ। ক্ষালন। কপটবেশ ধারণ।
কাচনকী, (কাচনকিন্, কাচনক=বন্ধন ণিন্—অস্ত্যর্থে) সং, পুং, পত্র। চিঠি।
কাচা, (দেশজ) সং,নূতন খণ্ড বস্ত্রবিশেষ, বিং, প্রক্ষালিত। ধৌতকরা, ধোয়া
কাচিত, (কাচি=শিকায় ঝুলান+ক্ত র্ম্ম) বিং,ত্রিং,শিকায় রক্ষিত,শিকায় তোলা।

কাছা, (কচ্ছ শব্দজ) সং, পুরুষের পরিহিত বস্ত্রের শেষ ভাগ।
কাছারী (পারস্য ভাষা) সং, ধর্ম্মাধিকরণ, বিচারালয়। দপ্তরখানা। আফিস।
কাছিম, (কচ্ছপ শব্দজ) সং, কমঠ, কূর্ম্ম।
কাছী, (দেশজ) সং, স্থূলরজ্জু, মোটা দড়া।
কাছে, (সপ্তম্যন্ত) ক্রিং—বিং, নিকটে, সমীপে, সন্নিধানে। [কর্ম্ম।
কাজ, কায (কার্য্য শব্দজ) সং, ক্রিয়া,
কাজল, (কজ্জল শব্দজ) সং, অঞ্জন, কৃষ্ণবর্ণ চক্ষুর প্রলেপ বিশেষ।
কাজি, (পারস্য ভাষা) সং, যবন জাতীয় বিচারক বা ব্যবস্থাপক। যিনি মুসলমানদিগের আইনের ব্যবস্থা দেন।
কাঞ্চন, (কন্‌চ্‌=দীপ্তিপাওয়া+অন—ক) সং, ক্লীং, স্বর্ণ। পুষ্পবিশেষ। দীপ্তি। পুং, ঐ পুষ্পের বৃক্ষ। চম্পক বৃক্ষ। নাগকেশর বৃক্ষ। নী—স্ত্রীং, হরিদ্রা। গোরোচনা। বিং, ত্রিং, কাঞ্চন বর্ণ। স্বর্ণময়। "যদিদং নির্গতং তস্যাস্তপুঞ্জাম্বুনদপ্রভম্। কাঞ্চনং ধরণীং প্রাপ্তং হিরণ্যমভবত্তদা"। "মণি কাঞ্চনয়োর্যোগে কস্যচিত্তং ন মোদতে"।
কাঞ্চনকদলী; সং, স্ত্রীং, চাঁপাকলা।
কাঞ্চনকন্দর, (কাঞ্চন—কন্দর=গহ্বর) সং, পুং, সুবর্ণের খনি। (Gold-mine)
কাঞ্চনাগার, (কাঞ্চন—গিরি = পর্ব্বত, ষং—স) সং, পুং, সুমেরু পর্ব্বত।
কাঞ্চি, কাঞ্চী, (কন্‌চ্‌=বন্ধন করা, দীপ্তিপাওয়া+ই—প্রং) সং, স্ত্রীং, মেখলা, রসনা, চন্দ্রহার, গোট, "স্রস্তাং নিতম্বাদবলম্বমানাং পুনঃ পুনঃ কেশরদামকাঞ্চীং"। কুমার। দেশবিশেষ।
কাঞ্চীপদ, (কাঞ্চী=মেখলা—পদ স্থান, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, জঘন। নিতম্ব।
কাঞ্জিক, কাঞ্জীক, (ক = জল—অন্‌জ্‌ গমন করা ইত্যাদি+ইক—প্রং) সং, পুং, কা, কাঞ্জী — স্ত্রীং, পর্য্যুষিতান্নের অম্লজল। কাঁজি, আমানি।

কাটন, (কর্ত্তন শব্দজ) সং, ছেদন, হনন। বিদারণ। খনন।
কাটনা, (কর্ত্তনী শব্দজ) সং, সূত্রকর্ত্তন, চর্‌কা দ্বারা সূতা কাটা।
কাটনী, (কর্ত্তনী শব্দজ) সং, সূত্রনির্ম্মাণকারিণী। [কটুতা, কার্কশ্য।
কাটব্য, (কটু+য—ভাবে) সং, ক্লীং,
কাটা, (কর্ত্তন শব্দজ) বিং, ছেদিত, কর্ত্তিত। সং, কাটন দেখ।
কাটান, (পূর্ব্বে দেখ) সং, যাপন, ক্ষেপণ। জলের পথ করিয়া দেওয়া, কর্ত্তন
কাটানী, (পূর্ব্বে দেখ) সং, কর্ত্তনের মূল্য, কাটানের বেতন। [কাতান।
কাটারী, (কর্ত্তরী শব্দজ) সং, দাত্র, দা,
কাটিবা, (দেশজ) সং, সর্পাঘাত, সর্পদংশনের ক্ষত। [খণ্ড।
কাটী, (দেশজ) সং, ক্ষুদ্র বৃক্ষ শাখাদির
কাট্য, (কাটা শব্দজ) বিং, উল্লঙ্ঘ্য, খণ্ডনীয়।
কাঠ, ((কাষ্ঠ শব্দজ) সং, দারু, ইন্ধন।
কাঠগড়া, (কাঠ—গড়া=নির্ম্মিত) সং, কাষ্ঠনির্ম্মিত বৃতি, বেড়া।
কাঠ্‌ঠোক্‌রা, (কাঠ—ঠোক্‌রা =যে ঠোকর মারে) সং, রক্তবর্ণ বৃহৎ চঞ্চুবিশিষ্ট পক্ষিবিশেষ।
কাঠনেকার, (কাঠ=কাষ্ঠশব্দজ—নেকার =ন্যক্কারশব্দজ। নেকার করিবার ইচ্ছায় উকি উঠিতেছে কিন্তু কিছুই বমি হইতেছে না) সং, শুষ্ক বমন, উকি।
কাঠবিড়াল, (কাঠ, কাষ্ঠশব্দজ—বিড়াল

অর্থাৎ বৃক্ষে আরোহণকারী বিড়াল। সং, কাষ্ঠমার্জ্জার, যাহার পৃষ্ঠে ৪টা কৃষ্ণ শুভ্র বর্ণ এবং মধ্যে মধ্যে ডোরা আছে, একপ প্রবাদ আছে যে কাঠবিড়াল সমুদ্রবন্ধনে যথাসাধ্য চেষ্টা করায় রামচন্দ্র প্রীত হইয়া সীতা উদ্ধারের পর তাহার গাত্রে নিজ পদ্মহস্ত বুলাইয়া দেওয়াতে কাঠবিড়ালের গাত্রে উক্তরূপ সুন্দর শুভ্র ও কৃষ্ণ ডোরা জন্মিয়াছে।

কাঠরা, (কাষ্ঠাগার শব্দজ) সং, কাষ্ঠনির্ম্মিত গৃহ, বেষ্টিত স্থান। বিং কাষ্ঠনির্ম্মিত, যথা কাঠরা জিনিস্।

কাঠরিয়া, (দেশজ) সং, কাষ্ঠচ্ছেদক, কাঠকাটা।

কাঠা, (দেশজ) সং, প্রস্থে ৪ হাত, দীর্ঘে ৮০ হাত অর্থাৎ ৩২০ বর্গ হস্ত পরিমিত ভূমি, ধান্যাদির পরিমাণ পাত্রবিশেষ। আড়াইসের পরিমাণ।

কাঠাকিয়া, (দেশজ) সং, শতাবধি কাঠা গণনা।

কাঠাম, (কাষ্ঠময় শব্দজ) সং, বংশাদি রচিত আকৃতি, যাহার উপর দুর্গাদির প্রতিমা স্থাপন করা যায়। ঠাঠ।

কাঠিন্য, (কঠিন=দৃঢ়, শক্ত+ষ্ণ্য—ভাবে) সং, পুং, কঠিনতা, দৃঢ়তা। (hardness.) যে গুণ থাকাতে এক বস্তু অন্য বস্তু দ্বারা সহসা অঙ্কিত হয় না। নিষ্ঠুরতা।

কাড়ন, (দেশজ) সং, বলদ্বারা গ্রহণ, অপহরণ, লুঠ। [লুণ্ঠিত।

কাড়া, (দেশজ) সং, বাদ্যবিশেষ। বিং,

কাণ, (কাণি=নয়ন মুদ্রিতকরা+অ—প্রং) সং, পুং, কাক। বিং, ত্রিং, এক চক্ষুহীন। (কর্ণশব্দজ) সং, শ্রবণেন্দ্রিয়, শ্রুতি "কাণেন চক্ষুষা কিংবা চক্ষুঃ পীড়ৈব কেবলম"।

কাণখড়কে, (কাণ=কর্ণশব্দজ—খড়কিয়া =সতর্ক) বিং, শ্রবণে সতর্ক।

কাণখুঙ্কী, কাণখুক্‌সী, (কাণ—খুঙ্কী= শলাকা) সং, কাণের মলা অপনয়ন করিবার নিমিত্ত লৌহ বা পিতল নির্ম্মিত শলাকা বিশেষ। কর্ণশোধনী।

কাণপাটা, (কাণ—পাটা = পট্টশব্দজ) সং, জুল্পী, কর্ণের নিকট লম্বিত কুণ্ডল। কাণের নিম্নস্থ অংশ।

কাণপাতলা, (কাণ—পাতলা পুরু নহে। যাহার কাণ পাতলা অর্থাৎ যাহার কর্ণ কথার ভার বহন করিতে পারে না) যে অন্যজন বিজ্ঞাপিত নিজ অপবাদাদির যথার্থ্য বিচার না করিয়া অত্যন্ত ক্রুদ্ধ হয়। যে লাগানে কথা শুনিয়া রাগ করে।

কাণমূতা, (কাণ—মূতা=মূশলশব্দ) সং, কর্ণমূল, কর্ণের নিকট, কাণের কাছে।

কাণা, (কাণশব্দজ) বিং, একচক্ষুহীন। সং, পাত্রাদির ধার, কিনারা।

কাণাকাণি, (কর্ণাকর্ণি শব্দজ) সং, গোপনে পরামর্শকরণ, কর্ণে গুপ্ত কথা বলন। ছাঁপাছাপি, প্রায় পরিপূর্ণ হওন।

কাণাচ, কানাচি (দেশজ) সং, গৃহের পশ্চাদ্দেশ। ঘরের পেচন।

কাণাৎ, (কাণ্ডপট শব্দজ) সং, তাম্বু, তাঁবু, বস্ত্রনির্ম্মিত গৃহ, কাপড়ের ঘর।

কাণি, (দেশজ) সং, জীর্ণ বস্ত্র-খণ্ড, ছিন্ন বসন, নেকড়া।

কাণ্ড, (কন্=দীপ্তিপাওয়া+ড—প্রং। অ=) সং, পু—ক্লীং, গাছের গুঁড়ি। খাকড়া-বিশেষ। নাল। বৃন্ত, বোঁটা। ঝাড়, গুচ্ছ। সমূহ। বাণ। অবসর। নির্জ্জনস্থান। প্রশংসা। শ্লাঘা। প্রকরণ। পরিচ্ছেদ, অধ্যায়। প্রস্তাব। কুৎসিত। ঘটনা, ব্যাপার। বিং, ত্রিং, নীচ। পাপিষ্ঠ। নির্জ্জন। "খড়্গেন ভূশতীক্ষ্নেন নিকৃত্তস্তিলকাণ্ডবৎ" "উরুদ্বয়ং মৃগদৃশঃ কদলস্য কাণ্ডৌ"।

কাণ্ডকাণ্ডক, (কাণ্ড—দ্বিত্ব। ক—যোগ) সং, পুং, কাশ তৃণ, কেশে।

কাণ্ডকার, সং, ক্লীং, গুবাক, সুপারি।

কাণ্ডগোচর, সং, পুং, লৌহ নির্ম্মিত শর।

কাণ্ডগ্রহ, (কাণ্ড=অধ্যায়—গ্রহ=গ্রহণ, জ্ঞান, ৬ষ্ঠী—ষ) সং, পুং, প্রকরণবোধ, উপস্থিত বা প্রস্তাবিত বিষয়ের যথার্থ অবস্থার জ্ঞান।

কাণ্ডচারী, (Scansores, কাণ্ডচারিন্, কাণ্ড—চারী=যে বিচরণ করে) যাহারা বৃক্ষকাণ্ডে বিচরণ করে, যথা—কাঠ্‌ঠোক্‌রা, কাকাতুয়া, নূরী, টিয়া প্রভৃতি।

কাণ্ডজ্ঞান, (কাণ্ড=অধ্যায়—জ্ঞান, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, প্রকরণবোধ, বিবেচনা। হিতাহিত জ্ঞান। [পুং, ভূনিম্ব, চিরেতা।

কাণ্ডতিক্ত, (কাণ্ড—তিক্ত=তিত) সং,

কাণ্ডপট, (কাণ্ড=নির্জন, গুঁড়ি—পট=বস্ত্র) সং, পুং, কাণাৎ, তাঁবু, যবনিকা।

কাণ্ডপৃষ্ঠ, (কাণ্ড=শর—পৃষ্ঠ=পিট) বিং, ত্রিং, যে শস্ত্রদ্বারা জীবন ধারণ করে, যোদ্ধা, সৈনিক্‌ পুরুষ। দুশ্চরিত্র।

কাণ্ডবান্, (কাণ্ডবৎ, কাণ্ড +বৎ—অস্ত্যর্থে) বিং, ত্রিং, কাণ্ডীর, তীরন্দাজ।

কাণ্ডসন্ধি, (কাণ্ড=গুঁড়ি, বৃন্ত—সন্ধি=গোড় ৬ষ্ঠী—ষ) সং, পুং, গ্রন্থি, পর্ব্ব, গাঁইট। [মাজী। নাবিক।

কাণ্ডারী, (কর্ণধারশব্দজ) সং, কর্ণধার,

কাণ্ডীর (কাণ্ড=বাণ, গাছের গুঁড়ি ইত্যাদি+ঈর—প্রং) বিং, ত্রিং, তীরন্দাজ। সং, পুং আপাংগাছ।

~~কাণ্ব, (কণ্ব~~ + ষ্ণ—অপত্যার্থে) বিং, ত্রিং, কণ্ব সম্বন্ধীয়। কণ্ব মুনির সন্তান। সং, পুং, যজুর্ব্বেদীয় শাখাবিশেষ।

কাতর, (কু=ঈষৎ, মন্দরূপে—তর=যে পার হয়। কু=কা) বিং, ত্রিং, ব্যাকুল, অধীর, দুঃখিত। ভীত। চঞ্চল। বিবশ। বিহ্বল। সং, পুং, কাতলা মাছ। (ক জল—আ—তৄ ভাসা+অ—ণ) উডুপ। "চেতসা কাতরেণ।" "ধৃত দ্বৈধভাবকাতরং মে মনঃ" মেঘদূত। কুলজনদর্শনকাতরং হি চক্ষুঃ। "রতিকাতরেণ মনসা"।

কাতর্য্য, (কাতর+য—ভাবে) সং, ক্লীং, কাতরতা, দুঃখ। ভীরুতা। [তলা মাছ।

কাতল, (কাতর দেখ, র=ল) সং, পুং, কা-

কাতা, (দেশজ) সং, নারিকেল ছোবড়ার দড়ী। [কাটারী।

কাতান, (কর্ত্তন শব্দজ) সং, দাত্র, দা,

কাতারি, সং, ঘট, রন্ধনাদি করিবার ছোট হাঁড়ি, তিজেল।—রী (কর্ত্তরী শব্দজ) অস্ত্রবিশেষ, স্বর্ণ রৌপ্যাদির ছেদনাস্ত্র।

কাতৃণ, (কু=কুৎসিত—তৃণ। কু=কা) সং, ক্লীং, কুৎসিত তৃণ।

কাত্য, (কত=মুনিবিশেষ+ষ্ণ্য—অপত্যার্থে) সং, পুং, কাত্যায়নমুনি।

কাত্যায়ন, (কাত্য=কাত্যায়নমুনি+ষ্ণায়ন—স্বার্থে) সং, পুং, বররুচি, ব্যাকরণের বার্ত্তিককার। ধর্ম্মশাস্ত্র প্রবক্তা মুনিবিশেষ। নী—স্ত্রীং, দুর্গা। ভৈরবী। প্রৌঢ়া পরিহিতরক্তবস্ত্রা বিধবা নারী।

কাদম্ব, (কদম্ব+ষ্ণ প্রং) সং, পুং, কদম্ববৃক্ষ। ইক্ষু। পাতিহাঁস, কলহংস। বাণ। ক্লীং, কদম্বপুষ্প। বিং, ত্রিং, কদম্বসম্বন্ধীয়।

কাদম্বর, (কাদম্ব=কদমফুল—র যে পায়, র=রা+অ—প্রং) সং, ক্লীং, দধির সর। মদ্যবিশেষ। আকের গুড়। রী—স্ত্রীং, সুরা, গৌড়ী মদিরা, ধেনো মদ। "কাদম্বরী মদবিঘূর্ণিতলোচনস্য, যুক্তং হি লাঙ্গলভৃতঃ পতনং পৃথিব্যাং" উদ্ভট। সরস্বতী। স্ত্রীপক্ষী। শারিকা। কোকিলা। [পুং, কদমগাছ।

কাদম্বর্য্য, (কাদম্বরী মদিরা—প্রং) সং,

কাদম্বিনী, (কাদম্ব=কদমফুল + ইন্ সমূহার্থে। কবিগণ শুক্লবর্ণ কদম্বপুষ্পের সহিত মেঘের তুলনা করেন বলিয়া ইহার নাম কাদম্বিনী হইল) সং, স্ত্রীং, মেঘমালা, মেঘসমূহ।

কাদা, (কর্দ্দম শব্দজ) সং, পঙ্ক, পাঁক।

কাদাচিৎক, (কদাচিৎ=কোন সময়+কণ্—যোগ) বিং, ত্রিং, যাহা কদাচিৎ ঘটে, যাহা প্রায় ঘটে না।

কাদ্রবেয় (কদ্রু=কশ্যপভার্য্যা, সর্পমাতা

+ষ্ণেয়—অপত্যার্থে) সং, পুং, কদ্রু-সন্তান, সর্প।

কানক, সং, ক্লীং জয়পালের বিচি।

কানন, (কানি=দীপ্তিপাওয়ান+অনট্ সংজ্ঞার্থে) সং, ক্লীং, বন। গৃহ। (ক= ব্রহ্মা—আনন=মুখ, ৬ষ্ঠী—ষ) ব্রহ্মার আনন, ব্রহ্মার বদন।

কানীন, (কন্যা=অনূঢ়া +অ—অপত্যার্থে। নিপাতন) সং, পুং. নী—স্ত্রীং, অবিবাহিতা কন্যার গর্ভজাত সন্তান। পুং, ব্যাস। কর্ণ। "পিতৃবেশ্মনি কন্যা তু যং পুত্রং জনয়েৎ রহঃ। তং কানীনং বদেন্নাম্না বোঢ়ুঃ কন্যাসমুদ্ভবং॥"

কান্ত, (কম্=বাঞ্ছাকরা+ক্ত—প্রং) বিং, ত্রিং, প্রিয়, সুন্দর, মনোহর, শোভন। সং, পুং, বসন্তকাল। লৌহ। চন্দ্র। কৃষ্ণ। স্বামী। ক্লীং, কুঙ্কুম। ন্তা—স্ত্রীং, ভার্য্যা। স্ত্রীবিশেষ, সুন্দরী স্ত্রী। প্রিয়ঙ্গুলতা। প্রস্তর অর্থ হইলে সূর্য্য চন্দ্র অয়স্ শব্দের সহিত যুক্ত হয়, যথা—চন্দ্রকান্ত। অয়স্কান্ত ইত্যাদি।

কান্তপক্ষী, (কান্তপক্ষিন্, কান্ত=সুন্দর —পক্ষিন্=পাখী) সংপুং, বর্হী, ময়ুর।

কান্তায়স—ক্লীং } কান্ত—অয়স্
কান্তিলৌহ—পুং } +অ—যোগ।

অয়স্কান্ত দেখ। সং, অয়স্কান্ত মণি।

কান্তার, (কান্=কাংশ্চিৎশব্দজ—তারি =গমনকরান+অ—প্রং। যে কাহাদিগকেও যাইতে দেয় না)সং, পুং,—ক্লীং দুর্গমপথ। গহন বন, জঙ্গল। গহ্বর। পুং, কাজলী আক্। বাঁশ। "বহুদোষং হি কান্তারং বনমীত্যভিধীয়তে।" "কান্তারে ব্রাহ্মণান্ গাশ্চ যঃ পরিত্রাতি"।

কান্তি,(কান্ত দেখ, ক্তি—প্রং) সং, স্ত্রীং, শোভা, দীপ্তি। লাবণ্য, ঔজ্জ্বল্য। সৌন্দর্য্য। কামনা। ইচ্ছা। কমনীয়া স্ত্রী। "কান্তিরেবাতি বিস্তীর্ণা দীপ্তিরিত্যভিধীয়তে"। "অপি তদ্বপুষি প্রসর্পতো গমিতে কান্তিঝরৈরগাধতাং" পূর্ব্বনৈষধ।

কান্তিক,(কান্তি—ক কৈধাতুজ) সং, ক্লীং, লৌহবিশেষ, কান্তিলৌহ।

কান্তিদ,(কান্তি=দীপ্তি, লাবণ্য—দ=যে দান করে) সং, ক্লীং, পিত্ত। বিং, ত্রিং, শোভাদায়ক।

কান্দব,(কন্দু=ভর্জ্জনপাত্র+ষ্ণ—পক্কার্থে) সং, ক্লীং, ভক্ষ্যদ্রব্যবিশেষ, পক্কান্ন, মিঠাই প্রভৃতি।

কান্দবিক, (কান্দব+ষ্ণিক—নিষ্পন্নার্থে) বিং, ত্রিং, পিষ্টকাদিবিক্রেতা, রুটিওয়ালা, মিঠাইকর।

কান্দিশীক (কাম্—দিশ্=দিক্+ঈক— —প্রং। "কাং দিশং ন পশ্যতীতি কান্দিশীকঃ" ভয়ে এমত পলায়ন করে যে কোন দিক দেখিতে পায় না) বিং, ত্রিং ভয়ে পলায়িত, ভয়দ্রুত।

কান্যকুব্জ, সং, পুং, কনোজ দেশ। তত্রত্য ব্রাহ্মণ, কনোজ-ব্রাহ্মণ।

কাপ, (দেশজ) বিং, ত্রিং, কপটী, কৌতুককারী। ছদ্মবেশী।

কাপটিক,(কপট=শঠতা ইত্যাদি+ষ্ণিক ইদমর্থে) সং, পুং, ছাত্র। বিং, ত্রিং, কপটাচারী, শঠ, ধূর্ত্ত।

কাপট্য, (কপট+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, কপটতা, শঠতা, শাঠ্য।

কাপড়, (কর্পট শব্দজ) সং, বস্ত্র, বসন। অম্বর।

কাপথ, (কু=কুৎসিত—পথিন্ সং—স। কু=কা পথিন্=পথ) সং, পুং, কুপথ, মন্দপথ, কুৎসিত রাস্তা।

কাপালিক, (কপাল+ষ্ণিক—প্রং) সং, পুং, জাতিবিশেষ, কপালি। বামাচারী। শৈবসম্প্রদায়-বিশেষ; এই সম্প্রদায়ভুক্ত লোকেরা সর্ব্বদা হস্তে নর-কপালের অর্দ্ধ-ভাগ ধারণ করে, এবং তদ্দ্বারা তাহাদের পান পাত্রাদির কার্য্য নির্ব্বাহ করে বিং, ত্রিং, কপাল-সম্বন্ধীয়।

কাপাস,(কার্পাস শব্দজ) সং, তুলা।

কাপিল, (কাপিল+ষ্ণ—প্রং) সং, পুং,

কপিল সম্বন্ধীয়, সাংখ্যশাস্ত্র মতাবলম্বী। বিং, ত্রিং, পিঙ্গলবর্ণ।

কাপিশ, (কপিশ+ষ্ণ—প্রং) সং, ক্লীং, মদ্যবিশেষ। শী—স্ত্রীং, দেশ।

কাপিশায়ন, (কপিশ=মেটে রং বা কাপিশী দেশ+ষ্ণায়ন—স্বার্থে) সং, ক্লীং, মদ্য। দেবতা। নী—স্ত্রীং দ্রাক্ষালতা।

কাপিশেয়, (কপিশ+ষ্ণেয়—প্রং) সং, পুং, পিশাচ।

কাপুরুষ, (কু=কুৎসিত—পুরুষ, যং—স। কু=কা) সং, পুং, ভীত, ভীরু। ভীতস্বভাব বা সাহসহীন ব্যক্তি,অসারব্যক্তি, কুৎসিত পুরুষ, যাহার মান অপমানের ভয় নাই। নিন্দিত ব্যক্তি। "সুসন্তুষ্টঃ কাপুরুষঃ স্বল্পকেনাপি তুষ্যতি। "মেধাবিনশ্চ পুরুষাঃ সমরেষু শূরাঃ। স্ত্রীসংনিধৌ পরমকাপুরুষা ভবন্তি"।

কাপেয়, (কপি=বানর+ষ্ণেয়—ইদমর্থে) বিং,ত্রিং,কপিসম্বন্ধীয়। বানরসম্পর্কীয়।

কাপোত, (কপোত=পায়রা+ষ্ণ—সমূহার্থে) সং, ক্লীং, কপোতসমূহ, পায়রার ঝাঁক। বিং, ত্রিং, কর্ব্বুরবর্ণ।

কাপোতক, (Columbæ, কপোত+ক—সাদৃশ্যার্থে) পারাবত ও তজ্জাতীয় পক্ষী, যথা—পায়রা, ঘুঘু ইত্যাদি।

~~কাপ্যকর~~, (কু=কুৎসিত—আপ্য=প্রাপ্য—কর=যে করে। কু=কা) সং, পুং, যে স্বাচরিত পাপ প্রকাশ করিয়া বলে

কাফিবৃক্ষ, সং, স্বনাম প্রসিদ্ধ বৃক্ষবিশেষ।

কাম, (কম্=ইচ্ছাকরা+অ—ণ, ভা যে সুরত ইচ্ছা উৎপাদন করে) সং, পুং, কন্দর্প। "কামস্তু বাণাবসরং প্রতীক্ষ্য পতঙ্গবদ্বহ্নিমুখং বিবিক্ষুঃ" কুমারসম্ভব। (কাম্+অ—অস্ত্যর্থে) বলরাম। অনুরাগ, অভিলাষ। উদ্বেগ, স্ত্রীপুরুষের সম্ভোগেচ্ছা,যে মানসিক-ধর্ম্মের গুণে স্ত্রী ও পুরুষের পরস্পর সম্ভোগে প্রবৃত্তি ও অভিলাষ জন্মে। বিষয়াদির ভোগেচ্ছা। "ন জাতু কামঃ কামানামুপভোগেন শাম্যতি। মহাভারত। ক্রিং,—বিং,ক্লীং অনুমতি। ইচ্ছাপূর্ব্বক। যথেষ্ট। বীর্য্য।

কামকলা, (কাম—কলা=অংশ) সং,স্ত্রীং, রতি, কন্দর্পপত্নী। কামশাস্ত্র।

কামকেলি, (কাম=ইচ্ছাপূর্ব্বক—কেলি=ক্রীড়া, কৌতুক) সং, পুং, সুরত, রতিক্রীড়া। বিং, ত্রিং, লম্পট।

কামগ
কামগামী } (কামগামিন্, কাম=ইচ্ছাপূর্ব্বক—গ=গামী যে গমন করে) বিং, ত্রিং, যে ইচ্ছানুসারে শীঘ্র ও সর্ব্বত্র গমন করে। কামচারী।

কামচর, (কাম=ইচ্ছাপূর্ব্বক—চর যে গমন করে) বিং, ত্রিং, সর্ব্বত্রগামী। স্বেচ্ছাচারী। "তাং নারদঃ কামচরঃ কদাচিৎ কন্যাং কিল প্রেক্ষ্য পিতুঃ সমীপে" কুমারসম্ভব।

কামকার, কামচার (কাম=ইচ্ছাপূর্ব্বক—কার=করণ, চার=আচরণ) সং, পুং, যথেচ্ছাচার।

কামচারী, (কামচারিন্, কাম=ইচ্ছাপূর্ব্বক—চারিন্ [চর্=গমনকরা+ণিন্—ক] যে গমন করে) বিং, ত্রিং, যে আপন ইচ্ছানুসারে কার্য্য করে, স্বেচ্ছাচারী। লম্পট-স্বভাব। যে কামের বশীভূত হইয়া চলে, সং, পুং, গরুড়।

কামতাল, (কাম—তাল=গানের পরিমাণ। সং, পুং, কোকিল। কোকিলস্বর কামোদ্দীপক বলিয়া কবিগণ কোকিলকে কামতাল বলেন।

কামদ, (কাম=কামনা—দ=যে দানকরে বিং, ত্রিং, অভীষ্ট প্রদ,যে অন্যের মনোবাঞ্ছা পূর্ণ করে।

কামদুঘা }
কামদুহ্ } (কাম=কামনা—দুহ্=পূরণ করা+অ, ক্বিপ্—ক। —কাম=কামদা—ধেনু।
কামধেনু }
এই ধেনুর নিকট যে ব্যক্তি যাহা প্রার্থনা করে সে তৎক্ষণাৎ তাহা পায়) সং, স্ত্রীং, যে ধেনু লোকের অভিলষিত বস্তু দান করে, সুরভি। "ন কেবলানাং পয়সাং প্রসূতিমবেহি মাং কামদুঘাং প্রসন্নাম্" রঘুবংশ।

কামন, কামায়ন, কাময়িতৃ (কামি=ইচ্ছা করা+অন, আন, তৃণ—ক) বিং, ত্রিং, কামুক, লম্পট, অভিলাষুক।

কামনা, (কামন+আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, ইচ্ছা, বাসনা, বাঞ্ছা।

কামপাল, (কাম=কন্দর্প, অভিলাষ—পাল=যে পালন করে। ভ্রাতৃজ বলিয়া যিনি কামকে পালন করেন, কিম্বা বিলাসী বলিয়া যিনি অভিলাষ সিদ্ধ করেন, ২য়া—ষ) সং, পুং, বলদেব, শ্রীকৃষ্ণের অগ্রজ, বলরাম।

কামম্, (কাম দেখ, অম্—প্রং) অং, সম্মতি। যথেষ্ট। পর্য্যাপ্ত। সম্যক্। অতিশয়। ইচ্ছাপূর্ব্বক। অসূয়া, ঈর্ষ্যা। ভৃশ "মনস্বী ম্রিয়তে কামং কার্পণ্যং ন তু গচ্ছতি"।

কামমহ, (কাম=দেবতাবিশেষ—মহ=উৎসব, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কামের উৎসব, চৈত্রী পূর্ণিমা।

কামরূপ, (কাম=ইচ্ছা—রূপ=আকৃতি) সং, পুং, দেশবিশেষ "তমীশঃ কামরূপাণামত্যাখণ্ডলবিক্রমম্" "কামরূপেশ্বরস্তস্য হেমপীঠাধিদেবতাম্" রঘুবংশ। বিং, ত্রিং, সুন্দর। যে স্বেচ্ছানুসারে আপনার রূপ পরিবর্ত্তন করিয়া অন্যরূপ ধারণ করিতে পারে।

কামরূপী, (কামরূপিন্ কাম=ইচ্ছা—রূপ আকৃতি+ণিন্—অস্ত্যর্থে) সং, পুং, বিদ্যাধর। বিং, ত্রিং, সুরূপ। স্বেচ্ছাপূর্ব্বক রূপধারণসমর্থ।

কামরেখা, (কাম=ইচ্ছা—রেখা) সং, স্ত্রীং, বেশ্যা।

কামল, (কাম=ইচ্ছা—লা=আনয়নকরা +অ—ক। অথবা—ল লূধাতুজ) সং, পুং—স্ত্রীং, পিত্তের বৈগুণ্য নিবন্ধন রোগবিশেষ, কাঁওল। (কাম—ল=লস ধাতুজ পুং, বসন্তঋতু। অনুর্ব্বরা ক্ষেত্র। (কাম+ল—অস্ত্যর্থে) বিং, ত্রিং, কামুক, লম্পট। [কন্দর্পের বাণ। আম্রবৃক্ষ।

কামশর, (কাম—শর=বাণ) সং, পুং,

কামসখ, (কাম—সখ=সখিশব্দজ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বসন্তকাল। আম্রবৃক্ষ।

কামসুত, (কাম—সুত=পুত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অনিরুদ্ধ।

কামাই, (যাবনিক) সং, অনাগমন, নিয়মিত কার্য্যের অকরণ।

কামাখ্যা, (কামা—আখ্যা=নাম)) সং, স্ত্রীং, দেবীবিশেষ। "কামার্থমাগতা যস্মান্ময়া সার্দ্ধং মহাগিরৌ। কামাখ্যা প্রোচ্যতে দেবী নীলকূটে রহো গতা। কামদা কামিনী কাম্যা কান্তা কামাঙ্গদায়িনী। কামাঙ্গনাশিনী যস্মাৎ কামাখ্যাতেন চোচ্যতে"।

কামাঙ্কুশ, (কাম—অঙ্কুশ=ডাঙ্গশ, পল্লব) সং, পুং, নখ। পুংচিহ্ন, মেঢ্র।

কামাত্মা, (কামাত্মন্, কাম—আত্মন্=আপনি, ষষ্ঠী—হিং) বিং, ত্রিং, কামব্যাকুলিত, মদনের নিতান্ত বশীভূত। যে ফল কামনা করে, ফলকামী।

কামান, (দেশজ) সং, ক্ষৌর কর্ম্ম করণ। —নী, ক্ষৌর মূল্য, ক্ষৌর কর্ম্মের বেতন।

কামান্ধ, (কাম—অন্ধ=চক্ষুহীন) বিং, ত্রিং, কামমুগ্ধ, কামদ্বারা হিতাহিত জ্ঞান বিহীন, কামের নিতান্ত বশীভুত, কামবশতঃ কর্ত্তব্যাকর্ত্তব্য বিবেচনা শূন্য। সং, পুং, কোকিল।

কামাবশায়িতা }
কামাবসায়িতা } (কামবসায়িন্, শায়িন্ [কাম ইচ্ছা—অবসায়ী অবশায়ী,=যে নষ্ট করে] যে

ইচ্ছা নষ্ট করে+তা—ভাবে) সং, স্ত্রীং, ঈশ্বরের ঐশ্বর্য্যবিশেষ, ইচ্ছাবসানশক্তি, আপনার সমস্ত মনোরথ পূর্ণ করিবার ক্ষমতা। "কামান্ স্বেচ্ছয়া অবসায়িতুং শীলমস্য কামাবসায়ী তস্য ভাবঃ। ইতি সার সুন্দরী"॥

কামায়ুঃ, (কামায়ুস্, কাম—আয়ুস্ জীবন। যে আপনার ইচ্ছায় জীবিত থাকে) সং, পুং, গরুড়।

কামার, (কর্ম্মকার শব্দজ) সং, জাতিবিশেষ, যাহারা লৌহের কর্ম্ম করে।

কামিত, (কামি=ইচ্ছাকরা+ক্ত-র্ম্ম) বিং, ত্রিং, প্রার্থিত। ঈপ্সিত। অভিলষিত।

কামী, (কামিন্, কাম+ণিন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, কামবিশিষ্ট, কামুক, লম্পট। "সর্ব্বং তৎখলু মৎপরায়ণমহো কামী স্বতাং পশ্যতি"। সং, পুং, চক্রবাক। কপোত। চটক। সারস। নী — স্ত্রীং, অতিশয় রমণেচ্ছাবিশিষ্টা নারী। ভীরু স্ত্রী। স্ত্রীমাত্র। মদিরা।

কামীন, (কাম+ণিন্=প্রং) বিং, ত্রিং, কামানুগত, কামুক।

কামুক, (কাম+উক—ক) বিং, ত্রিং, অভিলাষুক, রতিলম্পট, বিলাসী। সং, পুং, অশোকবৃক্ষ। অতিমুক্তলতা, মাধবীলতা। কা—স্ত্রীং, ভোগাভিলাষিণী ইচ্ছাবতী। কী—স্ত্রীং, রমণাভিলাষিণী।

কামোদক, (কাম=ইচ্ছা—উদক=জল) সং, ক্লীং, মৃত ব্যক্তির উদ্দেশে স্বেচ্ছাক্রমে প্রদত্ত জল।

কামোদা ; সং, স্ত্রীং, রাগিণীবিশেষ।

কাম্পিল, কাম্পীল, কাম্পিল্য, কাম্পিল্ল, } (কপ্=কাঁপা+ইল, ঈল, ইল্য, ইল্ল—প্রং) সং, পুং, দেশবিশেষ। লতাবিশেষ। সুগন্ধি দ্রব্যবিশেষ।

কাম্ববিক, (কম্বু=শঙ্খ+ষ্ণিক—নিষ্পন্নার্থে) সং, পুং, শঙ্খকার, শাঁখারি।

কাম্বল, (কম্বল+অ—প্রং) সং, পুং, কম্বলাবৃত রথ।

কাম্বোজ, (কম্বোজ=উত্তর দেশ+অ—জাতার্থে, স্বার্থে) সং, পুং, কম্বোজ দেশীয় অশ্ব। বৃক্ষবিশেষ। দেশবিশেষ। যবন জাতিবিশেষ। সগর রাজা এই জন্তুর শিরোমুণ্ডন করিয়াছিলেন, যথা —অর্দ্ধাংশকানাং শিরসো মুণ্ডয়িত্বা ব্যসর্জ্জয়ৎ। যবনানাং শিরঃসর্ব্বং কাম্বোজানাং তথৈব চ॥ হরিবংশ॥

কাম্য, (কম্=ইচ্ছাকরা+য—র্ম্ম) বিং, ত্রিং, ভোগ্য। অভিলষণীয়, বাঞ্ছনীয়। যাহা ইচ্ছা করা যায়। কর্ত্তব্যকর্ম্ম। সং, ক্লীং, অভীষ্ট কর্ম্ম। "যৎ কিঞ্চিৎফলমুদ্দিশ্য যজ্ঞদান জপাদিকং। ক্রিয়তে কায়িকং যচ্চ তৎকাম্যং পরিকীর্ত্তিতং"॥

কাম্যমান, (কাম্য+শান্—র্ম্ম, ভা। য, ম—আগম) বিং, ত্রিং, প্রার্থ্যমান।

কায়, (ক=ব্রহ্মা—অয় = গমনার্থ 'ই' ধাতুজ। যাহা ব্রহ্মা হইতে গমন করে, কিম্বা যাহা ব্রহ্মাতে গমন করে) সং, পুং—ক্লীং, দেহ মনুষ্যতীর্থ। হস্ততলস্থ কনিষ্ঠাঙ্গুলির অধঃস্থান। পুং, ব্রহ্মা। প্রাজাপত্য বিবাহ। লক্ষ্য। স্বাভাবিক অবস্থা। সমূহ। গৃহ। স্বভাব। মূলধন। "কায়েন মনসা বুদ্ধ্যা কেবলৈ রিন্দ্রিয়ৈরপি। যোগিনঃ কর্ম্ম কুর্ব্বন্তি"। "কায়ঃ সন্নিহিতাপায়ঃ সম্পদঃ পদমাপদাং" হিতোপদেশ।

কায়স্থ,(কায়—শরীর—স্থ=যে থাকে,৭মী—ষ) সং, পুং, আত্মা। বৈশ্যের ঔরসে এবং শূদ্রার গর্ভে জাত জাতিবিশেষ। "কায়স্থেনোদরস্থেন মাতুর্মাংসং ন খাদিতং। ন তত্র করুণা রাজন্ কিন্তু হেতুরদন্ততা"। স্থা-স্ত্রীং, আমলকী, হরিতকী।

কায়া, (কায়শব্দজ) সং, শরীর, দেহ।

কায়িক, (কায়+ষ্ণিক—কৃতার্থে) বিং, ত্রিং, শরীর সম্বন্ধীয়,দৈহিক। কা—স্ত্রীং, ধনের বৃদ্ধিবিশেষ। "কায়িকং বাচিকং চৈব মনসা সমুপার্জ্জিতং। তৎসর্ব্বং নাশমায়াতি তমঃ সূর্য্যোদয়ে যথা"।

কার, (কৃ=করা+অ—প্রং) সং, পুং, হিমালয়। যতি। হত্যা। যত্ন। নিশ্চয়। কার্য্য। (কর্ম্মপদের পরে থাকিলে) কর্ম্মকর্ত্তা, যে করে যথা — কাংস্যকার কুম্ভকার ইত্যাদি। রা—স্ত্রীং, দূতী।

কারক, (কৃ=করা+ণক—ক) বিং ত্রিং, কর্ম্মকারক। ক্লীং, ক্রিয়ার সহিত যাহার অন্বয় হয়, কর্ত্তা, কর্ম্ম, করণ, সম্প্রদান, অপাদান, অধিকরণ। এই ষড়্‌বিধ কারক। করকাজল। রিকা—স্ত্রীং, পদ্য। "জগতাং কারকঃ কৃষ্ণঃ কৃতির্ম্মুরিরিপোরিয়ং"। বোপদেব।

কারণ, (কারি=করান+অনট্‌ক) সং, ক্লীং, হেতু, নিমিত্ত, বীজ। উদ্দেশে, প্রয়োজন। যাহা হইতে কার্য্য উৎপন্ন হয়, যথা—ঘটের কারণ মৃত্তিকা। যাহার যত্নে কার্য্য নির্ব্বাহ হয়, যথা—ঘটের কারণ কুম্ভকার। যাহার সহযোগ ভিন্ন কার্য্য নির্ব্বাহ হয় না, যথা—ঘটের কারণ দণ্ড চক্র সলিলসূত্র প্রভৃতি "অন্যথা সিদ্ধি শূণ্যস্য নিয়তা পূর্ব্ববর্ত্তিতা। কারণত্বং ভবেত্তস্য ত্রৈবিধ্যং পরিকীর্ত্তিতং। সমবায়িকারণত্বং জ্ঞেয়মথাপ্যসমবায়িহেতুত্বং। এবং ন্যায়নয়জ্ঞৈস্তৃতীয়মুক্তং নিমিত্তহেতুত্বং॥ যৎসমবেতং ক্যার্যং ভবতি জ্ঞেয়ন্তু সমবায়ি জনকং তৎ। তত্রাসন্নং জনকং দ্বিতীয়মাভ্যাং পরং তৃতীয়ং স্যাৎ"॥ ভাষাপরিচ্ছেদ। সাধন। ইন্দ্রিয়। দেহ। বধ।

কারণমালা; সং, স্ত্রীং, অর্থালঙ্কারবিশেষ, উত্তরোত্তর পদার্থের প্রতি পূর্ব্ব পূর্ব্ব পদার্থ যদি হেতুত্বরূপে উপন্যস্ত হয়।

কারণা, (কারি=হিংসাকরান+অন—ভা) সং, স্ত্রীং, নরকভোগ। অসহ্য যন্ত্রণা।

কারণিক, (কারণ=কার্য্য+ষ্কিক—প্রং) বিং, ত্রিং, পরীক্ষক।

কারণীভূত, (কারণ—ভূত=হইয়াছে। ঈ—আগম) বিং, ত্রিং, যাহা কারণ রূপে উপস্থিত হইয়াছে, কারণস্বরূপ।

কারণোত্তর, (কারণ—উত্তর) সং, ক্লীং, অভিযুক্ত বিষয়ের যাথার্থ্য স্বীকার করিয়া পশ্চাৎ প্রতিকূল কারণ প্রদর্শন দ্বারা তৎখণ্ডন, যথা—অমুকের নিকট আমি ঋণী ছিলাম বটে, কিন্তু সে ঋণ পরিশোধ করিয়াছি।

কারণ্ডব, (কারণ্ড=জল—বা গমনকরা +অ—ক)সং, পুং,হংসবিশেষ,খড়হাঁস।

কারন্ধমী, (কারন্ধমিন্, কারম্=কার্য্য—ধমিন্ [ধ্মা=অগ্নিসংযোগ করা+ণিন্—ক] যে অগ্নিসংযোগ করে) সং, পুং, কাঁংস্যকার, কাঁসারি।

কারমিহিকা; সং, স্ত্রীং, কর্পূর।

কারয়িতা, (কারয়িতৃ, কারি=করান+তৃণ্—ক) বিং,ত্রিং,যে কোন কর্ম্ম করায়।

কারব, (কা=অনুকরণ শব্দ—রব=যে শব্দ করে) সং, পুং, কাক।

কারবী, (ক=জল—আ—রু=গমনকরা +অ—প্রং। ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, ময়ূরশিখা। মৌরি, কেলে-জীরা

কারবেল্ল, } (কার=নিশ্চয়—বেল্ল
কারবেল্লক, } যে গমন করে। ক—যোগে কারবেল্লক) সং, পুং, করলাগাছ ল্লী- স্ত্রীং, উচ্ছে

কারা, (কৃ=নিক্ষেপ করা=অ—ধি। যেখানে অপরাধীরা নিক্ষিপ্ত হয়) সং, স্ত্রীং, বন্ধনস্থান। বন্ধন। বীণার নিম্নস্থ কাষ্ঠনির্ম্মিত ভাণ্ড। দূতী।

কারাগার, (কারা=বন্ধন—আগার=গৃহ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, বন্ধনস্থান, বন্ধনালয়। [কারাগৃহস্থিত বন্দী।

কারাগুপ্ত, (কারা=বন্ধন—গুপ্ত) বিং, ত্রিং, কারাপথ; সং, পুং, দেশবিশেষ।

কারায়িকা; সং, স্ত্রীং, বকশ্রেণী, বলাকা।

কারাবর, (কার—অবর=নিকৃষ্ট) সং, পুং, চর্ম্মকার, চামার।

কারাবাস, (কারা=বন্ধন—বাস) সং, পুং, কারাগারে রুদ্ধ হইয়া থাকা।

(কারা—আবাস=আলয়) কারাগার।
কারাবেশ্ম, (কারাবেশ্মন্, কারা=বন্ধন বেশ্মন্=আগার) সং, ক্লীং, কারাগার।
কারি, (কৃ=করা+ই—র্ম্ম) সং, স্ত্রীং, কার্য্য, কর্ম্ম। শিল্পকার্য্য।
কারিকর, (কারি=শিল্পকার্য্য—কর=যে করে, ২য়া—ষ) সং, পুং, শিল্পী, শিল্প-কর্ম্মকারী। যে শিল্পকার্য্য নিপুণ।
কারিকা, (কৃ বা কৄ=করা+ণক—প্রং আ—স্ত্রীলিঙ্গে। অ=ই) সং, স্ত্রীং, যাতনা। বিবরণশ্লোক, শ্লোক, লিখিত সূত্রবিশেষ। নটী। কর্ত্রী। বৃদ্ধি। সুদ, যত্ন। শিল্পকর্ম্ম। কৃতি। কার্য্য।
কারিত,(কারি=করান+ক্ত-র্ম্ম) বিং ত্রিং, যাহা অন্য দ্বারা সম্পাদিত হইয়াছে।
কারীষ, (করীষ+ষ্ণ—সমূহার্থে) সং, ক্লীং, করীষসমূহ, ঘুঁটের রাশি।
কারু, (কৃ=করা+উ—সংজ্ঞার্থে। যে চিত্র লেখনাদি কার্য্য করে) সং, পুং, বিশ্বকর্ম্মা। ত্রিং, শিল্পকারক। "তক্ষা চ তন্ত্রবায়শ্চ নাপিতো রজকস্তথা। পঞ্চমশ্চর্ম্মকারশ্চ কারবঃ শিল্পিনো মতাঃ।"
কারুক্রিয়া; সং, স্ত্রীং, শিল্পকর্ম্ম।
কারুজ, (কারু=শিল্প বা শিল্পকারক—জ =জাত বা উৎপন্ন) সং, পুং, শিল্পজাত-বস্তু। গাত্রস্থ তিলকাদি চিহ্ন, তিল; গিরি মাটি। বল্মীক। ফেন। করভ, করিশাবক। [বিং,ত্রিং, দয়ালু, দয়াময়।
কারুণিক, (করুণা+ষ্ণিক—প্রভবত্যর্থে)
কারুণ্য, (করুণা+ষ্ণ্য—স্বার্থে)] সং, ক্লীং, করুণা, দয়া। ["নেত্রমল।
কারুষ্য. (করুষ+ষ্ণ্য প্রং,) সং, ক্লীং,
কারোত্তর, (কার=কার্য্য—উত্তর=অত্যুত্তম। উত্তম স্থানে উত্তর। কারোত্তম শব্দও হয়) সং, পুং, সুরামণ্ড, মদের অগ্রভাগ। কূপ।
কার্কশ্য, (কর্কশ+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, নির্দ্দয়তা। কঠিনতা।
কার্ত্তবীর্য্য, (কৃতবীর্য্য=এই রাজপুত্রের পিতা+ষ্ণ—অপত্যার্থে। কিম্বা কৃত [কৃত=সম্যক্ শব্দকরা+অ—প্রং]সং,-শব্দিত—বীর্য্য=বীরত্ব। যাহার বীর্য্য সংশব্দিত হইয়াছে, ৬ষ্ঠী—হিং) সং, পুং, এই নৃপতি সহস্র হস্তবিশিষ্ট রাজা-বিশেষ। এই রাজা পরশুরামের হস্তে নিহত হন।
কার্ত্তস্বর,(কৃতস্বর=ধনি বিশেষ+ষ্ণ—ই-দমর্থে,কিম্বা কৃতস্বর [কৃত-স্বর=শব্দ]বেদ-পাঠক+অ-ইদমর্থে। বেদ পাঠ ককে স্বর্ণ দক্ষিণা দেওয়া যায় বলিয়া স্বর্ণের নাম কার্ত্তস্বর হইল) সং, ক্লীং,স্বর্ণ, সোনা।
কার্ত্তান্তিক (কৃতান্ত=দৈব+ষ্ণিক—জ্ঞা-নার্থে) সং,পুং, জ্যোতির্ব্বিদ্, জ্যোতিঃ-শাস্ত্রবেত্তা দৈবজ্ঞ।
কার্ত্তিক, (কার্ত্তিকী=কৃত্তিকানক্ষত্রযুক্তা পৌর্ণমাসী+অ—তদ্‌যুক্ত মাসার্থে) সং, পুং, স্বনাম প্রসিদ্ধ মাস। বিং, ত্রিং, কার্ত্তিকমাস-সম্বন্ধীয়। "কার্ত্তিকমার্গশীর্ষৌ শরৎ।"
কার্ত্তিকিক, (কার্ত্তিক+ষ্ণিক—প্রং,) সং, পুং, কার্ত্তিক মাস। (কার্ত্তিক+ষ্ণিক—ইদমর্থে) বিং, ত্রিং, কার্ত্তিক-মাসসম্বন্ধীয়।
কার্ত্তিকেয়, (কৃত্তিকা=নক্ষত্রবিশেষ+ষ্ণেয় —অপত্যার্থে। ষড়াননকে কৃত্তিকা প্রতিপালন করিয়াছেন বলিয়া তাঁহার নাম কার্ত্তিকেয় হইল) সং, পুং, কুমার, ষড়ানন। "তং কুমারং ততো জাতং দৃষ্ট্বা সেন্দ্রা মরুদ্‌গণাঃ। তদা ক্ষীরপ্রদানার্থং কৃত্তিকাঃ সংন্যযোজয়ন্। তাঃ ক্ষীরং তস্য দেবস্য সময়েন দদুস্তদা। স্যাদস্মাকময়ং পুত্রঃ খ্যাতো নাম্নেতি রাঘব। অন্যোন্যং পিতবন্তাসাং তনয়স্য মুখানি ষট্। সমভূবন্ মহাবাহোঃ ষন্মুখ-স্তেন বিশ্রুতঃ। ততস্তা দেবতা উচুঃ কার্ত্তিকেয় ইতি প্রভুঃ"।
কার্ত্তিকোৎসব, (কার্ত্তিক=স্বনাম প্রসিদ্ধ মাস—উৎসব) সং,পুং, কার্ত্তিকীপূর্ণিমা।

কাৎস্ন্য, (কৃৎ=সকল+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, সমুদয়। সম্পূর্ণতা। সাকল্য।
কার্পটী, সং, পুং, জতু, জৌ। উমেদার। কর্ম্মপ্রার্থি। [ত্রিং, মর্ম্মজ্ঞ। তীর্থসেবী।
কার্পটিক, (কর্পট+ষ্ণিক—প্রং,) বিং,
কার্পণ্য, (কৃপণ+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, ব্যয়কুণ্ঠতা, দারিদ্র্য। কৃপণতা, দৈন্য। দীনতা,কাতরতা। "কর্পণ্যদোষোপহত স্বভাবঃ।"মনস্বী ম্রিয়তে কামং কার্পণ্যং ন তু গচ্ছতি।"
কার্পাস (কৃ=করা+পাস—সংজ্ঞার্থে। ঋ=আর) সং, পুং, কাপাস গাছ। ক্লীং, তুলা। বিং, ত্রিং, কার্পাসনির্ম্মিত।
কার্পাস-নাসিকা, সং, স্ত্রীং, তর্কু, টেকো
কার্পাসিক (কর্পাস+ষ্ণিক—ইদমর্থে, অথবা ক—যোগে কার্পাসিক) বিং, ত্রিং, কার্পাসসূত্র দ্বারা নির্ম্মিত। কার্পাসসম্বন্ধীয়। [স্ত্রীং, কাপাস গাছ।
কার্পাসী. (কার্পাস+ঈ—স্ত্রীলিঙ্গে) সং,
কার্ম্ম, (কর্ম্ম+ষ্ণ—শীলার্থে) বিং, ত্রিং, কর্ম্মশীল, পরিশ্রমী। কার্য্যদক্ষ।
কার্ম্মণ, (কর্ম্মন্+ষ্ণ—প্রং,) সং, ক্লীং, মূলকর্ম্ম, তন্ত্রশাস্ত্রোক্ত যন্ত্রদ্বারা জলস্তম্ভন, স্ত্রীবশীকরণাদি। বিং, ত্রিং, কার্য্য সম্পাদনে নিপুণ, কর্ম্ম দক্ষ।
কার্ম্মিক, (কর্ম্মন্=কার্য্য, শিল্পকার্য্য+ষ্ণিক —ইদমর্থে) বিং, ত্রিং, যে বস্ত্রাদির উপর সূচীদ্বারা রক্ত নীল প্রভৃতি বর্ণের সূত্রে ফুল অথবা অন্য প্রকার কাজ করা যায়, ফুলপেড়ে।
কার্ম্মুক (কর্ম্ম+উক—প্রং,) সং,ক্লীং, ধনুক। পুং, ক্লীং,বাঁশ। বিং, ত্রিং, কর্ম্মসম্পাদক, কর্ম্মদক্ষ। ধনু.'কর্ম্মণি প্রভবতীতি কার্ম্মুকং ধনুঃ" ইতি কুমার সম্ভবটীকায়াং মল্লিনাথঃ। "ন্যাসীকৃতা স্থানবিদা স্মরেণ মৌর্ব্বীং দ্বিতীয়ামিব কার্ম্মুকস্য" কুমার।
কার্য্য, (কৃ=করা+য—ভা, র্ম্ম) সং, ক্লীং, কর্ম্ম, কাজ, যাহা করা যায়। উপকার, ফল, হেতু। প্রয়োজন। বিং, ত্রিং, কর্ত্তব্য "ত্রয়ঃ সমভ্যর্থয়িতায় এতে কার্য্যং ত্রয়ানামপি পিষ্টপানাং""কার্য্যং ত্বয়া নঃ প্রতিপন্নকল্পং" "তদ্গচ্ছ সিদ্ধ্যৈ কুরু দেব কার্য্যং" কুমার সম্ভব।
কার্য্যকারণভাব ; সং, পুং, সম্বন্ধ বিশেষ।
কার্য্যপুট, (কার্য্য=অভিপ্রায়, কারণ ইত্যাদি—পুট্ [সংলগ্ন হওয়া] নাশ করা+অ—প্রং) সং, পুং, উন্মত্ত। লজ্জাবিহীন।
কার্য্যদ্বেষ, কার্য্যপ্রদ্বেষ } (কার্য্য—দ্বেষ, প্রদ্বেষ =ঈর্ষা, ঘৃণা) সং, পুং, আলস্য, কার্য্য সম্পাদনে অমনোযোগ। [অন্য কার্য্য, কর্ম্মান্তর।
কার্য্যান্তর (কার্য্য—অন্তর) সং, ক্লীং,
কার্য্যী (কার্য্যিন, কার্য্য+ণিন্—অস্ত্যর্থে) বিং ত্রিং, কর্ম্মার্থী।
কার্শ্য, (কৃশ=ক্ষীণ+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, কৃশতা, ক্ষীণতা।
কার্ষাপণ, (কর্ষ=তোলকপরিমাণ—আপন=ব্যবহার) সং, ত্রিং, ১৬ পণ, কাহন। "রূপ্যকর্ষকৃতব্যবহার দ্রব্যং। লোকেতু তন্মূল্যে ষোড়শপণ সমুদায়ে কার্ষাপণস্যোপচারেণ প্রবৃত্তিঃ।" স্মৃতি
কার্ষিক, (কর্ষ=তোলকপরিমাণ, কর্ষণ+ষ্ণিক—প্রং) সং, পুং, পাঁচগণ্ডা। এক-বুড়ি, এক তোলা। [সম্বন্ধীয়।
কার্ষ্ণ, (কৃষ্ণ+ষ্ণ—প্রং)বিং, ত্রিং, কৃষ্ণ-
কার্ষ্ণি (কৃষ্ণ+ষ্ণি—অপত্যার্থে) সং, পুং, কৃষ্ণের পুত্র, মদন।
কাল, (কল্=গণনা করা+অ—প্রং) সং, পুং, সময়। যম। মৃত্যু। শিব। শনি। কোকিল। অবসর। (কু=কুৎসিত—অল্ = ভূষিত করা+অ—প্রং। কু=কা) বিং, ত্রিং, কৃষ্ণবর্ণ-বিশিষ্ট। ক্লীং, লৌহ। "জন্যানাং জনকঃ কালো জগতামাশ্রয়ো মতঃ। পরাপরত্ব ধীহেতুঃ ক্ষণাদিঃস্যাদুপাধিতঃ" ভাষাপরিচ্ছেদ। অনাদি নিধনঃ কালো রুদ্রঃ সঙ্কর্ষণঃ

স্মৃতঃ। কলনাৎ সর্ব্বভূতানাং স কালঃ পরিকীর্ত্তিতঃ"। "কালোহ্যয়ং নিরবধি র্বিপুলাচ পৃথ্বী" ভবভূতি। "কালে গতে বহুতিথে মম সৈব জাতা, প্রস্থানবিক্লব গতেরবলম্বনায়" শকুন্তলা।

কালক, (কল্ = গণনাকরা+ণক—প্রং। যে শুভাশুভ গণনা করে) সং, পুং, জতুক, জড়ুর। কালকাশন্দার শাক। সর্পবিশেষ, ঢোঁড়া সাপ। ক্লীং, যকৃৎ রোগ।

কালকণ্ঠ, (কাল—কণ্ঠ=গলা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চড়ুই, খঞ্জন। ময়ূর। দাত্যূহপক্ষী। শিব। [ণের মাতা।

কালকা; সং, স্ত্রীং, কালকেয় অসুরগ-

কালকীল; সং, পুং, কোলাহল।

কালকুণ্ঠ, (কাল=সময়—কুণ্ঠ=ব্যাহত, দুঃখ দায়ক) সং, পুং, যম, ধর্ম্মরাজ।

কালকূট, (কাল=যম—কূট্=নষ্টকরা+অ—ক। যে যমকেও নষ্ট করে, ২য়া—ষ। অথবা কাল মৃত্যু—কূট = রাশি, ৬ষ্ঠী—ষ) সং, পুং—ক্লীং, গরল, স্থাবর-বিষবিশেষ। "কালিমা কালকূটস্য না পৈতি হরসঙ্গমাৎ"। "ততো দুর্য্যোধনঃ পাপস্তদ্ভক্ষ্যে কালকূটকম্। বিষং প্রক্ষেপয়ামাস ভীমসেনজিঘাংসয়া"। মহাভারত।

কালকৃৎ, (কাল=সময়—কৃৎ=যে করে। যিনি সময় পরিমাণ করেন) সং, পুং, সূর্য্য।

কালকৃত, (কাল—কৃত=করা হইয়াছে) বিং, ত্রিং, সময়ে যাহা করে, কালে যাহা ঘটিয়া উঠে। কালিক নিয়মে যাহা করা হয়।

কালকেয়, (কালকা+ঞেয়—অপত্যার্থে) সং, পুং, বহুং, অতি দুর্দ্দান্ত মহাপরাক্রমশালী ষাট হাজার অসুর।

কালখঞ্জন, (কাল=কৃষ্ণবর্ণ—খনজ্=গমন করা+অনট্—ভা) সং, ক্লীং, যকৃৎ, রোগবিশেষ।

কালখণ্ড, (কাল=কৃষ্ণবর্ণ—খণ্ড=অংশ, ২য়—স) সং, ক্লীং, যকৃৎ, রোগবিশেষ।

কালগ্রন্থি, (কাল=সময়—গ্রন্থি=সন্ধিস্থান, গাঁট, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বৎসর।

কালগ্রাস, (কাল—গ্রাস, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কালের গ্রাস, মৃত্যু।

কালজ্ঞ, (কাল—জ্ঞ=যে জানে) বিং, ত্রিং, যে সময় বুঝিয়া কর্ম্ম করে। অবসরোচিত কার্য্যজ্ঞ, যে কার্য্যে যে সময় তাহা যে জানে। সময়োচিত কার্য্যজ্ঞ। সং, পুং, কুক্কুট।

কালঞ্জর, (কাল=সময়, মৃত্যু—জর=যে জীর্ণ করে) সং, পুং, মৃত্যুঞ্জয়, শিব। যোগিচক্র। পর্ব্বতবিশেষ। রী—স্ত্রীং, চণ্ডী, দুর্গা।

কালত্রয়, (কাল—ত্রয়=তিন, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, ত্রিকাল, বর্ত্তমান অতীত ভবিষ্যৎ এই তিন কাল।

কালধর্ম্ম, (কাল=সময়, যম—ধর্ম্ম=ক্রিয়া ৬ষ্ঠী—ষ) সং, পুং, মৃত্যু, কালের ধর্ম্ম। সময়ের স্বভাব, যে সময়ে যাহার ঘটনা বা উৎপত্তি অবধারিত আছে, যেমন গ্রীষ্মকালে উত্তাপ, বর্ষাকালে বৃষ্টি, ইত্যাদি।

কালনির্য্যাস, (কাল=কৃষ্ণবর্ণ—নির্য্যাস =কাথ, ২য়—স) সং, পুং, গুগ্গুল।

কালনেমি, সং, পুং, রাক্ষসবিশেষ. হিরণ্যকশিপুর পুত্র। "কালনেমিবধাৎ প্রীতস্তুরাষাড়িব শাঙ্গিণং" রঘুবংশ।

কালপুরুষ, (কাল=যম—পুরুষ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, যমের সহকারী, যমের অনুচর, পুরুষাকৃতি নক্ষত্রসমূহ।

কালপৃষ্ঠ, (কাল=কৃষ্ণবর্ণ—পৃষ্ঠ=পিট। যাহার পিঠ কাল) সং, পুং, কঙ্কপক্ষী। মৃগবিশেষ। ক্লীং, কর্ণের ধনুক।

কালরাত্রি, (কাল=মৃত্যু—রাত্রি, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, সংহারসূচক রাত্রি। ভগবতীর শক্তিবিশেষ। "সন্ধ্যা রাত্রিঃ প্রভা নিদ্রা কালরাত্রিস্ত্বমেব চ"। "কা-

লরাত্রীব ভূতানাং সর্ব্বেষাং দুরতিক্রমা”।

কালবেলা, (কাল=শনি—বেলা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, অশুভ সময়বিশেষ, যে সময়ে কোন কার্য্য করা বা কোন কার্য্য করিবার নিমিত্ত অন্যস্থানে গমনকরা যুক্তিযুক্ত নহে।“ক্রিয়ানর্হকালবিশেষঃ। সা তু রব্যাদিবারে কালস্থ শনেস্তত্তদ্‌-যামার্দ্ধরূপ বেলা। যথা—রবৌ দিবা পঞ্চম যামার্দ্ধং নক্তং ষষ্ঠযামার্দ্ধম্‌। সোমে দিবা দ্বিতীয় যাং নক্তং চতুর্থযাং কুজে দিবা ষষ্ঠ যাং নক্তং দ্বিতীয় যাং। বুধে দিবা তৃতীয় যাং নক্তং সপ্তম যাং। গুরৌ দিবা সপ্তম যাং নক্তং পঞ্চম যাং। শুক্রে দিবা চতুর্থ যাং নক্তং তৃতীয় যাং। শনৌ দিবা প্রথমযামার্দ্ধং নক্তং তদেব” ইতি দীপিকা।

কালশের, কালসের (কলশী, সী+ঞের—প্রং যাহা কলসীতে মন্থন করিয়া জন্মায়) সং, ক্লীং, ঘোল।

কালসর্প, (কাল=কৃষ্ণবর্ণ—সর্প, য়ং—স) সং, পুং, কৃষ্ণসর্প, কেউটেসাপ।

কালসহ, (কাল—সুহ্‌—সহ্য করা—অ—প্রং) বিং, ত্রিং, যাহাতে কালবিলম্ব সহ্য হয়, কালসহিষ্ণু।

কালসার, (কাল=কৃষ্ণবর্ণ—সার=স্থিরাংশ) সং, পুং, কৃষ্ণবর্ণ হরিণবিশেষ, কৃষ্ণসার।

কালসূত্র, কালসূত্রক (কাল [কল্‌ গণনাকরা +অ—প্রং] গণনা-সূত্র—সুতা, শাসন। ক—যোগ) সং, ক্লীং, স্বনাম প্রসিদ্ধ নরকবিশেষ।

কালস্কন্ধ, (কাল—কৃষ্ণবর্ণ—স্কন্ধ=গাছের গুঁড়ি, ৬ষ্ঠী—হিং) তমালবৃক্ষ।

কালা, (কল্ল শব্দজ) বিং, বধির, শ্রবণেন্দ্রিয় হীন। যে শুনিতে পায় না (কাল শব্দজ) কৃষ্ণবর্ণ।

কালাগুরু, (কাল—অগুরু, য়ং—স) সং, ক্লীং, কৃষ্ণবর্ণ সুগন্ধিকাষ্ঠবিশেষ।

কালানুনাদী, (কালানুনাদিন্‌, কাল [শীত বসন্তাদি] ঋতু—অনুনাদিন্‌=যে গান করে বা শব্দ করে) সং, পুং, চাতকপক্ষী। চটক। ভ্রমর।

কালানুভাবকতা (Faculty of time) সং, স্ত্রীং, যে মানসিক বৃত্তিদ্বারা কালের অনুভব হয়।

কালানুসারি—পুং, কালানুসার্য্য—ক্লীং (কাল=কৃষ্ণবর্ণ—অনু+সৃ=সদৃশহওয়া+ই, য—প্রং) সং, পার্ব্বতীয় গন্ধদ্রব্যবিশেষ, শৈলজ।

কালান্তর, (কাল—অন্তর=মধ্য ইত্যাদি) সং, ক্লীং, সময়ান্তর, অন্যকাল, অন্য সময়ে।

কালান্তরবিষ, (কাল—সময়—অন্তর=পশ্চাৎ বা পরে—বিষ। যাহাদের বিষ বহুকাল স্থায়ী) সং, পুং, যে সকল জন্তুর বিষের প্রভাব দংশনকালের বহুকাল পরেও প্রকাশিত হয়, যথা—মূষিক প্রভৃতি।

কালাপ, (কলাপ+ষ্ণ—প্রং) সং, পুং, সর্পের ফণা। বিং, ত্রিং, কলাপব্যাকরণজ্ঞ।

কালায়স, (কাল—অয়স্‌=লৌহ+অ—প্রং) সং, ক্লীং লৌহবিশেষ। ইস্পাত।

কালাশৌচ, (কাল—অশৌচ=অপবিত্রতা) সং, ক্লীং, মহাগুরু নিপাত হইলে যতদিবস পর্য্যন্ত শরীর অশুচি থাকে; শাস্ত্রানুসারে মহাগুরু নিপাতে সংবৎসর কাল শরীর অশুচি থাকে।

কালি, (কাল শব্দজ) সং, মসী। একত্র সংকলন।

কালিক, (কাল=কৃষ্ণবর্ণ ইত্যাদি+ষ্ণিক বা ক—প্রং) সং, পুং, বক, ক্রৌঞ্চ। ক্লীং, কৃষ্ণচন্দন। বিং, ত্রিং, সাময়িক, কালকৃত, কালসম্বন্ধীয়।

কালিকা, (কাল=কৃষ্ণবর্ণ+ষ্ণিক—প্রং) সং, স্ত্রীং, কলঙ্ক। কৃষ্ণবর্ণ। শ্যামপক্ষী। স্ত্রীকাক। মেঘমালা। ঘনাবলি। মসী। রোমাবলী। চণ্ডিকা। ঝটিকা। বিচুটি। সুরা। শৃগালী। কিম্ভিবন্দী।

কালিঙ্গ, (কলিঙ্গ=দেশবিশেষ+ষ্ণ—প্রং) সং, পুং, কলিঙ্গ দেশীয়রাজা। কলিঙ্গ-দেশবাসী। (কু—লিঙ্গ) হস্তী। সর্প। লৌহবিশেষ।

কালিদাস,(কালী=দুর্গা—দাস, ৬ষ্ঠী—ষ। ঈ=ই)সং, পুং, স্বনাম খ্যাত মহাকবি। ইনি ভারতবর্ষীয় বিক্রমাদিত্যের রাজ-সভাস্থ নবরত্নপণ্ডিতের মধ্যে সপ্তম রত্ন ছিলেন। রঘুবংশ কুমারসম্ভব নলোদয় অভিজ্ঞানশকুন্তল বিক্রমোর্ব্বশী মেঘদূত মালবিকাগ্নিমিত্র ঋতুসংহার প্রভৃতি গ্রন্থ সমূহ এই মহাকবির অমৃতময়ী লেখনী হইতে বিনির্গত হইয়াছে।

কালিন্দী, (কলিন্দ=পর্ব্বতবিশেষ, হিমালয়ের অংশবিশেষ+অ—ভবার্থে। ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, যমুনা নদী। (১) "কালিন্দীজলকল্লোল কোলাহল কুতূহলী"।

কালিন্দীকর্ষণ, (কালিন্দী=যমুনা—কর্ষণ যে কর্ষণ করে। যিনি লাঙ্গুলদ্বারা যমুনার প্রবাহরোধ করিয়াছিলেন) সং, পুং, বলরাম, বলদেব।

কালিন্দীভেদন, (কালিন্দী=যমুনা—ভেদন যে ভেদ করে। যিনি লাঙ্গল দ্বারা যমুনাকে ছিন্ন ভিন্ন করিয়াছিলেন, ২য়া—ষ) সং, পুং, বলদেব, বলরাম, বাসুদেবের জ্যেষ্ঠভ্রাতা।

কালিমা,(কালিমন্,কাল+ইমন্—ভাবে) সং, পুং, কৃষ্ণতা, মলিনতা, শ্যামিকা।

কালিয়, (কাল=কৃষ্ণবর্ণ+ইয়—প্রং) সং, পুং, সর্পবিশেষ।

কালিষ্ঠ, (কাল=কৃষ্ণবর্ণ+ইষ্ঠ—অত্যর্থে) বিং, ত্রিং, অত্যন্ত কাল।

কালী, (কাল=কৃষ্ণবর্ণ+ঈ—স্ত্রীলিঙ্গে। যিনি অবস্থা ভেদে কৃষ্ণবর্ণা অথবা কাল সংহার—ঈ=কর্ত্রী। যিনি সংহার-কারিণী) সং, স্ত্রীং, কালিকা দেবী, শিবের স্ত্রী " তাসাঞ্চ পশ্চাৎ কনকপ্রভাণাং কালী কপালাভরণা চকাশে" কুমারসম্ভব। কৃষ্ণবর্ণা স্ত্রী। মৎস্যগন্ধা। নূতন উদিত মেঘশ্রেণী। অগ্নিজিহ্বাবিশেষ। (কাল শব্দজ) মসী। কৃষ্ণবর্ণ।

কালীচী ; সং, স্ত্রীং, যমের বিচারালয়, ধর্ম্মরাজার ধর্ম্মাধিকরণ।

কালীতনয়,(কালী=দেবীবিশেষ,—তনয় পুত্র। সং, পুং, মহিষ। কালী দেবীর প্রিয় বলিয়া মহিষের নাম কালীতনয় হইল।

কালীন, (কাল+ীন—প্রং) বিং, ত্রিং, কালে যাহা ঘটে বা উৎপন্ন হয়। অন্য শব্দের সহিত এই শব্দের প্রয়োগ হয় স্বতন্ত্র প্রয়োগ হয় না ; যথা—পূর্ব্বকালীন,গমনকালীন তৎকালীন ইত্যাদি।

কালীয়, (কাল=কৃষ্ণবর্ণ+নীয়—প্রং)সং, পুং, কৃষ্ণনন্দন। কৃষ্ণবর্ণসম্বন্ধীয়।

কালীয়ক, (কাল=কৃষ্ণবর্ণ+নীয়—প্রং। ক—যোগ) সং, ক্লীং, কুঙ্কুম। পুং, শৈলজ গন্ধদ্রব্যবিশেষ, দারুহরিদ্রা।

কালেয়, (কাল বা কলি+ষ্ণেয়—প্রং) সং, ক্লীং, যকৃৎ। পুং, দৈত্যবিশেষ। কৃষ্ণনন্দন।

কাল্প / কাল্পক } (কল্প=বিধান, বেদবিধি বিশেষ+অ—প্রং। হোমাদিকর্ম্মে যাহার গাছ অগ্নিতে আহুতি প্রদত্ত হয়)সং, পুং, কাঁচা হলুদ।

কাল্পনিক,(কল্পনা+ষ্ণিক—কৃতার্থে)বিং, ত্রিং, কল্পিত, আরোপিত। কল্পনাসম্বন্ধীয়, কল্পনাশক্তিদ্বারা উদ্ভাবিত, অসম্ভব, অমূলক। যে উদ্দেশে বা অভিপ্রায়ে করা উচিত তদনুযায়ী নহে।

কাল্যা,(কাল=সময়+য—প্রং) সং, স্ত্রীং, যে গবীর গর্ভগ্রহণ কাল উপস্থিত হইয়াছে, পালধরাইবার উপযুক্ত গাই।

কাবচিক,(কবচ=বর্ম্ম+ষ্ণিক—প্রং) সং, ক্লীং, কবচধারী সৈন্যগণ।

কাবার,(ক=মস্তক—আবার[আ—বৃ আচ্ছাদনকরা+ঘঞ্-প্রং] যে আবরণ বা রক্ষা করে)সং, ক্লীং, শৈবাল, শেওলা।

কারক, (ক=জল অথবা কু=কুৎসিত—আ—বৃ=আচ্ছাদন করা+কক্—প্রং) সং, পুং, চক্রবাক। কুক্কুট।

কাবের,(কব=রংকরা+এর—প্রং। অ=আ) সং, ক্লীং কুঙ্কুম। রী—স্ত্রীং, নদীবিশেষ। "নর্ম্মদে সিন্ধু কাবেরি জলেস্মিন্ সন্নিধিং কুরু"। "কাবেরীবারিপাবনঃ পবনঃ"(কু—বের=শরীর, ৬ষ্ঠী—হিং) হরিদ্রাবিশেষ। বেশ্যা। গণিকা।

কাব্য, (কবি+ষ্ণ্য—স্বার্থে, ভাবে) সং, পুং, শুক্রাচার্য্য। "জরা বলী চ মাং তাত পলিতানি চ পর্য্যগুঃ। কাব্যস্যোশনসঃ শাপান্ন চ তৃপ্তোস্মি যৌবনে" মহাভারত। ক্লীং, রসযুক্ত বাক্য। "কাব্যং রসাত্মকং বাক্যং" সাহিত্যদর্পণ। কবিতা "কাব্যশাস্ত্রবিনোদেন কালো গচ্ছতি ধীমতাং"। ব্যা—স্ত্রীং, বুদ্ধি। পূতনা।

কাব্যলিঙ্গ, সং, ক্লী, অর্থালঙ্কারবিশেষ, যে স্থলে বাক্যার্থ অথবা পদার্থ অপরার্থের হেতু স্বরূপে প্রতিপাদিত হয়।

কাশ, কাস (কাশ=দীপ্তিপাওয়া+অ—প্রং। কাস্=গমনকরা+অ—প্রং)সং, ক্লীং, কেশেফুল। পুং, কাসরোগ। প্রকাশ। কেশেতৃণ। "কুশাঃ কাশাঃ বিরাজন্তে বটবঃ সামগাইব" বিষ্ণুপুরাণ। গতি।

কাশন্দি, (কাশমর্দ্দ শব্দজ) সং, তিন্তিড়ী আম্র এবং সর্ষপচূর্ণ মিশ্রিত খাদ্যদ্রব্য বিশেষ। আম্রের আচার।

কাশি, কাশিকা, কাশী (কাশ=দীপ্তিপাওয়া+ই—সংজ্ঞার্থে)সং, স্ত্রীং, বারাণসী। (কাশশব্দজ) কাশরোগ। কাশি শব্দ পুংলিঙ্গও হয়।

কাশিরাজ, কাশিরাজা } (কাশী=বারাণসী—রাজন্=রাজা বা শাসনকর্ত্তা। সং, পুং, নৃপবিশেষ। দিবোদাস। ধন্বন্তরি।

কাশীনাথ, (কাশী=বারাণসী—নাথ=প্রভু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বারাণসীর অধীশ্বর, মহাদেব।

কাশীশ, (কাশী—ঈশ প্রভু) সং, পুং, শিব। দিবোদাস। কাশীর অন্যান্য রাজগণ। ক্লীং, হীরাকস।

কাশ্মীর, (কাশ=দীপ্তিপাওয়া+মার—প্রং, কিম্বা কাশ্মীর+অ—নিবাসার্থে) সং, পুং, দেশবিশেষ। কাশ্মীরদেশীয় রাজা বা অধিবাসী। ক্লীং, পদ্মের মূল। কুঙ্কুম। সোহাগা। টঙ্ক। রী—স্ত্রীং, বৃক্ষবিশেষ। বিং, ত্রিং, কাশ্মীর দেশজাত বস্তু, সাল রুমাল প্রভৃতি।

কাশ্মীরজ, কাশ্মীরজন্মন্ (কাশ্মীর—জ=যে জন্মে, ৭মী—ষ) সং, ক্লীং, কুঙ্কুম। পদ্মমূল।

কাশ্য; সং, ক্লীং, মদ্য।

কাশ্যপ, (কশ্যপ+ষ্ণ—অপত্যার্থে) সং, পুং, কশ্যপমুনির বংশীয়, গোত্রবিশেষ। কণাদমুনি। মৃগবিশেষ। ক্লীং, মাংস।

কাশ্যপি,(কশ্যপ+ষ্ণি—অপত্যার্থে) সং, পুং, সূর্য্যসারথি, গড়ুরাগ্রজ অরুণ। (কশ্যপ+ষ্ণি—দেয়ার্থে)। পি,পী—স্ত্রীং, পৃথিবী। পরশুরাম পৃথিবীকে একশতবার নিঃক্ষত্রিয়া করিয়া কশ্যপকে তাহা দান করেন বলিয়া পৃথিবীর নাম কাশ্যপি হইল।

কাশ্যপেয়, (কশ্যপ=মুনিবিশেষ+ঢেয় অপত্যার্থে) সং, পুং, সূর্য্য। গরুড়।

কাষায় (কষায়+ষ্ণ—ইদমর্থে)বিং, ত্রিং, কষায়রক্ত, ঈষৎ রক্তবর্ণ দ্বারা রঞ্জিত।

কাষ্ঠ, (কাশ্=দীপ্তিপাওয়া+থ—সংজ্ঞার্থে। অগ্নি যাহার দ্বারা দীপ্তি পায়) সং,ক্লীং, কাঠ। ষ্ঠা—স্ত্রীং,দিক্ প্রদেশ। দারুহরিদ্রা। স্থিতি। সীমা। উৎকর্ষ। "কাষ্ঠাগতস্নেহরসানুবিদ্ধং দ্বন্দ্বানি ভাবং ক্রিয়য়া বিবব্রুঃ" কুমার সম্ভব। সূক্ষ্ম, সময়,অষ্টাদশ নিমেষ "যথা কাষ্ঠঞ্চ কাষ্ঠঞ্চ সমেয়াতাং মহোদধৌ। সমেত্য চ ব্যপেয়াতাং তদ্বদ্ভূতসমাগমঃ।" "কাষ্ঠাং

ভগবতো ধ্যায়েৎ স্বনাসাগ্রাবলোকনঃ”।
কাষ্ঠক, (কাষ্ঠ=কাঠ+ক—যোগ) সং, ক্লীং, সুগন্ধি কাষ্ঠবিশেষ, অগুরু।
কাষ্ঠকীট, (কাষ্ঠ=কাঠ—কীট=কৃমি, পোকা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ঘুণ।
কাষ্ঠকুট্ট, (কাষ্ঠ—কুট্ট্=ছেদন করা+অ—প্রং,) সং, পুং, কাঠ্ ঠোক্‌রা।
কাষ্ঠকুদ্দাল, (কাষ্ঠ=কাঠ—কুদ্দাল=কোদাইল, ৬ষ্ঠী—ষ) সং, পুং, নৌকাদির জলসেচনার্থ কাষ্ঠ নির্ম্মিত পাত্র বিশেষ। কেঠো। কাত্তো।
কাষ্ঠতক্ষ্, কাষ্ঠতক্ষক } (কাষ্ঠ = কাঠ—তক্ষ্ ছেদন করা বা কাষ্ঠাদি চাঁচা+ক্বিপ্, অক—ক) সং, পুং, সূত্রধর, ছুতার।
কাষ্ঠতন্তু, (কাষ্ঠ=কাঠ—তন্তু [তন্+তু—সংজ্ঞার্থে] যে বিস্তার করে) সং, পুং, কাষ্ঠকৃমি, ঘুণ। [বোর্ড প্রভৃতি।
কাষ্ঠফলক ; সং, ক্লীং, কাষ্ঠনির্ম্মিত ফলক,
কাষ্ঠমঠি (কাষ্ঠ=কাঠ—মঠি=পুঞ্জ, আলয়) সং, স্ত্রীং, চিতা।
কাষ্ঠমল্ল, (কাষ্ঠ=কাঠ—মল্ল=আধার বিশিষ) সং, পুং, শবাধার, শবযান, যে গাড়ী বা খাটে করিয়া মড়া লইয়া যায়।
কাষ্ঠলেখক, (কাষ্ঠ—লেখক=যে লিখে বা অক্ষর ক্ষোদে) সং, পুং, ঘুণ।
কাষ্ঠাম্বুবাহিনী, (কাষ্ঠ—অম্বু=জল—বাহিনী=যে বহন করে) সং, স্ত্রীং, দ্রোণী, জলসেচনী। [স্ত্রীং, কাটী।
কাষ্ঠিকা, (কাষ্ঠ+ইক, আ—অল্পার্থে)
কাষ্ঠীলা, (কু = ক্ষুদ্র, ছোট—অস্থি [হাড়] কাণ্ড =লা=পাওয়া বা অধিকার করা+আ—প্রং,। যাহার কাণ্ড কোন কার্য্যকারক নহে) সং, স্ত্রীং, কদলীগাছ।
কাসমর্দ্দ, কাশমর্দ্দ } (কাস=কাশরোগ—মর্দ্দ যে নাশ করে) সং, পুং, কালকাসান্দা গাছ। কাশন্দি, আচার।
কাসর, (ক=জল—আ—সৃ=গমনকরা +অল্—প্রং। যে সর্ব্বদা জলে গমন করে) সং, পুং, মহিষ, এই জন্তু জলময় স্থানে থাকিতে ভাল বাসে বলিয়া ইহার নাম কাসর হইল।
কাসার (ক=জল—আ—সৃ=গমনকরা, +ঘঞ্—প্রং) সং, পুং, সরোবর, পুষ্করিণী, মহাজলাশয়।
কাসীস, (কাস্=গমনকরা+ঈস—সংজ্ঞার্থে) সং, ক্লীং, হিরাকস।
কাসু, (কস্=গমন করা বা দীপ্তি পাওয়া অথবা কাস্=রোগহেতুক কুৎসিত শব্দ করা+উ—সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, অপরিস্ফুট বাক্য। শক্তি অস্ত্র। দীপ্তি। বুদ্ধি। রোগ। [অস্ত্রবিশেষ, শস্যকর্ত্তনী।
কাস্তে, (দেশজ) সং, ধান্য ছেদনার্থ
কাহণ, (কর্ষাপণ শব্দজ) সং, ষোল পণ।
কাহল (ক=সুখ, মস্তক ইত্যাদি—আ—হল্=কর্ষণকরা, বা ভাগকরা+অ—প্রং) সং, বিড়াল। কুক্কুর। পুং, কোলাহল। বৃহৎ ঢক্কা। ক্লীং, অস্পষ্ট বাক্য। বিং, ত্রিং, খল। শুষ্ক। ভৃশ। লা—স্ত্রীং, বাদ্য ভাণ্ডবিশেষ। লী—স্ত্রীং, তরুণী, যুবতী।
কাহার, (স্কন্ধাবার শব্দজ) সং, যান বাহক, জাতি বিশেষ। বেহারা।
কাহিনী, (দেশজ) সং, বিবরণ, গল্প প্রস্তাব। [কৃশ।
কাহিল, (যাবনিক) বিং, দুর্ব্বল, ক্ষীণ,
কি (কিম্ শব্দজ) সর্ব্বং, জিজ্ঞাসাবোধক শব্দ। আশ্চর্য্য বা বিস্ময় সূচক শব্দ।
কিংবক্তব্য, (কিম্—বক্তব্য=কথনীয়) বিং, ত্রিং, কি কহিতে হইবে বা কহা উচিত।
কিংবদন্তী—ন্তি (কিম্=কোন—বদ্=বলা+অন্তি—প্রং,) সং, স্ত্রীং, লোকাপবাদ, জনশ্রুতি, জনরব “মৎসম্বন্ধাৎ কশ্মলা কিম্বদন্তী স্যাচ্চেদস্মিন্ হন্ত ধিঙ্ মামধন্যম্” উত্তর চরিত। লিপিবদ্ধ না হইয়া মুখপরম্পরায় যাহা বহুকাল চলিয়া আসিতেছে।

কিংবা, (কিম্—বা) অং, বা, অথবা, পক্ষান্তরবোধক শব্দ।
কিংবৈদ্য, (কিম্=কুৎসিত—বৈদ্য) সং, পুং, কুৎসিত বৈদ্য। বৈদ্যশাস্ত্রে অনভিজ্ঞ, হাতুড়ে।
কিংশারু (কিম্=কি বা কখন—শৄ=বধ করা+উ—সংজ্ঞার্থে) সং, পুং, শস্য-শূক, শস্যের শুঁয়া। বাণ। কঙ্কপক্ষী।
কিংশুক, (কিং=বিতর্ক—শুক=পক্ষি-বিশেষ। শুকতুণ্ডের ন্যায় পুষ্প বলিয়া ইহার পুষ্প কি "শুকপক্ষী" এই বিতর্ক হেতু ইহার নাম কিংশুক) সং, পুং, পলাশ বৃক্ষ। ক্লীং, তৎপুষ্প। "অবিজ্ঞায় ফলং যো হি কর্ম্ম ত্বেবানুধাবতি। স শোচেৎ ফলবেলায়াং যথা কিংশুক-সেবকঃ"। "পদ্মং কিংশুকনাম্না কিং জহাতি নিজসৌরভং" চাণক্য।
কিংস্বিৎ, (কিং—স্বিৎ,=দ্বং—স) অং, প্রশ্ন। বিতর্ক। বিকল্প। "প্ররোহঃ সংভৃতো ভূয়ঃ কিংস্বিৎ কামতরোরয়ং" উত্তর চরিত।
কিকিদিব, কিকীদিব, কিকিদিবি, কিকিদীবি, কিকীদিবি, কিকীদীবি } (কিকি=অনুকরণ শব্দ—দিব্=ক্রীড়া করা+অ, ই—প্রং। যে "কিকি" এই শব্দ করে) সং, পুং, স্বর্ণচাতক, সোণাচড়া।
কিঙ্কর, (কিং=কিঞ্চিৎ—কর=যে করে) বিং, পুং,—ক্লীং, রা, রী—স্ত্রীং, দাস, দাসী, ভৃত্য, কর্ম্মকর। "পাদার্পণানুগ্রহপূতপৃষ্ঠং আবেহি মাং কিঙ্করমষ্ট মূর্ত্তেঃ" রঘুবংশ।
কিঙ্কর্ত্তব্য, (কিম্—কর্ত্তব্য=করা উচিত) বিং, ত্রিং, কি করা কর্ত্তব্য, কিকরা উচিত।
কিঙ্কর্ত্তব্যবিমূঢ়; বিং, ত্রিং, কর্ত্তব্য অবধারণে অসমর্থ।
কিঙ্কিণি, ণী (কিং=অনুকরণ শব্দ—কিণ্ শব্দকরা+ইন—প্রং) সং, স্ত্রীং, ক্ষুদ্র ঘণ্টিকা, ঘুঙুর "ঝনজ্ ঝনিত কঙ্কনক-নিত কিঙ্কিণীকং ধনুঃ" উত্তর চরিত। কটিভূষণ। বিকঙ্কত বৃক্ষ।
কিঙ্কির (কিম্=কিঞ্চিন্মাত্র—কৄ=ক্ষেপণ করা+ক—প্রং) সং, ক্লীং, অশ্ব। গজকুম্ভ। ভ্রমর। পুং, কোকিল। কন্দর্প। রা—স্ত্রীং, রক্তবর্ণ।
কিঙ্কিরাত, (কিঙ্কিরা—অত=যে সতত গমন করে বা থাকে) সং, পুং, রক্তাশোক বৃক্ষ। ঝাঁটী ফুলের গাছ। শুক। কোকিল। কন্দর্প পক্ষী। [অল্প।
কিছু, (কিঞ্চিৎ শব্দজ) বিং, কিয়ৎ,
কিঞ্চ, (কিং—চ=ও) অং, আরো, আরো কিছু। সাকল্য। সম্ভাবনা। আরম্ভ। সমুচ্চয়।
কিঞ্চন, কিঞ্চিৎ (কিং+চন, চিৎ—অসাকল্যার্থে) অং, অল্প, কিছু। কোন।
কিঞ্চিলিক, কিঞ্চুলুক (কিং=কিঞ্চিৎ—চল্=গমনকরা+ইক, উক—প্রং, নিপাতন। যে কিঞ্চিৎ কিঞ্চিৎ চলে) সং, পুং, মহীলতা, কীট বিশেষ, কেঁচো।
কিঞ্জল, কিঞ্জল্ক } (কিং কিঞ্চিৎ—জল্=আচ্ছাদন করা+অ, ক—প্রং,) সং, পুং, কেশর, ফুলের পাবড়ি, পুষ্পরেণু। ক্লীং, নাগকেশরপুষ্প।
কিট্‌কিটা, (মলিনার্থ কিট্টশব্দজ) বিং, অপরিষ্কার, মলিন, অতিশয় ময়লা।
কিটি, (কিট্=গমনকরা+ই—সংজ্ঞার্থে) সং, পুং, শূকর।
কিটিভ, (কিটি=শূকর—ভ [ভা=দীপ্তি পাওয়া+ড—ক] যে দীপ্তি পায় অর্থাৎ সমতুল্য হয়) সং, পুং, উকুণ।
কিট্ট, (কিট্ [গমনকরা] শরীর ইত্যাদি হইতে নির্গত হওয়া+ক্ত—প্রং) সং, ক্লীং, ধাতুমল। তৈলাদির কাট।
কিট্টাল, কিট্ট=মলা—অল্=পারক্‌হওয়া+অ—প্রং) সং, পুং, তাম্রকলস।
কিড়মিড়, কিড়মিড়ি, (দেশজ) সং, দন্তঘর্ষণ শব্দ, অব্যক্ত ধ্বনি।

কিণ, (কণ্=পাওয়া+অ—প্রং। পুনঃ পুনঃ বহন কিম্বা জ্যাঘাত দ্বারা যাহা পাওয়া যায়) সং, পুং, ঘর্ষণ,চিহ্ন, কড়া, কালশিটে। শুষ্কব্রণ। "কালস্থাল্লতয়া চ চীবরকৃতঃ স্কন্ধেন জাতঃ কিণঃ"। "জ্যাঘাতরেথা কিণলাঞ্ছনেন"। রঘুবংশ

কিতব, (কি=কিং—তব=তোমার। কি তোমার পণ? ইহা যে বলে, নিপাতন) বিং, ত্রিং, ধূর্ত্ত, প্রতারক। দ্যূতক্রীড়াকারী, জুয়ারি।

কিনন,(ক্রয়ণ শব্দজ) সং,ক্রয় করণ,কেনা।

কিনারা, (যাবনিক) সং,কূল, ধার পার্শ্ব।

কিন্তনু, (কিম্=অল্পমাত্র—তনু=দেহ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, লূতা, মাকড়সা।

কিন্তু, (কিং—তু=ভেদক) অং, পরন্তু, কিং, পুনঃ, অথচ, প্রথম কথিতের বৈপরীত্য বা সঙ্কোচ বোধক শব্দ।

কিঙ্কী, (কিঙ্কিন্) সং, পুং, অশ্ব।

কিন্নর, (কিং=কুৎসিত—নর=মনুষ্য, য়ং—স। অশ্বের ন্যায় মুখ নরের ন্যায় শরীর বলিয়া কিন্নর নাম হইল) সং, পুং, রী—স্ত্রীং, কিম্পুরুষ, দেবলোকের গায়ক। "শোভয়ন্তি চ তদ্দেশভ্রমমাণা বরস্ত্রিয়ঃ। যথা কৈলাসশৃঙ্গাণি শতশঃ কিন্নরীগণা"। "সংরক্তাভিস্ত্রিপুরবিজয়ো গীয়তে কিন্নরীভিঃ"। মেঘদূত।

কিন্নরেশ, (কিন্নর—ঈশ=স্বামী,৬ষ্ঠী—ষ) সং, পুং, কুবের, যক্ষরাজ।

কিন্নু, (কিং—নু) অং, সংশয়সূচক শব্দ। প্রশ্ন। বিতর্ক। সাদৃশ্য।

কিম্, কিং (কু কিম্বা কৈ=শব্দকরা+ইম্ প্রং) অং, কুৎসিত "হিতং ন যঃ সংশৃণুতে স কিম্ প্রভুঃ" ভারবি। প্রশ্ন। কুৎসা, নিন্দা, নিষেধ। বিতর্ক। সংশয়। প্রয়োজনাভাব। সর্ব্বং, ত্রিং, কে, কি। "কিমিদং বৈকৃতং কৃতম্"। জাতিমাত্রেণ কিং কশ্চিৎ হন্যতে পূজ্যতে ক্বচিৎ"। হিতোপদেশ। "কিমিদং দ্যুতিমাত্মীয়াং ন বিভ্রতি যথা পুরা" কুমার।

কিমপি, (কিম্—অপি) অং, অনিশ্চিত। অকারণ। অনির্ব্বচনীয়। কিমপি কিমপি মন্দং মন্দমাসত্তিযোগাৎ" উত্তরচরিত

কিমর্থম্, (কিম্—অর্থ=প্রয়োজন, অভিপ্রায় (অং, কেন, কি জন্যে, কিকারণে।

কিমাকার, (কিম্—আকার=আকৃতি) বিং, ত্রিং, কি আকারের, কিরূপ।

কিমিব, (কিম্—ইব) অং, কি, কিই। কিছু। কাহার ন্যায়। "কিমিব হি মধুরাণাং মণ্ডনং নাকৃতীনাং" শকুন্তলা।

কিমু, (কিম্—উ) অং, সম্ভাবনা বিতর্ক।

কিমুত, (কিম্—উত) অং, প্রশ্ন। বিতর্ক। বিকল্প। অতিশয়। উৎপ্রেক্ষা। "ঋষিপ্রভাবাৎ ময়ি নান্তকোপি প্রভুঃ প্রহর্ত্তুং কিমুতান্যহিংস্রাঃ" রঘুবংশ।

কিম্পচ, (কিম্ [কিছুই নহে] কি—পচ যে পাক করে) বিং,ত্রিং,কৃপণ,ব্যয়কুণ্ঠ।

কিম্পুরুষ, কিম্পূরুষ (কিং=কুৎসিত—পুরুষ=নর, য়ং—স) সং, পুং, কিন্নর, যক্ষ। ক্লীং, হিমালয় ও হেমকূটের অন্তর্ব্বর্ত্তী বর্ষবিশেষ। "এষ খলু হেমকূটো নাম কিংপুরুষপর্ব্বতস্তপসাং সিদ্ধিক্ষেত্রম্"। শকুন্তলা।

কিম্বদন্তি, কিম্বদন্তী, (কিং কোন—বদ্ বলা+অন্তি—প্রং) সং, স্ত্রীং, জনশ্রুতি, জনরব। "অস্তি কিলৈষা কিংবদন্তী অত্রাস্মাকং কুলে কালরাত্রিকল্পা বিদ্যা নাম রাক্ষসী সমুৎপৎস্যতে"ইতি। "ইতি ব্যাধানাং মুখাৎ কিম্বদন্তী শ্রূয়তে"। হিতোপদেশ।

কিম্বা, (কিম্—বা) অং, অথবা, বিকল্প।

কিম্ভূত, (কিম্ কি—ভূত যে হইয়াছে) বিং, ত্রিং, কীদৃশ, কিপ্রকার।

কিয়ৎ, (কিম্+যৎ—পরিমাণার্থে) বিং, ত্রিং, কি পরিমাণ, কত। "কতমো মার্গঃ কিয়ানিতি চ শংস মে"। "কিয়তী ভক্ষ্যশক্তিস্তে। স পুষ্পদন্তঃ কিয়তা কালেনাস্মানুপৈষ্যতি"।

কির, (কৃ=বিক্ষেপকরা+ক—প্রং। যে

পোত্র দ্বারা ভূমি ক্ষেপণ করে) সং, পুং, শূকর।

কিরণ, (কৃ=বিক্ষেপকরা+অন—ক। যে আলো বিক্ষেপ করে) সং, পুং, অংশু, চন্দ্র সূর্য্যের তেজ। "যথা হি কিরণা ভানো স্তপন্তীহ চরাচরম্"। "রত্নাবলী-কিরণকর্বুরে পর্য্যঙ্কে"।

কিরণমালী, (কিরণমালিন্, কিরণমালা+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, রবি, সূর্য্য, আদিত্য, অংশুধর।

কিরাত, (কির=অব্যক্তশব্দকারক—অত =যে গমনকরে। অথবা কির=অপরিষ্কৃত—অত=যে বাস করে। যাহারা গ্রামের প্রান্তভাগে বাস করে) সং, পুং, বনচর,বন্যজাতি, চুয়াড়। অল্পতনু। ভূনিম্ব। ব্যাধ। সহিস্। "ফলমূলাশনা যে চ কিরাতাশ্চর্ম্মবাসসঃ। ক্রূরশস্ত্রাঃ ক্রূরকৃতঃ" "পর্য্যন্তাশ্রয়িভির্নিজস্যসদৃশং নাম্নঃ কিরাতৈঃ কৃতম্"।

কিরাতাশী,(কিরাতাশিন্, কিরাত=অল্পতনু—অশিন্=যে ভক্ষণ করে) সং, পুং, গরুড়।

কিরাতী, (কিরাত দেখ) সং,স্ত্রীং, ব্যাধী। চামরধারিণী। দুর্গা। গঙ্গা। কুট্টিনী।

কিরি, (কৃ=বিক্ষেপকরা+ই—সংজ্ঞার্থে যে পোত্র দ্বারা ভূমি ক্ষেপণ করে) সং, পুং, বরাহ, শূকর, কোল।

কিরীট, (কৃ = বিক্ষেপকরা+ঈট—সংজ্ঞার্থে। স্বর্ণময় বা রত্ন খচিত বলিয়া যে রশ্মি ক্ষেপণ করে). সং, পুং, ক্লীং, মুকুট, শিরোভূষণ। "ববন্ধ চৈব মে মূর্দ্ধ্নি কিরীটমিদমুত্তমম্"।

কিরীটী, (কিরীটিন্=কিরীট+িন্—অস্ত্যর্থে। অর্জ্জুন পূর্ব্বে মহাবলশালী দানবদলের সহিত ঘোরতর সমর করিয়া তাহাদিগকে পরাজিত করিলে পর দেবরাজ ইন্দ্র অত্যন্ত প্রীত হইয়া তাহাকে সূর্য্যসমুজ্জল কিরীট প্রদান করেন, এই নিমিত্ত অর্জ্জুনের নাম কিরীটী হইয়াছে) সং, পুং, অর্জ্জুন। বিষ্ণু। বিং, ত্রিং, কিরীটধারী।

কির্ম্মীর, (কৃ=বিক্ষেপকরা+মীর—প্রং) সং, পুং, রাক্ষসবিশেষ। নাগরঙ্গ বৃক্ষ। বিং. ত্রিং, চিত্রবর্ণ, কর্ব্বুরবর্ণ।

কির্ম্মীরজিৎ, (কির্ম্মীর=রাক্ষসবিশেষ—জিৎ=যে জয় করে, ২য়া—ষ) সং, পুং, ভীমসেন। মধ্যম পাণ্ডব।

কিল, (কিল্ = প্রেরণকরা, আদেশকরা +অ—প্রং) অং, সম্ভাবনা। বার্ত্তা। প্রসিদ্ধি। নিশ্চয়। ঐতিহ্য। অনুনয়। অলীক। মিথ্যা। সত্য। হেতু। তিরস্কার। "ততঃ কিল মহাবীর্য্যো ভীষ্মঃ শান্তনবো নৃপান্। অধিক্ষিপ্য মহাতেজাস্তিস্রঃ কন্যা জহার তাঃ"। "ললিতাপ্সরোভবং কিল মুনে রপত্যং তদুজ্ঝিতাধিগতং" শকুন্তলা।

কিলকিঞ্চিত, (কিল = ক্রীড়া—কিং=কিছু—চিত = সংগৃহীত) সং, ক্লীং, নায়কের সহিত মিলন হইলে স্ত্রীলোকের আনন্দজনিত যে সমস্ত হাস্যত্রাসাদি ভাব উদয়হয়। নায়ক সমীপে নায়িকার এককালে নানা ভাবের উদয়। —সর্ব্বাভিলাষরুদিতস্মিতাসূয়াভয়ক্রুধাং। সঙ্করীকরণং যৎ স্যাদুচ্যতে কিল কিঞ্চিতং"॥ অলঙ্কার কৌস্তুভং।

কিলকিল, (কিল=ক্রীড়া, দ্বিত্ব) সং, পুং, লা—স্ত্রীং, হাস্যশব্দ, হর্ষধ্বনি। অব্যক্ত শব্দ। "আসীৎ কিলকিলাশব্দ স্তস্মিন্ গচ্ছতি পার্থিবে। "প্রবলকিলকিলাকোলাহলমুখরিতহরিন্মুখ"। "চক্রুঃকিলকিলাধ্বনিম্"।

কিলাটী, (কিলাটিন্, কিল—অট্ গমন করা+ইন্—প্রং) সং, পুং, বাঁশগাছ।

কিলাস, (কিল=ক্রীড়া—আস=ক্ষেপণ। অথবা কিল—অস্=হওয়া+অ—প্রং) সং, ক্লীং, রোগবিশেষ, ছুলি।

কিল্বিষ, (কিল্=ক্রীড়াকরা+বিষ—প্রং সং, ক্লীং, পাপ। দোষ। রোগ। অপ-

রাধ। "পিতেব পুত্রং ধর্ম্মাৎ স্বংভ্রাতু-মর্হসি কিল্বিষাৎ"। "স্কন্ধে মৃতং সমাসাজ্জীৎ পন্নগং রাজকিল্বিষী" মহাভারত
কিল্বী, (কিল্বিন্) সং, পুং, ঘোটক।
কিশল, কিসল, কিশলয়, কিসলয় } (কিং কিঞ্চিৎ—শল্=গমনকরা+অ, অয়—প্রং) সং, পুং,—ক্লীং নবপল্লব, নূতন পাতা, নবপল্লবযুক্ত-ক্ষুদ্র শাখা। "অশোকান্নাগপুষ্পাংশ্চ—তরুণাদিত্যসংকাশান্ রক্তৈঃ কিসলয়ৈর্বৃতান্"। অধরঃ কিসলয়রাগঃ"। শকুন্তলা। "কিশলয়মিব মুগ্ধং বন্ধনাৎ বিপ্রলূনং" উত্তরচরিত।
কিশোর, (কিম্=কি, কুৎসিতরূপে—শৃ=গমনকরা+ওর—প্রং) বিং,ত্রিং,শিশু, বালক। অপ্রাপ্তবয়স্ক, এগার বৎসর হইতে পনর বৎসর পর্য্যন্ত। নবযুবা। সং, পুং, সূর্য্য। অশ্বশিশু। "রাজানং মাতরং চৈব দদর্শানুগতো পথি। নিবদ্ধ ইব পাশেন কিশোরো মাতরং যথা"। "সা চিরস্থাত্মজং দৃষ্টা মাতৃনন্দনমাগতম্। অভিচক্রাম সংহৃষ্টা কিশোরং বড়বা যথা"। [ফল।
কিশমিশ, (যাবনিক) সং, মধুপক্ক আঙ্গুর
কিষ্কিন্ধ, কিষ্কিন্ধ্য; সং, পুং, ওড়দেশস্থ পর্ব্বতবিশেষ।
কিষ্কিন্ধ্যা; সং, স্ত্রীং, বালিরাজধানী। পার্ব্বতীয় দেশবিশেষ, কিষ্কিন্ধ্য পর্ব্বতের গুহা। [সং, পুং, বালী। সুগ্রীব।
কিষ্কিন্ধ্যাধিপ, (কিষ্কিন্ধ্য—অধিপ=স্বামী
কিষ্কু, (কৈ=শব্দকরা+ইষ্কু—প্রং) সং, পুং, দ্বাদশ অঙ্গুলি পরিমাণ, বিগৎ। হস্ত। বিং, ত্রিং, কুৎসিত। "ধনুঃ স্বষ্টমভূত্তস্য পঞ্চকিষ্কু প্রমাণতঃ"।
কিষ্কুপর্ব্বা, (কিষ্কুপর্ব্বন্, কিষ্কু=বিগৎ—পর্ব্বন্=গ্রন্থি, গাঁইট, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ইক্ষু। বাঁশ। নল, খাগড়া।
কীকট, (কন্‌ক্=গমনকরা+অট—প্রং নিপাতন) সং, পুং, অশ্ব। দেশবিশেষ, বেহার। পুং, বহুং, বেহার দেশস্থ লোক। বিং, ত্রিং, কৃপণ। দরিদ্র।
কীকশ; সং, পুং, চণ্ডাল।
কীকস, (কিম্—কস্=গমনকরা+অ—প্রং) সং, ক্লীং, অস্থি। পুং, কীটবিশেষ। বিং, ত্রিং, কর্কশ, কঠিন।
কীকসাস্য, (কীকস=অস্থি—আস্য=মুখ যাহার মুখের গঠন অর্থাৎ চঞ্চু অস্থিময় ও কঠিন, ৬ষ্ঠী—হিং)সং, পুং, পক্ষী।
কীকি, (কী=অনুকরণ শব্দ—কি [কৈ শব্দ করা+ই—প্রং] যে শব্দ করে। যে 'কী' এই শব্দ করে) সং, পুং, চাষপক্ষী, নীলকণ্ঠ পাখী।
কীচক, (চীক্=শব্দকরা, স্পর্শকরা+অক—প্রং। চীক্—কীচ) সং, পুং, বায়ু সংযোগে শব্দকারক বাঁশ। "স কীচকৈর্মারুতপূর্ণরন্ধ্রৈঃ" রঘুবংশ। "যঃ পূরয়ন্ কীচকরন্ধ্রভাগান্" কুমারসম্ভব। দ্রুপদ রাজার শ্যালক। দৈত্যবিশেষ। নল, খাগড়া।
কীট, (কীট্=বন্ধনকরা, রংকরা+অ—প্রং) সং, পুং, কৃমি-পোকা। বিং, ত্রিং, কঠিন। "কীটোঽপি সুমনঃ সঙ্গাদারোহতি সতাং শিরঃ"
কীটঘ্ন, (কীট=কৃমি, পোকা—ঘ্ন=যে নাশ করে) সং, পুং, গন্ধক। বিং, ত্রিং, কীটনাশক।
কীটজ, (কীট=কৃমি, পোকা—জ=জাত) বিং, ত্রিং, রেসমী। জা—স্ত্রীং, লাক্ষা, লা।
কীটমণি, (কীট—মণি=রত্ন) সং, পুং, খদ্যোত্, জোনাকি পোকা।
কীটাণু, (কীট—অণু) সং, পুং, চক্ষুর অগোচর অতি ক্ষুদ্র কীট।
কীটাদ, (Insectivora, কীট—আদ=যে খায়) সং, পুং, যাহারা কীট ভক্ষণ করিয়া জীবন ধারণ করে, ছুছুন্দরী প্রভৃতি।
কীদৃক্, কীদৃশ, (কীদৃশ, কিম্-দৃশ্=দেখা+কিপ, অ-র্ম্ম। কাহার স্থায় দর্শন যাহার

৬ষ্ঠী—হিং। অথবা কিম্—দৃশ্ 'দেখা +ক্বিপ্ অ—র্ম্ম) বিং, ত্রিং, কিপ্রকার, কেমন। "কীদৃগ্বর্ণোহপি বা দেবি কীদৃগ্রূপশ্চ দৃশ্যতে"। "কীদৃশঃ সাধবো বিপ্রাঃ কেভ্যো দত্তং মহাফলম্। কীদৃশানাং চ ভোক্তব্যং তন্মে ব্রূহি পিতামহ"॥

কীনাশ, (কিম্=কুৎসিত—নশ্=ধ্বংসকরা+অ—প্রং) সং, পুং, যম। বানরবিশেষ। কৃষিকর্ম্মকারী, কৃষক। বিং, ত্রিং, ক্ষুদ্র, নীচ। লোভী। পশুঘাতক। গুপ্তহত্যাকারী।

কীর, (কী=শব্দবিশেষ—ঈর=প্রেরণকরা +অ—প্রং। যে 'কী' এই শব্দ করে) সং, পুং, শুকপক্ষী। দেশবিশেষ। ক্লীং, মাংস।

কীর্ণ, (কৄ=বিক্ষেপকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বিক্ষিপ্ত। হিংসিত। নিহত। ব্যাপ্ত। আচ্ছন্ন। "শষ্পৈরর্দ্ধাবলীঢ়ৈঃ শ্রমবিবৃতমুখভ্রংশিভিঃ কীর্ণবর্ত্মা" শকুন্তলা।

কীর্ত্তক, (কৄৎ=প্রশংসা করা+নক) বিং, ত্রিং, যে কীর্ত্তন করে, যে বর্ণনা করে।

কীর্ত্তন, (কৄৎ=প্রশংসাকরা+অন—ভা) সং, ক্লীং, বর্ণন, কথন। গুণকথন। যশোগান।"তদ্‌যদিসন্ধানকীর্ত্তনং করিষ্যামঃ স ভূয়োহত্যন্তং কোপং করিষ্যতি"।

কীর্ত্তনীয়, (কৄৎ+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, বর্ণনীয়, কথনীয়। গণনীয়।

কীর্ত্তি, (কীর্ত্তন দেখ, ক্তি—ভা) সং, স্ত্রীং, যশঃ, সুখ্যাতি। দানধর্ম্মাদি জনিত খ্যাতি। কেহ কেহ জীবিত ব্যক্তির সুখ্যাতিকে যশঃ এবং মৃত ব্যক্তির সুখ্যাতিকে কীর্ত্তি বলিয়া থাকেন। "ন মে কীর্ত্তিঃ প্রণশ্যেত"। "কীর্ত্তিং দাস্যাসি তে পরাম্"। "রন্তিদেবস্য কীর্ত্তিং" মেঘদূত।

কীর্ত্তিত, (কৄৎ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ক- কথিত, খ্যাত, উক্ত। বর্ণিত। প্রশংসিত।

কীর্ত্তিভাক্, (কীর্ত্তিভাজ্, কীর্ত্তি=যশঃ—ভজ্=সেবাকরা, ভজনাকরা+ক্বিপ্—প্রং) সং, পুং, দ্রোণাচার্য্য। বিং, ত্রিং, যশস্বী। "রাজাভাক্ স ভবেৎ ব্রহ্মণ্ পুণ্যভাক্ কীর্ত্তিভাক্ তথা" মহাভারত।

কীর্ত্তিমান্, (কীর্ত্তিমৎ, কীর্ত্তি=যশঃ+মৎ—অস্ত্যর্থে) সং, পুং, বসুদেবের জ্যেষ্ঠপুত্র। বিং, ত্রিং, কীর্ত্তিবিশিষ্ট।

কীর্ত্তিশেষ, (কীর্ত্তি—শেষ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মরণ, মৃত্যু। বিং, ত্রিং, মৃত।

কীর্ত্তিস্তম্ভ, (Monument) সং, পুং, যুদ্ধাদি ঘটনাবিশেষের স্মরণার্থ অথবা ব্যক্তিবিশেষের নাম ও কীর্ত্তিরক্ষার্থ নির্ম্মিত স্তম্ভাদি।

কীর্য্যমাণ, (কৄ=বিক্ষেপকরা+শান—র্ম্ম, ভা। য, ম—আগম) বিং, ত্রিং, যাহা ইতস্ততঃ বিক্ষিপ্ত হইতেছে।

কীল, (কীল্=বন্ধনকরা+অ—প্রং। যে বন্ধন করে অর্থাৎ যাইতে দেয় না) সং, পুং, শল্য, হুড়কো, খিল। শঙ্কু, গোঁজ, খোঁটা, কনুই। মুষ্ট্যাঘাত। পুং, লা—স্ত্রীং, অগ্নিশিখা।

কীলক, (কীল দেখ, ক—স্বার্থে) সং, পুং, খোঁটা, গোঁজ, খিল। গোদোহনার্থ বন্ধনস্তম্ভ।

কীলাল, (কীল=অগ্নিশিখা—অল্=নিবারণকরা+অ—প্রং) সং, ক্লীং, জল। রক্ত। অমৃত। মধু। পুং, পশু। "সদ্যঃ কৃত্তকঠোরকণ্ঠনলবৎকীলালধারোজ্জ্বলৈঃ"

কীলালধি, (কীলাল=জল—ধি=যে ধারণ করে) সং, পুং, জলধি, সমুদ্র।

কীলালপ, (কীলাল=রক্ত—প=যে পান করে) সং, পুং, জোঁক, অস্রপ, রাক্ষস।

কীলিত, (কীল+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বদ্ধ, রুদ্ধ, বাঁধা। ক্লীং, বন্ধন।

কীশ, (কি[ক=বায়ু+ই-অপত্যার্থে] হনুমান্—ঈশ=স্বামী। যাহাদের হনুমান্ অধিপতি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বানর। "কপীনকারয়ৎ সেতুং কীশৈর্দ্ধ্বক্ষা-

ণজীহরৎ” বোপদেব। সূর্য্য। পক্ষী। বিং, ত্রিং, নগ্ন, বিবস্ত্র, উলঙ্গ, নেঙটা।

কীশপর্ণ, (কীশ=বানর—পর্ণ=পত্র। ৬ষ্ঠী—হিং) সং, পুং, র্ণী—স্ত্রীং, অপামার্গবৃক্ষ, আপাংগাছ। এই বৃক্ষের পত্র বানরের লোমের ন্যায় ক্ষুদ্র ক্ষুদ্র লোমে আবৃত বলিয়া ইহার নাম কীশপর্ণ হইল।

কু, (কু শব্দকরা—কিপ-প্রং) সং, স্ত্রীং, পৃথিবী। অং, সং, বিং, পাপ। দোষ। অমঙ্গল। মন্দ। কদাকার। নিন্দা। নিন্দার্হ। অল্প। বারণ। “নাগ্নিচিন্নরকং যাতি ন সৎপুত্রো ন কুপ্রদঃ”।

কুয়া, কোয়া (দেশজ) সং, পাতকোয়া, ইঁদারা।

কুয়াশা, কোয়াশা, (দেশজ) সং, কুজ্ঝটিকা, কুহেলিকা।

কুঁকড়ন, (দেশজ) সং, সঙ্কোচন, জড়সড় হওন, কুণ্ঠিত হওন।

কুঁচ, (কুঞ্চিকাশব্দজ) সং, গুঞ্জাপরিমাণ,

কুঁচি, কুঁচা, কুচি, (দেশজ) সং, ক্ষুদ্রকাষ্ঠখণ্ড। মার্জ্জনী, ঝাঁটাবিশেষ।

কুঁচ্‌কি, কুচ্‌কি, (দেশজ) সং, উরু সন্ধিস্থান

কুঁজ, (কুব্জশব্দজ) সং, বক্রপৃষ্ঠ। বিং, যাহার পৃষ্ঠ বক্র। কুব্জ। জা, জলপাত্রবিশেষ।

কুঁড়, কুঁড়া, (কণ্ডনশব্দজ) সং, তুষকণা, তুষের ক্ষুদ্রাংশ।

কুঁড়ি, ড়ী, (দেশজ) সং, কোরক, কলিকা, মুকুল। কুণ্ড, পাত্রবিশেষ।

কুঁড়িয়া, কুঁড়ে, (দেশজ) সং, তৃণাচ্ছাদিত আবাসস্থান, পত্রাদি নির্ম্মিত গৃহ। বিং, অলস।

কুঁদ, (কুন্দশব্দজ) সং, সূত্রধরের অস্ত্রবিশেষ। পুষ্পবিশেষ।

কুঁদন, (কুর্দ্দনশব্দজ) সং, লম্ফন, লাফান। কুঁদযন্ত্রে কাষ্ঠচ্ছেদন।

কুঁদো, (স্কন্ধশব্দজ) সং, গুঁড়ি, কাষ্ঠের স্থূল বৃহৎ খণ্ড।

কুকভ, সং, ক্লীং, মদ্য।

কুকর, (কু=কুৎসিত—কর=হস্ত, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বিকৃত হস্ত, নুলো, কুণো।

কুকীল, (কু=পৃথিবী—কীল=শঙ্কু, গোঁজ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পর্ব্বত।

কুকুড়া, (কুক্কুটশব্দজ) সং, তাম্রচূড়, মুরগী।

কুকুন্দর, (কু=নিতম্বস্থ ভূমি—স্কন্দ=গমনকরা, ব্যাপা+অর—সংজ্ঞার্থে। যে নিতম্ব ভূমি ব্যাপে) সং, ক্লীং, দ্বিং, নিতম্বের উপরিস্থ কূপকদ্বয়।

কুকুর, কুক্কুর, (কুক্=লওয়া+উর—প্রং) সং, পুং, যদুবংশীয় ক্ষত্রিয়। বহুং, দশার্হদেশস্থ অধিবাসী। (কুকুরশব্দটি কুক্কুরশব্দজ), গ্রাম্যমৃগ, কুত্তা।

কুকূল, (কু=পৃথিবী—কূল=তট ইত্যাদি) সং, ক্লীং, শঙ্কুদ্বারা কীর্ণ গর্ত্ত। বর্ম্ম। পুং, তুষানল। ‘কুকূলানাং রাশৌ তদনু হৃদয়ং পচ্যত ইব”। উত্তর চরিত।

কুক্কুট, (কু=ভূমি—কুট = ছেদনকরা, আঁচড়া+অ—প্রং। ক—আগম। যে ভূমি আঁচড়ায়, ২য়া—ষ) সং, পুং, টী—স্ত্রীং, কুকড়া। তৃণোল্কা। স্ফুলিঙ্গ। টী—স্ত্রীং, অনৃতাচরণ। টী—টিক্‌টিকী। “যুদ্ধং চ প্রাতরুত্থানং ভোজনং সহবন্ধুভিঃ। স্ত্রিয়মাপদ্‌গতাং রক্ষেচ্চতুঃ শিক্ষেত কুক্কুটাৎ”।

কুক্কুটক, (কুক্কুট+ক—যোগ) সং, পুং, কুক্কুট। শূদ্রের ঔরসে নিষাদীর গর্ভজাত সঙ্কর জাতিবিশেষ।

কুক্কুটব্রত, (কুক্কুট=কুক্‌ড়া—ব্রত=উপাসনা। যে ব্রত করিলে কুক্কুটীর ন্যায় অনেক সন্তান জন্মে) সং, ক্লীং, সন্তানার্থ স্ত্রীলোকের কর্ত্তব্য ব্রত, ললিতাসপ্তমী ব্রত।

কুক্কুভ, (কুক্=অনুকরণ শব্দ — কুশব্দকরা+ভ—প্রং) সং, পুং, বন্যকুট।

কুক্কুর, কুর্কর, (কুক্ গ্রহণকরা+কুর—

সংজ্ঞার্থে।—কুর্—কুর্ শব্দকরা+অ—প্রং) সং, পুং, রী—স্ত্রীং, গ্রাম্যমৃগ, কুকুর, কুত্তা, কুক্কুরী।

কুক্রিয়, (কু=কুৎসিত—ক্রিয়া = কার্য্য। ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং মন্দকর্ম্মকারক। যে সর্ব্বদা দুষ্কার্য্যে রত।

কুক্ষি, (কুষ্=নির্গতহওয়া+সি—প্রং) সং, পুং, গর্ভ, উদরগহ্বর, কোঁক। অভ্যন্তর স্থান। গুহা। "স্বাতৌ সাগরশুক্তিকুক্ষিপতিতং তজ্জায়তে মৌক্তিকম্"।

কুক্ষিগত; (কুক্ষি=উদর—গত, ২য়া—ষ) বিং, ত্রিং, উদরপ্রবিষ্ট, উদরমধ্যগত।

কুক্ষিজ, (কুক্ষি—জ=যে জন্মে, ৭মী—ষ) সং, পুং, জা—স্ত্রীং, গর্ভজাত সন্তান।

কুক্ষিম্ভরি, (কুক্ষি=উদর—ভরি [ভৃ+খি] যে ভরে) বিং, ত্রিং, পেটুক।

কুঙ্কুম, (কুন্ক্=লওয়া+উম—প্রং) সং, পুং, কাশ্মীরদেশজ গন্ধদ্রব্যবিশেষ। ক্লীং, কাশ্মীরদেশজ এক প্রকার পুষ্প। কুসুম ফুল। কাশ্মীর দেশে সর্ব্বোৎকৃষ্ট কুঙ্কুম জন্মায় এই কুঙ্কুম ঈষৎ রক্তবর্ণ, ও সূক্ষ্ম কেশর বিশিষ্ট এবং ইহার গন্ধ পদ্মফুলের ন্যায়। বাহ্লীক দেশজাত কুঙ্কুম মধ্যম। ইহার বর্ণ পাণ্ডুর, কেশর সূক্ষ্ম, এবং গন্ধ কেতকী ফুলের ন্যায়। পারস্য দেশোদ্ভব কুঙ্কুম সর্ব্বাপেক্ষা নিকৃষ্ট। ইহা দেখিতে ঈষৎ পাণ্ডুবর্ণ, স্থূল কেশর বিশিষ্ট এবং ইহার গন্ধ মধুর ন্যায়। "কুঙ্কুমপঙ্ককলঙ্কিতদেহা"। "কুঙ্কুমাদ্রে তস্যাঃ পয়োধরযুগে"।

কুচ, কূচ (কুচ্—সংকুচিতহওয়া+অ-প্রং) সং, পুং, যুবতীর স্তন, পয়োধর।

কুচক্র; সং, পুং, চক্রান্ত, কুমন্ত্রণা।

কুচক্রী, (কুচক্রিন্, কুচক্র+ণিন্—অস্ত্যর্থে) বিং ত্রিং, যে কুমন্ত্রণায় লিপ্ত থাকে, চক্রান্তকারী। ষড় যন্ত্রকারী।

কুচন, (দেশজ) সং. খণ্ড খণ্ড করণ, ছেদন। (কুঞ্চনশব্দজ) কুকড়ন।

কুচন্দন, (কু=কুৎসিত, নিকৃষ্ট—চন্দন) সং, ক্লীং, রক্তচন্দন। কুঙ্কুম।

কুচর, (কু=নিন্দনীয়—চর=যে গমন করে) বিং ত্রিং, পরনিন্দাকারী। যে সর্ব্বদা অন্যের অপবাদ করিয়া বেড়ায়।

কুচর্য্যা, (কু=কুৎসিত—চর্য্যা=আচরণ) সং, স্ত্রীং, গর্হিত আচরণ। কুরীতি।

কুচাল, (কু=সঙ্গ+চাল=আচরণ) সং, মন্দ আচরণ, জঘন্য রীতি।

কুচিক, সং, পুং—স্ত্রীং,মৎস্যবিশেষ,কুঁচে।

কুচেল, (কু=কুৎসিত—চেল=পরিচ্ছদ, ৬ষ্ঠী—হিং) বিং ত্রিং, যাহার পরিধানবস্ত্র অতিশয় জঘন্য।

কুচ্ছ,সং, ক্লীং, কুমুদ। চ্ছা—(কুৎসাশব্দজ) সং, নিন্দা, অপবাদ, দুর্নাম।

কুছ, (কিঞ্চিৎ শব্দজ) বিং, কিছু, অল্প।

কুজ, (কু=পৃথিবী—জ=যে জন্মে, ৫মী —ষ) সং, পুং, মঙ্গলগ্রহ। স্বনাম খ্যাত অসুর, নরকাসুর। জা—স্ত্রীং, কাত্যায়নী দেবী। সীতা (কুব্জশব্দজ) বিং, বক্র। সং, জলাধার বিশেষ।

কুজম্ভল } কুজম্ভিল } (কু=পৃথিবী—জন্ভ্=নষ্ট করা+অল, ইল—প্রং) সং, পুং, সিঁদেল চোর।

কুজ্ঝটি, টী, টিকা (ক=জল—উৎ=ঊর্দ্ধ —ঝট্=মিলিতহওয়া+ই—সংজ্ঞার্থে। ক—স্বার্থে। যে জল বাষ্পরূপে উত্থিত হইয়া ঊর্দ্ধে মিলিত হয়) সং, স্ত্রীং, কুয়াসা।

কুঞ্চন (কুঞ্চ্=বক্রগমনকরা, সঙ্কুচিত হওয়া+অনট্—ভা) সং, ক্লীং, সঙ্কোচ

করিয়া আনা বক্রকরণ, অনাদর। একপ্রকার চক্ষুরোগ।

কুঞ্চি, (কুঞ্চ্=সংকুচিতহওয়া+ই—প্রং) সং, স্ত্রীং, অষ্টমুষ্টি পরিমাণ, আটমুটা, খুঁচি। "অষ্টমুষ্টির্ভবেৎ কুঞ্চিঃ কুঞ্চয়োঽষ্ট চপুষ্কলম্"।

কুঞ্চিকা, (কুঞ্চ্=বক্রগমনকরা+অক—প্রং) সং, স্ত্রীং, গুঞ্জা, কুঁচ। কঞ্চী। কুঁচেমাছ। "কুঞ্চিকয়ৈনং ভারয়তি" বোপদেব। চাবি।

কুঞ্চিত, (কুঞ্চি দেখ, ক্ত—ক) বিং, ত্রিং, বক্রীকৃত, নম্রীকৃত, কোঁকড়ান। সঙ্কুচিত। অনাদৃত।

কুঞ্জ, (কু=পৃথিবী—জ=যে জন্মে। অথবা কুজ্ অব্যক্ত শব্দকরা+অ—প্রং) সং, পুং,—ক্লীং, লতাগৃহ, উপবনে লতাদিদ্বারা নির্ম্মিত বিহারভবন। হস্তিশুণ্ড। হস্তিহনু। হস্তিদন্ত। "নদীকুঞ্জনিতম্বৈশ্চ প্রাসাদৈরুপশোভিতম্"। "কূজৎ কুঞ্জকুটীরকৌশিকঘটাঘুৎকারবৎকীচকঃ" উত্তর চরিত।

কুঞ্জর, (কুঞ্জ=হস্তিশুণ্ড+র—অস্ত্যর্থে) সং, পুং, রা, রী—স্ত্রীং, হস্তী, হস্তিনী। (কোন শব্দের পরে প্রয়োগ করিলে) —শ্রেষ্ঠ। কেশ। দেশবিশেষ। "চকার কুঞ্জরং চৈব কুঞ্জর-প্রতিমাকৃতিম্।" "ন্যস্তাক্ষরা ধাতুরসেন যত্র ভূর্জ্জত্বচঃ কুঞ্জরবিন্দু শোণাঃ" কুমার সম্ভব।

কুঞ্জরাশন, (কুঞ্জর=হস্তী—অশন=ভোজনীয়, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অশ্বত্থবৃক্ষ।

কুঞ্জরাস্য, (কুঞ্জর=হস্তী—আস্য=বদন) দক্ষিণ মহাসাগরস্থ মকর বিশেষ। ইহাদের ওষ্ঠ হস্তিশুণ্ডের ন্যায় বলিয়া ইহাদিগকে কুঞ্জরাগ বলে।

কুঞ্জল, (কু=কুৎসিত—জল। ঞ—আগম) সং, পুং, কাঞ্জিক, কাঁজী, আমানি।

কুঞ্জিকা, সং, স্ত্রীং, কৃষ্ণজীরক, কেলেজীরা।

কুট, (কুট্=বক্রগমনকরা+অ—প্রং) সং, পুং, দুর্গ, গড়। প্রস্তরখণ্ড করিবার যন্ত্র বিশেষ, পাতর ভাঙ্গা হাতুড়ি। পর্ব্বত। বৃক্ষ। পুং,—ক্লীং, ঘট, কলসী। পুং, টি, টী—স্ত্রীং, বাটী, বাড়ী। কুঁড়ে। (দেশজ) তৃণ। "ব্রহ্মহা দ্বাদশসমাঃ কুটীং কৃত্বা বনে বসেৎ।" "প্রাসাদয়তি যঃ কুট্যাং।"

কুটঙ্ক (কুটম্=গৃহকে—ক=যে করে) সং, পুং, গৃহাচ্ছাদন, চাল। গিরিসমীপ।

কুটজ, (কুট=শৃঙ্গ—জ=যে জন্মে, ৭ মী—ষ। ৎ=ৎ) সং, পুং, গিরিমল্লিকা। পুষ্পবৃক্ষ, কুরচীগাছ। "সঃ প্রত্যগ্রৈঃ কুটজকুসুমৈঃ কল্পিতার্ঘায় তস্মৈ" মেঘদূত। দ্রোণাচার্য্য। অগস্ত্য।

কুটন, (কুট্টনশব্দজ) সং, খণ্ড খণ্ড করণ, চূর্ণন, গুঁড়ান। [কৃত তরকারী।

কুটনা (পূর্ব্বে দেখ) সং, পাকার্থ খণ্ড খণ্ড

কুটনী, (কুট্টনীশব্দজ) সং, সজ্ঘটিকা, দূতী।

কুটপ, (কুট=গৃহ—প=যে পালন করে) সং, পুং, গৃহসমীপস্থ উপবন। কুড়র পরিমাণ। মুনি। ক্লীং, পদ্ম।

কুটল, (কুট=গৃহ—ল=যে লয়) সং, ক্লীং, গৃহের চাল, ছাদ।

কুটহারিকা, (কুট=কলসী—হারিকা=যে লইয়া যায়) সং, স্ত্রীং, দাসী।

কুটাঘাত (কুট=হাতুড়ি—আঘাত, ৩য়া—ষ) সং, পুং, হাতুড়ি দ্বারা আঘাত।

কুটি, (কুট্=বক্রহওয়া+ই—সংজ্ঞার্থে) সং, পুং, বৃক্ষ। দেহ। জল। টি, টী—স্ত্রীং, ক্ষুদ্র গৃহ, কুঁড়ে। (দেশজ) তৃণ।

কুটিচর (কুটি=জল—চর=যে গমনকরে) সং, পুং, জলচর জন্তু বিশেষ, শুশুক।

কুটিল, (কুটি=কৌটিল্য+ল—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বক্র। ক্রুর। শঠ। লা—স্ত্রীং, সরস্বতী নদী। "সর্পা নদী কুটিলগামিনঃ।"

কুটিলগ, (কুটিল—গ=যে গমন করে) বিং, ত্রিং, বক্রগামী। সং, পুং, সর্প। গা—স্ত্রীং, নদী।

কুটীচক } (কুটী=গৃহ—চক=যে তৃপ্ত
কুটীচর } হয়, চর= যে ভক্ষণকরে। সং, পুং, পুত্রান্নজীবী, যে ব্যক্তি পুত্রার্জ্জিত অর্থে জীবিকা নির্ব্বাহ করে। যতিবিশেষ।

কুটীর, (কুট=দেখ, ঈর—হ্রস্বার্থে) সং, পুং, ছোটঘর, কুঁড়েঘর। "কূজৎ কুঞ্জকুটীর কৌশিকঘটাঘুৎকারবৎকীচকঃ" উত্তর চরিত।

কুটুঙ্গক, (কুট = [কুট্ বক্রহওয়া+অ—প্রং]—অঙ্গ=দেহ+ক—যোগ। নিপাতন) সং, পুং, লতাগৃহ। ছাদ, চাল।

কুটুম্ব, (কুটুম্ব =পোষণকরা+অ—প্রং) সং, পুং,—ক্লীং, জ্ঞাতি। পরিবারবর্গ, যাহার সহিত বংশ সম্বন্ধ আছে, পোষ্যবর্গ। "কুটুম্বানাঞ্চ দাতারঃ পুরুষাঃ স্বর্গগামিনঃ"। "শ্বশুর কুটুম্বং সর্ব্বং- সোৎসাহং বভূব।"

কুটুম্বব্যাপৃত, (কুটুম্ব পরিবারবর্গ—ব্যাপৃত যে [ভরণ পোষণাদি] কার্য্যেরত হয়) বিং, ত্রিং, পরিবার বর্গ প্রতিপালনে অতিশয় যত্নবান্।

কুটুম্বী, (কুটুম্বিন্, কুটুম্ব+ণিন্—অস্ত্যর্থে) সং, পুং, গৃহস্থ। নী—স্ত্রীং, গৃহিণী। "দীনানাং কল্পবৃক্ষঃস্বগুণফলনতঃ সজ্জনানাং কুটুম্বী।"

কুট্টক, (কুট্ট্ =কাটা+ণক—ক) বিং, ত্রিং, ছেদক। সং, পুং, অঙ্কবিশেষ।

কুট্টন, (কুট্ট্ =কাটা+অনট্—ভা) সং, ক্লীং, কাটন, ছেদন। খোঁড়ন। কুটিয়াফেলা। নী—স্ত্রীং, দূতী, যে স্ত্রী মধ্যবর্ত্তিনী হইয়া স্ত্রীপুরুষের ব্যভিচার সঙ্ঘটন করিয়া দেয়, যাহার সাহায্যে লম্পটেরা পরস্ত্রী সহবাস সুখানুভব করিতে সমর্থ হয়। কুটনী।

কুট্টমিত ; সং, ক্লীং, স্ত্রীলোকেরবিলাসবিশেষ। "কেশস্তনাধরাদীনাং গ্রহে হর্ষেঽপি সম্ভ্রমাৎ। প্রাহুঃকুট্টমিতং নাম শিরঃকরবিধূননং।"

কুট্টার ; সং, পুং, পর্ব্বত। ক্লীং, কম্বল। অনুরাগ। সুখ। অং, কেবল, শুদ্ধ।

কুট্টিম, (কুট্টন দেখ, ইমট্—প্রং) সং, পুং—ক্লীং, রত্নের খনি। মসৃণ ভূমি। চাতাল। বদ্ধভূমি, পাকা মেজে। দাড়িম্ববৃক্ষ। কুটীর, কুঁড়ে ঘর। "আলোক্য চ সা দূরস্থিতৈব প্রচলিতরত্নবলয়েন রক্তকুবলয়দলকোমলেন পাণিনা জর্জ্জরিতমুখভাগাং. বেণুলতামাদায় নরপতি প্রবোধনার্থং সকৃৎ সভাকুট্টিমমাজঘান।

কুট্টীর, সং, পুং, পর্ব্বত।

কুট্মল, কুড্মল, (কুট্ ছেদনকরা+ক্মলচ্—সংজ্ঞার্থে) সং, পুং, ক্লীং,মুকুল,ফুলের কুঁড়ি। নরক-বিশেষ। যেখানে পাপীদিগকে রজ্জু বদ্ধ করিয়া দণ্ড দেওয়া হয়।

কুট্মলিত, (কুট্মল+ইত—প্রং) বিং, ত্রিং, মুকুলিত, যাহার মুকুল বহির্গত হইয়াছে

কুঠ, (কুষ্ঠশব্দজ) সং, রোগবিশেষ। (কু =শব্দকরা+ঠ—প্রং। যেখানে পক্ষীরা শব্দ করে। কিম্বা কু = পৃথিবী—স্থা থাকা+ড—প্রং। স্থা=ঠ। যে পৃথিবীতে থাকে। অথবা কুঠ্ ছেদনকরা+ক—ম্ম) সং, পুং, বৃক্ষ, পাদপ।

কুঠর, (কুঠ্=বেষ্টন করা+করন্—সংজ্ঞার্থে) সং, পুং, মন্থন দণ্ড। বন্ধনের স্তম্ভ, যাহার চারিদিকে মউনির দড়ি জড়াইয়া দেওয়া হয়।

কুঠরী, (কুটীর শব্দজ) সং, গৃহ, কামরা।

কুঠাকু, (কুঠ=ছেদন করা+আকু—সংজ্ঞার্থে) সং, পুং, কাঠঠোকরা।

কুঠাটঙ্ক, (কুঠ=বৃক্ষ—আ—টন্ক্=বন্ধন করা+অট্—প্রং) সং, পুং, কুড়ালি, বাইস্, টাঙ্গি।

কুঠার, (কুঠ=ছেদনকরা+আর—প্রং। যাহার দ্বারা ছেদন করা যায় কুঠ=বৃক্ষ ঋ=গমনকরা+অল্) সং, পুং, রী—স্ত্রীং, পরশু, কুড়ালি, বাস্, টাঙ্গি। "মাতুঃ কেবলমেব যৌবনবনচ্ছেদে কুঠারা বয়ম্"

কুঠারু, (কঠ=বৃক্ষ—ঋ গমন করা+ঞুণ

—প্রং) সং, পুং, বৃক্ষ। বানর। অস্ত্র-নির্ম্মাণকারী।

কুঠি, (কুঠ্=ছেদনকরা+ই—প্রং) সং, পুং, পর্ব্বত। বৃক্ষ। (পর্ব্বতার্থ-কুঠিশব্দ-জ) ঠি—ঠী, সং, অট্টালিকা। বাণিজ্যা-লয়।

কুঠের, (কুঠ্=বেষ্টনকরা+এরক্—সং-জ্ঞার্থে) সং, পুং, তুলসী। অগ্নি।

কুঠেরু ; সং, পুং, চামরের বাতাস।

কুড়, (কুষ্ঠশব্দজ) সং, কুষ্ঠবৃক্ষ, ঔষধি-বিশেষ। (দেশজ) বিঘা। রাশি।

কুড়ন, (দেশজ) সং, আহরণ, চয়ন। খনন। মাটি খোঁড়া।

কুড়প, কুড়ব, (কুড়্=ভক্ষণকরা ইত্যাদি +অপ, অব—প্রং) সং, পুং, পরিমাণ-বিশেষ, প্রস্থেরচতুর্থভাগ। বৈদ্য-মতে, ৩২ তোলা। [পক্ষিবিশেষ।

কুড়ল, (কুররশব্দজ) সং, মৎস্যাহারী

কুড়াল, কুড়ুল (কুঠারশব্দজ) সং পরশু, কুটার, কুড়ালি।

কুড়ি, (দেশজ) বিং, ২০ সংখ্যা, বিশ। (কুড়=জ্বলা+ই) সং, পুং, শরীর দেহ। (কুষ্ঠশব্দজ)কুষ্ঠ। [মাছ।

কুড়িশ ; সং, পুং, মৎস্যবিশেষ, কুড়্চি

কুড্য, কূড্য, (কুড্=রাশীকৃতকরা+য—প্রং) সং, ক্লীং, ভিত্তি, দেয়াল। কৌতূ-হল। ব্যগ্রতা। বিলেপন।

কুড্যচ্ছেদী, (কুড্যচ্ছেদিন্, কুড্য=দেয়াল—ছেদী=যে ছেদনকরে) সং, পুং, সন্ধিভেদী তস্কর, সিঁদেল চোর।

কুড্যচ্ছেদ্য, (কুড্য=দেওয়াল—ছেদ্য= ছেদনীয়, ভঙ্গশীল) সং, ক্লীং, দোয়া-লের গর্ত্ত। পুং, খনক [কুটে।

কুড়ে, (দেশজ) বিং, অলস। কুষ্ঠরোগী,

কুণন, (কুণ্=শব্দকরা+অন—তা) সং, ক্লীং, শব্দ। দেশজ) বেধন, বেদনা।

কুণপ, (কণ্= শব্দকরা+কপন্—প্রং। ব=উ প্রাণবায়ু নির্গম জন্য মৃত শরীর হইতে নির্গত শব্দবিশেষ) সং, পুং, দুর্গন্ধ। মৃতশরীর, শব। অস্ত্রবিশেষ। পী—স্ত্রীং, বিট্সারিকা, গুয়েশালিক।

কুণি, কূণি, (কুণ্=শব্দকরা, কূণ্=সঙ্কু-চিত করা+ই—প্রং) বিং, ত্রিং, কুকা-র্য্যরত। রোগাদিদ্বারা বিকৃত হস্ত বা অঙ্গুলিযুক্ত। কুঁপো। সং, পুং, তুঁদগাছ। [রোগবিশেষ।

কুণী, (দেশজ) সং, নখের প্রান্তভাগের

কুণ্ঠ, কুণ্ঠিত, (কুণ্ঠ্=আলস্যকরা+অন্ ক্ত—ক) বিং, ত্রিং,সঙ্কুচিত, জড়, অল-স। ব্যাহত, প্রতিবদ্ধ, ভোঁতা। বৃত্রস্য হন্তুঃ কুলিশং কুণ্ঠিতাশ্রীব লক্ষ্যতে। কু-মার সম্ভব। অক্ষম, মূর্খ। অকর্ম্মণ্য।

কুণ্ড, (কুন্ড=দাহকরা, রক্ষাকরা+অন্—প্রং)সং, পুং, জীবৎপতিকা স্ত্রীর জারজ পুত্র। ক্লীং, অগ্নিরক্ষার্থ ভূমিম-ধ্যস্থিতগর্ত্ত। পরিমাণ পাত্র। কূপ, জলপাত্র। দেবজলাশয়। চৌবাচ্চা। পুং, ণ্ডী—স্ত্রীং, কলসী, ঘটী। কমণ্ডলু। ক্লীং, ণ্ডী—স্ত্রীং, স্থালী, পাকপাত্র। "পরদারেষু জায়েতে দ্বৌ সুতৌ কুণ্ড-গোলকৌ। পত্যৌ জীবতি কুণ্ডঃস্যান্মৃতে ভর্ত্তরি গোলকঃ"।' স্নান্তি স্ম গিরিকুণ্ডেষু'

কুণ্ডকীট, (কুণ্ড=জলাশয়বিশেষ ইত্যা-দি—কীট=কৃমি, পোকা) সং, পুং, চা-র্ব্বাকমতাবলম্বী। দাসীতে রমণাভিলাষী পতিত ব্রাহ্মণীপুত্র।

কুণ্ডগোলক, (কুণ্ড=স্থালী—গুড়্=রক্ষা-করা+ণক—প্রং। ড়=ল) সং, ক্লীং, কাঁজি, আমানি।[সং,পুং, লতাগৃহ কুঞ্জ।

কুণ্ডঙ্গ, (কুন্ড্=রক্ষাকরা+অঙ্গ—প্রং)

কুণ্ডপায্য, (কুণ্ড—পা=পানকরা+ঘ্যণ্—প্রং, যেখানে কুণ্ডদ্বারা সোমপান করা হয়) সং, পুং, যজ্ঞবিশেষ।

কুণ্ডল, (কুণ্ড্=রক্ষাকরা, শোভাপাওয়া +অল্—সংজ্ঞার্থে) সং, ক্লীং, কর্ণভূষণ, বলয়, কঙ্কণ। পায়ের বেড়ী। বলয়া-কৃতি বন্ধনী, গলার গলাসী।

কুণ্ডলনা , সং, স্ত্রীং, বলয়াকৃতি বেষ্টন।

কুণ্ডলনামবাপিতা"। নৈষধচরিত। শক্তিবিশেষ। পক্কান্নবিশেষ, জিলেপী।

কুণ্ডলী, (কুণ্ডলিন্, কুণ্ডল=কর্ণভূষণ+ইন্—অস্ত্যর্থে। নিষন্ন সর্প এবং ময়ূর পুচ্ছস্থ চন্দ্রক এই ভূষণের ন্যায়দেখায়) সং, পুং, সর্প। ময়ূর। বরুণ। বিং, ত্রিং, কুণ্ডলধারী, কুণ্ডলবিশিষ্ট। নী—স্ত্রীং, কুলকুণ্ডলিনী শক্তি। গুড়ূচী। সর্পী। জিলেপী, মিষ্টান্ন।

কুণ্ডাশী, (কুণ্ডাশিন্, কুণ্ড—অশ্=ভোজন করা+ইন্—ক) বিং, ত্রিং, কোট্‌না। যে বিজাত ব্যক্তি কর্ত্তৃক প্রতিপালিত হয়।

কুণ্ডিকা, (কুণ্ড=জলপাত্র+ক—স্বার্থে) ক্লীং, কা—স্ত্রীং, স্থালী। কমণ্ডলু। তাম্রকুণ্ড।

কুণ্ডিন, (কুণ্ড দেখ, ইন্—প্রং) সং, ক্লীং, বিদর্ভনগর। পুং, দেশবিশেষ। মুনিবিশেষ। [বিং, ত্রিং, বলবান্।

কুণ্ডীর, (কুণ্ড+ঈর—প্রং) সং,পুং,মনুষ্য,

কুতঃ, (কুতস্, কিম্+তস্, পঞ্চমী স্থানে তস্) সং, কি নিমিত্ত, কোথা হইতে। "কুতস্ত্বমসি সংপ্রাপ্তঃ"। কুতোঽয়ং গাত্রোপঘাতঃ"। শকুন্তলা।

কুতনু, (কু=কুৎসিত, নিন্দনীয়—তনু শরীর। কেবল আটটা দাঁত ও তিন পা থাকাতে যাঁহার আকৃতি রাক্ষসবৎ কুৎসিত, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কুবের।

কুতপ, (কু=ঈষৎ—তপ=তাপ, ৭মী—হিং, এই সময়ে সূর্য্য তেজহীন হয়) সং, পুং—ক্লীং, দিবসের ১৫ ভাগের অষ্টম ভাগ। বাদ্য। কুশ। ছাগলোমজ কম্বল। পুং, সূর্য্য। অগ্নি। ব্রাহ্মণ। অতিথি। ভাগিনেয়। দৌহিত্র।

কুতুক, কুতুহল, (কুতু=শব্দ—কৈ=শব্দ করা+অ—প্রং।কু—তু=তৈলাধার—হল্=চসা+অ—প্রং কু = পৃথিবী—তুদ্=বিরক্ত করা) সং, ক্লীং, কৌতূহল, ঔৎসুক্য। আনন্দ। বিং, ত্রিং, আশ্চর্য্যজনক। প্রশংসনীয়।

কুতুপ, (কুতূ=তৈলাধার+উপ—প্রং) সং, পুং, ক্লীং, কুতপ। পুং, চর্ম্মনির্ম্মিত তৈলাদির আধার ; কুঁপো।

কুতূ, (কু = কুৎসিত—তন্ বিস্তারকরা +উ—প্রং। ন্—লোপ। উ=ূ) সং, স্ত্রীং, চর্ম্মনির্ম্মিত তৈলাদির পাত্র,মসক, কুপা।

কুতূহলী, (কুতূহলিন্, কুতূহল+ণিন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, যাহার কৌতূহল জন্মিয়াছে, কুতূহলবিশিষ্ট। আনন্দিত। "কৃষ্ণঃ করোতু কল্যাণং কংসকুঞ্জরকেশরী"। "কালিন্দীজল কল্লোল কোলাহল কুতূহলী"॥ "দদর্শ সানুজো রামঃ শুশ্রাব চ কুতূহলী" রঘুবংশ।

কুতৃণ, (কু=কুৎসিত—তৃণ, স্বং—স) সং, ক্লীং, জলের পানা।

কুত্র, (কিম্+ত্র—প্রং। সপ্তমী স্থানে ত্র) অং, ক্রিং—বিং, কোথায়, কোন স্থানে, কোন বিষয়ে।

কুত্রচিৎ, (কুত্র+চিৎ—অসাকল্যার্থে) অং, ক্রিং-বিং, কোন স্থানে, কোথাও "ছায়েদৃগস্থ চ ন কুত্রচিদধ্যগামি" উত্তর নৈষধ।

কুত্রাপি, (কুত্র—অপি ও) অং, ক্রিং—বিং, কোন স্থানে। কোন স্থানেই। কোন খানে।

কুৎসন—ক্লীং } (কুৎস্ = নিন্দাকরা
কুৎসা—স্ত্রীং } +অনট্ আ—ভা) সং, দোষকীর্ত্তন। নিন্দা, গ্লানি, ভর্ৎসনা, "ন চাপি কশ্চিৎ কুরুতেঽত্র কুৎসাম্"।

কুৎসিত,(পূর্ব্বে দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অবজ্ঞেয়। নিন্দিত, ঘৃণিত, মন্দ, জঘন্য।

কুথ, (কুথ্—যুক্তকরা+অ—প্রং। যে হস্তীপৃষ্ঠে শ্লিষ্ট হয়) সং, পুং—ক্লীং, অশ্বাদির পৃষ্ঠাবরক চিত্রিত বস্ত্র বা কম্বল। পুং, কুশতৃণ। "কুথানাং কম্বলানাং চ রাঙ্কবাণাং সঞ্চয়ান্"।

কুদাল, কুদ্দাল, কূদ্দাল, (কু=ভূমি—দল =বিদারণকরা+অ—প্রং। যে ভূমি বিদারণ করে, হয়া—ষ) সং, পুং, ভূমি খননার্থ নির্ম্মিত যন্ত্রবিশেষ, কোদাল। "সরিত্তীরেষু কুদ্দালৈ র্বাপস্থিষান্তি চৌষধীঃ। অথননু সগরাত্মজাঃ—সমুদ্রম্" ।

কুদ্রঙ্ক, কুদ্রঙ্গ, (কু=পৃথিবী—দ্রঙ্গ = যে গমন করে) সং, পুং, এক প্রকার গৃহ; মঞ্চোপরিস্থ গৃহ।

কুধ্র (কু=পৃথিবী—ধৃ = স্থির করিয়া রাখে+অ—প্রং। উ—লোপ) সং, পুং, পর্ব্বত।

কুনখ, (কু=কুৎসিত—নখ) সং, পুং, কুৎসিত নখরোগবিশেষ। বিং, ত্রিং, কুৎসিত নখযুক্ত।

কুনলী, (কনলিন্, কু=কুৎসিত—নল= খাগড়া প্রভৃতি+নিন্—অস্ত্যর্থে) সং, পুং, বৃক্ষবিশেষ, বককুলের গাছ।

কুনাভি, (কু=জগৎ—নাভি) সং, পুং, বাতমণ্ডলী, ঘূর্ণমান বায়ু।

কুন্ত, (কু=কুৎসিত—অন্ত=শেষ, নাশ। কিম্বা ক = মস্তক—উন্দ্=আর্দ্র হওয়া +অ—প্রং। দ=ত) সং, পুং, পক্ষবিশিষ্ট বাণ। প্রাস অস্ত্র, ভল্লাস্ত্র, খোঁচ।

কুন্তল, (কুন্ত=বাণ—লা=গ্রহণকরা+ অ—প্রং) সং, পুং, কেশ, চুল। পানপাত্র। যব। দেশবিশেষ। লাঙ্গল। "আপাণ্ডুগণ্ডপতিতালককুন্তলালী"। "ব্যালোলকুন্তলকলাপবতী"।

কুন্তি, কুন্তী, (কুন্ত দেখ,ই, ঈ—স্ত্রীলিঙ্গে, অথবা কুন্তি=কুন্তিভোজরাজা+অ—দেয়ার্থে, ঈ) সং,স্ত্রীং, পাণ্ডুরাজার পত্নী, যুধিষ্ঠিরাদি পঞ্চ পাণ্ডবের মাতা। পুং, দেশবিশেষ। "তৎপিতা শূরসেনরাজা তাং পৃথাং কুন্তি ভোজরাজ্ঞে দত্তবান্ অতঃকুন্তীতি বিশ্রুতা"।

কুস্থন, (কুস্থ=ক্লেশদেওয়া, বধকরা+অনট্—ভা) সং, ক্লীং, ক্লেশ ব্যঞ্জক শব্দকরণ। কোঁথান, কাতরান।

কুন্দ, (কু = ভূমি—উন্দ্=আর্দ্র করা+ অ—প্রং) সং, ক্লীং, কুঁদফুল "কুন্দ কুট্মলাগ্রদতঃ" মাঘ। "ভ্রমর ইব নিশান্তে কুন্দমন্তস্তুসারং নখলু সপদি ভোক্তুং কাপি শক্নোমি মোক্তুং" শকুন্তলা। "কুন্দাবদাতাঃ কলহংসমালাঃ প্রতীয়িরে শ্রোত্রসুখৈ র্নিনাদৈঃ"। ভট্টি। পুং, কুবেরের নিধিবিশেষ। কুঁদফুলগাছ পুং—ক্লীং,ভ্রমিযন্ত্র, কুঁদের যন্ত্র।

কুর্দ্দন, (কূর্দ্দন শব্দজ) সং, ক্লীং, উল্লম্ফন, [আস্ফালন

কুন্দম, (কু=নীচ, নিন্দনীয় [প্রাণী, যথা—ইন্দুর]—দম=যে দমন করে) সং, পুং, বিড়াল।

কুন্দিনী, (কুন্দ=কুঁদফল+নিন্—প্রং,। ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, পদ্মসমূহ। পদ্মফুলসমূহ কুঁদফুলের ন্যায় শুভ্র বলিয়া ইঁহাকে কুন্দিনী বলে।

কুন্দু, (কু=পৃথিবী—দৃ=বিদীর্ণকরা+উ—প্রং। ঋ—লোপ) সং, স্ত্রীং, মূষিক, ইঁন্দুর।

কুন্দুরুকী,(ক=ব্রহ্মা—উন্দ্ [আর্দ্র হওয়া] যজ্ঞাভিষিক্ত হওয়া+রু—প্রং। উ—আগম। ক—যোগে কুন্দুরুক+ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, কুঁদরুকী বৃক্ষ।

কুপথ, কু=কুৎসিত—পথ [পথিন্শব্দজ] রাস্তা) সং, পুং, জঘন্য পথ। অসৎপথ।

কুপথ্য, (কু—পথ্য=উপযুক্ত ইত্যাদি) সং, ক্লীং, অনিষ্টকর পথ্য. যাহা ভক্ষণ করিলে পীড়া জন্মিতে বা বাড়িতে পারে।

কুপা, (কুতুপ শব্দজ) সং, মসক, তৈলঘৃতাদির পাত্র।

কুপিত, (কুপ্=রাগান্বিত হওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, ক্রোধযুক্ত, ক্রোধী, যার ক্রোধ জন্মিয়াছে। "নিরাস ভৃঙ্গং কুপিতেব পদ্মিনী ন মানিনীশং সহতেহন্য সঙ্গমম্" ভট্টি।

কুপিনী, (গুপ্=গোপন করা বা আচ্ছাদন করা+ইন্, ঈ — প্রং। গ=ক) সং, স্ত্রীং, মাছের থালুই।

কুপিন্দ, (কুপ্=বিস্তার করা+ইন্দ— সংজ্ঞার্থে) সং, পুং, তন্তুবায়, তাঁতি।

কুপূয় (কু=কুৎসিত—পূয়=ভাগকরা+অ—প্রং) বিং, ত্রিং, জাতি ও আচারাদি দ্বারা নিন্দিত। কুজাতি ও কদাচার বিশিষ্ট।

কুপ্য, (গুপ্=রক্ষাকরা+য—প্রং। গ=ক) সং, ক্লীং, স্বর্ণ ও রৌপ্য ভিন্ন আর সকল প্রকার ধাতু।

কুপ্যশালা, (কুপ্য=স্বর্ণরৌপ্য-ভিন্ন ধাতু--শালা আলয়, দোকান ইত্যাদি) সং, স্ত্রীং, স্বর্ণরৌপ্যভিন্ন ধাতুপাত্রনির্ম্মাণগৃহ, কাঁসারির দোকান।

কুবের, (কু=কুৎসিত-বের=শরীর। ৬ষ্ঠী—হিং কুব+এর)সং,পুং,যক্ষরাজ,ধনাধিপ, যক্ষরাজের তিন পা এবং আটটী দন্ত ছিল। এই নিমিত্ত তাঁহার নাম কুবের হইয়াছে। "বায়ুমার্কণ্ডেয় পুরাণে-কুৎসায়াং ক্বিতিশব্দোঽয়ং শরীরং বেরমুচ্যতে। কুবেরঃ কুশরীরত্বান্নাম্না তেনৈব সোঽঙ্কিতঃ। ইত্যমরটীকায়াং ভরত কুবের গুপ্তাং দিশমুষ্ণরশ্মৌ গন্তুং প্রবৃত্তে সময়ং বিলঙ্ঘ্য" কুমার সম্ভব।

কুব্জ, (কু=ঈষৎ—উব্জ [উব্জ্=ঋজু হওয়া+অ—ভা] ঋজুতা। যাহার ঈষৎ ঋজুতা আছে, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, উচ্চপৃষ্ঠ, কুঁজো। "কৃতান্তপাশবদ্ধানাং দৈবোপহতচেতসাম্। বুদ্ধয়ঃ কুব্জগামিন্যো ভবন্তি মহতামপি"। [কুষ্মাণ্ড।

কুমড়া, (কুষ্মাণ্ড শব্দজ) সং, ফলবিশেষ

কুমার, (কুমার্=ক্রীড়াকরা+অ—ক। অথবা কু=ৎসিত—কুমার=কন্দর্প, ৫মী—হিং) সং, পুং, যুবরাজ। কার্ত্তিকেয়। পঞ্চমবর্ষীয় বালক। পুত্র। সিন্ধুনদ। ক্লীং, বিশুদ্ধ সুবর্ণ, খাঁটি সোনা। রী—স্ত্রীং, দ্বাদশ বর্ষীয়া অবিবাহিতা কন্যা। অবিবাহিতা কন্যা। বালিকা। কন্যা। রাজকন্যা। ঘৃতকুমারী বৃক্ষ। (কুম্ভকারশব্দজ) জাতিবিশেষ। "স্কন্দঃ স্রষ্টো ভগবতা দেবেন ত্রিপুরারিণা। বিভর্ত্তি চাপরাং সংজ্ঞাং কুমার ইতি স গ্রহঃ। "তদানুজগ্মতুঃ স্থাণুং কুমারাবিব পাবকী"। ব্রাহ্মেমুহূর্ত্তে কিল তস্য দেবী কুমারকল্পং সুষুবে কুমারং"। রঘুবংশ।

কুমারভৃত্যা,(কুমার—ভৃ=পোষণকরা+ক্যপ্—ভা। ত—আগম) সং, স্ত্রীং, বাল চিকিৎসা। "কুমারভৃত্যাকুশলৈরনুষ্ঠিতে ভিষগ্ভিরাপ্তৈরথ গর্ভভর্মণি"। রঘুবংশ।

কুমারবাহী,(কুমারবাহিন্, কুমার=কার্ত্তিকেয়—বাহী=যে বহন করে। ৬ষ্ঠী—ষ) সং, পুং, ময়ূর।

কুমারিকা, (কুমারী+ক—যোগ)সং, স্ত্রীং, কুমারী, পঞ্চমবর্ষীয়া কন্যা। নবমল্লিকা। ভারতবর্ষের দক্ষিণস্থ অন্তরীপবিশেষ।

কুমালক, সং, পুং, সৌবীর দেশ।[বিশেষ।

কুমীর,(কুম্ভীরশব্দজ) সং, নক্র, জলজন্তু-

কুমুদ, (কু=পৃথিবী—মুদ্=হৃষ্ট হওয়া+ক্বিপ্—প্রং) সং, ক্লীং, শ্বেতোৎপল। রক্তপদ্ম। কৈরব। বিং, ত্রিং ক্বপণ।

কুমুদ,(কুমুদ্ দেখ, অণ—প্রং) সং, শ্বেতোৎপল,সুঁদি। রক্তপদ্ম। রৌপ্য। পুং, বানরবিশেষ। সর্পবিশেষ। দৈত্যবিশেষ। নৈঋত কোণের হস্তী। কর্পূর। দা—স্ত্রীং, জলের পানা। "কুমুদান্যেব শশাঙ্কঃ সবিতা বোধয়তি পঙ্কজান্যেব।

কুমুদবান্ধব, কুমুদানন্দ, (কুমুদ—বান্ধব=বন্ধু, ৬ষ্ঠী—ষ।—আনন্দ, ৫মী—হিং। এই পুষ্প সূর্য্যোদয়ে মুদিত, এবং চন্দ্রদর্শনে প্রস্ফুটিত হয়)সং, পুং, নিশাকর, চন্দ্র, চাঁদ। কর্পূর।

কুমুদবতী, কুমুদ্বতী, কুমুদিনী (কুমুদ+বৎ, ইন্—সমূহার্থে)সং, স্ত্রীং, কুমুদের ঝাড়, কুমুদসমূহ। "গ্লপয়তি যথা শশাঙ্কং ন তথাহি কুমুদ্বতীং দিবসঃ"। অন্তর্হিতে শশিনি সৈব কুমুদ্বতী মে দৃষ্টিং ন নন্দয়তি সংস্মরণীয়-

শোভা"। শকুন্তলা। "উপারুরোদেব নদৎপতঙ্গঃ কুমুদ্বতীং তীরতরুদিনাদৌ" ভট্টি। "ববন্ধ সা নোত্তমসৌকুমার্য্যা কুমুদ্বতী ভানুমতীব ভাবং"।

কুমুদাবাস, (কুমুদ—আবাস=বাসস্থান) সং, পুং, কুমুদবহুল দেশ।

কুমুদ্বান্, (কুমুদ্বৎ, কুমুদ+বৎ—অস্ত্যর্থে) বিং, ত্রিং, কুমুদবহুল স্থান।

কুমেরু, } (Antarctic-pole)
কুমেরুকেন্দ্র, } পৃথিবীর দক্ষিণপ্রান্ত।

কুমেরুবৃত্ত, (Antarctic-circle) সং, ক্লীং, দক্ষিণমেরুর ২৩॥০ অংশ উত্তরে যে অক্ষরেখা আছে। [দ্দিকস্থ সমুদ্র।

কুমেরুসমুদ্র; সং, পুং, দক্ষিণমেরুর চত্-

কুমোদক, (কু=পৃথিবী—মুদ্=হৃষ্টহওয়া +ণক—ক)সং, পুং, বিষ্ণু।

কুম্প, (কুন্প্=আচ্ছাদনকরা+ণ—প্রং) বিং, ত্রিং, বক্রহস্ত, যাহার হাত বাঁকা, কুপো।

কুম্বা, (কুন্ব=আচ্ছাদনকরা—অঙ্ স্ত্রীলিঙ্গে আপ্) অনর্থ নিবারণার্থ যজ্ঞ ভূমির চতুর্দ্দিকে দত্ত বৃতি। যজ্ঞভূমির চারিদিকে স্থিত বেড়া।

কুম্ভ, (ক=জল—উন্ভ্=পূরণকরা+অ—প্রং) সং,পুং, ঘট, কলস। "ভরিয়ে এনেছি কুম্ভ নয়ন সলিলে"। গজকুম্ভ। কুম্ভরাশি। রাক্ষসবিশেষ, কুম্ভকর্ণের পুত্র। পরিমাণবিশেষ। বেশ্যার উপপতি। বেশ্যার পুত্র। স্তা—স্ত্রীং, বেশ্যা। (ক=বায়ু—উম্ভ=পূরণ, ৬ষ্ঠী—ষ) নিশ্বাস রোধ, কুম্ভক।

কুম্ভক, (কুম্ভ+ক—যোগ। অথবা কুম্ভ—ক=কৈধাতুজ) সং, পুং, প্রাণবায়ুর নিঃসারণ বা আকর্ষণ না করিয়া কেবল অন্তরে ধারণ, দক্ষিণহস্তের অঙ্গুলিদ্বারা মুখ ও নাসারন্ধ্র বন্ধ করিয়া নিশ্বাসরোধ।

কুম্ভকর্ণ, (কুম্ভ—কর্ণ কাণ) সং, পুং, রাবণানুজ রাক্ষসবিশেষ।

কুম্ভকার, (কুম্ভ—কার—যে করে, ২য়া—ষ) সং, পুং, জাতিবিশেষ, কুলাল জাতি, কুমোর। [কুট্নী।

কুম্ভদাসী, (কুম্ভ—দাসী) সং, স্ত্রীং, দূতী।

কুম্ভজন্মন্ } (কুম্ভ—জন্মন্=জন্ম,
কুম্ভসম্ভব } যোনি উৎপত্তিস্থান, সম্ভব=উৎপত্তি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কুম্ভ হইতে উৎপন্ন, অগস্ত্য,দ্রোণাচার্য্য। বশিষ্ঠ।

কুম্ভশালা, (কুম্ভ=কলস—শালা=আলয়, দোকান) সং, স্ত্রীং, কুম্ভাদি নির্ম্মাণগৃহ, কুমারের পোয়ান ঘর।

কুম্ভসন্ধি, (কুম্ভ—সন্ধি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, হস্তির কুম্ভদ্বয়ের মধ্যবর্ত্তী স্থান।

কুম্ভিকা, (কুম্ভী+ক—যোগ) সং, স্ত্রীং, চক্ষুরোগবিশেষ। জলের পানা।

কুম্ভিল } (কুম্ভ+ইল—প্রং। ক—
কুম্ভিলক } যোগে কুম্ভিলক) সং, পুং, চোর। শ্লোকার্থ চৌর, যে ব্যক্তি পরের গ্রন্থের ভাব অথবা রচনার কোন কোন অংশ লইয়া নিজ রচিত বলিয়া (Plagiarist) প্রচার করে। নিজ শ্যালক, সম্বন্ধী, শালমৎস্য। শালগাছ।

কুম্ভী, (কুম্ভিন্, কুম্ভ+ইন্—অস্ত্যর্থে) সং, পুং,কুম্ভীর। হস্তী।

কুম্ভী, (কুম্ভ দেখ, ঈ—অল্পার্থে) সং, স্ত্রীং, বেশ্যা। ক্ষুদ্র কলসী, ঘটী।

কুম্ভীধান্য, (কুম্ভ—ধান্য=ধান+চ্ি—প্রং) সং, পুং, ছয়দিন কিম্বা এক বৎসরের আহারার্থ জালার ভিতর রক্ষিত বা সঞ্চিত ধান্য।

কুম্ভীনস্, (কুম্ভী=ক্ষুদ্রকলস-নস=নাসিকা, ৬ষ্ঠী—হিং। নাসিকা স্থানে নস আদেশ) সং, পুং, বৃহৎ এবং ক্রূরসর্প। সী—স্ত্রীং, রাবণের ভগিনী; লবণের মাতা।

কুম্ভীপাক, (কুম্ভী=পাত্রবিশেষ—পাক। যাহাতে পাপিদিগকে পাক করা যায়) সং, পুং, নরকবিশেষ। "বন্থিহ বা উগ্রঃ পশূন্ পক্ষিণো বা প্রাণত উপরন্ধয়তি। তমপকরুণং পুরুষাদৈরপি বিগর্হিতম-

মুত্র যমানুচরাঃ কুম্ভীপাকে তপ্ততৈল উপরন্ধয়তি"।

কুম্ভীর, কুঁম্ভীল (কুম্ভী=মৎস্যাদি—র, ল (রা, লা, ধাতু+ড) যে গ্রহণ করে, ২য়া —ষ) সং, পুং, জলজন্তুবিশেষ, নক্র, কুমীর। "কুম্ভীরবান্ সমকরঃ সহদান বারিঃ" উত্তরনৈষধ।

কুম্ভীরমক্ষিকা, (কুম্ভীর=কুমীর—মক্ষিকা মাছি। কুমীরের ন্যায় ইহার আকৃতি এইজন্য ইহার এইরূপ আখ্যা) সং, স্ত্রীং, কুমীরপোকা।

কুরঙ্কর, কুরঙ্কুর (কুঁর=শব্দ—কর=যে করে) সং, পুং, সারসপক্ষী।

কুরঙ্গ, কুরঙ্গক, কুরঙ্গম (কু=পৃথিবী—রন্গ্—গমনকরা+অ—প্রং. অথবা কুর্ শব্দকরা+অঙ্গ—সংজ্ঞার্থে) সং, পুং, হরিণ, মৃগ।

কুরচিল্ল; সং, পুং, কর্কট, কাঁকড়া।

কুরট, (কু=কুৎসিত—রট্=বলা+অ—প্রং। যাঁহাকে নীচ ব্যবসায়ী বলিয়া বর্ণনা করা যায়) সং, পুং, চর্ম্মব্যবসায়ী, চামার, মুচী।

কুরণ্ড, (কুর্=ছেদনকরা+অণ্ড—প্রং। যে বীর্য্য নষ্ট করে) সং, পুং, বৃদ্ধিশীল অণ্ডকোষ, কোরন্দ।

কুরর, (কুর্=ছেদনকরা+অর—প্রং। যে করুণাধ্বনি দ্বারা ধৈর্য্য নষ্ট করে) সং, পুং, কুরলপাখী, উৎক্রোশ পক্ষী। মেষ। রী—স্ত্রীং, উৎক্রোশপক্ষিণী। ভেড়ী। "সা মুক্তকণ্ঠং ব্যসনাতিভারাৎ চক্রন্দ বিগ্নাকুররীব ভূয়ঃ"। রঘুবংশ।

কুরল; সং, পুং, কুরর পক্ষী। অলক, চূর্ণ-কুন্তল

কুরব, (কু=কুৎসিত বা মন্দ—রব=শব্দ) সং, পুং, কুৎসিত শব্দ। কলঙ্ক। অপবাদ, কুরবক বৃক্ষ।

কুরবক, কুরুবক (কু—রু=রবকরা+বক—সংজ্ঞার্থে) সং, পুং, ঝিণ্টী পুষ্প বৃক্ষ, ঝাঁটীফুলের গাছ। "প্রত্যাসন্নৌ কুরবককবৃতে র্মাধবীমণ্ডপস্য" মেঘদূত।

কুরস, (কু—কুৎসিত—রস) সং, পুং, মদ্যবিশেষ। কুৎসিত রস। বিং, ত্রিং, কুৎসিত রসবিশিষ্ট।

কুরু, (কুর্=ছেদনকরা+উ—সংজ্ঞার্থে। যিনি অন্যান্য রাজাদের ক্ষমতা নষ্ট করেন) সং, পুং, চন্দ্রবংশীয় নৃপবিশেষ, সম্বরণের ঔরসে সূর্য্যকন্যা তপতীর গর্ভজাত পুত্র। "শ্রিয়ঃ কুরূণামধিপস্য পালনীং" ভারবি। বর্ষবিশেষ। দেশবিশেষ। "হস্তিনা পুরমারভ্য কুরুক্ষেত্রাচ্চদক্ষিণে। পঞ্চাল পূর্ব্বভাগে তু কুরুদেশঃ প্রকীর্ত্তিতঃ।

কুরুক্ষেত্র (কুরু—ক্ষেত্র=ভূমি,৬ষ্ঠী—ষ, সং, ক্লীং, দিল্লীর নিকটবর্ত্তী দেশবিশেষ, থানেশ্বর, কুরুপাণ্ডবদিগের রণভূমি। কুরুরাজ এই স্থান কর্ষণ করিয়াছিলেন বলিয়া এই স্থানটী কুরুক্ষেত্র নামে প্রসিদ্ধ হইয়াছে "কুরুক্ষেত্রঞ্চ মৎস্যাশ্চ পাঞ্চালাঃ শূরসেনকাঃ এষ ব্রহ্মর্ষিদেশো বৈ ব্রহ্মাবর্ত্তাদনন্তরঃ।" "কুরুক্ষেত্রং প্রয়াগঞ্চ হিমাদ্রিং বিন্ধ্যমন্তরা।" "ধর্ম্মক্ষেত্রং কুরুক্ষেত্রং দ্বাদশযোজনাবধি"

কুরুক্ষেত্রীযোগ (কুরুক্ষেত্র—যোগ মিলন) সং, পুং, এক দিবসে তিথিত্রয়, নক্ষত্রত্রয় ও যোগত্রয়ের স্পর্শ।

কুরুজাঙ্গল; সং, পুং, গঙ্গা ও যমুনার অন্তর্বেদীর উত্তর ভাগস্থ জঙ্গলময় দেশ।

কুরুণ্ট, (কু=কুৎসিত—রুন্ট্=দীপ্তিপাওয়া+অ—প্রং) সং, পুং, ঝিণ্টীবৃক্ষ। ণ্টী—স্ত্রীং, কাষ্ঠপুত্তলী, কাঠের পুতুল।

কুরুম্ব, সং, ক্লীং, কমলা লেবু।

কুরুবিন্দ, (কুরু=কুরুদেশ—বিন্দ্=লাভ করা+অ—প্রং। সং, পুং,—ক্লীং, পদ্মরাগ মণি। হিঙ্গুল। দর্পণ, মাষকলাই। মুস্তা, মুতা। কুরুদেশে প্রাপ্ত হওয়া যায় বলিয়া পদ্মরাগ মণির নাম কুরুবিন্দু হইয়াছে

কুরুবিল্ব ; সং, পুং, পদ্মরাগ মণি।

কুরুবিস্ত, (কুরু=দেশবিশেষ—বিস্ত= অশীতি রতিকা পরিমাণ স্বর্ণ। সং. পুং, চারি ভরি সোনা। [ভীষ্ম।

কুরুবৃদ্ধ, (কুরু—বৃদ্ধ, ৬ষ্ঠী—ষ) সং, পুং,

কুরূপ্য, (কু=কুৎসিত, নিকৃষ্ট—রূপ্য রৌপ্য। অথবা কু=ঈষৎ—রূপ্য তৎ সদৃশ শুভ্র) সং, ক্লীং, রঙ্গ, রাং।

কুর্দ্দন, কূর্দ্দন (কুর্দ্দ্, কূর্দ্দ্ =ক্রীড়াকরা, কোঁদা+অন—ভা) সং, ক্লীং ক্রীড়া, আস্ফালন, কুঁদুনি।

কুর্পর, (কুর্=ছেদনকরা+পর—সংজ্ঞার্থে) সং, পুং, কফোণি, কণুই, জানু।

কুর্পাস } (কুর্পর=কফোণি—অস্=
কূর্পাসক } দীপ্তি পাওয়া ইত্যাদি+ অ—প্রং। ক—যোগে কূর্পাসক) সং, পুং,—ক্লীং, কঞ্চুলিকা, কাঁচুলি, স্তনা-বরক পরিচ্ছদবিশেষ।

কুর্ব্বৎ. (কৃ=করা+শতৃ—ক) বিং ত্রিং, কর্ম্মকর্ত্তা। ফলোন্মুখ।

কুল,(কু=পৃথিবী+ল=লাধাতুজ কিম্বা কুল =একত্রিতহওয়া+অ—প্রং) সং, ক্লীং, বংশ "কুলে প্রসূতিঃ প্রথমস্য বেধসস্ত্রি-লোকসৌন্দর্য্যমিবোদিতং বপুঃ" কুমার সম্ভব। গোষ্ঠী। জাতি। বংশীয়। সজা-তীয়। সমূহ। ভবন, গৃহ। জনপদ। দেহ। ক্ষেত্রবিশেষ। "অলককুলাবৃতানন"।

কুলক, (কুল=বংশ—কৈ=শব্দকরা, ঘোষণাকরা ইত্যাদি+অ—প্রং,) সং, পুং. বল্মীক। কুলশ্রেষ্ঠ। হরিদ্বর্ণ সর্প। ক্লীং, এক কর্ত্তা বা এক ক্রিয়া পদ ঘটিত চতুরধিক শ্লোক। পটোললতা, পলতা।

কুলকন্যা } সং, স্ত্রীং, সদ্বংশজাতা
কুলকামিনী } স্ত্রী, কুলস্ত্রী।

কুলকুণ্ডলিনী (কুল=কুলাচারীদের উপাস্যা—কুণ্ডলিনী) সং, স্ত্রীং, তন্ত্র-শাস্ত্র প্রসিদ্ধ মূলাধারস্থ সর্পাতুল্য শক্তি-বিশেষ।

কুলক্ষণ (কু=মন্দ—লক্ষণ=চিহ্ন) সং, ক্লীং, মন্দচিহ্ন,অশুভ সূচকচিহ্ন। ণা— স্ত্রীং, দুর্ভগা, মন্দভাগ্যা।

কুলচণ্ডী (কুল=বিপত্তিসমূহ—চণ্ডী= কোপনা। যিনি বিপত্তিসমূহের প্রতি ক্রোধান্বিতা অর্থাৎ বিপত্তি-নাশিনী) সং, স্ত্রীং, কুলইচণ্ডী।

কুলজ (কুল=বংশ—জ=যে জন্মে ৭মী —ষ) বিং, ত্রিং, সদ্বংশোৎপন্ন সৎকুল-প্রসূত।

কুলটা, (কুল—অট্=গমনকরা+অ— প্রং। যে কুল হইতে গমন করে, ৫মী —ষ) সং, স্ত্রীং, অসতী স্ত্রী, ভ্রষ্টানারী। কুলত্যক্তা, অসতী, সতী, ভিক্ষুকী।

কুলতন্তু ; সং,পুং, সন্তান, অপত্য।

কুলতিলক ; সং, পুং বংশের চূড়ামণি, যাহার গুণে ও ক্ষমতায় বংশের গৌরব বৃদ্ধিহয়। [সং, পুং, কলাইবিশেষ।

কুলথ, (কুল=তট—স্থা=থাকা+অ—প্রং)

কুলদূষক, (কুল—দূষক=দোষকারী) সং, পুং, কুলাঙ্গার।

কুলধর্ম্ম, (কুল—ধর্ম্ম, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সজাতীয় ধর্ম্ম, কুলাচার।

কুলধারক, (কুল=বংশ—ধারি=ধরা+ ণক—ক) সং, পুং, বংশধর, পুত্র।

কুলন কুলান (রাশিকরণার্থ কুল্‌ধাতুজ) সং, নির্ব্বাহ হওন, নিষ্পন্ন বা সম্পোষ্য হওন। [ক্লীং,কুলকন্যা,কুলস্ত্রী,কুলবালা।

কুলনারী, (কুল—নারী=স্ত্রীলোক) সং,

কুলনাশ, (কুল=বংশ—নাশ=যে নষ্ট করে, ধ্বংস, ৬ষ্ঠী—ষ+২য়া—ষ) সং, পুং, বংশধ্বংস, বংশলোপ। উষ্ট্র, উট।

কুলপতি, (কুল—পতি,=৬ষ্ঠী—ষ) সং, পুং, কুলশ্রেষ্ঠ, বংশের প্রধান। আশ্র-মের মধ্যে সর্ব্ব প্রধান মুনি। "মুনীনাং দশসাহস্রং যোঽন্নদানাদি পোষণাৎ, অধ্যাপয়তি বিপ্রর্ষিরসৌ কুলপতিঃস্মৃতঃ"। "এষ চাস্মদ্‌গুরোঃ কণ্বস্য কুলপতেঃ সা-ধিদৈবত এব শকুন্তলয়া অনুমালিনী তীরমাশ্রমো দৃশ্যতে" শকুন্তলা।

কুলপর্ব্বত, (কুল—পর্ব্বত) সং, পুং, মহেন্দ্র, মলয়, সহ্য, শুক্তিমান্, ঋক্ষ, বিন্ধ্য, পারিযাত্র, এই সপ্ত পর্ব্বত, কুলাচল, কুলগিরি, কুলশৈল। "মহেন্দ্রো মলয়ঃ সহ্যঃ শুক্তিমানৃক্ষ পর্ব্বতঃ। বিন্ধ্যশ্চ পারিযাত্রশ্চ সপ্তৈতে কুলপর্ব্বতাঃ"।

কুলপালক, (কুল=বংশ ইত্যাদি—পালক যে পালন করে) বিং, ত্রি বংশের পালক, বংশরক্ষক। সং, ক্লী কমলা লেবু।

কুলপালি, কুলপালিকা (কুল পালি, পালিকা=যে পালনকরে, ২য়া—ষ) সং, স্ত্রীং, পতিব্রতা সতী, সাধ্বী-স্ত্রী। কুলবধূ, কুলস্ত্রী।

কুলম্ভর, (কুল=গৃহ—ভৃ+খ—প্রং) সং, পুং, সিঁদেল চোর।

কুললক্ষণ, (কুল—লক্ষণ চিহ্ন, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, আচার, বিনয়, প্রতিষ্ঠা, বিদ্যা, তীর্থদর্শন, নিষ্ঠা, বৃত্তি, তপস্যা, দান এই নয় প্রকার কুল চিহ্ন, "আচারো বিনয়ো বিদ্যা প্রতিষ্ঠা তীর্থ-দর্শনং। নিষ্ঠাবৃত্তিস্তপোদানং নবধা কুললক্ষণম্।"

কুলবতী, (কুল+বৎ—অস্ত্যর্থে। ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, যে স্ত্রী কুলের নিয়মানুসারে চলে। সচ্চরিত্রা স্ত্রী।

কুলবধূ } (কুল—বধূ, বালা=স্ত্রী)
কুলবালা } সং,স্ত্রীং,কুলকন্যা,কুলস্ত্রী।

কুলবার, (কুল—বার=দিন) সং, পুং, মঙ্গল ও শুক্রবার।

কুলবিপ্র, (কুল—বিপ্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কুলপুরোহিত।

কুলসম্ভব, (কুল=বংশ—সম্ভব=জাত, উৎপন্ন) বিং, ত্রিং, যে কোন বংশ হইতে উৎপন্ন।

কুলস্ত্রী, (কুল=বংশ—স্ত্রী) সং, স্ত্রীং, কুলকন্যা। "উত্থায় হৃদি লীয়ন্তে দরিদ্রাণাং মনোরথাঃ বালবৈধব্যদগ্ধানাং কুলস্ত্রীণাং কুচাবিব"।

কুলাঙ্গার, (কুল—অঙ্গার) সং, পুং, যে কুল মলিন করে, যাহার চরিত্র দোষে কুলের কলঙ্ক হয়।

কুলাচার, (কুল—আচার=আচরণ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কুলধর্ম্ম, কুলের নিয়মানুযায়ী কার্য্য। কুলাচরিত ধর্ম্ম।

কুলাচার্য্য, (কুল—আচার্য্য=শিক্ষাগুরু) সং, পুং, ঘটক, যে কুলের পরিচয় প্রদান করে, কুলজ্ঞ, কুলপুরোহিত।

কুলাদর্শ, (Heraldry) সং, পুং, বংশাবলী ও বংশপরিচায়ক চিহ্ন-বিষয়ক শাস্ত্র।

কুলায়, (কুল আয়=আগমন, বৃদ্ধি। যেখানে পক্ষিকুলের বৃদ্ধি হয়) সং, পুং, নীড়, পক্ষীর বাসা। "কূজৎক্লান্ত কপোত কুক্কুট কুলাঃ কূলে কুলায়ক্রমাঃ" উত্তরচরিত। বাসস্থান। (কু—লায়=গতি, ৫মী—হিং) ক্লীং, শরীর।

কুলায়স্থ, (কুলায়=পক্ষীর বাসা—স্থ=যে থাকে) সং, পুং, পক্ষী।

কুলায়িকা, (কুলায়=নীড়+ক, আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, চিড়িয়াখানা।

কুলাল, (কুল্=রাশিকরা+আল—প্রং, কিম্বা কু=মৃত্তিকা—লাল=লালসাকরা +অ—প্রং। যে মৃৎপাত্র যোগ্য মৃত্তিকা বাঞ্ছা করে, ২য়া—ষ) সং, পুং, কুম্ভকার জাতি, কুমর, পক্ষিবিশেষ।

কুলাহক, সং,পুং, কৃকলাস। কুলেখাড়া।

কুলি, (কুল্ রাশিকরা+ই—সংজ্ঞার্থে) সং, পুং, হস্ত। লি, লী—স্ত্রীং, কণ্টকারীবৃক্ষ।

কুলিঙ্গ, (কু—লিন্গ্=গমনকরা, চিত্রিত করা+অ—প্রং) সং, পুং চটক, ফিঙ্গাপাখী। [চটক, চড়ুই পাখী।

কুলিঙ্গক, (কুলিঙ্গ+ক—প্রং) সং, পুং,

কুলির, কুলীর (কুল রাশিকরা +ইর, ঈর—প্রং) সং, পুং, কর্কট, কাঁকড়া। চতুর্থরাশি।

কুলিশ, কুলীশ (কুলি=হস্ত—শ=যে শ-

য়ন করে। যে ইন্দ্রের হস্তে শয়ন করে অর্থাৎ থাকে সং, পুং, ইন্দ্রের বজ্র। "সর্ব্বং সখে ত্বয্যুপপন্নমেতদুভেনমাস্ত্রে কুলিশং ভবাংশ্চ" কুমারসম্ভব। মৎস্যবিশেষ। অগ্রভাগ।

কুলিশাসন; সং, পুং, শাক্যসিংহ বৌদ্ধধর্ম্মপ্রবর্ত্তক।

কুলী, (কু—লী=গমনকরা, পাওয়া+অ, ঈ—প্রং) সং, স্ত্রীং, পত্নীর জ্যেষ্ঠা ভগিনী। কণ্টকারী।

কুলী, (কুলিন্, কুল+গিন্—অস্ত্যর্থে) সং, পুং, পর্ব্বত। বিং, ত্রিং, সংকুলজাত।

কুলীন, (কুল=বংশ+ীন—জাতার্থে. অথবা, কুল উৎকর্ষবিশেষ [নবধাগুণ] ধর্ম্মাবচ্ছিন্ন বংশ+ীন—অপত্যার্থে) বিং, ত্রিং, সংকুলোদ্ভব, উত্তমকুলোৎপন্ন। সং, পুং, শ্রেষ্ঠ অশ্ব।

কুলীনস; সং, ক্লীং জল।

কুলুক, (কুল্=রাশিকরা+উক—প্রং) সং, ক্লীং, জিহ্বার অগ্রভাগ। জিভের ময়লা।

কুলুপ, (যাবনিক) সং, কুঞ্জী, তালা।

কুলেশ্বর, (কুল=বংশ—ঈশ্বর=স্বামী) সং, পুং, শিব। কুলপতি।

কুলোৎকট, (কুল=বংশ—উৎকট=শ্রেষ্ঠ) সং, পুং, শ্রেষ্ঠঘোটক। বিং, ত্রিং, মহাকুলপ্রসূত, উত্তম কুলে জাত।

কুল্মাষ, কুল্মাস, (কুল=বংশ—মষ, মস্=বধকরা+অ—প্রং) সং, পুং—ক্লীং, কাঞ্জী, আমানি। বোরোধান। অপরিপক্ক যব। "মাষতিলবিল্ব শালাটুসিদ্ধান্ বা কুল্মাষান্ ভক্ষয়েৎ"।

কুল্য, (কুল্=রাশিকরা+য—প্রং, কিম্বা কুল বংশ+য—ভাবে) সং, ক্লীং, মাংস। অস্থি। পরিমাণবিশেষ। শূর্প, কুলা। পুং, মান্যব্যক্তি। বিং, ত্রিং, সৎকুলসম্ভব

কুল্যা, (কুল্য দেখ আ— স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং কৃত্রিম ক্ষুদ্র নদী। গড়খাই। প্রবাহ "স্নাপয়তি হৃদয়েশং স্নেহনিষ্যন্দিনী তে ধবলবহলমুগ্ধা দুগ্ধকুল্যেব দৃষ্টিঃ" উত্তর চরিত। ক্ষুদ্র খাত, বৃহৎ গর্ত্ত। পয়ঃপ্রণালী, নর্দ্দামা। কুলস্ত্রী। "সৈন্ধবারণ্যমাসাদ্য কুল্যানাংকুরু দর্শনম্"।

কুল্লুই, (দেশজ) সং, ক্লী, কর্কর, কাঁকর।

কুবঙ্গ, (কু=কুৎসিত-বঙ্গ=রাং) সং, ক্লীং, সীসক, সীসা।

কুবচ, (কু=কুৎসিত—বচ=বলা+অ—প্রং) বিং, ত্রিং, পরনিন্দক, কটুভাষী।

কুবল, (কু=পৃথিবী—বল্=বৃদ্ধিপাওয়া+অ—প্রং) সং, ক্লীং, উৎপল। মুক্তাফল। বদরীফল। দাড়িম্ব। লী-স্ত্রীং, কুলগাছ।

কুবলয়, (কু=পৃথিবী—বল্=বৃদ্ধিপাওয়া+অয়—সংজ্ঞার্থে। শোভাকরত্ব হেতু যে পৃথিবীর বলয়ের ন্যায়। কেহ বলেন —যাহার কুৎসিত বলয় অর্থাৎ পত্র বেষ্টন আছে) সং, ক্লীং, পদ্ম। নীলপদ্ম শ্বেতপদ্ম। "কুবলয়দলস্নিগ্ধৈরঙ্গৈর্দদৌ নয়নোৎসবং" উত্তর চরিত।

কুবলয়াপীড়, (কুবলয়=নীলোৎপল—আপীড়=শিরোভূষণ, ষষ্ঠী—হিং) সং, পুং, হস্তি রূপধারী কংসাসুরের দৈত্য-বিশেষ। বিং, ত্রিং, নীলোৎপল যাহার ভূষণ হইয়াছে। [স্ত্রীং, পদ্মিনী।

কুবলয়নী, (.কুবলয়+ইন্—প্রং) সং,

কুবাদ, (কু=মন্দ—বদ্=বলা+ঘঞ্—ক, ভা) সং, ত্রিং, কটুভাষী। কটূক্তি। কু বাহুল; সং, পুং; উষ্ট্র।

কুবিন্দ, (কু=কুৎসা—বিন্দ=লাভকরা+অ—প্রং। যে কুৎসা অর্থাৎ অপবিত্রতা লাভ করে) সং, পুং, তন্তুবায়, তাঁতি।

কুবেণি, কুবেণী (কু=কুৎসিত—বেণি [বেণ=গমনকরা+ই—প্রং] গমন। মৎস্যের নির্গমাভাব হেতু যাহাতে কুগমন আছে) সং, স্ত্রীং, মৎস্যধানী, খালুই। কুৎসিত বেণীবিশিষ্টা স্ত্রী।

কুবের, (কু=কুৎসিত—বের=শরীর। তিন পা আটটা দাঁতএই হেতু ইহার শরীর কুৎসিত, ষষ্ঠী—হিং) সং, পুং, যক্ষরাজ, ধনাধিপ। বিং, ত্রিং, অলস। কুৎসিত

শরীর। "বায়ুমার্কণ্ডেয়পুরাণে-কুৎসায়াং ক্ষিতিশব্দোঽয়ং শরীরং বেরমুচ্যতে। কুবেরঃ কুশরীরত্বান্নাম্না তেনৈব সোঽঙ্কিতঃ। ইত্যমরটীকায়াং ভরতঃ"।

কুবেরাচল, কুবেরাদ্রি (কুবের—অচল, অদ্রি=পর্ব্বত, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কৈলাস পর্ব্বত।

কুবেল, (কু=পৃথিবী—বেল্=চঞ্চলহওয়া+অ—প্রং) সং, ক্লীং, কুবলয়।

কুব্র, (কুন্ব্=আচ্ছাদন করা+র—সংজ্ঞার্থে) সং, ক্লীং, অরণ্য, বন।

কুশ, (কু=পৃথিবী—শ=যে শয়ন করে, ২য়া—ষ) সং, পুং—ক্লীং, প্রসিদ্ধ তৃণ। "কুশাঃ কাশাঃ বিরাজন্তে বটবঃ সামগা ইব" বিষ্ণুপুরাণ। পুং, রামের জ্যেষ্ঠপুত্র। "সতৌ কুশলবোন্মৃষ্টগর্ভক্লেদৌ তদাখ্যয়া। কবিঃ কুশলবাবেব চকার কিল নামতঃ" রঘুবংশ। যস্তয়োঃ প্রথমং জাতঃ স্বকুশৈর্মন্ত্রসংস্কৃতৈঃ। নির্মার্জ্জনীয়ো নাম্না হি ভবিতা কুশ ইত্যসৌ। সপ্তদ্বীপা পৃথিবীর এক দ্বীপ, কুশদ্বীপ। যোক্ত্র, যোতদড়ি। ক্লী, জল, শা—স্ত্রীং, রজ্জু, লাগাম। শী—স্ত্রীং, লাঙ্গলের ফাল। বিং, ত্রিং, মত্ত। পাপিষ্ঠ।

কুশধ্বজ; সং, পুং, জনক রাজার কনিষ্ঠ ভ্রাতা।

কুশল, কুষল, কুসল, (কু=পৃথিবী—শল্ গমনকরা+অ—প্রং) সং, ক্লীং, কল্যাণ, মঙ্গল। নিরাপদ। "অব্যাপন্নঃ কুশলমবলে পৃচ্ছতি ত্বাং বিযুক্তঃ পূর্ব্বাভাষ্যং সুলভবিপদাং প্রাণিনামেতদেব"॥ মেঘদূত। আর্য্যগৃষ্টে অপি কুশলমম্বাঃ প্রজাপালস্য মাতুঃ" উত্তর চরিত। মোক্ষ। ধর্ম্ম। পুণ্য, সামর্থ্য। বিং, ত্রিং, কুশলী সমর্থ, নিপুণ, কৃতী, দক্ষ।

কুশলব, (কুশ=তৃণবিশেষ—লব=লবণ। নিপাতন) সং, পুং, দ্বিং, রামপুত্রদ্বয়। "যস্তয়োঃ প্রথমং জাতঃ স কুশৈর্মন্ত্রসংস্কৃতৈঃ। নির্মার্জ্জনীয়ো নাম্না হি ভবিতা কুশ ইত্যসৌ। যশ্চাবরস্ক এবাসীল্লবণেন সমাহিতঃ। নির্মার্জ্জনীয়ো বৃদ্ধাভির্নাম্না স ভবিতা লবঃ। এবং কুশলবৌ নাম্না যমৌ তৌ সম্বভূবতুঃ"। রামায়ণ।

কুশলী, (কুশলিন্, কুশল+ইন্-অস্ত্যর্থে) বিং, ত্রিং, কুশলযুক্ত, কল্যাণবিশিষ্ট, ক্ষেমবান্।

কুশস্থল, (কুশ—[আবৃত] স্থল, ৩য়া—ষ) সং, ক্লীং, কান্যকুব্জ দেশ, কনোজদেশ। লী—স্ত্রীং, দ্বারকাপুরী।

কুশাকর, (কুশ = তৃণবিশেষ—আকর=খনি) সং, পুং, যজ্ঞাগ্নি। শুষ্ক কুশতৃণের অগ্নিতে হোম করা যায় বলিয়া যজ্ঞীয় অগ্নিকে কুশাকর বলে।

কুশাক্ষ, (কুশ—অক্ষ=অক্ষিশব্দজ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বানর।

কুশাগ্রীয়, (কুশ=তৃণবিশেষ—অগ্র=অগ্রভাগ+ঈয়—সাদৃশ্যার্থে) বিং, ত্রিং, কুশাগ্রের ন্যায় সূক্ষ্ম, অতিতীক্ষ্ণ। "কুরুবুদ্ধিং কুশাগ্রীয়ামনুকামীনতাং ত্যজ" ভট্টি।

কুশাগ্রীয়মতি, (কুশ=তৃণবিশেষ=অগ্রীয় অগ্রভাগ—মতি = বুদ্ধি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার বুদ্ধি অতিশয় তীক্ষ্ণ।

কুশারণি, (কুশ=প্রসিদ্ধতৃণ—অরণি যে কাষ্ঠ ঘর্ষণ করিলে অগ্নি উৎপন্ন হয়) সং, পুং, দুর্ব্বাসা মুনি। দুর্ব্বাসা অগ্নি উৎপাদন করিবার নিমিত্ত অরণির পরিবর্ত্তে কুশ ব্যবহার করিতেন বলিয়া তাঁহার নাম কুশারণি হইয়াছে। [ধানী।

কুশাবতী, সং, স্ত্রীং, কুশ-রাজার রাজ-

কুশাসন, (কুশ—আসন=বসিবার স্থান) সং, ক্লীং, কুশ নির্ম্মিত আসন। (কু কুৎসিত—শাসন) মন্দশাসন, যেরূপ শাসন করা উচিত তদনুরূপ নহে।

কুশিক, (কুশ+ইক—প্রং) সং, পুং, মুনিবিশেষ, জমদগ্নির পিতা। বিশ্বামিত্রের পিতা।

কুশিত, (কুশ্=আলিঙ্গন করা, সংলগ্ন হওয়া+ইত — সংজ্ঞার্থে) সং, ক্লীং, দেশবিশেষ। বিং, ত্রিং, ঈষৎ শুভ্র।

কুশী, (কুশিন্, কুশ=রামের পুত্র+ইন্ —প্রং)। সং, পুং, বাল্মীকি। যাঁহার কবিতা রামের পুত্রদ্বয় কুশ ও লব কর্ত্তৃক পঠিত ও বর্ণিত হইয়াছিল বলিয়া ইহাঁর নাম কুশী হইয়াছে।

কুশী, (কুশ+ঈ—প্রং) সং, স্ত্রীং, রজ্জু, লাগাম। লাঙ্গলের ফাল।

কুশীদ, কুষীদ, কসীদ, (কুশ=আলিঙ্গন করা+ঈদ — সংজ্ঞার্থে) সং, ক্লীং, বৃদ্ধিজীবিকা, সুদ। বিং, ত্রিং, বৃদ্ধিজীবী।

কুশীদজীবী, (-বিন্, কুশীদ-জীবী=যে জীবিকানির্ব্বাহ করে) বিং, ত্রিং, যে টাকার সুদের দ্বারা জীবনযাত্রা নির্ব্বাহ করে। যে সুদের নিমিত্ত টাকা ধার দেয়।

কুশীদব্যবহার, সং পুং, সুদকসা। সুদ গ্রহণ পূর্ব্বক টাকা কর্জ্জ দেয়।

কুশীল, (কু—শীল=স্বভাব, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, দুঃশীল, অসৎস্বভাব।

কুশীলব, (কু—কুৎসিত=শীল স্বভাব—ব গমনার্থ বাধাতুজ, অথবা+ব—অস্ত্যর্থে) সং, পুং, নট, নর্ত্তক, যে নাটকের অভিনয় করে। নৃত্য-গীত-বাদ্য যাহার ব্যবসায়। যাচক। ভরতমুনি। (কুশ—লব, দ্বং) রামের দুই পুত্র।

কুশূল, কুসূল, (কুশ্=আলিঙ্গন করা+ঊল—সংজ্ঞার্থে) সং, পুং, ধান্যাদি রাখিবার ঘর, গোলা। তুষের আগুন। "যে ত্বিহ বা অন্ধাবটকুশূলগুহাদিষু ভূতানি নিরুন্ধন্তি"।

কুশেশয়, (কুশে=জলে—শয় যে শয়ন করে) সং, ক্লীং, পদ্ম। পুং, সারসপক্ষী। কর্ণিকারবৃক্ষ। "কুশেশয়াকোশবিশালনেত্রাঃ"। "হ্রদশ্চ কুশবানেষ যত্র পদ্মং কুশেশয়ং"।

কুষাকু, (কুষ্=দীপ্তি পাওয়া+আক—সংজ্ঞার্থে) সং, পুং, বহ্নি। বানর। সূর্য্য। বিং, ত্রিং, উত্তাপক।

কুষ্ঠ, (কুষ=স্থির হওয়া+ঠ—প্রং, কিম্বা কু কুৎসিত—ষ্ঠ=যে থাকে) সং, ক্লীং, কুষ্ঠরোগ, মহাব্যাধি। এক প্রকার বিষ। বৃক্ষবিশেষ, কুড়।

কুষ্ঠী, (কুষ্ঠীন্, কুষ্ঠ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, কুষ্ঠরোগযুক্ত।

কুষ্মাণ্ড, কূষ্মাণ্ড, (কু=পৃথিবী—উষ্ম=উষ্ণ—অণ্=ধাঁচা+ড — প্রং) সং, পুং, ণ্ডী—স্ত্রীং, কুমড়া। কাঁকুড়। পুং, শিবের অনুচর বিশেষ। গর্ভিণীর গর্ভস্থলী, জরায়ু। স্ত্রীং, দুর্গা।

কুসংস্কার, (Prejudice) সং, পুং, সমুচিত বিবেচনা না করিয়া যে সিদ্ধান্ত করা যায়। বিপরীত সংস্কার।

কুসংস্কারাবিষ্ট, (কুসংস্কার—আবিষ্ট=যুক্ত, ৩য়া—য) বিং, ত্রিং, যাহার বুদ্ধি কুসংস্কারে অভিভূত, কুসংস্কারবশীভূত।

কুসিত, (কুস্ = দীপ্তি পাওয়া+ইত—সংজ্ঞার্থে) সং, পুং, দেশবিশেষ। (কু=ঈষৎ—সিত=শুক্লবর্ণ) বিং, ত্রিং, ঈষৎ শুভ্রবর্ণ।

কুসিম্বী, সং, স্ত্রীং, সীমগাছ।

কুসীদিক, (কুসীদ + ইক—প্রং) বিং, ত্রিং, বৃদ্ধিজীবী, যে সুদ লইয়া টাকা কর্জ্জ দেয়।

কুসুম, (কুস্=দীপ্তিপাওয়া+উম—সংজ্ঞার্থে) সং, ক্লীং, পুষ্প, "অতিশয়িত বনান্তরদ্যুতীনাং ফলকুসুমাবচয়েপি তদ্বিধানাং" ভারবি। তৎপ্রতিদ্বন্দ্বিনো মূর্দ্ধ্নি দিব্যাঃ কুসুমবৃষ্টয়ঃ" রঘুবংশ। ফল। স্ত্রীলোকের ঋতু। চক্ষুরোগ বিশেষ।

কুসুমপুর, (কুসুম—পুর, ৬ষ্ঠী—য) সং, ক্লীং, পাটলিপুত্রনগর, পাটনা।

কুসুমমধ্য, (কুসুম—মধ্য। যাহাদের ফল হইতে পুষ্প মুকুলিত হয়) সং, ক্লীং চালিতা গাছ।

কুসুমাকর, কুসুমাগম, } (কুসুম—আকর=খনি, আগম=আগমন) সং,

পুং, বসন্তকাল, যে ঋতুতে কুসুমজন্মে।
কুসুমাত্মক, সং, ক্লীং, কুঙ্কুম।
কুসুমায়ুধ, কুসুমাস্ত্র, কুসুমেষু, (কুসুম—আয়ুধ=অস্ত্র, ইষু, ৬ষ্ঠী—হিং) সং পুং, মদন, কন্দর্প। "কুসুমায়ুধপত্নি দুর্লভস্তব ভর্ত্তা ন চিরাদ্ভবিষ্যতি" কুমার সম্ভব।
কুসুমাল, সং, পুং, চোর।
কুসুমাসব, (কুসুম—আসব=মধু, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, পুষ্পমধু, মকরন্দ।
কুসুমিত, (কুসুম+ইত—সংজ্ঞার্থে) বিং, ত্রিং, পুষ্পিত, যাহার কুসুম হইয়াছে।
কুসুম্ভ, (কুস্=দীপ্তি পাওয়া+উম্ভ—প্রং) সং, পুং, কুসুম ফুল। স্বর্ণ। পুং, কমণ্ডলু। [কেঁচো।
কুসূ, (কু=পৃথিবী—সূ=উৎপন্ন) সং, পুং,
কুসৃতি, (কু=নিন্দনীয়—সৃ=গমনকরা +ক্তি—ভা) সং, স্ত্রীং, কুহক, ইন্দ্রজাল, শঠতা, ধূর্ত্ততা।
কুসৃষ্টি, (কু—সৃষ্টি) সং, স্ত্রীং, দুরভিসন্ধি। মন্দ। অভিপ্রায়।
কুস্তভ, (কু=পৃথিবী—স্তন্ভ=স্তব্ধকরা +অ—প্রং) সং, পুং, বিষ্ণু। সমুদ্র।
কুহ, (কু=নিন্দনীয়—হা=ত্যাগকরা+ অ—প্রং) সং, পুং, কুবের। অং, কুত্র, কোন স্থানে।
কুহক, (কুহ=বিস্ময়াপন্নকরা+ণক—প্রং) সং, পুং, ইন্দ্রজাল, ভেল্কী। ছল, প্রতারণা। "তস্যেন্দ্রিয়ং বিমথিতুং কুহকৈর্ন শেকুঃ"।
কুহকজীবী, (কুহকজীবিন্, কুহক—জীবি =যে জীবিকা নির্ব্বাহ করে) বিং, ত্রিং, ইন্দ্রজালজীবী, যে ভোজবাজী দেখাইয়া আপনার জীবিকা নির্ব্বাহ করে।
কুহকস্বন, কুহকস্বর, (কুহক—স্বন, স্বর=যে শব্দ করে) সং, পুং, কুক্কুট, কুকুঁড়া।
কুহকী, (কুহকিন্, কুহক+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ঐন্দ্রজালিক, বাজিকর। প্রতারক।
কুহন্, (কুহক দেখ, অন—ভা) সং, পুং, মূষিক। চৌর। সর্প। ক্লীং, কাচপাত্র। মৃণ্ময়ভাণ্ড। না—স্ত্রীং, দম্ভাচরণ; গর্ব্ব বা লোভ বশতঃ অলীক ধার্ম্মিকতা দেখান। বিং, ত্রিং, ঈর্ষাযুক্ত, ঈর্ষালু।
কুহর, (কু=কুথিবী—হৃ=হরণকরা+অ —প্রং) সং, ক্লীং, গহ্বর। ছিদ্র। কর্ণ। কণ্ঠ, গলা। কণ্ঠধ্বনি। সমীপ। পুং, নাগবিশেষ।
কুহরিত, (কুহর+ইত—প্রং) সং, ক্লীং, কোকিলধ্বনি। ধ্বনি। বিং, ত্রিং, ধ্বনিত।
কুহা, সং, স্ত্রীং, কুজ্ঝটিকা।
কুহু, কুহূ, (কুহ্=বিস্ময়াপন্নকরা+উ, ঊ—সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, অমাবস্যা। কোকিলধ্বনি। "উন্মিলন্তি কুহূঃ কুহূরিতি কলোত্তালাঃ পিকানাং গিরঃ"। কুহূকণ্ঠ। কুহূরব।
কুহূকণ্ঠ, (কুহূ=কোকিলধ্বনি—কণ্ঠ গলা) সং,পুং, কোকিল।[কোকিল। কুহূধ্বনি
কুহূরব, (কুহূ—রব—শব্দ) সং, পুং,
কুহেলিকা, কুহেড়িকা (কু=পৃথিবী—হেড়্=বেষ্টন করা+অক—প্রং। ড়=ল) সং,স্ত্রীং, কুজ্ঝটি, কুয়াসা।
কূ, (কূ=শব্দকরা+রিন্—প্রং) সং, স্ত্রীং, পিশাচী।
কূকুদ, কুকুদ, (কূক্=গ্রহণকরা। নিপাতন) সং, পুং, যে ব্যক্তি অলঙ্কৃতা কন্যাকে বিধিপূর্ব্বক সৎপাত্রে দান করে। সৎকৃত্যালংকৃতাং কন্যাং যো দদাতি স কূকুদঃ" অমরকোষ।
কূচিকা, (কুচ্=কুটিল হওয়া+ণক—প্রং। উ=ঊ) সং, স্ত্রীং, তূলিকা, তূলি।
কূজন, (কূজ=শব্দকরা+অনট্—ভা) সং, ক্লীং, কূজিত দেখ। অব্যক্তধ্বনি।
কূজিত, (কূজ=শব্দকরা+ক্ত—ভা) সং, ক্লীং, পক্ষীর ধ্বনি, পাখির ডাক। অব্যক্ত শব্দ।

কূট, (কূট=বক্রহওয়া, দাহকরা+অ—প্রং) সং, পুং—ক্লীং, পর্ব্বতের শৃঙ্গ। "আপিঙ্গরূক্ষোর্দ্ধশিরস্তবালৈঃ সিরালজংঘৈ র্গিরিকূটদষ্ট্রৈঃ" ভট্টি। ফাঁদ, জাল। "বাগুরাভিশ্চ পাশৈশ্চ কূটৈশ্চ বিবিধৈর্নরাঃ। প্রতিচ্ছন্নাশ্চ নিঘ্নন্তি স্ম বহূন্ মৃগান্"। কপট। সমূহ। দুর্ব্বোধ। নিশ্চল। শস্যরাশি। স্তূপ। দম্ভ। কলস। লৌহমুদ্গর। লাঙ্গলাঙ্গবিশেষ। মায়া। বিং, ত্রিং, মিথ্যা, কল্পিত, যথা—কূটসাক্ষী, কূটলেখ্য। পুং, পুরদ্বার। পুং, টী—স্ত্রীং, গৃহ।

কূট—অস্ত্র, সং, কাষ্ঠাদি আবরণ মধ্যে লুক্কায়িত অস্ত্র।

কূটক, (কূট=ছেদকরা + ণক—প্রং) সং, ক্লীং, লাঙ্গলের ফাল। পুং, কবরী।

কূটকর্ম্ম, (কূঠকর্ম্মন্, কূট—কর্ম্মন্ কার্য্য,) সং, ক্লীং, জাল, প্রতারণা প্রভৃতি। বিং, ত্রিং, জালকারী।

কূটকৃৎ, (কূট=মায়া, বঞ্চনা+কৃৎ যে করে, ২য়া—ষ) সং, পুং, কায়স্থ, লেখকজাতি। বিং, ত্রিং, কপটকারী, জালকারক। [বিষয়ের শঠতা।

কূটতুলা, সং, স্ত্রীং, কৃত্রিমতুলা, ওজন

কূটপাকল, (কূট=রাশি—পাক=পচন+ল—অস্ত্যর্থে) সং, পুং, কুম্ভকারের পোয়ান। হস্তীর রোগবিশেষ।

কূটপালক, সং, পুং, কুম্ভকারের পোয়ান। কুম্ভকার।

কূটমুদ্রা, সং, স্ত্রীং, কৃত্রিম টাকা।

কূটবন্ধ—পুং } (কূট=ফাঁদ—বন্ধ যা-
কূটযন্ত্র—ক্লীং } হার দ্বারা বন্ধন করা যায়, য়ং—স। কূট ফাঁদ—যন্ত্র=কল, য়ং—সং, বন্ধনী, ফাঁদ।

কূটশাল্মলী, (কূট=মিথ্যা— শাল্মলী শিমুলগাচ) সং, পুং, লী—স্ত্রীং, জিউলী গাছ, কাশিমালা গাছ। কণ্টকী বৃক্ষবিশেষ। "ততো রক্তজলং ঘোরং লোহিতং নাম সাগরম্। গত্বা দ্রক্ষ্যথ তাং চৈব বৃহতীং কূটশাল্মলীম্"।

কূটসংক্রান্তি, সং, স্ত্রীং, যে সংক্রান্তিতে অর্দ্ধরাত্রের পর সূর্য্য অন্য রাশিতে সঞ্চরণ করে।

কূটসাক্ষী, (কূটসাক্ষিন্, কূট=মিথ্যা, কল্পিত —সাক্ষী) বিং, ত্রিং, মিথ্যাসাক্ষী, জালসাক্ষী।

কূটস্থ, কূট=(নাই,(Anoil) স্থ=যে থাকে। লৌহকারেরা নাইয়ের উপর লৌহাদি রাখিয়া হাতুড়ি দ্বারা আঘাত করে। ঐ আঘাতে নায়ের উপরিস্থ লৌহের পরিবর্ত্তন হয় বটে কিন্তু নায়ের কিছুমাত্র পরিবর্ত্তন হয়না। এই নিমিত্ত নিত্য নির্ব্বিকার চিরকাল একাকৃতি পদার্থকে কূটস্থ বলে) বিং, ত্রিং, সর্ব্বকাল ব্যাপী, নিত্য নির্ব্বিকার, চিরকাল একাকৃতি, যেমন আকাশ, আত্মা, পরমেশ্বর। উদাসীন। "জ্ঞান বিজ্ঞান তৃপ্তাত্মা কূটস্থো বিজিতেন্দ্রিয়ঃ। যুক্ত ইত্যুচ্যতে যোগী সমলোষ্ট্রাশ্মকাঞ্চনঃ"। "কূটস্থমবিকারজং" তত্ত্বকৌমুদী।

কূটাগার, (কূট=শৃঙ্গ—আগার=গৃহ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, প্রাসাদের সর্ব্বোপরিস্থ গৃহ, নারীদিগের ক্রীড়াগৃহ।

কূটায়ুধ, (কূট—আয়ুধ=অস্ত্র) সং, ক্লীং, কূট অস্ত্র, কাষ্ঠাদি আবরণ মধ্যে লুক্কায়িত তীক্ষ্ণ অস্ত্র।

কূটার্থ, (কূট=দুর্ব্বোধ-অর্থ, য়ং–স) সং, পুং, কঠিনার্থ, সহজ অর্থ নয়, অন্য প্রকার অভিপ্রায়। বিরুদ্ধ অর্থ। গুপ্ত অর্থ।

কূণি, (কূণ্=সঙ্কুচিত হওয়া+ই—প্রং) নখরোগী, রোগ বশতঃ যাহার নখ ও হস্ত সঙ্কুচিত হয়।

কূপ, কূপক, (কু=শব্দকরা+প—প্রং। উ=ঊ। ভেকেরা যাহাতে শব্দ করে) সং, পুং, পাতকুয়া, কুয়া। "কূপে পশ্য পয়োনিধাবপি ঘটো গৃহ্নাতি তুল্যং জলম্"। গর্ত্ত। মাস্তল। পী—স্ত্রীং নদী, মধ্যস্থ পর্ব্বত বা বৃক্ষ। তৈলপাত্র, কুপা।

কূপদর্দ্দুর, কূপমণ্ডূক (কূপ—দর্দ্দুর, মণ্ডূক ব্যাঙ. ষষ্ঠী—ষ+৭মী-ষ) সং,পুং, পাতকুয়ার ব্যাঙ। বিং, অদূরদর্শী, কুণো। যেরূপ কূপস্থ ভেক কূপে বদ্ধ থাকিয়া অন্য জলাশয়ের বার্ত্তা কিছুমাত্র জানে না, সেইরূপ যে ব্যক্তি কখন গৃহ হইতে বহির্গত হয় না এবং অন্য কোন স্থানের কোন বৃত্তান্ত জানে না, তাহাকে কূপমণ্ডূক বলে। অল্পজ্ঞ, যে অল্প বিষয়ের খবর রাখে। "যো ন নির্গত্য নিঃশেষামালোকয়তি মেদিনীম্। অনেকাশ্চর্য্যসংপূর্ণাং স নরঃ কূপদর্দ্দুরঃ"।

কূপাঙ্ক, কূপাঙ্গ (কূপ=কূয়া—অঙ্ক=চিহ্ন, অঙ্গ দেহ) সং,পুং,রোমাঞ্চ।

কূপার,(কু=পৃথিবী—পৃ=পূরণকরা+অ প্রং) সং, পুং, সমুদ্র। জলধি। [কূপা। কূপিকা,সং,স্ত্রীং,সমুদ্রস্থ পর্ব্বতাদি। কূপী, কূম, সং, ক্লীং, সরোবর।

কূর্চ্চ, (কূর্=শব্দ করা+চ—প্রং, বা কৃ করা+ঊর্চ্চ—প্রং, অথবা কূর্চ্চ্ [সৌত্র ধাতু] প্রশংসা করা+অ—প্রং৷ সং, পুং, —ক্লীং, ভ্রূদ্বয়ের মধ্যস্থল। ভ্রূমধ্যস্থ রোমচয়। কঠিন শ্মশ্রু, দাড়ী। অজ্ঘ্রি। মস্তক। ছল। দম্ভ। ময়ূরপুচ্ছ।

কূর্চ্চশির, (কূর্চ্চশিরস্, কূর্চ্চ=অজ্ঘ্রি—শিরস্=মস্তক) সং, ক্লীং, অজ্ঘ্রিস্কন্ধ, গুড়মুড়ো।

কূর্চ্চশেখর, (কূর্চ্চ=শ্মশ্রু, থলুয়া—শেখর, ৬ষ্ঠী—হিং) সং, পুং, নারিকেলগাছ।

কূর্চ্চিকা, (কূর্চ্চ্=প্রশংসাকরা+ণক—প্রং) সং, স্ত্রীং, তুলি। পেন্‌সিল। কুঞ্চিকা, কুঁচী। সূচ। শলাকা। গাঢ়দুগ্ধ, ক্ষীর। কুট্যাল, কুঁড়ি।

কূর্প, কূর্ব্ব (কৃ=বিক্ষেপকরা+প, ব-প্রং) সং, পুং—ক্লীং, নাসিকার ঊর্দ্ধভাগ, ভ্রূমধ্য। শ্মশ্রু, দাড়ি, গোঁপ।

কূর্পর, (কুর্=[কুর্=শব্দকরা+ক্বিপ্ প্রং) —পর পালনার্থ পৃধাতুজ) সং, পুং, হাঁটু। কণুই।

কূর্পাস, (কূর্পর=কণুই—আস=যে থাকে। র—লোপ) সং, পুং—ক্লীং, কঞ্চুক, কাঁচুলি।

কূর্পাসক, (কূর্পর=কণুই—আস যে থাকে) র—লোপ। ক—যোগ) সং, পুং—ক্লীং, কঞ্চুক, কাঁচুলি।

কূর্ম্ম, (কু=কুৎসিত, ঈষৎ—ঊর্ম্মি। বেগ +অ—অস্ত্যর্থে) সং, পুং, দেশস্থ বায়ুবিশেষ। কচ্ছপ। র্ম্মী—স্ত্রীং, কচ্ছপী। "সদা সংহরতে চাপং কূর্ম্মোঽঙ্গানীব সর্ব্বশঃ"। "কূর্ম্মো বিভর্ত্তি ধরণীং খলু চাত্মপৃষ্ঠে"।

কূর্ম্মপৃষ্ঠক, (কূর্ম্ম=কচ্ছপ—পৃষ্ঠ=পিট+ক—ইবার্থে) সং, ক্লীং, শরাব, শরা।

কূর্ম্মাঙ্গ ন্যায়—ন্যায় (১৭) দেখ।

কূল, (কূল্=আবরণকরা+অ—প্রং) সং, ক্লীং, তট, জলাশয়ের তীর "কূলানি সামর্ষতয়েব তেনুঃ, সরোজলক্ষ্মীং স্থলপদ্মহাসৈঃ" ভট্টি। "অসন্মৈত্রী হি দোষায় কূলস্থায়েব সেবিতা" ভারবি। তড়াগ, পুকুর। স্তূপ, রাশি। সৈন্যপৃষ্ঠ।

কূলক, (কূল—ণক—ক) সং, পুং, উয়ের ঢিপি। (কূল+ক—প্রং) পুং, ক্লীং, স্তূপ। তট।

কূলঙ্কষ, (কূল—কষ=বধকরা+খ—ক) সং, পুং, সমুদ্র। ষা—স্ত্রী, নদী। "কূলঙ্কষেব সিন্ধুঃ প্রসন্নমোঘং তটতরুঞ্চ" শকুন্তলা। [তীরভূমি, তটপ্রদেশ।

কূলভূ, (কূল—ভূ=পৃথিবী) সং, স্ত্রীং,

কূলবতী, (কূল=তীর+বৎ—অস্ত্যর্থে। ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, নদী।

কূলহণ্ডক, (কূল=তীর—হুন্‌ড্=একত্র করা, ভিড় হওয়া+অক—প্রং) সং,পুং, জলের ঘূর্ণ, জলাবর্ত্ত।

কূবর, (কূ=শব্দকরা+বর—প্রং) সং, পুং, কুব্জ, কুঁজো। পুং—ক্লীং, যুগন্ধর, যে স্থানে যুগকাষ্ঠ সংলগ্ন থাকে। কবচ। রী—স্ত্রীং, কম্বলাবৃত রথ। বিং, ত্রিং, রমণীয়, মনোহর।

কৃক,(কৃ=করা+ক—প্রং। যে শব্দ করে বা উৎপাদন করে) সং, পুং, গলদেশ, গলা।

কৃকর, কৃক=গলদেশ—র=যে দান বা গ্রহণ করে। অথবা কৃ=অনুকরণ শব্দ —কর [কৃ=করা+অল্—ক] যে করে) সং, পুং, পক্ষিবিশেষ। শরীরের মধ্যবর্ত্তী এক প্রকার বায়ু।

কৃকলা, সং, স্ত্রীং, পিঁপুল।

কৃকলাশ, কৃকলাস, কৃকুলাস (কৃক=শিরঃ, গ্রীবা, কণ্ঠ—লাস [লস্=ক্রীড়াকরা+অ—ক] যে কাঁপায়, ২য়া—ষ) সং, পুং, সরীসৃপ বিশেষ। প্রতিসূর্য্যক, কাঁকলাস। এই জন্তুর শরীরের বর্ণ সর্ব্বদা পরিবর্ত্ত হয়।

কৃকবাকু, (কৃক=শিরঃ, গ্রীবা—বচ্=বলা+উ—সংজ্ঞার্থে) সং, পুং, কাঁকলাস। টিকটিকী। ময়ূর। কুক্কুট। "লতা কণ্ঠকসংকীর্ণাং কৃকবাকূপনাদিতাঃ। নিরয়াশ্চ সুহৃঃখাশ্চ মার্গাঃ"।

কৃকবাকুধ্বজ, (কৃকবাকু=ময়ূর—ধ্বজ, পতাকা, চিহ্ন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ময়ূরধ্বজ, কার্ত্তিকেয়, কুমার।

কৃকাটিকা, (কৃক=কণ্ঠ—অট্=গমনকরা+ণক—ক) সং স্ত্রীং, গ্রীবা, ঘাড়।

কৃচ্ছ্র, (কৃৎ=ছেদনকরা+র—প্রং। নিপাতন) সং, পুং-ক্লীং, কষ্ট "কৃচ্ছ্রাদূরুযুগং ব্যতীত্য সুচিরং ভ্রান্ত্বা নিতম্বস্থলে। মধ্যেঽস্যাস্ত্রীবলীতরঙ্গবিষমে নিষ্পন্দতামাপাদিতা"রত্নাবলী। শারীরিক ক্লেশ। আপদ্। প্রায়শ্চিত্ত। পাপ। কঠোর ব্রতবিশেষ। "যোসৌ বৃদ্ধস্য তাতস্য তথা কৃচ্ছ্রং গতস্য হ" মহাভারত। মূত্রকৃচ্ছ্র রোগ। বিং, ত্রিং ক্লিষ্ট। কষ্টদায়ক। দুষ্ট। পাপিষ্ঠ।

কৃণু, (কৃ=করা+নু—সংজ্ঞার্থে) সং, পুং, চিত্রকরজাতি।

কৃৎ, (কৃ=করা+ক্বিপ্ প্রং)সং, পুং, ধাতূত্তর বিহিত প্রত্যয়, তব্যাদি ণমুল্ পর্য্যন্ত।

কৃত, (কৃ=করা ছেদনকরা+ক্ত—র্ম্ম—ভা) সং, ক্লীং, প্রয়োজন। যথেষ্ট। পর্য্যাপ্ত। কার্য্য। সত্যযুগ। সম্পাদিত। বিহিত। রচিত। অভ্যস্ত, শিক্ষিত। ব্যাহত। বিং, ত্রিং, "কিং কৃতং তব রামেন পাপে পাপং ময়াপি বা" রামায়ণ। চতুষ্পাৎ সকলো ধর্ম্মঃ সত্যং চৈব কৃতে যুগে। নাধর্ম্মেণাগমঃ কশ্চিন্মনুষ্যান্ প্রতিবর্ত্ততে"।

কৃতক, (কৃত=ছেদনকরা+ণক—প্রং) সং, বিং, ত্রিং, কল্পিত। কৃত্রিম। "অথ কৃতকবিলোভনং বিধিৎসৌ যুবতিজনে হরিসূনুদর্শনেন"। ভারবি। কৃত্রিম লবণ।

কৃতকর্ম্মা, (কৃতকর্ম্মন্, কৃত—কর্ম্মন্, ৩য়া—হিং) বিং, ত্রিং, কার্য্যক্ষম। কৃতকার্য্য, যে কার্য্য সম্পন্ন করিয়া তুলিয়াছে।

কৃতকার্য্য, (কৃত—কার্য্য, ৩য়া—হিং) বিং, ত্রিং, কৃতার্থ, চরিতার্থ।

কৃতকৃত্য, কৃতক্রিয় (কৃত—কৃত্য, ক্রিয়া=কার্য্য, ৩য়া—হিং) বিং, ত্রিং, চরিতার্থ, কৃতার্থ। বিদ্বান্। কৃতকর্ম্মা। কৃতকার্য্য। "কৃতকৃত্যশ্চাস্মি ধনঞ্জয়েন"।

কৃতঘ্ন, (কৃত—ঘ্ন [হন্=বধকরা+অ—প্রং, হন্=ঘ্ন] যে নষ্ট করে, ২য়া—ষ, অথবা কৃত=যে কোন প্রকারে কৃত উপকারাদি—ঘ্ন=ঘাতক অর্থাৎ অস্বীকর্ত্তা, ২য়া—ষ) বিং, ত্রিং, যে অন্যকর্তৃক কৃত উপকার স্বীকার করেনা। অকৃতজ্ঞ, নেমকহারাম্। "ব্রহ্মঘ্নে চ সুরাপে চ চৌরে ভগ্নব্রতে তথা। নিষ্কৃতির্বিহিতা রাজন্ কৃতঘ্নে নাস্তি নিষ্কৃতিঃ"।

কৃতজ্ঞ, (কৃত—জ্ঞ [জ্ঞা=জানা+ড—ক] যে জানে, ২য়া—ষ) বিং, ত্রিং, যে অন্য কর্তৃক কৃত উপকার চিরকাল স্মরণ করে এবং যথাসাধ্য উপকারীর প্রত্যুপকারে যত্নবান্ হয়। কর্ত্তব্যবিষয়ে মনোযোগী। সং, পুং, কুক্কুর।

কৃতজ্ঞতা, (কৃতজ্ঞ+তাভাবে) সং, স্ত্রীং, উপকার স্মরণ বা স্বীকার করা, সাধ্যানুসারে উপকারকের অনিষ্ট নিবারণের চেষ্টা বা হিত চিন্তা করা।

কৃতদার, (কৃত—দার স্ত্রী) সং, পুং, বিবাহিত,যে ব্যক্তি দারপরিগ্রহ করিয়াছে।

কৃতধী, (কৃত—ধী=বুদ্ধি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, কৃতবুদ্ধি দেখ।

কৃতনিশ্চয়, (কৃত—নিশ্চয়, ৩য়া—হিং) বিং, ত্রিং, যে নিশ্চয় করিয়াছে, যে কর্ত্তব্য স্থির করিয়াছে। যাহার অন্তঃকরণে কার্য্যসিদ্ধির দৃঢ় নিশ্চয় হইয়া আছে।

কৃতপুঙ্খ, (কৃত=অভ্যস্ত—পুঙ্খ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, শরক্ষেপণে সুপণ্ডিত। যে নিপুণতার সহিত বাণক্ষেপণ করিতে পারে।

কৃতপূর্ব্ব, (কৃত—পূর্ব্ব) বিং, ত্রিং, যাহা পূর্ব্বে করা হইয়াছে।

কৃতপূর্ব্বী, (কৃতপূর্ব্বিন্, কৃতপূর্ব্ব+ইন্—দ্বিতীয়ার্থে) বিং, ত্রিং, যে পূর্ব্বে করিয়াছে, পূর্ব্বে সম্পন্ন কর্ম্মা।

কৃতপৌরুষ, (কৃত—পৌরুষ=পুরুষত্ব) বিং, ত্রিং, যে পুরুষত্ব প্রকাশ করিয়াছে যে সাহসিকতা দেখাইয়াছে।

কৃতবুদ্ধি, (কৃত—বুদ্ধি ৩য়া—হিং) বিং, ত্রিং, কর্ত্তব্য কর্ম্ম সম্পাদনে যাহার বুদ্ধি অবিচলিত থাকে। যে ব্যক্তি সংশয় স্থলে অনায়াসে ইতিকর্ত্তব্য স্থির করিতে পারে।

কৃতম্, (কৃ=করা+তম্—প্রং) অং, নিষেধ। পর্য্যাপ্ত। প্রয়োজনাভাব।

কৃতমুখ, (কৃত—মুখ=প্রধান, শ্রেষ্ঠ) বিং, ত্রিং, কৃতকর্ম্মা।

কৃতলক্ষণ, (কৃত=অভ্যস্ত অর্থাৎ অনুরাগবশতঃ পুনঃ পুনঃ উচ্চারিত—লক্ষণ=নাম, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, লব্ধ প্রতিষ্ঠ গুণদ্বারা প্রসিদ্ধ, গুণবান্।

কৃতবর্ম্মা, (কৃতবর্ম্মন্, কৃত—বর্ম্মন্=কবচ) সং, পুং, হৃদিকার পুত্র যাদববিশেষ। বিং, ত্রিং, যে বর্ম্ম ধারণ করিয়াছে।

কৃতবিদ্য, (কৃত—বিদ্যা—জ্ঞান, ৩য়া—হিং) বিং, ত্রিং, শিক্ষিতবিদ্য, যে ব্যক্তি বিদ্যায় বিলক্ষণ পারদর্শী হইয়াছে।

কৃতবীর্য্য, (কৃত [কৃৎ=সম্যক্‌শব্দকরা+অ—প্রং] সংশব্দিত—বীর্য্য বীরত্ব। যাহার বীর্য্য সংশব্দিত হইয়াছে, ৬ষ্ঠী—হিং) সং, পুং, রাজাবিশেষ, কার্ত্তবীর্য্যের পিতা। বিং, ত্রিং, যে বীরত্ব প্রকাশ করিয়াছে।

কৃতবেতন, (কৃত=নিযুক্ত—বেতন) বিং, ত্রিং, বেতন দিয়া যে সকল ভৃত্যাদিকে নিযুক্ত করা যায়।

কৃতশ্রম, (কৃত—শ্রম=শ্রান্তি) বিং, ত্রিং, পরিশ্রমী, যে শ্রম করিয়াছে।

কৃতসাপত্নী, ত্রিকা (কৃত—সাপত্ন=সপত্নীভাব। যাহার সপত্নীভাব করা হইয়াছে, ৬ষ্ঠী—হিং, ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, অধিবিন্না, যে স্ত্রীর স্বামী পুনরায় দারপরিগ্রহ করিয়াছে।

কৃতস্বর, সং, পুং, সুবর্ণের খনি।

কৃতহস্ত, (কৃত=অভ্যস্ত—হস্ত=হাত, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, শরক্ষেপণে কার্য্যদক্ষ। ক্ষিপ্রহস্ত, যিনি লঘু হস্তে বাণ ক্ষেপণ করিতে পারেন।

কৃতাকৃত, (কৃত—অকৃত) বিং.ত্রিং,যাহার কিয়দংশ করা হইয়াছে অবশিষ্ট অংশ করা হয় নাই। আরব্ধ কিন্তু অসমাপ্ত।

কৃতাঞ্জলি, (কৃত—অঞ্জলি, ৩য়া—হিং+য়ং—স) বিং, ত্রিং, বদ্ধাঞ্জলি। যুক্তপাণি,যুক্তকর, যে যোড়হাত করিয়াছে।

কৃতাত্মা, (কৃতাত্মন্, কৃত—আত্মন্) বিং, ত্রিং, শুদ্ধচিত্ত,সংস্কৃতচিত্ত, শিক্ষিতবুদ্ধি। নমস্তস্মৈ কৃতাত্মনে।

কৃতাধিষ্ঠান, (কৃত—অধিষ্ঠান) বিং, ত্রিং, যে অধিষ্ঠান করিয়াছে,যাহার আবির্ভাব হইয়াছে।

কৃতান্ত, (কৃত—অন্ত=নাশ বা নিশ্চয়, শেষ, ৩য়া—হিং) সং, পুং, যম। দৈব।

অমঙ্গল কার্য্য। বিং,ত্রিং, জ্ঞাত। সিদ্ধান্ত "কৃতান্তমিব দ্বিতীয়মটন্তং ব্যাধমপশ্যৎ" (বাসবঃ)। "পতত্যবিরলং বারি নৃত্যন্তি শিখিনো মুদা। অদ্য কান্তঃ কৃতান্তো বা দুঃখস্যান্তং করিষ্যতি"। উদ্ভট্। ক্রূরস্তস্মিন্নপি ন সহতে সঙ্গমং নৌ কৃতান্তঃ। (=দৈব) মেঘদূত।
কৃতাপকার, (কৃত—অপকার=ক্ষতি) বিং, ত্রিং, অপকারী। অপকৃত।
কৃতাপরাধ, (কৃত—অপরাধ দোষ) বিং, ত্রিং, অপরাধী, দোষী।
কৃতাভিষেক, (কৃত—অভিষেক) বিং, ত্রিং, রাজ্যে অভিষিক্ত।
কৃতার্থ, (কৃত—অর্থ প্রয়োজন, ৬ষ্ঠী—হিং) বিং ত্রিং, কৃতকার্য্য, চরিতার্থ।
কৃতার্থম্মন্য (কৃতার্থ—মন্=বোধকরা—য—প্রং) বিং, ত্রিং, যে আপনাকে কৃতার্থ বোধ করে।
কৃতার্থিত, (কৃতার্থ+ইত—প্রং) বিং, ত্রিং, কৃতার্থীকৃত। যাহাকে কৃতার্থ করা গিয়াছে। [ভেক, বেঙ্।
কৃতালয়, (কৃত—আলয়=গৃহ) সং, পুং,
কৃতাস্ত্র, (কৃত—অস্ত্র) বিং ত্রিং, যে অস্ত্রশিক্ষা করিয়াছে।
কৃতি, (কৃ=করা+তি—ভা) সং. স্ত্রীং, কারণ। কার্য্য। রচনা। যত্ন। ২০ অক্ষর ছন্দঃ। কৃতির্মুররিপোরিয়ং। মুগ্ধবোধ। বৃত্তং রামস্য বাল্মীকেঃ কৃতিস্তৌ কিন্নরস্বনৌ। কিং তৎ যেন মনো হর্ত্তুং অলং স্যাতাং ন শৃণ্বতাং। রঘুবংশ।
কৃতিত্ব, (কৃতিন্+ত্ব—ভাবে) সং, ক্লীং, দক্ষতা, উপযুক্ততা, কৃতকার্য্যতা।
কৃতী, (কৃতিন্, কৃত=কার্য্য+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, পণ্ডিত। সমর্থ। পুণ্যবান্, ধার্ম্মিক। কুশল। কৃতার্থ। কর্ম্মক্ষম। "বয়ং তত্ত্বান্বেষান্ মধুকরহতাস্ত্বং খলু কৃতী"। শকুন্তলা "ন খল্ব নির্জ্জিত্য রঘুং কৃতী ভবান্"। রঘুবংশ।
কৃতোদ্বাহ, (কৃত—উদ্বাহ=বিবাহ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বিবাহিত, পরিণীত।
কৃত্ত, (কৃত্=ছেদনকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ছিন্ন, যাহা ছেদ করা হইয়াছে, ছিন্ন। বিভক্ত। অভিপ্রেত। বেষ্টিত।
কৃত্তি, (কৃত্ত=দেখ, তি—প্রং) সং, স্ত্রীং, "ব্যাঘ্রকৃত্তিং বসানং"। চর্ম্ম। ত্বক্। ভূর্জ্জপত্র।
কৃত্তিকা, (কৃত্ত দেখ, তি—প্রং। ক—যোগ) সং, স্ত্রীং, তৃতীয় নক্ষত্র। কার্ত্তিকেয়ের ছয়জন ধাত্রীর মধ্যে এক জন।
কৃত্তিকাভব, (কৃত্তিকা=নক্ষত্রবিশেষ—ভব যে জন্মিয়াছে) সং, পুং; চন্দ্র।
কৃত্তিকাসুত, (কৃত্তিকা—সুত=পুত্র। কৃত্তিকা কর্তৃক প্রতিপালিত) সং, পুং, কার্ত্তিকেয়, ষড়ানন।
কৃত্তিবাস, কৃত্তিবাসস্ } (কৃত্তি=চর্ম্ম—বাস, বাসস্ =বস্ত্র, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চর্ম্মাম্বর, মহাদেব, শিব। "স কৃত্তিবাসস্তাপসে যতাত্মা গঙ্গাপ্রবাহোক্ষিতদেবদারু। প্রস্থং হিমাদ্রের্মৃগনাভিগন্ধি কিঞ্চিৎ ক্বণৎ কিন্নরমধ্যুবাস"। কুমারসম্ভব।
কৃত্য, (কৃ=করা+ক্যপ—র্ম্ম, ভা) সং, ক্লীং, কার্য্য। প্রয়োজন। কারণ। তব্য হইতে কেলিম পর্য্যন্ত সমুদায় কৃৎ প্রত্যয়। ত্যা—স্ত্রীং, ক্রিয়া, কার্য্য। বিধান বিং, ত্রিং, কর্ত্তব্য।
কৃত্যবিদ্ (কৃত্য—বিদ্=যে জানে) বিং, ত্রিং, কার্য্যজ্ঞ। বিধানজ্ঞ।
কৃত্রিম, (কৃ=করা+ত্রিমক্—নির্বৃত্তার্থে) বিং, ত্রিং, ক্রিয়া দ্বারা নিষ্পন্ন। কল্পিত, কাল্পনিক, অস্বাভাবিক অযথার্থ, জাল যথা—কৃত্রিমলেখ্য। অবিশুদ্ধ যাহা খাঁটি নয়, যথা—কৃত্রিমধাতু। "সদৃশং তু প্রকুর্য্যাদ্যং গুণদোষবিচক্ষণম্। পুত্রং পুত্রগুণৈর্যুক্তং স বিজ্ঞেয়শ্চ কৃত্রিমঃ"।
কৃত্রিমপুত্র; সং, পুং, পুত্রো উচিতগুণসম্পন্ন যে সজাতীয় বালককে পুত্ররূপে গ্রহণ করা যায়, গৃহীত পুত্র।

কৃত্রিমরাশি, সং, পুং, দুই রাশিকে পরস্পর গুণ করিয়া যে রাশি উৎপন্ন হয়।

কৃৎস্ন, (কৃত=বেষ্টনকরা+স্ন—প্রং) বিং, ত্রিং, সমুদায়, সকল।সম্পূর্ণ জিত্বেষু নন্থু লোকোয়ং তেষু কৃৎস্নাস্বয়া জিতঃ" ভারবি। সং, ক্লীং, জল। কুক্ষি।

কৃন্দর, (কৃত্=ধারণকরা+অর—সংজ্ঞার্থে) সং, পুঃ, শস্যাদি রাখিবার আগার গোলা।

কৃন্তন, (কৃৎ=ছেদন করা+অনট্=ভা) সং, ক্লীং, ছেদন। নী—স্ত্রীং, ছেদনাস্ত্র, যাহা দ্বারা ছেদন করা যায়।

কৃপ, (কৃপ্=পারকহওয়া+অ—প্রং) সং, পুং, শরদ্বান্ মুনির পুত্র, কৃপাচার্য্য। "কৃপঃ শারদ্বতশ্চৈব যত এস্তো ততো ভবেৎ" মহাভারত। পী—স্ত্রীং, দ্রোণ-পত্নী অশ্বত্থামার মাতা।

কৃপণ, (কৃপ+অন—প্রং) বিং, ত্রিং, দীন, কাতর। ক্ষুদ্র, নীচ ব্যয়কুণ্ঠ। "দাতা লঘুরপি সেব্যো ভবতি ন কৃপণো মহানপি সমৃদ্ধ্যা।"

কৃপা, (কৃপ+আ—ভা) সং, স্ত্রীং, দয়া, করুণা। "কৃপা তে ময়ি মা চ ভূৎ। "কৃপাং কুর্য্যাদ্‌যথা ময়ি"।

কৃপাণ, (কৃপ+আন—সংজ্ঞার্থে) সং, পুং, খড়্গ। ণী—স্ত্রীং, ছোরা, ছুরি।

কৃপাণিকা (কৃপাণ+ক—যোগ) সং,স্ত্রীং, কাতারি। ছুরিকা, ছুরী।

কৃপালু, (কৃপ=কৃপাকরা+আলু—ক, শীলার্থে) বিং, ত্রিং, দয়ালু, করুণান্বিত

কৃপীট,(কৃপ=পারকহওয়া+ঈট—সংজ্ঞা-র্থে) সং, ক্লীং, কাষ্ঠ। বন। জল। উদর

কৃপীটপাল, (কৃপীট=জল—পাল=যে রক্ষা করে ইত্যাদি) সং, পুং, সমুদ্র। নৌকার হাইল। পবন।

কৃপীটযোনি,(কৃপীট=ইন্ধন—যোনি=উৎ পত্তিস্থান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অগ্নি। স্বনাম প্রসিদ্ধ মুণিকুমার বিশেষ।

কৃমি, ক্রিমি (ক্রম্=গমনকরা+ই—প্রং) সং, পুং, কীট, পোকা। "তিরশ্চি য়স্তে কৃমিতন্তু জালৈঃ"।

কৃমিকোশোত্থ, (কৃমিকোশ=গুটি—উথ [উৎপূর্ব্ব স্থাধাতুজ] যে উঠে, ৫মী—ষ) বিং, ত্রিং, কৌষেয়, রেসমীকাপড়।

কৃমিজ,ক্রিমিজ (কৃমি=ক্রিমি—জ=জাত, উৎপন্ন) বিং, ত্রিং, কৃমি হইতে জাত। সং, ক্লীং, অগুরুচন্দন। জা—স্ত্রীং, লাক্ষা, লা।

কৃমিল, (কৃমি—লা=গ্রহণকরা+ড—প্রং) বিং, ত্রিং, কৃমিযুক্ত। লা—স্ত্রীং, বহু-সন্তান প্রসবিনী স্ত্রী।

কৃমিশৈল, ক্রিমিশৈল (কৃমি, ক্রিমি—শৈল=পাহাড়) সং, পুং, উয়ের ঢিপি। বল্মীক।

কৃবি, (কৃ=[বস্ত্র] করা+বি—সংজ্ঞার্থে) সং, পুং, তাঁত কাপড় বুনিবার যন্ত্র।

কৃশ, (কৃশ্=সূক্ষ্মকরা+ক্ত=প্রং। নিপা-তন) বিং, ত্রিং, ক্ষীণ, দুর্ব্বল। মন্দবীর্য্য অসম্পূর্ণ। দরিদ্র। ক্ষুদ্র। অল্প। বিরল লঘু, পাতলা "অল্পতরাহারকৃশীকৃততনু "তপঃ কৃশামভ্যুপপৎস্যতে সখীং বৃষেব সীতাং তদবগ্রহ ক্ষতাং" কুমারসম্ভব। শৃঙ্গীর সখা। "সখ্যোক্তঃ ক্রীড়মানেন স তত্র হসতা কিল। ঋষি পুত্রেণ নর্ম্মার্থে কৃশেন দ্বিজ সত্তম"মহাভারত।

কৃশলা, (কৃশ=সূক্ষ্ম—লা=যে গ্রহণ করে) সং, স্ত্রীং, কেশ, চুল।

কৃশাঙ্গ, (কৃশ=ক্ষীণ—অঙ্গ=শরীর, ৬ষ্ঠী —হীং) বিং, ত্রিং, ক্ষীণকায়। ঙ্গী —স্ত্রীং প্রিয়ঙ্গু লতা।

কৃশানু, কৃসাণু, (কৃশ+আনু—সংজ্ঞার্থে) সং, পুং, অগ্নি, আগুন। "স্ফুরন্নুদর্চ্চিঃ সহসা তৃতীয়াদক্ষঃ কৃশানুঃ কিল নিষ্পপাত" কুমারসম্ভব।

কৃশানুরেতাঃ, (কৃশানুরেতস্, কৃশানু=অগ্নি—রেতস্=শুক্র। যাঁহার বীর্য্য কৃ-শানুর ন্যায় তীব্র। কিম্বা যাঁহার অগ্নিতে

শুক্র, ৬ষ্ঠী—হিং। দেবী বীর্য্যধারণে অক্ষম হওয়াতে শুক্র অগ্নিতে নিক্ষিপ্ত হয়; সেই তেজঃ হইতে কার্ত্তিয়ের জন্ম হয়) সং, পুং, শিব।

কৃশাশ্বী, (কৃশাশ্বিন্=কৃশাশ্ব=নৃত্যগীতাদি প্রদর্শক ও প্রণেতা মুনিবিশেষ+ইন্—প্রং) সং, পুং, নট, নর্ত্তক।

কৃষক, (কৃষ্=ভূমিচসা+ণক—প্রং) সং, পুং, কর্ষক, চাসা, কৃষাণ, লাঙ্গলের ফাল। বৃষ। বিং, ত্রিং, কর্ষক। "সুভিক্ষং কৃষকে নিত্যম"।

কৃষি, (কৃষ+ই—ভা) সং, স্ত্রীং, কৃষিকর্ম্ম, চাসবাস। ভূমি। পুং, কৃষক। "অনাবৃষ্ট্যা কৃষির্নষ্টা"।

কৃষিজীবী } (কৃষিজীবিন্, কৃষি=চাস
কৃষীবল } —জীবিন্=যে জীবিকা, নির্ব্বাহ করে। কৃষি=চাস+বল—অস্ত্যর্থে। ৯মী) বিং, ত্রিং, কৃষক, চাসা, যে কৃষি-কর্ম্ম অবলম্বন করিয়া জীবিকা নির্ব্বাহ করে।

কৃষ্কর, সং, পুং, শিব।

কৃষ্ট, (কৃষ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, কর্ষণ করা, চসা ক্ষেত্র। আকৃষ্ট।

কৃষ্টপচ্য, (কৃষ্ট=চসাক্ষেত—পচ=পাককরা+য—র্ম্ম। ৫মী—ষ) বিং, ত্রিং, ধান্যাদি শস্য, কৃষিজ।

কৃষ্টি, (কৃষ্+ক্তি—ভা) সং, পুং,, বিদ্বান্। পণ্ডিত, স্ত্রীং, কৃষিকর্ম্ম। কর্ষণ।

কৃষ্ণ, (কৃষ্=আকর্ষণকরা+ন—প্রং। যিনি মনুষ্যের মন আকর্ষণ করেন, কিম্বা কৃষি=সংসার—ন=মুক্তি। যাঁহা হইতে সংসার থেকে মুক্তি হয়, ৫মী—ষ। অথবা কৃষ্=উৎকৃষ্ট—ন=সুখ, নিষ্পত্তি। হয়, ৫মী—ষ, কিম্বা কৃষ্টবর্ণ বলিয়া কৃষ্ণ নাম হইল "কৃষির্ভূবাচকঃ শব্দো ণশ্চ নিবৃত্তিবাচকঃ,বিষ্ণুস্তদ্ভাবযোগশ্চ কৃষ্ণো সং, পুং,বিষ্ণুর অবতার-বিশেষ। "কৃষ্ণ কলয় ননু কোহমিতি স্ফুটমাপদাস্পদমনাত্মবেদিতা" শিশুপাল বধ। "ব্যাদিশ্যতৈ ভূধরতামবেক্ষ্য কৃষ্ণেন দেহোদ্বহনায় শেষঃ" কুমারসম্ভব। ব্যাস-দেব অর্জ্জুন। কোকিল। কাক। কৃষ্ণা—স্ত্রীং, দ্রৌপদী "উপাধত্ত সপত্নেষু কৃষ্ণায়া গুরুসন্নিধৌ। ভাবমানয়নে সত্যাঃ সত্যঙ্কারমিবাস্তকঃ" ভারবি। বিং, ত্রিং, নীলবর্ণ।

কৃষ্ণকন্দ, (কৃষ্ণ=কাল—কন্দ=মূল, ডাঁটা) সং, ক্লীং, রক্তকমল।

কৃষ্ণকর্ম্মা, (কৃষ্ণকর্ম্মন্, কৃষ্ণ=মলিন—কর্ম্মন্। কৃষ্ণ অর্থাৎ মলিন কর্ম্ম যাহার ৬ষ্ঠী—হিং) বিং ত্রিং, পাপী, দোষী। অধার্ম্মিক।

কৃষ্ণকলি, (কৃষ্ণ-কলি=কলিকা। কৃষ্ণের ন্যায় চূড়াল কলি যাহার, ৬ষ্ঠী—হিং) সং,পুং, স্বনাম প্রসিদ্ধ পুষ্পবৃক্ষ বিশেষ।

কৃষ্ণকোহল, সং,পুং, পাশক্রীড়ক,জুয়ারি।

কৃষ্ণগতি, (কৃষ্ণ=কৃষ্ণবর্ণ—গতি=চরমাবস্থা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অগ্নি।

কৃষ্ণচতুর্দ্দশী,সং,স্ত্রীং,কৃষ্ণপক্ষের চতুর্দ্দশী।

কৃষ্ণচূড়িকা, সং, স্ত্রীং, গুঞ্জা, কুঁচ।

কৃষ্ণচূর্ণ, (কৃষ্ণ=কাল—চূর্ণ) সং, ক্লীং, লৌহমল, লোহার গুঁড় মরিচা।

কৃষ্ণজীরক, (কৃষ্ণ—জীরক, য়ং—স) সং, পুং, কেলেজীরে।

কৃষ্ণতার, (কৃষ্ণ=কৃষ্ণবর্ণ—তার=কনীনিকা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, হরিণ।

কৃষ্ণদেহ, (কৃষ্ণ=কৃষ্ণবর্ণ—দেহ=শরীর, ৬ষ্ঠী—হিং,) সং, পুং, ভ্রমর। বিং, ত্রিং, কৃষ্ণবর্ণ শরীর।

কৃষ্ণদ্বৈপায়ন, (কৃষ্ণবর্ণ বলিয়া কৃষ্ণ এবং দ্বীপে জন্ম-গ্রহণ করিয়াছিলেন বলিয়া দ্বৈপায়ন) সং, পুং, বেদব্যাস। "কৃষ্ণদ্বৈপায়নাদেশাৎ বিভর্ম্মি ব্রতমীদৃশং" ভারবি। [ক্ষয় হয়।

কৃষ্ণপক্ষ, সং, পুং, যে পক্ষে চন্দ্রের কলা

কৃষ্ণপিঙ্গলা, (কৃষ্ণ=কৃষ্ণবর্ণ—পিঙ্গল=নীল পীত মিশ্রিত বর্ণ। যিনি এইরূপ বর্ণবিশিষ্টা) সং, স্ত্রী, দুর্গা

কৃষ্ণভূম, (কৃষ্ণ=কৃষ্ণবর্ণ—ভূমি=মৃত্তিকা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কৃষ্ণবর্ণ মৃত্তিকাযুক্ত দেশ। [ষ) সং, পুং, কাল মুগ।
কৃষ্ণমুদ্গ, (কৃষ্ণ=কাল—মুদ্গ=মুগ, য়ং
কৃষ্ণলক—পুং } (কৃষ্ণ=কৃষ্ণবর্ণ—ল
কৃষ্ণলা—স্ত্রীং } [লা=পাওয়া+ড] যে লয়। ক—যোগে কৃষ্ণলক) সং, গুঞ্জা রত্তি, কুঁচ।
কৃষ্ণলোহ, (কৃষ্ণ=যে আকর্ষণ করে—লোহ) সং, স্ত্রীং, অয়স্কান্ত মণি।
কৃষ্ণবক্ত্র, (কৃষ্ণ=কাল—বক্ত্র=মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বানর।
কৃষ্ণবর্ত্মা, (—র্ত্মন্=কৃষ্ণ—বর্ত্মন্=পথ। যাহার পথ কৃষ্ণবর্ণ. ৬ষ্ঠী—হিং) সং, পুং, অগ্নি। রাহু। বিং, ত্রিং, দুরাচার।
কৃষ্ণশৃঙ্গ, (কৃষ্ণ=কাল—শৃঙ্গ=শিং। যাহার শৃঙ্গ কাল, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মহিষ।
কৃষ্ণসখ, (কৃষ্ণ—সখ=সখিশব্দজ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কৃষ্ণের সখা, অর্জ্জুন।
কৃষ্ণসার, কৃষ্ণশার (কৃষ্ণ=কাল রং—সার=শবল। য়ং—স) সং, পুং, কালসার হরিণবিশেষ। কৃষ্ণসারস্তু চরতি মৃগো যত্র স্বভাবতঃ। স জ্ঞেয়ো যজ্ঞিয়ো দেশো ম্লেচ্ছদেশস্ততঃ পরঃ"। "কৃষ্ণশারে দদচ্চক্ষুস্ত্বয়িচাধিজ্যকার্ম্মুকে মৃগানুসারিণং সাক্ষাৎ পশ্যামীব পিনাকিনং" শকুন্তলা।
কৃষ্ণাগুরু, (কৃষ্ণ—অগুরু, য়ং—স) সং, পুং, কাল অগুরু, কৃষ্ণচন্দন।
কৃষ্ণাচল, (কৃষ্ণ=কাল—অচল=পর্ব্বত) সং, পুং, রৈবত পর্ব্বত।
কৃষ্ণাজিন, (কৃষ্ণ—অজিন) সং, ক্লীং, কৃষ্ণসার মৃগের চর্ম্ম। কৃষ্ণত্বচ্।
কৃষ্ণামিষ } (কৃষ্ণ=কাল—আমিষ=
কৃষ্ণায়স } মাংস, বস্তু, অয়স্=লোহ) সং, ক্লীং, কৃষ্ণবর্ণ লৌহ, চুম্বক লোহ।
কৃষ্ণার্চ্চিঃ (কৃষ্ণার্চ্চিস্, কৃষ্ণ—অর্চ্চিস্=অগ্নিশিখা, ৬ষ্ঠী—হি) সং, পুং, অগ্নি।
কৃষ্ণিকা, (কৃষ্ণ=কাল+ক—যোগ) সং, স্ত্রীং, রাজিকা, রাইসরিষা।
কৃষ্ণেক্ষু, (কৃষ্ণ=কাল—ইক্ষু=আক) সং, পুং, কাজ্‌লি আক।
কৃষ্য, (কৃষক দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, কর্ষণযোগ্য, কৃষির উপযুক্ত।
কৃসর, (কৃ=বিক্ষেপকরা+সর—সংজ্ঞার্থে) সং, পুং, তিলদুগ্ধমিশ্রিত অন্ন, তিলখাউ।
কৢপ্ত, (কৢপ্=সমর্থ হওয়া+ক্ত—প্রং। =৯) বিং, ত্রিং, রচিত। কল্পিত। স্থিরীকৃত। নিয়মিত।
কৢপ্তকীলা, (কৢপ্ত=স্থিরীকৃত—কীল=শঙ্কু) সং, স্ত্রীং, অধিকার পত্র, কবুলতি। পাটা।
কৢপ্তি, (কৢপ্+ক্তি—ভা) সং, স্ত্রীং, কল্পনা। সম্পত্তি। নিয়ম। রচনা।
কৢপ্তিক, বিং, ত্রিং, ক্রীত।
কে, (কিম্ শব্দজ) সর্ব্বং, কোন্ ব্যক্তি, কোন মনুষ্য। (কিম্‌শব্দের প্রথমার বহুবচন) কাহারা। বাঙ্গালা ভাষায় দ্বিতীয়া বিভক্তি যথা কাহাকে, রামকে তোমাকে তাহাদিগকে ইত্যাদি।
কেয়া, (কেতক শব্দজ) সং, কেতকী পুষ্পের বৃক্ষ। কেয়া ফুল।
কেকয়, সং, পুং, দেশবিশেষ, পঞ্জাবের মধ্যবর্ত্তী বিপাসা নদীর পশ্চিম তীরস্থ পার্ব্বতীয় দেশ। সূর্য্যবংশীয় নৃপবিশেষ।
কেকয়ী, কেকেয়ী (কেকয়=সূর্য্যবংশীয় রাজাবিশেষ+ষ্ণ—অপত্যার্থে। ঈপ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, দশরথ রাজার মধ্যমা পত্নী, ভরতের মাতা। "অর্চ্চিতা তস্য কৌশল্যা-প্রিয়া কেকয়বংশজা অতঃ সম্ভাবিতাং। তাভ্যাং সুমিত্রা-মৈচ্ছদীশ্বরঃ" রঘুবংশ। [কীটবিশেষ।
কেঁচো, (কিঞ্চুলুক শব্দজ) সং, মহীলতা,
কেকর, (কে=মস্তকে—কর=যে করে। চলনাদি দ্বারা যে নেত্রদ্বয় মস্তকের দিকে করে) বিং, ত্রিং, বক্রাক্ষি, টেরা।
কেকরাক্ষ, (কেকর—অক্ষ=অক্ষিশব্দজ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার চক্ষুঃ টেরা।

কেকা, (কে=অনুকরণশব্দ—কৈ=শব্দকরা+অ—প্রং। 'কে' এই শব্দকরা) সং,স্ত্রীং, ময়ূরধ্বনি, ময়ূরের ডাক। "কেকাভির্নীলকণ্ঠানাম্"। "ষড়জসংবাদিনীঃ কেকা দ্বিধা ভিন্নাঃ শিখণ্ডিভিঃ" রঘুবংশ

কেকাবল, (কেকা=ময়ূরের ধ্বনি+বল—অস্ত্যর্থে) সং, পুং, ময়ূর।

কেকী, (কেকিন্, কেকা+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, শিখী, ময়ূর।

কেঙ্গরু (Kangaroo) সং, উদ্ভিদভোজী জন্তুবিশেষ। ইহাদের তলপেটে দুইটী এবং পশ্চাৎ পাদের মধ্যস্থলে একটী চর্ম্মময় থলী আছে ইহাদের শাবক হঠাৎ কোন ভয় পাইলে উক্ত স্থলীতে গিয়া লুক্কায়িত হয় এবং বিশ্রাম করে।

কেচিৎ, কেচন (কে [প্রথমার বহুবচনান্ত কিম্‌শব্দজ] কাহারা+চিৎ, চন—অসংকল্যার্থে) অং, কোন কোন ব্যক্তি।

কেচুক, সং, ক্লীং কচু। [পযুক্ত।

কেজো, (কার্য্যার্হ শব্দজ) বিং, কার্য্যো-

কেঠো, (কাষ্ঠশব্দজ) সং, কাষ্ঠ নির্ম্মিত জল সেচনী, কাষ্ঠময় পাত্র।

কেণিকা, (কিণ্ [সৌত্রধাতু] আচ্ছাদন করা+ণক-প্রং) সং,স্ত্রীং, তাম্বু, কাণাৎ।

কেতক, (কিত=বাসকরান+ণক—প্রং) সং, পুং, কী—স্ত্রীং, কেয়াফুলের গাছ। ক্লীং, তৎপুষ্প। "গ্লপয়তিপরিপাণ্ডুক্ষামমস্যাঃ শরীরং শরদিজ ইব ঘর্ম্মঃ কেতকী গর্ভপত্রং" উত্তরচরিত। "সরজসমপহায়কেতকীনাম্প্রসবমুপান্তিক নীপরেণুকীর্ণং" ভারবি।

কেতন, (কিৎ=বাসকরা+অনট—প্রং) সং, ক্লীং, ধ্বজ, পতাকা। চিহ্ন। কার্য্য, কৃত্য। স্থান। গৃহ। উপনিমন্ত্রণ।

কেতু, (কিৎ=বাসকরা+উ—সংজ্ঞার্থে,) কিম্বা চায়=পূজাকরা+তু—প্রং। চায়্=কে) সং, পুং, গ্রহবিশেষ, নবমগ্রহ। ধ্বজ, পতাকা। চিহ্ন। উৎপাত চিহ্ন। ধুমকেতু। শত্রু। রোগ। "চীনাংশুকমিব কেতোঃ প্রতিবাতং নীয়মানস্য"। শকুন্তলা। "ক্ষিতিষু দদৃশিরে পদানি জিষ্ণোরুপহিত কেতুরথাঙ্গ লাঞ্ছনানি" ভারবি।

কেতুভ, (কেতু=গ্রহবিশেষ—ভ=যে সমতুল্য হয়। সং, পুং, মেঘ। মেঘের বর্ণ কেতুর ন্যায় বলিয়া ইহাকে কেতুভ বলা যায়।

কেতুমাল; সং, ক্লীং, জম্বুদ্বীপের নয় বর্ষের এক বর্ষ। [বৈদূর্য্যমণি।

কেতুরত্ন, (কেতু—রত্ন=মণি) সং, ক্লীং,

কেদার, (কে=জলে—দৃ=বিদারণকরা+অ—প্রং। জল হইলে যাহার বিদারণ হয়) সং, পুং, শিব। পর্ব্বতবিশেষ। ক্ষেত্র। ক্ষেতের আলি। আলবাল। "ভূমাবপ্যেক কেদারে কালোপ্তানি কৃষীবলৈঃ। নানারূপাণি জায়ন্তে বীজানীহ স্বভাবতঃ।"

কেন, (কিম্+ইন। হেত্বর্থে তৃতীয়া স্থানে ইন) অং, কিহেতু, কিজন্য।

কেননা, (কেন [পূর্ব্বে দেখ] —না কারণ দ্যোতক) অং, কারণ, যেহেতু।

কেনার, (কে=মস্তকে ইত্যাদি—নৃ=প্রাপণ+অ—প্রং) সং, পুং, কুম্ভিনরক। মস্তক। কপোল। সন্ধিস্থান।

কেনিপাত, (কে=জলে—নিপাত=যে গমন করে বা পতিত হয়) সং, পুং, নৌকার হাইল।

কেন্দ্র; সং, পুং, লগ্ন। মেরু ভূপ্রান্ত, পৃথিবীর উত্তরদক্ষিণ প্রান্ত। গোল বস্তুর ঠিক মধ্যস্থান (Sentre) বৃত্তস্য মধ্যং কিল কেন্দ্রং মুক্ত কেন্দ্রং গ্রহোচ্চান্তর মুচ্যতেহতঃ। যতোহন্তরে তাবতি তুঙ্গদেশান্নীচোচ্চবৃত্তস্য সদৈব কেন্দ্রম্॥" সিদ্ধান্তশিরোমণি।

কেন্দ্রবিমুখবল, (Sentrefugal force) সং, ক্লীং, যে বলে বস্তুসকল কেন্দ্র হইতে আকৃষ্ট হয়।

কেন্দ্রস্রোতঃ (Polar current) মেরুর

নিকট হইতে আগত স্রোতঃ।

কেন্দ্রাপসারাণী, শক্তি (Sentrefugal Force) যে শক্তি প্রাভাবে দ্রব্যকে কেন্দ্রত্যাগ করিয়া যাইতে হয়।

কেন্দ্রাভিকর্ষণী শক্তি (Sentrepetal force) যে শক্তি প্রভাবে দ্রব্য কেন্দ্রের অভিমুখে যায়।

কেন্দ্রাভিমুখবল, (Sentrepetal force) যে বলে বস্তু সকল কেন্দ্রাভিমুখে আকৃষ্ট হয়। [প্রকার, কিরূপ।

কেমন, (দেশজ) ক্রিং—বিং, কি

কেমুক ; সং, পুং, বৃক্ষবিশেষ, কেঁউ।

কেয়ূর, (কে=মস্তকে কিন্তু এখানে প্রগণ্ড দেশে—যু=যোগকরা+উর—সংজ্ঞার্থে) সং, ক্লীং, অঙ্গদ, তাড়, বাজু।

কেয়ূরবন্ধ, (কেয়ূর=অঙ্গদ—বন্ধ্=বন্ধনকরা+অ—ধি) সং, পুং, অঙ্গদ পরিধানের স্থান।

কেরল ; সং, পুং, দেশবিশেষ, মালবার দেশ, ইহাঁর উত্তরে সহ্য পর্ব্বত ও দক্ষিণে কন্যাকুমারী। বিং ত্রিং, তদ্দেশীয়। লী—স্ত্রীং, জ্যোতিঃ শাস্ত্রবিশেষ। এক ঘণ্টা।

কেলি, (কিল্=ক্রীড়াকরা+ই—প্রং) সং, পুং,—স্ত্রীং, ক্রীড়া। কৌতুক, পরিহাস। লি, লী—স্ত্রীং, পৃথিবী। "বিহারে সহকান্তেন ক্রীড়িতং কেলি রুচ্যতে।

কেলিকলা, (কেলি=কৌতুক—কল্=শব্দ করা+অ—প্রং। আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, সরস্বতীর বীণা। রতিক্রীড়া।

কেলিকিলা, (কেলি=কৌতুক—কিল=যে ক্রীড়াকরে, কিল্=ক্রীড়াকরা+অ—প্রং) সং, স্ত্রীং, রতি, কন্দর্পপত্নী।

কেলিকীর্ণ ; সং, পুং, উষ্ট্র, উট।

কেলিকুঞ্চিকা, (কেলি=কৌতুক—কুন্চ্=সঙ্কুচিত হওয়া, বক্রহওয়া+ণক—প্রং) সং, স্ত্রীং, শালী, স্ত্রীর ভগিনী।

কেলিমুখ, (কেলি=ক্রীড়া—মুখ=প্রধান) সং, পুং, কৌতুক পরিহাস।

কেবর্ত্ত, (কে=জলে—বর্ত্ত=যে থাকে) সং, পুং, জেলিয়া। দাশজাতি।

কেবল, (কেব্=সেচনকরা+অল—প্রং) বিং, ত্রিং, একমাত্র, অসহায়। রিক্ত "অশেত সা বাহুলতোপধায়িনী নিষেদুষী স্থণ্ডিল এব কেবলে" কুমার সম্ভব কৃৎস্ন। সম্পূর্ণ। ক্লীং,অবধারিত "বিরুদ্ধঃ কেবলং বেষঃ সন্দেহয়তি মে মনঃ" ভারবি। নিশ্চয়, নির্ণয় "শোকপিহিত গলরুদ্ধ গিরস্ত রসাগতাশ্রুজলকেবলোত্তরা" শিশুপাল বধ। শুদ্ধ।

কেশ, (ক মস্তক—ঈশ্ প্রভুত্বকরা+অ প্রং, কিম্বা কে মস্তকে—শ [শী=শয়নকরা+অ—ক] যে শয়ন করে) সং, পুং, চুল। দৈত্যবিশেষ। বরুণ। বিষ্ণু। "ত্বক্কেশবালরোমালিসুবর্ণাভানি যস্য তু। স হরি র্নামতো রাজা পীতকৌষেয়সংনিভঃ।" [পুং, উকুণ।

কেশকীট, (কেশ—কীট, ৬ষ্ঠী—ষ) সং,

কেশগর্ভক, (কেশ—গর্ভক=কেশভূষণমাল্য, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিউনী, চুলের খোঁপা।

কেশঘ্ন, (কেশ—ঘ্ন=যে নাশ করে) সং, ক্লীং, কেশনাশক রোগ, টাক্ পড়া।

কেশচ্ছিদ্, (কেশ—ছিদ্=ছেদন করা+ক্বিপ্—ক) সং, পুং, নাপিত।

কেশপাশ
কশপক্ষ
কেশহস্ত } কেশ-পাশাদি শব্দের অর্থ এখানে রাশি, অধিক) সং, পুং, চুলের গোছা, ভূষিত কেশগুচ্ছ। "তাং কীচকঃ প্রধাবন্তীং কেশপাশে পরামৃশৎ" "তং কেশ পাশং প্রসমীক্ষ্য কুর্যু বালপ্রিয়ত্বং শিথিলং চমর্য্যঃ" কুমার সম্ভব।

কেশপাশী, (কেশপাশ+ঈ—প্রং) সং, স্ত্রীং, শিখা, চূড়া।

কেশমার্জ্জক
কেশমানর্জ্জন } (কেশ—মার্জ্জক,মার্জ্জন [মৃজ্=পরিষ্কারকরা+ণক, অন—ক] যে পরিষ্কার করে, ২য়া—ষ) সং, ক্লীং, চিরুণী।

কেশর, কেসর (কে=জলে—শৃ=হিংসা-করা+অ—প্রং। যে জলে শীর্ণ হয়) সং, পুং,—ক্লীং, কিঞ্জল্ক পুষ্পমধ্যস্থ কেশাকার নাড়ী, পুষ্পের পাপ্ড়ির মধ্যস্থলে যে কেশের মত সূক্ষ্ম পদার্থ থাকে "ক্ষণচুম্বিতানি ভ্রমরৈরুহ সুকুমার কেশর শিখানি" শকুন্তলা। বকুলফুল। পুং, বকুলগাছ। নাগকেশর বৃক্ষ। সিংহ অশ্বাদির ঘাড়ের চুল। "ব্যাকীর্ণ-কেশর করালমুখা মৃগেন্দ্রাঃ"। অর্দ্ধপীত-স্তনং মাতুরা মর্দ্দক্লিষ্ট কেশরম্" শকুন্তলা।

কেশরী, কেসরী (কেশরিন্, কেশর+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, সিংহ। অশ্ব। বানরবিশেষ। পুন্নাগ বৃক্ষ। নাগকেশর বৃক্ষ।

কেশব, (ক=ব্রহ্মা—ঈশ=শিব—ব—গমনার্থ বাধাতুজ, কিম্বা কেশ—ব=যে পায়। যিনি প্রশস্ত কেশ প্রাপ্ত হন, অথবা কেশিন্ অসুরবিশেষ—বধ্ হিংসাকরা+অ—প্রং। যিনি কেশিনামক অসুরকে বধ করিয়াছিলেন, ২য়া—ষ) সং, পুং, কৃষ্ণ, বিষ্ণু। "যস্মাত্ত্বয়া হতঃ কেশী তস্মান্মচ্ছাসনং শৃণু। কেশবো নাম নাম্না ত্বং খ্যাতো লোকে ভবিষ্যতি॥" (কেশ+ব—অস্ত্যর্থে) বিং, ত্রিং, প্রশস্ত কেশযুক্ত।

কেশবিন্যাস (কেশ—বিন্যাস=রচনা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কবরীবন্ধন, কেশরচনা।

কেশবেশ, (কেশ—বেশ=সজ্জা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কবরী, কেশবিন্যাস, চুলের খোঁপা।

কেশাকেশি, (কেশ—কেশ+ই—প্রং। কেশে কেশে গ্রহণ করিয়া যে যুদ্ধ হয়, ১মা—হিং) সং, ক্রিং,—বিং, পরস্পর কেশ গ্রহণ পূর্ব্বক যুদ্ধ, চুলোচুলি। "কেশাকেশ্যভবদ্যুদ্ধং রক্ষসাং বানরৈঃ সহ।" ভট্টি।

কেশান্ত, (কেশ—অন্ত=শেষ) সং, পুং, কেশচ্ছেদন রূপ সংস্কারবিশেষ। কেশপ্রান্ত, কেশপাশ।

কেশাবমর্ষণ, (কেশ—অব=অনুপযুক্ততারূপে—মর্ষণ=ঘর্ষণ) সং, ক্লীং, কেশাকর্ষণ।

কেশিমথন, কেশিসূদন (কেশিন্=অসুরবিশেষ—মথন, সূদন=যে বধ করে। যিনি কেশিনামক অসুরকে বধ করিয়াছিলেন, ২য়া—ষ) সং, পুং, কৃষ্ণ, বিষ্ণু, নারায়ণ।

কেশিহা, (কেশিহন্, কেশিন্=অসুরবিশেষ=হন্=যে বধ করে, ২য়া—ষ) সং, পুং, কৃষ্ণ, বিষ্ণু, নারায়ণ।

কেশী, (কেশিন্, কেশ+ইন্—অ বিং, ত্রিং, প্রশস্ত কেশবিশিষ্ট। সং পুং, দৈত্যবিশেষ। সিংহ। বিষ্ণু।

কৈ, (কিম্‌শব্দজ) ক্রিং-বিং, কুত্র কোথা।

কৈকয়ী, কৈকেয়ী (কেকয়=রাজাবিশেষ+ষ্ণ—অপত্যার্থে) সং, স্ত্রীং, দশরথ রাজার পত্নী, ভরতের মাতা। "কৈকেয়ী শঙ্কয়েবাহ পলিত ছদ্মনা জরা।" "দূষয়ামাস কৈকেয়ী শোকোষ্ণৈঃ পার্থিবাশ্রুভিঃ" রঘুবংশ।

কৈকেয়, (কেকয়+ষ্ণ=প্রং) সং, পুং, কেকয় দেশের রাজা।

কৈটভ, (কীট—ভা=দীপ্তিপাওয়া, নিপাতন) সং, পুং, অসুরবিশেষ। "উৎপন্নঃ কীটবৎ ভাতি মহামায়াকরে যতঃ। অতস্তং কৈটভাখ্যন্তু স্বয়ং দেবী তদাকরোৎ॥" কালিকা পুরাণ।

কৈটভজিৎ, কৈটভারি, কৈটভহা—হন্, কৈটভদ্বিট—ষ্ (কৈটভ=অসুরবিশেষ—জিৎ=যে জয় করে, ২য়া—ষ।—অরি=শত্রু, ৬ষ্ঠী—ষ—হন্=যে বধ করে, ২য়া—ষ।—দ্বিষ্ যে হিংসা করে, ২য়া—ষ) সং, পুং, নারায়ণ, বিষ্ণু।

কৈতক (কেতক+ষ্ণ—ইদমর্থে) বিং, ত্রিং, কেতকসম্বন্ধীয়।

কৈতব, (কিতব=বঞ্চক, জুয়ারি+ষ্ণ—তৎকর্ম্মার্থে) সং, ক্লীং ছল, কপট। হৃদয়ে বসসীতি মৎপ্রিয়ং যদবোচ শুদ-বৈমি কৈতবম্"। কুমার "অকৈতব ইবাস্যাঃকোপো লক্ষ্যতে।" শকুন্তলা। দ্যূতক্রীড়া, পাশক্রীড়া।

কৈদার, কৈদারক } (কেদার ক্ষেত্র কৈদারিক, কৈদার্য্য } +ষ্ণ-কণ ষ্ণক ষ্ণ্য—প্রং) সং, ক্লীং, ক্ষেত্রসমূহ।

কৈমুতিক, (কিম্—উত+ষ্ণিক—প্রং) সং, ক্লীং, ন্যায়বিশেষ, ফলে, ফ-ল, যাহাতে তাৎপর্য্য প্রকাশ হয়। যথা— "ঋষিপ্রভাবাৎ মযি নান্তকোপি প্রভুঃ প্রহর্ত্তুং কিমুতান্য হিংস্রাঃ" রঘুবংশ।

কৈমুতিক ন্যায়—ন্যায় (১৮) দেখ।

কৈরব, (কেরব [কে=জলে—রব=যে রবকরে] হংস+অ—তৎপ্রিয়ার্থে) সং, ক্লীং, কুমুদ, শ্বেতোৎপল। পুং, শত্রু। শঠ, ধূর্ত্ত রিপু, বী-স্ত্রীং, কৌমুদী, জ্যোৎস্না। "চন্দ্রো বিকাসয়তি কৈরবচক্রবালম্"। [স্ত্রীং, কুমুদিনী, কুমুদসমূহ।

কৈরবিণী, (কৈরব+ইন্—সমূহার্থে) সং,

কৈলা, (দেশজ) সং, গোবৎস, বাছুর।

কৈলাস, (কৈল [কেলি+অ—সমূহার্থে] ক্রীড়াসমূহ, সুখ—আস=আসন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পর্ব্বতবিশেষ। "আ কৈলাসাৎ বিসকিশলয়চ্ছেদপাথেয়বন্তঃ" মেঘদূত। "কৈলাশগৌরং বৃষমারুরুক্ষোঃ পাদার্পনানুগ্রহপূতপৃষ্ঠং" রঘুবংশ।

কৈলাস-নাথ ; সং, পুং, শিব। কুবের।

কৈবর্ত্ত, (কেবর্ত্ত দেখ, অ—স্বার্থে) সং, পুং, ধীবর। দাশজাতি। "নিষাদো মার্গবং সূতে দাসং নৌকর্ম্মজীবিনম্। কৈবর্ত্তমিতি যং প্রাহুরার্য্যাবর্ত্তনিবাসিনঃ'

কৈবল্য, (কেবল+ষ্ণ-ভাবে। দেহ এবং ইন্দ্রিয় ত্যাগ করণ পূর্ব্বক আত্মার কেবলত্ব) সং, ক্লীং, ভববন্ধনচ্ছেদ মোক্ষ। "কৈবল্যং নির্গুণং বিশ্বমনাদিমজমব্যয়ম্"।

কৈশিক, (কেশ+ষ্ণিক ইদমর্থে)বিং,ত্রিং, কেশসম্বন্ধীয়। সং, ক্লীং, কেশসমূহ। পুং, শৃঙ্গার রস। কী—স্ত্রীং, নাটকপ্রসিদ্ধ রচনাবিশেষ।

কৈশিকতা, (Capillarity) কেশসদৃশ সূক্ষ্ম ছিদ্রবিশিষ্ট কৈশিক। শিরা সম্বন্ধীয়।

কৈশিকাকর্ষণ, (Capillary-attraction) যে শক্তি দ্বারা সূক্ষ্ম ছিদ্রবিশিষ্ট শিরাতে দেহান্তর্গত তরলপদার্থ উত্থিত হয়।

কৈশিকানাড়ী (Capillary) কেশের ন্যায় সূক্ষ্ম নাড়ী ; এই নাড়ী দিয়া প্রথমতঃ শিরায় রক্ত সঞ্চালিত হয়।

কৈশিকাবনতি, (Capillary repulsion) যে শক্তি দ্বারা সূক্ষ্ম ছিদ্রবিশিষ্ট শিরা হইতে দেহান্তর্গত তরলপদার্থ নামিয়া যায়।

কৈশোর, (কিশোর=শিশু+ষ্ণ—ভাবে) সং, ক্লীং, নবীনবয়স্ বাল্যাবস্থা, দশম বর্ষহইতে পঞ্চদশ বর্ষ পর্য্যন্ত। "স্তনৌ ব্যঞ্জিত কৈশোরৌ"।

কোঁকড়ান, (দেশজ) বিং, কুঞ্চিত, বক্রহওয়া, কুণ্ঠিত। [বস্ত্রাংশ।

কোঁচড়, (ক্রোড় শব্দজ)সং, ক্রোড় দেশস্থ

কোঁচন, (সংকুচিতার্থ কুচ্ ধাতুজ) সং, ভাঁজকরণ। [অগ্রভাগ।

কোঁচা, (পূর্ব্বে দেখ) সং, বস্ত্রের কুঞ্চিত

কোক, (ক=জল—উক্=গমনকরা+অ—প্রং) সং, পুং, বিষ্ণু। ভেক। চক্রবাক। বৃক, নেকড়িয়া বাঘ। জ্যেষ্ঠী। "বনে যূথপরিভ্রষ্টা মৃগী কোকৈরিবার্দ্দিতা"। "হংসারবৈঃ কোকরবৈঃ"। "কোকানাং করুণস্বনেন"।

কোকদেব ; সং, পুং, কপোত, পায়রা।

কোকনদ, (কোক=চক্রবাক—নদি=শব্দ করান+অ—ক। ২য়া—ষ) সং, ক্লীং, রাঙ্গা সুঁদী। রক্তপদ্ম। চক্রবাক সন্ধ্যাকালে রক্তপদ্ম দেখিয়া চক্রবাকী ভ্রমে শব্দকরে বলিয়া রক্তপদ্মের নাম

কোকনদ হইয়াছে। "কুমুদৈঃ পুণ্ডরীকৈশ্চ তথা কোক নদোৎপলৈঃ"। "নীলনলিনাভমপি তন্বি তব লোচনং ধারয়তি কোকনদরূপম্"।

কোকনদচ্ছবি, (কোকনদ = রক্তপদ্ম – ছবি=কান্তি) সং, পুং, রক্তবর্ণ। বিং, ত্রিং, রক্তবর্ণ বিশিষ্ট।

কোকবন্ধু, (কোক=চক্রবাক—বন্ধু, ৬ষ্ঠী —য)। সং, পুং, রবি, সূর্য্য, দিবাকর। সূর্য্যোদয় হইলে চক্রবাক ও চক্রবাকী পরস্পরে সমাগম সুখ অনুভব করে বলিয়া সূর্য্যকে কোকবন্ধু কহে।

কোকাহ; সং, পুং, পুং, শ্বেতঘোটক।

কোকিল, (কুক=গ্রহণকরা [মন]+

কোকিল।

ইল—সংজ্ঞার্থে। যে কুহুরব দ্বারা মন হরণ করে) সং, পুং, জ্বলন্ত অঙ্গার। স্বনাম প্রসিদ্ধ পক্ষী, পিক।"ভাস্করোদয়কালোঽয়ং গতা ভগবতী নিশা। অসৌ সুকৃষ্ণো বিহগঃ কোকিলস্তাত কূজতি"। "রতিদূতিপদেষু কোকিলাং মধুরালাপনিসর্গপণ্ডিতাম্"। কুমারসম্ভব

কোকিলকণ্ঠী, সং. ক্লীং, যে স্ত্রীর কণ্ঠস্বর কোকিলের ন্যায় মধুর।

কোঙ্কণ, (কোম্=অনুকরণ শব্দ—কণ্=শব্দ করা+অ—প্রং) সং, ক্লীং, অস্ত্রবিশেষ। পুং, দেশবিশেষ, কোকনদেশ।

কোঙ্কণাসুত, (কোঙ্কণা = পরশুরামের মাতা-সুত=পুত্র) সং, পুং, পরশুরাম।

কোচ, (কুচ্=তুচ্ছ হওয়া+ঘঞ্) সং, পুং, জাতিবিশেষ, তিওর।

কোজাগর, (কঃ=কেহ-জাগর যে জাগে। "নিশীথে বরদা লক্ষ্মীঃ কো জাগর্ত্তীতি ভাষিণী। তস্মৈ বিত্তং প্রযচ্ছামি অক্ষৈঃ ক্রীড়াং করোতি যঃ") সং, পুং, আশ্বিনীপূর্ণিমা।

কোট, (কুট্=বক্র হওয়া+ঘঞ্—প্রং) সং, পুং, দুর্গ, গড়, কেল্লা। (কুট+অ—ভাবে) কৌটিল্য।

কোটক, (কুট্=বক্র হওয়া+ণক—ক) সং, পুং, গৃহনির্ম্মাণকারকজাতি, ঘরামি।

কোটন, (চূর্ণনার্থ কুট্ট্ ধাতুজ) সং, চূর্ণন, খণ্ড খণ্ড করণ। না—(কুট্টিনী শব্দজ) রমণদূত।

কোটর, (কোট=বক্রতা—র=গ্রহণার্থ রা ধাতুজ) সং, পুং—ক্লীং, খোঁড়ল। বৃক্ষস্থগহ্বর। "নীবারাঃ শুককোটরার্ভকমুখভ্রষ্টাস্তরূণামধঃ প্রস্নিগ্ধাঃ ক্বচিদীঙ্গুদীফলভিদঃ সূচ্যন্ত এবোপলাঃ" শকুন্তলা। রী-স্ত্রীং, বিবস্ত্রা নারী। নারী।

কোটবী, (কোট=বক্রতা—বা=পাওয়া বা গ্রহণকরা+অ ঈ—প্রং) সং, স্ত্রীং, দুর্গা, কালী। বিবস্ত্রা নারী।

কোটা, কোঠা, (দেশজ) সং, অট্টালিকা ইষ্টকময়গৃহ।

কোটাল, (দেশজ সং, নগরপাল, প্রহরী, চৌকীদার।

কোটি. টী.(কুট্=বক্রহওয়া, ছেদনকরা+ই—সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, খড়্গাদির প্রান্ত, ধার। অগ্রভাগ। ১০০,০০০০০ শতলক্ষ সংখ্যা, ক্রোর। শতং শতসহস্রাণাং কোটি রাহুর্মনীষিণঃ।" উৎকর্ষ মধ্য। ধনুকাদির অগ্রভাগ "তস্য রাজা ধনুষ্কোট্যা স্কন্ধে সর্পং সমাসজৎ" মহাভারত। পক্ষ: ত্রিভুজক্ষেত্রের ভূমি ও কর্ণরেখা ভিন্ন রেখা, ভূমি ইতে উত্থিত রেখা।

কোটির, (কোটি=উৎকর্ষ—র=যে গ্রহণ করে).সং, পুং, ইন্দ্র। ইন্দ্রগোপ-কীট নকুল, নেউল।

কোটিশ, কোটিশ (কোটি=খড়্গাদির রা+ড—প্রান্ত—শো=তীক্ষ্ণ করা বা

ছেদন করা+ড প্রং) সং, পুং, লোষ্ট্র-ভেদক অস্ত্র। মই।

কোটিশঃ (কোটিশস্,কোটি+শস্—প্রং) অং, কোটিবার, কোটিকোটি পরিমাণ "শক্যোস্ত মন্যুর্ভবতা বিনেতুং গাঃ কোটিশঃ স্পর্শয়তা ঘটোঘ্নীঃ" রঘুবংশ।

কোটীর, (কুট্=বক্রহওয়া+ঈর—প্রং। উ=ও) সং, পুং, কিরীট, মুকুট। জটা।

কোট্ট, (কুট্ট্=ছেদন করা বা ভাগকরা +ঘঞ্—প্রং) সং, পুং, রাজধানীবিশেষ। দুর্গ, গড়।

কোট্টবী, সং, স্ত্রীং, কোটবী দেখ।

কোট্টার, (কোট্ট=দুর্গ—ঋ=গমনকরা+ ঘঞ্—প্রং) সং, পুং, কূপ। জলাশয়ের পাড়।

কোঠ, (কুঠ্=বেষ্টন করা+ঘঞ্—প্রং) সং, পুং, চক্রাকার কুষ্ঠরোগ।

কোড়া, (দেশজ) সং, কশা, বস্ত্রাদিনির্ম্মিত চাবুক। কুলিলোক।

কোণ, (কুণ্=শব্দকরা+ঘঞ্—প্রং) সং, পুং, গৃহাদির বিদিক্। যে স্থানে দুইটী সরল রেখা বক্রভাবে পরস্পর মিলিত হয় (Angle) "স্বগৃহস্যাঙ্গণে তেন চত্বারঃ স্বর্ণপূরিতাঃ কুম্ভাশ্চতুর্ষু কোণেষু নিগূঢ়াঃ স্থাপিতা ভুবি"। অস্ত্রের ধার। বীণাদি বাদন দণ্ড। লগুড়। মঙ্গলগ্রহ।

কোণকুণ, (কোণ=অস্ত্রের ধার—কুণ্= ছেদ করা+অ—প্রং) সং, পুং, কেশকীট, উকুণ।

কোণাঘাত, (কোণ—আঘাত) সং, পুং, যে স্থলে একলক্ষ ঢক্কা এবং দশসহস্র ভেরী এককালে আহত হয়। "ঢক্কাশতসহস্রাণি ভেরীশতশতানিচ, একদা যত্র হন্যন্তে কোণাঘাতঃ স উচ্যতে"।

কোথায়, (কুত্রপদজ) অং, কোন্ স্থানে কোন্ খানে।

কোদণ্ড, (কুণ্=শব্দকরা+অণ্ড—প্রং। ণ=দ) সং, পুং—ক্লীং, ধনুক। পুং, । দেশবিশেষ।

কোন, (কিম্ শব্দজ) সর্ব্বং, কেহ, কেউ অনির্দ্দিষ্ট।

কোপ, (কুপ্=ক্রোধকরা+ঘঞ্—ভা) সং, পুং, ক্রোধ, অমর্ষ, রাগ। "কোপমুকুন্দভিহতেন ভৃশং নরকাত্মজেন তরুণেব জজ্বলে" "ভাবি কলহফলযোগমসৌ বচনৈর্ন কোপকুসুমং ব্যচীকসৎ" শিশুপালবধ।

কোপন, (কোপ দেখ, অন—ক) বিং, ত্রিং, ক্রোধযুক্ত, ক্রুদ্ধস্বভাব। সহজেই যাহার কোপ জন্মে।

কোপিত, (কোপি=ক্রোধকরান+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহার ক্রোধ জন্মাইয়া দিয়াছে, রোষিত।

কোমল, (কম্=ইচ্ছাকরা+অল—প্রং। অ=ও) বিং, ত্রিং, সুকুমার, মৃদু, নরম। "সংপৎসু মহতাং চিত্তং ভবত্যুৎপলকোমলম্"। মনোহর, সুন্দর। মধুর,ললিত। সং, ক্লীং, জল।

কোমলাঙ্গ, (Soft-bodied-animals, কোমল—অঙ্গ = শরীর, ৬ষ্ঠী—হিং) যাহাদের শরীর অতিশয় কোমল। অতিশয় কোমল শরীর বিশিষ্ট জন্তু, শম্বূক ইত্যাদি।

কোযষ্টিক, (ক=জল—যষ্টি = শ্রেণী, পঙ্‌ক্তি) সং, পুং, টিট্টিভপক্ষী। এই পক্ষীদিগকে জলাশয় বা জলময় স্থানের নিকটে দেখিতে পাওয়া যায় বলিয়া ইহাদিগের নাম কোযষ্টিক হইয়াছে!

কোরক, (কুর্=ছেদনকরা+ণক—সংজ্ঞার্থে) সং, পুং,—ক্লীং, মুকুল, কুঁড়ি। মৃণাল। কক্কোল।

কোল, (কুল্=রাশিকরা+ঘঞ্—প্রং) সং, পুং, শূকর। ভেলা, মাড়। কলিঙ্গদেশ। জাতিবিশেষ। কুলগাছ। ক্লীং, কুলফল। (ক্রোড়শব্দজ) অঙ্ক, ক্রোড়। আলিঙ্গন। পুং, লা—স্ত্রীং, দেশবিশেষ। কুলগাছ। পিপ্পলী।

কোলক, (কুল+ণক—ক) সং, পুং,

আকরোট গাছ। ক্লীং, মরিচ। কাঁকলা।

কোলম্বক, (কুল্=রাশিকরা+অম্ব এবং ক—প্রং,) সং, পুং, তন্ত্রী ভিন্ন বীণার সমুদায় অবয়ব।

কোলাঞ্চ, সং, পুং, কলিঙ্গদেশ।

কোলাবিধ্বংসী, (সিন্, কোলা=দেশ-বিশেষ—বিধ্বংসী=যে ধ্বংস করে) সং, পুং, ম্লেচ্ছ নায়কবিশেষ।

কোলাহল, (কোল [কুল্=একত্রহওয়া +ঘঞ্—প্রং] রাশি, একীভাব—আ—হল্=ভেদকরা+অ—প্রং) সং, পুং, কলকলধ্বনি, গোল। "ততো হলহলাশব্দঃ পুনঃ কোলাহলো মহান্। মহান্‌রাক্ষসনাদস্তু পুনস্তূর্য্যারবো মহান্।" "কালিন্দীজলকল্লোলকোলাহলকুতূহলী।"

কোলি, কোলী (কোল দেখ, ই—প্রং) সং, স্ত্রীং, কুলগাছ। কুল।

কোবিদ, (ওকস্=বেদ্যস্থান+বিদ=যে জানে। যে জ্ঞাতব্য বিষয় জানে। 'ও' কারের লোপ)। বিং, ত্রিং, জ্ঞানী, পণ্ডিত। নিপুণ। "প্রাপ্যাবন্তীনুদয়ন কথাকোবিদগ্রামবৃদ্ধান্" মেঘদূত।

কোবিদার, (কঃ [কেহ] কাহার—বিদার=যে বিদারণ করে। কাহার না চিত্ত বিদারণ করে) সং, পুং, রক্তকাঞ্চন। মন্দার, পারিজাত। কোহপ্যয়ং দারুরিত্যাহুরজানন্তো যতো জনাঃ। কোবিদার ইতি খ্যাতস্তত্বতঃ স মহাতরুঃ।"

কোশ, কোষ (কুশ্, কুষ্=নির্গত হওয়া +ঘঞ্-প্রং। যাহা হইতে গন্ধাদি নির্গত হয় অথবা কুষ্ [আয়স্থান হইতে] আকর্ষণ করা+ঘঞ্—ণি) সং, পুং,—ক্লীং, কুট্মল, কুঁড়ি। থাপ্। কোষা। পান পাত্র। ধনরাশি। ধনাগার। "প্রাতঃ প্রয়ানাভিমুখায় তস্মৈ সবিস্ময়াঃ কোষগৃহে নিযুক্তাঃ" "স্থতাবস্থত সম্পন্নৌ কোশদণ্ডাবিব স্থিতৌ" রঘুবংশ। যোনি। মুষ্ক, অণ্ডকোষ। ডিম্ব। পোকার গুটি। মঞ্জুষা। কাঁটালের কোয়া। মাংসপেশী। শব্দাদি সংগ্রহ, অভিধান। "শক্তিগ্রহং ব্যাকরণোপমানাৎ কোষাপ্তবাক্যাৎ ব্যবহারতশ্চ। সান্নিধ্যতঃ সিদ্ধপদস্থ বৃদ্ধাঃ বাক্যস্থ শেষাৎ বিবৃর্ত্তে বদন্তি"।

কোশকার, কোষকার (কোশ, ষ—কার=যে করে) সং, পুং, গুটিপোকা। ইক্ষু। অভিধানকর্ত্তা।

কোশল, কোষল, কোসল (কুশ্=দীপ্তিপাওয়া+অল—সংজ্ঞার্থে) সং, পুং, লা—স্ত্রীং, দেশবিশেষ, যেখানে অযোধ্যা নগর আছে। "কোশলো নাম মুদিতঃ স্ফীতো জনপদো মহান্। নিবিষ্টঃ সরয়ূতীরে পশুধান্যধনর্দ্ধিমান্॥"

কোশলাত্মজা, (কোশল=রাজাবিশেষ—আত্মজা=কন্যা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, কৌশল্যা, রামের মাতা।

কোশলিক, কোষলিক (কোশ, ষ ধন—ল= যে গ্রহণ করে+ইক—প্রং,) সং, ক্লীং, উৎকোচ, ঘুষ।

কোশাতক, কোষাতক (কোশ, ষ—অৎ=গমনকরা+ণক—প্রং) সং, পুং, কী—স্ত্রীং, ঝিঙ্গা। ঝিঙ্গাগাছ।

কোশাতকী, কোষাতকী (কোশাতকিন্=কোশাতক+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, বাণিজ্য। বণিক্। বাড়বাগ্নি।

কোশী, কোষী (কোশ,=কোষ+ঈ—অল্পার্থে) সং, স্ত্রীং, ক্ষুদ্র কোষা। শস্যের শুঁয়া। পাদুকা, জুতা।

কোষকাব্য, সং, ক্লীং, পরস্পর নিরপেক্ষ শ্লোকসমূহ, যথা অমরুশতক প্রভৃতি।

কোষচঞ্চু (কোষ—চঞ্চু=ঠোঁট। কোষাকার যাহার চঞ্চু, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সারসপক্ষী।

কোষবৃদ্ধি, (কোষ মুষ্ক—বৃদ্ধি) সং, স্ত্রীং, অণ্ডকোষের স্ফীততা। ধনের বৃদ্ধি।

কোষশায়িকা, (কোষ=থাপ—শী=শয়ন করা+ণক—ক) সং, স্ত্রীং, ছুরিকা।

কোষা, (কোষীশব্দজ) সং, তাম্রময় জলাধার পূজা পাত্র বিশেষ। ডোঙ্গা।
কোষাধ্যক্ষ, (কোষ—অধ্যক্ষ; ৬ষ্ঠী—ষ) সং, পুং, ধনরক্ষক। কুবের।
কোষী, (কোষিন্, কোষ+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, আম্রবৃক্ষ।
কোষ্ঠ, (কুষ্=নির্গতহওয়া+ঘঞ্—প্রং। যাহা হইতে শস্যাদি নির্গত হয়) সং, পুং, শস্যাগার, গোলা। গৃহমধ্য। উদরমধ্য। "স্থানান্যামাগ্নিপক্বানাং মূত্রস্য রুধিরস্য চ। হৃদ্‌উণ্ডুকঃ ফুফ্‌ফুসশ্চ কোষ্ঠ ইত্যভিধীয়তে।" ষ্ঠী—স্ত্রীং, জন্মপত্রিকা, যাহাতে জন্মকালীন গ্রহ নক্ষত্রাদির স্থিতি ও সঞ্চার অনুসারে জীবনের শুভাশুভ নির্ণয় করা যায়।
কোষ্ণ, (কু=ঈষৎ—উষ্ণ। কু=কা) বিং, ত্রিং, ঈষদুষ্ণ, অল্পগরম।
কোহল; সং, পুং, নাটকাদির প্রণেতা। মদ্যবিশেষ। বাদ্যবিশেষ।
কৌকৃত্য; (কু=কুৎসিত—কৃত্যা=ক্রিয়া। +অ—প্রং) সং, ক্লীং, মন্দ কার্য্য। কুক্রিয়া অনুতাপ।
কৌক্কুটিক, (কুক্কুটী=অনৃতাচরণ+ষ্ণিক প্রং) সং, পুং, দাম্ভিক বৌদ্ধমতাবলম্বী সন্ন্যাসীবিশেষ। ইহারা পাছে কোন কীটাদি পদ দ্বারা দলিত হয় এই ভয়ে অতি সাবধানে পাদ বিক্ষেপ করে।
কৌক্কুটিকন্দল; সং, পুং, বোড়াসাপ।
কৌক্ষেয়ক, (কুক্ষি=উদর+ঢেয়, ক—প্রং,) সং, পুং, কুক্ষিবদ্ধ খড়্গ।
কৌঙ্ক, কৌঙ্কণ (কোঙ্ক, কোঙ্কণ+ষ্ণ—স্বার্থে) সং, পুং, দেশবিশেষ, কোঙ্কণদেশ।
কৌঞ্জায়ন } (কুঞ্জ+ষ্ণায়ন, ষ্ণায়ন্য
কৌঞ্জায়ন্য } —পুত্রার্থে) সং, পুং, কুঞ্জনামক ব্রাহ্মণের বংশোৎপন্ন।
কৌঞ্জায়নী, (কৌঞ্জায়ন+ষ্ণ—ঈপ্) স্ত্রীলিঙ্গে সং, স্ত্রীং মান্যা ব্রাহ্মণী। কুঞ্জ নামক ব্রাহ্মণের কন্যা।

কৌট, (কূট=কপট, বা কোটি=গৃহ+ষ্ণ—প্রং) সং, পুং, কুটজবৃক্ষ। বিং, ত্রিং, স্বাধীন, স্বতন্ত্র।
কৌটকিক, (কূটক=ফাঁদ+ষ্ণিক—প্রং) বিং, ত্রিং, মাংস বিক্রয়ী, কষাই।
কৌটতক্ষ, (কৌট+[কুটী+ষ্ণ-স্থিত্যর্থে] গ্রাম্য, গৃহস্থিত—তক্ষন্ সূত্রধর, ছুতার, য়ং—স) সং, পুং, স্বাধীন সূত্রধর।
কৌটল্য; সং, পুং, বাৎস্যায়ন মুনি।
কৌটসাক্ষী, (কৌটসাক্ষিন্, কৌট=কপট—সাক্ষী) সং, পুং, মিথ্যা সাক্ষী, জাল সাক্ষী। [ক্ষুদ্র পাত্র।
কৌটা, (কুটীশব্দজ) সং, কাষ্ঠাদি নির্ম্মিত
কৌটিক, (কূট=মৃগবন্ধন যন্ত্র, ফাঁদ+ষ্ণিক—প্রং) বিং, ত্রিং, মাংস বিক্রেতা, কষাই।
কৌটিলিক, (কুটিলিকা [কুটিল=বক্র+ষ্ণিক—প্রং] হাপর, বা শিকার কালীন বক্র ভাবে গমন+অ—প্রং) সং, পুং, কর্ম্মকার। ব্যাধ।
কৌটিল্য, (কুটিল+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, কুটিলতা, ক্রূরতা। পুং, চাণক্য ব্রাহ্মণ।
কৌণপ, (কুণপ=শব+ষ্ণ—ভোজনার্থে। অথবা কুণপা রাক্ষসী+ষ্ণ—অপত্যার্থে) সং, পুং, রাক্ষস। "রাজা। (সক্রোধম্) কথং মামেবোদ্দিশতি। আস্তিষ্ঠ তিষ্ঠ কৌণপাপসদ ত্বমিদানীং ন ভবসি।" শকুন্তলা।
কৌতুক, (কুতুক+ষ্ণ—স্বার্থে) সং, ক্লীং, কুতূহল, কোন বিষয় জানিবার বা দেখিবার নিমিত্ত ঔৎসুক্য, জানিতে ইচ্ছা, অভিলাষ, "তস্য স্থিত্বা কথমপি পুরঃ কৌতুকাধানহেতোরন্তর্বাষ্পশ্চিরমনুচরো রাজরাজস্যদধ্যৌ" মেঘদূত। হস্তসূত্র। উৎসব। পরিহাস। আনন্দ। মঙ্গল। নৃত্যগীতাদি। অস্মাকং তু মনোরথোপরচিত প্রাসাদবাপীতটক্রীড়াকাননকেলিকৌতুকজুষামায়ুঃ পরং ক্ষীয়তে।"

কৌতুকী, (কৌতুকিন্, কৌতুক+ইন—অস্ত্যর্থে) বিং ত্রিং, কৌতুকবিশিষ্ট, যাহার কৌতুক জন্মিয়াছে। নী—স্ত্রীং, নায়িকাবিশেষ।

কৌতূহল, (কুতূহল+ষ্ণ—স্বার্থে) সং, ক্লীং, কুতূহল, কোন অপরিজ্ঞাত বিষয় শুনিবার বা দেখিবার নিমিত্ত আগ্রহ বা ঔৎসুক্য। ঔৎসুক্য, অভিলাষ। "মহৎকৌতূহলং মেঽস্তি হরিশ্চন্দ্র কথাং প্রতি।" [বিশেষ।

কৌদালিক ; সং, পুং, বর্ণসঙ্কর জাতি-

কৌন্তিক, (কুন্ত=প্রাসঅস্ত্র + ষ্ণিক-অস্ত্যর্থে) সং, পুং, কুন্তধারী, প্রাস অস্ত্রধারী যোদ্ধা।

কৌন্তেয়, (কুন্তী+ ষ্ণেয়—অপত্যার্থে) সং, পুং, কুন্তীপুত্র "বাসয়েথাশ্চ কৌন্তেয়ান্ কুন্তীঞ্চ সসুহৃজ্জনান্" "দরিদ্রান্ ভর কৌন্তেয় মা প্রযচ্ছেশ্বরে ধনং" মহাভারত। অর্জ্জুনবৃক্ষ '

কৌপ, (কূপ+ষ্ণ—ইদমর্থে) সং, ক্লীং, কূপোদক, কুয়ার জল। বিং, ত্রিং, কূপসম্বন্ধীয়।

কৌপীন, (কূপ+নীন্—তৎপ্রবেশযোগ্যার্থে) সং, ক্লীং, চীরবসন, কপ্নী "কৌপীনং শতখণ্ডজর্জরতমম্"।"কৌপীনবন্তঃ খলু ভাগ্যবন্তঃ। পাপ।

কৌমার, (কুমার=বালক, কার্ত্তিক+ষ্ণ—প্রং) সং, ক্লীং, বাল্যকাল। পুং, রী—স্ত্রীং, অবিবাহিত। "পিতা রক্ষতি কৌমারে ভর্ত্তা রক্ষতি যৌবনে" "যঃ কৌমারহরঃ স এব হি বরস্তা এব চৈত্রক্ষপাস্তেচোন্মীলিত মালতীসুরভয়ঃ প্রৌঢ়াঃ কদম্বানিলাঃ।" রী—স্ত্রীং,কার্ত্তিকের শক্তিস্বরূপা দেবী। "কৌমারী শক্তি হস্তা চ ময়ূরবরবাহনা"।

কৌমুদ, (কু—মুদ+ষ্ণ—প্রং) সং, পুং, কার্ত্তিকমাস।

কৌমুদী, (কুমুদ=শুক্লপদ্ম + ষ্ণ—প্রং) সং, স্ত্রীং, চন্দ্রিকা, জ্যোৎস্না। দীপোৎসব তিথিবিশেষ "কৌ মোদন্তে জনা যস্মাং তেনাসৌ কৌমুদী মতা" "সখীজনোদ্বীক্ষণ কৌমুদীমুখং" রঘুবংশ। (কুমুদ+ষ্ণ—ইয়মর্থে, ঈ) কার্ত্তিকীপূর্ণিমা। কৌ মোদন্তে জনা যস্মাং নানা ভাবৈঃ পরস্পরম্। হৃষ্টা স্তুষ্টাঃ সুখাপন্নাস্তেন সা কৌমুদী মতা"। "অকালকৌমুদীং চৈব চক্রতুঃ সার্দ্ধ কালিকীম্"

কৌমুদীচার, (কৌমুদী=কার্ত্তিকীপূর্ণিমাতে উৎসব—চার=যে অগ্রসর হয়) সং, পুং, কোজাগর পূর্ণিমা।

কৌমুদীপতি, (কৌমুদী=জ্যোৎস্না—পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, চন্দ্র।

কৌমোদকী, (কুমোদক [কু=পৃথিবী—মোদক=আনন্দদায়ক] বিষ্ণু+ষ্ণ—ইদমর্থে) সং, স্ত্রীং, কৃষ্ণেরগদা। [জীব।

কৌম্ভীর (Loricata) কুম্ভীল ও তৎসদৃশ

কৌর্ম্ম, (Chelonia) কূর্ম্মাদি '

কৌরব, কৌরব্য (কুরু=রাজাবিশেষ+ষ্ণ, ষ্ণ্য=অপত্যার্থে) সং, পুং, কুরুবংশীয়। ততোপরস্মিন্ সংপ্রাপ্তে ব্রহ্মন্ কৌরব বংশজ" "কৌরব্যো ধৃতরাষ্ট্রস্ত ন চ ধর্ম্মং প্রপশ্যতি" মহাভারত।

কৌল, (কুল=বংশ+ষ্ণ—ইদমর্থে) বিং ত্রিং, সৎকুলজাত। কৌলিক, কুলক্রমাগত। বামাচারী. তন্ত্রোক্তকুলাচাররত।

কৌলটিনেয়, কৌলটেয়, (কুলটা=বেশ্যা +ইনেয় ষ্ণেয়,—অপত্যার্থে) সং, পুং, য়া—স্ত্রীং, কুলটার সন্তান, জারজ।

কৌলিক, (কুল=বংশ+ষ্ণিক—ইদমর্থে) বিং, ত্রিং, কুলপরম্পরাগত, কুলক্রমাগত, বংশপরম্পরায় আগত। কুলধর্ম্ম প্রবর্ত্তক। বামাচার মতানুসারে শক্তির উপাসক। সং,পুং,তন্তুবায়,তাঁতি।

কৌলীন, (কুলীন=সৎকুলোৎপন্ন+ষ্ণ-প্রং, অথবা কুল=বংশ+নীন—সংজ্ঞাতার্থে) সং, ক্লীং, প্রধান ও প্রসিদ্ধ বংশে জন্ম। গুহ্যদেশ। কুলাপবাদ,

লোকনিন্দা,লোকপ্রবাদ। "এতস্মান্মাং কুশলিনমভিজ্ঞানদানাদ্বিদিত্বা মা কৌলীনাচ্চকিত নয়নে ময্যবিশ্বাসিনী ভূঃ" মেঘদূত।

কৌলীন্য,(কুলীন+ষ্ণ—ভাবে) সং, ক্লীং, কুলীনত্ব, বংশ-মর্য্যাদা।

কৌলেয়, (কুল+ঢ়েয়—সংজাতার্থে) বিং, ত্রিং, সৎকুলজাত।

কৌলেয়ক, (কুল=বংশ+ঢ়েয়—সংজাতার্থে ক—যোগ) বিং, ত্রিং, কুলীন। (কুল=গৃহ+ঢ়েয়, ক—প্রং। যে গৃহপালিত) সং, পুং, কুক্কুর।

কৌবের, (কুবের+ষ্ণ—ইদমর্থে) বিং, ত্রিং, কুবেরসম্বন্ধীয়। সং, ক্লীং, কুড় গাছ। পুং, রী—স্ত্রীং, উত্তর দিক্ বা দেশ। রী—স্ত্রীং, কুবেরশক্তি, মাতৃবিশেষ। [কান্যকুব্জ দেশ।

কৌশ, (কোশ+ষ্ণ—প্রং) সং, ক্লীং,

কৌশল, কৌশল্য,(কুশল+ষ্ণ, ষ্ণ্য-ভাবে কর্ম্মণি)·সং, ক্লীং, মঙ্গল। নৈপুণ্য, দক্ষতা। "পরোক্ষং নাভিজানামি বিগ্রহং যুবয়োরহম্। অর্থতত্ত্বমবিজ্ঞায় কিং নু স্যাৎ কৌশলং মম"।

কৌশলিকা, (কুশল+ঞিক—প্রং) সং, স্ত্রীং, কুশল প্রশ্ন। উপঢৌকন।

কৌশলেয়, (কৌশল্যা=দশরথের স্ত্রী+ঢ়েয়—অপত্যার্থে) সং, পুং, রামচন্দ্র।

কৌশল্যা, কৌসল্যা, (কোশল=কোশল দেশেররাজা+ষ্ণ্য—অপত্যার্থে) সং,স্ত্রীং রাম-মাতা। "হা কথং মহারাজদশরথস্য ধর্ম্মপত্নী প্রিয়সখী মে কৌশল্যা! ক এবং প্রত্যেতি সৈবেয়মিতি" উত্তরচরিত। "অর্চ্চিতা তস্য কৌশল্যা প্রিয়া কেকয় বংশজা"। রঘুবংশ।

কৌশাম্বী, (কুশাম্ব=বৎসরাজা+ষ্ণ—ইদমর্থে) সং, স্ত্রীং, বৎসরাজনগরী, প্রয়াগ, মগধের অন্তর্ব্বর্ত্তী নগরবিশেষ। "কুশাম্বস্তু মহাতেজাঃ কৌশাম্বীমকরোৎ পুরীম্"। "অস্তি বৎস্য ইতি খ্যাতো দেশঃ—কৌশাম্বী নাম তত্রাস্তি মধ্যভাগে মহাপুরী"। "অস্তি গৌড়বিষয়ে কৌশাম্বী নাম নগরী"।

কৌশিক, কৌষিক, (কুশিক=মুনিবিশেষ+ষ্ণ—অপত্যার্থে) সং, পুং, বিশ্বামিত্র। "কৌশিকেন স কিল ক্ষিতীশ্বরো রামমধ্বরবিঘাতশান্তয়ে" রঘুবংশ।(কোশ+ঞিক—প্রং) ইন্দ্র। সাপুড়ে। কোষাধ্যক্ষ। কোষকার। বেজী। গুগ্‌গুল। পেঁচা। কা—স্ত্রীং, চষক, পানপাত্র। কী—স্ত্রীং, বেহারের অন্তর্গত নদীবিশেষ। দুর্গা। নাট্যে—রচনাবিশেষ।

কৌশীলব্য, (কুশীলব+ষ্ণ্য—প্রং) সং, ক্লীং, কুশীলবের ব্যবসায়।

কৌশেয়, কৌষেয়, (কোশ+ঢ়েয়—ভবার্থে) বিং, ত্রিং, কৃমি কোশোত্থ, রেসমী।

কৌসীদ্য, (কুসীদ+ষ্ণ্য—প্রং) সং, ক্লীং, আলস্য, তন্দ্রা।

কৌসুম্ভ, (কুসুম্ভ+ষ্ণ—প্রং) বিং, ত্রিং, কুসুম্ভ রঙ্গে রঞ্জিত। সং, পুং, কুসুম্ভ।

কৌস্থতিক, (কুস্থতি=কুহক, শঠতা+ঞিক—ইদমর্থে) বিং, ত্রিং, কুহকী, বাজিকর। শঠ।

কৌস্তুভ, (কুস্তুভ [কু=পৃথিবী—স্তুভ=ব্যাপা+অ—প্রং] বিষ্ণু+ষ্ণ—ইদমর্থে) সং, পুং, কৃষ্ণের হৃদ্‌ভূষণ মণি। মুদ্রাবিশেষ।

ক্রকচ, (ক্র=অনুকরণশব্দ—কচ = শব্দকরা+অ-প্রং। যে 'ক্র' এই শব্দ করে) সং, পুং—ক্লীং, যোগ বিশেষ। করপত্র, করাৎ। পটুর্ধারাবাহী নবইব চিরেণাপিহি ন মে, নিকৃন্তন্মর্ম্মাণি ক্রকচ ইব মন্যুর্বিরমতি" উত্তরচরিত।

ক্রকচচ্ছদ, (ক্রকচ=করপত্র—ছদ=পত্র। যাহার পাতা করাতের ন্যায় কাটা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কেয়াফুলের গাছ।

ক্রকচপাদ্, (ক্রকচ=করপত্র—পাদ্=পা।

করাতের ন্যায় পা যাহার, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কৃকলাস।

ক্রতু, (কৃ=করা + অতু—সংজ্ঞার্থে) সং, পুং, যাগ, যজ্ঞ। অপূর্ণমেকেন শত ক্রতুপমঃ শতং ক্রতুনামপবিঘ্নমাপ সঃ" রঘুবংশ। পূজা। সপ্তর্ষির একজন। বিশ্বদেববিশেষ। ইন্দ্রিয়।

ক্রতুদ্বিট্, (ক্রতুদ্বিষ্, ক্রতু=যজ্ঞ—দ্বিষ্= যে দ্বেষ করে) সং, পুং, অসুর।

ক্রতুধ্বংসী, (ক্রতুধ্বংসিন্, ক্রতু=যজ্ঞ— ধ্বন্স্ = বিনষ্টকরা + ণিন্—ক। যিনি যজ্ঞ ধ্বংস করেন) সং, পুং, শিব।

ক্রতুপুরুষ ; সং, পুং; বিষ্ণু।

ক্রতুভুক্, (ক্রতুভুজ্, ক্রতু = যজ্ঞ—ভুজ্= যে ভোজন করে) সং, পুং, দেবতা।

ক্রতূত্তম, (ক্রতু—উত্তম, ৭মী—ষ) সং, পুং, রাজসূয় যজ্ঞ।

ক্রতুরাজ, (ক্রতু—রাজন্=রাজা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, রাজসূয় যজ্ঞ।

ক্রথকৈশিক ; সং, পুং, বিদর্ভ দেশ। "অথেশ্বরেণ ক্রথকৈশিকানাং স্বয়ম্বরার্থং স্বসুরিন্দুমত্যাঃ" রঘুবংশ।

ক্রথন, (ক্রথ্=বধকরা + অন—ভা) সং, ক্লীং, মারণ, হিংসন। ছেদন। "রাজন্যোচ্চাংসকূটক্রথনপটুরটদ্বোরধারঃ কুঠারঃ"। [উষ্ট্র।

ক্রথনক, (ক্রথন+ক—প্রং) সং, পুং,

ক্রন্দন, ক্রন্দিত, (ক্রন্দ্=কাঁদা+অনট্, ত—ভা) সং, ক্লীং, রোদন, কান্না। "হা তাতেতি ক্রন্দিতমাকর্ণ্য বিষন্নস্তস্যা স্বিষ্যন্ বেতসগূঢ়ং প্রভবং সঃ"রঘুবংশ।

ক্রম, (ক্রম্=গমনকরা+অল্—ভা) সং, পুং, অনুক্রম, পর্য্যায়। প্রণালী, পদ্ধতি অবিচ্ছেদ। আক্রমণ। বিক্রম, বল। সঙ্কল্প, নিয়ম, বিধি। অতিক্রম। পাদবিক্ষেপ, চলন।

ক্রমণ, (ক্রম+অন, অনট্—ভা, ণ) সং, পুং, পাদ, চরণ। ক্লীং, চলন।

ক্রমশঃ, (ক্রম+চশস্—ব্যাপ্তি অর্থে)অং, ক্রিং—বিং, ক্রমে ক্রমে, অনুক্রমে।

ক্রমানুভাবকতা ; যে শক্তিদ্বারা পর্য্যায় জ্ঞান হয়। [যা এই নিয়মে ঘটনা।

ক্রমান্বয় ; ক্রিং—বিং, ক্রমে ঘটা, যার পর

ক্রমি, ক্রিমি, (ক্রম্ = গমনকরা+ই— সংজ্ঞার্থে। ই—আগম) সং, পুং, কীট, পোকা।

ক্রমিক, (ক্রম+ইক—প্রং) বিং, ত্রিং, যাহা অবাধে ঘটে,ধারাবাহিক,ক্রমাগত

ক্রমু, ক্রমুক, (ক্রম্=গমনকরা+উ, উক —সংজ্ঞার্থে) সং, পুং, কা—স্ত্রীং, পূগ, গুবাকবৃক্ষ, সুপারিগাছ। ক্লীং, গুবাক, সুপারি।

ক্রমেল, ক্রমেলক, (ক্রম্ = গমনকরা + এল—সংজ্ঞার্থে। ক—যোগ) সং, পুং; উষ্ট্র, উট।

ক্রয়, (ক্রী=ক্রয়করা+অল্—ভা) সং, পুং, মূল্যাদিয়া বস্তু গ্রহণ, কেনা। "নাসন্ কৃতযুগে তাত তদা ন ক্রয়বিক্রয়ঃ"

ক্রয়লেখ্য, (ক্রয়—লেখ্য=লিপি, দলিল) সং, ক্লীং, ভূম্যাদি ক্রয়ের লেখাপড়া, কবালা।

ক্রয়বিক্রয়, (ক্রয়=কেনা—বিক্রয়=বেচা) সং, পুং, বাণিজ্য, কেনা বেচা।

ক্রয়বিক্রয়িক, (ক্রয়বিক্রয়+ইক—করোত্যর্থে)সং, পুং, বণিক্,বাণিজ্যব্যবসায়ী

ক্রয়ারোহ, (ক্রয়=কেনা—আ—রুহ্= উঠা+ঘঞ্-প্রং) সং, পুং, বাজার, হাট।

ক্রয়িক, (ক্রয়+ইক—করোত্যর্থে) সং, পুং, ক্রয়কারী, বণিক্।

ক্রয্য, (ক্রী=ক্রয় করা+য—র্ম্ম) বিং,ত্রিং হট্টে প্রসারিত,ক্রেয় দ্রব্য,কিনিবারবস্তু

ক্রব্য, (ক্লপ্=পারক হওয়া+য—প্রং। প=ব) সং, পুং—ক্লীং, মাংস। "অঙ্কস্থাদস্থিসংস্থং স্থপটুগতমপি ক্রব্যমব্যগ্রমত্তি" মালতীমাধব।

ক্রব্যঘাতন, (ক্রব্য=মাংস—ঘাতন=বধকরণ। মাংসের নিমিত্ত যাহা বধ করা যায়) সং, পুং, হরিণ, মৃগ।

ক্রব্যাদ্, ক্রব্যাদ (ক্রব্য=মাংস—অদ্ ভক্ষণ করা+ক্বিপ্—অ—ক। যে মাংস ভক্ষণ করে, ২য়া—ষ) সং, পুং, রাক্ষস। বিং, ত্রিং, মাংসাশী, মাংসখাদক।

ক্রশিমা, (ক্রশিমন্, কৃশ+ইমন্—ভাবে) সং, পুং, কার্শ্য, কৃশতা।

ক্রশীয়ান্ } (ক্রশীয়স্, কৃশ+ঈয়স—
ক্রশিষ্ঠ } ইষ্ঠ—অত্যর্থে) বিং, ত্রিং, অতিকৃশ।

ক্রান্ত, (ক্রম্=গমনকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অতিক্রান্ত। সংক্রান্ত। আক্রান্ত। ব্যাপ্ত।

ক্রান্তি (ক্রম+ক্তি+ভা) সং, স্ত্রীং, আক্রমণ। গতি। রাশিচক্রের মধ্য-রেখা। বিষুবরেখা হইতে উত্তরে কর্ক-টক্রান্তি পর্য্যন্ত অথবা দক্ষিণে মকর-ক্রান্তি পর্য্যন্ত সূর্য্যের যে দূরত্ব। খগো-লের মধ্যস্থিত ঈষদ্বক্র গোলরেখা,যেখান দিয়া সূর্য্য গমন করেন। (Ecliptic)

ক্রান্তিপাত, (Equinox) সং, পুং বিষুব-রেখা ও অয়নমণ্ডলের সন্ধি স্থান, এই সন্ধি স্থানে পৃথিবী আসিলে দিবারাত্রি সমান হয়।

ক্রিমি, কৃমি (ক্রম্=গমনকরা+ই—সং-জ্ঞার্থে) সং, পুং, পোকা, কীট।

ক্রিয় (কৃ=করা+অ—প্রং) সং, পুং, মেষরাশি।

ক্রিয়মাণ, (কৃ=করা+শান—র্ম্ম) বিং, ত্রিং, যাহা করা যাইতেছে, অনুষ্ঠীয়মান। "ক্রিয়মানন্তু যৎকর্ম্ম স্বয়মেব প্রসিদ্ধতি" বোপদেব।

ক্রিয়া (কৃ=করা+য—ভা) সং, স্ত্রীং, কর্ম্ম। আরম্ভ। অনুষ্ঠান "অর্থেন পরি-হীনস্য পুরুষস্যাল্পমেধসঃ। ক্রিয়াঃ সর্ব্বা বিনশ্যন্তি গ্রীষ্মে কুসরিতো যথা"। "কুতো ধর্ম্ম্যক্রিয়াবিঘ্নাঃ সতাং রক্ষি-তরি ত্বয়ি" শকুন্তলা। "সম্মৌ তত্র তত-শ্চক্রে স্নানস্যনন্তরক্রিয়াঃ" বিষ্ণুপুরাণ। গর্ভাধানাদিসংস্কার। সামাদি উপায়প্র-য়োগ। চিকিৎসা, পূজা। শ্রাদ্ধ। চেষ্টা, অভ্যাস। শিক্ষা। ব্যবহারাংশভেদ। ধাত্বর্থবোধক পদ, গচ্ছতি দদাতি তি-ষ্ঠতি প্রভৃতি।

ক্রিয়াকার, (ক্রিয়া=অভ্যাস, কর্ম্ম—কার যে করে) সং, পুং যে বালক বিদ্যা-শিক্ষা করিতে আরম্ভ করিয়াছে। নূতন ছাত্র। বিং, ত্রিং, কর্ম্মকর্ত্তা।

ক্রিয়াবসন্ন, (ক্রিয়া—অবসন্ন) বিং, ত্রিং, সাক্ষী প্রভৃতি দ্বারা পরাজয়প্রাপ্ত।

ক্রিয়াবাদী, (—দিন্, ক্রিয়া—বাদী=যে বলে) বিং, ত্রিং, ফরিয়াদী।

ক্রিয়াবান্, (ক্রিয়াবৎ, ক্রিয়া+বৎ অস্ত্য-র্থে) বিং, ত্রিং, কার্য্যে যত্নশীল।

ক্রিয়া-বিশেষণ ; সং, ক্লীং, ক্রিয়ার বিশে-ষণ, যে পদ ক্রিয়ার গুণ ভাব বা অবস্থা প্রকাশ করে।

ক্রিয়া-যোগ ; সং, পুং, যোগের নিমিত্ত ক্রিয়মাণ দেব পূজাদি। ক্রিয়ার সহিত যোগ। "মর্য্যাদায়াম্ভিবিধৌ ক্রিয়াযো-গেশদর্থয়োঃ" বোপদেব। [পৌনঃপুন্য।

ক্রিয়া-সমভিব্যাহারে ; সং, পুং, ক্রিয়ার

ক্রীড়—পুঃ, ড়া—স্ত্রীং, } (ক্রীড়্=খে-
ক্রীড়ন—ক্লীং, } লাকরা + অ, আ, অন—ভা) সং, পরিহাস। খেলন, খেলা। " তস্যান্তীরে রচিতশিখরঃ পেশলৈরিন্দ্রনীলৈঃ ক্রীড়া শৈলঃ কনক কদলী বেষ্টন প্রেক্ষণীয়ঃ" মেঘদূত।

ক্রীত, (ক্রী=ক্রয়করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ক্রয়করা বস্তু, মূল্যদিয়া যাহা লওয়া গিয়াছে। "ক্রীতস্তপোভিরিতি বাদিনি চন্দ্রমৌলৌ" কুমার সম্ভব। সং, পুং, পুত্রবিশেষ।

ক্রীতক, (ক্রীত+ক—প্রং) সং, পুং, মূ-ল্যদিয়া মাতা পিতার নিকট হইতে গৃহীত সন্তান। ক্রীতপুত্র।

ক্রীত-দাস ; সং, পুং, কেনা গোলাম।

ক্রুঙ্; (ক্রুঞ্চ, ক্রুন্চ্ = বক্র গমনকরা+ ক্বিপ্—প্রং) সং, পুং, স্ত্রীং, কোঁচ্বক।

ক্রুঞ্চ, (ক্রুনচ্=বক্র হওয়া+অ—প্রং) সং, পুং, ক্রৌঞ্চপর্ব্বত। ঞ্চা—স্ত্রীং, বীণা বিশেষ।

ক্রুদ্ধ, (ক্রুধ্=কোপকরা+ক্ত—ক) বিং, ত্রিং, ক্রোধবিশিষ্ট, কুপিত। "ইতি শপ্ত্বাতি সংক্রুদ্ধঃ শৃঙ্গী কোপ সমন্বিতঃ" মহাভারত। "ক্রুদ্ধেনোশনসা শপ্তো যযাতির্নাহুষস্তদা" মহাভারত।

ক্রুধ্, ক্রুধা, (ক্রুধ্=কোপকরা+ক্বিপ্=আ—প্রং) সং, স্ত্রীং, কোপ, ক্রোধ।

ক্রুষ্ট, (ক্রুশ্=ক্রন্দনকরা+ক্ত—ভা) সং, ক্লীং, ক্রন্দন। রব, নাদ। বিং, ত্রিং, শব্দিত। অভিশপ্ত। আহূত।

ক্রূর, (কৃৎ = ছেদন করা+র—প্রং। কৃৎ=ক্রূ) বিং, ত্রিং, খল। ঘোর। পরদ্রোহী। নির্দ্দয়। "ময়ি ক্রূরে যত্তৎ সবিষমিব শল্যং দহতিমাম্" শকুন্তলা। ঘাতুক। কঠিন। "অনবরতধনুর্জ্যাস্ফালনক্রূর কর্ম্মা" শকুন্তলা।

ক্রূরগন্ধ; সং, পুং, গন্ধক।

ক্রূরদৃক্, (ক্রূরদৃশ্, ক্রূর=নিষ্ঠুর—দৃশ্ [দৃশ=দেখা+ক্বিপ্—প্রং] যে দেখে বিং, ত্রিং, হিংস্র। দ্রোহকারক। পিশুন, খল। সং, পুং. শনৈশ্চর।

ক্রেতব্য, ক্রেয়, (ক্রী=ক্রয়করা+তব্য, য—র্ম্ম) বিং, ত্রিং, কিনিবার বস্তু।

ক্রেতা, (ক্রেতৃ,ক্রী=ক্রয়করা+তৃণ্—ক) বিং, ত্রিং, ক্রয়কারক; খরিদদার।

ক্রোড়, (ক্রুড়্=ঘনহওয়া+ঘঞ্—প্রং) সং, পুং, শনি। শূকর। ক্লীং, ড়া-স্ত্রীং, বক্ষঃস্থল কোল।

ক্রোড়-পত্র; সং, ক্লীং, অতিরিক্ত পত্র, পুস্তক বা সংবাদ পত্রে কোন অংশ পতিত বা পরিত্যক্ত হইলে যে পত্রে লিখিয়া পুস্তকে বা সংবাদপত্রে যোজনা করিয়া দেওয়া যায়। (Extraordinary)

ক্রোড়পাদ, (ক্রোড়=বক্ষঃ—পাদ=পা) সং, পুং, কচ্ছপ।

ক্রোড়াঙ্গ, সং, পুং, কচ্ছপ।

ক্রোড়াঙ্ঘ্রি, (ক্রোড়—অঙ্ঘ্রি=পা) সং, পুং, কচ্ছপ।

ক্রোড়ীমুখ; সং, পুং, গণ্ডার।

ক্রোথ, (ক্রুথ=বধকরা+ঘঞ্—ভা) সং, পুং, হনন, বধ।

ক্রোধ, (ক্রুধ্ দেখ, ঘঞ্—ভা) সং, পুং, দ্বেষ, কোপ। "সঙ্গাৎ সংজায়তে কামঃ কামাৎ ক্রোধোঽভিজায়তে॥ ক্রোধাদ্ ভবতি সংমোহঃ"। ক্রোধং প্রভো সংহর সংহরেতি যাবৎ গিরঃ খে মরুতাং চরন্তি" কুমার সম্ভব।

ক্রোধজ, (ক্রোধ—জ=উৎপন্ন) সং, পুং, মোহ। অষ্টবিধ ব্যসন। "পৈশুন্যং সাহসং দ্রোহ ঈর্ষাসূয়ার্থ দূষণম্। বাগ্ দণ্ডজঞ্চ পারুষ্যং ক্রোধজোঽপি গণোঽষ্টকঃ"

ক্রোধন, (ক্রুধ+অন—ক) বিং, ত্রিং, ক্রোধী, ক্রুদ্ধ স্বভাব। "ঈর্ষী ঘৃণীত্বসন্তুষ্টঃ ক্রোধণো নিত্যশঙ্কিতঃ" হিতোপদেশ সং, পুং, ভৈরববিশেষ।

ক্রোধী, (কোধিন্.ক্রোধ+ইন্+অস্ত্যর্থে) বিং, ত্রিং, ক্রুদ্ধ কোপনস্বভাব।

ক্রোর, (কোটি শব্দজ) সং, বিং, একশত লক্ষ। ক্রুররপক্ষী।

ক্রোশ, (ক্রুশ্=ক্রন্দনকরা+ঘঞ্—প্রং) সং, পুং, রোদন। ৮০০০ হাত পরিমাণ। "নদীর্বনেষু চোষিত্বা ক্রোশা ন্নেলেম্বহর্নিশং" বোপদেব। আহ্বান।

ক্রোশন, (ক্রুশ+অনট্—ভা) সং, ক্লীং, ক্রন্দন, করুণ স্বর,কাতর ধ্বনি। আহ্বান

ক্রোষ্টা; (ক্রোষ্টৃ, ক্রুশ+তৃণ্—প্রং) সং, পুং, ষ্ট্রী—স্ত্রীং, শৃগাল, শিয়াল। "উপেত্য পপ্রচ্ছ তদা ক্রোষ্টা ব্যাঘ্রবধমিব"।

ক্রৌঞ্চ, (ক্রুনচ্+ষ্ণ—স্বার্থে) সং, পুং, কোঁচক। সপ্ত দ্বীপান্তর্গত দ্বীপবিশেষ। রাক্ষসবিশেষ। দৈত্যবিশেষ। হিমালয়েরঅংশবিশেষ। "প্রালেয়াদ্রেরুপতটমতিক্রম্য তাং স্তান্ বিশেষান্ হংসদ্বারং ভৃগুপতিযশো বর্ত্ম যৎ ক্রৌঞ্চ রন্ধ্রং" মেঘদূত। ঞ্চী—স্ত্রীং, স্ত্রীবক।

ক্রৌঞ্চদারক } (ক্রৌঞ্চ—অসুরবিশেষ
ক্রৌঞ্চদারণ } পর্ব্বত—দারক, দারণ যে বিদারণ করে, ২য়া—ষ) সং, পুং, কুমার। কার্ত্তিকেয়।

ক্রৌঞ্চাদন, (ক্রৌঞ্চ=কোঁচবক—অদন ভোজনীয়, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, মৃণাল। নী—স্ত্রীং, পদ্মবীজ।

ক্রৌঞ্চারাতি, (ক্রৌঞ্চ=অসুরবিশেষ—অরাতি=শত্রু) সং, পুং, কার্ত্তিকেয়।

ক্রৌশশতিক, (ক্রোশ—শত+ষ্ণিক—প্রং) বিং, ত্রিং, শতক্রোশ গমনকারী।

ক্লম—পুং, } (ক্লম্=ক্লান্তহওয়া+অল্
ক্লান্তি—স্ত্রীং } তি—ভা) সং, আয়াস, উৎকট পরিশ্রম করিয়া গ্লানি বোধ করা। শ্রম। খেদ। "কুসুমাস্তরণে ক্লমাপহেহত্র স্বজনত্বাদনুমন্যসেহবকাশং" শকুন্তলা। "ইদং কিলাব্যাজমনোহরং বপুস্তপঃক্লমং সাধয়িতুং য ইচ্ছতি" শকুন্তলা।

ক্লান্ত, (ক্লম্+ক্ত—ক) বিং, ত্রিং, ম্লান। ক্লান্তিযুক্ত, অতিশয় শ্রান্ত।

ক্লিন্ন, (ক্লিদ্=আর্দ্রহওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, ক্লেদযুক্ত। আর্দ্র, ভিজা।

ক্লিশিত, ক্লিষ্ট (ক্লিশ্=দুঃখিতহওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, ক্লান্ত,কষ্টপ্রাপ্ত। কৃশ। ক্ষীণ।

ক্লীব, (ক্লীব=কুণ্ঠিতহওয়া+অ—প্রং) সং, পুং, ক্লীং, যাহার পুরুষত্ব নাই। নপুংসক, স্ত্রীপুং ভিন্ন। "ন মূত্রং ফেনিলং যস্য বিষ্ঠা চাপ্সু নিমজ্জতি। মেঢ্রশ্চোন্মাদশুক্রাভ্যাং হীনঃ ক্লীবঃ স উচ্যতে।" বিং, ত্রিং, অক্ষম, বিক্রমহীন কাপুরুষ, পৌরুষহীন, নিষ্ফল। কাতর বাক্য। [স্ত্রীপুরুষভিন্নবাচক।

ক্লীবলিঙ্গ, (ক্লীব—লিঙ্গ=ব্যঞ্জক) সং, পুং,

ক্লেদ, (ক্লিদ+ঘঞ্—ভা) সং, পুং, ক্লিন্নতা, সমলতা। মলযুক্ত জল। পুযাদি।

ক্লেদু, (ক্লিদ+উ সংজ্ঞার্থে) সং,পুং, চন্দ্র।

ক্লেশ, (ক্লিশ+ঘঞ্—ভা) সং, পুং, কষ্ট, দুঃখ,যন্ত্রণা,শ্রম। ক্লেশঃ ফলেন হি পুনর্নবতাং বিধত্তে"কুমার। অবিদ্যা,অস্মিতা, রাগ, দ্বেষ, অভিনিবেশ—এই পঞ্চ।

ক্লেশিত, (ক্লিশ+ণিচ্+ক্ত—র্ম্ম) বিং ত্রিং, যাহাকে ক্লেশ দেওয়া হইয়াছে। ক্লেশপ্রাপ্ত।

ক্লৈব্য, (ক্লীব+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, ক্লীবত্ব, কাপুরুষতা। নিষ্ফলত্ব। কাতরতা। "ক্লৈব্যং মাস্ম গমঃ পার্থ। নৈতৎ ত্বয্যুপপদ্যতে। ক্ষুদ্রং হৃদয়দৌর্ব্বল্যং ত্যক্ত্বোত্তিষ্ঠ পরন্তপ।"

ক্লোম, (ক্লোমন্, ক্লু=গমনকরা+মন্—প্রং) সং, পুং, মূত্রাধার। ফুস্ফুস্। "যকৃচ্চ ক্লোমানশ্চ হৃদয়স্যাধস্তাদ্দক্ষিণোত্তরৌ মাংসখণ্ডৌ। ক্লোমান ইতি নিত্যং ব[illegible]মেকস্মিন্নেব।" "বাহ্বোর্দ্বয়োর্ম্মধ্যে বক্ষঃ। তন্মধ্যে হৃদয়ম্ তৎপার্শ্বে ক্লোম পিপাসাস্থানম্।

ক্লোমতুণ্ডী, (Physostomata) যাহাদের শরীরস্থ বায়ু ক্লোমমুখের সহিত সংলগ্ন থাকে। এই শ্রেণীস্থমৎস্যদিগের ডানায় অস্থিশলাকা থাকে না, যথা—বান মৎস্য।

ক্লোমশ্বাসী, (Pulmonaria) যাহারা ত্বক্ কোষ দ্বারা শ্বাস কার্য্য সম্পন্ন করে। ইহাদের চক্ষুর সংখ্যা ৬ বা ৮। যথা—মাকড়সা, কাঁকড়া,বিছাপ্রভৃতি।

ক্ব, (সপ্তম্যন্ত কিম্ শব্দ) অং, ক্রিং—বিং, কোথায়, কোন্‌স্থানে। "ক্ব সূর্য্যপ্রভবো বংশঃ ক্ব চাল্পবিষয়া মতিঃ" রঘুবংশ। "যদুপতেঃ ক্বগতা মথুরাপুরী রঘুপতেঃ ক্বগতোত্তরকোশলাঃ"। "ক্ব নীলকণ্ঠ ব্রজসীত্যলক্ষবাক্" কুমার।

ক্বচন, ক্বচিৎ (ক্ব+চন, চিৎ—অসাকল্যার্থে) অং, ক্রিং—বিং, কোন স্থানে। কোথাও। কোন অংশে। কখন। "ক্বচিৎ তুষ্টঃ ক্বচিদ্রুষ্টঃ তুষ্টোরুষ্টঃ ক্ষণে ক্ষণে। অব্যবস্থিতচিত্তস্য প্রসাদোহপি ভয়ঙ্করঃ"। "জাতিমাত্রেণ কিং ক-

শিচ্ছন্নতে পূজ্যতে কচিৎ"হিতোপদেশ।

কণ, কাণ—পুং } (কণ=শব্দকরা+অ,
কণন—ক্লীং } অনট্—ভা)সং,বীণাদির ধ্বনি। নাদ,শব্দ, ধ্বনি।

কণিত, (কণ্+ক্ত—ক, ভা) বিং, ত্রিং, শব্দায়মান, ধ্বনিত। "কণিতকিঙ্কিণী-কংধনুঃ" উত্তরচরিত। সং, ক্লীং,ধ্বনি।

কথিত, (কথ=পাককরিয়া কাথ বাহির করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অগ্নিসিদ্ধ, পক্ক। সং, ক্লীং, কাথ।

কাচিৎক, (কচিৎ+ক—প্রং) বিং, ত্রিং, কোনস্থানে বা কোন সময়ে যাহাঘটে।

কাথ,(কথ+অ—প্রং) সং, পুং, জলে ফেলিয়া জ্বাল দিয়া বস্তুর যে সার নির্গত করা যায়, নির্য্যাস। সিদ্ধ বস্তুর রস। দুঃখ, ব্যসন।

ক্ষ, (ক্ষি বা ক্ষৈ=ক্ষীণহওয়া, অথবা ক্ষজ্ দান করা, গমনকরা+অ—প্রং) সং, পুং, ক্ষত্রিয়। নৃসিংহ।

ক্ষণ, (ক্ষণ্=বধকরা+অ— প্রং) সং, পুং, ত্রিংশৎ কলাপরিমিত কাল। অতি-সূক্ষ্মকাল। উৎসব। পর্ব্ব। অবসর, অবকাশ। সুযোগ। ব্যাপার। "জগদ্বিলক্ষণেক্ষণেক্ষণে ক্ষণে মদীয়কং, কদম্বকোরকদ্বয়ং ন গোপি গোপিতং কুরু। ইদং নিগদ্য রাধিকাং পয়োধরাম্বরং হরন্ কলিন্দনন্দিনী তটে ননন্দ নন্দনন্দনঃ"। "গর্ভাধানক্ষণপরিচয়ান্নূনমাবদ্ধমালা সেবিষ্যন্তে নয়নসুভগংখে ভবন্তং বলাকাঃ" মেঘদূত।

ক্ষণদ, (ক্ষণ=সময়—দা=দানকরা+অ —প্রং) সং, পুং, দৈবজ্ঞ, গণক। ক্লীং. জল। দা—স্ত্রীং, রাত্রি। হরিদ্রা। "কমলিনী মলিনী দিবসাত্যয়ে শশিকলা বিকলা ক্ষণদাক্ষয়ে"। [হত্যা, বধ।

ক্ষণন, (ক্ষণ দেখ, অন—ভা) সং, ক্লীং,

ক্ষণনিশ্বাস, (ক্ষণ=সময়—নিশ্বাস। যাহার ক্ষণকাল নিশ্বাস, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিশুমার, শুশুক।

ক্ষণপ্রভা, (ক্ষণ=সময়—প্রভা=দীপ্তি। যাহার ক্ষণকাল প্রভা, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, বিদ্যুৎ।

ক্ষণভঙ্গুর } (ক্ষণ=সময়—ভঙ্গুর=ভঙ্গ-
ক্ষণিক } শীল। ক্ষণ+ইক—স্থিত্যর্থে) বিং, ত্রিং, ক্ষণমাত্র স্থায়ী, ক্ষণধ্বংসী। কা—স্ত্রীং, বিদ্যুৎ।

ক্ষণরামী, (ক্ষণরামিন্, ক্ষণ=সময়—রম =ক্রীড়াকরা+ণিন্—ক) সং, পুং, কপোত, পারাবত।

ক্ষণিনী, (ক্ষণ+ইন্—প্রং। ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, রাত্রি, রজনী।

ক্ষত, (ক্ষণ্=আঘাতকরা+ক্ত—প্রং) সং, ক্লীং, ব্রণ, ঘা। আঘাত। ঘর্ষণ। "সদ্যো বসন্তেন সমাগতানাং নখক্ষতানীব বনস্থলীনাং" কুমারসম্ভব। বিং ত্রিং, ভগ্ন। বিদারিত। ব্যথিত। আহত। দষ্ট। বিদ্ধ। নষ্ট। নিষ্পিষ্ট।

ক্ষতজ, (ক্ষত=ঘা—জ=যে জন্মে, ৫মী —ষ) সং, ক্লীং, রুধির, রক্ত। পূঁয। "সচ্ছিন্নমূলঃ ক্ষতজেন পূর্ব্বং।"

ক্ষতব্রত, (ক্ষত=ভগ্ন—ব্রত, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নিয়মভঙ্গকারক, নষ্টব্রত।

ক্ষতি, (ক্ষণ+ক্তি—ভা, র্ম্ম) সং, স্ত্রীং, অপচয়, হানি। নাশ। ক্ষয়। "বিশ্রদ্ধৈঃ ক্রিয়তাং বরাহপতিভিঃ মুস্তাক্ষতিঃ পল্বলে" শকুন্তলা। ক্ষত, অস্ত্রাদি চিহ্ন।

ক্ষতোদর, (ক্ষত—উদর) সং, পুং, উদর-রোগবিশেষ।

ক্ষত্তা, (ক্ষতৃ, ক্ষদ্=সম্বরণকরা+তৃণ—ক যে অশ্ব বা দ্বার সংবরণ করে) সং, পুং, সারথি। দ্বারপাল। ক্ষত্রিয় বা বৈশ্যার গর্ভে শূদ্রের ঔরসজাত সন্তান। দাসীপুত্র। 'ক্ষত্তার্থবদ্ধস্তস্মাকং প্রচ্ছন্নং সংযতঃ পরৈঃ' মহাভারত। নিযুক্ত। বিধাতা।

ক্ষত্র, ক্ষত্র, (ক্ষদ+ক্বিপ্ ক্ষৎ=ক্ষত—অস্ত্রাঘাত+ত্রৈ=পরিত্রাণ করা+ড। যে ব্যক্তি অস্ত্রাঘাত হইতে লোকদিগকে পরিত্রাণ করে) ক্লীং, শরীর। সং, পুং,

দ্বিতীয় বর্ণ ক্ষত্রিয় জাতি। "ক্ষতাৎ কিল ত্রায়ত ইত্যুদগ্রঃ ক্ষত্রস্য শব্দো ভুবনেষু রূঢ়ঃ"।"যচ্চ রোষাভিভূতেন ক্ষত্রমুৎসাদিতংময়া"।[পুরুষকার প্রভৃতি।

ক্ষত্রধর্ম্ম; সং, পুং, ক্ষত্রিয়ের ধর্ম্ম, সাহস

ক্ষত্রবন্ধু, (ক্ষত্র+বন্ধু—নিন্দিতার্থে) বিং, ত্রিং, নিন্দিত ক্ষত্রিয়। ক্ষুদ্র ক্ষত্রিয়।

ক্ষত্রিয়, (ক্ষত্র+ইয়—স্বার্থে) সং, পুং, দ্বিতীয় বর্ণ। য়া-য়ী স্ত্রীং, ক্ষত্রিয়ের পত্নী। য়াণী—স্ত্রীং, ক্ষত্রিয় জাতি স্ত্রী। ক্ষত্রিয় পত্নী। "ব্রাহ্মণঃ ক্ষত্রিয়ো বৈশ্যস্ত্রয়ো বর্ণা দ্বিজাতয়ঃ"। "প্রজানাং রক্ষণং দানমিজ্যাধ্যয়নমেবচ। বিষয়েষ্বপ্রসক্তিং চ ক্ষত্রিয়স্য সমাসতঃ"।

ক্ষত্রী, (ক্ষত্রিন্, ক্ষত্র+ইন্—প্রং) সং, পুং, ক্ষত্রিয় জাতি।

ক্ষন্তব্য, (ক্ষম দেখ, তব্য—র্ম্ম) বিং, ত্রিং, ক্ষমার যোগ্য, ক্ষমা করিবার উপযুক্ত। "উপকারেণ তত্তস্য ক্ষন্তব্যমপরাধিনঃ" মহাভারত।

ক্ষন্তা, (ক্ষন্তৃ, ক্ষম্ সহ্যকরা+তৃণ্—ক) বিং, ত্রিং, ক্ষমাশীল। সহিষ্ণু।

ক্ষপণ, (ক্ষপণক দেখ, অন—ভা) বিং, ত্রিং, লজ্জাহীন, নির্লজ্জ।

ক্ষপণক, (ক্ষপ্ [লজ্জা] ক্ষেপণকরা+অন—প্রং। ক—স্বার্থে) সং, পুং, বৌদ্ধবিশেষ; উলঙ্গ বৌদ্ধ-সন্ন্যাসী। "নগ্নক্ষপণকে দেশে রজকঃ কিং করিষ্যতি" নাস্তিক মতপ্রচারক। নির্লজ্জ। নবরত্নের অন্তর্ভূত দ্বিতীয় রত্ন; যথা—ধন্বন্তরি-ক্ষপণকামরসিংহশঙ্কুবেতালভট্টঘটকর্পরকালিদাসাঃ। খ্যাতো বরাহমিহিরোনৃপতেঃ সভায়াং রত্নানি বৈ বররুচির্নব বিক্রমস্য।

ক্ষপা, (ক্ষপ্=ক্ষেপণকরা+অ—প্রং। আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, রাত্রি।

ক্ষপাকর, (ক্ষপা—কর=যে করে, ২য়া—ষ) সং, পুং, চন্দ্র, চাঁদ। কর্পূর।

ক্ষপাচর, (ক্ষপা—চর=যে গমন করে) সং, পুং, রাক্ষস।

ক্ষপাট, (ক্ষপা=রাত্রি—অট্=বিচরণকরা+অ—প্রং। যাহারা রাত্রিতে চরে, ৭মী—ষ) সং, পুং, রাক্ষস, নিশাচর, রাত্রিঞ্চর। "ততঃ ক্ষপাটৈঃ পৃথুপিঙ্গলাক্ষৈঃ খং প্রাবৃষেণ্যৈরিব চানশেহব্দৈঃ"।

ক্ষপানাথ, ক্ষপাপতি (ক্ষপা—নাথ, পতি=প্রভু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, চন্দ্র।

ক্ষপিত, (ক্ষপ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাপিত, অতিবাহিত। দগ্ধ। বিনাশিত।

ক্ষম, (ক্ষম্=সহ্যকরা+অ—ভা, ক) সং, ক্লীং, উপযুক্ততা। যোগ্যতা। বিং, ত্রিং, উপযুক্ত। সমর্থ। হিত। যোগ্য, সহিষ্ণু। "মহান্ত এব মহতামর্থং সাধয়িতুং ক্ষমাঃ"।

ক্ষমতা, (ক্ষম+তা—ভাবে) সং, স্ত্রীং, সামর্থ্য, শক্তি। যোগ্যতা, উপযুক্ততা।

ক্ষমা, (ক্ষম+আ—ভা) সং, স্ত্রীং, অপকার-সহন। শান্তি, নিবৃত্তি। কেহ অপরাধ করিলে তাহার প্রতি কোপ না করা, মার্জ্জনা। সহিষ্ণুতা। তিতিক্ষা। পৃথিবী। দুর্গা। রাত্রি। "ব্রাহ্মে চাধ্যাত্মিকে চৈব দুঃখে চোৎপাদিতে ক্বচিৎ। ন কুপ্যতি ন বা হন্তি সা ক্ষমা পরিকীর্ত্তিতা"।

ক্ষমাবান্, (ক্ষমাবৎ, ক্ষমা+বৎ—শীলার্থে) বিং, ত্রিং, ক্ষমাশীল, সহিষ্ণু। "ক্ষমাবতাময়ং লোকঃ পরশ্চৈব ক্ষমাবতাং তস্মাচ্চরেথাঃ সততং ক্ষমাশীলো জিতেন্দ্রিয়ঃ"। মহাভারত।

ক্ষমিতা, ক্ষমী, ক্ষন্তা (ক্ষমিতৃ, ক্ষমিন্, ক্ষন্তৃ ক্ষম্ সহ্যকরা+তৃ, ইন্, তৃ—ক) বিং, ত্রিং, সহিষ্ণু, ক্ষমাশীল। সমর্থ। "শম এব যতীনাং হি ক্ষমিনাং সিদ্ধিকারকঃ" মহাভারত।

ক্ষম্য, (ক্ষম+য—র্ম্ম) বিং, ত্রিং, ক্ষমার যোগ্য। উপেক্ষ্য।

ক্ষয়, (ক্ষি=ক্ষীণহওয়া, বাসকরা+অ—ভা, ধি) সং, পুং, প্রলয়। অপচয়।

হ্রাস। ধ্বংস, নাশ। অন্ত। "শশিকলা বিকলা ক্ষণদাক্ষয়ে"। ক্ষয়রোগ, ক্ষয়কাশ; এই রোগে শরীর ক্রমে ক্রমে ক্ষয়প্রাপ্ত হয়। ভবন। মাসবিশেষ। বৎসরবিশেষ। [সং, পুং, কাসরোগ।

ক্ষয়থু, (ক্ষী = ক্ষীণহওয়া+অথু—প্রং)

ক্ষয়-পক্ষ; সং, পুং, কৃষ্ণপক্ষ, যে পক্ষে চন্দ্রের কলা হ্রাস হয়। "ক্ষয়-পক্ষ ইবৈন্দবীঃ কলাঃ সকলা হন্তি"।

ক্ষয়িত, (ক্ষয়ি—ক্ষীণহওয়ান+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, নাশিত। হ্রাসিত। (ক্ষয়+ইত—প্রং) ক্ষয়প্রাপ্ত।

ক্ষয়ী, (ক্ষয়িন্, ক্ষয়+ইন-স্তিত্যর্থে) বিং, ত্রিং, নশ্বর, ক্ষয়শীল।

ক্ষয্য, (ক্ষি+য—র্ম্ম) বিং, ত্রিং, ক্ষয়যোগ্য। বিনাশের যোগ্য।

ক্ষর, (ক্ষর্=ফোঁটা ফোঁটা পড়া+অ—ভা) সং, পুং, স্যন্দন, স্বেদন, ক্ষরণ। বিনাশ। মেঘ। ক্লীং,জল। বিং,ত্রিং,নশ্বর।

ক্ষরণ, (ক্ষর্+অনট্—ভা) সং, ক্লীং, দ্রব দ্রব্যের পতন, গলন। স্বেদন। মদাদি স্রবণ। নিঃসরণ। চোয়ান। নাশ।

ক্ষরিত, (ক্ষর্+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, গলিত। নিঃসৃত। চোঁয়ান।

ক্ষরী, (ক্ষরিন্, ক্ষর=জল+ইন্—প্রং) সং, পুং, বর্ষাকাল। বিং, ত্রিং, ক্ষরণবিশিষ্ট।

ক্ষব, ক্ষবথু, (ক্ষু=হাঁচা+অ, অথু—ভা) সং, পুং, হাঁচি। কাসি। "বস্থানিলো নাসিকয়া নিরেতি। কফানুযাতো বহুশঃ সশব্দঃ তং রোগমাহু ক্ষবথুম্"।

ক্ষাত্র, (ক্ষত্র+ষ্ণ—ভাবে, সম্বন্ধার্থে)সং, ক্লীং, ক্ষত্রিয়ত্ব। ক্ষত্রিয়কর্ম্ম। বিং, ত্রিং, ক্ষত্রিয়সম্বন্ধীয়। "আত্মকর্ম্ম ক্ষমং দেহং ক্ষাত্রোধর্ম্মইবাশ্রিতঃ" রঘুবংশ।

ক্ষান্ত, (ক্ষম্+ক্ত—ক) বিং, ত্রিং, ক্ষমাশীল, সহিষ্ণু। বিরত।

ক্ষান্তি, (ক্ষম্+ক্তি—ভা) সং, স্ত্রীং, ক্ষমা সহিষ্ণুতা। নিবৃত্তি।

ক্ষাম, (ক্ষৈ=ক্ষীণহওয়া+ক্ত—ক। ত=ম) বিং, ত্রিং, দুর্ব্বল। কৃশ, ক্ষীণ। শুষ্ক। রুক্ষ। "শ্বাসক্ষামেক্ষণা দীনা সুনীতি র্বাক্যমব্রবীৎ" বিষ্ণুপুরাণ।

ক্ষার, (ক্ষর্=ফোঁটাফোঁটা পড়া+অ—ণ) সং,পুং, কাচ। সোহাগা। লবণরস। খাঁড় গুড়। ভস্ম, ছাই। ধূর্ত্ত। ক্লীং, লবণ লোণামাটি। "ক্ষতে ক্ষারমিবাসহম্"। "ধারাপমার্গকুটজলাঙ্গলীতিলমুষ্ককৈঃ। ক্ষারৈরেতৈস্ত মিলিতৈঃ ক্ষারষট্ কাদয়ো গণাঃ"। "পলাশবজ্রিশিখরিচিঞ্চার্কতিলনালজাঃ। যবজঃ সর্জ্জিকা চেতি ক্ষারাষ্টকমুদাহৃতম্"।

ক্ষারক, (ক্ষর্+ণক—ক) সং, পুং, অস্ফুট পুষ্প, কুঁড়ি, জালক, জালি, রজক। পক্ষী প্রভৃতির খাঁচা।

ক্ষারভূমি, (ক্ষার—ভূমি, ৬ষ্ঠী—য) সং, স্ত্রীং, লবণমৃত্তিকা বিশিষ্ট দেশ, লোণাস্থান। "জীবনং জীবনং হন্তি প্রাণান্ হন্তি সমীরণঃ। কিমাশ্চর্য্যং ক্ষারভূমৌ প্রাণদা যমদূতিকা"। [স্ত্রীং, লোণামাটী।

ক্ষারমৃত্তিকা, (ক্ষার=লবণ—মৃত্তিকা) সং,

ক্ষারিকা; সং, স্ত্রীং, ক্ষুধা।

ক্ষারিত, (ক্ষারি=গমনকরান এবং পড়ান+ক্ত—র্ম্ম) বিং.ত্রিং, স্রাবিত, গলান, অপবাদগ্রস্ত, কলঙ্কিত, দূষিত।

ক্ষালন, (ক্ষাল—ধৌতকরা+অনট্—ভা) সং, ক্লীং, জলদ্বারা পরিষ্কার করণ। প্রক্ষালন, ধৌতকরণ, কাটান, শোধন।

ক্ষালিত, (ক্ষাল্=ধৌতকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, পরিষ্কৃত। শোধিত। ধৌত।

ক্ষিত, (ক্ষি=ক্ষীণহওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, হিংসিত। ক্ষয়প্রাপ্ত।

ক্ষিতি, (ক্ষি=বাসকরা, ক্ষীণহওয়া+ক্তি—ধি, ভা) সং, স্ত্রীং, পৃথিবী। বাসস্থান, ক্ষতি, গন্ধদ্রব্যবিশেষ, প্রলয়কাল, রোচনা।

ক্ষিতিধর } (ক্ষিতি = পৃথিবী—ধর,
ক্ষিতিভৃৎ } ভৃৎ যে ধারণ করে, ২য়া

-ষ) সং, পুং, পর্ব্বত। রাজা। অনন্তদেব।

ক্ষিতিনাথ, ক্ষিতিপতি, ক্ষিতিপ, ক্ষিতিপাল, ক্ষিতিরক্ষী—ক্ষিন্ (ক্ষিতি-নাথ পতি=প্রভু, ৬ষ্ঠী—ষ।—প, পাল=যে পালন করে, ২য়া—ষ।—রক্ষী=যে রক্ষা করে, ২য়া-ষ) সং, পুং, রাজা। "নিপীয় যস্য ক্ষিতিরক্ষিণঃ কথাস্তথাদ্রিয়ন্তে ন বুধাঃ সুধামপি" নৈষধ।

ক্ষিতিরুহ, (ক্ষিতি—রুহ=যে জন্মে, ৭মী—ষ) সং, পুং, বৃক্ষ, গাছ।

ক্ষিতিবর্দ্ধন, (ক্ষিতি—বর্দ্ধন=যে বাড়ে, ৭মী—ষ) সং, পুং, মৃতদেহ, শব। বিং, ত্রিং, ভূমিবৃদ্ধিকারী। "বাণৈশ্চকার ক্ষিতিবর্দ্ধনম্"।

ক্ষিদ্র, (ক্ষিদ্=অব্যক্ত শব্দ করা+র—প্রং) সং, পুং, সূর্য্য। শৃঙ্গ। রোগ।

ক্ষিপণু, (ক্ষিপ্=ক্ষেপণ করা, প্রেরণ করা+অনু—সংজ্ঞার্থে) সং, পুং, বায়ু।

ক্ষিপ্ত, (ক্ষিপ্=ক্ষেপণকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, নিক্ষিপ্ত। প্রেরিত। হত। নিন্দিত অবজ্ঞাত। পাগল, বাতুল, যাহার বুদ্ধি বিচলিত হইয়াছে। পরিত্যক্ত। বিকীর্ণ অত্যাসক্ত। প্তা—স্ত্রীং, রাত্রি।

ক্ষিপ্তনিবাস, (Lunatic Asylum) সং, পুং, ক্ষিপ্ত ব্যক্তিদের থাকিবার স্থান, পাগ্‌লাগারোদ।

ক্ষিপ্নু, (ক্ষিপ্ত দেখ, নু—ক, শীল দ্যর্থে) বিং, ত্রিং, ক্ষেপণশীল। নিরাকরিষ্ণু। "রক্ষোগণং ক্ষিপ্নু মতবিক্ষ আত্মা"।

ক্ষিপ্র, (ক্ষিপ্ত দেখ, র—প্রং) ক্রিং—বিং, ক্লীং, বিং, ত্রিং, শীঘ্র, দ্রুত। খেচরান্ন, খিচুড়ী।

ক্ষিপ্রকারী, (ক্ষিপ্রকারিন্, ক্ষিপ্র=শীঘ্র—কারী যে করে) বিং, ত্রিং, যে শীঘ্র শীঘ্র কর্ম্ম সমাধা করে। শীঘ্রকারী, লঘুহস্ত। "যদি বিন্দেত চাকারমস্মাকং স পুরোচনঃ। ক্ষিপ্রকারী ততো ভূত্বা প্রসহ্যাপি দহেত নঃ" মহাভারত।

ক্ষিপ্রহস্ত, বিং ত্রিং, যাহার হাত শীঘ্র চলে, যে ব্যক্তি শীঘ্র বাণ ত্যাগ করিতে সমর্থ হয়।

ক্ষীণ, (ক্ষি=ক্ষীণহওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, দুর্ব্বল। জীর্ণ। শুষ্ক। কৃশ, শীর্ণ। সূক্ষ্ম। "ক্ষীণঃ ক্ষীণঃ পরিলঘুপয়ঃ স্রোতঁসাঞ্চোপযুজ্য" মেঘদূত।

ক্ষীণজীবী, (ক্ষীণজীবিন্, ক্ষীণ — জীব বাঁচা+ণিন্—ক) বিং, ত্রিং, ক্ষুদ্রপ্রাণ, অল্পপ্রাণ, যাহার প্রাণ অল্পেই বিনষ্ট হইতেপারে। কৃশতা, দৌর্ব্বল্য। সূক্ষ্মতা

ক্ষীণতা, (ক্ষীণ+তা—ভাবে) সং, স্ত্রীং,

ক্ষীণ-তাড়িত, (Negative Electricity) তাড়িতের আকর্ষণশক্তি বিশেষ।

ক্ষীব, (ক্ষীব্=মত্তহওয়া+ক্ত—প্রং) বিং, ত্রিং, মত্ত, মাতাল।

ক্ষীয়মাণ, (ক্ষি+শান—র্ম্ম) বিং, ত্রিং, যাহার ক্ষয় হইতেছে, অপচীয়মান।

ক্ষীর, (ঘস্=ভোজনকরা+ঈর—প্রং) সং, ক্লীং, জল। নির্যাস। আটা। "যত্র ক্ষতক্ষীরতয়া প্রসৃতঃ সানূনি গন্ধঃ সুরভীকরোতি" কুমারসম্ভব। "হংসো হি ক্ষীরমাদত্তে তন্মিশ্রংবর্জ্জয়েৎ পয়ঃ।"

ক্ষীরকণ্ঠ, (ক্ষীর=দুগ্ধ—কণ্ঠ=গলা) সং, পুং, স্তন্যপায়ীশিশু।

ক্ষীরজ, (ক্ষীর=দুগ্ধ—জ=উৎপন্ন) সং, ক্লীং, দধি। বিং, ত্রিং, ক্ষীরোৎপন্ন বস্তু।

ক্ষীরনীর, (ক্ষীর=দুগ্ধ-নীর=জল। দুগ্ধ ও জলের ন্যায় পরস্পর মিশ্রিত হওয়া) সং, ক্লীং, আলিঙ্গন।

ক্ষীরবিকৃতি, (ক্ষীর=দুগ্ধ—বিকৃতি=অন্যথাভাব, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, ক্ষীরের বিকার, ক্ষীরসা।

ক্ষীরশর, ক্ষীরসর (ক্ষীর=দুগ্ধ—শর, সর=যে উপরে গমন করে) সং, পুং, আমিক্ষা, দুগ্ধ দধির সার।

ক্ষীরশুক্ল, (ক্ষীর=দুগ্ধ—শুক্ল=শাদা। যে ফল দুগ্ধের ন্যায় শাদা) সং, পুং, পাণিফল।

ক্ষীরসার, (ক্ষীর—সার=সারাংশ) সং, পুং,

নবনীত। ছানা। "ক্ষীরসারমপনীয় শঙ্কয়া স্বীকৃতং যদি পলায়নং ত্বয়া"।
ক্ষীরাব্ধি, (ক্ষীর=দুগ্ধ—অব্ধি=সমুদ্র) সং, পুং, ক্ষীরসমুদ্র।
ক্ষীরাব্ধিজ, (ক্ষীরাব্ধি=ক্ষীরসমুদ্র—জ =জাত) সং, পুং, চন্দ্র। ক্লীং, সামুদ্র লবণ। জা—স্ত্রীং, লক্ষ্মী। মুক্তা।
ক্ষীরাব্ধিতনয়া, (ক্ষীরাব্ধি=ক্ষীরসমুদ্র—তনয়া=কন্যা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, লক্ষ্মী। "ক্ষীরাব্ধিতনয়া রমা" অমরকোষ।
ক্ষীরিকা, (ক্ষীর=দুগ্ধ+ইক, অ—প্রং) সং, স্ত্রীং, ক্ষীরা, শশা।
ক্ষীরী, (ক্ষীরিন্, ক্ষীর+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, বৃক্ষবিশেষ, নির্য্যাস বিশিষ্ট বৃক্ষ লতাদি, বট, অশ্বত্থ, আকন্দ, ডুম্বুর, সোমলতা, শশা প্রভৃতি। "ন্যগ্রোধোদুম্বরাশ্বত্থপারিশপ্লক্ষপাদপাঃ। পঞ্চৈতে ক্ষীরিণো বৃক্ষাস্তেষাং ত্বক্ পঞ্চলক্ষণম্॥ কেচিত্তু পারিশ স্থানে শিরীষং বেতসং পরে বদন্তি।"
ক্ষীরেয়ী, সং, স্ত্রীং, পায়স, পরমান্ন।
ক্ষীরোদ, (ক্ষীর=দুগ্ধ—উদ জল, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ক্ষীরসমুদ্র।
ক্ষীরোদনন্দন, (ক্ষীরোদ=সমুদ্র—নন্দন =পুত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, চন্দ্র।
ক্ষীরোদতনয়া, (ক্ষীরোদ=ক্ষীরসমুদ্র-তনয়া=কন্যা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, লক্ষ্মী।
ক্ষুণি, ক্ষুণী (ক্ষু=শব্দকরা+ণি—প্রং) সং, স্ত্রীং, পৃথিবী, ক্ষৌণী।
ক্ষুণ্ণ, (ক্ষুদ্=চূর্ণকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রহৃত, মাড়ান। চূর্ণীকৃত, গুঁড়াকরা। আহত। খনিত। অভ্যস্ত। আচরিত, ক্ষুব্ধ, দুঃখিত।
ক্ষুৎ—স্ত্রীং, ক্ষুত—পুং, স্ত্রীং, } (ক্ষু—হাঁচা+ক্বিপ্, ত—ভা) সং, হাঁচি।
ক্ষুৎক্ষাম, (ক্ষুধ্—ক্ষাম=ক্ষীণ, ৩য়া=ষ) বিং, ত্রিং, ক্ষুধায় ক্ষীণ।
ক্ষুৎপিপাসা, (ক্ষুধ্=পিপাসা=তৃষ্ণা, দ্বং—স) সং, স্ত্রীং, ক্ষুধা ও তৃষ্ণা। "তং ক্ষামীভূতং তিষ্ঠন্তং ক্ষুৎপিপাসাশ্রমাতুরঃ পুনঃপুনঃ মৃগং নষ্টং পপ্রচ্ছানভাসিনং।"
ক্ষুদ, (ক্ষুদ্রশব্দজ) সং, তণ্ডুলাদি চূর্ণ, তণ্ডুল কণা। [ক্ষুধার অনুভব ক্ষুধা পাওয়া।
ক্ষুদ্বোধ, (ক্ষুধ্—বোধ, ৬ষ্ঠী—ষ) সং, পুং,
ক্ষুদ্র, (ক্ষুদ+রক্ প্রং) বিং, ত্রিং, ছোট অল্পকায়, নীচ, অধম। "ন ক্ষুদ্রোপি প্রথম সুকৃতাপেক্ষয়া সংশ্রয়ায় প্রাপ্তে মিত্রে ভবতি বিমুখঃ কিপুনর্যস্তথোচ্চৈঃ" মেঘদূত। ক্রূর। দরিদ্র। কৃপণ। দ্রা—স্ত্রীং, বেশ্যা। মক্ষিকা। মধুমক্ষিকা। "মক্ষিকাঃ কপিলাঃ সূক্ষ্মাঃ ক্ষুদ্রাখ্যাস্তৎকৃতং মধু। মুনিভিঃ ক্ষৌদ্র মিত্যুক্তং-তদ্বর্ণাৎ কপিলং ভবেৎ।
ক্ষুদ্রঘণ্টিকা, (ক্ষুদ্র=ছোট—ঘণ্টিকা=-কাংস্যাদি নির্ম্মিত বাদ্যযন্ত্রবিশেষ+ক-প্রং। আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, কিঙ্কিণী, ঘুঙুর। [ক্ষীণজীবী বা অল্পপ্রাণ।
ক্ষুদ্রপ্রাণ (ক্ষুদ্র=অল্প—প্রাণ) বিং, ত্রিং,
ক্ষুদ্রাক্ষ (ক্ষুদ্র=ছোট—অক্ষি=চক্ষু। ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার চক্ষু ছোট।
ক্ষুদ্রামলক; সং, ক্লীং, কাঠআমলা।
ক্ষুদ্রাশয়, (ক্ষুদ্র—আশয়=মন বা অভিপ্রায়, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নীচাশয়, সামান্য বিষয়ে যাহার লোভ জন্মে।
ক্ষুধ্, ক্ষুধা (ক্ষুধ্=ভোজন করিতে ইচ্ছাকরা +ক্বিপ্ আ—ভা) সং, স্ত্রীং, বুভুক্ষা,-ভোজনেচ্ছা।
ক্ষুধাভিজনন (ক্ষুধা—অভিজনন=কারক, উন্নতিকারক) বিং, ত্রিং, ক্ষুধাকারক বস্তু।
ক্ষুধার্ত্ত, (ক্ষুধা—আর্ত্ত=পীড়িত, কাতর ৩য়া—ষ) বিং, ত্রিং, ক্ষুধায় পীড়িত যাহার অত্যন্ত ক্ষুধা হইয়াছে।
ক্ষুধিত (ক্ষুধ্+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ভোজনেচ্ছু, বুভুক্ষিত। [ধার নিবৃত্তি, ক্ষুধাশান্তি
ক্ষুন্নিবৃত্তি, (ক্ষুধ—নিবৃত্তি) সং, স্ত্রীং, ক্ষু-
ক্ষুপ, (ক্ষু=শব্দকরা+প—প্রং) সং, পুং, পর্ব্বতবিশেষ। ক্ষত্রিয়বিশেষ। ক্ষুদ্র শাখাবৃত ক্ষুদ্রবৃক্ষ।

ক্ষুব্ধ, (ক্ষুভ্=চঞ্চল হওয়া, কাতর হওয়া, +ক্ত—ক) বিং, ত্রিং, বিচলিত। ক্ষোভপ্রাপ্ত, কাতর, দুঃখিত। ভীত। সং, পুং, মন্থনদণ্ড। রতিক্রিয়া কালীন বন্ধন ভেদ। "পার্শ্বোপরি পদৌ কৃত্বা যোনৌ লিঙ্গেন তাড়য়েৎ। বাহুভ্যাং ধারণং গাঢ়ং বন্ধো বৈ ক্ষুব্ধসংজ্ঞকঃ"।

ক্ষুভিত, (ক্ষুব্ধ দেখ) বিং, ত্রিং, ক্ষোভপ্রাপ্ত, যাহার ক্ষোভ জন্মিয়াছে, দুঃখিত ত্রাসিত। সঞ্চালিত। বিচলিত। ক্রুদ্ধ। সংরব্ধ। ত্রস্ত। ব্যাকুল। আলোড়িত, মথিত।

ক্ষুমা, (ক্ষু=হাঁচা+ম—সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, তিসি, মসিনা। রেশম। অতসীবৃক্ষ। পাট, শণ।

ক্ষুর, (ক্ষুর্=ছেদনকরা+র—প্রং। র্—লোপ) সং. পুং, গো অশ্ব প্রভৃতি পশুর পায়ের খুর। খাটের খুরা। নাপিতের অস্ত্রবিশেষ। রী—স্ত্রীং, ছুরী। খুর শব্দও হয়। "ত্বং ক্ষুরং জিহ্বয়া লেক্ষি সূচ্যা স্পৃশসি লোচনে। যো রামস্য প্রিয়াং ভার্য্যাং পাপবুদ্ধ্যা নিরীক্ষসে"।

ক্ষুরকর্ম্ম, (ক্ষুরকর্ম্মন্, ক্ষুর—কর্ম্মন্=কর্ম্ম) সং, ক্লীং, ক্ষৌর, কামান।

ক্ষুরধান (ক্ষুর—ধা=ধারণকরা+অনট্‌ধি) সং, ক্লীং, ক্ষুরভাঁড়, যাহাতে নাপিতেরা ক্ষুর রাখিয়া থাকে।

ক্ষুরধার, (ক্ষুর—ধারা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, নরকবিশেষ।

ক্ষুরপত্র, (ক্ষুর—পত্র, ৬ষ্ঠী—হিং) সং, পুং বাণ, শর। বিং, ত্রিং, ক্ষুরতুল্য পত্র বিশিষ্ট (শরবনাদি)।

ক্ষুরপত্রিকা, সং, স্ত্রীং, পালঙ্ শাক।

ক্ষুরপ্র, (ক্ষুর—প্রথ্=যাওয়া+অ—প্রং) সং, পুং, অর্দ্ধচন্দ্রাকৃতি বাণবিশেষ। ঘাস ছেদনার্থ অস্ত্র বিশেষ। খুরপো। খুরপ্র শব্দও হয়। "তীক্ষ্ণক্ষুরপ্রমাদায় তস্যা নাসিকামচ্ছিনৎ"।

ক্ষুরমর্দ্দী, ক্ষুরমুণ্ডী (ক্ষুরমর্দ্দিন্ ক্ষুরমুণ্ডিন, ক্ষুর=নাপিতাস্ত্র—মৃদ=নাশকরা, মুণ্ড্=মুড়াকরা+ইন্—ক) সং, পুং, স্ত্রীং, নাপিত।

ক্ষুরী, (ক্ষুরিন্, ক্ষুর+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, ণী—স্ত্রীং, নাপিত, নাপিতিনী। ক্ষুরযুক্ত পশু।

ক্ষুল্ল, ক্ষুল্লক (ক্ষুদ্ [ক্ষুদ্=চূর্ণকরা+ক্বিপ্—প্রং] গুঁড়া, ধূলা—ল, [লা=গ্রহণ করা, হওয়া+ড—প্র]। ক—স্বার্থে) বিং, ত্রিং, অল্প। লঘু। ক্ষুদ্র। কনিষ্ঠ।

ক্ষুল্লতাত, ক্ষুল্লতাতক (ক্ষুল্ল=কনিষ্ঠ—তাত=পিতা, য়ং—স) সং,পুং, পিতার কনিষ্ঠভ্রাতা, খুড়া।

ক্ষেত্র, (ক্ষি=বাসকরা+ত্র—প্রং) সং, ক্লীং, ক্ষেত, ভূমি। মনঃ। ইন্দ্রিয়। পত্নী শরীর। তীর্থস্থান। সিদ্ধ ভূমি। সীমাবেষ্টিত স্থান, ত্রিভুজ চতুর্ভুজ প্রভৃতি। "ক্ষেত্রভূতা স্মৃতা নারী বীজভূতঃ স্মৃতঃ পুমান্। ক্ষেত্রবীজসমাযোগাৎ সংভবঃ সর্ব্বদেহিনাম্"। "জীর্ণোদ্যানে শ্মশানে চ চৈত্যে চ ধবলাগৃহে। এষু ক্ষেত্রেষু যে দষ্টা যান্তি তে যমসাদনম্"। "ধর্ম্মক্ষেত্রে কুরুক্ষেত্রে সমবেতা যুযুৎসবঃ"।

ক্ষেত্রজ, (ক্ষেত্র—জ=যে জন্মে, ৫মী—ষ) সং, পুং, জা—স্ত্রীং, স্বস্ত্রীতে অন্যপুরুষদ্বারা উৎপাদিত পুত্র বা কন্যা। বিং,ত্রিং, ক্ষেত্রজাত। "মৃতস্য চ প্রসূতো যঃ ক্লীবস্য ব্যাধিতস্য বা। অন্যেনানুমতো বা স্যাৎ স্বক্ষেত্রে ক্ষেত্রজঃ স্মৃতঃ॥ ঔরসঃ ক্ষেত্রজশ্চৈব দত্তঃ কৃত্রিম এব চ। গূঢ়োৎপন্নোঽপবিদ্ধশ্চ দায়াদা বান্ধবাশ্চ ষট্॥ কানীনশ্চ সহোঢ়শ্চ ক্রীত পৌনর্ভবস্তথা। স্বয়দত্তশ্চ শৌদ্রশ্চ ষড় দায়াদ বান্ধবাঃ"॥ দায়ভাগ।

ক্ষেত্রজ্ঞ, (ক্ষেত্র=শরীর—জ্ঞ=যে জানে, ২য়া—ষ) সং, পুং, আত্মা, পুরুষ, অন্তর্যামী। স্বেচ্ছাচারী কৃষক। বিং, ত্রিং, বিদগ্ধ, নিপুণ। "ইদং শরীরং কৌন্তেয়

ক্ষেত্রমিত্যভিধীয়তে। এতদ্ যো বেত্তি তং প্রাহুঃ ক্ষেত্রজ্ঞমিতি তদ্বিদঃ" ॥"ক্ষেত্রজ্ঞং চাপি মাং বিদ্ধি সর্ব্বক্ষেত্রেষু" ভারত। যোঽস্যাত্মনঃ কারয়িতা তং ক্ষেত্রজ্ঞং প্রচক্ষতে।" ভগবদ্গীতা।

ক্ষেত্রতত্ত্ব (Geometry) সং, ক্লীং, ক্ষেত্রের প্রকৃতি ও পরিমাণ নিরূপক শাস্ত্র, জ্যামিতি।

ক্ষেত্রপতি, (ক্ষেত্র—পতি=স্বামী) সং, পুং, রুদ্র। ক্ষেত্রপাল। "অথ প্রভাতে-ক্ষেত্রপতি র্লগুড়হস্তস্তং প্রদেশং গচ্ছন্ কাকেনাবলোকিতঃ"। হিতোপদেশ।

ক্ষেত্রপর্পটী, সং, স্ত্রীং, ক্ষেতপাব্‌ড়া।

ক্ষেত্রপাল, (ক্ষেত্র—পাল=যে রক্ষা করে) সং, পুং, ক্ষেত্ররক্ষক। দেবতাবিশেষ।

ক্ষেত্রফল, (Area) সং, ক্লীং. ক্ষেত্রান্তর্গত স্থানের পরিমাণ। ভূমির পরিমাণফল। ভূমির কালী।

ক্ষেত্রাজীব, (ক্ষেত্র=ক্ষেত—আজীব যে বাঁচে। যে ক্ষেত্রে পরিশ্রম করিয়া জীবিকা নির্ব্বাহ করে) বিং, ত্রিং, কৃষক, কৃষিজীবী। [পুং,ক্ষেত্রস্বামী।

ক্ষেত্রিক, (ক্ষেত্র+ইক—অস্ত্যর্থে) সং,

ক্ষেত্রিয়, (ক্ষেত্র=ক্ষেত, শরীর+ইয়—প্রং) সং, পুং, পরদাররত ব্যক্তি। অসাধ্য রোগ। ক্লীং, পরদার। ক্ষেত্রজাত তৃণ। চিকিৎসা। বিং,ত্রিং,ক্ষেত্রসম্বন্ধীয়।

ক্ষেত্রী, (ক্ষেত্রিন্, ক্ষেত্র+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ক্ষেত্রস্বামী। সং, পুং, স্বামী, ভর্ত্তা।

ক্ষেপ, (ক্ষিপ=ক্ষেপণকরা+ঘঞ—ভা) সং, পুং, নিক্ষেপ, ছুড়িয়া ফেলা। অপসারণ। ত্যাগ। বিন্যাস। নিন্দা। গর্ব্ব, অহঙ্কার। বিলম্ব। যাপন, কাটান। চালান। প্রেরণ। লেপন। লঙ্ঘন।

ক্ষেপক, (ক্ষিপ+ণক—ক) বিং, ত্রিং, যে ক্ষেপণ করে। সং, পুং, গুচ্ছ। অঙ্কবিশেষ। গ্রন্থমধ্যে ক্ষিপ্তপাঠ।

ক্ষেপণ, (ক্ষিপ্+অনট্—ভা) সং, ক্লীং, নিক্ষেপ। পরিত্যাগ। অপসারণ। প্রেরণ। যাপন। নিন্দা।"বিধবা যৌবনস্থা চ নারী ভবতি কর্কশা"। "আয়ুষঃ ক্ষেপণার্থং তু দাতব্যং স্ত্রীধনং সদা।"

ক্ষেপণি,ণী } ক্ষেপণিকা } (ক্ষেপ দেখ, অনি—প্রং) ক—যোগে ক্ষেপণিকা) সং, স্ত্রীং, নৌকাদণ্ড, ধ্বজি, দাঁড়। ক্ষেপলা জাল। ক্ষেপণীয়াস্ত্র বিশেষ। ফাঁদবিশেষ।

ক্ষেপণিক, (ক্ষেপণি+ইক—প্রং) সং, পুং, যে ব্যক্তি ক্ষেপণি ক্ষেপণ করে, দাঁড়ী।

ক্ষেপণী, (Parabola) সং, স্ত্রীং, বন্দুকের গুলি,বাঁটুল, ঢিল্ ইত্যাদি বস্তু। বিক্ষিপ্ত হইলে যে বক্রপথে গমন করে। ক্ষেপণি।

ক্ষেপণীয়, (ক্ষিপ+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, ক্ষেপণযোগ্য। সং, ক্লীং, ক্ষেপণ করিবার যোগ্য অস্ত্রাদি। খড়্গ। "নারাচক্ষেপণীয়াশ্ম-সংঘর্ষোৎপতিতানলম্।"

ক্ষেপিষ্ঠ } ক্ষেপীয়ান্ } (ক্ষেপীয়স্, ক্ষিপ্র=শীঘ্র +ইষ্ঠ, ঈয়স্—অত্যর্থে। র—লোপ) বিং, ত্রিং, অতি ক্ষিপ্রগামী ক্ষিপ্রতর, অতিশয় শীঘ্র।

ক্ষেম, (ক্ষি=ক্ষয়করা+ম—সংজ্ঞার্থে। যে দুঃখ নাশ করে) সং, পুং,—ক্লীং, লব্ধবস্তুর রক্ষা। কল্যাণ। ক্লীং, কুশল, মঙ্গল। "ক্ষেমেনাভ্যাগতোরণ্যাদপিমাং সুখয়িষ্যতি" বিষ্ণুপুরাণ। মুক্তি। বিং, ত্রিং, শুভজনক। মঙ্গলদায়ক, মা—স্ত্রীং, কাত্যায়নী।

ক্ষেমঙ্কর, (ক্ষেম—কৃ=করা+খ—ক। ম—আগম) বিং, ত্রিং, মঙ্গলকারক। শুভদায়ক,।

ক্ষেমবান্, (ক্ষেমবৎ, ক্ষেম+বৎ—অস্ত্যর্থে) বিং ত্রিং, মঙ্গলবিশিষ্ট, কুশলী।

ক্ষৈত্র, (ক্ষেত্র=ক্ষেত ইত্যাদি+ষ্ণ—সমূহার্থে) সং, ক্লীং, ক্ষেত্রসমূহ।

ক্ষৈরেয়, (ক্ষীর+ঢেয়—ইদমর্থে) বিং, ত্রিং, ক্ষীরসংক্রান্ত। ক্ষীরসংস্কৃত।

ক্ষোদ, (ক্ষুদ্=চূর্ণকরা+ঘঞ্—র্ম্ম, ধি) সং,পুং, ক্ষুদ। চূর্ণ, গুঁড়। পেষণ,চূর্ণন। চূর্ণ করিবার নিমিত্ত প্রস্তর নির্ম্মিত যন্ত্রবিশেষ, জাঁতা প্রভৃতি।

ক্ষোদ-ক্ষম, বিং, ত্রিং, পেষণযোগ্য। বিচারসহ। [চূর্ণকরণ, অক্ষরাঙ্কন।

ক্ষোদন, (ক্ষুদ+অনট্—ভা) সং, ক্লীং,

ক্ষোদিত, (ক্ষুদ্+ক্ত-র্ম্ম) বিং, ত্রিং, পিষ্ট, চূর্ণিত। যাহা ক্ষোদা গিয়াছে,উৎকীর্ণ।

ক্ষোদিষ্ঠ, ক্ষোদীয়ান্ (ক্ষোদীয়স্, ক্ষুদ্র+ইষ্ঠ, ঈয়স্—অত্যর্থে। ক্ষুদ্র=ক্ষোদ) বিং, ত্রিং, অতি ক্ষুদ্র। "ক্ষোদীয়ানপি গণ্যতে।"

ক্ষোভ, (ক্ষুভ্=চঞ্চলহওয়া+ঘঞ্—ভা) সং, পুং, বাধা। ধর্ষণ। চাঞ্চল্য। চলন। সঞ্চলন। বিলোড়ন। স্খলন। আঘাত। দুঃখ, মনস্তাপ। "ইত্থং তন্বি বপুঃ প্রশান্তমপি তে ক্ষোভং করোত্যেব নঃ।" "ইত্থমহঙ্কারস্য ক্ষোভেণ পঞ্চতন্মাত্রাণি একাদশেন্দ্রিয়াণি জায়ন্তে।"

ক্ষোভণ, (ক্ষোভি=চঞ্চল হওয়ান+অন —প্রং) সং, পুং, কন্দর্পের বাণবিশেষ। সাঙ্খ্যমতোক্ত পুরুষ। বিং,ত্রিং, ক্ষোভকারক।

ক্ষোভিত, (ক্ষুভ+ণিচ+ক্ত-র্ম্ম) বিং,ত্রিং, চালিত। আলোড়িত, ত্রাসিত। ধর্ষিত।

ক্ষৌণি, ক্ষৌণী, (ক্ষুর্=খননকরা+নি—প্রং। র্—লোপ) সং স্ত্রীং, পৃথিবী। "কম্পং সাত্ত্বিকভাবমঞ্চতি রিপু ক্ষৌণীন্দ্রদারাধরা" "ন ক্ষৌণী ভঙ্গভীরুঃ কলয়তি চ শিরঃ কম্পনং তন্ত্রবিদ্ম" উত্তরনৈষধ। [তত্ত্ববিদ্যা।

ক্ষৌণীবিদ্যা (Geology) সং, স্ত্রীং, ভূ-

ক্ষৌদ্র, (ক্ষুদ্রা=মধুমক্ষিকা+ষ্ণ—কৃতার্থে) সং, ক্লীং, মধু। জল। পুং, চম্পকবৃক্ষ। বিং, ত্রিং, ক্ষুদ্রা বা ক্ষুদ্রসম্বন্ধীয়। "ভল্লাপবর্জ্জিতৈস্তেষাং শিরোভিঃ শ্মশ্রুলৈর্মহীম্। তস্তার শরঘা ব্যাপ্তৈঃ সক্ষৌদ্র পটলৈরিব"। রঘুবংশ।

ক্ষৌদ্রজ, (ক্ষৌদ্র—জ=যে জন্মে) সং, ক্লীং, মোম। বিং, ত্রিং, মধুজাত বস্তু।

ক্ষৌদ্রমেহ, সং, পুং, প্রমেহরোগবিশেষ।

ক্ষৌদ্রেয়, (ক্ষুদ্রা+ঢেয়—ইদমর্থে) সং, ক্লীং, মোম। বিং, ত্রিং, ক্ষৌদ্রসম্বন্ধীয়।

ক্ষৌম, ক্ষোম (ক্ষু=শব্দকরা+ম—প্রং) সং, পুং, ক্লীং, প্রাসাদের উপরিভাগস্থ গৃহ। অট্টালিকা। (ক্ষমা+অ—প্রং) পট্টবস্ত্র, রেশমী কাপড়, দুকূল। "নবং নবক্ষৌমনিবাসিনী সা ভূয়ো বভৌ দর্পণমাদধানা" কুমার। বিং, ত্রিং, ক্ষুমানির্ম্মিত, মসিনাসূত্রনির্ম্মিত।

ক্ষৌর, (ক্ষুর+ষ্ণ—ইদমর্থে) সং, পুং, ক্ষুরকর্ম্ম, কামান। বিং, ত্রিং, ক্ষুরসংক্রান্ত।

ক্ষৌরিক, (ক্ষুর+ষ্ণিক—অস্ত্যর্থে) সং, পুং, ক্ষুরকর্ম্মকারী, নাপিত।

ক্ষ্ণুত, (ক্ষ্ণু=তীক্ষ্ণ করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, শাণিত, তীক্ষ্ণীকৃত।

ক্ষ্মা, (ক্ষম্=সহ্যকরা+অ—প্রং। যে সহ্য করে সং, স্ত্রীং, পৃথিবী।

ক্ষ্মাধর, ক্ষ্মাভৃৎ } ক্ষ্মা=পৃথিবী—ধর, ভৃৎ যে ধারণ করে, কিম্বা পোষণ করে, ২য়া—ষ) সং, পুং, রাজা। অনন্ত দেব, পর্ব্বত।

ক্ষ্মাভুক্, (ক্ষ্মাভুজ্, ক্ষ্মা—ভুজ্=ভোজন করা+ক্বিপ্—প্রং) সং, পুং, রাজা।

ক্ষ্মায়িত, (ক্ষ্মায়্=কাঁপা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, কম্পিত।

ক্ষ্বিণ্ণ, (ক্ষ্বিদ=মোচনকরা, স্নিগ্ধকরা+ক্ত —র্ম্ম) বিং, ত্রিং, মুক্ত। স্নিগ্ধ।

ক্ষ্বেড়, (ক্ষ্বিদ্=শব্দকরা ইত্যাদি+ঘঞ্ প্রং। দ=ড। অথবা ক্ষ্বেল্=কম্পিতকরা+অ—প্রং। ল=ড) সং,ক্লীং,ধ্বনি, শব্দ। অশ্লীল গান, খেউড়, বিষ, গরল। বিং, ত্রিং, দুরাসদ। কুটিল। বক্র।

ক্ষ্বেড়া—স্ত্রীং, ক্ষ্বেড়িত—ক্লীং } (ক্ষ্বেড় দেখ, আ, ত —ভা) সং, বংশশলাকা, যুদ্ধকালীন চীৎকার, সিংহনাদ।

ক্ষ্বেলা, (ক্ষ্বেল্=কাঁপা, গমনকরা+অ—প্রং) সং, স্ত্রীং, ক্রীড়া, খেলা। সঞ্চালন।
ক্ষ্বেলন, (ক্ষ্বেল্—অনট্ ভা) সং, ক্লীং, ক্রীড়ন, সঞ্চালন।
ক্ষ্বেলিত, (ক্ষ্বেল্—ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ক্ষ্বেড়িত। সঞ্চালিত।

খ।

খ,—ব্যঞ্জন বর্ণের দ্বিতীয় অক্ষর। (খন্=বিদারণকরা+ড—প্রং) সং, ক্লীং, স্বর্গ, দেবলোক, শূন্য। আকাশ। খে খেলগামী তমুবাহ বাহঃ সশব্দচামীকর কিঙ্কিণীকঃ" কুমারসম্ভব। ইন্দ্রিয়। শরীর। সুখ। নগর। পুং, সূর্য্য।
খই, (খদিকা শব্দজ) সং, ভৃষ্টধান্য, লাজ।
খএর, খয়ের (খদির শব্দজ) সং, বৃক্ষবিশেষের নির্য্যাস।
খকুন্তল, (খ=আকাশ—কুন্তল=কেশ) সং, পুং, শিব।
খগ, (খ=আকাশ—গ=যে গমন করে, ৭মী—ষ) সং, পুং, গ্রহ। দেবতা। বায়ু। সূর্য্য। পক্ষী। বাণ।
খগপতি, খগেন্দ্র, খগেশ্বর (খগ=পক্ষী—পতি, ইন্দ্র, ঈশ্বর=প্রভু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, গরুড়, বিষ্ণুর বাহন।
খগবতী, (খগ=পক্ষী ইত্যাদি+বৎ—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, পৃথিবী।
খগান্তক, (খগ—অন্তক=নাশক, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বাজপক্ষী, শ্যেনপক্ষী।
খগাসন, (খগ=পক্ষী, সূর্য্য—আসন=বসিবার স্থান, বাসস্থান) সং, পুং, উদয় পর্ব্বত। বিষ্ণু।
খগোল, (Celestial sphere)(খ=আকাশ—গোল=মণ্ডল, মং,—স) সং, পুং, আকাশমণ্ডল।
খগোলবিদ্যা, (Astronomy) সং, স্ত্রীং, যে বিদ্যা দ্বারা গ্রহনক্ষত্রাদির প্রকৃতি অবস্থান ও গতি প্রভৃতি নিরূপণ করা যায়।
খগ্গড়, সং, পুং, শর, খাগ্ড়া।
খঙ্কর, সং, পুং, চূর্ণকুন্তল, ঝাপ্টা।
খচমস, (খ=আকাশ—চম্=ভক্ষণ করা+অস—প্রং,) সং, পুং, চন্দ্র।
খচর, (খ=আকাশ—চর=যে চরে, ৭মী—ষ) বিং, ত্রিং, আকাশগামী। সং, পুং, বায়ু। রাক্ষস। সূর্য্য। গ্রহ। অশ্বতর। পক্ষী। মেঘ। রী—স্ত্রীং, রাক্ষসী। "খচরস্য সুতস্য সুতঃ খচরঃ খচরস্য পিতা ন পুনঃ খচরঃ। খচরস্য সুতেন হতঃ খচরঃ খচরী পরিরোদিতি হা খচর॥"
খচিত, (খচ্=বিভূতিযুক্তহওয়া, যোজনকরা+ক্ত,—র্ম্ম) বিং, ত্রিং, যোজিত। জড়িত। রচিত। মিশ্রিত, ব্যাপ্ত। একত্রিত। অন্তর্নিহিত। বদ্ধ। ছুরিত, রঙ্গিত।
খজ, (খজ্=মন্থন করা+অ—প্রং) সং, পুং, দর্ব্বী, হাতা। মন্থনদণ্ড।
খজপ, (খজ্=মন্থন করা, পীড়ন করা+অপ—সংজ্ঞার্থে) সং, ক্লীং, ঘৃত।
খজল, (খ আকাশ—জল,৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, আকাশবারি, শিশির, নীহার। "বর্ষাসু চরন্তি ঘনৈঃ সহোরগা বিয়ন্তি কীটলূতাশ্চ। তদ্বিষজুষ্টমপেয়ং খজলমগস্ত্যোদয়াৎ পূর্ব্বম্॥"
খজা, খজাকা (খজ্=মন্থনকরা+অ, আক—প্রং। যে ব্যঞ্জনাদি মন্থন করে) সং, স্ত্রীং, দর্ব্বী, হাতা।
খজ্যোতিঃ (খজ্যোতিস্, খ=আকাশ—জ্যোতিস্=দীপ্তি, ৭মী—হিং) সং, পুং, জোনাক্‌পোকা। খদ্যোত।
খঞ্জ, (খন্‌জ্=খুড়িয়া যাওয়া+অ—ক) বিং, ত্রিং, বিকল পদ, খোঁড়া।
খঞ্জখেট, খঞ্জখেল (খঞ্জ=খোঁড়া—খেট, খেল=যে গমন করে। যে খঞ্জের ন্যায় গমন করে) সং, পুং, খঞ্জনপক্ষী।

খঞ্জন, (খঞ্জ দেখ, অন—প্রং) সং, পুং,

খঞ্জন পক্ষী।

স্বনাম প্রসিদ্ধ পক্ষী।

খঞ্জনরত, (খঞ্জন=পক্ষিবিশেষ—রত= রমণ) সং, ক্লীং, গোপনীয় মৈথুন।

খঞ্জরীট, (খঞ্জ=খোঁড়া—ঋ=গমন করা +ঈট—প্রং। নিপাতন) সং, পুং, খঞ্জনপক্ষী।

খট, (খট্=আকাঙ্ক্ষাকরা, অন্বেষণকরা +অ—প্রং) সং, পুং, তৃণ। অন্ধকূপ। টঙ্ক। প্রহারবিশেষ। কফ। লাঙ্গল।

খটিক, (খট্=অন্বেষণ করা, ইচ্ছা করা +অক—প্রং। ই—আগম) সং, পুং, বিকৃতপাণি,কুব্জহস্ত। কা—স্ত্রীং, খড়ী। "এতদ্গুনানাং গণনাঙ্কপাতঃ প্রত্যর্থিকীর্ত্তীঃ খটিকাঃ ক্ষিণোতি।"উত্তরনৈষধ।

খটিনী } (খট্=অন্বেষণ করা+ইন্,
খটী } ঈ—প্রং) সং, কঠিনী, খড়ী।

খট্টন, (খট্ট্=আচ্ছাদনকরা+অন—প্রং) বিং, ত্রিং, খর্ব্ব, খাট।

খট্টা, খট্বা (খট্ট্, খট্ব্=আচ্ছাদনকরা+অ—প্রং। আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, পর্য্যঙ্ক, খাট। [গন্ধগোকুলা।

খট্টাশ—সং, পুং,বন্য জন্তুবিশেষ, খটাশ।

খট্টি, (খট্ট্=আচ্ছাদনকরা+ই—প্রং) সং, পুং, মড়ারখাট।

খট্টিক, (খট্ট=আচ্ছাদন করা+ইক—প্রং) সং, পুং, ব্যাধ।

খট্টেরক, (খট্ট=আচ্ছাদন করা+এরক —প্রং) বিং, ত্রিং, খর্ব্ব, খাট।

খট্বাঙ্গ, (খট্বা—অঙ্গ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, খট্টার অঙ্গ,খাটের পায়ার মত মুদ্গর। পৃষ্ঠবংশ। নরপঞ্জর। পুং, সূর্য্যবংশীয় নৃপবিশেষ।

খট্টাঙ্গভৃৎ, (খট্টাঙ্গ=শিবের অস্ত্রবিশেষ—ভৃৎ=যে ধারণ করে) সং, পুং, শিব।

খট্বারূঢ়, (খট্বা—আরূঢ়=যে আরোহণ করিয়াছে, ২য়া—ষ) বিং, ত্রিং, অলস। দুরাচার। পামর, অনবহিত। প্রমত্ত, খট্বাস্থিত, খট্টায় শয়িত।

খট্বিকা } (খট্টা দেখ, ই—প্রং। ক—
খট্টিকা } অল্পার্থে) সং,স্ত্রীং,ছোটখাট।

খড়, (খড় ভেদকরা+অ—প্রং) সং, পুং, ভঙ্গ। ক্লীং, ক্ষুদ্র তৃণ। (দেশজ) শুষ্কতৃণ।

খড়ক্কিকা, (খড় দেখ, নিপাতন) সং, স্ত্রীং, গুপ্তদ্বার। খিড়কী।

খড়ক্কী,(খড়ক্=অব্যক্ত শব্দ-কৃ=করা+অ —প্রং) সং,স্ত্রীং, গুপ্তদ্বার, খিড়কীদ্বার।

খড়ম, (দেশজ) সং, কাষ্ঠপাদুকা।

খড়িকা, (খড় শব্দজ) সং, উলুখড়ের মূলভাগ। (খড়ী+ক—যোগ) সং, স্ত্রীং, খড়ীমাটী। [খড়ীমাটী।

খড়ী, (খড় দেখ, ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং,

খড়্গ, (খড়=দেখ, গ—প্রং) সং, পুং, গণ্ডারের শৃঙ্গ। গণ্ডার, খাঁড়া। অসি। "আত্মানমাসন্ন গণোপনীতে খড়্গে-নিষিক্তপ্রতিমং দদর্শ" কুমার। ক্লীং, লোহ। [পুং, খড়্গের খাপ।

খড়্গকোষ, (খড়্গ—কোষ, ৬ষ্ঠী—ষ) সং,

খড়্গপত্র, সং, ক্লীং, খড়্গকোষ। ঢাল।

খড়্গপিধান, (খড়্গ—পিধান=কোষ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, খড়্গকোষ, খাপ।

খড়্গপাণি } (খড়্গ—পাণি=হস্ত, ৬ষ্ঠী
খড়্গহস্ত } —হিং) বিং, ত্রিং খড়্গধারী। প্রহারোদ্যত, মারণোন্মুখ।

খড়্গপুচ্ছী, (Zyphosura) যাহাদের ঢালের ন্যায় দেহাবরণের নিম্নভাগে দীর্ঘ খড়্গাকার শলাকা থাকে, যথা—সমুদ্র কর্কটী।

খড়্গী, (খড়্গিন্, খড়্গ+ইন্—অস্ত্যর্থে) স,, পুং, খড়্গধারী। গণ্ডার পশু। বিং, ত্রিং, [দাত্র, দা।

খড়্গীক, (খড়্গ+ঈক—প্রং) সং, ক্লীং,

খণ্ড, (খন্ড্=ভগ্নকরা+অ—প্রং) সং, পুং,—ক্লীং, পরিচ্ছেদ। অংশ। ভেদ। ছেদ, টুক্‌রা। "বিয়োগিদাহায় কটুত্বযিষস্তবযারভানোরিব খণ্ডমাহৃতং" উত্তর নৈষধ। "তেন সহ কথাপ্রসঙ্গাবস্থিতো মমত্রাসার্থং জর্জ্জরবংশখণ্ডেন চূড়াকর্ণো ভূমিমতাড়য়ৎ" হিতাপদেশ।

খণ্ডধারা, (খণ্ড=অংশ—ধারি=ধরা+অ—প্রং) সং, স্ত্রীং, কাঁচী। কর্ত্তরী।

খণ্ডন, (খণ্ড+অনট্—ভা) সং, ক্লীং, না—স্ত্রীং, ভঙ্গ। ছেদন। ভঞ্জন। নিরাকরণ। স্বামীতে পরনারী সঙ্গ চিহ্ন দর্শনহেতুক নায়িকার অপমান বোধ। "স্মরগরল খণ্ডনং মম শিরসি মণ্ডনং দেহি পদপল্লব মুদারম্" জয়দেব।

খণ্ডনীয়, (খণ্ড+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, যাহা খণ্ডন করা যায়, খণ্ডনের যোগ্য।

খণ্ডপরশু, (খণ্ড=অংশ—পরশু=কুঠার) সং, পুং, শিব। জামদগ্ন্য। পরশুরাম। ক্ষত্রিয়দিগকে নিজ পরশুদ্বারা খণ্ড খণ্ড করিয়া কাটিয়াছিলেন বলিয়া তাহার নাম খণ্ডপরশু হইয়াছে।

খণ্ডপশু, (খণ্ড=অংশ—পশু=কুঠার। যাঁহার পশু বা অস্ত্র দ্বারা প্রত্যেক বস্তু খণ্ড খণ্ড করিয়া কাটা হইত) সং, পুং, পরশুরাম। শিব। ভগ্নদন্তহস্তী। রাহু।

খণ্ডপাল, (খণ্ড=ইক্ষু গুড়-পাল=যে পালে বা রক্ষা করে) সং, পুং, মোদক, ময়রা।

খণ্ডপ্রলয়, (খণ্ড—প্রলয়=ধ্বংস) সং,পুং, ব্রহ্মা প্রাতে সৃষ্টি করিয়া সায়ংকালে যে লয় করেন, তাহার নাম খণ্ডপ্রলয়। ক্ষুদ্রপ্রলয়।

খণ্ডাভ্র, (খণ্ড=অংশ—অভ্র=মেঘ ইত্যাদি)সং,ক্লীং, খণ্ড খণ্ড মেঘ,ছেঁড়া মেঘ।

খণ্ডিক, (খণ্ড+ইক—প্রং) সং, পুং, কলাই। কক্ষ, বগল। স্বনামপ্রসিদ্ধ ঋষিবিশেষ। বিং, ত্রিং, ক্রুদ্ধ।

খণ্ডিত, (খণ্ড—ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, কর্ত্তিত, দ্বিধাকৃত। নিরাকৃত, অপনীত। ছিন্ন। ভিন্ন। বিভক্ত। অসম্পূর্ণ অঙ্গহীন। ভগ্ন ত্রাসিত। তা—স্ত্রীং, স্বামীর পরনারী রমণ চিহ্ন দর্শনে ঈর্ষ্যাযুক্তা নায়িকা। "পার্শ্বমেতি প্রিয়ো যস্যা অন্য সংভোগচিহ্নিতঃ। সা খণ্ডিতেতি কথিতা ধীরৈরীর্ষ্যাকষায়িতা। তাড়িতা অপিদণ্ডেন শস্ত্রৈরপি বিখণ্ডিতাঃ। ন বশং যোষিতো যান্তি ন দানৈর্ন চ সংভবৈঃ"॥

খতমাল, (খ=আকাশ—তমাল=কৃষ্ণবর্ণ মুকুলবশিষ্ট বৃক্ষবিশেষ) সং, পুং, ধূম। মেঘ। [ভগ্ন।

খতুয়া, খতো, (ক্ষত শব্দজ) বিং, জীর্ণ, খদিকা ; সং, স্ত্রীং, খই।

খদির, (খদ্=হিংসাকরা+ইর—সংজ্ঞার্থে) সং, পুং, ইন্দ্র। চন্দ্র। খয়েরগাছ। ক্লীং, খয়ের।

খদিরসার, (খদির—সার, ৬ষ্ঠী—ষ) সং, পুং, খয়ের। "বিনা খদিরসারেণ হারেণ হরিণীদৃশাম্।—নাধরে থ্রিয়তে রাগো নাপিরাগঃ পয়োধরে"।

খদিরিকা, (খদির+ইক—প্রং) সং, স্ত্রীং, লাক্ষা, লা।

খদ্যোত, (খ=আকাশ—দ্যোত [দ্যুৎ দীপ্তিপাওয়া+ঘঞ্—ক] যে দীপ্তি পায়, ৭মী—ষ) সং, পুং, জ্যোতিরিঙ্গণ কীট, জ্যোনাকি পোকা। সূর্য্য। "বিকীর্যমাণাম্ খদ্যোতৈর্ব্বকাং স্তেজোভিরেব চ"

খাদ্যোতন, (খ=স্বর্গ—দ্যুৎ=দীপ্তিপাওয়া+অন—প্রং) সং, পুং, সূর্য্য।

খধূপ, (খ=আকাশ—ধূপ = দহ্যদ্রব্য, ৬ষ্ঠী—ষ)সং, পুং, হাউই বাজী। তোপ। "ধ্বজান্ ববন্ধু মুমুচুঃ খধূপান্"।

খনক, (খন=খননকরা+অক—ক, শিল্পীঅর্থে) সং, পুং, মূষিক। সিঁধাল চোর। আকরজ, যাহারা আকর হইতে আকরজ পদার্থ সমূহ বাহির করে। বিং, ত্রিং, খননকর্ত্তা। "বিদুরস্য সুহৃদ্ কশ্চিৎ খনকঃ কুশলঃ শুচিঃ"মহাভারত।

খনন, (খন্+অনট্—ভা) সং, ক্লীং,

খোঁড়া। খাতকরণ। আকর হইতে ধাতু মণি প্রভৃতি বাহির করণ।

খনি, খনী, খানি, (খন্=খোঁড়া+ই—প্রং। রত্নাদি লাভ জন্য যাহা খনন করা যায়) সং, স্ত্রীং, আকর, স্বর্ণাদির উৎপত্তি স্থান। গর্ত্ত।

খনিত্র, (খন্+ইত্র—ণ। যাহার দ্বারা খনন করা যায়) সং, ক্লীং, খননাস্ত্র, খন্তা। "ততঃ খনিত্রমাদায় তেন বিবরং খনিত্বা চিরসঞ্চিতং মম ধনং গৃহীতং" হিতোপদেশ।

খন্দ, (দেশজ) সং, শস্যাদি, ফল মূলাদি।

খপুর, (খ=ইন্দ্রিয়—পৃ=পুষ্টিকরা+অ—প্রং, ২য়া—ষ) সং, পুং, গুবাক বৃক্ষ। ক্লীং, ঘট, কলস। বিং, ত্রিং, অলস।

খপুষ্প, (খ=আকাশ—পুষ্প=ফুল) সং, পুং, আকাশ কুসুম। কল্পিত বস্তু, শূন্য, যাহার সত্বা নাই।

খমণি, (খ=আকাশ—মণি=রত্ন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সূর্য্য।

খমীলন, (খ=শূন্য—মীলন=ক্কুমুদ্রিত করণ) সং, ক্লীং, তন্দ্রা, অল্পনিদ্রা।

খমূল, খমূলিকা, খমূলী (খ শূন্য—মূল, ৭মী—হিং) সং, স্ত্রী জলের পানা। কুম্ভিকা।

খর, (খ=মুখবিবর+র—প্রং। যাহার মহৎমুখবিবর) সং, পুং, কুরর পক্ষী। কাক। অশ্বতর। গর্দ্দভ। তীক্ষ্ণস্পর্শ। রাক্ষসবিশেষ। "উৎপতিষ্ণু সহিষ্ণু চ [illegible]" ভট্টি। সং, পুং—উত্তাপ, [illegible]তা। বিং, ত্রিং, উষ্ণ। [illegible]। শীঘ্র। উগ্র, তীক্ষ্ণ।

[illegible] উত্তাপ—কুটী=আলয়) [illegible]পিতের গৃহ।

খরগোস; [illegible]ং, পুং, স্বনাম খ্যাত জন্তু।

[illegible] খর=তীক্ষ্ণ, উষ্ণ—ছদ=পত্র, [illegible]) সং, পুং, উলুখড়।

[illegible]রণস, (খর=তীক্ষ্ণ—নাসিকা। নাসিকা[illegible] স্থানে নস্, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, তীক্ষ্ণনাসিক, ধারাল নাকবিশিষ্ট।

খরদণ্ড, (খর=ধারাল—দণ্ড=যষ্টি বা ডাঁটা, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, পদ্ম।

খরপ্রিয়, (খর=উষ্ণ—প্রিয়) সং, পুং, পারাবত, পায়রা।

খরাংশু, (খর=উষ্ণ—অংশু=কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, তিগ্মাংশু, সূর্য্য।

খরু, (খন্=খনন করা+উ—সংজ্ঞার্থে। ন্=র্) সং, পুং, কামদেব। শিব। দন্ত। ঘোটক। দর্প। স্ত্রীং, পতিম্বরা কন্যা। বিং, ত্রিং, নির্ব্বোধ। ক্রূর। শুক্লবর্ণ। তীক্ষ্ণ।

খর্জ্জন, (খর্জ্জ্=চুল্‌কিয়া দেওয়া+অন—ভা) সং, ক্লীং, কণ্ডূয়ন, চুল্‌কন।

খর্জ্জু, খর্জ্জূ (খর্জ্জ্=চুল্‌কিয়া দেওয়া+উ, উ—সংজ্ঞার্থে [illegible] গাছ। [illegible]বিশেষ। কণ্ডূয়ন।

[illegible]র্জূর, (খর্জ্জি=ব্যথিত হওয়ান+ঊর—সংজ্ঞার্থে। সং, ক্লীং, খেজুরফল। রূপ্য। পুং, বৃশ্চিক। শোঁয়াপোকা। পুং, রী—স্ত্রীং, খেজুর গাছ।

খর্পর, (কৃপ্=পারকহওয়া+অর—প্রং। ক=খ) সং, পুং, ধূর্ত্ত। চোর। ভিক্ষাপাত্র। ক্লীং, রী—স্ত্রীং, মাথার খুলি। কজ্জল, কাজল। খাপরা।

খর্ব্ব, (খর্ব্ব্=গমনকরা, খাটহওয়া+অ প্রং) সং, পুং, কুবেরের নিধিবিশেষ। ক্লীং, সঙ্খ্যাবিশেষ। বিং, ত্রিং, ছোট। বামন, বেঁটে। নীচ। "একং দশ সহস্রাযুত লক্ষ প্রযুত কোটয়ঃ ক্রমশঃ। অর্ব্বুদমব্জং খর্ব্বনিখর্ব্ব মহাপদ্ম শঙ্খবস্তস্মাৎ। জলধি শ্চান্ত্যং মধ্যং পরার্দ্ধ মিতি দশগুণোত্তরাঃ সংজ্ঞাঃ।"

খর্ব্বট, (খর্ব্ব দেখ, অট—সংজ্ঞার্থে) সং, পুং, —ক্লীং, চারি শত গ্রামের মধ্যস্থ গ্রাম। পর্ব্বতের পার্শ্বস্থিত গ্রাম।

খর্ব্বশাখ, (খর্ব্ব=ছোট—শাখা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, খর্ব্ব। বামন, ক্ষুদ্রশাখাবিশিষ্ট বৃক্ষ।

খর্ম্ম, সং, পুং, রেসমী কাপড়। পুরুষত্ব।

খল, (খল্ [হানি] সংগ্রহকরা+অ—প্রং) সং, পুং—ক্লীং, মর্দ্দনপাত্র। মর্দ্দনস্থান, খামার। তৈলের সিটা। জঞ্জাল। মল। পুং, যে অন্যের হিংসা করে, হিংসক। দুর্জ্জন। যাহার মন সরল নয়, কুটিল। (খ—লী+অ—প্রং) সূর্য্য। (খ—লা+ড—প্রং) তমাল বৃক্ষ। বিং, ত্রিং, নীচ। "সর্পঃক্রূরঃ খলঃক্রূরঃ সর্পাৎক্রূরতরঃ খলঃ। মন্ত্রৌষধিবশঃসর্প খলঃ কেননিবার্য্যতে"। "খলঃ করোতি দুর্বৃত্তং নূনং ফলতি সাধুষু। দশাননোঽহরৎ সীতাং বন্ধনংতুমহোদধেঃ॥"

খলতা, (খল+তা—ভাবে) সং, স্ত্রীং, অন্যের হিংসা করা। হিংসা প্রবৃত্তি, নীচতা, কৌটিল্য, কু...। "খলতাং খলতামিবাসতীং প্রতিপদ্যেত কথং বুধো জনঃ।"

খলতি, (স্খল=পিচ্‌লিয়া যাওয়া, পড়া+অত—সংজ্ঞার্থে। ই-আগম। স্-লোপ) সং, পুং, ইন্দ্রলুপ্ত রোগ, মাথার টাক।

খলপূ, (খল=মল, স্থান—পূ=শুদ্ধ করা +ক্বিপ্—প্রং) সং, পুং, মার্জ্জনকারী, ফরাশ।

খলমূর্ত্তি, (খল=স্থান—মূর্ত্তি=আকৃতি। সং, পুং, পারদ, পারা। পারদ যে স্থানে রাখা যায় সেই স্থানের অনুরূপ আকৃতি প্রাপ্ত হয় বলিয়া ইহার নাম খলমূর্ত্তি হইয়াছে।

খলধারা, (খল=তৈলাদিকল্ক—আধার যে ধারণ করে) সং, স্ত্রীং, তৈলপায়িকা, তেলাপোকা। আরসলা।

খলি, (খল্=সংগ্রহকরা+ই—সংজ্ঞার্থে) সং, পুং, তৈলাদির সিটা, কাট্।

খলিন, খলীন (খ=মুখ—লীন=সংলগ্ন। যে মুখে লীন হয়) সং, পুং,—ক্লীং, অশ্বের মুখরজ্জু। লাগাম। অশ্বাদির মুখস্থিত লৌহবিশেষ।

খলিনী, (খল+ইন্—প্রং। ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, খামারসমূহ।

খলিশ, খলেশয় ; সং, পুং, খলিশা মাছ।

খলীকার, (খল—কার=যে করে। ঈ—আগম) সং, পুং, ক্ষতি,অনিষ্ট, অপকার, বিপদ্।

খলু, (খ=আকাশ—লুক্=লুপ্তহওয়া+অ—প্রং) অং, জিজ্ঞাসা। নিষেধ। বাক্যালঙ্কার। নিশ্চয়। হেতু। বীপ্সা। উৎপ্রেক্ষা। সান্ত্বনা। অনুনয়। "ন খলু ন খলু বাণঃ সন্নিপাত্যোয়মস্মিন্ মৃদুনি মৃগশরীরে তুলবাশাবিবাগ্নিঃ" শকুন্তলা।

খলুজ্ (খ=আকাশ+লুক্ [লুজ্+ক্বিপ্] নষ্ট) সং, পুং, অন্ধকার।

খলূরিকা, (খন্ড়্=ভগ্নকরা+উর—প্রং। ন্ড়্=ল। ক—যোগ) সং, স্ত্রীং, শস্ত্রাভ্যাসভূমি যে স্থানে অস্ত্রাদি শিক্ষা করা যায় ; ব্যায়ামভূমি।

খলেকপোত, সং, পুং, ন্যায়বিশেষ, যেমন সমুদায় কপোত এক কালে খলে অর্থাৎ খামারে পতিত হয়, সেইরূপ সমুদায় পদার্থ এক বিষয়ের সহিত অন্বিত হইলে খলে-কপোত-ন্যায় কহে। ন্যায়—(১ম, ২) দেখ।

খলে-ধানী, সং, স্ত্রীং, ধান্যাদি মাড়িবার সময় যে কাষ্ঠে গোরু প্রভৃতি বাঁধা থাকে, মেইকাট।

খলেবালী, (খলে=খামার—বালী [বল্=বলিষ্ঠ হওয়া+ঘঞ্—প্রং] যে শক্ত খুঁটি ইত্যাদি) সং,স্ত্রীং, খলে-ধানী দেখ।

খলোক্তি, (খল+উক্তি) সং, স্ত্রীং, অপভাষা, কটূক্তি, গালাগালি।

খল্যা, (খল=খামার+য—ষিক—প্রং) সং, স্ত্রীং, খামারসমূহ।

খল্ল, (খল্=সংগ্রহকরণ ইত্যাদি—ল=যে লয়) সং, পুং, ঔষধ মাড়িবার পাত্রবিশেষ, খল্। বস্ত্রবিশেষ। চর্ম্ম। মশক। চাতক। গর্ত্ত।

খল্লিকা, (খল্ল+ক—যোগ) সং, স্ত্রীং, পিটে ভাজা খোলা। [টাক পড়িয়াছে।

খল্লিট, খল্লীট ; বিং, ত্রিং, যাহার মাথায়

খল্বট, সং, পুং, অত্যন্ত সর্দ্দি, কাশী।

খবাষ্প, (খ=আকাশ—বাষ্প, ৬ষ্ঠী—ষ) সং, পুং, হিম, নীহার।

খশ, সং, পুং, ভারতবর্ষের উত্তরস্থ পর্ব্বতীয়দেশবিশেষ। জাতিবিশেষ।

খশ্বাস, (খ=আকাশ—শ্বাস=নিশ্বাস) সং, পুং, বায়ু।

খষ্প, (খন=বিদারণ করা+প, ন=ষ) সং, ক্লীং, কাম, ক্রোধ, অত্যাচার। উৎপীড়ন।

খস, (খ=ইন্দ্রিয়—সো=অবসন্নকরা+ড—প্রং) সং, পুং, চুলকনা, পাঁচড়া।

খসন, (দেশজ) সং, ক্ষরণ, পৃথক্ হওন।

খসখসিয়া, (যাবনিক) সং, বীরণমূল, বেণার মূল।

খস্তনী, (খ=আকাশ, স্তন=কুচ+ঈপ্ স্ত্রীলিঙ্গে, আকাশ যাহার স্তন—৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, পৃথিবী।

খহর, (খ=পৃথিবীশূন্য (০)+হর=ভাজক, যে ভগ্নাংশের লবশূন্য (০)।

খাঁই, (কাঙ্ক্ এব খন্ ধাতুজ) সং, আকাঙ্ক্ষা। গভীরতা।

খাঁচা, (দেশজ) সং, পিঞ্জর, পিঁজরা।

খাঁড়, (খণ্ডশব্দজ) সং, গুড়, ইক্ষুবিকার।

খাঁদা, (দেশজ) বিং, নতনাসিক, যাহার নাসিকা নত।

খাদ, (দেশজ) সং, শ্যামিকা কাট, মলা, পান।

খাওন, (খাদন শব্দজ) সং, ভক্ষণ, আহার করণ। য়ান—ভোজন করান, ভক্ষণ করান।

খাঙ্গরা, (দেশজ) সং, সম্মার্জনী, ঝাঁটা।

খাজা, (খজিকাশব্দজ) সং, ঘৃতপক্ক মিষ্টান্নবিশেষ।

খাজিক, (খজ=গমন করা ইত্যাদি —প্রং। অথবা ... +ইক—প্রং) সং, পুং, খই। ভাজা শস্যমাত্র।

খাট, (খট্=আচ্ছাদনকরা+ঘঞ—প্রং) সং, পুং, টি, টী, টিকা—স্ত্রীং, মড়ার খাট। কিণ। অসদাগ্রহ, আবদার। (দৈশজ) ক্ষুদ্র, খর্ব্ব, ছোট।

খাটান, (দেশজ) সং, কর্ম্মে নিয়োগকরণ, যোজন। লাগান। [অকৃত্রিম।

খাটী, (দেশজ) বিং, অমিশ্রিত, শুদ্ধ,

খাড়া, (দেশজ) বিং,দণ্ডায়মান, দাঁড়ান। সরল, সোজা। উত্থিত।

খাণ্ডব, সং, পুং, বনবিশেষ, ইন্দ্রপ্রস্থনগরের নিকটবর্ত্তী দেশবিশেষ।

খাণ্ডবপ্রস্থ, সং, পুং, ইন্দ্রপ্রস্থ, দিল্লী।

খাণ্ডিক, (খণ্ড=ইক্ষুগুড়+ইক—প্রং) সং. পুং, মোদক. ময়রা।

খাত, (খন্=খননকরা+ক্ত—র্ম্ম) সং, ক্লীং, গর্ত্ত, খাই। খনন। পুষ্করিণী। বিং, ত্রিং,খনিত, যাহা খনন করা হইয়াছে।

খাতক, (খাত+ক—যোগ) সং, ক্লীং, পারিখা, খানা। (খাত—ক=কৈধাতুজ) পুং, ঋণী। অধমর্ণ।

খাতভূ, (খাত=পুষ্করণী+ভূ—পৃথিবী) সং, স্ত্রীং, গড়খাই। পরিখা।

খাদক, (খাদ্=খাওয়া+অক—ক) সং, পুং, ঋণী, অধমর্ণ। বিং, ত্রিং, ভক্ষক। "যদি চেৎ খাদকো ন স্যান্ন তদা ঘাতকো ভবেৎ। ঘাতকঃ খাদকার্থায় যদ্ঘাতয়তি বৈ নরঃ"।

খাদন, (খাদ্+অনট্—ভা) সং, ক্লীং, ভোজন। পুং, দন্ত, দাঁত। [টুক্‌রা।

খাদি, (খণ্ডশব্দজ) সং, ক্ষুদ্র ক্ষুদ্র অংশ।

খাদিত, (খাদ্+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ভক্ষিত, ভুক্ত।

খাদির, (খদির+ষ্ণ—ইদমর্থে) বিং, ত্রিং, খদিরসংক্রান্ত। খদির নির্ম্মিত। সং, ক্লীং, খয়ের। [নীয়, আহারীয়।

খাদ্য, (খাদ্+য—র্ম্ম) বিং, ত্রিং, ভক্ষ-

খান, (স্থানশব্দজ) সং, দ্রব্যের সংখ্যা-

মাত্র। স্থান। বস্তু নির্দ্দেশ। [বেশ্যা।
থান্‌কী, (যাবনিক) সং, বারবিলাসিনী,
থানা, (খন্ ধাতুজ) সং, গর্ত্ত, হ্রদ, খাত।
থানি, (খন্=খোঁড়া+ই—প্রং। যাহা রত্নাদির জন্য খনন করা যায়) সং, স্ত্রীং, আকর, খনি।
থানিক, (খন্=খনন করা+ইক—প্রং) সং, ক্লীং, দেওয়ালের গর্ত্ত বা ফাটল।
থানিল, (খন্=খননকরা+ইল—প্রং) সং, পুং, সিঁধাল চোর। [কোষ।
থাপ, (দেশজ) সং, অস্ত্রাধার। অসি-
খাপরা, (খর্পর শব্দজ) সং, খোলা, দগ্ধ মৃত্তিকা খণ্ড।
থামার, (দেশজ) সং, শস্যমর্দ্দন স্থান, শস্য প্রাঙ্গণ।
থার, (খন্=খননকরা+আর—সংজ্ঞার্থে) সং, পুং, রী—স্ত্রীং, শস্যপরিমাপকপাত্র-বিশেষ।
থাসা, (যাবনিক) বিং, উত্তম, উপাদেয়।
থিঙ্খির; সং, পুং, শিবের অস্ত্রবিশেষ। খেঁক্‌শেঁয়ালী।
খিচড়ী, (খেচরশব্দজ) সং, তণ্ডুল এবং দাল মিশ্রিত পক্ক অন্নবিশেষ, খেচরান্ন।
খিচন, (দেশজ) সং, শরীরের বিশেষতঃ মুখের বিকৃতি করণ, ঝাঁকন।
খিদ্যমান, (খিদ্=শোককরা+শান—ক) বিং, ত্রিং, যে খেদ প্রকাশ করিতেছে, যে দুঃখ করিতেছে।
খিদ্র, (খিদ্=দুঃখিত হওয়া+র—সংজ্ঞার্থে) সং, পুং, রোগ। দরিদ্র।
খিন্ন, (খিদ্=দুঃখিত হওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, অলস। শ্রান্ত, ক্লান্ত। "খিন্নঃ খিন্নঃ শিখরিষুপদং ন্যস্য গন্তাসি যত্র। ক্ষীণঃ ক্ষীণঃ পরিলঘুপয়ঃ স্রোতসাং চোপযুজ্য" মেঘদূত।যাহার খেদ জন্মিয়াছে, দুঃখিত।
খিল,(খ=শূন্য—ল=যে পায়) বিং,ত্রিং,অকৃষ্ট,অপ্রহত,দুর্গম। পরিশিষ্ট। উৎসন্ন সং, পুং, বিষ্ণু (দেশজ) অর্গল, হুড়কা।

থিলান, (দেশজ) সং, ইষ্টকাদির গ্রন্থন বিশেষ। [সজ্জীকৃত পান।
খিলী, (দেশজ) সং, পানের বীড়।
খিলীকৃত } (খিল—কৃত,ভূত-ঈ—আগম) বিং, ত্রিং, যাহা
খিলীভূত }
দুর্গম করা হইয়াছে। "খিলীভূতে বিমানানাং তদাপাতভয়াৎ পথি" কুমার সম্ভব।
খুঁচন, (দেশজ) সং, বিদ্ধ করণ, বেঁধন।
খুঁট, (দেশজ) সং, বস্ত্র প্রান্ত।
খুঁটন, (দেশজ) সং, কুড়িয়া লওন।
খুঁটা, খোঁটা,(দেশজ)সং, কীলক, গোঁজ।
খুঁটী, (দেশজ) সং, স্তম্ভ, থাম।
খুঁত, (ক্ষতশব্দজ) সং, দোষ, কলঙ্ক, ক্ষতচিহ্ন।
খুকী, (দেশজ) সং, ক্ষুদ্র দুগ্ধপোষ্যা বালিকা। [ঢুড়ন।
খুজন, খোঁজন, (দেশজ) সং, অন্বেষণ,
খুড়ন, খোড়ন, সং, খনন, খোঁড়ন।
খুড়া, (খুল্ল [তাত] শব্দজ) সং, পিতৃব্য। খুড়ী,—পিতৃব্য পত্নী। [উলের ক্ষুদ্রাংশ।
খুদ, (ক্ষোদশব্দজ) সং, তণ্ডুলকণা, চা-
খুর, (খুর্=ছেদনকরা+র—প্রং। র—লোপ) সং, পুং, ক্ষৌর কর্ম্মার্থ নির্ম্মিত অস্ত্রবিশেষ। অশ্বাদির পায়ের খুর। "এষা বসুমতী তস্য খুরাগ্রক্ষতকর্ব্বুরা প্রীতয়ে মম জাতোসৌ ক মমৈণকবালকঃ" বিষ্ণুপুরাণ। খাটের খুর।
খুরণস্, খুরণস, (খুর=অশ্বাদির খুর—নাসিকা, ৬ষ্ঠী—হিং। নাসিকা=নস্, নস) বিং, ত্রিং, খাঁদা। চেপটা নাক।
খুরপ্র, (ক্ষুরপ্র দেখ.) সং, পুং, অস্ত্রবিশেষ,খুরপো। অর্দ্ধচন্দ্রাকৃতি বাণবিশেষ।
খুরলী, (খুর্=ছেদনকরা+অল—প্রং) সং, স্ত্রীং, ব্যায়াম। অস্ত্রশিক্ষা। বিপক্ষ কর্ত্তৃক আক্রান্ত হইলে যে সমস্ত কৌশলে আত্মরক্ষা বা বিপক্ষ পরাজয় করিতে হয় তাহার শিক্ষা.
খুরালিক, (খুর=ক্ষৌর কর্ম্মের অস্ত্র ই-

ত্যাদি—অল্ সমতুল্য হওয়া+অক—প্রং) সং, পুং, নারাচাস্ত্র। উপাধান, বালিশ। নাপিতের ভাঁড়। [পাত্র।

খুরী, (দেশজ) সং, কটেরা, মাটীর ছোট

খুর্পা, (খুরপ্রশব্দজ) সং, ক্ষুরপ্র দেখ।

খুলন, (দেশজ)সং, প্রসারণ,বন্ধনমোচন।

খুলী, (খর্পর শব্দজ) সং, পাত্রবিশেষ।

খুল্ল, (খুদ=ভাগকরা ইত্যাদি—ল, [লা পাওয়া+ড—প্রং] দ্=ল্) বিং, ত্রিং, ক্ষুদ্র, ছোট। অল্প লঘু। কনিষ্ঠ। নীচ, অধম।

খুল্লতাত, (খুল্ল=ছোট, কনিষ্ঠ—তাত, রং—স) সং, পুং, পিতৃব্য, খুড়া।

খুল্লম ; সং, পুং, পথ। বর্ত্ম, রাস্তা।

খেচর, (খে=আকাশে—চর=যে গমন করে) বিং, ত্রিং, আকাশচর। সং, পুং, পক্ষী, সূর্য্যাদি গ্রহ। বিদ্যাধর। রী—স্ত্রীং, তন্ত্রোক্ত মুদ্রাবিশেষ।

খেট, (খেট্ = ভোজনকরা+অ—প্রং, অথবা খে আকাশে—অট্ গমনকরা +অ—প্রং) সং, পুং, ভক্ষণ। সূর্য্যাদি গ্রহ। অধম। ঘোটক। কফ। ফলক, ঢাল। চাসা গাঁ, পাড়া গাঁ। ক্লীং তৃণ। পুং—ক্লীং, মৃগয়া। বিং, ত্রিং, শাস্ত্রী। নীচ, অধম।

খেটক, (খিট্=ত্রাসিতকরা, ভীত হওয়া +ঘঞ্—প্রং। ক—যোগ) সং, পুং, পাড়া গাঁ। চাসা গাঁ, ফলক, ঢাল।

খেটী, (খেটিন্, খেট=ক্রীড়া, কৌতুক+ ইন্—অস্ত্যর্থে) সং, পুং, লম্পট,কামুক।

খেদ, (খিদ্=শোককরা+ঘঞ্—ভা) সং, পুং, দুঃখপ্রকাশ। আক্ষেপ, শোক। দুঃখ, শ্রম। অবসন্নতা। ক্লান্তি। শ্রান্তি।

খেদান, (দেশজ)সং, তাড়ন, দূরীকরণ।

খেদিত, (খেদ্+ক্ত—ক) বিং, ত্রিং, খিন্ন। খেদযুক্ত, পরিশ্রান্ত।

খেয়, (খন্=খননকরা+য—র্ম্ম) সং, ক্লীং, পরিখা, গড়খাই। খাত। বিং, ত্রিং, খননযোগ্য। ([illegible] —ন-দীপার হওন।

খেল, (খেল্=ক্রীড়াকরা, চলা+অ) বিং, ত্রিং, মনোহর, সুন্দর। "খে খেল-গামী তমুবাহ বাহঃ সশব্দচামীকরকি-ঙ্কিনীকঃ" কুমার।

খেলৎ, (খেল্=ক্রীড়াকরা+শতৃ—ক) বিং, ত্রিং, যে খেলা করিতেছে।

খেলন—ক্লীং } খেল্=ক্রীড়াকরা+
খেলা—স্ত্রীং } অনট্ আ—ভা) সং, নর্ম্ম। ক্রীড়া।

খৈ, (খদিকাশব্দজ) সং, লাজ, ভৃষ্টধান্য।

খোঁড়া, (খোড়শব্দজ) বিং, নেঙড়া,পঙ্গু।

খোকা, (দেশজ) সং, দুগ্ধপোষ্য শিশু।

খোটি, টী ; সং, স্ত্রীং, চতুরা স্ত্রী, ধূর্ত্তা নারী

খোড়, খোর, (খোড়্=খুড়িয়া যাওয়া+ অ—ক) বিং, ত্রিং, খঞ্জ, খোঁড়া।

খোপ, (ক্ষুপশব্দজ) সং, পায়রার ঘর। ক্ষুদ্রকুঠরী। পা—বদ্ধকেশ।

খোয়া, (ক্ষয়শব্দজ)বিং, ইষ্টকাদির খণ্ড। হারাণ, অপচিত।

খোল, (খোড়দেখ, ড়=ল) বিং, ত্রিং, খঞ্জ, খোঁড়া। (খোলকশব্দজ) মৃদঙ্গ।

খোলক, (খোলদেখ, ক—যোগ) সং,পুং, গুবাকের খোসা। পাকড়ী। টোপর। পাত্র, হাঁড়ি। অভ্যন্তর। মৃদঙ্গ। বল্মীক।

খোলি, সং, স্ত্রীং, তূণীর, তূণ।

খোসা, (দেশজ) সং, ত্বক্, ছাল। বিং, শ্মশ্রুহীন ব্যক্তি।

খ্যাত, (খ্যা=কথন+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রসিদ্ধ, খ্যাতিযুক্ত। কথিত। "খ্যাতো বরাহমিহিরো নৃপতেঃ সভায়াং"।

খ্যাতি, (খ্যা+ক্তি—ভা) সং, স্ত্রীং, যশ, প্রসিদ্ধি, নাম। কথন। জ্ঞান।

খ্যাত্যাপন্ন, (খ্যাতি—আপন্ন) বিং, ত্রিং, যে ব্যক্তি খ্যাতিলাভ করিয়াছে,বিখ্যাত।

খ্যাপক, (খ্যাপি=বলান+অক—ক) বিং, ত্রিং, ঘোষক, প্রচারক, কীর্ত্তক।

খ্যাপন, (খ্যাপি+অনট্—ভা) সং, ক্লীং, কীর্ত্তন। প্রচারণ। ঘোষণা।

গ

গ, ব্যঞ্জন বর্ণের তৃতীয় অক্ষর। (গম্=গমনকরা অথবা গৈ=গানকরা+ড—প্রং) সং, পুং, স্বর্গ। সুমেরু। গণেশ। গন্ধর্ব্ব। গীত। গগন। গুরুস্বরবর্ণ। "গুরুরেকো গকারস্তু লকারো লঘুরেককঃ" ছন্দোমঞ্জরী। ক্লীং, গীত। বিং, ত্রিং, গায়ক, যে গমন করে। গামী, ইহা শব্দের পরে প্রযুক্ত হয়, যথা—নগ, ভুজগ, শীঘ্রগ)।

গগণ, গগন (গম্ [গমনকরা] ব্যাপা+অন—প্রং। ম্=গ। যে বিশ্বকে ব্যাপে) সং, ক্লীং, আকাশ।

গগণধ্বজ, (গগণ=আকাশ—ধ্বজ=পতাকা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সূর্য্য। মেঘ।

গগণাধ্বগ, (গগণ=আকাশ—অধ্বন্=পথ—গ=যে গমন করে) সং, পুং, সূর্য্য।

গগণেচর, (গগণে=আকাশে—চর=যে গমন করে) সং, পুং, গ্রহ, নক্ষত্র।

গগণোল্মুক, (গগণ=আকাশ—উল্মুকা=জ্বলন্ত অঙ্গার) সং, পুং, মঙ্গলগ্রহ।

গঙ্গা, গাং=পৃথিবীকে—গ=যে গমন করে কিম্বা গম্ গমনকরা+গ—প্রং। যিনি লোকদিগকে পবিত্র করিবার জন্য ব্রহ্মলোক হইতে নরলোকে গমন করিয়াছেন) সং, পুং, প্রসিদ্ধ নদী। গঙ্গাদেবী। "সকৃত্তিবাসাস্তপসে যতাত্মা গঙ্গাপ্রবাহোক্ষিতদেবদারু" ।"মূর্দ্ধ্নি গঙ্গাপ্রপাতেন ধৌতপাদাম্ভসা চ বঃ" কুমারসম্ভব। গঙ্গায়ামিবিশেষো ত্রিভুবনবিদিতঃ। (গম্ গমনকরা, নিপাতন) দুর্গা।

গঙ্গাচিল্লী, (গঙ্গা—চিল্লী=চিল) সং, স্ত্রীং, গাংচিল।

গঙ্গাজ, (গঙ্গা=গঙ্গাদেবী—জ=জাত, ৫মী—হিং) সং, পুং, কার্ত্তিকেয়। ভীষ্ম।

গঙ্গাটেয়, (গঙ্গাট [গঙ্গা প্রসিদ্ধনদী—অটু গমনকরা+অ—প্রং] +এয়—প্রং) সং, পুং, চিঙ্গড়ীমাছ।

গঙ্গাধর, (গঙ্গা—ধর=যে ধরে, ২য়া—ষ) সং, পুং, শিব। সমুদ্র।

গঙ্গাপুত্র, (গঙ্গা—পুত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ভীষ্ম। জাতিবিশেষ, মুদ্দফরাস।

গঙ্গাসুত, (গঙ্গা—সুত, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ভীষ্ম। কার্ত্তিকেয়।

গঙ্গাস্রোতোন্যায়—ন্যায় (৩৮) দেখ।

গচ, (দেশজ) বিং, স্থূল, মোটা, পুরু।

গচ্ছ, (গম্=[গমনকরা] থাকা+অ—প্রং। গম্=গচ্ছ) সং, পুং, বৃক্ষ, গাছ।

গচ্ছিত, (দেশজ) বিং, ন্যস্ত, নিক্ষিপ্ত, গছান।

গজ, (গজ্ শব্দকরা+অ—প্রং) সং, পুং, হস্তী। গজপুট। দুই হস্ত পরিমাণ। বাস্তবিশেষ। "হস্তপ্রমাণগর্ত্তে যঃ পুটঃ স তু গজাহ্বয়ঃ। ইথঞ্চারত্নিকে কণ্ডে পুটো বরাহ উচ্যতে।"

গজকূর্ম্মাশী, (—শিন্, গজ=হস্তী—কূর্ম্ম=কচ্ছপ—অশিন্=যে ভক্ষণ করে)। সং, পুং, গরুড়। এইরূপ প্রথিত আছে যে গজকূর্ম্মের যুদ্ধকালে গরুড় গজ এবং কূর্ম্ম উভয়কেই গ্রাস করিয়াছিলেন।

গজচ্ছায়া, (গজ—ছায়া) সং, স্ত্রীং, তিথি নক্ষত্রের যোগবিশেষ।

গজঢক্কা, (গজ=হস্তী—ঢক্কা=বড়ঢাক) সং, স্ত্রীং, হস্তীর উপরস্থ বড় ঢাক।

গজতা, (গজ=হস্তী+তা—সমূহার্থে) সং, স্ত্রীং, হস্তিসমূহ।

গজদঘ্ন, গজদ্বয়স, গজমাত্র (গজ+দঘ্ন, দ্বয়স, মাত্র পরিমাণার্থে) বিং, ত্রিং হস্তিপরিমাণ।

গজদন্ত, (গজ=হস্তী—দন্ত=দাঁত, —হিং+৬ষ্ঠী—ষ) সং, পুং, গণেশ দাও। নাগদন্তক, হাতির দাঁত।

গজপতি, (গজ—পতি=স্বামী) সং, পুং, শ্রেষ্ঠগজ। গজরাজ।

গজপুট, সং, পুং, ঔষধপাকার্থ হস্তপরিমিত গর্ত্ত।

গজ-বন্ধনী, সং, স্ত্রীং, হস্তিবন্ধনস্থান। হাতিশালা।
গজমাচল, (গজ=হস্তী—মা=ভাগ্য—চল =যে গমন করে। যে গজ-নাশকারী) সং, পুং, সিংহ।
গজমোটন } (গজ=হস্তী—মোটি= গজমোচন } দ্রুত বেগে যাওয়ান, তাড়াইয়া দেওয়ান+অন—প্রং।—মুচ্ গমনকরা+অন—প্রং) সং, পুং, সিংহ।
গজরাজ, (গজ—রাজন্, ৬ষ্ঠী—ষ) সং, পুং, গজেন্দ্র। শ্রেষ্ঠহস্তী।
গজাগ্রণী, (গজ—অগ্রণী=শ্রেষ্ঠ, ৭মী—ষ) সং, পুং, ঐরাবত হস্তী।
গজাজীব, (গজ—আজীব=যে জীবন ধারণ করে। যে গজ দ্বারা জীবিকা নির্ব্বাহ করে) সং, পুং, মাহুত। হস্তিপক। আধোরণ।
গজানন, } (গজ—আনন,আস্য, গজাস্য, গজবদন } বদন=মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, গণেশ।
গজারি, (গজ—অরি=শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সিংহ। বৃক্ষবিশেষ।
গজারোহ, (গজ—আরোহ=আরূঢ়) সং, পুং, নিষাদী, হস্তিপৃষ্ঠে উপবিষ্ট।
গজাশন, (গজ—অশন=ভক্ষণীয়) সং, পুং, অশ্বত্থবৃক্ষ। না-স্ত্রীং, পদ্মমূল, পদ্মের গেঁড়।
গজাহ্বয়, গজসাহ্বয়, } (গজ—আহ্বয়, গজাহ্ব } আহ্বা, সাহ্বয় [সম—আহ্বয়] নাম, ৬ষ্ঠী—হিং,) সং, ক্লীং, হস্তিনানগর, দিল্লী। "সোপি রাজা স্বনগরং প্রস্থিতো গজসাহ্বয়ং" মহাভারত। [গজরাজ। গজপতি।
গজেন্দ্র, (গজ—ইন্দ্র প্রধান) সং, পুং,
গজেষ্টা, (গজ—ইষ্টা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, ভুঁই কুমুড়া। ভূমিকুষ্মাণ্ড।
গঞ্জ, (গন্জ্=শব্দকরা+অ—প্রং) সং, ত্রিং, রত্নাদির খনি। পুং, অবজ্ঞা, অবমাননা। গঞ্জনা, পুং, ক্লীং, গোগৃহ। রত্নাগার। ধনাগার। ভাণ্ডার গৃহ। গঞ্জা—স্ত্রীং, খনি। মদিরাগৃহ। মদ্যপাত্র। কুঁড়েঘর। হট্ট, বিক্রয়স্থান।
গঞ্জন, (গন্জ্+অনট্—প্রং) বিং, ত্রিং, তুচ্ছকারক, তিরস্কারক। সং, ক্লীং, তিরস্করণ। না—স্ত্রীং, যাতনা, দুঃখ। গ্লানিসূচক বাক্য, ভর্ৎসনা, লাঞ্ছনা। তিরস্কার। [মদিরাগৃহ।
গঞ্জিকা, (গঞ্জা+ক—যোগ) সং, স্ত্রীং,
গঠন, (গঠ=নির্ম্মাণকরা+অনট্—ভা) সং, ক্লীং. রচনা, গড়া। নির্ম্মাণ।
গঠিত, (গঠ্+ক্ত—ম্ম) বিং, ত্রিং, নির্ম্মিত। রচিত।
গড়, (গড়্=ক্ষরিতহওয়া+অ—প্রং) সং, পুং, দুর্গ। পরিখা। পরদা। আটক। বাধা, গড়ুইমাছ। মৎস্যবিশেষ।
গড়ক, (গড় দেখ, ক—যোগ, স্বার্থে) সং, পুং, গড়ুই মাছ। [নির্ম্মাণ।
গড়ন, (গঠন শব্দজ) সং, ক্লীং, গঠন,
গড়ি, (গড়্+ই—প্রং) সং, পুং, বৎসতর, বাছুর। গড়ে গরু প্রভৃতি। অলস পশু।
গড়ু, (গড় দেখ, উ—প্রং) সং. পুং, কুব্জ, গলগণ্ড প্রভৃতি। গ্রন্থি। কেঁচো। শল্যাস্ত্র। [ত্রিং, কুব্জ, কুঁজো।
গড়ুর, গড়ুল, (গড়্+র, ল—প্রং) বিং,
গড়ের, (গড়্ [জল] ক্ষরিত হওয়া+এর—সংজ্ঞার্থে) সং, পুং, মেষ, ভেড়া।
গড়োল, (গড় দেখ, ওল—সংজ্ঞার্থে) সং, পুং, গুড়, গ্রাস। [সং,পুং,মেষ,গাড়ল।
গড্ডর, গড্ডল, (গড়্+ডর, ডল—প্রং)
গড্ডরিকা } (গড্ডর, গড্ডল+ইক, গড্ডলিকা } আ—প্রং) সং, স্ত্রীং, মেষপালের অগ্রগামিনী মেষী, যে ভেড়ীর পশ্চাৎ পশ্চাৎ ভেড়ার পাল গমন করে।
গড্ডরিকাপ্রবাহ } (সং, পুং, গড্ড-গড্ডলিকাপ্রবাহ } লিকা যে দিকে যায় সেই দিকে যাওয়া, অর্থাৎ কিছুমাত্র বিবেচনা না করিয়া সকলের দে-

থাদেথি চিরপ্রবর্ত্তিত মতের অনুযায়ী কার্য্যকরা।

গড্ডলিকাপ্রবাহ ন্যায়—ন্যায় (৭) দেখ।

গড্ডুক, গড্ডূক, (গড় দেখ, ডুক, ডূক —প্রং) সং, পুং, গাড়ু।

গণ, (গণ্=সংখ্যাকরা+অ—প্রং) সং, পুং, সমূহ। দল। হস্তী ২৭, রথ ২৭, অশ্ব ৮১, পদাতি ১৩৫, এতৎ সঙ্খ্যক সৈন্য (অক্ষৌহিণী দেখ)। স্বপক্ষ। সজাতীয়। প্রমথগণ, শিবের অনুচরগণ, শিবের ভূতগণ। "গণা নমেরুপ্রসবাবতংসা ভূর্জ্জত্বচঃ স্পর্শবতীর্দধানাঃ" কুমারসম্ভব। গণনা, সংখ্যা। ধাতুসমূহ, ভ্বাদি প্রভৃতি।

গণক, (গণ দেখ, অক—ক) সং, পুং, জ্যোতির্ব্বিদ, দৈবজ্ঞ। বিং, ত্রিং, যে গণনা করে।

গণকার, (গণ—সৈন্য—কার=যে গঠন করে) সং, পুং, ভীমসেন। যে গ্রহ নক্ষত্রাদির সঞ্চার দেখিয়া জীবনের ভাবী শুভাশুভ ফল নিরূপণ করে, গণক।

গণচক্রক, (গণ=গণনা—চক্র=রথাদির চাকা বা মণ্ডল+ক—প্রং) সং, ক্লীং, সাধু লোকদের একত্র বসিয়া ভোজন।

গণতা, (গণ+তা—ভাবে) সং, স্ত্রীং, সমূহত্ব। (দেশজ) সং, পক্ষজাত, নিজ দলের বা স্বপক্ষীয় লোকের পোষকতা করা।

গণৎকার, (দেশজ) সং, গণক দেখ।

গণদীক্ষী, (গণদীক্ষিন্, গণ—দীক্ষা+ইন্ —ক) সং, পুং, যে ব্যক্তি নানাজাতির যাজ্যক্রিয়া করে। গণেশমন্ত্রে দীক্ষিত

গণ-দেবতা ; সং, স্ত্রীং, আদিত্য ১২, বিশ্ব ১০, বসু ৮, তুষিত ৩৬, আভাস্বর ৬৪, বাত ৪৯, মহারাজিক ২২০, সাধ্য ১২, রুদ্র ১১, এই সকল দেবগণ।

গণ-দ্রব্য ; সং, ক্লীং, যে বস্তুতে সাধারণের অধিকার আছে। দ্রব্যসমূহ।

গণন, (গণক দেখ, অন—তা) সং, ক্লীং, না—স্ত্রীং, গণা, সংখ্যাকরা, ঠিক্‌দেওয়া। অবধারণ। গ্রাহ্যকরা। বার তিথি এবং গ্রহ নক্ষত্রাদির স্থিতি ও সঞ্চার অনুসারে শুভাশুভ নিরূপণ। নির্দ্দেশ। উল্লেখ। "অয়ং নিজঃ পরো বেতি গণনা লঘুচেতসাম্"। "গণন ব্যবহারে তু হেতুঃ সংখ্যাভিধীয়তে" ভাষা পরিচ্ছেদ।

গণ-নায়িকা ; সং, স্ত্রীং, দুর্গা।

গণনীয়, গণেয়, (গণ দেখ, অনীয়, য—র্ম্ম) বিং, ত্রিং, গণনার যোগ্য। সংখ্যেয়। গ্রাহ্য

গণপর্ব্বত, গণাচল, (গণ=শিবের অনুচর, গণ—পর্ব্বত, অচল) সং, পুং, কৈলাসপর্ব্বত। এই পর্ব্বতে শিবের অনুচরবর্গ বাস করে বলিয়া ইহাকে গণপর্ব্বত বলে।

গণপীঠক, (গণ [গুণ] সমূহ—পীঠক বসিবার স্থান) সং, ক্লীং, বক্ষঃস্থল।

গণ-রাত্র ; সং, ক্লীং, রাত্রিসমূহ।

গণশঃ, (গণশস্, গণ+চশস্—প্রং) অং, বহুশঃ, দলে দলে।

গণাক্রান্ত, (গণ—আক্রান্ত) বিং, ত্রিং, কোন দলে বা পক্ষে স্থিত, দলাক্রান্ত।

গণাগ্রণী, (গণ=দেবগণের সৈন্য—অগ্রণী অধ্যক্ষ) সং, পুং, গণেশ। শিব।

গণান্ন, (গণ—অন্ন) সং, ক্লীং, বহুবিধ লোকের নিমিত্ত একত্র যে অন্ন প্রস্তুত হয়

গণিকা, (গণ্=গণনাকরা+অক—প্রং। কামুকেরা যাহাকে গণনা করে, অথবা গণ=সমূহ+ইক—প্রং। ভর্তৃত্বরূপে যাহার অনেক ব্যক্তি আছে) সং, স্ত্রীং, বেশ্যা। হস্তিনী। জুঁইফুল। "স লজ্জা গণিকা নষ্টাঃ নিলর্জ্জাশ্চ কুলস্ত্রিয়ঃ"। "নির্দ্রব্যং পুরুষং ত্যজন্তি গণিকাঃ"।

গণিত, (গণক দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, সংখ্যাত, যাহা গণ্য হইয়াছে। সং, ক্লীং, (Mathematics) পরিমাণ ও অঙ্কবিষয়কশাস্ত্র। গণন।

গণিতজ্ঞ, (গণিত—জ্ঞ যে জানে) সং, পুং, গণিতশাস্ত্রবেত্তা।

গণীভূত, (গণ্—ভূত=হইয়াছে। ঈ—আগম) বিং, ত্রিং, গণা ক্রান্ত। কোন দল বা পক্ষে স্থিত।
গণেরু, (গণ=সংখ্যা—ইর্ গমনকরা+উ—প্রং) সং, স্ত্রীং, বেশ্যা। হস্তিনী।
গণেরুকা, (গণেরু+ক—যোগ) সং, স্ত্রীং, কুট্‌নী, দূতী।
গণেশ, গণনাথ, গণনায়ক গণপতি, গণাধিপ } (গণ=বিঘ্নকারক-সমূহ—ঈশ, নাথ নায়ক, পতি, অধিপ=প্রভু। যিনি বিঘ্নকারকসকলের প্রভু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, স্বনাম প্রসিদ্ধ দেবতা, শিবপুত্র। "লেখকো ভারতস্যাস্য ভব ত্বং গণনায়কঃ"।
গণেশ কুসুম ; সং, পুং, রক্তকরবীগাছ।
গণেশভূষণ, (গণেশ—ভূষণ ,আভরণ) সং, ক্লীং, সিন্দুর।
গণোৎসাহ, (গণ=দল—উৎসাহ অধ্যবসায়, পরিশ্রম) সং, পুং, গণ্ডার।
গণ্ড, (গন্‌ড=বদনৈকদেশ হওয়া+অ—প্রং) সং, পুং, কপোল, গাল। "স্পর্শক্লিষ্টামযমিত নখেনা সকৃৎ সারযন্তীং গণ্ডাভোগাৎ কঠিনবিষমামেকবেণীং করেণ" মেঘদূত। হস্তি-কপোল। গজকুম্ভ। গাঁড়, ফোড়া। এত্তিকেণ বি মে পীড়া ন সংবুত্তা, যদো অ অং গণ্ডস্‌ উবরি বিপ্‌ফোড় ও সংবুত্তো" শকুন্তলা। অশ্বভূষণ। চিহ্ন। গণ্ডার। বুদ্বুদ। বীর। গ্রন্থি। যোগবিশেষ। বিং, ত্রিং, প্রধান।
গণ্ডক, (গণ্ড দেখ, অক—প্রং) সং, পুং, সঙ্খ্যাবিশেষ, গণ্ডা। ব্যাঘাত। অন্তরায়। গণ্ডার। কী—স্ত্রীং, নদীবিশেষ। "গণ্ডক্যাশ্চৈকদেশে চ শালাগ্রামস্থলং স্মৃতম্। পাষাণং তদ্ভবং যত্তৎ শালা গ্রামমিতি স্মৃতম্"।
গণ্ডকারী গণ্ডকালী } (গণ্ড=স্ফোটক ফোড়া, —কারী=যে করায়। গণ্ড=গ্রন্থি—কালী কৃষ্ণবর্ণ, যাহার কৃষ্ণবর্ণ অনেক গ্রন্থি আছে) সং, স্ত্রীং, বৃক্ষবিশেষ।
গণ্ডকুসুম, (গণ্ড=হস্তিকপোল—কুসুম ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, মদস্রাব, হস্তীর গণ্ডস্থল নিঃসৃত দানজল।
গণ্ডকী-শিলা ; সং, স্ত্রীং, শালগ্রামশিলা।
গণ্ডকূপ, সং, পুং, পর্ব্বতের শিখরদেশ, চূড়া। অধিত্যকাভূমি।
গণ্ডগাত্র,(গণ্ড=স্ফোটক—গাত্র=শরীর) সং, ক্লীং, আতা-ফল। আতার ভিতর স্ফোটকাভ্যন্তরস্থপুঁজের ন্যায় শুভ্র বলিয়া ইহার নাম গণ্ডগাত্র হইয়াছে।
গণ্ডগোল, (দেশজ) সং, অতিশয় কোলাহল। বিবাদ। ঝগড়া।
গণ্ডগ্রাম, (গণ্ড=প্রধান—গ্রাম, য়ং—স) সং, পুং, যে গ্রামে অনেক সংখ্যক লোক বাসকরে। প্রশস্তগ্রাম।
গণ্ডদেশ ; সং, পুং, গণ্ডস্থল, কপোল।
গণ্ডফলক ; সং, ক্লীং, গাল। কপোল।
গণ্ড-ভিত্তি ; সং, স্ত্রীং, প্রশস্ত গণ্ডস্থল।
গণ্ডমালা, (গণ্ড—মালা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, গলদেশে মণ্ডলাকার ফোড়া। সমূহ। শিশুর মাল্যবিশেষ।
গণ্ডমূর্খ, (গণ্ড=প্রধান—মূর্খ য়ং—স) বিং, ত্রিং, অতিশয় মূর্খ, ঘোর নির্ব্বোধ, বোকা।
গণ্ডলেখা, (গণ্ড—লেখা=চিহ্ন, স্থান, য়ং—স) সং, স্ত্রীং, গণ্ডস্থল।
গণ্ডশৈল, (গণ্ড=গাল—শৈল=পর্ব্বত) সং, পুং, ক্ষুদ্র পর্ব্বত। ভূকম্পাদিদ্বারা পর্ব্বত হইতে পতিত বৃহৎ প্রস্তর। ললাট।
গণ্ডস্থল, (গণ্ড—স্থল=স্থান, য়ং—স) সং, ক্লীং, লী—স্ত্রীং, গণ্ডদেশ, গাল। "অভিনবমদলেখাশ্যামগণ্ডস্থলানাম্। সুরত জনিতখেদস্বাদ্র গণ্ডস্থলীনাম্"।
গণ্ডাঙ্গ, সং, পুং, গণ্ডার।
গণ্ডার ; সং, পুং, স্বনাম প্রসিদ্ধ জন্তুবিশেষ। গণ্ডক।

গন্ত্রী, (গম্+তৃণ—ক, ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, গরুর গাড়ী। [শকট, গাড়ি।
গন্ত্রীরথ, (গন্ত্রী—রথ, য়ং—স) সং, পুং,
গন্ধ, (গন্ধ্=বধকরা+অ—প্রং) সং, পুং, ঘ্রাণেন্দ্রিয় গ্রাহ্য পদার্থ, ঘৃষ্টচন্দনাদি। সুগন্ধি দ্রব্য। "যত্র স্রুতক্ষীরতয়া প্রসূতঃ সানূনি গন্ধঃ সুরভীকরোতি"। কুমারসম্ভব। "মদান্ধকারিতাক্রোশো গন্ধাকৃষ্টেন বারণঃ" বিষ্ণুপুরাণ। গর্ব্ব। সম্পর্ক, সম্বন্ধ। গন্ধক। লেশ, অল্প। ক্লীং, কৃষ্ণ অগুরু। ন্ধা—স্ত্রীং,চম্পককলিকা।
গন্ধক, (গন্ধ দেখ, ক—যোগ) সং, পুং, উপধাতুবিশেষ, স্বনাম প্রসিদ্ধ উৎকট-গন্ধবিশিষ্ট পীতবর্ণ ধাতু। "শ্বেতো রক্তশ্চ পীতশ্চ নীলশ্চেতি চতুর্ব্বিধঃ। গন্ধকো বর্ণতো জ্ঞেয়ো ভিন্ন ভিন্ন গুণাশ্রয়ঃ"।
গন্ধকারিকা, (গন্ধ—কারিকা=যে করে) সং, স্ত্রীং, স্বৈরিন্ধ্রী, পরগৃহস্থিতা শিল্পনিপুণা স্বাধীনা রমণী।
গন্ধকালিকা } (গন্ধ—কল্=করা+
গন্ধকালী } অ—প্রং। ঈ—স্ত্রীলিঙ্গে। ক—যোগে গন্ধকালিকা। যিনি কটুগন্ধবিশিষ্টা) সং, স্ত্রীং, ব্যাসদেবের মাতা। [কাষ্ঠ।
গন্ধকাষ্ঠ, সং, ক্লীং, অগুরুকাষ্ঠ, চন্দন-
গন্ধকেলিকা } (গন্ধ—চেলি=বস্ত্র+ক
গন্ধচেলিকা } —যোগ)সং, স্ত্রীং, মৃগনাভি, কস্তূরী। বস্ত্র সুবাসিত করিবার নিমিত্ত ব্যবহৃত বলিয়া কস্তূরিকাকে গন্ধচেলিক বলে। [বিশেষ।
গন্ধগোকুলা, এক প্রকার ক্ষুদ্রকায় জন্তু
গন্ধজাত, (গন্ধ—জাত = উৎপন্ন) সং, ক্লীং, তেজপত্র, তেজপাত। বিং, ত্রিং, গন্ধ হইতে উৎপন্ন।
গন্ধজ্ঞা } (গন্ধ—জ্ঞা = যে জানে)
গন্ধনালী } সং,স্ত্রীং,নাসিকা। [কস্তূরী।
গন্ধধূলি, (গন্ধ—ধূলি=ধূলা) সং, স্ত্রীং,
গন্ধন, (গন্ধ দেখ, অন—ভা) সং, স্ত্রীং, উৎসাহ। হিংসা। প্রকাশন। সূচনা।

গন্ধনকুল } (গন্ধ—নকুল=বেজী, মূ-
গন্ধমূষিক } ষিক ইঁদুর) সং, পুং, ছুছুন্দরী, ছুঁছা।
গন্ধপাষাণ } (গন্ধ—পাষাণ= প্রস্তর,
গন্ধমোদন } মোদন=হর্ষণ) সং, পুং, গন্ধক।
গন্ধপিশাচিকা ; সং, স্ত্রীং, ধূপ।
গন্ধপুষ্প, সং, পুং, শরজাতীয় বৃক্ষবিশেষ, ষ্পা—স্ত্রীং নীলেরগাছ, গণিকারী। ক্লীং, দেবার্চ্চনাকালে দেবোদ্দেশে প্রদত্ত চন্দন মিশ্রিত পুষ্প।
গন্ধবন্ধু ; সং, পুং, আম্রবৃক্ষ।
গন্ধমাতা, (গন্ধমাতৃ, গন্ধ—মাতৃ=মা) সং, স্ত্রীং, পৃথিবী।
গন্ধমাদন, (গন্ধ—মাদি = মত্তহওয়ান+অন—প্রং) সং, পুং, স্বনাম প্রসিদ্ধ পর্ব্বত ; বানরবিশেষ। গন্ধক। ভ্রমর।
গন্ধমাদনী-দিনী, (গন্ধ- -মাদনী =যে মত্ত করায়, ৩য়া—ষ) সং, স্ত্রীং, সুরা, মদ্য।
গন্ধমার্জ্জার, (গন্ধ—মার্জ্জার বিড়াল) সং, পুং, খট্টাস, খটাস। [কস্তূরীমৃগ।
গন্ধমৃগ, (গন্ধ—মৃগ=হরিণ) সং, পুং,
গন্ধমৈথুন, (গন্ধ—মৈথুন=রমণ) সং, পুং, বৃষভ, ষাঁড়, বলীবর্দ্দ।
গন্ধরাজ, (গন্ধ—রাজ রাজন্‌শব্দজ, ৬ষ্ঠী —ষ) সং, ক্লীং, চন্দন। পুষ্পবিশেষ।
গন্ধর্ব্ব, (গ গান—ধর্ম্ম, নিপাতন। যাহাদের গানই ধর্ম্ম, ৬ষ্ঠী —হিং) সং, পুং, স্বর্গের গায়ক, দেবযোনিবিশেষ। গায়ক, কৃষ্ণবর্ণ কোকিল। সূর্য্য। ধার্ম্মিক। (গন্ধ=অর্ব্ব [গত] জ্ঞেয়, যাহাদের গন্ধ জ্ঞাত হইয়াছে, ৬ষ্ঠী—হিং) হরিণ বিশেষ। (গন্ধ হিংসা=অর্ব্ব যে গমন করে, যুদ্ধের সময় যে হিংসার নিমিত্ত গমন করে) ঘোটক। "ভ্রাতরৌ স্বরসম্পন্নৌ গন্ধর্ব্বাবিব রূপিণৌ"। "নটনর্ত্তক গন্ধর্ব্বাঃ সূতমাগধবন্দিনঃ"।
গন্ধর্ব্ব-বিদ্যা,সং, স্ত্রীং, গন্ধর্ব্বগণের বিদ্যা, সঙ্গীতশাস্ত্র। নৃত্যগীতাদি।

গন্ধর্ব্ব-বিবাহ ; সং, পুং, স্ত্রী ও পুরুষের পরস্পর সম্মতিক্রমে গুরুজনের অজ্ঞাতসারে বা অননুমতিতে নিষ্পন্ন বিবাহ। এই বিবাহ ক্ষত্রিয়জাতিমধ্যেই হইয়া থাকে "গান্ধর্ব্বেণ বিবাহেন বহ্বোহথ-মুনিকন্যকাঃ। শ্রূয়ন্তে পরিণীতাস্তা পিতৃভিশ্চানুমোদিতাঃ"।

গন্ধর্ব্ববেদ ; সং, পুং, সঙ্গীত বিদ্যা।

গন্ধর্ব্বহস্ত, (গন্ধর্ব্ব=হরিণ—হস্ত=হাত। ভেরাণ্ডা গছের পত্রের আকৃতি হরিণ পদের ন্যায় বলিয়া ইহাকে গন্ধর্ব্ব হস্ত বলে) ভেরাণ্ডা গাছ। [মাছী, মক্ষিকা।

গন্ধলোলুপা, (গন্ধ—লোলুপ) সং, পুং,

গন্ধবণিক্, (গন্ধবণিজ, গন্ধ গন্ধোপজীবী —বণিজ্ ব্যবসায়ী) সং, পুং, বর্ণসঙ্কর জাতিবিশেষ, গন্ধদ্রব্য ব্যবসায়ী, গন্ধবেনিয়া।

গন্ধবতী, (গন্ধ+বৎ—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, পৃথিবী। নারীবিশেষ, মৎস্যগন্ধা, ব্যাসদেবের জননী। গন্ধদ্রব্য বিশেষ। সুরা। বায়ু ও বরুণের পুরী। নবমল্লিকা।

গন্ধবল্কল, (গন্ধ—বল্কল গাছের ছাল) সং, ক্লীং, দারুচিনী।

গন্ধবহ, (গন্ধ—বহ=যে বহন করে, ২য়া —ষ) সং, পুং, বায়ু। "রাত্রিন্দিবং গন্ধবহঃ প্রয়াতি" শকুন্তলা। হা—স্ত্রীং, নাসিকা। বিং, ত্রিং, গন্ধযুক্ত, সুগন্ধদ্রব্য।

গন্ধবাহ, (গন্ধবহ দেখ) সং, পুং, বায়ু। কস্তূরী মৃগ। হা—স্ত্রীং, নাসিকা। বিং, ত্রিং, গন্ধযুক্ত।

গন্ধবিহ্বল ; সং, পুং; গোধূম, গম।

গন্ধশালি, (গন্ধ—শালি =ধান্য) সং, পুং, সুগন্ধি ধান্যবিশেষ।

গন্ধশুণ্ডিনী, (গন্ধ—শুণ্ডিনী=ইন্দুর) সং, স্ত্রীং, গন্ধমূষিক, ছুঁচা।

গন্ধশেখর, (গন্ধ—শেখর=প্রধান। যে প্রধান সুগন্ধি দ্রব্য) সং, পুং, মৃগনাভি।

গন্ধসার, (গন্ধ—সার=স্থিরাংশ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, চন্দনবৃক্ষ। চন্দন।

গন্ধসোম, (গন্ধ—সোম=চন্দ্র) সং, ক্লীং, শ্বেতোৎপল, কুমুদ। কুমুদ চন্দ্রকিরণে প্রস্ফুটিত হয় বলিয়া ইহার নাম গন্ধসোম হইয়াছে।

গন্ধহারিকা, সং, স্ত্রীং, শিল্পনিপুণা—যে কামিনী পরের বাটীতে গিয়া কার্য্যকরে।

গন্ধাখু, (গন্ধ—আখু=ইন্দুর) সং, স্ত্রীং, ছুছুন্দরী, ছুঁচা।

গন্ধাজীব, (গন্ধ—আজীব=যে জীবিকা নির্ব্বাহ করে) সং, পুং, গন্ধবণিক্।

গন্ধার ; সং, পুং, দেশবিশেষ, গান্ধার। সিন্দূর। স্বরবিশেষ। এই স্বরে দেবতারা গান করিয়া থাকেন। ষড়্জমধ্যমনামানৌ গ্রামৌ গায়ন্তি মানবাঃ। নতু গান্ধার নামানং স লভ্যো দেবযোনিভিঃ" নারদ।

গন্ধালী, গন্ধ—আলী পঙ্ক্তি, পরিমাণবিশেষ) সং, স্ত্রীং, লতাবিশেষ, গন্ধভাদালি।

গন্ধাশ্মা, (গন্ধাশ্মন্, গন্ধ=অশ্মন্=প্রস্তর) সং, পুং, গন্ধক। [গন্ধক।

গন্ধিক, (গন্ধ—ইক—প্রং) সং, পুং,

গন্ধিপর্ণ, (গন্ধ=গন্ধযুক্ত—পর্ণ=পত্র, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সপ্তচ্ছদবৃক্ষ, ছাতিমগাছ। [স্ত্রীং, মদিরা, মদ্য।

গন্ধোত্তমা (গন্ধ—উত্তম, ৩য়া—ষ) সং,

গন্ধোলী, (গন্ধ্=বধকরা বা ঘ্রাণ গ্রহণ করা+ওল—প্রং) সং, স্ত্রীং, বরটা, বোল্‌তা।

গভস্তি, (গ=স্বর্গার্থগোশব্দজ—ভস্=দীপ্তি পাওয়া+ক্তি—প্রং) সং, পুং, স্ত্রীং, সূর্য্য চন্দ্রের তেজঃ, কিরণ "তথাভিতপ্তং সবিতুর্গভস্তিভির্মুখং তদীয়ং কমলশ্রিয়ং দধৌ" কুমারসম্ভব। স্তি, স্তী—স্ত্রীং, স্বাহা, অগ্নিপত্নী।

গভস্তিমান্, (গভস্তিমৎ, গভস্তি+মৎ—অস্ত্যর্থে) সং, পুং, সূর্য্য। ক্লীং, সপ্তপাতালান্তর্গত পাতালবিশেষ, তলাতল।

গভস্তিহস্ত, (গভস্তি=কিরণ—হস্ত=হাত, ৬ষ্ঠী—হিং,) সং, পুং, সূর্য্য।

গভীর, (গম্=গমনকরা+ঈর—প্রং। ম্=ভ) বিং, ত্রিং, অতি নিম্ন, যাহার তল অগাধ"উত্তালাস্তইমে গভীরপয়সঃ পুণ্যাঃ সরিৎসঙ্গমাঃ" উত্তরচরিত। প্রগাঢ়, নিবিড়, গহন, দুর্গম। দুর্ব্বার। দুর্দ্ধর্ষ। গম্ভীর।

গভীরিকা, (গভীর [অতি নিম্ন] অতি উচ্চ শব্দ তুল্য+ইক—প্রং) সং, স্ত্রীং, বড় ঢাক।

গম, (গম্=গমনকরা+অ—ভা, ণ) সং, পুং, গমন। পথ। (গোধূম শব্দজ) সং, শস্যবিশেষ।

গমক, (গমি=গমনকরান+অক—ক) বিং, ত্রিং, বোধক। জ্ঞাপক, প্রেরক। গময়িতা।

গমন, (গম্+অনট্—ভা) সং, ক্লীং, চলন, গতি, পাদবিক্ষেপ, যাওয়া। পথ।

গমাগম, (গম—আগম) সং, পুং, চরাচর, সংসার। গমনাগমন।

গমিত, (গমি=গমনকরান+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রাপিত। জ্ঞাপিত। অতিবাহিত। "ন খলূগ্ররুষা পিনাকিনা গমিতঃ সোপি সুহৃদ্গতাং গতিং" কুমার। বিধুরং কিমতঃ পরস্পরৈরবগীতাংগমিতে দশামিমাং" ভারবি।

গম্ভীর, (গভীর দেখ, ম্—আগম) বিং, ত্রিং, গভীর, অগাধ। নিবিড়। গভীর দেখ। "স্নিগ্ধগম্ভীরনির্ঘোষমেকং স্যন্দন মাস্থিতৌ" রঘুবংশ।

গম্ভীরবেদিতা,(গম্ভীরবেদিতৃ, গম্ভীর-বিদ্ জানা+তৃক) সং,পুং, গম্ভীরবেদী দেখ।

গম্ভীরবেদী, (গম্ভীরবেদিন্, গম্ভীর—বেদী যে জানে) সং, পুং, 'মত্ত-হস্তী, ত্বগ্‌ভেদ, শোণিতস্রাব ও মাংসকর্ত্তনেও যে হস্তীর চৈতন্য হয় না। যে হস্তী চির পরিচিত শিক্ষা সমুদায় বিস্মৃত হয়। "ত্বগ্‌ভেদাৎ শোণিতস্রাবাৎ মাংসস্য ক্রথনাদপি। আত্মানং যো ন জানাতি স স্যাৎ গম্ভীরবেদিতা"। "চিরকালেন যো বেত্তি শিক্ষাং পরিচিতামপি। গম্ভীরবেদী বিজ্ঞেয়ঃ স গজো গজবেদিভিঃ।"

গম্য, (গম্=গমনকরা+য—র্ম্ম) বিং, ত্রিং, গমনযোগ্য। উহ্য। অনুমেয়। সাধ্য। প্রাপ্য। জ্ঞেয়। উত্তরণযোগ্য। ভোগ্য। নিস্তীর্য্য।

গম্যমান, (গম্=গমনকরা+শান—র্ম্ম। য, ম—আগম) বিং, ত্রিং, জ্ঞায়মান, অনুমীয়মান।

গয়, (গৈ=গানকরা+অ—প্রং) সং, পুং, অসুরবিশেষ। বানর। নৃপবিশেষ।

গয়া, (গয়+আ—স্ত্রীলিঙ্গে, অথবা গয়=স্বনাম প্রসিদ্ধ রাজা+অ—কৃতার্থে, আ) সং,স্ত্রীং, গয়রাজর্ষির পুরী, প্রসিদ্ধ তীর্থস্থান। "যদ্দদাতি গয়াস্থশ্চ সর্ব্বমানন্ত্যমশ্নুতে। যজ্ঞং চক্রে গয়ো রাজা বহ্বন্নং বহুদক্ষিণং। যত্র দ্রব্য সমূহানাং সংখ্যা কর্ত্তুং ন শক্যতে। গয়ং বিষ্ণাদয়স্তুষ্টা বরং ব্রূহীতি চাক্রবন্। গয়স্তান্ প্রার্থয়ামাস অভিশপ্তাস্ত যে পুরা। ব্রহ্মণা তে দ্বিজাঃ পূতা ভবন্তু ক্রতুপূজিতাঃ। গয়াপুরী তু মন্নাম্না খ্যাতু ব্রহ্মপুরী তথা। এবমস্তু বরং দত্বা তত-শ্চান্তর্দধুঃ সুরাঃ।" গয়ামাহাত্ম্য।

গয়ার, (দেশজ) সং, কণ্ঠোদগত শ্লেষ্মা।

গর, (গৃ=ভোজনকরা+অ—প্রং) সং, পুং, ক্লীং, বিষ। পুং, রোগ। ক্লীং, করণবিশেষ।

গরণ, (গৃ=সেচনকরা বা গৃ=গ্রাসকরা+অন—ভা) সং, ক্লীং, সেচন। ভক্ষণ।

গরদ, (গর=বিষ—দ=যে দান করে, ২য়া—ষ) বিং, ত্রিং, বিষপ্রয়োক্তা, বিষপ্রদায়ী, যে ব্যক্তি বিষ খাওয়ায়।

গরব্রত, (গর [বৃষ্টির] সেচন—ব্রত) সং, পুং, ময়ূর।

গরভ, (গৃ=ক্ষরিত হওয়া ইত্যাদি+অভ—প্রং) সং,পুং, গর্ভ।

গরল, (গর=বিষ—ল=পায় কিম্বা গর

+অল—প্রং) সং, ক্লীং, বিষ। সর্পের বিষ। ঘাসের আটি। লী—স্ত্রীং, গড়ুই মাছ। "স্মরগরলখণ্ডনং মমশিরসি মণ্ডলং দেহি পদপল্লবমুদারং" জয়দেব।

গরলারি, সং, পুং, মরকতমণি।

গরাধিকা, সং, স্ত্রীং, লাক্ষা, লা।

গরিমা, (গরিমন্, গুরু+ইমন্—ভাবে) সং, পুং, গৌরব। গুরুত্ব। মাহাত্ম্য। মহিমা। ভার।

গরিষ্ঠ } গরীয়ান্ } (গরীয়স্, গুরু+ইষ্ঠ, ঈয়স্—অত্যর্থে) বিং, ত্রিং, মর্য্যাদাপন্ন। গুরুতর, বড়ভারী। অতি গৌরবান্বিত। সার্থক। অর্থবৎ। অতিমহৎ। "বিহিতং প্রিয়য়া মনঃ প্রিয়মথ নিশ্চিত্য গিরং গরীয়সীং"। "পরিণাম সুখে গরীয়সি ব্যথকেস্মিন্ বচসি ক্ষতৌজসাং" ভারবি।

গরুড়, (গরুৎ=পক্ষ—ডী=উড়া+অ—প্রং। ৎ—লোপ। যে পক্ষীর ন্যায় উড়ে। অথবা গর=বিষ—হন্=বধকরা+অ—প্রং, নিপাতন। যে বিষ নষ্ট করে। সং, পুং, পক্ষীরাজ, বিষ্ণুর বাহন, বৈনতেয়, খগেশ্বর।

গরুড়ধ্বজ, (গরুড়—ধ্বজ=চিহ্ন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিষ্ণু, কৃষ্ণ।

গরুড়াগ্রজ, (গরুড়—অগ্রজ=জ্যেষ্ঠ, ৬ষ্ঠী—য) সং, পুং, অরুণ, সূর্য্য-সারথি।

গরুড়াঙ্কিত, (গরুড়—অঙ্কিত=চিহ্নিত) সং, ক্লীং, মরকতমণি।

গরুড়াশ্মা, (গরুড়াশ্মন্, গরুড়—অশ্মন্=প্রস্তর) সং, পুং, মরকতমণি।

গরুৎ, (গৃ=শব্দকরা, আর্দ্রকরা+উৎ—প্রং) সং, পুং, পক্ষ, পাখা, পালক।

গরুত্মান্, (গরুত্মৎ, গরুৎ=পক্ষ+মৎ—অস্ত্যর্থে) সং, পুং, গরুড়। পক্ষী। ত্মতী—স্ত্রীং, পক্ষবিশিষ্টা। পালযুক্ত নৌকা। [মুনিবিশেষ।

গর্গ, (গৃ=ভোজনকরা+গ—প্রং) সং, পুং,

গর্গর (গর্গ=অণুকরণশব্দ—র=যে দান করে) সং, পুং, রী—স্ত্রীং, ঘট, কলস, গাগরী। মন্থনী, দধিমন্থনপাত্র।

গর্জ্জ, (গর্জ্জ=শব্দকরা+অ—প্রং) সং, পুং, গর্জ্জন। মেঘ হস্তী প্রভৃতির শব্দ।

গর্জ্জক, (গর্জ্জ+অক—ক) বিং, ত্রিং, যে গর্জ্জন করে। [করে। শব্দকারী।

গর্জ্জক, (গর্জ্জ+ণক) বিং, ত্রিং, যে গর্জ্জন

গর্জ্জন, গর্জ্জিত (গর্জ্জ=শব্দকরা+অন, ত—ভা)সং, ক্লীং, নাদ, শব্দ। "তাভ্যো মোক্ষস্তব যদি সখে ঘর্মলব্ধস্য ন স্যাৎ। ক্রীড়ালোলাঃ শ্রবণপরুষৈর্গর্জ্জিতৈ র্ভায়য়েস্তাঃ"। "আমন্দ্রানাং ফলমবিকলং লক্ষসে গর্জ্জিতানাং" মেঘদূত। মেঘ সিংহ হস্তী সর্পাদির শব্দ। স্পর্দ্ধা।

গর্জ্জিত, (পূর্ব্বে দেখ) বিং, ত্রিং, যে গর্জ্জন করিয়াছে। সং, পুং, মত্তহস্তী।

গর্জ্জর, সং, ক্লীং, মূলবিশেষ, গাজোর।

গর্ত্ত, (গৃ=ভোজনকরা+ত—সংজ্ঞার্থে) সং, পুং, রন্ধ্র, ছিদ্র, গহ্বর। ত্রিগর্ত্ত দেশ। "ক্রমপরিসররম্যগর্ত্তমন্তর্দধানঃ" "মমতাবর্ত্তে মোহগর্ত্তে নিপাতিতাঃ।"

গর্ত্তিকা, (গর্ত্ত=গহ্বর + ইক — প্রং। সং, স্ত্রীং, তন্তুশালা। তাঁত্ঘর। তন্তুবায়েরা পা রাখিবার নিমিত্ত তন্তুশালার কুট্টিম প্রদেশে ক্ষুদ্র ক্ষুদ্র গর্ত্ত খনন ক-করিয়া রাখে বলিয়া তন্তুশালার নাম গর্ত্তিকা হইয়াছে।

গর্দ্দভ, (গর্দ্দ=শব্দকরা+অভ—সংজ্ঞার্থে) সং, পুং, ভী—স্ত্রীং, রাসভ, গাধা। ক্লীং, শ্বেতকুমুদ। "অবিশ্রামং বহেদ্ভারং শীতোষ্ণঞ্চ ন বিন্দতি। সসন্তোষ স্তথা নিত্যং ত্রীণি শিক্ষেত গর্দ্দভাৎ"। "ন গর্দ্দভা বাজিধুরং বহন্তি"।

গর্দ্ধ, (গৃধ্=লাভ করিতে ইচ্ছাকরা+অ—ভা) সং, পুং, লোভ, লিপ্সা, স্পৃহা।

গর্দ্ধন, (গৃধ+অন—ক) বিং, ত্রিং, লুব্ধ, লোলুপ, লোভী।

গর্ভ, গর্ত্ত (গৃ=গ্রাসকরা+ত—সংজ্ঞার্থে) সং, পুং, কুক্ষি। অভ্যন্তর। "অন্বেহি-

তনয়াং ব্রহ্মন্নগ্নিগর্ভাং শমীমিব" শকুন্তলা। "নিধানগর্ভামিব সাগরাম্বরাং শমীমিবাভ্যন্তর লীনপাবকাং" রঘুবংশ। নদীগর্ভ, ভাদ্রকৃষ্ণচতুর্দ্দশীতে যে পর্য্যন্ত জল উঠে। "ভাদ্রকৃষ্ণচতুর্দ্দশ্যাং যাবদাক্রমতে জলম্। তাবদ্গর্ভং বিজানীয়াত্তদূর্দ্ধং তীরমুচ্যতে। ভ্রূণ, গর্ভস্থ প্রাণী। গর্ভাশয়গত শুক্রশোণিতময় পিণ্ড। "ন কদাচিদপি তত্রভবতী গর্ভাবিভূর্তদোহদাপ্যুপলক্ষিতা; কুতএব প্রসূতিঃ?" বিক্রমোর্ব্বশী। অগ্নি। অন্ন। পুত্র। নাট্যে—সন্ধিবিশেষ।

গর্ভক, (গর্ভ=অভ্যন্তর+ক—স্থিত্যর্থে) সং, পুং, কেশমধ্যপরিবৃত মাল্য, খোঁপার মালা। কেশভূষণপুষ্প। ক্লীং, দুই রাত্রি এক দিন।

গর্ভকেশর, (Pistils) সং, পুং,—ক্লীং, কেশরের মধ্যে যে [illegible] সর্ব্বাপেক্ষা স্থূল; উহার শিরোভাগে আঠার ন্যায় এক প্রকার দ্রব্যপদার্থ থাকে।

গর্ভগৃহ, (গর্ভ—গৃহ=ঘর, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, ভিতরের ঘর, গর্ভাগার।

গর্ভণ্ড, (গর্ভ=উদর—অণ্ড=ডিম্ব। আ=অ) সং, পুং, নাভির গাঁড়।

গর্ভদোহদ, সং, ক্লীং, গর্ভাভিলাষ, গর্ভ হইলে যাহা খাইতে ইচ্ছা হয়।

গর্ভধারিণী, (গর্ভ—ধৃ=ধরা+ইন্—ক। ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, যে গর্ভে ধারণ করে, মাতা।

গর্ভপরিস্রব, (গর্ভ=কুক্ষিস্থ জন্তু+পরিস্রব=যে ক্ষরিত হয়, যাহা গর্ভের সহিত ক্ষরিত হয় বা পড়িয়া যায়। "যদি থাকে শূন্য সাত, তবে নারীর গর্ভ পাত।" খনা। সং, পুং, অপত্য প্রসূত হইলে তাহার সহিত যে চর্ম্মাবৃত পদার্থ পড়িয়া যায় ফুল।

গর্ভপাত, (গর্ভ=কুক্ষি—পাত=পতন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, গর্ভস্রাব, গর্ভনষ্ট হওয়া।

গর্ভপাতক, (গর্ভ=ভ্রূণ—পাতি পড়ান+অক—ক) বিং, ত্রিং, যে ঔষধাদি প্রয়োগদ্বারা গর্ভপাত সম্পাদন করে, ভ্রূণঘাতী। [ক্লীং, ভ্রূণহত্যা।

গর্ভপাতন, (গর্ভ—পাতন, ৬ষ্ঠী—ষ)সং.

গর্ভবতী, (গর্ভ=ভ্রূণ+বৎ—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, গর্ভিণী, অন্তঃসত্ত্বা, যে স্ত্রীর গর্ভ হইয়াছে। [গর্ভাশয়, জরায়ু।

গর্ভশয্যা, (গর্ভ—শয্যা,য়ং—স) সং,স্ত্রীং,

গর্ভস্থ, (গর্ভ—স্থ=যে থাকে) বিং, ত্রিং, যে গর্ভে আছে। মধ্যস্থিত।

গর্ভস্রাব, (গর্ভ=কুক্ষিস্থজন্তু-স্রাব=পতন ৬ষ্ঠী—ষ) সং, পুং, গর্ভপাত, পেটখসা। রোগাদি কারণে অথবা ঔষধাদি প্রয়োগ দ্বারা গর্ভ নষ্ট করণ।

গর্ভাগার, (গর্ভ=অভ্যন্তর—আগার=বাসগৃহ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, বাসগৃহ। অন্তর্গৃহ। [গত ক্ষুদ্র অঙ্ক।

গর্ভাঙ্ক, সং, পুং, নাটকের অঙ্কের অন্ত-

গর্ভাধান, (গর্ভ—আধান=স্থাপন, উৎপাদন, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, সংস্কারবিশেষ, নিষেকক্রিয়া, গর্ভে শুক্র শোণিতের সমবায়। "গর্ভাধানক্ষণপরিচয়ান্নূনমাবদ্ধমালা" মেঘদূত। স্ত্রীলোকের দ্বিতীয় বিবাহ।

গর্ভাশয়, (গর্ভ=ভ্রূণ—আশয়=শয়নীয় স্থান, ৬ষ্ঠী—ষ) সং, পুং, জরায়ু, গর্ভশয্যা।

গর্ভিণী, (গর্ভ=ভ্রূণ+ইন্—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, গর্ভবতী। "মাতৃজস্যস্য হৃদয়ং মাতুশ্চ হৃদয়ঞ্চতৎ। সম্বদ্ধং তেন গর্ভিণ্যাঃ শ্রেষ্ঠং শ্রদ্ধাভিমাননং" বাগ্ভট।

গর্ভোপঘাতিনী, (গর্ভ—উপ—হন্=বধকরা+ইন্—ক) সং, স্ত্রীং, অসময়ে রমণ জন্য যে গাভীর গর্ভপাত হয়।

গর্ম্মুৎ, (গৃ=গ্রাসকরা ইত্যাদি+উৎ—সংজ্ঞার্থে। ম্—আগম) সং, স্ত্রীং, সুবর্ণ। লতা। তৃণবিশেষ।

গর্ব্ব, (গর্ব্ব=অহঙ্কৃতহওয়া + অ—ভা) সং, পুং, দর্প, অহঙ্কার, অন্যকে অবজ্ঞা।

ঐশ্বর্য্যাদি বশতঃ যে অন্যের প্রতি অবজ্ঞা করে। "ঐশ্বর্য্যরূপতারুণ্যকুলবিদ্যাবলৈরপি, ইষ্টলাভাদিনান্যেষামবজ্ঞা গর্ব্ব ঈরিতঃ।" "গৌতমাদিভিরন্যৈস্তুং গর্ব্বমাপাদিতোমুধা" বিষ্ণুপুরাণ।

গর্ব্বর, (গৃ=অবজ্ঞাকরা, বিজ্ঞাপন করা ইত্যাদি+বর—প্রং, অথবা গর্ব্ব+র—অস্ত্যর্থে) বিং, ত্রিং, যে গর্ব্ব করে, অহঙ্কারী। [—প্রং) সং, পুং, দ্বারপাল।

গর্ব্বাট, (গর্ব্ব=দর্প—অট্=গমনকরা+অ

গর্ব্বিত, (গর্ব্ব+ইত—জাতার্থে) বিং, ত্রিং, অহঙ্কৃত। উদ্ধত। "শবং স্কন্ধেন বহতি মা শৃঙ্গিন্ গর্ব্বিতোভব"। মহাভারত।

গর্হণ—ক্লীং } গর্হ্=নিন্দাকরা+অন, গর্হা—স্ত্রীং } আ—ভা) সং, নিন্দা, দোষারোপ। তিরস্কার। "যেন যেনাচরেদ্ধর্ম্মংতস্মিন্ গর্হা ন বিদ্যতে।"

গর্হিত, গর্হ্য, (গর্হ+ক্ত, য—র্ম্ম) বিং, ত্রিং, নিন্দিত, দূষ্য। নিষিদ্ধ। জঘন্য। "ম্লেচ্ছাশ্চ গর্হিতাঃ"। "ন রামো গর্হিতং বদেৎ।"

গল, (গল=ভোজনকরা+অ—ণ) সং, পুং, কণ্ঠ, গলা। বাদ্য বিশেষ। ধূনা। গালা। "বদ্ধা গলে শিলাম্"। "গলে গৃহীত্বা ক্ষিপ্তোঽস্মি বরুণেন"। "গলমোটন পূর্ব্বং বিনাশিতা"।

গলকম্বল, (গল—কম্বল, ৬ষ্ঠী—ষ) সং, পুং, গোরুর গললম্বিত কম্বলাকৃতি মাংস, সাস্না।

গলগণ্ড, (গল—গণ্ড ৬ষ্ঠী—ষ) সং, পুং, রোগবিশেষ, গলদেশে মাংস পিণ্ড। হাড়গিলা পাখী।

গলগ্রহ, (গল—গ্রহ=যে গ্রহণ করে, ২য়া—ষ) সং, পুং, স্বয়ং উত্থাপিত অপরিহার্য্য আপদ্। অকারণে ও অনিচ্ছাপূর্ব্বক যাহার ভার লইতে হয়, গলার বোঝা। মৎস্যঘণ্ট। তিথিবিশেষ। অসমাপ্ত কর্ম্ম। "আরম্ভানন্তরং যত্র প্রত্যারম্ভো ন বিদ্যতে। গর্গাদিমুনয়ঃ সর্ব্বে তমেবাহুর্গলগ্রহম্"।

গলৎ, (গল+শতৃ—ক) বিং, ত্রিং, যাহা গলিয়া পড়িয়াছে।

গলন, (গল্ ক্ষরিত হওয়া+অন—ভা) সং, ক্লীং, দ্রব হওয়া, গলিয়া যাওয়া। গলিয়া পতন। চোয়াইয়া পড়া।

গলন্তিকা, (গলন দেখ, অন্তি—সংজ্ঞার্থে, ক—যোগ। যাহা হইতে জল ক্ষরিত হয়) সং, স্ত্রীং, গাড়ু, স্বল্পবারিধানিকা, ঝারী। তলদেশে ছিদ্রবিশিষ্ট জলপাত্র। তুলসীবৃক্ষ এবং বৈশাখ মাসে ঠাকুরদের মস্তকে জলসেচনার্থ প্রদত্ত ঝারা।

গলমেখলা, (গল কণ্ঠ—মেখলা=কটিভূষণ বিশেষ, ৭মী—ষ) সং, স্ত্রীং, কণ্ঠভূষণ বিশেষ। চিক। হার।

গলরন্ধ্র, (গল—রন্ধ্র = ছিদ্র, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, গলার ছিদ্র।

গলব্রত; সং, পুং, ময়ূর।

গলশুণ্ডিকা, (গল=কণ্ঠ—শুণ্ডিকা হস্তীর শুঁণ্ড ৬ষ্ঠী=ষ। হাতীর শুঁড়ের ন্যায় লম্বমান গোলাকার মাংসময় পদার্থবিশিষ্ট বলিয়া) সং, স্ত্রীং, আলজিভ।

গলস্তনী, (গল—স্তন, ৬ষ্ঠী-হিং, যাহাদের গলদেশে স্তনের ন্যায় মাংসখণ্ড আছে) সং, স্ত্রীং, ছাগী, অজা।

গলহস্ত, (গল—হস্ত, হস্তস্থ তর্জনী এবং বৃদ্ধাঙ্গুলি বিস্তার, ৭মী—ষ) সং, পুং, গলাটিপি। অর্দ্ধচন্দ্র, গলাধাক্কা। "অনিচ্ছন্ গলহস্তেন তাভির্নির্বাসিতস্তদা"।

গলা, (গলশব্দজ) সং, কণ্ঠ, গলদেশ। (গল্ধাতুজ) বিং, গলিত, দ্রবীভূত।

গলাটিপি, গলাধাক্কা, (গলা-টিপি, ধাক্কা) সং, গলহস্ত। [রজ্জু।

গলাসী, (দেশজ) সং, গবাদির গলবন্ধন-

গলি, (গল্=ভক্ষণকরা+ইন্) সং, পুং, ভক্ষণ পটু বলবান্ কিন্তু অলস বৃষ। (দেশজ) সং, অল্পপরিসরপথ, ক্ষুদ্র ও সঙ্কীর্ণ পথ।

গলিত, (গল, ক্ষরিতহওয়া+ত = ক) বিং, ত্রিং, ক্ষরিত, পতিত, নষ্ট, ধ্বংসপ্রাপ্ত। শিথিলিত। বহির্গত।
গলিতকুষ্ঠ, সং, ক্লীং, বৃদ্ধিপ্রাপ্ত কুষ্ঠরোগ অর্থাৎ যে সময় হস্তপদাদির অঙ্গুলি সকল খসিয়া পড়িয়া যায়।
গল্প, (ভাষণার্থ জল্প্ ধাতুজ) সং, উপন্যাস, উপকথা।
গল্‌ভ, (গল্‌ভ. প্রগল্‌ভহওয়া+অ—প্রং) বিং, ত্রিং, প্রগল্‌ভ।
গল্ল, (গল=ভক্ষণকরা ল—সংজ্ঞার্থে) সং, পুং, গণ্ড, গাল। [মদ্যপান-পাত্র।
গল্লক, (গল্ল+ক=প্রং) সং, পুং, চষক,
গল্লচাতুরী, (গল্ল=গাল—চাতুর=বালিশ) সং, স্ত্রীং, গালবালিশ।
গল্লর্ক, (গল্=ফোঁটা ফোঁটা পড়া) সং, পুং, পানপাত্র, চষক।
গল্লান, (দেশজ) সং, পুং, করণ। আঁটি আঁটি করিয়া বাঁধা। [বিচালি।
গবত্র, (গো—ত্রৈধাতুজ) সং, ক্লীং,
গবয়, (গু শব্দকরা+অয় কিম্বা—গো=গরু—যা+ড, যে গরুর ন্যায় গমন করে) সং, পুং, গলকম্বলশূন্য গোতুল্য পশু। বানরবিশেষ। বৈবস্বত পুত্র।
গবরাজ, (গব [গো গোরু+অ—ইদমর্থে] গোসম্বন্ধীয়—রাজন্ রাজা, প্রধান) সং, পুং, বৃষ, ষাঁড়।
গবল, (গু শব্দ করা+অল—প্রং) সং, পুং, বন্যমহিষ। ক্লীং, মহিষশৃঙ্গ।
গবাক্ষ, (গো কিরণ—অক্ষ্ বিস্তৃত করা +ঘঞ্—প্রং। যে কিরণ বিস্তার করে, অথবা গো গোরু-অক্ষ=চক্ষু। যে গোরুর চক্ষের ন্যায়, য়ং=স) সং, পুং, জানালা। বানরবিশেষ। "দান্তিকৈঃ রাজতৈশ্চৈব গবাক্ষৈঃ প্রিয়দর্শনৈঃ। হেমজালাবৃতৈশ্চৈব রত্নৈঃ সাগ্রবিতানকৈঃ" ॥ ক্ষী—স্ত্রীং, ফলবিশেষ।
গবাক্ষজাল, সং, ক্লীং, গবাক্ষাবরণার্থ প্রদত্ত সূক্ষ্ম সূক্ষ্ম লৌহশলাকা নির্ম্মিত জাল।
গবাচী, সং, স্ত্রীং, পাঁকাল মাছ।
গবাদন, (গো গোরু—অদন ভোজনীয়) সং, ক্লীং, ঘাস, তৃণ। নী—স্ত্রীং, গোরুর ঘাস খাইবার গামলা। বৃক্ষবিশেষ। ফলবিশেষ।
গবালূক, (গো গোরু—আ—লোক্=দর্শনকরা+অ—প্রং। নিপাতন। গোসদৃশ আকৃতি বলিয়া) সং, পুং, গবয়।
গবাশন, (গো গোরু—অশন যে ভোজ করে। যে গোমাংস ভোজন করে) সং, পুং, গোখাদক, মুচী, চামার। সমাজচ্যুত ব্যক্তি।
গবাশিকা, সং, স্ত্রীং, লাক্ষা লা।
গবাহ্নিক, (গো=গোরু—আহ্নিক—দৈনন্দিন) সং, ক্লীং, গরুর একদিনের খাদ্য।
গবী, (গো গোরু, বাকা+ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, গাভি। বাণী।
গবেডু, (গো গোরু বা পৃথিবী—এড্ রক্ষা করা+উ—সংজ্ঞার্থে) সং, পুং, মেঘ। স্ত্রীং, তৃণ-ধান্য, গড়গড়া। বরবটী।
গবেধু } গবেধুকা } (গো জল—এধ্ বৃদ্ধি পাওয়া + উ—সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, তৃণধান্য, গড়গড়া, বরবটী।
গবেধুক } গবেরুক } (গো দীপ্তি বা রঙ্—ঈর্ প্রেরণকরা + অক—প্রং। অ=উ, নিপাতন)। সং, ক্লীং, গৈরিক, গিরিমাটী।
গবেষণ, (Inquring after any thing, physical or philosophical) গবেষ্ অন্বেষণকরা+অন—ভা) সং, ক্লীং, ণা—স্ত্রীং, অন্বেষণ, অনুসন্ধান। সং, পুং, রাজা বিশেষ।
গবেষিত, (গবেষণ দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, যে বিষয়ের অনুসন্ধান করা গিয়াছে, অন্বেষিত। [পুং, শ্রেষ্ঠ গাভি।
গবোদ্বহ, (গো=গরু উদ্বহ=উত্তম) সং,
গব্য, (গো+য—ইদমর্থে) বিং, ত্রিং,

গোসম্বন্ধীয়, দুগ্ধঘৃতাদি। ব্যা-স্ত্রীং, গো-সমূহ। জ্যা। ক্লীং, গো-হিত। ছিলা। দুই ক্রোশ পরিমাণ। ব্যঞ্জন,দ্রব্যবিশেষ।

গোব্যূত—ক্লীং } গো পৃথিবী—যু=
গব্যূতি—স্ত্রীং } যোগকরা+ত, তি-প্রং) সং, দুই ক্রোশ পরিমাণ।

গহন, (গহ্=নিবিড় হওয়া, বুঝিতে কঠিন হওয়া+অন—ক) বিং, ত্রিং, দুর্গম, দুষ্প্রবেশ্য। দুর্ব্বোধ্য, দুরূহ। ক্লীং, নিবিড় বন। গহ্বর। ক্লেশ, যন্ত্রণা। "বহূদকনিম্নোন্নতনদীবর্ষগহন (দেশ)। সুগহনা বৃতিঃ"।

গহ্বর, (গাহ=চঞ্চলিত হওয়া+ঘরচ্—প্রং) সং, পুং,—ক্লীং, দেবখাত, গর্ত্ত, পর্ব্বতকন্দর। ক্লীং,নিকুঞ্জ,লতাগৃহ বন। কপটতা। অনুচ্চৈঃস্বরে রোদন।

গা, (গাত্রশব্দজ) সং, শরীর, দেহ। (গৈ=গানকরা+ক+সাপ্) সং, স্ত্রীং, পদ্যময়ীরচনা।

গাই, (গাভীশব্দজ) সং, স্ত্রীং, গো, গবী।

গাল, (গালিশব্দজ) সং, কটূক্তি, অভিসম্পাত। গালাগালি। [গাথক।

গাএন, (গায়ন শব্দজ) সং, পুং, গায়ক,

গাওনা, (গানার্থ গৈধাতুজ) সং,গানকরা গীত-গাওয়া। গান [গঙ্গা।

গাং, (গঙ্গাশব্দজ) সং, নদী। ভাগীরথী।

গাংচাঁদা, সং, মৎস্যবিশেষ।

গাংচাঁদা।

গাংধাড়া, সং, মৎস্যবিশেষ।

গাঁ, (গ্রামশব্দের অপভ্রংশ) সং, যেখানে অনেক লোক একত্র হইয়া বাস করে।

গাঁট,(গ্রন্থিশব্দজ) সং,গিরা। মোট,বস্তা।

গাঁজন, (দেশজ) সং, দ্রবদ্রব্যের বিকৃতি করণ। গাঁজলা উঠান।

গাঁজা, (দেশজ) সং,মাদক দ্রব্যবিশেষ,গাঞ্জা

গাঁঠরী, (গ্রন্থিশব্দজ) সং,পুটুলি,ক্ষুদ্রমোট।

গাঁথন, (গ্রন্থন শব্দজ) সং, গঠন, রচনা।

গাঁথনি, (গ্রন্থশব্দজ) সং গ্রন্থন, গাঁথা।

গাগরী, (গর্গরী শব্দজ হিন্দি কথা) সং, ক্ষুদ্র কলসী, ঘট।

গাঙ্গ, (গঙ্গা+ষ্ণ—অপত্যার্থে) সং, পুং, ভীষ্ম। কার্ত্তিকেয়। বিং,ত্রিং,গঙ্গাসম্বন্ধীয়।

গাঙ্গট } (গঙ্গা—অট যে গমন করে।"
গাঙ্গাট } নিপাতন) সং, পুং, মৎস্যবিশেষ, চিঙড়ি মাছ।

গাঙ্গটেয়, (গঙ্গা—অট্ গমনকরা+ঢেয় প্রং) সং, পুং, মৎস্যবিশেষ, চিঙ্গড়িমাছ।

গাঙ্গায়নি } গঙ্গা+ফায়নি ঢেয়—অপ-
গাঙ্গেয় } ত্যার্থে) সং, পুং, ভীষ্ম কার্ত্তিক।

গাছ, (দেশজ) সং, তরু, [illegible]

গাজন,(দেশজ) সং,শিবপূজোপলক্ষে চৈত্র সংক্রান্তিতে করণীয় মহোৎসব বিশেষ।

গাজর,সং,ক্লীং,গৃঞ্জন,গাজোর। মূলবিশেষ।

গাড়ন, (দেশজ) সং, পোতা, প্রোথিত-করণ।

গাড়র } (গড্ডলিকা শব্দজ) সং,মেষ,
গাড়ল } মেড়া, ভেড়া।

গাড়ী, (গন্ত্রী শব্দজ) সং, রথ, শকট।

গাড়ু, (গড্ডুক শব্দজ) সং, ঝারী, জলপাত্রবিশেষ।

গাঢ়, (গাহ=অবগাহন করা+ত—প্রং) বিং, ত্রিং, অতিশয়, অতিরিক্ত। দৃঢ়। প্রগাঢ়, গভীর। ভারী ঘন, তরল নয়। সেবিত। অবগাঢ়। "লাঙ্গুলং মুখে নিধায় গাঢ়তরং চর্ব্বিতুমারব্ধবান্। সৌহার্দ্দে-নাতিগাঢ়েন'।

গাঢ়মুষ্টি, (গাঢ়=দৃঢ়বদ্ধ=মুষ্টি=মুঠা) সং, পুং, খড়্গ, তরবাল। বিং, ত্রিং, কৃপণ, ব্যয়কুণ্ঠ।

গাণপত্য, (গণপতি+ষ্ণ—ইদমর্থে) বিং, ত্রিং, যাহারা গণেশের উপাসনা করে। গণপতিসম্বন্ধীয়।[সং, ক্লীং,গণিকাসমূহ।

গাণিক্য, (গণিকা=বেশ্যা+ষ্ণ্য সমূহার্থে)

গাণিতিক, (গণিত+ষ্ণিক—জ্ঞাতার্থে, ইদমর্থে) বিং, ত্রিং, গণিতশাস্ত্রজ্ঞ। গণিত সম্বন্ধীয়। [সং, পুং, গ্রন্থি।

গাণ্ডি, (গণ্ড=গালকাঁপা+ই—সংজ্ঞার্থে)

গাণ্ডিব, গাণ্ডীব (গাণ্ডি=যে গাল কাঁপায়, ব—অস্ত্যর্থে) সং, পুং,ক্লীং, অর্জ্জুনের ধনুক।

গাণ্ডীবী, (গাণ্ডীবিন্ গাণ্ডীব=অর্জ্জুনের ধনুক+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, গাণ্ডীব ধারী, অর্জ্জুন। "গাণ্ডীবী কনকশিলানিভং ভুজাভ্যামাজঘ্নে বিষমবিলোচনস্য বক্ষঃ" ভারবি। ধানুষ্ক।

গাতু, (গৈ=গানকরা+তু—প্রং) সং,পুং, ভ্রমর। কোকিল। গন্ধর্ব্ব। বিং,ত্রিং,ক্রুদ্ধ

গাতা, (গাতৃ, গৈ=গানকরা+তৃণ—ক) বিং, ত্রিং, গায়ক, যে গান করে।

গাত্র, (গম্=গমনকরা+ত্র—সংজ্ঞার্থে) সং, ক্লীং, অঙ্গ, শরীর।

গাত্রমার্জ্জনী, (গাত্র—মার্জ্জনী=যাহা মার্জ্জন করা যায়) সং, স্ত্রীং, গামছা।

গাথক, (গৈ=গানকরা+থক—ক, শিল্পী অর্থে) সং, পুং, গায়ক, গানকারী।

গাথা, (গৈ+থ—প্রং) সং, স্ত্রীং, কবিতা, শ্লোক। পদ্যময়ী রচনা,ছন্দঃ। গীতি,গান

গাদ, (দেশজ) মল, কাট।

গাদন, (দেশজ) সং, পোতন, ঠাসন, পূর্ণকরণ।

গাদাগাদী, (দেশজ) সং, রাশি, স্তূপ, রাশীকৃত। ঠেসাঠেসী।

গাধ, (গাধ্=দাঁড়ান, ইচ্ছাকরা+অ—প্রং) সং, ত্রিং, সুপ্রতর, তলস্পর্শযোগ্য, অগভীর।

গাধা, (গর্দ্দভশব্দজ) সং, খর, রাসভ।

গাধি, সং, পুং, বিশ্বামিত্র ঋষির পিতা, চন্দ্রবংশীয় নৃপবিশেষ।

গাধিজ, গাধিভূ, গাধিসুত (গাধি=ঋষিবিশেষ—জ, ভূ=জাত—সুত পুত্র) সং, পুং, বিশ্বামিত্রঋষি।

গাধিপুর, (গাধি=নৃপবিং—পুর=নগর) সং,ক্লীং,গাধিনৃপের নগর,কান্যকুব্জ দেশ।

গাধেয়, (গাধি=ঋষিবিশেষ+ঢেয় অপত্যার্থে) সং, পুং, বিশ্বামিত্র ঋষি।

গান, (গৈ=গানকরা+অনট্—ভা) সং, ক্লীং, যাহা গাওয়া যায়, গীতি। ধ্বনি।

গান্দিনী, (গো=স্বর্গ—দ=যে দেয়+ইন্—প্রং) সং, স্ত্রীং, গঙ্গানদী, ভাগীরথী, অক্রূরের জননী।

গান্ধর্ব্ব,(গন্ধর্ব্ব+ষ্ণ—ইদমর্থে) বিং, ত্রিং, গন্ধর্ব্বসম্বন্ধীয় বিবাহবিশেষ, যে বিবাহে বরকন্যা পরস্পরের প্রতি অনুরক্ত হইয়া পরস্পরের পাণিগ্রহণ করে। সং, পুং, অশ্ব। দ্বীপবিশেষ। ক্লীং, গান।

গান্ধার,(গান্ধ—ঋ=গমনকরা+অ—প্রং, কিম্বা গন্ধার+ষ্ণনিবাসার্থে) সং, পুং, আফগান স্থানের অন্তর্গত দেশবিশেষ, কান্দাহার। স্বরবিশেষ। রাগবিশেষ। সিন্দুর। ক্লীং, গন্ধক। রী—স্ত্রীং, ধৃতরাষ্ট্র-মহিষী, দুর্য্যোধনের মাতা।

গান্ধাররাজ, (গান্ধার=দেশবিশেষ—রাজন্ রাজা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শকুনি, দুর্য্যোধনের মামা।

গান্ধারেয়,(গান্ধারী=দুর্য্যোধনের মাতা+ঢেয়—অপত্যার্থে) সং, পুং, গান্ধারীপুত্র, দুর্য্যোধন প্রভৃতি।

গান্ধিক, (গন্ধ+ষ্ণিক—প্রং) সং, পুং, যাহারা গন্ধদ্রব্যাদি বিক্রয় করিয়া জীবন যাত্রা নির্ব্বাহ করে। গন্ধবণিক্। লেখক। গাঁধিপোকা।

গাপ, (গুপ্‌ধাতুজ) সং, গোপন, ছাপান, লুক্কায়িত।

গাভী, (গবীশব্দজ) সং, স্ত্রীং গো, ধেনু।

গামছা, (গা=গাত্রশব্দজ—মছা=দেশীয় মোছন শব্দজ) সং, গাত্রমার্জ্জনী।

গামী, (গামিন্—গম্=গমনকরা+ণিন্

—ক) বিং, ত্রিং, যে গমনকরে। গমনশীল। (এই শব্দের স্বতন্ত্র প্রয়োগ হয় না, অন্য শব্দের পরে প্রযুক্ত হইয়া থাকে, যথা—দ্রুতগামী, বেগগামী সর্ব্বতোগামী।"বজ্রং তপোবীর্য্য মহৎস্বকুণ্ঠং ত্বং সর্ব্বতোগামি সাধকঞ্চ" কুমার সম্ভব। [বিং, ত্রিং, গন্তা, গমনকারী।

গামুক, (গম্ = গমনকরা+উক—ক)

গাম্ভীর্য্য,(গম্ভীর+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, গম্ভীরতা, অল্প কারণে ব্যাকুল বা চঞ্চল না হওয়া। প্রগাঢ়তা। অচাঞ্চল্য। অচাপল্য। বিকারাভাব।"বিকারাঃ সহজা যস্য হর্ষক্রোধভয়াদিষু। ভাবেষু নোপলভ্যন্তে তদ্গাম্ভীর্য্যমিতি স্মৃতম্"।

গায়ক, গায়ন, (গৈ+ণক, অন—ক) বিং, ত্রিং, গানকারক। সঙ্গীতব্যবসায়ী।

গায়ৎ, (গৈ+শতৃ—ক) বিং, ত্রিং, যে গান করিতেছে।

গায়ত্রী, গায়ত্রী, (গায়ৎ=গানকারী—ত্রৈ=পালনকরা+ড—প্রং। যে গান কারীকে ত্রাণ করে, কিম্বা গায়=গান। যে গান দ্বারা ত্রাণ করে। "গায়ন্তং ত্রায়তে যস্মাৎ তস্মাৎ গায়ত্রীতি স্মৃতা") সং,স্ত্রীং, ত্রিপাদ মন্ত্রবিশেষ, বেদমাতা। ৬ অক্ষরছন্দঃ। ততোঽসৃজদ্বৈ ত্রিপদাং বেদমাতরম্। অকরোচ্চৈব চতুরো বেদান্ গায়ত্রীসম্ভবান্"॥

গারুড়, (গরুড়+ষ্ণ—ইদমর্থে) সং, ক্লীং, বিষশাস্ত্র, বিষমন্ত্র। স্বর্ণ। মরকতমণি, হরিদ্বর্ণ রত্নবিশেষ। পুরাণবিশেষ। গরুড়সম্বন্ধীয় অস্ত্রবিশেষ। বিং, ত্রিং, গরুড়সম্বন্ধীয়।

গারুড়িক, (গরুড় = বিষমন্ত্র+ষ্ণিক—জ্ঞাতার্থে) সং, পুং, বিষবৈদ্য।

গারুত্মত, (গরুত্মৎ = গরুড়+ ষ্ণ — ভবার্থে) সং, ক্লীং, মরকত মণি। এই রত্ন গরুড়ের মুখনির্গত শ্লেষ্মা হইতে উৎপন্ন হইয়াছে বলিয়া ইহাকে গারুত্মত কহে।

গার্দ্ধ, (গৃধ= লোভী, পেটুক+ষ্ণ—প্রং, বা গৃধ্র+ষ্ণ—প্রং। র—লোপ, বিকল্পে) সং, ক্লীং, অতি তৃষ্ণা।

গার্দ্ধপক্ষ (গার্দ্ধ [গৃধ্র=শকুনি পক্ষী+ষ্ণ —ইমমর্থে] গৃধ্রসম্বন্ধীয়—পক্ষ পালক। যাহা গৃধ্রের পক্ষ হইতে নির্ম্মিত হয়) সং, পুং, গৃধ্রপক্ষযুক্ত বাণ।

গার্দ্ধ্য,(গৃধ্র=লোভী, পেটুক+ষ্ণ্য—প্রং) সং, ক্লীং, লিপ্সা, লোভ।

গার্হপত্য, (গৃহপতি+ষ্ণ্য—ইদমর্থে) সং, পুং.সাগ্নিক গৃহীর যজ্ঞাগ্নি। যে অগ্নি গৃহস্থ লোকেরা চিরকাল গৃহে রাখে। বিং, ত্রিং, গৃহপতি সংক্রান্ত।

গার্হস্থ, গার্হস্থ্য } (গৃহস্থ+ষ্ণ, ষ্ণ্য—ইদমর্থে) বিং, ত্রিং, গৃহস্থসম্বন্ধীয়। গৃহস্থ আশ্রম, গৃহস্থ ধর্ম্ম। "চতুর্ণামাশ্রমাণাং হি গার্হস্থ্যং শ্রেষ্ঠমাশ্রমম্"।

গাল (গণ্ডশব্দজ) সং, কপোল, গণ্ড।

গালন, (গালি=ক্ষরান+অন—ভা) সং, ক্লীং, ক্ষারণ, ছাঁকা। [illegible]।

গালব, (গাল=ক্ষরণ—ব=যে বাধা দেয়) সং, পুং, লোধ্রবৃক্ষ। লোধ্রের ধারণতা শক্তি থাকাতে ইহাকে গালব কহে। স্বনামখ্যাত মুনিবিশেষ।

গালি, (গালি=ক্ষরান+ই—প্রং) সং, পুং, অভিসম্পাত, শাপ। কটুবাক্য। "দদতি দদতু গালী র্গালিমন্তো ভবন্তো বয়মপি তদভাবাদ্ গালিদানেঽসমর্থাঃ।"

গালিচা, (যবনভাষা) সং, মেষলোমনির্ম্মিত আস্তরণবিশেষ।

গালিত, (গালি=ক্ষরান+ক্ত—র্ম্ম)বিং, ত্রিং, দ্রবীকৃত,যাহা গলান গিয়াছে।

গালোড্য, সং, ক্লীং, পদ্মবীজ।

গাহিত, (গাহ্=অবগাহন করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অবগাহিত।

গিন্নী, (গৃহিণীশব্দজ) সং, ভার্য্যা, স্ত্রী। পুরন্ধ্রী। বাটীর কর্ত্রী।

গির্, গিরা (গৄ=শব্দকরা—ক্বিপ্—আ—প্রং। ঋ—ইর্) সং, স্ত্রীং, বাক্য। সর-

স্বতী। "সংস্কারবত্যেব গিরা মনীষী তয়া সপূতশ্চ বিভূষিতশ্চ।" কুমারসম্ভব।

গির্‌গিটী, সং, জন্তুবিশেষ।

গিরি, (গৃ=গ্রাসকরা+ই—প্রং) সং, পুং, পর্ব্বত। "গিরিচর ইবনাগঃ প্রাণসারং বিভর্ত্তি" শকুন্তলা। "শিরালজংঘৈর্গিরিকূটদঘ্নৈঃ" ভট্টি। চক্ষুর রোগবিশেষ। গেণ্ডুক,ভাঁটা। সন্ন্যাসীবিশেষ। পরিব্রাজকদের উপাধিবিশেষ, যথা—আনন্দগিরি ইত্যাদি। স্ত্রীং, নিগরণ, ভক্ষণ। বালমূষিকা।

গিরিকণ্টক, (গিরি=পর্ব্বত—কণ্টক, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অশনি, বজ্র।

গিরিকর্ণিকা, (গিরি=পর্ব্বত—কর্ণ+ক—প্রং) সং, স্ত্রীং, পৃথিবী। কবিগণ পর্ব্বতদিগকে পৃথিবীর কর্ণ বলিয়া বর্ণনা করিয়া থাকেন। এইহেতু পৃথিবীর নাম গিরিকর্ণিকা হইয়াছে।

গিরিকর্ণী, (গিরি=মূষিক—কর্ণ। সং, স্ত্রীং, অপরাজিতা। অপরাজিতার পাতা দেখিতে অবিকল মূষিকের কর্ণের ন্যায় বলিয়া ইহার নাম গিরিকর্ণী হইয়াছে।

গিরিকা, (গিরি+ক—যোগ) সং, স্ত্রীং, ছোট ইঁদুর, নেঙটে ইঁদুর।

গিরিগুড়, (গিরি—গুড়, এই দুই শব্দের একঅর্থ,=গোলা) সং, পুং,কন্দুক,গোলা

গিরিজ, (গিরি—জ=যে জন্মে, ৭মী—ষ) সং, পুং, গৈরিক, গেরিমাটী, শিলাজতু। অভ্র। লৌহ। বিং, ত্রিং, যাহা পর্ব্বতে জন্মে, শৈলজ।

গিরিজা, (গিরি=হিমালয়পর্ব্বত—জা=যে জন্মে, ৫মী—ষ) সং, স্ত্রীং, পার্ব্বতী, দুর্গা, কাত্যায়নী, ক্ষুদ্র পাষাণবিশেষ।

গিরিজ্বর, (গিরি=পর্ব্বত—জ্বর যে দগ্ধ করে) সং, পুং, অশনি, বজ্র।

গিরিত, (গৃ=গ্রাসকরা+ক্ত—র্ম্ম। গিলিত শব্দও হয়) বিং, ত্রিং, ভক্ষিত, গিলিত।

গিরিপ্রিয়া, সং, স্ত্রীং, চমরী মৃগ।

গিরিব্রজ, সং, ক্লীং, বেহারের অন্তঃপাতি নগরবিশেষ।

গিরিভূ, (গিরি—ভূ=জাত) সং, স্ত্রীং, পার্ব্বতী। ক্ষুদ্র প্রস্তরবিশেষ।

গিরিমল্লিকা, (গিরি=পর্ব্বত—মল্লী=বেলফুল+ক—সাদৃশ্যার্থে) সং,স্ত্রীং,কুটজ বৃক্ষ

গিরিশ, (গিরি=কৈলাস পর্ব্বত—শ=যে শয়নকরে, ৭মী—ষ)সং, পুং, শিব, মহাদেব, ত্রিলোচন।

গিরিশৃঙ্গ, (গিরি=পর্ব্বত—শৃঙ্গ=চূড়া) সং, পুং, গণেশ। পর্ব্বতের চূড়া।

গিরিসঙ্কট, (Mountain pass) পর্ব্বতশ্রেণীর মধ্য স্থিত সঙ্কীর্ণ পথ।

গিরিসার, (গিরি=পর্ব্বত—সার=সারাংশ) সং, পুং, মলয়পর্ব্বত। টিন। লৌহ।

গিরিসুত, সং, পুং, মৈনাকপর্ব্বত।

গিরিসুতা, (গিরি=হিমালয় পর্ব্বত—সুতা=কন্যা) সং, স্ত্রীং, পার্ব্বতী। "অবতু বো গিরিসুতা শশিভৃতঃপ্রিয়তমা"

গিরীন্দ্র, (গিরি—ইন্দ্র=শ্রেষ্ঠ) সং, পুং, পর্ব্বতশ্রেষ্ঠ, হিমালয়।

গিরীশ, (গিরি=পর্ব্বত—ঈশ=স্বামী, ৬ষ্ঠী—ষ) সং, পুং, হিমালয়পর্ব্বত। শিব। "নিশম্য চৈনাং তপসে কৃতোদ্যমাং সুতাং গিরীশপ্রতিসক্তমানসাং" কুমার।

গিলন, (গৃ=ভক্ষণকরা+অন—ভা, ঋ=ইর্, র্=ল্) সং, ক্লীং, গ্রাসকরণ, গলাধঃকরণ। [ভক্ষিত, গ্রস্ত।

গিলিত, (গিলন দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং।

গিষ্ণু, (গৈ=গানকরা+ইষ্ণু—জ্ঞাতার্থে) সং, পুং, সামবেদজ্ঞ ব্রাহ্মণ। গায়ক।

গীত, (গৈ=গানকরা+ক্ত—ভা, র্ম্ম) সং, ক্লীং, গান,সঙ্গীত। বিং, ত্রিং, খ্যাত, বর্ণিত, উচ্চারিত। যাহা গাওয়া হইয়াছে। তা—স্ত্রীং, উপদেশগর্ভ কথাবিশেষ। গ্রন্থবিশেষ, ভগবদ্গীতা।

গীতমোদী, (গীতমোদিন্, গীত—মোদিন=যে প্রফুল্ল করে) সং, পুং, কিন্নর, স্বর্গগায়ক।

গীতি, (গৈ+ক্তি—ভা) সং, স্ত্রীং, গান ছন্দোবিশেষ।

গীরথ, (গির্=বাক্য—রথ। যে বাক্য বহন করে) সং, পুং, বৃহস্পতি।

গীর্ণ, (গৄ=শব্দকরা, গ্রাসকরা+ক্ত—র্ম্ম) বিং ত্রিং, কথিত। প্রশংসিত। ভক্ষিত। গিলিত, গ্রস্ত। স্বীকৃত।

গীর্ণি, (গৄ+ক্তি—ভা) সং, স্ত্রীং, গ্রাস, ভক্ষণ। প্রশংসা, স্তুতি।

গীর্দেবী, (গির্=বাক্য—দেবী) সং, স্ত্রীং, বাগ্দেবী, সরস্বতী।

গীর্ব্বাণ, (গির্=বাক্য—বাণ=শর, ৬ষ্ঠী—হিং) সং, পুং, দেবতা। "গীর্ব্বাণ বানীবদনং মুকুন্দসংকীর্ত্তনঞ্চেত্যুভয়ং হি লোকে। সুদুর্লভং তচ্চ ন মুগ্ধবোধাল্ল লভ্যতেঽতঃ পঠনীয়মেতৎ" বোপদেব।

গীর্ব্বাণ-কুসুম, সং, ক্লীং, লবঙ্গ।

গীষ্পতি, (গির্=বাক্য—পতি, ৬ষ্ঠী -ষ, র=স। গীঃপতি, গীর্পতি শব্দও হয়) সং, পুং, দেবগুরু, বৃহস্পতি। পণ্ডিত।

গু, (বিষ্ঠাত্যাগকরণার্থ গু ধাতুজ) সং, বিষ্ঠা, পুরীষ। [চূর্ণ, পিষ্ট।

গুঁড়, গুঁড়া (চূর্ণকরণার্থ গুণ্ড্ ধাতুজ) বিং, গুঁড়ি, (গুণ্ডিকা এবং গুণ্ডিশব্দজ) সং, তণ্ডুলাদি চূর্ণ। বৃক্ষস্কন্ধ, গাছের গুঁড়ি।

গুগ্গুল, গুগ্গুলু (গুজ্=ব্যাধি গুড়্=রক্ষা-করা+অ, উ—সংজ্ঞার্থে। যে ব্যাধি হইতে রক্ষা করে) সং, পুং, বৃক্ষনির্য্যাসবিশেষ। এক প্রকার সুগন্ধি দ্রব্য।

গুচ্ছ, গুচ্ছক, গুৎস (গু—কিপ্=গুৎ বেষ্টনকরা+ছো+ড—সংজ্ঞার্থে, সং,পুং স্তবক। পুষ্পের মালা। তৃণাদির গোছা। মল্লিকাদি গাছ। "মূলত এব যত্র লতা-সমূহো ভবতি ন চ প্রকাণ্ডানি তে গুচ্ছা মল্লিকাদয়ঃ। গুল্মা একমূলাঃ সং-ঘাতজাতাঃ শরেক্ষু প্রভৃতয়ঃ।" হার বিশেষ, বত্রিশ নর হার। ময়ূরপুচ্ছ। মুক্তা মালা।

গুচ্ছিতকর্ণকূপক (Lophobronchiata) যাহাদের কর্ণকূপের শলাকা সকল গুচ্ছ গুচ্ছরূপে বিস্তৃত হয়, যথা—হিপোকা ম্পস্ মৎস্য।

গুচ্ছদন্তিকা, (গুচ্ছদন্ত+ষ্ণিক-প্রং) স্তবকাকারে নিবদ্ধ মোচার পুষ্প কদলী-বৃক্ষের দন্তস্বরূপ বলিয়া ইহাকে গুচ্ছ-দন্তিকা কহে। সং, স্ত্রীং, কদলীবৃক্ষ।

গুচ্ছপত্র, (গুচ্ছ—পত্র, ৬ষ্ঠী—হিং) সং, পুং, তালগাছ।

গুচ্ছপুষ্প, (গুচ্ছ—পুষ্প, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ছাতিমগাছ।

গুচ্ছফলা, (গুচ্ছ=গুচ্ছাকৃতি—ফল, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, দ্রাক্ষালতা। কদলী বৃক্ষ।

গুজরাট, (গুর্জ্জর শব্দজ) সং, ভারতবর্ষের দক্ষিণ-পশ্চিমস্থ জনপদবিশেষ।

গুঞ্জ, (গুন্জ্=শব্দকরা+অ—প্রং। যে খানে ভ্রমরেরা গুন্গুন্ শব্দ করে) সং, পুং, গুচ্ছ, স্তবক। গুঞ্জন। গুঞ্জা—স্ত্রীং, অব্যক্ত মধুর রত্তিকা, কুঁচ। "অন্তর্বি-ষময়া হ্যেতা বহিশ্চৈব মনোরমাঃ। গুঞ্জাফলসমাকরাঃ স্বভাবাদেব যোষি-তঃ"। ধ্বনি। মদিরাগৃহ। পরিমাণ বিশেষ। পটহ, ঢাক।

গুঞ্জকৃৎ, (গুঞ্জ=অব্যক্ত মধুর ধ্বনি—কৃৎ =যে করে। যে গুন্গুন্ শব্দ করে) সং, পুং, ভ্রমর।

গুঞ্জন, গুঞ্জিত, (গুঞ্জ=দেখ, অন, ত—ভা) সং, ক্লীং, গুন্গুন্ শব্দ।

গুঞ্জিকা, (গুঞ্জা+ক—যোগ) সং, স্ত্রীং, গুঞ্জা, কুঁচ।

গুটিকা, গুটি, গুটী, (গুড়্=বেষ্টনকরা+অক—প্রং। ড=ট) সং, স্ত্রীং, বটিকা। গুলি। ঘুঁটী।

গুটিকাপাত, (গুটিকা—পাত, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কোন বিষয় নির্ণয়ার্থ গুলি নিক্ষেপ। "একদেশোপাত্তস্তৈব ভূহি-রণ্যাদৌ উৎপন্নস্য সত্বস্ত গুটিকাপাতা-

দিনা ব্যঞ্জনং বিভাগঃ” জীমূতবাহন। স্মৃতি খেলা।

গুটী, (গুটিকাশব্দজ) সং, কীটজাত গোলাকৃতি বস্তু।

গুটীপোকা, সং, কীটবিশেষ, তুঁৎপোকা।

গুড়, (গু=শব্দকরা+ড়—প্রং) সং, পুং, ইক্ষুরস এবং খর্জ্জুররস হইতে উৎপন্ন মিষ্টদ্রব্য বিশেষ। খাঁড়। “ইক্ষো রসো যঃ সংপক্বো জায়তে লোষ্ট্রবদ্দৃঢ়ঃ। স গুড়ো গৌড়দেশে তু মৎস্যণ্ডোব গুড়ো মতঃ”। গ্রাস। বর্ত্তুল, গোলাকার বস্তু। হস্তিসন্নাহ, হস্তীর সজ্জা।

গুড়ক, (গুড়+ক—যোগ) সং, পুং, গুড় দ্বারা পক্ব ঔষধবিশেষ।

গুড়করী, সং, স্ত্রীং, রাগিণীবিশেষ।

গুড়চী, গুড়ুচী গুড়ূচী, (গুড় [রোগ হইতে] রক্ষাকরা+অচ, উচ, উচ—প্রং) সং, স্ত্রীং, গুলঞ্চ লতা। তৈল বিশেষ।

গুড়তৃণ, গুড়দারু, সং, ক্লীং, ইক্ষু।

গুড়ত্বচ্—স্ত্রীং } (গুড় = মিষ্টদ্রব্যবিশেষ—ত্বচ্ = ছাল,
গুড়ত্বচ—ক্লীং }
৬ষ্ঠী—হিং) সং, জয়িত্রী। দারুচিনি।

গুড়ল, (গুড়=মিষ্ট দ্রব্যবিশেষ—ল= যে প্রয়োজন করে) সং, ক্লীং, মদ্যবিশেষ। যে সুরা গুড় হইতে প্রস্তুত হয়।

গুড়শর্করা, (গুড় = মিষ্টদ্রব্যবিশেষ—শর্করা চিনি) সং, স্ত্রীং, উত্তম চিনি।

গুড়াকা, সং, স্ত্রীং, নিদ্রা, তন্দ্রা, আলস্য।

গুড়াকেশ, (গুড়া=সিজগাছ—কেশ= চুল। যাহার কেশ সিজপত্রের ন্যায়, ৬ষ্ঠী—হিং, কিম্বা গুড়াকা=নিদ্রা—ঈশ প্রভু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মহাদেব, শিব। অর্জ্জুন।

গুড়ের, (গুড় = বেষ্টনকরা+এর—সংজ্ঞার্থে) সং, ক্লীং, গ্রাস।

গুড়োদ্ভবা, (গুড়—উদ্ভব=উৎপন্ন, ৫মী—হিং) সং, স্ত্রীং, শর্করা, চিনি।

গুণ, (গুণ্=মন্ত্রণাকরা, অভ্যাসকরা, গুণিতকরা+অ—প্রং) সং, পুং, উৎকর্ষ। প্রকৃতির ধর্ম্ম—সত্ত্ব, রজঃ, তমঃ এই তিনগুণ। “গুণত্রয় বিভাগায় পশ্চাদ্ভেদমুপেয়ুষে” কুমার। মানসিকধর্ম্ম বিশেষ ঔদার্য্য দয়া দাক্ষিণ্য প্রভৃতি। “গুণানুরাগেণ শিরোভিরুহ্যতে নরাধিপৈ র্মাল্যমিবাস্য শাসনং” ভারবি। “গুণৈঃ সমুদিতান্ দৃষ্ট্বা পৌরাঃ পাণ্ডুসুতাংস্তদা” মহাভারত। “গুণাঃ পূজাস্থানং গুণিষু ন চ লিঙ্গং ন চ বয়ঃ”। যাহাতে আত্মার উৎকর্ষ সম্পাদন হয়, জ্ঞান, বিদ্যা, বুদ্ধি প্রভৃতি। যাহা থাকাতে শরীর সুন্দর বলিয়া গণনীয় হয়, রূপ, লাবণ্য, প্রভৃতি। অলঙ্কারে—রসের উৎকর্ষব্যঞ্জক ধর্ম্ম, মাধুর্য্যাদি। যে রসস্যাঙ্গিনো ধর্ম্মাঃ শৌর্য্যাদয় ইবাত্মনঃ। উৎকর্ষহেতবস্তেস্যুরচলস্থিতয়ো গুণাঃ॥ মাধুর্য্যোজঃ প্রসাদাখ্যাস্ত্রয়স্তেন পুনর্দশ’ কাব্যপ্রকাশ। যে ধর্ম্মথাকাতে জড় পদার্থের পরস্পর ভেদ জ্ঞান হয়, যথা—শুক্ল, কৃষ্ণ, পীত। তিক্ত, মধুর, কাঠিন্য, মার্দ্দব প্রভৃতি। ব্যাকরণে—স্বরের পরিবৃত্তিবিশেষ, যথা—ই ঈ স্থানে এ; উ ঊ স্থানে ও, ঋ স্থানে অর, ৯ স্থানে অল্। বার; যথা — চারগুণ আটগুণ। “কর্ণাবসক্ত দ্বিগুণাক্ষ সূত্রং” কুমার। “আহারো দ্বিগুণঃ স্ত্রীণাং বুদ্ধিস্তাসাং চতুর্গুণা ষড়্গুণো ব্যবসায়শ্চ কামশ্চাষ্টগুণঃ স্মৃতঃ”। শক্তি-যথা—পীড়া প্রতিকারের ঔষধের গুণ। যে রজ্জু মাস্তলে বাঁধিয়া নৌকা টানিয়া লইয়া যাওয়া যায়। ফল, উপকার। আবৃত্তি। গুণন। ন্যায়মতে—রূপ রসাদি চতুর্ব্বিংশতি পদার্থ। “অথ দ্রব্যাশ্রিতা জ্ঞেয়া নির্গুণা নিষ্ক্রিয়া গুণাঃ” ভাষাপরিচ্ছেদ। যশঃ। সূত্র, রজ্জু। ধনুকের ছিলা। শরীরস্থ কফপিত্তাদি। অভ্যাস। ইন্দ্রিয়। বৃদ্ধি। সন্ধি, বিগ্রহ, যান, আসন, দ্বৈধ, আ-

শ্রয় এই ছয় প্রকার নৃপগুণ। (গো-নীশব্দজ) সং, থলিয়া, ছালা।

গুণক, (গুণ্=গণনাকরা+ণক—ক) সং, পুং, যে অঙ্ক দ্বারা অন্য অঙ্কের গুণকরা যায়। বিং, ত্রিং, যে গুণ করে।

গুণকার, (গুণ—কার=যে করে। পাণ্ডু-পুত্রেরা বিরাটরাজার দাস হইবার সময় ভীম সূপকার কার্য্য নির্ব্বাহ করিবার নিমিত্ত স্বীকৃত হইয়াছিলেন বলিয়া) সং, পুং, ভীমসেন। বিং, ত্রিং, গুণকারক, উপকারী।

গুণগৃহ্য, (গুণ গৃহ্য=ধৃত, আক্রান্ত) বিং, ত্রিং, গুণের পক্ষপাতী।

গুণগ্রাহী, গুণজ্ঞ } (—হিন্, গুণ—গ্রাহী=যে গ্রহণ করে।—জ্ঞ=যে জানে) বিং, ত্রিং, যে ব্যক্তি গুণ গ্রহণ করিতে পারে—গুণ আছে ইহা বুঝিতে পারে।

গুণন, (গুণ দেখ, অনট্—ভা) সং, ক্লীং, মন্ত্রণা। অভ্যাস। পূরণ, এক অঙ্কদ্বারা অন্য অঙ্ককে গুণকরা।

গুণনিকা, (গুণনী+ক—যোগ) সং,স্ত্রীং, গুণন। আম্রেড়ন, অভ্যাস, পুনঃপুনঃ অনুশীলন। নৃত্য। শূন্য অঙ্ক, ০।

গুণনীয়, (গুণ্=পূরণকরা+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, যে অঙ্কের গুণ করিতে হইবে, গুণ্য।

গুণনীয়ক, (Measure, গুণনীয়+ক—যোগ) সং, পুং, যে রাশি দিয়া আর একটি রাশিকে ভাগ করিলে কিছুই ভাগশেষ না থাকে, সেই রাশি দ্বিতীয় রাশির গুণনীয়ক যথা দুই, আটের গুণনীয়ক।

গুণপনা, (গুণ=গুণীশব্দজ+পনা—ভাবে) সং, নিপুণতা, কৌশল।

গুণলয়নিকা, (গুণলয়নী [গুণ=সূত্র, রজ্জু—লী=বন্ধনকরা+অন, ঈ—প্রং] তাঁবু+ক—যোগ) সং, স্ত্রীং, বস্ত্রনির্ম্মিত গৃহ, তাঁবু, শিবির।

গুণলুব্ধ, (গুণ—লুব্ধ=লোভী) বিং, ত্রিং, গুণগ্রাহী।

গুণবত্তা, (গুণবৎ+তা—ভাবে) সং, স্ত্রীং, গুণ থাকা, গুণশালিতা।

গুণবাচক, (গুণ—বাচক=প্রকাশক) সং, ক্লীং, যাহা বস্তুর বা ব্যক্তির গুণ প্রকাশ করে, বিশেষণ।

গুণবান্, (গুণবৎ, গুণ+বতু—অস্ত্যর্থে) বিং,ত্রিং,যাহার গুণ আছে, গুণবিশিষ্ট।

গুণবৃক্ষ, (গুণ = রজ্জু—বৃক্ষ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, নৌকা বা জাহাজের মাস্তুল।

গুণসাগর (গুণ=উৎকর্ষ—সাগর, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বুদ্ধবিশেষ। ব্রহ্মা। বিং, ত্রিং, সকল গুণের আধার।

গুণস্তম্ভ (গুণ=রজ্জু—স্তম্ভ=থাম, ৬ষ্ঠী—ষ) সং, পুং, গুণবৃক্ষ। [নামতা।

গুণাবলী, (গুণ—আবলী) সং, স্ত্রীং,

গুণাশ্রয়, (গুণ—আশ্রয়=আধার) বিং-ত্রিং—যেসমস্ত গুণের আশ্রয় স্বরূপ, ধার্ম্মিক। কার্য্য দক্ষ। সুনিপুণ।

গুণিত (গুণ্=পূরণকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, গুণকরা, পূরিত, অন্য অঙ্কদ্বারা যে অঙ্ককে গুণ করা গিয়াছে। গণিত।

গুণিতক (Multiple, গুণিত+ক—যোগ) সং, পুং, যে রাশিকে আর একটি রাশি দিয়া ভাগ করিলে কিছুই ভাগশেষ না থাকে,তাহা দ্বিতীয় রাশির গুণিতক। যেমন আট দুয়ের গুণিতক।

গুণী (গুণিন্, =গুণ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, গুণযুক্ত। গুণবান্। "গুণী গুণং বেত্তি ন বেত্তি নির্গুণঃ" ধর্ম্মী, বিশিষ্ট। সং, পুং, ধনুক।

গুণীভূত (গুণ—ভূত—হইয়াছে। ঈ—আগম) বিং, ত্রিং, অপ্রধানীভূত, অপ্রধান ভাবে অবস্থিত।

গুণেশ্বর (গুণ—ঈশ্বর=স্বামী বা অধিপতি) সং, পুং, চিত্রকূটপর্ব্বত। গুণের আধার।

গুণ্ঠিত, (গুন্ঠ=বেষ্টনকরা, জড়ান+ক্ত

—র্ম্ম) বিং, ত্রিং,আচ্ছাদিত। আবৃত।

গুণ্ড, (গুন্ড্=চূর্ণকরা+অ-প্রং) সং, পুং, চূর্ণ, গুঁড়। ময়লা। মলিন, তৃণবিশেষ।

গুণ্ডক, (গুণ্ড্=চূর্ণকরা+অক—প্রং) সং, পুং, গুঁড়, চূর্ণ। মলিন।

গুণ্ডিক (গুণ্ড্=চূর্ণকরা+অক—প্রং। ই—আগম) সং, পুং—স্ত্রীং, তণ্ডুলাদি চূর্ণ, গুঁড়ি।

গুণ্ডিচা, সং, স্ত্রীং, জগন্নাথ দেব রথারোহণের পর যে মণ্ডপে বাস করেন।

গুণ্ডিত (গুণ্ড+ক্ত—র্ম্ম) বিং,ত্রিং, চূর্ণিত, যাহা গুঁড়করা গিয়াছে। চূর্ণযুক্ত।

গুণ্য, (গুণ্=গুণকরা+য—র্ম্ম) বিং, ত্রিং, যে রাশিকে অন্য রাশির দ্বারা গুণ করিতে হইবে। গুণনীয়।

গুৎস (গুধ্=ক্রীড়াকরা+স—প্রং,। ভ্রমরেরা যেখানে ক্রীড়া করে) সং, পুং, স্তম্ব। স্তবক। হারবিশেষ। গুচ্ছ দেখ।

গুৎসক (গুৎস+ক—যোগ) সং, পুং, স্তবক। গুচ্ছ। গুৎস। হারবিশেষ। গ্রন্থের পরিচ্ছেদ।

গুৎসপুষ্প } (গুৎস, গুৎসক—পুষ্প
গুৎসকপুষ্প } যে পুষ্পেরা স্তবক অর্থাৎ থলো ধারণ করে) সং, পুং, ছাতিমগাছ।

গুৎসার্দ্ধ, (গুৎস=হার+অর্দ্ধ=অংশ) সং, পুং, চতুর্ব্বিংশতি নরবিশিষ্ট হারবিশেষ।

গুদ (গু=বিষ্ঠাত্যাগকরা+দ—সংজ্ঞার্থে। যাহার দ্বারা বিষ্ঠা নির্গত হয়) সং, পুং, পায়ু, গুহ্যদেশ। গুদ্=ক্রীড়া করা, রমণ করা+ক) ভগ, যোনি।

গুদকীল (গুদ=গুহ্যদেশ—কীল=গোঁজ, শঙ্কু, ৭মী—ষ) সং, পুং, অর্শোরোগ।

গুদগ্রহ (গুদ=গুহ্যদেশ—গ্রহ=যে গ্রহণ করে) সং, পুং, উদাবর্ত্তরোগ, মলবদ্ধ হওয়া। [পুং, অর্শোরোগ।

গুদাঙ্কুর, (গুদ=গুহ্যদেশ—অঙ্কুর) সং,

গুদড়ী, গুধড়ী (যবনভাষা) সং, কন্থা, সন্ন্যাসিদের গাত্রাচ্ছাদন।

গুধিত—(গুধ্=চতুর্দ্দিকে বেরা+ক্ত—র্ম্ম) ব্যাপ্ত, চারিদিকে আবৃত, বা বেষ্টিত।

গুধের—(গুধ্+এর) বিং, ত্রিং, রক্ষক, আশ্রয় দাতা।

গুন্দল (গুদ্=খেলাকরা+অল—প্রং। ন্—আগম) সং পুং, মর্দ্দল-ধ্বনি। মাদোলের শব্দ।

গুন্দ্র (গুদ্=খেলাকরা+র—প্রং। ন্—আগম) সং, পুং, শরতৃণ, শরের গাছ।

গুপ্ত (গুপ্=রক্ষাকরা, গোপনকরা+ক্ত=র্ম্ম) বিং, ত্রিং, গূঢ়,লুক্কায়িত। সংবৃত। অদৃশ্য। রক্ষিত। সং, পুং, বৈশ্যের উপাধি। "অস্তি কুত্রচিদরণ্যে ধনদনির্ম্মিতং সুগুপ্ততরং সরঃ"।[অপসর্প। গুপ্তচর।

গুপ্তগতি, (গুপ্ত—গতি=গমন) সং, পুং,

গুপ্তমণি, সং, পুং, কুমারীক্রীড়াবিশেষ। "রত্নাদৌ বালুকাদৌ বা গুপ্তদ্রষ্টব্য কর্ম্মভিঃ, কুমারীভিঃ কৃতা ক্রীড়া নাম্না গুপ্তমণিঃ স্মৃতঃ"।

গুপ্তি, (গুপ+ক্তি—প্রং) সং, স্ত্রীং, পাহারা। রক্ষা। গোপন। গর্ত্ত। কারাগার। অবকর স্থান। রথগর্ভ। নৌকাদিগর্ভ, নৌকা বা জাহাজের মেজে। পুং, যম।

গুমট, (দেশজ) সং, গ্রীষ্ম, উত্তাপ, গর্ম্মি।

গুমর, (দেশজ) সং, অহঙ্কার, দম্ভ, মাৎসর্য্য। [হওন।

গুম্সন, (দেশজ) সং, দুর্গন্ধ হওন। গ্রীষ্ম

গুম্ফ, (গুন্ফ্=গাঁথা+অ—ভা) সং, পুং, শ্মশ্রু। গোঁপ। বাহু। গ্রন্থন, গাঁথনি। অলঙ্কারবিশেষ। [গ্রন্থন, গাঁথুনি।

গুম্ফন, (গুন্ফ্+অনট্—ভা) সং, ক্লীং,

গুম্ফিত, (গুন্ফ্+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, গ্রথিত, নিবদ্ধ, যাহা গাঁথা গিয়াছে।

গুয়া, (গুবাক শব্দজ) সং, সুপারি।

গুরণ, (গুর্=চেষ্টাকরা+অন—ভা) সং, ক্লীং, উদ্যম, চেষ্টা।

গুরু, (গৃ=শব্দকরা, বলা ইত্যাদি+উ—প্রং। যিনি ধর্ম্ম কর্ম্মের পথ প্রকাশ করেন) সং, পুং, আচার্য্য। উপদেশক, শিক্ষাদাতা, অধ্যাপক। মন্ত্রোপদেষ্টা।

ধর্ম্মোপদেষ্টা, পুরোহিত। নিষেকাদীনি কর্ম্মাণি যঃ করোতি যথাবিধি। সংভাবয়তি চান্নেন স বিপ্রোগুরুরুচ্যতে। নিয়মকারক। নিয়ামক। বৃহস্পতি,দেবতাদিগের গুরু বলিয়া বৃহস্পতির নাম গুরু হইয়াছে। দ্রোণাচার্য্য; পাণ্ডব ও কৌরব দিগের গুরু অর্থাৎ অস্ত্রশিক্ষাদাতা বলিয়া দ্রোণাচার্য্যের নাম গুরু হইয়াছে। পিতা প্রভৃতি;"গুরু প্রগল্‌ভে পিবয়স্যতোস্যাস্তস্থৌ নিবৃত্তান্যবরাভিলাষঃ"। "অথানুরূপাভিনিবেশতোষিণা কৃতাভ্যনুজ্ঞা গুরুণা গরীয়সা" কুমারসম্ভব। পুং—ক্লীং, দীর্ঘস্বর বর্ণ, যথা —আ ঈ ঊ ৠ ৡ এ ঐ ও ঔ। বিং, ত্রিং, অলঘু, ভারী। উৎকট। শ্লাঘ্য। দুস্তর। দুর্ব্বহ। মহৎ। বৃহৎ। "ধনাশা জীবিতাশা চ গুর্ব্বী প্রাণভৃতাং সদা। বৃদ্ধস্য তরুণী ভার্য্যা প্রাণেভ্যোঽপি গরীয়সী"। কঠিন। উৎকৃষ্ট। অধিক, অতিশয়। পূজ্য। "গুরুরগ্নির্দ্বিজাতীনাং বর্ণানাং ব্রাহ্মণো গুরুঃ। পতিরেকো গুরুঃ স্ত্রীণাং সর্ব্বত্রাভ্যাগতো গুরুঃ"।

গুরুক্রম, (গুরু-উপদেশক-ক্রম=পর্য্যায়) সং, পুং, পরম্পরাগত উপদেশ।

গুরুঘ্ন, (গুরু—ঘ্ন=যে বধকরে) সং, পুং, শ্বেত সর্ষপ। বিং, ত্রিং,গুরুহত্যাকারী।

গুরুজন, (গুরু—জন=লোক) সং, পুং, মান্য ব্যক্তি, পিতা পিতামহ প্রভৃতি। "নাপেক্ষিতো গুরুজনোঽনয়া, ত্বয়াপি ন পৃষ্টোবন্ধুঃ" শকুন্তলা।

গুরুতম, (গুরু+তম—বহুর মধ্যে একের নির্দ্ধারণার্থে) বিং, ত্রিং, সর্ব্বাপেক্ষা অধিক গুরু। অত্যন্ত গুরু।

গুরুতর, (গুরু+তর—দুয়ের মধ্যে একের নির্দ্ধারণার্থে) বিং, ত্রিং দুয়ের মধ্যে অধিক গুরু।

গুরুতল্পগ, (গুরু—তল্প=শয্যা—গ=যে গমন করে) সং, পুং, গুরুপত্নীগামী। মাতৃগামী।

গুরুত্ব, (গুরু+ত্ব—ভাবে) সং, ক্লীং, মহত্ত্ব, গৌরব। পবিত্রতা। মান্যতা। গুরুর কার্য্য। অলঘুতা। ন্যায়শাস্ত্রে মূর্ত্তগুণবিশেষ "রূপং রসঃ স্পর্শগন্ধৌ পরত্বমপরত্বকম্। দ্রবো গুরুত্বং স্নেহশ্চ বেগোমূর্ত্তগুণা অমী" ভাষাপরিচ্ছেদ। কষ্ট। ভার।

গুরুত্বানুভাবকতা, (গুরুত্ব—অনুভাবকতা) যে বৃত্তিদ্বারা গুরুত্বের অনুভব করিতে পারা যায়।

গুরুপত্র, (গুরু—পত্র=পাতা। যে ভারি অর্থাৎ প্রচুর পত্রবিশিষ্ট) সং, ক্লীং, ধাতুবিশেষ, টিন্। ত্রা-স্ত্রীং,তেঁতুলগাছ।

গুরুমর্দ্দল, (গুরু=ভারি বা বৃহৎ—মর্দ্দল বাদ্যযন্ত্রবিশেষ) সং, পুং, বাদ্যবিশেষ, ডিণ্ডিমবাদ্য।

গুরুহা, (গুরুহন্, গুরু—হন্ যে বধকরে, হন্+ক্বিপ্-ক। সং,পুং,গুরুহত্যাকারী।

গুর্জ্জর, সং, পুং, গুজরাটদেশ। বহুং, গুর্জ্জর দেশীয় লোক সমূহ। রী—স্ত্রীং,তদ্দেশীয়া স্ত্রী। রাগিণীবিশেষ।

গুর্ব্বিণী, গুর্ব্বী (গর্ব্ব=অহঙ্কৃত হওয়া+ ইন্—প্রং) অ=উ। অথবা গুরু গর্ভস্থ সত্ত্ব+ইন্—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, গর্ভিণী, সসত্ত্বা।

গুর্ব্বী, (পূর্ব্বে দেখ, বা গুরু+ঈ—স্ত্রীলিঙ্গে) সং স্ত্রীং, গর্ভিণী। গৌরববতী। গুরুপত্নী।

গুল, (গুড়=বেষ্টনকরা ইত্যাদি+অ— প্রং। ড়=ল) সং, পুং, ইক্ষুবিকার, গুড়। গোলশব্দজ) সং, অঙ্গার বটিকা। পোড়া তামাক।

গুলঞ্চ, (দেশজ) সং, লতাবিশেষ।

গুলা, গুলি, গুলিন; অং, বহুত্ব বা সমূহবোধক প্রত্যয়।

গুলিকা, (গুড়্=বেষ্টনকরা+অক— প্রং) সং, স্ত্রীং, গুলি, গুটিকা। বন্দুক প্রভৃতির গুলি।

গুলিকা ক্রীড়া, (গুলিকা=গোলা (Ball)

+ক্রীড়া) সং, স্ত্রীং, ক্রীড়াবিশেষ (Playing with bat and ball)।

গুলী, (গুল দেখ. ঈ—স্ত্রীলিঙ্গে) সং স্ত্রীং, গুলি। গুটিকা। বসন্তরোগ। (গুলিকা-শব্দজ) সং, ক্ষুদ্র অয়োগোল, বাঁটুল, বটিকা।

গুলুচ্ছ, গুলুঞ্ছ, (গুড়=রক্ষাকরা+ক্বিপ্—প্রং। ড=ল। এবং উচ্ছ্ বা উঞ্ছ্ খুঁটিয়ালওয়া+অ—প্রং। ক — যোগে গুলুঞ্ছক শব্দও হয়) সং, পুং, গুচ্ছ, স্তবক, যোড়া।

গুল্ফ, (গুল্=গমনকরা+ফ—প্রং) সং, পুং, পাদমূল, গোড়ালি।

গুল্ম, (গুড়্=বেষ্টনকরা+ম—প্রং। ড=ল) সং, পুং, রোগবিশেষ। "হৃদ্বস্ত্যোরন্তরে (হৃন্নাভ্যোঽন্তরে) গ্রন্থিঃ সংচারী যদি বা চলঃ। চয়াপচয়বান্ বৃত্তঃ সগুল্ম ইতি কীর্ত্তিতঃ"। পীলা। গুঁড়িরহিত গাছ, স্তম্ব, ঝোপ, লতার ঝাড়। "স্থাবরাণাং চ ভূতানাং জাতয়ঃ ষড় প্রকীর্ত্তিতাঃ। বৃক্ষগুল্ম লতাবল্ল্যা স্তৃকসারাস্তৃণজাতয়ঃ। সৈন্য সংখ্যাবিশেষ, ৯ গজ, ৯ রথ, ২৭ অশ্ব, ৪৫ পদাতি এই ৯০ সংখ্যা, (অক্ষৌহিণী দেখ)। থানা, ঘাঁটি। থানা বা ঘাঁটিতে স্থাপিত সৈন্য। লী—স্ত্রীং, তাঁবু। আমলকী বৃক্ষ। এলাচবৃক্ষ। [সং, ক্লীং, আর্দ্রক, আদা।

গুল্মমূল, (গুল্ম—মূল=গাছের গোড়া)

গুল্ম-স্থান, সং, ক্লীং, থানা। ঘাঁটি।

গুল্মিনী, (গুল্ম+ইন্—প্রং) সং, স্ত্রীং, বিস্তৃত লতা, লতা।

গুবাক, গূবাক, (গু=ত্যাগকরা+ণক—প্রং) সং, পুং, সুপারিগাছ।

গুহ, (গুহ্=সংবরণকরা+অ—প্রং) সং, পুং, বিষ্ণু। কার্ত্তিকেয়। রামের বন্ধুবিং, গুহক। গর্ত্ত। বেগবান্ অশ্ব। কায়স্থের পদবী।

গুহা, (গুহ+আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, পর্ব্বতাদির গহ্বর। গর্ত্ত। অভ্যন্তর। " তদীয়মাক্রন্দিতমার্ত্তসাধোর্গুহানিবদ্ধ প্রতিশব্দদীর্ঘং" রঘুবংশ।

গুহামুখ, (গুহা—মুখ। যাহার মুখ গুহার ন্যায় বিকৃত। ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অত্যন্ত বিস্তৃত মুখবিশিষ্ট। যাহার হাঁ অতিশয় বড়।

গুহাশয়, (গুহা=গহ্বর—আশয়=বাসস্থান) সং, পুং, সিংহ ব্যাঘ্র প্রভৃতি জন্তু। জীবাত্মা। অজ্ঞান।

গুহিন, (গুহ্=গোপন করা+ইন—প্রং) সং, ক্লীং, বন, অটবী।

গুহিল, (গুহ্=গোপনকরা ইত্যাদি+ইল—প্রং) সং, ক্লীং, ধন। বন।

গুহের, (গুহ্=আচ্ছাদনকরা + এর—সংজ্ঞার্থে) সং, পুং, রক্ষাকর্ত্তা। কামার।

গুহ্য, গোহ্য, (গুহ+য—র্ম্ম) বিং, ত্রিং, গোপনীয়, অপ্রকাশ্য। সং, ক্লীং, মলদ্বার। উপস্থ। নির্জ্জনস্থান। পুং, দম্ভ, অহঙ্কার। কচ্ছপ। পরমেশ্বর। "এবং স ভগবান্ দেবঃ—ধর্ম্মস্য পরমং গুহ্যং মমেদং সর্ব্বমুক্তবান্"।

গুহ্যক, (গুহ্=রক্ষাকরা+ক—প্রং। য—আগম। যে নিধি রক্ষা করে) সং, পুং, দেব যোনিবিশেষ, কুবেরানুচর। "ছাটকং নাম দেশং গুহ্যকরক্ষিতং"। "গুহ্যকাশ্চপর্ব্বতং গন্ধমাদনং রক্ষন্তি"।

গুহ্যকেশ্বর, (গুহ্যক [যে কুবেরের ধনরক্ষক] কুবেরের অনুচর—ঈশ্বর=প্রভু) সং, পুং, কুবের।

গুহ্যগুরু, (গুহ্য=গোপনীয়—গুরু) সং, পুং, শিব। তন্ত্রশাস্ত্র অত্যন্ত গোপনীয় বলিয়া ইহাকে গুহ্য অর্থাৎ গোপনীয় শাস্ত্র বলে। এবং এই শাস্ত্রের উপদেষ্টা মহাদেব বলিয়া ইহার নাম গুহ্যগুরু হইয়াছে।

গুহ্যদীপক, (গুহ্য=নির্জ্জনস্থান—দীপক দীপ্তিকারক) সং, পুং, খদ্যোত, জোনাকি পোকা।

গুহ্যনিষ্যন্দ, (গুহ্য—নিষ্যন্দ = যাহা

ক্ষরিত হয়) সং, পুং, মূত্র, প্রস্রাব।
গুহ্যপুষ্প, (গুহ্য—পুষ্প, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অশ্বত্থবৃক্ষ।
গুহ্যভাষিত, (গুহ্য=গোপনীয়—ভাষিত উক্ত, ষ্বং—স) সং,ক্লীং,মন্ত্র, গুপ্তবাক্য।
গূ, (বিষ্ঠাত্যাগকরণার্থ গূধাতুজ) সং, স্ত্রীং, বিষ্ঠা।
গূঢ়, (গুহ্=আচ্ছাদনকরা+ক্ত—র্ম্ম)বিং, ত্রিং, অন্তরিত। প্রচ্ছন্ন। গুপ্ত। সংবৃত। অজ্ঞান। অপ্রকাশিত। যাহা সহজে বোধ হয়না, নিগূঢ়। গহন। ক্লীং রহঃ।
গূঢ়চারী, (গূঢ়চারিন্, গূঢ়—চারিন্=যে গমন করে) বিং, ত্রিং, যে গূঢ়রূপে কার্য্যকরে, যে আপনার অভিসন্ধি প্রকাশ না করিয়া অন্যের কর্ম্ম ও অভিপ্রায়ের অনুসন্ধান করে।
গূঢ়জ, (গূঢ়=লুক্কায়িত—জ=জাত) সং, পুং, গূঢ়োৎপন্ন পুত্র।
গূঢ়নীড়, (গূঢ়=লুক্কায়িত—নীড়=পক্ষীর বাসা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, খঞ্জনপক্ষী।
গূঢ়পথ, (গূঢ়=লুক্কায়িত—পথ [পথিন্ শব্দজ] রাস্তা। যাহার পথ অজ্ঞাত) সং, পুং, গুপ্তপথ। অন্তঃকরণ।
গূঢ়পদ্, গূঢ়পাদ্, (গূঢ়=লুক্কায়িত—পদ্, পাদ্, ৬ষ্ঠী—হিং। অ—লোপ) সং, পুং, সর্প, সাপ। ভুজগ, কচ্ছপ, কাছিম। সর্প এবং কচ্ছপের পা দেখা যায় না বলিয়া ইহাদিগকে গূঢ়পদ বলে।
গূঢ়পুরুষ, (গূঢ়=লুক্কায়িত—পুরুষ, ষ্বং—স) সং, পুং, ছদ্মবেশী দূত। গূঢ়চর।
গূঢ়মৈথুন, (গূঢ়=লুক্কায়িত-মৈথুন=রমণ ৬ষ্ঠী—হিং) সং, পুং, বায়স। কাক। এইরূপ প্রথিত আছে যে কাকের মৈথুন কেহ দেখিতে পায় না।
গূঢ়বর্চ্চাঃ, (গূঢ়বর্চ্চস্, গূঢ়=লুক্কায়িত—বর্চ্চস্=তেজঃ, উষ্ণতা অথবা বিষ্ঠা। যাহাদের বিষ্ঠা অজ্ঞাত, ৬ষ্ঠী—হিং,) সং, পুং, ভেক,বেঙ। ভেকের রক্ত অতিশয় শীতল; এই নিমিত্ত ইহার নাম গূঢ়বর্চ্চস্ হইয়াছে। কেহ বলেন যে ইহাদের বিষ্ঠা কেহ দেখিতে পায় না বলিয়া ইহার নাম গূঢ়বর্চ্চস্ হইয়াছে।
গূঢ়সাক্ষী, (গূঢ়সাক্ষিন্, গূঢ়—সাক্ষী, ষ্বং—স) সং, পুং, ফরিয়াদী গোপনে রাখিয়া আসামীর কথা যাহাকে শুনাইয়াছে এমত সাক্ষী। "অর্থিনা স্বার্থসিদ্ধ্যর্থং প্রত্যর্থিবচনং স্ফুটম্। যঃ শ্রাব্যতে তদা গূঢ়ো গূঢ়সাক্ষী স উচ্যতে"। ব্যবহার তত্ত্ব।
গূঢ়াঙ্গ, (গূঢ়—অঙ্গ=দেহ। যাহার দেহ তাহারই আবরণে লুক্কায়িত হয়, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কচ্ছপ।
গূঢ়োৎপন্ন, (গূঢ়=গুপ্তরূপে—উৎপন্ন=জাত, ২য়—ষ) সং, পুং, অজ্ঞাতপিতৃক পুত্র। অবিবাহিতা নারীর গর্ভে গুপ্ত মৈথুন দ্বারা উৎপন্ন পুত্র।
গূথ, (গূ=বিষ্ঠাত্যাগ করা+থ—প্রং) সং, পুং, বিষ্ঠা, মল।[সং, পুং, গূয়েসালিক।
গূথলক্ত, (গূথ=বিষ্ঠা—লক্ত=অঙ্কিত)
গূন, (গূ=বিষ্ঠাত্যাগকরা+ক্ত—ক। নিপাতন) বিং, ত্রিং, কৃতমলত্যাগ, যে বিষ্ঠাত্যাগ করিয়াছে।
গূরণ, গোরণ, (গূর, গুর্ চেষ্টাকরা+অনট্—ভা। গুরণ শব্দও হয়) সং, ক্লীং, উদ্যম, চেষ্টা। উত্থান। [চক্র।
গূষণা, সং, স্ত্রীং, ময়ূর চন্দ্রক, ময়ূরপুচ্ছের
গৃঞ্জন, (গৃন্জ্=শব্দকরা+অনট্—প্রং) সং,পুং, রসুন। ক্লীং,বিষাক্ত পশুমাংস। রক্তবর্ণ মূলবিশেষ, গাজর।
গৃণ্ডীব, (গৃ=শব্দকরা+ডীব—প্রং। নিপাতন) সং, পুং, বড় শৃগাল।
গৃৎস—(গৃধ=অভিলাষ করা+স) সং, পুং, কন্দর্পের নামান্তর।
গৃধু, (গৃধ+কু) সং, পুং, কন্দর্প, মদন। লম্পট। [মন্দ, দুষ্কর্ম্ম কারক।
গৃধু—(গৃধ+কু) সং, পুং, বোধশক্তি।
গৃধ্নু, (গৃধ্=অত্যন্ত আকাঙ্ক্ষাকরা+নু—ক,শীলাদ্যর্থে)বিং,ত্রিং,লোলুপ,লোভী।

"অগৃধ্নুরাদদে সোঽর্থমশক্তঃ সুখমন্বভূৎ" রঘুবংশ।

গৃধ্র, (গৃধ+র—সংজ্ঞার্থে) সং, পুং, শকুনি। পক্ষী। "নীচৈর্গৃধ্রা নিলীয়ন্তে ভারতানাং চমূং প্রতি"।

গৃধ্ররাজ, (গৃধ্র—রাজন্ রাজা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সম্পাতি। গরুড়। জটায়ু।

গৃধ্রসী, (গৃধ্র=ইচ্ছা—সো=নাশকরা+অ—প্রং) সং, স্ত্রীং, বাতরোগবিশেষ।

গৃষ্টি, (ঘৃষ্=ঘর্ষণ করা+ক্তি—প্রং। ঘ=গ) সং, স্ত্রীং, সকৃৎ প্রসূতা। "আপীনভারোদ্বহনপ্রযত্নাৎ গৃষ্টিগুরুত্বাদ্বপুষোনরেন্দ্রঃ" রঘুবংশ।

গৃহ, (গৃহ্=গ্রহণকরা+অ—প্রং) সং, ক্লীং,—পুং, বহুং, ঘর। গৃহস্থাশ্রম। ভার্য্যা। ন গৃহং গৃহমিত্যাহু র্গৃহিণী গৃহমুচ্যতে।" মেষাদিরাশি।

গৃহকচ্ছপ, সং, পুং, পেষণশিলা, শিল।

গৃহকারক, (গৃহ—কারক=যে করে) সং, পুং, গৃহনির্ম্মাণকারী, রাজমিস্ত্রী। ঘরামি।

গৃহগোধা-ধিকা, (গৃহ—গোধা, গোধিকা=গোসাপ, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, জেঠী, টিকটিকী। [ঘরের অপবাদ।

গৃহচ্ছিদ্র, সং, ক্লীং, গৃহের দোষ, আপন

গৃহজ, গৃহজাত } (গৃহ—জ, জাত=উৎপন্ন) বিং, ত্রিং, যাহা গৃহে জন্মিয়াছে, গৃহপ্রস্তুত।

গৃহণী, সং, স্ত্রং, আমানি। কাঁজি।

গৃহতটী, (গৃহ—তটী=তীর, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, গৃহের সম্মুখস্থান, রক।

গৃহনাশন, (গৃহ—নাশন=যে নাশ করে। সং, পুং, ঘুঘু। কপোত। কপোতেরা বিষ্ঠাত্যাগ করিয়া গৃহ ময়লা করে বলিয়া ইহাদিগকে গৃহনাশন বলে।

গৃহনীড়, (গৃহ—নীড়=বাসা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চড়ুই পাখী।

গৃহপতি, (গৃহ—পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, গৃহস্থ, গৃহস্থাশ্রমী। গৃহস্বামী।

গৃহপোতক, (গৃহ—পোতক [পোত=শাবক+ক—প্রং] গৃহনির্ম্মাণস্থান, পোতা) সং, পুং, বাসস্থান, বাস্তুভিটে।

গৃহবলিপ্রিয়, (গৃহ—বলি=খাদ্যাংশ—প্রিয়,=যে ভাল বাসে) সং, পুং, ক্রৌঞ্চ, বক।

গৃহবলিভুক্, (গৃহবলিভুজ, গৃহ=ঘর, বলি=খাদ্যাংশ—ভুজ্=যে ভোজন করে। যে গৃহের মধ্যে বা চতুষ্পার্শ্বে পতিত খাদ্যাংশাদি ভোজন করে) সং, পুং, চটকপক্ষী। বক। কাক। "নীড়ারম্ভৈ র্গৃহবলিভুজামাকুলগ্রামচৈত্যাঃ" মেঘদূত।

গৃহ-ভূমি, সং, স্ত্রীং, বাসস্থান, বাস্তুভিটে।

গৃহ-ভেদ, সং, পুং, সিঁধচুরি। গৃহবিচ্ছেদ।

গৃহমণি, (গৃহ—মণি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, দীপ। প্রদীপ। [স্ত্রীং, চামচিকা।

গৃহমাচিকা, (গৃহ—মাচিকা=মক্ষিকা) সং,

গৃহমৃগ, (গৃহ—মৃগ=পশু) সং, পুং, কুক্কুর।

গৃহমেধী, (গৃহমেধিন্, গৃহ—মেধ্=সঙ্গকরা+ইন্—ক) সং, পুং, গৃহপতি। গৃহস্থ, গৃহস্থাশ্রমী। "যশসে বিজিগীষূণাং প্রজায়ৈ গৃহমেধিনাং" রঘুবংশ।

গৃহমেধীয়, (গৃহমেধিন্+ঈয়—ইদমর্থে) বিং, ত্রিং, গৃহস্থ-সম্বন্ধীয়।

গৃহয়ালু, (গৃহি=গ্রহণকরা+আলু—ক, শীলাদ্যর্থে) বিং, ত্রিং, গ্রহণেচ্ছু, গ্রাহক।

গৃহবাটিকা, (গৃহ—বাটিকা=উদ্যান, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, বাড়ীর বাগান। বাটীর উদ্যান।

গৃহস্থ, (গৃহ—স্থ=যে থাকে, ৭মী—ষ) সং, পুং, সংসারী, দ্বিতীয়াশ্রমী। "গৃহস্থস্তু যদা পশ্যেদ্বলী পলিতমাত্মনঃ। অপত্যস্যৈব চাপত্যং তদারণ্যং সমাশ্রয়েৎ।"

গৃহস্থূণ, (গৃহ—স্থূণ=স্তম্ভ বা খুঁটি) সং, ক্লীং, ঘরের খুঁটি বা থাম। গৃহস্তম্ভ।

গৃহাগত, (গৃহ—আগত=আসিয়াছে) সং, পুং, আগন্তুক, অতিথি। বিং, ত্রিং, যে বাটীতে আসিয়াছে।

গৃহায়ণিক, (গৃহ+অয়ন—প্রং। ক--যোগ) সং, পুং, গৃহস্থ।
গৃহারাম, (গৃহ—আরাম=উদ্যান) সং, পুং, বাটীর নিকটস্থ উদ্যান। উপবন।
গৃহালিকা } (গৃহ—আলি=বৃশ্চিক
গৃহোলিকা } +ক—সাদৃশ্যার্থে) সং, স্ত্রীং, টিকৃটিকী।
গৃহাবগ্রহণী, (গৃহ—অব—গ্রহ্=গ্রহণকরা +অন—প্রং। ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, চৌকাঠের উপরিস্থ ফলক। দেহলী।
গৃহাশ্ম, (গৃহাশ্মন্, গৃহ—অশ্মন্=প্রস্তর) সং, পুং, পেষণশিলা, শিল।
গৃহিণী, (গৃহী দেখ, ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, ভার্য্যা, পত্নী।[পুং, গৃহস্থ, গৃহপতি।
গৃহী, (গৃহিন্, গৃহ+ইন্—অস্ত্যর্থে) সং,
গৃহীত, (গৃহ্=গ্রহণকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহা গ্রহণ করা গিয়াছে। প্রাপ্ত। আক্রান্ত। স্বীকৃত। ধৃত। "গৃহীতপত্যুদ্গমনীয়বস্ত্রা" কুমার। লব্ধ। জ্ঞাত। আশ্রিত। সাক্ষাৎকৃত। অভ্যস্ত।
গৃহীতদিক্, (গৃহীতদিশ্, গৃহীত=আক্রান্ত —দিশ্=স্থান, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, পলায়িত।
গৃহীতা, (গৃহীতৃ,—গ্রহ্=গ্রহণকরা+তৃণ্ —ক) বিং, ত্রিং, গ্রাহক, গ্রহণ-কর্ত্তা।
গৃহ্য, (পূর্ব্বে দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, গ্রহণের যোগ্য। অধীন, আয়ত্ত। দলভুক্ত। পক্ষ, গৃহোৎপন্ন। গৃহপালিত। সং, ক্লীং, ধর্ম্মশাস্ত্রের গ্রন্থবিশেষ। গুহ্যদেশ। হ্যা—স্ত্রীং, বৃহৎ গ্রামের প্রান্তবর্ত্তী ক্ষুদ্রগ্রাম।
গেঁড়ি, (গেণ্ডুক শব্দজ) সং, গুগ্‌লি।
গেণ্ডু, গেণ্ডুক, গেন্দুক (গা=গমনকরা +ইণ্ডু—প্রং। পক্ষে ক—যোগ) সং, পুং, কন্দুক, ভাঁটা।
গেয়, (গৈ=গানকরা+য—ভা, র্ম্ম) সং, ক্লীং, গান।"গেয়মধ্যাপয়দ্গোপান্ যাজ্ঞিকান্নমভোজয়ৎ" বোপদেব। বিং, ত্রিং, গানযোগ্য।
গেষ্ণু, (গৈ=গানকরা+ইষ্ণু—ক, শীলার্থে) সং, পুং, সামবেদগানকারী। নট। গায়ক।
গেহ, (গ=গণেশ—ঈহ্=ইচ্ছাকরা+অ —প্রং। যাহাতে গণেশের মূর্ত্তি চিত্রিত করে) সং, ক্লীং, গৃহ, বাসস্থান, ঘর।
গেহী, (গেহিন্, গেহ+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, গৃহী, গৃহস্থ।
গেহেনর্দ্দী } (গেহেনর্দ্দিন্, গেহে=গৃহে
গেহেশূর } —নর্দ্দিন্=যে গোলমাল করে।—শূর=বীর) সং, পুং, অক্ষম ব্যক্তি। কাপুরুষ।
গৈরিক, (গিরি=পর্ব্বত+ষ্ণিক—ভবার্থে সং, ক্লীং, গিরিমাটী। "সুস্রাব রুধিরং গাত্রৈর্গৈরিকং পর্ব্বতো যথা"। স্বর্ণ। বিং, ত্রিং, গিরিসম্ভূত।
গৈরেয়, (গিরি=পর্ব্বত+ষ্ণেয়—ভবার্থে) বিং, ত্রিং, পর্ব্বতোৎপন্নদ্রব্য। সং, ক্লীং, গিরিমাটী।
গো, (গম্=গমনকরা+ও—সংজ্ঞার্থে) সং, পুং, সূর্য্য। চন্দ্র। বৃষ। পশু। পুং—ক্লীং, স্বর্গ। বাণ। জল। কেশ, শরীরের লোম। ইন্দ্রিয়। বজ্র। কিরণ। স্ত্রীং, ধেনু। পৃথিবী। মাতা। দিক্। বাণ। বাক্য। গায়ত্রী। বাগীশ্বরী। দৃষ্টি। "দুদোহ গাং স যজ্ঞায় শস্যায় মঘবা দিবম্"। "রঘুবংশ। গোমধ্যমধ্যে মৃগগোধরে হে সহস্রগোভূষণকিঙ্করাণাম্"।
গোআলা, গোয়ালা, (গো=গোরু+আলা-কর্ত্তৃবোধক হিন্দী ওয়ালা প্রত্যয়জ) সং, গোপ, দুগ্ধবিক্রেতা।[খোঁটা।
গোঁজ, গোঁজা. (দেশজ) সং, কীলক,
গোঁড়, (গণ্ডশব্দজ) সং, উচ্চনাভি, মাংসপিণ্ড। [মোদকারী, খোষামুদে।
গোঁড়া, (দেশজ) বিং. স্তাবক, তোষা-
গোঁড়াম-মি (গোঁড়া+ম, মি—ভাবে) সং, স্তাবকতা, তোষামোদিকরণ।
গোঁফ, (গুম্ফশব্দজ) সং, ওষ্ঠের উপরিস্থ কেশ। মোচ।

গোকর্ণ, (গো=গোরু—কর্ণ=কাণ, ১মা—হিং) সং, পুং, বিতস্তি পরিমাণ, অনামিকাযুত অঙ্গুষ্ঠপরিমাণ, বিগৎ। গণ্ডুষ। মৃগবিশেষ। তীর্থস্থানবিশেষ। সর্প, চক্ষুঃশ্রবাঃ। অশ্বতর।

গোকল, (গো—কল=কবলশব্দজ) সং, গোগ্রাস, গোরুকে দত্তঘাস।

গোকিরাটী—টিকা, (গো=পৃথিবী—কির=শূকর—অট=যে গমন করে+ক—তুল্যার্থে। যে শূকরের মতন চরিয়া বেড়ায়) সং, স্ত্রীং, সারিকাপক্ষী।

গোকীল, (গো=পৃথিবী—কীল=শঙ্কু, গোঁজ, ৬ষ্ঠী—ষ) সং,পুং, মুষল। লাঙ্গল।

গোকুল, (গো—কুল=সমূহ, ৬ষ্ঠী—ষ+৭মী—হিং) সং, ক্লীং, গোসমূহ। গোষ্ঠ, গোস্থান। যমুনা নদীতীরস্থ গ্রামবিশেষ। "কালেন ব্রজতা তাত ! গোকুলে রামকেশবৌ। জানুভ্যাং সহ পাণিভ্যাং রিঙ্গমাণৌ বিজহ্রতুঃ" ॥

গোকুলিক, (গো=চক্ষু, গোরু, কুল=সংগ্রহকরা+টক্) বিং, ত্রিং, টেরা। যে পঙ্কে পতিত গরুকে উদ্ধার করে।

গোকৃত, (গো=গোরু—কৃত) সং, ক্লীং, গোময়, গোবর।

গোক্ষুর, (গো—ক্ষুর) সং, পুং, গোক্ষুরাকৃতি লতা বিশেষ। ক্লীং, গোরুরখুর।

গোগ্রন্থি, (গো=গোরু—গ্রন্থ=গাঁথা+ই—প্রং) সং,পুং,করীষ,ঘুঁটে। গোষ্ঠ।

গোঘ্ন, (গো—ঘ্ন [হন্ বধকরা+অ—প্রং] যে বধ করে, ২য়া—ষ)সং,পুং, অতিথি। বিং, ত্রিং, গোহন্তা, গোহত্যাকারী। "ঋতুস্নাতাস্তু যো ভার্য্যাং স্বস্থঃ সন্নোপগচ্ছতি বালগোঘ্নাপরাধেন বিধ্যতে নাত্র সংশয়ঃ" পরাশর।

গোঙার, (দেশজ) বিং, অবিমৃশ্যকারী, অবিবেক, মূঢ়। অত্যন্ত রাগী।

গোঙ্গা,(দেশজ) বিং,বোবা। সং,বড়কড়ি।

গোচ-ছ, (গুচ্ছশব্দজ) সং, হালা, আটি। সুযোগ। চা, ছা—থোবা, আটি।

গোচর, (গো=ইন্দ্রিয়, গোরু—চর=যে চরে, ৭মী—হিং) সং, পুং, আশ্রয়। স্থিত। আশ্রিত। বিষয়,যাহা গ্রহণ করা যায়। ইন্দ্রিয়ের বিষয়,ইন্দ্রিয়গ্রাহ্য। "স্ত্রীশূদ্রদ্বিজবন্ধূনাং ত্রয়ী ন শ্রুতিগোচরা"। "স রাজা সিংহবিক্রান্তো যুবা বিষয়গোচরঃ। অবিরোধেন ধর্ম্মস্য চচার সুখমুত্তমং" মহাভারত। জ্ঞাতসার, সাক্ষাৎকার। গোচরণস্থান,গোরুর আহারস্থান।

গোচারক, (গো—চারি=গমনকরান+ণক—ক) সং, পুং, যে গোরু চরায়, রাখাল। [ক্লীং, গোরু চরান।

গোচারণ, (গো—চারণ, ৬ষ্ঠী—ষ) সং,

গোছাল, (দেশজ) বিং, উপযুক্ত, পটু. চতুর। কার্যাদক্ষ।

গোজল ; সং, ক্লীং, গোরুর মুত,গোমূত্র।

গোজাগরিক, (গো=পৃথিবী—জাগৃ=জাগৃত হওয়া+ণক—প্রং) সং, ক্লীং, কল্যাণ, মঙ্গল। পুং, কণ্টকারীবৃক্ষ।

গোটা, (দেশজ) বিং, অখণ্ড, আস্ত। সং, জরির পাত। সর্ষপ প্রভৃতি মসলা চূর্ণ।

গোঠ, (গোষ্ঠশব্দজ) সং,গোস্থান। কটিদেশের ভূষণ।

গোড়া, (দেশজ) সং, মূল, আদি।

গোড়ালী, (দেশজ) সং. গুলফ, পাদমূল।

গোণী. (গণ্=গণনাকরা+ ঘঞ্—প্রং) সং, স্ত্রীং,থলিয়া,বস্তা। পরিমাণবিশেষ।

গোণ্ড, (গুনড্=বেষ্টনকরা, জড়ান+ঘঞ্—প্রং) সং, পুং,নাভিদেশেবর্দ্ধিত মাংস, গোঁড়। নীচজাতিবিশেষ।

গোতম,, গৌতম ; সং, পুং, ন্যায়শাস্ত্রপ্রণেতা মুনি। বৌদ্ধমত প্রচারক মুনি। "গোতমাদিভিরন্যৈস্ত্বং গর্ব্বমাপাদিতো মুধা" বিষ্ণুপুরাণ। গো-শ্রেষ্ঠ। মী—স্ত্রীং, দুর্গা। রাক্ষসীবিশেষ। কণ্ব মুনির ভগিনী। শকু। "কর্ণং দত্ত্বা সসম্ভ্রমং। অজ্জউত্ত এসাকখু তাদকণ্ণস্স ধম্মকণীয়সী অজ্জা গোদমী আঅচ্ছদি, তা বিড়ৃ বাস্তরিদো হোহি" শকুন্তলা। "গোতমো-

হৃহমতো ধৃমোহদমস্তে সমদর্শনাৎ। গোভিস্তমো মম ধ্বস্তং জাতমাত্রস্থ দেহতঃ। বিদ্ধি মাং গৌতমং কৃত্যে"।

গোতমান্বয়, (গোতম=মুনিবিশেষ—অন্বয় =বংশ। যে গোতমবংশোদ্ভব) সং, পুং, শাক্যমুনি।

গোতল্লজ, (গো=গোরু+তল্লজ—প্রশস্তার্থে) সং,পুং,প্রশস্ত গো,উত্তম গোরু।

গোতীর্থ, সং,ক্লীং,গোষ্ঠ, গোচারণস্থান।

গোত্র, (গু=শব্দকরা+ত্র—সংজ্ঞার্থে। যে পূর্ব্বপুরুষদিগকে উক্ত করে) সং, ক্লীং, বংশ, কুল। নাম। সন্তান পরম্পরা, গোত্রপ্রবর্ত্তক ভরদ্বাজ প্রভৃতি ঋষির সন্ততি। অরণ্য। ক্ষেত্র। ছত্র। গোগৃহ। পথ। (গো=পৃথিবী—ত্রৈ-পালনকরা +ড—প্রং) পুং, পর্ব্বত।

গোত্রজ, (গোত্র—জ জাত) বিং, ত্রিং, যে গোত্রে জন্মিয়াছে, সগোত্র।

গোত্রভিদ্, (গোত্র=পর্ব্বত—ভিদ্=যে ভেদ করে। যে বজ্রদ্বারা পর্ব্বত ভেদ করে, ২য়া—ষ) সং, পুং, পর্ব্বতভেদকর্ত্তা, ইন্দ্র। পূর্ব্বকালে পর্ব্বতদিগের পক্ষ ছিল। তাহারা উড়িয়া এক স্থান হইতে অন্য স্থানে যাইত এবং তন্নিবন্ধন অসংখ্য গ্রাম নগরাদি নষ্ট হইত বলিয়া দেবরাজ ইন্দ্র সমস্ত পর্ব্বতের পক্ষচ্ছেদন করিয়াছিলেন। এই নিমিত্ত ইন্দ্রের নাম গোত্রভিদ্ হইয়াছে।

গোত্রা, (গোত্র=পর্ব্বত+অ—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, পৃথিবী। (গো+ত্র-সমূহার্থে। আ—স্ত্রীলিঙ্গে) গোসমূহ।

গোদ, (গো=গোরু ইত্যাদি—দ=যে দান করে, ২য়া—ষ) সং, পুং, মস্তিষ্ক, মগজ। বিং, ত্রিং, যে গোরু দান করে, গোদাতা। (দেশজ) সং, রোগবিশেষ, পদস্ফীতি রোগ।

গোদন্ত, (গো=গোরু—দন্ত, ৬ষ্ঠী—ষ। সামান্য কাঠিন্য হেতু গোদন্ত নাম হইল) সং, ক্লীং. হরিতাল। পুং, গোরুর দাঁত।

গোদা, গোদাবরী, (গো=জল—দা=যে দেয়) সং, স্ত্রীং, স্বনামপ্রসিদ্ধ নদীবিশেষ।

গোদান, (গো=কেশ—দো=ছেদনকরা +অন—ভা) সং, ক্লীং, কেশান্ত সংস্কার, কেশচ্ছেদনরূপ সংস্কার। "অথাস্য গোদানবিধেরনন্তরং" রঘুবংশ।

গোদারণ, (গো=ভূমি—দারণ=যে ছেদন বা বিদীর্ণ করে) সং, ক্লীং, লাঙ্গল। কোদাল।

গোদোহিনী, (গো—দুহ্=দোহনকরা+অন—ধি) সং, স্ত্রীং, গোদোহন পাত্র, দুধের ভাঁড়। [সং, পুং, গোমূত্র।

গোদ্রব, (গো—দ্রব=যাহা নির্গত হয়)

গোধা, গোধিকা, (গুধ্=বেষ্টনকরা+আ—প্রং। গোধা+আকারের পূর্ব্বে ইক—স্বার্থে) সং, স্ত্রীং, গোসাপ। "শ্বাবিধং শল্যকং গোধাং খড়্গাকূর্ম্ম শশাংস্তথা। ভক্ষ্যান্ পঞ্চনখেষ্বাহুঃ"। ধনুর্গুণাঘাত নিবারণার্থ বামপ্রকোষ্ঠের চর্ম্মময় আবরণ। "ততশ্চটচটাশব্দো গোধাঘাতাদভূত্তয়োঃ"।

গোধি, (গো=চক্ষুঃ, জল—ধা=ধারণ করা+ই—প্রং। অথবা গুধ্=বেষ্টনকরা+ই—প্রং) সং, পুং, ললাট দেশ, কপাল। গোধা।

গোধুক, (গোদুহ্, গো—দুহ্=দোহন করা+ক্বিপ্—ক) বিং, ত্রিং, গোদোহন কর্ত্তা।

গোধুম, গোধূম, (গুধ্=বেষ্টনকরা+উম, ঊম—প্রং) সং, পুং, গম। [ক্লীং, ময়দা।

গোধূমচূর্ণ, (গোধূম—চূর্ণ=গুঁড়) সং,

গোধূলি, (গো—ধূলি, ৭মী—হিং সং, স্ত্রীং, সায়ংকাল, যৎকালে গো সকল প্রচার হইতে গৃহে প্রত্যাগমন করে। সূর্য্যোদয় কালে গো হইতে ধূলি উত্থিত হয় বলিয়া তাহকেও গোধূলি বলিয়া থাকে। "গোধূলিং ত্রিবিধাং বদন্তি মুনয়ো নারীবিবাহাদিকে হেমন্তে শিশিরে প্রয়াতি

মুহূর্তাং পিণ্ডীকৃতে ভাস্করে। গ্রীষ্মেঽৰ্দ্ধাস্তমিতে বসন্তসময়ে ভানৌ গতেঽদৃশ্যতাং সূর্য্যোচাস্তমুপাগতে চ নিয়তং বর্ষাশরৎকালয়োঃ"।

গোধেনু, (গো=গোরু—ধেনু ঐ অর্থ) সং, স্ত্রীং, দুগ্ধবতী গবী। [আশ্রয়দাতা।

গোধের, (গোধা+ইর) সং, পুং, রক্ষক,

গোনর্দ্দ, (গো=জল—নর্দ্দ্=শব্দকরা+অ—প্রং) সং, পুং, পর্ব্বতবিশেষ। সারসপক্ষী।

গোনর্দ্দীয়, (গো=স্বর্গ—নর্দ্দীয়=শব্দিত অর্থাৎ বিখ্যাত) সং, পুং পাণিনি মুনি।

গোনস, গোনাস (গো=গোরু—নাসিকা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বৃহৎসর্প, বোড়া প্রভৃতি।

গোনাথ, (গো=গোরু+নাথ=অধিপতি) ষাঁড়। রাখাল, যে গোরু চরায়।

গোনিষ্যন্দ, (গো—নিষ্যন্দ=যাহা ক্ষরিত হয়) সং, পুং, গোমূত্র।

গোপ, (গো=গোরু, পৃথিবী—প=যে পালন করে, ২য়া—ষ) সং, পুং, গোয়ালা জাতি। "মণিবন্ধ্যাং তন্ত্রবায়াদ্ গোপজাতেশ্চ সংভবঃ"। ভূপতি। গোরক্ষক, গোপাল। (গুপ্ রক্ষাকরা +অ—ক) বিং, ত্রিং, রক্ষক। পী—স্ত্রীং, গোয়ালিনী। রক্ষিকা।

গোপক, (গুপ=রক্ষা করা+ণক অথবা গোপ+ক—যোগ) বিং, ত্রিং, যে গোপন করে। রক্ষক।

গোপতি, (গো=পৃথিবী ইত্যাদি—পতি =প্রভু) সং, পুং, ভূপ, রাজা। বৃষ। "স গোপতিং নন্দি ভুজাবলম্বী শার্দ্দূল চর্ম্মান্তরিতোরু পৃষ্ঠং" কুমার। শিব। ইন্দ্র। সূর্য্য। শ্রীপতি, শ্রীকৃষ্ণ।

গোপদল, (গোপ=রক্ষণ—দল=পত্র) সং, পুং, সুপারিগাছ।

গোপন, (গুপ্=রক্ষাকরা, লুক্কায়িতকরা +অনট্—ভা) সং, ক্লীং, রক্ষণ। অদৃশ্যকরণ, লুকান।

গোপনীয়, (গুপ্+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, অপ্রকাশ্য, গোপ্য। রক্ষণীয়। "গোপনীয়ং কমপ্যর্থং দ্যোতয়িত্বা কথঞ্চন" বিশ্বনাথ।

গোপানসী, (গোপ=রক্ষণ+নস, ঈ—প্রং। আ—আগম) সং, স্ত্রীং, ঘরের ছাদের বা চালের নিম্নস্থিত বক্রকাষ্ঠ, পাড়। [বিং, ত্রিং, রক্ষিত।

গোপায়িত, (গুপ্=রক্ষাকরা+ক্ত—র্ম্ম)

গোপাল, (গো=গোরু, পৃথিবী—পাল যে পালন করে, ২য়া—ষ) সং, পুং, গোপ, রাখাল। "গোপাল গোরুরপাল লয়ে যায় মাঠে"। কৃষ্ণ। ভূপতি।

গোপালক, (গো=গোরু বা পৃথিবী—পাল রক্ষাকরা+ণক—প্রং) সং, পুং, গোরক্ষক। কৃষ্ণ। শিব।

গোপাষ্টমী, (গোপ—অষ্টমী) সং, স্ত্রীং, কার্ত্তিকমাসের শুক্লাষ্টমী।

গোপিকা, (গোপী+ক—যোগ) সং, স্ত্রীং, গোয়ালিনী, গোপের স্ত্রী। রক্ষিকা।

গোপুচ্ছ, (গো=গোরু—পুচ্ছ=লেজ। যে গোরুর পুচ্ছ সদৃশ) সং, পুং, গোরুর লেজ। হারবিশেষ। বানর বিশেষ।

গোপুর, (গুপ্=রক্ষাকরা+উর—সংজ্ঞার্থে) সং, ক্লীং, নগরদ্বার, পুরদ্বার।

গোপুরীষ, (গো—পুরীষ=বিষ্ঠা, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, গোময়, গোবর।

গোপেন্দ্র, (গোপ—ইন্দ্র=প্রভু, প্রধান) সং, পুং, বিষ্ণু, কৃষ্ণ।

গোপ্তা, (গোপ্তৃ, গুপ্+তৃণ্—ক) বিং, ত্রিং, রক্ষক, রক্ষাকর্ত্তা। প্রতিপালক। "উনং ন সত্ত্বেবধিকো ববাধে তস্মিন বনং গোপ্তরি গাহমানে" রঘুবংশ।

গোপ্য, (গুপ+য—র্ম্ম) সং, পুং, ভৃত্য। দাসীপুত্র। বিং, ত্রিং, রক্ষণীয়। গোপনীয়। "আয়ুর্ব্বিত্তং গৃহচ্ছিদ্রং মন্ত্রমৈথুন ভেষজম্। তপোদানাপমানঞ্চ নব গোপ্যানি যত্নতঃ"। "দারেষু কিঞ্চিৎ পুরুষেষু কিঞ্চিৎ গোপ্যং বয়স্যেষু সুতেষু কিঞ্চিৎ"।

গোপ্যক, (গোপ্য+ক—যোগ) সং, পুং, দাস, ভৃত্য।

গোপ্যাধি, (গোপ্য=রক্ষণীয়—আধি=গচ্ছিত বস্তু) সং, পুং, রক্ষণীয় বস্তু, বন্ধকী বস্তু, যাহা ভোগ করিতে পারা যায় না, বা ভোগ করা উচিত নহে।

গোপ্রকাণ্ড, (গো—প্রকাণ্ড = প্রশস্ত) সং, পুং, উত্তম গোরু। শ্রেষ্ঠ গো।

গোপ্রচার, (গো—প্রচার=গমন) সং, পুং, গোচর, যে স্থানে গোরু চরে।

গোপ্রতর, (গো—প্রতর=পারহওন)সং, পুং, তীর্থবিশেষ। গোদিগের নদীপার হওয়া। [গোবিষ্ঠা।

গোবর, (গোবিটশব্দজ) সং, গোময়,

গোমতল্লিকা, (গো—মতল্লিকা=প্রশস্ত) সং, স্ত্রীং, শ্রেষ্ঠ গোরু। সুশীলা গো।

গোমন্ত, (গো=পৃথিবী—মন্=বুঝা+ক্ত—প্রং) সং, পুং, বিন্ধ্যপর্ব্বতের প্রত্যন্ত পর্ব্বত, বিন্ধপাদ। গোসমূহ। যাহার গোরু আছে।

গোময়, (গো+ময়—পুরীষার্থে) সং, পুং, ক্লীং, গোবিষ্ঠা, গোবর।

গোময়োত্থা, (গোময়=গোবর—উত্থ=যে উঠে,জন্মায়,হয়, ৫মী—ষ) সং, স্ত্রীং, গোময় জাত কীট, গোবরা পোকা।

গোমসূর্য্যাধন, (Vaccination গো—মসূরী—আধান) সং, স্ত্রীং, গোবীজে টীকা দেওয়া।

গোমসূর্য্যাহিত, (গো=মসূরী—আহিত) বিং, ত্রিং, যাহার গোবীজে টীকা দেওয়া হইয়াছে।

গোমান্, (গোমৎ, গো+মৎ—অস্ত্যর্থে) বিং, ত্রিং, যার অনেক গোরু আছে। মতী—স্ত্রীং, অযোধ্যাস্থিত নদীবিশেষ, বৈদিক মন্ত্রবিশেষ।

গোমায়ু, (গো=শব্দ ইত্যাদি—মা=পরিমাণকরা+উ—প্রং। য—আগম) সং, পুং, গন্ধর্ব্ববিশেষ। শৃগাল, শিয়াল।

গোমস্তা, (যাবনিক) যে ব্যক্তি জমীর খাজনা আদায় করে। মহাজনের গদির প্রধান কর্ম্মচারী।

গোমী, (গোমিন্, গো+মিন্—অস্ত্যর্থে) সং, ত্রিং, যার অনেক গোরু আছে। পুং, শৃগাল।

গোমুখ, (গো—মুখ, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, বক্র বাদ্যভাণ্ডবিশেষ। বিলেপন। সিঁধ। পুং, প্রমথবিশেষ। যক্ষবিশেষ। কুম্ভীর। খী—স্ত্রীং, হিমালয়ের গোমুখাকৃতি গহ্বর। জপমালার থলি। নদীবিশেষ। [গোরুর প্রস্রাব, চোনা।

গোমূত্র, (গো—মূত্র, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং,

গোমূত্রিকা, (গোমূত্র+ক—প্রং। আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, চিত্রকাব্যের বন্ধবিশেষ। "বর্ণানামেকরূপত্বং যদ্যেকান্তরমর্দ্ধয়োঃ। গোমূত্রিকেতি তৎপ্রাহু দুষ্করন্তদ্বিদোবিদুঃ" "না সুরোয়াং ন বা নাগো ধরসংস্থো ন রাক্ষসঃ। নাসুখোয়ং ন বা ভোগো ধরনিস্থো হি রাজসঃ" ॥ ভারবি। "প্রবৃত্তে বিকসদ্ধানং সাধনেপ্যবিষাদিভিঃ ববৃষে বিকসদ্ধানং মুধমাপ্য বিষাণিভিঃ" শিশুপালবধ।

গোমেদ, (গো=চক্ষুঃ—মিদ্=স্নিগ্ধ হওয়া ইত্যাদি+অ—প্রং) সং, পুং, পীতবর্ণ মণিবিশেষ। দ্বীপবিশেষ।

গোমেধ, (গো—মেধ=যজ্ঞ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, যজ্ঞবিশেষ। এই যজ্ঞ কলিকালে করিতে নিষেধ।

গোরস, (গো—রস, ৬ষ্ঠী—ষ) সং, পুং, —ক্লীং, গব্য, দুগ্ধ, দধি। "আঢ্যানাং মাংসপরমং মধ্যানাং গোরসোত্তরম্। তৈলোত্তরং দরিদ্রাণাং ভোজনম্"।

গোরসজ, (গোরস—জ=উৎপন্ন) সং, ক্লীং, তক্র, ঘোল।

গোরাটী, গোরিকা, (গো=বাক্য—রট্=বলা, উচ্চারণকরা+অ—প্রং। ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, শারিকা পক্ষিণী।

গোরু, (গোশব্দজ) সং, বৃষ, গবী।

গোরুত, সং, ক্লীং, ক্রোশদ্বয় পরিমাণ।

গোরোচ, (গো—রোচ=যে দীপ্তিপায়) সং, ক্লীং, হরিতাল।

গোরোচনা, (গো—রুচ্=দীপ্তি পাওয়া +অন—প্রং) সং, স্ত্রীং, উজ্জ্বল পীত-দ্রব্যবিশেষ, গোমস্তক স্থিত শুষ্কপিত্ত। "বিন্যস্তশুক্লাগুরু চক্রুরঙ্গং গোরোচনা পত্রবিশেষমস্যাঃ" কুমার।[ক্লীং, মস্তিষ্ক।

গোর্দ্দ, (গুর্=চেষ্টাকরা+দ=প্রং) সং,

গোল, গোলক (গুড্=গোলহওয়া+ ঘঞ্—প্রং। ড=ল) সং, পুং, বর্ত্তুলাকার বস্তু। যে দারুময় বর্ত্তুলে পৃথিবী ও আকাশের প্রতিরূপ অঙ্কিত আছে। (Globe) জারজসন্তান। ক্লীং, মণ্ডল। লা—স্ত্রীং, গোদাবরীনদী। সখী। বালকের ক্রীড়নক। কুনটী।

গোলমরিচ, সং, স্বনাম প্রসিদ্ধ বৃক্ষ-বিশেষ। তৎফল।

গোলা, (গোল্শব্দজ) সং, ধান্যাদির আগার। বর্ত্তুলাকার লৌহপিণ্ড।

গোলাঙ্গুল, (গো—লাঙ্গুল=লেজ) সং, পুং, কৃষ্ণমুখ বানরবিশেষ। ন্যায়বিশেষ।

গোলাধ্যায়—(গোল=বর্ত্তুল (Sphere) + অধ্যায়=পরিচ্ছেদ) সং, পুং, গণিত শাস্ত্রের বিভাগবিশেষ, যাহাতে গোলকের বিষয় বর্ণিত আছে।

গোলাস, (গো=গোময়—লাস=উৎপত্তি. ৭মী—হিং) সং, পুং, গোময়কীট। গোময়চ্ছত্রিকা, কোঁড়ক, ছাতা।

গোলোক, (গো=স্বর্গ—লোক=ভুবন, য়ং—স) সং, পুং, বৈকুণ্ঠ, কৃষ্ণের স্থান। "ত্রয়াণামপি লোকানামুপরিষ্ঠান্নিবৎস্যসি। মৎপ্রসাদাচ্চ বিখ্যাতো গোলোকঃ সভবিষ্যতি।"

গোলোমী=(গো—লোমী) সং, স্ত্রীং, শ্বেতপুষ্পবিশিষ্ট বক্র দূর্ব্বাবিশেষ, শ্বেত-দূর্ব্বা। বেশ্যা, পণ্যস্ত্রী।

গোবর্দ্ধন, (গো=গোরু—বর্দ্ধন=যে বাড়ায়, ২য়া—ষ) সং, পুং, রাধাকুণ্ডের নিকটবর্ত্তী পর্ব্বতবিশেষ।

গোবর্দ্ধনধর, (গোবর্দ্ধন=পর্ব্বতবিশেষ—ধর=যে ধারণ করে) সং, পুং, কৃষ্ণ। বাসুদেব এইপর্ব্বতকে একাঙ্গুলি দ্বারা উত্থিত করিয়া প্রবল ঝটিকা কালীন গোপালগণকে ইহার নিম্নদেশে আশ্রয় দিয়াছেন বলিয়া তাহার নাম গোবর্দ্ধন ধর হইয়াছে।

গোবলীবর্দ্ধ ন্যায়—ন্যায় (২০) দেখ।

গোবশা, (গো—বশা বন্ধ্যা) সং, স্ত্রীং, বন্ধ্যা গোরু।

গোবাঘা, সং, হিংস্রক জন্তুবিশেষ।

গোবিট্, (গোবিষ্, গো—বিট্=বিষ্ঠা, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, স্ত্রীং, গোময়, গো-বিষ্ঠা, গোবর।

গোবিন্দ, (গো [বেদের] ভাষা—বিন্দ =যে জানে, ২য়া—ষ। অথবা গো গোরু, স্বর্গ—বিদ্=পাওয়া+অ—প্রং। যাহার দ্বারা স্বর্গ পাওয়া যায়, অথবা যিনি গোরক্ষা করিয়া আনন্দ অনুভব করেন কিম্বা গো বিশ্বসমূহাদি—বিদ্=জানা+অ—ক) সং, পুং, কৃষ্ণ। গাং বিন্দতা ভগবতা গোবিন্দেন নষ্টাং ধরণীং পূর্ব্বমবিন্দন্ বৈ গৃহাগতাম্॥ গোবিন্দ ইতি তেনাহং দেবৈর্ব্বাগ্‌ভির-ভিষ্টুতঃ। অহংকিলেন্দ্রো দেবানাং ত্বং গবামিন্দ্রতাংগতঃ॥ গোবিন্দ ইতিলোকাস্ত্বাং স্তোষ্যন্তি ভুবি শাশ্বতম্। গাশ্চ বিশ্ব সমূহশ্চ বিন্দতে যোহবলীলয়া। জ্ঞানসিন্ধু সমূহশ্চ গোবিন্দ স্তেন কীর্ত্তিতঃ।" বৃহস্পতি। বিং,ত্রিং, গোপালক।

গোবৃন্দারক, (গো=গোরু+বৃন্দারক= প্রশস্তার্থে) সং, পুং, উত্তম গোরু। শ্রেষ্ঠ গো।

গোশাল, (গো—শালা=গৃহ, ৬ষ্ঠী—ষ। আ=অ) সং, ত্রিং, গোগৃহ, গোয়ালঘর।

গোশীর্ষ, (গো—শীর্ষ=মস্তক, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, গোমস্তক। চন্দন। হরিচন্দন। "গোশীর্ষং চন্দনং যত্র পদ্মকশ্চাগ্নি সং-

নিভম্। দিব্যমুৎপদ্যতে যত্র তচ্চৈবাগ্নি-শিখোপমম্।"

গোষ্ঠ, (গো=পশু—স্থ=যে থাকে। গোরুসকল যেখানে থাকে) সং, পুং—ক্লীং, গোস্থান, গোঠ। [শুক্লাষ্টমী।

গোষ্ঠাষ্টমী, সং স্ত্রীং, গোপাষ্টমী, কার্ত্তিকী

গোষ্ঠী, (গোষ্ঠ্=সমারোহকরা, একত্রকরা +অ—প্রং) সং, স্ত্রীং যে স্থানে অনেক মিলিত হয়, সভা। সংলাপ। পরিবার। জ্ঞাতি।

গোষ্ঠীপতি, (গোষ্ঠী—পতি=স্বামী, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পরিবার পালক। সভাপতি।

গোষ্পদ, (গো—পদ=৭মী—হিং। স্—আগম) সং,ক্লীং, গোখুর পরিমিত স্থান। "তানি কিং পদরত্নানি সন্তি পাণিনি-গোষ্পদে" গোরুর পদচিহ্ন। যে স্থানে সর্ব্বদা গরুর যাতায়াত আছে।

গোস, (গো=জল, নীহার—সো=নাশ-করা, শোষণকরা+অ—প্রং) সং, পুং, প্রাতঃকাল। প্রভাত। প্রাতঃকালে নীহার শুষ্কহইয়া যায় বলিয়া ইহার নাম গোস হইয়াছে।

গোসঙ্খ্য, (গো=গোরু—সম্—খ্যা [বলা] গণনাকরা + অ—প্রং) সং, পুং, গোপ। গো-সঙ্খ্যাতা।

গোসঙ্গ, গো=গোরু—সঙ্গ=মিলন। যে সময়ে গোসমূহ একত্রিত হয়) সং, পুং, প্রভাত, প্রাতঃকাল। প্রাতে গোরু সকল একত্রে মাঠে চরিতে যায় বলিয়া ইহার নাম গোসঙ্গ হইয়াছে।

গোসর্গ, (গো=গোরু—সর্গ=অগ্রসর। যে সময়ে গোরুর পাল মাঠে চরিতে অগ্রসর হয়) সং, পুং, প্রাতঃকাল।

গোসব, (গো—সব=যজ্ঞ) সং, পুং, গোমেধ যজ্ঞ। [অভিমান।

গোসা, (যাবনিক ভাষা) সং, রাগ, ক্রোধ,

গোস্তন, (গো—স্তন। যাহা গোরুর স্তনের ন্যায় গুচ্ছকরা) সং, পুং, চারি নর হার। গোরুর স্তন। নী—আঙ্গুর। দ্রাক্ষা, আঙ্গুর গুলি দেখিতে অবিকল গোরুর বাঁটের ন্যায় বলিয়া ইহাকে গোস্তনী বলাযায়।

গোস্বামী, (গোস্বামিন্, গো=গোরু, জ্ঞানেন্দ্রিয়, স্বর্গ, পৃথিবী—স্বামী=প্রভু, ৬ষ্ঠী—ষ)সং,পুং, গোরক্ষক। গোসমূহের অধিকারী, বাচস্পতি উপাধিবিশেষ।

গোহরীতকী, সং, স্ত্রীং, বেলগাছ।

গোহির, (গুহ্=আচ্ছাদনকরা+ইর—প্রং) সং, ক্লীং, পাদমূল, গোড়ালি।

গোহ্য, (গুহ+য—র্ম) বিং, ত্রিং, লুক্কায়িত। আচ্ছাদিত, আবৃত। সং,গুহ্যদেশ।

গৌঞ্জিক, (গুঞ্জা অল্পপরিমাণবিশেষ+ইক—প্রং) সং, পুং, স্বর্ণকার। স্বর্ণকারেরা স্বর্ণ ওজন করিবার নিমিত্ত গুঞ্জক ব্যবহার করে বলিয়া ইহাদিগকে গৌঞ্জিক বলাযায়।

গৌড়, সং, পুং, দেশবিশেষ। বহুং, গৌড়-দেশীয়লোক। সারস্বতাঃ কান্যকুব্জা গৌড়মৈথিলিকোৎকলাঃ। পঞ্চগৌড়া ইতি খ্যাতা বিন্ধ্যস্যোত্তর বাসিনঃ (গুড় +অ—ভাবার্থে) ড়ী—স্ত্রীং, গুড় দ্বারা প্রস্তুত সুরা। রাগিণীবিশেষ। কাব্যের রীতিবিশেষ। "ওজঃ প্রসাদমাধুর্য্যং গুণ-ত্রিতয় ভেদতঃ। গৌড়বৈদর্ভপাঞ্চালা রীতয়ঃ পরিকীর্ত্তিতাঃ" ॥

গৌণ, (গুণ+ষ্ণ—প্রং) বিং, ত্রিং, গুণীভূত। অপ্রধান। "গৌণেয়া চাদেয়োন্যেতু যথেষ্টং দ্বিঢ়ধুম্বিতি" বোপদেব। ণী—স্ত্রীং, শব্দের বৃত্তিবিশেষ।

গৌতম, (গোতম = মুনিবিশেষ+ষ্ণ—অপত্যার্থে) সং, পুং, শতানন্দ ঋষি। ঋষিবিশেষ। বুদ্ধ। মী—স্ত্রীং, গোদাবরী নদী। রাক্ষসীবিশেষ। গোতম-সম্বন্ধীয়া। গোতমবংশীয়া—স্ত্রী। কণ্ব মুনির ভগিনী। "নেপথ্যে। গৌতমি আদিশ্যন্তাং শার্ঙ্গরবশারদ্বতমিশ্রাঃ বৎসাং শকুন্তলাং নেতুং সজ্জীভবন্তু ভবন্ত ইতি" শকুন্তলা।

গৌতম-সম্ভবা, সং, স্ত্রীং, গোদাবরীনদী।
গৌধার, গৌধেয়, গৌধের, (গোধা+আর, এয়, এর—অপত্যার্থে) সং, পুং, গোধিকাত্মজ, গোসাপের বাচ্ছা।
গৌর, (গুড় = বেষ্টনকরা+অ—প্রং। ড়=র) বিং, ত্রিং, শ্বেত। পীত। লোহিত। শ্বেতরক্ত। বিশুদ্ধ। পরিষ্কৃত। সং, পুং, শ্বেত সর্ষপ। "সা গৌরসিদ্ধার্থনিবেশবদ্ভি র্দূর্বাপ্রবালৈঃ প্রতিভিন্নশোভং" কুমার সম্ভব। চন্দ্র। ক্লীং, পদ্মকিঞ্জল্ক, পদ্মকেশর। কুঙ্কুম। স্বর্ণ।
গৌরচন্দ্র, সং, পুং, চৈতন্যদেব।
গৌরব, (গুরু+ষ্ণ—ভাবে) সং, ক্লীং, ভার, গুরুত্ব। মহিমা। আদর, সম্মান, উৎকর্ষ। মর্য্যাদা। "রিক্তঃ সর্ব্বো ভবতি হি লঘুঃ পূর্ণতা গৌরবায়" মেঘদূত।
গৌরবিত, (গৌরব+ইত—ইদমর্থে) বিং, ত্রিং, গৌরববিশিষ্ট, মান্য।
গৌরাস্য, (গৌর—আস্য=মুখ) সং, পুং, শ্বেতমুখ। কৃষ্ণবানর, যে বানরের মুখব্যতীত অন্যান্য অবয়ব কৃষ্ণবর্ণ।
গৌরিকা, (গৌরী+ক—প্রং) সং, স্ত্রীং, গৌরী। অষ্টমবর্ষীয়া কন্যা।
গৌরিল, (গৌর+ইল—প্রং) সং, পুং, লৌহচূর্ণ। শ্বেতসর্ষপ।
গৌরী, (গৌর+ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, পৃথিবী। অষ্টবর্ষীয়া কন্যা। গোরোচনা। রাগিণীবিশেষ। হরিদ্রা। নদীবিশেষ। পার্ব্বতী।
গৌরীজ, (গৌরী—জ=জাত) সং, পুং, কার্ত্তিকেয়। গণেশ। ক্লীং, ধাতুবিশেষ, অভ্রক।
গৌরী-পট্ট, সং, পুং, পেনেট্, শিবলিঙ্গের নিম্নস্থ পট্ট।
গৌরী-শিখর, সং, ক্লীং, হিমালয়ের শৃঙ্গবিশেষ, যেস্থানে গৌরী তপস্যা করিয়াছিলেন। "প্রজাসু পশ্চাৎ প্রথিতং তদাখ্যয়া জগাম গৌরী শিখরং শিখণ্ডিমৎ" কুমারসম্ভব।
গৌরুতল্পিক, (গুরু—তল্প=শয্যা+ষ্ণিক—গমনার্থে) সং, পুং, গুরুপত্নীগামী।
গৌশতিক, (গৌ—শত+ইকঅস্ত্যর্থে) সং, পুং, যাহার একশত গোরু আছে।
গৌষ্ঠীন, (গোষ্ঠ+ঈন—প্রাক্ভূতার্থে) সং, ক্লীং, পূর্ব্বে যে স্থানে গোষ্ঠ ছিল।
গ্রথিত, গ্রন্থিত (গ্রন্থ্ =গাঁথা+ক্ত—ম্ম) বিং, ত্রিং, গুম্ফিত, যাহা গাঁথা হইয়াছে। প্রোত, বসান। আক্রান্ত। রচিত।
গ্রন্থ, (গ্রন্থ+অল—ভা, ধি) সং, পুং, গাঁথনি। সম্পত্তি। সন্দর্ভ ; শাস্ত্র, পুস্তক। সম্পর্ক। অনুষ্টুভ্ছন্দ।
গ্রন্থকার, (গ্রন্থ—কার=যে করে) সং, পুং, যে গ্রন্থ রচনা করে। গ্রন্থকর্ত্তা।
গ্রন্থন, (গ্রন্থ্+অনট্—ভা) সং, ক্লীং, গুম্ফন, গাঁথনি। রচনা।
গ্রন্থি, গ্রন্থ্=একত্রকরা+ই—প্রং) সং, পুং, বংশাদির সন্ধি। গাঁইট, গিরা। শরীরের সন্ধি। বন্ধ। রোগবিশেষ, বাতরোগ। বক্রতা।
গ্রন্থিক, (গ্রন্থি+ক—যোগ, অথবা গ্রন্থ সন্দর্ভ+ইক—জ্ঞাতার্থে) সং, পুং, গণক, দৈবজ্ঞ, সহদেব, কনিষ্ঠ পাণ্ডব, গুগ্গুল।
গ্রন্থিভেদ, (গ্রন্থি—ভিদ্=ভেদকরা+ঘঞ্—প্রং) সং, পুং, গাঁইটকাটা।
গ্রন্থিমান্, (গ্রন্থিমৎ, গ্রন্থি+মৎ—অস্ত্যর্থে) বিং, ত্রিং, গ্রন্থিযুক্ত।
গ্রন্থিল, (গ্রন্থি+ল—অস্ত্যর্থে) বিং, ত্রিং, সন্ধিযুক্ত, গাঁইটযুক্ত। (Articulated animals) যাহাদের শরীর তিন বা ততোধিক গ্রন্থি যুক্ত, যথা—কাঁকড়া, বিছা ইত্যাদি।
গ্রন্থ্যাধারদেহ, (Articulata,) গ্রন্থি—আধার—দেহ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, যাহাদের দেহ বিবিধ গ্রন্থিকে আশ্রয় করিয়া নির্ম্মিত হয়, যথা—পতঙ্গ কীটাদি।
গ্রন্থিহর, (গ্রন্থি=গাঁইট—হর=যে হরণ

করে। যে বিষয়কার্য্যের গ্রন্থিহরণ করে) সং, পুং, মন্ত্রণাদায়ক। মন্ত্রী। মন্ত্রী দুরূহ রাজনীতি সম্বন্ধে রাজাকে উপদেশ দেন বলিয়া তাহার নাম গ্রন্থিহর হইয়াছে।

গ্রন্থী, (গ্রন্থিন্,=গ্রন্থ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, যাহার অনেক গ্রন্থ আছে।

গ্রসন, (গ্রস্+অনট্—ভা) সং, ক্লীং, গ্রাসকরা, গিলিয়া ফেলা।

গ্রসমান, (গ্রস্+শান—ক) বিং, ত্রিং, যে গ্রাস করিতেছে।

গ্রস্ত, (গ্রস্=ভক্ষণকরা+ক্ত—র্ম্ম) সং, ক্লীং, অসম্পূর্ণবাক্য। বিং,ত্রিং, ভক্ষিত, গিলিত। আচ্ছাদিত। আক্রান্ত।

গ্রহ, (গ্রহ্=গ্রহণকরা+অ—প্রং) সং, পুং, সূর্য্যাদি নব। যে সকল জ্যোতিঃ পদার্থ সূর্য্যকর্তৃক আকৃষ্ট হইয়া তাহার চতুর্দ্দিকে মণ্ডলাকার পথে (orbit) নিয়ত পরিভ্রমণ করে। "গ্রহৈস্ততঃ পঞ্চভিরুচ্চসংশ্রয়ৈঃ" রঘুবংশ। স্বীকার। আদান, গ্রহণ। অধ্যবসায়। আগ্রহ, বোধ। জ্ঞান, বালঘাতিনী পূতনাদি। ধারণ। গ্রাস। নির্ব্বন্ধ। সন্নিকর্ষ। রণোদ্যম, চন্দ্রসূর্য্যগ্রহণ।

গ্রহকল্লোল, (গ্রহ=চন্দ্রসূর্য্যাদি+কল্লোল =শত্রু। যে গ্রহের শত্রু ৬ষ্ঠী—ষ) সং, পুং, রাহু। চন্দ্র এবং পৃথিবীর পথের সংযোগ স্থল (The Ascending and descending nodes)

গ্রহণ, (গ্রহ+অনট্—ভা) সং, ক্লীং, স্বীকার। লওয়া। জ্ঞান। বশীকরণ। বন্ধন। আদর। ইন্দ্রিয়। হস্ত। ধারণ, অবলম্বন। চন্দ্রসূর্য্যাদির অদর্শন।

গ্রহণি, গ্রহণী (গ্রহ্+অনি—প্রং, ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, উদরভঙ্গ রোগ। "ষষ্ঠী পিত্তধরা নাম যা কলা পরিকীর্ত্তিতা। পক্কামাশয়মধ্যস্থা গ্রহণী সা প্রকীর্ত্তিতা॥" [গ্রহণযোগ্য।

গ্রহণীয়, (গ্রহ+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং,

গ্রহণীহর, (গ্রহণী=উদরভঙ্গরোগ—হর =যে হরণ করে) সং, ক্লীং, লবঙ্গ। বিং, ত্রিং, গ্রহণীরোগনাশক।

গ্রহনায়ক, (গ্রহ—নায়ক=প্রধান, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শনি। সূর্য্য।

গ্রহণীহর—(গ্রহণী=উদরভঙ্গ রোগ+হর =যে হরণ করে) সং, ক্লীং, লবঙ্গ।

গ্রহনীহারিকা, (Planetary Nebulæ) সং, স্ত্রীং, যে সকল নীহারিকা গ্রহের লক্ষণাক্রান্ত বোধ হয়।

গ্রহনেমি, (গ্রহ—নেমি=চাকার প্রান্ত, বেড়। যে গ্রহের নেমিবৎ আকৃতি) সং, পুং, চন্দ্র।

গ্রহপতি, (গ্রহ—পতি=স্বামী, ৬ষ্ঠী—ষ) সং, পুং, আকন্দগাছ। সূর্য্য।

গ্রহযাগ, (গ্রহ—যাগ=যজ্ঞ) সং, পুং, আদিত্যাদি নবগ্রহের বৈগুণ্য শান্তির নিমিত্ত হোম।

গ্রহরাজ, (গ্রহ—রাজন্=রাজা, প্রধান, ৬ষ্ঠী-ষ) সং, পুং, বৃহস্পতি। সূর্য্য। চন্দ্র।

গ্রহ-বহ্নি; সং, পুং, সূর্য্যাদির গ্রহের বহ্নি। "কপিলঃ পিঙ্গলোধূমকেতুশ্চ জঠরাগ্নিকঃ, শিখী চ হাটকশ্চৈব মহাতেজা হুতাশনঃ, হুতাশনশ্চ বিজ্ঞেয়া নবৈতে গ্রহবহ্নয়ঃ।"

গ্রহবিপ্র, (গ্রহ—বিপ্র=ব্রাহ্মণ) সং, পুং, আচার্য্য, দৈবজ্ঞ।

গ্রহবৈগুণ্য; সং, ক্লীং,গ্রহের প্রতিকূল বর্ত্তিতা। গ্রহের অশুভ ফলদায়িতা।

গ্রহাধার, (গ্রহ—আধার=আশ্রয়, ৬ষ্ঠী—ষ। গ্রহগণের পরিভ্রমণে যে নক্ষত্র নির্দ্দিষ্ট স্থানে স্থির হইয়া অবস্থিতি করে) সং, পুং, ধ্রুব তারা।

গ্রহাময়, (গ্রহ=ভূতাদি—আময়=রোগ) সং, পুং, ভূতাদির আবেশবশতঃ জাত রোগ। ভূতেপাওয়া।

গ্রহীতা, (গ্রহীতৃ, গ্রহ+তৃণ+ক) বিং, ত্রিং, গ্রহণকর্ত্তা, গ্রাহক।

গ্রাম, (গম্=গমনকরা+অ—প্রং, নিপাতন) সং, পুং, লোকালয়, প্রাকার

পরিখাদিপরিশূন্য বহুলোকের বাসস্থান, গাঁ। "গ্রামেষাত্মবিসৃষ্টেষু যূপচিহ্নেষু যজ্বনাং" রঘুবংশ। (অন্য শব্দের পর প্রযুক্ত হইলে) সমূহ। স্বরের অংশ-বিশেষ। সঙ্গীতে ষড়্জ মধ্যম গান্ধার এই তিন স্বরভেদ।

গ্রামকূট (গ্রাম—কূট=সংখ্যা। যাহারা গ্রামের অধিবাসী) সং, পুং, চতুর্থবর্ণ, শূদ্র।

গ্রামগৃহ্যা, (গ্রাম—গৃহ=যাহা বাহিরে লওয়া যায়) সং, স্ত্রীং, গ্রামবহির্ভূতা সেনা।

গ্রামঘাত, (গ্রাম+ঘাত=আক্রমণকরা) সং পুং গ্রাম আক্রমণ, গ্রাম লুণ্ঠন।

গ্রামজ, (গ্রাম—জ=জাত) যে গ্রামে-জন্মিয়াছে, পাড়া গেঁয়ে, চাষা। যাহা-গ্রামে উৎপন্ন হয়, ধান্যাদি শস্য।

গ্রামণী, (গ্রাম—নী=লওয়া+ক্বিপ্, প্রং, ২য়া—ষ) বিং, ত্রিং, গ্রামের প্রধান নেতা, মণ্ডল। অধিপতি। প্রভু, নায়ক। সং, পুং, নাপিত, ক্ষৌরকার। স্ত্রীং, বেশ্যা।

গ্রামতক্ষ, (গ্রাম—তক্ষ=সূত্রধর, ৬ষ্ঠী—ষ) সং, পুং, গ্রাম্য সূত্রধর, গাঁয়ের ছুতার। [গ্রামসমূহ।

গ্রামতা, (গ্রাম+তা—সমূহার্থে) সং, স্ত্রীং,

গ্রামধর্ম্ম (গ্রামজাত লোক—ধর্ম্ম, ৬ষ্ঠী—ষ) সং, পুং, রমণ, মৈথুন, স্ত্রীসংসর্গ।

গ্রামমুখ, (গ্রাম—মুখ=প্রধান) সং, পুং বাজার। হাট। [পুং, কুক্কুর।

গ্রামমৃগ, (গ্রাম—মৃগ=পশু, য়ং—স) সং,

গ্রামযাজক, (গ্রাম—যাজি=যাগকরান+ণক—ক) সং, পুং, যে ব্যক্তি গ্রা-মস্থ সমস্ত লোকের পৌরোহিত্যকরে। গ্রামপুরোহিত।

গ্রামসঙ্কর, (গ্রাম—সঙ্কর=অল্পপরিসর স্থান) সং, পুং, গ্রামের সাধারণের জলাদি বহির্গমন পথ, গাঁয়ের নর্দ্দমা।

গ্রামস্থ, (গ্রাম—স্থ=যে থাকে) বিং, ত্রিং, যে অন্যের সহিত একগ্রামে বাস করে, এক-গ্রামবাসী।

গ্রামহাসক, (গ্রাম—হাসক [হস—হাস্য করা ইত্যাদি+ণক—ক] যে আনন্দ বর্দ্ধন করে) সং, পুং, ভগিনীপতি।

গ্রামাধান, (গ্রাম—আধান=যে পোষণ করে) সং, ক্লীং, মৃগয়া, শিকার।

গ্রামান্ত, (গ্রাম—অন্ত, ৬ষ্ঠী—ষ) সং, পুং, গ্রামের প্রান্তভাগ, উপশল্য।

গ্রামীণ, (গ্রাম+ীন—নিবাসার্থে) বিং, ত্রিং, গ্রামোৎপন্ন। গ্রামবাসী। "গ্রামীণস্য প্রথমতো পশ্যতো গবয়াদিকং" ভাষাপরিচ্ছেদ। সং পুং, গ্রাম্যকুক্কুর। কাক। শূকর। ণা—স্ত্রীং, নীলবৃক্ষ।

গ্রাম্য, (গ্রাম+য—ভবার্থে) বিং, ত্রিং, গ্রামজাত। ইতর, নীচ, জঘন্য। অস-ভ্য। অশ্লীল। [সং, স্ত্রীং, কুষ্মাণ্ড।

গ্রাম্যকর্ক্কটী, (গ্রাম্য—কর্ক্কটী=কাঁকুড়)

গ্রাম্যতা, (গ্রাম্য+তা—ভাবে) সং, স্ত্রীং, অসভ্যতা। জঘন্যতা। অশ্লীলতা। অ-লংকারোক্ত দোষবিশেষ।

গ্রাম্যধর্ম্ম, (গ্রাম্য=গ্রামজাতলোক—ধর্ম্ম, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মৈথুন, রমণ, শৃঙ্গার, স্ত্রীসংসর্গ।

গ্রাম্য-পশু, সং, পুং, গো মেষ ছাগ মনুষ্য অশ্ব অশ্বতর গর্দ্দভ এই সাত পশু।

গ্রাম্যমৃগ, (গ্রাম্য—মৃগ=পশু, য়ং—স) সং, পুং, কুক্কুর। [পুং, গর্দ্দভ।

গ্রাম্যাশ্ব, (গ্রাম্য—অশ্ব, য়ং—স) সং,

গ্রাবা, (গ্রাবন্, গ্রহ্=গ্রহণকরা+বন্—প্রং) সং, পুং, মেঘ। পর্ব্বত। প্রস্তর। "অপিগ্রাবা রোদিত্যপি গলতি বজ্রস্য হৃদয়ং" উত্তরচরিত। বিং, ত্রিং, দৃঢ়।

গ্রাস, (গ্রস্=ভক্ষণকরা+ঘঞ্—র্ম্ম, ভা) সং, পুং, মুখপূরণোপযুক্ত অন্নাদি পিণ্ড, কবল। গিলন, গেলা। ভক্ষণ।

গ্রাসাচ্ছাদন, (গ্রাস—আচ্ছাদন=আব-রণ, পরিধান, দ্বং—স) সং, ক্লীং, অশ-নবসন, অন্নবস্ত্র।

গ্রাহ, (গ্রহ্=গ্রহণকরা+ঘঞ্—ভা, ক)

সং, পুং, কুম্ভীর, হাঙর। জলহস্তী। শুশুক। গ্রহণ। জ্ঞান।

গ্রাহক, (গ্রাহ দেখ, অক—ক)বিং, ত্রিং, গ্রহণকর্ত্তা। সং, পুং, শ্যেন, বাজপক্ষী। ব্যালগ্রাহী, বিষবৈদ্য, সাপুড়ে।

গ্রাহিত, (গ্রাহি=গ্রহণকরান+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহা গ্রহণ করান গিয়াছে, স্বীকারিত।

গ্রাহী, (গ্রাহিন্, গ্রহ্=গ্রহণকরা+ণিন্—ক) বিং, ত্রিং, গ্রহণকর্ত্তা। আকর্ষক। সং, পুং, কপিত্থ।

গ্রাহ্য, (গ্রহ্=গ্রহণকরা+য—র্ম্ম) বিং, ত্রিং, স্বীকার্য্য, গ্রহণযোগ্য, গ্রহণীয়। জ্ঞেয়। গণনীয়। আদরণীয়। উপাদেয়।

গ্রীবা, (গৃ=ভোজনকরা+ব—প্রং) সং, স্ত্রীং, কন্ধরা। ঘাড়। "গ্রীবাভঙ্গাভিরামং মুহুরনুপততি স্যন্দনে বদ্ধদৃষ্টিঃ" শকুন্তলা।

গ্রীবী, (গ্রীবিন্, গ্রীবা+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, উট, উষ্ট্র। উন্নতগ্রীবা বিশিষ্ট জন্তু।

গ্রীষ্ম, (গ্রস্=লওয়া ইত্যাদি+ম—প্রং, নিপাতন) সং, পুং, উষ্ণঋতু, গরমিকাল। উত্তাপ, উষ্মা। বিং, ত্রিং, উষ্ণ। "নব্বিমমেবাচিরপ্রবৃত্তমুপভোগক্ষমং গ্রীষ্মসময়মধিকৃত্য গীয়তাং" শকুন্তলা।

গ্রীষ্মমণ্ডল, (Torrid zone) কর্কটক্রান্তি ও মকর ক্রান্তির অন্তর্ব্বর্ত্তিভূভাগ।

গ্রীষ্মহাস, (গ্রীষ্ম=গ্রীষ্মঋতু—হাস=অট্টহাস) সং, ক্লীং, ইন্দ্রতূলক, আকাশ বুড়ীর সূতা। এই তুলা গ্রীষ্মকালে বায়ুবেগে চতুর্দ্দিকে চালিত হয়, এবং ইহার বর্ণ অত্যন্ত শুভ্র; এই নিমিত্ত কবিগণ ইহাকে গ্রীষ্মঋতুর অট্টহাস বলিয়া বর্ণনা করিয়া থাকেন।

গ্রৈব, গ্রৈবেয়, গ্রৈবেয়ক } (গ্রীবা+ষ্ণ ঢেয়—ইদমর্থে) সং, ক্লীং, কণ্ঠভূষণ। কণ্ঠবন্ধন। বিং, ত্রিং, গ্রীবাসংক্রান্ত।

গ্লটন, (Glutton) সং, স্বনাম প্রসিদ্ধ জন্তুবিশেষ।

গ্লস্ত, (গ্লস্=ভক্ষণকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ভক্ষিত, ভুক্ত।

গ্লহ, (গ্লহ্=লওয়া ইত্যাদি+অল্—প্রং, অথবা গ্রহধাতুজ) সং, পুং, পাশাখেলার পণ। দ্যূত।

গ্লাতা, (গ্লাতৃ, গ্লৈ=মলিনহওয়া, ক্লান্তহওয়া+তৃণ—ক) বিং, ত্রিং, গ্লানিযুক্ত।

গ্লান, গ্লাস্নু, (গ্লৈ=ম্লানহওয়া+ক্ত, স্নু—ক) বিং, ত্রিং, অসুস্থ। গ্লানিযুক্ত, শ্রান্ত।

গ্লানি, (গ্লৈ+ক্তি—ভা) সং, স্ত্রীং, ক্লান্তি, শ্রান্তি। অস্বাস্থ্য। অবসন্নতা। হানি।

গ্লায়ৎ, (গ্লৈ+শতৃ) বিং, ত্রিং, ক্ষীণ, দুর্ব্বল, মূর্চ্ছাপন্ন।

গ্লেয়, (গ্লৈ=মলিনহওয়া, ক্লান্ত হওয়া+য—র্ম্ম), বিং, ত্রিং, গ্লানিযোগ্য।

গ্লৈতৃ, (গ্লৈ+তৃণ) বিং, ত্রিং, শ্রান্ত, পরিশ্রম যুক্ত। [পুং, কর্পূর। চন্দ্র।

গ্লৌ, (গ্লৈ=ক্ষয়পাওয়া+ঔ—প্রং) সং,

ঘ

ঘ, ব্যঞ্জনের চতুর্থ বর্ণ। সং, পুং, বৎসর। ঘণ্টা। ঘুঙুর। ঘর্ঘরধ্বনি। ঠন্ঠন্ শব্দ। ঘা—স্ত্রীং, কাঞ্চী। আঘাত।

ঘট, (ঘট=চেষ্টাকরা+অল্—প্রং) সং, পুং, গজকুম্ভ। শ্বাসরোধ, কুম্ভক। কুম্ভরাশি। কুম্ভ, কলস। পরিমাণবিশেষ। টা—স্ত্রীং, গজসৈন্য। সভা। সমূহ। সমারোহ, আড়ম্বর, সঙ্ঘটন। টী—স্ত্রীং, বাজাইবার ঘণ্টা। ক্ষুদ্রঘট। দণ্ডপরিমাণ কাল। মুহূর্ত্ত। কালনির্ণয়াত্মক যন্ত্র।

ঘটক, (ঘট্+ণক—প্রং) সং, পুং, দূত। বিবাহের যোজক। বনস্পতি, পুষ্পব্যতিরেকে যে বৃক্ষের ফল হয়। "ধাবকো ভাবকশ্চৈব যোজকশ্চাংশকস্তথা। দূষকস্তাবকশ্চৈব ষড়েতে ঘটকাঃ স্মৃতাঃ।"

"এতে সৎপুরুষাঃ পরার্থঘটকাঃ স্বার্থং পরিত্যজ্য যে"।

ঘটদাসী, (ঘট=চেষ্টা, উদ্যোগ—দাসী=চাকরাণী) সং, স্ত্রীং, দূতী, কুট্‌নী।

ঘটনা, (ঘট+অন, আ—প্রং) সং, স্ত্রীং, সঙ্ঘটন। যোজনা, মেলন, হস্তিসৈন্য। আকস্মিক ব্যাপার,যে বিষয়টি অকস্মাৎ হইয়া পড়ে। দৈবগতি, বিধিনির্ব্বন্ধ।

ঘটনানুভাবকতা, (ঘটনা—অনুভাবকতা) সং, স্ত্রীং, যে মানসিক বৃত্তি দ্বারা ঘটনার অনুভব করিতে পারা যায়।

ঘটযোনি, (ঘট=কুম্ভ—যোনি=উৎপত্তিস্থান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কুম্ভযোনি, অগস্ত্য।

ঘটরাজ,—(ঘট—রাজ=প্রধান। ৬ষ্ঠী—ষ) প্রধান ঘট, বড় মাটির ঘড়া।

ঘটস্থাপন—(ঘট—স্থাপন=রক্ষণ) সং, ক্লীং, পূজার সময় প্রতিমার সম্মুখে পূজার নিমিত্ত ঘট রক্ষণ। পূজার্থ প্রতিমার প্রতিনিধিস্বরূপ ঘটা রক্ষণ।

ঘটাটোপ—(ঘট—আটোপ=গর্ব্ব) সং, পুং, শকটাদির আস্তরণ বস্ত্র, টেবিল প্রভৃতি নূতন আসবাব ঢাকিবার নিমিত্ত বস্ত্রনির্ম্মিত আবরণ।

ঘটিক, (ঘট+ইক—প্রং) সং, ক্লীং, নিতম্ব। কটিদেশের পশ্চাদ্ভাগ।

ঘটিকা, (ঘটি=ঘড়ী+ক, আ—প্রং) সং, স্ত্রীং, মুহূর্ত্ত। দণ্ডাত্মককাল। আড়াই দণ্ড। ঘটী,কলসী। ক্ষুদ্র ঘট। পাদগ্রন্থি, গুল্ফ। (ঘাটি=চেষ্টা করান+ণক—ক। আ—স্ত্রীলিঙ্গে) যোজনকারিণী।

ঘটিত, (ঘট+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যোজিত। সংক্রান্ত। সঙ্ঘটিত।

ঘটীযন্ত্র, (ঘটী=ক্ষুদ্রঘট—যন্ত্র, য়ং—স) সং, ক্লীং, কূপাদি হইতে জল তুলিবার যন্ত্র, জলতোলা কল। কাল-নির্ণায়ক যন্ত্র, ঘড়ী। "ততঃসংসারচক্রেঽস্মিন্ ভ্রাম্যতে ঘটীযন্ত্রবৎ।"

ঘটোৎকচ, (ঘট=করিকুম্ভ—উৎকচ=কেশশূন্য। উহার মস্তক করিমুণ্ডের ন্যায় কেশশূন্য ছিল বলিয়া ঘটোৎকচ নাম হইল) সং, পুং, হিড়ম্বারাক্ষসীর গর্ভে ভীমের ঔরসজাত পুত্র। "ঘটো হাস্যোৎকচ ইতি মাতা তংপ্রত্যভাষত। অব্রবীত্তেন নামাস্য ঘটোৎকচ ইতি স্ম হ॥" মহাভারত।

ঘটোদ্ভব, (ঘট=কুম্ভ—উদ্ভব=জাত, উৎপন্ন, ৫মী—হি.) সং, পুং, অগস্ত্যমুনি।

ঘট্ট, (ঘট্ট্=চালিতকরা+অল্—প্রং) সং, পুং, ট্টী—স্ত্রীং, নদীপ্রভৃতির ঘাট। পুং, শুল্ক-গ্রহণ-স্থান, কুতঘাট। চালন।

ঘট্টগা, সং, স্ত্রীং, নদীবিশেষ।

ঘট্টজীবী, (ঘট্টজীবিন্, ঘট্ট—জীবী=যে জীবিকা নির্ব্বাহ করে) সং, পুং, পাটুনি জাতি, যাহারা পার করে।

ঘট্টন, (ঘট্ট+অনট্—ভা) সং, ক্লীং, ঘোটন। সঙ্ঘটন। আঘাত, ঘর্ষণ। না—স্ত্রীং, চালনা, ইতস্ততঃ নাড়াচাড়া। নী—স্ত্রীং, ঘোটনা।

ঘট্টিত, (ঘট্ট+ক্ত—র্ম্ম) বিং,ত্রিং, নির্ম্মিত, সঙ্ঘটিত। যাহা ঘোটা গিয়াছে চালিত।

ঘড়ী, (ঘটীযন্ত্রশব্দজ) সং, সময় জ্ঞাপক যন্ত্র। যাহার দ্বারা সময়ের পরিমাণ জানিতে পারা যায়।

ঘণ্ট, (ঘণ্=দীপ্তিপাওয়া+ট=সংজ্ঞার্থে) সং, পুং, শাকাদিমিশ্র ব্যঞ্জনবিশেষ।

ঘণ্টা, (হন্ [বধকরা] আঘাতকরা+ট—সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, কাংস্যাদি নির্ম্মিত বাদ্যযন্ত্রবিশেষ। ঘটিকা।

ঘণ্টাকর্ণ, (ঘণ্ট=গাত্রকণ্ডু—আকর্ণ=অপনয়ন কারক। যে গাত্রকণ্ড্বাদি ত্বক্‌রোগ নাশ করে, ২য়া—ষ। অথবা ঘণ্টা—কর্ণ=কাণ। ঘণ্টার ন্যায় যাহার কর্ণ বিস্তীর্ণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিবগণবিশেষ, ঘেঁটুঠাকুর। পণ্ডিতবিশেষ।

ঘণ্টাপথ, (ঘণ্টা—পথ। যাহাতে হস্ত্যাদি ঘণ্টাযুক্ত হইয়া গমন করে) সং, পুং, গ্রামের প্রধান পথ।

ঘণ্টাবীজ, (ঘণ্টা—বীজ=বিচি) সং, পুং, জয়পাল বৃক্ষ। জয়পালের বিচি।

ঘণ্টিকা, ঘণ্টী (ঘণ্টী+ক—প্রং) সং, স্ত্রীং, ক্ষুদ্র ঘণ্টা। আল্‌জিভ।

ঘণ্টু, (ঘণ=দীপ্তিপাওরা+টু—প্রং) সং,পুং, হস্তীর গললম্বিতঘণ্টা। প্রতাপ।

ঘণ্টেশ্বর, (ঘণ্টা—ঈশ্বর=প্রভু) সং, পুং, শিব। মঙ্গলপুত্র, ঘেঁটু।

ঘন, (হন্ [বধকরা] আঘাতকরা+অ —প্রং) সং, ক্লীং, মন্দিরা, ঘণ্টা, ঘুঙুর, করতাল, প্রভৃতি ধাতুময় বাদ্যযন্ত্র। মধ্যম নৃত্য। ত্বক্, চর্ম্ম। লৌহ। পুং, লৌহ মুদ্গর। সঙ্ঘাত, জমাট। দৃঢ়তা, কাঠিন্য। মেঘ। মুস্তা। দেহ। ওঘ। বিস্তার। সমান তিন অঙ্কের গুণ, কোন রাশিকে সেই রাশি দ্বারা দুই বার গুণন, (cube) যথা—৪এর ঘন৬৪। বিং, ত্রিং, নিবিড়,ফাঁকফাঁক নয়। সান্দ্র। কঠিন, পাতলা নয়। দুর্ভেদ্য। ভারি। "অন্তর্গূঢ় ঘনব্যথঃ" উত্তরচরিত।

ঘনকফ, (ঘন=মেঘ—কফ=দেহস্থ ধাতুবিশেষ) সং, পুং, করকা, শিল।

ঘনকাল, (ঘন=মেঘ—কাল=সময়) সং, পুং, বর্ষাঋতু, বর্ষাকাল।

ঘনক্ষেত্র, সং, ক্লীং, যে দ্রব্যের দৈর্ঘ্য, প্রস্থ, বেধ বা উচ্চতা পরস্পর সমান। (cube)। [মিশান সোণা রূপা।

ঘনগোলক, সং, পুং, মিশ্রিত স্বর্ণ রৌপ্য,

ঘনচতুষ্কোণ, সং, পুং, দৈর্ঘ্য, প্রস্থ, বেধ বা উচ্চাতাবিশিষ্ট চতুষ্কোণ।

ঘনজম্বাল, (ঘন=রাশী—জম্বাল=কর্দ্দম্) সং, পুং, রাশীকৃত কর্দ্দম, মহাপঙ্ক।

ঘনজ্বালা, (ঘন=মেঘ—জ্বালা=অগ্নিশিখা) সং, স্ত্রীং, বজ্রাগ্নি।

ঘনতোল, (ঘন=মেঘ—তুল্=তোলা+ ঘঞ্—প্রং। সং, পুং, চাতক পক্ষী। ইহারা জলপান করিবার নিমিত্ত উড়িয়া মেঘের অতিশয় নিকটবর্ত্তী হয় বলিয়া ইহাদের নাম ঘনতোল হইয়াছে। এই রূপ শুনা যায় যে চাতকেরা বর্ষাকাল ভিন্ন অন্য কোন সময়ে জলপান করেনা। [ঢ়তা। কাঠিন্য। নিবিড়তা।

ঘনত্ব, (ঘন+ত্ব—ভাবে) সং, ক্লীং, গা-

ঘননাভি, (ঘন=মেঘ—নাভি [নাভিদেশ] মধ্যস্থল। সং, পুং, ধূম, ধুঁয়া। প্রধানতঃ ধূমহইতেই মেঘ জন্মায় বলিয়া ইহার নাম ঘননাভি হইয়াছে।

ঘনপদবী, (ঘন=মেঘ—পদবী=পথ) সং, স্ত্রীং, আকাশ।

ঘনপাষণ্ড, (ঘন=মেঘ—পাষণ্ড=দলতুক্ত) সং, পুং, ময়ূর। মেঘাচ্ছন্নদিনে এবং বৃষ্টির সময় এই পক্ষীকে আনন্দিত হইতে দেখা যায় বলিয়া ইহাকে ঘন পাষণ্ড বলে।

ঘনমূল, (Cube-root) সং, ক্লীং, যে রাশি আপনার দ্বারা দুইবার গুণিত হয় সে সেইরূপ গুণন ফলের ঘনমূল, যেমন ৬৪র ঘনমূল ৪।

ঘনরস, (ঘন=মেঘ—রস, ৬ষ্ঠী—ষ) সং, পুং, জল। কর্পূর। ঘন আঠা।

ঘনবল্লিকা } (ঘন=মেঘ—বল্লিকা, বল্লী
ঘনবল্লী } লতা) সং, স্ত্রীং, বিদ্যুৎ।

ঘনবাত, (ঘন=অধিক—বাত=বায়ু। বাত্যাময় দেশ, যেখানে অতিশয় ঝড় বৃষ্টি হয়) সং, পুং, নরকবিশেষ।

ঘনবাস, (ঘন=দীর্ঘকাল—বাস=অবস্থিতি) সং, পুং, কুষ্মাণ্ড।

ঘনবাহন, (ঘন=মেঘ-বাহন=যান। যিনি মেঘে আরোহণ করেন) সং, পুং, মেঘবাহন, ইন্দ্র। শিব।

ঘনশব্দ, (ঘন=মেঘ+শব্দ) মেঘের ধ্বনি, বজ্র। "রজনীতিমিরাবগুণ্ঠিতে পুরমার্গে ঘনশব্দবিক্লবাঃ" কুমার।

ঘনশ্যাম, (ঘন—শ্যাম=শ্যামবর্ণ) বিং, ত্রিং, সজল মেঘের ন্যায় শ্যামবর্ণ।

ঘনসার, (ঘন=নিবিড়—সার=স্থিরাংশ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কর্পূর। পারদ। জল

ঘনাগম, (ঘন—আগম=আগমন) সং, পুং, বর্ষাকাল।

ঘনাঘন, (ঘন দেখ, দ্বিত্ব। অ=আ) সং, পুং, ইন্দ্র। বর্ষণকারী মেঘ। অপকারক হস্তী। মত্তহস্তী। পরস্পর সঙ্ঘর্ষণ। বিং, ত্রিং, ক্ষতিকারক। নিরন্তর। সান্দ্র। নিষ্ঠুর।

ঘনাত্যয়, ঘনান্ত, (ঘন—অত্যয়, অন্ত=নাশ, ৭মী—হিং) সং, পুং, শরৎকাল।

ঘনান, (দেশজ) সং, নিকটবর্ত্তী হওন, কাছান।

ঘনাময়, (ঘন = মেঘ—আময়=রোগ। যে বৃষ্টিতে ম্লান হয়) সং, পুং, খেজুর-গাছ।

ঘনাম্বু, (ঘন=মেঘ+অম্বু—জল) সং, ক্লীং, বৃষ্টির জল, বৃষ্টি।

ঘনারুণ, (ঘন=গাঢ়—অরুণ=লাল) বিং, ত্রিং, গাঢ় রক্তবর্ণ। সং, পুং, আকাশ।

ঘনাশ্রয়, (ঘন=মেঘ—আশ্রয়=আধার)

ঘনিষ্ঠ, (ঘন+ইষ্ঠ—অত্যর্থে) বিং, ত্রিং, অতিশয় ঘন। (দেশজ) বিং, নিকটস্থ, আসন্ন, অতি নিকট।

ঘনীভূত, (ঘন—ভূত=হইয়াছে। ঈ—আগম) বিং, ত্রিং, সান্দ্রীভূত, যাহা ঘন হইয়াছে।

ঘনোদধি, (ঘন—উদধি=সমুদ্র) সং, পুং, নরকের বিভাগ বিশেষ।

ঘনোপল, (ঘন=মেঘ—উপল=প্রস্তর) সং, পুং, করকা, শিল।

ঘর, (দেশজ) সং, গৃহ, ভবন।

ঘরট্ট, (ঘর্=শব্দবিশেষ-অট্=গমনকরা+অ-প্রং। যে "ঘর্ঘর্" এই শব্দ করিয়া ভ্রমণ করে) সং, পুং, পেষণ যন্ত্র, জাঁতা। "প্রতিহট্টপথে ঘরট্টজঃ" নৈষধ।

ঘরামী, (দেশজ) সং, গৃহকারক। গৃহ-নির্ম্মাতা। যে মাটীর ঘর নির্ম্মাণ করে।

ঘর্ঘট, (ঘর্=অনুকরণ শব্দ—ঘট্=চেষ্টা-করা+অ-প্রং। যে অতিশয় শব্দ করে) সং, পুং, মৎস্যবিশেষ, ট্যাঙরামাছ।

ঘর্ঘর, (ঘর্ঘ—শব্দবিশেষ—র দানার্থ 'রা' ধাতুজ) সং, পুং, ধাতুনির্ম্মিত বস্তুতে আঘাত করিলে যে উৎকট শব্দ হয়, ঘর্ঘর ধ্বনি। পর্ব্বতের পথ। দ্বার। পেচক, পেঁচা। নদবিশেষ। রা—স্ত্রীং, ঘুঙুর। বীণাবিশেষ। নদীবিশেষ, গো-গরা নদী। বিং, ত্রিং, ঘর্ঘর শব্দবিশিষ্ট।

ঘর্ঘরিকা, (ঘর্ঘরী+ক—যোগ। আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, ঘুঙুর। ভাজা শস্য। বাদ্যযন্ত্রবিশেষ। নদীবিশেষ।

ঘর্ম্ম, (ঘৃ=ক্ষরিত হওয়া+ম—প্রং) সং, পুং, ঘাম, স্বেদ। গ্রীষ্ম। রৌদ্র। বিং, ত্রিং, উষ্ণ।

ঘর্ম্মভানু, (ঘর্ম্ম=উষ্ণ—ভানু = কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং,উষ্ণদীধিতি, সূর্য্য।

ঘর্ম্মবিচর্চ্চিকা, (ঘর্ম্ম—বিচর্চ্চিকা=কচ্ছু-রোগ) সং, স্ত্রীং, ঘামাচী।

ঘর্ম্মান্ত, (ঘর্ম্ম—অন্ত=শেষ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বর্ষাকাল।

ঘর্ষকপদী, (Rasores) যে পক্ষীরা নখ-দ্বারা ভূমি খনন করে, কুক্কুট, ময়ূর, মোনাল, তিত্তির, পেরু প্রভৃতি।

ঘর্ম্মপয়স্, (ঘর্ম্ম=ঘাম, উষ্ণ—পয়স্=জল সং, ক্লীং, ঘামের জল,ঘাম। গরম জল।

ঘর্ষণ, (ঘৃষ=ঘষা+অনট্—ভা) সং, ক্লীং, মার্জ্জন। ঘষা। ণী—স্ত্রীং, হরিদ্রা।

ঘর্ষণাল, (ঘর্ষণ—অল=যে পারক হয়) সং, পুং, ঘর্ষণ সাধন, নোড়া।

ঘর্ষিত, (ঘৃষণ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যা-হার ঘর্ষণ হইয়াছে। যাহাতে ঘর্ষণ লাগিয়াছে।

ঘষি, সং, শুষ্ক গোময়, ঘুঁটে।

ঘসি, (ঘস্=ভক্ষণ করা+ই--প্রং) সং, পুং, ভক্ষণ, ভোজন।

ঘস্মর, (ঘস্=ভক্ষণকরা+মর—ক, শী-লার্থে) বিং, ত্রিং, অস্মর, খাদক।

ঘস্র, (ঘস্+র— সংজ্ঞার্থে) সং, পুং, দিন। ক্লীং, কুঙ্কুম। বিং, ত্রিং, হিংস্র।

ঘা, (ঘাতশব্দজ) সং, আঘাত। ক্ষতচিহ্ন।

ঘাট, ঘাটি, (দেশজ) সং, অপরাধ, দোষ কসুর। [র্ত্তন। চটকান।
ঘাঁটন, (দেশজ) সং, আলোড়ন, আব-
ঘাঘরা, (দেশজ) সং, পরিধেয় বস্ত্রবিশেষ। ইহা পশ্চিমাঞ্চলস্থ স্ত্রীলোকেরা পরিধান করিয়া থাকে।
ঘাট, (ঘাটি=হিংসাকরা+অ—প্রং) সং, পুং, টা, টিকা—স্ত্রীং, গ্রীবা, ঘাড়। (ঘট্টশব্দজ) সং, নদ্যাদির অবগাহনার্থ অবতরণ স্থান। "ঘাট মাট তট মাঠ ফিরিনু ফিরিনু বহুদেশ" মৃণালিনী।
ঘাটন, (দেশজ) সং, ঊন হওন, হ্রাস হওন, কমা। [ধোভাগ। গ্রীবা।
ঘাড়, (ঘাটাশব্দজ) সং, মস্তকের অ-
ঘাণ্টিক, (ঘণ্টা+ষ্ণিক—বাদনার্থে) সং, পুং, যে সকল লোক একত্রিত হইয়া দেবতার সম্মুখে ঘণ্টা ধ্বনি করিয়া আরাধনা করে। বিং,ত্রিং, ঘণ্টাবাদক।
ঘাত, (হন্=বধকরা+ঘঞ্—ভা) সং,পুং, হনন, বধ। আঘাত, প্রহার। প্রহারসাধন অস্ত্র। গুণন। (Power) অঙ্কগুণন, কোন রাশি সেই রাশিদ্বারা বারম্বার গুণিতহইলে যে ফল উৎপন্ন হয়
ঘাতক, (হন+ণক—ক) বিং, ত্রিং, হননকারক, বধকর্ত্তা। প্রহারক।
ঘাতন, (হন+অনট্—ভা) সং, ক্লীং, হনন, বধ। আঘাত। (হানি=বধকরান+অন—ভা) হত্যা সম্পাদন, অন্যলোকের দ্বারা প্রাণ বিনাশ। বিং, ত্রিং, ঘাতক।
ঘাতসহ, (Malleable) বিং, ত্রিং, যাহারা মুদ্গরাদির আঘাত সহ্য করিতে পারে। যে সকল দ্রব্য অল্পমাত্র আঘাত পাইলে ভাঙ্গিয়া যায় না, পার্শ্বের দিকে বাড়িয়া বিস্তৃত হয়।
ঘাতস্থান, (ঘাত=হত্যা—স্থান) হত্যা করিবার নিমিত্ত নির্দ্দিষ্ট স্থান। সং, ক্লীং, যে স্থানে গোমেষাদি হত্যা করা যায় (Slaughter-House)। যে স্থানে অপরাধীদিগকে হত্যা করা যায়।
ঘাতাবেশ, (Involution) সং, পুং, কোন রাশি ধারাবাহিকরূপে সেই রাশি দ্বারা গুণিত হইলে একটী রাশি উৎপন্ন হয়, যে প্রক্রিয়াদ্বারা ঐ রাশি উৎপন্ন হয় তাহার নাম ঘাতাবেশ।
ঘাতি, (হন+ই—ণ, ভা) সং, পুং, পক্ষিবিনাশ বা বন্ধন। আঘাত, প্রহার।
ঘাতিপক্ষী, (—ক্ষিন্, ঘাতি=পক্ষিবিনাশ বা বন্ধন—পক্ষিন্=পাখী) সং, পুং, শ্যেনপক্ষী। [ত্রিং,ঘাতক,হত্যাকারী
ঘাতী, (ঘাতিন্, হন+ণিন্—ক) বিং,
ঘাতুক, (হন+উক—ক, শীলার্থে) বিং, ত্রিং, নিষ্ঠুর। হিংস্র, বিনাশক।
ঘাত্য, (হন+য—র্ম্ম) বিং, ত্রিং, বধ্য, হননযোগ্য।
ঘানি, সং, তৈলযন্ত্র।
ঘাম, (ঘর্ম্মশব্দজ) সং, শ্রমজল, স্বেদ।
ঘার, (ঘৃ=সেচনকরা+অ—প্রং) সং, পুং, সেচন, ছেঁচা।
ঘার্ত্তিক, (ঘৃত=ঘি+ষ্ণিক—পাকার্থে) সং, পুং, ঘৃতপূর খাদ্যদ্রব্যবিশেষ, ঘিওড়।
ঘাস, (অদ=ভক্ষণ করা—ঘঞ—র্ম্ম। অদ=ঘস, পশু কর্ত্তৃক যাহা ভক্ষিত হয়) সং, পুং, দূর্ব্বাদি তৃণ, যবস।
ঘাসি, (ঘস্=গ্রাসকরা+ই—সংজ্ঞার্থে) সং, পুং, অগ্নি।
ঘি, (ঘৃতশব্দজ) সং, হবিঃ, আজ্য।
ঘিঞ্জি, বিং, ঘন, নিবিড়। পাশাপাশি।
ঘুঁটি, (ঘুণ্টিকাশব্দজ) সং, খণ্ড প্রস্তরাদি।
ঘুঘু, (দেশজ) সং, পক্ষীবিশেষ, বনকপোত। [অলঙ্কারবিশেষ।
ঘুঙ্গুর, (ঘণ্টিকাশব্দজ) সং, কটিদেশের
ঘুচন, (দেশজ) সং, মোচন, ত্যাগ। নাশ।
ঘুট—পুং, ঘুটী, টী—স্ত্রীং, ঘুটিক—পুং, ঘুটিকা—স্ত্রীং } (ঘুট্=ব্যাঘাতকরা+অ, ই—প্রং। ঘুটী+ক—যোগ) সং, গুল্ফ। গোড়ালি।

ঘুড়ী, সং, শূন্যগামি কাগজ নির্ম্মিত ক্রীড়ন দ্রব্যবিশেষ। (বাঙ্গালা ঘোড়াশব্দজ) ঘোটকী।

ঘুণ, (ঘুণ্=ভ্রমণকরা+অ—প্রং) সং, পুং, কাষ্ঠ কীট বিশেষ।

ঘুণাক্ষর, (ঘুণ—অক্ষর, ৬ষ্ঠী—য) সং, ক্লীং, ঘুণকৃত অক্ষর। (ঘুণ, অক্ষর কাটিব বলিয়া চেষ্টা করে না, কিন্তু কখন কখন হঠাৎ কোন কোন স্থানে অক্ষরের মত হইয়া উঠে, সেইরূপ যাহা করিব বলিয়া মনস্থ না করিলেও যদি হঠাৎ ঘটিয়া উঠে, তবে তাহা ঘুণাক্ষর শব্দে নির্দ্দিষ্ট হইয়া থাকে)। "অবৈদ্যজীবিনাং সিদ্ধিঃ স্যাদ্ঘুণাক্ষরবৎ কচিৎ।"

ঘুণ্ট, ঘুণ্টক (ঘুট্=ব্যাঘাতকরা+থ—প্রং। ম্—আগম। ক—যোগে ঘুণ্টক) সং, পুং, গুল্ফ, গোড়ালি।

ঘুণ্টিক, সং,ক্লীং, বনস্থ করীষ, বিলঘুঁটে।

ঘুণ্ড, (ঘুণ্=ভ্রমণকরা+ড—সংজ্ঞার্থে) সং, পুং, ভ্রমর।

ঘুম, (দেশজ) সং, নিদ্রা, তন্দ্রা, শয়ন।

ঘুঘুর, (ঘুর্=অণুকরণশব্দ—ঘুর্ শব্দকরা +অ—প্রং) সং, পুং, ঘুরঘুরিয়া পোকা।

ঘুলন, (ব্যাঘাত করণার্থ ঘুড়্ধাতুজ) সং, ঘনকরণ। আলোড়ন, ঘোলাকরণ।

ঘুষ, (দেশজ) সং, কার্য্যসিদ্ধির জন্য গোপনে দেয় অর্থাদি।

ঘুষা, ঘুষি (দেশজ) সং, কীল, মুষ্টি, মুটা।

ঘুষিত, ঘুষ্ট (ঘুষ্=শব্দকরা+ক্ত—প্রং) বিং, ত্রিং, শব্দিত, বাদিত, নাদিত। সং, ক্লীং, ঘোষণা।

ঘুস্কী, (দেশজ)সং, গুপ্তবেশ্যা, যে নারী অর্থ প্রয়াসে গোপনে পরপুরুষের সহিত সঙ্গত হয়।

ঘুষ্ট্র,—সং, পুং, শকট, গাড়ী।

ঘুসৃণ, (ঘুনস্=ভূষিতকরা+ঋণ—প্রং) সং, ক্লীং, কুঙ্কুম।

ঘূক, (ঘূ=অণুকরণশব্দ—ক [কৈ=শব্দকরা+ড=ক] যে শব্দকরে) সং, পুং, পেচক।

ঘূকারি, (ঘূক=পেঁচা=অরি=শত্রু,৬ষ্ঠী —ষ) সং, পুং, কাক।

ঘূরণ, (ঘূর্ণনশব্দজ) সং, চক্রের ন্যায় ফিরণ। ঘোরা।

ঘূর্ণ, (ঘূর্ণ্=ঘোরা+অ—প্রং) সং, পুং, ভ্রমি, ঘূর্ণি, ঘোরা। গীমে শাক। বিং, ত্রিং, ঘূর্ণিত।

ঘূর্ণন—ক্লীং } (ঘূর্ণ্+অনট্—ই—ভা)
ঘূর্ণি—স্ত্রীং } সং,ঘোরা। ঘূরণ। মণ্ডলাকার পথে পরিভ্রমণ।

ঘূর্ণ্যমান,—(ঘূর্ণ্=ঘোরা+শানচ—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে ঘোরান গিয়াছে। ভ্রাম্যমান। [ভ্রমিত, ঘুরাণ।

ঘূর্ণিত, (ঘূর্ণ+ক্ত—ক) বিং, ত্রিং, ভ্রান্ত,

ঘৃণা, (ঘৃণ্=দীপ্তি পাওয়া+অ—প্রং) সং,স্ত্রীং, দয়া, করুণা। জুগুপ্সা, অবজ্ঞা, অশ্রদ্ধা। [বিং ত্রিং, ঘৃণাযুক্ত।

ঘৃণাবাস, (ঘৃণা—আবাস)সং, পুং, কুষ্মাণ্ড।

ঘৃণি, (ঘৃণ্+ই—সংজ্ঞার্থে) সং, পুং, চন্দ্র সূর্য্যের কিরণ। সূর্য্য। তরঙ্গ।

ঘৃণিত, (ঘৃণ্+ক্ত—র্ম্ম। কিম্বা ঘৃণা+ইত—ইদমর্থে) বিং, ত্রিং, ঘৃণাযুক্ত, অবজ্ঞাত।

ঘৃণী, (ণিন্। ঘৃণা+ইন্) বিং, ত্রিং, সদয়, করুণাবিশিষ্ট। অবজ্ঞাবিশিষ্ট, অশ্রদ্ধাযুক্ত।

ঘৃত, (ঘৃ=ক্ষরিতহওয়া, দীপ্তিপাওয়া+ক্ত—প্রং) সং, ক্লীং, আজ্য, হবিঃ, ঘি। জল। দীপ্তি। বিং, ত্রিং, দীপ্তি। "সর্পির্বিলীনমাজ্যং স্যাদ্ঘনীভূতং ঘৃতং বিদুঃ। "ঘৃতকুম্ভসমা নারী তপ্তাঙ্গারসমঃ পুমান্"।

ঘৃতকুমারী, (ঘৃত = ঘি—কুমারী=বালিকা।) সং, স্ত্রীং, স্বনাম প্রসিদ্ধ ওষধিবিশেষ। এই লতার রস ঘৃতের ন্যায় এবং ইহার অবয়বের কোমলতা ও সৌন্দর্য্য প্রযুক্ত কুমারীর সহিত ইহার

তুলনা করা যায় বলিয়া ইহার নাম ঘৃতকুমারী হইয়াছে। [সং, পুং, অগ্নি।
ঘৃতদীধিতি, (ঘৃত=ঘি—দীধিতি আলোক)
ঘৃতপূর, (ঘৃত—পূর=যে পরিপূর্ণ করে) সং, পুং, পক্কান্নবিশেষ, ঘিওড়।
ঘৃতাক্ত, (ঘৃত—অক্ত=লেপিত) বিং, ত্রিং, যাহা ঘৃতে লিপ্ত হইয়াছে, যে সর্ব্বাঙ্গে ঘি মাখিয়াছে।
ঘৃতাচী, (ঘৃত—অন্চ্=পূজাকরা+ক্বিপ্—প্রং। ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, অপ্সরাবিশেষ।
ঘৃতেলী, (ঘৃত—ইর্=গমনকরা+অ—প্রং। র=ল। ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, তেলাপোকা, আর্স্‌লা। [সমুদ্র।
ঘৃতোদ, (ঘৃত—উদ=জল) সং, পুং, ঘৃত-
ঘৃতোদক—(ঘৃত=উদক [উৎউপরে+অঞ্চ=গমনকরা+ঘঞ্] উপরগামী+ঘৃত যাহার উপর গমনকরে) সং, পুং, ঘৃত রাখিবার নিমিত্ত চর্ম্মনির্ম্মিত পাত্র বিশেষ, ঘীয়ের কুপো।
ঘৃষ্ট, (ঘৃষ্=ঘষা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহা ঘষা গিয়াছে। মার্জ্জিত।
ঘৃষ্টতাড়িত, (Frictional Electricity) সং,ক্লীং, ঘর্ষণদ্বারা যে তাড়িত শক্তিজন্মে।
ঘৃষ্টি, (ঘৃষ্=ঘষা+ক্তি—ভা, ক) সং, স্ত্রীং, ঘর্ষণ। স্পর্দ্ধা। পুং, স্ত্রীং, শূকর, শূকরী। [রোগের দেবতা।
ঘেঁটু, (ঘণ্টাকর্ণশব্দজ) সং, খস পাঁচড়া
ঘেঞ্চুলিকা, সং, স্ত্রীং, মূলবিশেষ, ঘেঁচু।
ঘেরণ, (দেশজ) সং, বেষ্টন, বেড়ন, আবরণ। [না—সং, পেষণদণ্ড।
ঘোটন, (দেশজ) সং, অন্বেষণ। পেষণ।
ঘোট } (ঘোট=পুনঃ পুনঃ আঘাত
ঘোটক } করা+অল্, কন্=যাহারা খুর দ্বারা পুনঃ পুনঃ ভূমি আঘাত করে) সং, পুং, অশ্ব, ঘোড়া।
ঘোড়া, (ঘোটকশব্দজ) সং, অশ্ব, তুরঙ্গ।
ঘোণা, (ঘুণ্=ভ্রমণকরা+ঘঞ্—প্রং) সং, স্ত্রীং, নাসিকা। অশ্বনাসিকা। মুখের শুঁচল অগ্রভাগ।
ঘোণী, (ঘোণিন্, ঘোণা=নাসিকা বা মুখের শুঁচল অগ্রভাগ+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, শূকর। [চ্ছাদন।
ঘোমটা, (দেশজ) সং, অবগুণ্ঠন, মুখা-
ঘোর, (ঘুর্=ভয়ঙ্করহওয়া+ঘঞ্—ক, ভা) সং, পুং, শিব। ঋষিবিশেষ। রা—স্ত্রীং, ভয়ানক রাত্রি। ক্লীং, বিষ। ভয়। বিং, ত্রিং, ভয়ঙ্কর, বিকট, দারুণ। মহৎ। দুর্গম। বিষম। "অঘোরঘোররূপায় ঘোরঘোরতরায় চ। নমঃ শিবায়।"
ঘোরদর্শন, (ঘোর—দর্শন=দৃষ্টি, ৬ষ্ঠী—হিং) সং, পুং—স্ত্রীং, পেচক। বিং, ত্রিং, বিকটাকার।
ঘোররাসন, (ঘোর=ভয়ঙ্কর—রাসন [রাস্=শব্দকরা+অনট্—ভা] চীৎকার বা শব্দ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শৃগাল।
ঘোল, (হুন্=বধকরা+অ—প্রং। হন্=ঘুর, র=ল। মন্থনদণ্ডদ্বারা যাহা তাড়িত হয়) সং, ক্লীং, মথিত দধি, তক্র। (দেশজ) নদীর আওড়। লী—কর্দ্দমযুক্ত, অনির্ম্মল। আবিল, যাহা স্বচ্ছ নহে "যত্তু সস্নেহমজলং মথিতং ঘোলমুচ্যতে। সসরং নির্জ্জলং মথিতং দধি।"
ঘোষ, (ঘুষ্=শব্দকরা+ঘঞ্—ধি, ক, ভা) সং, পুং, গোয়ালা-পাড়া। গোয়ালা। "হৈয়ঙ্গবীনমাদায়ঘোষবৃদ্ধানুপস্থিতান্" রঘুবংশ। ধ্বনি। মেঘের ধ্বনি। কাঁসা। মসা। কায়স্থ প্রভৃতির পদবী।
ঘোষক, (ঘুষ+ণক—ক) বিং, ত্রিং, যে ঘোষণা করে, প্রচারক।
ঘোষণ, (ঘুষ+অনট্—ভা) সং, ক্লীং, ণা—স্ত্রীং, উচ্চৈঃ শব্দ। প্রচার। ইতস্ততঃ বিজ্ঞাপন। "বীর্য্যবিক্রমশৌর্য্যাণাং ঘোষণং গর্হিতং ভবেৎ"।
ঘোষয়িত্নু, (ঘোষ=শব্দ ইত্যাদি+ইত্নু—প্রং। য—আগম) সং, পুং, কয়েদী। ব্রাহ্মণ। কোকিল। [সং, স্ত্রীং, বীণা।
ঘোষবতী, (ঘোষ=শব্দ+বৎ—অস্ত্যর্থে)

ঘোষিত, (ঘুষ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রচারিত, যে বিষয়ের ঘোষণা হইয়াছে।

ঘ্রাণ, (ঘ্রা=গন্ধোপাদান করা+অনট— ণ, ভা) সং, ক্লীং, নাসিকা। গন্ধগ্রহণ। বিং, ত্রিং, ঘ্রাত, আঘ্রাত। "যোনিজাদি ভবেদ্দেহ ইন্দ্রিয়ং ঘ্রাণলক্ষণং" ভাষা-পরিচ্ছেদ।

ঘ্রাণতর্পণ, (ঘ্রাণ=নাসিকা—তর্পণ=যে তৃপ্ত করে, ২য়া=ষ) সং, পুং, সুগন্ধ, সৌরভ।

ঘ্রাণেন্দ্রিয় (ঘ্রাণ—ইন্দ্রিয়) সং, ক্লীং, যে ইন্দ্রিয় দ্বারা বস্তুর গন্ধ উপলব্ধি করা-যায়, নাসিকা।

ঘ্রাত (ঘ্রা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহা ঘ্রাণ করা হইয়াছে, আঘ্রাত।

ঘ্রাতি (ঘ্রা+ক্তি—ণ, ভা) সং, স্ত্রীং, নাসিকা। আঘ্রাণ।

ঙ

ঙ; পঞ্চম বর্ণ। (ঙু=শব্দকরা+অ—প্রং) সং, পুং, বিষয়। বিষয়রক্ষা। বিষয়স্পৃহা। উভয়। ভৈরব।

চ

চ; ষষ্ঠবর্ণ। অং, সমুচ্চয়, আরও, এবং, ও, পক্ষান্তর। ইতরেতর-যোগ। সমাহার। দ্বন্দ্ব। আনুষঙ্গিকতা। অবধারণ। পাদ-পূরণ। সং, পুং, চৌর। কূর্ম্ম। চণ্ডেশ্বর। চন্দ্র। "তুভ্যং মহ্যং চ দদ্যাৎ স্বং"। "ক চ তে ক্ষত্রিয়বলং ক চ ব্রহ্মবলং মহৎ"।

চক (চতুষ্কশব্দজ) সং, চতুঃশালার মধ্য-স্থান, বাজার।

চকাসিত (চকাস্=দীপ্তিপাওয়া+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, দীপ্ত, উজ্জ্বল। প্রকাশিত। শোভিত।

চকিত (চক্=ভীতহওয়া, ব্যাঘাতকরা +ক্ত—ক) বিং, ত্রিং, ভীত, চমকিত "চকিতহরিণীপ্রেক্ষণা নিম্ননাভিঃ" মেঘদূত। সং, ক্লীং, ভয়। তা—স্ত্রীং, ছন্দো-বিশেষ।

চকিতমাত্র, ক্ষণকাল দৃষ্টমাত্র।

চকোর (চক্=তৃপ্তহওয়া+ওর—সংজ্ঞার্থে)

চকোর।

সং, পুং, রী—স্ত্রীং, পক্ষিবিশেষ, যে পক্ষী চন্দ্রিকা পানে তৃপ্ত হয়। "শরৎ পার্ব্বণচন্দ্রাভং সুধাপূর্ণাননং তব। নাথ চক্ষুশ্চকোরাভ্যাং পিবাম্যহমহ-র্নিশম্"। "হায় রে যদি চকোর হতেম উধাও হয়ে উড়ে যেতেম, চেয়ে রইতাম চাঁদের পানে"। [উজ্জ্বলতা, দীপ্তি।

চক্‌চক্ (চাক্‌চক্যশব্দজ) সং, স্বচ্ছতা,

চক্কস, (ক্কস্=বক্র হওয়া+অ। দ্বিত্ব) সং, পুং বক্রতা, কুটীলতা। অভদ্রতা।

চক্‌মকী (দেশজ) সং, অগ্ন্যুৎপাদক-প্রস্তর ও লৌহ।

চক্র, (চক্+র—সংজ্ঞার্থে, কিম্বা কৃ= করা+অ—প্রং, দ্বিত্ব) সং, পুং, রথা-দির চাকা। চক্রাকৃতি অস্ত্র। কুম্ভকা-রের চাক। সৈন্য, রাজ্য, দেশ, প্রদেশ। গ্রামসমূহ, চাক্‌লা, মণ্ডল। ইন্দ্রজাল। জলের আবর্ত্ত। সৈন্যরচনা বিশেষ। চক্রবাক পক্ষী। বীরাদি চক্র। কাব্য-বন্ধবিশেষ। তন্ত্রোক্ত মূলাধারস্থিত ষট্‌পদ্ম। হস্তস্থ রেখাবিশেষ। ছল, কুমন্ত্রণা। কূটবুদ্ধি, দন্তবিশেষ। চিহ্নবি-শেষ। সর্ব্বতোভদ্রাদি মণ্ডল।

চক্রক, (চক্র [চক্=প্রতিঘাত করা+ রক্] +কন্) সং, পুং, ন্যায় শাস্ত্রে বাক্যবন্ধ বিশেষ (Argument in a circle)

চক্রগণ্ডু, (চক্র—গণ্ডু=বালিশ) সং, পুং, চক্রাকার উপাধান, গোলবালিশ।

চক্রগুচ্ছ (চক্র=চাকা—গুচ্ছ=গোছা) সং, পুং, আশোক বৃক্ষ।

চক্রজীবক, (চক্র=কুম্ভকারের চাক—জীবক=যে জীবিকা নির্ব্বাহ করে) সং, পুং, কুম্ভকার, কুমার।

চক্রদংষ্ট্র, (চক্র—দংষ্ট্র=দন্ত, যাহার বক্র দন্ত আছে, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শূকর।

চক্রতুণ্ডী, (Cyclostomata) যাহাদের মুখ চক্রের ন্যায় মণ্ডলাকার, যথা লাম্প্রি মৎস্য।

চক্রধর, (চক্র—ধর=যে ধরে, ২য়া—ষ) সং,পুং, বিষ্ণু। সর্প। দেশাধিপ, গ্রামাধিপ। বিং, ত্রিং, ঐন্দ্রজালিক।

চক্রপথ, (চক্র—পথ=পথিন্‌শব্দজ) সং, পুং, মণ্ডলাকার পথ।

চক্রপর্ণী, (চক্র—চাকা+পর্ণী=পাতা) সং স্ত্রীং লতাবিশেষ, চাকুলে। ইহার পাতা চক্রাকার বলিয়া ইহার নাম চক্রপর্ণী হইয়াছে। [সং, পুং, বিষ্ণু।

চক্রপাণি, (চক্র—পাণি=হস্ত, ৬ষ্ঠী—হিং)

চক্রপাদ, (চক্র=চাকা—পাদ=পা) সং, পুং, রথ, গাড়ি। হস্তী।

চক্রপাল, (চক্র-পাল=যে পালন বা রক্ষা করে) সং, পুং, যে ব্যক্তির হস্তে কোন দেশের বা প্রদেশের শাসন বা তত্ত্বাবধানের ভার থাকে, দেশাধিপ।

চক্রপুষ্করিণী, সং, স্ত্রীং, মণিকর্ণিকা।

চক্রবন্ধু, } চক্রবান্ধব, } (চক্র=চক্রবাক পক্ষী—বন্ধু, বান্ধব) সং, পুং, সূর্য্য। সূর্য্যোদয়ে বিরহতাপিত চক্রবাকমিথুনের মিলন হয় বলিয়া, সূর্য্যকে চক্রবন্ধু বলে।

চক্রভৃৎ, (চক্র—ভৃৎ=যে ধারণ করে, ২য়া—ষ) সং, পুং, বিষ্ণু। বিং, ত্রিং, চক্রধারী।

চক্রভেদিনী, (চক্র=চক্রবাক পক্ষী—ভেদিনী=যে ভেদ অর্থাৎ পৃথক্ করে) সং, স্ত্রীং, রাত্রি। রাত্রিকালে চক্রবাক মিথুন পরস্পর পৃথক্ হয় বলিয়া রাত্রির নাম চক্রভেদিনী হইল।

চক্রভ্রম, (চক্র—ভ্রম=ভ্রমণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শানাদি যন্ত্র। কুন্দযন্ত্র।

চক্রমণ্ডলী, (চক্রমণ্ডলিন্, চক্র=চাকা—মণ্ডল=পরিধি+ইন্ অস্ত্যর্থে)। সং, পুং, বৃহৎসর্প। সর্পের দেহ বা দেহাংশ চক্রের সহিত তুলনা দেওয়া যাইতে পারে বলিয়া ইহার নাম চক্র মণ্ডলী।

চক্রযান, (চক্র=চাকা—যান=রথাদি)সং ক্লীং, রথ, গাড়ি প্রভৃতি।

চক্ররদ, (চক্র—রদ=দন্ত) সং,পুং, শূকর।

চক্রবর্ত্তী, (চক্রবর্ত্তিন্, চক্র=দেশসমূহ—বর্ত্তী=যে থাকে। যিনি দেশসমূহে অধিপতি রূপে থাকেন, ৭মী-ষ) সং,পুং, সম্রাট্, আসমুদ্রকরগ্রাহী, সার্ব্বভৌম।

চক্রবাক, (চক্র—বাক [বচ্=বলা+অ—র্ম্ম] উক্ত, যে চক্রনামে উক্ত হইয়াছে) । সং, পুং, কী—স্ত্রীং, পক্ষীবিশেষ, চকাচকি। এইরূপ বর্ণিত আছে যে চক্রবাকমিথুন দিবসে একত্রে বাস করে রাত্রিকালে পরস্পর পৃথক হইয়া বিরহ দুঃখে কালহরণ করে।

চক্রবাড় } চক্রবাল } (চক্র=দেশসমূহ—বল্=আবরণকরা+অ—প্রং,অথবা বাড়্=নির্গত হওয়া, যে অন্ধকার হইতে চক্রের ন্যায় উদয় হয়) সং, পুং, লোকালোক পর্ব্বত। ক্লীং, মণ্ডলাকার, দিক্‌সমূহ। কোন স্থানে অবস্থিত হইয়া দৃষ্টিসঞ্চারণ করিলে যে স্থলে পৃথিবীও আকাশ পরস্পর মিলিত বোধহয়। (Horizon)

চক্রবাত, (চক্র=মণ্ডল—বাত=বায়ু) সং, পুং, বাত্যা, ঘূর্ণাবায়ু।

চক্রবৃদ্ধি, (Compound interest) সং, স্ত্রীং, সুদের সুদ, বৃদ্ধির বৃদ্ধি।

চক্রব্যূহ, (চক্র—ব্যূহ=সৈন্যরচনা) সং, পুং, যুদ্ধার্থ মণ্ডলাকারে সৈন্য স্থাপন।

চক্রসঙ্গ, (চক্র—সঙ্গা—নাম) সং, ক্লীং, ধাতুবিশেষ, টিন্।

চক্রাঙ্গ, (চক্র—অঙ্গ=অবয়ব, ৬ষ্ঠী—হিং) সং, পুং, রথ, গাড়ি। বাগান। হংস। ঙ্গী—স্ত্রীং, হংসী।

চক্রাট, (চক্র=গ্রামসমূহ—অট=যে গমন করে। যে গ্রামে গ্রামে ভ্রমণ করিয়া বেড়ায় এবং যাহার নির্দ্দিষ্ট বাসস্থান নাই) সং, পুং, সাপুড়ে। বিষবৈদ্য, ধূর্ত্ত। স্বর্ণমুদ্রা। [পুং, ষড়যন্ত্র, কুমন্ত্রণা।

চক্রান্ত, (Conspiracy, চক্র—অন্ত) সং,

চক্রান্তকারী, (চক্রান্তকারিন্, চক্রান্ত—কারিন্=যে করে) বিং, ত্রিং, যে চক্রান্ত করে। যে চক্রান্তে লিপ্ত থাকে। ষড়যন্ত্রকারী।

চক্রাবর্ত্ত, (চক্র=চাকা—আবর্ত্ত=ঘূর্ণন) সং, পুং, মণ্ডলাকারে পরিভ্রমণ। ঘূর্ণন।

চক্রি, (কৃ=করা+কি নিপাতন) সং, পুং, কর্ম্মকর্ত্তা, নির্ম্মাতা।

চক্রিকা, সং, স্ত্রীং, হাঁটু, জানু।

চক্রী, (চক্রিন, চক্র+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, চক্রকারী। সং, পুং, বিষ্ণু। কুম্ভকার। চক্রবাক। লোহিতবর্ণ হংস। সর্প। সম্রাট্। কলু, তৈলিক। বাজীকর। কুমন্ত্রণাদায়ক, খল। সম্রাট্। চক্রবর্ত্তী। কাক। রথারোহী। গর্দ্দভ। সূচক। বৃক্ষ বিশেষ। "চক্রিণো দশমীস্থস্য রোগিণো ভারিণঃ স্ত্রিয়ঃ। স্নাতকস্য চ রাজ্ঞশ্চ পন্থা দেয়ো বরস্য চ"॥

চক্রীবান্, (চক্রীবৎ, চক্র চাকা+বৎ—অস্ত্যর্থে। যে চক্রের ন্যায় পরিভ্রমণ করে) সং, পুং, গর্দ্দভ, নৃপবিশেষ।

চক্রেশ্বর, (চক্র=দেশসমূহ—ঈশ্বর=প্রভু) সং, পুং, চক্রবর্ত্তী, সম্রাট্। তান্ত্রিক মতাবলম্বী সুরাপায়ীদের দলপতি। রী—স্ত্রীং, জৈনোপাস্য দেবীবিশেষ, বিদ্যাদেবী।

চক্ষণ, (চক্ষ্ বলা, ভক্ষণকরা+অনট্—ভা) সং, ক্লীং, মদ্যপান-প্ররোচক ভোজনীয় দ্রব্য বিশেষ, চাট্নী। কথন।

চক্ষাঃ, (চক্ষস্, চক্ষ্ বলা+অস্—প্রং) সং, পুং, বৃহস্পতি, দেবগুরু। আধ্যাত্মিক উপদেশক, ধর্ম্মোপদেষ্টা, শিক্ষাগুরু।

চক্ষুঃ, (চক্ষুস্, চক্ষ্ দেখা, বলা+উস্—প্রং) সং, ক্লীং, নয়ন, দর্শনেন্দ্রিয়। "ন নিবৃ র্তং নিবৃর্তিমেতি চক্ষুঃ" ভারবি।

চক্ষুঃশ্রবা, (চক্ষুঃশ্রবস্, চক্ষুস্—নয়ন—শ্রবস্=কর্ণ, ৬ষ্ঠী—হিং যাহাদের চক্ষুই কর্ণের কার্য্য সম্পাদন করে)। সং, পুং, সর্প।

চক্ষুর্দান, (চক্ষুস্=চক্ষু—দান=দেওয়া) সং, ক্লীং, পুত্তলিকা দিগকে পূজা করিবার পূর্ব্বে মন্ত্রদ্বারা তাহাদের মৃন্ময় চক্ষুতে দর্শন শক্তির আবির্ভাব করণ। (দেশজ) চক্ষুতে ধুলিদিয়া লইয়া যাওয়া। চক্ষুর-উপর চুরিকরা। লোকে স্পষ্টরূপে চুরি না বলিয়া তৎপরিবর্ত্তে চক্ষুর্দান এই শব্দ ব্যবহার করে।

চক্ষুর্বিষয়, (চক্ষুস্—বিষয়=জ্ঞেয় পদার্থ) সং, পুং, দর্শন উপস্থিতি। দৃষ্টির বিষয়ীভূতপদার্থ। দর্শনীয়তা। "ততস্তেষু চক্ষুর্বিষয় মতিক্রান্তেষু" হিতোপদেশ।

চক্ষুষ্মান্, (চক্ষুষ্মৎ, চক্ষুস্+মৎ—অস্ত্যর্থে) বিং, ত্রিং, যাহার দর্শনশক্তি বিলক্ষণ প্রবল। চক্ষুবিশিষ্ট।

চক্ষুষ্য, (চক্ষুস্+য—হিতার্থে) বিং, ত্রিং, চক্ষুর তৃপ্তিকর। প্রিয়দর্শন। মনোহর। সং, পুং, পুষ্পবিশেষ। বৃক্ষবিশেষ। ষ্যা—স্ত্রীং, নীলপ্রস্তর। সুন্দরী স্ত্রী।

চঙ্কুর, (চকি [সৌত্রধাতু] ভ্রমণ করা+উরচ্—সংজ্ঞার্থে) সং, পুং, রথ, গাড়ি। বৃক্ষ। ক্লীং, যান, বাহনমাত্র।

চঙ্ক্রমণ, (চঙ্ক্রম্ [যঙ্লুগন্ত] পুনঃ পুনঃ গমনকরা+অনট্—ভা) সং, ক্লীং, পুনঃ পুনঃ ভ্রমণ। আস্তে আস্তে যাওয়া। মন্থর গমন।

চঙ্গ, (চ=চন্দ্র—গ=যে গমন করে। যে সৌন্দর্য্যে চন্দ্রের সমকক্ষ হয়) বিং, ত্রিং, সুন্দর। চতুর, নিপুণ, কর্ম্মঠ। সুস্থ, নীরোগ।

চঞ্চরী, সং, স্ত্রীং, ভ্রমরী। মধু মক্ষিকা। তিন্তিড়ী।

চঞ্চরীক, (চর্ [যঙ লুগন্ত] পুনঃ পুনঃ গমনকরা+ঈকন্—প্রং, নুম্ আগম) সং, পুং, ভ্রমর।

চঞ্চল, (চল [ঘঙ্ লুগন্ত] পুনঃ পুনঃ চলা +অ—প্রং, নুম্ আগম) বিং, ত্রিং, যাহার মতের স্থিরতা নাই। অস্থির, চপল। অব্যবস্থিত, বিচলিত। কম্পিত। আলোড়িত। সং, পুং, বায়ু, প্রণয়ী ব্যক্তি। লা—স্ত্রীং, বিদ্যুৎ। লক্ষ্মী।

চঞ্চা, (চঞ্চ্=গমনকরা+অচ্—প্রং) সং, স্ত্রীং, নলনির্ম্মিত আস্তরণ, চাঁচ। মাদুর।

চঞ্চু, চঞ্চূ, (চঞ্চু=খাওয়া+উ, ঊ—প্রং) সং, স্ত্রীং, পাখির ঠোঁট। •ঞ্চু—পুং, ভেরেণ্ডাগাছ। হরিণ।

চঞ্চুকা, (চঞ্চু+ক—যোগ) সং, স্ত্রীং, পক্ষীর ঠোঁট।

চঞ্চুভৃৎ, (চঞ্চু=পাখির ঠোঁট—ভৃৎ=যে ধারণ করে, ২য়া—ষ) সং, পুং, পক্ষী।

চঞ্চুর, (চর্ [যঙ্ লুগন্ত] পুনঃ পুনঃ গমন করা+অচ্—প্রং। অথবা চঞ্চ= গমন করা+উর—প্রং) বিং ত্রিং, সমর্থ পটু, দক্ষ, নিপুণ। কর্ম্মঠ। যে পুনঃ পুনঃ যায়।

চঞ্চুসূচি, (চঞ্চু= ঠোঁট—সূচি = ছুঁচ, যাহার ঠোঁট ছুঁচের ন্যায় সূক্ষ্ম) সূক্ষ্ম চঞ্চুবিশিষ্ট পক্ষিবিশেষ।

চট্, (দেশজ) সং, গুণ, থলিয়া। ক্রি—বিং, শীঘ্র, সত্বর।

চটক, (চট্ ভেদকরা+অক—প্রং) সং, পুং, কা, কিকা—স্ত্রীং, চড়ূই পক্ষী। (দেশজ) সং, বাহিরের জাঁক জমক। বাহিরে জম্‌কাল। বাহার।

চটক।

চটু, (চট্=আঘাতকরা, ভেদকরা ইত্যাদি+উ—সংজ্ঞার্থে) সং, পুং, ক্লীং, সদয় ও মিষ্টবাক্য। পুং, উদর, পেট। ব্রতধারীদিগের উপবেশন বিশেষ।

চটুল, (চটক দেখ, ডুল—প্রং, কিম্বা চটু +ল—অস্ত্যর্থে) বিং, ত্রিং, চঞ্চল। কম্পবান, দ্রুতগামী। "চটুলহরিণপ্রেক্ষণা নিম্ননাভিঃ"। মেঘদূত। মনোহর, সুন্দর। লা—স্ত্রীং, বিদ্যুৎ।

চটুলোল, (চটু=সুন্দর—লোল=চঞ্চল) বিং, ত্রিং, অতিশয় চঞ্চল। অতিশয় সুন্দর। ভাসা ভাসা চক্ষুবিশিষ্ট।

চড়, (চপেট শব্দজ) সং, করতল, চাপড়।

চড়ক, (দেশজ) সং, চৈত্র মাসের সংক্রান্তির পর্ব্ববিশেষ, গাজন।

চড়ন, (দেশজ) সং, আরোহণ, উঠা।

চড়া, (দেশজ) বিং, কঠিন। সং, আরোহণ। চটকপক্ষী। নদ্যাদির গর্ভস্থ বা গর্ভবহির্গত বালুকাময় ক্ষেত্র। নদ্যাদির অভ্যন্তরস্থ দ্বীপ। পুলিন। তোয়োত্থিত ভূমি। [চড়াই।

চড়ূই (চটক শব্দজ) সং, চটক পক্ষী,

চণক, (চণ্=দানকরা+অক—প্রং। যাহা ঘোটকদিগকে প্রদত্ত হয়) সং, পুং, ছোলা, বুট। মুনিবিশেষ। কা—স্ত্রীং, মসিনা।

চণকাত্মজ, (চণক—আত্মজ=জাত। যে চণকমুনিরপুত্র)সং,পুং, বাৎস্যায়নমুনি।

চণ্ড, (চণ্ড্=ক্রোধকরা+অ—প্রং) সং, পুং, তিন্তিড়ী বৃক্ষ। যমদূত। দৈত্যবিশেষ, শুম্ভ-নিশুম্ভের অনুচর। ক্লীং, উষ্ণতা। ক্রোধ। তীক্ষ্ণতা, উগ্রতা। বিং, ত্রিং, উষ্ণ। তীক্ষ্ণ, উগ্র। অতি কোপন, অতিশয় ক্রুদ্ধ। ণ্ডিকা, ণ্ডী—স্ত্রীং, দুর্গা। অতি কোপনা স্ত্রী।

চণ্ডনায়িকা } (চণ্ড= দৈত্যবিশেষ—
চণ্ডবতী } নায়িকা=কর্ত্রী। চণ্ড= ক্রোধ+বৎ—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, দুর্গা। অষ্টনায়িকার অন্তর্গত নায়িকাবিশেষ।

চণ্ডাংশু, (চণ্ড=উষ্ণ—অংশু = কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সূর্য্য।

চণ্ডাতক, (চণ্ডা=কোপনা স্ত্রী—অৎ গমনকরা+অক—প্রং। এই বেশে ভদ্রবংশীয় স্ত্রীলোকেরা সৌন্দর্য্য-ভাব প্রাপ্ত হন এইরূপ বর্ণিত আছে) সং, ক্লীং, স্ত্রীলোকের অর্দ্ধোরু পর্য্যন্ত বস্ত্র, ঘাঘরা।

চণ্ডাল, চাণ্ডাল, (চণ্ড=ক্রুদ্ধ—অল্=পারকহওয়া+অ—প্রং। যে অনুচিত কর্ম্মে পারক হয়, অথবা চণ্ড দেখ, আল—প্রং) সং, পুং, নিষাদ, চাঁড়াল, শূদ্রের ঔরসে ব্রাহ্মণীর গর্ভে এই জাতির জন্ম হয়। যে ব্যক্তির দয়া বা মমতা কিছুই নাই, লোকের প্রতি নিষ্ঠুর ব্যবহার করে, তাহাকেও চণ্ডাল শব্দে নির্দ্দেশ করা যায়। "অপূর্ব্বকর্ম্মচাণ্ডালময়ি মুগ্ধে-বিমুঞ্চমাং" উত্তরচরিত।

চণ্ডিমা, (চণ্ডিমন্, চণ্ড+ইমন্—ভাবে) সং, পুং, চণ্ডতা, উগ্রত্ব। কোপনতা।

চণ্ডিল, (চণ্ড=ক্রোধকরা+ইলচ্) সং, পুং, নাপিত। শিব। শাকজাতীয় খাদ্য, লা—স্ত্রীং, নদীবিশেষ।

চণ্ডু, (চণ্ড দেখ, উ—প্রং) সং, পুং, ইঁদুর, বানর। (দেশজ) মাদক দ্রব্যবিশেষ।

চতুঃশাল, (চতুর=চার—শালা=গৃহ, সমাহারদ্বিগু) সং, ক্লীং, লা—স্ত্রীং, যে গৃহের মধ্যে চারিটী গৃহ আছে। পরস্পরাভিমুখ চারিটীগৃহ, চকমিলান ঘর।

চতুঃষষ্টি, (চতুর্= চার—ষষ্টি = ষাইট। চার অধিক ষাইট, য়ং—স। য র অগ্রে, র্=ঃ) সং, স্ত্রীং, চৌষট্টি, ৬৪।

চতুর, চত্বার্, (চৎ=প্রার্থনাকরা+উর্, বার্—প্রং) বিং, ত্রিং, বহুং, চারি, ৪।

চতুর, (চতুর্ দেখ, উর—প্রং) বিং, ত্রিং, কার্য্যদক্ষ, নিপুণ, কর্ম্মকুশল। সুন্দর। নেত্রগোচর। বুদ্ধিজীবী, চালাক। (দেশজ) শঠ, ধূর্ত্ত। সং, পুং, গোলবালিশ। হস্তিশালা। "চতুরৈঃ সুরকামিনীজনৈঃ প্রিয় যাবন্ন বিলোভ্যসে দিবি" কুমার।

চতুরংশিত, (চতুর্ = চার—অংশিত= বিভক্ত) বিং, ত্রিং, পৃষ্ঠচতুষ্টয়ে বিভক্ত, চারিপেজী।

চতুরঙ্গ, (চতুর্—অঙ্গ, য়ং—স) সং, পুং, হস্তি অশ্ব রথ পদাতি এই চারিভাগে বিভক্ত সেনা। পাশক্রীড়াবিশেষ, চৌপাড় খেলা। বিং, ত্রিং, চারি অঙ্গযুক্ত।

চতুরস্র, (চতুর্=চার—অস্রি=কোণ ৬ষ্ঠী, —হিং) বিং, ত্রিং, চতুষ্কোণ, চারিকোণা। চৌরস, উচ্চ নীচনয়। নির্দ্দোষ, অব্যভিচরিত, যথা—চতুরস্র সিদ্ধান্ত।

চতুরানন, (চতুর্=চার—আনন=বদন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ব্রহ্মা। চতুর্ম্মুখ।

চতুর্গতি, (চতুর্=চার—গতি=গমন। ৬ষ্ঠী—হিং) সং, পুং, কচ্ছপ। কচ্ছপ চারি পায়ে চলে বলিয়া ইহার নাম চতুর্গতি হইয়াছে।

চতুর্থ, (চতুর+থট্—পূরণার্থে) বিং, ত্রিং, চারি সংখ্যার পূরক। র্থী—স্ত্রীং, তিথিবিশেষ। আমাবস্যা বা পূর্ণিমা হইতে চতুর্থ দিবস। ব্যাকরণে—বিভক্তিবিশেষ। [পুং, ঐরাবত হস্তী।

চতুর্দ্দন্ত, (চতুর্—দন্ত, ৬ষ্ঠী—হিং) সং,

চতুর্দ্দশ, (চতুর্দ্দশন্, চতুর্=চার—দশন্ দশ। চতুরধিক দশ, য়ং=স। মধ্য-পদলোপ) বিং,ত্রিং, বহুং, চৌদ্দসংখ্যা,১৪।

চতুর্দ্দশ, (চতুর্দ্দশন্+ডট্=পূরণার্থে) বিং, ত্রিং, চৌদ্দসংখ্যার পূরক। শী—স্ত্রীং, তিথিবিশেষ।

চতুর্দ্দশগ্রন্থিশুণ্ড (Shilognatha) যাহাদের শুণ্ডে চতুর্দ্দশ গ্রন্থি আছে, যথা—কেন্নো।

চতুর্দ্দোল, (চতুর=চার [বাহক]—

দোল=ডুলি) সং, পুং, ক্লীং, চারিজনে বহনীয় শিবিকাবিশেষ, চৌদোল।

চতুর্দ্ধা, (চতুর্+ধাচ্—প্রকারার্থে) অং, চারিপ্রকার। চারিবার।

চতুর্ভদ্র, (চতুর্—ভদ্র=মঙ্গল) সং, ক্লীং, চতুর্ব্বর্গ, ধর্ম্ম অর্থ কাম মোক্ষ।

চতুর্ভুজ, (চতুর্—ভুজ=হস্ত, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিষ্ণু, নারায়ণ। চারি সরল রেখাবৃত ক্ষেত্র।

চতুর্ম্মুখ, চতুর্ব্বক্ত্র (চতুর্+মুখ=আনন ৬ষ্ঠী—হিং) সং, পুং, ব্রহ্মা। "পুরাণস্য কবেস্তস্য চতুর্ম্মুখ সমীরিতা" কুমারসম্ভব।

চতুর্যুগ, (চতুর্=চার—যুগ, দ্বিগু—স) সং, ক্লীং, সত্য, ত্রেতা, দ্বাপর, কলি এই চারি যুগ।

চতুর্ব্বর্গ, (চতুর্=চার—বর্গ=সমূহ। সমাহারদ্বিগু) সং. পুং, ধর্ম্ম অর্থ কাম মোক্ষ, এই চারি পুরুষার্থ।

চতুর্ব্বর্ণ, (চতুর্—বর্ণ=জাতি) সং, পুং, ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র এই চারিজাতি।

চতুর্ব্বিংশতি, (চতুর=চারি-বিংশতি=কুড়ি চার অধিক বিংশতি, য়ং—স) সং, স্ত্রীং, চব্বিশ, ২৪।

চতুর্ব্বিদ্য, চতুর্ব্বেদী—দিন্ (চতুর্=চার [বেদ]—বিদ্যা।—বেদিন্=যে জানে, ৬ষ্ঠী—হিং+২য়া—ষ) সং, পুং, চারিবেদবেত্তা। [চারি প্রকার।

চতুর্ব্বিধ, (চতুর্—বিধ=প্রকার) বিং, ত্রিং,

চতুর্ব্বেদ, (চতুর্=চারি—বেদ) সং, পুং, ঋক্, যজুঃ, সাম, অথর্ব্ব এই চারি প্রকার বেদ।

চতুর্ব্যূহ, সং, পুং, কৃষ্ণ, বলরাম, প্রদ্যুম্ন, অনিরুদ্ধ, এই চতুরাত্মক বিষ্ণু। বিং, ত্রিং, চারি প্রকার ব্যূহবিশিষ্ট।

চতুল, বিং, ত্রিং, ন্যাসীকৃত, স্থাপিত। নির্দ্দিষ্ট। (Depositing)।

চতুশ্চত্বারিংশৎ, (চতুর্=চার—চত্বারিংশৎ=চল্লিশ। চার অধিক চল্লিশ, য়ং—স) সং, স্ত্রীং, চুয়াল্লিশ, ৪৪।

চতুষ্ক, (চতুর=চারি [কোণ]+ক—প্রং) সং, ক্লীং, অঙ্গন, উঠান, চৌকা, চৌকি। চতুঃস্তম্ভবিশিষ্ট মণ্ডপ। ষ্কী—স্ত্রীং,চারিকোণা পুষ্করিণী। মশারি। চৌকি। চারি নর হার।

চতুষ্কর, (চতুর্—চার—কর=হস্ত, ৬ষ্ঠী —হিং) সং, পুং, যে সকল জীবের হস্ত ও পদের অগ্রভাগ করের ন্যায়। বিং, ত্রিং, চতুর্হস্ত যুক্ত।

চতুষ্করী, (Quadrumana, চতুষ্করিন্, চতুর্ চার—কর=হস্ত+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, যে সকল পশুর পদচতুষ্টয়ের অগ্রভাগ হস্ত রূপে পরিণত অর্থাৎ হস্তের কার্য্য সম্পাদন করে। যথা—বানরাদি।

চতুষ্কোণ, (চতুর্=চারি—কোণ) বিং, ত্রিং, (Square) চতুর্দ্দিকে সমান আয়ত। সং, পুং, (Square)।

চতুষ্টয়, (চতুর্+তয়—অবয়বার্থে) বিং, ত্রিং, চারি অবয়ব। চতুর্ব্বিধ, চারি প্রকার। সং, ক্লীং, চারি সংখ্যা। বৃত্তের কেন্দ্র।

চতুষ্পথ, (চতুর—পথিন্ রাস্তা, সমাহার দ্বিগু) সং, ক্লীং, চৌরাস্তা, চৌমাথা। (চতুর্ [ব্রহ্মচর্য্যাদি] চার—পথিন্ আশ্রম, ৬ষ্ঠী—হিং,) পুং, ব্রাহ্মণ।

চতুষ্পদ, (চতুর্—পদ, সমাহারদ্বিগু+৬ষ্ঠী —হিং) সং, ক্লীং, দী—স্ত্রীং, চৌপদী, চারিচরণবিশিষ্ট পদ্য। পুং, চারিপদ বিশিষ্ট পশু।

চতুষ্পাটী, (চতুর্ চার [দেশ]—পাটী যে গমন করে) সং, স্ত্রীং, নদী।

চতুষ্পাঠী, (চতুর্ চার [শাস্ত্র]—পাঠ অধ্যয়ন, ৭মী—হিং) সং, স্ত্রীং, যে খানে চতুঃশাস্ত্র অধ্যয়ন করান হয়। চৌবাড়ী।

চতুষ্পাণি, (চতুর্=চার—পাণি=হস্ত, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিষ্ণু। চতুর্ভুজ।

চতুষ্পাদ, (চতুর্=চার—পাদ=পা। অ

—লোপ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, যাহার চারি পা আছে, পশু ।
চতুস্তল, (চতুর্—তল, ৬ষ্ঠী—হিং,) বিং, ত্রিং, চারি তলা, চৌতলা ।
চতুস্ত্রিংশৎ, (চতুর্ চার—ত্রিংশৎ=ত্রিশ । চার অধিক ত্রিশ, য়ং—স) সং, স্ত্রীং, চৌত্রিশ, ৩৪ ।
চতুস্সম, (চতুর্=চার—সম=তুল্য, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, চন্দন, কস্তুরী, অগুরু, কুঙ্কুম, এই চারি দ্রব্য । লবঙ্গ, সৈন্ধব, হরীতকী, জোয়ান, এই চারি দ্রব্য ।
চতুস্ত্রিংশৎজাতকজ্ঞ, (চতুস্ত্রিংশৎ=৩৪ —জাতক=প্রকার —জ্ঞ=যে জানে) সং, পুং, বুদ্ধ ।
চত্বর, (চত্ যাচ্ঞাকরা+বর—সংজ্ঞার্থে, কিম্বা চত্ গমনকরা) সং, ক্লীং, উঠান, চাতাল । যজ্ঞস্থান । স্থণ্ডিল ; রঙ্গস্থান । "অনুরথ্যাসু সর্ব্বাসু চত্বরেষু . চ—বলং বভূব ।"
চত্বারিংশৎ, (চতুর্ চার—দশন্ দশ । চার বার দশ যাহার পরিমাণ, নিপাতনে) সং, স্ত্রীং, চল্লিশ, ৪০ ।
চত্বাল, (চত্=যাচ্ঞাকরা+বাল—প্রং) সং, পুং, হোমকুণ্ড । দর্ভ, কুশ । গর্ভ । চাতাল ।
চদির, (চদ্ দীপ্তি পাওয়া+ইর—সংজ্ঞার্থে) সং, পুং, হস্তী । চন্দ্র । কর্পূর । সর্প । [পুং, চন্দ্র ।
চন্দ, (চদি=দীপ্তি পাওয়া+অচ্) সং,
চন্দক, (চন্দ্ দীপ্তিপাওয়া+অক—প্রং) বিং, ত্রিং, আনন্দদাতা । সং, পুং, চন্দ্র, চন্দ্রকিরণ, চাঁদামাছ ।
চন্দন, (চন্দ্ আহ্লাদিতকরা+অন—প্রং) সং, পুং, স্বনাম প্রসিদ্ধ বৃক্ষ । ক্লীং, চন্দনকাষ্ঠ । ঘৃষ্টচন্দন । "বিনা মলয়মন্যত্র চন্দনং ন বিবর্দ্ধতে । এবঞ্চ ভাষতে লোকশ্চন্দনং কিল শীতলম্" ।
চন্দন-ধেনু, সং, স্ত্রীং, পতিপুত্রবতী স্ত্রীর মরণোদ্ভব দীয়মান চন্দনলাঞ্ছিত গাভী ।
চন্দনপুষ্প, সং, ক্লীং, লবঙ্গ ।
চন্দনা, (চন্দন দেখ) সং, স্ত্রীং, পক্ষিণীবিশেষ । নদীবিশেষ ।
চন্দনাচল, চন্দনাদ্রি (চন্দন—অচল, অদ্রি=পর্ব্বত) সং, পুং, মলয় পর্ব্বত ।
চন্দির, (চন্দ্ দীপ্তিপাওয়া+ইর—সংজ্ঞার্থে) সং, পুং, চন্দ্র । হস্তী ।
চন্দ্র, (চন্দ্ দীপ্তিপাওয়া+র, অ—প্রং) সং, পুং, চাঁদ । কর্পূর । জল । ময়ূরচন্দ্রক । স্বর্ণ । হীরক । বিং, ত্রিং,আহ্লাদজনক । শ্রেষ্ঠ । যথা পুরুষচন্দ্র । ন্দ্রা —স্ত্রীং, এলালতা । চাঁদোয়া । চন্দ্রিকা । "নহি সংহরতে জ্যোৎস্নাং চন্দ্রশ্চণ্ডালবেশ্মনি ।"
চন্দ্রক, (চন্দ্র+ক—তুল্যার্থে) সং, পুং, ময়ূরপুচ্ছের চক্রাকার চিহ্ন । চাঁদামাছ । নখ ।
চন্দ্রকলা, (চন্দ্র—কলা=অংশ) সং, স্ত্রীং, চন্দ্রের কলা, চন্দ্রমণ্ডলের ষোড়শ ভাগ ।
চন্দ্রকবান্—বৎ, চন্দ্রকী—কিন্ (চন্দ্রক=ময়ূরপুচ্ছের চক্রাকার চিহ্ন+বৎ ইন্—অস্ত্যর্থে) সং, পুং, স্ত্রীং, ময়ূর ।
চন্দ্রকান্ত, (চন্দ্র—কান্ত=প্রিয়, কমনীয়, ১মা—হিং, কিম্বা ৬ষ্ঠী—ষ) সং, পুং, মণিবিশেষ । (এরূপ প্রবাদ আছে, চন্দ্রের উদয় হইলে তদীয় কিরণ স্পর্শে এই মণি দ্রবীভূত হয়) । ক্লীং, চন্দনকাষ্ঠ । কুমুদ । ন্তা—স্ত্রীং, জ্যোৎস্না । রাত্রি । "আভীরদেশে কিল চন্দ্রকান্তং ত্রিভির্বরাটৈর্বিপণন্তি গোপাঃ ।" "চন্দ্রকান্তোদ্ভবং বারি পিত্তঘ্নং বিমলং" ।
চন্দ্রকেতু, সং, পুং, লক্ষ্মণের পুত্র । "দিনকরকুলচন্দ্র চন্দ্রকেতো ! সরভস মেহি দৃঢ়ং পরিষ্বজস্ব" উত্তর চরিত ।
চন্দ্রগুপ্ত, সং, পুং, নন্দবংশীয় দাসীগর্ভসম্ভূত পাটলিপুত্রের নৃপবিশেষ । (চাণক্য নন্দবংশের বিনাশ সাধন করিয়া ইহাকে মগধদেশের সিংহাসনে অভি-

ষিক্ত করেন) চিত্রগুপ্ত। যমের সভার দৈনন্দিনতালিকা পুস্তক। (Register)

চন্দ্রগোলিকা, (চন্দ্রগোল = চন্দ্রমণ্ডল+ক—প্রং। যাহা চন্দ্র হইতে উদ্ভূত হয়) সং, স্ত্রীং, জ্যোৎস্না। চন্দ্রিকা।

চন্দ্রচঞ্চল, সং, পুং, ক্লীং, ক্ষুদ্র চাঁদাজাতীয় মৎস্য বিশেষ। (এই মৎস্য চন্দ্রের ন্যায় চঞ্চল বলিয়া ইহাকে চন্দ্রচঞ্চল কহে)।

চন্দ্রচূড়, চন্দ্রমালি, চন্দ্রশেখর, চন্দ্রাপীড় } (চন্দ্র—চূড়া, মৌলি, শেখর, আপীড়=শিরোভূষণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মহাদেব, শিব। পর্ব্বত বিশেষ।

চন্দ্রনিভ, (চন্দ্র—নিভ=তুল্য) বিং, ত্রিং, চন্দ্রের ন্যায় উজ্জ্বল ও মনোহর।

চন্দ্রভাগা, (চন্দ্রভাগ=হিমালয়ের একাংশ+অ—ভবার্থে। চন্দ্রভাগ পর্ব্বত হইতে উৎপন্না) সং,স্ত্রীং, স্বনাম প্রসিদ্ধ নদী। চেনাব। "স চ চন্দ্রভাগা নদীতীরে সমাবেশিত কটকো বর্ত্ততে" হিতোপদেশ

চন্দ্রপ্রভ, (চন্দ্র=প্রভা=কিরণ) সং, পুং, অষ্টম জিন। স্ত্রীং, চন্দ্রিকা। পাণ্ডু, অর্শ প্রভৃতি রোগের ঔষধবিশেষ।

চন্দ্রভূতি, সং, ক্লীং, রৌপ্য, রূপা।

চন্দ্রমণি, (চন্দ্র—মণি রত্ন) সং, পুং, চন্দ্রকান্ত মণি।

চন্দ্ররেণু, (চন্দ্র—রেণু=ধূলি) সং, পুং, কাব্যচোর (A plagiarist)।

চন্দ্রমণ্ডল, (চন্দ্র—মণ্ডল, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, চন্দ্রের মণ্ডল, চন্দ্রের গোলাকৃতি শরীর।

চন্দ্রমা, (চন্দ্রমস্, চন্দ্র=কর্পূর—মা=পরিমাণ করা, তুল্য করা+ক্বিপ্—প্রং। যে সকল দ্রব্যকে কর্পূরের ন্যায় শ্বেতবর্ণ করে) সং, পুং, চন্দ্র। ত্রিকাণ্ডশেষে 'মস্' একটি চন্দ্রের নাম যথা—'মাঃ পরিজ্ঞাবলক্ষগুরিতি'। মস্, পরিজ্ঞ, অবলক্ষগু এই তিনটি চন্দ্রের নাম।

চন্দ্রলোহক, (চন্দ্র—লোহক=লৌহ) সং, ক্লীং, রৌপ্য, রজত।

চন্দ্রবংশ, সং, পুং, চন্দ্র হইতে উৎপন্ন বংশ। প্রথিত আছে চন্দ্রের পুত্র বুধ ও পুরুরবা হইতে এক ক্ষত্রিয় বংশ উৎপন্ন হইয়াছিল।

চন্দ্রবল্লরী, (চন্দ্র—বল্লরী=লতা) সং, স্ত্রীং, সোমলতা।

চন্দ্রবিহঙ্গম, (চন্দ্র [চাঁদ] চন্দ্রের ন্যায় শুভ্র—বিহঙ্গম=পক্ষী)সং, পুং, বকপক্ষী।

চন্দ্রব্রত ; সং, ক্লীং, চান্দ্রায়ণ, চন্দ্রলোক প্রাপ্তির নিমিত্ত ব্রতবিশেষ।

চন্দ্রশালা, (চন্দ্র—শালা=গৃহ, ৬ষ্ঠী—হিং+৬ষ্ঠী—ষ। ক—যোগে চন্দ্রশালিকাও হয়) সং, স্ত্রীং, জ্যোৎস্না। রথাদির বা প্রাসাদের সর্ব্বোপরিস্থ গৃহ।

চন্দ্রশেখর, (চন্দ্র—শেখর=মস্তক, চূড়া ৬ষ্ঠী—হিং) সং, পুং, মহাদেব। পর্ব্বতবিশেষ। আরাকানস্থ এক পর্ব্বত।

চন্দ্রসংজ্ঞ, (চন্দ্র—সংজ্ঞা=নাম। চন্দ্রের যতগুলি নাম আছে কর্পূরেরও সেই সমস্ত নাম ৬ষ্ঠী — হিং) সং, পুং, কর্পূর।

চন্দ্রসম্ভব, (চন্দ্র—সম্ভব=উৎপন্ন, ৫মী—হিং) সং, পুং, চন্দ্রপুত্র, বুধ। বুধগ্রহ (Mercury) বা—স্ত্রীং, নর্ম্মদা নদী।

চন্দ্রহাস, (চন্দ্র—হস্ হাসা+অ—প্রং, যে উজ্জ্বলতায় চন্দ্রকে উপহাস করে, ২য়া—ষ) সং, পুং, খড়্গ। রাবণের খড়্গ। ক্লীং, রৌপ্য।

চন্দ্রাতপ, (চন্দ্র—আতপ=কিরণ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, জ্যোৎস্না। চাঁদোয়া।

চন্দ্রাবলী, সং, স্ত্রীং, কৃষ্ণের প্রণয়িনী, গোপীবিশেষ।

চন্দ্রিকা, (চন্দ্র+ইক—ইদমর্থে) সং, স্ত্রীং, জ্যোৎস্না। "বাহ্যোদ্যানস্থিতহরসিরশ্চন্দ্রিকা ধৌতহর্ম্ম্যা" মেঘদূত। চাঁদা মাছ। ছন্দোবিশেষ। চন্দ্রভাগা নদী।

চন্দ্রিকাদ্রাব, (চন্দ্রিকা+দ্রাব=যে দ্রব হয়। যে জ্যোৎস্নায় দ্রবীভূত হয়। অ-

থবা চন্দ্রিকা—দ্রাব=নিষ্যন্দ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চন্দ্রকান্ত মণি।

চন্দ্রিকাপায়ী, (—য়িন্ চন্দ্রিকা—পায়ী=যে পান করে) সং, পুং, স্ত্রীং, চকোরপক্ষী।

চন্দ্রিকাম্বুজ, (চন্দ্রিকা—অম্বুজ=পদ্ম) সং, ক্লীং, শ্বেত পদ্ম।

চন্দ্রিল, (চন্দ্র=চাঁদ বা অস্ত্রশস্ত্র ইত্যাদি, যাহা চন্দ্রের ন্যায় উজ্জ্বল+ইল—অস্ত্যর্থে) সং, পুং, শিব। নাপিত।

চন্দ্রোপল, (চন্দ্র—উপল প্রস্তর, ১মা—হিং) সং, পুং, চন্দ্রকান্তমণি।

চপট, চপেট (চপ্=গমনকরা+অট, ইট—সংজ্ঞার্থে, বা চপ=কম্পক—ইট্ যে গমন করে+অ—ক) সং, পুং, চাপড়, চড়।

চপল, (চপ্ বা চুপ্ গমনকরা+অল—প্রং। উ=অ) বিং, ত্রিং, চঞ্চল। কম্পান্বিত। অনবস্থিত। বিকল। ক্ষণিক। দুর্ব্বিনীত। তরল। প্রগল্ভ। ধৃষ্ট। ক্লীং, ক্রিবিং,—ত্রিং, শীঘ্র। ক্ষণিক। তৎকালিক, ভীত। অতিদ্রুত। সং, পুং, পারদ। প্রস্তরবিশেষ। চোর। মীন, মৎস্য। গন্ধদ্রব্যবিশেষ। লা—স্ত্রীং, লক্ষ্মী। বিদ্যুৎ। বেশ্যা। মদ্য। জিহ্বা। ছন্দোবিশেষ। "মানুষ্যং জলবিন্দুলোলচপলম্। আরোহচ্চপলঃ কৃষ্ণঃ কদম্বশিখরম্।"

চমকন, (চমৎকরণ শব্দজ) সং, পুং, চমৎকৃত হওন, কাঁপন, চমকে উঠা।

চমৎকরণ, (চমৎ=আশ্চর্য্যবোধক শব্দ—কৃ=করা+অনট্—ভা) সং, ক্লীং, আশ্চর্য্য বোধ জন্মান, চমৎকৃত করা।

চমৎকার, (চমৎ=আশ্চর্য্যবোধক শব্দ—কার=করণ) সং, পুং, আশ্চর্য্য, বিস্ময়। "চমৎকারশ্চিত্তবিস্তাররূপোবিস্ময়াপর পর্য্যায়ঃ। সকল জগত্রয় হৃদয় চমৎকারিচরিতাণাম্।"

চমৎকারক, (চমৎকরণ দেখ, অক—ক) বিং, ত্রিং, বিস্ময়জনক, আশ্চর্য্যকর

চমৎকৃত, (চমৎ—কৃত=করা হইয়াছে) বিং, ত্রিং, আশ্চর্য্যান্বিত, বিস্ময়াবিষ্ট। বিস্মিত।

চমর, (চম্=ভক্ষণকরা, গমনকরা+অ—প্রং) সং, ক্লীং, চামর, বালব্যজন। পুং, রী—স্ত্রীং, মৃগবিশেষ, হিমালয় পর্ব্বতের উত্তর দিকে যে পাষাণময় স্থান বনে আবৃত হইয়া আছে, তথাকার গোরুকে চমর কহে, ইহার লাঙ্গুলে চামর প্রস্তুত হয়। দৈত্যবিশেষ।

চমস, (চমর দেখ, অস—প্রং) সং, পুং, ক্লীং, যজ্ঞপাত্র, হাতা, চাম্‌চে। পুং, সী—স্ত্রীং, পিষ্টকবিশেষ। একপ্রকার মিষ্টান্ন দ্রব্য। বৃক্ষবিশেষ। ক্ষেতপাব্‌ড়া।

চমীকর, সং, পুং, স্বর্ণখনি।

চমূ, (চম্ [শত্রুকে] ভক্ষণ করা, ধ্বংস করা+ঊ—প্রং) সং, স্ত্রীং, সেনাদল। গজ ১২৯, রথ ১২৯, অশ্ব ২১৮৭, পদাতি ৩৬৩৫, এতবৎ সঙ্খ্যক সৈন্য, (অক্ষৌহিণী দেখ)।

চমূচর, (চমূ—চর=যে [যুদ্ধে] গমন করে) সং, পুং, সৈনিক পুরুষ। যোদ্ধা। সেনানায়ক, সৈন্যাধ্যক্ষ।

চমূপতি, (চমূ=সৈন্য—পতি=কর্ত্তা) সং, পুং, সৈন্যাধ্যক্ষ। পুং, হরিণবিশেষ।

চমূরু, (চমর দেখ, ঊরু—সংজ্ঞার্থে) সং,

চম্পক, (চম্প্=দীপ্তিপাওয়া—অক—সংজ্ঞার্থে) সং, পুং, চাঁপা গাছ। "চম্পকাভিধানায়াং নগর্য্যাং।" নগরবিশেষ। ক্লীং, চাঁপাকলা। চাঁপাফুল। "কনক চম্পকদামগৌরীং"।

চম্পকমালা, সং, স্ত্রীং, কণ্ঠাভরণবিশেষ। দশাক্ষর ছন্দোবিশেষ, যাহার ২য়, ৩য়, ৭ম, ৮ম বর্ণ লঘু, অবশিষ্ট বর্ণ গুরু।

চম্পকালু } চম্পকোষ } (চম্পক+আলু—অস্ত্যর্থে সং, পুং, কাঁঠাল গাছ।

চম্পট, (দেশজ) সং, প্রস্থান, না বলিয়া চলিয়া যাওয়া। পলায়ন।

চম্পা, সং, স্ত্রীং, স্বনাম প্রসিদ্ধ নগরী।

ভগলপুর। নদীবিশেষ। কর্ণপত্নী।

চম্পাধিপ, (চম্পা নগরীবিশেষ—অধিপ =অধিপতি, ৬ষ্ঠী-ষ) সং, পুং, কর্ণরাজ।

চম্পালু, (চম্পক+আলু—অস্ত্যর্থে। চম্পক =চম্প) সং, পুং, কাঁঠাল গাছ।

চম্পাবতী, (চম্প বৃক্ষবিশেষ+বৎ—অস্ত্যর্থে। এইরূপ বৃক্ষ যেখানে প্রচুর আছে) সং, স্ত্রীং, কর্ণের রাজধানী।

চম্পূ, (চমর দেখ, উ—সংজ্ঞার্থে। প—আগম। পণ্ডিতেরা যাহার আস্বাদ গ্রহণ করেন) সং, স্ত্রীং, পদ্যগদ্যাত্মক কাব্য।

চয়, (চি একত্রকরা+অ—প্রং) সং, পুং, রাশি। সমূহ। "মনিময়ূখচয়াং শুক ভাস্বরাঃ" "জ্বলিতং ন হিরণ্যরেতসং চয়মাস্কন্দতি ভস্মনাং জনঃ" ভারবি। বপ্র। পরিখা। প্রাচীর। ভেড়ী। সঞ্চয়।

চয়ন, (চি+অনট্—ভা) সং, ক্লীং, পুষ্পাদি তোলা, সংগ্রহ, সঙ্কলন। ইষ্টকাদি দ্বারা বাটি নির্ম্মাণ।

চর, (চর্=গমনকরা+অন্—প্রং) সং, পুং, গুপ্তদূত। শত্রুরাজ্যের অবস্থা গোপনে জানিবার নিমিত্ত যাহাকে নিযুক্ত করা যায়। বিং, ত্রিং, অস্থাবর, জঙ্গম, বিচরণ শীল।

চরক, (চর্+অক—প্রং) সং, পুং, বৈদ্যগ্রন্থ বিশেষের কর্ত্তা। বৈদ্যশাস্ত্রবিশেষ ভিক্ষু। দূত, চর, প্রণিধি।

চরকা, (চক্র শব্দজ) সং, কাষ্ঠ নির্ম্মিত সূত্র কর্ত্তন যন্ত্র, সূতা কাটিবার কল।

চরণ, (চর্+অনট্—ণ) সং, পুং—ক্লীং, পদ, পা। "চরণৌ রঞ্জয়ন্তস্যাশ্চূড়ামনি মরীচিভিঃ" কুমার। বেদাংশবিশেষ। কবিতার চতুর্থাংশ। মূল। গোত্র। ক্লীং, চলন, ভ্রমণ। ভক্ষণ, চরা। অনুষ্ঠান। আচরণ। শীল।

চরণগ্রন্থি, (চরণ=পা—গ্রন্থি=গাঁট, ৬ষ্ঠী—ষ) সং, পুং, গুল্ফ, পায়ের গোড়ালি।

চরণচারী, (চরণচারিন্, চরণ=পাদ-চারিন্ যে গমন করে) বিং, ত্রিং, পাদচারী, যে পায়ে হাঁটিয়া যায়।

চরণাবরণ, (Stocking, চরণ—আবরণ =আচ্ছাদন) সং, ক্লীং, যে চরণকে আবৃত করে, মোজা।

চরণায়ুধ, (চরণ = পা—আয়ুধ=অস্ত্র। চরণই যাহার অস্ত্রস্বরূপ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কুক্কুট, কুঁকুড়া। [বিশেষ।

চর্বী, (যবনভাষা)সং,বসা, শরীরস্থ ধাতু-

চরম, (চর্+অম—প্রং) সং, ত্রিং, অন্ত, শেষ। পশ্চিম। পুং, অন্তিমকাল।

চরমলেখ, (চরম—লিখ্=লেখা+ঘঞ্—প্রং) সং, পুং, জীবনের শেষ অবস্থায় যাহা লেখা যায়, উইল।

চরমক্ষ্মাভৃৎ, চরমাচল, চরমাদ্রি (চরম=পশ্চিম—ক্ষ্মাভৃৎ, অচল, অদ্রি=পর্ব্বত, ৬ষ্ঠী—ষ) সং,পুং, যে পর্ব্বতে সূর্য্য অস্ত যায়, অস্তাচল।

চরস, (দেশজ) সং, মাদক দ্রব্যবিশেষ, গাঁজার আটা।

চরাচর, (চর্=গমনকরা+অল্—প্রং, চর স্থানে চরাচর) সং, ত্রিং, স্থাবর ও জঙ্গম। "চরাচরাণাং ভূতানাং কুক্ষিরাধারতাং গতঃ" কুমার। ক্লীং, জগৎ।

চরাণি, (চারণ শব্দজ) সং, মাঠ, ময়দান, পশুচারণস্থান। [পুং, পশু। প্রাণী

চরি, (চর=গমনশীল+ই—প্রং) সং,

চরিত, (চর্ = আচরণকরা, গমনকরা, করা+ক্ত—প্রং) সং, ক্লীং, আচরণ। অনুষ্ঠান। কার্য্য। "ক্রমং যযৌ কন্দুকলীলয়াপি যা তয়া মুনীনাং চরিতং ব্যগাহত" কুমার। রীতি। সঞ্চার। চেষ্টিত। বিং, ত্রিং, অনুষ্ঠিত, কৃত। সফল। সিদ্ধ, ফলিত। সম্পন্ন। আশ্রিত, ভক্ষিত।

চরিতাখ্যায়ক, (Biographer, চরিত—আ—খ্যা=বর্ণনা করা+ণক—ক) সং, পুং, যে ব্যক্তি খ্যাতনামা লোকের জীবন বৃত্তান্ত লিপিবদ্ধ করে।

চরিতার্থ, (চরিত=সফল—অর্থ=প্রয়োজন, ৩য়া—হিং+৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, কৃতার্থ, যাহার কর্ম্ম সফল হইয়াছে, সফলপ্রয়োজন। কৃতকার্য্য, সফল কার্য্য। অন্বর্থ। "প্রবৃত্তিরাসীচ্ছব্দানাং চরিতার্থা চতুষ্টয়ী" কুমার।

চরিতার্থিত, (চরিতার্থ+ইত—প্রং) বিং, ত্রিং, কৃতার্থীকৃত, যে চরিতার্থতা প্রাপ্ত হইয়াছে।

চরিত্র, (চর+ইত্র—সংজ্ঞার্থে) সং, ক্লীং, স্বভাব। আচরণ। বৌদ্ধদিগের ধর্ম্মশাস্ত্র বিশেষ। ত্রা—স্ত্রীং, তেঁতুল গাছ।

চরিষ্ণু, (চর্=গমন করা+ইষ্ণু—ক, শীলার্থে) বিং, ত্রিং, গমনশীল, জঙ্গম।

চরু, (চর্ = ভক্ষণকরা+উ—সংজ্ঞার্থে, যাহা দেবতারা ভোজন করেন) সং, পুং, যজ্ঞীয় পায়স।

চর্চ্চরী, (চর্চ্চ্=বলা, শব্দকরা+অর—প্রং) সং, স্ত্রীং, উৎসব, চাঁচর। বাদ্যবিশেষ। রাগভেদ। গীতিবিশেষ। "মধুরমভিহন্যমান মৃদুমৃদঙ্গানুগত সংগীত মধুরঃ পুরঃ পৌরাণা মুচ্চরতি চর্চ্চরীধ্বনিঃ"।

চর্চ্চা, (চর্চ্চি=অনুশীলনকরা+আ—ভা) সং, স্ত্রীং, আলোচনা, অনুশীল। চিন্তা, অনুধ্যান। বিচার। লেপন।

চর্চ্চিত, (চর্চ্চা+ইত—সংজাতার্থে) বিং, ত্রিং, চন্দনাদি দ্বারা লেপিত। আলোচিত, অনুশীলিত।

চর্পট, (চর্প্ [সৌত্র ধাতু] নিম্ন বা বিস্তৃত হওয়া+অট—প্রং) সং,পুং, চপেট, চাপড়। বিস্তার।

চর্ভট, (চারু=মনোহর শব্দ—ভট=যে করে। নিপাতন) সং, পুং, কাঁকুড়। টী—স্ত্রীং, উৎসববিশেষ।

চর্ম্ম, চর্ম্মন্, (চর্=গমনকরা+ম, মন্—প্রং) সং, ক্লীং, ছাল, চামড়া, ত্বক্। "শিবমি বাহুগতং গজচর্ম্মণা"ভারবি। ঢাল।

চর্ম্মকার, চর্ম্মার, (চর্ম্ম—কার=যে করে, ২য়া—ষ। চর্ম্ম—আর [ঋ=গমনকরা+ঘঞ—প্রং] যে পায়, ২য়া—ষ) সং, পুং, চামার, মুচি "কারাবরো নিষাদাত্তু চর্ম্মকারঃ প্রসূয়তে"।

চর্ম্মগ্রন্থি, (চর্ম্ম—গ্রন্থি=গাঁট, ৬ষ্ঠী—ষ) সং, পুং, চামড়ার গাঁট।

চর্ম্মচটকা, (চর্ম্ম—চটক=চড়াই পাখী। যে চর্ম্ম-পক্ষ বিশিষ্ট চটকের ন্যায়, অথবা —চট্=আঘাত করা+অক—ক) সং, স্ত্রীং, চাম্‌চিকা। বাদুড়।

চর্ম্মচটী, (চর্ম্ম—চট=যে আঘাত করে, ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, চাম্‌চিকা। বাদুড়।

চর্ম্মচিত্রক, সং,ক্লীং, শ্বেতকুষ্ঠ, ধবলরোগ।

চর্ম্মজ, (চর্ম্ম—জ=জাত, উৎপন্ন) সং, ক্লীং, রোম, লোম। রক্ত। বিং, ত্রিং, চর্ম্ম হইতে উৎপন্ন।

চর্ম্মণ্বতী, (চর্ম্মন্+বৎ—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, দশপুর নগরের নদী। এইরূপ প্রথিত আছে যে, দশপুররাজ রন্তিদেবের গোমেধযজ্ঞ কালে স্তূপাকারে স্থাপিত মৃত গোচর্ম্ম হইতে রস নির্গত হইয়া একটী প্রকাণ্ড নদী উৎপন্ন হয়। গোচর্ম্মরস হইতে উৎপন্ন হইয়াছে বলিয়া এই নদী চর্ম্মন্বতী নামে খ্যাত হইয়াছে। কলা গাছ।

চর্ম্মতরঙ্গ, (চর্ম্ম—তরঙ্গ ঢেউ) সং, পুং, চর্ম্ম সঙ্কোচ, শিথিলিত চর্ম্ম। বলি।

চর্ম্মদণ্ড, (চর্ম্ম [চামড়া] দণ্ড-চর্ম্মাবৃতদণ্ড) সং, পুং, চাবুক।

চর্ম্মপত্রা, (চর্ম্ম—পত্র=পক্ষ, ৬ষ্ঠী—হিং, আ—অল্পার্থে) সং, পুং, চাম্‌চিকা। বাদুড়। [কা, উপানৎ, জুতা।

চর্ম্মপাদুকা, সং, স্ত্রীং, চর্ম্ম নির্ম্মিত পাদু-

চর্ম্মপ্রভেদিকা, (চর্ম্ম—প্র—ভিদ=ভেদকরা+ণক—ক) সং, স্ত্রীং, চামারের অস্ত্রবিশেষ, চর্ম্মবেধনাস্ত্র। ফোড়।

চর্ম্মপ্রসেবক, (চর্ম্ম—প্র—সিব্=সেলাইকরা+ণক—প্রং। যাহা স্যূত বা চর্ম্মে

নির্ম্মিত) সং, পুং, বিকা—স্ত্রীং, ভস্ত্রা, জাঁতা।

চর্ম্মমুণ্ডা, (চর্ম্ম=ঢাল—মুণ্ড=মুণ্ডিত ম-স্তক। যাঁহার মস্তক ঢালের ন্যায় গো-লাকার, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, দুর্গা।

চর্ম্মরু, (চর্ম্ম—রু=ধ্বনিকরা+ক্বিপ্—প্রং। অথবা—শ্ব = গমনকরা + উ—প্রং) সং, পুং, চর্ম্মকার।

চর্ম্মী, (চর্ম্মিন্, চর্ম্ম=ঢাল+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, চর্ম্মধারী, ঢালী। ভূর্জ্জ বৃক্ষ। কদলীবৃক্ষ।

চর্য্যা, (চর্=আচরণকরা+য—ভা, আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, অনুষ্ঠান। আ-চরণ, ব্যবহার। চরিত্র। গতি।

চর্ব্বণ, (চর্ব্ব=চিবান+অনট্—ভা) সং, ক্লীং, ণা—স্ত্রীং, দন্ত দ্বারা চূর্ণ করণ। চিবান। স্বাদগ্রহণ।

চর্ব্বিত, (চর্ব্ব+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, চিবান। ভক্ষিত। স্বাদিত।

চর্ব্ব্য, (চর্ব্ব+য—র্ম্ম) বিং, ত্রিং, যাহা চিবাইয়া খাইতে হয়, চর্ব্বণীয়, চর্ব্বণের যোগ্য।

চর্ষণি, সং, পুং, জন, লোক, ব্যক্তি।

চল, (চল্=যাওয়া+অচ্—ক) বিং, ত্রিং, চঞ্চল, অস্থির। জঙ্গম। কম্পিত। লা—স্ত্রীং, লক্ষ্মী। বিদ্যুৎ। গন্ধদ্রব্য।

চলকর্ণ, (চল—কর্ণ=Hypotenuse) সং, পুং, কোন গ্রহের পৃথিবী হইতে যথার্থ দূরত্ব।

চলচঞ্চু, (চল=চঞ্চল—চঞ্চু=পাখিরঠোঁট, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চকোর পক্ষী।

চলচিত্ত, (চল—চিত্ত=মন) বিং, ত্রিং, যাহার চিত্ত স্থির নহে। অস্থির চিত্ত। অব্যবস্থিত চিত্ত। যাহার মতের স্থিরতা নাই। ক্লীং, অস্থিরতা, পরিবর্ত্তনীয়তা।

চলৎ, (চল দেখ, শতৃ—ক) বিং, ত্রিং, কম্পমান, চঞ্চল। যাহা নড়িতেছে। গমনশীল।

চলৎপূর্ণিমা, (চলৎ=কম্পমান—পূর্ণিমা=পূর্ণচন্দ্র। যে পূর্ণচন্দ্রের ন্যায় দীপ্তিমান্ ও শুভ্রবর্ণ) সং, স্ত্রীং, একপ্রকার ক্ষুদ্র মৎস্য। চাঁদা মাছ।

চলৎশক্তি, সং, স্ত্রীং, গতিশক্তি, চলিবার [ক্ষমতা।

চলদঙ্গ, (চলৎ=চঞ্চল, কম্পমান—অঙ্গ=দেহ। ক—যোগে চলদঙ্গকও হয়) সং, পুং, মৎস্যবিশেষ। চেঙ্গমাছ।

চলদল, (চল=চঞ্চল—দল=পত্র, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অশ্বথ বৃক্ষ। "অশ্বথঃ চলদল পিপ্পলঃ।"

চলদ্বিষ, সং, পুং, কোকিল।

চলন, (চল +অনট্—ভা) সং, ক্লীং, কম্পন। গমন। ভ্রমণ। "স্বধর্ম্মাদ্ধি মনু-ষ্যাণাং চলনং ন প্রশস্যতে।" পুং, চরণ, পদ। মৃগবিশেষ। (দেশজ) চলিত থাকা, ব্যবহার। নী—স্ত্রীং, পরিধেয় বস্ত্র, ঘাঘ্রা। বিং, ত্রিং, যে অথবা যাহা চলে।

চলপত্র, (চল্+পত্র=পাতা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অশ্বথ বৃক্ষ।

চলাচল, (চল দেখ, অ—প্রং। চল স্থানে চলাচল) বিং, ত্রিং, অত্যন্ত চঞ্চল। (চল—অচল) চলিত অচলিত, প্রচলিত, অপ্রচলিত। সং, পুং, গবী। (দেশজ) চলা না চলা। ব্যবহার থাকা না থাকা। "চলচ্চিত্তং চলদ্বিত্তং চলজ্জীবন যৌ-বনং। চলাচল মিদং সর্ব্বকীর্ত্তির্যস্য স

চলাতঙ্ক, সং, পুং, বাতরোগ।

চলি, সং, পুং, আচ্ছাদনীয় বস্ত্র। গাত্রাব-রক বস্ত্র। র‍্যাপার। (দেশজ) যাই। গমনকরি।

চলিত, (চল+ক্ত—ক) বিং, ত্রিং, কম্পিত, গত, প্রস্থিত। অস্থির, চঞ্চল, (দেশজ) ব্যবহৃত, প্রচলিত।

চলিষ্ণু, (চল+ইষ্ণু—ক, শীলার্থে) বিং, ত্রিং, যাহা একস্থানে স্থির নহে। গমনশীল।

চলু, (চল দেখ, উ—প্রং) সং, পুং, গ-[ণ্ডূষ। একআজলা জল।

চলুক, (চল + উক—প্রং) সং, পুং, হস্তকোষ। ক্ষুদ্র ভাণ্ড। ক্লীং, হস্তকোষ ধৃত জল।

চলেন্দ্রিয়, (চল—ইন্দ্রিয়=কামাদিরিপু, ৬ষ্ঠী--হিং) যাহার ইন্দ্রিয় গণ চঞ্চল অর্থাৎ বশীভূত নহে। অজিতেন্দ্রিয়।

চক্কন, (দেশজ) সং, উথলিত, কোন তরল পদার্থের বেগবশতঃ বহিঃ পতন। চলকে পড়া। [বিশেষ, ৪০।

চল্লিশ, (চত্বারিংশৎ শব্দজ) বিং, সংখ্যা

চশমা, (যাবনিক) সং, দৃষ্টির সাহায্যকারী কাচনির্ম্মিত নয়নাবরণ।

চষক, (চষ্=ভোজনকরা+অক—ণ) সং, পুং,—ক্লীং, মদ্যপান পাত্র। মদখাইবার গ্লাস। ক্লীং, মদ্যবিশেষ। মধু। "মুখং লালাক্লিন্নং পিবতি চষকং সাসবমিব।" [রণ। লাঙ্গলদেওয়া। চষা।

চষণ, (দেশজ) সং, কর্ষণ, ভূমি বিদা-

চষতি, (কৃষ=বিদারণকরা+তি, ক=চ, ঋ=ষ) সং, পুং, নাশ, ধ্বংস।

চষাল, (চষক দেখ, আল—সংজ্ঞার্থে) সং, পুং, যজ্ঞীয় পশুবন্ধনার্থ কাষ্ঠস্তম্ভ। যূপ, সাঁপি, যূপোপরিস্থ কাষ্ঠনির্ম্মিত ও অধঃস্থ লৌহনির্ম্মিত বলয়। মৌচাক, মধুপ। [বৃক্ষবিশেষের পত্র।

চা, সং, (যাবনিক) শরীর পুষ্টিকর

চাট, (দেশজ) সং, গব্যাদিপশুর পদাঘাত।

চাউনি, (দেশজ) সং, দৃষ্টি, অবলোকন।

চাউল, (চালনী দ্বারা পরিষ্কৃত হইত বলিয়া বোধ হয় চাল বা চাউল নাম হইয়াছে) সং, তণ্ডুল, পরিষ্কৃত ধান্য।

চাওন, (দেশজ) সং, যাজ্ঞা, প্রার্থনা। চাওয়া। অবলোকন।

চাঁই, (দেশজ) বিং, প্রধান, মূলীভূত। সং, লোষ্ট্র, ঢিল। মাটীর চাপড়া।

চাঁচ (দেশজ) সং, নলনির্ম্মিত আস্তরণ, দরমা। [চাঁচা।

চাঁচন, (দেশজ) সং, ছোলন, সূক্ষ্মকরণ।

চাঁচর, (দেশজ) সং, কোঁকড়ান চুল। দোলের পূর্ব্বদিনকৃত্য বহ্ন্যুৎসব।

চাঁদ, (চন্দ্র শব্দজ) সং, নিশাকর, শশাঙ্ক। দা—মাথট, মাধুকরী বৃত্তি। দী—বিশুদ্ধ রৌপ্য। মাথার উপরিভাগ।

চাঁদনী, (চন্দ্রাতপ শব্দজ) সং, চাঁদোয়া। বারাণ্ডা। স্তম্ভোপরি ছাদযুক্ত প্রাঙ্গন। চাতাল। [পাইল।

চাঁদোয়া, (পূর্ব্বে দেখ) সং, চান্দ্রতপ,

চাঁপা, (চম্পক শব্দজ) সং, চম্পক পুষ্প।

চাক, (চক্র শব্দজ) সং, মধুক্রম, মৌচাক কুম্ভকারের চক্র। [পরীক্ষা।

চাকন, (দেশজ) সং, আস্বাদন। স্বাদ-

চাকর, (যাবনিক) সং, ভৃত্য, কর্ম্মচারী। রাণী—দাসী। রি—দাসত্ব। রান—ভৃত্যের ভরণার্থ তাহাকে নিষ্করে প্রদত্ত ভূম্যাদি।

চাকলা, (চক্র শব্দজ) সং, প্রদেশ, অঞ্চল।

চাকা, (চক্র শব্দজ) সং, রথাদির চক্র।

চাকচক্য, সং, ক্লীং, দীপ্তি, উজ্জ্বলতা।

চাক্রিক, (চক্র=সমূহ ইত্যাদি+ষ্ণিক—প্রং) সং, পুং, ঘাণ্টিক। কলু। গাড়োয়ান। বিং, ত্রিং, চক্রসম্বন্ধীয়। গোলাকার।

চাক্ষুষ, (চক্ষুস্+ষ্ণ—ইদমর্থে) বিং, ত্রিং, চক্ষুদ্বারা যাহা উৎপন্ন হয় যেমন চাক্ষুষ জ্ঞান। চক্ষু দ্বারা যাহা গৃহীত হইতে পারে, প্রত্যক্ষ, চক্ষুর গোচর। সং, ক্লীং, চক্ষুর্জন্য জ্ঞান, চক্ষে দেখা। পুং, ষষ্ঠ মনু।

চাঙ্গ, (চঙ্গ=সুন্দর+অন্) সং, পুং, দন্তের সৌষ্ঠব বা সৌন্দর্য্য।

চাঙ্গা, (দেশজ) বিং, সুস্থ, নীরোগ, সবল। রোগাদির পর পুনঃ বলপ্রাপ্ত।

চাঙ্গারী, (দেশজ) সং, বংশশলাকা নির্ম্মিত পাত্রবিশেষ।

চাঞ্চল্য, (চঞ্চল+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, চঞ্চলতা, অস্থিরতা।

চাট, (চট্=আঘাতকরা+ঘঞ্—প্রং) সং, পুং, বিশ্বাসঘাতক, চোর, প্রতারক। (দেশজ) সং, মুখরোচনার্থ খাদ্য দ্রব্যবিশেষ।

চাটকের } (চটক=চড়ুই পাখী+এর
চাটকৈর } ঐর—অপত্যার্থে)সং, পুং,
চটক পুত্র। চড়ুইপাখীর বাচ্ছা।

চাটন, (দেশজ) সং, জিহ্বা দ্বারা রসাস্বাদন। লেহন।

চাটু, চটু (চট্ [ক্রোধ] ভেদকরা+উ—প্রং) সং, পুং,—ক্লীং, স্তুতি বাক্য, খোশামুদিয়া কথা। মিথ্যা প্রিয় বাক্য, অনুচিত প্রিয় বাক্য, তোষামোদ। "প্রিয়ঃপ্রিয়ায়াঃ প্রকরোতি চাটুম্।"

চাটুকার, (চাটু=স্তুতিবাক্য—কার যে করে, ২য়া—ষ) বিং, ত্রিং, প্রিয়ভাষী, খোশামুদিয়া।

চাটুপটু, চাটুবটু (চাটু=স্তুতিবাক্য—পটু নিপুণ, ৭মী—ষ) সং, পুং, ভণ্ড, ভাঁড়। প্রতারক, তোষামুদী, যে বিলক্ষণ তোষামোদ করিতে পারে। মোসাহেব।

চাটুবাদ, (চাটু=প্রিয়—বাদ=বচন, য়ং—স) সং, পুং, প্রিয়বাক্য। অন্যের মনস্তুষ্টির নিমিত্ত অনুচিত প্রিয়বাক্য কথন।

চাটুবাদী—দিন্ } (চাটু=প্রিয়-বাদী,
চাটুভাষী—ষিন্ } ভাষী=যে বলে)
বিং, ত্রিং, চাটুকার।

চাটূক্তি, (চাটু=প্রিয়—উক্তি=কথন য়ং—স) সং, স্ত্রীং, অযথার্থ প্রিয়বাক্য, স্তুতিবাক্য। মিথ্যা স্তুতিবাক্য।

চাণক্য,(চণক মুনিবিশেষ+য-অপত্যার্থে) সং, পুং, মুনিবিশেষ, ইনি নন্দবংশের উচ্ছেদ সাধন করিয়া চন্দ্রগুপ্তকে মগধরাজ্যের সিংহাসনে প্রতিষ্ঠিত করেন। বাৎসায়ন মুনি। গ্রন্থকারবিশেষ। পণ্ডিতবিশেষ, বিষ্ণুগুপ্ত। ক্লীং, চাণক্যপ্রণীত গ্রন্থবিশেষ।

চাণূর; সং, পুং, দৈত্যবিশেষ, কংসের [মল্লবিশেষ।

চাণূরসূদন, (চাণূর—সূদন=যে বধ করে, ২য়া—ষ) সং, পুং, কৃষ্ণ।

চাণ্ডাল, (চণ্ডাল+অ—স্বার্থে) সং, পুং, লী—স্ত্রীং, নিষাদ, নিষাদী। "অপূর্ব্বকর্ম্মচাণ্ডালময়িমুগ্ধেবিমুঞ্চমাম্" উ, চ।

চাণ্ডালিকা, সং, স্ত্রীং, পার্ব্বতী। লতাবিশেষ।

চাতক, (চৎ=যাচ্ঞাকরা+অক—প্রং। যে মেঘের নিকট জল প্রার্থনা করে। এই চাতকেরা বৃষ্টির জল ভিন্ন অন্য জল পান করে না এইরূপ প্রসিদ্ধি আছে) সং, পুং, স্বনাম প্রসিদ্ধ পক্ষী। "ধারা নৈব পতন্তি চাতক মুখে মেঘস্য কিং দূষণম্"।

চাতকানন্দন, (চাতক—আনন্দন=হর্ষণ) সং, পুং, বর্ষাকাল।

চাতাল, (চত্বর শব্দজ) সং, অবেষ্টিত স্থান, অনাবৃত স্থল।

চাতুর, (চতুর=কুশল অথবা চতুর্=চারি +অল ক যোগে চাতুরকও হয়) বিং, ত্রিং, চক্ষুর্গোচর। প্রত্যক্ষ। অনুমেয়। রথচালক। চালক। দক্ষ। কার্য্যকুশল। রী—স্ত্রীং, নিপুণতা, চাতুর্য্য। পুং, গালবালিশ। ক্লীং, গাড়ি। চারি ব্যক্তির বসিবার স্থান বিশিষ্ট গাড়ি।

চাতুরাশ্রম্য, (চতুর্ চার—আশ্রম বিধি +য—স্বার্থে) সং, ক্লীং, ব্রহ্মচর্য্য, গার্হস্থ্য, বানপ্রস্থ, ভিক্ষু এই চারি আশ্রমের ধর্ম্ম।

চাতুরিক, (চতুর=রথ+ইক—প্রং) সং, পুং, সারথি, রথাদি পরিচালক।

চাতুরী, (চতুর+অ—ভাবে, কর্ম্মণি। ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, চতুরতা, নৈপুণ্য। (দেশজ) প্রবঞ্চনা। শঠতা।

চাতুর্ম্মাস্য, (চতুর্ চার—মাস+য--স্বার্থে) সং, ক্লীং, চতুর্ম্মাস সাধ্য ব্রতবিশেষ,এই ব্রত আষাঢ় মাসের শুক্ল দ্বাদশী বা পূর্ণিমাতে আরম্ভ করিয়া কার্ত্তিক মাসের শুক্ল দ্বাদশীতে উদ্‌যাপন করিতে হয়।

চাতুর্য্য, (চতুর+য—ভাবে) সং, ক্লীং, চতুরতা, নৈপুণ্য। (দেশজ) প্রবঞ্চনা। শঠতা।

চাতুর্ব্বর্ণ্য, (চতুর্=চার—বর্ণ=জাতি, য

—স্বার্থে) সং, পুং, ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র এই চারি জাতি। ক্লীং, চারিবর্ণের ধর্ম্ম। বিং, ত্রিং, চতুর্ব্বর্ণ-সম্বন্ধীয়।

চাত্বাল, (চৎ [প্রার্থনাকরা] দেবতার্চ্চনা করা+বাল—সংজ্ঞার্থে) সং, পুং, গর্ত্ত, গহ্বর।

চান্দ্র, (চন্দ্র+অ—ইদমর্থে). বিং, ত্রিং, চন্দ্রসম্বন্ধীয়। চন্দ্রনিয়মিত। চান্দ্র ব্যাকরণাধ্যায়ী। সং, পুং, চন্দ্রকান্ত মণি। ত্রিংশৎ তিথি ঘটিত মাস, চান্দ্রমাস। চন্দ্রলোক। ক্লীং, চান্দ্রায়ণ ব্রত। ব্যাকরণবিশেষ। ন্দ্রী—স্ত্রীং, চন্দ্রিকা, জ্যোৎস্না। চন্দ্রপত্নী। "চতুর্ণাং মাসানাং সৌরসাবন নাক্ষত্রচান্দ্রাণাম্"।

চান্দ্রমস, (চন্দ্রমস্=চন্দ্র+অ—ইদমর্থে) বিং, ত্রিং, চন্দ্রসম্বন্ধীয়। সং, ক্লীং, মৃগশিরা নক্ষত্র।

চান্দ্রমাস, (চন্দ্র=চন্দ্রসম্বন্ধীয়—মাস) সং, পুং, ত্রিংশৎতিথিঘটিত মাস। অমাবস্যা বা পূর্ণিমা হইতে এই মাসের গণনা আরম্ভ করিতে হয়।

চান্দ্রায়ণ, (চন্দ্র+আয়ন—প্রং, অথবা চান্দ্র=চন্দ্রলোক—অয় প্রাপ্তি+অন—ণ) সং, পুং—ক্লীং, চন্দ্রব্রত, শুক্ল প্রতিপদ্ অবধি অমাবস্যা পর্য্যন্ত এক মাস প্রত্যহ আহারের বিশেষ নিয়ম। প্রায়শ্চিত্তবিশেষ।

চাপ, (চপ্ [বাণ] ক্ষেপণকরা+ঘঞ্—ণ, অথবা চপ বংশবিশেষ+অ—বিকারার্থে) সং, পুং—ক্লীং, ধনুক। বৃত্তের অংশ বিশেষ (Segment of a circle.)

চাপড়, (চপেট শব্দজ) সং, করতল, থাবড়া।

চাপদণ্ড, (piston) যাহা দ্বারা জলাদি উর্দ্ধগত ও অধোগত হয়, যেমন পিচ্কারীর দণ্ড।

চাপন, (দেশজ) সং, ভারদেওন, টিপন।

চাপল } চাপল্য } (চপল+অ, য—ভাবে, কর্ম্মণি) সং, ক্লীং, চপলতা, চাঞ্চল্য। অস্থৈর্য্য। ঔদ্ধত্য। অনবস্থিতি। অবিমৃষ্যকারিতা।

চাবী, (যাবনিক) সং, কুলুপের কাঠী, ছোড়ান। কুঞ্চিকা।

চাবুকা, সং, স্ত্রীং, ক্ষুদ্র গোল বালিশ। তাকিয়া। [ত্বক্, ছাল।

চাম, চামড়া, (চর্ম্মন্ শব্দজ) সং, চর্ম্ম,

চামচা, (চমস্ শব্দজ) সং, দর্ব্বী, হাতা।

চামচিকা, (চর্ম্মচটিকা শব্দজ) সং, চর্ম্ম-

চামচিকা।

চটী, রাত্রিচর পক্ষিবিশেষ।

চামর, (চমর—মৃগবিশেষ+অ—ইদমর্থে) সং, ক্লীং, রী—স্ত্রীং, চমরীপুচ্ছ নির্ম্মিত। ব্যজনবিশেষ, বালব্যজন।

চামরপুষ্প, (চামর—পুষ্প। যাহার পুষ্প সকল চামরের মত স্তবকে হয়) সং, পুং, পূগবৃক্ষ, সুপারিগাছ। আম্রবৃক্ষ। কেতকী পুষ্পের গাছ। কাশতৃণ।

চামরী, (চামরিন্, চামর+ইন্-অস্ত্যর্থে। ইহার [ঘোটকের] পুচ্ছ চামরের ন্যায়) সং, পুং, ঘোটক, অশ্ব।

চামার, (চর্ম্মার শব্দজ) সং, পাদুকা নির্ম্মাতা, অতি নীচজাতি। মুচী।

চামীকর, (চমীকর=আকর+অ—ভবার্থে) সং, ক্লীং, স্বর্ণ।

চামুণ্ডা, (চণ্ড=অসুরবিশেষ—মুণ্ড=মস্তক। চণ্ড স্থানে চা। চণ্ডাসুরেরমুণ্ডকে আক্রমণ করিয়া ছিলেন বলিয়া ইঁহার নাম চামুণ্ডা, অথবা চমূ=সেনা—লা গ্রহণকরা+ড—প্রং। নিপাতন অথবা চ=চন্দ্র — মুণ্ড=মস্তক ইঁহার মস্তক চন্দ্রের ন্যায়) সং, স্ত্রীং, দুর্গা। "যস্মা চণ্ডঞ্চ মুণ্ডঞ্চ গৃহীত্বা ত্বমুপাগতা। চামুণ্ডেতি ততো লোকে খ্যাতা দেবি ভবিষ্যসি"।

চাম্পিলা, সং, স্ত্রীং, নদীবিশেষ।

চাম্পেয়, (চম্পা দেশবিশেষ+ষ্ণেয়—প্রং) সং, ক্লীং, স্বর্ণ। চম্পক। নাগকেশর। কিঞ্জল্ক। [খাদ্য দ্রব্য।

চাম্প, (চম=ভক্ষণকরা+ণ্যৎ) সং, ক্লীং,

চার, (চর্=গমনকরা + অ—ভা, ক, ধি সং,পুং, গতি, উদ্রেক। শৃঙ্খল। বন্ধন। কারাগার। বৃক্ষবিশেষ। ইতস্ততঃ ভ্রমণ। (চর+অ—স্বার্থে) প্রণিধি, গুপ্তচর। ক্লীং, কৃত্রিম বিষ।

চারক, (চারি=গমনকরান+অক—ক) বিং, ত্রিং, যে চরায়, যথা—গোচারক, পশুচারক। বন্ধন, শৃঙ্খল। সঙ্গী।

চারচক্ষুঃ, (চারচক্ষুস্, চার—চক্ষুস, ৬ষ্ঠী—হিং, ইহারা স্বচক্ষে দেখেননা, চরেরাই ইহাদের চক্ষু স্বরূপ) সং, পুং, রাজা, নৃপতি। "যস্মাৎ পশ্যন্তি দূরস্থাঃ সর্ব্বানর্থান্নরাধিপাঃ। চারেণ তস্মাদুচ্যন্তে রাজানশ্চারক্ষুষঃ।

চারচণ, (চার+চণপ্) বিং, ত্রিং, যাহার গতি অতি সুন্দর। প্রিয়দর্শন।

চারণ, (চারি [যশকে] গমনকরান+অন—ক) সং, পুং, নট। নর্ত্তক। দেবযোনিবিশেষ। ধর্ম্মশাস্ত্রাধ্যায়ী। ভাট। স্তুতিপাঠক। কারাগার। বন্দী, করি। চরান, মাঠে লইয়া খাওয়ান, যথা—গোচারণ।

চারবায়ু, (চার=যে গমনকরায়—বায়ু) সং, পুং, গ্রীষ্মকালীন বায়ু। সুখসেব্য বায়ু।

চারভট, (চার=[প্রশংসা প্রভৃতির] প্রসারণ, গতি—ভট=যে কামনা করে) সং, পুং, বীরপুরুষ। যোদ্ধা।

চারা, (দেশজ) সং, ক্ষুদ্রবৃক্ষ। উপায়।

চারি, (চতুর বা চত্বার শব্দজ) বিং, চতুষ্টয় সংখ্যা, ৪।

চারিত, (চারি=গমনকরান + ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে চরাণ গিয়াছে। সঞ্চারিত। পরিক্রত।

চারিত্র } (চরিত্র+অ, য—স্বার্থে)
চারিত্র্য } সং, ক্লীং, চরিত্র, স্বভাব। দুষ্ট চরিত্র। "নৃশংসে দুষ্ট চারিত্রে কুলস্যাস্য বিনাশিনি কিং কৃতং তব রামেন পাপে পাপং ময়াপি বা" রামায়ণ। ত্রা—স্ত্রীং, তেঁতুল গাছ।

চারু, (চর=গমনকরা, উ—প্রং) বিং, ত্রিং, সুন্দর, মনোরম, সুদৃশ্য, সুশোভন। "সর্ব্বং প্রিয়ে চারুতরং বসন্তে"।

চারুগর্ভ, চারুগুপ্ত, চারুদেষ্ণ (চারু—গর্ভ আশ্রয়, গুপ্ত রক্ষিত) সং, পুং, শ্রীকৃষ্ণের পুত্র।

চারুতা, (চারু+তা—ভাবে) সং, স্ত্রীং, মনোহারিতা, সৌন্দর্য্য। "প্রিয়েষু সৌভাগ্যফলাহি চারুতা" কুমার।

চারুনালক, (চারু—নাল, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, রক্তপদ্ম।

চারুফলা, (চারু=সুন্দর—ফল, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, দ্রাক্ষালতা।

চারুলোচন, (চারু=সুন্দর—লোচন=নয়ন ৬ষ্ঠী—হিং) সং, পুং, হরিণ। না—স্ত্রীং, হরিণাক্ষী। বিং,ত্রিং, সুন্দরনেত্র।

চারুশিলা, (চারু—শিলা=প্রস্তর, য়—স) সং, স্ত্রীং, মণি, রত্ন।

চারুশীল, (চারু—শীল=স্বভাব, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সুশীল, সৎস্বভাব।

চার্চ্চিক্য, (চর্চ্চিকা [চর্চ্চ্=সুন্দর হওয়া+অক—প্রং] চন্দনাদি দ্বারা বিলেপন+ষ্ণ্য) সং, ক্লীং, গাত্রে চন্দনাদিবিলেপন।

চার্ম্ম, (চর্ম্ম+ষ্ণ—ইদমর্থে) সং, পুং, চর্ম্মাবৃত রথ। বিং, ত্রিং, চর্ম্মাচ্ছাদিত।

চার্ম্মণ, (চর্ম্মন্=চামড়া+ষ্ণ—সমূহার্থে) সং, ক্লীং, চর্ম্মসমূহ। বিং, ত্রিং, চর্ম্মনির্ম্মিত।

চার্ম্মিণ, (চর্ম্মিন্+ষ্ণ—সমূহার্থে) সং, ক্লীং, চর্ম্মিসমুদায়, ঢালিসমূহ।

চার্ব্বাক, (চারু—বাক্=বাক্য, ৬ষ্ঠী—হিং, নিপাতন) সং, পুং, নাস্তিক বিশেষ। তার্কিক বিশেষ। এই মতে সচেতন-

দেহ ভিন্ন আত্মা নাই; সুখই পরম পুরুষার্থ; প্রত্যক্ষ-মাত্র প্রমাণ; পৃথিবী, জল, বায়ু অগ্নি, এই চারি ভূত হইতে সমুদায় বস্তু সৃষ্ট হইয়াছে। ইহারা পরলোক ও পুনর্জ্জন্ম স্বীকার করে না; বৃহস্পতি, এই মতের প্রবর্ত্তক। "সর্ব্বথা লোকায়তমেব শাস্ত্রম্ যত্র প্রত্যক্ষমেব প্রমাণম্ পৃথিব্যপ্তেজোবায়বস্তত্ত্বানি। অর্থকামৌ পুরুষার্থৌ। ভূতান্যেব চেতয়ন্তে। নাস্তি পরলোকঃ। মৃত্যুরেবাপবর্গ ইতি,'।

চার্ব্বী, (চারু=মনোহর+ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, মনোহারিণী স্ত্রী। কুবেরপত্নী। দীপ্তি। জ্যোৎস্না।

চাল, (চল্=গমনকরা+ঘঞ্—প্রং। যে গৃহোপরি গমন করে) সং, পুং, গৃহের আচ্ছাদন। ছাদ। (দেশজ, রীতি। তণ্ডুল।

চালক, (চালি=চালান+ণক—ক) সং, পুং, মত্ত হস্তী। বিং, ত্রিং, যে ব্যক্তি শকটাদি চালায়, গাড়োয়ান।

চালন, (চালি+অনট্—ভা) সং, ক্লীং, এক স্থান হইতে অন্যস্থানে নয়ন, চালান। না—স্ত্রীং, অনুশীলন। চর্চ্চা, প্রস্তাব, সূচনা।

চালন, (চালি [শস্যকে] চালান+অ—ণ) সং, ক্লীং, নী—স্ত্রীং, ছাঁকনী, শস্যাদি ছাঁকিবার জন্য বহুছিদ্রযুক্ত পাত্র।

চালনীন্যায়—ন্যায় (২১) দেখ।

চালাক, (দেশজ) বিং, চতুর, নিপুণ। কী—চতুরতা।

চালিত, (চালি+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে চালান গিয়াছে। স্থানান্তরিত। প্রস্তাবিত। অনুশীলিত।

চাষ, (চষ্=ভক্ষণকরা+অ—প্রং) সং, পুং, স্বর্ণচাতক, সোণাচড়ুই, নীলকণ্ঠ পক্ষী। (দেশজ) কৃষিকর্ম্ম। ষা—কৃষিজীবী, কৃষক।

চাস, (চষ্ [মৎস্যাদি] বধকরা+অ—প্রং) সং, পুং, পক্ষিবিশেষ, নীলকণ্ঠ পক্ষী। ইক্ষু, আক।

চাহন, (বাঙ্গালা চাহ্+অন) সং, ভিক্ষাকরণ, যাচ্ঞা।

চিক, (চিক্কণ শব্দজ) সং, কণ্ঠাভরণ। বংশশলাকা রচিত পর্দ্দাবিশেষ। [স্বশ্রী।

চিকণ, (পূর্ব্বে দেখ) বিং, স্নিগ্ধ, চক্‌চকে,

চিকিৎসক, (চিকিৎস [কিত=রোগনষ্টকরা+সন্—স্বার্থে, দ্বিত্ব] রোগের প্রতীকারকরা+অক-ক) সং, পুং, বৈদ্য।

চিকিৎসা, (চিকিৎসক দেখ, আ—ভা) সং, স্ত্রীং, রোগপ্রতীকার। "ঋক্ষবানরমুখ্যানাং চিকিৎসামকরোত্তদা"।

চিকিৎসিত, (পূর্ব্বে দেখ, ক্ত—ভা, র্ম্ম) সং, ক্লীং, চিকিৎসা করা। বিং, ত্রিং, যাহার চিকিৎসা হইয়াছে।

চিকিৎস্য, (পূর্ব্বে দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, প্রতীকার্য্য।

চিকিল, (চিক্=ব্যাঘাতকরা+ইল—প্রং নিপাতন) সং, পুং, পঙ্ক, কাদা।

চিকীর্ষা, (চিকীর্ষ [কৃ=করা+সন্—ইচ্ছার্থে] করিতে ইচ্ছা করা+অা—ভা) সং, স্ত্রীং, করিবার ইচ্ছা।

চিকীর্ষিত, (চিকীর্ষা দেখ, ক্ত-র্ম্ম) বিং, ত্রিং, করিবার নিমিত্ত অভিপ্রেত, বাঞ্ছিত।

চিকীর্ষু, (চিকীর্ষা দেখ, উ—ক) বিং, ত্রিং, করিতে ইচ্ছুক।

চিকুর, (চি=বর্দ্ধিতহওয়া+কুর—সংজ্ঞার্থে, অথবা চি=অব্যক্ত শব্দ—কুর্ শব্দকরা+অ—ক) সং, পুং, কেশ "চিকুরপ্রকরা জয়ন্তি তে" নৈষধ। পর্ব্বত। সর্প। সরীসৃপ। পক্ষিবিশেষ। বিং, ত্রিং, অপরাধী। চপল, চঞ্চল।

চিক্ক, (চিক্=অনুকরণ শব্দ—ক [কৈ শব্দকরা+ড—ক] যে শব্দ করে। অথবা চিক্ কাতরহওয়া+অ—প্রং) সং, পুং, ছুছুন্দরী, ছুঁচা।

চিক্কণ, (চিৎ=বোধকরা+কণ—প্রং। ত্=ক্) বিং, ত্রিং, চিকণ, স্নিগ্ধ, চক্‌চ

কিয়া। সং, পুং, সুপারিগাছ। ক্লীং, সুপারি। ণা—স্ত্রীং, উত্তম গাভি, চক্‌চকে গোরু।

চিক্কণশল্কী, (Ganoidea) যাহাদের শল্ক চিক্কণ ও অস্থিময়, যথা—ষ্টর্জিয়ন মৎস্য

চিঙ্গট, চিঙ্গেট, চিঙ্গড়, (চিঙ্গ=সুন্দর—অট, এট=যে গমন করে, অড়=যে ব্যাপে) সং, পুং, চিঙ্গড়ী মাছ।

চিঙ্গটী, (চিঙ্গট+ঈ—অল্পার্থে) সং, স্ত্রীং, ছোট চিঙ্গড়ী।

চিঙ্গড়ী, (চিঙ্গটশব্দজ) সং, মৎস্যবিশেষ।

চিঙ্গড়ী।

চিচিণ্ড, সং, পুং, ফলবিশেষ, চিচিঙ্গা।

চিচ্ছক্তি, (চিৎ—শক্তি) সং, স্ত্রীং, তত্ত্বজ্ঞান। চৈতন্য।

চিঞ্চা, (চিম্ [চম্=ভোজনকরা+ক্বিপ্ প্রং] ভোজন—চর্ গমনকরা+ড—প্রং যাহা ভোজনীয়। অথবা অত্যম্ল বলিয়া যাহার দ্বারা মুখ চিন্‌চিন্ করে) সং, স্ত্রীং, তিন্তিড়ীবৃক্ষ। তেঁতুল।

চিটা, (দেশজ) বিং, আটাল, চট্‌চটে।

চিটী, চিঠী, (দেশজ) সং, পত্র, লিপি।

চিত, (চি=সংগ্রহকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, সঞ্চিত। রচিত। গুম্ফিত। আচ্ছাদিত। ব্যাপ্ত।

চিতা, (চিত দেখ, আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, শবদাহ স্থান, চুল্লী, চুলা। শবদাহার্থ সজ্জিত কাষ্ঠরাশি।

চিতাবাঘ, সং, ব্যাঘ্রবিশেষ।

চিতি, (চিত+ক্তি — ভা) সং, স্ত্রীং চিতা। রাশি, চয়। সমূহ। ইষ্টকাদি পরিমাণ জ্ঞাপক অঙ্কবিশেষ। ইষ্টকাদি পুঞ্জ। নির্ব্বিষয় জ্ঞান।

চিৎ, (চিত্=বোধকরা+ক্বিপ্—প্রং) সং, স্ত্রীং, জ্ঞান, চৈতন্য। অং, প্রত্যয়বিশেষ। যথা, কিঞ্চিৎ, কদাচিৎ।

চিত্ত, (চিত্+ক্ত—সংজ্ঞার্থে। যাহার দ্বারা জানা যায়) সং, ক্লীং, হৃদয়, মনঃ, মানস। "সত্ত্বানামপি লক্ষ্যতে বিকৃতিমচ্চিত্তং ভয়ক্রোধয়োঃ।" "চিত্তে নিবেশ্য পরিকল্পিত সর্ব্বযোগান্ রূপোচ্চয়েন বিধিনা বিহিতা কৃশাঙ্গী" শকুন্তলা।

চিত্তজ্ঞ, (চিত্ত—জ্ঞ=যে জানে) বিং, ত্রিং, যে মনের ভাব বুঝিতে পারে।

চিত্তজন্মা, চিত্তযোনি (চিত্তজন্মন্, চিত্ত—জন্মন্ জন্ম, যোনি=উৎপত্তিস্থান) সং, পুং, মনোভূ, মনোভব, কন্দর্প।

চিত্তপ্রসাদ, (চিত্ত—প্রসাদ=প্রসন্নতা) সং, পুং, মনের সন্তোষ, মনে অসুখকর চিন্তাদির অভাব।

চিত্তবিক্ষেপ, (চিত্ত—বিক্ষেপ [বি+ক্ষিপ +ঘঞ্] ক্ষেপণ। ৬ষ্ঠী—ষ) সং,পুং, এক বিষয় হইতে অন্যবিষয়ে চিত্তক্ষেপণ, মনঃ সংযোগ রাহিত্য, চিত্ত চাঞ্চল্য।

চিত্তবিপ্লব, চিত্তবিভ্রম (চিত্ত—বিপ্লব=বিকৃতি, বিভ্রম=ভ্রান্তি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বুদ্ধিভ্রংশ, বাতুলতা, উন্মাদ।

চিত্তবৃত্তি, (চিত্ত—বৃত্তি=ভাব) সং, স্ত্রীং, মৈত্রী, করুণা, মুদিতা, উপেক্ষা, এই চতুর্ব্বিধ মানসিক বৃত্তি। চিত্তের অবস্থা, মনোগত ভাব। মানসিক ব্যাপার। "অহো রাগাপহৃত চিত্ত বৃত্তি রালিখিতইব বিভাতি সর্ব্বতো রঙ্গঃ" শকুন্তলা।

চিত্তসমুন্নতি, (চিত্ত=মনঃ—সমুন্নতি=সম্যক্ প্রকারে উন্নতি) সং, স্ত্রীং, অভিমান, অহঙ্কার। চিত্তের উন্নত অবস্থা।

চিত্তহারী, (চিত্তহারিন্, চিত্ত—হারী=যে হরণ করে) বিং, ত্রিং, যে চিত্ত হরণ করে, মনোহারী।

চিৎপাত, (চিৎ=উত্তান—পাত=পতন) সং, চিৎহইয়া পড়ন।

চিত্য, (চিতা+য—প্রং। অথবা চি=সং-গ্রহ করা+য—প্রং। নিপাতন) সং, পুং, অগ্নি। ত্যা—স্ত্রীং, চিতা। চয়ন।

চিত্র, (চিত্র্=চিত্রিতকরা, আশ্চর্য্যান্বিতকরা +অ -প্রং) সং, ক্লীং, আলেখ্য, ছবি। "চিত্রার্পিতারম্ভ ইবাবতস্থে" কুমার। "যদ্‌যৎ সাধু ন চিত্রেস্যাৎ ক্রিয়তে তত্তদন্যথা" শকুন্তলা। রঙ্‌ দেওয়া, আশ্চর্য্য, অদ্ভুত, তিলক। শব্দালঙ্কার বিশেষ। "তচ্চিত্রংযত্র বর্ণানাং খড়্গাদ্যাকৃতি হেতুতা" কাব্য প্রকাশ। আকাশ। পুং, আকাশ, যম। এরণ্ড বৃক্ষ। চিতাগাছ। নানাবর্ণ, কর্ব্বুরবর্ণ। পুং,—ক্লীং, নানাবর্ণ। বিং, ত্রিং, নানা বর্ণ বিশিষ্ট। নানাবিধ। আশ্চর্য্যজনক। ত্রা—স্ত্রীং, মায়া। নক্ষত্রবিশেষ। নদীবিশেষ। অপ্সরাবিশেষ। চিতিসাপ।

চিত্রক, (চিত্র+ক—যোগ) সং, ক্লীং, চিত্র। তিলক। (চিত্র—ক কৈধাতুজ) পুং, ব্যাঘ্রবিশেষ, চিতাবাঘ। (চিত্র্+অক—প্রং) চিত্রকারক।

চিত্রকণ্ঠ, (চিত্র=বিচিত্র, চিহ্নযুক্ত—কণ্ঠ=গলা, ৬ষ্ঠী—হিং)সং, পুং, বনকপোত, পায়রা। ঘুঘু।

চিত্রকম্বল, (চিত্র=বিচিত্র—কম্বল, য়ং—স) সং, পুং, ছুলিচা, গালিচা প্রভৃতি আসন।

চিত্রকর, চিত্রকৃৎ চিত্রকার } (চিত্র=ছবি—কর, কৃৎ,কার=যেকরে, ২য়া—ষ) সং, পুং, শূদ্রার গর্ভে বিশ্বকর্ম্মার ঔরসে জাত বর্ণ। সঙ্কর জাতিবিশেষ, পটুয়া জাতি, যে ছবি লেখে।

চিত্রকায়, (চিত্র=বিচিত্র, চিহ্নযুক্ত—কায় দেহ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চিত্রক, চিতাবাঘ। [ঘটিত বাক্য।

চিত্রকাব্য, সং, ক্লীং, পদ্মবন্ধ প্রভৃতি

চিত্রকূট, (চিত্র আশ্চর্য্য, চিত্রিত—কূট =শিখর, ৬ষ্ঠী—হিং) সং, পুং, রামগিরি, বুন্দেলখণ্ড দেশস্থ প্রসিদ্ধ কাম্‌তা পাহাড়, এক্ষণে তাহা চিত্রকোট নামে প্রসিদ্ধ।

চিত্রগত, (চিত্র—গত=গিয়াছে) বিং, ত্রিং, চিত্রার্পিত, চিত্রলিখিত।

চিত্রগন্ধ, (চিত্র—গন্ধ) সং, ক্লীং, হরিতাল।

চিত্রগুপ্ত, (চিত্র=লেখন—গুপ্ত=যে রক্ষা করে) সং, পুং, যমবিশেষ, চতুর্দ্দশ যমের এক যম। যমের লেখক।

চিত্রণ, (চিত্র্=চিত্রিতকরা+অনট্—ভা) সং, ক্লীং, ণা—স্ত্রীং, লিখন, চিত্রকরণ।

চিত্রত্বক্, (চিত্রত্বচ্, চিত্র—ত্বচ্=ছাল) সং, পুং, ভূর্জ্জপত্র বৃক্ষ।

চিত্রপট, (চিত্র=ছবি—পট=বস্ত্র)সং, ক্লীং, যে বস্ত্রখণ্ডের উপর ছবি আঁকা যায়।

চিত্রপদা, (চিত্র=আশ্চর্য্য—পদ=চরণ) সং, স্ত্রীং, অষ্টাক্ষরচ্ছন্দোবিশেষ, যাহার ২য় ৩য় ৫ম এবং ৬ষ্ঠ বর্ণ লঘু, অবশিষ্ট বর্ণ গুরু।

চিত্রপাদা, (চিত্র=বিচিত্রিত, চিহ্নযুক্ত—পাদ=পা) সং, স্ত্রীং,সারিকা পক্ষিণী।

চিত্রপিচ্ছক, (চিত্র—পিচ্ছ=লেজ) সং, পুং, ময়ূর।

চিত্রপুঙ্খ, (চিত্র=আশ্চর্য্যজনক—পুঙ্খ বাণের পক্ষযুক্ত স্থান) সং,পুং, শর,বাণ।

চিত্রপৃষ্ঠ, (চিত্র=বিচিত্রিত, চিহ্নযুক্ত—পৃষ্ঠ=পিঠ) সং, পুং, কলবিঙ্কপক্ষী, চটক। [চিতল্‌মাছ।

চিত্রফল, (চিত্র=আশ্চর্য্য—ফল) সং,পুং,

চিত্রফলক, (চিত্র=বিচিত্র—ফলক) সং, ক্লীং, যাহার উপরে ছবি আঁকা যায়।

চিত্রভানু, (চিত্র=বিচিত্র—ভানু=কিরণ। সপ্ত জিহ্বা রূপ অর্চি হওয়াতে যাহার বিচিত্র কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সূর্য্য। অগ্নি। অর্কবৃক্ষ, আকন্দ গাছ। ভৈরব।

চিত্রমেখল, (চিত্র=বিচিত্র, চিহ্নযুক্ত—মেখলা=কটিভূষণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ময়ূর।

চিত্রযোধী, (চিত্রযোধিন্, চিত্র=অদ্ভুত—যোধিন্ যে যুদ্ধ করে) সং, পুং, অর্জ্জুন। অর্জ্জুন বৃক্ষ। বিং, ত্রিং, যে অদ্ভুত রূপে যুদ্ধ করে।

চিত্ররথ, (চিত্র=চিত্রিত—রথ, ৬ষ্ঠী—হিং) সং,পুং, সূর্য্য। গন্ধর্ব্ববিশেষ; ইনি দক্ষকন্যার গর্ভে কশ্যপের ঔরসে জন্মগ্রহণ করেন।

চিত্রল, (চিত্র=বিচিত্র—ল=যে উৎপন্ন হয়) বিং, ত্রিং, চিত্রবর্ণ, নানাবর্ণ।

চিত্রলেখা, সং, স্ত্রীং, বাণ রাজার মন্ত্রীর কন্যা, উষার সখী। অপ্সরাবিশেষ। ১৮ অক্ষর ছন্দোবিশেষ, যাহার ৫ম অবধি ১০ম পর্য্যন্ত বর্ণ ১৩শ এবং ১৬ শ বর্ণ লঘু, অবশিষ্ট বর্ণ গুরু।

চিত্রবদাল,(চিত্র=চিত্রিত—বদাল=মৎস্যবিশেষ) সং, পুং, বোয়াল মাছ।

চিত্রশার্দ্দূল, (চিত্র=চিত্রিত, কর্ব্বুরবর্ণ—শার্দ্দূল=বাঘ) সং, পুং, চিতাবাঘ।

চিত্রশালা, চিত্রশালিকা (Museum, চিত্র=আশ্চর্য্য বস্তু—শালা শালিকা=গৃহ) সং, স্ত্রীং, চিত্রবহুল গৃহ, যে স্থানে ইতিবৃত্ত, এবং প্রাকৃতিক বিজ্ঞান সম্বন্ধীয় কৌতূহলোদ্দীপক বস্তুসকল স্থাপিত থাকে। চিত্রকরণ গৃহ।

চিত্রশিখণ্ডিজ, (চিত্রশিখণ্ডী=সপ্তর্ষির মধ্যে একজন, অঙ্গিরাঃ—জ=জাত) সং, পুং, বৃহস্পতি।

চিত্রশিখণ্ডী, (—ণ্ডিন্, চিত্র=আশ্চর্য্য—শিখণ্ড=চূড়া+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, মরীচি, অঙ্গিরা, অত্রি, পুলস্ত্য, পুলহ, ক্রতু ও বশিষ্ঠ এই সপ্ত ঋষি। "মরীচি রঙ্গিরা অত্রিঃ পুলস্ত্যঃ পুলহঃ ক্রতুঃ, বশিষ্ঠশ্চেতি সপ্তৈতে জ্ঞেয়াশ্চিত্রশিখণ্ডিনঃ।"

চিত্রাঙ্গ, (চিত্র=চিত্রিত বা চিহ্নযুক্ত—অঙ্গ=দেহ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, চিত্রিত বা অঙ্কিত দেহযুক্ত। সং, ক্লীং, হিঙ্গুল। হরিতাল। পুং, সর্প। রাঙ্চিতার গাছ। ঙ্গী—স্ত্রীং, মঞ্জিষ্ঠা। কীটবিশেষ। কাণকোটারি।

চিত্রাঙ্গদ, (চিত্র—অঙ্গ=শরীর—দ যে দান করে) সং, পুং, নৃপবিশেষ, ধৃতরাষ্ট্র ও পাণ্ডুর পূর্ব্বপুরুষ। শান্তনুপুত্র, বিচিত্রবীর্য্যের ভ্রাতা। গন্ধর্ব্ববিশেষ। নরকের বিচারক। দা—স্ত্রীং, রাবণের মহিষী। অর্জ্জুনের স্ত্রী।

চিত্রাটীর, (চিত্র—অট=ভ্রমণকরা+ঈরণ) সং, পুং, চন্দ্র। ঘণ্টাকর্ণের অর্চ্চনাকালে বলিপ্রদত্ত ছাগের শোণিত লাঞ্ছিত ললাট। [রঞ্জীকৃত অন্ন,খিচরান্ন, খিচুড়ী।

চিত্রান্ন, (চিত্র—অন্ন=ভক্ত) সং, ক্লীং,

চিত্রায়স, (চিত্র—অয়স্=লৌহ, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, লৌহ, তীক্ষ্ণ ইস্পাত।

চিত্রার্পিত, (চিত্র—অর্পিত, ৭মী—ষ) বিং, ত্রিং, চিত্রফলকে লিখিত। নিশ্চেষ্ট। স্পন্দহীন। "চিত্রার্পিতারম্ভ ইবাবতস্থে"। উত্তরচরিত।

চিত্রিক, (চিত্রা=নক্ষত্রবিশেষ+ইক—তদ্‌যুক্ত-মাস) সং, পুং, চৈত্রমাস।

চিত্রীণী; সং, স্ত্রীং, নায়িকাবিশেষ।

চিত্রিত, (চিত্র=চিত্রিত করা+ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহা চিত্রফলকে অঙ্কিত করা হইয়াছে, চিত্রার্পিত। নানাবর্ণ যুক্ত। চিহ্নিত। রঞ্জিত। [প্রভু) সং, পুং, চন্দ্র।

চিত্রেশ, (চিত্রা=নক্ষত্রবিশেষ। ঈশ=

চিত্রোক্তি, (চিত্র=অদ্ভুত—উক্তি=বাক্য) সং, স্ত্রীং আকাশ-বাণী। দৈববাণী। অদ্ভুতগল্প। হৃদয়গ্রাহী বাক্যবিন্যাস।

চিদাত্মা, (চিদাত্মন্, চিৎ=জ্ঞান—আত্মা, য়ং—স) সং, পুং, জ্ঞানস্বরূপ আত্মা, জ্ঞান রূপ। পরমাত্মা। "সত্যানন্দচিদাত্মতা"।

চিদাভাস, (চিৎ—আভাস=দীপ্তি, প্রতিবিম্ব, ৬ষ্ঠী—ষ) সং, পুং, জ্ঞানের আভাস, জ্ঞানের বিকাশ। জ্ঞান। জীবাত্মা।

চিদ্রূপ, (চিৎ—রূপ=স্বরূপ, প্রকার) বিং, পুং, জ্ঞানময়, আত্মা। জ্ঞানী। বিং,

ত্রিং, প্রিয়। স্ফূর্ত্তিমান্। প্রশস্তচেতাঃ। মনস্বী।

চিনন, (দেশজ) সং, জানা, অবগত হওয়া।

চিনা, (পূর্ব্বেদেখ) সং, চিহ্ন। নিদর্শন, বিং, পরিচিত। [কারবিশেষ।

চিনি, (দেশজ) সং, শর্করা, গুড়েরবি-

চিন্তক, (চিন্তি=ভাবনাকরা+অক—ক) বিং, ত্রিং, যে ভাবনা করে, চিন্তয়িতা।

চিন্তন—ক্লীং, চিন্তা—স্ত্রীং (চিন্তি= ভাবনাকরা +অনট আ-ভা) সং, ধ্যান, উপাসনা, অনুধ্যান। উদ্বেগ। ভাবনা। স্মরণ। আলোচনা, কোন বিষয় স্থির বা স্মরণ করিবার নিমিত্ত মনোমধ্যে অনুশীলন। "চিন্তাং দীর্ঘতমাং প্রাপ্তঃ। তস্য চিন্তা সমুৎপন্না"।

চিন্তাবেশ্ম, (চিন্তাবেশ্মন্, চিন্তা—ভাবনা —বেশ্মন্=গৃহ) সং, ক্লীং, মন্ত্রাগার, মন্ত্রণাগৃহ, যে গৃহে বসিয়া মন্ত্রণা করা যায়

চিন্তামণি, (চিন্তা—মণি=রত্ন, ৬ষ্ঠী—ষ) সং পুং, অভীষ্ট ফল প্রদায়ক রত্নবিশেষ। স্পর্শমণি। ব্রহ্মা। বুদ্ধবিশেষ। "কাচমূল্যেন বিক্রীতো হন্ত চিন্তামণির্ময়া"। "যথা চিন্তামণিং স্পৃষ্ট্বা লৌহং কাঞ্চনতাং ভজেৎ"।

চিন্তিত, (চিন্তা দেখ, ত—র্ম্ম, ক) বিং, ত্রিং, স্মৃত। ভাবিত, আলোচিত। অনুশীলিত। চিন্তাকারক। চিন্তান্বিত। যে বিষয় চিন্তা করা হইয়াছে। ক্লীং, চিন্তা, ভাবনা। [alarm.

চিন্তোক্তি, সং, স্ত্রীং, Midnight-cry,

চিন্ত্য, (চিন্তা দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, ভাবনার বিষয়। চিন্তনীয়, দূষ্য।

চিন্ত্যমান, (চিন্তা দেখ, শান—র্ম্ম) বিং, ত্রিং, যাহা চিন্তা করা হয়।

চিন্ময়, (চিৎ+ময়—প্রং) বিং, ত্রিং, জ্ঞানময়, ঈশ্বর।

চিপিট, চিপিটক, চিপুট, চিবিট (নিপিট্=চেপ্টাকরা+অ—প্রং, নিপাতন, নি=চি অথবা পিট=চেপ্টা করা+ক) সং, পুং, চিড়া। বিং, ত্রিং, চেপ্টা। যাহার নাসিকা চেপ্টা। আনত নাসিক।

চিমটন, (দেশজ) সং, নখদ্বারা পীড়ন, খামচান।

চিম্‌টা, (দেশজ) সং, জ্বলদঙ্গার ধারণার্থ লৌহনির্ম্মিত যন্ত্র। সোন্না।

চিমি, চিমিক (চি=অনুকরণ শব্দ—মি উচ্চারণ করা+ক্বিপ্—ক ; ক—যোগে চিমিক) সং, পুং, শুকপক্ষী বৃক্ষবিশেষ।

চির, (চিরম্ শব্দজ) ক্রিং—বিং, বহুকাল, অনন্তকাল। বিং, ত্রিং, দীর্ঘকালস্থায়ী।

চিরকর্ম্মা, (চিরকর্ম্মন্, চিরম্—কর্ম্মন্= ক্রিয়া, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, দীর্ঘসূত্রী, চিরক্রিয়।

চিরকারী, (চিরকারিন্, চিরম্—কারিন্ যে করে) বিং, ত্রিং, দীর্ঘসূত্রী।

চিরক্রিয়, (চিরম্—ক্রিয়া, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, দীর্ঘসূত্রী, চিরকারী, বিলম্বে কার্য্যকারক।

চিরগত, বিং, ত্রিং, বহুদিন হইতে অনুপস্থিত।

চিরচেষ্টিত, (চির=বহুকাল—চেষ্টিত= অন্বেষিত) বিং, ত্রিং, যাহা বহুকাল হইতে অন্বেষণ করা যাইতেছে। যাহা কদাচিৎ ঘটে।

চিরজীবক, (চিরম্—জীবক=জীবিত) সং, পুং, বৃক্ষবিশেষ, জীবক বৃক্ষ।

চিরজীবী, চিরঞ্জীবী (চিরজীবিন্ চিরম—জীব্ বাঁচা+ইন্—ক) বিং, ত্রিং, বহুকাল স্থায়ী। দীর্ঘায়ুঃ। সং, পুং, বিষ্ণু। কাক। জীরকবৃক্ষ। শাল্মলি বৃক্ষ। মার্কণ্ডেয়। অশ্বত্থামা, বলি, ব্যাস, হনূমান, বিভীষণ, কৃপ, পরশুরাম এই সাত জনকে চিরজীবী কহে। যাহার কখন মৃত্যু হইবে না, অমর। "অশ্বত্থামা বলির্ব্যাসঃ হনূমাংশ্চ বিভীষণঃ। কৃপঃ পরশুরামশ্চ সপ্তৈতে চিরজীবিনঃ"।

চিরণ, চেরণ, (দেশজ) সং, বিদারণ।
চিরণ্ডী, চিরিণ্ডী, (চির—অট্, ইট্ গমনকরা, নিপাতন। সং, স্ত্রীং, বিবাহিতাই হউক অথবা অবিবাহিতাই হউক যে স্ত্রীলোক বয়স্থা হইলেও পিতৃগৃহে বাস করে। পিতৃগৃহস্থিতা কামিনী। অল্পবয়স্কা নারী। [ভূনিম্ব, চিরতা।
চিরতা, চিরাতা, (চিরতিক্ত শব্দজ) সং, চির-তিক্ত. সং, পুং, চিরতা।
চিরত্ন } (চিরম্+ত্ন, তন—ভবার্থে)
চিরন্তন } বিং, ত্রিং, পুরাতন। চিরকালীন। চিরাগত। যাহা বহুকাল হইতে চলিয়া আসিতেছে।
চিরনীহারবাহু, (Glacier) চিরনীহার সীমার অধোভাগে যে তুষাররাশি সংহত হইয়া থাকে।
চিরনীহারসীমা, (Snow-line) পর্ব্বতের যে অঙ্গ নিরন্তর নীহার মণ্ডিত থাকে তাহার নিম্ন রেখা।
চিরম্, চিররাত্রায়, চিরস্য, চিরাৎ, চিরায়, চিরেণ, চির } (দ্বিতীয়াদি বিভক্ত্যন্ত) ক্রিং, —বিং,অং, বহুকাল। পুনঃ পুনঃ। অনবরত।
চিরপ্রবাসী, (চিরপ্রবাসিন্) বিং, ত্রিং, যে ব্যক্তি বহুদিন বাটী ছাড়িয়া দূরদেশে অবস্থান করে। যথা "রোগী চিরপ্রবাসী, পরান্নভোগী, পরাবসথশায়ী। যজ্জীবতি তন্মরণং যন্মরণং সোঽস্য বিশ্রামঃ" হিতোপদেশ।
চিরমিত্র—ক্লীং } সং, বহুকালের মিত্র।
চিরবন্ধু—পুং } অনেক দিনের বন্ধু।
চিরমেহী, (চিরমেহিন্, চির=চিরম্শব্দজ —মিহ্=প্রস্রাবকরা, সিক্তকরা+ইন্—ক) সং, পুং—স্ত্রীং, গর্দ্দভ।
চিরম্ভণ, (চি=অনুকরণ চীৎকার ধ্বনি—রন্ভ্=আরম্ভকরা+অনট্—ক) সং, পুং, চিল। পক্ষীবিশেষ।
চিররাত্র, (চির চিরম্শব্দজ—রাত্রি) সং, ক্লীং, বহুরাত্রি, বহুকাল।
চিরবিল্ব, (চির চিরম্শব্দজ—বিল্=ভাগ করা+ব—প্রং) সং, পুং, করঞ্জ-বৃক্ষ।
চিরবৃষ্টিমণ্ডল, সং, যে দেশে অনবরত বৃষ্টি পতিত হইয়া থাকে।
চিরসূতা, (চিরম্—সূতা=প্রসূতা। চিরসূতিকা শব্দও হয়) সং, স্ত্রীং, বহুকাল প্রসবিনী গবী। যে গোরুর অনেক বাচুর হইয়াছে।
চিরস্থায়ী, (—য়িন্, চিরম্—স্থা=থাকা +ইন্—ক) বিং, ত্রিং, যাহা অনেক দিন থাকে, দীর্ঘকালস্থায়ী। অবিনশ্বর।
চিরাগত, (চির—আগত) বিং, ত্রিং, যাহা বহুকাল হইতে চলিয়া আসিতেছে, যাহা বরাবর চলিত আছে। অনেকদিনের পর উপস্থিত।
চিরায়ুঃ, (চিরায়ুস্, চির—আয়ুস্=জীবন) বিং, ত্রিং, চিরজীবী। দীর্ঘজীবী।
চিরি, (চি=অনুকরণ চীৎকার শব্দ—রা উচ্চারণকরা+ই—ক)সং,পুং,শুকপক্ষী।
চিরু, (চির্=আঘাতকরা+উ—প্রং) সং, ক্লীং, বাহুসন্ধি, স্কন্ধ ও বাহুদ্বয়ের মিলন স্থল। [কাঁকুই।
চিরুণী, চিরণী (দেশজ) সং, কঙ্কতিকা,
চির্ভটী, সং, স্ত্রীং, ফুটী, কাঁকুড়। "তন্তুক্ষয় তাবদমৃতরসাশ্চির্ভটীঃ।"
চিল, (চিল্ল শব্দজ) সং, পক্ষিবিশেষ।
চিলমীলিকা, (চির=চিরম্শব্দজ—মীল্ =চক্চক্ করা+ইক—প্রং। র=ল)সং, স্ত্রীং,কণ্ঠাভরণ,হার। খদ্যোত। বিদ্যুৎ।
চিল্ল, (চিল্ল=বিলাসকরা+অ—প্রং) সং, পুং, চিল পক্ষী।
চিল্লাভ, (চিল্ল=চিল—আভ [আ—ভা দীপ্তিপাওয়া+অ—প্রং] দীপ্ত, সমতুল্য। চিলের মত ছোঁ মারিয়া যে লইয়া যায়) সং, পুং, সামান্য চোর। হাতছেঁচড়। ছিচকেচোর। [বা চূর্ণকরণ।
চিবণ, (চর্ব্বণ শব্দজ) সং, দন্তদ্বারা পেষণ
চিবি, চিবু—পুং } (চীব= গ্রহণকরা
চিবুক—ক্লীং, } +ই, উ—প্রং, ক

—যোগ) সং, দাড়ী, থুতনি।

চিহ্ন, (চিহ্ন লক্ষ্যকরা+অ—ণ) সং, ক্লীং, দাগ। কলঙ্ক, পতাকা, ধ্বজা। লক্ষণ, যে কার্য্য দেখিয়া কারণের অনুমান করা যায়।

চিহ্নিত, (চিহ্ন দেখ, ত—র্ম্ম, ভা) বিং, ত্রিং, চিহ্নযুক্ত। অঙ্কিত। (Covenanted) যাঁহারা ইংলণ্ডে পরীক্ষা দিয়া আসিয়া এদেশে কিছুকাল দেশীয় শিক্ষা প্রাপ্ত হইয়া কর্ম্মে প্রবৃত্ত হন, তাঁহাদিগকে ইংলণ্ডে একখানি প্রতিজ্ঞাপত্রে স্বাক্ষর করিয়া দিয়া আসিতে হয়।

চীৎকার, (চীৎ = অনুকরণশব্দ—কার করণ) সং, পুং, উচ্চৈধ্বর্নি, চেঁচান।

চীন, (চি=চয়নকরা+ন—প্রং, ই=ঈ) সং, পুং, মৃগবিশেষ। দেশবিশেষ। পুং, বহুং, চীনদেশীয় লোক। ক্লীং, স্বক্ষ্ম বস্ত্রবিশেষ। ধ্বজ, পতাকা। "বাজিনাং চ সহস্রাণি, চীনদেশোদ্ভবানি চ"।

চীনজ, (চীন—জ উৎপন্ন) সং, ক্লীং, ইস্পাত।

চীনপিষ্ট, (চীন দেশবিশেষ—পিষ্ট পিটা। বঙ্গদেশের উত্তর-পশ্চিমস্থ পাহাড় ও চিনদেশ হইতে যাহা বহুপরিমাণে আনীত হয়) সং, ক্লীং, সিন্দূর বিশেষ, চীনের সিঁদুর। সীসা।

চীনবঙ্গ, সং, ক্লীং, সীসা।

চীনাংশুক, (চীন=ধ্বজা অথবা স্বনামখ্যাত দেশ—অংশুক=বস্ত্র) সং, ক্লীং, ধ্বজবস্ত্র, ধ্বজার কাপড়। চীনদেশোদ্ভব বস্ত্র। রেশমী কাপড়।

চীর, (চীন দেখ, র—প্রং, ই=ঈ, কিম্বা কৃ বিক্ষেপ করা + অ—র্ম্ম) সং, ক্লীং, ছিন্ন বস্ত্রখণ্ড; নেকড়া। গাছের ছাল। মালাবিশেষ। সীসা। বুদ্ধের পরিচ্ছেদ। লেখন। পরিচ্ছদের প্রান্তভাগ। রেখা। চীরকুট। "ক্রমচীরৈরলঙ্কৃতঃ(সৌমিত্রিঃ) চীরকৃষ্ণাজিনাম্বরৈঃ। চীরাণি কিং পথি ন সন্তি"।

চীরভৃৎ, চীরী—রিন্ } (চীর—ভৃৎ=যে ধারণ করে, ২য়া—ষ। চীর+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, তাপস। চীরধারী, বল্কলধারী।

চীর্ণ, বিং, ত্রিং, কৃত। সঞ্চিত। শিক্ষিত। অনুশীলিত। আলোচিত। বিভক্ত। খণ্ডিত। বিদারিত।

চীর্ণপর্ণ, (চীর্ণ=খণ্ডিত—পর্ণ=পত্র) সং, পুং, নিমগাছ। খেজুর গাছ।

চীবর, (চীন দেখ, বর—প্রং) সং, ক্লীং, কৌপীন, চীর। বল্কল। বৌদ্ধ সন্ন্যাসীর পরিধেয় বস্ত্র।

চীবরী, (চীবরিন্, চীবর=ভিক্ষুকের বস্ত্র +ইন্-অস্ত্যর্থে) সং,পুং, বৌদ্ধ সন্ন্যাসী।

চুয়ান, চোয়ান, (দেশজ) সং, নিঃসরণ। ক্ষরণ, গলন। [স্তন।

চুঁচি, (চুচুক শব্দজ) সং,স্তনের বোঁটা।

চুক, (দেশজ) সং, ভুল, ভ্রমে পড়া।

চুকন, (দেশজ) সং, ধারশোধ দেওয়া। শান দেওয়া।

চুক্কার, (চুক্ক [চুক্ক=কাতরহওয়া+অ—প্রং] কাতরাণি, ক্লেশ—আরি ঘটান+অ—প্রং) সং, পুং, সিংহনাদ।

চুক্তি, (দেশজ) সং, সমাধা, নিষ্পত্তি।

চুক্র, চুক্রক, (চক্ তৃপ্তহওয়া+র—সংজ্ঞার্থে। অ=উ। ক—যোগে চুক্রক (সং, ক্লীং, চুকপালম শাক। [চোঙ্গা।

চুঙ্গী, (দেশজ) সং, নলী, খোল নল।

চুচুক, চূচুক, (চুচু অনুকরণ শব্দ—কৈ শব্দকরা+অ—প্রং। শিশুর স্তনপান করিবার সময় 'চুচু' এই শব্দ হয়) সং, পুং—ক্লীং, কুচাগ্রভাগ। স্তনের বোঁটা।

চুঞ্চু, সং, পুং, ছুঁছা। বিং, ত্রিং, (কোন শব্দের পর ব্যবহৃত হইলে) বিখ্যাত প্রসিদ্ধ, যথা—ন্যায়চুঞ্চু, অক্ষরচুঞ্চু ইত্যাদি।

চুঞ্চুরী; (চিঞ্চা=তেঁতুল—র, রা পাওয়া বা দানকরা+অ—প্রং। চিঞ্চা=চুঞ্চ। ল—প্রত্যয়ে চুঞ্চুলী শব্দও হয়) সং,

স্ত্রীং, কাঁইবিচিদ্বারা খেলা। টক্কা ফক্কা-খেলা।

চুড়ী, চূড়ী, (দেশজ) সং, স্ত্রীলোকদিগের হস্তাভরণবিশেষ। [বিশেষ।

চুণী, (দেশজ) সং, লোহিতবর্ণ ক্ষুদ্র রত্ন

চুণ্টা, চুণ্টী, (চুন্‌ট্‌ ক্ষুদ্রহওয়া, গভীর বা অগভীর হওয়া+অ—প্রং। আ. ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, কূপসন্নিহিত ক্ষুদ্রতর জলাশয়। [লওয়া।

চুনন, (দেশজ) সং, নির্ব্বাচন। বাছিয়া

চুন্দী, (চুদ্‌=অন্বেষণকরা+অ—প্রং। ন্‌—আগম। ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, কুট্‌নী,কুট্নী। যে অন্বেষণ করিয়া দেয়।

চুপ, (দেশজ) বিং, নীরব, মৌন। নিঃশব্দ। [টুকরী। ঝেঁকী।

চুপড়ী (দেশজ) সং, ক্ষুদ্র করণ্ডিকা,

চুব্র, (চুন্‌ব্‌=চুম্বনকরা+র—সংজ্ঞার্থে) সং, ক্লীং, বক্ত্র, মুখ।

চুমুক, (চুম্ব ধাতুজ) সং, দ্রব্যাধারে ওষ্ঠ সহযোগে তরল পদার্থ পান। দুগ্ধাদি পান।

চুম্‌কী, (পূর্ব্বে দেখ) সং, জলপাত্রবিশেষ, ক্ষুদ্র ঘটী। হীরকখণ্ডের ন্যায় উজ্জ্বল ক্ষুদ্র ক্ষুদ্র গোলাকার রঙ্গনির্ম্মিত পদার্থ। পুত্তলিকাদি সজ্জিত করিবার সময় বস্ত্রাদির ঔজ্জ্বল্যসম্পাদনার্থ ইহা ব্যবহৃত হয়।

চুম্বক, (চুম্ব্‌=চুম্বনকরা+অক—ক) সং, পুং, লৌহাকর্ষক মণি, চুম্বক পাথর। বিং, ত্রিং, শঠ, লম্পট, কামুক। সংগ্রহকর্ত্তা, যে নানা গ্রন্থ হইতে অনেক বিষয় আকলন করে। বহুশাস্ত্রদর্শী। যাহার একদেশমাত্রে দৃষ্টি আছে। চুম্বনকারী, যে চুম্বন করে।

চুম্বন, (চুম্বক দেখ, অনট্‌—ভা) সং, ক্লীং, মুখে মুখস্পর্শ, চুম। "মহুং সমর্পয় মদর্পিতচুম্বনঞ্চ। চুম্বিতাশ্চুম্বনৈরপি"।

চুম্বক, (দেশজ) সংক্ষেপ, স্থূল মর্ম্ম। তাৎপর্য্য।

চুম্বিত (চুম্বক দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে চুম্বন করা গিয়াছে। মিলিত। স্পৃষ্ট। সংযুক্ত, আকৃষ্ট।

চুরট, (দেশজ) সং, শুষ্কতাম্রকূট নির্ম্মিত ধূমপানার্থ দ্রব্যবিশেষ।

চুরা, (চুর্‌=চুরিকরা+আ—ভা) সং, স্ত্রীং, চৌর্য্য, চুরি * অপহরণ। [হরণ।

চুরি, (চৌরি শব্দজ) সং, চৌর্য্য, অপ-

চুরী, (চুটি=সঙ্কীর্ণ হওয়া+ক+ঈ, ট=র) সং, স্ত্রীং, ক্ষুদ্রকূপ।

চুল, (চূলশব্দজ) সং, কেশ, শিরোরুহ।

চুলা, (চুল্লী শব্দজ) সং, উনান, আখা।

চুলুক, (চুল্‌=ডোবা, পানকরা+উক—প্রং) সং, পুং, পঙ্ক, কর্দ্দম, কাদা। ক্ষুদ্রপাত্র। গণ্ডূষ। অঞ্জলি। ক্লীং, মাষমজ্জনোপযুক্ত জল। "মাষমজ্জনজলমাচামং তচ্চুলুকমিতি"।

চুলুকিত, (চুলুক+ইত—ইদমর্থে) বিং, ত্রিং, গণ্ডূষ দ্বারা পীত। কর্দ্দমিত। পঙ্কিল।

চুলুম্প, (চুলুম্প্‌ ছেদনকরা, লোপকরা +অ—প্রং) সং, পুং, শিশুদিগকে প্রতিপালন। স্ত্রীং, ছাগী। [কণ্ডূয়া।

চুল্কনা—নি (দেশজ) সং, গাত্রকণ্ডূ,

চুল্কান, (দেশজ) সং, কণ্ডূয়ন।

চুল্লকী, (চুল্ল্‌ [জলে] বিলাসকরা+অক-প্রং) সং, স্ত্রীং, শিশুমার, শুশুক। পাত্রবিশেষ। নদী প্রভৃতির পরপার।

চুল্লা, চুল্লি, চুল্লী (চুল্ল্‌ বিলাসকরা, রাখা +অ—ধি) সং, স্ত্রীং, অগ্নিস্থান, উনান, চুলা। চিতা, দাহস্থান।

চূস্ত, (চুষ্‌=চুষা+ত—প্রং। নিপাতন) সং, ক্লীং, ফলাদির অসার অংশ। তুষ। যেমন কাঠালের ভুতুড়ি। পক্কমাংস।

চূড়, সং, হস্তের আভরণ।

চূড়া, (চুদি প্রেরণকরা+আ—প্রং,চুদি =চূড়) সং, ক্লীং, সংস্কারবিশেষ। ময়ূরশিখা। মস্তক স্থিত মুকুটাদি। মস্তক। উপরের ঘর। অগ্রভাগ। টিকি। ঝুঁটি।

শিখা। কেশ। শৃঙ্গ, শিখর। শিরোভূ-মুকুট। হস্তাভরণ বিশেষ, চূড়ী। ভূষণ। ক্ষুদ্রকূপ। অস্তাচলচূড়াবলম্বিনি ভগবতি চন্দ্রমসি"।

চূড়াকরণ, (চূড়া—কৃ করা+অনট্—ভা) সং, ক্লীং, ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য—এই বর্ণ ত্রয়ের সংস্কারবিশেষ, এই সংস্কারে সমস্ত মস্তক মুণ্ডন করিয়া মধ্যস্থলে অল্পমাত্র কেশ গুচ্ছ অর্থাৎ শিখা রাখিয়া দেয়।

চূডান্ত, (চূড়া শিখা—অন্ত শেষ) সং, মীমাংসা, শেষ, নিষ্পত্তি। চূড়ার অন্ত, চূড়ার শেষভাগ। পরাকাষ্ঠা, শেষসীমা।

চূড়ামণি, (চূড়া—মণি=রত্ন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, চূড়াধৃতমণি। শিরোরত্ন, শিরোভূষণ। বিং, ত্রিং, প্রধান, শ্রেষ্ঠ। "ভূষণানাং চ সর্ব্বেষাং যথা চূড়ামণির্বরঃ।

চূড়াল, (চূড়া=শিখা+ল—অস্ত্যর্থে। অথবা—ল [লা+অ—প্রং] যে লয়) সং, ক্লীং, মস্তক। লা-স্ত্রীং, ঘাসবিশেষ। বিং, ত্রিং, চূড়াযুক্ত। শিখাবিশিষ্ট।

চূর্ণ, (চূর্ণশব্দজ) সং, শম্বুক প্রস্তরাদি ভস্ম করিয়া যে ক্ষার প্রস্তুত হয়। প্রস্তর। প্রস্তরাদি ভস্ম।

চুণকাম, (চূণ—কাম=কর্ম্মশব্দজ) সং, চূর্ণদ্বারা গৃহবিলেপন। সুধাধবলিতকরা।

চূণারী, (দেশজ) সং, চূর্ণপ্রস্তুতকারক, যাহারা চূণ প্রস্তুত করে। বর্ণসঙ্কর জাতি বিশেষ।

চূত, (চুষ+ক্ত—নিপাতন) সং, পুং, আম্রবৃক্ষ। ক্লীং, আম্র। (চ্যু+ক্ত) গৃহদ্বার। প্রসবদ্বার। "মনসিজেন সখে প্রহরিষ্যতা ধনুষি চূতশরশ্চ নিবেশিতঃ।" "চূতাঙ্কুরাস্বাদকষায়কণ্ঠঃ পুংস্কোকিলো যন্মধুরং চুকূজ"।

চূর্ণ, (চূর্ণ্=গুঁড়াকরা+ঘঞ্—র্ম্ম) সং, পুং, ধূলি, গুঁড়া, আবীর। সুগন্ধিধূলি। চুণ। শক্তু। বিং, ত্রিং, যাহা গুঁড় হইয়াছে। যাহা নষ্ট হইয়াছে।

চূর্ণক, (চূর্ণ+ক—যোগ) সং, পুং, গুঁড়া, ধূলিবিশেষ (চূর্ণ দেখ, অক—প্রং) শক্তু, ছাতু। ক্লীং. গদ্য গ্রন্থবিশেষ, যাহাতে মূলের অর্থ স্পষ্টরূপে ব্যাখ্যা থাকে।

চূর্ণকার, (চূর্ণ—কার=যে করে) সং, পুং, যে চূণের ব্যবসায় করে, চূণরী।

চূর্ণকুন্তল, (চূর্ণ=কোঁকড়া—কুন্তল=চুল, য়ং—স) সং, পুং, ঝাপ্টা, অলক, জুল্পি।

চূর্ণখণ্ড, (চূর্ণ=ধূলি—খণ্ড=টুক্রা) সং, ক্লীং, ঘুটিম্। কঙ্কর, কাঁকর।

চূর্ণন, (চূর্ণ দেখ, অনট্—ভা) সং, ক্লীং, গুড়াকরা, চূর্ণকরা।

চূর্ণিত, (চূর্ণ দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহা চূর্ণ করা গিয়াছে। চূর্ণীকৃত।

চূর্ণি, চূর্ণী (চর [স্রোতে] গমনকরা+নি—সংজ্ঞার্থে। অথবা চূর্ণ্ প্রেরণকরা, লক্ষ্যকরা ইত্যাদি+ই—প্রং। বা চুর=দগ্ধকরা+তি—প্রং) সং, স্ত্রীং, কপর্দ্দক, কড়ি। একশত কড়াকড়ি। নদী-বিশেষ। পাতঞ্জল ভাষ্য। উত্তরদানা-যোগ্য অতিশয় দুরূহ প্রশ্নের আলোচনা।

চূর্ণীভূত, (চূর্ণ—ভূত=হইয়াছে। ঈ—আগম) বিং, ত্রিং, যাহা চূর্ণ হইয়াগিয়াছে।

চূল, চূলক, সং, পুং, কেশ।

চূলা, (চূল্ উন্নত হওয়া+আ—প্রং) সং, স্ত্রীং, চূড়া। অট্টালিকার উপরিস্থ গৃহ। চিলের ঘর।

চূলিক, (চূল্=উন্নত হওয়া+ইক—সংজ্ঞার্থে) সং, ক্লীং, ঘৃতপক্ক গোধূম, লুচী। পিষ্টক।

চূলিকা, (পূর্ব্বে দেখ, অক—ক। আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, হস্তিকর্ণ-মূল। নাটকের অঙ্গবিশেষ। নাট্যোক্ত হীন ব্যক্তি।

চূষণ, (চূষ্=চুষা+অনট্—ভা) সং, ক্লীং, জিহ্বাদ্বারা রসগ্রহণ। চোষা।

চেঁচান, (দেশজ) সং, চীৎকার করণ।

চেট, চেটক, চেড় (চিট্=প্রেরণকরা+অ—প্রং। ক—যোগ চেটক। যাহাকে

প্রেরণ করা যায়) সং, পুং, টিকা, টী, ড়ী—স্ত্রীং, দাস, দাসী। উপনায়ক, উপনায়িকা।

চেটা, চেটাই (দেশজ) সং, সামান্য আসনবিশেষ, খর্জ্জুর বা তালপত্র নির্ম্মিত আস্তরণ।

চেৎ, (চিৎ জানা+ক্বিপ্—প্রং) অং, যদি, বিবেচনা। "স্যাচ্চেদেষ ন রাবণঃ ক নু পুনঃ সর্ব্বত্র সর্ব্বে গুণাঃ।" বীরচরিত। "মৎসম্বন্ধাৎ কশ্মলা কিম্বদন্তী স্যাচ্চেদস্মিন্ হন্ত ধিগ্মামধন্যং।" উ. চ। উপাধ্যায়শ্চেদাগচ্ছতি আগমিষ্যতি আগন্তা বা অথ ত্বং ছন্দোঽধীষ।"

চেতঃ (চেতস্, চেৎ দেখ, অস্—প্রং) সং, ক্লীং, চিত্ত, মন, অন্তঃকরণ। "অপহরতিমুনেরপ্যেষ চেতো বসন্তঃ।"

চেতক, (চেৎ দেখ, অক—ক) বিং ত্রিং, উদ্বোধক, যে বিস্মৃত বিষয়ের স্মরণ করাইয়া দেয়।

চেতন, (চেৎ দেখ, অন—ক, ভা) সং, পুং, আত্মা, জীব। না—স্ত্রীং, সংজ্ঞা। বুদ্ধি, জ্ঞান, চৈতন্য। বিং, ত্রিং, জীব, জন্তু, চৈতন্যবিশিষ্ট, যাহার জীবন, অনুভব ও গতিশক্তি আছে। জাগ্রৎ, যে জাগিয়া আছে। "ষষ্ঠন্তু চেতনা নাম মন ইত্যভিধীয়তে।"

চেদি, সং, পুং, দেশবিশেষ, চন্দেল দেশ। বংশবিশেষ। পুং, বহুং, তদ্দেশীয় লোক

চেদিপতি } (চেদি—পতি, রাজন্,
চেদিরাজ } ৬ষ্ঠী—ষ) সং, পুং, শিশুপাল। [প্রশস্ত, চেটাল।

চেপ্টা, (চিপিট শব্দজ) বিং, চৌড়া,

চেররাজ্য, সং, ইহার উত্তরে কর্ণাট, দক্ষিণে সমুদ্র, এবং পশ্চিমে কেরল দেশ।

চেল, (চিল্ পরিধানকরা+অ—র্ম্ম) সং, ক্লীং, লী—স্ত্রীং, বস্ত্র, পরিচ্ছদ। বিং, ত্রি অধম, চেলা। "বিপন্নো গলমুদ্বধ্য দৃঢ়য়া চেলচীরয়া।" [কাষ্ঠখণ্ড।

চেলা, (দেশজ) সং, সন্ন্যাসীদের শিষ্য।

চেলি, (চেলশব্দজ) সং, পট্টবস্ত্রবিশেষ।

চেলিকা, চেলী (চেল বস্ত্র+ক—প্রং) সং, স্ত্রীং, চেলির কাপড়।

চেলীম, সং, পুং, ক্ষুদ্র মৎস্যবিশেষ।

চেষ্টমান, (চেষ্টা দেখ, শান—ক) বিং, ত্রিং, যে চেষ্টা করিতেছে, উদ্যোগী।

চেষ্টা—স্ত্রীং } (চেষ্ট্ চেষ্টাকরা+
চেষ্টিত—ক্লীং } আ, ত—ভা) সং, কায়িক ব্যাপার, অভীষ্টসাধক অনিষ্টনাশক ক্রিয়া। ব্যাপার। কর্ম্ম, কার্য্য। গতি। সাহস। যত্ন। উদ্যোগ। কৃতিজন্যা ভবেচ্চেষ্টা। "অহো চেষ্টাপ্রতিরূপিকা কামিজনচিত্তবৃত্তিঃ।" শকুন্তলা "অসৎপুরুষচেষ্টেব দৃষ্টির্ব্বিফলতাং গতা" অলঙ্কার।

চেদিপতি, (চেদি=দেশবিশেষ—পতি=প্রভু রাজা) শিশুপাল যিনি কৃষ্ণ কর্ত্তৃক হত হয়েন।

চেষ্টানিরূপণ, সং, ক্লীং, কোন ব্যক্তির কার্য্যাবলোনক। সদসদ্নির্দ্ধারণ।

চেষ্টিত, (পূর্ব্বে দেখ, ত—ক) বিং, ত্রিং, সচেষ্ট, যে চেষ্টা করে। কৃত। ক্লীং, গতি, গমন। শারীরিককার্য্য। চরিত্র। কার্য্য।

চৈতন্য, (চেতন+য—স্বার্থে, ভাবে) সং, পুং, আত্মা, ভগবানের অংশাবতার, বৈষ্ণব ধর্ম্মের প্রবর্ত্তয়িতা বিষ্ণুর অবতাররূপে পরিগৃহীত ব্যক্তি বিশেষ। ক্লীং, জ্ঞান, চেতনের ধর্ম্ম, চেতনা। "দুঃখসংবেদনায়ৈব রামে চৈতন্যমর্পিতং"। উ,চ। ব্রহ্ম, আত্মা, প্রকৃতি। জাগরণ।

চৈত্ত, (চিত্ত+—প্রং) সং, ক্লীং, বৌদ্ধমতে—বিজ্ঞানভিন্ন স্কন্ধ।

চৈত্য, (চিত্য [চি একত্রকরা+য—র্ম্ম] =অগ্নি+ষ্ণ—ইদমর্থে) পুং, শ্মশানতরু। পবিত্রবৃক্ষ। পূজনীয় বৃক্ষ। সং, ক্লীং, যজ্ঞস্থান। পূজাস্থান, বেদী। বৌদ্ধদিগের দেবালয়বিশেষ। জৈনমন্দির। মনুমেণ্ট। মৃতব্যক্তির কবরের উপর উত্তোলিত স্মরণার্থ স্তম্ভ। (চিতা+অ—ইদমর্থে,

বিং, ত্রিং, চিতাসম্বন্ধীয়। "নীড়ারম্ভৈঃ গৃহবলিভুজামাকুলগ্রামচৈত্যাঃ"। একো বৃক্ষো হি যো গ্রামে ভবেৎ পর্ণ ফলান্বিতঃ। চৈত্যো ভবতি নির্জ্ঞাতিরর্চনীয়ঃ সুপূজিতঃ" ॥

চৈত্র, চৈত্রক, চৈত্রিক, (চৈত্রী চিত্রানক্ষত্র+ষ্ণ—যুক্তার্থে, ক—স্বার্থে) সং, পুং, বসন্তকালের প্রথম মাস, চৈত্রমাস, মধুমাস। ভারতবর্ষের অন্তর্গত পর্ব্বত শ্রেণীবিশেষ। জৈন সন্ন্যাসী। বুধের ঔরসে চিত্রার গর্ভসম্ভূত পুত্র। ক্লীং, স্মরণস্তম্ভ। ক্ষুদ্র মন্দির। "চৈত্র প্রতিপদি বসন্তারম্ভঃ"।

চৈত্ররথ, (চিত্ররথ এই উদ্যানরক্ষক গন্ধর্ব্ব+ষ্ণ—রক্ষার্থে) সং, ক্লীং, কুবেরের উদ্যান। "বৃন্দাবনে চৈত্ররথাদনূনে, নির্ব্বিশ্যতাং সুন্দরি যৌবনশ্রীঃ" রঘু।

চৈত্রাবলী, সং, স্ত্রীং, চৈত্রমাসের পূর্ণিমা তিথি।

চৈত্রী, (চিত্রা নক্ষত্রবিশেষ+ষ্ণ—প্রং) সং, স্ত্রীং, চিত্রানক্ষত্রযুক্তা পূর্ণিমা।

চৈদ্য, (চেদি এই দেশের নাম+ষ্ণ্য—ই-দমর্থে) সং, পুং, শিশুপাল। বিং, ত্রিং, চেদিদেশীয়। চেদীবংশীয়।

চৈল, (চেল+ষ্ণ) বিং ত্রিং, বস্ত্র। বস্ত্রসম্বন্ধীয়। যে কীটাদি বস্ত্র কাটে।

চোক্ষ, (চুষ=চোষণকরা+ষ, প্রং, ষ=ক) বিং, ত্রিং, গীত, পরিষ্কৃত, বিশুদ্ধ। নির্ম্মল। দক্ষ, কার্য্যকুশল। সুন্দর। মনোহর। তীক্ষ্ণ।

চোচ, (দেশজ) সং, আঁষ, ছালের অভ্যন্তরস্থ ছিবড়া।

চোকান, (দেশজ) সং, শানদেওয়া, তীক্ষ্ণীকরণ। নিষ্পত্তি।

চোঙ্গা, (দেশজ) সং, নলী, নল, সচ্ছিদ্র অর্থাৎ ফাঁপা বংশ খণ্ড।

চোটান, (দেশজ) সং, আঘাত করণ, বিদারণ। [স্ত্রীং, শাটী, শাড়ী।

চোটী, (চুট্ অল্প হওয়া+অ—প্রং) সং,

চোড়, (চোল=দেখ, ল=ড়) সং, পুং, উত্তরীয় বস্ত্র। দেশবিশেষ।

চোদনা, (চোদি=প্রেরণকরা+অনট্—ভা আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, ধর্ম্মবিষয়ে অনুজ্ঞা প্রেরণ। তর্জ্জনা, বিধান, প্রবর্ত্তনা। ক্ষেপণ।

চোদয়িতা, (চোদায়িতৃ, চোদনা দেখ, তৃণ্—ক) বিং, ত্রিং, চালক। প্রবর্ত্তক। প্রেরক।

চোদিত, (চোদনা দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রেরিত। নিয়োজিত। নিক্ষিপ্ত। অনুজ্ঞাত। প্রবর্ত্তিত।

চোদ্য, (চুদ্=প্রেরণকরা, আজ্ঞাকরা ইত্যাদি+য—র্ম্ম) সং, ক্লীং, অদ্ভুত, আশ্চর্য্য জনক। জিজ্ঞাসা। প্রশ্ন। বিং, ত্রিং, প্রেরণযোগ্য। [গোমূত্র।

চোনা, (দেশজ) সং, গোরুর প্রস্রাব,

চোপন, (চুপ্=মন্দ মন্দ গমন করা+অনট্—ভা) সং, ক্লীং, মৃদু মন্দ গমন, আস্তে আস্তে যাওয়া। চুপ করিয়া থাকা। মৌনাবলম্বন।

চোপন, (দেশজ) সং, অস্ত্র দ্বারা অনবরত প্রহার করা।

চোর, (চৌরি=চুরিকরা+ষ্ণ—ক) সং, পুং, তস্কর, যে চুরি করে। পরদ্রব্যাপহারক, গন্ধদ্রব্যবিশেষ।

চোরকণ্টক, সং, পুং, এক প্রকার ঘাসবিশেষ। চোর কাঁটা। [তস্করতা, চুরি।

চোরিকা, (চৌরিকা দেখ) সং, স্ত্রীং,

চোরিত, (চোর দেখ, ত—র্ম্ম) বিং,ত্রিং, অপহৃত, যাহা চুরি করিয়াছে।

চোল, (চুল্ উন্নত হওয়া+অ—প্রং। অথবা চোল ব্যক্তি বিশেষের নাম, এই রাজার নামে এই দেশের নাম হইয়াছে) সং, পুং, দেশবিশেষ, তাঞ্জোর। পাণ্ড্যমণ্ডলের উত্তর পিনাকিনী নদী পর্য্যন্ত এই দেশের সীমা। ক্লীং, নী—স্ত্রীং, কাঁচুলি। ঘাঘ্রা।

চোলক, (চুল্=উন্নত হওয়া+ণক—ক)

সং, পুং, সাঁজোয়া, বর্ম্ম, কবচ, বল্কল, ছাল
চোলণ্ডক, সং, পুং, মস্তকের ভূষণ, উষ্ণীষ, মুকুট।
চোষ, সং, পুং, চোষণ। দোহন। স্ফীতি।
চোষ্য, (চূষ্‌=চূষা+য—র্ম্ম) বিং, ত্রিং, যাহা চুষিয়া খাইতে হয়।
চোস্ক, সং, পুং, উত্তরজাতীয় ঘোটক।
চৌক, (চক্ষুস্ শব্দজ) সং, নেত্র। চারিপণ।
চৌকষ, (পূর্ব্বে দেখ) বিং, মনোযোগী, সতর্ক। যাহার সকল দিকে দৃষ্টি আছে।
চৌকা, (চতুষ্কোণ শব্দজ) সং, চারি কোণা। পাকস্থান।
চৌকাঠ, (চৌ চতুর্ শব্দজ—কাঠ কাষ্ঠ-শব্দজ) সং, দ্বারের অধঃ কাষ্ঠ।
চৌকি, (চতুষ্কী শব্দজ) সং, খুরসী, আসন। পাহারা, রক্ষা।
চৌকিদার, (যাবনিক) সং, প্রহরী।
চৌড়, চৌল (চূড়া=শিখা+ষ্ণ-প্রং) বিং, ত্রিং, চূড়াসম্বন্ধীয়। চূড়াবিশিষ্ট। সং, ক্লীং, চূড়াকরণ সংস্কার।
চৌড়া, (দেশজ) সং, প্রস্থ পরিমাণ, পরিসর। আয়ত।
চৌদ্দ, (চৌ চতুর্ শব্দজ--দ্দ দশন্ শব্দজ) বিং, সংখ্যাবিশেষ ১৪।
চৌপল, (চৌ চতুর্ শব্দজ—পল=কোণ) সং, চারিকোণ। চতুষ্কোণ।
চৌপাড়ী, চৌবাড়ী (চতুষ্পাঠীশব্দজ) সং, চারিবেদ অধ্যয়নের স্থান, টোল।
চৌম্বক, (Magnetic, চুম্বক+ষ্ণ—ইদমর্থে) বিং, ত্রিং, আকর্ষক। চুম্বকসংক্রান্ত।
চৌর, (চোর+ষ্ণ—স্বার্থে কিম্বা চুরা চৌর্য্য+ষ্ণ—তদস্তশীলার্থে) সং, পুং, চোর, যে চুরি করে। " নির্ব্বাণদীপে কিমুতৈলদানং চৌরে গতে বা কিমুসাবধানং।,,
চৌরি, চৌরিকা, চৌরী (চোর+ই—ভাবে। ক—যোগ চৌরিকা) সং, স্ত্রীং, তস্করতা, চুরি।
চৌর্ণস্তর, (Chalk-formation) সং, পুং, যে স্তর খড়ী দ্বারা নির্ম্মিত হইয়াছে।
চৌর্য্য, (চোর+ষ্ণ্য—ভাবে, কর্ম্মণি) সং, ক্লীং, তস্করতা, চুরি।
চৌলুক্য, সং, পুং, রাজর্ষিবিশেষ।
চ্যবন, (চ্যু পতিত হওয়া+অন—প্রং। পাপাত্মা রাক্ষস যখন পুলোমাকে অপহরণ করে তখন তিনি সসত্ত্বা ছিলেন গর্ভস্থ শিশু জননীকে অপহরণ করিতেছে দেখিয়া অকস্মাৎ গর্ভহইতে বহির্গত হইল, এই নিমিত্তই ইহার নাম চ্যবন হইয়াছে। সং, পুং, ঋষিবিশেষ, ভৃগুনন্দন, ভৃগুর ঔরসে পুলোমার গর্ভে ইহাঁর জন্ম হয়। ক্লীং, ক্ষরণ, গলন। গমন। ছত্র। "রোষান্মাতুশ্চ্যুতঃ কুক্ষেশ্চ্যবনস্তেন সোঽভবৎ।"
চ্যুত, (চ্যু=গমনকরা, পতিতহওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, ভ্রষ্ট। পতিত। ক্ষরিত, স্খলিত। নষ্ট। চঞ্চল, বিশৃঙ্খলা। প্রমৃষ্ট। ভগ্ন। ভ্রান্ত। "পথশ্চ্যুতায়াং সমিতৌ রিপূণাং ধর্ম্ম্যান্দধানেন ধুরঙ্কিরায়" ভারবি।
চ্যুতি, (চ্যুত দেখ, তি—ভা) সং, স্ত্রীং, পতন, ক্ষরণ। স্খলন। হানি। নাশ। গুহ্যদেশ। [সং, পুং, মুখ, বদন।
চ্যুপ, (চ্যু হাস্যকরা+প—সংজ্ঞার্থে)
চ্যোত, (চ্যুৎ=ক্ষরিত হওয়া, চ্যুত হওয়া +অ—প্রং) সং, ক্লীং, চ্যুতি দেখ।
চ্যোতৎ, (চ্যোত দেখ, শতৃ—ক) বিং, ত্রিং, ক্ষরণশীল। নাশশীল।
চ্যোত্ন, (চ্যুৎ+ত্ন) বিং, ত্রিং, গমনশীল, যে গমন করে। দুশ্চরিত্র। পাপিষ্ঠ।

ছ

ছ, ব্যঞ্জনের সপ্তমবর্ণ। ছো=ছেদনকরা কিম্বা ছদ্=আচ্ছাদনকরা+ড—প্রং) বিং, ত্রিং, নির্ম্মল। কম্পবান্। অস্থির। তরল। ছেদক। সং, পুং, ছেদন। কর্ত্তন

অংশ। খণ্ড। গৃহ। মাহাত্ম্য। ছা—স্ত্রীং, আচ্ছাদন, আবরণ। ঢাকনি। গোপন। শিশু। অল্পবয়স্ক প্রাণীমাত্র।
ছই, (ছদিশব্দজ) সং, নৌকার ছাদ।
ছগ, ছগল, (ছো=ছেদনকরা+ক—প্রং, ক=গ) সং, পুং, গী, লী—স্ত্রীং, ছাগল, ছাগী। ল—ক্লীং, নীলবর্ণ বস্ত্র।
ছগণ, (ছ=খণ্ড—গণ=সমূহ) সং, ক্লীং, শুষ্ক গোময়, ঘুঁটে। ঘসি।
ছটা, (ছদ্=দীপ্তিপাওয়া+অ—প্রং, আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, দীপ্তি,আলোক। শোভা। সমূহ। সরলরেখা। "(কন্যা) সটাচ্ছটা ভিন্নঘনেন"।
ছটাক, (দেশজ) সং, সেরের ষোড়শাংশ, পাঁচতোলা। [পুং, সুপারিগাছ।
ছটাফল, (ছটা=সরল রেখা—ফল)সং,
ছটাভা, (ছটা=বিভিন্ন বর্ণবিশিষ্ট রেখা বা সরল রেখাময়—আভা=দীপ্তি) সং, স্ত্রীং, বিদ্যুৎ। [বীজাদিক্ষেপণ।
ছড়ান, (দেশজ) সং, বিস্তৃত করণ।
ছড়ী, (দেশজ) সং, ক্ষুদ্র যষ্টি, সরু লাঠী।
ছত্ত্র, ছত্র, (ছদ্=আচ্ছাদন করা+ণিচ্+ত্র—প্রং) সং, ক্লীং, আতপত্র, ছাতা "রাজাসনং তথা ছত্রং বরাশ্বা বরবারণাঃ" বিষ্ণুপুরাণ। কোঁড়ক। আচ্ছাদন ত্রা—স্ত্রীং, অতিচ্ছত্রাবৃক্ষ। মৌরী। মঞ্জিষ্ঠা। কোঁড়ক, ছাতা।
ছত্রক, (ছত্র+ক—যোগ) পুং, মাছরাঙ্গা পাখী। ছত্রাকৃতি মৌচাক। দেবমন্দির। (ছত্র—ক, কৈধাতুজ) সং, ক্লীং, ছত্র।
ছত্রকদেহী, (Disophora) যাহাদের দেহ ছত্রকের (বেঙ্গের ছাতার) সদৃশ, যথা—মেডুসী নামক সমুদ্রজ জীব, ইহারা দুইগণে বিভক্ত।
ছত্রধর, ছত্রধার ছত্রধারী—রিন্ } (ছত্র — ধর, ধার, ধারী=যে ধরে রয়া—ষ) বিং, ত্রিং, যে ছত্র ধারণ করে, ছাতিধরা।
ছত্রপত্র, (ছত্র—পত্র=পাতা। যে ছত্রের ন্যায় পত্রবিশিষ্ট) সং, ক্লীং, স্থলপদ্ম। পুং, ভূর্জ্জপত্র বৃক্ষ। [পুং, তিলকবৃক্ষ।
ছত্রপুষ্প, (ছত্র—পুষ্প, ৬ষ্ঠী—হিং) সং,
ছত্রভঙ্গ, (ছত্র—ভঙ্গ=নাশ, ৬ষ্ঠী—ষ। এখানে ছত্রশব্দ লক্ষণাদ্বারা রক্ষণে বা বাজচিহ্নে প্রযুক্ত হয়) সং, পুং, বৈধব্য। স্বাধীনতা। (এস্থলে লক্ষণাদ্বারা ছত্রশব্দ স্ত্রীলোকের আশ্রয় দাতা স্বামীকে বুঝাইতেছে) স্বেচ্ছাচারিত্ব। স্বাতন্ত্র্য। নৃপনাশ,অরাজকতা। রাজ্য পরিবর্ত্তন। বিশৃঙ্খল। ছোড়ভঙ্গ।
ছত্রাক, (ছত্র—অক্ গমনকরা, সদৃশ হওয়া+অ—প্রং) সং, ক্লীং, শিলীন্ধ্র, কোঁড়ক। কী—স্ত্রীং, রাস্না।
ছত্রী, (ছত্রিন্, ছত্র+ইন্—অস্ত্যর্থে)বিং, ত্রিং, ছত্রধারী, ছাতিধরা। সং, পুং, নাপিত।
ছত্বর, (ছদ্=আচ্ছাদনকরা+বর-সংজ্ঞার্থে দ্=ৎ) সং, পুং, গৃহ। কুঞ্জ। লতামণ্ডপ
ছদ, (ছদ্=আচ্ছাদন করা+অ—ণ) সং, পুং, পত্র। পক্ষ, ডানা। আবরণ। তমালবৃক্ষ।
ছদন, (ছদ দেখ, অনট্—ভা) সং, ক্লীং, আচ্ছাদন। খড়্গকোষ। খাপ। পক্ষ।
ছদপত্র, সং, পুং, ভূর্জ্জবৃক্ষ।
ছদিঃ, (ছদিস্,ছদ+ণিচ্+ইস্-সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, আচ্ছাদন। ছাদ, চাল।
ছদি, (পূর্ব্বে দেখ, কি—প্রং) সং, পুং, গৃহাচ্ছাদন, ছাদ, চাল। আচ্ছাদন।
ছদ্ম, (ছদ্মন্, ছদ দেখ, মন—প্রং) সং, ক্লীং, ছল, কপট, ব্যপদেশ। "বিষ্ণুং রাম মহং মন্যে মানুষং ছদ্মরূপিণম্"। "কৈকেয়ীশঙ্কয়েবাহ পলিতছদ্মনা জরা" রঘুবংশ। "ছদ্মনা পরিদদামি মৃত্যবে শৌনিকো গৃহশকুন্তিকামিব" উত্তরচরিত।
ছদ্মবেশ, সং, পুং, লোককে বঞ্চনা করিবার নিমিত্ত যে বেশ ধরা যায়, কপটবেশ।

ছদ্মবেশী, (ছদ্মবেশিন্, ছদ্ম—বেশিন্=যে বস্ত্রাদি পরিধান করে) বিং, ত্রিং, যে ছদ্মবেশ করে, কাপটিক। প্রতারক। ক্রীড়ক।

ছদ্বর, সং, পুং, দন্ত। লতাকুঞ্জ। কুঞ্জবন।

ছন্‌ছন্, ব্য অনুকরণ শব্দ।

ছন্দ, (ছন্দ্=আচ্ছাদনকরা+অল্—প্রং) সং, পুং, বিং, ত্রিং, গোপনীয়। নির্জ্জন, নিভৃত। অভিপ্রায়। বশ্যতা। অর্থ। তাৎপর্য্য। মত। বিষ। ক্লীং, অভিলাষ। ইচ্ছা। "ভবচ্ছন্দং সমাজ্ঞায় নৃত্যেরন্নপ্সরোগণাঃ"।

ছন্দস্, (ছন্দ্=দীপ্তিপাওয়া, আনন্দকরা +অস্—প্রং) সং,ক্লীং, পদ্যবন্ধ, পদ্যের ভেদ বোধক সংজ্ঞা বা জাতি, যেমন আর্য্যা ইন্দ্রবজ্রা বংশস্থবিল' প্রভৃতি। "আকস্মিকপ্রত্যবভাসাঞ্চ দেবীং বাচমানুষ্টু ভেনচ্ছন্দসা পরিণতামভ্যুদৈরয়ৎ" উত্তরচরিত। স্বেচ্ছাচার। বেদ। ইচ্ছা। অর্থ। তাৎপর্য্য। স্বাতন্ত্র্য। "শিক্ষাকল্পো ব্যাকরণং নিরুক্তং জ্যোতিষাংগণঃ। ছন্দসাং বিচিতিশ্চৈবষড়ঙ্গো বেদউচ্যতে"।

ছন্দানুগমন } (ছন্দ—অনুগমন, অনুছন্দানুসরণ } সরণ=পশ্চাদ্গমন) সং, ক্লীং, আপন ইচ্ছা বা অভিপ্রায় অনুসারে চলা।

ছন্দানুগামী—মিন্ } (ছন্দ—অনুগামী, ছন্দানুসারী—রিন্ } অনুসারী=যে পশ্চাৎ গমন করে) বিং, ত্রিং, যে আপন ইচ্ছা বা অভিমতানুসারে কার্য্যকরে।

ছন্দানুবর্ত্তন—ক্লীং } (ছন্দ—অনুবর্ত্তন, ছন্দানুবৃত্তি—স্ত্রীং } =অনুবৃত্তি) সং, মনযোগান, অন্যের ইচ্ছা বা অভিপ্রায় অনুসারে চলা। অন্যের অভিপ্রায়ানুসারে কার্য্যকরণ।

ছন্দানুবর্ত্তী—র্ত্তিন্, (ছন্দ—অনুবর্ত্তী) বিং, ত্রিং, যে পরের মনোমত কার্য্যকরে।

ছন্দোগ, (ছন্দস্=সামবেদ—গ=যে গান করে) সং, পুং, সামবেদগায়ক।

ছন্ন, (ছদ্=আচ্ছাদনকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, গুপ্ত "বঞ্চয়দ্ভির্নিবস্তব্যং ছন্নাবাসং ক্বচিৎ ক্বচিৎ" মহাভারত। নির্জ্জন। নিভৃত। আচ্ছাদিত। বিং, লুপ্ত, নষ্ট। সং, ক্লীং, নির্জ্জনস্থান।

ছমণ্ড, (ছম=ভক্ষণকরা+অণ্ড—সংজ্ঞার্থে) সং, পুং, নিরাশ্রয় শিশু, পিতৃহীন বালক। স্বজন বিবর্জ্জিত।

ছর্দ্দ, (ছর্দ্দি দেখ, অ—প্রং) সং, ক্লীং, বমি, বমন। পীড়া। উপস্থিত।

ছর্দ্দন, (ছৃদ্ বা ছর্দ্দ্=বমনকরা+অনট্—ভা) সং, ক্লীং, বমন। উদ্গীরন। পুং, নিম্ববৃক্ষ। অলম্বুষ-রাক্ষস।

ছর্দ্দি, ছর্দ্দিস্, ছর্দ্দিকা, (ছর্দ্দ্=বমনকরা +ই, ইস্—প্রং। ছর্দ্দি+ক—যোগ। সং, স্ত্রীং, বমি, উদ্গার।

ছর্দ্দিকারিপু, (ছর্দ্দিকা—রিপু=নাশক) সং, পুং, ছোট এলাচ। [পুং, নিম্ববৃক্ষ।

ছর্দ্দিঘ্ন, (ছর্দ্দি—ঘ্ন যে নাশ করে) সং,

ছল, (ছো [সারল্য] ছেদনকরা+ল—প্রং) সং,ক্লীং, কপটতা,শঠতা,প্রবঞ্চণা, চাতুরী বাক্য বিশেষ,দূষণ বক্তার অভিপ্রেত অর্থগ্রহণ না করিয়া তাহার বিপরীত অর্থ কল্পনা পূর্ব্বক বক্তার বাক্য দূষণ

ছলন, (ছল্ [নামধাতু] ছলনাকরা+অনট্—ভা) সং, ক্লীং, না—স্ত্রীং, প্রতারণা, শঠতা, বঞ্চনা।

ছলনাপর—(ছলনা=বঞ্চনা+পর=তৎপর) বিং, ত্রিং, শঠ, ধূর্ত্ত, প্রতারক।

ছল্লি, ছল্লী(ছদ্=আচ্ছাদন—লা=দানকরা +ই—প্রং) সং, স্ত্রীং, ত্বক্, ছাল, বল্কল। সন্তান, সন্ততি। লতা। পুষ্পবিশেষ।

ছবি, (ছো [অন্ধকার] ছেদনকরা+ই —প্রং) সং, স্ত্রীং, দীপ্তি, শোভা। উজ্জলতা। চিত্রিত মূর্ত্তি, প্রতিমূর্ত্তি। "উদ্যচ্ছশাঙ্কনদৃশচ্ছবি। "কেশবিরহাদ্গৌরীললাটচ্ছবিঃ।"

ছা, (দেশজ) সং, শিশু, বাচ্চা।

ছাই, (দেশজ) সং, ভস্ম, পাঁস। "যেখানে দেখিবে ছাই উড়াইয়া দেখ তাই। পেলেও পেতেও পার লুকান রতন"।

ছাঁকন, (দেশজ) সং, বস্ত্রাদিদ্বারা দ্রবদ্রব্য নিঃসারণ, নির্ম্মল করণ।

ছাঁচনী, (দেশজ) সং, মন্থনদণ্ড।

ছাঁটন, (দেশজ) সং, কর্ত্তন, ছেদন। অগ্রাহ্যকরণ।

ছাগ, ছাগল, ছাগলক (ছগ, ছগল+ষ্ণ—স্বার্থে) সং, পুং, গী, লী—স্ত্রীং, অজ, অজা। "শ্বেতং সুপাকং সমদীর্ঘবৃত্তং নিঃশঙ্কলং ছাগলকং বদন্তি। গলে দ্বিকণ্টঃ কিল তস্য পৃষ্ঠে কণ্টঃ সুপথ্যো রুচিদো বলপ্রদঃ"।

ছাগণ, (ছগণ+ষ্ণ—সম্বন্ধার্থে) সং, পুং, ঘুঁটের আগুন।

ছাগভোজী—জিন্ (ছাগ—ভোজী=যে ভোজন করে) সং, পুং, নেকড়িয়া বাঘ। বিং, ত্রিং, ছাগভক্ষক।

ছাগরথ, (ছাগ—রথ) সং, পুং, অগ্নি।

ছাগলান্ত্রী, (ছাগল—অন্ত্র=নাড়ী—ঈপ্-স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, লতাবিশেষ।

ছাগবাহন, (ছাগ—বাহন=যান, রথাদি) সং, পুং, অগ্নি।

ছাড়ন, (দেশজ) সং, বর্জন, ত্যাগকরণ।

ছাত, (ছো=ছেদনকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ছিন্ন। ক্ষীণ, কৃশ। দুর্ব্বল। (দেশজ) গৃহের উপরিভাগ।

ছাতা, ছাতি (ছত্রশব্দজ) সং, ছাতী। আতপত্র, কোঁড়ক।

ছাতু, (সক্তু শব্দজ) সং, যবাদিচূর্ণ।

ছাত্র, (ছত্র=গুরুর দোষাবরণ+ষ্ণ—শীলার্থে) সং, পুং, অন্তেবাসী, শিষ্য।

ছাত্রক, (ছত্রক=মৌচাক+ষ্ণ—ভবার্থে) সং, ক্লীং, মধুমক্ষিকার চক্রস্থিত মধু।

ছাত্রগণ্ড, সং, পুং, যে ছাত্র লেখা পড়ায় যত্ন প্রকাশ করে না। [হৈয়ঙ্গবীন।

ছাত্রদর্শন, সং, ক্লীং, শিষ্যাবলোকন।

ছাত্রবৃত্তি, সং, স্ত্রীং, উৎসাহ বর্দ্ধন করিবার নিমিত্ত পারিতোষিক স্বরূপ মাসিকাদি নিয়মে ছাত্রদিগকে যে অর্থ দেওয়া যায়।

ছাদ, (ছদ্=আচ্ছাদনকরা+ঘঞ্—ণ) সং, ক্লীং, ঘরের আচ্ছাদন, ছাত।

ছাদক, (ছাদি+ণক—ক) বিং, ত্রিং, আচ্ছাদক। যে ঘর ছায়, যে ঘরের ছাদ নির্ম্মাণ করে।

ছাদন, (ছাদি=আচ্ছাদনকরা+অনট্-ভা) সং, ক্লীং, আচ্ছাদন, আবরণ। ঘর ছাওয়া, ঘরের ছাদ নির্ম্মাণকরা। পত্র।

ছাদিত, (ছাদ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, আচ্ছাদিত, আবৃত। যাহা ছাওয়া হইয়াছে, যাহার ছাদ নির্ম্মিত হইয়াছে।

ছাদ্মিক,—(ছদ্মন্=ছল্, বঞ্চনা+ষ্ণিক) বিং ত্রিং, প্রতারক, বঞ্চক। সং, পুং, অসৎ, বদমায়েস।

ছানা, (দেশজ) সং, পুং, শাবক, শিশু। দুগ্ধোৎপন্ন খাদ্যদ্রব্যবিশেষ।

ছান্দস, (ছন্দস্=বেদ+ষ্ণ—অধ্যয়নার্থে. ইদমর্থে) সং, পুং, বেদাধ্যাপক, বেদাধ্যায়ী। বিং, ত্রিং, ছন্দঃসম্বন্ধীয়।

ছান্দোগ্য, (ছান্দস্=বেদসম্বন্ধীয়—গ=যে গমনকরে+য—ব্যবহারার্থে বা অভ্যাসার্থে। অথবা, ছন্দোগ+ষ্ণ্য—প্রং) সং, স্ত্রীং, বেদাংশবিশেষ।

ছাপ, (চূর্ণকরণার্থ চপ্ ধাতুজ) সং, মুদ্রা। চিহ্ন। ছাপা। পা—বিং, মুদ্রাঙ্কিত, চিহ্নিত।

ছাপন, (দেশজ) সং, মুদ্রাঙ্কন। গোপন।

ছাব্বিশ, (ষড়্বিংশতি শব্দজ) বিং, সংখ্যাবিশেষ, ২৬।

ছায়া, (ছো [রৌদ্র] ছেদন করা+ঘ্যণ—প্রং) সং, স্ত্রীং, অনাতপ, রৌদ্রাভাব। "ছায়াদানাৎ ক্ষণপরিচিতাঃ পুষ্পলাবীমুখানাং" মেঘদূত। "ছেত্তুঃ পার্শ্বগতা ছায়াং নোপসংহরতে দ্রুমঃ"। অন্ধকার। প্রতিবিম্ব। কান্তি, দীপ্তি,

প্রভা। "দত্তাণ্যাভরণানি নঃ কিশলয়চ্ছায়া পরিস্পর্দ্ধিভিঃ" শকুন্তলা। সূর্য্যপ্রিয়া। উৎকোচ। পালন। শ্রেণী। আলোক। ছন্দোবিশেষ।

ছায়াকর, (ছায়া—কর=যে করে) বিং, ত্রিং, ছত্রধারী, যে ছায়া করে।

ছায়াতনয়, ছায়াত্মজ, ছায়াসুত (ছায়া=সূর্য্যপত্নী—তনয়, আত্মজ, সুত=পুত্র ৬ষ্ঠী—ষ) সং, পুং, শনৈশ্চর, শনিগ্রহ।

ছায়াতরু, (ছায়া+তরু, য়ং=স) সং, পুং, ছায়া প্রধান বৃক্ষ, যে গাছের অনেক ছায়া হয়। নমেরু বৃক্ষ। সুরপুন্নাগ বৃক্ষ। "পূর্ব্বাহ্নে চ পরাহ্নে চ তলং যস্য ন মুঞ্চতি। অত্যন্তশীতলচ্ছায়ঃ সচ্ছায়াতরুরুচ্যতে"। "স্নিগ্ধচ্ছায়াতরুষু বসতিং রামগির্য্যাশ্রমেষু" মেঘদূত।

ছায়াপথ, (Milky-way, ছায়া=দীপ্তি—পথ পথিন্ শব্দজ, য়ং—স) সং, পুং, শোভাযুক্ত পথ। রাত্রে ক্ষুদ্র নক্ষত্রে সমাবৃত নভোমণ্ডলের অংশবিশেষ। জ্যোতিশ্চক্রমধ্যবর্ত্তীমণ্ডলাকার নক্ষত্রশ্রেণী।

ছায়াপুরুষ, সং, পুং, নিজচ্ছায়ার অনুরূপ প্রতিবিম্বাত্মক পুরুষ। আকাশস্থ ছায়াত্মক পুরুষ। [করে) সং, পুং, চন্দ্র।

ছায়াভৃৎ, (ছায়া=দীপ্তি—ভৃৎ=যে ধারণ

ছায়াময়, (ছায়া=প্রতিবিম্ব+ময়ট,তদ্রূপার্থে) বিং, ত্রিং, প্রতিবিম্বিত।

ছায়ামিত্র, (ছায়া—মিত্র=সুহৃদ্) সং, ক্লীং, ছত্র, ছাতি।

ছায়ামৃগধর, (ছায়া=প্রতিবিম্ব-মৃগ=হরিণ—ধর যে ধারণ করে) সং, পুং, চন্দ্র।

ছারখার, (দেশজ) সং, ভস্মসাৎ, সর্ব্বনাশ। বিং, উচ্ছিন্ন, বিনষ্ট।

ছারপোকা, (দেশজ) সং, গন্ধকীট, মৎকুণ।

ছাল, (চল্লিশব্দজ) সং, ত্বক্, বাকল। লা—গুণ, থলে।

ছি, অং নিন্দা, ঘৃণাসূচক শব্দ।

ছিক্কন—(ছিক্ক=হাঁস+অনট্) সং, ক্লীং, হাঁচন, হাঁচা।—নী (স্ত্রীং,) ক্ষুদ্র লতাবিশেষ।

ছিক্কা, (ছিক্=অণুকরণ শব্দ—ক [কৈ +ড—ক] যে শব্দ করে, আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, হাঁচি, কাশি।

ছিঁচকা, (দেশজ) সং, হুকাদি পরিষ্করণার্থে লৌহ নির্ম্মিত শলাকাবিশেষ।

ছিটা, (দেশজ) সং, বিন্দু, কণা। অল্পপরিমাণ।

ছিত, (ছো=ছেদনকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ছিন্ন, ছেঁড়া। [স্ত্রীং, ছেদন।

ছিত্তি, (ছিদ্=ছেদনকরা+ক্তি—ভা) সং,

ছিত্বর, (ছিদ্=ছেদনকরা+বর—সংজ্ঞার্থে দ্=ত্—বিকল্পে। ছিদ্বর শব্দও হয়) সং, পুং, ধূর্ত্ত। শত্রু। বিং, ত্রিং, ছেদক।

ছিদ্, ছিদা (ছিদ্=ছেদনকরা+ক্বিপ্—আ=ভা) সং, স্ত্রীং, ছেদন। অপহরণ।

ছিদক, ছিদিক (ছিদ্=ভেদকরা, ছেদকরা +কন্, ই—আগম) ইন্দ্রের বজ্র। বজ্র দ্বারা দেবরাজ পর্ব্বতপক্ষ ছেদন করিয়াছিলেন বলিয়া বজ্রের নাম ছিদক হইয়াছে।

ছিদি, (ছিদ্=ছেদনকরা+ই—সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, কুঠার, কুড়ুল। যাহার দ্বারা কাষ্ঠপ্রভৃতি ছেদন করা যায়।

ছিদির, (ছিদ্=ছেদনকরা+ইর—সংজ্ঞার্থে) সং, পুং, খড়্গ। কুঠার। রজ্জু। অগ্নি।

ছিদুর, (ছিদ্+উর—শীলার্থে) বিং, ত্রিং, ছিন্ন, ছেঁড়া। ছেদক, ছেদনশীল। শত্রু, শঠ, ধূর্ত্ত।

ছিদ্র, (ছিদ্=ভেদকরা+র-প্রং) সং,ক্লীং, ছেঁদা, বিবর, ক্ষুদ্র গর্ত্ত। অবকাশ। "ছিদ্রেষ্বনর্থা বহুলীভবন্তি" হিতোপদেশ। দোষ। "আত্মছিদ্রং নজানামি পরচ্ছিদ্রং পদে পদে"। অপকর্ষ। ন্যূনতা

ছিদ্রশ্বাসী, (Cracheoria) যাহারা দেহের পার্শ্বস্থিত কএকটী ছিদ্রদ্বারা শ্বাস কার্য্য

নির্ব্বাহ করে, ইহাদিগের চক্ষুঃ সংখ্যা ৪, যথা—মাঠ-মাকড়।

ছিদ্রানুসন্ধান, ছিদ্রানুসরণ, ছিদ্রান্বেষণ (ছিদ্র—অনুসন্ধান, অনুসরণ, অন্বেষণ) সং, ক্লীং, ছিদ্র খুজিয়া বেড়ান, পরের দোষ অনুসন্ধান করা।

ছিদ্রানুসারী—রিন্ (ছিদ্র—অনুসারী=যে পশ্চাৎ গমন করে) বিং, ত্রিং, যে ছিদ্র খুজিয়া বেড়ায়, যে দোষ অনুসন্ধানকরে

ছিদ্রোন্বেষী—ষিন্ (ছিদ্র—অন্বেষী=যে অন্বেষণ করে) বিং, ত্রিং, যে দোষ অনুসন্ধান করে, যে ছিদ্র খুজিয়া বেড়ায়

ছিদ্রালদেহী, (Porifera) এই জাতীয় প্রত্যেক জীব অত্যন্ত ক্ষুদ্র। ইহারা বহুছিদ্র পূর্ণ আবাস নির্ম্মাণ করিয়া তথায় বাস করে বলিয়া ইহাদিগকে ছিদ্রালদেহী কহা যায়। উক্ত আবাসের সামান্য নাম স্পঞ্জ।

ছিদ্রান্তঃ (ছিদ্রান্তর্, ছিদ্র—অন্তর্=মধ্য) সং, পুং, নল, খাগড়া।

ছিদ্রিত, (ছিদ্র্=ভেদকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বিদ্ধ, ছিদ্রকরা বস্তু।

ছিনন, (দেশজ) সং, বলদ্বার গ্রহণ,হরণ।

ছিন্ন, (ছিদ্=ছেদনকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, খণ্ডিত, ছেঁড়া। ন্না—স্ত্রীং, বেশ্যা। গুড়ূচী। [রিমাণে কর্ত্তিত, চেরা।

ছিন্নক, (ছিন্ন+কন্) বিং, ত্রিং, অল্পপ-

ছিন্নমস্তক, (ছিন্ন—মস্তক, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, মস্তকহীন। (যিনি দুঃখভাব প্রকাশ করত স্বকীয় মস্তক খণ্ডন করেন) ছিন্নমস্তা—স্ত্রীং, মহাবিদ্যাদেবীবিশেষ, দুর্গা, কালী।

ছিন্নরুহ, (ছিন্ন—রুহা=যে জন্মায়। যে কাটিবার পর পুনর্ব্বার জন্মায়) সং, স্ত্রীং, বৃক্ষবিশেষ, গুড়ূচী।

ছিপ, (দেশজ) সং, মৎস্যধারণ যন্ত্র। পী—গুঁজী, ছিদ্ররোধক কাষ্ঠাদি।

ছিল্কা, (ছল্লিশব্দজ) সং, বল্কল, ছাল।

ছিলা, (দেশজ) সং, মৌর্ব্বী,ধনুকেরগুণ।

ছিলিম, (দেশজ) সং, হুঁকা, হুঁকা।

ছুঁচ, (সূচি শব্দজ) সং, সুঁই, সোমাজি।

ছুঁচা, ছুঁছা, (ছুছুন্দরী শব্দজ) সং, গন্ধমূষিক। [যৌবনা।

ছুকরী, (দেশজ) সং, অল্পবয়স্কা স্ত্রী, নব-

ছুছুন্দরী, (ছুছু=অব্যক্ত শব্দ—দৃ+অল্—প্রং) সং, স্ত্রীং, গন্ধমূষিক, ছুঁচা।

ছুটন, (দেশজ) সং, পলায়ন। শীঘ্রগমন।

ছুটী, (দেশজ) সং, বিদায়, উদ্ধার। কার্য্য হইতে অবসৃতি বা নিষ্কৃতি।

ছুড়ন, ছোড়ন, (দেশজ) সং, প্রক্ষেপণ, ছাড়ন।

ছুদ্র, সং, ক্লীং, প্রতিশোধ। প্রত্যাগমন। রোগনিরাকরণ। সূর্য্যাদির কিরণ।

ছুপ, (ছুপ্=স্পর্শকরা+অল্—প্রং) সং, পুং, স্পর্শ। ঝোপ। ছুপেধরা। যুদ্ধ। চপলতা।

ছুরা, (ছুর্=ছেদনকরা+অ—প্রং,) সং, স্ত্রীং, চূর্ণ, চূণ।

ছুরি, ছুরিকা, ছুরী (ছুর্=ছেদনকরা+ই, অক, অ—প্রং) সং, স্ত্রীং, অস্ত্রবিশেষ, অসিপুত্রী।

ছুরিত, (ছুর্=রঞ্জিতকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, খচিত, লিপ্ত, ব্যাপ্ত। শোভিত। ছিন্ন। ক্বংষিত। "আন্দোলনশ্রমজলস্ফটসান্দ্রবিন্দুমুক্তাফলপ্রকররিচ্ছুরিতম্"।

ছুলী, (দেশজ) সং, চর্ম্ম রোগবিশেষ।

ছেঁচন, (সেচনশব্দজ) সং, সেচন। বিদারণ।

ছেঁদা, (ছিদ্রশব্দজ) সং, রন্ধ্র, গর্ত্ত।

ছেক, (ছো=ছেদন করা+ঈক—প্রং। নিপাতন) সং, পুং, অনুপ্রাসবিশেষ, ব্যঞ্জন সমূহের যথাক্রমে পুনরাবৃত্তি। বিং, ত্রিং, গৃহপালিত, বশীভূত। নাগরিক, নগরোচিত ছন্দ্রিয়া এবং চাতুর্য্যে সুপণ্ডিত, বিদগ্ধ।

ছেকোক্তি, (ছেক=বিদগ্ধ—উক্তি=বাক্য) সং, স্ত্রীং, কপট বাক্য, তোষামোদ।

ছেদ, (ছিদ্=ছেদন করা+ঘঞ্—ভা)

সং, পুং, ছেদন। বিরাম। পরিচ্ছেদ। খণ্ড, ভাগ।

ছেদক, (ছিদ+ণক—ক) বিং, ত্রিং, যে ছেদন করে, কর্ত্তক। ভাজক।

ছেদন, (ছিদ+অনট্—ভা), সং, ক্লীং, কর্ত্তন, কাটা। খণ্ড।

ছেদপ্রবণ, বিং, ত্রিং, যে দ্রব্যকে টানিলে বৃদ্ধি হয় না, সহজেই ছিন্ন হইয়া যায়।

ছেদিত, (ছেদি+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, কর্ত্তিত, দ্বিধাকৃত। [নযোগ্য। নির্ণেয়।

ছেদ্য, (ছিদ+ঘ্যণ্—র্ম্ম) বিং, ত্রিং, ছেদ-

ছেনাল, (দেশজ) সং, অসতী, ভ্রষ্টা স্ত্রী। —লী, স্ত্রীলোকের চাতুরী, চালাকী।

ছেঁপ, (ষ্ঠীব্ ধাতুজ) সং, নিষ্ঠীবন, থুথু। পানের পিক্। [দেখ।

ছেমন্ত, সং, পুং, পিতৃহীন বালক। ছমন্ত

ছেলে, (দেশজ) সং, কিঞ্চিদ্বয়ঃস্থবালক, শিশু। [লক, শিশু।

ছোকরা, (দেশজ) সং, কিঞ্চিদ্বয়ঃস্থবা-

ছোট, (দেশজ) বিং, ত্রিং, ক্ষুদ্র, কনিষ্ঠ। অধম।

ছোটিকা, (ছুট্=ছেদনকরা+ণক—প্রং) সং, স্ত্রীং, অঙ্গুলিধ্বনি, তুড়ি।

ছোটী, (ছোটিন্, ছো=ছেদনকরা+উটিন্—প্রং। নিপাতন। অথবা ছুট্=ছেদন করা+ইন্—প্রং) সং, পুং, ধীবর, জেলে।

ছোড়ান, (দেশজ) সং, কুলুপেরচাবী, কুঞ্জিকা। [চিহ্ন, দাগ।

ছোপ, (স্পর্শার্থ ছুপ্ ধাতুজ) সং, বস্ত্রাদিতে

ছোরণ, (ছুর্=ছেদনকরা+অনট্—ভা) সং, ক্লীং, পরিত্যাগ, ছেড়ে দেওয়া।

ছোল, (ছল্লীশব্দজ) সং, ত্বক্, বাকল। লা—চণক। বিং, ত্বক্‌নির্মুক্ত, ছাড়ান।

ছোলঙ্গ, সং, পুং, লেবু (Acitron)

জ

জ, ব্যঞ্জনের অষ্টম অক্ষর (জন্=জন্মান কিম্বা জি = জয়করা+ড—প্রং) সং, পুং, শিব। বিষ্ণু। জন্ম। উৎপত্তি। জনক, পিতা। মাতা। গুরুমধ্য বর্ণত্রয়। বেগ। বিং, ভুক্ত। শীঘ্র। জাত, যে জন্মে, (শব্দের পর ইহার প্রয়োগ হয়, যথা—পঙ্কজ, জলজ প্রভৃতি।

জকুট, সং, পুং, মলয়াদ্রি। কুক্কুর। ক্লীং, বেগুণফুল। [সং, ক্লীং, ভোজন, ভক্ষণ।

জক্ষণ, (জক্ষ=ভক্ষণকরা+অনট্—ভা)

জক্ষি, (জক্ষ=ভক্ষণকরা+কি) সং, স্ত্রীং, ভোজন, ভক্ষণ।

জাক্ষিবস্, (জক্ষি—বসু) বিং, ত্রিং, ভক্ষক, যে ভোজন করে।

জক্ম, জক্মা, (জক্মন্, জক্ষ্=ভক্ষণকরা+ম, মন্—প্রং) সং, পুং, ক্ষয়কাশ।

জগচ্চক্ষুঃ, (জগচ্চক্ষুস্, জগৎ—চক্ষুস্, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সূর্য্য।

জগৎ, (গম্ = গমনকরা+ক্বিপ্—প্রং, গম্ স্থানে জগ) সং, ক্লীং, লোক, ভুবন, পৃথিবী। বিশ্ব, ব্রহ্মাণ্ড। "জগতাং কারকঃ কৃষ্ণঃ" বোপদেব। শরীর। পুং, বায়ু। বিং, ত্রিং, জঙ্গম, অস্থায়ী।

জগতী, (জগৎ দেখ, ঈ—প্রং) সং, স্ত্রীং, লোক। পৃথিবী। "উপরুদ্ধাঞ্চ জগতীং তমসেব সমাবৃতাম্" ছন্দোবিশেষ।

জগৎকৃৎস্ন, (জগৎ—কৃৎস্ন=সমস্ত) সং, ক্লীং, ব্রহ্মাণ্ড, সমুদায় জগৎ।

জগৎপ্রাণ, (জগৎ—প্রাণ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বায়ু, বাতাস।

জগৎসাক্ষী, (ক্ষিন্, জগৎ—সাক্ষী=প্রত্যক্ষদর্শী, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সূর্য্য। যিনি সমস্ত পৃথিবীর দৈনন্দীন ব্যাপার সর্ব্বদা দেখিতেছেন।

জগদম্বা, (জগৎ—অম্বা=মাতা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, দুর্গা, কালী।

জগদাধার, (জগৎ—আধার=আশ্রয়, অবলম্বন) সং, পুং, কাল। বায়ু। জগতের আশ্রয়, জগৎ যাহাকে অবলম্বন করিয়া রহিয়াছে।

জগদীশ, (জগৎ—ঈশ=প্রভু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, জগৎপ্রভু, নারায়ণ। জগতের পতি, বিশ্বেশ্বর, পরমেশ্বর।

জগদ্গৌরী, (জগৎ—গৌরী=দেবীবিশেষ) সং, স্ত্রীং, মনসাদেবী।

জগদ্দ্রুহ, (জগৎ—দ্রুহ্=অনিষ্টাচরণকরা +ক্বিপ্—ক) বিং, ত্রিং, জগতের অনিষ্টকারী।

জগদ্ধাত্রী, (জগৎ=ত্রিভুবন—ধাত্রী=যে পোষণ করে, ২য়া—ষ) সং, স্ত্রীং,গৌরী, দুর্গা, জগন্মাতা। জগদ্ধারণকর্ত্রী।

জগদ্বল, (জগৎ—বল=বেষ্টন) সং, পুং, বাতাস।

জগদ্যোনি, (জগৎ—যোনি=উৎপত্তি স্থান) সং, পুং, জগতের সৃষ্টিকর্ত্তা। ব্রহ্মা। "জগদ্যোনিরযোনিস্ত্বং জগদন্তো নিরন্তকঃ" কুমার। বিষ্ণু। শিব। স্ত্রীং, পৃথিবী। [সং, স্ত্রীং, পৃথিবী।

জগদ্বহা, (জগৎ—বহ=যে বহন করে)

জগদ্বিনাশ, (জগৎ—বিনাশ। ৬ষ্ঠী—ষ) প্রলয়, যুগান্ত, যুগের শেষ। পৌরাণিকেরা বলেন যে প্রত্যেক যুগের শেষে সমস্ত ব্রহ্মাণ্ড ধ্বংস হইয়া যায়।

জগন্নাথ, (জগৎ—নাথ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, জগদীশ্বর, নারায়ণ। ভৈরববিশেষ।

জগন্নিবাস, (জগৎ—নিবাস=আশ্রয়। ৬ষ্ঠী—ষ) সং, পুং, বিষ্ণু, যিনি সমস্ত জগতের আধারস্বরূপ। যে পৃথিবীতে জন্ম গ্রহণ করিয়াছে। "শ্রিয়পিতিঃ শ্রীমতি শাসিতুং জগৎ, জগন্নিবাসো বসুদেব সদ্মনি" মাঘ।

জগনু, (জগৎ—নুদ্=প্রেরণ করা+উ —প্রং। নিপাতন। জগন্নু শব্দও হয়) সং, পুং, অগ্নি। কীট, জন্তু।

জগর, জাগর, (জাগৃ=জাগিয়া থাকা+ অ—প্রং, নিপাতন। অথবা জগল দেখ, ল—র) সং, পুং, বর্ম্ম, সাঁজোয়া,কবচ।

জগল, (গল্ [যঙ্ লুগন্ত] পুনঃপুনঃ ক্ষরিত হওয়া+অ—প্রং। নিপাতন) সং, পুং, মদিরাবিশেষ, পিষ্টমদ্য। মদ। কল্ক। বর্ম্ম। সাঁজোয়া। ক্লীং, গোময়। বিং, ত্রিং, শঠ, চতুর।

জগ্ধ, (অদ্=ভক্ষণকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ভুক্ত, ভক্ষিত।

জগ্ধি, (অদ্+ক্তি—ভা) সং, স্ত্রীং, ভক্ষণ, ভোজন।

জঘন, (হন্=বধকরা+অ—প্রং। জ— আগম) সং, ক্লীং, স্ত্রীলোকের কটি। কটিদেশের সম্মুখভাগের নিম্নদেশ। "গঙ্গাযমুনয়োর্মধ্যে পৃথিব্যা জঘনং স্মৃতম্। প্রয়াগং জঘনস্থানমুপস্থমৃষয়ো বিদুঃ"। "অভ্যান্নতা পুরস্তাদবগাঢ়া জঘনগৌরবাৎ পশ্চাৎ" শকুন্তলা।

জঘন্য, (জঘন=কটি+য—প্রং) বিং,ত্রিং, নীচ, অধম, মন্দ। ঘৃণার যোগ্য, হেয়, চরম। সং, পুং, শূদ্র। ক্লীং, মেঢ়্র।

জঘন্যজ, (জঘন্য—জ=জাত) সং, ... শূদ্র। বিং, ত্রিং, কনিষ্ঠ। "জঘন্যজাশ্চ যে তেষাং সর্ব্বে দায়হরাঃ স্মৃতাঃ" দায়ভাগ।

জঘ্নস্, (হন=নাশকরা+বসু। দ্বিত্ব) বিং, ত্রিং, হত্যাকারী যে বা যাহা প্রাণ নাশকরে।

জঘ্নি, (হন+কি, নিপাতন) সং, পুং, তীক্ষ্ণ মারণাস্ত্রবিশেষ।

জঘ্নু, (হন+কু। দ্বিত্ব) বিং, ত্রিং, প্রহারকারী, ক্ষতিকারক। সং,পুং, মারণ, প্রহার, অনিষ্টাচরণ।

জঘ্নিবস্, (হন+বসু। ইম্ আগম) বিং, ত্রিং, হত্যাকারী, প্রাণবিনাশক।

জঙ্গপূগ, সং,ক্লীং,পাপ, কুক্রিয়া, দুষ্কার্য্য।

জঙ্গম, (গম্=গমনকরা+যঙ্+অ—প্রং দ্বিত্ব) বিং, ত্রিং, গমনশীল, অস্থাবর, যাহারা এক স্থানে বর্ত্তমান থাকে না। "জঙ্গমং প্রেষ্যভাবে বঃ স্থাবরং চরণাঙ্কিতং" কুমারসম্ভব।

জঙ্গমকুটী, (জঙ্গম=গমনশীল-কুটী=আতপত্র) সং, স্ত্রীং, আতপত্র, ছত্র, ছাতি।

জঙ্গল, (জঙ্গম—ল=যে গ্রহণকরে, জঙ্গম স্থানে জঙ্গ। যে জঙ্গম পশুদিগকে আপনার ভিতর গ্রহণ করে) সং, ক্লীং, অটবী, বন, অরণ্য। পুং—ক্লীং, মাংস। বিং, ত্রিং, জনশূন্য, নির্জ্জন।

জঙ্গাল, (জঙ্গ=এক স্থান হইতে অন্যস্থানে গমন—আল=যে গ্রহণ করে) সং, পুং, বাঁধ, জাঙ্গাল।

জঙ্গুল, (জঙ্গু=গমনশীল [প্রাণী]—ল [লু=ছেদন করা+ড—ক] যে বিনাশ করে) সং, ক্লীং, বিষ।

জঙ্ঘা, (জন্=জন্মান+অ—প্রং,জন স্থানে জঙ্ঘ) সং, স্ত্রীং, হাঁটু হইতে পায়ের গোড়ালি পর্য্যন্ত, ঠ্যাঙ। "মাতৃজঙ্ঘা হি বৎসস্য স্তম্ভী ভবতি বন্ধনে"।

জঙ্ঘাকরিক, জঙ্ঘাল, জঙ্ঘিল } (জঙ্ঘা—কর=শুল্ক+ইক—প্রং, যে পদব্রজে কর আদায় করে। জঙ্ঘা—ল=যে [জীবিকা] গ্রহণ করে) সং, পুং, ধাবক, দ্রুতগামী, যাহারা অত্যন্ত দ্রুতবেগে গমন করে,এবং জঙ্ঘাচালন দ্বারা স্বীয় জীবিকা নির্ব্বাহ করে, পত্র বাহকাদি। (peon)। মৃগ বিশেষ।

জজ, (জজ্=যুদ্ধকরা+অল্) যোদ্ধা, বীরপুরুষ।

জজোজস্, (জজ=বীর+ওজস্=তেজঃ) বীরত্ব, সাহস।

জঞ্জপূক, (জপ্=[যঙ্ লুগন্ত] পুনঃপুনঃ জপ করা, ঊ—ক) বিং, ত্রিং, পুনঃপুনঃ জপকারী, যে সর্ব্বদা জপ করে।

জটা, (জট্=একত্র জড় হওয়া+অ—প্রং) সং, স্ত্রীং, পরস্পর সংশ্লিষ্ট কেশ, লগ্নকেশ, জট। "জলজ্জটাকলাপস্য ভ্রূকুটী কুটিলং মুখং" বিষ্ণুপুরাণ। কেশর, সিংহাদির ঘাড়ের ঝুঁটি। বৃক্ষের ঝুরি। বেদাধ্যয়ন।

জটাজূট, (জটা—জূট=এক অর্থ বা সমূহ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, জটাসমূহ।

জটাজ্বাল, (জটা=সংহত কেশ—জ্বালা=অগ্নি-শিখা,৬ষ্ঠী—হিং) সং, পুং,প্রদীপ, দীপ। [সং, পুং, মহাদেব, শিব।

জটাটঙ্ক,(জটা—টন্ক্=বদ্ধকরা+অ-প্রং)

জটাটীর, (জটা—অট্—গমনকরা+ঈর—প্রং। জটাচীর শব্দও হয়) সং, পুং, শিব, মহাদেব।

জটাধর, (জটা—ধর=যে ধরে, ২য়া—ষ) সং, পুং, শিব। বিং, ত্রিং, জটাধারী, জটা বিশিষ্ট, যাহার মস্তকে জটা আছে।

জটামাংসী, (জটা=সংহত কেশ বা বৃক্ষের ঝুরি—মাংসী=বৃক্ষ বিশেষ) সং, স্ত্রীং লতাবিশেষ, সুগন্ধি দ্রব্যবিশেষ।

জটায়ু, জটায়ুস্ (জটা=রাশি—আয়ু=জীবনকাল। যাহার দীর্ঘআয়ু, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শকুন্তরাজ, সম্পাতির অনুজ, দশরথের সখা। "অথৈতন্মন্বন্তর পুরাণস্য গৃধ্ররাজস্য তত্র ভবতস্তাতজটায়ুযশ্চরিত্র বিক্রমোদাহরণং" উ,রা, চ।

জটাল, (জটা+ল—অস্ত্যর্থে) বিং, ত্রিং, জটাধারী, জটাবিশিষ্ট। সং, পুং, জটাধারী ব্রহ্মচারী। গুগ্‌গুল। কর্পূর। বটবৃক্ষ। সিংহ। [প্লক্ষবৃক্ষ। জটা সমূহ।

জটি, জটী (জটা দেখ, ই—প্র) সং, স্ত্রীং,

জটিল, (জটা=ইল—অস্ত্যর্থে) সং, পুং, বটবৃক্ষ। সিংহ। জটাধারী ব্রহ্মচারী। বিং, ত্রিং, জটাবিশিষ্ট, জটাধারী। "সোহয়ং প্রয়াতি বিপিনে জটিলস্তপস্বী"। (দেশজ) বিং,যাহা সহজে বোঝা যায় না, দুর্ব্বোধ।

জটী, (জটিন্ জটা+ইন্-অস্ত্যর্থে) সং, পুং, পর্কটীবৃক্ষ,পাকুড় গাছ। বটবৃক্ষ। সিংহ। জটাধারী ব্রহ্মচারী। বিং, ত্রিং, জটাবিশিষ্ট, জটাধারী।

জটুল, জড়ুল (জটা দেখ,উল—সংজ্ঞার্থে) সং, পুং, শরীরস্থ চিহ্নবিশেষ, জড়ুর।

জঠর, (জম্=ভক্ষণকরা+অর—প্রং, ম স্থানে ঠ। বা জন্+অর—প্রং, যাহাতে প্রাণী জন্মগ্রহণ করে) সং, পুং, ক্লীং, উদর। জরায়ু, গর্ভ। বিং, ত্রিং, কঠিন। কর্কশ। বৃদ্ধ।

জঠরস্থ, (জঠর—স্থ=যে থাকে) বিং, ত্রিং, যে জঠরে আছে, গর্ভস্থ। যাহা জঠরে প্রবেশ করিয়াছে, উদরস্থ।

জঠরাগ্নি } (জঠর—অগ্নি=অনল=
জঠরানল } আগুন) সং, পুং, জঠরস্থিত অগ্নি ; উদরের মধ্যে এক প্রকার দ্রব পদার্থ(gastric juice) আছে তাহার গুণে ভুক্ত বস্তু পরিপাক হয়।

জঠরাময়, (জঠর—আময়=রোগ) সং, পুং, জলোদর রোগ।

জড়, (জল্=জমাকরা, আচ্ছাদনকরা+অ প্রং, ল স্থানে ড়) বিং, ত্রিং, শীতল। নিষ্পন্দ। "করপল্লবঃ সতস্যা সহসৈব জড়াজ্জড়ঃ পরিভ্রষ্টঃ" উত্তরচরিত। নিস্তেজ। নিরুদ্যোগ। মূর্খ। চেতনশক্তিরহিত। মূক। অন্ধ। মোহিত। সং, পুং, জ্ঞান শক্তিবিহীন নিষ্ক্রিয় ব্যক্তি, (Idiot) "নাপৃষ্টঃ কস্যচিদ্ব্রূয়াৎ ন চান্যায়েন পৃচ্ছতঃ। জানন্নপি হি মেধাবী জড়বল্লোক আচরেৎ"। পাগল। ক্লীং, সীমা। জল।

জড়ক্রিয়, (জড়—ক্রিয়া=কার্য্য, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বিলম্বে কার্য্যকারক, দীর্ঘসূত্রী।

জড়তা, জলতা (জড়+তা—ভাবে) সং, স্ত্রীং, মূর্খতা, জাড্য। শৈথিল্য, অপটুতা। শৈত্য।

জড়ত্ব, (জড়+ত্ব—ভাবে) সং, ক্লীং, মূর্খতা। অপটুতা। শীতলতা, অস্পষ্টতা। যে গুণ থাকাতে বস্তু সকল চালিত, কিম্বা স্থাপিত হইতে অন্যের শক্তি অপেক্ষা করে।

জড়পদার্থ, সং, পুং, অচেতন বস্তু, যেমন কাষ্ঠ, ইষ্টক, প্রস্তর প্রভৃতি।

জড়পিণ্ড, সং, পুং,—ক্লীং, স্থূলজড়পদার্থ।

জড়াও, (দেশজ) বিং, খচিত, সংলগ্ন।

জড়ান, (দেশজ) সং, বেষ্টন, ঘেরণ, আবৃত করণ। [সং, পুং, জড়তা।

জড়িমা, (জড়িমন্, জড়+ইমন—ভাবে)

জড়ীভূত, (জড়+ভূত। ঈ—আগম) বিং, ত্রিং, হতবুদ্ধি, যাহার বুদ্ধি লোপ হইয়াছে। নিতান্ত স্ফূর্ত্তিহীন। বিস্ময় বা ভয় হেতু স্পন্দরহিত।

জড়ুর, (জড়ুলশব্দজ) সং, দেহস্থ তিলক, জটুল।

জতু, (জন্=উৎপন্ন হওয়া+উ—প্রং, ন স্থানে ত) সং, ক্লীং, লাক্ষা, লা, জৌ। "জিঘ্রণোস্য বসাগন্ধং সর্পিজ্জতুবিমিশ্রিতং" মহাভারত। আল্‌তা।

জতুক, (জতু+ক—প্রং) সং, ক্লীং, হিঙ্গু, হিং। লাক্ষা, লা (দেশজ) নবকুমারাদির মুখদর্শনকালীন দত্ত ধনাদি। কা—স্ত্রীং, চামচিকা।

জতুনী, সং, স্ত্রীং, চামচিকা।

জতুপুত্রক, সং, পুং, পাশকগুটিকা, পাশার ঘুঁটি।

জতুরস, সং, পুং, আল্‌তা।

জত্রু, (জতু দেখ, রু—সংজ্ঞার্থে, ন্ স্থানে ত্) সং, ক্লীং, কণ্ঠাস্থি, কণ্ঠার হাড়।

জন, (জন্+অ—প্রং) সং, পুং, লোক। ব্যক্তি। ভুবন। ইতরলোক, মুটে মজুর।

জনক, (জন্=জন্মান—অক—ক) সং, পুং, পিতা, জন্মদাতা। মিথিলার রাজা। "জনকানাং রঘূনাঞ্চ সম্বন্ধঃ কস্য ন প্রিয়ঃ" বিং, ত্রিং, কারণ, উৎপাদক। "কুলাল জনকোপরঃ" ভাষাপরিচ্ছেদ।

জনকতা, (জনক+তা—ভাবে) সং, স্ত্রীং, কারণতা, উৎপাদকতা। উৎপাদনশক্তি।

জনকতনয়া } (জনক—তনয়া, সুতা,
জনকসুতা } আত্মজা=কন্যা, ৬ষ্ঠী—
জনকাত্মজা } ষ) সং, স্ত্রীং, জানকী, সীতা। "যক্ষশ্চক্রে জনকতনয়াস্নান পুণ্যোদকেষু" মেঘদূত।

জনঙ্গম, (জন=ইতর লোক—গম্=গমন করা+খ—প্রং) সং, পুং, চাণ্ডাল।

জনতা, (জন+তা—সমূহার্থে সং, স্ত্রীং, জনসমূহ, ভিড়।

জনত্র,—জন=লোক——ত্রৈ=রক্ষাকরা

+ড—আপ্—স্ত্রীলিঙ্গে) সং স্ত্রীং ছত্র, ছাতি। ইহা রৌদ্র এবং বৃষ্টি হইতে লোকদিগকে রক্ষা করে বলিয়া ইহার নাম জনত্রা হইয়াছে।

জনন—ক্লীং } (জন্+অনট, অনি—
জননি—স্ত্রীং } প্রং) সং,উৎপত্তি। বংশ।

জননী, (জনন দেখ, ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, মাতা। "জননী জন্মভূমিশ্চ স্বর্গাদপি গরীয়সী" উৎপাদিকা। দয়া।

জনপদ, জানপদ (জন—পদ=স্থান, ৬ষ্ঠী—ষ। জনপদ+ষ্ণ—স্বার্থে)সং,পুং দেশ, বসতিস্থান, লোকালয়। জনপদ বধূ ভুক্ত কুঞ্জে মুহূর্ত্তং" মেঘদূত। লোক।

জনপ্রবাদ, (জন=লোক—প্রবাদ [প্র বিস্তৃত, নিন্দিত—বাদ=কথন] অপবাদ) সং, পুং, লোকাপবাদ, লোকনিন্দা। জনরব।

জনপ্রিয়,—(জন—প্রিয়) বিং ত্রিং—লোকের তৃপ্তিকর, মনোরম। সর্ব্বলোকপ্রিয়, যে সমস্ত লোকদিগকে ভাল বাসে। (Philanthropic) সং, পুং, বৃক্ষবিশেষ। ধনে।

জনমেজয় } (জন=জননামকঅসুর—
জন্মেজয় } এজি=কম্পিতকরা+খশ্-ক) সং, পুং, বিষ্ণু। পরীক্ষিতের পুত্র।

জনয়িতা (জনয়িতৃ, জনি=জন্মান+তৃণ্—ক) সং, পুং, পিতা। ত্রী—স্ত্রীং, মাতা। বিং, ত্রিং, উৎপাদক।

জনরব (জন—রব=শব্দ) সং, পুং, জনশ্রুতি। লোকে যাহা বলিয়া থাকে। একত্র সমবেত বহু ব্যক্তির শব্দ, কোলাহল।

জনলোক (জন—লোক=ভুবন, ৬ষ্ঠী-ষ) সং, পুং, সপ্তভুবনান্তর্গত ভুবন বিশেষ।

জনবাদ—পুং } (জন-বাদ=কথন। জন
জনশ্রুতি-স্ত্রীং } -শ্রুতি=শ্রবণ, ৬ষ্ঠী-ষ) সং, জনরব, কিম্বদন্তী, খবর, বার্ত্তা।

জনস্থান (জন=লোক -স্থান, ৬ষ্ঠী-ষ) সং, ক্লীং, দণ্ডকারণ্যমধ্যস্থ স্থানবিশেষ। "জনস্থানে শূন্যে বিকল করণৈরার্য্যচরিতৈঃ" উত্তরচরিত। (Settlement) লোকবসতি। লোকালয়।

জনাচার, (জন—আচার) সং, পুং, লৌকিক ব্যবহার, সদাচরণ, সভ্যজনোচিত আচার।

জনাতিগ, (জন—অতিগ=যে অতিক্রম করে। যে সমস্ত লোকদিগকে অতিক্রম করিয়া যায়) বিং,ত্রিং, অসাধারণ, আলৌকিক, সর্ব্বোৎকৃষ্ট।

জনাধিনাথ, (জন—অধিনাথ=ঈশ্বর) নরাধিপ, রাজা। বিষ্ণু।

জনান্ত (জন=মনুষ্য—অন্ত=সীমা) সং, পুং, প্রদেশ, জেলা।

জনান্তিক (জন = মনুষ্য — অন্তিক = নিকট+অ—ভবার্থে) সং, ক্লীং, অন্যলোক সমক্ষেও কাণে কাণে কথা কহা। ত্রিপতাক-করেণান্যানপবার্য্যান্তিকে জনান্, অন্যোন্যামন্ত্রণং যৎ স্যাৎ জনানাং তজ্জনান্তিকম্"। বিশ্বনাথ।

জনার্দ্দন (জন=অসুরবিশেষ—অর্দ্দন= যে পীড়া দেয়, ২য়া—ষ) সং, পুং, বিষ্ণু "ঔষধে চিন্তয়েদ্বিষ্ণুং ভোজনে চ জনার্দ্দনং"। [পুং, নেকড়ে বাঘ।

জনাশন, (জন—অশন=ভোজনীয়) সং,

জনাশ্রয়, (জন—আশ্রয়=৬ষ্ঠী—ষ) সং, পুং, পটমণ্ডপ, অল্পদিনের জন্য নির্ম্মিত গৃহ। লোকালয়।

জনি, জনী (জন্=উৎপন্নহওয়া, জন্মান +ই—প্রং) সং, স্ত্রীং, উৎপত্তি, জন্ম। নারী। মাতা। স্নুষা, পুত্রবধূ। জায়া।

জনিকা, (জনক+আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, পুত্রবধূ। জনয়িত্রী।

জনিত, (জনি=জন্মান+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহা উৎপন্ন করা গিয়াছে, উৎপাদিত।

জনিতা, (জনিতৃ, জন্+তৃণ্—ক) সং, পুং, পিতা। ত্রী—স্ত্রীং, মাতা।

জনিতোদ্যম্—(জনিত+উদ্যম ৬ষ্ঠী—

হিং) বিং, ত্রিং, সতেজ। উদ্যমশীল। যত্নবান, যে সর্ব্বদা কোন কার্য্য সম্পাদনের নিমিত্ত যত্ন করিতেছে।
জনিত্ব, (জন=জন্মগ্রহণ করা+ইত্ব) যাহা হইতে জন্ম গ্রহণ করা যায়) সং, পুং, পিতা। ত্বা, স্ত্রীং, মাতা, জননী।
জনিমন্, (জন+ইমন্) সং, পুং, জন্ম।
জনীন, (জন+ঈন—হিতার্থে) বিং, ত্রিং, জনের হিতকারী। যার যেরূপ আবশ্যক তদুপযুক্ত।
জনু, জনূ—স্ত্রীং, জনুস্—ক্লীং, (জন্+উ, ঊ, উস্—প্রং) সং, জন্ম, উৎপত্তি।
জনেষ্টা, (জন—ইষ্ট=বাঞ্ছিত, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, হরিদ্রা।
জনোদাহরণ, (জন=মানবজাতি—উদাহরণ=নিদর্শন) সং,ক্লীং, যশ, সুখ্যাতি।
জন্তু, (জন+তু—প্রং) সং, পুং, জীব, প্রাণী,শরীর। স্বেদজাঃ ক্রিময়ঃ প্রোক্তা জন্তবশ্চ যথা ক্রমম্"। "পর্য্যুৎসুকো ভবতি যৎসুখিতোপি জন্তুঃ" শকুন্তলা।
জন্তুকা, (জন্তু=কীট—কৈ=প্রকাশহওয়া +অ—প্রং) সং, স্ত্রীং, লাক্ষা, লা।
জন্তুঘ্ন, (জন্তু [প্রাণী] কীট—ঘ্ন=যে নাশ করে) সং, ক্লীং, হিঙ্গু, হিং। পুং, এক প্রকার লেবু। বিং, ত্রিং, প্রাণিঘাতক।
জন্তুনাশন, (জন্তু—নাশন নাশকারী) সং, ক্লীং, হিঙ্গু।
জন্তুফল, (জন্তু=পতঙ্গ—ফল। যাহার ফলে পতঙ্গ সকল দল-বদ্ধ হইয়া আবির্ভূত হয়) সং, পুং, যজ্ঞডুমুরের গাছ।
জন্তুলা, (জন্তু [প্রাণী] কীট—লা=যে গ্রহণ করে। কাশতৃণে অনেক কীট থাকে বলিয়া ইহার নাম জন্তুলা হইয়াছে) সং, স্ত্রীং, কাশতৃণ, কেশে।
জন্ম, (জন্মন্, জনি দেখ, মন্—প্রং) সং, ক্লীং, উৎপত্তি, উদ্ভব। সংসার, লোক। "জন্ম যস্য পুরোর্বংশে যুক্তরূপমিদং তব" শকুন্তলা।
জন্মকীল, সং, পুং, বিষ্ণু।
জন্মদ, (জন্মন্—দ=যে দেয়) সং, পুং, জন্মদাতা, পিতা। [হয়।
জন্মভূমি, সং, স্ত্রীং, স্বদেশ, যে দেশে জন্ম
জন্মবৎ, (জন্মন+বৎ—অস্ত্যর্থে) বিং, ত্রিং, প্রাণী, জীব।
জন্মবর্ত্ম, (জন্মবর্ত্মন্, জন্মন্—বর্ত্মন্=পথ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, যোনি।
জন্মশোধন, (জন্ম—শোধন=মার্জ্জন) সং, ক্লীং, জন্মজন্ম বাধ্যতাদি বিসর্জ্জন, পিতামাতাদির প্রতি অকৃতজ্ঞতা প্রকাশন।
জন্মান্তর, (জন্মন্—অন্তর=প্রভেদ) সং, ক্লীং, অন্যজন্ম, পূর্ব্বজন্ম, পরজন্ম। লোকান্তর, পরলোক।
জন্মান্তরীণ, (জন্মান্তর+ঈন=ভবার্থে) বিং, ত্রিং, যাহা জন্মান্তরে ঘটিয়াছে বা ঘটিবে।
জন্মান্ধ, (জন্মন্—অন্ধ, ৩য়া—ষ) বিং, ত্রিং, আজন্ম দৃষ্টিহীন, ভূমিষ্ঠ হইবার পূর্ব্বেই যাহার দর্শনশক্তি নষ্ট হইয়াছে।
জন্মাবচ্ছিন্ন, (জন্মন্—অবচ্ছিন্ন) বিং, ত্রিং, যাবজ্জীবন সময়, কোন ব্যক্তি যত দিন বাঁচিয়া থাকে সেই কাল।
জন্মাষ্টমী, (জন্মন্—অষ্টমী) সং, স্ত্রীং, কৃষ্ণের জন্মতিথি, শ্রাবণ মাসের কৃষ্ণাষ্টমী
জন্মী, (জন্মিন, জন্মন্+ইন্—অস্ত্যর্থে) সং, প্রাণী, জীব, জন্তু।
জন্য,(জনি দেখ, য—প্রং) সং, পুং, বর এবং বধূর বন্ধু। বরের বয়স্য। কন্যাযাত্র। বরযাত্র। নবোঢ়া কন্যার ভৃত্য। ন্যা—স্ত্রীং, মাতৃ সহচরী। সখী। "অথাঙ্গরাজাদবতার্য্য চক্ষুর্যাহীতি জন্যামবদৎ কুমারী"রঘুবংশ। আনন্দ,প্রীতি। মাতা ক্লীং, সংগ্রাম। বিবাদ। অপবাদ। হট্ট। জন্মকালীন কুলক্ষণ। বিং,ত্রিং,জায়মান উৎপন্ন। উৎপাদক, জনক। উৎপাদ্য। (দেশজ) হেতু, কারণ। জন্যেও হয়।
জন্যু, (জন জন্মান+যু—সংজ্ঞার্থে) সং, পুং, জন্তু,প্রাণী। অগ্নি। বিধাতা, ব্রহ্মা।

জপ, জাপ-পুং, } (জপ্=পাঠকরা.জপা+
জপন—ক্লীং, } অল্, ঘঞ্,অনট্—প্রং
সং,মন্ত্রাদির পুনঃ পুনঃউচ্চারণ। স্বাধ্যায়।
জপমালা, সং, স্ত্রীং, যে মালা অবলম্বন করিয়া জপ করে।
জপযজ্ঞ, (জপ—যজ্ঞ) সং, পুং, জপকরণ, ইষ্টদেবতাদির স্তব মনে মনে পঠন।
জপা, (জপ দেখ, আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, জবাফুলের গাছ। জবাফুল।
জপিত, (জপ্+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহা জপ করা হইয়াছে।
জমদগ্নি, (জমৎ=ভক্ষণকারী—অগ্নি, য়ং —স) সং, পুং, পরশুরামের পিতা।
জমন, (জম্=ভক্ষণকরা+অনট্—ভা) সং, ক্লীং, ভোজন, আহার।
জম্, অং, পত্নী, জায়া।
জম্পতি, (জম্=জায়াশব্দজ—পতি, দ্বং-স) সং, পুং, দ্বিং, স্ত্রী পুরুষ।
জম্বাল, (জম্=ভক্ষণকরা+বাল—সংজ্ঞার্থে। অথবা জল—বাল [বল্ আবরণ করা+ঘঞ্—র্ম্ম] আবৃত। যে জলদ্বারা আবৃত, ৩য়া—ষ। ল স্থালে ম্, সং, ক্লীং, কর্দ্দম। শৈবাল। কেতকীবৃক্ষ।
জম্বালিনী, (জম্বাল=কর্দ্দম+ইন্—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, শৈবলিনী, নদী।
জম্বির, জম্বীর, (জম্=ভক্ষণকরা+ইর, ঈর —প্রং,ব-আগম) সং, পুং,জামির, লেবু।
জম্বু, জম্বূ (পূর্ব্বে দেখ, উ,ঊ—প্রং) সং, স্ত্রীং, জামগাছ। "জম্বূকুঞ্জপ্রতিহতরয়স্তোয়মাদায় গচ্ছেঃ" মেঘদূত। সুমেরু পর্ব্বতের নদীবিশেষ। জম্বুদ্বীপ। (জম্বু +অ—ফলার্থে, অ=লোপ) স্ত্রীং— ক্লীং, জাম। পুং—ক্লীং, জম্বুদ্বীপ।
জম্বুক, জম্বূক (জম্বির দেখ, উক ঊক— প্রং) সং, পুং, বরুণ। নীচ ব্যক্তি। গোলাপ জামের গাছ। শৃগাল।
জম্বুদ্বীপ, (জম্বু—দ্বীপ, ৩য়া—ষ। সং, পুং, পৃথিবীর সপ্তদ্বীপান্তর্গত দ্বীপবিশেষ, ভারতবর্ষ। এই দ্বীপে সুদর্শন নামক প্রসিদ্ধ একটী জামগাছ আছে। এই নিমিত্ত এই দ্বীপকে জম্বুদ্বীপ বলে। "দক্ষিণেন তু নীলস্য নিষধস্যোত্তরেণ তু। সুদর্শনো নাম মহান্ জম্বুবৃক্ষঃ সনাতনঃ"।
জম্বুমৎ, সং, পুং, ঝরনাবিশেষ। পর্ব্বতবিশেষ। তী-স্ত্রীং, স্বনাম প্রসিদ্ধ অপ্সরোবিশেষ।
জম্বুল, জম্বূল (জম্বু, স্থূ—ল=যে গ্রহণকরে) সং, পুং, জামগাছ। কেতকীবৃক্ষ। ক্লীং, নারীগণ বাসরঘরে বরের প্রতি যে পরিহাসবাক্য প্রয়োগ করে।
জম্বূলমালিকা, (জম্বূল—মালিকা=মাল্য, রজ্জু) সং, স্ত্রীং, বর কিম্বা বধূপক্ষীয় স্ত্রীগণের পরিহাস বাক্য পরম্পরা।
জম্ভ, (জনভ্ নষ্টকরা+অল্—প্রং)সং, পুং, দৈত্যবিশেষ। ভক্ষণ। দন্ত। অংশ। তূণ। হনু, জম্বীর, লেবু। পুং, ম্ভা-স্ত্রীং, জৃম্ভণ, জৃম্ভা।
জম্ভক, (জম্ভ+ক—স্বার্থে) সং, পুং, জম্বীর, লেবু। (জভ্ হাইতোলা ইত্যাদি +অক—ক) বিং, ত্রিং, জম্ভনকারী। (জম্ভা+ক—স্বার্থে) ম্ভিকা—স্ত্রীং, জৃম্ভা, হাই। [সং, ক্লীং, সঙ্গম,রমণ,মৈথুন
জম্ভন, (জন্ভ্=মৈথুনকরা+অনট্—ভা
জম্ভদ্বিট, (জম্ভদ্বিষ্, জম্ভ=দৈত্যবিশেষ— দ্বিষ্ শক্র) সং, পুং, ইন্দ্র।
জম্ভভেদন, (জম্ভ=দৈত্যবিশেষ—ভেদন ভেদ অর্থাৎ নাশকারী) সং, পুং, ইন্দ্র।
জম্ভভেদী, (জম্ভভেদিন্, জম্ভ=দৈত্যবিশেষ—ভেদিন্=যে ভেদ অর্থাৎ নাশকরে, ২য়া—ষ) সং, পুং, ইন্দ্র।
জম্ভর, (জম্ভল দেখ, ল=র) সং, পুং, জম্বীর, লেবু। [৬ষ্ঠী—ষ) সং,পুং, ইন্দ্র।
জম্ভরিপু, (জম্ভ=দৈত্যবিশেষ—রিপু=শক্র,
জম্ভল, (জন্ভ্ [পাপ ইত্যাদি] নাশকরা +অল—প্রং, পুং, জম্বীর। লা—স্ত্রীং, রাক্ষসীবিশেষ। "অস্তি গোদাবরীতীরে জম্ভলা নাম রাক্ষসী। তস্যা স্মরণমাত্রেন বিশল্যা গর্ব্বিনী ভবেৎ"।

জম্ভারি, (জম্ভ=দৈত্যবিশেষ—অরি=শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ইন্দ্র। বজ্র। অগ্নি।

জম্ভী, (জম্ভিন্, জন্‌ভ্ [পীড়া] নাশকরা +ইন্—প্রং) সং, পুং, জম্বীর, লেবু।

জম্ভীর, (পূর্ব্বে দেখ, ঈর—প্রং। ম্-আগম) সং,পুং,জম্বীর,লেবু। বৃক্ষবিশেষ।

জয়, (জি=জয়করা+অল—ভা) সং, পুং, যুদ্ধাদিস্থলে শত্রু-দমন, বশীকরণ, শত্রু-পরাজয়, শত্রুকে হারাইয়া দেওয়া, নিরাস। বিরাট ভবনস্থ যুধিষ্ঠির। রামায়ণ মহাভারতাদি ইতিহাস ও অষ্টাদশপুরাণ প্রভৃতি শাস্ত্র। জয়ন্ত। বিষ্ণুর পার্শ্বচর।

জয়কোলাহল, (জয়—কোলাহল=কলকলধ্বনি) সং, পুং, জয়ধ্বনি। পাশকবিশেষ।

জয়ঢক্কা, (জয়—ঢক্কা=ঢাক) সং, স্ত্রীং, জয়সূচক ঢক্কা, জয়ঢাক, যুদ্ধকালে যে ঢাক বাজান যায়।

জয়দত্ত, (জয়—দত্ত=প্রদত্ত। শত্রুপক্ষেরা যাহাকে জয় প্রদান করিয়াছে) সং, পুং, ইন্দ্রপুত্র।

জয়দ্রথ, (জয়ৎ [জি=জয়করা+শতৃ—ক] জয়শীল—রথ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সিন্ধুরাজ, দুর্য্যোধনের ভগিনীপতি, দুঃশলার স্বামী। [জয়শব্দ দেখ।

জয়ধ্বনি, (জয়—ধ্বনি=শব্দ) সং, পুং,

জয়ন, (জি+অনট্—ভা) সং, ক্লীং,জয়। অশ্বাদির সজ্জা। নী—স্ত্রীং, ইন্দ্রকন্যা।

জয়নযুজ্, (জয়ন = অশ্বাদির বর্ম্ম, যুজ্ =বিশিষ্ট, যুক্ত) বিং, ত্রিং, যুদ্ধ সজ্জায় সজ্জিত অশ্বাদি। জয়ী, যে রিপুজয় করিয়াছে।

জয়ন্ত, (জি+অন্ত—প্রং) সং, পুং, ইন্দ্র-পুত্র। "অন্তর্গতপ্রার্থনমন্তিকস্থং জয়ন্তমুদ্বীক্ষ্য কৃতস্মিতেন" শকুন্তলা। শিব। চন্দ্র। বিরাটভবনস্থ ভীম। স্তী—স্ত্রীং, ইন্দ্রের কন্যা। পতাকা। দুর্গা। অষ্টমী তিথিবটিত যোগবিশেষ। বৃক্ষবিশেষ, জন্তীগাছ।

জয়ন্তিকা, (জয়ন্তী+ক—যোগ) সং,স্ত্রীং, হরিদ্রা, হলুদ।

জয়পতাকা, সং, স্ত্রীং, জয়সূচক পতাকা, জয় লাভের পর যে পতাকা উত্তোলন করা যায়।

জয়পত্র, সং, ক্লীং, জয়সূচক পত্র। বিচারক মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তি যে পত্রে লিখিয়া জয়ীকে প্রদান করেন, ডিক্রী।

জয়পাল,জৈপাল (জয়—পাল=যে পালন করে, ৩য়া—ষ) সং, স্ত্রীং,রাজা। ব্রহ্মা। বিষ্ণু। বৃক্ষবিশেষ।

জয়পুত্রক, সং, পুং, পাশাবিশেষ।

জয়মঙ্গল, (জয়—মঙ্গল=সৌভাগ্য) সং, পুং,রাজবাহ্য হস্তী। জ্বরঘ্ন ঔষধবিশেষ।

জয়যজ্ঞ, (জয়—যজ্ঞ) সং, পুং, জয় সূচক যজ্ঞ, অশ্বমেধ যজ্ঞ। সার্ব্বভৌম সম্রাট্‌গণই অশ্বমেধ যজ্ঞ করিতে পারেন। এই হেতু এই যজ্ঞের নাম জয়যজ্ঞ হইয়াছে।

জয়লক্ষ্মী, জয়শ্রী ; সং, স্ত্রীং জয়ের অধিষ্ঠাত্রী দেবী, যে দেবী অনুকূল হইলে জয়লাভ হয়। "কথমপি জয়লক্ষ্মীর্ভীতভীতা বিহাতুং" ভারবি। জয়লাভ জনিত শোভা।

জয়বাহিনী, (জয়—বাহিনী=যে বহন করে) সং, স্ত্রীং, ইন্দ্রাণী, শচী।

জয়শব্দ, (জয়—শব্দ ধ্বনি) সং, পুং,"জয় হউক" এই আশীর্ব্বাদ বাক্য "বাষ্পেন প্রতিরুদ্ধেপি জয় শব্দে জিতং ময়া" শকুন্তলা। [জয়ী, যে সর্ব্বত্র জয়লাভ করে।

জয়শীল, (জয়—শীল=যুক্ত) বিং, ত্রিং,

জয়া, (জয় দেখ, আ—স্ত্রীলিঙ্গে) সং,স্ত্রী, পার্ব্বতীর সখী। পার্ব্বতী। হরীতকী। ভাঙ্গ, ভাঙ্। জয়ন্তী বৃক্ষ। তৃতীয়া, অষ্টমী, ত্রয়োদশীতিথি। পতাকাবিশেষ।

জয়ারব, (জয়—আরব=শব্দ) সং, পুং, জয়গীতি। লব্ধজয় সৈন্যগণের জয়ধ্বনি।

জয়িত্রী, (জাতিপত্রীশব্দ) সং, জাতিফলের ছাল।

জয়ী, (জয়িন্, জয় দেখ, ইন্—ক) বিং, ত্রিং, জয়শীল, জয়যুক্ত, যে সর্ব্বত্র জয়লাভ করে।

জয়োদ্ধুর, (জয়—উদ্ধুর=স্থির, দৃঢ়) বিং, ত্রিং, জয়ী, লব্ধজয়, রিপুদলবিনাশী।

জয্য, (জয় দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে জয় করিতে পারা।

জরঠ, (জৄ=জীর্ণহওয়া+অঠ—প্রং) বিং, ত্রিং, নিষ্ঠুর। পাঁশুটে। কর্কশ। কঠিন। জীর্ণ। বৃদ্ধ। পুং, জরা।

জরন্ত, (জৄ=জীর্ণহওয়া+অন্তচ্) বিং, ত্রিং, বৃদ্ধ, ক্ষীণকায়।

জরণ, (জৄ—অনট্—র্ম্ম, ভা) বিং, ত্রিং, জীর্ণ, বৃদ্ধ। সং, ক্লীং, হিঙ্। পুং, জীরক, জীরা।

জরৎ, (জৄ+শতৃ—প্রং) বিং, ত্রিং, অশক্ত। বৃদ্ধ, জীর্ণ, পুরাতন। তী—স্ত্রীং, প্রাচীনা, বৃদ্ধা, জীর্ণা।

জরৎকারু, (জরৎ—কারু=দারুণ কঠিন। সং, পুং, স্বনাম প্রসিদ্ধ মুনি। এই মহর্ষি কঠোর তপস্যাদ্বারা আপনার কঠিন ও বলিষ্ট দেহকে ক্রমে ক্রমে ক্ষীণ করিয়াছিলেন বলিয়া তাঁহার নাম জরৎকারু হইল। এবং উক্ত কারণ বশতঃ বাসুকীর ভগিনীও জরৎকারু নামে বিখ্যাত হইলেন। স্ত্রীং, মনসাদেবী, জরৎকারু-পত্নী।

জরদ্গব, (জরৎ—গো, য়ং—স) সং, পুং, বৃদ্ধবৃষ। গৃধ্রবিশেষ। বী-স্ত্রীং, বৃদ্ধ গবী

জরন্ত, (জৄ—জীর্ণহওয়া+অন্ত—প্রং) বিং, ত্রিং, বৃদ্ধ, জীর্ণ। সং, পুং, মহিষ।

জরসান, (জৄ+অসানচ্) সং, পুং, মানব, মনুষ্য।

জরা, (জৄ=জীর্ণহওয়া+আ—ভা) সং, স্ত্রীং, বার্দ্ধক্য, জীর্ণতা। "জরা বলীচ মাং তাত পলিতানি চ পর্য্যগুঃ" মহাভারত। রাক্ষসীবিশেষ।

জরাগ্রস্ত, (জরা—গ্রস্ত, ৩য়া—ষ) বিং, ত্রিং, জরা যাহাকে গ্রাস করিয়াছে, জরাভিভূত।

জরাভীরু, (জরা=বার্দ্ধক্য, জীর্ণতা-ভীরু) সং, পুং কন্দর্প। বিং, ত্রিং, জরার নিমিত্ত ভীরু,। যে ব্যক্তি বার্দ্ধক্যকে অত্যন্ত ভয় করে।

জরায়ণি, জরাপুষ্ট (জরা=রাক্ষসীবিশেষ +য়ণী—অপত্যার্থে।—পুষ্ট=প্রতিপালিত, ৩য়া—হিং, সং, পুং, জরাসন্ধ। ইনি জরা নাম্নী রাক্ষসী কর্ত্তৃক প্রতিপালিত হইয়াছিলেন বলিয়া ইহার নাম জরায়ণি বা জরাপুষ্ট হইয়াছে।

জরায়ু, (জরা—ই পাওয়া+উ—প্রং) সং, পুং, গর্ভবেষ্টন চর্ম্মস্থলী, গর্ভাশয়। ভ্রূণ, গর্ভ। জটায়ুপক্ষী।

জরায়ুজ, (জরায়ু—জ=যে জন্মে, ৫মী-ষ) বিং, ত্রিং, গর্ভচর্ম্ম স্থলীজাত, মনুষ্য গবাদি। "জরায়ুজা মনুষ্যাদ্যা অণ্ডজা ভুজগাদয়ঃ উদ্ভিজ্জাস্তরুগুল্মাদ্যা উষ্মজা মশকাদয়ঃ"। অমরসিংহ।

জরাসন্ধ, (জরা=রাক্ষসীবিশেষ-সন্ধ=সংযোজিত) সং, পুং, মগধদেশের নৃপবিশেষ, কৃষ্ণশত্রু, বৃহদ্রথের পুত্র। "যদাশ্রৌষং মাগধানাং বরিষ্টং জরাসন্ধং ক্ষত্রমধ্যে জ্বলন্তং" মহাভারত। এইরূপ প্রবাদ আছে যে জন্মকালীন জরাসন্ধের দেহ দুই খণ্ডে বিভক্ত হইয়া গর্ভহইতে নির্গত হইয়াছিল। পরে জরানাম্নী এক রাক্ষসী সেই দুই খণ্ডকে একত্রে সংযোজিত করেন।

জরাসন্ধজিৎ, (জরাসন্ধ—জিৎ=যে জয় করে, ২য়া-ষ) সং,পুং, ভীম, বৃকোদর।

জরী, (জরিন্, জরা + ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, জীর্ণ, বৃদ্ধ।

জরূথ, (জৄ=জীর্ণহওয়া+ঊথ—সংজ্ঞার্থে) সং, ক্লীং, শ্লথ মাংস। বলী।

জর্জ্জর, (জর্জ্জ+অরণ্—প্রং, দ্বিত্ব) সং, পুং,শৈলজ। ইন্দ্রধ্বজ। বিং, ত্রিং, জীর্ণ, বিশীর্ণ। "কৌপীনং শতখণ্ডজর্জ্জরতমম্" "জর্জ্জর বংশখণ্ডেন মামতাড়য়ৎ" হিঃ।

জর্জ্জরিত, (জর্জ্জর দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে জর্জ্জর করিয়াছে।
জর্জ্জরীক, (জর্জ্জর দেখ, ঈক—প্রং) বি, ত্রিং, বহুচ্ছিদ্রবিশিষ্ট। জীর্ণ। অত্যন্ত পুরাতন।
জর্ণ, (জৃ=জীর্ণহওয়া+ন—প্রং,) বিং, ত্রিং. জীর্ণ। সং. পুং। চন্দ্র। বৃক্ষ।
জর্ত্তিল, (জন্=উৎপন্নহওয়া এবং তিল শস্যবিশেষ) সং, পুং, বন্যতিল।
জর্ত্তু, (জর্ত্তিল দেখ, তু—সংজ্ঞার্থে। র্-আগম) সং, পুং, যোনি। হস্তী।
জর্দ্দা,(যাবনিক) বিং, পীতবর্ণ,হরিদ্রা রং।
জল, (জল্=আচ্ছাদনকরা+অ—প্রং) সং, ক্লীং, সলিল, অম্বু,বারি "অথাজগামতত্তীর্থং জলং পাতুং পিপাসিতা" বিষ্ণুপুরাণ। বিং, ত্রিং, জড়।
জলক, সং, ক্লীং, শঙ্খ, শাঁক।
জলকণ্টক, (জল—কণ্টক, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কুম্ভীর। পানিফল।
জলকপি, (জল—কপি=বানর, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শিশুমার, শুশুক।
জলকর, (জল—কর=শুল্ক বা যে করে) সং, পুং, জল হইতে যে রাজকর উৎপন্ন হয়। বিং, ত্রিং, যাহা হইতে জল উৎপন্ন হয়। (দেশজ) কেবল মাত্র জলভাগ—যথা পুকুরটীর পরিসর প্রায় জলকর দুই বিঘা।
জলকরঙ্ক, (জল—করঙ্ক=পাত্র বা আধার) সং, পুং, পদ্ম। শঙ্খ। মেঘ। নারিকেল।
জলকল্ক, (জল—কল্ক=কাট, শিটা) সং. পুং, কর্দ্দম,পঙ্ক। [পুং, পানকৌড়ী পক্ষী
জলকাক, (জল—কাক, ৬ষ্ঠী—ষ) সং,
জলকাঙ্ক্ষ, জলকাঙ্ক্ষী, (—ঙ্ক্ষিন্, জল—কাঙ্ক্ষি=আকাঙ্ক্ষা করা+অ, ইন্—ক) সং, পুং—স্ত্রীং, হস্তী। বিং, ত্রিং, জলাভিলাষী।
জলকান্তার, (জলকান্ত=সমুদ্র—অর=যে গমন করে বা শাসন করে) সং, পুং, বরুণ, জলাধিপতি।
জলকিরাট, (জল—কির=শূকর—অট যে গমন করে) সং,পুং, গ্রাহ, জলজন্তু।
জলকুক্কুটী, (জল—কুক্কুটী=মুরগী) সং, স্ত্রীং, গাঙ্চিল।
জলকুক্কুভ, (জল—কুক্কুভ=পক্ষীবিশেষ) সং, পুং, জলচর বন্য পক্ষীবিশেষ।
জলকুন্তল, জলকেশ, (জল—কুন্তল, কেশ ৬ষ্ঠী—ষ) সং, পুং, শৈবাল, শেয়ালা।
জলকুব্জক, (জল—কুব্জক+কুব্জ=বক্রহওয়া+কণ। যে বক্র হয়) সং, পুং, জলজাত লতা বিশেষ, বেতস লতা।
জলকূপী, (জল—কূপ=কুয়া+ঈ—অল্পার্থে) সং, স্ত্রীং, পুষ্করিণী। জলের পাক, ঘূর্ণা। [সং, পুং, শিশুমার, শুশুক।
জলকূর্ম্ম, (জল—কূর্ম্ম=কচ্ছপ, ৬ষ্ঠী—ষ)
জলক্রিয়া, (জল—ক্রিয়া=কার্য্য) সং, স্ত্রীং, পিতৃপুরুষগণকে জলদান, তর্পণ। প্রেতগণের উদ্দেশে জল উৎসর্গ করণ, কলসোৎসর্গ।
জলগুল্ম, (জল—গুল্ম=গুচ্ছ) সং, পুং, জলের আবর্ত্ত, ঘূর্ণিজল। কচ্ছপ।
জলঙ্গ, (জল—গ=যে গমন করে) বিং, ত্রিং, জলচর।
জলঙ্গম, (জল—গম=যে গমন করে। যে মৎস্য ধরিবার নিমিত্ত জলে অবতরণ করে) সং, পুং, চণ্ডাল। জেলে, ধীবর।
জলচর, (জল—চর=যে চরে, ৭মী—ষ) বিং, ত্রিং, জলজন্তু, জলচারী।
জলচারী, (Grallatores, জলচারিন্, জল—চারী=যে গমন করে, ৭মী—ষ) বিং, ত্রিং, যাহারা জলে বিচরণ করে, যথা—বক, সারসাদি।
জলছত্র, (জল—ছত্র=ছাতা) সং, তাপক্লান্ত পথিকদের জলদান স্থান। প্রপা
জলজ, (জল—জ=যে জন্মে, ৫মী—ষ) সং, ক্লীং, পদ্ম। শঙ্খ। বিং, ত্রিং, জলজাত। "জলজৈঃ প্রাণিভিঃকীর্ণাংজলজৈর্ভূষিতাং গুণৈঃ। জলজৈঃ কুসুমৈশ্চিত্রাং জলজৈর্হরিতোদকাম্"।

জলজন্তু, (জল—জন্তু=প্রাণী) সং, পুং, যে জন্তু জলে বাস করে, মকর কুম্ভীরাদি

জলজন্তুকা, (জলজন্তু+ক—অল্পার্থে)সং, স্ত্রীং, জলৌকা, জোঁক।

জলজন্ম, (জলজন্মন্, জল—জন্মন্=জন্ম, ৭মী—হিং) সং, ক্লীং, জলজ, পদ্ম।

জলজিহ্ব, (জল=শীতল—জিহ্বা) সং, পুং, কুম্ভীর। [পুং, শম্বুক, শামুক।

জলডিম্ব, (জল—ডিম্ব=ক্ষুদ্র প্রাণী) সং,

জলতরঙ্গ, (জল—তরঙ্গ=বীচি, ঢেউ) সং, পুং, জলের ঢেউ, বীচি। বাদ্যযন্ত্রবিশেষ।

জলতাপিক, জলতাপী—পিন্ } (জল—তপ্=দগ্ধ করা, উত্তপ্তকরা+ণক, ণিন্—প্রং) সং, পুং, ইলিশ মাছ।

জলতাল, (জল—তাল [তল্=বাসকরা +ঘঞ্] যে বাস করে। যে জলে বাস করে) সং, পুং, ইল্বিশ মৎস্য, ইলিশ মাছ।

জলত্রা, (জল=বৃষ্টি—ত্রা [ত্রৈ+ড—ভা] রক্ষণ) সং, স্ত্রীং, আতপত্র, ছত্র, ছাতা।

জলদ, (জল—দ=যে দান করে, ২য়া—ষ) সং, পুং,, পযোদ মেঘ, বারিদ। মুস্তক। "তদনুজলদ শ্রোষ্যসি শ্রোত্রপেয়ং" মেঘদূত। বিং, ত্রিং, জলদাতা।

জলদাগম, (জলদ=মেঘ—আগম=আগমন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, যে কালে মেঘের উদয় হয়, বর্ষাকাল।

জলদাভ, (জলদ=মেঘ+আভা=দীপ্তি) বিং, ত্রিং, মেঘের ন্যায় বর্ণবিশিষ্ট, কৃষ্ণবর্ণ। অন্ধকার।

জলদাশন, (জলদ=মেঘ—অশন [অশ্ ভক্ষণ করা+অন—প্রং] গ্রসন পান) সং, পুং, শালগাছ।

জলধর, (জল—ধর=যে ধারণ করে, ২য়া—ষ) সং, পুং, মেঘ। সমুদ্র। মুস্তাঘাস। বিং, ত্রিং, জলধারী।

জলধরমালা, (জলধর=মেঘ—মালা)সং, স্ত্রীং, মেঘশ্রেণী। ১২ অক্ষর ছন্দোবিশেষ, যাহার ৫ম, ৬ষ্ঠ, ৭ম. ৮ম বর্ণ লঘু, অবশিষ্ট বর্ণ গুরু।

জলধি,(জল—ধা=ধারণকরা+ই-প্রং। যে জলধারণ করে, ২য়া—ষ) সং, পুং, সমুদ্র। সংখ্যাবিশেষ। [করে) সং,স্ত্রীং,নদী।

জলধিগা, (জলধি=সমুদ্র—গ=যে গমন

জলধিজা, (জলধি—জ=যে জন্মে, ৫মী —ষ, ইনি সমুদ্রমন্থনকালে জন্মেন) সং, স্ত্রীং, লক্ষ্মী।

জলনকুল, (জল—নকুল=বেজি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, উদ্বিড়াল, জলমার্জ্জার।

জলনালী, জলপ্রণালী, সং, স্ত্রীং, জল নির্গমন পথ, নর্দ্দামা।

জলনিধি, (জল—নিধি=আশ্রয়, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সমুদ্র। "জলনিধিমনুরূপং জহ্নুকন্যাবতীর্ণা" রঘুবংশ।

জলনির্গম, (জল+নির্গম = বহির্গমন, ৫মী—হিং) সং, পুং, জলপথ, নর্দ্দামা। জলের নিঃসরণ। [জলনালী।

জলনির্গমনী, (পূর্ব্বে দেখ) সং, স্ত্রীং,

জলনীলী, (জল—নীল=নীলবর্ণকরা+অ—প্রং। যে জলকে নীলবর্ণ করে, ২য়া—ষ) সং, লিকা—স্ত্রীং, শৈবাল, শেয়ালা।

জলন্ধর, (জল—ধর [ধৃ+খ] যে ধারণ করে) সং, পুং, শিব হইতে উৎপন্ন বলিয়া হইাকে সমুদ্রগ্রহণ করিয়াছিলেন। অসুরবিশেষ। [পুং, বরুণ। সমুদ্র।

জলপতি, (জল—পতি, ৬ষ্ঠী—ষ) সং,

জলপাত্র, সং, ক্লীং, পান পাত্র। জল রাখিবার পাত্র, ঘটী গাড়ু প্রভৃতি।

জলপান, সং, ক্লীং, জলপান করা। (দেশজ)ভাজা শস্য, মুড়ি প্রভৃতি। মিষ্টান্ন।

জলপিত্ত, (জল—পিত্ত) সং, পুং, অগ্নি।

জলপৃষ্ঠজা, (জল—পৃষ্ঠ=উপরিভাগ—জ =জাত) সং, স্ত্রীং, শৈবাল, শেয়ালা।

জলপ্রপাত, (জল—প্রপাত=পতন, ৬ষ্ঠী —ষ) সং, পুং, নির্ঝর, ঝরণা।

জলপ্রায়, (জল—প্রায়=বহুল, ৭মী—

হিং) সং, ক্লীং, জলবহুল দেশ, জলপ্লাবিত স্থান। জলময় দেশ।

জলপ্রিয়, (জল—প্রিয়, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মৎস্য। চাতকপক্ষী।

জলপ্লব, (জল—প্লব=যে গমন করে বা সাঁতার দেয়) সং, পুং, জলনকুল, উদ্বিড়াল।

জলপ্লাবন, (জল—প্লাবন=জলাদি দ্বারা ব্যাপ্তি) সং, ক্লীং, বন্যা, জলে দেশ ভাসিয়া যাওয়া।

জলপ্লাবিত, (জল—প্লু=জলে ভাসিয়া যাওয়া+ণিচ্+ক্ত—র্ম্ম)বিং, ত্রিং, জলেনিমগ্ন জল দ্বারা ব্যাপ্ত।

জলবন্ধক, (জল—বন্ধক=রোধক) সং, পুং, জলপ্রবাহের গতি প্রতিরোধক কাষ্ঠ প্রস্তরাদি। বাঁধ। [মৎস্য।

জলবন্ধু, (জল—বন্ধু=মিত্র) সং, পুং,

জলবুদ্বুদ, (জল—বুদ্বুদ=বিম্ব, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, জলবিম্ব।

জলভূ, (জল—ভূ=হওন বা জাত) সং, পুং, মেঘ। এক প্রকার জলজ গাছ। কাঁচড়া দাম।

জলমক্ষিকা, (জল—মক্ষিকা=মাছি)সং, স্ত্রীং, জলের কীটবিশেষ।

জলমদ্গু, (জল—মদ্গু অণ্ডপক্ষী) সং, পুং, মাছরাঙ্গা পাখী।

জলময়, (জল+ময়—প্রং) বিং, ত্রিং, জলপ্লাবিত। জলপূর্ণ। জলে ভাসমান।

জলমসি, (জল—মসি=কালি। অত্যন্ত কৃষ্ণ বলিয়া মেঘকে মসি ও জল মিশ্রণে উৎপন্ন বলিয়া প্রতীতহয়। সং,পুং, মেঘ

জলমার্গ, (জল—মার্গ=পথ,৬ষ্ঠী—ষ) সং, পুং, জলপ্রণালী, জলপথ, নর্দ্দামা।

জলমুক্, (জলমুচ, জল—মুচ্=যে ত্যাগ করে+ক্বিপ্—ষ) সং, পুং, মেঘ।

জলমূর্ত্তি, (জল—মূর্ত্তি=আকৃতি। মহাদেব সর্ব্বব্যাপী এইজন্য জলও তাঁহার এক মূর্ত্তি) সং, পুং, শিব। মহাদেব।

জলমূর্ত্তিকা, (জল—মূর্ত্তি=আকৃতি+ক—যোগ। জলের আকৃতি বা অবস্থান্তর) সং, স্ত্রীং, করকা, শিল। নীহার।

জলমোদ, (জল—মোদ=যে আনন্দিত করে) সং, ক্লীং, বেণার মূল, উশীর। সুগন্ধ মূলবিশেষ।

জলম্বল, সং, ক্লীং, প্রবাহ। স্রোত।

জলযন্ত্র, (জল—যন্ত্র=কল ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, জলোত্তোলনের কল, ধারাযন্ত্র, ফোয়ারা।

জলযন্ত্রগৃহ, জলযন্ত্রনিকেতন, জলযন্ত্রমন্দির } (জলযন্ত্র—গৃহ, নিকেতন, মন্দির) সং, ক্লীং, গ্রীষ্মকালে বাসের নিমিত্ত জলের উপরি নির্ম্মিত গৃহ, জলটুঙ্গি। নদীরতীরে ভূগর্ভস্থগৃহ।

জলরঙ্ক, জলরঞ্জ } (জল—রঙ্ক=কৃপণ, জললোলুপ। ক্ষুদ্র ক্ষুদ্র মৎস্য ধরিবার আশায় জলময় স্থানে ভ্রমণ করে। জল—রন্জ্ অনুরক্ত হওয়া+ঘঞ্—প্রং) সং, পুং, বক।

জলরণ্ড, (জল—লন্ড্=কাঁপা ক্রীড়াকরা ইত্যাদি+অ—প্রং। ল=র) সং, জলের আবর্ত্ত, জলভ্রমি। জলবিন্দু। সর্প।

জলরস, জল—রস=আস্বাদ, সারভাগ স্থিরাংশ) সং, ক্লীং, লবণ।

জলরুট, জলরুহ } (জলরুহ্, জল—রুহ্=যে জন্মে, ৭মী—ষ) সং, পুং, —ক্লীং, জলজ পদ্ম। বিং, ত্রিং, জলজাত।

জলরূপ, সং, পুং, কামদেবের মৎস্য।

জললতা, সং, স্ত্রীং, তরঙ্গ, ঢেউ।

জলবরণ্ট, সং, পুং, পানীয় বসন্ত। পানবসন্ত। [সং, পুং, জলের পানা।

জলবল্কল, (জল—বল্কল=ছাল, ৬ষ্ঠী—ষ)

জলবায়স, (জল—বায়স=কাক) সং, পুং, পানিকৌড়ি জলকাক

জলবালক, (জল—বাড়্=মগ্নহওয়া+ণ্বুল ড=ল ইহা হইতে অনেক নদী বহির্গত হইয়াছে বলিয়া) সং, পুং, বিন্ধ্যগিরি।

জলবাহ, (জল—বহ=বহনকরা+ঘঞ

—ণ) সং, পুং, মেঘ। যে জল বহনকরে।
জলবিল্ব. (জল—বিল্ব=বেলগাছ বা তাহার ফল) সং, পুং, কাঁকড়া। কচ্ছপ। জলের অংশ।
জলবিষুব, (জল—বিষুব=যে সময়ে রাত্রি ও দিন সমান হয়। এই সময়ে বর্ষার অপগম হয়) সং,ক্লীং,কার্ত্তিক সংক্রান্তি।
জলবিহার, (জল—বিহার=ক্রীড়া) সং, পুং, জলকেলি, জলক্রীড়া।
জলবৃশ্চিক. (জল—বৃশ্চিক=বিছা) সং, পুং, চিঙ্গড়ীমাছ।
জলব্যাল. (জল—ব্যাল=সর্প, ৬ষ্ঠী—ষ) সং, পুং,জল ঢোঁড়া সাপ। হিংস্র জলজন্তু।
জলশয়, জলশয়ন, জলশায়ী—য়িন্ (জল—শয়, শয়ন শায়ী = যে শয়ন করে ইনি প্রলয়-কালে ও বর্ষা চারি মাস সমুদ্রোপরি অহিশয্যায় শয়ান ছিলেন বলিয়া) সং, পুং, বিষ্ণু, নারায়ণ। [শামুক।
জলশুক্তি, (জল—শুক্তি) সং,স্ত্রীং, শম্বূক,
জলশূক, (জল—শূক=শস্যাদির সূক্ষ্ম অগ্রভাগ, শুঁয়া, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, শৈবাল, শেয়ালা। [কুম্ভীর।
জলশূকর, (জল=শূকর=শোর) সং, পুং,
জলসর্পিণী, (জল—সৃপ্=গমন করা বা গুড়ি মারিয়া যাওয়া+ণিন্—প্রং। ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, জোঁক, জলৌকা।
জলসূচি, (জল—সূচি=ছুঁচ) সং, পুং, মৎস্যবিশেষ। শুশুক। কাক। পানিফল। স্ত্রীং, জোঁক।
জলস্তম্ভ, (Water-spout) সং, পুং, স্তম্ভাকারে পতিত বা উত্তোলিত জলরাশি
জলহ, (জল—হা=ত্যাগ করা+ড—প্রং) সং, ক্লীং, জলযন্ত্র গৃহ।
জলহস্তী (স্তিন্, জল—হস্তী=হাতী) সং, পুং,—স্ত্রীং, হস্তিসদৃশ জলজন্তুবিশেষ।
জলহাস, (জল—হাস=উচ্চহাস্য। যাহা জলের হাস্যস্বরূপ,কবিরা হাস্যকে শ্বেতবর্ণ বলিয়া উল্লেখ করেন) সং, পুং, সমুদ্রের ফেনা। ফেন। [জলময় স্থান।
জলা, (দেশজ) বিং, জলপ্লাবিত স্থান।
জলাকা, (জল—অক্=গমন করা+অ—প্রং) সং, স্ত্রীং, জোঁক। জলৌকা।
জলাখু, (জল—আখু=বিড়াল) সং, পুং, উদ্বিড়াল, জলমার্জ্জার।
জলাঞ্চল, (জল—অঞ্চল=আঁচল) সং, ক্লীং. নৈসর্গিক জলনির্গম পথ। স্বতঃ জল বহির্গমন। শৈবাল।
জলাঞ্জলি. (জল—অঞ্জলি=আঁজলা) সং, পুং, জলের অঞ্জলি, অঞ্জলিপ্রমাণ জল। এক আঁজলা জল। দাহের পর প্রেতের প্রীত্যর্থে জল দান,তর্পণ। নিবাপ।(দেশজ) কোন কার্য্যে একবারে বিরতি। পরিত্যাগ।
জলাটন, (জল—অট্=গমনকরা+অন—প্রং) সং, পুং, কঙ্কপক্ষী। নী—স্ত্রীং, জোঁক। জলৌকা।
জলাত্মিকা, (জল—আত্মন্+ইক—প্রং আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, জোঁক। জলৌকা। কূপ।
জলাদর্শ, (জল—আদর্শ = দর্পণ) সং, পুং, জলদর্পণ। জল যাহাতে তীরস্থিত বৃক্ষাদি ও অন্যান্য বস্তু প্রতিবিম্বিত হয়।
জলাধার, (জল—আধার=আশ্রয়) সং, পুং, জলাশয়, যাহাতে জল থাকে। সমুদ্র। জলপাত্র। বিং, ত্রিং, জলস্থিত।
জলাধিদৈবত, (জল—অধি=উপর-দৈবত =দেবতা। জলের উপর যে দেবতার আধিপত্য আছে,জলের অধিষ্ঠাতৃ দেবতা) সং. পুং, বরুণ। ক্লীং, পূর্ব্বাষাঢ়া-নক্ষত্র। [বা কার্য্যকরণ।
জলানুসার, সং, পুং, জলের ন্যায় গমন
জলাপাত, (জল—আপাত=পতন) সং, পুং, উচ্চ স্থান হইতে প্রবল বেগে জলপতন।
জলাম্বিকা, (জল—অম্বিকা=মাতা, মাতা যেমন পুত্রকে গর্ভে ধারণ করেন তদ্রূপ যে জলকে ধারণ করে) কূপ।

জলায়ুকা, (জল—অয়্=গমনকরা+উক—প্রং) সং, স্ত্রীং, জোঁক। জলৌকা।
জলার্ণব, (জল—অর্ণব=সমুদ্র) সং, পুং, বর্ষাকাল। জলসমুদ্র। পরিষ্কৃত জলবিশিষ্ঠ সমুদ্র।
জলার্থী, (জলার্থিন্, জল+অর্থী=অভিলাষী) বিং, ত্রিং, জলাভিলাষী, পিপাসার্ত্ত। তৃষ্ণাতুর।
জলার্দ্র, (জল—আর্দ্র=ভিজা) বিং, ত্রিং, জলে অভিষিক্ত, ভিজা।
জলার্দ্রা, (জল—আর্দ্রা=ভিজা, ৩য়া—স) সং, স্ত্রীং, জলদ্বারা আর্দ্র ব্যজন, ভিজা পাখা।
জলালুক, (জল+আলু—প্রং, ক—যোগ) সং, ক্লীং, পদ্মমূল, পদ্মের গেঁড়। কা—স্ত্রীং, জোঁক, জলৌকা।
জলালোকা,(জল—আলোকি অবলোকন করা+অ—প্রং) সং, স্ত্রীং, জোঁক।
জলাবর্ত্ত, (জল—আবর্ত্ত=ঘূর্ণন) সং, পুং, ঘূর্ণিজল, জলের পাক্না, জলভ্রমী।
জলাশয়, (জল-আশয়[আ সর্ব্বতোভাবে-শী শয়নকরা+অ—ধি] আধার, ৬ষ্ঠী—ষ) সং, পুং, জলের আধার, সমুদ্র, নদ নদী প্রভৃতি। ক্লীং, সুগন্ধ ঘাস বিশেষ।
জলাষ্ঠীলা, (জলাষ্ঠি [জল—আ—স্থা থাকা+অ—ঈ, ধি] জলাধার+ল—যোগ) সং, স্ত্রীং, সমচতুষ্কোণ বৃহৎ পুষ্করিণী।
জলাহ্বয়, (জল—আহ্বয়=নাম) সং, ক্লীং, পদ্ম। [জোঁক।
জলিকা, (জল+ইক—প্রং) সং, স্ত্রীং,
জলুকা, জলূকা, (জস্ [রক্ত] মোক্ষন করা+উক, ঊক—সংজ্ঞার্থে। স্=ল্) সং, স্ত্রীং, জোঁক।
জলেচর (জলে—চর=যে বিচরণ করে) সং, পুং, হংস বক ইত্যাদি জলচর পক্ষী মৎস্যাদি। [সং, পুং, বরুণ। সমুদ্র।
জলেন্দ্র, (জল—ইন্দ্র=প্রধান, শাসক)
জলেন্ধন, (জল—ইন্ধন=উদ্দীপন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বাড়বানল।
জলেবাহ, সং, পুং, ডুবুরি।
জলেশয়, (জলে সপ্তমী বিভক্ত্যন্ত—শয় [শী শয়নকরা+অ—ক] যে শয়ন করে বা বাস করে) সং, পুং, মৎস্য। সমুদ্র।
জলেশ্বর, (জল—ঈশ্বর অধিপতি) সং, পুং, জলাধিপতি, বরুণ। সমুদ্র। শিব বিশেষ।
জলোচ্ছ্বাস, (জল—উচ্ছ্বাস) সং, পুং, জলের স্ফীততা, জোয়ার, নদী প্রভৃতির সীমা অতিক্রম করিয়া জল উঠা।
জলোদর, (জল—উদর) সং, ক্লীং, উদররোগবিশেষ, উদরী। [জোঁক।
জলোরগী, (জল—উরগ=সর্প স্ত্রীলিঙ্গে ঈ)
জলৌকা, জলৌকস্—স্ত্রীং } (জল—ওকস স্থান,
জলৌকস—ত্রিং, বহুং, }
৬ষ্ঠী—হিং) সং, জোঁক। "জলৌকসাং স সত্ত্বানাং বভূব প্রিয়দর্শনঃ"।
জল্‌দী, (যাবনিক) ক্রিং—বিং, ত্বরা, শীঘ্র।
জল্প, (জল্প—বলা+অ—প্রং) সং, পুং, পর পক্ষের মত খণ্ডন করিয়া নিজের মত স্থাপন। জল্পন। বিবাদ। কথন। বাচালতা।
জল্পক, (জল্প—গল্পকরা+অক—ক) বিং, ত্রিং, যে অনেক বকে, যে অনর্থক অনেক কথা কয়। বাচাল।
জল্পন, (পূর্ব্বে দেখ, অনট্—ভা) সং, ক্লীং, না—স্ত্রীং, উক্তি, কথন। অনেক বকা, অনর্থক অনেক কথা বলা। প্রস্তাব। বহুভাষণ।
জল্পাক, (পূর্ব্বে দেখ, ক—প্রং) বিং, ত্রিং, বাচাল, বহুভাষী।
জল্পিত,(জল্প—গল্পকরা+ত—র্ম্ম, ভা)বিং, ত্রিং, কথিত, উক্ত। ভাষিত। প্রস্তাবিত। সং, ক্লীং, উক্তি, কথন।
জব, (জু=বেগেচলা+অ—ভা) সং, পুং, বেগ। গতি (জব=ডাকের পেয়াদা+অ—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বেগবান্। সত্বর। বা—স্ত্রীং, স্বনাম প্রসিদ্ধ পুষ্প

'অরুণো গরুড়ভ্রাতা জবাপুষ্পসমপ্রভঃ'
জবন, (জব দেখ, অনট্—প্রং) বিং, ত্রিং, দ্রুতগামী, বেগবান্। সং, ক্লীং, বেগ। পুং, বেগবান্ অশ্ব। মৃগবিশেষ। আরবদেশ। যবনজাতি,মুসলমানজাতি।
জবনাল, (যবনাল দেখ) সং, ক্লীং, শস্য-বিশেষ; জনার, মক্কা।
জবনিকা, জবনী, (জু=পাওয়া+অন—প্রং। ক—স্বার্থে, স্ত্রীলোকেরা যাহা প্রাপ্ত হয়) সং,স্ত্রীং, তিরস্করিণী, পরদা। জবন স্ত্রী।
জবস, (জু=শীঘ্রজন্মান+অস—প্রং) সং, পুং, তৃণ, ঘাস।
জবা, (জপা দেখ) সং, স্ত্রীং, স্বনাম প্রসিদ্ধ পুষ্প বা বৃক্ষ।
জবাধিক, (জব বেগ—অধিক, ৩য়া—ষ) সং, পুং, বেগবান্ অশ্ব। বিং, ত্রিং, অতিশয় দ্রুতগামী।
জবী, (জবিন্, জব+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বেগবিশিষ্ট, দ্রুতগামী। সং, পুং, ঘোটক। উষ্ট্র।
জম্ভরি, (জস্=বধকরা বা আঘাত করা +উরি—সংজ্ঞার্থে) সং, পুং, বজ্র। কুলিশ।
জহক, (হা=ত্যাগকরা+অক—প্রং) বিং, ত্রিং, পরিত্যাগকারী। সং, পুং, সময়, কাল, বালক। সাপের খোলোষ, নির্ম্মোক।
জহৎ, (হা ত্যাগ করা+অৎ—ক) বিং, ত্রিং, যে ত্যাগ করিতেছে।
জহৎস্বার্থা, (জহৎ—স্বার্থ স্বীয় অর্থ) সং, স্ত্রীং, স্বার্থত্যাগবতীলক্ষণা, লক্ষণলক্ষণা।
জহানক, (হা=ত্যাগকরা+শান—প্রং, ক—যোগ) সং, পুং, প্রলয়কাল, ব্রহ্মাণ্ডের নাশ।
জহর, (যাবনিক) সং, বিষ, গরল।
জহ্নু, (হা [পুণ্যের জন্য জগৎকে] ত্যাগকরা+নু—প্রং) সং, পুং, মুনিবিশেষ, রাজাবিশেষ, কুরুরাজপুত্র; পুরাণে কথিত আছে, এই মুনি গঙ্গা পান করিয়া ছিলেন। বিষ্ণু।
জহ্নুকন্যা, জহ্নুতনয়া, জহ্নুসুতা (জহ্নু—কন্যা, তনয়া, সুতা, ৬ষ্ঠী—ষ, রাজর্ষি জহ্নু তপোবনকে জলপ্লাবিত দেখিয়া ক্রোধ পরতন্ত্র হইয়া গঙ্গাকে পান করেন পরে ভগীরথ অশেষবিধ স্তুতিবাক্য দ্বারা তাঁহাকে সন্তুষ্ট করিলে তিনি স্বীয় জানুদেশ বিদারণ করিয়া গঙ্গাকে বাহির করিয়া দিয়াছিলেন। এই জন্যই অর্থাৎ জহ্নু হইতে পুনরুৎপত্তি পাইয়া ছিলেন বলিয়া লোকে গঙ্গাকে জহ্নুমুনির কন্যা কহে।
জহ্নুসপ্তমী, সং, স্ত্রীং, বৈশাখ শুক্লসপ্তমী।
জাওর, সং, উদ্গার করিয়া পুনর্ব্বার চর্ব্বণ। চর্ব্বিত চর্ব্বণ।
জাঁক, (দেশজ) সং, সমারোহ, দম্ভ। অহঙ্কার।
জাঁতা, (যন্ত্রশব্দজ) সং, পেষণ যন্ত্র। অগ্ন্যুদ্দীপনার্থ যন্ত্রবিশেষ। কর্ম্মকারের ভস্ত্রা। তী—সং, সুপারি কাটিবার অস্ত্রবিশেষ।
জাগন, (জাগরণশব্দজ) সং, নিদ্রাভঙ্গ, জাগরণ।
জাগর, (জাগৃ=জাগরণ করা+অ)বিং, ত্রিং, জাগরিত,। পুং, স্ত্রীং, জাগরণ, যথা "প্রজাগর কৃশঃ"। সাবধানতা। অনিদ্রা। অপ্রমাদ। পুং, বর্ম্ম, কবচ, সাজোয়া।
জাগরণ, (জাগৃ—অনট্) সং, ক্লীং, অনিদ্রা, অপ্রমাদ চৌকি দেওয়া। ধর্ম্মার্থ উপবেশন করিয়া রাত্রি যাপন।
জাগরিত, (জাগর দেখ, ক্ত—ক, জা)বিং ত্রিং, যে নিদ্রা যায় নাই, জাগরণযুক্ত, যে জাগিয়া আছে। বিনিদ্র, যাহার নিদ্রাপগম হইয়াছে। সং, ক্লীং, জাগরণ।
জাগরিতা—তৃ, জাগরী—রিন্ (জাগর দেখ, তৃ, ইন্—ক) বিং, ত্রিং, জাগরণকারী।

জাগরূক, (জাগৃ+উক—প্রং) বিং, ত্রিং, সতর্ক, জাগরণশীল। অপ্রমত্ত,অবহিত।
জাগর্ত্তি } জাগৃ+ক্তি, য, আপ্ স্ত্রীলিঙ্গে
জাগর্য্যা } সং, স্ত্রীং, জাগরণ, অপ্রমাদ। অবধান
জাগুড়, সং, ক্লীং, কুঙ্কুম। [অগ্নি।
জাগৃবি, (জাগৃ+কি—সংজ্ঞার্থে) সং, পুং,
জাগ্রৎ, (জাগৃ+শতৃ—ক) বিং,ত্রিং, জাগরণশীল, জাগরণযুক্ত, অপ্রমত্ত। সং, ক্লীং, জাগরণাবস্থা।
জাগ্রিয়া, (জাগৃ+য—ভা। ঋ=রি) সং, স্ত্রীং, জাগরণ। [উরুদেশ
জাঘনী, (জঘন+অ—প্রং) সং, স্ত্রীং.
জাঙ্গল, (জঙ্গল+ষ্ণ—ইদমর্থে) বিং, ত্রিং জঙ্গলসম্বন্ধীয়। অসভ্য, বন্য, জঙ্গলা, বনচর। জঙ্গলময়। উচ্ছৃঙ্খল। সং, পুং, কপিঞ্জল পক্ষী। হরিণাদি পশু। বারিহীন দেশ। কুরুদেশ সন্নিহিত দেশবিশেষ। ক্লীং, মাংস, হরিণ মাংস।
জাঙ্গলি, জাঙ্গলিক (জঙ্গল+ষ্ণ, ষ্ণিক—সম্বন্ধার্থে) সং, পুং, ব্যালগ্রাহী, সাপুড়ে, বিষবৈদ্য। বিং, ত্রিং, জঙ্গলবাসী।
জাঙ্গলী, (জাঙ্গল+ঙীপ্) } স্ত্রীং, বি-
জাঙ্গুলী, (গম-যঙ্-উলচ্-ঙীপ্) } ষবিদ্যা।
জাঙ্গাল, (জঙ্গালশব্দজ) সং, সেতু বাঁধ।
জাঙ্গুলিক, (জঙ্গুল=বিষ+ষ্ণিক—সং,পুং, বিষবৈদ্য সাপুড়ে। রোজা।
জাঙ্ঘিনী, সং, স্ত্রীং, উরুদেশ।
জাঙ্ঘিক, (জঙ্ঘা+ষ্ণিক—যে পাদদ্বারা জীবিকা নির্ব্বাহ করে, যেমন সরকার ডাকের পেয়াদা প্রভৃতি) বিং, ত্রিং, জঙ্ঘাজীবী, দ্রুতগামী। সং, পুং, উষ্ট্র।
জাজ্বল্যমান, (জ্বল-যঙ্+শান—প্রং,ম—আগম) বিং, ত্রিং, অত্যুজ্জ্বল, দেদীপ্যমান। [পুং, যোদ্ধা।
জাজ্জিন্, (জজ্=যুদ্ধকরা+ণিন্) সং,
জাড্য, (জড়=শীতল+ষ্যঞ্—ভাবে) সং, ক্লীং, জড়তা, অজ্ঞানতা। মূর্খতা। [আ]লস্য। স্তব্ধীভাব। মৌন। শৈত্য।

জাড্যারি, (জাড্য—অরি = শত্রু সং, পুং, জম্বীর, লেবু।
জাত, (জন্=উৎপন্নহওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, উৎপন্ন, প্রশস্ত। উদ্ভূত। যে জন্মগ্রহণ করিয়াছে, বালক। স্পষ্ট। পরিস্কৃত। অনুভূত। সং, ক্লীং, জাতি। সমূহ। উৎপত্তি। ব্যক্তি। জন্ম। অদ্য প্রাতরেবানিষ্টদর্শনং জাতম্” হি, প।
জাতক, (জাত=জন্ম+ক—ইদমর্থে) সং, ক্লীং, ভূমিষ্ঠ বালকের শুভাশুভ নির্ণায়কগ্রন্থবিশেষ। জাতকর্ম্ম। পুং, ভিক্ষুক। সন্ন্যাসী। বিং, ত্রিং, উৎপন্ন।
জাতকর্ম্ম, (র্ম্মন্, জাত=জন্ম—কর্ম্মন্, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, সংস্কারবিশেষ, সন্তানের উৎপত্তিকালকরণীয় কার্য্য বিশেষ।
জাতমাত্র, (জাত+মাত্র—প্রং) বিং, ত্রিং, যে শিশু এইমাত্র ভূমিষ্ঠ হইয়াছে। ক্রিং—বিং, জন্মিবামাত্র।
জাতরূপ, (জাত=উৎপন্ন—রূপ=আকৃতি, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, প্রশস্ত বর্ণ। স্বর্ণ।
জাতবেদাঃ, (জাতবেদস্, জাত=উৎপন্ন—বেদ=শ্রুতি+অস্—প্রং, এরূপ প্রবাদ আছে যে অগ্নির মুখ হইতে বেদের উৎপত্তি হইয়াছে, অথবা জাত—বিদ্ = লাভকরা+অস্—প্রং। যে জাত প্রাণীর অভ্যন্তরে জঠরানলরূপে বাস করে) সং, পুং, অগ্নি।
জাতাপত্যা, (জাত উৎপন্ন হইয়াছে—অপত্য=সন্তান, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, যাহার সন্তান হইয়াছে। প্রসূতা, যে স্ত্রী সন্তান প্রসব করিয়াছে।
জাতি, (জন্ উৎপন্ন হওয়া+তি—ভা, পা, ণ) সং, স্ত্রীং, প্রকার, শ্রেণী। জন্ম, উৎপত্তি। গোত্র, বংশ। অগ্নিস্থান, চুল্লী, উনান। কলের চিম্‌নি (নল) বৃক্ষ বিং,ছন্দোবিশেষ। অলঙ্কারবিশেষ। অনেক সমবেত ধর্ম্ম অর্থাৎ যে ধর্ম্ম সেই জাতীয় পদার্থেই আবদ্ধ থাকে তদ্ভিন্ন অন্য পদার্থে লক্ষিত হয় না, যথা

ব্রাহ্মণত্ব,ঘটত্ব, পটত্ব প্রভৃতি। রোগের স্বরূপ নির্ণয়। স্ত্রীং, মালতী পুষ্প। ষড়জ্ মধ্যমাদি সপ্তস্বর। "আকৃতি গ্রহণা জাতির্লিঙ্গানাঞ্চ ন সর্ব্বভাক্"। "জাতিদ্রব্যবলানাঞ্চ সাম্যমেষাং মন্না সহ"। "জাতিমাত্রেণ কিং কশ্চিদ্ধন্যতে পূজ্যতে ক্বচিৎ"। হিতোপদেশ।

জাতিকোশ—ষঃ, সং, স্ত্রীং, জায়ফল।

জাতিবৈর, (জাতি—বৈর=শত্রুতা) সং, ক্লীং, স্বাভাবিক শত্রুতা।

জাতিব্যূহবিধান ; সং, ক্লীং, বিভিন্ন জাতীয় ব্যক্তিগণের পরস্পর আচার ব্যবহার সম্বন্ধীয় নিয়ম।

জাতিব্রাহ্মণ, (জাতি—ব্রাহ্মণ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, তপঃ ও বেদবর্জ্জিত ব্রাহ্মণ, যে ব্রাহ্মণ তপস্যাদি ও বেদাধ্যয়ন করে না, কেবল যাহার ব্রাহ্মণের ঔরসে জন্মমাত্র। " তপঃশ্রুত্যাভ্যাং যো হীনো জাতিব্রাহ্মণ এব স"।

জাতিসার ; সং, ক্লীং, জায়ফল।

জাতিস্মর, (জাতি=পূর্ব্বজন্ম—স্মর=যে স্মরণ করে, ২য়া—ষ) বিং, ত্রিং, পূর্ব্বজন্মের বৃত্তান্ত যাহার স্মরণ আছে পূর্ব্বজন্মবৃত্তজ্ঞ ব্যক্তি।

জাতী, (জাতি+ঈপ্—প্রং) সং, স্ত্রীং, মালতী পুষ্প। জায়ফলের গাছ।

জাতীপত্রী, (জাতি—পত্র=পাতা) সং, স্ত্রীং, জয়িত্রী।

জাতীফল ; সং, ক্লীং, জায়ফল।

জাতীয়, (জাতি+নীয়—ভবার্থে) বিং ত্রিং জাতিসম্বন্ধীয় প্রকার। জাতির মধ্যে অন্তর্নিবিষ্ট।

জাতীয়বিধান, (National law) বিভিন্ন জাতীয় লোকদিগের মধ্যে পরস্পর ব্যবহার বিজ্ঞাপক ব্যবস্থা।

জাতু, (জৈ=ক্ষীণহওয়া+তুন্—প্রং) অং, কদাচিৎ, কখন কখন। সম্ভাবনা, নিন্দা। নিষেধ। "ন স জাতু চিরং জীবেৎ" "ন জাতু কামঃ কামানামুপভোগেন শাম্যতি"।

জাতুক, (জতুক+অ—স্বার্থে) সং, ক্লীং, হিঙ্।

জাতুধান, (জাতু=কদাচিৎ—ধান=সন্বিধান, যাহার কদাচিৎ সৎকার্য্য আছে) ৬ষ্ঠী—হিং। সং, পুং, রাক্ষসবিশেষ।

জাতুষ, (জতু+অ—প্রং। ষ—আগম) বিং, ত্রিং, লাক্ষানির্ম্মিত।

জাতুকর্ণ, সং, পুং, মুনিবিশেষ। র্ণী স্ত্রীং, ভবভূতির মাতা। "জাতুকর্ণীপুত্রঃ"।

জাতেষ্টি, (জাত=জন্ম—ইষ্টি=যাগ) সং, স্ত্রীং, সন্তানের জন্ম হইলে যে যাগ করিতে হয়, জাতকর্ম্ম, সংস্কার।

জাতোক্ষ, (জাত—উক্ষন্=বৃষ) সং, পুং, তরুণবৃষ, বলদ। বলীবর্দ্দ।

জাত্য, (জাতি+য-সাধু-অর্থে) বিং, ত্রিং, কুলীন। শ্রেষ্ঠ। কমনীয়, মনোহর।

জাত্যত্রিভুজ, সং, পুং, যে ত্রিভুজে একটী মাত্র সমকোণ থাকে।

জাত্যন্ধ, (জাতি=জন্ম—অন্ধ, ৭ং—স) বিং, ত্রিং, আজন্ম দৃষ্টিহীন। জন্মান্ধ।

জাদা, (যবনভাষা) সং, পুত্র।

জাদু, (যাবনিক) সং, প্রলোভন, মায়া, ভেল্কী।

জান, (জ্ঞাধাতুজ) সং, সর্ব্বজ্ঞ। দৈবজ্ঞ।

জানকী, (জনক=স্বনামপ্রসিদ্ধ রাজাবিশেষ—ষ্ণ—অপত্যার্থে ঈপ্) সং, স্ত্রীং, জনকনন্দিনী, সীতা, রাম ভার্য্যা।

জানপদ,(জনপদ+ষ্ণ—ইদমর্থে,ভবার্থে) বিং, ত্রিং, জনপদসম্বন্ধীয়। দেশস্থ জনপদোদ্ভূত। জনপদ হইতে আগত, দেশান্তর হইতে আগত। জনপদনিবাসী। সং, পুং, দেশ, জনপদ।

জানু, (জনি [গতি] জন্মান+ঞুণ—প্রং, যে গতি জন্মায়) সং, পুং—ক্লীং, উরুসন্ধি, হাঁটু। "জঙ্ঘোর্ব্বোঃ সংঘানে জানু নাম"। "তস্মিন্ জানুচলনযোগ্যে সংজাতে"। "ক্ষিতিন্যস্তজানু"।

জাপ, (জপ=মনে মনে পাঠকরা+ঘঞ্)

সং, পুং, মনে মনে বেদপাঠ অথবা ঈশ্বরের স্তোত্র পাঠকরণ।
জাপক, (জপ্=পাঠকরা, জপা+ণক ক) বিং, ত্রিং, জপকারক, যে জপ করে।
জাপন, (জাপি=বলান+অনট্—ভা) সং,ক্লীং, প্রত্যাখ্যান, নিরসন। বিচ্যুতি নিবর্ত্তন, পরিত্যাগ,নিষ্পাদন। সমাপন।
জাবাল } জাবালি } (অজ—পাল=যে পালন করে, নিপাতন) সং, পুং, ছাগোপজীবী, ছাগব্যবসায়ী। (জবাল+ষ্ণ, ষ্ণি—অপত্যার্থে) মুনিবিশেষ।
জাম, (জম্বু শব্দজ) সং, ফলবিশেষ।
জামা, (যাবনিক) সং,অঙ্গরক্ষা, কুর্ত্তি।
জামদগ্ন্য, (জমদগ্নি+ষ্ণ্য—অপত্যার্থে) সং, পুং, জমদগ্নির পুত্র, পরশুরাম।
জামাই,(জামাতৃশব্দজ)সং, কন্যার স্বামী।
জামাতা, (জামাতৃ, জা=জায়াশব্দজ—মা লওয়া+তৃণ—ক) সং, পুং, জামাই। স্বামী। সূর্য্যপরিধি।
জামি, জামী, (জৈ=ক্ষীণহওয়া বা জন্ উৎপন্ন হওয়া+মি—প্রং। অথবা জম্ ভক্ষণকরা+অ—প্রং। ঈ—বিকল্পে) সং, স্ত্রীং, ভগিনী। দুহিতা। স্নুষা। বধূ, কুল স্ত্রী, পতিব্রতা নারী।
জামিত্র, (জামি—ত্রৈ+ড) সং, ক্লীং, বিবাহাদিকর্ম্মকালে লগ্নের সপ্তম লগ্ন।
জামির, (জম্বীরশব্দজ) সং, পুং, লেবু।
জামেয়, (জামি=ভগিনী+ষ্ণেয়-অপত্যার্থে) সং, পুং, ভগিনীপুত্র, ভাগিনেয়।
জাম্বব, (জম্বু=জামগাছ+ষ্ণ—ফলার্থে) সং, ক্লীং, জম্বু, জাম। স্বর্ণ। পুং, জাম্ববান।
জাম্ববতী, (জাম্ববৎ=কৃষ্ণের শ্বশুর+ঈ—অপত্যার্থে) সং, স্ত্রীং, কৃষ্ণের অন্যতমা ভার্য্যা। "শাম্ব! শাম্ব! মহাবাহো! শৃণু জাম্ববতীসুত"।
জাম্ববান্, (জাম্ববৎ, জাম্ব=জামগাছ+বৎ—অস্ত্যর্থে) সং, পুং, ঋক্ষরাজ, ভল্লূকরাজ। কৃষ্ণের শ্বশুর।
জাম্বুবান্, জাম্বূবান্, (জাম্বুবৎ, জাম্বূবৎ, জাম্বু=জামগাছ+বৎ—অস্ত্যর্থে) সং, পুং, ভল্লূকরাজ, ঋক্ষবিশেষ। কৃষ্ণের পিতৃব্য। কৃষ্ণের শ্বশুর।
জাম্বূনদ, (জম্বুনদী সুমেরু পর্ব্বত হইতে বহির্গত নদীবিশেষ+অ—ভবার্থে) সং, ক্লীং, স্বর্ণ, জম্বুনদীজাত। ধুস্তূরপুষ্প। "তত্র জাম্বূনদং নাম কনকং দেবভূষণম্ ইন্দ্রগোপসংকাশং জায়তে ভাস্করং তু তৎ"।
জায়ক, (জি [সমুদায় সুগন্ধপদার্থকে] জয়করা+ণক—প্রং) সং, ক্লীং সুগন্ধি কাষ্ঠবিশেষ।
জায়গা, (যাবনিক) সং, স্থান, ভূমি।
জায়মান, (জন্ উৎপন্ন হওয়া, জন্মান+শান—ক) বিং, ত্রিং, যে জন্মিতেছে, উৎপদ্যমান।
জায়া, (জন=উৎপন্নহওয়া+য—বি, যাহাতে পতি অপত্যরূপে জন্মগ্রহণ করেন। "আত্মাবৈ জায়তে পুত্রঃ" ইতি শ্রুতি) সং, স্ত্রীং, ভার্য্যা, পত্নী। সপ্তমলগ্ন। "পতির্ভার্য্যাং সংপ্রবিশ্য গর্ভোভূত্বেহ জায়তে, জায়ায়াস্তদ্ধি জায়াত্বং যদস্যাং জায়তে পুনঃ"। "তজ্জায়া জায়া ভবতি যদস্যাং জায়তে পুনঃ"। "জায়া প্রতিগ্রাহিতগন্ধমাল্যাং" রঘুবংশ।
জায়াজীব, (জায়া—জীব=যে প্রাণধারণকরে। যে জায়াদ্বারা বাঁচে, ত্রা—ব) সং, পুং, নট, বেশ্যাপতি। [গুণ।
জায়াত্ব, সং, ক্লীং, ভার্য্যার চরিত্র অথবা
জায়ানুজীবী, (—বিন্, জায়া=ভার্য্যা—অনু=সহিত দ্বারা—জীবী যে জীবিকা নির্ব্বাহ করে। যে জায়াদ্বারা প্রতিপালিত হয়) সং, পুং, নট। বেশ্যাপতি। অভাবগ্রস্তব্যক্তি। দরিদ্র। বকপক্ষী।
জায়াপতী, (জায়া—পতি, দ্বং—স) সং, পুং, দ্বিং, স্ত্রীপুরুষ।
জায়ু, (জি [রোগকে] জয়করা+উ সংজ্ঞার্থে) সং, পুং, ঔষধ।

জার, (জৄ=জীর্ণকরা+ঘঞ্—ণ। যে ব্যক্তি স্ত্রীলোক দিগের স্বামীর প্রতি অনুরাগকে নষ্ট করে অথবা যে পীড়ার ক্ষমতাকে হ্রাস করে) সং, পুং, উপপতি। ঔষধবিশেষ। "যথা জারৈ (ভক্তিঃ) কুযোষিতাম্"। "চৌরজারৈর্নির্ভিতৈরেব স্থাতব্যম্"।

জারক, (জার দেখ, ণক—ক) বিং ত্রিং, যাহা জীর্ণ করে, পরিপাচক।

জারজ, (জার—জন+ড যে জন্মে। যে জার হইতে জন্মে, ৫মী—য) সং, পুং, জা—স্ত্রীং, উপপতি জাত সন্তান সন্ততি। কুণ্ড, গোলক।

জারণ, (জারি=জীর্ণকরা+অন—ভা) সং, ক্লীং, জীর্ণকরা, পরিপাককরা।

জারভরা, (জার—ভরা যে বৃদ্ধি করে) সং, স্ত্রীং, বেশ্যা। গণিকা।

জারী, সং, স্ত্রীং, ঔষধবিশেষ।

জাল, (জল্=আচ্ছাদনকরা+ঘঞ্—প্রং) সং, ক্লীং, মৎস্যাদি বা পশু পক্ষ্যাদি বন্ধনার্থ সূত্রাদি নির্ম্মিত যন্ত্র, ফাঁদ। গবাক্ষ, জানালা। সমূহ। ইন্দ্রজাল। কপট। প্রতারণা। দম্ভ। অহঙ্কার পুষ্পকলিকা, কোরক। কুঁড়ি। পুং, কদম্ববৃক্ষ। লী—স্ত্রীং, ক্ষুদ্র ক্ষুদ্র কুমড়া লাউ প্রভৃতি ফল। ঝিঙ্গা। জাড়ঔষধ বিং, ত্রিং, কৃত্রিম।

জালক, (জাল ক—যোগ) সং, ক্লীং, কলিকা, কুঁড়ি। মৎস্যাদিধারণার্থ জাল। সমূহ। ভূষণবিশেষ, দম্ভ। ক্ষুদ্রকুষ্মাণ্ডাদি। কুলায়, নীড়। কদলী, কলা। পুং, গবাক্ষ জানালা। ক্লীং, লিকা—স্ত্রীং, মোচা।

জালকারক, (জাল=পাশ—কারক=যে প্রস্তুত করে, ২য়া—ষ) সং, পুং, মাকড়সা। লূতা। বিং, ত্রিং, জালকারী, জালিয়ৎ। যে মৎস্যাদি ধারণার্থ জাল নির্ম্মাণ করে, জেলে।

জালকিনী, (জালক=পশমী কাপড়+ইন—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, মেষী, ভেড়ী।

জালগণিকা, সং, স্ত্রীং, ঘোল মওয়া পাত্র।

জালগর্দ্দভ, সং, পুং, রোগবিশেষ, পুরাতন বর্দ্ধমান ক্ষত ঘা শোথ ইত্যাদি।

জালজীবী, (—বিন্, জাল—জীবী=যে জীবিকা নির্ব্বাহ করে) সং, পুং, ধীবর জেলে।

জালন্ধর, সং, পুং, লাহোরের সন্নিহিত উত্তর পশ্চিমাঞ্চলস্থ দেশবিশেষ। জলন্ধর দেশ বহুং জলন্ধরের অধিবাসী।

জালপাদ্, জালপাদ, (জাল—পাদ্, পাদ যাহার জালবৎ পাদ, অর্থাৎ পাদজোড়া পরস্পর সংলিপ্ত। ৬ষ্ঠী—হিং) সং, পুং, হংস। শরারিপক্ষী। (Pinnepedia) যে সকল পশুর পদ চর্ম্ম দ্বারা সংলিপ্ত থাকাতে মৎস্যের পাখনার ন্যায় কার্য্য নিষ্পন্ন করে।

জালপ্রায়া, (জাল—প্রায়=তুল্য) সং, স্ত্রীং, বর্ম্ম, সাঁজোয়া। কবচ।

জালা, (জলশব্দজ) সং, অলিঞ্জর, জলাদি রক্ষণার্থ বৃহৎ মৃণ্ময় পাত্রবিশেষ।

জালিক, (জাল+ষ্ণিক-বিং, ত্রিং, কপটকারক, জালকারী, প্রতারক। জালোপজীবী। সং, পুং, ব্যাধ। মাকড়সা। ধীবর, জেলে। কা—স্ত্রীং, বস্ত্রবিশেষ। জোঁক, জলৌকা। বিধবা। সাঁজোয়াবিশেষ। গিরিসার।

জালিন্, (জাল+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, যাহার জাল আছে। গবাক্ষবিশিষ্ট। প্রতারক। সং,পুং, ধীবর, জেলে লী—স্ত্রীং, সং,স্ত্রীং, চিত্রশালা, যে গৃহে বসিয়া আলেখ্যাদি প্রস্তুত করে। (পরিপক্ক হইলে ইহার অভ্যন্তরভাগ জালের ন্যায় হয় বলিয়া) ঝিঙ্গা। ধুঁধুল।

জাল্ম, (জল্=আচ্ছাদনকরা+ণ্নি—ম—প্রং) বিং, ত্রিং, নির্দ্দয়, নিষ্ঠুর। অবিবেচক। মূর্খ। ক্রূর। পামর। পাপিষ্ঠ, দুরাত্মা। সং, পুং, নীচ ব্যক্তি, ইতর লোক।

জাহক, (হা=ত্যাগকরা+অক—প্রং) সং, পুং, বিড়াল। শয্যা। খট্টা, খাট। জোঁক জলৌকা।

জাহ্নবী, (জহ্নু=মুনিবিশেষ+ষ্ণ—অপত্যার্থে ঈপ্) সং, স্ত্রীং, জহ্নু তনয়া, গঙ্গা। জহ্নুঃসংপীয় কোপতঃ। তস্য কন্যাস্বরূপা চ জাহ্নবী তেন কীর্ত্তিতা:"।

জাহাজ, সং, অর্ণবযান, অর্ণবপোত।

জিওল, (দেশজ) সং, বৃক্ষবিশেষ। কচ্ছপাদি। মৎস্য বিশেষ।

জিগত্নু, (গম্=গমনকরা+ইত্নু—সংজ্ঞার্থে) সং, পুং, প্রাণবায়ু। জীবন। শ্বাস।

জিগমিষা, (গম্=গমনকরা+সন্—ইচ্ছার্থে, আ—ভা) সং, স্ত্রীং গমনেচ্ছা।

জিগমিষু, (পূর্ব্বে দেখ, উ—প্রং) বিং, ত্রিং, গমনেচ্ছু। গমনাভিলাষী।

জিগীষা, (জি=জয়করা+সন্—ইচ্ছার্থে, আ—ভা) সং, স্ত্রীং জয়েচ্ছা, জয় করিবার অভিলাষ। উদ্যম।

জিঘৎসা, (অদ্=ভোজনকরা+সন্—ইচ্ছার্থে, আ—ভা) সং, স্ত্রীং, ভোজনাভিলাষ, বুভুক্ষা, ক্ষুধা।

জিঘৎসু, (পূর্ব্বে দেখ, উ—প্রং) বিং, ত্রিং, ভোজনেচ্ছু, বুভুক্ষু। ক্ষুধাতুর।

জিঘাংসা, (হন্=বধকরা+সন্-ইচ্ছার্থে, আ—ভা) সং,স্ত্রীং হননেচ্ছা বধচেষ্টা।

জিঘাংসু, (পূর্ব্বে দেখ, উ—প্রং) বিং, ত্রিং, বধেচ্ছু। সং, পুং, শত্রু।

জিঘৃক্ষা, (গ্রহ=গ্রহণকরা+সন্—ইচ্ছার্থে, আ—ভা) সং, স্ত্রীং, গ্রহণেচ্ছা।

জিঘৃক্ষু, (পূর্ব্বে দেখ, উ—প্রং) বিং, ত্রিং, গ্রহণেচ্ছু, লইতে অভিলাষী।

জিঘ্র, (ঘ্রা=গন্ধগ্রহণকরা+অ—ক) বিং, ত্রিং, ঘ্রাণকারী।

জিঘ্রৎ, (জিঘ্র দেখ, শতৃ—ক) বিং, ত্রিং, যে আঘ্রাণ করিতেছে।

জিঙ্গি, জিঙ্গী, জিঞ্জি, (ইঙ্গ [ইন্‌গ্=গমন করা] গমন+জি—যোগ, জি জয় করা যে অন্যান্য তরু লতাদিগকে পরাজয় করে) সং, স্ত্রীং, মঞ্জিষ্ঠা।

জিজীবিষা, (জীব্=বাঁচা+সন্+ইচ্ছার্থে, আ—ভা) সং, স্ত্রীং, জীবনেচ্ছা, বাঁচিবার অভিলাষ।

জিজীবিষু, (পূর্ব্বে দেখ, উ—প্রং) বিং, ত্রিং, জীবনাভিলাষী, বাঁচিতে ইচ্ছুক।

জিজ্ঞাপয়িষু, (জ্ঞাপি=জানান+সন্-ইচ্ছার্থে, উ—প্রং) বিং, ত্রিং, জানাইতে ইচ্ছুক।

জিজ্ঞাসমান, (জিজ্ঞাসা দেখ, শান—ক) বিং, ত্রিং, যে জিজ্ঞাসা করিতেছে, জিজ্ঞাসু। অনুসন্ধিৎসু।

জিজ্ঞাসা (জ্ঞা=জানা+সন-ইচ্ছার্থে, আ—ভা) সং, স্ত্রীং, জানিবার ইচ্ছা, প্রশ্ন। অনুসন্ধান করিবার ইচ্ছা।

জিজ্ঞাসিত, (জিজ্ঞাসা দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, পৃষ্ট, যে বিষয় অথবা যে ব্যক্তিকে জিজ্ঞাসা করা গিয়াছে।

জিজ্ঞাসু, (জিজ্ঞাসা দেখ উ—প্রং) বিং, ত্রিং, জানিবার নিমিত্ত ইচ্ছুক। মুমুক্ষু।

জিজ্ঞাস্য, (জিজ্ঞাসা দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, প্রষ্টব্য, জিজ্ঞাসার যোগ্য। অনুসন্ধেয়। অনুসন্ধানের যোগ্য।

জিজ্ঞাস্যমান, (জিজ্ঞাসা দেখ, শান—র্ম্ম। য, ম—আগম) বিং, ত্রিং, যে বিষয় জিজ্ঞাসা করা যাইতেছে।

জিৎ, (জি জয়করা+ক্বিপ্—ক) বিং, ত্রিং, জেতা, জয়কারী, যে জয় করে; ইহা শব্দের পরে প্রযুক্ত হয়, যথা—বিশ্বজিৎ, স্বর্গজিৎ, ইন্দ্রজিৎ প্রভৃতি।

জিত, (জি জয়করা+ত—র্ম্ম, ভা) বিং, ত্রিং, পরাজিত। বশীকৃত। জয়প্রাপ্ত। সং,ক্লীং, জয়। পুং, জৈনানুচর বিশেষ।

জিতকাশী, (জিতকাশিন্, জিত=পরাজিত—কাশ্+ণিন্ যে দীপ্তি পায়, ৭মী—য) বিং, ত্রিং, জয়শীল। গর্ব্বিত। অহঙ্কৃত।

জিতশত্রু, (জিত=পরাজিত—শত্রু। যে শত্রু জয় করিয়াছে, ৩য়া—হিং) বিং,

ত্রিং, বিজয়ী, যে শত্রুকে পরাভব করিয়াছে।

জিতাক্ষর, (জিত=পরাজিত—অক্ষর=বর্ণ। যে অক্ষর জয় করিয়াছে, অর্থাৎ উত্তমরূপ পরিচয় করিয়াছে। ৩য়া—হিং) বিং, ত্রিং, সুপাঠক, যে লেখা দেখিলেই উত্তমরূপে পড়িতে পারে।

জিতাত্মা, (জিতাত্মন্, জিত=পরাজিত—আত্মন্=আত্মা। যে আত্মা জয় করিয়াছে, ৩য়া—হিং) বিং, ত্রিং, জিতেন্দ্রিয়, বশী।

জিতামিত্র, (জিত=পরাজিত—অমিত্র=শত্রু। যে শত্রুকে জয় করিয়াছে, ৩য়া—হিং) বিং, ত্রিং, জিতশত্রু, অরিন্দম। সং, পুং, বিষ্ণু।

জিতারি, (জিত=পরাজিত—অরি=শত্রু, যে শত্রু জয় করিয়াছে, ৩য়া—হিং) সং, পুং, বুদ্ধ। বিং, ত্রিং, জিতশত্রু, বিজয়ী।

জিতাহব, (জিত=পরাজিত—আহব==যুদ্ধ। যে যুদ্ধ জয় করিয়াছে, ৩য়া—হিং) বিং, ত্রিং, জয়শীল, জয়ী।

জিতেন্দ্রিয়, (জিত=পরাজিত—ইন্দ্রিয়। যে ইন্দ্রিয় জয় করিয়াছে, ৩য়া—হিং) বিং, ত্রিং, ইন্দ্রিয়জয়কারী, যে ইন্দ্রিয় বশ করিয়াছে, বশী। সং, পুং, তপস্বী। "শ্রুত্বা দৃষ্ট্বা তয়া স্পৃষ্ট্বা ভুক্ত্বা ঘ্রাত্বা চ যো নরঃ। য হৃষ্যতি গ্লায়তি বা স বিজ্ঞেয়ো জিতেন্দ্রিয়ঃ"।

জিত্বর, (জি=জয়করা+বর-ক, শীলার্থে, ৎ—আগম) বিং, ত্রিং, জয়শীল, জয়ী। রী—স্ত্রীং, বারাণসী, কাশী।

জিন, (জি=জয়করা+নক—প্রং। যে তপঃ প্রভাবে বিশ্বকে জয় করে) সং, পুং, বৌদ্ধমত প্রণেতা মুনি বিশেষ। "বুদ্ধোতিনোঃ পাতুবঃ"। বিষ্ণু। বিং, ত্রিং, জয়শীল, জয়ী।

জিনযোনি, (অজিন—মৃগচর্ম্ম—যোনি উৎপত্তিস্থান, অ—লোপ। অজিনযোনি শব্দও ব্যবহৃত হয়) সং, পুং, মৃগ, হরিণ।

জিনীস, (যাবনিক) সং, দ্রব্য পদার্থ।

জিব, (জিহ্বাশব্দজ) সং, রসনা।

জিব্রা, (Zebra) সং, অশ্বজাতীয় কর্ব্বুরবর্ণ প্রাণীবিশেষ। [বিশেষ।

জিয়ল, সং, কচ্ছপ। মৎস্যবিশেষ। বৃক্ষ-

জিরেফা, (Giraffe) সং, লম্বপদ ও দীর্ঘ গ্রীবাবিশিষ্ট চতুষ্পদ জন্তুবিশেষ; ইহা দেখিতে প্রায় উষ্ট্রের ন্যায়, কিন্তু তদপেক্ষা অধিকতর সৌষ্ঠব সম্পন্ন। পশ্চাতের অপেক্ষা সম্মুখস্থ পাদদ্বয় অধিক লম্বা, এজন্য পৃষ্ঠদেশ পশ্চাদ্ভাগে ক্রমেই অবনত হইয়া আসিয়াছে।

জিষ্ণু, (জি=জয়করা+ষ্ণুক্—ক, শীলার্থে) সং, পুং, অর্জ্জুন। ইন্দ্র। সূর্য্য। বিষ্ণু। বসু। বিং, ত্রিং, জয়ী, জয়শীল। "জ্ঞাতংহরিং জিষ্ণুরঘানি সংস্তুবন্, মুদং দধনোর্থিত মীয়িবান্ ন কঃ"বোপদেব।

জিহান, (হা=গমনকরা+শানচ্) বিং, ত্রিং, যে গমনকরিতেছে বা প্রাপ্ত হইতেছে। [জাতের ধ্বংস।

জিহানক, (জিহান+কন্) সং, পুং,

জিহীর্ষা, (হৃ=হরণকরা+সন্—ইচ্ছার্থে, আ—ভা) সং, স্ত্রীং, হরণেচ্ছা, চুরিকরিবার অভিলাষ।

জিহীর্ষু, (পূর্ব্ব দেখ, উ—প্রং) বিং, ত্রিং, হরণ করিতে ইচ্ছুক।

জিহ্ম, (হা [ঋজুতা] ত্যাগকরা+ম—প্রং নিপাতন) বিং, ত্রিং, অপ্রসন্ন। সঙ্কুচিত। কুণ্ঠিত। জড়। খল। কুটিল, বক্র। মন্দ। অধার্ম্মিক। অসৎ, বঞ্চক।"তথাপি জিহ্মঃ স ভবজ্জিগীষয়া তনোতি শুভ্রং গুণসম্পদা যশঃ" ভারবি।

জিহ্মগ, (জিহ্ম=বক্র—গ=যে গমন করে, ২য়া—ষ) সং, পুং, সর্প, সাপ। বিং, ত্রিং, মন্দগতি। বক্রগামী।

জিহ্মমোহন, (জিহ্ম=অলস—মোহন=মৈথুন) সং, পুং, ভেক, ব্যাঙ্।

জিহ্মশল্য, (জিহ্ম=বক্র—শল্য=কণ্টক) সং, পুং, খদির বৃক্ষ।

জিহ্মিত, (জিহ্ম+ইত—ইদমর্থে) বিং, ত্রিং, ঘূর্ণিত। বক্রীকৃত।

জিহ্ব, (জিহ্=আস্বাদনকরা+ব—প্রং ল স্থানে জ) সং,পুং, হ্বা—স্ত্রীং, রসনেন্দ্রিয়, জিভ্। "জ্যাজিহ্বয়া বলয়িতোৎকটকোটিদংষ্ট্রমুদ্গারিঘোরঘনঘর্ঘরঘোষমেতৎ" উত্তরচরিত্র।

জিহ্বল, (জিহ্বা=জিভ্—ল=গ্রহণার্থ লাধাতুজ) বিং, ত্রিং, লোভী, পেটুক।

জিহ্বানির্লেখন, (জিহ্বা=নির্লেখন=আঁচড়ান) সং, ক্লীং, পরিষ্কারের জন্য জিভ্ আঁচড়ান। যাহাদ্বারা জিভ্ আঁচড়ান যায়, জিভ্ছোলা।

জিহ্বাপ, (জিহ্বা—প=যে পানকরে, ওয়া—ষ) সং, পুং, যে সমস্ত জন্তু জিহ্বা দ্বারা জলপান করে,কুক্কুর,ব্যাঘ্র,বিড়াল, ভল্লুক, শৃগাল, প্রভৃতি।

জিহ্বামূলীয়, (জিহ্বামূল+ঈয়—ভবার্থে) সং, পুং, জিহ্বামূল হইতে উচ্চারিত বর্ণ ক খ গ ঘ ঙ।

জিহ্বারদ, (জিহ্বা-রদ=দন্ত। ৬ষ্ঠী—হিং) সং,পুং, পক্ষী,পাখী। পক্ষীর দন্ত অর্থাৎ চঞ্চু দেখিতে জিহ্বার ন্যায় বলিয়া ইহাদিগকে জিহ্বারদ বলে।

জিহ্বালিট্, (জিহ্বালিহ্, জিহ্বা—লিহ্ [লিহ্=চাটা+ক্বিপ্—ক] যে চাটে) সং, পুং, কুকুর।

জিহ্বাস্বাদ, (জিহ্বা=জিভ্—আস্বাদ=ভোজন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, লেহন, চাটা। জিহ্বাদ্বারা স্বাদগ্রহণ।

জীন, (জ্যা=বৃদ্ধহওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, প্রাচীন, জীর্ণ, বৃদ্ধ, বুড়ো।

জীমূত, (জী=জলবাচি জীবনশব্দজ—মূত [মূ=বন্ধনকরা+ক্ত—ভা] পটবন্ধ, যে জলের পটবন্ধ স্বরূপ। ৬ষ্ঠী—ষ) সং, পুং, ইন্দ্র। পর্ব্বত। মেঘ। "জীমূতেন স্বকুশলময়ীং হারয়িষ্যন্ প্রবৃত্তিং" মেঘদূত।

জীমূতকূট, (জীমূত=পর্ব্বত—কূট=গৃহ আগার) সং, পুং, পর্ব্বতের নিকটবর্ত্তী ক্ষুদ্র পাহাড়।

জীমূতবাহন, (জীমূত=মেঘ—বাহন=যান। মেঘই যাহার বাহন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মেঘবাহন, ইন্দ্র। দায়ভাগ প্রণেতা।

জীমূতবাহী, (—হিন্, জীমূত=মেঘ—বহ্=বহনকরা+ণিন্—প্রং) সং, পুং, ধূম, ধূঁয়া।

জীর, জীরক (জু=বেগে গমনকরা+র—প্রং, উ স্থানে ঈ) সং, পুং, মস্লাবিশেষ। জীরা। অণু। খড়্গ।

জীর্ণ, (জৃ=জীর্ণহওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, প্রাচীন, বৃদ্ধ, পুরাতন "শৃগাল মৃগলোলুপস্য কস্যাপি জীর্ণর্ক্ষস্য মুখে নিপতিতো ভব" শকুন্তলা। পরিপক্ক, অন্নাদি। জর্জ্জরিত। সং, পুং, জীরা।

জীর্ণপর্ণ, (জীর্ণ=পুরাতন, মলিন—পর্ণ=পত্র) সং, পুং, কদমগাছ। ক্লীং, পুরাতন পত্র। "তটরুহতরুভ্রংসিভি জীর্ণ পর্ণৈঃ" মেঘদূত। [বিশেষ।

জীর্ণবস্ত্র, (জীর্ণ—বস্ত্র) সং, ক্লীং, হীরক-

জীর্ণবাটিকা, (জীর্ণ—বাটিকা=গৃহ) সং, স্ত্রীং, ভগ্নগৃহ, প্রাচীন আলয়।

জীর্ণব্রধ্নক, সং, পুং, সুগন্ধি তৃণবিশেষ।

জীর্ণসংস্কার, সং, পুং, মেরামত, ভাঙ্গাসারা। [হইয়াছে।

জীর্ণসংস্কৃত, বিং, ত্রিং, যাহার মেরামত

জীর্ণা, সং, স্ত্রীং, স্থূলজীরক, মোটাজীরা।

জীর্ণি, (জৃ+ক্তি—ভা) সং, স্ত্রীং, বার্দ্ধক্য, জীর্ণতা, ক্ষীণতা, কার্শ্য।

জীর্ণোদ্ধার, (জীর্ণ—উদ্ধার=উত্তোলন) সং, পুং, জীর্ণসংস্কার, মেরামত।

জীর্ণোদ্ধৃত, (জীর্ণ—উদ্ধৃত=উত্তোলিত) বিং, ত্রিং, জীর্ণসংস্কৃত, যাহার মেরামত হইয়াছে।

জীব, (জীব্=বাঁচা+অ—ক, ণ) সং,

পুং, ইন্দ্রিয়াদির অধিষ্ঠাতা চেতনপদার্থ, জীবাত্মা। প্রাণী, জন্তু। বৃহস্পতি। পুং, বা—স্ত্রীং, জীবিকা, জীবনোপায়। ত্রিং জীবনকাল, আয়ুঃ। "অয়ং কর্ত্তৃত্বভোক্তৃত্বাভিমানিত্বেন ইহলোক পরলোক-গামী ব্যবহারিকো জীব ইত্যুচ্যতে"।

জীবক, (জীবি=বাঁচান+ণক—ক। যে বাঁচায়) বিং, ত্রিং, সেবক, ভৃত্য। বৃদ্ধিজীবী, সুদখোর। আশীর্ব্বাদক। ভিক্ষুক। আহিতুণ্ডিক, সাপুড়ে।

জীবগ্রাহ, (জীব—গ্রাহ=যাহাকে গ্রহণ বা কয়েদ করা হইয়াছে) সং, পুং, কয়েদী, বন্দী।

জীবজীব, জীবঞ্জীব (জীব=জীবনকাল —জীব=যে বাঁচে, যে দীর্ঘকাল বাঁচে) সং, পুং, চকোর পক্ষী।

জীবতত্ত্ব, (Zoology) সং, ক্লীং, যে শাস্ত্রে জীবদিগের জাতি স্বভাব এবং ক্রিয়া প্রভৃতি বর্ণিত থাকে।

জীবৎ, (জীব+শতৃ—ক) বিং, ত্রিং, যে জীবিত আছে, যে বেঁচে থাকে। জীবিত, জীবনবিশিষ্ট।

জীবত্তোকা, (জীবৎ=জীবিত—তোক =অপত্য) সং, স্ত্রীং, জীবৎপুত্রিকা, যে স্ত্রীর সন্তান জীবিত থাকে।

জীবৎপতি, (জীবৎ=জীবিত—পতি= স্বামী) সং, স্ত্রীং, যে স্ত্রীর পতি জীবিত আছে, সধবা।

জীবৎপিতৃক, (জীবৎ—পিতৃ=পিতা+ক —যোগ) বিং, ত্রিং, যাহার পিতা জী-বিত আছে।

জীবথ, (জীব=বাঁচা+অথ—প্রং) সং, পুং, জীবন। ময়ূর। কূর্ম্ম। মেঘ। বিং, ত্রিং, ধার্ম্মিক। চিরজীবী।

জীবদ, (জীব=জীবন—দ [দাধাতুজ] যে দান করে) বিং, ত্রিং, জীবনদাতা। সং, পুং, বৈদ্য, চিকিৎসক। (জীব—দ [দোধাতুজ] যে নাশ করে) শত্রু।

জীবদাত্রী, (জীব=প্রাণ—দা=দানকরা +তৃণ্—ক। ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, ঋদ্ধি, সম্পত্তি। প্রাণ-দাত্রী।

জীবদ্দশা, (জীবৎ—দশা=অবস্থা) সং, স্ত্রীং, জীবনকাল, যতকাল প্রাণ ধারণ করা যায়।

জীবধন, (জীব=জীবন্ত—ধন=সম্পত্তি) সং, ক্লীং, গো মেষ মহিষ প্রভৃতি।

জীবন, (জীব্=বাঁচা+অনট্—ণ) সং, ক্লীং, পরমায়ু। প্রাণধারণ, জীবিকা। মজ্জা। জল। হৈয়ঙ্গবীন। পুং, বায়ু। বৃক্ষ-বিশেষ। পুত্র। নী—স্ত্রীং, জয়ন্তীবৃক্ষ। না—স্ত্রীং, মজ্জা। [অন্ন।

জীবনক, (জীবন+ক—যোগ) সং, ক্লীং,

জীবনবিড়ম্বন, (জীবন—বিড়ম্বন=নির্ব্বা-সন, দূরীকরণ) সং, ক্লীং, বৃথা জীবন ধারণ, অন্তঃকরণ হইতে সমস্ত আশা ভরসা নির্ব্বাসন।

জীবনযোনি, (জীবন—যোনি=উৎপত্তি) সং, ক্লীং, যত্নবিশেষ, শরীরে প্রাণ সঞ্চা-রের কারণ।

জীবনহেতু, (জীবন—হেতু=কারণ) সং, পুং, বিদ্যা, শিল্প, ভৃতি, সেবা, গোরক্ষা, বিপণি, কৃষি, বৃত্তি, ভিক্ষা, কুশীদ— এই দশপ্রকার জীবনোপায়। "বিদ্যা শিল্পং ভৃতিঃ সেবা গোরক্ষা বিপণিঃ কৃষিঃ, বৃত্তি র্ভৈক্ষ্যং কুশীদঞ্চ দশ জীব-নহেতবঃ"। [নাশক) সং, ক্লীং, বিষ।

জীবনাঘাত, (জীবন=প্রাণ—আঘাত=

জীবনান্ত, (জীবন—অন্ত=শেষ) সং, পুং, প্রাণান্ত, মৃত্যু।

জীবনাবাস, (জীবন=জল—আবাস=বাস-স্থান, জল যাহার বাসস্থান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বরুণ।

জীবনিকা; সং, স্ত্রীং, হরীতকী।

জীবনী, (জীবন দেখ, ঈপ্ স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, যদ্দ্বারা জীবিত থাকা যায়। জয়ন্তী-বৃক্ষ।

জীবনীয়, (জীবন=প্রাণ+ঈয়—প্রয়োজ-নার্থে। যাহা প্রাণধারণের প্রয়োজনী-

য়) সং, ক্লীং, জল। য়া—স্ত্রী
জীবনীশক্তি, (Vital-power) যে শক্তি-দ্বারা জীবগণ জীবিত থাকে।
জীবনোপায়, (জীবন—উপায়) সং, পুং, জীবিকা, যাহাদ্বারা জীবন ধারণ করা-যায়।
জীবনৌষধ, (জীবন—ঔষধ). সং, ক্লীং, যে ঔষধে মৃতপ্রায় ব্যক্তি ও জীবিত হয়।
জীবন্ত, (জীব্=বাঁচা+অন্ত—প্রং) বিং, ত্রিং, যে জীবিত আছে। সং, পুং, প্রা-ণ। ঔষধ।
জীবন্তিকা, (জীবন্তী+ক—যোগ) সং, স্ত্রীং, বৃক্ষোপরিজাত বৃক্ষ, পরগাছা। গুড়ুচী। হরীতকী।
জীবন্মুক্ত, (জীবৎ—মুক্ত=ত্যক্তসংসার। যে তত্ত্বজ্ঞান লাভ করিয়া জীবদ্দশাতেই সংসারবন্ধন হইতে মুক্তি লাভ করি-য়াছে) বিং, ত্রিং, তত্ত্বজ্ঞানী, জীব।
জীবন্মুক্তি, (জীবৎ—মুক্তি)সং, স্ত্রীং, তত্ত্বজ্ঞান প্রাপ্তহইয়া জীবদ্দশাতেই সং-সারবন্ধন হইতে পরিত্রাণ।
জীবন্মৃত,(জীবৎ—মৃত) বিং, ত্রিং, জী-বিতাবস্থায় মৃতকল্প, বেঁচে মরে থাকা।
জীবপুত্রক, ; সং, পুং, ঈঙ্গুদীবৃক্ষ। জীয়া-পুতাগাছ। [জন্তু বাস করে।
জীবপ্রদেশ, সং, পুং, যে প্রদেশে জীব-
জীবপ্রিয়া, (জীব—প্রিয়, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, হরীতকী।
জীবমন্দির, (জীব=জীবন—মন্দির=আ-লয়) সং, ক্লীং, শরীর, দেহ।
জীবলোক, (জীব—লোক=জগৎ) সং, পুং, প্রাণ ও চেতনাবিশিষ্ট পদার্থের বাসস্থান, সংসার, মর্ত্ত্যলোক।
জীবসাধন, (জীব—সাধন=উপায়) সং, ক্লীং, শস্য।
জীবসূ,=(জীব—সূ=প্রসবকরা+ক্বিপ্) সং, স্ত্রীং, যে স্ত্রী জীবিত পুত্র প্রসব করে
জীবস্থান, (জীব=জীবন স্থান= আশ্রয়) সং,ক্লীং, শরীরস্থ অস্থিসমূহের সন্ধিস্থল।
জীবা, (জীবি=বাঁচান+অ—প্রং। আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, ধনুকের ছিলা। জীবিকা। পৃথিবী। ভূমি। শিঞ্জিত। বচা
জীবাতু, (জীব্=বাঁচা+আতু—প্রং) সং, পুং,—ক্লীং, জীবিকা জীবন। "রে হস্ত দক্ষিণ! মৃতস্যশিশোর্দ্বিজস্য, জীবা-তবে বিসৃজ শূদ্রমুনৌ কৃপাণং" উত্তর-চরিত। জীবনৌষধ। ভক্ত, অন্ন।
জীবাত্মা, (জীবাত্মন্, জীব—আত্মন্, য়ং—স) সং, পু,, শরীরী, দেহস্থচৈতন্য, জীবপুরুষ।
জীবাধার, (জীব=প্রাণী—আধার=আ-শ্রয়, ৬ষ্ঠী—ষ) সং, পুং, জগৎ। জীবৎ=জীবন —আধার=আশ্রয়) হৃদয়। শ-রীর, দেহ।
জীবান্তক, (জীব=প্রাণী—অন্তক=নাশক) সং, পুং, শাকুনিক, ব্যাধ। বিং, ত্রিং, জীবননাশক।
জীবাশ—(জীব=প্রাণ—আশা। ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, জীবনাশাযুক্ত, যে জী-বনের আশা করে।
জীবিকা, (জীব্=বাঁচা+ণক—প্রং) সং, স্ত্রীং, জীবনোপায়, বৃত্তি,কৃষিবাণিজ্যাদি
জীবিত, (জীব=বাঁচা+ক্ত—ণ, ক) সং, ক্লীং, জীবন,প্রাণ। আয়ুঃ। "ধনানি জীবিতঞ্চৈব পরার্থে প্রাজ্ঞ উৎসৃজেৎ" হিতোপদেশ। জীবনকাল। বিং, ত্রিং, জীবন্ত।
জীবিতকাল, (জীবিত=জীবন্ত—কাল =সময়) সং, পুং, আয়ুঃ, যে কাল পর্য্যন্ত প্রাণী সমূহ বাঁচিয়া থাকে।
জীবিতঘ্ন, (জীবিত=জীবন—ঘ্ন=যে নাশ করে) বিং, ত্রিং, জীবননাশক, প্রাণ বধকারী।
জীবিতজ্ঞা, (জীবিত—জ্ঞ=যে জানে আপ্—স্ত্রীলিঙ্গে) দেহান্তর্গত রক্তস্থলী ধমনী।
জীবিতেশ, (জীবিত=প্রাণ—ঈশ=প্রভু

৬ষ্ঠী—ষ) সং, পুং, প্রাণেশ্বর। সূর্য্য। চন্দ্র। যম।

জীবী, (জীবিন্, জীব+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, প্রাণী, যাহার জীবন আছে। যে বাঁচিয়া থাকে। "পুরুষায়ুষজীবিন্যো নিরাতঙ্কা নিরীতয়ঃ" রঘুবংশ।

জুগুপ্সক, (জুগুপ্স [গুপ্+সন্] ণক-ক) বিং, ত্রিং, পরনিন্দক।

জুগুপ্সন—ক্লীং } জুগুপ্স+অনট, আ—
জুগুপ্সা—স্ত্রীং } ভা) সং, নিন্দা, কুৎসা। ঘৃণা। "দোষেক্ষণাদিভির্গর্হা জুগুপ্সা বিষয়োদ্ভবা"।

জুগুপ্সিত, (জুগুপ্স+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, নিন্দিত। গর্হিত, ঘৃণিত।

জুগোপিষা, (গুপ্=গোপনকরা+সন্= ইচ্ছার্থে, আ—ভা) সং, স্ত্রীং, গোপনেচ্ছা।

জুগিত—(জুগি=পরিত্যাগ করণ+ক্ত —র্ম্ম) বিং, ত্রিং, পরিত্যক্ত দূরে নিক্ষিপ্ত। আঘাত প্রাপ্ত।

জুটক, (জট্=একত্র জড়হওয়া+ণক— প্রং। উ—আগম) সং, ক্লীং, জটা। টিকা —স্ত্রীং, শিখা। চুলের ঝুঁটি,টিকী।

জুড়ন, (দেশজ) সং, মিলন। শীতলকরণ।

জুতা, (দেশজ) সং,চর্ম্মপাদুকা, উপানৎ।

জুলী, (দেশজ) সং, ক্ষুদ্রখাত, নালা, প্রণালী।

জুষ, (জুষ্=সেবা করা+ক্বিপ্—ক) বিং, ত্রিং, সেবক। "রজোজুষে জন্মনি সত্ত্ববৃত্তয়ে স্থিতৌ প্রজানাং প্রলয়ে তমস্পৃশে" বাণভট্ট। সহায়। প্রণয়ী।

জুষ্কক, (জুষ্=তৃপ্তকরা বা হৃষ্টহওয়া+ কক—প্রং) সং, পুং, যূষ, ঝোল।

জুষ্ট, (জুষ=সেবাকরা ইত্যাদি+ক্ত— র্ম্ম) বিং, ত্রিং, সেবিত,পূজিত,উপাসিত। উপকৃত, অধিষ্ঠিত। ক্লীং, উচ্ছিষ্ট।

জুষ্য, (জুষ্+য—র্ম্ম) বিং, ত্রিং, সেব্য, উপাস্য।

জুহূ, (হু=হোমকরা+ক্বিপ্—সংজ্ঞার্থে, দ্বিত্ব, উ=ঊ, বিকল্পে। জুহু শব্দও হয়) সং, স্ত্রীং, পলাশকাষ্ঠ-নির্ম্মিত অর্দ্ধচন্দ্রাকৃতি যজ্ঞপাত্র। [কঠোর হৃদয়।

জুহুবান, সং, পুং, অগ্নি। বৃক্ষ। নির্দ্দয়,

জুহুরাণ, (হুর্চ্ছ=বক্রহওয়া, পরিত্যাগকরা+শানচ্) চন্দ্র। অগ্নি, প্রধান দেবতা। প্রতিনিধি পুরোহিত।

জূ, (জু=বেগে গমনকরা+ক্বিপ্—প্রং। উ=ঊ) সং, স্ত্রীং, শীঘ্রগমন। আকাশ। সরস্বতী। পিশাচী, পেত্নী।

জূট, (জট্=জড়হওয়া+অ—প্রং, নিং) সং, পুং, জটা। শিবের জটা। বন্ধন। সমূহ। "ভূতেশস্য ভুজঙ্গবল্লিবলয়স্রঙ্নদ্ধজূটা জটাঃ"। [বেগ।

জূতি, (জূ+ক্তি—ভা) সং, স্ত্রীং, জব,

জূর্ণ, (জুর্=জীর্ণহওয়া, বধকরা+ক্ত— প্রং) সং, পুং, তৃণবিশেষ, উলুখড়।

জূর্ণাহ্বয়, সং, পুং, দেধান।

জূর্ণি, (জুর=রোগীহওয়া+নি—সংজ্ঞার্থে সং,স্ত্রীং,বেগ।শরীর। জ্বর। ব্রহ্মা। সূর্য্য।

জূর্ত্তি, (জুর্=রোগীহওয়া+ক্তি—ভা) সং, স্ত্রীং, জ্বররোগ। [ক্বাথ, ঝোল।

জূষ, (জুষ্=বধকরা+অ—প্রং) সং, ক্লীং,

জৃম্ভ—পুং, } (জৃন্ভ্=হাই-
জৃম্ভা, জৃম্ভিকা—স্ত্রীং, } তোলা+অ,আ —ভা। ক—যোগে জৃম্ভিকা) সং, মুখব্যাদান হাই। প্রস্ফুটন। প্রকাশ।

জৃম্ভক (জৃন্ভ+ণক—ক) বিং, ত্রিং, যে জৃম্ভণ করে,যে হাইতুলে। নিদ্রাজনক।

জৃম্ভকাস্ত্র, (জৃম্ভক—অস্ত্র) সং, ক্লীং, অস্ত্রবিশেষ। এই অস্ত্র প্রয়োগ করিলে বিপক্ষ সৈন্যেরা অচেতন হইয়া যায়। "দেবি! এতানি সরহস্যানি জৃম্ভকাস্ত্রানি, যানি ভগবতঃ কৃশাশ্বাৎ কৌশিকমৃষিমুপসংক্রান্তানি তেন চ তাড়কাবধে প্রসাদীকৃতান্যার্য্যস্য" উত্তরচরিত

জৃম্ভণ } (জৃন্ভ্+অনট্ ক্ত—ভা)
জৃম্ভিত } সং, ক্লীং, মুখবিকাশ, হাই।

প্রকাশ, প্রস্ফুটন।

জৃম্ভমাণ, (জৃন্ভ্+শান—ক) বিং, ত্রিং যে হাই তুলিতেছে। প্রকাশমান।

জেঠা, (জ্যেষ্ঠতাত শব্দজ) সং, পিতার জ্যেষ্ঠভ্রাতা।

জেতব্য, (জি=জয়করা+তব্য—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে জয় করিতে হইবে বা করা উচিত, জেয়।

জেতা, (জেতৃ=জি=জয়করা+তৃণ্—ক) বিং, ত্রিং, জয়শীল, জয়কর্ত্তা।

জেমন, (জিম্=ভক্ষণকরা+অনট্—ভা) সং, ক্লীং, ভোজন। অশন, খাদন।

জেয়, (জি+য—র্ম্ম) বিং, ত্রিং, জেতব্য, যাহাকে জয়করা উচিত।

জৈত্র, (জেতৃ+ষ্ণ—প্রং। বিং, ত্রিং, জয়শীল। "বার্ষিকং সংজহারেন্দ্রো ধনু-র্জৈত্রং রঘুর্দর্পো" রঘুবংশ। সং, পুং, পারদ। ক্লীং, ঔষধ। ত্রী—স্ত্রীং, জয়ন্তী-বৃক্ষ। [জিনমতাবলম্বী, বৌদ্ধ।

জৈন, (জিন+ষ্ণ—জ্ঞানার্থ) সং, পুং,

জৈপাল, সং, পুং, জয়পালবৃক্ষ। [মুনি।

জৈমিনি, সং, পুং, মীমাংসাদর্শন প্রণেতা

জৈবাতৃক, (জীব্=বাঁচা+আতৃক—প্রং) সং, পুং, চন্দ্র। কর্পূর। ঔষধ। পুত্র। বিং, ত্রিং, কৃশ। দীর্ঘায়ুঃ, দীর্ঘজীবী।

জৈহ্ম্য, (জিহ্ম=কুটিল, বক্র+ষ্ণ্য—ভা-বে) সং, ক্লীং, জিহ্মতা, কুটিলতা।

জোঁক, (জলৌকাশব্দজ) সং, রক্তপা।

জোঙ্গক, (জুনগ্=ত্যাগকরা+ণক—ক। যে দুর্গন্ধ দূর করে) সং, ক্লীং, সুগন্ধি কাষ্ঠবিশেষ। কৃষ্ণ চন্দনকাষ্ঠ।

জোঙ্গট, (জুনগ্=ত্যাগকরা+অট—প্রং) সং, পুং, গর্ভিণীর অভিলাষ, সাধ।

জোটিঙ্গ, (জুট=শিবের জটা—গ=যে গমন করে, নিপাতন) সং, পুং, শিব। তপস্বী।

জোনাকীপোকা, (দেশজ) সং, রাত্রি-কালে যে পোকার জ্যোতি নির্গত হয়, জ্যোতিরিঙ্গন।

জোনাকীপোকা।

জোর, (যাবনিক) সং, শক্তি, বল।

জোষ, (জুষ্=তৃপ্তহওয়া বা তৃপ্তকরা +অ—প্রং) সং, ক্লীং, সন্তোষ। ষা—স্ত্রীং, নারী।

জোষম্, (জুষ+অম্—প্রং) অং, তুষ্ণীং-ভাব, নীরব, চুপ্। "অয়ে কিমিতি যোষমাস্যতে" শকুন্তলা। সম্পূর্ণরূপে। সুখে, সচ্ছন্দে। সম্যক্। প্রশংসা। লজ্জন।

জোষিৎ, জোষিতা (জুষ্=তৃপ্তকরা+ ইং, ইত—প্রং। যে, পুরুষদিগকে তৃপ্ত করে) সং, স্ত্রীং, নারী, স্ত্রী। "জোষি-ৎসুতদ্বীর্য্যনিষেকভূমিঃ সৈবক্ষমেত্যাত্ম ভুবোপদিষ্টং" কুমারসম্ভব।

জ্ঞ, (জ্ঞা=জানা+ক—ক) বিং, ত্রিং, জ্ঞানী, যে জানে। সচরাচর এই শব্দটী অন্যকোন শব্দের পরে প্রযুক্ত হইয়া থাকে যথা—সর্ব্বজ্ঞ অস্ত্রজ্ঞ ইত্যাদি। সং পুং, জ্ঞানী ব্যক্তি, পণ্ডিত। ব্রহ্মা। মঙ্গল গ্রহ। বুধ। চন্দ্র। জ্ঞা-স্ত্রীং, জ্ঞান।

জ্ঞপিত, জ্ঞপ্ত (জ্ঞপি=জানান+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, জ্ঞাপিত, জানান। শাণিত। মারিত। নিশামিত। আলোকিত। তোষিত।

জ্ঞপ্তি, (জ্ঞপ+ক্তি—ভা) সং, স্ত্রীং, বিজ্ঞাপন। বোধ, জ্ঞান। জানা।

জ্ঞাত, (জ্ঞা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহা জানা হইয়াছে। বিদিত, অবগত। "জ্ঞাতং হরিং জিষ্ণুরণানি সংস্তুবন্" বোপদেব। [জানিবার যোগ্য, জ্ঞেয়।

জ্ঞাতব্য, (জ্ঞা+তব্য—র্ম্ম) বিং, ত্রিং,

জ্ঞাতসার, (জ্ঞাত=অবগত—সার=বল) বিং, ত্রিং, যে সার জানিয়াছে, সারজ্ঞ। যাহার বল জানা হইয়াছে। ক্রিং—বিং জ্ঞানগোচরে, অগোচরে নয়।

জ্ঞাতসিদ্ধান্ত, (জ্ঞাত—সিদ্ধান্ত=তত্ত্বার্থ) সং, পুং, শাস্ত্রতত্ত্বজ্ঞ, যে ব্যক্তি, বিরুদ্ধ শাস্ত্রার্থের প্রকৃত সিদ্ধান্ত করিতেপারে।

জ্ঞাতা, (জ্ঞাতৃ, জ্ঞা+তৃণ্—ক) বিং, ত্রিং, জ্ঞানী, যে জানে, বোদ্ধা।

জ্ঞাতি, (জ্ঞা+ক্তি অথবা জ্ঞা [ছিদ্র এবং কুলস্থিতি] জানা+ক্তি — প্রং) যে দায়াদের দোষাদোষ বিশেষরূপে জানে। সং, পুং, দায়াদ, সপিণ্ড। স-গোত্র।"অতনুষু বিভবেষু জ্ঞাতয়ঃ সং-বিভক্তাস্ত্বয়িতুং পরিসমাপ্তং বন্ধুকৃত্যং জনানাং" শকুন্তলা।

জ্ঞাতিত্ব, (জ্ঞাতি+ত্ব—ভাবে) সং, ক্লীং, জ্ঞাতির ধর্ম্ম কর্ম্ম বা ব্যবহার।

জ্ঞাতেয়, (জ্ঞাতি+ঞেয়—ভাবে) সং, ক্লীং, জ্ঞাতিত্ব, জ্ঞাতিধর্ম্ম।

জ্ঞান, (জ্ঞা=জানা+অনট্-ভা) সং,ক্লীং, প্রতীতি, বোধ, বুদ্ধি। তত্ত্বজ্ঞান। "তপঃ পরং কৃতযুগে ত্রেতায়াং জ্ঞানমুচ্যতে"। দ্বাপরে যজ্ঞমেবাহুর্দ্দানমেকং কলৌ যুগে।

জ্ঞানতঃ, (জ্ঞানতস্, জ্ঞান+তস্—প্রং) অং, ক্রিং—বিং, জ্ঞান অনুসারে, জ্ঞান-পূর্ব্বক।

জ্ঞাননিষ্ঠ, (জ্ঞান—নিষ্ঠা) বিং, ত্রিং, যে সর্ব্বদা জ্ঞানের অনুশীলন করে, যে সর্ব্বদা তত্ত্বজ্ঞানে রত।

জ্ঞানযোগ, সং, পুং, জ্ঞানের সহিত সম্বন্ধ, জ্ঞান থাকা। ব্রহ্মপ্রাপ্তির উপায়।

জ্ঞান-লক্ষণা, সং,স্ত্রীং, জ্ঞানজনক অলৌ-কিক সন্নিকর্ষবিশেষ।

জ্ঞানবান্, (জ্ঞানবৎ, জ্ঞান+বতু—অস্ত্য-র্থে) বিং, ত্রিং, যাহার জ্ঞান আছে, জ্ঞানী, জ্ঞানবিশিষ্ট।

জ্ঞানবাপী, সং, স্ত্রীং, কাশীস্থ তীর্থবিশেষ।

জ্ঞানশালী } (জ্ঞানশালিন্, জ্ঞান—
জ্ঞানাপন্ন } শালী, আপন্ন=বিশিষ্ট, যুক্ত) বিং, ত্রিং, জ্ঞানী।

জ্ঞানসাধন, (জ্ঞান—সাধন=উপায়, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, ইন্দ্রিয়।

জ্ঞানাপোহ, (জ্ঞান—অপোহ=অপনো-দন) সং, পুং, বিস্মরণ, ভ্রান্তি।

জ্ঞানাভ্যাস, (জ্ঞান—অভ্যাস, ৬ষ্ঠী—ষ) সং, পুং, জ্ঞেয় বিষয়ের চিন্তন কথন প্রবোধনাদি। তত্ত্বজ্ঞানের আলোচনা।

জ্ঞানী, (জ্ঞানিন্, জ্ঞান+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, জ্ঞানবান্, তত্ত্বজ্ঞানী। বিজ্ঞ।

জ্ঞানেন্দ্রিয়, (জ্ঞান—ইন্দ্রিয়) সং, ক্লীং, যে ইন্দ্রিয়দ্বারা জ্ঞান জন্মে, যথা—চক্ষুঃ, কর্ণ, নাসিকা, রসনা, ত্বক্ এবং মনঃ।

জ্ঞাপক, (জ্ঞাপি+ণক—ক) বিং, ত্রিং, আবেদক, নিবেদক। যে জানায়।

জ্ঞাপন, (জ্ঞাপি=জানান+অনট্—ভা) সং, ক্লীং, আবেদন, জানান।

জ্ঞাপয়িতা, (জ্ঞাপয়িতৃ, জ্ঞাপি+তৃণ্—ক) বিং, ত্রিং, যে জানায়, জ্ঞাপক।

জ্ঞাপিত, (জ্ঞাপি+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহা জানান হইয়াছে, বিজ্ঞাপিত।

জ্ঞেয়, (জ্ঞা+য—র্ম্ম) বিং, ত্রিং, বোধ-গম্য, জ্ঞাতব্য। "জ্ঞেয়ং তস্য চিকীর্ষিতম্" "সজ্ঞেয়ঃ শপথে শুচিঃ"।

জ্যা, (জ্যা=জীর্ণহওয়া+কিপ্—প্রং। যাহাতে জন্তুরা জীর্ণ হয়) সং, স্ত্রীং, পৃথিবী। মাতা। ধনুকের ছিলা। "জ্যা-বন্ধনিষ্পন্দভুজেনযস্য, বিনিশ্বসদ্বক্ত্রপর-ম্পরেণ" রঘুবংশ। "জ্যাজিহ্বয়া বল-য়িতোৎকট কোটিদ্রংষ্ট্রম্" উত্তরচরিত

জ্যানি, (জ্যা+ক্তি—ভা) সং, স্ত্রীং, জীর্ণতা। হানি। নদী।

জ্যামিতি, (Geometry, জ্যা=পৃথিবী—মিতি=পরিমাণ, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, ক্ষেত্রতত্ত্ব।

জ্যায়সী, (জ্যায়স্+ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, জ্যেষ্ঠা। অতিশয় বৃদ্ধা। বলবতী।

জ্যায়ান্ } (জ্যায়স্, প্রশস্য বা বৃদ্ধ+
জ্যেষ্ঠ } ঈয়স্, ইষ্ঠ—অত্যর্থে, প্রশস্য বা বৃদ্ধ স্থানে জ্য) বিং, ত্রিং, অগ্রজ। অধিক বয়স্ক। উৎকৃষ্ট। প্রবৃদ্ধ। "উ-দ্ধারংজ্যায়সে দত্বাবিভজেয়ুধনং পিতুঃ"

"কথং জ্যেষ্ঠানতিক্রম্য কনীয়ান্ রাজ্য মর্হতি" মহাভারত। "কালজেষ্ঠৈরচর-মবয়ঃকাম্যকার্য়ে ভবদ্ভির্যোয়ং বদ্ধো যুধি পরিকরস্তেন বো ধিগ্ ধিগস্মান্" উত্তরচরিত।

জ্যেষ্ঠতাত, (জ্যেষ্ঠ—তাত পিতা, তাতের জ্যেষ্ঠ, ৬ষ্ঠী—ষ, প্রাগ্ভাব,) সং, পুং, পিতার জ্যেষ্ঠ ভ্রাতা, জেঠা।

জ্যেষ্ঠবর্ণ, (জ্যেষ্ঠ=অগ্রজ বা অত্যুত্তম—বর্ণ জাতি) সং, পুং. ব্রাহ্মণজাতি।

জ্যেষ্ঠশ্বশ্রূ, (জ্যেষ্ঠ—শ্বশ্রূ=শাশুড়ী। সং, স্ত্রীং, পত্নীর জ্যেষ্ঠা ভগিনী, বড় শালী।

জ্যেষ্ঠা, (জ্যেষ্ঠ দেখ, আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, নক্ষত্রবিশেষ। গঙ্গা। মধ্যমাঙ্গুলী। ষ্ঠা, ষ্ঠী—টিকটিকী, জেঠী।

জ্যেষ্ঠাম্বু, (জ্যেষ্ঠ—অম্বু=জল) সং, ক্লীং, চেলুনি জল।

জ্যেষ্ঠাশ্রমী (জেষ্ঠাশ্রমিন্, জেষ্ঠাশ্রম+ইন্—অস্ত্যর্থে) সং,পুং, দ্বিতীয়াশ্রমী, গৃহী।

জ্যৈষ্ঠ,(জ্যৈষ্ঠী=জ্যেষ্ঠা নক্ষত্রযুক্তা পূর্ণিমা +ষ্ণ—তদ্যুক্তমাসার্থে) সং, পুং, দ্বিতীয়মাস। ষ্ঠী—স্ত্রীং, জ্যৈষ্ঠমাসের পূর্ণিমা।

জ্যৈষ্ঠ্য, (জ্যেষ্ঠ+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, জেষ্ঠত্ব। উৎকর্ষ।

জ্যোতিঃ, (জ্যোতিস্,দ্যুৎ=দীপ্তিপাওয়া +ইস্—প্রং) সং, ক্লীং, নক্ষত্র। তেজঃ। "স্ত্রীসংস্থানক্ষোপ্সরস্তীর্থমারাদু ক্ষিপ্যাঙ্কে জ্যোতিরেনাং তিরোভূৎ"শকুন্তলা। জ্বালা। চৈতন্য। প্রকাশ। শিখা। প্রভা, দীপ্তি। আলোক। "অব্যাহত-জ্যোতিরার্ষং তে চক্ষুঃ প্রতিভাতু"। "উত্তপ্তস্ফুরদারকূটকপিলজ্যোতির্জ্জ্বল-দীপ্তিভিঃ" উত্তরচরিত। চক্ষুঃ। অর্থ। পুত্র। জ্যোতিঃশাস্ত্র। আত্মা। পুং, অগ্নি। সূর্য্য। [দেখ।

জ্যোতিঃশাস্ত্র, সং, ক্লীং, জ্যোতির্ব্বিদ্যা

জ্যোতিরিঙ্গ, জ্যোতিরিঙ্গণ, } জ্যোতিস্ = দীপ্তি—ইঙ্গ=যে গমন করে। যে জ্যোতিরূপে আকাশে গমন করে) সং, পুং, খদ্যোত, জোনাকীপোকা।

জ্যোতির্ব্বিদ্যা, (Astronomy, জ্যোতিস্—বিদ্যা শাস্ত্র) সং, স্ত্রীং, যে শাস্ত্রে গ্রহ নক্ষত্রাদি দিব্যপদার্থের স্বরূপ, সঞ্চার, পরিভ্রমণকাল, প্রভৃতির বিষয় সম্পূর্ণরূপে বর্ণিত আছে। গ্রহনক্ষত্রাদির স্থিতি ও সঞ্চার অনুসারে শুভাশুভ নিরূপক শাস্ত্র (Astrology)।

জ্যোতির্ব্বিদ্, জ্যোতির্ব্বেত্তা—তৃ } (জ্যোতিস্ জ্যোতিঃ শাস্ত্র—বিদ, বেত্তা=যে জানে, ২য়া—ষ) বিং, ত্রিং, জ্যোতিঃশাস্ত্রজ্ঞ।

জ্যোতিশ্চক্র, (জ্যোতিস্=গ্রহ—চক্র=মণ্ডল) সং, ক্লীং, চন্দ্রসূর্য্যাদি গ্রহনক্ষত্র সমূহ। রাশিচক্র। (Celestial sphere)

জ্যোতিষ জ্যোতিষ, } (জ্যোতিস্=নক্ষত্রাদির দীপ্তি+ষ্ণ—ইদমর্থে) সং, ক্লীং,জ্যোতির্ব্বিদ্যা, বেদাঙ্গ শাস্ত্রবিশেষ, গণনাশাস্ত্র, অঙ্কশাস্ত্র। ষী—স্ত্রীং, নক্ষত্র

জ্যোতিষিক, জ্যোতিষিক, } (জ্যাতিস্+ ষ্ণিক—তজ্জ্ঞানার্থে) সং, পুং, জ্যোতির্ব্বেত্তা। বিং, ত্রিং, জ্যোতিষসম্বন্ধীয়।

জ্যোতিষ্ক, (Heavenly Bodies, জ্যোতিস্—কৃ=করা+ড—প্রং, যে দীপ্তি করে, ২য়া—ষ) সং, পুং, বহুং, গ্রহনক্ষত্রাদি জ্যোতির্ম্ময় পদার্থ। ক্লীং, মেরুশৃঙ্গবিশেষ।

জ্যোতিষ্টোম, (জ্যোতিস্—স্তোম [অগ্নিষ্টোম দেখ] স্তুতি। যাহাতে জ্যোতির্গণের স্তুতি আছে, ৭মী—হিং) সং, ক্লীং, যজ্ঞবিশেষ। "বহুধা নিঃসৃতঃ কায়াৎ জ্যোতিষ্টোমক্রতুর্যথা"।

জ্যোতিষ্পথ, (জ্যোতিস্—পথ=পথিন্-শব্দজ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, আকাশ।

জ্যোতিষ্মান্, (জ্যোতিষ্মৎ, জ্যোতিস্+মতু—অস্ত্যর্থে) বিং, ত্রিং, জ্যোতির্বিশিষ্ট। "জ্যোতিষ্মতী চান্দ্রমসী নিশেব"

সং, পুং, সূর্য্য। ষ্মতী—স্ত্রীং চিত্তবৃত্তিবিশেষ। রাত্রি। "নক্ষত্রতারাগ্রহসংকুলাপি জ্যোতিষ্মতী চন্দ্রমসৈব রাত্রিঃ" রঘুবংশ।

জ্যোৎস্না, (জ্যোতিস্ + ন—ইন্দুদ্যুতি অর্থে, ই—লোপ) সং, স্ত্রীং, চন্দ্রিকা, চন্দ্রের কিরণ। কান্তি। "নহি সংহরতে জ্যোৎস্নাং চন্দ্রশ্চাণ্ডালবেশ্মনি। পুরাণপূর্ণচন্দ্রেণ শ্রুতিজ্যোৎস্নাঃ প্রকাশিতাঃ" "পুপোষ লাবণ্যময়ান্ বিশেষান্ জ্যোৎস্নান্তরাণীব কলান্তরানি" কুমারসম্ভব। "তমিস্রপক্ষেপি সহ প্রিয়াভির্জ্যোৎস্নাবতো নির্বিশতি প্রদেশান্" রঘুবংশ।

জ্যোৎস্নাপ্রিয়, সং, পুং, চকোরপক্ষী।

জ্যোৎস্নাবৃক্ষ, (জ্যোৎস্না=চন্দ্রের কিরণ, এখানে দীপের আলোক নিমিত্ত ব্যবহৃত হইয়াছে—বৃক্ষ=গাছ) সং, পুং, দীপাধার, পিল্‌সুজ্।

জ্যোৎস্নী, জ্যোৎস্নী, জ্যোৎস্নিকা, (জ্যোৎস্না+ঞ—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, জ্যোৎস্নাবিশিষ্ট রাত্রি, চন্দ্রিকাযুক্ত রাত্রি।

জ্বর, (জ্বর=সন্তপ্তহওয়া+অল্, ভা) সং, পুং, শরীরের তাপ। সন্তাপ। "স্বেদ্যামামজ্বরং প্রাজ্ঞঃ কোহম্ভসা পরিষিঞ্চতি"। শিশুপালবধ। "আগুঞ্জদ্গিরিকুঞ্জ কুঞ্জরঘটাবিস্তীর্ণকর্ণজ্বরং" উ, চ।

জ্বরঘ্ন, (জ্বর—ঘ্ন=যে নাশ করে) বিং, ত্রিং, জ্বরনাশক। [গাত্রদাহ।

জ্বরাগ্নি, (জ্বর—অগ্নি) সং, পুং, জ্বরপ্রযুক্ত

জ্বরান্তক, (জ্বর—অন্তক=যে নাশ করে) সং, পুং, ঔষধবিশেষ। নিম্ববৃক্ষবিশেষ। বিং, ত্রিং, জ্বরনাশক।

জ্বরাপহা, (জ্বর—অপহা=নাশক) সং, স্ত্রীং, বিল্বপত্র। বেলশুঁঠা।

জ্বরিত, (জ্বর=রোগ হওয়া+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং জ্বরযুক্ত, যাহার জ্বরহইয়াছে।

জ্বরী, (জ্বরিন্, জ্বর+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, জ্বরিত দেখ।

জ্বলকা, (জ্বল্=দীপ্তহওয়া+ণক—প্রং) সং, স্ত্রীং, অগ্নিশিখা, আগুনের ঝলকা।

জ্বলৎ, (জ্বল—শতৃ—ক) বিং, ত্রিং, যাহা জ্বলিতেছে, জ্বলন্ত। "জ্বলজ্জটাকলাপস্থ ভ্রুকুটীকুটিলং মুখং" বিষ্ণুপুরাণ।

জ্বলন, (জ্বল্=দীপ্তিহওয়া+অনট্—প্রং) সং, পুং, অগ্নিশিখা। অগ্নি। "তদনু জ্বলনং মদর্পিতং ত্বরয়ের্দক্ষিণবাতবীজনৈঃ" কুমারসম্ভব। ক্লীং, দীপন। দাহ। জ্বালা করা। দীপ্তি।

জ্বলনাশ্মা (জ্বলনাশ্মন্, জ্বলন [সূর্য্যকিরণ সংযোগে] দেদীপ্যমান—অশ্মন্ প্রস্তর) সং, পুং, সূর্য্যকান্তমণি।

জ্বলিত, (জ্বল্—ক্ত+ক, ভা) বিং, ত্রিং, প্রকাশিত, দীপ্ত। জ্বলিতং ন হিরণ্যরেতসং চয়মাস্কন্দতি ভস্মনাং জনঃ" ভারবি। দগ্ধ। সং, ক্লীং জ্বলন।

জ্বাল, (জ্বল্—ঘঞ্—ক) সং, পুং, লা—স্ত্রীং, অগ্নিশিখা। দাহ, জ্বলন। বিং, ত্রিং, দীপ্তিবিশিষ্ট। "প্রবৃত্ত এবায়মুত্তালতুমুললেলিহানজ্বালাসম্ভারভৈরবো ভগবানুষর্ব্বুধঃ" উত্তরচরিত।

জ্বালজিহ্ব, জ্বালাজিহ্ব, } (জ্বালা—অগ্নিশিখা—জিহ্বা। অগ্নিশিখা যাহার জিহ্বা। সং, পুং, অগ্নি।

জ্বালামুখী, (জ্বালা=অগ্নিশিখা—মুখ=গহ্বর) হিমালয়ের নিকটবর্ত্তী তীর্থবিশেষ। পৌরাণিকেরা বলেন যে, যৎকালে মহাদেব উন্মত্তপ্রায় হইয়া সতীর মৃতদেহ ধারণ করতঃ নৃত্য করিয়াছিলেন তখন সতীর জিহ্বা এই স্থানে পতিত হইয়াছিল। এই স্থানস্থ একটী গহ্বর হইতে বায়ু সংযোগে অনবরতঃ দেদীপ্যমান এক প্রকার বাষ্প সর্ব্বদা নিঃসৃত হইতেছে বলিয়া ইহার নাম জ্বালামুখী হইয়াছে।

জ্বালিত, (জ্বালি=জ্বালন+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহা জ্বালা গিয়াছে। দাহিত, ভস্মীকৃত।

ঝ

ঝ, ব্যঞ্জনের নবমবর্ণ। (ঝট=একত্র করা +ড-প্রং) সং,পুং, ঝা-স্ত্রীং, ঝঞ্ঝাবাত। শব্দ। জলবর্ষণ। পুং, বৃহস্পতি। দৈত্যপতি, ইন্দ্র। বিং, ত্রিং, নষ্ট। নিদ্রিত।

ঝকড়া, (দেশজ) সং, কলহ, বিবাদ।

ঝঙ্কার—পুং, ঝঙ্কৃতি—স্ত্রীং } (ঝং=অনুকরণশব্দ—কার=করণ) সং,গুঞ্জন, ঝন্ঝন্ শব্দ, অব্যক্ত ধ্বনি।

ঝঞ্জন; সং, ক্লীং, ধাতুনির্ম্মিত দ্রব্যের আঘাতে উৎপন্ন ঝন্ঝন্ শব্দ, অব্যক্ত ধ্বনি। [ধ্বনিবিশেষ।

ঝঞ্ঝা, সং, স্ত্রীং, ঝড়বৃষ্টি। বাত্যা, ঝড়।

ঝঞ্ঝাট, (ঝঞ্ঝাশব্দজ) সং, ব্যস্ততা। দুঃখ, ক্লেশ।

ঝঞ্ঝানিল, ঝঞ্ঝামারুত, ঝঞ্ঝাবাত, } (ঝঞ্ঝা=অতিশয় বৃষ্টি—অনিল, মারুত, বাত=বায়ু, ৩য়া—ষ) সং, পুং, বৃষ্টির সহিত ঝড়। বেগবান্ বায়ু।

ঝটিতি, (ঝট=জড়িয়া যাওয়া, গোলমাল হইয়া যাওয়া+ক্তি—প্রং) অং, ক্রিং—বিং, শীঘ্র, দ্রুত, তাড়াতাড়ি।

ঝড়, ঝড়ি, (দেশজ) সং, ঝটিকা, বাত্যা।

ঝণঝণা, সং, স্ত্রীং, ঝণ্ঝণশব্দ। "দিব্যনূপুর দ্বয়ম্। কুর্ব্বাণমিব তদ্বীর্য্যস্তুতিং ঝণঝণারবৈঃ"।

ঝনৎকার, (ঝনৎ=অনুকরণশব্দ—কার=করণ) সং, পুং, ঝন্ঝন্ শব্দ, কঙ্কণাদি ধাতুময় অলঙ্কারের ধ্বনি।

ঝম্প, (ঝম=অনুকরণশব্দ—প [পত+ড] পতন) সং, পুং, লম্ফ, ঝাঁপ।

ঝম্পাক, (ঝম্প—অক্=গমনকরা+অন্—প্রং) সং, পুং, কপি, বানর।

ঝম্পারু, (ঝম্প=লম্ফ—ঋ=গমনকরা+উন্—প্রং) সং, পুং, কপি, বানর।

ঝম্পাশী, (ঝম্পাশিন্, ঝম্প—আশিন্[অশ+ণিন্] যে খায়, ৩য়া—ষ) সং, পুং, মাছরাঙ্গা পাখী।

ঝম্পী, (ঝম্পিন্, ঝম্প+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, বানর, কপি।

ঝর, (ঝৃ=অপচয় করা, ক্ষয় পাওয়া+অল্—প্রং) সং, পুং, রা—স্ত্রীং, নির্ঝর, পর্ব্বতাদি হইতে পতিত বারিপ্রবাহ, ঝরণা। সমূহ। "অপি তদ্বপুষি প্রসর্পতো, গমিতে কান্তিঝরৈরগাধতাং" নৈষধ। [জল, নির্ঝর।

ঝরণা, (ঝরশব্দজ) সং, শৈলনিঃসৃত

ঝর্ঝর, (ঝর্ঝ=অনুকরণ শব্দ—রা=করা+ড, অথবা ঝর্ঝ=নিন্দাকরা+অরন্) সং, পুং, নদবিশেষ। কলিযুগ। শব্দবিশেষ, উচ্চ হইতে নিম্নে বেগে জল পড়িলে যে শব্দ হয়। পুং, রী—স্ত্রীং, বাদ্যবিশেষ। রা—স্ত্রীং, বেশ্যা।

ঝর্ঝরক, (ঝর্ঝর+কন্—যোগ) সং,পুং, কলিযুগ।

ঝর্ঝরীক, (ঝর্ঝ=নষ্টকরা, ক্ষতিকরা+ঈকন্। র—আগম) সং, পুং, শরীর। দেশ। ছবি।

ঝলজ্ঝলা, সং, স্ত্রীং, হস্তীর কর্ণতাড়ন।

ঝলরী, (ঝল=অনুকরণশব্দ—র [রা=পাওয়া, করা+ড—প্রং] যে করে) সং, স্ত্রীং, বাদ্যবিশেষ। কোঁকড়ানকেশ

ঝলা, ঝালা } সং, স্ত্রীং, কন্যা, দুহিতা। সূর্য্যকিরণ। উজ্জল আলোক। ঝিঁঝিঁ পোকা।

ঝল্ল, (জল্=বেষ্টনকরা বা আলিঙ্গনকরা +ল—যোগ। জ=ঝ) সং, পুং, নীচজাতি বিশেষ, ইহারা নির্ব্বাসিত ক্ষত্রিয়জাতি হইতে উৎপন্ন হইয়াছে। যাহারা পুরস্কার পাইবার নিমিত্ত মল্লযুদ্ধাদি করে

ঝল্লক, (ঝল্ল=অনুকরণশব্দ—ক [কৈ=শব্দ করা+ড—ক] যে শব্দ করে) সং, ক্লীং, কাংস্যনির্ম্মিত বাদ্যযন্ত্রবিশেষ। করতাল খঞ্জনী প্রভৃতি।

ঝল্লকণ্ঠ, (ঝল্ল=অনুকরণশব্দ, কণ্ঠ=গলা) সং, পুং, পারাবত, পায়রা।

ঝল্লরী, (ঝলরী দেখ) সং, স্ত্রীং, ঝলরী

দেখ। কেশপরিষ্করণার্থ সুগন্ধি দ্রব্য নির্ম্মিত দ্রব্যবিশেষ। বিশুদ্ধতা। স্বল্পার্দ্রতা। (Moisture)

ঝল্লিকা, সং, স্ত্রীং, আলোক। দীপ্তি। সুগন্ধি দ্রব্যাদি গাত্রে লেপনার্থ ব্যবহৃত বস্ত্রখণ্ড। সুগন্ধিদ্রব্য মর্দনদ্বারা গাত্র হইতে উত্তোলিত ক্লেদ, গায়ের মলা।

ঝল্লী, ঝল্লরী } সং, স্ত্রীং, বাজাইবার যন্ত্রবিশেষ, এক প্রকার ঢাক।

ঝল্লোল, সং, পুং, টেকুয়ার বাঁটুল।

ঝষ, (ঝষ্=নষ্টকরা, ক্ষতিকরা+অল্—প্রং) সং, পুং, মৎস্য। মীনরাশি। উত্তাপ, গ্রীষ্ম, গরমী। ক্লীং, বন। ঝোপ। ঝষাণাং মকরশ্চাস্মি"।

ঝষকেতন, ঝষকেতু } (ঝষ=মৎস্য—কেতন, কেতু=পতাকা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মীনকেতন, মদন, কন্দর্প

ঝষাঙ্ক, (ঝষ=মৎস্য—অঙ্ক=লাঞ্ছন) সং, পুং, অনিরুদ্ধ।

ঝষাশন, (ঝষ=মৎস্য—অশন=ভোজনীয়) সং, পুং, শিশুমার, শুশুক।

ঝষোদরী, (ঝষ=মৎস্য—উদর=পেট। যে মৎস্যের পেট হইতে জন্মিয়াছে, ৫মী—হিং) সং, স্ত্রীং, ব্যাসের মাতা, মৎস্যগন্ধা।

ঝাঁক, (দেশজ) সং, দল, সমূহ, পাল।

ঝাঁটা, (দেশজ) সং, সম্মার্জনী, খাঙ্গরা।

ঝাঁপ, (ঝম্পশব্দজ) সং, জলাদিতে লম্ফ। আগড়।

ঝাঙ্কৃত, (ঝাং=অনুকরণশব্দ—কৃত [যাহা দ্বারা] করা হইয়াছে) সং, ক্লীং, পাদাভরণবিশেষ, পাঁয়জোর। অনুকরণ শব্দ বিশেষ। "স্থানে স্থানে মুখর ককুভো ঝাঙ্কৃতৈর্নির্ঝরাণাম্" উত্তরচরিত।

ঝাট, (ঝট্=সংহতহওয়া, একত্রজড় হওয়া +ঘঞ্—প্রং) সং, পুং, নিকুঞ্জ, লতাগৃহ। কান্তার, দুর্গম বন। ক্ষত ঘা প্রভৃতি পরিষ্কারকরণ।

ঝাটাল, (ঝাট=কান্তার, কুঞ্জ—ল[লা+ড] যে করে) সং, পুং, পুষ্পবিশেষ, ঘণ্টাপাটলি পুষ্প।

ঝাটাস্রক, সং, পুং, তরমুজ।

ঝাড়, (দেশজ) সং, গুচ্ছ, স্তবক। কাচাদি নির্ম্মিত আলোকাধার।

ঝামক, (ঝম্=ভক্ষণ করা+ণক—প্রং। অগ্নি কর্ত্তৃক যাহা ভক্ষিত হইয়াছে) সং, ক্লীং, পোড়া ইট, ঝামা।

ঝামর, (ঝাম [ঝম্=ভক্ষণ করা+ঘঞ্—প্রং] ভক্ষণ, ক্ষয়হওন—র [রা=গ্রহণ করা+ড—ক] যে গ্রহণ করে) সং, পুং, টেকো প্রভৃতি শাণ দিবার ক্ষুদ্র পাথর। [গাড়ু।

ঝারী, (ঝরশব্দজ) সং, জলপাত্রবিশেষ,

ঝার্ঝর, ঝার্ঝরিক } (ঝর্ঝর+ষ্ণ, ষ্ণিক—প্রং) সং, পুং, ঝর্ঝরবাদ্যকারী।

ঝাল, (দেশজ) বিং, কটু, তীক্ষ্ণ, তীব্র।

ঝালরী, (ঝলরী+ষ্ণ—স্বার্থে) সং, স্ত্রীং, ঢক্কাবিশেষ।

ঝালি, সং, স্ত্রীং, চাটনী বিশেষ, অপক্ক আম্রকে খণ্ড খণ্ড করিয়া লবণ, সর্ষপচূর্ণ, এবং হিঙের সহিত ভাজিলে ইহা প্রস্তুত হয়।

ঝাবু, ঝাবুক, ঝাবূ, সং, পুং, ঝাউগাছ।

ঝিঙ্গাক, সং, ক্লীং, ফলবিশেষ, ঝিঞা।

ঝিঙ্গিনী, সং, স্ত্রীং মশাল। ঝিঞে।

ঝিঙ্গী, সং, স্ত্রীং, ঝিঞেগাছ।

ঝিঞ্জিম, সং, পুং, দাবানল। [পোকা।

ঝিঞ্ঝী, (ঝিল্লী দেখ) সং, স্ত্রীং, ঝিঁঝিঁ-

ঝিণ্টী, (ঝিম্=অনুকরণশব্দ—রট্, বরকরা+অ—প্রং, নিপাতন) সং, স্ত্রীং, ঝাঁটীবৃক্ষ। ঝাড়, ক্ষুদ্রবৃক্ষ।

ঝিনুক, (দেশজ) সং, শুক্তি, শম্বুক।

ঝিরিকা, ঝীরিকা } (ঝিরি—ক=শব্দার্থ কৈধাতুজ) সং, স্ত্রীং, ঝিঁঝিঁপোকা।

ঝিল্লি, সং, স্ত্রীং, বাদ্যবিশেষ।

ঝিল্লী, ঝিল্লিকা, (ঝিল্ল=অনুকরণশব্দ+ঈ, ক—যোগ) সং, স্ত্রীং, ঝিঁঝিঁপোকা।

প্রখর সূর্য্যরশ্মি। ঝাঁঝাঁ, চিক চিক্।

ঝিল্লীকণ্ঠ, (ঝিল্লী=ঝিঁঝিপোকা—কণ্ঠ, ঝিল্লীসদৃশ যাহার কণ্ঠশব্দ) সং, পুং, গৃহ-কপোত। [করাণী, দাসী।

ঝী, (দেশজ) সং, কন্যা, দুহিতা। চা-

ঝুঁটী, (দেশজ) সং, শিখা, টিকী। [পাত্র।

ঝুড়ী, (দেশজ) সং, বংশাদি নির্ম্মিত

ঝুণ্ট, (ঝট্=সংহত হওয়া, একত্র জড় হওয়া+অ—প্রং, ন্—আগম। অ=উ) সং, পুং, ক্ষুদ্রবৃক্ষ, ঝোড়। ঝোপ। গুল্ম গুম্ব।

ঝুমরি, সং, স্ত্রীং, রাগিণীবিশেষ।

ঝুলন, (দোলন শব্দজ) সং, বৈষ্ণবদিগের উৎসববিশেষ। [গুল্ম।

ঝোপ, (দেশজ) সং, ক্ষুদ্র বৃক্ষের বন।

ঝোল, (দেশজ) সং, জুষ, ব্যঞ্জনের রস।

ঞ

ঞ, ব্যঞ্জনের দশমবর্ণ। সং, ভার্গব, শুক্রাচার্য্য। ক্রূর। গায়ন। যোগী। ঘর্ঘরশব্দ। ষণ্ড।

ট

ট, ব্যঞ্জনের একাদশবর্ণ। সং, পুং, শব্দ। পাদ, চতুর্থাংশ। মহাদেব। বামন। ত্রিভুবন বিখ্যাত। ক্লীং, টঙ্কার ধ্বনি। করঙ্ক টা—স্ত্রীং, পৃথিবী।

টক, (দেশজ) বিং, অম্ল, খাট্টা।

টগর, (তগর শব্দজ) সং, পুষ্পবৃক্ষবিশেষ

টঙ্ক, (টন্ক্—বদ্ধকরা, টাকা+অল্—প্রং) সং, পুং, খননাস্ত্র। প্রস্তরাদি ভেদনাস্ত্র। খড়্গ, টাঙ্গি প্রভৃতি। খাপ। ক্রোধ। পর্ব্ব। পরিমাণ-বিশেষ, চারিমাষা পরিমাণ। মুদ্রিত ধাতুখণ্ড, মুদ্রা। রৌপ্যমুদ্রা, টাকা। পর্ব্বতের প্রান্তদেশ পর্ব্বতস্থ উন্নত ভূমিভাগ। বিদীর্ণ প্রস্তর ভাগ। ঙ্কা—স্ত্রীং, জঙ্ঘা।

(টঙ্ক=রূপার পরিমাণবিশেষ+ক—যোগ) সং, পুং, মুদ্রা। রৌপ্যমুদ্রা, টাকা।

টঙ্কটীক, (টঙ্ক=টাঙ্গি প্রভৃতি প্রস্তরভেদনাস্ত্র—টীক [টীক্=গমনকরা, পাওয়া+অল্—ক] যে পায়) সং, পুং, শিব।

টঙ্কন, (টঙ্ক দেখ, অনট্—ভা) সং, ক্লীং, সোহাগা। উল্লেখ। টাঁকা। বন্ধন।

টঙ্কপতি, (টঙ্ক—পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, টাকশালের কর্ত্তা।

টঙ্কবিজ্ঞান (Numismatics) সং, ক্লীং, ভিন্ন ভিন্ন দেশীয় ও ভিন্ন ভিন্ন কালীন টঙ্কপরিজ্ঞানার্থক বিদ্যা।

টঙ্কবিশোধন, (টঙ্ক—বিশোধন, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, মুদ্রার বিশুদ্ধি সম্পাদন, খাদ মিশ্রিতটাকা খাঁটীকরা। [টাকশাল।

টঙ্কশালা, (টঙ্ক—শালা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং,

টঙ্কার, (টং=অনুকরণশব্দ—কার=করণ অথবা টকি—বাদনকরা+আরক) সং, পুং, বিস্ময়, আশ্চর্য্য। প্রতিপত্তি, খ্যাতি, প্রসিদ্ধি। ধনুকের ছিলার শব্দ।

টঙ্কিত, (টঙ্ক দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, উল্লিখিত। যাহা টাঁকা হইয়াছে।

টঙ্গ, (টকি=বাদনকরা+অল্ ক=গ) সং, পুং, জঙ্ঘ। খননাস্ত্র। টাঙ্গী, পরশু, সোহাগার চারি মাসা পরিমাণ।

টঙ্গন, (টঙ্ক দেখ, অনট্—প্রং। ক=গ) সং, পুং, সোহাগা।

টট্টনী, (টট্ট=অনুকরণশব্দ—ন [নী+ড] যে করে=ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, জেঠী, টিকটিকী।

টট্টরী, (টট্ট=অনুকরণশব্দ—র [রা+ড] যে করে ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, ঢক্কা বিশেষ। বাদ্যযন্ত্র। তামাসা, ঠাট্টা, উপহাস।

টট্টুর, (টট্টু=অনুকরণশব্দ—র=যে গ্রহণ করে) সং, পুং, ঢক্কার শব্দ।

টল—পুং } (টল=ব্যাকুলহওয়া, চ-
টলন—ক্লীং } ঞ্চলহওয়া+অল্, অনট্

—ভা) সং, চিন্তা, মানসিক ব্যাকুলতা, বিচলন। স্খলন। টলা। স্থানচ্যুত হওন।

টলিত, (টল দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বিচলিত, যে টলিয়াছে।

টাঙ্কর, (টাং=শপথ—কৃ+অল্) সং, পুং, লম্পট। নীচ, যে সর্ব্বদা লোকের প্রতি কটু এবং অশ্লীল বাক্য প্রয়োগ করে। [সেলাই।

টাকা, (টনক্ধাতুজ) সং, সিয়ানি,

টাকা, (টঙ্কশব্দজ) সং, রৌপ্যমুদ্রা,টঙ্কা।

টাঙ্গান, (দেশজ)সং, লম্বিতকরণ, ঝুলান।

টাঙ্গী, (টঙ্গশব্দজ) সং, কুঠার, পরশু।

টাঙ্গী।

টানন, (দেশজ) সং, আকর্ষণ

টার, সং, পুং, ঘোটক, ঘোঁড়া রমণার্থ রক্ষিত বালক।

টিকা, (দেশজ) সং, অঙ্গারাদিদ্বারা অগ্নি জলনদ্রব্য। বসন্তরোগ জন্য হস্তে ক্ষতকরণ। [জেঠী।

টিক্‌টিকী, (দেশজ) সং, গৃহগোধিকা,

টিট্টিভ, টিট্টিভক, টিটিভ, (টিট্টি=অনুকরণশব্দ—ভাস=বলা+ড—প্রং) সং, পুং, পক্ষিবিশেষ। "টিট্টিভং তমুপেক্ষেত বাশমানমিবাতুরম্"।

টিণ্ডিস, সং, পুং, বৃক্ষবিশেষ।

টিপ্পনী, সং, স্ত্রীং, কাব্যাদির অর্থ সরল করিবার জন্য যাহা লিখিত হয়, তাৎপর্য্য, বাখ্যা, টীকা।

টীকা, (টীক্=গমনকরা+অল্—এণ। যাহার দ্বারা মূলবচনের অর্থ বোধগম্য হয়) সং, স্ত্রীং, গ্রন্থের অর্থাদিনিরূপক গ্রন্থ। গ্রন্থের অর্থ ব্যাখ্যা, গ্রন্থের অর্থ বিশদ করিবার নিমিত্ত আদ্যন্ত ব্যাখ্যা, বিবৃত্তি

টুণ্টুক, (টুণ্টু=অনুকরণশব্দ—ক=যে উচ্চারণ করে) বিং, ত্রিং, ক্ষুদ্র, নীচ। নির্দ্দয়। কর্কশ। সং, পুং, টুনটুনি পাখী। লতা বিশেষ। কৃষ্ণবর্ণ খদিরবিশেষ

টুপী, (দেশজ) সং, মস্তকাবরণ, তাজ।

টের, টেরক, বিং,ত্রিং, যাহার চক্ষু টেরা। টেরা, যে বক্রভাবে দৃষ্টিনিক্ষেপ করে।

টেরা, (টেরক শব্দজ) বিং, বক্রচক্ষু, টেরক। [মৎস্যের আহার। টুপী।

টোপ, (দেশজ) সং, বড়সিতে সংলগ্ন

টোপর, (দেশজ) সং, মুকুট, মস্তকাবরক বস্তু। ইহা সচরাচর বিবাহ সময়েই ব্যবহৃত হইয়া থাকে।

টোল, (দেশজ)সং, চতুষ্পাঠী, চৌবাড়ী। লা—পল্লী, পাড়া। এই শব্দটী অন্য শব্দের সহিত প্রযুক্ত হয় যথা বাঙ্গালী টোলা, ইংরাজ টোলা ইত্যাদি।

ঠ, ব্যঞ্জনের দ্বাদশবর্ণ। সং, পুং, শিব। মহাধ্বনি। মণ্ডল। চন্দ্র বা সূর্য্যের মণ্ডল। শূন্য। বৃত্ত। গোলক। প্রতিমা। দেবতা। ইন্দ্রিয় গ্রাহ্য পদার্থ। "কক্ষাচ্চ্যুতো হেমঘটস্তরুণ্যাঃ। সোপানমার্গেণ চকার শব্দং, ঠঠং ঠঠং ঠং ঠঠঠং ঠঠং ঠঃ"। [গ্লানিকারক।

ঠক, ঠগ, (দেশজ) বিং, কর্ণেজপ, পর-

ঠক্কুর, সং, পুং, দ্বিজের উপাধিবিশেষ। পূজার্হ দ্রব্য, দেবতার প্রতিমা, ঠাকুর

ঠঠ, ঠঠঠ, অং ঠন্‌ঠন্‌শব্দ। অব্যক্তশব্দ।

ঠঠন, (দেশজ) সং, অব্যক্তশব্দ। রিক্ততাবোধক। [রাদির স্থান।

ঠাঁই, (স্থানশব্দজ) সং, নিকট। আহা-

ঠাকুর, (ঠক্কুরশব্দজ) সং, দেবতা। গুরু। [পরিহাস, তামাসা।

ঠাট্টা, (দেশজ) সং, উপহাস। বিদ্রূপ,

ঠিক, (দেশজ)বিং, স্থির, যথার্থ, নিশ্চিত।

ঠিলি,(দেশজ)সং, ক্ষুদ্রকলসী, ছোট ঘট।

ঠেলন, (দেশজ) সং, অমান্যকরণ, দূরীকরণ। হেলন, সমাজ হইতে বহিষ্করণ।

ঠোঁট, (দেশজ) সং, ওষ্ঠ, চঞ্চু।

ঠ্যাঙ, (দেশজ) সং, চরণ, পাদ, পা।

ড

ড, ব্যঞ্জনের ত্রয়োদশবর্ণ। (ডপ=রাশি করা+ড—প্রং) সং, পুং, শিব। শব্দ। ভয়, ত্রাস। বাড়বানল। ঢক্কাবিশেষ। চাষপক্ষী। ডা—স্ত্রীং, ডাকিনী, পিশাচী।

ডগা, (দেশজ) সং, লতাদির অগ্রভাগ। আগা, অগ্রভাগ।

ডঙ্কা, (ডং=অনুকরণশব্দ—ক [কৈ+ড] যে শব্দ করে) সং, স্ত্রীং, দুন্দুভি ধ্বনি। টিকারা।

ডম, সং, পুং, ডোমজাতি।

ডমর, (ডম্=অনুকরণশব্দ—অর [ঋ=গমনকরা+অল্-প্রং] যে ঘটায়, গমনকরে) সং, পুং, স্ত্রীং, দাঙ্গা, মারামারি, আক্রমণ। বিপ্লব। চীৎকার, মুখভঙ্গি প্রভৃতি দ্বারা শত্রুকে ভয় প্রদর্শন। সামান্য যুদ্ধ, প্রজায় প্রজায় বা এক গ্রামের সহিত অন্য গ্রামের যে মারামারি হইয়া থাকে। ক্লীং, ভয়ে পলায়ন।

ডমরু, (ডম্=অনুকরণশব্দ—ঋ=গমনকরা, পাওয়া+উ—প্রং) সং, পুং, বাদ্যবিশেষ, ডুবডুবি বাদ্যযন্ত্র। চমৎকার ঘটনা। বিস্ময়জনক দ্রব্য।

ডমরুমধ্য, (Isthmus) সং, পুং, যে সঙ্কীর্ণ ভূভাগ দুই বৃহৎ ভূভাগকে পরস্পর সংযুক্ত করে।

ডম্বর, (ডম্ব্=প্রেরণকরা+অর—প্রং) বিং, ত্রিং, প্রসিদ্ধ, বিখ্যাত। উদ্ধত। সং, পুং, উৎকর্ষ। আড়ম্বর।

ডয়ন, (ডী=উড়া+অনট্—ভা) সং, ক্লীং, নভোগমন, উড়ন। ডুলি, পাল্কী।

ডল্লক, ডলক, সং, ক্লীং, বংশাদি নির্ম্মিত পাত্র, ভার।

ডবিত্থ, সং, পুং, কাষ্ঠময় মৃগ।

ডহু, ডহূ, (দহ্=দগ্ধকরা—উ, ঊ—প্রং। নিপাতন) সং, পুং, লকুচ, মান্দারবৃক্ষ।

ডাইনী, (ডাকিনী শব্দজ) সং, কুহকিনী, মায়াবিনী, যে মন্ত্রবলে অন্যের অপকার করিতে সমর্থ হয়।

ডাঁড়, দাঁড় (দণ্ডশব্দজ) সং, পক্ষিদিগের উপবেশনার্থ লৌহাদি নির্ম্মিত দ্রব্য বিশেষ। নৌকাবাহনদণ্ড।

ডাঁড়কাক, দাঁড়কাক (দ্রোণকাকশব্দজ) সং, কাকবিশেষ।

ডান, (দক্ষিণ শব্দজ) বামেতর, দক্ষিণ।

ডানা, (দেশজ) সং পক্ষ, পাখা।

ডাঁশ, (দংশশব্দজ) সং, মশকবিশেষ, দংশমক্ষিকা।

ডাক, সং, পুং, পিশাচবিশেষ। (দেশজ) এক দেশ হইতে দেশান্তরে নীয়মান পত্রাদি। [চান। হাঁকন।

ডাকন, (দেশজ) সং, আহ্বানকরণ, চেঁ-

ডাকাত, (দেশজ) সং, যাহারা দলবদ্ধ হইয়া গৃহ আক্রমণ করে, এবং গৃহস্থিত দ্রব্যাদি লুট করিয়া পলায়ন করে।

ডাকাতি, (দেশজ) সং, ডাকাতের কার্য্য, প্রকাশ্যরূপে গৃহাদি লুণ্ঠন।

ডাকিনী, সং, স্ত্রী, পিশাচীবিশেষ, স্ত্রীযোনি প্রাপ্ত মনুষ্যের অহিতকারী প্রাণিবিশেষ। কুহকিনী। ডাইন।

ডাগর, (দীর্ঘশব্দজ) বিং, বৃহৎ, প্রকাণ্ড, বড়। [স্থান।

ডাঙ্গা, (দেশজ) সং, জলশূন্য স্থানে, উচ্চ

ডামর, (ডম্=অনুকরণশব্দ—অর [গমনার্থ ঋধাতুজ] যে গমন করে) বিং, ত্রিং, উদ্ধত। সং, পুং, তন্ত্রশাস্ত্রবিশেষ। বিস্ময়, বিবাদ, কলহ। কলহ বা মহোৎসবাদি জনিত গোলমাল।

ডাল, সং, শাখা, বৃক্ষাঙ্গ।

ডালা, (ডল্লকশব্দজ) সং, বংশনির্ম্মিত পাত্রবিশেষ।—লি, উপঢৌকন, ভেট।

ডালিম, (দাড়িম দেখ) সং, পুং, দাড়িমফল

ডাহল, সং, পুং, ত্রিপুরাদেশ।

ডাহুক, (দহ্ [রোগ] দাহকরা+উক—প্রং, দ=ড। ইহার মাংস রোগ নষ্ট করে) সং, পুং, ডাকপাখী।

ডিক্বরী, সং, স্ত্রী, ষোড়শী-রমণী, যৌবনবতী স্ত্রী।
ডিঙ্গন, (দেশজ) সং, উল্লঙ্ঘন, উৎপ্লবন।
ডিঙ্গর, (লিনৃগ্=পাওয়া+অর—প্রং, ল স্থানে ড) শঠ, ধূর্ত্ত। সং, পুং, সেবক, দাস। নীচলোক। লম্পট। স্থূলকায় ব্যক্তি। নিক্ষেপ। পাঠান। [দ্রোণী।
ডিঙ্গা—ঙ্গী (দেশজ) সং, ক্ষুদ্রনৌকা,
ডিণ্ডিম, (ডিণ্ডি=অনুকরণশব্দ—মি=ক্ষেপণকরা+ড—প্রং) সং, পুং, বাদ্যযন্ত্র বিশেষ, ঢোল, ঢেড়া। "সমাহতডিণ্ডিমাঃ"। লতাবিশেষ, কৃষ্ণপাক।
ডিণ্ডির, ডিণ্ডীর (ডিণ্ডি+র—অস্ত্যর্থে) সং, পুং, সামুদ্রিক মৎস্য বিশেষের অস্থি। সমুদ্রের ফেণা।
ডিণ্ডিরমোদক ; সং, ক্লীং, রসুন।
ডিত্থ, সং, পুং, কাষ্ঠময় গজ।
ডিম, (ডিম্ব=কলহ ইত্যাদি, নিপাতন) সং, পুং, রঙ্গস্থলে যুদ্ধ বা নগরাবরোধাদি প্রদর্শন। (ডিম্বশব্দজ) সং, অণ্ড, ডিম্ব।
ডিম্ব, (ডিনৃব্=প্রেরণকরা+অ—প্রং) সং, পুং, অণ্ড, ডিম। শিশু। ভয়ধ্বনি, ভয়জনিত চীৎকারাদি। বিবাদ, কলহ। বিপ্লব। ফুস্‌ফুস্। প্লীহা। অল্প বয়স্ক জন্তু। প্রজাপতি প্রভৃতি কীটাদির শৈশবকালীন আকৃতি বিশেষ গুটী। মূত্রাধার (Uterus)
ডিম্বাহব, (ডিম্ব—আহব=যুদ্ধ) সং, পুং, সামান্য যুদ্ধ, যে যুদ্ধে রাজা নাই।
ডিম্বিকা, (ডিম্ব+ক—যোগ) সং, স্ত্রীং, জলবিম্ব। কামুকী স্ত্রী, যে স্ত্রীর রমণেচ্ছা অত্যন্ত প্রবল।
ডিম্ভ, ডিম্ভক (ডিনৃভ্=রাশিকরা+অল্—প্রং। ক—যোগে ডিম্ভক) সং, পুং, ম্ভা—স্ত্রীং, শিশু। বালিকা। বিং, ত্রিং, মূর্খ, অজ্ঞ।
ডিম্ভচক্র, সং, ক্লীং, মনুষ্যের শুভাশুভ নির্ণায়ক চক্রবিশেষ।

ডীন, (ডী=উড়া+ন—ভা) সং, ক্লীং, নভোগমন, উড্ডয়ণ। বিং, ত্রিং, উড্ডয়মান।
ডীনডীনক, (ডীন=নভোগমন, দ্বিত্ব, ক—যোগ) সং, ক্লীং, পক্ষীর গতিবিশেষ।
ডীনাবডীন, (ডীন=ঊর্দ্ধগতি—অবডীন=অধোগতি) সং, ক্লীং, পক্ষীর গতিবিশেষ।
ডুণ্ড, ডুণ্ডুভ (ডুণ্ডু—ভ=যে দীপ্তি পায়) সং, পুং, ঢোঁড়া সাপ।
ডুণ্ডুল, (ডুণ্ডু+ল—অস্ত্যর্থে) সং, পুং, ক্ষুদ্র পেচক, ছোট পেঁচা। [বুড়ন।
ডুবন, (দেশজ) সং, নিমজ্জন, অবগাহন,
ডুবরী, ডুবারী, (দেশজ) সং, পুং, নিমজ্জক, অধিক ক্ষণ ডুবিয়া থাকিতে সক্ষম।
ডুমুর, (উডম্বর শব্দজ) সং, উডুম্বরবৃক্ষ, ডুম্বর।
ডুলি, ঢুলি (ঢুল্ [কাদা প্রভৃতি] উৎক্ষেপণকরা+ই—প্রং, দ স্থানে ড) সং, স্ত্রীং, কমঠী, কচ্ছপভার্য্যা।
ডুলিকা, সং, স্ত্রীং, খঞ্জনাকার পক্ষিবিশেষ।
ডেঙ্গর, (দেশজ) সং, মৎকুণ, উকুণ।
ডেড়, দেড় (দেশজ) বিং, অর্দ্ধাধিক এক, সার্দ্ধৈক।
ডোঙ্গা, (দ্রোণীশব্দজ) সং, তালবৃক্ষ নির্ম্মিত ক্ষুদ্র তরি। [ক্ষুদ্র জলাশয়।
ডোবা, (দেশজ) সং, জলে নিমগ্নহওয়া।
ডোম, সং, পুং, বর্ণসঙ্কর জাতিবিশেষ।
ডোর, ডোরক ; সং, ক্লীং, বাহু প্রভৃতির বন্ধনসূত্র, তাগা প্রভৃতি।
ডোল, (দেশজ) সং, ধান্যাদি রক্ষণ পাত্র।
ডোলী, ডুলী (দোলনার্থ দুলধাতুজ) সং, ক্ষুদ্র শিবিকা, যানবিশেষ।

ঢ।

ঢ, ব্যঞ্জনের চতুর্দ্দশবর্ণ। সং, পুং, ঢক্কা। কুক্কুর। কুক্কুর-লাঙ্গুল। সর্প। নির্গুণ। ধ্বনি।

ঢক্ক সং, পুং, নগরবিশেষ, ঢাকা। অন্তর্ধান।

ঢক্কা, (ঢক্=অনুকরণশব্দজ—ক [কৈ=শব্দ করা+ড] যে শব্দ করে) সং, স্ত্রীং, পটহ, ঢাক।

ঢাক, (ঢক্কাশব্দজ) সং, পটহ, বৃহৎবাদ্য যন্ত্র বিশেষ। [করণ।

ঢাকন, (দেশজ) সং, আচ্ছাদন, আবৃত-

ঢাকণী, (দেশজ) সং, যাহার দ্বারা ঢাকা যায়, আবরণ পাত্র।

ঢামরা, সং, স্ত্রীং, হংসী।

ঢাল, সং, ক্লীং, চর্ম্মনির্ম্মিত ফলক।

ঢালী, (ঢালিন্, ঢাল+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ঢালবিশিষ্ট, ঢালধারী।

ঢালু, (দেশজ) বিং, নিম্ন, গড়ানে।

ঢিপী, ঢিবী, (দেশজ) সং, উচ্চস্থান,স্তূপ. রাশি। [রান, অন্তর্গতকরণ।

ঢুকন, (দেশজ) সং, ভিতরে প্রবেশ ক-

ঢুণ্ঢন, (ঢুণ্ঢ্=অন্বেষণকরা+অনট—ভা) সং ক্লীং, অন্বেষণ, খোঁজন, ঢোঁড়ন।

ঢুণ্ঢি, (ঢুণ্ঢন দেখ,ই—প্রং) সং,পুং,গণেশ।

ঢুণ্ঢিত, (ঢুণ্ঢি=অন্বেষণ করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অন্বেষিত, অনুসন্ধান কৃত।

ঢেঁকী, (দেশজ) সং,তণ্ডুলাদি পরিষ্করণের যন্ত্র।

ঢেঙ্গা, (দেশজ) বিং, দীর্ঘ, লম্বা, আয়ত।

ঢেরা, (দেশজ) সং, পাটকাটিবার যন্ত্র।

ঢোঁড়ন, (ঢুণ্ঢন শব্দজ) সং, অন্বেষণ, খুঁজন।

ঢোল, সং, পুং, বাদ্যবিশেষ, ঢোলক।

ঢোলী (ঢোলীন্, ঢোল+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, যে ঢোল বাজায়।

ঢৌকন, (ঢৌক=গমন করা+অনট্) সং, পুং, উৎকোচ, ঘুস।

ণ।

ণ, ব্যঞ্জনের পঞ্চদশবর্ণ। সং, পুং, শিব। জ্ঞান। নির্ণয়, নিশ্চয়। নির্গুণ, ভূষণ। জলাশয়। বিন্দুদেব, জৈনদেবতা বিশেষ। গ্রীষ্মকালে বাস করিবার নিমিত্ত নির্ম্মিতবাটী। নিষেধ সূচক শব্দ। দত্তধনাদি। দান।

ত।

ত, ব্যঞ্জনের ষোড়শবর্ণ। সং, পুং, চৌর। অমৃত। বৃষ। ম্লেচ্ছ। ক্রোড়। পুচ্ছ। রত্ন। উদর, পেট। দুষ্ট, দুঃশীল ব্যক্তি। বৃক্ষ। বুদ্ধ। ক্লীং,স্ত্রীং, পুণ্য। পবিত্রতা। তরণ, পারহওন। [সেই, উহা, তাহা।

তক, (তং+কন্—স্বার্থে) বিং, ত্রিং,

তকিল, (তক=ঘৃণাকরা+ইলচ্) বিং, ত্রিং, শঠ, ধূর্ত্ত, বঞ্চক।

তক্য, (তক=হাস্য করা+য) বিং, ত্রিং, উপহাস্য। সহনীয়। [প্রস্থান্বিত কাষ্ঠখণ্ড।

তক্তা, (যবনিক) সং, কাষ্ঠফলক, দীর্ঘ-

তক্র, (তক [পীড়া] সহ্যকরা+র—প্রং) সং, ক্লীং, দুগ্ধবিকার, ঘোল।

তক্রকূর্চ্চিকা, (তক্র—কূর্চ্চিকা=গাঢ়দুগ্ধ) সং, স্ত্রীং, দুগ্ধবিকার, ছানা।

তক্রমাংস, (তক্র=ঘোল—মাংস) সং, ক্লীং, মাংসের রন্ধনবিশেষ। মাংসে হিং এবং হলুদ মিশ্রিত করিয়া ঘৃতে ভর্জ্জন করতঃ ঘোলের সহিত ভক্ষণ করা যায় বলিয়া ইহার নাম তক্রমাংস হইয়াছে।

তক্রাট, (তক্র=ঘোল—অট [ইহাতেই] যে গমন করে বা থাকে) সং, পুং, মন্থনদণ্ড।

তক্ষ, সং, পুং, নৃপবিশেষ, ভরতপুত্র।

তক্ষক, (তক্ষ্=কাষ্ঠাদি চাঁচা+ণক—ক) সং, পুং, বিশ্বকর্ম্মা। ছুতার। নাট্যাধ্যক্ষ সূত্রধার। সর্পবিশেষ। "তং পাপমতি-সংক্রুদ্ধস্তক্ষকঃ পন্নগেশ্বরঃ" মহাভারত। প্রধান নগরবিশেষ। বৃক্ষবিশেষ।

তক্ষণ, (তক্ষক দেখ, অনট্—ভা) সং, ক্লীং, পরিষ্কারকরণ, চাঁচন। রেঁদাদ্বারা ঘর্ষণ, কৃশকরণ। নী—স্ত্রীং, যাহার

দ্বারা চাঁচা ছোলা যায়, রেঁদা, বাইশ প্রভৃতি। "তক্ষণং দারুশৃঙ্গাস্থাম্"।

তক্ষশিলা, (তক্ষ=চাঁচা—শিল=প্রস্তর। শাণিতাস্ত্রচ্ছেদিত প্রস্তরদ্বারা যে নগরী নির্ম্মিত হইয়াছে) সং, স্ত্রীং, পঞ্জাবের অন্তর্গত নগরীবিশেষ।

তক্ষা, (তক্ষন্, তক্ষক দেখ, অন—প্রং) সং, পুং, বিশ্বকর্ম্মা। সূত্রধর, ছুতর। চিত্রানক্ষত্র। [কালে, তৎক্ষণে।

তখন, (তৎক্ষণ শব্দজ) ক্রিং—বিং, সেই-

তগর, (ত=ক্রোড়—গৃ+অল্—প্রং) সং,পুং, টগরফুলের গাছ। ক্লীং,তৎপুষ্প।

তঙ্ক, (তঙ্ক্=দুঃখেপড়া+অল্—প্রং) সং, পুং—ক্লীং, পাষাণভেদনাস্ত্র, পাথর কাটা বাটালি। [দুঃখে প্রাণধারণ।

তঙ্কন, (তঙ্ক্+অনট্—ভা) সং, ক্লীং,

তঙ্কা, (টঙ্কশব্দজ) সং, রৌপ্যমুদ্রা, টাকা।

তচ্ছীল, (তৎ—শীল=স্বভাব। যাহার সেইরূপ স্বভাব) বিং, ত্রিং, তৎস্বভাববিশিষ্ট।

তজ্জ, (তৎ [সেই] সেই সময়—জ=জাত) বিং, ত্রিং, তাহা হইতে জাত। তাৎকালিক।

তঞ্চক, (বঞ্চকশব্দজ) বিং, প্রবঞ্চক, প্রতারক। [প্রবঞ্চনা, শঠতা।

তঞ্চকতা, (তঞ্চক+তা—ভাবে)সং, স্ত্রীং,

তট, (তট=উন্নতহওয়া+অল্—প্রং) সং, ত্রিং, কূল, তীর। সানু। "কিন্তং নু তাবৎ ফলমেব পুণ্যৈঃ মনোরথা নাম তট প্রপাতাঃ" শকুন্তলা।

তটস্থ, (তট—স্থ=যে থাকে) ক্লিং, ত্রিং, মধ্যস্থ, উদাসীন ব্যক্তি, নির্লিপ্ত। না শত্রু না মিত্র। অপক্ষপাতী। সমীপস্থ। অগণাক্রান্ত। তীরস্থ।

তটাক } (তট=তীর—অক, অগ=
তটাগ } বক্র গমন) সং, পুং, তড়াগ।

তটাঘাত, (তট—আঘাত) সং, পুং, করী প্রভৃতির বপ্রক্রীড়া, তটাদিতে হস্তীর দন্তাঘাত।

তটিনী, (তট+ইন্—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, নদী।

তটী, সং, স্ত্রীং, তীর, তট।

তড়াগ, (তড়্=আঘাতকরা+আগ—প্রং) সং,পুং, বৃহৎ ও গভীর পুষ্করিণী, দীঘী। ফাঁদ, হরিণ প্রভৃতি পশু ধরিবার নিমিত্ত বিস্তৃত জাল প্রভৃতি।

তড়াঘাত, (তড়=প্রহার—আঘাত) সং, পুং, বপ্রক্রীড়া, তটাঘাত।

তড়িৎ (তড়াগ দেখ, ইৎ—প্রং, যে পৃথিবী মেঘ ইত্যাদিকে আঘাত করে) সং, স্ত্রীং, সৌদামিনী। বিদ্যুৎ।

তড়িত্বান্, (তড়িত্বৎ, তড়িৎ+বতু—অস্ত্যর্থে) সং, পুং, মেঘ।

তণ্ডক, (তন্ড্=আঘাত করা, বধকরা +ণক—ক) সং, পুং, খঞ্জনপক্ষী। ফেন। গৃহদারুবিশেষ। তরুস্কন্ধ। সমাসবহুল বাক্য। পুং—ক্লীং, পরিষ্কার। সম্পূর্ণরূপে কোন দ্রব্য প্রস্তুত করণ। কার্য্যাদির সমাধান। বিং, ত্রিং, বহুরূপী। বঞ্চক।

তণ্ডু, সং, পুং, শিবের দ্বারপাল বিশেষ।

তণ্ডুরীণ, (তণ্ডুল—খ। ল=র) সং, পুং, কীট, পতঙ্গ। মূর্খ, নির্ব্বোধ, বোকা। যে জলে ধান ভিজান থাকে।

তণ্ডুল, (তণ্ড্=আঘাতকরা+উল—প্রং) সং, পুং, চাউল, তুষাদিরহিত ধান্য।

তণ্ডুলোদক } (তণ্ডুল—উদক, অম্বু)
তণ্ডুলাম্বু } সং, ক্লীং,—ভাতের ফ্যান। [তবে। ক্লীং, সেই, তিনি।

তৎ, (তদ্শব্দজ) অং, তন্নিমিত্ত, তাহাতে,

তত, (তন্=বিস্তীর্ণহওয়া+ক্ত—প্রং) বিং, ত্রিং, বিস্তৃত, ব্যাপ্ত। সং, পুং, বায়ু। ক্লীং, তারযুক্ত বাদ্য যন্ত্র, সেতার প্রভৃতি।

ততঃ, (ততস্, তদ্=সেই+ [পঞ্চমীস্থানে] তস্—প্রং) অং, তন্নিমিত্ত, তাহাতে, তদনন্তর, তথায়, তবে, তথা-হইতে। যতঃ কৃষ্ণস্ততঃ সর্ব্বে যতঃ

কৃষ্ণস্ততো জয়ঃ”। “আদিত্যাজ্জায়তে বৃষ্টিঃ বৃষ্টেরন্নং ততঃ প্রজাঃ” শ্রুতি।

ততচিহ্ন, (তত=বিস্তৃত—চিহ্ন) বিং, ত্রিং, বিশেষ রূপে চিহ্নিত।

ততঃপ্রভৃতি, (ততস্—প্রভৃতি=অবধি) অং, সেই অবধি, তদবধি।

ততপত্রী, (তত=বিস্তৃত—পত্র=পাতা। যাহার পত্র বিস্তৃত, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, কদলীবৃক্ষ। [তারপর, তারপর।

ততস্ততঃ, (ততস্ততস্, ততস্—দ্বিত্ব) অং,

ততস্ত্য, (ততস্+ত্য—ভবার্থে) বিং, ত্রিং, তত্রত্য। তদাগত। তজ্জাত।

ততি, (তন্=বিস্তীর্ণহওয়া+ক্তি—ভা) সং, স্ত্রীং, শ্রেণী, পঙ্ক্তি। বিস্তার। সমূহ। বিং. ত্রিং, বহুং, ততগুলি।

তৎকাল, (তদ্=সেই—কাল=সময়, য়ং—স) সং, পুং, সেইকাল। সেইসময়।

তৎকালধী, (তৎকাল সেইসময়—ধী=বুদ্ধি। যাহার সেইসময়ে অর্থাৎ বিপদকালে বুদ্ধি উৎপন্ন হয়) বিং, ত্রিং, প্রত্যুৎপন্নমতি।

তৎকালিক, তৎকালীন (তৎকাল+ষ্ণিক, ীন—ভবার্থে) বিং, ত্রিং, সেই সময়ে যাহা হইয়াছে, তদানীন্তন।

তৎক্রিয়, (তদ্—ক্রিয়া, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, তৎকর্ম্মকারক। বেতনাদি ব্যতিরেকেও যে ব্যক্তি কর্ম্ম করে।

তৎক্ষণ, (তদ্=সেই—ক্ষণ=সময়) সং, পুং, সেইক্ষণে, তখনই।

তত্ত্ব, তত্ব (তদ্=সেই+ত্ব—ভাবে) সং, ক্লীং, সত্য, তথ্য। ব্রহ্ম। যাথার্থ্য, স্বরূপ। প্রকৃত অবস্থা, চিত্ত। বিলম্বিত নৃত্য। বাদ্যযন্ত্রবিশেষ। পদার্থ। সাঙ্খ্যমতে—মূলপ্রকৃতি মহৎ অহঙ্কার মনঃ পঞ্চতন্মাত্র পঞ্চজ্ঞানেন্দ্রিয় পঞ্চকর্ম্মেন্দ্রিয় পঞ্চমহাভূত এই চতুর্বিংশতি প্রকার। “বদন্তি তত্তত্ত্ববিদস্তত্ত্বং যজ্‌জ্ঞানমদ্বয়ম্। ব্রহ্মেতি পরমাত্মেতি ভগবানিতি শব্দ্যতে

তত্ত্বজিজ্ঞাসু, (তত্ত্ব=ব্রহ্ম—জিজ্ঞাসু=জানিতে ইচ্ছুক) বিং, ত্রিং, যে ব্যক্তি ব্রহ্মবিষয় জানিতে ইচ্ছা করে।

তত্ত্বজ্ঞ, (তত্ত্ব—জ্ঞ=যে জানে) বিং, ত্রিং, যাহার ঈশ্বরবিষয়ক জ্ঞান জন্মিয়াছে। তত্ত্বজ্ঞানী, স্বরূপজ্ঞ। যাথার্থ্যবেত্তা, দর্শনশাস্ত্রজ্ঞ।

তত্ত্বজ্ঞান, (তত্ত্ব=ব্রহ্ম—জ্ঞান, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, আত্মবোধ। ব্রহ্মজ্ঞান, যাথার্থ্যজ্ঞান। স্বরূপবোধ।

তত্ত্বজ্ঞানী, (তত্ত্বজ্ঞানিন্, তত্ত্বজ্ঞান+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ব্রহ্মজ্ঞ, ব্রহ্মজ্ঞানী। স্বরূপজ্ঞ, যথার্থবেদী।

তত্ত্বতঃ, (তত্ত্বতস্, তত্ত্ব+তস্—প্রং) অং পরমার্থতঃ, যথার্থরূপে।

তত্ত্বন্যাস, (তত্ত্ব—ন্যাস) সং, পুং, পূজাকালীন হস্তদ্বারা শরীরের অংশবিশেষের স্পর্শন।

তত্ত্বদর্শী, তত্ত্ববিদ্ (তত্ত্বদর্শিন্, তত্ত্ব—দর্শিন্ যে দেখে, বিদ্ যে জানে) বিং, ত্রিং, তত্ত্বজ্ঞ। জ্ঞানী, বিচক্ষণ। দর্শনশাস্ত্রজ্ঞ।

তত্ত্বাবধান, (তত্ত্ব—অবধান) সং, ক্লীং, কোন বিষয় প্রকৃতরূপে সম্পন্ন হইতেছে কি না এই বিষয়ের অবলোকন, অধ্যক্ষতা করণ।

তত্ত্বাবধায়ক, (তত্ত্ব—অব—ধা [ধারণ করা] মনোযোগ দেওয়া+ণক—ক)বিং, ত্রিং, তত্ত্বাবধানকারী, যে ব্যক্তি অধ্যক্ষতা করে।

ততত্ত্বাবধারক, (তত্ত্ব—অব—ধারি [ধরা] স্থিরকরা+ণক—ক) বিং, ত্রিং, যে কোন বিষয়ের তত্ত্ব নিরূপণ করে। স্বরূপপরিজ্ঞাতা।

তত্ত্বাবধারণ, (পূর্ব্বে দেখ, অনট্—ভা) সং, ক্লীং, তত্ত্বজ্ঞান, বিষয়াদির স্বরূপ নির্ণয়। যথার্থবোধ।

তত্ত্বাববোধ, (তত্ত্ব—অববোধ=পরিজ্ঞান) সং, পুং, তত্ত্বজ্ঞান দেখ।

তৎপর, (তদ্=সেই—পর = আসক্ত

৭মী—ষ) বিং, ত্রিং, সচেষ্ট। আসক্ত, ব্যগ্র, নিপুণ। তৎপ্রধান। "আরাধিতো দ্বিজশ্রেষ্ঠ তৎপরেণ সমাধিনা"।

তৎপরতা, (তৎপর+তা—ভাবে) সং, স্ত্রীং, সচেষ্টতা। ব্যগ্রতা। দক্ষতা। আগ্রহ, যত্ন।

তৎপরায়ণ,(তদ্=সেই—পরায়ণ=আসক্ত, ৭মী—ষ) বিং, ত্রিং, তাহাতে আসক্ত।

তৎপুরুষ, (তদ্=সেই—পুরুষ=ব্যক্তি) সং, পুং, সমাসবিশেষ, যে সমাসে দ্বিতীয়াদি বিভক্তি পূর্ব্বপদে থাকে।

তৎপ্রতিশীর্ষ, বিং, ত্রিং, তাহার স্থলে নিযুক্ত, তৎপ্রতিনিধি।

তৎফল (তৎ [তন্=বিস্তারকরা+ক্বিপ্ ক] বিস্তৃত—ফল্ [বিকসিত হওয়া] গমনকরা ইত্যাদি+অ—প্রং) সং, পুং, শ্বেত পদ্ম। সুগন্ধি তৃণ বিশেষ। (তদ্—ফল, ৬ষ্ঠী—ষ) ক্লীং, তাহার ফল।

তত্র, (তদ্=সেই+ত্র—সপ্তমীস্থানে ত্র) অং, তথায়, সেখানে। তদ্বিষয়ে। "স তত্র মঞ্চেষু মনোজ্ঞবেশান্ সিংহাসনস্থানুপচারবৎসু। রঘুবংশ।

তত্রত্য, (তত্র=তথায়+ত্য—ভবার্থে) বিং, ত্রিং,। তৎস্থানজ। তৎস্থানস্থ।

তত্রভবান, (তত্রভবৎ, তত্র [তদ্+প্রথমাস্থানে ত্র—প্রং] সেই-ভবৎ [ভূ=হওয়া +শতৃ—ক] শ্রেষ্ঠ) বিং,ত্রিং,পূজ্য,মান্য। "তত্রভবান্ কণ্বঃ শাশ্বতি ব্রহ্মণি বর্ত্ততে ইয়ঞ্চ বঃ সখী তস্যাত্মজা,কথমেতৎ ?" শকুন্তলা। [তবু, তথাপি, তথাচ।

তত্রাপি, (তত্র—অপি) অং, ক্রিং—বিং,

তৎক্ষণাৎ, (তৎ=সেই—ক্ষণ+আৎ—পঞ্চমীস্থানে আৎ) অং, তখনই, অবিলম্বে।

তথা, (তদ্=সেই+থাচ্—প্রকারার্থে) অং, ক্রিং—বিং, সেই প্রকার। সত্য, তথ্য। আরো, এবং। তাহাতে, তন্নিমিত্ত। স্বীকার। "তথা সমক্ষং দহতা মনোভবং পিনাকিনা ভগ্নমনোরথা সতী" কুমারসম্ভব। "গ্রপয়তি যথা শশাঙ্ক ন তথাহি কুমুদ্বতীং দিবসঃ" শকুন্তলা। "স তথেতি প্রতিজ্ঞায় খনকো যত্নমাস্থিতঃ" মহাভারত। সাদৃশ্য। পৃষ্টপ্রতিবাক্য। নিশ্চয়। সেইহেতু। সমুচ্চয়।

তথাগত, (তথা=যেরূপে পুনরাবৃত্তি না হয় সেইরূপে—গত=জ্ঞাত) সং, পুং, বুদ্ধ। বিং, ত্রিং, সেই প্রকারে আগত।

তথাচ, তথাপি (তথা—চ, অপি) অং, পূর্ব্বোক্ত অর্থের সমর্থন। তত্রাপি, তবু। "তথাপি ব্যাঘ্রো মানুষং খাদতীতি লোকাপবাদো দুর্নিবারঃ"হিতোপদেশ।

তথাবিধ, (তথা—বিধ=প্রকার) বিং, ত্রিং,সেই প্রকার, তাদৃশ। "অবাপ্যতে বা কথমন্যথা দ্বয়ং তথাবিধং প্রেমপতিশ্চ তাদৃশঃ" কুমারসম্ভব।

তথাস্তু (তথা—অস্তু=হউক) অং, তাহাই হউক। "রাজাসনমবাপ্নোতু পিত্রা দত্তং তথাস্তুতৎ" বিষ্ণুপুরাণ।

তথাহি, (তথা=এবং হি=নিশ্চয়, দ্বং—স) অং, পূর্ব্বোক্ত অর্থের দৃঢ়ীকরণ, সমর্থন। "তথাহি সর্ব্বে তস্যাসন্ পরার্থৈক ফলাগুণাঃ"। রঘুবংশ। প্রসিদ্ধি। নিদর্শন। [সেইপ্রকারই।

তথৈব, (তথা—এব=এই প্রকার) অং,

তথ্য, (তথা+য—ভবার্থে) সং, ক্লীং, প্রকৃত অবস্থা। যাথার্থ্য। বিং,ত্রিং,সত্য, প্রকৃত, যথার্থ। "অনন্যভাজং পতিমাপ্নুহীতি সা তথ্যমেবাভিহিতা ভবেন" কুমারসম্ভব।

তদ্, (তন্=বিস্তারকরা+অদ্—প্রং)সর্ব্বং, ত্রিং,তিনি,সে,তাহা। প্রসিদ্ধ। ক্লীং,ব্রহ্ম।

তদনন্তর, (তদ্=সেই—অনন্তর=পরে) ক্রিং—বিং,ক্লীং, তৎপরে, তাহার পর।

তদপি, (তদ্—অপি) অং, তথাপি। তাহাও। "প্রকৃত্যা যদ্বক্রং তদপি সমরেখং নয়নয়োঃ"। শকুন্তলা।

তদবস্থ, (তদ্—অবস্থা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সেই অবস্থায় অবস্থিত।

তদর্থ, (তদ্—অর্থ) ক্রিং—বিং, ক্লীং, সেই জন্যে। তন্নিমিত্ত, পুং, তাহার অর্থ। সেই অর্থ।

তদা, তদানীম্ (তদ্=সেই+দা, দানীম্—কালার্থে) অং, ক্রিং—বিং, তখন। তৎকাল।

তদাত্মা, (তদাত্মন্, তদ্—আত্মন্। সেই আত্মা যাহার, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, তাহার সহিত অভিন্ন, তৎস্বরূপ।

তদাত্ব, (তদা=তখন+ত্ব—ভাবাদ্যর্থে) সং, ক্লীং, বর্ত্তমানকাল, তৎকাল।

তদানীন্তন, (তদানীম্+তন—ভবার্থে) বিং, ত্রিং, তৎকালীন, যে সময়ে যাহা ঘটিয়াছে।

তদাপ্রভৃতি, (তদা=তখন—প্রভৃতি=অবধি) অং, তদবধি, সেই অবধি। "তদাপ্রভৃত্যেব বনদ্বিপানাং ত্রাসার্থ মস্মিন্নহমদ্রিকুক্ষৌ" রঘুবংশ।

তদীয়, (তদ্+ঈয়—ইদমর্থে) বিং, ত্রিং, তৎসম্বন্ধীয়, তাহার। "তদীয়মাক্রন্দিত মার্ত্ত সাধোগু'হানিবদ্ধপ্রতিশব্দদীর্ঘং" রঘুবংশ।

তদ্গত, (তদ্—গত=আসক্ত, রত; ৭মী—ষ) বিং, ত্রিং, একাগ্র অভিনিবিষ্ট, তন্নিষ্ঠ।

তদ্গুণ (তদ্—গুণ) সং, পুং, কাব্যালঙ্কার বিশেষ, স্বকীয়গুণ পরিত্যাগ করিয়া অন্যদীয় উৎকৃষ্ট গুণগ্রহণ। "স্বমুৎসৃজ্য গুণং যোগাদত্যুজ্জ্বলগুণস্য যৎ বস্তু তদ্গুণতামেতি, ভণ্যতে ,সতু তদ্গুণঃ" কাব্যপ্রকাশ।

তদ্গুণসংবিজ্ঞান ; সং, পুং, বহুব্রীহি-সমাসবিশেষ। যে বহুব্রীহি সমাসে, সমস্যমান পদার্থ সমাসের বাচ্যে থাকে, যথা ত্রিলোচন, মহাবীর্য্য ইত্যাদি।

তদ্দিনম্, (তদ্—সেই—দিন= দিবস) অং, দিবসের মধ্যে , প্রতিদিন।

তদ্ধন, (তদ্=সেই—ধন) বিং, ত্রিং, কৃপণ, ব্যয়কুণ্ঠ।

তদ্ধিত, (তদ্ [সেই] মূল শব্দ—হিত=যে উপযুক্ত হয়) সং, পুং, শব্দের উত্তর প্রত্যয় করিয়া যে সকল পদনিষ্পন্ন হয়। তদ্ধিতের অন্তর্গত প্রত্যয় সমূহ।

তদ্বৎ, (তদ্=সেই+বতু—অস্ত্যর্থে) বিং, ত্রিং,তদ্বিশিষ্ট। তদ্ সেই+বৎ-তুল্যার্থে) অং, তত্তুল্য,তাহার ন্যায়, সেইপ্রকার।

তদ্বিধ, (তদ্=সেই—বিধ=প্রকার) বিং, ত্রিং, সেই প্রকার,তথাবিধ।

তদ্রূপ, (তদ্=সেই—রূপ=প্রকার)বিং, ত্রিং, তদ্বিধ। সেই প্রকার।

তনয়, (তন্=বিস্তারকরা+অয়ন্ প্রং। যে নাম, যশঃ, বংশ ইত্যাদি বিস্তার করে) সং, পুং, পুত্র। য়া—স্ত্রীং, কন্যা। লতাবিশেষ, চক্রকুল্যা লতা।

তনিকা, (তন্=বিস্তারকরা+অক—প্রং) সং, স্ত্রীং, দড়ী,রজ্জু।

তনিমা, (তনিমন্, তনু+ইমন্—ভাবে) সং, পুং, কার্শ্য, সূক্ষ্মত্ব।

তনিষ্ঠ } (তনীয়স্, তনু=অল্প+
তনীয়ান্ } ইষ্ঠ, ঈয়স্—অত্যর্থে) বিং, ত্রিং, অতিতনু, ক্ষীণতর।

তনুঃ (তনুস্, তন্=বিস্তারকরা+উস্—প্রং) সং, ক্লীং, শরীর।

তনু, তনূ (তন্=বিস্তারকরা+উ, ঊ—প্রং) সং, স্ত্রীং, ত্বক্। শরীর, মূর্ত্তি। বিং, ত্রিং, সূক্ষ্ম। অল্প। কৃশ। কোমল। ন্বী—স্ত্রীং, কৃশাঙ্গী। "তনুরভ্রাবৃতা ব্যোম্নি চন্দ্রলেখেব গচ্ছতী"। "তনুতরৈঃ স্বেদাম্ভসঃ শীকরৈঃ"। "তন্বীশ্যামা শিখরিদশনা পক্কবিম্বাধরোষ্ঠী" মেঘদূত।

তনুচ্ছদ, (তনু=শরীর—ছদ=যে আচ্ছাদন করে,২য়া—ষ) সং,পুং,বর্ম্ম,সাঁজোয়া।

তনুজ, তনূজ (তনু, তনূ শরীর—জ=যে জন্মে, ৫মী—ষ) সং, পুং, পুত্র। জা—স্ত্রীং,কন্যা। "আরাধনায়াস্য সখী সমেতাং সমাদিদেশ প্রযতাং তনূজাং"কুমারসম্ভব।

তনুত্র, } (তনু=শরীর—ত্র, ত্রাণ=
তনুত্রাণ } যে রক্ষাকরে, ২য়া—ষ) সং,

ক্লীং,বর্ম্ম, সাঁজোয়া।
তনুত্রোটি, (তনু=সূক্ষ্ম—ত্রোটি—চঞ্চু, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যে সকল প্রাণীর চঞ্চু অতিশয় সরু।
তনুভস্ত্রা, (তনু=শরীর—ভস্ত্রা=বায়ুযন্ত্র-বিশেষ,৬ষ্ঠী—ষ) সং.স্ত্রীং,নাসিকা,নাক।
তনুভৃৎ, (তনু=শরীর—ভৃৎ=যে ধারণ করে) সং, পুং, শরীরী, জীব।
তনুমধ্যা, (তনু=কৃশ—মধ্য, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, কৃশাঙ্গী, যে স্ত্রীর মাজা ক্ষীণ। ষড়ক্ষরচ্ছন্দোবিশেষ, যাহার ৩য় ও ৪র্থ বর্ণ লঘু, অবশিষ্ট বর্ণ গুরু।[স্বেদ, ঘর্ম্ম।
তনুরস, (তনু=শরীর—রস) সং, পুং,
তনুল, (তন্=বিস্তার করা+উল—প্রং) বিং, ত্রিং, বিস্তৃত।
তনুবার, (তনু=শরীর—বৃ=আবরণকরা +ঘঞ্—ণ) সং, পুং, বর্ম্ম, সাঁজোয়া।
তনুসঞ্চারিণী, (তনু=শরীর—সঞ্চারিণী =যে বেশবিন্যাস করে) সং,স্ত্রীং, যুবতী, দশমবর্ষীয়া বালিকা। [সং, পুং, পুত্র।
তনূজনি, (তনূ=শরীর—জনি=জন্ম)
তনূন, (তনূ=শরীর—ঊন) সং, পুং, বায়ু।
তনূনপ, (তনূ=শরীর—ঊন=লঘুতা, কৃশতা—প=যে পোষণ করে। যে শরীরের পুষ্টিসাধন করে) সং, ক্লীং, ঘৃত।
তনূনপাৎ, (তনূনপাদ্, তনূনপ=ঘৃত—অদ্ যে খায়, ২য়া—ষ। কিম্বা তনূ=শরীর—ন=না—পাৎ=যে রক্ষা করে, যে অন্যান্য তনুকে রক্ষা করে না। সং, পুং, অগ্নি, আগুন।
তনূরুহ, তনুরুহ (তনূ=শরীর—রুহ যে জন্মে, ৫মী—ষ) সং, পুং, —ক্লীং, লোম। পালক। "ঋজুতনূরুহাঙ্গুলিতাম্রবক্র-নখচূলিকঃ"।
তন্তু, (তন্=বিস্তারকরা+তু—প্রং) সং, পুং, সূত্র, সূতা। "বিষতন্তু গুণস্য কারিতং ধনুষঃ পেলবপুষ্পপত্রিণঃ" কুমারসম্ভব। সন্তান, অপত্য। [নাড়ী।
তন্তুক, সং, পুং, সর্ষপ। কী—স্ত্রীং, শিরা,

তন্তুকাষ্ঠ, (তন্তু=সূতা—কাষ্ঠ) সং, ক্লীং, যাহাদ্বারা তাঁতিরা সূতা পরিষ্কার করে, বুরুষ। [সং, পুং, গুটিপোকা।
তন্তুকীট (তন্তু=সূতা—কীট, ৬ষ্ঠী—য)
তন্তুণ, (তন্=বিস্তারকরা+তুণ—প্রং) সং, পুং, হাঙ্গর। গ্রাহ। [গ্রাহ, হাঙর।
তন্তুনাগ, (তন্তু—নাগ=সর্প) সং, পুং,
তন্তুনাভ, (তন্তু=সূত্র—নাভি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মাকড়্সা।
তন্তুনির্য্যাস, (তন্তু=সূত্র—নির্য্যাস=নিস্যন্দ) সং, পুং, তালবৃক্ষ
তন্তুপর্ব্ব, (তন্তুপর্ব্বন্, তন্তু [সূত্র] যজ্ঞোপবীত—পর্ব্বন্=উৎসব। সং, ক্লীং, শ্রাবণী পূর্ণিমা। এইসময়ে শ্রীকৃষ্ণেরযজ্ঞোপবীতদানোৎসব হইয়াছিল বলিয়া ইহাকে তন্তুপর্ব্ববলে।
তন্তুবাপ, তন্তুবায় (তন্তু—বপ্, বে=বুনা +ঘঞ্—ক। যে তন্তু বুনে, ২য়া—ষ) সং, পুং, তাঁতি। মাকড়্সা।
তন্তুবিগ্রহা, (তন্তু=সূতা—বিগ্রহ=অংশ ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, কদলীবৃক্ষ।
তন্তুভ, (তন্তু=সূতা—ভা=দীপ্তিপাওয়া +ড—প্রং) সং, পুং, বাছুর। সর্ষপ।
তন্তুর, তন্তুল (তন্তু=সূতা-র, ল=যে লয়) সং, ক্লীং, মৃণাল। [সং,স্ত্রীং, তাঁতঘর।
তন্তুশালা, (তন্তু=তাঁত—শালা=গৃহ)
তন্তুসন্তত, (তন্তু=সূতা—সন্তত=ব্যাপ্ত, ৩য়া—ষ) সং, ক্লীং, বোনাকাপড়।
তন্তুসার, (তন্তু=সূতা—সার=সারাংশ। যে বৃক্ষের মজ্জা তন্তুবিশিষ্ট) সং, পুং, সুপারিগাছ।
তন্ত্র, (তন্=বিস্তার করা+ত্র—প্রং,)সং, ক্লীং, শিব ও শক্তির উপাসনা বিধায়ক শাস্ত্রবিশেষ। বেদের শাখাবিশেষ। ঔষধ। ঝাড়ানমন্ত্র। কার্য্য। কারণ। প্রধান। উপায়। দৃঢ়প্রমাণ। সিদ্ধান্ত। পরিচ্ছদ। সৈন্য। রাজ্য। রাজসমভিব্যাহারী লোক। রাজ্যশাসন। স্বরাজ্যচিন্তা। সমূহ। বস্ত্রবয়নের সামগ্রী। পদ, ব্যব-

সায়। তাঁত। আহ্লাদ। ত্রী—স্ত্রীং, তাঁত। রজ্জু। বীণা। বীণা প্রভৃতির তার, তাঁত। নদীবিশেষ। বিং, ত্রিং, আয়ত্ত, অধীন। পরবশ। উভয় কার্য্যার্থ সকৃৎ প্রবৃত্ত।

তন্ত্রক, (তন্ত্র = তাঁত+ক—প্রং। যাহা তাঁত হইতে এই মাত্র বাহির হইয়াছে) সং ক্লীং, নূতন বস্ত্র। [তন্ত্রবায়ের তুরী।

তন্ত্রকাষ্ঠ, (তন্ত্র=বুনন—কাষ্ঠ) সং, ক্লীং,

তন্ত্রতা, (তন্ত্র+তা—ভাবে) সং, স্ত্রীং, অধীনতা। অনেকোদ্দেশে সকৃৎপ্রবৃত্তি।

তন্ত্রবাপ, তন্ত্রবায়, (তন্ত্র=তাঁত—বাপ= যে বুনে, ২য়া—ষ) সং, পুং, তাঁতি।

তন্ত্রসংস্থা, তন্ত্রসংস্থিতি, (System of Government) রাজ্যশাসনপ্রণালী।

তন্ত্রাবাপ, (তন্ত্র—আবাপ) সং, পুং, স্বরাজ্য ও পররাজ্য চিন্তন।

তন্ত্রিপালক, (তন্ত্রি [তন্ত্র=সৈন্য+ই—প্রং] সৈন্যাধ্যক্ষ—পালক যে পালন করে বা সাহায্য করে) সং, পুং, রাজা জয়দ্রথ, দুঃশলার স্বামী।

তন্দ্রা, তন্দ্রি, তন্দ্রিকা, তন্দ্রী, (তন্দ্র্= অলস হওয়া+অ—প্রং) সং, স্ত্রীং, নিদ্রাবেশ। অল্পনিদ্রা, আলস্য, অবসন্নতা। "ষড় দোষাঃ পুরুষেণেহ হাতব্যা ভূতিমিচ্ছতা নিদ্রাতন্দ্রাভয়ং ক্রোধ আলস্যং দীর্ঘসূত্রতা" হিতোপদেশ।

তন্দ্রালু, তন্দ্রিত, (তন্দ্র্=নিদ্রিতহওয়া+আলু, ইত—ক, শীলাদ্যর্থে) বিং, ত্রিং, অলস, নিদ্রালু।

তন্নতন্ন, (তদ্—ন, দ্বিত্ব) ক্রিং—বিং, সূক্ষ্মানুসূক্ষ্ম, পঙ্খানুপুঙ্খ। খণ্ড খণ্ড।

তন্ময়, (তদ্+ময়—প্রং) বিং, ত্রিং, তৎস্বরূপ। তদাত্মক।

তন্মাত্র, (তদ্—মাত্র=পঞ্চভূতান্তর্গত ভূত) সং, ক্লীং, সাঙ্খ্যমতে—সূক্ষ্ম পঞ্চভূত। (তদ্=সেই—মাত্র=কেবল) ক্রিং—বিং, কেবল তাই, সেইমাত্র। তদাত্মক।

তপঃ, (তপস্, তপ্=তপস্যাকরা+অস্—প্রং) সং, ক্লীং, তপস্যা, মুনিব্রত ; তপস্যা শারীরিক ও মানসিক এবং বাচনিক ভেদে তিন প্রকার। দেবতাদির উপাসনা,ব্রতাদির আচরণ,অহিংসা প্রভৃতি শারীরিক তপস্যা। সত্য, প্রিয়, হিতবাক্য কথন এবং বেদপুরাণাদিপাঠ বাচনিক তপস্যা। ইন্দ্রিয় সংযম প্রভৃতি মানসিক তপস্যা। আচরণ। আলোচন। ধর্ম্মার্থ চান্দ্রায়ণাদি কৃচ্ছ্র। মাঘমাস। ব্রাহ্মণাদির ধর্ম্ম। পুং, শিশির ঋতু। সপ্তলোকান্তর্গত লোক বিশেষ। "তপঃ পরং কৃতযুগে ত্রেতায়াং জ্ঞানমুচ্যতে। দ্বাপরে যজ্ঞমেবাহুর্দানমেকং কলৌ যুগে"। "তপঃ পরামর্শ বিবৃদ্ধমন্যো ভ্রূভঙ্গ দুষ্প্রেক্ষমুখস্য তস্য"। কুমার সম্ভব।

তপঃকর, (তপস্—কৃ = করা+অল্—প্রং) সং, পুং, তপসেমাছ। বিং, ত্রিং, যে তপস্যা করে। [সং, স্ত্রীং, কাশী।

তপঃস্থলী, (তপস্—স্থল=ভূমি, স্থান)

তপ, (তপ্=দাহকরা+অল্—প্রং) সং, পুং, গ্রীষ্মকাল। "তপনিপীত সরঃ সরসীরুহং" নৈষধ।

তপৎ, (তপ দেখ, শতৃ—ক) বিং, ত্রিং, তাপযুক্ত। তাপদায়ক। প্রকাশমান।

তপতী, (তপ=তাপ বা সূর্য্য—অত যে সঙ্গে থাকে) সং, স্ত্রীং, সূর্য্যকন্যা, সূর্য্যপত্নী, ছায়া। নদীবিশেষ। কুরুবংশীয় সম্বরণ রাজার ভার্য্যা।

তপন, (তপ দেখ, অন—ক) সং, পুং, সূর্য্য।"অনপিধানপতত্তপনাতপং" নৈষধ। গ্রীষ্ম ঋতু। সূর্য্যকান্তমণি। তাপ। আকন্দগাছ। বিং, ত্রিং, সন্তাপজনক। নী—স্ত্রীং, গোদাবরী নদী।

তপনতনয়, (তপন=সূর্য্য—তনয়=সন্তান, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কর্ণ, যম। য়া—স্ত্রীং, শমীবৃক্ষ। যমুনা নদী।

তপনমণি, (তপন—মণি=রত্ন) সং, পুং, সূর্য্যকান্তমণি।

তপনাত্মজা, (তপন=সূর্য্য—আত্মজা=কন্যা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, যমুনা, গোদাবরী। [কাঞ্চন, স্বর্ণ।
তপনীয়, (তপ+অনীয়—র্ম্ম) সং, ক্লীং,
তপনেষ্ট, (তপন—ইষ্ট=অভিলষিত) সং, ক্লীং, তাম্র, তাঁবা। [পক্ষী।
তপস, (তপ দেখ, অস—সংজ্ঞার্থে) চন্দ্র।
তপস্তক্ষ, (তপস্—তক্ষ যে [কাষ্ঠাদি-চাঁচে] কৃশ হয়। সং, পুং, ইন্দ্র। দেবরাজ তপস্যা দ্বারা নিজ দেহ অত্যন্ত কৃশ করিয়াছিলেন বলিয়া তাঁহাকে তপস্তক্ষ বলা যায়।
তপস্য, (তপস্+য—প্রং) সং, পুং, অর্জ্জুন। ফাল্গুনমাস। ক্লীং, কুন্দপুষ্প। বিং, ত্রিং, তপস্যারত।
তপস্যা, (তপস্+য, আ—ভা) সং, স্ত্রীং, তপঃ, পুণ্যপ্রাপ্তির নিমিত্ত ক্লেশ কর কার্য্যানুষ্ঠান। ক্লেশসহনাভ্যাস, পাপক্ষয় ধর্ম্মসঞ্চয় বা অভীষ্ট অর্থলাভের নিমিত্ত অরণ্যাদি নির্জ্জন স্থানে কঠোর নিয়মে দেবতার আরাধনা। ব্রতচর্য্যা।
তপস্বী, (তপস্বিন্, তপস্+বিন্—অস্ত্যর্থে) সং, পুং, তাপস, মুনি। "সেহয়ং প্রয়াতি বিপিনে জটিল স্তপস্বী"।তপসে মাছ। বিং, ত্রিং, ধার্ম্মিক। যে তপস্যা করে। দীন। মৃদুস্বভাব। নির্দ্দোষ। ক্লেশসহিষ্ণু।
তপাত্যয়, (তপ=গ্রীষ্মকাল—অত্যয়=নাশ, ৭মী—হিং,) সং, পুং, বর্ষাকাল। "তপাত্যয়ে বারিভিরুক্ষিতা নবৈঃ" কুমার সম্ভব।
তপোধন, (তপস্—ধন, তপস্যাই যাহার ধন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মুনি, ঋষি, তপস্বী। "তমর্চ্চয়িত্বা বিধিবদ্বিধিজ্ঞস্তপোধনং মানধনাগ্রযায়ী" রঘুবংশ।
তপোবট, (তপস্—বট=যে বেষ্টন করে) সং, পুং, ব্রহ্মাবর্ত্তদেশ।
তপোবন, (তপস্—বন, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, যেখানে তাপসেরা তপস্যা করে। মুনিদিগের আশ্রম। "নবোটজাভ্যন্তরমাস্তৃতানলং তপোবনং তচ্চ বভূব পাবনং" কুমারসম্ভব।
তপ্ত, (তপ্=উত্তপ্ত হওয়া+ত—ক) বিং, ত্রিং, সন্তাপযুক্ত, উষ্ণ। "নিকাম তপ্তা বিবিধেন বহ্নিনা" কুমার। খেদযুক্ত। "বিরহতপ্তদঙ্গনিবেশিতা কমলিনী নিমিষদ্দলমুষ্টিভিঃ" নৈষধ। পুটপাকশোধিত, পোড়দেওয়া।
তপ্তকুম্ভ, (তপ্ত—কুম্ভ=কলসী) সং, পুং, নরকবিশেষ।
তপ্তকৃচ্ছ্র, (তপ্ত=তাপযুক্ত—কৃচ্ছ্র=ব্রত) সং, পুং, ব্রতবিশেষ, যে ব্রতে তিন দিন উষ্ণ ঘৃত দুগ্ধ ও জল পান করিতে হয়।
তপ্তপাষাণকুণ্ড—ক্লীং, } (তপ্ত-পাষাণ
তপ্তবালুক—পুং, } প্রস্তর—কুণ্ড কূপ। তপ্ত—বালুকা বালি) সং, নরকবিশেষ। [ক্লীং, রৌপ্য।
তপ্তরূপক, (তপ্ত—রূপক=রৌপ্য) সং,
তব, (ষষ্ঠ্যন্ত যুষ্মদ্ শব্দজ) তোমার।
তবু, (দেশজ)অং, তথাপি,তদ্রূপ হইলেও।
তবে, (দেশজ)ক্রিং-বিং,সেই জন্যে,পরে।
তমঃ, (তমস্, তম্=খিন্নহওয়া+অস্—প্রং) সং, ক্লীং, তমোগুণ, মোহ। পাপ। অজ্ঞান। শোক। নরক। অন্ধকার। পুং—ক্লীং, রাহু। "সত্ত্বং জ্ঞানং তমোঽজ্ঞানং রাগদ্বেষৌ রজঃস্মৃতম্"। "স্থিতৌ প্রজানাং প্রলয়ে তমস্পৃশে" বাণভট্ট।
তম, (তম্=খেদকরা+অল্-ণ) সং, পুং, রাহু। তমোগুণ। ক্লীং, অন্ধকার। মা—স্ত্রীং, রাত্রি। তমালবৃক্ষ। অধিকার্থদ্যোতক প্রত্যয় বিশেষ। অনেকের মধ্যে একের উৎকর্ষ বা অপকর্ষ বুঝাইলেএই প্রত্যয় হয়। [সীসক, সীসা।
তমর, (তম দেখ, অর—প্রং) সং, ক্লীং,
তমস, (তমঃ দেখ, অস—প্রং) সং, ক্লীং, অন্ধকার। সা—স্ত্রীং, নদীবিশেষ, যমুনার উৎপত্তি স্থানের সন্নিহিত গরোয়াল দেশের অন্তর্গত তন্স নদী।

তমস্ততি, (তমস্=অন্ধকার—ততি=বিস্তার) সং, স্ত্রীং, ঘোর অন্ধকার। অন্ধকাররাশি।

তমস্বিনী, (তমস্+বিন্—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, রজনী। রাত্রি, হরিদ্রা।

তমা, তমি, তমী (তম দেখ, অ—ধি) সং, স্ত্রীং, রাত্রি। রজনী।

তমাক, তামাক, (তাম্রকূটশব্দজ) সং, তামাকু, তাম্রকূট।

তমাল, (তম্=ম্লানহওয়া+আল—প্রং) সং, পুং, তাপিঞ্জ বৃক্ষ। "শ্রবণপুর তমাল দলাস্ফুরং শশিকুরঙ্গমুখে সখি নিক্ষিপ" নৈষধ। "তমালদলনীলতমং তমিস্রম্।" খড়্গ। চন্দন তিলক।

তমালক, (তমাল+ক—তুল্যার্থে বা নিষ্প্রয়োজনার্থে) সং, ক্লীং, তেজপাত। সুবুণি শাক। পুং, ক্লীং, তমালবৃক্ষ।

তমালপত্র, (তমাল—পত্র, য়ং—স+৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, তিলক, ফোঁটা। তমাল বৃক্ষের পাতা। পুং, তমালবৃক্ষ।

তমালিকা, তমালিনী (তমাল=বৃক্ষবিশেষ+ইক, ইন্—সম্বন্ধার্থে, সং, স্ত্রীং, তমলুক। এই দেশে প্রচুর পরিমাণে তমালবৃক্ষ পাওয়া যায়।

তমিনাথ-মী, (তমি=রজনী—নাথ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, চন্দ্র।

তমিস্র (তমস্+র—অস্ত্যর্থে, নিপাতন) সং, পুং—ক্লীং, অন্ধকার। অজ্ঞান। ক্রোধ। বিং, ত্রিং, অন্ধকারযুক্ত। স্রা—স্ত্রীং, অন্ধকার রাশি। অন্ধকার রাত্রি।

তমিস্রপক্ষ, সং, পুং, কৃষ্ণপক্ষ। "তমিস্রপক্ষেঽপি সহপ্রিয়াভি র্জ্যোৎস্নাবতো নির্ব্বিশতি প্রদেশান্" রঘুবংশ।

তমোগুণ, (তমস্—গুণ) সং, পুং, প্রকৃতির তৃতীয় গুণ; এই গুণের প্রাধান্য হইলে মনুষ্য কাম ক্রোধাদি নীচ প্রবৃত্তির বশবর্ত্তী হইয়া চলে।

তমোঘ্ন, (তমস্ অন্ধকার—ঘ্ন=যে নাশ করে) সং, পুং, চন্দ্র। সূর্য্য। অগ্নি। বুদ্ধ। শিব। বিষ্ণু। জ্ঞান। দীপ। বিং, ত্রিং, তমোনাশক।

তমোজ্যোতিঃ (তমোজ্যোতিস্, তমস্ অন্ধকার—জ্যোতিস্=দীপ্তি) সং, পুং, খদ্যোত।

তমোনুদ্, তমোনুদ (তমস্—নুদ্ বা নুদ=যে ক্ষেপণ করে, ২য়া—ষ) সং, পুং, চন্দ্র। সূর্য্য। অগ্নি। পুত্র। জ্ঞান। দীপ।

তমোপহ, (তমস্=অন্ধকার—অপহ [অপ—হন্=বধকরা+ড—ক] যে বিনাশ করে, দূর করে) সং, পুং, সূর্য্য। চন্দ্র। অগ্নি। জ্ঞান। পুত্র। দীপ।

তমোভিদ্, (তমস্=অন্ধকার—ভিদ্ যে ভেদ করে) সং, পুং, খদ্যোত।

তমোমণি, (তমস্=অন্ধকার—মণি=রত্ন) সং, পুং, খদ্যোত।

তমোময়, (তমস্+ময়ট্—প্রং) বিং, ত্রিং, অন্ধকারে আচ্ছন্ন। অহঙ্কারে পরিপূর্ণ। অজ্ঞানাবৃত।

তমোলিপ্তী, (তমস্ [অন্ধকার] পাপ—লিপ্ত। যে দেশের লোকেরা পাপে লিপ্ত) সং, স্ত্রীং, তমলুক।

তমোবিকার, (তমস্—বিকার, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পীড়া। রোগ। ব্যাধি।

তমোহর, (তমস্=অন্ধকার—হর=যে হরণ করে) সং, পুং, চন্দ্র। বিং, ত্রিং, তমোনাশক। [স্ত্রীং, গাভী, গাই।

তম্পা, (তম্=ইচ্ছাকরা+প—প্রং) সং,

তম্বা, (তম্পা দেখ, প=ব) সং, স্ত্রীং, গাভী।

তর, (তৃ=পার হওয়া+অল্-প্রং) সং, পুং পারহওয়া, তরণ, সন্তরণ। পথ, গতি। বিং, ত্রিং, প্রত্যয় বিশেষ। দুয়ের মধ্যে একের উৎকর্ষ বা অপকর্ষ বুঝাইলে এই প্রত্যয় হয়। [যোগ্য ফলমূলাদি।

তরকারী, (দেশজ) সং, আনাজ, রন্ধন

তরক্ষু, তক্ষু (তর=পথ—ক্ষি=ক্ষয়করা+উ—প্রং, যে পথস্থিত প্রাণিগণকে নষ্ট করে) সং, পুং, নেকড়িয়া বাঘ।

তরঙ্গ, (তৃ [পারহওয়া] গমনকরা+

অঙ্গপ্রং, যে ঊর্দ্ধে বা বক্রভাবে গমন করে) সং, পুং, ঢেউ, ঊর্ম্মি। চুনাট। ভঙ্গি। "মধ্যেঽস্যাস্ত্রিবলীতরঙ্গবিষমে নিস্পন্দমাপাদিতা" রত্নাবলী।

তরঙ্গিত, (তরঙ্গ+ইত—জাতার্থে) বিং, ত্রিং, তরঙ্গযুক্ত। ভঙ্গিবিশিষ্ট। চঞ্চল। "সাগরপ্রতিমং ঘোরং বাহনোর্ম্মিতরঙ্গিতম্"।

তরঙ্গিণী, (তরঙ্গ+ইন্—অস্ত্যর্থে, সং, স্ত্রীং, নদী। "গজবাজিমনুষ্যাণাং শোণিতানাং তরঙ্গিণী"।

তরণ, (তর+অনট্—ভা) সং, ক্লীং, প্লবন। পারগমন। পুং, ডোঙ্গা। ভেলা, মাড়। স্বর্গ।

তরণি, (তৃ=পারহওয়া+অনি—প্রং, যাহার দ্বারা নদ্যাদি পার হয়) সং, স্ত্রীং, নৌকা। ভেলা। পুং, সূর্য্য। "তরুণতাতরণিদ্যুতিনির্ম্মিতদ্রঢ়িমতৎকুচকুম্ভযুগং তদা" নৈষধ। আকন্দবৃক্ষ। কিরণ। ভেলক, মাড়। তাম্র।

তরণিপেটক, (তরণি—পেটক=পেটরা, ঝাঁপি প্রভৃতি) সং, পুং, জলতোলা কেটো।

তরণিরত্ন, সং, ক্লীং, পদ্মরাগমণি।

তরণী, (তরণিদেখ)সং,স্ত্রীং,নৌকা। ভেলা

তরণ্ড, (তৃ=জলে ভাসিয়া যাওয়া+অণ্ড-প্রং) সং, পুং,—ক্লীং, ভেলা, মাড়। মৎস্য ধরিবার সূত্রের মধ্যে বদ্ধ ফাতা। পুং, দেশবিশেষ। ত্রিং, নৌকা।

তরণ্ডপাদী, (তরণ্ড=দাঁড়—পাদ=পা। দাঁড়ই যাহার পাদস্বরূপ। সং, স্ত্রীং, নৌকা। ভেলা।

তরতম, বিং, ত্রিং, ন্যূনাধিক।

তরন্ত, (তৃ=পারহওয়া+অন্ত—প্রং) সং, পুং, ভেক। সমুদ্র। রাক্ষস। প্লব। ন্তী—স্ত্রীং, নৌকা।

তরপণ্য, (তর [নদীর] পারগমন—পণ্য শুল্ক, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, আতর, পারাণিকড়ি।

তরপদী, (Nattatores) যাহারা পাদদ্বারা সন্তরণ করে, হংসাদি।

তরমুজ, (যবনভাষা) সং, স্বনামপ্রসিদ্ধ ফলবিশেষ।

তরম্বুজ, (পারস্যভাষা) সং, ক্লীং, তরমুজ।

তরল, (তৃ [পারহওয়া] গমনকরা+অল-প্রং) বিং, ত্রিং, চঞ্চল। "নিসর্গ তরলা নারীঃ কো নিয়ন্ত্রয়িতুং ক্ষমঃ"। কম্পমান। পাতলা। দ্রব। কামুক। দীপ্তিবিশিষ্ট। সং, পুং, হারমধ্যমণি, ধুক্ধুকি। হার। লা—স্ত্রীং, মদ্য। মৌমাছি।

তরললোচনা, (তরল=চঞ্চল—লোচন নয়ন) সং, স্ত্রীং, চঞ্চলনয়না, যে রমণীর নয়ন চঞ্চল।

তরলিত, (তরল+ইত-সংজাতার্থে) বিং, ত্রিং, কম্পিত। দ্রবীভূত।

তরবারি } তরবারি } (তর=গমন—বৃ=নিযুক্ত করা+অ, ই—প্রং, যাহাকে শত্রুদের মধ্যে গমন করায়) সং, পুং, খড়্গ, তরওয়াল।

তরস, (তরস্=বল+অ—প্রং। যাহাতে বল আছে) সং, ক্লীং, মাংস। [শীঘ্র।

তরসা, (তর দেখ,অসা-প্রং) অং, ঝটিতি,

তরস্, (তৃ=গমনকরা+অস্—প্রং) সং, ক্লীং, বল। বেগ। তীর। রোগ।

তরস্থান, (তর=পারগমন, উত্তরণ—স্থান) সং, ক্লীং, উত্তরণস্থান, খেয়াঘাট।

তরস্বান্, (তরস্বৎ,তরস্+বতু—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বলবান্। বেগবান্। সং, পুং, গরুড়। বায়ু।

তরান্ধু, (তর=পারগমন—অন্ধু=জল) সং, পুং, নৌকাবিশেষ, ভড়।

তরালু, (তর=পারগমন+আলু—প্রং) সং, পুং, নৌকাবিশেষ, ভড়।

তরি, তরী, তরিকা (তরণি দেখ, ই—প্রং) সং, স্ত্রীং, নৌকা, তরণি। বস্ত্রদশা। বস্ত্রাদিপেটক।

তরিতা, সং, স্ত্রীং, গাঁজা। তর্জ্জনী।

তরীষ, (তৃ=পারহওয়া+ঈষ—সংজ্ঞার্থে)

সং,পুং,স্বর্গ। ভেলা। সমুদ্র। ব্যবসায়। ষী—স্ত্রীং, ইন্দ্রকন্যা।

তরু, (তৃ [পার হওয়া] উৎপন্ন হওয়া+উ—প্রং, যাহা হইতে ফুল ফল জন্মে) সং, পুং, বৃক্ষ, গাছ। "লতাবধূভ্যস্তরবোপ্যবাপুর্বিনম্রশাখাভুজবন্ধনানি" কুমারসম্ভব।

তরুজীবন, (তরু=বৃক্ষ—জীবন) সং, ক্লীং, গাছের গোড়া, বৃক্ষমূল।

তরুণ, (তৃ—পারহওয়া+উন—প্রং) সং, পুং, নবীন, যুবা। "স চচার গদাপাণি র্বৃদ্ধোহপি তরুণো যথা"। ণী—স্ত্রীং, যুবতী।"বৃদ্ধস্য তরুণী বিষং"। বিং,ত্রিং, নূতন, টাট্কা। "তরুণং সর্ষপশাকং নবোদনং পিচ্ছিলানি চ দধীনি"।[দই।

তরুণদধি, সং, ক্লীং, পাঁচ দিনের বাসি

তরুতূলিকা, (তরু=বৃক্ষ—তূলিকা=তূল। বৃক্ষশাখায় যে তূলের ন্যায় ঝুলিয়া থাকে) সং, স্ত্রীং, বাদুড়।

তরুনখ, সং, পুং, কণ্টক, কাঁটা।

তরুমৃগ, (তরু=বৃক্ষ—মৃগ=পশু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শাখামৃগ, বানর।

তরুরাগ, (তরু=বৃক্ষ—রাগ=প্রীতি,সং, পুং, কিশলয়, নবপল্লব।

তরুরাজ, (তরু—রাজন্ রাজা, প্রধান, ৬ষ্ঠী—ষ) সং, পুং, তালগাছ।

তরুরুহ, (তরু—রুহ=যে আরোহণ করে) সং, পুং, হা—স্ত্রীং, বৃক্ষজাত, বৃক্ষান্তর, পরগাছ। [তরুরুহা।

তরুবল্লী, (তরু—বল্লী=লতা) সং, স্ত্রীং,

তরুবিলাসিনী, সং, স্ত্রীং, নবমল্লিকা।

তরুশায়ী, (তরুশায়িন্, তরু=বৃক্ষ—শী শয়নকরা+ণিন্—ক) সং, পুং, পক্ষী। বিং, ত্রিং,যে বৃক্ষে শয়ন করিয়া থাকে।

তরুসার, (তরু=বৃক্ষ—সার=সারাংশ) সং, পুং, কর্পূর।

তরূট, সং,পুং,পদ্মের গেঁড়ো,পদ্মের মূল।

তরে, অং, জন্যে, নিমিত্তে।

তর্ক, (তর্ক=বিতর্ককরা, দীপ্তিপাওয়া+অ—প্রং) সং, পুং, বিতর্ক। বিচার। ন্যায়শাস্ত্র। বাদানুবাদ। আকাঙ্ক্ষা। উৎপ্রেক্ষা। "শুষ্কতর্কং পরিত্যজ্য আশ্রয়স্ব শ্রুতিং স্মৃতিম্"।

তর্কক, (তর্ক দেখ, অ—ক) সং, পুং, যাচক। তর্ককারক। [ন্যায়শাস্ত্র।

তর্কবিদ্যা, (তর্ক—বিদ্যা=জ্ঞান) সং,স্ত্রীং,

তর্কাভাস, (তর্ক—আভাস) পুং, সং, অকিঞ্চিৎকর যুক্তি, অসৎতর্ক, (Fallacy)

তর্কিত, (তর্ক+ইত—সংজাতার্থে) বিং, ত্রিং, আলোচিত, বিচারিত। উৎপ্রেক্ষিত। সম্ভাবিত। অনুমিত।

তর্কী, (তর্কিন্,তর্ক+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, নৈয়ায়িক। বিং, ত্রিং, তর্ককারক।

তর্কু, (কৃৎ=ছেদনকরা+উ—সংজ্ঞার্থে। কৃত=তর্ক) সং, স্ত্রীং, সূত্রনির্ম্মাণ যন্ত্র, টেকো।

তর্কুট, (কৃৎ=ছেদনকরা ইত্যাদি+উট—প্রং। কৃত=তর্ক) সং, ক্লীং, কাট্না কাটা।

তর্কুপিণ্ড, (তর্কু=টেকো-পিণ্ড=গোলবস্তু) সং, পুং, টেকোর নিম্নস্থ মৃৎপিণ্ড, টেকোর বাঁটুল।

তর্কুলাসক, (তর্কু=টেকো—লস্=গমন করা+ণক=প্রং) সং, পুং, তর্কুন্যাসক-যন্ত্র, চরকা।

তর্জ্জন, (তর্জ=ভর্ৎসনাকরা+অনট্—ভা) সং,ক্লীং, ক্রোধ, দ্বেষ। ভর্ৎসন, তিরস্কার। আস্ফালন। ভয়প্রদর্শন।

তর্জ্জনী, (তর্জ্জন দেখ, অন—ণ) সং,স্ত্রীং, বৃদ্ধাঙ্গুষ্ঠের পার্শ্বস্থ অঙ্গুলি।

তর্জ্জিত, (তর্জ্জ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, তাড়িত। ভর্ৎসিত। ভয়প্রদর্শিত।

তর্ণ, তর্ণক, (তৃ [পারহওয়া] গমনকরা +ণ—প্রং) সং, পুং, সদ্যোজাত শিশু। সদ্যোজাত গোবৎস।

তর্ণি, (তর্ণ দেখ, ণি—প্রং) সং, পুং, সূর্য্য। মাড়। ভেলা।

তর্ত্তরীক, (তৃ=পারহওয়া+ঈক—প্রং

নিপাতন) সং, ক্লীং, ভেলা, নৌকা। বিং, ত্রিং, পারগামী, যে পার হয়।

তর্দ্দু, (তর্দ্দ্=হিংসাকরা+উ—প্রং। অথবা তৃ [পারহওয়া] গমনকরা+উ—সংজ্ঞার্থে। দু—আগম) সং, পুং, স্ত্রীং, কাঠের হাতা।

তর্পণ, (তৃপ্=প্রীতকরা+অনট—ভা) সং ক্লীং, তৃপ্তিসম্পাদন, তোষণ। পিতৃযজ্ঞ, পিতৃপুরুষদিগের প্রীতির নিমিত্ত জলদান। প্রীণন। যজ্ঞার্থ কাষ্ঠ। নী—স্ত্রীং লতাবিশেষ, গুরুস্কন্দলতা। তৃপ্তি। বিং, ত্রিং, তৃপ্তিকর, সুখজনক।

তর্পণেচ্ছু, (তর্পণ—ইচ্ছু) সং, পুং, ভীষ্ম। বিং, ত্রিং, তর্পণ করিতে ইচ্ছুক।

তর্পিত, (তৃপ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, সন্তোষিত। প্রীণিত।

তর্ব্বট, (তর্ব্ব্=গমনকরা+অট—প্রং) সং, পুং, বৎসর, বছর।

তর্ম্ম, (তর্ম্মন্, তৃ=পারহওয়া+মন-প্রং) সং, ক্লীং, যূপাগ্রদেশ, যূপের অগ্রভাগ।

তর্ষ, (তৃষ্=তৃষ্ণার্ত্তহওয়া+অল্+ভা) সং, পুং, তৃষ্ণা, জলপানেচ্ছা। ইচ্ছা। "রামদর্শনজস্তর্ষো ভরতস্যেব তস্য হি"। সমুদ্র। ভেলা। সূর্য্য। [তৃষ্ণা। অভিলাষ।

তর্ষণ, (তৃষ+অনট্—ভা) সং, ক্লীং,

তর্ষিত, (তৃষ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, পিপাসিত, তৃষ্ণাতুর। অভিলষিত, বাঞ্ছিত।

তর্হি, (তদ্=সেই+র্হি—প্রং) অং, তখন, তবে।

তল, (তল্=প্রতিষ্ঠিত হওয়া, উন্নত হওয়া+অ—প্রং) সং, ক্লীং, তলা, অধোভাগ। উপরিভাগ। "বিরহপাণ্ডুকপোলতলে বিধুর্ব্যধিত ভীমভুবঃ প্রতিবিম্বিতঃ" নৈষধ। পৃষ্ঠদেশ। টালি। মধ্যদেশ। তেলো। গর্ত্ত। কানন। জ্যাঘাতবারণ। গৃহের পরিচ্ছেদ; যথা—একতল গৃহ, দ্বিতল গৃহ। কার্য্যবীজ, কোন কার্য্যের কারণ, উৎপত্তি বা উদ্দেশ্য। পুং, চপেট, চাপড়। তালবৃক্ষ। খড়্গাদির মুষ্টি, খড়্গাদির যে প্রদেশ ধরা যায়, ৎসরু। বীণাদি বাদ্যযন্ত্রের সুরবন্ধন। বাহু। বিঘৎ।

তলক, (তল=গর্ত্ত, তলা+ক—প্রং।) সং, ক্লীং, পুষ্করিণী, পুকুর।

তলপ্রহার, (তল=তেলো, চপেট—প্রহার মারণ, ৬য়—ষ) সং, পুং, চপেটাঘাত, চাপড়মারা।

তলভেদ, (তল—ভেদ=ভেদন) সং,পুং, তলা ফুট হইয়া যাওয়া।

তলবার—পুং, }
তলবারণ—ক্লীং } (তল—বার, বারণ=নিবারণ) সং, খড়্গ, অসি, তলওয়ার।

তলসারক, (তল=অধোভাগ—সারি=গমন করান+ণক—প্রং) সং, ক্লীং, যে রজ্জুদ্বারা অশ্বের বক্ষঃস্থল বন্ধনকরা যায়। ঘোটকের ভোজনপাত্র।

তলহৃদয় (তল=অধোভাগ—হৃদয়) সং, ক্লীং,পদতলের মধ্যভাগ,পায়ের তেলো।

তলা, সং, স্ত্রীং, বামপ্রকোষ্ঠের চর্ম্মময় আবরণ।

তলাচী, (তল=অধোভাগ—অন্‌চ=গমন করা+ক্বিপ্—প্রং) সং, স্ত্রীং, বেত বা বাঁশের চেটাই।

তলাতল, (তল—তল,পুনঃ ২ অর্থে দ্বিত্ব) সং, ক্লীং, সপ্তপাতালান্তর্গত পাতাল বিশেষ।

তলিত, (তল্+ক্ত—ভা) সং, ক্লীং, ভৃষ্টমাংস,ভাজা মাস। বিং,ত্রিং তলাবিশিষ্ট।

তলিন, (তল+ইন—সংজ্ঞার্থে) সং, ক্লীং, শয্যা। বিং,ত্রিং, স্বল্প। বিরল। দুর্ব্বল। নির্ম্মল। পরিষ্কার। বিভিন্ন। কোমল। পাতলা। অধোদেশস্থিত।

তলিম, (তল+ইম—সংজ্ঞার্থে) সং, ক্লীং, কুট্টিম, পাকা মেজে। চন্দ্রাতপ, চাঁদোয়া। খড়্গ, খাঁড়া। শয্যা।

তলুন, (তৃ=পারহওয়া+উন—প্রং। র=ল) সং,পুং, বাতাস। বায়ু। যুবা। নী—স্ত্রীং, যুবতী।

তলেক্ষণ, (তল=অধোভাগ—ঈক্ষণ=দর্শন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শূকর।
তলোদরী, (তল—উদর, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রী, ভার্য্যা। উপপত্নী।
তলোদা, (তল=উপরিভাগ ; অধোভাগ —উদ=জল) সং, স্ত্রীং, নদী। [অরণ্য।
তল্ক, (তল+ক—সংজ্ঞার্থে) সং.ক্লীং,বন,
তল্প, (তল+প—সংজ্ঞার্থে) সং, পুং, ক্লীং, দ্বিতল গৃহ। ভার্য্যা। শয্যা।
তল্পকীট, (তল্প=শয্যা—কীট=পোকা) সং, পুং, ছারপোকা।
তল্পজ, (তল্প=শয্যা—জ=জাত) বিং, ত্রিং, আপনার স্ত্রীর গর্ভে জাত, ক্ষেত্রজ সন্তান। শয্যাতে বা শয্যা হইতে জাত।
তল্পন, (তল্প্ [নাম ধাতুজ] শয্যার ন্যায় হওয়া, বিস্তৃত হওয়া ইত্যাদি+অনট ভা) সং,ক্লীং হস্তীর পৃষ্ঠদেশ। পৃষ্ঠবংশের মাংসপেশী।
তল্ল, (তল=গভীর, গভীরতা—ল=গ্রহণার্থ লাধাতুজ) সং, ক্লীং, গহ্বর, গর্ত্ত। পুং, নিপান, জলাশয়,তলাও। ল্লী-স্ত্রীং, যুবতী। নৌকা। বরুণের স্ত্রী।
তল্লজ, (তদ্ [সেই] প্রত্যেক বিষয়—লজ্ =প্রাপ্ত হওয়া+অল্—প্রং) সং, পুং, উৎকর্ষ, সুখ। বিং,সুখী,উৎকৃষ্ট। কোন শব্দের পরে ব্যবহৃত হইলে এই শব্দটী আপনার লিঙ্গ পরিত্যাগ করে না যথা রমণী তল্লজ, কুমার তল্লজ,—উৎকৃষ্ট রমণী, উৎকৃষ্ট কুমার ইত্যাদি।
তল্লিকা, সং, স্ত্রীং, চাবী।
তব,সং,ক্লীং, সুগন্ধিদ্রব্য মর্দ্দনোত্থগন্ধ।
তবক, (তব=তোমার+কন্ যোগ) বিং, ত্রিং, তৎসম্বন্ধীয়, তোমার।
তবক্ষীর, সং, ক্লীং, জলমিশ্রিত দুগ্ধ।
তবিষ, (তব=সৌত্রধাতু+ইষ—সংজ্ঞার্থে) সং, পুং, সমুদ্র। স্বর্গ। ষী—স্ত্রীং, দেবরাজের কন্যা। ভূমি। নদী। (বৈদিক ভাষায়) বল। [স্বর্ণ।
তবীষ, (পূর্ব্বে দেখ) সং, পুং, সমুদ্র।
তষ্ট, (তক্ষ্=চাঁচা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, কৃশীকৃত, যাহা চাঁচা গিয়াছে।
তষ্টা, (তষ্টৃ, তক্ষ—চাঁচা+তৃণ—ক) সং, পুং,বিশ্বকর্ম্মা। দ্বাদশ সূর্য্যান্তর্গত সূর্য্যবিশেষ। সূত্রধর।
তস্কর, (তৎ=সেই [নিন্দিত কর্ম্ম]—কর যে করে, নিপাতন) সং, পুং,অপহারক, চোর। "কামিনীকায়কান্তারে কুচপর্ব্বত দুর্গমে। মা সংচর মনঃপান্থ তত্রাস্তে স্মরতস্করঃ"। কর্ণ। লতাবিশেষ। বৃক্ষবিশেষ। রী—স্ত্রীং, কোপনা স্ত্রী। তা-স্ত্রীং, চৌর্য্য। "ব্যবৃত্য যৎ পরস্বেভ্যঃ শ্রুতৌ তস্করতা স্থিতা" রঘুবংশ। শ্রবণ, কর্ণদ্বারা শব্দাদি গ্রহণ।
তস্থিবান্, (তস্থিবস্, স্থা=থাকা+বসু—প্রং) বিং, ত্রিং, স্থিত।
তা, (দেশজ) সং, ডিম্বের উপরি বসিয়া উত্তাপদেওন। একখানি কাগজ।
তাঁত, (তন্ত্রশব্দজ) সং, বস্ত্রবপন যন্ত্র। বীণাদির তন্ত্রী। [বস্ত্রনির্ম্মাতা।
তাঁতি, (তন্ত্রবায় শব্দজ) সং, জাতিবিশেষ,
তাঁবা,তামা, (তাম্রশব্দজ) সং, ধাতুবিশেষ, তামা।
তাকান, (দেশজ) সং,অবলোকন,দর্শন।
তাচ্ছল্য, (দেশজ) সং, অবহেলা,অশ্রদ্ধা। অবজ্ঞা।
তাচ্ছীল্য, (তৎ=সেই—শীল=স্বভাব+য—ভাবে) সং, ক্লীং, তচ্ছীলতা, তৎস্বভাবতা।
তাটঙ্ক, সং, পুং, কর্ণ ভূষণ বিশেষ, দুল।
তাটস্থ, (তটস্থ+ষ্ণ—ভাবে) সং, ক্লীং, ঔদাসীন্য। সমীপবর্ত্তিতা, নৈকট্য।
তাড়, (তড়=দুঃখ দেওয়া, আঘাতকরা ইত্যাদি+ঘঞ্—প্রং) সং, পুং, তাড়ন, বেত্রাদিদ্বারা আঘাত, শারীরিক দণ্ডবিধান। শব্দ। গোলমাল। মুষ্টি পরিমেয় তৃণাদি। পর্ব্বত। দূর্ব্বাবিশেষ।
তাড়ক, (তাড়+ণক—ক) বিং, ত্রিং, যে তাড়না করে

তাড়কা, সং, স্ত্রীং, সুকেতু রাক্ষসের কন্যা, সুন্দের ভার্য্যা, মারীচের মাতা। "তাড়কা চলকপাল কুণ্ডলা, কালিকেব নিবিড়া বলাকিনী"। রঘুবংশ।

তাড়ঙ্ক, পুং, তাড়পত্র—ক্লীং, (তড়্=দীপ্তিপাওয়া+অঙ্ক—প্রং) সং, কর্ণভূষণবিশেষ। হস্তালঙ্কারবিশেষ।

তাড়ন, (তাড়ি=আঘাতকরা+অনট্—ভা) সং, ক্লীং, বেত্র প্রহার, কশাঘাত। তর্জ্জন, ভর্ৎসন। শাসন, দণ্ড। "লালনে বহবো দোষাস্তাড়নে বহবো গুণাঃ"। নী—স্ত্রীং, কশা, চাবুক। কোড়া, তাড়ন দণ্ড।

তাড়না, (পূর্ব্বে দেখ, আ—ভা) সং,স্ত্রীং, প্রহার। শাসন। ভর্ৎসনা। উৎপীড়ন।

তাড়া, (তড়্ধাতুজ) সং, অনুযোগ, নিগ্রহ। তস্লা। বাণ্ডিল। গোছা।

তাড়ি, তাড়ী, (দেশজ) সং, তালরস। তাড়িয়াত গাছ।

তাড়িত, (তাড়ি+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, আহত। শাসিত। তিরস্কৃত। উৎপীড়িত দূরীকৃত। বিদ্ধ। (তড়িৎ+ষ্ণ ভবার্থে, (Electric) সং, ক্লীং, বিদ্যুদ্ভব।

তাড়িতপদার্থ, সং, পুং, পদার্থবিশেষের ঘর্ষণদ্বারা যে উজ্জ্বল জ্যোতির্ম্ময় পদার্থ উদ্ভূত হয়, বিদ্যুৎ।

তাড়িতপরিচালক, (Conductor of Electricity) যে সকল বস্তুদ্বারা তাড়িত পদার্থ একস্থান হইতে অন্যস্থানে দ্রুতবেগে চালিত হয়।

তাড়িতবার্ত্তাবহ,(Electric Telegraph) যে বৈদ্যুতিক যন্ত্রদ্বারা শীঘ্র সংবাদ পাওয়া যায়।

তাড়িতবিয়োজন, (Electrical Repulsion) যে তাড়িত পদার্থের গুণদ্বারা লঘু বস্তু কাঁচ অথবা লাক্ষা হইতে বিযুক্ত হইয়া পড়ে তাহাকে তাড়িত বিয়োজন কহে।

তাড়িতাকর্ষণ,(Electrical Attraction) যে তাড়িত পদার্থের গুণদ্বারা লঘু বস্তু কাঁচ অথবা লাক্ষার সহিত সংযুক্ত হইয়া থাকে তাহাকে তাড়িতাকর্ষণ কহে।

তাড়িতাপরিচালক, (Nonconductor of Electricity) যে সকল বস্তু দ্বারা তাড়িত পদার্থের সঞ্চলন নিবারণ করা যায়।

তাড্যমান, (তাড়ি+শান—প্রং, য, ম—আগম) সং, পুং, না—স্ত্রীং, বাদ্য যন্ত্রবিশেষ, ঢক্কাদি। বিং, ত্রিং, বাদ্যমান, আহন্যমান,পীড্যমান। যাহাকে প্রহার, দণ্ড বা শাসন করা যাইতেছে।

তাণ্ডব, (তণ্ডু=মুনিবিশেষ+ষ্ণ—প্রং, এই মুনি প্রথমে নৃত্যপ্রণালী শিক্ষা দেন) সং, পুং—ক্লীং, নৃত্য। পুরুষের নৃত্য। উদ্ধত নৃত্য। শিবের নৃত্য।

তাণ্ডবতালিক, (তাণ্ডব=শিবের নৃত্য—তালিক [তাল=কালপরিমাণবিশেষ+ইক—প্রং] যে তাল দেয়) সং, পুং, শিবের প্রধান অনুচর, নন্দী।

তাণ্ডবপ্রিয়, (তাণ্ডব=নৃত্য—প্রিয়, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিব, মহাদেব।

তাণ্ডি, (তাণ্ডু=নৃত্যপ্রণালী শিক্ষক মুনিবিশেষ+ই—প্রং) সং, ক্লীং, নৃত্যশাস্ত্র।

তাত, (তায়্=পালনকরা+ত—ক) সং, পুং, পিতা "তাতপ্রকৃতয়ঃ সর্ব্বা অর্থমানেন পূজিতা" মহাভারত। "সম্বন্ধিনো বশিষ্টাদীনেষ তাতস্তবার্চ্চতি" উত্তরচরিত। "হা তাতেতি ক্রন্দিতমাকর্ণ্য বিষণ্ণস্তস্যান্বিষ্যন্ বেতসগূঢ়ংপ্রভবংসঃ" রঘুবংশ। পবিত্রব্যক্তি। স্নেহসূচকবাক্য। স্নেহপাত্র। "রাজ্ঞা পরীক্ষিতা তাত মৃগয়াং পরিধাবতা" মহাভারত। বিং, ত্রিং, মান্য, পূজ্য।

তাতগু, (তাত=পিতা—গু [গম্=গমন করা+উ—ক] যে গমন করে বা থাকে) সং, পুং, পিতৃব্য, খুড়া।

তাতন, সং, পুং, খঞ্জন পক্ষী।

তাতল, সং, পুং, রোগ, পীড়া। লৌহ-

নির্ম্মিত যষ্টি। রন্ধন, পাককরণ। বিং, ত্রিং, উত্তপ্ত।

তাতি, (তন্ [বংশ] বিস্তার করা+তি —প্রং। অথবা তাত+ই—অপত্যার্থে) সং, পুং, পুত্র।

তাৎ, (দেশজ) সং, উত্তাপ, তাপ।

তাৎকালিক, (তৎকাল+ষ্ণিক—ভবার্থে) বিং, ত্রিং, তৎকালসম্বন্ধি, তৎকালীন।

তাৎপর্য্য, (তৎপর=সচেষ্ট. আসক্ত+ষ্ণ্য —ভাবে) সং, ক্লীং, উদ্দেশ্য। অভিপ্রায়, মর্ম্ম, তৎপরতা। অর্থ, ভাবার্থ। ব্যাখ্যা।

তাদবস্থ্য, (তদবস্থ+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, তদবস্থতা, সেই প্রকার অবস্থায় থাকা

তাদর্থ্য, (তদর্থ=তন্নিমিত্ত+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, তদর্থতা, নিমিত্তার্থ।

তাদাত্ম্য, (তদাত্ম=তৎস্বরূপ+ষ্ণ্য—ভাবে সং; ক্লীং, তৎস্বরূপতা, অভেদ।

তাদৃক্, তাদৃশ (তাদৃশ্, তদ্=সেই—দৃশ্, দৃশ দর্শন, যাহার সেই মত দর্শন, ৬ষ্ঠী —হিং, অথবা দৃশ্ দেখা+ক্বিপ্—টক্ র্ম্ম) বিং, ত্রিং, সেই প্রকার। "উপদেশো ন দাতব্যো যাদৃশে তাদৃশে জনে"। "ননুতাদৃশা আকৃতিবিশেষা গুণবিরহিণো ভবন্তি" শকুন্তলা।

তান, (তন্=বিস্তীর্ণহওয়া+ঘঞ্—প্রং) সং, পুং, অংশ, স্বরান্তর প্রবর্ত্তক রাগস্থিতি প্রবৃত্ত্যাদি হেতু বংশাদি বাদ্য সাধ্য স্বরবিশেষ। "উদ্গাস্তুতামিচ্ছিতি কিন্নরাণাং তানপ্রদায়িত্বমিবোপগন্তুং" কুমারসম্ভব। জ্ঞানবিষয়। বিস্তৃতি, ক্লীং, বিস্তার। বিং, ত্রিং, বিষয়।

তানপুরা, (তান—পূরা) সং, বীণাকার বাদ্যযন্ত্রবিশেষ। [তনুতা, কার্শ্য।

তানব, (তনু+ষ্ণ—ভাবে) সং, ক্লীং,

তানূর, (তন্=বিস্তারকরা+ঊর—প্রং) সং, পুং, জলের ঘূর্ণা। আবর্ত্ত।

তান্ত, (তম্=ম্লানহওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, ক্লান্ত, শ্রান্ত, দুর্ব্বল, ক্ষীণ, ম্লান। বিপন্ন। শুষ্ক।

তান্তব, (তন্তু+ষ্ণ—বিকারার্থে) বিং, ত্রিং, তন্তুনির্ম্মিত। যে সকল দ্রব্যকে টানিয়া অত্যন্ত সূক্ষ্ম তার প্রস্তুত করা যায়। সং, ক্লীং, সূত্রনির্ম্মিত বস্ত্র।

তান্তবতা—যে গুণ থাকাতে কতকগুলি বস্তুকে টানিয়া তন্তু অর্থাৎ তার প্রস্তুত করা যাইতে পারে।

তান্ত্রিক, (তন্ত্র=শাস্ত্রবিশেষ+ষ্ণিক—জ্ঞানার্থে) বিং, ত্রিং, তন্ত্রশাস্ত্রসম্বন্ধীয়। তারসম্বন্ধীয়। সং, পুং, যিনি সর্ব্বশাস্ত্রে পারদর্শিতা লাভ করিয়াছেন, সুপণ্ডিত বিনিতন্ত্রশাস্ত্রমতানুযায়ী কার্য্য করেন, তন্ত্রশাস্ত্রবেত্তা।

তান্দন, সং, পুং, বায়ু, বাতাস।

তাপ, (তপ্=উত্তপ্তকরা+ঘঞ্—ভা) সং, পুং, উষ্ণতা। সন্তাপ। বিরহ জ্বর। "কুসুমচাপজতাপসমাকুলং কমলকোমল মৈক্ষত তন্মুখং" নৈষধ। ক্লেশ, মনঃপীড়া, যাতনা, আধ্যাত্মিক, আধিদৈবিক, আধিভৌতিক—দুঃখ। পী—স্ত্রীং, দাক্ষিণাত্য নদীবিশেষ, তাপ্তী নদী। যমুনা নদীর নামান্তর।

তাপক, (তপ+ণক—ক) বিং, ত্রিং, তাপজনক। সং, পুং, জ্বর।

তাপত্য, (তপতী+ষ্ণ্য-অপত্যার্থে) সং, পুং, অর্জ্জুন।

তাপন, (তাপি=উত্তপ্তকরান+অন—ভা) সং, পুং, সূর্য্য। মদনেরপঞ্চশরান্তর্গতশরবিশেষ। সূর্য্যকান্তমণি। সূর্য্যকিরণ। তাপজনন। বিং, ত্রিং, তাপজনক।

তাপনীয়,—(তপনীয়+ষ্ণ) বিং, ত্রিং, সুবর্ণনির্ম্মিত, সৌবর্ণিক।

তাপমান, (Thermometer) যে যন্ত্রে উত্তাপের পরিমাণ নিরূপণ করা যায়।

তাপস, (তপস্+ষ্ণ—প্রয়োজনার্থে) বিং, ত্রিং, তপস্বী, মুনি। সং, ক্লীং, তেজপাত

তাপসতরু } (তাপস—তরু, দ্রুম=
তাপসদ্রুম } বৃক্ষ। সং, পুং, ইঙ্গুদী বৃক্ষ। এই বৃক্ষের তৈলে তপস্বীদিগের সমস্ত কর্ম্ম নির্ব্বাহ হয় বলিয়া ইহাকে তাপসতরু বলে।

তাপসপ্রিয়, (তাপস—প্রিয়, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পিয়ালবৃক্ষ। য়া—স্ত্রীং, দ্রাক্ষা।

তাপিচ্ছ, তাপিঞ্ছ, তাপিঞ্জ (তাপিন্=সন্তপ্ত—ছদ্=আচ্ছাদন করা+অ—প্রং, তাপিঞ্জপক্ষে—জিধাতু) সং, পুং, তমালবৃক্ষ।

তাপিত, (তাপি উত্তপ্ত হওয়া+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, তাপযুক্ত, যে তাপ পাইয়াছে। দুঃখিত, খেদান্বিত।

তাপী, (তাপিন্, তপ্=উত্তপ্তকরা—ণিন্—ক। অথবা তাপ+ইন্—বিদ্যমানার্থে) সং, পুং, বুদ্ধ। বিং, ত্রিং, তাপযুক্ত। তাপজনক। "সপদিতস্য চিরান্তরতাপিণী, পরিণতির্বিষমা সমপদ্যত" নৈষধ।

তাপেয়তাড়িত (Thermal Electricity) তাড়িত বিশেষ, এই তাড়িত দ্রব্যাদি উত্তপ্ত বা বাষ্পীভূত হওন সময়ে প্রকাশ পায়।

তাম, (তন্=ম্লানহওয়া, ইচ্ছাকরা+ঘঞ্—প্রং) সং, পুং, ভয়ের বিষয়। দুঃখ। দোষ। ইচ্ছা। পাপ। চিন্তা।

তামর, (তাম=ইচ্ছা—র গ্রহণার্থ রা ধাতুজ। যাহা পানকরিতে ইচ্ছা হয়) সং, ক্লীং, জল। ঘৃত।

তামরস, (তামর=জল—সস্ [অবিকল হওয়া] বাসকরা+অ—প্রং, ৭মী—ষ অথবা তাম=অভিলাষ, ইচ্ছা—রস=দ্রব্য, যেদ্রব্য লোকে পাইতে ইচ্ছা করে) সং, ক্লীং, পদ্ম। স্বর্ণ। তাম্র। ধুস্তূর। ১২ অক্ষর ছন্দোবিশেষ। সারসপক্ষী।

তামলিপ্ত, (তাম=দুঃখ—লিপ্ত। যে দেশ দুঃখে লিপ্ত) সং, ক্লীং, স্ত্রীং, তম্‌লুক।

তামস, (তমস্+ষ্ণ—নিবাসার্থে) সং, পুং, পেচক। খল। সর্প। চতুর্থমনু। বদমায়েস, যে অনিষ্ট করিবার আশায় গৃহাদিতে অগ্নি প্রদান করে। সী—স্ত্রীং, অন্ধকার রাত্রি। কালী। বিং, ত্রিং, তামসিক, তমোগুণ সম্বন্ধীয়। গাঢ় অন্ধকারে আচ্ছন্ন। গর্হিত, নিন্দিত।

তামসিক, (তমস্+ষ্ণিক—নিবাসার্থে) বিং, ত্রিং, তামস দেখ।

তামাসা, (দেশজ) সং, কৌতুক। রহস্য।

তামিস্র, (তমিস্রা=রাত্রি+ষ্ণ) সং, পুং, তমিস্রাচারী, নিশাচর। অবমাননা বা অবজ্ঞা জনিত—ঘৃণাবিশিষ্ট কোপ, বিরক্তিসূচক রাগ। (তমিস্র+ষ্ণ—প্রং) অজ্ঞানবিশেষ। ক্লীং, অন্ধকারময় নরকবিশেষ। [ণাং. তাঁবু।

তাম্বু, (দেশজ) সং, বস্ত্রগৃহ, শিবির, কা-

তাম্র, (তম্=ইচ্ছাকরা+র—প্রং) সং, ক্লীং,তামাধাতু। কুষ্ঠরোগবিশেষ। বিং, ত্রিং, অরুণবর্ণ, তাম্রবর্ণ।

তাম্রক, (তাম্র+ক—স্বার্থে) সং, ক্লীং, তাম্র, তামা।

তাম্রকর্ণী, (তাম্র=রক্তবর্ণ—কর্ণ, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, পশ্চিমদিগের হস্তিনী।

তাম্রকার, (তাম্র—কার=যে করে, ২য়া—ষ) সং, পুং, কাঁসারি।

তাম্রকিলি, সং, পুং, রক্তবর্ণকীট বিশেষ।

তাম্রকুট্টক তাম্রকুট (তাম্র—কুট্ট=চিহ্ন। তাম্র—কূট। ইহা প্রাচীন বিদেশীয় লোকের ভাষা) সং, পুং, তামাক, ধূমপান যোগ্য পত্রবিশেষ। "সংবিদা কালকূটঞ্চ তাম্রকুটং চ ধুস্তুরম্। অহিফেনং খর্জ্জুরস তারিকা তরিতা তথা॥ ইত্যষ্টৌ সিদ্ধিদ্রব্যাণি যথা সূর্য্যাষ্টকং প্রিয়ে"। [সং, পুং,ইন্দ্রগোপকীট।

তাম্রকৃমি, (তাম্র=রক্তবর্ণ-কৃমি=পোকা)

তাম্রগর্ভ, (তাম্র=তামা—গর্ভ=উৎপত্তি স্থান) সং, স্ত্রীং, তুঁতিয়া, তুঁতে।

তাম্রচূড়, (তাম্র=রক্তবর্ণ—চূড়া, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কুক্কুট, কুঁকুড়া।

তাম্রত্রপুজ, (তাম্র—ত্রপু—জ—উৎপন্ন) সং, ক্লীং, কাংস্য, কাঁসা।

তাম্রপট্ট, তাম্রপত্র (তাম্র—পট্ট পাটা, বস্ত্র, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, তাম্রফলক।

তাম্রপর্ণী, সং, স্ত্রীং, দীর্ঘিকাবিশেষ। কর্ণাটের অন্তর্গত নদীবিশেষ। "তাম্রপর্ণীসমেতস্য মুক্তাসারং মহোদধেঃ"। রঘুবংশ। লঙ্কাদ্বীপ।

তাম্রপল্লব, (তাম্র=রক্তবর্ণ—পল্লব, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অশোকবৃক্ষ।

তাম্রপুষ্প, (তাম্র=রক্তবর্ণ—পুষ্প, ৬ষ্ঠী—হিং) সং, পুং, রক্তকাঞ্চনবৃক্ষ। ভূমিচম্পক, ভুঁইচাপা।

তাম্রলিপ্ত, সং, ক্লীং, তম্‌লুক।

তাম্রবল্লী, (তাম্র—বল্লী=লতা) সং, স্ত্রীং, মঞ্জিষ্ঠালতা।

তাম্রবৃক্ষ, (তাম্র —বৃক্ষ) সং, পুং, রক্তচন্দনবৃক্ষ।

তাম্রশিখী, (থিন্; তাম্র-শিখা=চূড়া+ইন্—অস্ত্যর্থে) সং,পুং, কুক্কুট, কুকুড়া।

তাম্রসম্পুট, (Coffin) তাম্রনির্ম্মিত বাক্স।

তাম্রসার, (তাম্র—সার সারাংশ) সং, পুং, রক্তচন্দনবৃক্ষ। ক্লীং, রক্তচন্দন।

তাম্রাকু, সং, পুং, প্রাচীন মহাদেশের অষ্টাদশবিভাগান্তর্গত বিভাগ বিশেষ।

তাম্রাক্ষ, (তাম্র—অক্ষি চক্ষুঃ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, রক্তবর্ণ চক্ষুর্বিশিষ্ট। সং, পুং, কোকিল।

তাম্রাভ,(তাম্র—আভা দীপ্তি,৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, রক্তচন্দন। [কাঁসা।

তাম্রার্দ্ধ, (তাম্র—অর্দ্ধ) সং, পুং, কাংস্য,

তাম্রিক, (তাম্র+ইক—প্রং) সং, পুং, কাঁসারি। বিং, ত্রিং, তাম্রনির্ম্মিত।

তাম্রিকা, তাম্রী; সং, স্ত্রীং, সময় নিরূপক ধাতুনির্ম্মিত যন্ত্রবিশেষ। ইহার আকার একটী বাটীর ন্যায়, এবং ইহার অধোদেশে একটী ক্ষুদ্র ছিদ্র আছে। যন্ত্রটী জলে ভাসাইয়া দিলে অধঃস্থিত ক্ষুদ্র ছিদ্র দ্বারা ক্রমশঃ বাটীর ভিতরে জল প্রবেশ করে, এবং বাটী জলে পরিপূর্ণ হইলে ডুবিয়া যায়।

তাম্বূল, (তম্=ম্লানহওয়া+ভুলচ্—প্রং ব—আগম। উ=ঊ) সং, ক্লীং, লী—স্ত্রীং, পান, নাগবল্লী।

তাম্বূলকরঙ্ক, তাম্বুলপেটিকা (তাম্বূল—করঙ্ক=নারিকেলের মালা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পানের বাটা, ডিপে।

তাম্বূলরাগ, (তাম্বূল=পান—রাগ=বর্ণ) সং, পুং, মসুরি কলাই। পানের দাগ।

তাম্বূলবল্লী, (তাম্বূল—বল্লী=লতা,৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, নাগবল্লী, পানেরগাছ।

তাম্বূলিক, (তাম্বূল+ইক—জীবত্যর্থে) সং,পুং,স্ত্রীং,তাম্বূলবিক্রয়ী। তাম্লিজাতি।

তাম্বূলী, (তাম্বূলিন্, তাম্বূল+ইন্—জীবত্যর্থে) সং, পুং, স্ত্রীং, তাম্বূলিক দেখ। "তাম্বূলীনাং দলৈস্তত্র রচিতাপানভূময়ঃ" কুমার।

তায়িক, (তায়্=পালন করা+ইক—প্রং) সং,পুং,দেশবিশেষ। বহুং,তদ্দেশীয় লোক

তার, (তৃ=পারহওয়া+ঘঞ্—প্রং) সং, পুং, উচ্চস্বর। পরিষ্কার, সুন্দর মুক্তাহার-মধ্যমণি। রজ্জু। তার। বানরবিশেষ,বালির পুত্র। উত্তরণ, ওঙ্কার,প্রণব ক্লীং, রৌপ্য। মুক্তা। ত্রিং, চক্ষুর তারা। অক্ষিকণীনিকা। নক্ষত্র। গ্রহ। বিং, ত্রিং, অতি উচ্চ। স্থূল। দীপ্তিযুক্ত। উৎকৃষ্ট, উত্তম, পরিষ্কৃত।

তারক, (তারি=পারকরান+ণক—প্রং) সং, ক্লীং, কা—স্ত্রীং, চক্ষুর তারা। নক্ষত্র। পুং, কর্ণধার। তারকাসুর। "তস্মিন্ বিপ্রকৃতাকালে তারকেন দিবৌকসঃ" কুমার। পুং, ক্লীং, ভেলা। বিং, ত্রিং. উদ্ধারক। রক্ষক, রক্ষাকর্ত্তা।

তারকজিৎ,(তারক—জিৎ=যে জয় করে, ২য়া—ষ) সং, পুং, কার্ত্তিকেয়।

তারকব্রহ্ম, (—হ্মন্) সং, ক্লীং, ষড়ক্ষর মন্ত্রবিশেষ। [সং, পুং, কার্ত্তিকেয়।

তারকারি, (তারক-অরি=শত্রু,৬ষ্ঠী—ষ)

তারকিত, (তারক+ইত—সংজাতার্থে) বিং, ত্রিং, নক্ষত্রিত, তারকাযুক্ত।
তারকিন্, (তারক+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, নক্ষত্রিত। ণী—স্ত্রীং, রাত্রি।
তারণ, (তারি=পারকরান+অন—ক, ণ, ভা) বিং, ত্রিং, যে ব্যক্তি পার করে, ত্রাণকর্ত্তা। সং, পুং, ভেলা, মাড়। বৎসর বিশেষ। ক্লীং, পারকরা। বিপদ হইতে উদ্ধার করা।
তারণি, (তৃ+অনি—ণ। যাহাদ্বারা পার হওয়া যায়) সং, স্ত্রীং, নৌকা।
তারতম্য, (তর—তম ন্যূনাধিক্য+য—ভাবে) সং, ক্লীং, ন্যূনাধিক্য, ইতরবিশেষ। "নির্ধনং নিধনমেতযোর্দ্বয়োস্তারতম্যবিধিমুগ্ধচেতসাম্ বোধনায় বিধিনা বিনির্ম্মিতা রেফ এব জয়বৈজয়ন্তিকা"।
তারপুষ্প, (তার=নির্ম্মল—পুষ্প, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কুঁদফুলের গাছ।
তারমাক্ষিক; সং, ক্লীং, রজততুল্য উপধাতুবিশেষ। [কামুক, লম্পট।
তারল, (তরল+ষ্ণ—প্রং) বিং, ত্রিং,
তারল্য, (তরল+য—ভাবে) সং, ক্লীং, তরলতা, চঞ্চলতা। পাতলা।
তারবিমলা, (তার=নক্ষত্র—বিমল=নির্ম্মল) সং, স্ত্রীং, রৌপ্যবর্ণ ধাতুবিশেষ।
তারশুদ্ধিকর, (তার=রৌপ্য—শুদ্ধিকর যে শোধন করে) সং, ক্লীং, সীসক, সীসা।
তারা, (তার=ত্রাণকর্ত্তা+আ—প্রং, যিনি সংসার দুঃখের নিস্তারকারিণী) সং, স্ত্রীং, বৌদ্ধদেবী। দুর্গা। বালীরাজার স্ত্রী, সুগ্রীব বানরের স্ত্রী। বৃহস্পতির স্ত্রী। বিশুদ্ধমুক্তা। অক্ষি কনীনিকা।
তারাধিপতি, (তারা=নক্ষত্র—অধিপতি) সং, পুং, চন্দ্র।
তারাপতি, (তারা—পতি= স্বামী, ৬ষ্ঠী—ষ) সং, পুং, চন্দ্র। শিব। বালী। সুগ্রীব। বৃহস্পতি।
তারাপথ, (তারা—পথ [পথিন্‌শব্দজ] রাস্তা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, আকাশ। নভোমণ্ডল।
তারাপীড়, (তারা—আপীড়=শিরোভূষণ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, চন্দ্র। নৃপবিশেষ।
তারাভূষা, (তারা—ভূষা=আভরণ) সং, স্ত্রীং, রাত্রি। [পুং, কর্পূর।
তারাভ্র, (তার=নির্ম্মল—অভ্র) সং,
তারামণ্ডল, (তারা—মণ্ডল=দেশ, চক্র। তারার ন্যায় যে হীরকাদি দীপ্তি পায়) সং, পুং, প্রকাণ্ড দেবমন্দির। নক্ষত্রমণ্ডল।
তারারি, (তার=অক্ষিকনীনিকা—অরি =শত্রু) সং, পুং, গন্ধকাদি বিমিশ্রিত লৌহ।
তারিক, (তর+ষ্ণিক) ভাড়া। শুল্ক।
তারিকা, (তাল+ক—যোগ। ল=র) সং, স্ত্রীং, তালরস, তাড়ী। তারা, নক্ষত্র।
তারিণী, (তারি=পারকরান+ইন্—ক ঈ) সং, স্ত্রীং, দুর্গা। ত্রাণকর্ত্রী। বৌদ্ধদেবী।
তারীষ, (তৃ=পার হওয়া+ঈষন্) সং, পুং, স্বর্গ, দেবলোক। সমুদ্র, জলধি। সুবর্ণ, স্বর্ণ। ষী-স্ত্রীং, দেবরাজের কন্যা, ইন্দ্রদুহিতা। [ক্লীং, যৌবনাবস্থা।
তারুণ্য, (তরুণ=যুবা+ষ্ণ্য—ভাবে) সং,
তারেয়, (তারা=বালীর ভার্য্যা+ষ্ণেয়—অপত্যার্থে) সং, পুং, তারাপুত্র, অঙ্গদ।
তার্কিক, (তর্ক+ইক—জ্ঞানার্থে) সং, পুং, তর্কশাস্ত্রজ্ঞ। বিং, ত্রিং, তর্কাসক্ত, তর্কশাস্ত্রাধ্যায়ী।
তার্ক্ষ, সং, পুং, কশ্যপমুনি।
তার্ক্ষ্য, (তৃক্ষ=গমনকরা+ঘ্যণ্—প্রং, কিম্বা তৃক্ষ বা তার্ক্ষ কশ্যপমুনি+ষ্ণ্য—অপত্যার্থে) সং, পুং, অশ্ব, গরুড়, গরুড়াগ্রজ, অরুণ, অর্জ্জুন। রথ। সর্প, স্বর্ণ। বৃক্ষবিশেষ, শালবৃক্ষ। "ভবন্তি নির্বিষাঃ সর্পাঃ যথা তার্ক্ষ্যস্য দর্শনাৎ"। 'জায়ন্তে বিবৃতাস্যাশ্চ ব্যাহরন্তোঽশিবা গিরঃ॥ ত্রিপদাঃ শিখিনস্তার্ক্ষ্যাশ্চতুর্দংষ্ট্রা

বিষাণিনঃ"। চক্ষুরোগ নিবারক ঔষধি-বিশেষ (Collyrium) ক্ষী—স্ত্রীং, বন্য লতাবিশেষ।

তার্ক্ষ্যধ্বজ, (তার্ক্ষ্য=গরুড়—ধ্বজ=পতাকা, চিহ্ন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিষ্ণু।

তার্ক্ষ্যনায়ক,(তার্ক্ষ্য—নায়ক=যে লইয়া যায়) সং, পুং, গরুড়।

তার্ক্ষ্যশৈল, (তার্ক্ষ্য=চক্ষুরোগ নিবারক ঔষধ—শৈল) সং, ক্লীং, দগ্ধপিত্তলচূর্ণ নির্ম্মিত,চক্ষুরোগ শান্তিকর ঔষধিবিশেষ।

তার্ত্তীয়ীক, (তৃতীয়+ঈক—স্বার্থে) বিং, ত্রিং, তৃতীয়।

তাল, (তল্=প্রতিষ্ঠিত হওয়া, উন্নত হওয়া+ঘঞ্—প্রং) সং, পুং, গানবাদ্য বিষয়ে কাল ও ক্রিয়ার পরিমাণবিশেষ। কালপরিমাণবিশেষ। বিস্তৃত অঙ্গুষ্ঠ ও মধ্যমাঙ্গুলিমিত পরিমাণ। (তাড়ি আঘাতকরা+অ—প্রং) বাদ্যবিশেষ, করতাল। করতলে২ আঘাত, করতলদ্বারা বাহুতে আঘাত। করতল। প্রসিদ্ধবৃক্ষ। কুলুপ, তালা। খড়্গমুষ্টি। ক্লীং, লেখ্যপত্র। দুর্গার সিংহাসন। হরিতাল। তালফল। "স্ফুটমকারি ফলাণ্যপি মুক্তা তদুরসি স্তনতালযুগার্পণা" নৈষধ। বিং, ত্রিং, বিস্তৃত। করতালী, তুড়ি।

তালক, (তাল দেখ, অক—প্রং। অথবা তাল+ক—যোগ) সং, ক্লীং, হরিতাল। দ্বাররোধক যন্ত্র, তালা। সুগন্ধ মৃত্তিকা।

তালকাভ, (তালক=হরিতাল—আভ=যে দীপ্তিপায়, অথবা তালক হরিতাল-আভা=দীপ্তি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, হরিতবর্ণ। [তালরস, তাড়ী।

তালকী, (তাল+ক—যোগ) সং, স্ত্রীং,

তালঙ্কু, সং, পুং, তালুই পক্ষী।

তালধ্বজ, (তাল—ধ্বজ=পতাকা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বলদেব, বলরাম। জা—স্ত্রীং,নগরীবিশেষ। তালগাছের পাতা।

তালনবমী, সং, স্ত্রীং, ভাদ্রমাসের শুক্লা-নবমী।

তালপত্র, (তাল—পত্র=পাতা, ১মা—হিং) সং, ক্লীং, কর্ণভূষণবিশেষ। ত্রী—স্ত্রীং, লতাবিশেষ, মূষিকপর্ণী লতা।

তালপুষ্পক, (তালপুষ্প+কন্) তাল-পুষ্প হইতে নির্ম্মিত নেত্র প্রলেপবিশেষ

তালভৃৎ, (তাল—ভৃ+ক্বিপ্) সং, পুং, তালধ্বজ, বলরাম।

তালযন্ত্র, (তাল—যন্ত্র) সং, ক্লীং, কুলুপ, চাবী এবং কুলুপ। ছোট সোন্না।

তালবেচনক, (তালবেচন [তাল=গান-বাদ্য বিষয়ে কালপরিমাণ—বিচ্=অবলোকন করা+অন—ভা]+ক—যোগ নিষ্প্রয়োজনার্থে) সং, পুং, নর্ত্তক, নট।

তাললক্ষা, (তাললক্ষন্, তাল—লক্ষন চিহ্ন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বলরাম।

তালবৃন্ত } (তাল=করতল—বৃন্ত=
তালবৃন্তক } বোঁটা, ৬ষ্ঠী—ষ। ক—স্বার্থে) সং, পুং,ব্যজন, পাখা। "বীজ্যতে স হি সংসুপ্তস্তালবৃন্তানিলাধিকৈঃ" কুমার

তালব্য, (তালু+ষ্ণ্য—ভবার্থে) বিং, ত্রিং, তালুসম্বন্ধীয়। পুং, তালু হইতে উচ্চারিত বর্ণ।

তালাঙ্ক, (তাল—অঙ্ক=চিহ্ন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বলরাম। মহাদেব, শিব। ক্রকচ, করাত। পুস্তক। সুলক্ষণাক্রান্ত পুরুষ। উদ্ভিজ্জবিশেষ।

তালাবচর, (তাল=গানবাদ্যবিষয়ে কাল পরিমাণ-অবচর=যে পশ্চাৎগমন করে) সং, পুং, নর্ত্তক, নট।

তালিক, (তাল=করতল+ষ্ণিক—সম্বন্ধার্থে) সং, পুং, কা—স্ত্রীং, করতালি। হাতের তেলো। বন্ধন। চপেট। মোহর করা।

তালিত, (তাল+ইনচ্) সং, ক্লীং, বাদ্যযন্ত্র। রঞ্জিত বস্ত্র, রংকরা কাপড় দড়ি। বন্ধন। [সং, পুং, পর্ব্বত

তালিশ, (তাল দেখ, ইশ—সংজ্ঞার্থে

তালী, (তাল+ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং তালগাছ।"তমালতালী বনরাজিনীলা

রঘুবংশ। তালা। তাড়ী।
তালু, (তৃ=গমনকরা+উ—প্রং, যাহা হইতে বাক্য নির্গত হয়) সং, ক্লীং, তেলুয়া, টাকরা।
তালুক. (তালু+ক—স্বার্থে) সং, ক্লীং, তালু, টাকরা। (যবনভাষা) সং, ভূম্যধিকার, জমিদারী।
তালুজিহ্ব, (তালু—জিহ্বা। তালুদ্বারা ইহার জিহ্বার কার্য্যসম্পন্ন হয় বলিয়া) সং, পুং, কুম্ভীর।
তালূর, (তাল+উর—প্রং। তালুর শব্দও হয়) সং, পুং, আবর্ত্ত, জলের ঘূর্ণা।
তাবক, তাবকীন, (তবক=তোমার+ষ্ণ ঈন—ইদমর্থে) বিং, ত্রিং, ত্বদীয়, তোমার। "তপঃ ক বৎসে ক্ক চ তাবকং বপুঃ" কুমারসম্ভব।
তাবৎ, (তদ্=সেই+বতু—পরিমাণার্থে) অং, সাকল্য "তাবৎ প্রকীর্ণাভিনবোপচারমিন্দ্রায়ুধদ্যোতিততোরণাঙ্কং" রঘুবংশ। অবধি, পরিচ্ছেদ। অবধারণ সেপর্য্যন্ত, ততক্ষণ, তদবধি। "তাবৎ প্রিয়ে মদবরোধনিদেশবর্ত্তী নেতা জনস্তব সমীপমুপৈষ্যতীতি" শকুন্তলা। তৎকালে। তৎপরিমাণ, তত। কাব্যালঙ্কার। বিং, ত্রিং, তৎসঙ্খ্যক।
তাবর; সং, ক্লীং, ধনুকের ছিলা।
তাবিষ, (তব্ [সৌত্র ধাতু]+ইষ—সংজ্ঞার্থে) সং, পুং, স্বর্গ। স্বর্ণ। সমুদ্র। ষী—স্ত্রীং, দেবকন্যা। নদী। ভূমি।
তাবুরি; সং পুং, বৃষরাশি। [ক্ষুদ্রপট।
তাস, (দেশজ) সং, ক্রীড়ার্থ চিত্রিত
তাস্কর্য্য, (তস্কর+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, তস্করতা, চৌর্য্য।
তাহা, (তদ্শব্দজ) সর্ব্বং, তৎ, সেই।
তিক্ত, (তিজ্ [ক্ষুধাকে] তীক্ষ্ণকরা+ক্ত —ক) সং, পুং, তিক্তরস। বিং, ত্রিং, তিক্তরসযুক্ত। সুগন্ধি। "যো গলে চোষমুৎপাদয়তি মুখবৈশদ্যং জনয়তি ভক্তরুচিং চাপাদয়তি হর্ষং চ স তিক্তঃ"।
তিক্তক, (তিক্ত+ক যোগ। উহাদের তিক্তাস্বাদ আছে বলিয়া) সং, পুং, পটোল চিরেতা। কাল খয়ের। নিম্ব।
তিক্তসার, (তিক্ত—সার=সারাংশ) সং, পুং, খদির।
তিগ্ম, (তিজ্+মক্—প্রং) সং, ক্লীং, বিং, ত্রিং, উষ্ণতা, উষ্ণ। কটু। তীক্ষ্ণতা। তীক্ষ্ণ। উদ্ধত। "তরুণস্তস্য পুত্রোভূৎ তিগ্মতেজাঃ মহাতপাঃ" মহাভারত।
তিগ্মরশ্মি, তিগ্মাংশু, (তিগ্ম—রশ্মি, অংশু =কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সূর্য্য।
তিঙ্গুদ, সং, পুং, বৃক্ষবিশেষ, ইঙ্গুদীবৃক্ষ।
তিজিল, (তিজ=দীপ্তহওয়া+ইলচ) সং, পুং, চন্দ্র। রাক্ষস বিশেষ। [তীব্ররস।
তিত, (তিক্ত শব্দজ) বিং, ত্রিং, কটু,
তিতউ, (তন্ [শস্তকে] বিস্তারকরা+ ইতউ—প্রং) সং, পুং, সচ্ছিদ্র বংশনির্ম্মিত পাত্রবিশেষ, চালনী। "শক্তুমিব তিতউনা পুনন্তঃ"।
তিতিক্ষা, (তিজ্=সহ্যকরা+সন্, আ— প্রং, দ্বিত্ব) সং, স্ত্রীং, ক্ষমা, সহিষ্ণুতা।
তিতিক্ষিত, (তিতিক্ষা দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহা সহ্য করা গিয়াছে, ক্ষমিত। [ত্রিং, ক্ষমাশীল, সহিষ্ণু।
তিতিক্ষু, (তিতিক্ষা দেখ, উ—প্রং) বিং,
তিতিভ ; সং, পুং, ইন্দ্রগোপকীট।
তিতিল, (তিল, গমনকরা+ক। দ্বিত্ব) সং ক্লীং, জ্যোতিষ প্রসিদ্ধ সপ্ত কারণান্তর্গত কারণ। মদ্যাধার বিশেষ। মিষ্টান্ন বিশেষ।
তিতীর্ষু, (তৄ=পারহওয়া+সন্—ইচ্ছার্থে, উ—প্রং, দ্বিত্ব) বিং, ত্রিং, তরণেচ্ছু। "তিতীর্ষুর্দুস্তরং মোহাদুড়ুপেনাস্মি সাগরম্"। রঘুবংশ।
তিত্তির, তিত্তিরি, (তিত্তি=অনুকরণশব্দ —রা [দানকরা] করা+ড—প্রং) সং, পুং, পক্ষিবিশেষ। মুনিবিশেষ, এই মুনি সর্ব্ব প্রথমে যজুর্বেদ শিক্ষা দিয়াছিলেন। যজুর্ব্বেদ। (তৈত্তিরীয় দেখ)।

তিথ, (তিথ্—প্রদীপ্তকরা +থক্—সংজ্ঞার্থে) সং, পুং, অগ্নি। কাল। মদন।

তিথি, (অৎ=গমনকরা+ইথিন্—প্রং) সং,পুং—স্ত্রীং, চান্দ্রদিবস, চান্দ্র মাসের ত্রিংশ অংশ, প্রতিপদ্ আদি। "পঞ্চমী নবমী ষষ্ঠী চতুর্দ্দশ্যষ্টমী তথা। তিথয়ো গর্হিতা হ্যেতা দষ্টস্য মরণাত্মকাঃ"। "তিথৌচ জামিত্রগুণান্বিতায়াং" কুমারসম্ভব।

তিথিক্ষয়, (তিথি—ক্ষয়=বিনাশ) সং, পুং, অমাবস্যা।

তিথিপ্রণী, (তিথি—প্র—নী=পাওয়া+ক্বিপ্—প্রং) সং, পুং, চন্দ্র।

তিন, (ত্রিশব্দজ) বিং, ৩ সংখ্যা।

তিনাশক } তিনিশ } (অতি=অত্যন্ত+নশ,নিশ্=চিন্তা করা+ণক, ক। অ—লোপ) সং, পুং, বৃক্ষবিশেষ।

তিনি, (তদ্শব্দজ) সর্ব্বং, বুদ্ধিস্থ মান্যব্যক্তি, পরোক্ষ সম্ভ্রান্তব্যক্তি।

তিন্তিড়, (তিম্=আর্দ্র হওয়া+অ—প্রং, দ্বিত্ব, ম স্থানে ড়) সং, পুং, ড়ী—স্ত্রীং, তেঁতুলগাছ। পুং, দানা বিশেষ। অম্লরস। গ্রহবৈগুণ্য। [স্ত্রীং, তেঁতুলগাছ।

তিন্তিড়িকা, (তিন্তিড়ী+ক—যোগ) সং,

তিন্তিড়ীক, (তিন্তিড়ী+ক—ইদমর্থে) সং, ক্লীং, অম্লরস। তেঁতুল ফল। পুং, ক্লীং, তেঁতুলগাছ।

তিন্তিড়ীদ্যূত, (তিন্তিড়ী=তেঁতুল—দ্যূত ক্রীড়া) সং, ক্লীং, কাঁই বিচির খেলা।

তিন্তিলী, (তিন্তিড় দেখ, ড়—ল) সং, স্ত্রীং, তেঁতুল গাছ। তিন্তিলিকা শব্দও হয়।

তিন্দু, তিন্দুক, (তিম্=আর্দ্র হওয়া+উ—প্রং) সং, পুং, গাবগাছ। কী—স্ত্রীং, গাবফল।

তিম, তিমি, (তিম্=আর্দ্র হওয়া+ই—প্রং) সং, পুং, প্রকাণ্ড মৎস্যবিশেষ। প্রথিত আছে যে এই মৎস্য দীর্ঘে শত যোজন। সমুদ্র। "নানাবিধাকারাস্তিময়ো নৈকরূপিণঃ"।

তিমিকোষ, (তিমি=মৎস্যবিশেষ=কোষ=আধার) সং, পুং, সমুদ্র।

তিমিঙ্গিল, (তিমি=গিল—[গৃ=ভোজন করা+খ] যে গেলে) সং, পুং, অতি প্রকাণ্ড মৎস্য।

তিমিঙ্গিলগিল, (তিমিঙ্গিল—গিল যে গেলে। যে তিমিঙ্গিল মৎস্যকেও গেলে) সং, পুং, অতিশয় বৃহৎ মৎস্য।

তিমিত, (তিম্+ক্ত—প্রং) বিং, ত্রিং, নিশ্চল। আর্দ্র, ভিজা ক্লিন্ন। স্থির, দৃঢ়বদ্ধ, অচল।

তিমির, (তিম্+কিরচ্—প্রং) সং, ক্লীং, অন্ধকার। নেত্ররোগবিশেষ, চক্ষুতে ছানি পড়া। বিং, ত্রিং, অন্ধকারময়। "প্রভয়া নাশয়ং স্তিমিরাণি"।

তিমিররিপু, (তিমির=অন্ধকার—রিপু=শত্রু) সং, পুং, সূর্য্য। আলোক।

তিমিষ, (তম্=ইচ্ছা করা+ইষচ্। ই-আগম) সং, ক্লীং, গ্রাম্য কর্কটী তরমুজ।

তিরশ্চী, (তির্য্যচ্+ঈ—প্রং) সং, স্ত্রীং, পক্ষিণী।

তিরশ্চীন, (তির্য্যচ্=বক্রগমন+ঈন—ইদমর্থে) বিং, ত্রিং, নোয়ান, বাঁকা, বক্র, কুটিল। আড়ভবে। "ঈক্ষমানঃ পাপেন তিরশ্চীনেন চক্ষুষা"।

তিরস্, (তৃ=গমনকরা+অস্—প্রং)অং, অন্তর্দ্ধান, অপ্রকাশ্যে। গোপনে। বক্রভাবে। অবজ্ঞা বা তিরস্কার সূচক পদ। "যা দীপ্ত্যা সূর্য্যমপি তিরস্কুরুতে"।

তিরস্করিণী, (তিরস্=অপ্রকাশ্য—কৃ=করা+ণিন্—ক) সং, স্ত্রীং, ব্যবধায়ক পট, কাণাৎ। আচ্ছাদন। পর্দ্দা। ইন্দ্রজাল বিদ্যা বিশেষ, এই বিদ্যা প্রভাবে ঐন্দ্রজালিকেরা অন্য কর্ত্তৃক অদৃশ্য হইয়া যথেষ্ট প্রদেশে বিচরণাদি করিতে পারে "ভোদ্ ইমানং জ্জেব উজ্জানবাল আনং পাস্সপরিবত্তিণী ভবিঅ তিরক্করিণী এ বিজ্জা এ পচ্ছন্না উবলহিস্সং" শকুন্তলা।

তিরস্কার—পুং } (তিরস্=কার,ক্রিয়া
তিরস্ক্রিয়া—স্ত্রীং } =করণ) সং, অনাদর, অবজ্ঞা। নিন্দা। ভৎর্সনা। গোপন। আচ্ছাদন। কঞ্চুক।

তিরস্কৃত, (তিরস্—কৃ=করা+ক্ত—র্ম) বিং, ত্রিং, অবজ্ঞাত। নিন্দিত। আচ্ছাদিত। ভৎর্সিত। দূষিত। অন্তর্হিত। গোপিত।

তিরিটি, সং পুং, আকের গাঁট।

তিরিম } সং, পুং, ধান্য বিশেষ।
তিরিয় }

তিরীট, (তৃ=পারহওয়া, উত্তীর্ণ হওয়া+কীটন্) সং, পুং, বৃক্ষবিশেষ, লোধ্রদ্রুম। ক্লীং, কিরীট, রাজমুকুট।

তিরোগত, (তিরস্=অপ্রকাশ্য—গত) অদৃশ্য, অন্তর্হিত। পলায়িত। বক্রভাবে স্থিত। "অন্বেতুকামোঽবমতাঙ্কুশগ্রহস্তিরোগতং সাঙ্কুশমুদ্বহন্ শিরঃ" শিশুপালবধ।

তিরোধান, (তিরস্=অপ্রকাশ্য—ধান=ধারণ বা পাওন) সং, ক্লীং, অন্তর্ধান, অদর্শন। আচ্ছাদন। ব্যবধান।

তিরোভাব, (তিরস্=অপ্রকাশ্য—ভূ হওয়া+ঘঞ—প্রং) সং, পুং, অন্তর্দ্ধান, অদর্শন। আচ্ছাদন। [অন্তর্হিত, অদৃষ্ট।

তিরোভূত, (তিরোভাব দেখ, ক্ত—প্রং)

তিরোহিত, (তিরস্—ধা=ধারণকরা+ক্ত-ক)বিং,ত্রিং, অন্তর্হিত। আচ্ছাদিত।

তির্য্যক্, (তিরস্—অন্চ্=গমনকরা+ক্বিপ্—প্রং) অং, বিং, বক্র, কুটিল। "তির্য্যগায়ামশোভী"। পার্শ্ব। নিরুদ্ধ।

তির্য্যক্স্রোতাঃ, (—তস্, তির্য্যক্ বক্রভাবে—স্রোতস্=গতি) সং, পুং, পশুপক্ষ্যাদি।

তির্য্যগযান, (তির্য্যক্=বক্র—যান=গমন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কুলীর, কাঁকড়া।

তির্য্যচ, তির্য্যঞ্চ, (তিরস্—অঞ্চ গমন করা+ক্বিপ্ অ—প্রং, তিরস্ স্থানে তিরী) বিং, ত্রিং, বক্রগমনশীল। সং, পুং, স্ত্রীং, পক্ষী। পশু। "লজ্জা তিরশ্চাং যদি চেতসি স্যাদসংশয়ং পর্ব্বত রাজপুত্র্যাঃ" কুমার সম্ভব।

তিল, (তিল্=স্নেহযুক্তহওয়া+অল্—প্রং) সং, পুং, শস্যবিশেষ। তদাকার চিহ্ন। সূক্ষ্মকাল। "অনুদ্যোগেন তৈলানি তিলেভ্যো নাপ্তুমর্হতি।

তিলক, (তিল দেখ, অক—প্রং) সং, পুং,—ক্লীং, গাত্রতিলক। ফোঁটা। পুং, তিলবৃক্ষ। শ্রীমান নামক বৃক্ষ। ক্লীং, মূত্রাধার। বিং, ত্রিং, শ্রেষ্ঠ।

তিলকট, (তিল+কট—প্রং) সং, পুং, তিলচূর্ণ, তিলের গুঁড়া। [তিলের খল।

তিলকল্ক, (তিল—কল্ক=খল) সং, পুং,

তিলকালক, (তিল—কাল=কৃষ্ণবর্ণ+ক—প্রং) সং, পুং, গাত্রতিল। তিলযুক্ত ব্যক্তি।

তিলকাশ্রয়, (তিলক—আশ্রয়=আশ্রয়স্থান) সং, পুং, ললাটদেশ।

তিলকিট্ট, (তিল—কিট্ট=খল, কাট) সং, ক্লীং, তিলের খল। তিলের কাট।

তিলকী, (—কিন্,-তিলক+ইন্—অস্ত্যর্থে) বিং,ত্রিং, তিলকযুক্ত, তিলকধারী।

তিলতণ্ডুলক, (তিল—তণ্ডুল+ক—প্রং। তিলতণ্ডুল মিশ্রিতের ন্যায়) সং, ক্লীং, আলিঙ্গন। তিলমিশ্রিত তণ্ডুল।

তিলতৈল, (তিল+তৈল—প্রং) সং, ক্লীং, তিলস্নেহ।

তিলপর্ণ, (তিল—পর্ণ=পত্র) সং, ক্লীং, চন্দন। তিলগাছের পাতা। পুং, টার্পিন তৈল।

তিলপর্ণিকা, তিলপর্ণী, সং, স্ত্রীং, রক্তচন্দন। [তিলকুটা।

তিলপিচ্ছট, সং, ক্লীং, তিলপিষ্টক,

তিলপিঞ্জ, (তিল+পিঞ্জ—অভাবার্থে) সং, পুং, ফলরহিত তিলবৃক্ষ।

তিলপেজ, (তিল+পেজ—অভাবার্থে) সং, পুং, শস্যরহিত তিল।

তিলরস, তিলস্নেহ, সং, পুং, তিলতৈল।

তিলাপত্যা, (তিল—অপত্য=সন্তান) সং, স্ত্রীং, কেলেজীরা। কেলেজীরা দেখিতে প্রায় তিলের সদৃশ বলিয়া ইহাকে তিলাপত্যা বলা যায়।

তিলিৎস, (তিলিৎ=গতি—স=নাশার্থ সোধাতুজ। যে জীবন বা গতিশক্তি বিনাশ করে) সং, পুং, গোকুরো সাপ। কেহ কেহ বোড়া সাপকেও তিলিৎস বলিয়া থাকেন।

তিলোত্তমা (তিল—উত্তমা=সুন্দরী স্ত্রী। বিধাতা রত্নের তিল তিল লইয়া ইহাকে নির্ম্মাণ করিয়াছিলেন বলিয়া ইহার তিলোত্তমা নাম হইল) সং, স্ত্রীং, স্বর্গীয় বেশ্যাবিশেষ। "তিলং তিলং সমানীয় রত্নানাং যদ্বিনির্ম্মিতা। তিলোত্তমেতি তত্তস্যা নাম চক্রে পিতামহঃ"।

তিলোদক, (তিল—উদক=জল) সং, ক্লীং, তিলমিশ্রিত জল, তর্পণ জল।

তিলৌদন, (তিল—ওদন=অন্ন) সং, ক্লীং, তিলমিশ্রিত পরমান্ন।

তিল্য, (তিল+ষ্য—তৎক্ষেত্রার্থে) সং, ক্লীং, তিলের ক্ষেত।

তিল্ব—(তিল্=তৈলাদি মর্দ্দনকরা+ব) সং, পুং, পাণ্ডুবর্ণ লোধ্রবৃক্ষবিশেষ।

তিষ্ঠদ্গু, (তিষ্ঠৎ [স্থা=থাকা+শতৃ—ক] যে থাকে—গো=গোরু ব্যং—স। গোরুরা দোহনার্থ যে সময়ে থাকে। ও স্থানে উ) সং, ক্লীং, সন্ধ্যাকাল। "আতিষ্ঠাদ্গু জপন্সন্ধ্যাং প্রক্রান্তামায়তীগবম্"।

তিষ্য, (ত্বিষ্=দীপ্তিপাওয়া বা তুষ্=তুষ্টিকরা+য—প্রং। উ=ই) সং, পুং, পুষ্যানক্ষত্র। (তিষ্যা=তিষ্যনক্ষত্রযুক্ত পূর্ণিমা+অ—ভবার্থে। যে মাসে পুষ্যনক্ষত্রযুক্ত পৌর্ণমাসী হয়) পৌষমাস। কলিযুগ। ষ্যা—স্ত্রীং, ধাত্রী। বিং,ত্রিং, শুভ সূচক, মঙ্গলকর।

তিষ্যক, (তিষ্য+ক—স্বার্থে। যে মাসে পুষ্যনক্ষত্রযুক্ত পৌর্ণমাসী হয়) সং, পুং, পৌষমাস।

তিষ্যপুষ্প, তিষ্যফলা (তিষ্য=কলিযুগ—পুষ্প, ৬ষ্ঠী-হিং) সং,স্ত্রীং, আমলকী।

তিহন্,সং,পুং,পীড়া,অসুখ। চাল। ধনুক।

তীক্ষ্ণ, (তিজ্=তীক্ষ্ণকরা+ন—প্রং) সং, ক্লীং,উগ্রতা। উষ্ণতা। বিষ। লোহ। যুদ্ধ। মড়ক। মৃত্যু। অস্ত্র। শীঘ্রতা। সৈন্ধব-লবণ, মুষ্কাধার, থলি (Scrotum) ধাতু। লঙ্কা। ঝাল। পুং, সোরা। ক্ষ্ণা—স্ত্রীং, অহিনির্ম্মোক, সাপের খোলস। বিং, ত্রিং, উষ্ণ। ক্ষিপ্রকারী। অনল। সশাণিত, ধারাল। বুদ্ধিমান। খর, উগ্র। আত্মত্যাগী। আত্মহত্যাকারী। ভক্ত,উপাসক

তীক্ষ্ণক—(তীক্ষ্ণ+কন্) সং, পুং, মুষ্কাধার, থলি, (Scrotum) শ্বেত সর্ষপ, রাই সরিসা।

তীক্ষ্ণকণ্টক, (তীক্ষ্ণ=ধারাল—কণ্টক, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ধুতুরাগাছ।

তীক্ষ্ণকন্দ, (তীক্ষ্ণ=উগ্র—কন্দ=মূল, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পলাণ্ডু, পেঁয়াজ।

তীক্ষ্ণকর্ম্মা, (—র্ম্মন্, তীক্ষ্ণ—কর্ম্মন্, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, কার্য্যদক্ষ, পারগ। তৎপর, উদ্যোগী।

তীক্ষ্ণগন্ধ, তীক্ষ্ণগন্ধক } (তীক্ষ্ণ—গন্ধ=ঘ্রাণ, ৬ষ্ঠী—হিং। ক—যোগ) সং, পুং, সজিনা গাছ। ছোট এলাচ। বৃক্ষবিশেষ, জিয়তী বৃক্ষ। ন্ধা—স্ত্রীং, সর্ষপ

তীক্ষ্ণতণ্ডুলা, (তীক্ষ্ণ=তীব্র—তণ্ডুল=শস্য) সং, স্ত্রীং, পিপ্পলী, পিঁপুল।

তীক্ষ্ণদংষ্ট্র, (তীক্ষ্ণ=ধারাল—দংষ্ট্র=দন্ত, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ব্যাঘ্র।

তীক্ষ্ণপত্র, (তীক্ষ্ণ—পত্র) সং, পুং, ধনে।

তীক্ষ্ণপুষ্প, (তীক্ষ্ণ=তীব্র—পুষ্প) সং, ক্লীং, লবঙ্গ। ষ্পা—স্ত্রীং, কেতকীবৃক্ষ।

তীক্ষ্ণফল, (তীক্ষ্ণ—ফল) সং, পুং, ধনে।

তীক্ষ্ণরস, (তীক্ষ্ণ—রস) সং, পুং, সোরা।

তীক্ষ্ণশূক, (তীক্ষ্ণ=ধারাল—শূক=শুঁয়া, ৬ষ্ঠী—হিং) সং, পুং, যব।

তীক্ষ্ণায়স, (তীক্ষ্ণ—অয়স্=লৌহ, ষং—

স) সং, ক্লীং, ইস্পাত। বিং, ত্রিং, ইস্পাত বিনির্ম্মিত। [বিশেষ।
তীয়র, (তীবর শব্দজ) সং, বর্ণসঙ্করজাতি-
তীর, (তীর্ [সমাপ্তহওয়া] উচ্চতা-পাওয়া+অ—প্রং) সং, ক্লীং, নদীকূল, "ভাগীরথীতীরসমাশ্রিতানাং"। তট। বাণ, শর। পুং, টিন ধাতু।
তীরভুক্তি, (তীর—ভুক্তি=এখানে সীমা অর্থ) সং,স্ত্রীং,ত্রিহুতদেশ। ইহার পশ্চিম সীমা গণ্ডকী ও পূর্ব্ব সীমা কৌশিকী নদী, দক্ষিণে গঙ্গা এবং উত্তরে হিমালয় পর্ব্বতের প্রান্তদেশ।
তীরিত, (তীর সমাপ্তহওয়া+ক্ত—ভা) সং, ক্লীং, কার্য্যসমাপন। বিং, ত্রিং, সমাপ্ত। যাহার বন্দবস্ত করা হইয়াছে। দণ্ডার্হ ব্যক্তিদিগকে দণ্ড না দেওয়া।
তীর্ণ, (তৃ=পারহওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, পারগত। উত্তীর্ণ, আপ্লুত। বিস্তৃত অতিক্রান্ত। অভিভূত।
তীর্থ, (তৃ=গমনকরা+থ—প্রং। পাপ মুক্তির জন্য লোকেরা যেখানে গমন করে) সং, পুং,—ক্লীং, পুণ্যস্থান। "তীর্থোদকঞ্চ বহ্নিশ্চ নান্যতঃ শুদ্ধিমর্হতঃ" উত্তরচরিত। ঋষিসেবিত জল। জলাবতরণিকা, ঘাট। "তীর্থেতদীয়ে গজসেতুবন্ধাৎ প্রতীপগামুত্তরতোস্য গঙ্গাং" রঘুবংশ। উপাধ্যায়, গুরু। যজ্ঞ। উপায়, স্ত্রীরজঃ। মন্ত্রী প্রভৃতি অষ্টাদশ প্রকার। শাস্ত্র। সৎপাত্র। অবতার। অঙ্গুলির অগ্রভাগ দৈবতীর্থ। কনিষ্ঠা ও অনামিকার মূলভাগ কায়তীর্থ। অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর মধ্যভাগ পৈত্রতীর্থ। অঙ্গুষ্ঠের মূলভাগ ব্রাহ্মতীর্থ। সত্য ক্ষমা দয়া দম দান ইন্দ্রিয়নিগ্রহ সরলতা সন্তোষ ব্রহ্মচর্য্য মিষ্টবাক্য জ্ঞান ধৈর্য্য পুণ্য মনঃ শুদ্ধি এই গুলি মানসিক তীর্থ। উপদেষ্টা। অবতার। যোনি, ভগ। জাহাজ। রাজার রণতরী। ব্রাহ্মণ। রোগের নিদান অগ্নি।
তীর্থকর, তীর্থকৃৎ (তীর্থ—কর,কৃৎ=যে করে) সং, পুং, শাস্ত্রকার। জিন, বৌদ্ধমত-প্রবর্ত্তক মুনি।
তীর্থরাজী, (তীর্থ=পুণ্যস্থান—রাজী=রাণী, সর্ব্বাপেক্ষা ইহাই প্রধান তীর্থ) সং, স্ত্রীং, কাশী, বারাণসী।
তীর্থবাক, (তীর্থ—বচ্ বলা+ঘঞ্—প্রং) সং, পুং, বক্র কেশ, কোকড়ান চুল।
তীর্থসেবী, (বিন্, তীর্থ—সেবী=যে[সেবা করে] সর্ব্বদা গমনাগমন করে) সং, পুং, স্ত্রীং, বকপক্ষী। বিং, ত্রিং, তীর্থবাসী
তীবর, (তৃ=পারহওয়া+বর—প্রং) সং, পুং, সমুদ্র। পুং, রী—স্ত্রীং, তিয়র। ব্যাধ। জেলে।
তীব্র, (তীব্=স্থূলহওয়া+র—প্রং) বিং, ত্রিং, অধিক। মহৎ। অসীম। দুঃসহ। উষ্ণ তীক্ষ্ণ। "তৎকালং প্রিয়জনবিপ্রয়োগজন্মা, তীব্রোপি প্রতিকৃতিবাঞ্ছয়া বিসোঢ়ঃ" উত্তরচরিত। "তীব্রাভিসঙ্গপ্রভবেনবৃত্তিং মোহেন সংস্তম্ভয়তেন্দ্রিয়ানাং" কুমার। "তীব্রোহি তাস্তাবদসহ্যরংহসো বিশৃঙ্খলং শৃঙ্খলকাঃ প্রতস্থিরে" শিশুপাল বধ। কটু, কড়া। সং, ক্লীং, আধিক্য। তীক্ষ্ণতা। উষ্ণতা তীর। টিন। পুং, শিব। ব্রা-স্ত্রীং, ভৈষজ্য লতা বিশেষ। কৃষ্ণ সর্ষপ। দূর্ব্বাবিশেষ, গণ্ডদূর্ব্বা। পূর্ব্ববাঙ্গালার নদীবিশেষ, পদ্মানদী। [স্ত্রীং, যবানী, যোয়ান।
তীব্রগন্ধা, (তীব্র—গন্ধ, ৬ষ্ঠী—হিং) সং,
তু, (তুদ্=পীড়নকরা+উ—প্রং) অং, সম্পর্ক। প্রভেদ। কিন্তু। সমুচ্চয়। আধিক্য। যদি। প্রশংসা। অধিকন্তু। পাদপূরণ। পক্ষান্তর। অবধারণ। নিয়োগ। নিগ্রহ। [অপভ্রংশ।
তুই, (ত্বম্ পদজ) সর্ব্বং, তুমি শব্দের
তুক, (তুজ্, তুঞ্জ্=পালনকরা+ক্বিপ্—প্রং) সং, পুং, অপত্য, সন্তান।
তুগা, সং, স্ত্রীং, বংশলোচন।
তুঙ্গ, (তুন্‌গ্=বলিষ্ঠহওয়া+ঘঞ্—প্রং)

বিং, ত্রিং, উগ্র। উন্নত। শ্রেষ্ঠ। "সঙ্গীতায় প্রহতমুরজা তুঙ্গমভ্রংলিহাগ্রা" মেঘদূত। "অবরুগ্নতুঙ্গসুরদারুতরৌ নিচয়েপুরঃ সুরসরিৎ পয়সাং" ভারবি। সং, পুং, নারিকেল গাছ। পর্ব্বত। পৃথিব্যাদি গ্রহের বর্ত্মের যে অংশ সূর্য্য হইতে অধিক দূরে থাকে (Aphelion of a plaent) ঙ্গী-স্ত্রীং, হরিদ্রা। রাত্রি। ঙ্গা—বংশলোচন। [ন্নাগ বৃক্ষ।

তুঙ্গক, (তুঙ্গ+ক—যোগ) সং, পুং, পু-

তুঙ্গভদ্র, (তুঙ্গ=উচ্চ, উন্নত—ভদ্র=ভাগ্যবন্ত। সং, পুং, মত্তহস্তী। দ্রা—স্ত্রীং, মহীস্থরের অন্তর্গত নদীবিশেষ।

তুঙ্গশেখর, (তুঙ্গ=উচ্চ—শেখর=চূড়া) সং, পুং, পর্ব্বত।

তুঙ্গী, (তুঙ্গিন্. তুঙ্গ+ইন্—প্রং) সং,পুং, উচ্চস্থগ্রহ। বিং, ত্রিং, উচ্চস্থানস্থিত।

তুঙ্গীশ, (তুঙ্গী=রাত্রি বা তুঙ্গ=পর্ব্বত ইত্যাদি-ঈশ=প্রভু) সং, পুং, শিব। চন্দ্র। সূর্য্য। কৃষ্ণ। [ষ) সং. পুং, চন্দ্র।

তুঙ্গীপতি, (তুঙ্গী=রাত্রি—পতি, ৬ষ্ঠী—

তুচ্ছ, (তুল=ওজনকরা+ছ—প্রং) বিং, ত্রিং, শূন্য। অল্প। বর্জ্জিত। হীন, হেয়। অসার। সং, ক্লীং, তুঁষ, ভুষি। "তুচ্ছেহস্মিন্ দ্রবিণমৃগতৃষ্ণার্ণবজলে"। [খড়।

তুচ্ছধান্যক, (তুচ্ছ—ধান্যক) সং, ক্লীং,

তুচ্ছদ্রু, (তুচ্ছ=অসার—দ্রু=বৃক্ষ) সং, পুং, এরণ্ডবৃক্ষ, ভেরেণ্ডাগাছ।

তুজ্— (তুজ্—রক্ষাকরা পাহারা দেওয়া +ক্বিপ্) সং, পুং, অপত্য সন্তান।

তুগ্ধ— (তুজ্=অনিষ্ট করা+থ) বিং, ত্রিং, অনিষ্টকারী, অপকারী। সং, পুং, দৈত্য, দানব। তুচ্ছুম—(তুচ্ছু= অনিষ্ট করা +উম) সং, পুং, ইঁদুর।

তুড্‌ডক, (তুড্‌ড্=অনাদরকরা+ণক—ক) বিং, ত্রিং, যে তুড়িয়া দেয়, যে ভৎর্সনা করে, যে তিরস্কার করে।

তুড্ডন, (তুড্ড অনট্+ভা) সং, ক্লীং, তিরস্কার, ভৎর্সনা।

তুণ্ড, (তুণ্ড্ [খাদ্যকে] ভেদকরা+অন্ —প্রং) সং, পুং, মুখ, ওষ্ঠাধর। চঞ্চু।

তুণ্ডকেরী, (তুণ্ডক=মুখ+ঈর্=গমনকরা +অন্—প্রং) সং, স্ত্রীং, কার্পাসী। তেলাকুচা।

তুণ্ডি, (তুণ্ড্ [খাদ্যকে] ভেদকরা, নাশকরা+ই—সংজ্ঞার্থে) সং, পুং, আস্য। চঞ্চু। স্ত্রীং, নাভি।

তুণ্ডিকা, (তুণ্ডী+কন্+অপ্ —স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, নাভী। তেলাকুচা।

তুণ্ডিভ, তুণ্ডিল (তুণ্ডি=নাভি+ভ, ল—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বৃহৎ নাভিযুক্ত, স্থূলোদর, ভুঁড়ো।

তুতিয়া, (তুত্থকশব্দজ) সং, তাম্রের মল, বণিক্ দ্রব্যবিশেষ। [গাছ।

তুৎ, (তুন্নশব্দজ) সং, বৃক্ষবিশেষ। তুঁৎ-

তুত্থ, তুত্থক, (তুদ্=ব্যথিত করা+থ—সংজ্ঞার্থে। ক—যোগে তুত্থক) সং, ক্লীং, তুঁতে। পুং, অগ্নি। ত্থা—স্ত্রীং, নীলগাছ। ছোটো এলাচ।

তুত্থাঞ্জন, (তুত্থ—অঞ্জন=কাজল) সং, ক্লীং, অঞ্জনবিশেষ, তুঁতিয়ার কাজল। ময়ূরকণ্ঠ।

তুন্দ, (তুদ্=পীড়াদেওয়া+অল্ প্রং, ন্—আগম) সং, ক্লীং, উদর, পেট। ন্দী—স্ত্রীং, নাভি। [সং, স্ত্রীং, নাভি।

তুন্দকূপী, (তুন্দ=উদর—কূপ=গর্ত্ত, কূয়া)

তুন্দপরিমৃজ, মার্জ্জ (তুন্দ=উদর—পরি—মৃজ্=মার্জ্জনকরা+ঘঞ্—প্রং, । যে এপাশ ও পাশ করিয়া সমস্ত সময় ক্ষেপণ করে) সং, পুং, অলস ব্যক্তি।

তুন্দি, (তুন্দ দেখ, ই—প্রং। ন্—আগম) সং, ক্লীং, উদর, ভুঁড়ি। স্ত্রীং, নাভি। পুং, গন্ধর্ব্ববিশেষ। "তং নরং বপুষি কুঞ্জরং মুখে মন্মহে কিমপি তুন্দিলং মহঃ" মল্লিনাথ।

তুন্দিক, তুন্দিভ, তুন্দিল (তুন্দ+ইক, ইভ, ইল—অস্ত্যর্থে) বিং, ত্রিং, স্থূলোদর, ভুঁড়ো।

তুন্ন, (তুদ্=ব্যথিতকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ব্যথিত। ছিন্ন। ভাগ। অনিষ্ট প্রাপ্ত। স্যূত। সং, পুং, তুঁদ্গাছ।
তুন্নবায়, (তুন্ন=ছিন্ন [বস্ত্র ইত্যাদি] — বে=সেলাই করা+ঘঞ্—ক) সং, পুং,

তুন্নসেবনী, (তুন্ন=কাটা —সেবনী=সেলাই সংযোগ) সং, স্ত্রীং, মস্তকাস্থির সংযোগস্থল, মাতার খুলির সন্ধিস্থল।
তুফান, (যবনভাষা) সং, ঝড়ঝাঁটি। প্রবল বাত্যাবিচলিত নদীতরঙ্গ।
তুমি, (ত্বম্ পদজ) সর্ব্বং, দ্বিতীয়পুরুষ।
তুমুল, তুমূল (তু=বধকরা+মুল, মূল—প্রং) সং, পুং,—ক্লীং, কলহ, গণ্ডগোল, রণসঙ্কুল,হুড়াহুড়ি। বিং, ত্রিং, অতিশয়, ঘোরতর, ভয়ানক। উৎকট। "বভূব যুদ্ধং তুমুলং জয়ৈষিণোরধোমুখৈরূর্দ্ধমুখৈশ্চ পত্রিভিঃ" রঘুবংশ। বিশৃঙ্খল। ব্যাকুল।
তুম্ব, (তুন্ব্ [পিত্তকে] বধকরা+অ—প্রং,) সং, পুং, ম্বি, ম্বী—স্ত্রীং, অলাবু, লাউ। "স্তনযুগলতুম্বীফলযুত"। ম্বা,—দোহনযোগ্যা গাভী। [লাবু, লাউ।
তুম্বক, (তুম্ব+ক—যোগ) সং, পুং, অ-
তুম্বুরী, (তুম্ব=দেখ, উর—প্রং) সং, স্ত্রীং, কুক্কুরী। ধনে।
তুম্বুরু, (তুম্ব দেখ, উরু=প্রং) সং, পুং, গন্ধর্ব্ববিশেষ। ঋষিবিশেষ। জৈনগুরুর স্বর্গীয় অনুচর বিশেষ। ক্লীং, ধনে।
তুরগ, তুরঙ্গ, তুরঙ্গম, (ত্বরা বেগ—গ, গম যে গমন করে) সং, পুং,' মনঃ। অশ্ব। "তুরগবিজয়ব্যগ্রানুর্ব্বীভিদঃ সগরাধ্বরে" উত্তরচরিত। "তুরঙ্গমানারুরুহুস্তরঙ্গিনঃ" শিশুপালবধ। "পরিস্ফুটৈস্তেষুতুরঙ্গহ্রেষিতৈঃ" শিশুপাল বধ।
তুরগী, তুরঙ্গী, (—গিন্, ঙ্গিন্, তুরগ, তুরঙ্গ+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, অশ্বসাদী, ঘোড়সোয়ার।
(তুরঙ্গ—দ্বিষণী=দ্বেষী) সং, স্ত্রীং, মহিষী, স্ত্রীমহিষ।
তুরঙ্গবক্ত্র, তুরঙ্গবদন (তুরঙ্গ=অশ্ব—বক্ত্র, বদন =মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কিন্নর, স্বর্গগায়ক। [ণার্থ অস্ত্র।
তুরপুন, (দেশজ) সং, কাষ্ঠাদি ছিদ্রকর-
তুরা—স্ত্রীং, তুর—ক্লীং, (তুর্=শীঘ্রগমন করা+অ—ভা) সং, শীঘ্র। স্ত্রীং, ত্বরা, বেগ।
তুরায়ণ, (তুরা=বেগ—অয়ন=গমন) বিং, ত্রিং, পরায়ণ, আসক্ত। সং, পুং, যজ্ঞ বিশেষ।
তুরাষাট্, (—সাহ্, তুর=বেগ ত্বরিত—সাহি=অভিভব করা+ক্বিপ্। যে বেগ অভিভব করে) সং, পুং, ইন্দ্র। "তুরাসাহং পুরোধায় ধাম স্বায়ম্ভুবং যযৌ" কুমারসম্ভব।
তুরি, তুরী, (তুল্=সদৃশহওয়া+অ—প্রং, ল স্থানে র) সং, স্ত্রীং, তন্ত্রবায়ের যন্ত্রবিশেষ, মাকু। চিত্রকারের তুলী।
তুরীয়, (চতুর্=চার+ঈয়—প্রং, নিপাতন) বিং, ত্রিং, চতুর্থ। "তুরীয়োহ্যেষ মেধ্যাগ্নি রাম্নায়ঃ পঞ্চমোঽথবা" বীরচরিত। সং, ক্লীং, পরব্রহ্ম।
তুরীয়বর্ণ, (তুরীয়=চতুর্থ—বর্ণ=জাতি, য়ং—স) সং, পুং, চতুর্থবর্ণ, শূদ্র।
তুরুস্ক, (তুর্=ত্বরাকরা+উস—প্রং, ক—যোগ) সং, ক্লীং, গুগ্‌গুলাদি গন্ধদ্রব্য। পুং, তুরকি স্থান; বহুং তুরুস্কদেশবাসী লোক। [চতুর্থ।
তুর্য্য, তূর্য্য, (চতুর্+য—প্রং) বিং, ত্রিং,
তুর্ব্বসু, (চতুর্—বসু) সং. পুং, যযাতি রাজার পুত্রবিশেষ। "যদুর্জ্যেষ্ঠস্তব সুতো জাতস্তমনু তুর্ব্বসুঃ" মহাভারত।
তুল, (তুলাশব্দজ) সং, পরিমাণ দণ্ড, দাঁড়ীপাল্লা।
তুলনা, (তুলাশব্দজ) সং, সাদৃশ্য, দৃষ্টান্ত, উপমা।
তুলসারিণী, সং, স্ত্রীং, তূণ , বাণাধার।
তুলসী, (তুলা=সাদৃশ্য—সো=নাশকরা

ড—প্রং, যাহার সাদৃশ্য নাই) সং, স্ব-নাম প্রসিদ্ধবৃক্ষ। "যস্যা দেবি তুলা নাস্তি বিশ্বেষু চাখিলেষু চ। তুলসী তেন সা খ্যাতা।"

তুলা, (তুল্=ওজনকরা+ক—ভা, ণ) সং, স্ত্রীং, ভারের পরিমাণ। স্বর্ণরৌপ্যের পরিমাণবিশেষ। ডাঁড়ী, নিক্তী। সপ্তমরাশি। সাম্য। সাদৃশ্য, তুলনা। গৃহের ঊর্দ্ধভাগস্থ কাষ্ঠ। ভাণ্ড। শতপল পরিমাণ।

তুলাকোটি, (তুলা=নিক্তী—কুট্=পরিমাণকরা+ণিন্—প্রং। ওজনদ্বারা যাহার মূল্য হয়) সং, টী—স্ত্রীং, নূপুর। "লীলাচলৎশ্রীচরণারুণোৎপলস্খলত্তুলা কোটিনিনাদকোমলঃ" শিশুপাল বধ। পরিমাণবিশেষ। অর্ব্বুদ সংখ্যা। তুলাদণ্ডের অগ্রভাগ।

তুলাকোশ, (তুলা=দাঁড়ি,—কোশ=দোষ পরীক্ষণ) সং,পুং, তুলাদণ্ডের দ্বারা দোষ পরীক্ষণ ধারাবিশেষ। এই ধারা অনুসারে, অপরাধীকে পরিমাণ দণ্ডে পুনঃ পুনঃ ওজন করা হইত। যদি প্রথমবার অপেক্ষা দ্বিতীয় বারে অপধারীর ওজন অল্প হইত তাহা হইলে অপরাধী নির্দ্দোষী বলিয়া সিদ্ধান্ত হইল। [ডাঁড়ী।

তুলাদণ্ড, সং, পুং, পরিমাণদণ্ড, নিক্তী,

তুলাধর, (তুলা=তুলারাশি—ধর= যে ধারণ করে) সং, পুং, সূর্য্য।

তুলাধার, (তুলা=নিক্তী ইত্যাদি—আধার যে আশ্রয় করে) বিং, ত্রিং, বাণিজ্যকারী। সং, পুং, তুলারাশি। তুলাদণ্ডরজ্জু। কিরণ।

তুলাধারী, (—রিন্, তুলা—ধৃ ধরা+ইন্—ক) বিং,ত্রিং, যে ব্যক্তি ওজনকরে।

তুলাপুরুষ, সং, পুং, মহাদানবিশেষ, যাহাতে আপনার ভারের পরিমাণ সুবর্ণাদি সৎপাত্রে দান করা হয়।

তুলামান, (Libration, তুলা—মান= পরিমাণ) সং, ক্লীং, তুলাদণ্ডে পরিমাণ করণ। চন্দ্রের তুলামান শব্দে চন্দ্রমণ্ডল বৃত্তি পরিবর্ত্ত; এই পরিবর্ত্তদ্বারা চন্দ্রমণ্ডলের প্রান্তসন্নিহিত কোন কোন অংশের পর্য্যায়ক্রমে আবির্ভাব ও তিরোভাব হয়।

তুলাযন্ত্র, সং,ক্লীং, তুলাদণ্ড,পরিমাণদণ্ড।

তুলাবীজ, (তুলা=ভারের পরিমাণ—বীজ) সং, ক্লীং, গুঞ্জা, কুঁচ।

তুলি, (তূল্=অনুকরণ করা+ই—প্রং) সং,লী, লিকা—স্ত্রীং, তন্ত্রবায়ের তুরী। চিত্রকরের বর্ত্তিকা, যাহার দ্বারা রং লইয়া ছবি লেখে।

তুলিত, (তুল+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহার সহিত তুলনা করা গিয়াছে, উপমিত। পরিমিত। তোলা। উৎক্ষিপ্ত। চালিত। [সিমুল তুলার বৃক্ষ।

তুলিফলা, (তুলি=তুলা—ফল) সং,স্ত্রীং,

তুল্য, (তুলা+য—সাম্যিতার্থে) বিং,ত্রিং, সদৃশ, সমান।

তুল্যপান, (তুল্য=সদৃশ—পান) সং, ক্লীং, একত্রে মদ্যাদি পান।

তুল্যবৃত্তি, (তুল্য=সমান—বৃত্তি=জীবিকা ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যে সকল লোক সমান জীবিকা অবলম্বন করে, তুল্য জীবিক।

তুল্যযোগিতা, (তুল্য—যোগিন্+তা—ভাবে) সং, স্ত্রীং, কাব্যালঙ্কারবিশেষ, যে স্থলে প্রাকরণিক কিম্বা অপ্রাকরণিক পদার্থ সমূহের গুণ, ক্রিয়া রূপ এক ধর্ম্মের সহিত সম্বন্ধ থাকে। "নিয়তানাং সকৃৎ ধর্ম্মঃ সা পুণস্তুল্য যোগিতা" কাব্যপ্রকাশ।

তুবর, (তু [পীড়া] হিংসাকরা+বর—প্রং) বিং, ত্রিং, সঙ্কোচক। শ্মশ্রুবিহীন, অল্পবয়স্ক। সং, পুং—ক্লীং, কষায় রস, কষা। রী—স্ত্রীং, সুগন্ধ মৃত্তিকা।

তুষ, তুস, (তুষ্=সন্তুষ্টকরা+অ—প্রং) সং, পুং, ধান্যাদির ত্বক্, তুঁষ। "তুষেণাপি পরিত্যক্তা ন প্ররোহন্তি তণ্ডুলাঃ"

তুষগ্রহ, (তুষ=ধান্যাদির ত্বক্—গ্রহ=যে আক্রমণ করে) সং, পুং; অগ্নি।
তুষসার, (তুষ্=তুঁষ—সার [সৃ=গমন করা+ঘঞ্—ক] যে আলিঙ্গন করে) সং, পুং, অগ্নি।
তুষানল, (তুষ—অনল=অগ্নি) সং,পুং, তুষাগ্নি। তুষাগ্নিদ্বারা অপরাধীর প্রাণদণ্ড
তুষার, (তুষ্=তুষ্টহওয়া+আর—প্রং) সং, পুং,নীহার, হিম। জলকণা, গুড়নি বৃষ্টি। বরফ। শৈত্য। দেশবিশেষ। বিং ত্রিং, শীতল। কুজঝটিকাময়। "স্নপয়ন্তী মুখং বাষ্পৈস্তুষারৈরিব পঙ্কজম্" "লঘুতুষারতুষারজলশ্চ্যুতধৃতসদান সদাননদন্তিনং" ভারবি।
তুষারমূর্ত্তি, তুষারাংশু, (তুষার=শীতল—মূর্ত্তি=আকৃতি, অংশু কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, হিমাংশু, চন্দ্র।
তুষারাদ্রি, (তুষার—অদ্রি=পর্ব্বত) সং, পুং, হিমালয়পর্ব্বত।
তুষিত, (তুষ্+ইত—প্রং) সং, পুং, ৩৬ সংখ্যক গণদেবতাবিশেষ। [আহ্লাদিত।
তুষ্ট, (তুষ+ক্ত—ক) বিং, ত্রিং, তৃপ্ত।
তুষ্টি, (তুষ্+ক্তি—ভা) সং, স্ত্রীং, সন্তোষ, তৃপ্তি। হর্ষ। মাতৃকাবিশেষ। "তুষ্টিং নীতাঃসর্ব্বে। ভক্ষয়ামাস রাজেন্দ্র ন চ তুষ্টিং জগাম সঃ"। [ক্লীং, ধূলি, রজঃ।
তুস্ত, (তুস্=শব্দকরা+ক্ত—প্রং) সং,
তুহিন, (তুহ্=পীড়াদেওয়া+ইন—প্রং) সং, ক্লীং, হিম। জ্যোৎস্না। বিং, ত্রিং, শীতল।
তুহিনদীধিতি, (তুহিন=শীতল—দীধিতি কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চন্দ্র।
তুহিনাংশু, (তুহিন=শীতল—অংশু=কিরণ, ৬ষ্ঠী—হিং)সং,পুং, চন্দ্র। কর্পূর।
তুহিনাচল, তুহিনাদ্রি } (তুহিন—অদ্রি অচল=পর্ব্বত) সং, পুং, হিমালয়পর্ব্বত। "আঃ শৈত্যং তুহিনাচলস্য করয়োরিত্যূচিবান্ সস্মিতং শৈলান্তঃ পুরমাতৃমণ্ডলগণৈ দৃষ্টোহবতাৎ বঃশিবঃ"।

তূণ—পুং, তূণী—স্ত্রীং, তূণীর—পুং, } (তূণ্ [বাণের সহিত] পূর্ণহওয়া+অল্ ঈর্—প্রং) সং, বাণরাখিবার চোঙ্গা। ণি, ণী—স্ত্রীং, সঙ্কোচ।
তূণক; সং,ক্লীং, ১৫ অক্ষর ছন্দোবিশেষ, এই ছন্দে অযুগ্ম বর্ণ সমুদায় গুরু এবং যুগ্ম বর্ণ সমূহ লঘু।
তূতক, সং, ক্লীং, তুঁতিয়া। [বাদ্য যন্ত্র।
তূর, (ত্বর্ শীঘ্রগমনকরা+অ প্রং) সং,ক্লীং,
তূর্ণ, (ত্বর্+ক্ত—ক) ত্রিং—বিং, ক্লীং, শীঘ্র, দ্রুত। বিং, ত্রিং, সত্বর। [বেগ।
তূর্ণি, (ত্বর্+নি—প্রং) সং, পুং, ত্বরা,
তূর্য্য, (চতুর=চার+য—প্রং) সং, ক্লীং, বিবিধ বাদ্য যন্ত্র।
তূর্য্যখণ্ড, সং,পুং, বাদ্যবিশেষ, দগড়বাদ্য
তূর্য্যাচার্য্য, (তূর্য্য—আচার্য্য=গুরু) সং,পুং, যিনি বাদ্যবিষয়ে শিক্ষা প্রদান করেন্।
তূর্য্যাজীব, (Musician, তূর্য্য=বাদ্য—আজীব=জীবিকা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বাদ্যব্যবসায়ী।
তূল, (তূল্=ওজনকরা+অল্—প্রং) সং, পুং—ক্লীং, কার্পাস। শিমুলফুল। "তৃণাদপি লঘুস্তূল স্তূলতো যাচকো লঘুঃ ন নীতো বায়ুনা যেন কিঞ্চিৎপ্রার্থনশঙ্কয়া" ক্লীং, আকাশ। পুং, তুঁতগাছ।
তূলক, (তূল+ক—যোগ) সং, ক্লীং, কার্পাস।
তূলকার্ম্মুক, (তূল—কার্ম্মুক=ধনুঃ) সং, ক্লীং, তুল ফোড়া ধনুক, ধুন্ খারা।
তূলনালী, তূলনালিকা } (তূল—নালী—প্রং। ক—যোগে তূলনালিকা) সং, স্ত্রীং, তূলার পাঁইজ।
তূলবৃক্ষ, সং, পুং, শিমুলগাছ।
তূলশর্করা, (তূল—শর্করা=বালি বা কাঁকর) সং, স্ত্রীং, কার্পাসের বীচ।
তূলসেচন, (তূল—সিচ=সেচনকরা+অনট্—ভা) সং, ক্লীং, সূত্রকর্ত্তন, কাটনাকাটা।

তূলি, তূলিকা, (তূল্+ই—প্রং, ক—যোগ) সং,স্ত্রীং,তুরী, বর্ত্তিকা,চিত্রসাধনী।
তূবর, (তূ=হিংসাকরা+বর—প্রং) সং, পুং, শ্মশ্রুহীন পুরুষ। কষায় রস। শৃঙ্গহীন বৃষ।
তূষ্ণীম্, (তুষ্=সন্তুষ্টকরা বা হওয়া+নীম্—প্রং) বিং, ত্রিং, মৌন, নীরব।
তূষ্ণীক, (তূষ্ণীম্+ঈক—প্রং) বিং, ত্রিং, নীরব, মৌনী।
তূষ্ণীম্ভাব, (তূষ্ণীম্ নীরব—ভাব=হওন) সং, পুং, চুপ করিয়া থাকা।
তূষ্ণীম্ভূত, (তূষ্ণীম্—ভূত=হইয়াছে)বিং, ত্রিং, নীরব, মৌনী।
তূষ্ণীংশীল, (তূষ্ণীম্=নীরব—শীল=স্বভাব, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নীরব। গম্ভীরস্বভাব।
তূস্ত, (তূস=শব্দ করা+ক্ত—প্রং) সং, ক্লীং, ধূলি, রেণু। জটা। সূক্ষ্ম, পরমাণু। পাপ।
তৃত্থ, সং, ক্লীং, জাতিফল, জায়ফল।
তৃণ, ত্রিণ, (তৃহ=হিংসাকরা+ণ—প্রং, হ—লোপ। পশুরা যাহাকে নষ্ট করে) সং, ক্লীং,ঘাস খড় প্রভৃতি। "প্রশমনায় বিধায়তৃণামূন্ জ্বলতিতত্রষড়্‌জ্‌ঝিতুমৈহত" নৈষধ। "তৃণৈগুর্ণত্বমাপন্নৈর্বধ্যন্তে মত্ত দন্তিনঃ"।[তৃণাচ্ছাদিত গৃহ, খড়োঘর।
তৃণকুটী, (তৃণ—কুটী=ক্ষুদ্র গৃহ) সং,স্ত্রীং,
তৃণকেতু, (তৃণ—কেতু—পতাকা) সং, পুং, বংশ, বাঁশ। তালগাছ।
তৃণগোধা, (তৃণ—গোধা=গোসাপ) সং, স্ত্রীং, কীট। কৃকলাস। কাঁকলাস।
তৃণজম্ভ, (তৃণ—জম্ভ=খাদ্য বা দন্ত) বিং, ত্রিং, তৃণভক্ষক। হরিতবর্ণ দন্তবিশিষ্ট।
তৃণজীবী, (Herbivorous, তৃণজীবিন্, তৃণ—জীবী=যে বাঁচে) বিং, ত্রিং, সে সকল পশু তৃণ ভক্ষণ করিয়া দেহ ধারণ করে। [তৃণত্ব। ধনুক।
তৃণতা, (তৃণ+তা—ভাবে) সং, স্ত্রীং,
তৃণধান্য, সং, ক্লীং, নীবার, উড়িধান।
তৃণধ্বজ, (তৃণ—ধ্বজ=পতাকা) সং, পুং, বংশ, বাঁশ।
তৃণপূলী, (তৃণ—পূল্=একত্রকরা+অ—প্রং) সং, স্ত্রীং, চাঁচ, দরমা।
তৃণমৎকুণ ; সং, পুং, প্রতিভূ, জামিন।
তৃণরাজ, (তৃণ—রাজন্=রাজা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, তালগাছ। নারিকেল গাছ।
তৃণবৎ, (তৃণ+বতু—তুল্যার্থে) অং, তৃণ তুল্য, তৃণের মত।
তৃণবিন্দু ; সং, পুং, মুনিবিশেষ।
তৃণ-শূন্য, সং, ক্লীং, মল্লিকাপুষ্প। কেতকীপুষ্প। বিং, ত্রিং, তৃণরহিত।
তৃণষট্‌পদ, (তৃণ—ষট্‌পদ=ছয় পা। যে ষট পদবিশিষ্ট কীট মাঠে তৃণের উপর দিয়া গমন করে। সং, পুং, বোল্‌তা।
তৃণস, (তৃণ+স—প্রং) বিং ত্রিং, তৃণপূর্ণ, তৃণবহুল। [স্ত্রীং, কদলীবৃক্ষ।
তৃণসারা, (তৃণ—সার=সারাংশ) সং,
তৃণসিংহ, সং, পুং, কুঠার, কুড়ুল।
তৃণহর্ম্ম্য, (তৃণ—হর্ম্ম্য=প্রাসাদ) সং, পুং, তৃণাচ্ছাদিত গৃহ, পর্ণ কুটীর।
তৃণাঙ্কন, (তৃণ—অঙ্কন) সং, পুং, গিরগিটে। [খাগড়া, শর।
তৃণেক্ষু, (তৃণ—ইক্ষু=আক) সং, পুং,
তৃণোদ্ভব, (তৃণ—উদ্ভব=উৎপন্ন) সং, পুং, নীবার, উড়িধান, বিনাচাষে যে ধান্য উৎপন্ন হয়।
তৃণৌকঃ (তৃণৌকস্, তৃণ—ওকস্=বাসস্থান) সং, ক্লীং, তৃণনির্ম্মিত গৃহ।
তৃণ্যা, (তৃণ+য—সমূহার্থে) সং, স্ত্রীং, তৃণরাশি, তৃণসমূহ।
তৃতীয়, (ত্রি=তিন+তীয়—পূরণার্থে, ত্রি স্থানে তৃ) বিং, ত্রিং, তিনের পূরক। য়া—স্ত্রীং, তিথিবিশেষ।
তৃতীয়াকৃত, (তৃতীয়—আকৃত=আকৃষ্ট) বিং, ত্রিং, তিনবার কৃষ্ট ক্ষেত্রাদি।
তৃতীয়াপ্রকৃতি, (তৃতীয়—প্রকৃতি=স্বভাব) সং, স্ত্রীং, নপুংসক, ক্লীব।
তৃপৎ,—(তৃপ্=সন্তুষ্টকরা+অতি নিপা-

তন) সং, পুং, চন্দ্র। আতপ-নিবারণার্থে মহিলাগণ কর্ত্তৃক ব্যবহৃত ক্ষুদ্র ছত্র।

তৃপ্ত, (তৃপ্=তৃপ্তহওয়া+ক্ত-ক) বিং, ত্রিং, সন্তুষ্ট। আহ্লাদিত। পূর্ণাভিলাষ। হৃষ্ট।

তৃপ্তি, (তৃপ+ক্তি—ভা) সং, স্ত্রীং, তৃষ্ণাক্ষয়, সন্তোষ। ক্ষুন্নিবৃত্তি। আহ্লাদ "বুভুক্ষিতানাং দীনানাং নাতৃপ্তিরুপলভ্যতে"। [রক্) সং, পুং, ঘৃত, ঘী।

তৃপ্র, (তৃপ=সন্তুষ্ট, তুষ্টি সম্পাদনকরা+

তৃফলা, (তৃ=তিন—ফল) সং, স্ত্রীং, হরীতকী আমলকী এবং বয়ড়া এইতিনফল

তৃফূ,—(তৃফ=হিংসা করা, অনিষ্ট করা +উ) সং, পুং, সর্পজাতি, সাপ।

তৃষ্, তৃষা, তৃষ্ণা (তৃষ্=তৃষ্ণার্ত্তহওয়া+ক্বিপ্—আ, ন—ভা)সং,স্ত্রীং, পিপাসা। ইচ্ছা। লোভ। কামপুত্রী। "লোভো জনয়তে তৃষাম্। তৃষার্ত্তো দুঃখমাপ্নোতি পরত্রেহচ মানবঃ" হিতোপদেশ।

তৃষাহ, (তৃষ=পিপাসা—আ—হন্=বধকরা+ড—ক) সং, ক্লীং, জল।

তৃষিত, (তৃষা+ইত—জাতার্থে)বিং, ত্রিং, তৃষ্ণাযুক্ত, পিপাসু। লুব্ধ। ইচ্ছুক।

তৃষ্ণক্, (তৃষ্ণজ্, তৃষ্+নজ্—ক) বিং, ত্রিং, পিপাসু। লোভী। ইচ্ছুক।

তৃষ্ণাক্ষয়, (তৃষ্ণা=পিপাসা, লোভ—ক্ষয় বিনাশ, ৬ষ্ঠী—ষ+৬ষ্ঠী—হিং) সং, পুং, পিপাসার শান্তি। তৃপ্তি। শান্তি। শম।

তেঁতুল, (তিন্তিড়ীশব্দজ) সং, বৃক্ষাম্ল।

তেজঃ, (তেজস্, তিজ্=তীক্ষ্ণকরা+অস্ প্রং) সং, ক্লীং, তীক্ষ্ণতা। আলোক, দীপ্তি। প্রতাপ। প্রভাব, পরাক্রম, পৌরুষ, শক্তি। রেতঃ, শুক্র। ঘৃত। স্বর্ণাদিধাতু। ব্রহ্ম। প্রাণাত্যয়েও অধিক্ষেপাদির অসহন।"রাজাস্বতেজোভিরদহ্যতান্তর্ভোগীব মন্ত্রৌষধিরুদ্ধবীর্য্যঃ" পুং, অগ্নি সূর্য্যাদি।

তেজন, (তিজ্=তীক্ষ্ণকরা+অনট্—প্রং) সং, ক্লীং, তীক্ষ্ণকরণ। বাঁশ।

তেজনক, (তেজন+ক—যোগ) সং, পুং, শর, খাগড়া।

তেজপত্র, (তেজ=তীক্ষ্ণ—পত্র, য়ং—স) সং, ক্লীং, তেজপাত।

তেজস্কর, (তেজস্=দীপ্তি ইত্যাদি—কর =যে করে) বিং, ত্রিং, তেজোবৃদ্ধিকারক, তেজাল।

তেজস্বান্, (তেজস্বৎ, তেজস+বতু—অস্ত্যর্থে) বিং, ত্রিং, প্রভাববান্, বলশালী। তেজোবিশিষ্ট।

তেজস্বী, (তেজস্বিন্, তেজস্+বিন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, প্রভাবশালী, বলবান্। তেজোবিশিষ্ট। "তেজস্বিনস্তব পিতা তথৈবচ তপস্বিনঃ" মহাভারত।

তেজিত, (তিজ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, শাণিত। মার্জ্জিত। উত্তেজিত।

তেজীয়ান্, (তেজীয়স্, তেজস্+ঈয়স্—অত্যর্থে) বিং, ত্রিং, অত্যন্ত তেজস্বী।

তেজোময়, (তেজস্+ময়ট্—প্রচুরার্থে) বিং, ত্রিং, জ্যোতির্ম্ময়, তেজঃপূর্ণ। উজ্জ্বল।

তেজোরূপ, (তেজস্ [স্বর্গীয়] দীপ্তি—রূপ=মূর্ত্তি) সং, ক্লীং, ব্রহ্ম।

তেজোবৎ, (তেজস্+বতু+-অস্ত্যর্থে) বিং, ত্রিং, উগ্র, ঝাল। তীক্ষ্ণ। উজ্জ্বল। বতী—সং, স্ত্রীং, গজপিপ্পলী।

তেতাল্লিশ, (ত্রিচত্বারিংশৎ শব্দজ) বিং, সংখ্যাবিশেষ, ৪৩।

তেত্রিশ, (ত্রয়স্ত্রিংশৎ শব্দজ) বিং, সংখ্যাবিশেষ, ৩৩। [অং, তাদৃশ।

তেন, (তদ্=সেই+তৃতীয়া স্থানে এন)

তেম, (তিম্=আর্দ্রহওয়া+ঘঞ—ভা) সং,পুং, আর্দ্রকরণ, ভিজান। আর্দ্রীভাব

তেমন, (তিম=দেখ, অনট্—ভা) সং, ক্লীং, আর্দ্রকরণ। আর্দ্রীভাব। চাটনীবিশেষ। নী—স্ত্রীং, ধূমনির্গমমার্গ, চিমনী। (দেশজ) বিং, সেই প্রকার, তথাবিধ।—নি (তেমন—ই) তাদৃশ, তদনুরূপ। [সংখ্যা, ১৩।

তের, (ত্রয়োদশ শব্দজ) বিং, ত্রয়োদশ

তেল, (তৈলশব্দজ) সং, সর্ষপাদির রস।
তেলি (ঐ) সং, বর্ণসঙ্কর জাতিবিশেষ।
তেবন, (তেব্=ক্রীড়া করা+অনট্—ভা) সং, ক্লীং, ক্রীড়াবন, কেলিকানন ক্রীড়া, খেলা।
তক্ষ্ম্য, (তীক্ষ্ণ+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, তীক্ষ্ণতা,। উত্তাপ। উগ্রতা। নিষ্ঠুরতা।
তৈজস, (তেজস্=দীপ্তি+ষ্ণ—ইদমর্থে) বিং, ত্রিং, পিত্তলাদি ধাতু নির্ম্মিত বস্তু। অগ্নিময়। উজ্জ্বল,তেজোময়।"বৈরাজানামতেলোকাস্তৈজসাঃ সন্ত তে ধ্রুবা" উত্তর চরিত। ক্ষমতাশীল, তেজী। সং, ক্লীং, ঘৃত। স্বর্ণাদি ধাতু। প্রচণ্ডতা। তেজঃ।
তৈজসাবর্ত্তিনী, (তৈজস্—আবর্ত্তিনী=গলাইবার পাত্র) সং, স্ত্রীং, ধাতুদ্রব্য গলাইবার পাত্র বা মুচী।
তৈতিল, (তিতিল+ষ্ণ—যোগ) সং, পুং, গণ্ডার। ক্লীং, বব বালব প্রভৃতি করণের অন্তর্গত চতুর্থ করণ।
তৈত্তির, (তিত্তিরি+ষ্ণ—সমূহার্থে) সং, পুং, তিত্তিরিপক্ষী। গণ্ডার। ক্লীং, তিত্তিরিপক্ষিসমূহ।
তৈত্তিরীয়ক, (তৈত্তিরীয়া+ক—যোগ) সং, পুং, যে ব্যক্তি তৈত্তিরীয় শ্রুতি জানে।
তৈত্তিরীয়া, (তিত্তিরি=যজুর্ব্বেদ+ঈয়—প্রং) সং, স্ত্রীং, বেদের শাখাবিশেষ।
তৈম, (Cetacca, তিমি+ষ্ণ—তুল্যার্থে) সং, পুং, তিমিদৃশ জীব, যথা—তিমি, শুশুক।
তৈর্থিক, (তীর্থ=দর্শনশাস্ত্র+ষ্ণিক—কৃতার্থে) সং, ত্রিং, শাস্ত্রকার গৌতম কপিল কণাদ প্রভৃতি।
তৈল, (তিল+ষ্ণ—বিকারার্থে) সং, ক্লীং, তিলাদি নিঃসৃত স্নেহ পদার্থ, তেল। সর্ষপ প্রভৃতি নিঃসৃত স্নেহ পপার্থেও তৈল শব্দ ব্যবহৃত হইয়া থাকে "সর্ব্বেভ্যস্থিহতৈলেভ্যস্তিলতৈলং প্রশস্যতে। প্রত্যয়বিশেষ, তিলাতি শব্দের উত্তর স্নেহ অর্থে এই প্রত্যয় হইয়া থাকে। যথা তিলতৈল।
তৈলকার, (তৈল--কার=যে করে) সং, পুং, তেলি, কলু।
তৈলকিট্ট, (তৈল—কিট্ট=কাট, ৬ষ্ঠী-ষ) সং, ক্লীং, তেলের কাট, খোল।
তৈলঙ্গ, সং, পুং, উড়িষ্যার দক্ষিণ হইতে মান্দ্রাজ পর্য্যন্ত বঙ্গোপসাগর কূলবর্ত্তী ভূভাগ (Carnatic) পুং, বহুং, তত্রত্য অধিবাসী।
তৈলচৌরিকা, (তৈল=তেল—চুর্=চুরি-করা+ণক—প্রং। তৈলচোরিকাও হয়) সং, স্ত্রীং, তেলাপোকা, আর্সুলা।
তৈলদ্রোণী, (তৈল—দ্রোণী=জলতুলিবার মশক) স্নানার্থ তৈলাধার।
তৈলপর্ণিক—ক্লীং, } (তিলপর্ণী=চন্দন
তৈলপর্ণী—স্ত্রীং, } কাষ্ঠ+ক-যোগ)
সং, চন্দনবিশেষ, হরিচন্দন।
তৈলপা, তৈলপায়িকা (তৈল--পা=পান করা+অ, অক—ক) সং, স্ত্রীং, তেলাপোকা, আর্সুলা।
তৈলপিপীলিকা, সং, স্ত্রীং, পিপীলিকাভেদ, পিপীড়া।
তৈলপিষ্টক, সং, পুং, তৈলকিট্ট, খলি, [খোল।
তৈল-ফল, সং, পুং, লোহিতবর্ণ। লা—স্ত্রীং, ইঙ্গুদীবৃক্ষ। বিভীতক বৃক্ষ।
তৈলবট, (দেশজ) কোন অধ্যাপকের নিকট ব্যবস্থা লইবার পূর্ব্বে তাঁহার পরিশ্রমের মূল্যস্বরূপ দেয় অর্থ।
তৈলভাবিনী, সং, স্ত্রীং, জাতিপুষ্পবৃক্ষ।
তৈলমালী, (তৈল—মালা) সং, স্ত্রীং, পলিতা, বর্ত্তি, শলিতা।
তৈলম্পাত, (তৈল—পত+ঘঞ্) বিং, ত্রিং, তৈলামিশ্রিত। তা-স্ত্রী, স্বধা।
তৈলসাধন, সং, ক্লীং, গন্ধদ্রব্যবিশেষ। কাকলানামে খ্যাত।
তৈলস্ফটিক, (Amber) এক প্রকার মসৃণ স্বচ্ছ অথচ কঠিন উদ্ভিদ পদার্থ, ইহা

সমুদ্রের উপকূলে জন্মে। তৃণমণি,তৃণগ্রাহী।
তৈলাকর, (তৈল—আকর=উৎপত্তি স্থান) সং, পুং, তিলসর্ষপাদি।
তৈলাগুরু, সং, ক্লীং, দাহাগুরু।
তৈলাক্ত, বিং, ত্রিং, তৈললিপ্ত, স্নেহাক্ত।
তৈলাটী, (তৈল—অট্ গমনকরা+অ—প্রং ঈপ্) সং, স্ত্রীং, বোল্‌তা। বরটা। তৃণষট্পদ।
তৈলাম্বুকা,(তৈল—অম্বু [জল] পানীয়+ক—যোগ) সং, স্ত্রীং, তেলাপোকা। আরসলা। তৈলপায়িকা।
তৈলক, তৈলী (তৈল+ইক, ইন্—প্রং) সং, পুং, তৈলকার, কলু। তেলি।
তৈলিণী,সং স্ত্রীং,কীট বিশেষ। দশাবর্ত্তি।
তৈলিশালা, সং, স্ত্রীং, যন্ত্রগৃহ, কলুরঘর। তৈলিক যন্ত্র।
তৈলীন (তিল+ঈন—তৎক্ষেত্রার্থে) সং, ক্লীং, তিল বপনের উপযুক্ত ক্ষেত্র। তিলক্ষেত্র।
তৈষ,(তৈষী তিষ্য অর্থাৎ পুষ্যানক্ষত্র-যুক্তা পৌর্ণমাসী+ষ্ণ-তদযুক্তকালার্থে) সং, পুং, পৌষমাস। ষী—স্ত্রীং, পুষ্য-নক্ষত্রযুক্তা পৌর্ণমাসী। পৌষীপূর্ণিমা।
তৈক্ষ্ণ, (তীক্ষ্ণ+ষ্ণ ভাবার্থে) সং, ক্লীং, তীক্ষ্ণতা, নিদাঘ। ঔষ্ম্য।
তোক, (তু বৃদ্ধিকরা+ক—প্রং) সং, ক্লীং, অপত্য, ছোট ছেলে বা মেয়ে। অল্পবয়স্ক পুত্রকন্যা।
তোক্ম, (তক্=স্পর্দ্ধা করা+ম—প্রং। অ=ও) সং,পুং, হরিদ্ যব, অপক্ক যব। হরিদ্বর্ণ। পল্লবাদ্যঙ্কুর। ক্লীং, কাণের খল। মেঘ।
তোটক, সং, ক্লীং,দ্বাদশাক্ষরপাদছন্দ, যে ছন্দের প্রত্যেক চরণে ১২টী করিয়া অক্ষর থাকে। বদ তোটকমব্ধিসকারযুত
তোড়, (দেশজ) (তুড়=আঘাতকরা) অতিশয় জলবেগ। প্রবাহের প্রাবল্য।
তোড়ক, (তুড়=আঘাতকরা+অক-ক) বিং, ত্রিং, যে ভাঙ্গিয়া ফেলে।
তোড়ন,(তুড়্=আঘাতকরা,অনট্—ভা) সং, ক্লীং, ভাঙ্গিয়া ফেলা। ভাঙ্গন। খণ্ডন। তিরস্করণ। [ভৃগু।
তোড়ণী, (দেশজ) নদ্যাদির ভগ্নতীর।
তোড়া, (দেশজ) সং, থলিয়া, বল্গী।
তোড়াণী (দেশজ) আমানী। টাকা ভাঙ্গান।
তোৎলা, (দেশজ) বিং, অস্পষ্ট বাক্অস্ফুট-ভাষী। জড়বক্তা।
তোত্র, তোত্ত্র (তুদ্=পীড়াদেওয়া+ত্র—ণ)সং,ক্লী, গবাদি তাড়নদণ্ড। প্রাজন। পাঁচন বাড়ী। অঙ্কুশ। ডাঙ্গস।
তোত্রবেত্র, সং, ক্লীং বেত্রযষ্টি, দণ্ড।
তোদ, (তুদ্+ঘঞ্—প্রং) সং, পুং, পীড়া, ব্যথা। বেদনা।
তোদন, (তুদ্+অনট্—ণ,ভা) সং, ক্লীং, তোত্রি। অঙ্কুশ। প্রাজন। মুখ। বেদনা, পীড়া। [কামান।
তোপ, (যবনভাষা) সং, আগ্নেয় অস্ত্র,
তোপড়া, (দেশজ) পুলিন্দা, গাঁটরি, পুঁটলি।
তোবড়ন, (দেশজ) সঙ্কুচন, কোঁকড়ান। শুষ্ক হওয়া।
তোমর, (তু [তু=হিংসাকরা+রিচ্—প্রং] যে হিংসাকরে—মৃ=মরা+অ—প্রং) সং,ত্রিং,অস্ত্রবিশেষ। শাবল। হস্তক্ষেপ্য সশল্যদণ্ড। রায়বাঁশ।
তোমরগ্রহ, (তোমর—গ্রহ=যিনি গ্রহণ করেন) সং, পুং, গদাধারী, যোদ্ধা।
তোমরধর, (তোমর—ধর=যে ধরে) সং, পুং, অগ্নি। তোমরধারী। গদাধারী।
তোমার,(দেশজ, ত্বদ্শব্দজ) ত্বদীয়। তব।
তোয়, (তায়্=পালনকরা+অ—প্রং, আ=ও[তু=বেষ্টনকরা+কোয়]—অথবা তো=পূরণ—য[যা যাওয়া—অ—প্রং) যে যায়। পরিপূর্ণ করিবার জন্য যে যায়) সং, ক্লীং, জল। পূর্ব্বাষাঢ়া নক্ষত্র।
তোয়কাম, (তোয়=জল—কাম=ইচ্ছা।

যে জলকে অভিলাষ করে) সং, পুং, জলবেতস। বিং, ত্রিং, জলাভিলাষী।
তোয়কৃচ্ছ্র, (তোয়=জল—কৃচ্ছ্র=ব্রত) সং,ক্লীং, জলমাত্র পানরূপ ব্রতবিশেষ।
তোয়ডিম্ব, (তোয়=জল—ডিম্ব) সং, পুং, করকা, শিল। বর্ষোপল।
তোয়দ, (তোয়—দ=যে দান করে, ২য়া—ষ) সং, পুং, মেঘ, জলদ। ক্লীং ঘৃত। বিং ত্রিং, জলদানকর্ত্তা।
তোয়দাগম, (তোয়দ—আগম=আগমন, ৭মী—হিং) সং, পুং, মেঘাগম, বর্ষাকাল
তোয়ধর, (তোয়=জল—ধর=যে ধারণ করে, ২য়া=ষ) সং, পুং, মেঘ, জলধর।
তোয়ধি, তোয়নিধি, (তোয়—নিধি যে ধারণ করে, ২য়া—ষ। তোয়-নিধি= আধার ৬ষ্ঠী-ষ, কিম্বা তোয়=জল, নি—ধা ধারণ করা+ই—ধি) সং, পুং, সমুদ্র।
তোয়ধিপ্রিয়, (তোয়ধি=সমুদ্র-প্রিয়। যাহা সামুদ্রিক দেশে উৎপন্ন হয়) সং, ক্লীং, লবঙ্গ। [শাক বিশেষ।
তোয়পিপ্পলী, সং, স্ত্রীং, কাঁচড়া, জলজ-
তোয়পুষ্পী, সং, স্ত্রীং, পাটলা বৃক্ষ।
তোয়প্রসাদন, (তোয়=জল—প্রসাদন =যাহা দ্বারা নির্ম্মল হয়) সং, ক্লীং, কতক। জলপরিষ্কারক দ্রব্য বিশেষ।
তোয়প্রসাদনফল, সং, ক্লীং, কতকফল, গুবাক।
তোয়বল্লী, (তোয়=জল—বল্লী=লতা। জলসন্নিকর্ষে উৎপন্ন হয় বলিয়া) সং, ক্লীং, উচ্ছে।
তোয়শুক্তিকা, সং, স্ত্রীং, জলশুক্তি, ঝিনুক, মুক্তাপ্রসূ। [সং, পুং, ভেক।
তোয়সূচক, (তোয়=জল-সূচক=জ্ঞাপক)
তোরণ, (তুর্=বেগে গমনকরা+অন—ধি। যাহার ভিতর দিয়া ব্যক্তিগণ যাতায়াত করে) সং, পুং,—ক্লীং, বহির্দ্বার, ফটক, গেট। চৌকাঠ। দ্বারাগ্রে স্তম্ভদ্বয়োপরি স্থাপিত নানা রত্নখচিত ধনুরাকৃতি কাষ্ঠ। বারাণ্ডা, চাঁদনী। ক্লীং, কন্ধরা। কণ্ঠদেশ।
তোল, তোলক, (তুল্=ওজনকরা+অ—ভা। পক্ষে, ক—যোগ) সং, পুং, ক্লীং, পরিমাণ বিশেষ। ১ ভরি, ১ তোলা, ১৬ মাষা।
তোলন, (তুল+অনট্—ভা) সং, পুং, ওজন, তৌলকরা। তুলাধারণ (দেশজ) উত্থাপন, উত্থান, উৎপাতন, উদ্গীরণ।
তোলাপাড়া, (দেশজ) চিত্তবিকার। পুনঃ পুনঃ অনুশীলন।
তোষ—পুং, তোষণ—ক্লীং, (তুষ্=তুষ্ট হওয়া+অ, অন—ভা) সং, সন্তোষ, তৃপ্তি, তুষ্টি, হর্ষ। আনন্দ, আহ্লাদ। (তোষি+অন—ভা) সন্তুষ্টকরণ।
তোষামোদ—খোসামোদ, মনযোগান।
তোষিত, (তুষ্=তুষ্টকরা+ত—র্ম্ম) বিং, ত্রিং, সন্তোষিত। আহ্লাদিত। তৃপ্ত। তর্পিত।
তৌক্ষিক, সং, পুং, ধনুরাশি।
তৌতাতিক, সং, ক্লীং, দর্শনশাস্ত্রবিশেষ। তুতাতভট্টকৃতশাস্ত্র। [ঝিনুক।
তৌতিক, সং, ক্লীং, মুক্তা। পুং, শুক্তি,
তৌর্য্য, (তূর্য্য+ষ্ণ—ইদমর্থে) সং, ক্লীং, তূর্য্যবাদ্য, মৃদঙ্গাদি বাদ্য শব্দ।
তৌর্য্যত্রিক, (তৌর্য্য—ত্রি=তিন,য়ং—স) সং,ক্লীং,ত্রিং,নৃত্য,গীত বাদ্য এতৎত্রয়।
তৌল, (পরিমাণার্থ তুল্ধাতুজ) সং, পরিমাণক্রিয়া, মাপন। পরিমাণদণ্ড।
তৌলিক, তৌলিকিক, (তুলিকা+ষ্ণ ষ্ণিক—জীবত্যর্থে) সং, পুং, চিত্রকর, রঙ্গাজীব। পটো। (তুলা+ইক্—প্রং) পরিমাপক। তৌলদার। কয়াল।
তৌষার, (তুষার+ষ্ণ—ভবার্থে) সং, ক্লীং, নীহার, তুষার জল। শৈত্য।
ত্যক্ত, (ত্যজ্+ত্যাগকরা+ক্ত—র্ম্ম)বিং, ত্রিং, বর্জ্জিত, যাহা ত্যাগকরা গিয়াছে। বিসৃষ্ট। অপবিদ্ধ। দত্ত। ক্ষিপ্ত। বিরক্ত। ক্লিষ্ট।
ত্যক্তুকাম, (ত্যক্তুং [ত্যজ+তুং]ত্যাগ

করিতে—কাম=অভিলাষ ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, ত্যাগেচ্ছু, নিষ্কাম।

ত্যজন—ক্লীং } (ত্যজ+অনট্ অ-ভা)
ত্যাগ—পুং } সং, দান। পরিত্যাগ, বিসর্জ্জন। পরিহার। বর্জ্জন। বৈরাগ্য।

ত্যাগপত্র, সং, ক্লীং, ফারখৎনামা।

ত্যজ্যমান, (ত্যজ+শান—র্ম্ম) বিং, ত্রিং, যাহা ত্যাগ করা যাইতেছে।

ত্যদ্, (ত্যজ+অদ্—প্রং) সর্ব্বং, ত্রিং, তদ্ শব্দের সমান অর্থ। সেই।

ত্যাগী, (ত্যাগিন্, ত্যাগ+ইন্—অস্ত্যর্থে, অথবা ত্যজ=ত্যাগকরা+ইন্—ক,শী-লার্থে) বিং, ত্রিং, দাতা। শূর, বীর। বর্জ্জনশীল। বৈরাগী, বিবেকী। কর্ম্মফল ত্যাগবান্। যে সকল ত্যাগ করিয়াছে। 'যস্তু কর্ম্মফলত্যাগী স ত্যাগীত্যভিধীয়তে'।

ত্যাজ্য, (ত্যজ+য—র্ম্ম) বিং, ত্রিং, ত্যাগের যোগ্য,বর্জ্জনীয়। পরিহার্য্য। ক্লীং, তারাশুদ্ধি। "ত্যাজ্যো দুষ্টঃ প্রিয়োঽপ্যাসীদঙ্গুলীবোরগক্ষতা" রঘুবংশ।

ত্রঙ্গ, সং, পুং—স্ত্রীং, নগর-বিশেষ। রাজা হরিশ্চন্দ্রের পুরী।

ত্রপ, (ত্রপ্=লজ্জিতহওয়া+অ—ভা) সং, পুং, পা—স্ত্রীং, লজ্জা, ব্রীড়া। "স্বজ্যয়িনোস্ত্রপয়া সবিধস্থয়োর্মলিনতামভজদ্ভুজয়োর্ভূশং" নৈষধ। বিনয়। পা-স্ত্রীং, যে স্ত্রী তাহার বংশের লজ্জাকর, কুলটা, বেশ্যা। কুল, বংশ। কীর্ত্তি।

ত্রপমাণ, (ত্রপ, শান—ক) বিং, ত্রিং, যে লজ্জা পাইতেছে, লজ্জমান।

ত্রপাক, পুং, ম্লেচ্ছবিশেষ।

ত্রপারণ্ডা, (ত্রপা=লজ্জা=রনড্=উৎক্ষেপণকরা+অ—প্রং। র=ল) সং, স্ত্রীং, বেশ্যা।

ত্রপিত, (ত্রপদেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, ত্রপযুক্ত, লজ্জিত। ব্রীড়িত।

ত্রপিষ্ঠ } (ত্রপীয়স্.ত্রপা=লজ্জা+ইষ্ঠ,
ত্রপীয়ান্ } ঈয়স্—অত্যর্থে) বিং,ত্রিং, অতিশয় লজ্জিত।

ত্রপু—পুং, ত্রপুল, ত্রপুস্—ক্লীং, (ত্রপ দেখ, উ, উল, উস্—প্রং) সং, ক্লীং, সীসক, সীসা। টিন। রাঙ্। দস্তা। "ত্রপুতাম্রয়োঃ সংযোগে ধাত্বন্তরস্থকাংস্যস্যোৎপত্তিঃ"।

ত্রপুষ, (পূর্ব্বে দেখ, উষ=প্রং) সং,ক্লীং, কর্কটী বৃক্ষ। টিন্। ষা—স্ত্রীং, শশা।

ত্রপ্স্য, (তৃপ=সন্তুষ্টহওয়া, পিনাতন। য প্রত্যয় ব্যতিরেকে ত্রপ্স এবং দ্রপ্স্য ও দ্রপ্স শব্দও হয়) সং, ক্লীং, পাতলা দই।

ত্রয়, (ত্রি=তিন—অয়—প্রং) ক্লীং, ত্র্যাবয়ব, তৃতীয়াংশ। পুং, ত্রিসংখ্যা, তিনখ্যাত। তদ্বাচক যথা—(১) কাল (২) অগ্নি (৩) ভুবন (৪) গঙ্গামার্গ (৫) শিবনেত্র (৬) গুণ (৭) গ্রীবারেখা (৮) বল্লি (৯) সন্ধ্যা (১০) পুর (১১) পুষ্কর (১২) রাম।

ত্রয়ী—স্ত্রীং, ঋক্ যজুঃ সাম—এই তিন বেদ। পুরন্ধ্রী। গৃহিণী। বুদ্ধি। সোমরাজীবৃক্ষ। ব্রহ্মা বিষ্ণু শিব এই তিন মূর্ত্তি। বিং, ত্রিং, ত্রিত্বসংখ্যা বিশিষ্ট।

ত্রয়ীতনু, (ত্রয়ী=তিনবেদ—তনু=বিস্তার ধর্ম্মশাস্ত্রে প্রসিদ্ধি আছে যে, সামবেদ ও অন্যান্য বেদাংশ সূর্য্য হইতে বিস্তৃত অর্থাৎ উদ্ভূত হইয়াছে) সং, পুং, সূর্য্য।

ত্রয়ীধর্ম্ম, (ত্রয়ী=তিনবেদ—ধর্ম্ম) সং, পুং, ঋক্, যজুঃ, সাম-এই তিন বেদোক্ত কর্ম্মকাণ্ড। [সং, পুং, ব্রাহ্মণ।

ত্রয়ীমুখ, (ত্রয়ী=বেদ—মুখ, ৬ষ্ঠী—হিং)

ত্রয়োদশ, (ত্রি=তিন—দশন্+অ—পুরণার্থে) বিং, ত্রিং, তের সংখ্যার পূরক। শী—স্ত্রীং, তিথিবিশেষ। চন্দ্রের ত্রয়োদশ কলার ক্রিয়াকাল।

ত্রয়োদশ, (ত্রয়োদশন্, ত্রি তিন—দশন্ দশ, তিন অধিক দশ, সং—স, মধ্যপদলোপ) বিং,ত্রিং, বহুং, তেরসংখ্যা,১৩।

ত্রস, (ত্রস্=গমনকরা+অ—ক, ধি)বিং, ত্রিং, চল, গমনশীল, জঙ্গম, অস্থাবর। সং, ক্লং, বন।

ত্রসর, (ত্রস্=গমনকরা+অর—প্রং) সং, পুং, তন্তুবায়ের উপকরণ বিশেষ। তুরী, মাকু।

ত্রসরেণু,(ত্রস্=গমনশীল কিম্বা ত্রি স্থানে ত্রস—রেণু, য়ং—স) সং, পুং—স্ত্রীং, সূক্ষ্মকণা,গবাক্ষান্তর্গত সূর্য্যকিরণে যাহা দৃষ্ট হয়, ছয় পরামাণু বা তিন দ্ব্যণুক। "জালান্তরগতে ভানৌ যৎ সূক্ষ্মং দৃশ্যতে রজঃ। প্রথমঃ তৎপ্রমাণানাং ত্রসরেণুং প্রচক্ষতে"॥ "পরমাণুদ্বয়েনাণুস্ত্রসরেণুস্ত তে ত্রয়ং"। স্ত্রীং—সূর্য্যভার্য্যাবিশেষ। [সাহসিক, অপ্রগল্ভ।

ত্রস্নুর, (ত্রস+উর) বিং, ত্রিং, ভীরু অ-

ত্রস্ত, ত্রস্নু, (ত্রস্=ভীতহওয়া+ত, নু—ক, শীলাদ্যর্থে) বিং, ত্রিং, ত্রাসযুক্ত। ভীরু। চকিত। দ্রুত।

ত্রাণ, (ত্রৈ=রক্ষাকরা+অনট্—ভা, ক) সং, ক্লীং, রক্ষা; বিপদ হইতে উদ্ধার। বিং, ত্রিং, রক্ষিত। "আর্ত্তত্রাণায় বঃ শস্ত্রং ন প্রহর্ত্তুমনাগসি" শকুন্তলা।

ত্রাত, ত্রাণ, (ত্রাণ দেখ, ত, ত=ণ—র্ম্ম) বিং, ত্রিং, রক্ষিত।

ত্রাতা, (ত্রাতৃ, ত্রাণদেখ, তৃণ —ক) বিং, ত্রিং, রক্ষাকর্ত্তা। পালক।

ত্রাপুষ, (ত্রপুস্=রাঙ+অ—বিকারার্থে) বিং, ত্রিং, রঙ্গ অথবা টিন নির্ম্মিত পাত্রাদি।

ত্রায়মাণ, (ত্রাণ দেখ, শান—ক, র্ম্ম)বিং, ত্রিং, ত্রাণকারী। যাহাকে ত্রাণ করা যাইতেছে। রক্ষ্যমান।

ত্রাস, (ত্রস্+ঘঞ ভা) সং, পুং, ভয়। শঙ্কা। সাধ্বস। মণির দোষ, কলঙ্ক।

ত্রাসিত, (ত্রাসি=ভীতহওয়ান+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বিভীষিত, যাহাকে ভয় দেখাইয়াছে। ভয়ার্ত্ত।

ত্রাহি, (ত্রৈ, হি—আজ্ঞার্থে) ক্রিং, রক্ষাকর, বাঁচাও। [তিন, সংখ্যাত্রয়।

ত্রি, (তৄ=গমনকরা+ই—প্রং) বিং,ত্রিং,

ত্রিংশ, (ত্রিংশৎ+অ—পূরণার্থে) বিং, ত্রিং, ত্রিশ সংখ্যার পূরক।

ত্রিংশৎ, (ত্রিং [ত্রিস্থানে ত্রিং] +শৎ—প্রং) বিং, স্ত্রীং, একং, ত্রিশসংখ্যা। ত্রিংশৎপূরণ।

ত্রিংশৎপত্র, (ত্রিংশৎ=ত্রিশ—পত্র, ৬ষ্ঠী হিং) সং, ক্লীং, কুমুদ, সুঁদি।

ত্রিক, (ত্রি+ক—যোগ) সং, ক্লীং, পৃষ্ঠবংশাধর, পৃষ্ঠদণ্ডের নিম্ন। কটি। ৩, তিনসংখ্যা। ত্রিপদসংস্থান। তেমাথা রাস্তা।

ত্রিককুদ্, (ত্রি=তিন—ককুদ্=শৃঙ্গ) সং, পুং, ত্রিকূট পর্ব্বত।

ত্রিকট, সং, পুং, গোক্ষুরক।

ত্রিকটু,(ত্রি-কটু=তীব্র, ঝাল, য়ং-স)সং,পুং, মিশ্রিত শুঁঠ,পিপুল, মরীচ। কটুত্রিক।

ত্রিকণ্ট, (ত্রি=তিন —কণ্ট=কাঁটা। ইহার তিনটী কাঁটা আছে বলিয়া) সং, পুং, তেকাটাসিজের গাছ। টেঙ্গরা মাছ।

ত্রিকাল, (ত্রি=তিন—কাল=সময়, গুং—স) সং, ক্লীং, বর্ত্তমান, ভূত, ভবিষ্যৎ। প্রাতর্মধ্যাহ্ন সায়াহ্ন।

ত্রিকালজ্ঞ (ত্রিকাল—জ্ঞ=যেজানে, ২য়া ষ) বিং,ত্রিং, ভূত,ভবিষ্যৎ, বর্ত্তমান,তিনকাল যাঁহার চক্ষুর্গোচর। সং;পুং,বুদ্ধ।

ত্রিকালদর্শী, (র্শিন্, ত্রিকাল—দর্শী যে দেখে, ২য়া—ষ) বিং, ত্রিং, ত্রিকালজ্ঞ। সর্ব্বজ্ঞ। সং, পুং, মুনি, ঋষি।

ত্রিকূট, (ত্রি=তিন—কূট=শিখর,৬ষ্ঠী—হিং) সং, পুং, কেরলদেশীয় পর্ব্বত বিশেষ,যাহার উপর লঙ্কানগরী নির্ম্মিত। ক্লীং, সামুদ্রিকলবণ, সৈন্ধব লবণ।

ত্রিকোণ, (ত্রি=তিন—কোণ) সং, ক্লীং, স্ত্রীচিহ্ন, যোনি। তিন কোণ। লগ্নের পঞ্চম ও নবম লগ্ন। বিং, ত্রিং, তিনকোণবিশিষ্ট স্থান।

ত্রিকোণমণ্ডলভূমি, (Delta) নদীর মোনাস্থিত মাত্রা শূন্য বকারের ন্যায় দ্বীপ, "ব"। ইহাকে সচরাচর ব দ্বীপ কহে।

ত্রিকোণমিতি, (Trigonometry ত্রিকোণ—মা =পরিমাণকরা+ক্তি) সং,

স্ত্রীং, ত্রিকোণবস্তুর পরিমাপক বিদ্যা।

ত্রিথ (ত্রি=তিন—থ=শূন্য বা ফাঁক) সং, ক্লীং, শশা। সীসা। টিন।

ত্রিগণ, (ত্রি—গণ=সমূহ, য়ং—স) সং, পুং, ধর্ম্ম অর্থ কাম—এই তিন। ত্রিবর্গ।

ত্রিগর্ত্ত, (ত্রি—গর্ত্ত, যাহাতে তিন গর্ত্ত-অর্থাৎ গঙ্গা, ব্রহ্মপুত্র, সিন্ধুনদ [তিব্বত দেশস্থ হিমালয় পর্ব্বত হইতে এই তিন নদী আসিয়াছে] আছে, ৬ষ্ঠী—হিং) সং, পুং, তিব্বত দেশ। লাহোরের সন্নিহিত স্থান। গণিত বিশেষ। র্ত্তা—স্ত্রীং, ঘুর্ঘরিকা। কামুকাঙ্গনা। ভোগাভিলাষিণী স্ত্রী।

ত্রিগুণ, (ত্রি=তিন—গুণ) সং, ক্লীং, সত্ত্ব, রজঃ, তমঃ—এই তিন। সাঙ্খ্যমতে—প্রধান। বিং ত্রিং, ত্রিসংখ্যা দ্বারা গুণিত। তিনবার।

ত্রিগুণা, (ত্রি=তিন—গুণ—৬ষ্ঠী হিং) সং, স্ত্রীং, ত্রিগুণময়ী দেবী, দুর্গা।

ত্রিগুণাকৃৎ, (ত্রিগুণ=তিনবার—আকৃৎ সম্যক কৃষ্ট) বিং ত্রিং, তিনবার কর্ষিত ক্ষেত্রাদি।

ত্রিগুণাত্মক, (ত্রিগুণ—আত্মন্, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, গুণত্রয়বিশিষ্ট, যাহার তিনগুণ আছে। সাঙ্খ্যমতে-সত্ত্ব-রজ-স্তমো গুণময় প্রধান। বেদান্তে—অজ্ঞান।

ত্রিগুণিত, (ত্রিগুণ+ইত—প্রং) বিং, ত্রিং, ত্রিরাবৃত্ত, তিনবার গুণিত।

ত্রিজগৎ, (ত্রি=তিন—জগৎ, দ্বিগু—স) সং, ক্লীং, ত্রিভুবন, স্বর্গ-মর্ত্ত্য-পাতাল।

ত্রিজটা, সং, স্ত্রীং, রাক্ষসী বিশেষ।

ত্রিজ্যা, সং, স্ত্রীং ব্যাসার্দ্ধরেখা। [ঘাস।

ত্রিণ, (তৃণ দেখ, ঋ=রি) সং, ক্লীং, তৃণ,

ত্রিণতা, (তৃণ+তা—ভাবে। তৃণ=ত্রিণ) সং, স্ত্রীং, ধনুক। তৃণত্ব।

ত্রিণাচিকেত, সং, পুং, যজুর্ব্বেদের এক অংশবিশেষ। যজুর্ব্বেদাধ্যায়ী।

ত্রিতয়, (ত্রি+তয়—পূরণার্থে অবয়বার্থে) বিং, ত্রিং, তিনের পূরক। তৃতীয়, তিন

ত্রিতল, (ত্রি—তিন—তল=তালা) বিং, ত্রিং, তেতালা।

ত্রিদণ্ড, (ত্রি=তিন—দণ্ড=যষ্টি অথবা সংযম) সং, ক্লীং, বাগ্‌দণ্ড, মনোদণ্ড, কায়দণ্ড—এই ত্রিতয়। একত্র বদ্ধ যষ্টিত্রয়(সন্ন্যাসীরা ইহা ধারণ করিয়া থাকে) সন্ন্যাসাশ্রম। "ত্রিদণ্ডং ভস্ম পুণ্ড্রকং"।

ত্রিদণ্ডী, (ত্রিদণ্ডিন্, ত্রি=তিন—দণ্ড=শাস্তি, যষ্টি ইত্যাদি+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ত্রিদণ্ডধারী, কায়বাঙ্মনোদণ্ড যুক্ত। সন্ন্যাসিবিশেষ।

ত্রিদশ, (ত্রি=তিন—দশা=অবস্থা। যাঁহাদের বাল্যকৈশোরযৌবন এই ত্রিবিধমাত্র অবস্থা অর্থাৎ বার্দ্ধক্য নাই) সং, পুং, দেবতা, অমর। (ত্রি তিন অধিক—দশ দশন্ শব্দজ) ত্রয়োদশ, ১৩।

ত্রিদশগোপ, সং, পুং, লোহিত কীটবিশেষ।

ত্রিদশদীর্ঘিকা, (ত্রিদশ=দেবতা—দীর্ঘিকা তড়াগ) সং, স্ত্রীং, স্বর্গঙ্গা, মন্দাকিনী।

ত্রিদশপতি, (ত্রিদশ=দেবতা—পতি অধিপতি সং, পুং, ইন্দ্র, দেবরাজ।

ত্রিদশমঞ্জরী; সং, স্ত্রীং, তুলসী।

ত্রিদশাচার্য্য, (ত্রিদশ=দেবতা—আচার্য্য=গুরু) সং, পুং, দেবগুরু, বৃহস্পতি।

ত্রিদশাধিপ, (ত্রিদশ=দেবতা—অধিপ=অধিপতি) সং, পুং, ইন্দ্র, দেবরাজ।

ত্রিদশায়ুধ, (ত্রিদশ=দেবতা—আয়ুধ=অস্ত্র) সং, ক্লীং, অশনি, বজ্র। কুলিশ।

ত্রিদশারি, (ত্রিদশ=দেবতা—অরি=শত্রু) সং, পুং, অসুর, দানব, দৈত্য।

ত্রিদশালয়, (ত্রিদশ=দেবতা—আলয়, ৬ষ্ঠী—ষ) সং, পুং, স্বর্গ। সুমেরু।

ত্রিদশাবাস, (ত্রিদশ=দেবতা—আবাস=বাসস্থান) সং, পুং, স্বর্গ। সুমেরু পর্ব্বত

*ত্রিদশাহার, (ত্রিদশ=দেবতা—আহার=খাদ্য) সং, পুং, অমৃত, সুধা।

ত্রিদিনস্পৃক্-শ্, (ত্রিদিন-স্পৃশ্=স্পর্শন) সং, পুং, ত্র্যহস্পর্শ। একতিথি তিনদিনেস্পর্শ

ত্রিদিব, (ত্রি—ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর এই তিন দেবতা—দিব=ক্রীড়াকরা+অ—ধি) সং, পুং, ক্লীং, স্বর্গ। আকাশ। বা—স্ত্রীং, নদীবিশেষ।

ত্রিদিবেশ, (ত্রিদিব=স্বর্গ—ঈশ=স্বামী, ৬ষ্ঠী—য) সং,পুং,দেবতা। অমর। ইন্দ্র।

ত্রিদিবোদ্ভবা, (ত্রিদিব=স্বর্গ—উদ্ভবা=উৎপন্না) অতি সুগন্ধ বলিয়া এলাচ এইনামে অভিহিত হয়) স্থূলৈলা, বড় এলাচ। [স্থান ৬ষ্ঠী হিং)দেবতা। অমর।

ত্রিদিবৌকাঃ (ত্রিদিব=স্বর্গ=ওকঃ=বাস-

ত্রিদৃক্, (ত্রিদৃশ, ত্রি=তিন—দৃশ্=চক্ষুঃ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ত্রিলোচন, শিব।

ত্রিদোষ, (ত্রি=বাত, পিত্ত, কফ, এই তিন—দোষ, ৬ষ্ঠী—য) সং, পুং, বাত, পিত্ত, কফ রূপত্রয় দোষ।

ত্রিদোষঘ্ন, (ত্রিদোষ—ঘ্ন যে নাশ করে) বিং, ত্রিং, যাহা বায়ু পিত্ত কফ এই তিনের বিকার নষ্ট করে।

ত্রিদোষজ, (ত্রিদোষ—জ=উৎপন্ন) বিং, ত্রিং, বাতপিত্ত কফ জনিত (রোগাদি)। সন্নিপাত রোগ। [খণ্ড। ত্রিবিধ।

ত্রিধা, (ত্রি+ধা—প্রকারার্থে) অং, তিন

ত্রিধাতু, (ত্রি=তিন—ধাতু=খনিজ) সং, পুং, গণেশ। ক্লীং, ধাতুত্রয়।

ত্রিধামা, (ত্রিধামন্, ত্রি=তিন [জগৎ]—ধামন্=বাসস্থান,৬ষ্ঠী—হিং) সং, পুং, বিষ্ণু। শিব। অগ্নি। মৃত্যু।

ত্রিনয়ন, ত্রিনেত্র, ত্রিলোচন, (ত্রি—নয়ন, নেত্র, লোচন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিব। না, ত্রা—স্ত্রীং, দুর্গা। পার্ব্বতী।

ত্রিনেত্রচূড়ামণি, (ত্রিনেত্র=শিব—চূড়া শির—মণি রত্ন। যিনি মহাদেবের মস্তকের ভূষণস্বরূপ) সং, পুং, চন্দ্র।

ত্রিপতাক, (ত্রি=তিন বা তিনগুণ—পতাকা= ধ্বজ, চিহ্ন। পতাকার ন্যায় তিনটী চিহ্ন যাহাতে আছে) সং, পুং, ক্লীং, রেখাত্রয়লাঞ্ছিত ললাট দেশ। মধ্যমা এবং অনামিকা ভিন্ন উন্নত অঙ্গুলিত্রয় যুক্ত হস্ত। বিং,ত্রিং,তিন পতাকাবিশিষ্ট।

ত্রিপত্র, (ত্রি—পত্র=পাতা) বিং, ত্রিং, যাহার তিনটী পাতা আছে। সং, পুং, বেলগাছ।

ত্রিপথ, (ত্রি—পথিন্=রাস্তা, দ্বিগু—স) সং, ক্লীং, তেমাথা রাস্তা, যেখানে তিনটী পথ একত্র মিলিত হইয়াছে। স্বর্গ, মর্ত্ত্য, পাতাল।

ত্রিপথগা, (ত্রিপথ=স্বর্গ, মর্ত্ত্য, পাতাল—গ=যে গমন করে, ২য়া—য) সং, স্ত্রীং, গঙ্গা, ত্রিপথগামিনী। [হংসপদী বৃক্ষ।

ত্রিপদা, (ত্রি=তিন, পদ=পা, ৬ষ্ঠী হিং)

ত্রিপদী, ত্রিপদিকা, (ত্রি=তিন—পাদ=পা, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, হস্তীর পাদবন্ধনরজ্জু,শৃঙ্খলাদি। তেপায়া, টিপাই। ছন্দোবিশেষ, যে ছন্দে শ্লোকের অর্দ্ধভাগ তিন অংশে বিভক্ত। অর্থার্থ। ধাতুনির্ম্মিত ত্রিপাদযুক্ত শঙ্খাধার।

ত্রিপর্ণ, (ত্রি=তিন—পর্ণ=পাতা) বিং, ত্রিং, যে বৃক্ষের তিনটী পাতা আছে। সং, পুং, পলাশতরু।

ত্রিপাদ্, ত্রি=তিন—পাদ্=চরণ বা অংশ। সমস্ত বিশ্বই যাঁহার ত্রিপাদ পরিমিতস্থান) সং, পুং, বিষ্ণু। জ্বর। (জ্বরাসুরের আকৃতি ত্রিপদযুক্ত বলিয়া বর্ণিত আছে)

ত্রিপিব, (ত্রি=তিন পিব— পাধাতুজ. জলপান কালীন যাহার লম্বা কর্ণদ্বয় পেয়জলকে স্পর্শকরে) লম্বকর্ণ, ছাগল।

ত্রিপিষ্টপ, ত্রিবিষ্টপ, (ত্রি=তৃতীয়—পিষ্টপ ভুবন, য়ং—স) সং, ক্লীং, স্বর্গ।

ত্রিপিষ্টপসদ্, ত্রিবিষ্টপসদ্ (ত্রিপিষ্টপ=স্বর্গ সদ্—[সদ্=গমন করা+ক্বিপ্—ক] যে গমন করে) সং, পুং, দেবতা।

ত্রিপুট, (ত্রি=তিন—পুট=ত্বক্ বা বীজের আচ্ছাদন) সং, পুং, তট, তীর। শর। খেঁসারি কলাই। তালা। টা-স্ত্রীং, মল্লিকা। ছোট এলাচ। টী-স্ত্রীং, এরণ্ডবৃক্ষ।

ত্রিপুণ্ড, ত্রিপুণ্ড্রক (ত্রি=তিন—পুণ্ড্র=রেখা, দ্বিগু—স) সং, ক্লীং, ত্রিরেখা

বুক্ত ললাটদেশে দীর্ঘভাবে অঙ্কিত ফোঁট।

ত্রিপুর, (ত্রি=তিন—পুর=নগর) সং, ক্লীং, ময়দানব নির্ম্মিত পুরত্রয়। পুং, অসুর বিশেষ।

ত্রিপুরদহন, ত্রিপুরারি, ত্রিপুরান্তক (ত্রিপুর অসুরবিশেষ—দহন=যে দাহ করে, অরি=শত্রু, অন্তক=নাশক, ২য়া—ষ+৬ষ্ঠী—ষ) সং, পুং, শিব। ত্রিপুরজিৎ, ত্রিপুরসূদন।

ত্রিপুরী, সং, স্ত্রীং, ত্রপুরাদেশ।

ত্রিফলা, (ত্রি—ফল, দ্বিগু—স) সং, স্ত্রীং, হরীতকী, আমলকী, বয়েড়া,—এই তিন, ফল।

ত্রিবলি, ত্রিবলী, (ত্রি—বলি=শ্লথচর্ম্ম, দ্বিগু—স) সং, স্ত্রীং, উদর ও কণ্ঠাদিতে মাংস সঙ্কুচিত হইয়া জাত রেখা ত্রয়।

ত্রিভুজ, (ত্রি—ভুজ=বাহু) সং, পুং, যে ক্ষেত্রের তিনটি ভুজ আছে।

ত্রিভুবন, (ত্রি—ভুবন=জগৎ, দ্বিগু—স) সং, ক্লীং, স্বর্গ, মর্ত্ত্য, পাতাল।

ত্রিমধু, (ত্রি —মধু) সং, পুং, ঋগ্বেদের অংশবিশেষ। ক্লীং, ঘৃত মধু চিনি। "ঘৃতং,সিতা মাক্ষিকং চ বিজ্ঞেয়ঞ্চ মধুত্রয়ং"

ত্রিমার্গগা, (ত্রিমার্গ=স্বর্গ, মর্ত্ত্য, পাতাল—গ=যে গমন করে, ২য়া—ষ) সং,স্ত্রীং, ত্রিপথগা, গঙ্গা।

ত্রিমার্গী, (ত্রি=তিন—মার্গ=পথ, দ্বিগু—স) সং, স্ত্রীং, তেমাথা পথ। তিনটী পথের সন্ধিস্থান। [পুং, ত্রিকূটপর্ব্বত।

ত্রিমুকুট, (ত্রি—তিন—মুকুট=শৃঙ্গ) সং,

ত্রিমূর্ত্তি, (ত্রি—মূর্ত্তি, দ্বিগু—স) সং, পুং, ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর। [ত্রিনেত্র, শিব।

ত্রিয়ম্বক, (ত্রি—অম্বক=চক্ষু) সং, পুং.

ত্রিযামক, (ত্রি=ধর্ম্ম অর্থ কাম এই তিন—যামক [যম্+ণক—ক] যে নিবৃত্ত করে) সং, ক্লীং, কলুষ। পাপ।

ত্রিযামা, (ত্রি—যাম=প্রহর,৭মী—হিং। কাযের সময় বলিয়া রাত্রির আদ্যন্ত অর্দ্ধযাম দিনমধ্যে পরিগৃহীত) সং, স্ত্রীং, রাত্রি। যমুনা নদী। হরিদ্রা। "ত্রিযামাং রজনীং প্রাহুস্ত্যক্ত্বাদ্যন্ত চতুষ্টয়ং।"

ত্রিরাত্র, (ত্রি=তিন—রাত্রি, দ্বিগু—স ই=অ) সং, ক্লীং, রাত্রিত্রয়। রাত্রি সহিত দিবসত্রয়। [পুং, শঙ্খ।

ত্রিরেখ, (ত্রি—রেখা, ৬ষ্ঠী—হিং) সং,

ত্রিলবণ, সং, ক্লীং, সৈন্ধব বিড়রুচক মিলিত লবণ ত্রয়।

ত্রিলোক, (ত্রি—লোক, দ্বিগু—স) সং, ক্লীং, কী—স্ত্রীং, স্বর্গ, মর্ত্ত্য, পাতাল। ত্রিজগৎ।

ত্রিলোকেশ, (ত্রিলোক=ত্রিভুবন—ঈশ স্বামী) সং, পুং, বিষ্ণু। সূর্য্য। ত্রিলোকের অধিপতি।

ত্রিলোচন, (ত্রি=তিন—লোচন=চক্ষু ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিব।

ত্রিলৌহক, (ত্রি—লৌহক=ধাতু, দ্বিগু—স। সং, ক্লীং, স্বর্ণ রৌপ্য তাম্র—এই ধাতুত্রয়।

ত্রিবর্গ, (ত্রি—বর্গ সমূহ, দ্বিগু—স) সং, পুং, ধর্ম্ম অর্থ কাম। উৎপত্তি স্থিতি বিনাশ। সত্ত্ব রজঃ তমঃ। বৃদ্ধি। স্থান-ক্ষয়। ত্রিফলা। ত্রিকটু। সুনীতি।

ত্রিবর্গপারীণ, (ত্রিবর্গ—পারীণ=পারগত) বিং, ত্রিং, যে ত্রিবর্গের পারে গিয়াছে, অর্থাৎ যে ধর্ম্ম অর্থ কাম এই তিন পুরুষার্থ প্রাপ্ত হইয়াছে। অবস্থাত্রয় গত।

ত্রিবর্ণক, (ত্রি=তিন—বর্ণ+ক—যোগ) সং, পুং, ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য—এই তিন বর্ণ। ত্রিফলা। ত্রিকটু। গোক্ষুরক।

ত্রিবর্ষিকা, (ত্রি—বর্ষ=বৎসর+ষ্ণিক—প্রং) সং, স্ত্রীং, ত্রিবর্ষাগৌ, তিন বৎসর বয়স্কা গবী। ত্রিহায়ণী।

ত্রিবলী, (ত্রি—বলী=লোলচর্ম্ম) সং, স্ত্রীং, জঠরাবয়ববিশেষ।

ত্রিবিক্রম, (ত্রি—বিক্রম=গমন, পদবিন্যাস, ৬ষ্ঠী—হিং)প্রথিত আছে বলিচ্ছলনার্থ বিষ্ণু বামন রূপ ধারণ করিয়া বলিরাজের নিকট ত্রিপদ পরিমিত ভূমি

প্রার্থনা করেন, বলি সম্মত হইলে তিনি বিশ্বমূর্ত্তি ধারণ করিয়া তিন পদে ত্রিভুবন ব্যাপ্ত করিয়াছিলেন) সং, পুং, বিষ্ণু। "ত্রিবিক্রমে যথা বিষ্ণোঃ সর্ব্ব দৈত্যবধে পুরা"।

ত্রিবিদ্যা, সং, স্ত্রীং, বেদের শাখাত্রয়।

ত্রিবিধ, (ত্রি—বিধ প্রকার.) বিং, ত্রিং, তিনপ্রকার।

ত্রিবিষ্টপ, (ত্রি=তিন—বিষ্টপ=ভুবন) সং, ক্লীং, স্বর্গ। স্বর্গমর্ত্ত্য পাতাল এই ত্রিভুবন। ত্রিপিষ্টপ শব্দও হয়।

ত্রিবৃৎ, (ত্রি=তিন [বীজকোষ]—বৃ পোষণকরা+ক্বিপ্—প্রং। ৎ—আগম) সং, স্ত্রীং, লতাবিশেষ, তেউড়ী। যজ্ঞবিশেষ।

ত্রিবৃৎকরণ, সং, ক্লীং, ক্ষিত্যপ্‌তেজ পরস্পর একত্রে মিশ্রিত করা। পৃথিবী জল তেজ এই তিন ভূতকে ভাগদ্বয়ে বিভক্ত করিয়া প্রত্যেকের এক এক অর্দ্ধকে পুনর্ব্বার দুইভাগে বিভক্ত করিয়া স্বীয় অর্দ্ধব্যতীত অন্য দুই অর্দ্ধে এক এক খণ্ড যোজিত করা।

ত্রিবেণী, (ত্রি—বেণী=কেশগুচ্ছ, প্রবাহ ৭মী—হিং) সং, স্ত্রীং, গঙ্গা। যেখানে গঙ্গার, যমুনাও সরস্বতীর সহিত সঙ্গম হইয়াছে। হুগলীর সন্নিহিত জনপদবিশেষ।

ত্রিবেদী, (ত্রিবেদিন্, ত্রিবেদ+ইন্—অধ্যয়নার্থে) সং, পুং, ঋক যজুঃ সাম—এই বেদ ত্রয়বিদ্ ব্রাহ্মণ।

ত্রিশঙ্কু, (ত্রি—শঙ্কু=ব্যতিক্রম, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিড়াল। চাতক পক্ষী। খদ্যোত। শলভ। স্বনাম প্রসিদ্ধ সূর্য্যবংশীয় নৃপ, ইক্ষ্বাকুবংশোদ্ভব পৃথুরাজ পুত্র। এই নরপতি বিশ্বামিত্রের সাহায্যে সশরীরে স্বর্গে যাইতে চেষ্টা করিয়াছিলেন অবশেষে মহর্ষি বিশ্বামিত্রের তপঃ প্রভাবে স্বর্গ ও পৃথিবীর মধ্যস্থলে অবস্থান করেন। এই নরপতি স্বর্গারোহণ প্রত্যাশায় নিজ গুরু বশিষ্ঠকে তদর্থ যজ্ঞ করিতে অনুরোধ করেন। বশিষ্ঠ অসম্ভব কথা শুনিয়া তাহাকে বিদায় করিয়া দিলে সে তৎপুত্র গণের নিকট স্বীয় অভিপ্রায় প্রকাশ করিলে তাঁহারা কহিলেন তুমি মূল ত্যাগ করিয়া শাখা অবলম্বন করিতে মানস করিয়াছ। যখন পিতা প্রত্যাখ্যান করিয়াছেন তখন আমাদের দ্বারা উহা কিরূপে সম্ভব হইতে পারে। এই কথায় বিরক্ত হইয়া রাজা কহিলেন যে আপনারা কুলপুরোহিত বলিয়াই আপনাদিগকে অনুরোধ করিয়াছিলাম যদ্যপি আপনারা একার্য্যে সমর্থ না হন তবে আমি অন্য ব্যক্তিকে বরণ করিব। ইহাতে কুপিত হইয়া বশিষ্ঠ পুত্রেরা তাহাকে শাপ দিলেন যে তুমি হৃতরাজ্য হইয়া চণ্ডাল জাতি প্রাপ্ত হও। চণ্ডালত্ব প্রাপ্ত হইয়া রাজা বশিষ্ঠের চিরশত্রু বিশ্বামিত্রের শরণাপন্ন হইলেন বিশ্বামিত্র যজ্ঞ আরম্ভ করিয়া দেবতাদিগকে আহুতি দান করিলে কোন দেবতাই চণ্ডাল যজমানের প্রদত্ত হবিগ্রহণার্থ আগমন করিল না। ইহাতে অতিশয় ক্রুদ্ধ হইয়া বিশ্বামিত্র নিজ তপস্যাদ্বারা উপার্জ্জিত সমস্ত পুণ্য দিয়া ত্রিশঙ্কুকে স্বশরীরে স্বর্গে পাঠাইল। স্বর্গের সন্নিহিত হইলে ইন্দ্র তাহাকে অবাকশিরঃ করিয়া ভূতলে নিক্ষেপ করিলেন, পতনকালে ত্রিশঙ্কু বিশ্বামিত্রের নাম করিয়া আক্রন্দন করাতে বিশ্বামিত্র কহিলেন 'তিষ্ঠ, তিষ্ঠ'। অনন্তর বিশ্বামিত্র নূতন স্বর্গ ও ইন্দ্রাদি দেবতা সৃষ্টি আরম্ভ করিলেন। তদ্দর্শনে ভীত হইয়া দেবতারা বিশ্বমিত্রকে প্রসন্ন করিতে চেষ্টা করিতে লাগিলেন। প্রসন্ন হইয়া বিশ্বামিত্র কহিলেন যদি তোমরা ত্রিশঙ্কুকে এই ভাবে স্বর্গ প্রান্তে অবস্থান করিতে দাও তবে আমি সৃষ্টি হইতে

বিরত হইতে পারি। দেবতারা সম্মত হইলেন। তদবধি ত্রিশঙ্কু প্রতিদিন সন্ধ্যাকালে আকাশমার্গে অবাক্‌শির ভাবে অবস্থিত দৃষ্ট হন।

ত্রিশঙ্কুজ, (ত্রিশঙ্কু—জ=জাত, ৫মী—হিং) সং, পুং, রাজা হরিশ্চন্দ্র।

ত্রিশঙ্কুযাজী, —(জিন, ত্রিশঙ্কু=রাজাবিশেষ—যাজিন্=যে যাগ করায়) সং, পুং, ত্রিশঙ্কু রাজার কুলপুরোহিত বিশ্বামিত্র ঋষি।

ত্রিশাখপাত্র, সং, ক্লীং, বিল্বপত্র।

ত্রিশিখ, (ত্রি—শিখা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, রাবণের পুত্র, রাক্ষসবিশেষ। ক্লীং, ত্রিশূল। কিরীট। বিং, ত্রিং, শিখাত্রয়বিশিষ্ট। ত্রিমূর্দ্ধ।

ত্রিশিরাঃ (ত্রিশিরস্, ত্রি—শিরস্=মস্তক ৬ষ্ঠী—হিং) সং, পুং, কুবের। রাক্ষসবিশেষ। জ্বরপুরুষ। খর সেনাপতি। বিং, ত্রিং, ত্রিমস্তক।

ত্রিশীর্ষক, (ত্রি=তিন—শীর্ষ=মস্তক, দ্বিগু—স, ক—প্রং) সং, ক্লীং, ত্রিশূল। ত্রিফলা।

ত্রিশূল, (ত্রি—শূল, দ্বিগু—স) সং, ক্লীং, তিনফলকযুক্ত অস্ত্র। শিবের অস্ত্র।

ত্রিশূলী, (ত্রিশূলিন্, ত্রিশূল+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, শিব। বিং, ত্রিং, ত্রিশূলধারী।

ত্রিশৃঙ্গ, (ত্রি=তিন—শৃঙ্গ) সং, পুং, ত্রিকুট পর্ব্বত। ত্রিভুজ। [রুইমাছ।

ত্রিশৃঙ্গী,—ঙ্গিন্, সং, পুং, রোহিত মৎস্য,

ত্রিষ্টুভ্,সং, স্ত্রীং,১১ অক্ষর ছন্দোবিশেষ।

ত্রিসন্ধ্য, (ত্রি—সন্ধ্যা, দ্বিগু—স) সং, ক্লীং, প্রাতঃ মধ্যাহ্ন সায়ংকাল।

ত্রিসবন, (ত্রি=তিন—সবন=স্নান) সং, ক্লীং, ত্রৈকালিক স্নান, ত্রিসন্ধ্যা স্নান।

ত্রিসর, (ত্রি=তিন বা তিনগুণ—সর [সৃ "গমনকরা" পাওয়া+অল্—প্রং] যে পায়) সং, পুং, তিলমিশ্রিত অন্ন।

ত্রিসীত্য, (ত্রি—সীত্য=কৃষ্ট) বিং, ত্রিং, তিনবার কৃষ্ট, যে ভূমি তিনবার চষা হইয়াছে।

ত্রিসুপর্ণ, (ত্রি—সুপর্ণ) সং, পুং, ঋক্ এবং যজুর্ব্বেদের অংশবিশেষ। উক্ত বেদাংশবিহিত নিয়মাদি। ত্রিসুপর্ণ মতানুগ ব্রাহ্মণ।

ত্রিস্রোতাঃ, (ত্রিস্রোতস্, ত্রি—স্রোতস্, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, গঙ্গা, ভাগীরথী। "ত্রিস্রোতসং বহতিযো গগন প্রতিষ্ঠাং" শকুন্তলা।

ত্রিহল্য, (ত্রি=তিনবার—হল্য=হলদ্বারা কৃষ্ট) বিং, ত্রিং, তিনবার চষা ক্ষেত।

ত্রিহায়ণী, (ত্রি—হায়ন=বৎসর, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, ৩ বৎসর বয়স্কা গবী। দ্রৌপদী। "কৃতে যুগে বেদবতী ত্রেতায়াং জনকাত্মজা। দ্বাপরে দ্রৌপদীচ্ছায়া তেন কৃষ্ণা ত্রিহায়ণী"।

ত্রুটি, (ত্রুট্=ছিন্ন হওয়া+ই—প্রং) সং, স্ত্রীং, অপচয়, হানি, ক্ষতি। ছোটএলাচ। পঞ্চক্ষণ পরিমিত কাল। সংশয়। ন্যূনতা। টুকরা। ত্রসরেণু। কর্ত্তন, কাটা। প্রতিজ্ঞা ভঙ্গ।

ত্রুটিত, ত্রুট্+ক্ত—র্ম) বিং, ত্রিং, ছিন্ন। ভগ্ন। স্খলিত। গলিত। আঘাতপ্রাপ্ত।

ত্রুটিবীজ, (ত্রুটি=ছোট—বীজ) সং, পুং, কচু।

ত্রেতা, (ত্র=রক্ষা—ইত=প্রাপ্ত,আ—প্রং) সং, স্ত্রীং, দ্বিতীয়যুগ। দক্ষিণ গার্হপত্য আহবনীয় এই তিন অগ্নি। "ত্রিধাপ্রণীতো জ্বলনো মুনিভির্বেদপারগৈঃ। অতস্ত্রেতাত্বমাপন্নো যদেকস্ত্রিবিধঃ কৃতঃ' "একোহগ্নিঃ পূর্ব্বমেবাসীদেলস্ত্রেতাম কারয়ৎ"। দ্যূত। পাশার তিনটী চোকের উত্তানভাবে পতন। ক্রীড়াবিশেষ, ৩টী বরাটকের উত্তানভাবে পতন।

ত্রেধা, ত্রৈধা, (ত্রি+ধাচ্—প্রকারার্থে) অং, তিনপ্রকার। তিনবার।

ত্রৈকালিক, (ত্রি=তিন—কাল=সময়+ষ্ণিক—ইদমর্থে) বিং, ত্রিং, ত্রিকাল

সম্বন্ধীয়, প্রাতঃকাল মধ্যাহ্নকাল ও সায়ংকালে যাহা করা যায়। ভূত ভবিষ্যৎ বর্ত্তমান সংক্রান্ত।

ত্রৈগুণিক, (ত্রিগুণ+ষ্ণিক—প্রং) বিং, ত্রিং, তিনগুণ, সুদখোর। ত্রিগুণসম্বন্ধীয়।

ত্রৈগুণ্য, (ত্রিগুণ+ষ্ণ্য—স্বার্থে) সং, ক্লীং, সত্ব রজঃ তমঃ এই তিনগুণের সমষ্টি। তিনগুণ করা।

ত্রৈধম্, (ত্রি=তিন+ধম্—প্রকারার্থে) সং, ক্লীং, তিনপ্রকার। তিনবার।

ত্রৈরাশিক, (ত্রি—রাশি=পরিমাণ+ষ্ণিক —প্রং) সং, ক্লীং, রাশিত্রয়ঘটিত অঙ্ক-প্রণালী।

ত্রৈলোক্য,(ত্রিলোক+ষ্ণ্য—স্বার্থে) সং, ক্লীং, ত্রিভুবন। "ত্রৈলোক্যশ্রীরতোমূঢ় বিনাশমুপযাস্যতি" বিষ্ণুপুরাণ।

ত্রৈলোক্যবিজয়া, (ত্রৈলোক্য-বিজয়=জয়) সং, স্ত্রীং, সিদ্ধি, ভাঙ্। মাদকতা গুণ হেতু সিদ্ধি সকলকেই জয় করে বলিয়া ইহাকে ত্রৈলোক্য জয় বলে।

ত্রৈবিদ্য, (ত্রিবিদ্যা+ষ্ণ্য+জ্ঞানার্থে) সং, পুং, ত্রিবেদী, তিনবেদবেত্তা।

ত্রৈবিধ্য, (ত্রিবিধ+ষ্ণ্য—প্রং) সং, ক্লীং, তিনপ্রকার। "কারণত্বং ভবেত্তস্য ত্রৈবিধ্যং পরিকীর্ত্তিতং"।

ত্রোটক, (Incisors, ত্রুট্=ছেদনকরা ণক—ণ) বিং, ত্রিং, যাহা দ্বারা ছেদন করা যায়। সং,ক্লীং,পঞ্চাঙ্কযুক্তদৃশ্যকাব্য।

ত্রোটকী ; সং, স্ত্রীং, রাগিণীবিশেষ।

ত্রোটি, ত্রোটী, (ত্রুট=ছেদনকরা+ই-প্রং) সং, স্ত্রীং, চঞ্চু, পাখীর ঠোঁট। মৎস্য-বিশেষ। পক্ষিবিশেষ।

ত্রোটিহস্ত, (ত্রোটি=চঞ্চু—হস্ত, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পক্ষী, পাখী।

ত্রোত্র, (ত্রৈ=রক্ষাকরা+উত্র—সংজ্ঞার্থে) সং,ক্লীং,গবাদি তাড়নদণ্ড, পাঁচনবাড়ী,

ত্র্যধ্বগা, (ত্রি=তিন—অধ্বন্=পথ—গ =যে গমনকরে, ২য়া—ষ) সং, স্ত্রীং, ত্রিপথগা, ত্রিমার্গগা, গঙ্গা।

ত্র্যম্বক, (ত্রি [তিনবেদ]—অম্ব=বলা +ণক—প্রং, অথবা ত্রি অ,উ,ম্ অর্থাৎ ওম্। কিম্বা অম্বক চক্ষুঃ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিব, ত্রিলোচন।

ত্র্যম্বকসখ, (ত্র্যম্বক—সখি=বন্ধু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, যক্ষরাজ, কুবের।

ত্র্যস্র, (Triangle, ত্রি—অস্র=কোণ) বিং, ত্রিং, ৩ ঋজু রেখা দ্বারা পরিবদ্ধ স্থান। ত্রিভুজ

ত্র্যহস্পর্শ, (ত্রি=তিন—অহন্=দিবস—স্পর্শ স্পর্শন) সং,পুং, একদিনের তিথি-ত্রয়ের মিলন।

ত্র্যহস্পৃশ্,(ত্রি—অহন্=দিন—স্পৃশ্=স্পর্শ) সং, পুং, স্ত্রীং, দিনত্রয়স্পর্শী তিথি।

ত্র্যাহিক, (ত্রি—আহ্নিক=দৈনিক) বিং, ত্রিং, তৃতীয় দিবসে যাহা হয়, তৃতীয় দিবস সম্বন্ধীয়।

ত্ব, (তন্ [বিস্তার করা] ভাগ করা+ ক্বিপ্—প্রং। অন্=ব) বিং, ত্রিং, অন্য, ভিন্ন।

ত্বক্—স্ত্রীং, ত্বচ—ক্লীং, চা—স্ত্রীং, (ত্বচ্, ত্বচ্ আবরণকরা+ক্বিপ্ অ—প্রং) সং, চর্ম্ম,ছাল।"ত্বচং স মেধ্যাং পরিধায় রৌরবীমশিক্ষতাস্ত্রং পিতুরেব মন্ত্রবৎ" রঘুবংশ। দারুচিনি। বল্কল, গাছেরছাল।

ত্বক্‌গুর, (ত্বক্=চর্ম্ম—কণ্ডু=চুলকনা—র যে উত্তেজনাকরে) সং, পুং, ব্রণ, চুলকনা, ঘা।(ত্বক্ষ্ণ) সং, স্ত্রীং, বংশলোচন।

ত্বক্‌ক্ষীরা, (ত্বক্=বাঁশের ছাল—ক্ষীর=

ত্বক্‌পত্র, (ত্বক্=বল্কল—পত্র) সং, ক্লীং, দারুচিনি। তেজপাত।

ত্বক্‌পুষ্প, (ত্বক্—চর্ম্ম—পুষ্প) সং, ক্লীং, রোমাঞ্চ। পুং—স্ত্রীং, ছুলিরোগ।

ত্বক্‌সার, ত্বচিসার, (ত্বক্—সার, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বংশ, বাঁশ। দারুচিনি। "স্থাবরাণাং ভূতানাং জাতয়ঃ ষট্ প্রকীর্ত্তিতাঃ। বৃক্ষগুল্মলতাবল্ল্যস্ত্বক্‌সারাস্তৃণজাতয়ঃ"। [রোমাঞ্চ।

ত্বগঙ্কুর, (ত্বক্=চর্ম্ম—অঙ্কুর) সং, পুং,

ত্বগাক্ষীরী, (ত্বক্=বল্কল—আ=অবধি—ক্ষীরী=দুগ্ধ। দুগ্ধের ন্যায় বর্ণ যাহার) সং, পুং, বংশলোচন।
ত্বগাধারদেহ, (Mollusca, ত্বক্=আধার—দেহ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, যথা—শম্বুকাদি। ইহাদের দেহাবরক একটী আধার আছে বলিয়া ইহাদিগকে ত্বগাধারদেহ বলা যায়।
ত্বগ্‌জ, (ত্বক্ = চর্ম্ম—জ = উৎপন্ন) সং, ক্লীং, রোম, লোম। রুধির, রক্ত।
ত্বগ্‌দোষ, (ত্বক্—দোষ) সং. পুং, কুষ্ঠরোগ। [সং, স্ত্রীং. ছোট এলাচ।
ত্বচিসুগন্ধা,(ত্বচি=বল্কলে--সুগন্ধ=সৌরভ)
ত্বজ্‌জ্ঞান, (ত্বচ্—জ্ঞান) সং, ক্লীং, স্পর্শেন্দ্রিয় জন্য জ্ঞান, ত্বাচপ্রত্যক্ষ।
ত্বৎ, অং, একবচনান্ত যুষ্মদ্‌বাচক।
ত্বদীয়, (ত্বৎ+ঈয়—প্রং) বিং, ত্রিং, ত্বৎসম্বন্ধীয়। তোমার।
ত্বরণ—ক্লীং, ত্বরা, ত্বরি—স্ত্রীং, (ত্বর্=বেগে গমনকরা+অনট আ, ই—ভা) সং,স্ত্রীং,শীঘ্রতা, বেগ। বিলম্বাসহিষ্ণুতা। ব্যাকুলতা, উৎকণ্ঠা।
ত্বরমাণ, (ত্বর্+শান—ক) বিং, ত্রিং, সত্বর, যে তাড়াতাড়ি করিতেছে।
ত্বরিত, (ত্বর+ক্ত—প্রং) বিং, ত্রিং, সত্বর, শীঘ্র, তাড়াতাড়ি।
ত্বষ্ট, (ত্বক্ষ্=কাষ্ঠাদি চাঁচা+ক্ত—র্ম্ম)বিং, ত্রিং, পরিষ্কৃত, চাঁচাছোলা।
ত্বষ্টা, (ত্বষ্টৃ, ত্বক্ষ্=চাঁচা+তৃণ—ক) সং, পুং, বিশ্বকর্ম্মা। সূত্রধর, ছুতার।
ত্বাচ, (ত্বচ্+ষ্ণ—প্রং) বিং, ত্রিং, ত্বগিন্দ্রিয় দ্বারা যাহা সম্পন্নহয়। ত্বক্‌সম্বন্ধীয়।
ত্বাচপ্রত্যক্ষ, (ত্বাচ—প্রত্যক্ষ=অনুভব) সং, ক্লীং, স্পর্শেন্দ্রিয় জন্য জ্ঞান।
ত্বাদৃক, ত্বাদৃশ, (ত্বাদৃশ্, যুষ্মদ্—দৃশ্ দর্শনকরা+ক্বিপ্ অ—র্ম্ম) বিং, ত্রিং, তোমার সদৃশ।
ত্বাষ্ট্র, (ত্বষ্টৃ=বিশ্বকর্ম্মা, সূর্য্য, সূত্রধর+ষ্ণ—সম্বন্ধার্থে, অপত্যার্থে) সং, পুং, বৃত্রাসুর। ষ্ট্রী—স্ত্রীং, চিত্রানক্ষত্র। সংজ্ঞা। সূর্য্যপত্নী। ক্ষুদ্র গাড়ি বা রথ। বিং,ত্রিং, ত্বষ্টৃ সম্বন্ধীয়। "ত্বাষ্ট্রযন্ত্রভ্রমিভ্রান্তমার্ত্তণ্ডজ্যোতিরুজ্জ্বলঃ" উত্তরচরিত।
ত্বিষ্, ত্বিষা, (ত্বিষ =দীপ্তহওয়া+ক্বিপ্ আ—ভা) সং, স্ত্রীং, কান্তি, বর্ণ,তেজঃ।
ত্বিষাম্পতি, (ত্বিষাং [বহুং] দীপ্তিসমূহ—পতি=স্বামী) সং, পুং, সূর্য্য।
ত্বিষি, (ত্বিষ্+ই—প্রং) সং, পুং, তেজঃ। রশ্মি। কিরণ।
ৎসরু, (ৎসর্=যাওয়া+উ—প্রং) সং, পুং, খড়্গাদির মুষ্টি, অস্ত্রের বাঁট। "হস্তিদন্তৎসরূন্ খড়্গান্"। "খড়্গো বিমলৎসরু"।

থ

থ, ব্যঞ্জনের সপ্তদশবর্ণ। (স্থা=থাকা+ড-প্রং) সং, পুং, পর্ব্বত। রোগবিশেষ। ভয়রক্ষক। চিহ্ন। ক্লীং, রক্ষণ। ভক্ষণ। ভয়। মঙ্গল। [ম্পিত।
থরথর, (দেশজ) বিং, কম্পান্বিত। ক-
থলিয়া. থলী, (স্থলী শব্দজ) সং, বস্নী। গুণ, ছালা।
থলো, (দেশজ) সং, গুচ্ছ, স্তবক।
থাকন, (স্থা ধাতুজ) সং, স্থিতিকরণ, বাসকরণ।[দিগের আড্ডা, চৌকিস্থান।
থানা, (স্থান শব্দজ) সং, নগরপ্রহরী-
থাবড়া, থাবা, (দেশজ) সং, চাপড়, চড়, থাবা।
থাম, (দেশজ) সং, স্তম্ভ। [হওন।
থামন, (দেশজ) সং, নিবৃত্ত হওন, শান্ত
থালা, (স্থাল শব্দজ) সং, ধাতুময় ভোজনপাত্র। [লাধার পাত্রবিশেষ।
থালী, (স্থালীশব্দজ) সং, হাঁড়ী। তৈ-
থুতনী, থুতি, (ত্রোটি শব্দজ) সং, চিবুক, ওষ্ঠের অধোভাগ।
থুৎকার, (থুৎ=অনুকরণশব্দ—কার—করণ) সং, পুং, নিষ্ঠীবন, থুথুফেলন।

থুৎকুণ্ডী, (দেশজ) সং, থুথু, নিষ্ঠীবন।
থুথক, সং, ক্লীং, থুথু।
থুবড়া, (দেশজ) বিং, অধিক বয়স পর্য্যন্ত অকৃত বিবাহ। [ত্রিং, বিনাশিত।
থূর্ত্ত, (থূর্ব্ব্=বধকরা+ক্ত—র্ম্ম) বিং,
থোওন, (দেশজ) সং, রাখন, অর্পণ।
থোড়, (দেশজ) সং, কলাগাছের মধ্যদেশ। [অস্ত্রাদি দ্বারা কর্ত্তন।
থোড়া, (হিন্দুস্থানী) বিং, কিঞ্চিৎ, অল্প।
থোড়ন, (থুড়্=আচ্ছাদন করা+অন—ভা) সং, ক্লীং, আবরণ, আচ্ছাদন।
থোপা, থোবা, সং গুচ্ছ, কাঁদি।

দ।

দ, ব্যঞ্জনের অষ্টাদশ বর্ণ। (দা=দান করা কিম্বা দো=ছেদন করা+ড—প্রং) সং, ক্লীং, ভার্য্যা। ক্লীং, দা-স্ত্রীং, দান। ছেদন। ভাগকরণ। বিং, ত্রিং, অচল। দাতা, যে দান করে (ইহা সচরাচর কোন শব্দের পরে প্রযুক্ত হইয়া থাকে, যথা—তোয়দ, অর্থদ, মূল্যদ ইত্যাদি) পুং পর্ব্বত।
দই, (দধি শব্দজ) সং, দুগ্ধবিকারবিশেষ।
দংশ, (দন্শ্=দংশন করা+অল্+ক, ণ, ভা) সং, পুং, বনমক্ষিকা, ডাঁশ। "আস্বাদবদ্ভিঃ কবলৈস্তৃণানাং কণ্ডূয়নৈর্দংশনিবারণৈশ্চ" রঘুবংশ। দন্ত। দংশন। সাঁজোয়া। বর্ম্ম, দোষ। খণ্ডন। শী—স্ত্রীং, ক্ষুদ্রডাঁশ, মশা।
দংশক, (দংশ+অক—ক) সং, পুং, ডাঁশ, মশা। বিং, ত্রিং, দংশনকারী।
দংশন, (দংশ+অনট্—ভা) সং, ক্লীং, দন্ত দ্বারা আঘাত, কামড়ান। বর্ম্ম, সাঁজোয়া। "দষ্টাশ্চ দংশনৈঃ কান্তং দাসী কুর্ব্বন্তি যোষিতঃ"।
দংশভীরু, (দংশ=বনমক্ষিকা—ভীরু=ভয়শীল) সং, পুং, —স্ত্রীং, মহিষ।
দংশিত, (দংশ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, দন্ত দ্বারা খণ্ডিত, যাহাকে দংশন করিয়াছে। বর্ম্মিত, বর্ম্মবিশিষ্ট।
দংষ্ট্র, (দংশ্+ত্র-ণ) সং, পুং, দন্ত, রদন। ষ্ট্রা—স্ত্রীং, দাড়া। বড় দাঁত। "ভ্রমদ্ভ্রুকুটিদংষ্ট্র করালবক্ত্র"। "অথান্ধকারং গিরিগহ্বরাণাং দংষ্ট্রাময়ূখৈশকলানি কুর্ব্বন্" রঘুবংশ।
দংষ্ট্রী, (দংষ্ট্রিন্ =দংষ্ট্রা+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, সর্প। বরাহ। বিং, ত্রিং, বৃহদ্দন্ত বিশিষ্ট, দাঁতাল। "সর্ব্বেষাং দংষ্ট্রিণাং শেষো নাগানামথবাসুকিঃ"।
দক, (উদক=দেখ, উ—লোপ) সং, ক্লীং, বারি, সলিল, নীর, জল, জীবন, তোয়।
দক্ষ, (দক্ষ্=বেগবান্‌হওয়া, বৃদ্ধিপাওয়া+অ—প্রং) বিং, ত্রিং, সমর্থ, পটু, নিপুণ। সং, পুং, স্বনাম প্রসিদ্ধ রাজা, ব্রহ্মার পুত্র প্রজাপতিবিশেষ, পৌরাণিকেরা বলেন যে দক্ষ ব্রহ্মার দক্ষিণাঙ্গুষ্ঠ হইতে জন্ম গ্রহণ করিয়াছিলেন। কুক্কুট। মহাদেবের বৃষ। মুনিবিশেষ। ক্ষা—স্ত্রীং, পৃথিবী।
দক্ষকন্যা, দক্ষজা (দক্ষ—কন্যা, ৬ষ্ঠী—ষ। জ=যে জন্মে, ৫মী—ষ) সং, স্ত্রীং, অশ্বিকা, দুর্গা, সতী। বহুং, অশ্বিন্যাদি নক্ষত্র।
দক্ষজাপতি, (দক্ষজা=অশ্বিন্যাদি নক্ষত্র, দুর্গা—পতি=স্বামী) সং, পুং, শিব। চন্দ্র।
দক্ষতা, (দক্ষ+তা—ভাবে) সং, স্ত্রীং, পটুতা, নৈপুণ্য, ক্ষমতা।
দক্ষসাবর্ণি, সং, পুং, নবম মনু।
দক্ষায্য, (দক্ষ=বধকরা+আয্য—সংজ্ঞার্থে) সং, পুং, গৃধ্র। গরুড়।
দক্ষিণ, (দক্ষ=বর্দ্ধিত হওয়া+ইন—অর্হার্থে) বিং, ত্রিং, অনুকূল, দাক্ষিণ্যযুক্ত, পরচ্ছন্দানুবর্ত্তী। সরল। অকপট। উদার। যাম্যদিক্, বা দেশ। সমর্থ, দক্ষ, নিপুণ। উত্তরের বিপরীত। বামেতর, ডান। সং, পুং, নায়ক বিশেষ। সকল নায়িকাতে যে নায়কের সমান অনুরাগ থাকে।

দক্ষিণকেন্দ্র, দক্ষিণমেরু,সং,পুং, পৃথিবীর দক্ষিণ প্রান্ত।

দক্ষিণতস্ (দক্ষিণ+তস্—প্রং) অং, দক্ষিণ দিকে বা দেশে। ডাইনে।

দক্ষিণদিক্—গরুড় গালবের নিকট দক্ষিণদিকের বৃত্তান্ত কহিতেছেন—পূর্ব্বে সূর্য্যদেব বিধি-বিহিত যজ্ঞের দক্ষিণা-স্বরূপ এই দিক তাঁহার গুরু কশ্যপকে প্রদান করিয়াছেন তন্নিমিত্ত এই দিক দক্ষিণদিক্ নামে প্রসিদ্ধ হইল।

দক্ষিণপূর্ব্বা, (দক্ষিণ—পূর্ব্ব) সং, স্ত্রীং, পূর্ব্বদক্ষিণ কোণ।

দক্ষিণস্থ, (দক্ষিণ—স্থ=যে থাকে) সং, পুং, সারথি। বিং, দক্ষিণে স্থিত।

দক্ষিণা, (দক্ষিণ+আ-স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, পুরোহিতের বেতন,যজ্ঞাদি কর্ম্মাবসানে অনুষ্ঠিত কর্ম্মের সম্পূর্ণতার নিমিত্ত দান, পুরস্কার। যজ্ঞপত্নী। "পত্নী সুদক্ষিণেত্যাসীদধ্বরস্যেব দক্ষিণা" রঘুবংশ। অং, দক্ষিণ দিক্ বা দেশ। "দিক্ দক্ষিণা গন্ধবহং মুখেন, ব্যলীকনিশ্বাসমিবোৎসসর্জ্জ" কুমারসম্ভব। দক্ষিণ হইতে। দক্ষিণে।

দক্ষিণাগ্নি, (দক্ষিণ—অগ্নি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, দক্ষিণদিকে স্থাপনীয় যজ্ঞাগ্নিবিশেষ। অধ্বরপত্নী।

দক্ষিণাচল, (দক্ষিণ—অচল=পর্ব্বত, ৬ষ্ঠী-ষ) সং, পুং, মলয়াচল।

দক্ষিণাৎ, দক্ষিণেন, (দক্ষিণ+আৎ, এন) অং, ডানি দিকে। "অয়ে দক্ষিণেন বৃক্ষবাটিকামালাপ ইব শ্রূয়তে" শকুন্তলা। দক্ষিণবর্ত্তী। দক্ষিণ হইতে। দক্ষিণে।

দক্ষিণাপথ, (দক্ষিণা—পথ [পথিন্ শব্দজ] রাস্তা) সং, পুং, দক্ষিণ দেশ।

দক্ষিণামুখ, (দক্ষিণা=দক্ষিণদিকে—মুখ, ৭মী-হিং)বিং, ত্রিং,দক্ষিণদিঙ্মুখ,দক্ষিণাস্য

দক্ষিণায়ন, (দক্ষিণ—অয়ন=গমন, ৭মী—ষ) সং, ক্লীং, বিষুব রেখার দক্ষিণবর্ত্তী সূর্য্যমার্গ। আশ্বিনাদি ছয় মাসকাল। "দক্ষিণায়নমাবৃত্তো মহীং নিবিশতেরবিঃ"

দক্ষিণায়নান্তবৃত্ত, (Tropic of capricorn) সূর্য্যের দক্ষিণে গতির সীমানিরূপক রেখা, বিষুব রেখার ২৩॥০ অংশ দক্ষিণে যে অক্ষরেখা আছে।

দক্ষিণারুঃ, (দক্ষিণারুস্, দক্ষিণ—অরুস্=ব্রণ, ৬ষ্ঠী—হিং)সং,পুং,দক্ষিণের্ম্মা দেখ

দক্ষিণাবর্ত্ত, (দক্ষিণ—আবর্ত্ত=ঘূর্ণন) সং, পুং, শঙ্খবিশেষ, যে শঙ্খের মুখ দক্ষিণদিকে খোলা। দক্ষিণ দেশ। বিং, ত্রিং, যাহা দক্ষিণদিকে ঝুঁকিয়াছে। ডাইনদিকে আবর্ত্তবিশিষ্ট।

দক্ষিণাশাপতি, (দক্ষিণ—আশা=দেশ—পতি=স্বামী, প্রভু) সং, পুং, যম।

দক্ষিণীয়, (দক্ষিণা+ঈয়—অর্হার্থে) বিং, ত্রিং, দক্ষিণার উপযুক্ত, দক্ষিণা প্রাপ্তিযোগ্য।

দক্ষিণের্ম্মা, (দক্ষিণের্ম্মন্, দক্ষিণ=ডানদিক্—ঈর্ম্ম=ক্ষত, ৬ষ্ঠী—হিং, অন্—প্রং) সং, পুং, মৃগয়াকারী ব্যক্তিকর্ত্তৃক দক্ষিণপার্শ্বে আহত মৃগ।

দক্ষিণ্য, (দক্ষিণা+ষ্য—অর্হার্থে) বিং, ত্রিং, দক্ষিণা প্রাপ্তির যোগ্য। ক্লীং, আনুকূল্য। নৈপুণ্য। সরলতা, ঔদার্য্য।

দগ্ধ, (দহ=দগ্ধকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহা পুড়িয়াগিয়াছে, ভস্মীভূত। ঝল্সান। সন্তপ্ত। গ্ধা—স্ত্রীং,অমঙ্গল্যতিথি

দগ্ধকাক, (দগ্ধ [ভস্মীকৃত] কাল—কাক) সং, পুং, দাঁড়কাক।

দগ্ধপত্রন্যায়— (২২) দেখ।

দগ্ধব্য, (দহদেখ, তব্য—র্ম্ম) বিং, ত্রিং, দাহযোগ্য, দাহ্য।

দগ্ধিকা, (দগ্ধ+ক—কুৎসিতার্থে) সং, স্ত্রীং, দগ্ধান্ন, পোড়াভাত, যে ভাত ধরিয়া গিয়াছে। [স্ত্রীং, ঝামা ইট।

দগ্ধেষ্টকা, (দগ্ধ—ইষ্টক=ইট, রং—স) সং,

দড়া, (দেশজ) সং, দীর্ঘস্থূল রজ্জু, কাছী।

দড়ী, (দেশজ) সং, রজ্জু, গুণ।

দণ্ড, (দণ্ড্=দমনকরা+অ—ণ, ভা) সং, পুং,-ক্লীং, যষ্টি, লাঠি। "জলে তুণ্ডাদণ্ডং প্রসারিতবান্"। পুং,শিক্ষা। দমন, শাসন। সোজা হইয়া দাঁড়ান। চারিহস্ত পরিমিত যষ্টি। যুদ্ধ। সৈন্য। যম। যুদ্ধযাত্রার আজ্ঞা। অশ্ববিশেষ। ষষ্ঠি পল পরিমিত সময়। "ষট্ পলং পাত্র নির্ম্মাণং গভীরং চতুরঙ্গুলং। স্বর্ণমাষৈঃ কৃতচ্ছিদ্রং কুণ্ডৈশ্চ চতুরঙ্গুলৈঃ। যাবজ্জলপ্লুতং পাত্রং তৎকালং দণ্ডমেব চ"।

দণ্ডক, (দণ্ড—ক কৈধাতুজ) সং, পুং, ক্লীং, ছন্দোবিশেষ। (দণ্ডদেখ, অক—ক) নৃপবিশেষ।

দণ্ডকা, (দণ্ড+ক—প্রং, আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, দেশবিশেষ। জনস্থান। যে দেশে দণ্ডকারণ্য নামে বন আছে। "কাযোধ্যায়াঃ পুনরুপগমো দণ্ডকায়াং বনে বঃ" উত্তরচরিত।

দণ্ডকাক, সং, পুং, দাঁড়কাক।

দণ্ডকারণ্য, (দণ্ডক—অরণ্য=বন। দণ্ডক নৃপতির দেশ শুক্রাচার্য্যের শাপে বন হইয়াছিল) সং, ক্লীং, সমস্ত দাক্ষিণাত্য, বিশেষতঃ দাক্ষিণাত্যের পূর্ব্বভাগ "সংদৃশ্যন্তে পরিচিতভুবো দণ্ডকারণ্যভাগাঃ" উত্তরচরিত।

দণ্ডগ্রহণ (দণ্ড—গ্রহণ) সং, ক্লীং, সন্ন্যাসাশ্রম অবলম্বন। সন্ন্যাসাশ্রমে প্রবিষ্ট ব্যক্তিরা সর্ব্বদা হস্তে দণ্ড ধারণ করিয়া থাকেন। এই জন্য দণ্ডগ্রহণ বলিলে সন্ন্যাসব্রত অবলম্বন বুঝায়।

দণ্ডচক্রাদিন্যায়—ন্যায় (২৩) দেখ।

দণ্ডঢক্কা, সং, স্ত্রীং,বাদ্যবিশেষ, দামামা, নাগরা।

দণ্ডধর, (দণ্ড=যে ধরে, ২য়া—ষ) সং, পুং, রাজা। যম। কুম্ভকার। বিং, ত্রিং, যষ্টিহস্ত,যষ্টিধারী। লাঠিয়াল। অপরাধীকে যাহার দণ্ড দিবার ক্ষমতা বা অধিকার আছে।

দণ্ডন, (দণ্ড+অনট্-ভা) সং, ক্লীং, দণ্ড দেওয়া, শাসন।

দণ্ডনায়ক, (দণ্ড=সৈন্যশ্রেণী—নায়ক=যে লইয়া যায়, নেতা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সেনাপতি। দণ্ডবিধানকর্ত্তা। (Sheriff) যে ব্যক্তি বিচারকের হুকুম অন্যের উপর খাটায়।

দণ্ডনীতি, (দণ্ড—নীতি প্রণয়ন, ৭মী—হিং) সং, পুং, রাজনীতিশাস্ত্রবিশেষ, যাহাতে রাজশাসনসংক্রান্ত যাবতীয় নিয়ম ও উপদেশ আছে।

দণ্ডনীয়, (দণ্ড+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, দণ্ডার্হ, দণ্ডদিবার যোগ্য।

দণ্ডপাংশুল, (দণ্ডপ [দণ্ড=যষ্টি—পা=পালন করা, ধারণ করা+ড—ক]—অংশুল [অংশল শব্দজ] বলবান্) সং, পুং, দ্বারপাল দ্বারী।

দণ্ডপাণি, (দণ্ড—পাণি=হস্ত, ৬ষ্ঠী—হিং) সং, পুং, যষ্টিধারী। যম। শিবের অনুচরবিশেষ।

দণ্ডপারুষ্য (দণ্ড=শাস্তি, শাসন—পারুষ্য=কাঠিন্য) সং, ক্লীং, কঠিনদণ্ড, প্রহারাদি। অষ্টাদশ বিবাদের অন্তর্গত বিবাদবিশেষ।

দণ্ডপাল, দণ্ডপালক } (দণ্ড=যষ্টি ইত্যাদি-পাল, পালক=যে রক্ষা করে) সং, পুং, দ্বারপাল। মৎস্যবিশেষ।

দণ্ডভৃৎ, (দণ্ড=যষ্টি কিম্বা তাহার চক্রের যষ্টি বা হাতল—ভৃৎ=যে ধারণ করে, বা কর্ম্ম করে) বিং, ত্রিং, দণ্ডধারী। সং, পুং, কুম্ভকার।

দণ্ডযাত্রা, (দণ্ড=শাসন, দমন ইত্যাদি—যাত্রা=গমন) সং, স্ত্রীং, দিগ্বিজয়ের নিমিত্ত যাত্রা। বরযাত্রা, বরের সহিত গমন।

দণ্ডযাম, (দণ্ড=শাসন ইত্যাদি—যামি=নিবৃত্তকরান+অ—প্রং) সং, পুং, যম। অগস্ত্য মুনি। দিন।

দণ্ডবৎ, (দণ্ড+বৎ—প্রং) অং, দণ্ডের ন্যায় পতিত হওয়া।

দণ্ডবাদী, (দণ্ডবাদিন্, দণ্ড=শাসন—বদ্ বলা, ভয়দেখান+ণিন্—ক) সং, পুং, দ্বারপাল। বিং, ত্রিং, যে ব্যক্তি দণ্ড দিবার কথা বলিয়া ভয় দেখায়।

দণ্ডবালধি, (দণ্ড=যষ্টি—বালধি পুচ্ছ) সং, পুং, হস্তী।

দণ্ডবাসী, (দণ্ডবাসিন্,দণ্ড=যষ্টি বা আশা-শোটা, বাসন—বস্=বাসকরা+ণিন্—প্রং) সং, পুং, দ্বারপাল। এক গ্রামের শাসনকর্ত্তা।

দণ্ডবিধি, (দণ্ড—বিধি=নিয়ম) সং, পুং, দণ্ডবিষয়ক আইন। (Penal code)

দণ্ডবিষ্কম্ভ, (দণ্ড=যষ্টি—বি—স্কম্ভ=স্তব্ধ করা+অ—প্রং) সং,পুং,ঘোলমওয়া যষ্টি

দণ্ডসংহিতা (দণ্ড—সংহিতা=শাস্ত্র) সং, স্ত্রীং,দণ্ডবিষয়ক শাস্ত্র,ফৌজদারি আইন

দণ্ডাদণ্ডি, (দণ্ড—দণ্ড+ই—প্রং, ১মা—হিং, দণ্ডদ্বারা দণ্ডদ্বারা প্রহার করিয়া যে যুদ্ধ প্রবৃত্ত) অং, পরস্পর যষ্টিদ্বারা যুদ্ধ, লাঠালাঠি।

দণ্ডপূপন্যায়—ন্যায় (২৪) দেখ।

দণ্ডায়মান, (দণ্ডায় [দণ্ড+আয়—তত্তুল্যাচারার্থে] দণ্ডবৎ আচরণ করা+শান—ক, ম—আগম) বিং, ত্রিং, যে দাঁড়াইয়া আছে।

দণ্ডার, (দণ্ড—ঋ=গমনকরা+ঘঞ্—প্রং) সং,পুং,কুলালচক্র। শকটবিশেষ। বন্য হস্তী, মত্তহস্তী। ধনুক।

দণ্ডাহত, (দণ্ড=মন্থন দণ্ড—আহত=আঘাতিত, মথিত) সং, ক্লীং, তক্র, ঘোল। বিং, ত্রিং, দণ্ডদ্বারা আহত।

দণ্ডিক, (দণ্ড+ইক—প্রং) সং, পুং,দণ্ডধারী, ছড়িবরদার। মৎস্য বিশেষ, ডানিকণামাছ।

দণ্ডিকা, (দণ্ড=পরিমাণ+ইক—প্রং)সং, স্ত্রীং, রজ্জু। হারবিশেষ। [দণ্ডপ্রাপ্ত।

দণ্ডিত, (দণ্ড+ক্ত—র্ম্ম) বিং,ত্রিং,শাসিত,

দণ্ডী, দণ্ডিন, (দণ্ড+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, নৃপ, যম। বৌদ্ধবিশেষ। দ্বারপাল। যে দণ্ডগ্রহণ করিয়াছে, সন্ন্যাসী, চতুর্থাশ্রমী। পণ্ডিতবিশেষ, কাব্যাদর্শ গ্রন্থকার। বিং, ত্রিং, দণ্ডধারী।

দণ্ডোপবেশী, (Insessores) যাহারা দাঁড়ে বসে।

দণ্ড্য, (দণ্ড=শাসন+য—অর্হার্থে) বিং, ত্রিং, দণ্ডনীয়, দণ্ডার্হ। "স্থিত্যৈ দণ্ডয়তো দণ্ড্যান্ পরিণেতুঃ প্রসূতয়ে" রঘুবংশ।

দৎ, (দন্তশব্দজ) সং, পুং, দন্ত, দাঁত।

দত্ত, (দা=দানকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অর্পিত, উৎসৃষ্ট। ত্যক্ত। পুত্রবিশেষ, দত্তক। দত্তাত্রেয়। সং, পুং, স্বনামপ্রসিদ্ধ নৃপবিশেষ। বৈশ্যের উপাধিবিশেষ ক্লীং, দান। ত্তা—স্ত্রীং, পরিণীতা, উঢ়া।

দত্তকপুত্র, (দত্তক—পুত্র, য়ং—স) সং, পুং, পোষ্য পুত্র।

দত্তাত্মা, (দত্তাত্মন্, দত্ত—আত্মন্, ৩য়া—হিং) সং, পুং, যে পুত্র আপনার ভরণ পোষণের নিমিত্ত অন্যের নিকট আত্মসমর্পণ করে।

দত্তাত্রেয়, (দত্ত—অত্রেয়=অত্রিপুত্র) সং, পুং, অত্রিমুনির পুত্র, ভগবানের অবতারবিশেষ।

দত্তাপহারী (—রিন্, দত্ত—অপহারী যে ফিরিয়া লয়) বিং, ত্রিং, যে ব্যক্তি দান করিয়া পুনর্ব্বার তাহা গ্রহণ করে।

দত্তাপ্রদানিক (দত্ত—অপ্রদান+ইক-ইদমর্থে) সং, ক্লীং, দান করিয়া ফিরিয়া লওয়াতে যে বিবাদ উপস্থিত হয়।

দত্তাবধান (দত্ত—অবধান=মনোযোগ, ৩য়া—হিং) বিং, ত্রিং, অবহিত, মনোযোগী, যে বিষয়ে মনোযোগ দেওয়া হইয়াছে। [বিতরণ।

দত্তি, (দা+ক্তি—ভা) সং, স্ত্রীং, দান,

দত্তেয়, সং, পুং ইন্দ্র।

দত্রিম (দা=দানকরা+ত্রিমক্-প্রং) বিং, ত্রিং, দান দ্বারা নিষ্পন্ন। সং, পুং, দত্তক পুত্র। "মাতা পিতা বা দদ্যাতাং যমদ্ভি

পুত্ত্রমাপদি। সদৃশং প্রীতিসংযুক্তং স জ্ঞেয়ো দত্ত্রিমঃ স্মৃতঃ”। দত্তকচন্দ্রিকা।

দদন, (দদ—দান করা+শতৃ—ভা) সং, ক্লীং দান, বিতরণ।

দদ্রু, দদ্রূ, (দরিদ্রা=দুর্গতকরা+উ, উ-প্রং, নিপাতন) সং, পুং, দাদ্, ছুলি প্রভৃতি।

দদ্রুঘ্ন, (দদ্রু—ঘ্ন [বধার্থ হন্‌ধাতুজ] যে নষ্ট করে, ২য়া—ষ) সং, পুং, চাকুন্দা গাছ। বিং, ত্রিং, দদ্রুনাশক।

দদ্রুণ, দদ্রূণ (দদ্রু—ন—অস্ত্যর্থে) বিং, ত্রিং, দদ্রুরোগী, যাহার দাদ্ ছুলি প্রভৃতি হইয়াছে, দেদো।

দধান, (ধা=ধারণকরা+শান—ক) বিং ত্রিং, যে ধারণ করে।

দধি, (ধা=ধারণ করা+ই-প্রং) সং, ক্লীং, দুগ্ধবিকার-বিশেষ, দৈ। “তরুণং সর্ষপশাকং নবৌদনং পিচ্ছিলানি চ দধীনি অল্পব্যয়েন চ সুন্দরি গ্রাম্য জনো মিষ্ট মশ্নাতি” বিং, ত্রিং, ধারণকর্ত্তা। “সৃষ্ট্বা দধিং শারুকমেতদর্চ্চকান। উন্নীতবন্তং যতিভিঃ সুদর্শনং” বোপদেব। দধিকূর্চ্চিকা। স্ত্রীং, আমিক্ষা, ছানা।

দধিচার, (দধি—চারি=গমন করান+অ—প্রং) সং, পুং, দধিমন্থন দণ্ড, ঘোল মওয়া যষ্টি। [বনীত, ননী।

দধিজ, (দধি—জ=জাত) সং, ক্লীং, ন-

দধিত্থ, (দধি—স্থা = থাকা+ড—প্রং) সং, পুং, কৎবেলের গাছ। ইহার মূল হইতে দধিসদৃশ রস নির্গত হইয়া থাকে বলিয়া ইহাকে দধিত্থ বলে।

দধিমণ্ড, (দধি—মণ্ড, ৬ষ্ঠী—ষ) সং, পুং, দধি প্রভৃতির জলীয় ভাগ, মাৎ।

দধিমণ্ডোদ, (দধিমণ্ড—উদ=জল) সং, পুং, দধিসমুদ্র।

দধিমুখ, সং, পুং, বানরবিশেষ।

দধিবামন, (দধি=পোষণকর্ত্তা—বাম=বিপক্ষ—ন=বন্ধন। যিনি পোষণকর্ত্তা এবং যাঁহা হইতে বিপক্ষের বন্ধন হয়) সং, পুং, বিষ্ণু, কৃষ্ণ।

দধিশোণ, (দধি—শোণ=রক্তবর্ণ। দধি ও রক্তবর্ণ মিশ্রিত যাহার বর্ণ) সং, পুং, কপি, বানর।

দধিসার, (দধি—সার=সারভাগ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, ননী, মাখন।

দধিস্নেহ, (দধি—স্নেহ=তৈলবৎ পদার্থ) সং, পুং, দধির সর, দধির মাতা।

দধিস্বেদ, (দধি—স্বেদ=ক্লেদ) সং, পুং, তক্র, ঘোল।

দধী, দধীচি, সং, পুং, অথর্ব্ব মুনির ঔরসে কর্দ্দম প্রজাপতির কন্যার গর্ভে উৎপন্ন মুনিবিশেষ, বৃত্তাসুরের বধার্থ যাঁহার অস্থিতে বজ্র নির্ম্মিত হইয়াছিল।

দধীচ্যস্থি, (দধীচি=মুনিবিশেষ—অস্থি। প্রসিদ্ধি আছে যে, এই মুনির অস্থিতে বজ্র নির্ম্মিত হইয়াছিল) সং,ক্লীং, বজ্র। (বজ্র ও হীরায় একরূপ পদার্থ আছে বলিয়া) হীরক, হীরা।

দধৃক্, (দধৃষ্, ধৃষ্=প্রগল্ভ হওয়া+ক্বিপ্—প্রং। নিপাতন) বিং, ত্রিং, নির্লজ্জ, বেহায়া।

দধ্ন, (দধ্—দানকরা, অথবা ধা=ধারণকরা, পুনঃ পুনঃ বলা+ন—প্রং) সং, পুং, যমবিশেষ। [পুং, দধিসমুদ্র।

দধ্যাকর, (দধি—আকর = খনি) সং,

দধ্যুদ, (দধি—উদ=জল। দধিই যাহার জল স্বরূপ) সং, পুং, দধিসমুদ্র।

দনু, সং, স্ত্রীং, দক্ষকন্যা, কশ্যপের স্ত্রী, দানবদের মাতা।

দনুজ, (দনু—জ=যে জন্মে, ৫মী—ষ)সং, পুং, দানব, অসুর, দৈত্য।

দনুজদ্বিট্, (—ষ্, দনুজ=দানব—দ্বিষ=যে বিদ্বেষ করে, ২য়া—ষ) সং, পুং, দেবতা। [সং, পুং, দানব, অসুর।

দনুসূনু, (দনু—সূনু=সন্তান, ৬ষ্ঠী—ষ)

দন্ত, (দম্=দমনকরা+ক্ত—প্রং) সং, পুং, দাঁত। গিরিনিতম্ব। নিকুঞ্জ। পর্ব্বত শৃঙ্গ। সানু। ৩২ সংখ্যা।

দন্তক, (দন্ত+ক—সাদৃশ্যার্থে) সং, পুং, নাগদন্ত, ডাণ্ডা। দন্ত। পর্ব্বত হইতে বহির্গত দন্তসদৃশ প্রস্তর।

দন্তকর্ষণ, (দন্ত—কর্ষণ=আকর্ষণ) সং, পুং, জম্বীর, লেবু।

দন্তকাষ্ঠ, (দন্ত—কাষ্ঠ=কাট) সং, ক্লীং, দন্ত ধাবনকাষ্ঠ, দাঁতন। যাহা হইতে দন্ত ধাবন কাষ্ঠ পাওয়া যায় ৫মী—হিং) পুং, বিকঙ্কত বৃক্ষ।

দন্তচ্ছদ, দন্তবাসস্, (দন্ত—ছদ=যে আচ্ছাদন করে, ২য়া—ষ। দন্ত—বাসস্=পরিচ্ছদ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ওষ্ঠ, ঠোঁট।

দন্তচ্ছদোপমা, (দন্তচ্ছদ=ওষ্ঠ—উপমা। যাহার সহিত ওষ্ঠের তুলনা দেওয়া যায়) সং, স্ত্রীং, বিম্বফল, তেলাকুচা।

দন্তধাবন, (দন্ত—ধাবন=পরিষ্কার কিম্বা যে পরিষ্কার করে, ২য়া—ষ) সং, ক্লীং, দন্তমার্জ্জন, দাঁতমাজা। পুং,খদির গাছ।

দন্তপত্র—ক্লীং, দন্তপত্রিকা—স্ত্রীং, } (দন্ত–পত্র=পাতা) সং, কর্ণভূষণ-বিশেষ, কুণ্ডল।

দন্তপত্রক, (দন্ত=দন্তের ন্যায় শুভ্র—পত্র=পাতা, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, কুন্দপুষ্প কুঁদফুল। কবিরা সর্ব্বদা এই পুষ্পের পত্র অর্থাৎ পাবড়ী দন্তের ন্যায় শুভ্র বর্ণ ও গঠন বলিয়া বর্ণনা করিয়া থাকেন এইজন্য ইহার নাম দন্তপত্রক হইয়াছে।

দন্তবক্র, সং, পুং, কৃষ্ণের বিদ্বেষী নৃপবি- [শেষ।

দন্তবস্ত্র, (দন্ত—বস্ত্র=পরিচ্ছদ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, ওষ্ঠ, দন্তচ্ছদ।

দন্তবীজক, (দন্ত—বীজ। দন্তসদৃশ বীজ যাহার, ৬ষ্ঠী—হিং) সং, পুং, দাড়িম্ববৃক্ষ

দন্তশর্করা, (দন্ত—শর্করা=বালি) সং, স্ত্রীং দাঁতের ময়লা।

দন্তশাণ, (দন্ত—শাণ=শাণপাথর। যে দন্ত পরিষ্কার করে) সং, ক্লীং, মিসি, মাজন।

দন্তশিরা, সং, স্ত্রীং, দাঁতের মাড়ী।

দন্তহর্ষ, (দন্ত—হর্ষ=হর্ষণ) সং, পুং, দন্তরোগবিশেষ।

দন্তহীন, (Edentata) যে সকল জন্তুর দন্তনাই, যথা—পিপীলিকাভুক্ ইত্যাদি

দন্তায়ুধ, (দন্ত—আয়ুধ=অস্ত্র, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শূকর। [ক্লীং, দন্তরোগবিশেষ।

দন্তার্ব্বুদ, (দন্ত—অর্ব্বুদ=আব্) সং, পুং,

দন্তালিকা, দন্তালী, (দন্ত—অলি=শ্রেণী +ক—স্বার্থে। দন্ত—অল্=ভূষিতকরা +অ—ঈ, প্রং) সং, স্ত্রীং, অশ্বপ্রভৃতির মুখরজ্জু, লাগাম।

দন্তাবল, (দন্ত+বল—অস্ত্যর্থে, অ স্থানে আ) সং, পুং, হস্তী, হাতী।

দন্তী, (দন্তিন্, দন্ত+ইন্—অস্ত্যর্থে)সং, পুং, হস্তী। পর্ব্বত। বিং, ত্রিং, দন্তযুক্ত

দন্তুর, (দন্ত+উর—অস্ত্যর্থে) বিং, ত্রিং, উন্নত বা বহির্গত দন্তবিশিষ্ট। "কদাচিদ্দন্তুরো মূর্খঃ" "রৌপ্যাঙ্কুরমুখপ্রোতমুক্তাসন্ততিদন্তুর"। উন্নতানত, উচ্চ নীচ নত স্থান।

দন্ত্য, (দন্ত+য—ভবার্থে) বিং, ত্রিং, দন্তদ্বারা উচ্চারিত। ত থ দ ধ ন ল স ৯ দন্ত্যবর্ণ। দন্তহিতকর।

দন্দশূক, (দন্দন্শ্ [যঙ্লুগন্ত] পুনঃ পুনঃ দংশনকরা+উক—ক, শীলার্থে) সং, পুং, রাক্ষস। দৈত্য। সর্প। বিং, ত্রিং, সদাদংশনে উদ্যত। ক্রূর। হিংস্র। "ক্রব্যাদা দন্দশূকাশ্চ কৃমিকীটবিহঙ্গমাঃ"।

দভ্র, বিং, ত্রিং, স্বল্প, অল্প। সং, পুং, সমুদ্র।

দম, (দম্=দমনকরা, ক্লেশসহ্করা+অন্—ভা) সং, পুং, দমন, শাসন। বশীভূতকরণ। ক্লেশসহন। ইন্দ্রিয় সংযম। কুকর্ম্ম হইতে মনোনিবৃত্তি। মনঃস্থৈর্য্য, বিকারের কারণ সত্বেও চিত্তের স্থিরতা সম্পাদন।

দমক, (দম্=দমনকরা+ণক—ক) বিং, ত্রিং, দমনকারী, শাসনকর্ত্তা।

দমঘোষ, সং, পুং, চেদিদেশের অধিপতি,

শিশুপালের পিতা।

দমঘোষজ } (দমঘোষ—জ=জাত,
দমঘোষসুত } ৫মী—হিং) দমঘোষ—সুত পুত্র, ৬ষ্ঠী—ষ। সং, পুং, শিশুপাল। "দমঘোষসুতেন কশ্চন প্রতিশিষ্টঃ প্রতিভানবানথ" শিশুপালবধ।

দমথু, (দম্=দমনকরা+অথুস—প্রং)সং, পুং, শাসন, দমন। দম।

দমন, (দম+অনট্—ভা) সং, ক্লীং, শাসন, দণ্ড। নিবারণ। ইন্দ্রিয় নিগ্রহ। বশীকরণ। ক্লেশসহন। পুং, বীর। পুষ্পবিশেষ। মুনিবিশেষ।

দমনীয়, (দম্=দমনকরা+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, শাসনীয়, দমনযোগ্য।

দময়ন্তী, (দমি = ক্লেশসহকরা+শতৃ—প্রং) সং, স্ত্রীং, নলরাজার মহিষী, বিদর্ভদেশীয় ভীমরাজার কন্যা, ভৈমী। "ভুবনত্রয়সুভ্রুবামসৌ দময়ন্তী কমনীয়তামদং উদিয়ায় যতস্তনুশ্রিয়া দময়ন্তীতি ততোভিধাং দধৌ" পূর্ব্বনৈষধ।

দমিত, (দম+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, শাসিত, বশীকৃত। ভারবহনাদি ক্লেশসহিষ্ণু।

দমী, (দম্+ণিন্—ক) বিং, ত্রিং, জিতেন্দ্রিয়, বশী, দমনকারী, শাসনকর্ত্তা।

দমুনাঃ, (দমুনস্, দম্ [সমস্ত বিষয়] দমনকরা—উনস্—সংজ্ঞার্থে। উনস্—যোগে দমূনস্ শব্দও হয়) সং, পুং, অগ্নির নামভেদ। শুক্রাচার্য্য। উশনাঃ।

দম্পতি, (জায়া-পতি, দ্বং-স-জায়া স্থানে দম্) সং, পুং, দ্বিং, জায়াপতি, স্ত্রী-পুরুষ

দম্ভ, (দনভ=দম্ভকরা প্রতারণা করা +ঘঞ্—ভা) সং, পুং, গর্ব্ব, অহঙ্কার। দুষ্টতা, শঠতা, প্রতারণা। পাপ।

দম্ভোলি, (দন্ভ=বিভাগকরা, ছেদনকরা যে আহত বস্তুকে শতধা বিদীর্ণ করে। সং, পুং, অশনি, ইন্দ্রের বজ্র। কুলিশ।

দম্য, (দম+য—র্ম্ম) বিং, ত্রিং, দমনীয়, শাসনীয়। পুং, এঁড়ে বাছুর, ছোট বাছুর

দয়, (দয়্=রক্ষাকরা+অল—ভা) সং, পুং, য়া—স্ত্রীং, পরদুঃখে দুঃখানুভব, পরদুঃখ প্রহরণেচ্ছা, অনুগ্রহ। কৃপা, স্নেহ। বিং, ত্রিং, কৃপালু। সদয়।

দয়মান, (দয়+শান—ক) বিং, ত্রিং, যে দয়া করিতেছে। যিনি রক্ষা করিতেছেন

দয়াকূর্চ্চ, (দয়া=কৃপা—কূর্চ্চ=অহঙ্কার) সং, পুং, বৌদ্ধ সন্ন্যাসী। বৌদ্ধ ধর্ম্মপ্রবর্ত্তক বৌদ্ধের অবতার ভেদ।

দয়াময় } (দয়া+ময়—প্রং। দয়াবৎ,
দয়াবান্ } দয়া+বৎ—অস্ত্যর্থে) বিং, ত্রিং, দয়ালু।

দয়ালু, (দয়া=কৃপা+আলু—ক, শীলার্থে) বিং, ত্রিং, কৃপালু, দয়াবান্।

দয়াবীর, সং, পুং, পরের দুঃখ দেখিয়া যিনি করুণাপূর্ণহৃদয়ে তদীয় দুঃখ দূর করিবার নিমিত্ত সাধ্যানুসারে চেষ্টা করেন এবং আবশ্যক হইলে প্রাণ পর্য্যন্ত বিসর্জ্জন দিতেও কুণ্ঠিত না হন।

দয়ারত্ন, সং, ক্লীং, বৌদ্ধদিগের ধর্ম্মশাস্ত্র।

দয়িত, (দয়=স্নেহ চক্ষে দেখা ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রিয়, স্নেহপাত্র। অভিপ্রেত, ইষ্ট। সং, পুং, বল্লভ, স্বামী, নাথ। তা—স্ত্রীং প্রণয়িনী, ভার্য্যা, পত্নী, অঙ্কলক্ষ্মী, স্ত্রী। উপপত্নী।

দর, (দৃ=বিদীর্ণহওয়া ভীতহওয়া+অল্—প্রং) সং, পুং,—ক্লীং, ভয়। কম্প। গর্ত্ত। ক্লীং, শঙ্খ। অং, অল্প, ঈষৎ। রী—স্ত্রীং, গিরিগহ্বর, পর্ব্বতগুহা। রি—পুং, গুহা।

দরজী, (যাবনিক) সং, সূচিজীবী, সূচিকর্ম্মকর।

দরণি, (দৃ [তীরের নীচে] বিদারণকরা +অণি—প্রং) সং, পুং, নদ্যাদির কূলভঙ্গ, ভাঙ্গন। প্রবাহ। কোন কোন পুস্তকে দারণি এইরূপ কথাও দেখিতে পাওয়া যায়।

দরদ, (দৃ=বিদীর্ণহওয়া+অদ্—সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, ভয়। পর্ব্বতের অত্যুচ্চস্থান। পর্ব্বত। ম্লেচ্ছজাতি। হৃদয়। তীর, কূল।

প্রপাত। (দেশজ) বেদনা।
দরদ, (দরদ্+অচ্—প্রং) সং, পুং, কাশ্মীরের সন্নিহিত দেশবিশেষ। ম্লেচ্ছজাতিবিশেষ। ভয়। ক্লীং, হিঙ্গুল।
দরমা, (দেশজ) সং, নলনির্ম্মিত দ্রব্যবিশেষ, চাঁচ।
দরিত, (দর=ভয়+ইত—প্রং। বা দৃ ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ভীত,শঙ্কিত। ছিন্ন, বিদীর্ণ। বিভক্ত।
দরিদ্র, (দরিদ্রা=নির্ধনহওয়া+অল্—ক) বিং, ত্রিং, নির্ধন, নিঃস্ব, দীন। দুর্গত। বিহীন। রহিত।
দরিদ্রিত, (দরিদ্রা+ক্ত—প্রং) বিং, ত্রিং, নির্ধনীকৃত, দুর্গত। দারিদ্র্যযুক্ত।
দরী, দর দেখ।
দরেন্দ্র, পুং, বিষ্ণুশঙ্খ।
দরোদর, (দুরোদর দেখ) সং, ক্লীং, দ্যূতক্রীড়া। পুং, অক্ষক্রীড়ক। শঙ্কু, কীলক। (Stake)
দর্দ্দর, (দৃ=বিদারণকরা, দ্বিত্ব+অ—প্রং) সং, পুং, পর্ব্বত। বিং, ত্রিং, ঈষৎ,বিদীর্ণ, অন্ধ। ভগ্ন। চিড় খাওয়া।
দর্দ্দরীক, (দৃ=বিদারণ করা, ঈকন্, দ্বিত্ব) সং, ক্লীং, বাদ্যযন্ত্রবিশেষ। পুং, মেঘ। ভেক।
দর্দ্দুর (দৃ=ভীত হওয়া+উর-প্রং) সং,পুং, ভেক। (দর্দ্দু=অনুকরণশব্দ+র-অস্ত্যর্থে) মেঘ। বাদ্যভাণ্ড। বাদ্যযন্ত্রবিশেষ, বাঁশী। দাক্ষিণাত্যের অন্তর্গত মলয়পর্ব্বতের সন্নিহিত ও সহ্যাদ্রির দক্ষিণ দিকস্থ পর্ব্বতবিশেষ। রাক্ষস। ক্লীং, গ্রামসমূহ। রা—স্ত্রীং, চণ্ডিকা, দুর্গা।
দর্দ্দুরপুট, (দর্দ্দুর—পুট=পাত্র) সং, পুং, বেণুমুখ। নলের প্রান্তভাগ।
দদ্রু-দ্রূ, (দরিদ্রা=নির্ধন হওয়া+উ নিপাতন) সং, পুং, গজকর্ণ খর্জ্জু, দাদরোগ। দর্দ্দূ, দদ্রু,দদ্রূ ও হয়।
দদ্রুঘ্ন, সং, পুং, চক্রমর্দ্দক।
দর্প, (দৃপ অহঙ্কৃতহওয়া+ঘঞ্—ভা) সং, পুং, উচ্ছৃঙ্খলত্ব, গর্ব্ব, অহঙ্কার। অভিমান। উষ্মা। কস্তুরীমৃগ।
দর্পক, (দৃপ=দীপ্তকরা+অক—ক) সং, পুং, কামদেব, মদন। বিং, ত্রিং, উদ্দীপক, উত্তেজক। অহঙ্কারী।
দর্পণ, (দৃপ্=দীপ্তকরা+অনট্—প্রং) সং, পুং, মুকুর, আদর্শ, আর্শি। ক্লীং, চক্ষুঃ। সন্দীপন। পর্ব্বতবিশেষ। "লোচনাভ্যাং বিহীনস্য দর্পণঃ কিং করিষ্যতি"
দর্পী, (দর্পিন্, দর্প+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, দাম্ভিক, অহঙ্কারী। মদোদ্ধত। প্রগল্ভ। [পুং, রাক্ষস। হিংস্র।
দর্ব্ব, (দৃ—বিদারণকরা—ব—প্রং) সং,
দর্ব্বট, সং, পুং, দ্বারপাল। দ্বাররক্ষক। প্রতিহারী। [বিশেষ।
দর্ব্বরীক, সং, পুং, ইন্দ্র। বায়ু। বাদ্যযন্ত্র-
দর্ব্বি, (দৃ=বিদীর্ণহওয়া+বি—প্রং) সং, পুং, র্ব্বী—স্ত্রীং, ব্যঞ্জনাদিদারক, হাতা। সর্পফণা। "যস্য নাস্তি নিজা প্রজ্ঞা কেবলং তু বহুশ্রুতঃ। [illegible] জানাতি শাস্ত্রার্থং দর্ব্বী সূপরসানিব"।
দর্ব্বীকর, (দর্ব্বী=ফণা—কর=যে করে, ২য়া—ষ) সং, পুং, সর্প, ফণী। (দর্ব্বী হাতা—কর যে করে) বিং, ত্রিং, দর্ব্বীনির্ম্মাতা, হাতানির্ম্মাণকারী।
দর্ভ, (দৃভ্=একত্র শ্রেণীবদ্ধ করা+ঘঞ্—প্রং অথবা দৃ=বিদারণ করা+ভ) সং, পুং, কুশ কাশ বল্বজ তীক্ষ্ণরোমশ মৌঞ্জ শাদ্বল এই ষড়বিধ তৃণ।
দর্ভট, সং, ক্লীং, নিভৃতালয়, নির্জ্জনস্থান।
দর্শ, (দৃশ্=দর্শনকরা+অ—প্রং) সং, পুং, অমাবস্যা। দৃষ্টি, দর্শন। অবলোকন। পক্ষান্তকরণীয় যাগ বিশেষ। বিং, ত্রিং, দ্রষ্টা।
দর্শক, (দৃশ+ণক—ক) সং, পুং, যে দেখে, দৃষ্টিকর্ত্তা। (দর্শি দেখান+ণক—ক) যে দেখায়, দর্শয়িতা। দ্বারপাল। প্রবীণ। বিং, ত্রিং, ঈক্ষমান।
দর্শন, (দৃশ+অনট্—ভা) সং, ক্লীং, অব-

লোকন। চক্ষু। স্বপ্ন। নিয়ম। বুদ্ধি। ধর্ম্ম। উপলব্ধি। দর্পণ। বৈশেষিক ন্যায় মীমাংসা সাঙ্খ্য পাতঞ্জল বেদান্ত —এই ষড়্‌বিধশাস্ত্র (এতদ্ব্যতিরিক্ত, বৌদ্ধ ও চার্ব্বাক প্রভৃতি আরও কতিপয় দর্শনশাস্ত্র আছে।) জ্ঞানশাস্ত্র। ধ্যান। চাক্ষুষজ্ঞান।

দর্শনপ্রতিভূ, (দর্শন—প্রতিভূ=জামিন) সং, পুং, যে ব্যক্তি কেবল উপস্থিত করিয়া দিবার জন্য জামিন হয়।

দর্শনী, (দেশজ) নজর। উপহার। ভেট। পারিতোষিক।

দর্শনীয়, (দৃশ+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, সুদৃশ্য, দর্শনযোগ্য। সুন্দর, মনোজ্ঞ। যাহা দেখিতে পাওয়া যায়। চক্ষুর্গোচর, অক্ষিপ্রত্যক্ষ।

দর্শযামিনী, (দর্শ=অমাবস্যা—যামিনী=রাত্রি) সং, স্ত্রীং, তমিস্রা, অন্ধকার রাত্রি

দর্শবিপদ্, (দর্শ=অমাবস্যা=বিপদ্ ক্লেশ) সং, পুং, চন্দ্র।

দর্শয়িতা, (দর্শয়িতৃ, দর্শি=দেখান+তৃণ —ক) সং, পুং, দ্বারপাল, দৌবারিক। বিং, ত্রিং, প্রকাশক। প্রদর্শক। যে দেখাইয়া দেয়।

দর্শাত্যয়, (দর্শ=অমাবস্যা—অত্যয়, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শুক্ল প্রতিপদ্, অমাবস্যার নাশ।

দর্শিত, (দর্শি=দেখান+ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহা দেখান হয়। প্রকাশিত। প্রকটিত। বিবৃত। জ্ঞাপিত। সূচিত।

দর্শী, (দর্শিন্, দৃশ+ণিন্—ক) বিং, ত্রিং, নিরীক্ষক, দ্রষ্টা, দর্শনকারী, (এই পদ স্বতন্ত্র ব্যবহৃত হয় না, অন্যের সহিত প্রযুক্ত হয়। যথা—দূরদর্শী, পরিণামদর্শী ইত্যাদি)।

দল, (দল্=কর্ত্তনকরা ভেদকরা+অচ্—প্রং) সং, পুং,—ক্লীং, পত্র, পাতা। ক্লীং, খণ্ড। অংশ। বিভজন। কর্ত্তন। বিদারণ। সমূহ। ফুলের পাপ্‌ড়ি। অস্ত্রাদির ধার। অস্ত্রকোষ। খাপ। অস্ত্রফলক। খাদ। অপদ্রব্য। শ্যামিকা। অর্দ্ধ। দলন। তমালপত্র।

দলকোষ, (দল=পাতা—কোষ) সং, পুং, কুন্দপুষ্পের গাছ।

দলন, (দল+অনট্—ভা) সং, ক্লীং, মর্দ্দন, নিষ্পীড়ন, খণ্ডন, বিদারণ। বিকাশ। ভেদন। স্ফুটন। চূর্ণন, পেষণ, বাটা। নী-স্ত্রীং, লোষ্ট্র, ঢিল। "মত্তেভকুম্ভদলনে ভুবি সন্তি শূরাঃ কন্দর্পদর্পদলনে বিরলা মনুষ্যাঃ"।

দলনির্ম্মোক, (দল=পত্র—নির্ম্মোক=যাহা পরিত্যাগ করাযায়, খোলোষ) সং পুং ভূর্জ্জবৃক্ষ।

দলপ, (দল্=যাহাবিভাগ করা যায়+অপ্) সং পুং স্বর্ণ। ধর্ম্মশাস্ত্র।

দলসূচি, (দল=পত্র—সূচি=সুঁচ) পুং, কণ্টক, কাঁটা।

দলাঢ়ক (দল—আ-ঢৌক=গমনকরা+অ—প্রং, নিপাতন) সং, পুং, স্বয়ং জাততিল। বন্যতিলবৃক্ষ। গৈরিক, হস্তিচালক। নাগকেশর। ফেন। হস্তিকর্ণ। কুন্দ। পরিখা। খাত। শিরীষ। বাত্যা, প্রচণ্ডবায়ু।

দলাঢ্য; সং, পুং, পাতলা কাদা, বিশেষতঃ নদীগর্ভস্থ কর্দ্দম, দলদলিয়া।

দলাদলি, (দেশজ) ভেদ, বিরোধ, দ্বন্দ্ব এবং তন্নিবন্ধন পরস্পরের সহিত অন্ন সংশ্রব রাহিত্য।

দলামল, (দল=পত্র-অমল=পরিষ্কৃত) সং, ক্লীং, মরুবকবৃক্ষ। দমনবৃক্ষ। মদনবৃক্ষ।

দলি, (দল্ [লাঙ্গলাদি দ্বারা] ভেদকরা+ই—প্রং) সং, পুং,—স্ত্রীং, লোষ্ট্র, ডেলা, ঢিল। [সং, ক্লীং, কাষ্ঠ।

দলিক, (দল=ভেদকরা+ইক—প্রং)

দলিত, (দল+ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রফুল্ল, প্রস্ফুটিত, বিকসিত। খণ্ডিত। পাদমর্দ্দিত। উদ্‌ঘাটিত। উন্মুক্ত, পিষ্ট, চূর্ণিত। বিভক্ত। নির্ধূত।

দল্ভ (দল্—ভেদকরা + ভ—প্রং) সং, পুং, প্রতারণা। পাপ। ভেদ। চক্র, চাকা। মুনি।

দল্ভি, (দল্—ভেদকরা+ভি—সংজ্ঞার্থে) সং, পুং, ইন্দ্র। অশনি, বজ্র। কুলিশ।

দব, (দু=উত্তপ্তকরা+অ—প্রং) সং, পুং, বনাগ্নি, দাবানল। বন, সন্তাপ। গাত্রাদি দাহ। উপতাপ।

দবথু, (দব+অথু—প্রং) সং, পুং, পরিতাপ। সন্তাপ। উদ্বেগ। দুঃখ। চক্ষুরাদিরদাহ।

দবদহন } (দব=অরণ্য—দহন=অগ্নি)
দবাগ্নি } সং, পুং, দাবানল, বনাগ্নি।

দবিষ্ঠ, দবীয়স্ (দূর+ইষ্ঠ, ঈয়স্—অত্যর্থে) দূর দব্) বিং, ত্রিং, অত্যন্ত দূরবর্ত্তী। সুদূর।

দশ, (দশন্, দন্শ দীপ্তিপাওয়া+অন্—প্রং) বিং, ত্রিং, বহুং, দশসংখ্যা, ১০। দশবাচক শব্দ যথা (১) হস্তাঙ্গুলি (২) শম্ভুবাহু (৩) রাবণ মস্তক (৪) কৃষ্ণাবতার (৫) বিশ্বদেব (৬) অবস্থা (৭) চন্দ্রাশ্ব ইত্যাদি।

দশক, (দশন্+ক—পরিমাণার্থে) সং, ক্লীং, দশসংখ্যা। একের অধিক অঙ্ক পরস্পর রাখিলে দক্ষিণ দিক হইতে দ্বিতীয় অঙ্ক।

দশকণ্ঠ, দশকন্ধর, দশগ্রীব } (দশন্=
দশমুখ, দশবদন দশানন, } দশ—কণ্ঠাদি, ৬ষ্ঠী—হিং,) সং, পুং, রাবণ।

দশকর্ম্ম, সং, ক্লীং, গর্ভাধান, পুংসবন, সীমন্তোন্নয়ন,জাতকর্ম্ম,নামকরণ,নিষ্ক্রামণ, অন্নপ্রাশন, চূড়াকরণ, উপনয়ন ও বিবাহ এই দশ বিধ সংস্কার।

দশকামজব্যসন, (দশ—কাম=ইচ্ছা—জ=উৎপন্ন—ব্যসন=পাপ, কষ্ট) সং, ক্লীং, মৃগয়া, অক্ষাদিক্রীড়া, দিবানিদ্রা, পারুষ্য, কাপট্য, মদ, নৃত্য, গীত, ক্রীড়া ও কাপট্য এই দশবিধ পাপ।

দশতি, সং, স্ত্রীং, শত, একশত।

দশধা, (দশ+ধাচ্—প্রকারার্থে) অং, দশপ্রকার। দশবার।

দশন, (দন্শ্=দংশনকরা + অন—ণ, ক) সং, পুং, ক্লীং, দন্ত। পর্ব্বতাগ্র। (দন্শ+অনট্) বর্ম্ম। দংশন।

দশনচ্ছদ } (—সস্, দশন=দন্ত—
দশনবাসাঃ, } ছদ, বাসস্=পরিচ্ছদ, ৬ষ্ঠী—ষ) সং ক্লীং, ওষ্ঠ, অধর, ঠোঁট।

দশনোচ্ছিষ্ট, (দশন=দন্ত—উচ্ছিষ্ট= ভুক্তাবশিষ্ট) সং, পুং, নিশ্বাস। অধরচুম্বন। ওষ্ঠ। বিং, ত্রিং, দন্তোচ্ছিষ্ট, এঁটো। দন্তবিহীন।

দশপুর, (দশন্=দশ—পুর=নগর। দশ নগরের দেশ) সং, ক্লীং, মালব দেশের অন্তর্গত নগরবিশেষ। মালব ও বুন্দলখণ্ডের মধ্যবর্ত্তী দেশবিশেষ।

দশভুজা, (দশন্=দশ—ভুজ=হস্ত ৬ষ্ঠী —হিং) সং, স্ত্রীং, দুর্গা।

দশম, (দশন্+ম—পূরণার্থে) বিং, ত্রিং, দশের পূরক। মী—স্ত্রীং, তিথিবিশেষ। জীবনের অন্ত্যাবস্থা।

দশমন্যায়—ন্যায় (১১) দেখ।

দশমহাবিদ্যা, (দশ—মহা—বিদ্যা=দুর্গার নাম) সং, স্ত্রীং, দুর্গা। দশবিধদেবীবিশেষ, দুর্গার দশবিধ নামান্তর। যথা কালী, তারা, মহাবিদ্যা, ষোড়শী, ভুবনেশ্বরী, ভৈরবী, ছিন্নমস্তা, ধূমাবতী, বগলা, এবং মাতঙ্গী।

দশমাবতার, (দশম—অবতার) সং, পুং, ভগবানের দশম অবতার। কল্কীঅবতার

দশমিক, (Decimal, দশম+ইক= প্রং) বিং, ত্রিং, যদ্দারা কোন পূর্ণ রাশির দশাংশের এক অংশ প্রকাশ করা যায়।

দশমী,সং,স্ত্রীং, তিথিবিশেষ, বিমুক্তাবস্থা। মরণাবস্থা। শেষবয়োবস্থা। বিং, ত্রিং, অতি বৃদ্ধ। অতিপ্রাচীন।

দশমীস্থ,(দশমী—অন্ত্যাবস্থা-স্থ যে থাকে, ৭মী—ষ) বিং, ত্রিং, ক্ষীণরাগ, বৃদ্ধ।

দশমুখান্তক, (দশমুখ=রাবণ—অন্তক=বিনাশক, ৬ষ্ঠী—ষ) সং, পুং, রাম।
দশমূল, (দশন্—মূল, দ্বিগু—স) সং, ক্লীং, পাচনবিশেষ।
দশরথ, (দশন্=দশদিক্—রথ। যাঁহার দশদিকে রথ যায়, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ইক্ষাকুবংশীয় রাজাবিশেষ। শ্রীরামচন্দ্রের পিতা।
দশরূপভৃৎ, (দশন্=দশ—রূপ [মূর্ত্তি] অবতার—ভৃৎ=যে ধারণকরে) সং, পুং, বিষ্ণু।
দশবল, (দশন্ [বুদ্ধি, ক্ষান্তি, বীর্য্যাদি] দশ—বল, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বুদ্ধ।
দশবাজী, (দশবাজিন্, দশন্=দশ—বাজিন্=অশ্ব। দশ অশ্বের রথ যাহার, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চন্দ্র।
দশ-শত, সং, ক্লীং, সহস্র, হাজার।
দশহরা, (দশন্=দশ—হরা [হৃ+অন] =হরণ। এই দিন গঙ্গাস্নান করিলে দশবিধ পাপের ধ্বংস হয় ৭মী—হিং) সং, স্ত্রীং, জ্যৈষ্ঠমাসের শুক্লদশমী, গঙ্গার জন্মদিন।
দশা, (দন্শ্ দংশনকরা+ঙ+আপ্—প্রং) সং, স্ত্রীং, বস্ত্রান্ত, দশী। যৌবনাদি বয়স। ভাব, অবস্থা। গতি, বৃত্তি স্থিতি দীপবর্ত্তি, শলিতা। অভিলাষ, চিন্তা, স্মৃতি, গুণকথন, উদ্বেগ, প্রলাপ, উন্মাদ, ব্যাধি, জড়তা, মরণ—এই দশ বিধ স্মর দশা। জন্মকালীন গ্রহের অবস্থান, যেমন শনির দশার জন্ম।
দশাংশিক, (দশাংশ+ষ্ণিক—[illegible]) বিং, ত্রিং, দশমিক।
দশাকর্ষ, দশাকর্ষী, (-র্ষিন্, দশা=শলিতা —আকর্ষ, আকর্ষী=যে আকর্ষণ করে) সং, পুং, প্রদীপ। [জন্ত শুভাশুভ ফল।
দশাফল, (দশা—ফল) সং, ক্লীং, গ্রহ-
দশার্ণ, (দশ—ঋণ) সং, পুং, বিন্ধ্যপর্ব্বতের পূর্ব্ব-দক্ষিণস্থ দেশবিশেষ। [illegible]—স্ত্রীং, বিন্ধ্যপর্ব্বতোদ্গত নদীবিশেষ।

দশার্হ, (দশন্=দশ—অর্হ=যোগ্য) সং, পুং, বুদ্ধ। দেশবিশেষ।
দশাবতার, (দশন্—অবতার ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিষ্ণু, মৎস্য, কূর্ম্ম, বরাহ, নৃসিংহ, বামন, পরশুরাম, রামচন্দ্র, কৃষ্ণ, বুদ্ধ, কল্কী—এই দশ অবতারযুক্ত।
দশাবিপর্য্যয়, (দশা[illegible] বিপর্য্যয়, ৬ষ্ঠী—ষ) দুর্দ্দশা, দুরবস্থা।
দশাশ্ব, (দশন্=দশ—অশ্ব। দশ অশ্বের রথ যাহার, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চন্দ্র।
দশাশ্বমেধিক, (দশাশ্বমেধ+ষ্ণিক—প্রং) সং, পুং, কাশীস্থ তীর্থবিশেষ, যে স্থানে ব্রহ্মা দশ অশ্বমেধ করিয়াছিলেন।
দশাহ, (দশন্=দশ—অহন্ দিন+ষ দ্বিগু—স) সং, পুং, দশদিন।
দশেন্ধন, (দশা=শলিতা—ইন্ধন=জ্বালানি কাষ্ঠ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, প্রদীপ, দীপ।
দশের, (দন্শ্=দংশনকরা+এর—প্রং) সং, পুং, হিংস্রজন্তু।
দশেরক, (দশের+ক—যোগ) সং, পুং, মরুদেশ, তৃণজলাদি-শূন্য প্রদেশ। তদ্দেশবাসী।
দষ্ট, (দন্শ্=দংশনকরা+ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে দংশন করিয়াছে, দংশিত।
দসন, (দস=নিক্ষেপকরা+অনট্,—সং, ক্লীং, উৎক্ষেপণ। প্রস্থাপন।
দস্ম, (দস্=উৎক্ষেপণকরা+মক—প্রং) সং, পুং, চোর। যজমান। অগ্নি। খল।
দস্যু, (দস্=উৎক্ষেপণকরা, ক্ষয়করা +যু—প্রং) সং, পুং, শত্রু। উৎপীড়নকারী। চোর। অপহারক, ডাকাইত। মহাসাহসিক।
দস্যুহ, সং, পুং, বালিরাজার নামান্তর।
দস্র, (দস্ [রোগ] নাশকরা+র=প্রং) সং, পুং, দ্বিং, অশ্বিনীকুমারদ্বয়। পুং, গর্দ্দভ। ক্লীং, শিশির।
দস্রসূ, (দস্র—সূ=মাতা) সং, স্ত্রীং, সংজ্ঞা। সূর্য্যপত্নী, অশ্বিনীকুমারের মাতা।
দহন, (দহ=দগ্ধকরা+অন—ক, ভা)

সং, পুং, দুষ্টচিত্ত। অগ্নি। চিতাগাছ। ক্লীং, দাহ। "ন তস্য দহনং কার্য্যং নৈব পিণ্ডোদকক্রিয়া"।

দহনকেতন, (দহন=অগ্নি—কেতন=পতাকা, চিহ্ন) সং, পুং, ধূম, ধুঁয়া।

দহনপ্রিয়া, (দহন—অগ্নি—প্রিয়া=ভার্য্যা) সং, স্ত্রী[illegible]স্বাহা, অগ্নিপত্নী।

দহনারাতি, (দহন—অরাতি=শত্রু) সং, পুং, জল। [ত্রিং, জ্বলনীয়, দাহ্য।

দহনীয়, (দহ+অনীয়—র্ম্ম) ত্রিং,

দহনোপল, (দহন=অগ্নি—উপল=প্রস্তর) সং, পুং, সূর্য্যকান্ত মণি।

দহর, (দহ+অর—প্রং) সং, পুং, শিশু। নেঙটে ইঁদুর। বিং, ত্রিং, স্বল্প, সূক্ষ্ম।

দহ্যমান, (দহ+শান—র্ম্ম) বিং, ত্রিং, যাহা দগ্ধ হইতেছে।

দা, (দা=দানকরা, দে=পালনকরা, দৈপ্=শুদ্ধকরা, দো=ছেদন করা+অ—প্রং) সং, স্ত্রীং, দান। পালন। শোধন। ছেদ। উপতাপ। (দাত্রশব্দজ) সং, কাটারি, ডাব নারিকেল প্রভৃতি কাটিবার অস্ত্রবিশেষ।

দাঁড়, (দণ্ডশব্দজ) সং, নৌকাদণ্ড। ড়া—রীতি, ব্যবহার। ড়ী—নৌকাবাহক

দাঁত, (দন্তশব্দজ) সং, রদন, দশন।

দাক, (দা=দানকরা+ক—সংজ্ঞার্থে) সং, পুং, দাতা। যজমান।

দাক্ষায়ণী, দাক্ষায়িণী (দক্ষ+ষ্ণায়ন—অপত্যার্থে) সং, স্ত্রীং, দুর্গা। অদিতি। দেবমাতা। কশ্যপ পত্নী। "দাক্ষায়ণি, পুত্রস্তে রণশিরস্যয়মগ্রযায়ী দুষ্মন্ত ইত্যভিহিতো ভুবনস্যভর্ত্তা" শকুন্তলা। ণ্যঃ—বহং, অশ্বিন্যাদি নক্ষত্র।

দাক্ষায়ণীপতি, (দাক্ষায়ণী=অশ্বিন্যাদি নক্ষত্র, সতী—পতি=স্বামী) সং, পুং, শিব। চন্দ্র।

দাক্ষায্য, (দক্ষায্য [দক্ষ=বেগবান্ হওয়া+আয্য—প্রং] +অ—অপত্যার্থে) সং, পুং, গৃধ্র। গরুড়।

দাক্ষিণাত্য, (দক্ষিণ+ত্য—ভবার্থে) বিং, ত্রিং, দক্ষিণদেশজাত। দক্ষিণদিকস্থ। পুং, দক্ষিণরাজ্য, বিন্ধ্যাচলের দক্ষিণ ভূভাগ।

দাক্ষিণ্য, (দক্ষিণ বা দক্ষিণা+ষ্ণ্য—প্রং) বিং, ত্রিং, দক্ষিণাযোগ্য। ক্লীং, আনুকূল্য, পরচ্ছন্দানুবৃত্তি। "তস্য দাক্ষিণ্যরূঢ়েন নাম্না মগধবংশজা" রঘুবংশ। সরলতা। সামর্থ্য।

দাক্ষী, সং, স্ত্রীং, পাণিনি মুনির মাতা।

দাক্ষীপুত্র, দাক্ষীসুত, দাক্ষেয় } (দাক্ষী=এই মুনির মাতা—সুত, পুত্র। দাক্ষী+ষ্ণেয়—অপত্যার্থে) সং, পুং, ব্যাকরণরচয়িতা পাণিনি মুনি।

দাক্ষ্য, (দক্ষ+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, দক্ষতা, নৈপুণ্য, নিপুণতা।

দাগ, (যাবনিক) সং, অঙ্ক, কলঙ্ক, চিহ্ন। গী—বিং, চিহ্নিত, যে দণ্ড প্রাপ্ত হইয়াছে।

দাঙ্গা, (যাবনিক) সং, কলহ, বিদ্রোহ।

দাড়ক, (দাড়্=ভেদকরা+ণক—প্রং) সং, পুং, দাড়া, বড় দাঁত।

দাড়া, (দাঢ়াশব্দজ) সং, দন্তবিশেষ, বৃহৎদন্ত। [দাড়ি।

দাড়ি, দাঢ়ি (দাঢ়িকা শব্দজ) সং, শ্মশ্রু,

দাড়িম, দালিম (দল্=বিদারণকরা+ইম—প্রং, অ স্থানে আ, ল স্থানে ড) সং, পুং, মী—দাড়িম বৃক্ষ। ক্লীং, দাড়িম ফল। "দন্তপূর্ণৈঃসরুধিরৈর্ব্বক্ত্রৈর্দাড়িমসংনিভৈঃ"।

দাড়িমপ্রিয়, সং, পুং, শুকপক্ষী।

দাড়িম্ব, (দাড়িম দেখ, ইম্ব—প্রং) সং, পুং, দালিম গাছ। ক্লীং, তৎফল।

দাঢ়া, (দা=ছেদন করা+ঢ়—প্রং) সং, স্ত্রীং, দংষ্ট্রা, বড় দাঁত। সমূহ। প্রার্থনা।

দাঢ়িকা, (দাঢ়া=দাঁত+ক, আ—প্রং। সং, স্ত্রীং, শ্মশ্রু, দাড়ি। দন্তের নিকটবর্ত্তী বলিয়া ইহাকে দাঢ়িকা বলা যায়।

দাণ্ডাজিনিক, দণ্ডাজিন=প্রবঞ্চনা+

ষ্ণিক—ইদমর্থে) মায়াবী। কুহকী। ঐন্দ্রজালিক।
দাত, (দো=ছেদকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ছিন্ন। দৈপ্=শুদ্ধকরা+ক্ত—র্ম্ম) শুদ্ধ, পবিত্র। [ত্রিং, দানযোগ্য, দেয়।
দাতব্য, (দা=দানকরা+তব্য—র্ম্ম) বিং,
দাতা, (দাতৃ, দা=দানকরা+তৃণ—ক) বিং, ত্রিং, দানকর্ত্তা। "দাতামে ভূভৃতাং নাথঃ প্রমাণীক্রিয়তামিতি" কুমারসম্ভব বদান্য,দানশীল। [বদান্যতা, দানশীলতা।
দাতৃত্ব, (দাতৃ+ত্ব—ভাবে) সং, ক্লীং
দাত্যূহ, দাত্যৌহ (দাতি=ছেদন—উহ=যে তর্ক করে, ২য়া—ষ) সং, পুং, পক্ষিবিশেষ, ডাকপাখী।
দাত্র, (দো=ছেদনকরা+ত্র—ণ) সং, ক্লীং, দা, কাটারি। [মূল্য।
দাদন, (যাবনিক) সং, কর্ম্মাদির অগ্রিম
দাদা, (দেশজ) সং, জ্যেষ্ঠভ্রাতা। পিতামহ। মাতামহ।
দাদ্রু, দাদ্, (দক্রুশব্দজ) সং, দদ্রুরোগ।
দাধিক, (দধি+ষ্ণিক—প্রং) বিং, ত্রিং, দধিসংযুক্ত বস্তু।
দান, (দা=দানকরা, দো=ছেদনকরা, দৈপ্=শুদ্ধকরা, দে=পালনকরা+অনট্—ভা) সং, ক্লীং, বিতরণ, ত্যাগ, দেওয়া। হস্তীর মদজল। "নির্ধৌতদানামলগণ্ডভিত্তির্বন্যঃ সরিত্তোগজউন্মমজ্জ" রঘুবংশ।
দানপতি, (দান—পতি=শ্রেষ্ঠ) সং, পুং, যে ব্যক্তি সতত দান করে, অতিশয় দাতা। অক্রূর।
দানপত্র, সং, ক্লীং, দানপরিজ্ঞাপকপত্র, অমুক বস্তু অমুককে দিলাম বলিয়া যে পত্র লিখিয়া দেয়।
দানব, (দনু=কশ্যপভার্য্যা+ষ্ণ—অপত্যার্থে) সং, পুং, দৈত্য, অসুর। "দেবদানবগন্ধর্ব্বৈঃ কিংনরৈরুরগৈশ্চোভিতম্"। [পুং, বৈশ্য।
দানবজ্র, (দান—বজ্র=হীরক) সং,
দানবারি, (দানব—অরি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, দৈত্যগুরু, দেবতা। বিষ্ণু। (দান—বারি=জল) ক্লীং, হস্তীর মদজল।
দানবীর, (দান—বীর=শূর) সং, পুং, দানশীল, দাতা।
দানশীল, (দান—শীল=স্বভাব, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, [illegible], বদান্য।
দানশৌণ্ড, (দান—শৌণ্ড=মত্ত, আসক্ত, ৭মী-ষ) বিং, ত্রিং, অতিদাতা, বহুপ্রদ।
দানীয়, (দা+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং; দেয়বস্তু। সম্প্রদান। দানের পাত্র। দানেরযোগ্য।
দান্ত, (দম্=ক্লেশসহকরা, শাসনকরা+ক্ত—প্রং) বিং, তিং, জিতেন্দ্রিয়। বশীকৃত। তপস্যার ক্লেশসহিষ্ণু। শাসিত। সৌম্য। (দন্ত+ষ্ণ)। গজাদির দন্ত বিনির্ম্মিত। "দান্তং যচ্চসভামধ্যে আসনং রত্নভূষিতং" মহাভারত।
দান্তি, (দান্তদেখ, ক্তি—ভা) সং, স্ত্রীং, দমন। ইন্দ্রিয়নিগ্রহ।
দাপক, দাপয়িতা } (দাপয়িতৃ, দাপি=দানকরান+ণক, তৃণ—ক) বিং, ত্রিং, যে দেওয়ায়।
দাপট, (দর্প শব্দজ) সং,প্রতাপ, প্রভাব।
দাপন, (দাপি+অনট্—ভা) সং, ক্লীং, দেওয়ান।
দাপিত, দায়িত (দাপি, দায়ি দান করান+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, শাসিত। দণ্ডিতব্যক্তি, যে বস্তু দেওয়ান যায়। শোধিত। সাধিত। ধনাদিদ্বারা বশীকৃত
দাম, (দামন্, দো=ছেদনকরা+মন্—প্রং) সং, ক্লীং, নী, মা—স্ত্রীং, রজ্জু, সূত্র। যে দড়িতে অনেক গোরু বাধা যায়, দোঁকা। মাল্য। [ক্লীং, তম্লুক।
দামলিপ্ত, (তামলিপ্ত দেখ, ত=দ) সং,
দামাঞ্চল, (দামা—অঞ্চল=শেষ) সং, ক্লীং, ঘোটকাদির পাদ-বন্ধনরজ্জু।
দামামা, (দেশজ) সং, বৃহৎঢক্কা, বাদ্যযন্ত্রবিশেষ।

দামোদর, (দামন্ = রজ্জু—উদর=পেট, ৬ষ্ঠী—হিং। যশোদা ইহাঁকে রজ্জু দিয়া বন্ধন করিয়াছিলেন, কিন্তু তাহা নিষ্ফল হইয়াছিল) সং, পুং, কৃষ্ণ, বিষ্ণু।

দাম্পত্যপ্রণয়—স্বামী এবং পরিণীতা স্ত্রীর পরস্পর প্রণয়।

দাম্ভিক, (দম্ভ+ষ্ণি[illegible]—প্রাপ্তার্থে) বিং, ত্রিং, ধূর্ত্ত। অহঙ্কারী। সং, পুং, পক্ষী-বিশেষ, বক।

দায়, (দা = দানকরা, ছেদনকরা+ঘঞ্—প্রং, য—আগম) সং, পুং, পৈতৃক-ধন, উত্তরাধিকারিতা সূত্রে যে ধনে অধিকার জন্মে। বিভাজ্যবস্তু, পূর্ব্বস্বামির স্বামিত্ব নাশানন্তর তৎসম্বন্ধাধীন যে দ্রব্যে স্বত্ব হয় তাহাতেই দায় শব্দ প্রয়োগ করা যায়। "পূর্ব্বস্বামি সম্বন্ধাধীনং তৎ স্বাম্যোপরমে যত্র দ্রব্যে স্বত্বং তত্র নিরূঢ়ো দায়শব্দঃ" জীমূত-বাহন। ধন। দান। যৌতুকাদি দান। (দো=ছেদনকরা+ঘঞ্—প্রং) ছেদন। ঠাট্টা। ক্ষতি। লয়। (দৈপ্=শুদ্ধকরা+ঘঞ্—প্রং) শোধন। জল।

দায়ক, (দা=দানকরা+ণক—ক) বিং, ত্রিং, ক্ষতিপূরক। দাতা। [পুং, ভ্রাতা।

দায়বন্ধু, (দায়=পৈতৃকধন—বন্ধু) সং,

দায়ভাগ, (দায় = পৈতৃকধন—ভাগ= অংশ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পৈতৃকধন বিভাগ। গ্রন্থবিশেষ।

দায়াদ, (দায়=পৈতৃকধন—আদ=যে গ্রহণকরে, বা ভক্ষণ করে ২য়া—ষ) সং, পুং, দী—স্ত্রীং, পুত্র, কন্যা। জ্ঞাতি উত্তরাধিকারী। সপিণ্ড। ধনাধিকারী।

দায়ী, (দায়িন্, দা=দানকরা+ণিন্—ক) বিং, ত্রিং, দাতা। ক্ষতি-পূরক।

দার, (দৃ [বিদারণকরা] লওয়া+ঘঞ্—প্রং, যে স্বামীকে গ্রহণকরে অথবা যে স্বামীর ভ্রাতৃস্নেহ বিদারণ করে) সং, পুং, বহুং, ভার্য্যা, পত্নী।

দারক, (দৃ=বিদারণ করা+ণক=ক) সং, পুং, শিশু। পুত্র। কৃষ্ণের সারথি,দারুক বিং, ত্রিং, ভেদকর্ত্তা, বিদারণ কারক। রিকা—স্ত্রীং, কন্যা।

দারকর্ম্ম, (দারকর্ম্মন্, দার—কর্ম্মন, ৪র্থী—ষ) সং, ক্লীং, বিবাহ, পরিণয়।

দারণ, (দৃ=বিদারণকরা+অনট্—ভা) সং, ক্লীং, বিদীর্ণকরণ, বিদারণ। কাটন বিং, ত্রিং, বিদারক।

দারদ, (দরদ্=দেশইত্যাদি+ষ্ণ—ভবার্থে) সং, পুং, বিষবিশেষ। হিঙ্গুল, পারদ, পারা। সমুদ্র। বিং, ত্রিং, দরদ্সম্বন্ধীয়।

দারপরিগ্রহ, (দার—পরিগ্রহ=গ্রহণ) সং, পুং, স্ত্রীগ্রহণ, বিবাহ।

দারব, (দারু+ষ্ণ—প্রং) বিং, ত্রিং, কাষ্ঠনির্ম্মিত, দারুময়। [বিদীর্ণকরণ।

দারি, (দৃ+ই—ভা) সং, স্ত্রীং, বিদারণ,

দারিত, (দৃ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ভেদিত, বিদারিত।

দারিদ্র,দারিদ্র্য, (দরিদ্র+ষ্ণ,ষ্ণ্য—ভাবে, সং, ক্লীং, নির্ধনতা, দৈন্য, অকিঞ্চনত্ব। "একোহি দোষো গুণসন্নিপাতে নিমজ্জতীন্দোরিতি যো বভাসে। নূনং ন দৃষ্টং কবিনাপি তেন দারিদ্র্যদোষো গুণরাশিনাশী"।

দারু, (দৃ=বিদীর্ণহওয়া+উ—প্রং) সং, পুং—ক্লীং, কাষ্ঠবিশেষ। ক্লীং, দেবদারু বৃক্ষ। পিত্তল। বিং, ত্রিং, বিদারক। শিল্পী। (দা=দানকরা+রু—ক, শীলাদার্থে) দাতা। দানশীল। (দো =ছেদনকরা+রু—প্রং) ছেদক। (দৈপ্=শুদ্ধকরা+রু—প্রং) শোধক।

দারুক, (দৃ [শক্র] বিদীর্ণকরা+উ—প্রং, ক—যোগ) সং, পুং, দেবদারু বৃক্ষ কৃষ্ণের সারথি। ক্লীং, কাষ্ঠ। কা—স্ত্রীং, কাষ্ঠপুত্তলি, কাঠের পুতুল।

দারুগর্ভা, (দারু=কাষ্ঠ—গর্ভ=উৎপত্তিস্থান) সং, স্ত্রীং, কাষ্ঠপুত্তলী।

দারুজ, (দারু=কাষ্ঠ—জ=উৎপন্ন) বিং,

ত্রিং, যাহা কাষ্ঠ হইতে উৎপন্ন হইয়াছে কাষ্ঠনির্ম্মিত। সং, পুং, বাদ্যবিশেষ, মর্দ্দলবাদ্য।

দারুণ, (দারণ দেখ, উন—প্রং) বিং, ত্রিং, ক্রূর। ঘোর। ভয়ানক। কঠিন, কঠোর। উৎকট। দুঃসহ। উগ্র। কর্কশ। "অহহ দারুণো দৈবনির্ঘাতঃ" উত্তর চরিত। [কাষ্ঠনির্ম্মিত।

দারুময়, (দারু+ময়ট্—প্রং) বিং, ত্রিং,

দারুসার, (দারু—সার=শ্রেষ্ঠ। যে কাষ্ঠের মধ্যে শ্রেষ্ঠ) সং, ক্লীং, চন্দন কাষ্ঠ।

দারুহস্তক, (দারু=কাষ্ঠ—হস্ত=হাত+ক—সাদৃশ্যার্থে) সং, পুং, কাঠের হাতা।

দার্ঢ্য, (দৃঢ়+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, স্থৈর্য্য, কাঠিন্য। দৃঢ়তা।

দার্দ্দুর, (দর্দ্দুর=পর্ব্বত ইত্যাদি+ষ্ণ—প্রং) সং, ক্লীং, লাক্ষা, লা, জৌ। জল। দক্ষিণাবর্ত্ত শঙ্খ।

দার্ব্বট, (দারু=কাষ্ঠবিশেষ—অট্=গমনকরা, হওয়া+অ—প্রং) সং, ক্লীং, মন্ত্রভবন, মন্ত্রণা করিবার গৃহ। চিতাগৃহ।

দার্ব্বণ্ড, (দারু=কাষ্ঠ—অণ্ড) সং, পুং, ময়ূর।

দার্ব্বাঘাট, (দারু=কাষ্ঠ—আ—হন্ [বধকরা] আঘাতকরা+ন—প্রং। হ=ঘ, ন=ট। যে দারু আঘাত করে। দার্ব্বাঘাত শব্দও হয়) সং, পুং, কাঠঠোকরাপাখী।

দার্ব্বী, (দৃ [যোগ] বিদারণ করা+ব—প্রং) সং, স্ত্রীং, দেবদারুবৃক্ষ। দারুহরিদ্রা।

দার্শনিক, (দর্শন+ষ্ণিক — জ্ঞানার্থে) বিং, ত্রিং, দর্শনশাস্ত্রবেত্তা। দর্শনশাস্ত্রসম্বন্ধীয়। [নির্ম্মিত।

দার্ষদ, (দৃষদ্+ষ্ণ—প্রং) বিং.ত্রিং প্রস্তর-

দাল, দালি, (দ্বিদলশব্দজ) সং, মাস, মুগ প্রভৃতি কলাই।

দালব, (দলি=ভেদকরান, ছিন্নভিন্ন করান+ঘঞ্—প্রং। ব—যোগ) সং, পুং বিষবিশেষ। [বিশেষ।

দাল্ভ্য, সং, পুং, স্বনাম প্রসিদ্ধ মুনি-

দাল্মি, (দল্ [পর্ব্বত] বিদারণকরা+মি—প্রং) সং পুং, ইন্দ্র, দেবরাজ। দেবরাজ বজ্রদ্বারা সমস্ত পর্ব্বতের পক্ষ ছেদন করিয়াছিলেন বলিয়া ইঁহার নাম দাল্মি হইয়াছে।

দাব, (দব দেখ) সং, পুং, দাবানল। বনাগ্নি। অগ্নি। তাপ। বন। "দদর্শ দাবং দহন্তং মহান্তং গহনে বনে"।

দাবাগ্নি } (দাব=অরণ্য – অগ্নি, অ-
দাবানল } নল=আগুন) সং, পুং, কাষ্ঠে কাষ্ঠে ঘর্ষণদ্বারা বনমধ্যে যে অগ্নি উৎপন্ন হয়। বনোদ্ভব অগ্নি।

দাশ, (দাশ্=বধকরা+অল্—প্রং) সং, পুং, শী—স্ত্রীং, ধীবর, ধীবরী। (দাশ=দানকরা+অল্—সম্প্রং) পুং, শী—স্ত্রীং, ভৃত্য, ভৃত্যা। "দাশানাং ভুজবেগেন নদ্যাঃ স্রোতোজবেন চ। বায়ুনা চানুকূলেন তূর্ণং পারমবাপ্নুবন্"।

দাশরথ, দাশরথি, (দশরথ+ষ্ণ, ষ্ণি—অপত্যার্থে) সং,পুং, দশরথ-পুত্র, রামচন্দ্র।

দাশার্হ, (দশার্হ=দেশবিশেষ বা যদুবংশ+ষ্ণ-অপত্যার্থে) সং,পুং,কৃষ্ণ। যদুবংশোদ্ভব, যাদব। বিং, ত্রিং, দশার্হদেশীয়।

দাশেরক, সং, পুং, মালোয়া, মালবদেশ। বহুং, তদ্দেশস্থলোক।

দাশ্ব, (দাশ্=দানকরা+ব—ক, শীলার্থে) বিং, ত্রিং, দানশীল, দাতা।

দাশ্বান, (দাশ্বৎ, দাশ্ব দেখ, বতু—প্রং) বিং, ত্রিং, যে দিয়াছে।

দাস, (দাস্ = দাসকরা+অল্—সম্প্রং) সং, পুং, ধীবর। ভৃত্য। শূদ্রজাতি। শূদ্রের উপাধিবিশেষ। সী-স্ত্রীং, ভৃত্যা কর্ম্মকরী। ধীবরী। শূদ্রা। "নিষাদো মার্গবং সূতে দাসং নৌকর্ম্মজীবিনম্। কৈবর্ত্তমিতি যং প্রাহুরার্য্যাবর্ত্ত নিবাসিনঃ"।

দাসত্ব, (দাস+ত্ব ভাবে) সং, ক্লীং, দাসের

কর্ম্ম বা অবস্থা, বেতন গ্রহণ পূর্ব্বক অন্যের সেবা করা।
দাসনন্দিনী, (দাস=ধীবর—নন্দিনী=কন্যা) সং,স্ত্রীং,ব্যাসের মাতা,সত্যবতী।
দাসীভূত, (দাস—ভূত। ঈ—আগম) বিং, ত্রিং, দাসস্বরূপ।
দাসেয়, (দাসী বা দাস+ঞেয়—অপত্যার্থে) সং, পুং, দাসীগর্ভজাত পুত্র। বিদুর। ধীবর। বিং, ত্রিং, দাস হইতে জাত। য়ী—স্ত্রীং, সত্যবতী।
দাসের, (দাস+এর—প্রং) সং, পুং,উষ্ট্র। (দাসী+এর—অপত্যার্থে) দাসীপুত্র।
দাসেরক, (দাসের দেখ, ক—যোগ)সং, পুং, দাসীপুত্র। উষ্ট্র, উট।
দাস্য, (দাস+ষ্ণ্য ভাবে) সং, ক্লীং,সেবা-জীবিকা, দাসত্ব।
দাহ, (দহ=দগ্ধকরা+ঘঞ্—ভা)সং,পুং, জ্বলন। সন্তাপ। দহন। পোড়ান।
দাহক, (দহ+ণক) বিং, ত্রিং,দাহকারী। সং, পুং, রাঙ্চিতা।
দাহন, (দাহি=দগ্ধকরান+অনট্—ভা) সং, ক্লীং, ভস্মীকরণ, পোড়ান।
দাহসর, (দাহ—সৃ=গমনকরা, হওয়া+অল্—প্রং) সং, পুং,শ্মশান,শবদাহস্থান
দাহিত, (দাহি+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, দহনযোগ্য, জ্বলনীয়, পোড়াইবার উপযুক্ত।
দিক্, (দিশ্, দিশ্ [অবকাশ] দানকরা+ক্বিপ্—প্রং) সং, স্ত্রীং, পূর্ব্বাদি দশ। "দিঙ্মণ্ডলং ভ্রমসি মানস চাপলেন"। "দিশামুপান্তেষু সসর্জ্জ দৃষ্টিম্"। কুমার।
দিক্ক, (দিক্=অনুকরণশব্দ—ক=যে শব্দ করে) সং, পুং, করভ, করিশাবক।
দিক্কর, (দিক্ [দিশ্ শব্দজ] স্থান—কর=যে করে। নিয়ত স্থানপরিবর্ত্তনকারী অর্থাৎ যে অবিশ্রান্ত কার্য্যতৎপর) সং, পুং, যুবা। রী—স্ত্রীং, যুবতী।
দিক্পতি, দিক্পাল (দিশ্—পতি=প্রভু, স্বামী, ৬ষ্ঠী—ষ। দিশ্—পাল=যে রক্ষা করে) সং, পুং, পূর্ব্বাদি দশদিকের অধিপতি; ইন্দ্র,অগ্নি, যম, নৈঋর্ত,বরুণ, বায়ু, কুবের, শিব, ব্রহ্মা, অনন্ত—এই দশ জন। অমরসিংহের মতে ইন্দ্র হইতে শিব পর্য্যন্ত এই আটটী দিক্পাল।
দিক্শূল, (দিক্—শূল=শলাকাকৃতি অস্ত্র বিশেষ) সং, ক্লীং, দিগ্বিশেষ গমনে নিষিদ্ধ বার।
দিগম্বর, দিগ্বাসস্ (দিক্-অম্বর বাসস্=বস্ত্র দিকই যাহার বস্ত্র,অর্থাৎ যিনি উলঙ্গ। ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিব। বৌদ্ধবিশেষ রী—স্ত্রীং, দুর্গা। ক্লীং, অন্ধকার। বিং, ত্রিং, বিবস্ত্র, উলঙ্গ।
দিগ্গজ, (দিক্—গজ, ৬ষ্ঠী—ষ) সং,পুং, দিক্হস্তী; ঐরাবত, পুণ্ডরীক, বামন, কুমুদ, অঞ্জন, পুষ্পদন্ত, সার্ব্বভৌম, সুপ্রতীক—এই আট পূর্ব্বাদিদিকের হস্তী। "নদত্যাকাশগঙ্গায়াং স্রোতস্যুদ্দাম দিগ্গজে" রঘুবংশ।
দিগ্দর্শন, সং ক্লীং,বহুদর্শিতা,অভিজ্ঞতা।
দিগ্দর্শনযন্ত্র, সং, ক্লীং, দিগ্নির্ণায়ক যন্ত্র, যে যন্ত্র দ্বারা সমুদ্রে নাবিকেরা দিক্ নির্ণয় করে।
দিগ্ধ, (দিহ্=লেপনকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, লিপ্ত, মিশ্রিত। বিষলিপ্ত। "অথ তৈঃ পরিদেবিতাক্ষরৈর্হৃদয়ে দিগ্ধশরৈরিবাহতঃ"। কুমারসম্ভব। সং, পুং, বিষলিপ্তবাণ। অগ্নি। ক্লীং, লেপন, স্নেহ।
দিগ্বিজয়, (দিক্—বিজয়=জয়, ৬ষ্ঠী—ষ) সং,পুং,বিদ্যা অথবা যুদ্ধদ্বারা দিক্জয়।
দিগ্বিদিক্—শ; সং,স্ত্রীং, দিক্ ও দিকের মধ্যবর্ত্তী দিক্, সকল দিক্।
দিঙ্ক, সং, পুং, ছোট উকুণ, নিকি।
দিঙ্নাগ, (দিক্—নাগ=গজ) সং, পুং, দিগ্গজ। "দিঙ্নাগানাং পথি পরিহরন্ স্থূলহস্তাবলেপান্" মেঘদূত।
দিঙ্মণ্ডল, (দিক্—মণ্ডল=গোল) সং, ক্লীং, দিক্চক্র, দিকচক্রবাল।

দিঘ্মাত্র, (দিক্—মাত্র=অল্প) সং, ক্লীং, একদেশ। বিং, ত্রিং, অল্পমাত্র।

দিত, (দো=ছেদনকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বিদীর্ণ, ছিন্ন।

দিতি,(দো=ছেদনকরা+ক্তি—প্রং)সং, স্ত্রীং, কশ্যপমুনিপত্নী, দৈত্যজননী। খণ্ডন, ছেদন। পুং, স্বনাম খ্যাত নৃপবিশেষ।

দিতিজ, দিতিসুত, (দিতি—জ যে জন্মে, ৫মী—ষ। দিতি— সুত, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, দৈত্য, অসুর, দানব।

দিৎসা, (দা=দানকরা+সন্—ইচ্ছার্থে, আ—ভা) সং,স্ত্রীং,দান করিতে ইচ্ছা।

দিৎসু, (দিৎসা দেখ,উ—প্রং) বিং,ত্রিং, দান করিতে ইচ্ছুক।

দিদৃক্ষমাণ, (দৃশ+সন+শান—ক) বিং, ত্রিং, যে দেখিতে ইচ্ছা করিতেছে।

দিদৃক্ষা, (দৃশ=দেখা+সন্—ইচ্ছার্থে, আ—ভা) সং, স্ত্রীং, দেখিতে ইচ্ছা, দর্শনাভিলাষ।

দিদৃক্ষু, (দিদৃক্ষা, দেখ উ—প্রং) বিং, ত্রিং, দেখিতে ইচ্ছু, দর্শনোদ্যত। "দিদৃক্ষবস্তামৃষয়োভ্যুপাগমন্ন ধর্ম্মবৃদ্ধেষু বয়ঃ সমীক্ষ্যতে" কুমারসম্ভব।

দিদ্যুৎ, (দ্যু=দীপ্তিপাওয়া+শতৃ—ক) বিং, ত্রিং, দীপ্তিবিশিষ্ট, উজ্জ্বল।

দিধক্ষমাণ, (দহ=দগ্ধকরা+সন্—ইচ্ছার্থে, শান—ক) বিং, ত্রিং, যে দাহ করিতে ইচ্ছা করিতেছে।

দিধি, (ধা=ধারণ করা+ই—প্রং, দ্বিত্ব) সং, পুং, ধারণ। ধৈর্য্য।

দিধিষু, (ধা [পাপ] ধারণকরা+সন্ উ—প্রং) সং, পুং, দুইবার বিবাহিত পুরুষ, দোজবোরে। ষূ-স্ত্রীং, দুইবার বিবাহিতা স্ত্রী। জ্যেষ্ঠা ভগিনী অবিবাহিতা থাকিতে বিবাহিতা কনিষ্ঠা ভগিনী। "ভ্রাতুর্মৃতস্য ভার্য্যায়াং যোঽনুরজ্যেত কামতঃ। ধর্ম্মেণাপি নিযুক্তায়াং সঃ জ্ঞেয়ো দিধিষূপতিঃ"।

দিন,(দো [অন্ধকার] ছেদনকরা+ইন—প্রং) সং, পুং,—ক্লীং, দিবা, দিবস।

দিনকর, দিনকৃৎ, দিনমণি (দিন—কর, কৃৎ=যে করে, ২য়া—ষ। দিন—মণি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, দিবাকর, সূর্য্য। "দিনকরকুলচন্দ্রচন্দ্রকেতো, সরভসমেহি দৃঢ়ং পরিষ্বজস্ব" উত্তর চরিত।

দিনকরাত্মজ, (দিনকর=সূর্য্য—আত্মজ পুত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, যম। শনি। কর্ণ।জা—স্ত্রীং, যমুনা। [অন্ধকার।

দিনকেশব, (দিন—কেশব=চুল) সং,পুং,

দিনজ্যোতিঃ,(দিনজ্যোতিস্,দিন—জ্যোতিস্=দীপ্তি) সং, ক্লীং, সূর্য্যকিরণ, রৌদ্র।

দিনদুঃখিত, (দিন—দুঃখিত। রাত্রি আগমন সম্ভাবনায় যে দিনের বেলায় দুঃখিত থাকে) সং, পুং, চক্রবাক পক্ষী।

দিনপতি, (দিন—পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অর্কবৃক্ষ। সূর্য্য।

দিনপাত, (দিন—পাত—গমনকরান, ৬ষ্ঠী—ষ) সং,পুং,দিনকাটান,দিনযাপন।

দিনপ্রণী, (দিন—প্রণী=যে আনয়ন করে) সং, পুং, সূর্য্য।

দিনমুখ, (দিন—মুখ=আরম্ভ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, প্রাতঃকাল, প্রত্যূষ।

দিনমূর্দ্ধা, (দিনমূর্দ্ধন্ দিন—মূর্দ্ধন্=মস্তক) সং, পুং, উদয় পর্ব্বত, পূর্ব্বাদ্রি।

দিনাদি, (দিন—আদি, ৬ষ্ঠী—ষ) সং,পুং, প্রাতঃকাল।

দিনান্ত, দিনাত্যয়, দিনাবসান, (দিন—অন্ত, অত্যয়, অবসান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সায়ংকাল। "দিনাবসানে পুনরেব দোগ্ধ্রীং ভেজে ভুজোচ্ছিন্নরিপুর্নিষন্নাং" রঘুবংশ। [পুং, অন্ধকার।

দিনান্তক, (দিন—অন্তক, শেষকারী) সং,

দিনিকা, (দিন+ইক—প্রং) সং, স্ত্রীং, এক দিনের বেতন।

দিলীপ (দিলী [হস্তিনাপুরের অপকৃষ্ট নাম দিলী, ইদানীন্তন লোকেরা যা-

যাকে দিল্লী বলে]—প=যে পালন করে, ২য়া—ষ) সং, পুং, মনু বংশীয় নৃপতি বিশেষ, রঘুরাজের পিতা। "দিলীপ ইতি রাজেন্দুরিন্দুঃ ক্ষীরনিধাবিব" রঘুবংশ।

দিব্—স্ত্রীং, দিব—ক্লীং,(দিব্=ক্রীড়াকরা +ক্বিপ—অ—ধি। যেখানে দেবতারা ক্রীড়া করেন) সং, স্বর্গ। আকাশ। দিব্ শব্দে স্বর্গের অধিষ্ঠাত্রী দেবতা এবং অদিতি হয়।

দিবস, (দিব্=ক্রীড়াকরা, দীপ্তিপাওয়া+ অস—প্রং) সং, পুং, ক্লীং, দিন, দিবস। "একৈকমত্রদিবসে দিবসে মদীয়ং নামাক্ষরং গণয় গচ্ছসি যাবদন্তং" শকুন্তলা। "মাতৃভিশ্চিন্ত্যমানানাং তে হিনো দিবসা গতা" উত্তর চরিত।

দিবসকর, দিবস=দিন—কর যে করে, ২য়া—ষ) সং, পুং, সূর্য্য।

দিবসমুখ, (দিবস=দিন—মুখ=আরম্ভ, ৬ষ্ঠী—ষ) সং,ক্লীং, অহমুখ,প্রাতঃকাল।

দিবসাত্যয় } দিবসাবসান } (দিবস=দিন—অত্যয় =অবসান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সায়ংকাল। "কমলিনী মলিনী দিবসাত্যয়ে শশিকলা বিকলা ক্ষণদাক্ষয়ে"।

দিবস্পতি, (দিবস্=স্বর্গ—পতি) সং, পুং, ইন্দ্র, স্বর্গের অধিপতি। [দিবসে।

দিবা, (দিবস দেখ,আ—প্রং) অং, দিনে,

দিবাকর. (দিবা=দিবসে—কর=কিরণ, ৬ষ্ঠী—হিং, অথবা দিবা—কৃ=করা+ অল—ক) সং, পুং, সূর্য্য। "দিবাকরাদ্রক্ষতি যো গুহাসু" কুমারসম্ভব।

দিবাকীর্ত্তি, (দিবা—কীর্ত্তি=ব্যাপার, যশ, ৬ষ্ঠী—হিং। রাত্রিতে ক্ষৌরকর্ম্ম নিষিদ্ধ) সং, পুং, নাপিত। (দিবা—অকীর্ত্তি) চণ্ডাল। পেচক।

দিবাটন, (দিবা=দিনে— অট=ভ্রমণকরা অন—ক) সং, পুং, কাক।

দিবাতন, (দিবা=দিনে+তন—ভবার্থে) বিং,ত্রিং,দিবাভাগে যাহা ঘটে,দৈনিক, দিবসীয়। "শশিন ইব দিবাতনস্ত লেখা কিরণপরিক্ষয়ধূসরা প্রদোষম্" কুমার।

দিবানিশ, (দিবা—নিশা=রাত্রি, দ্বং—স) ক্রিং—বিং, ক্লীং, অহোরাত্র, দিন ও রাত্রি ব্যাপিয়া।

দিবান্ধ, (দিবা—অন্ধ, ৭মী—ষ) সং, পুং, পেচক। বিং, ত্রিং, দিনকাণা। "দিবান্ধাঃ প্রাণিনঃ কেচিদ্রাত্রাবন্ধাস্তথাপরে। কেচিদ্দিবা তথা রাত্রৌ প্রাণিনস্তুল্যদৃষ্টয়ঃ"।

দিবাভীত, (দিবা—ভীত, ৭মী—ষ) সং, পুং, চোর। চন্দ্র।পেচক। "লীনং দিবাভীতমিবান্ধকারং" কুমারসম্ভব।

দিবামণি, (দিবা—মণি রত্ন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সূর্য্য।

দিবামধ্য, (দিবা—মধ্য=মধ্যস্থান) সং, ক্লীং, মধ্যাহ্ন, দুইপ্রহর বেলা।

দিবারাত্র, (দিবা—রাত্রি, দ্বং—স) ক্রিং—বিং, ক্লীং, অহোরাত্র, দিনরাত।

দিবাশয়, (দিবা—শয়=যে শয়ন করে, ৭মী—ষ) বিং,ত্রিং,যে দিবসে নিদ্রাযায়।

দিবি, (দিব্=ক্রীড়াকরা+ই—প্রং) সং, পুং, চাষপক্ষী।

দিবিষদ্, দিবোকস্, দিবৌকস্ (দিবিস্বর্গে —সদ্=যে গমন করে, ৭মী—ষ। দিব্ দিব, ওকস্=বাসস্থান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, দেবতা। [ত্রিং, স্বর্গস্থ, স্বর্গীয়।

দিবিষ্ঠ, (দিবি=স্বর্গে—স্থ=যে থাকে)বিং,

দিবোদাস, (দিবস=স্বর্গ—দাস=ভৃত্য, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কাশীস্থ নৃপবিশেষ।

দিব্য, (দিব্=স্বর্গ+য্য—ভবার্থে) বিং, ত্রিং, স্বর্গীয়। আকাশীয়। "স দদর্শ স্রজং দিব্যামৃষির্বিদ্যাধরী করে" বিষ্ণুপুরাণ। (দিব্=দীপ্তি পাওয়া+য—প্রং) সুন্দর, মনোহর। উৎকৃষ্ট, শ্রেষ্ঠ। সং, ক্লীং, শপথ, ধর্ম্ম প্রভৃতি সাক্ষী করিয়া অথবা আত্মগ্লানিসূচক-শব্দ প্রয়োগ করিয়া, বা অন্যের নিকট আত্ম বাক্যের প্র-

প্রীতি সম্পাদনার্থ সত্য করা। হরিচন্দন। লবঙ্গ। পুং, যব। গুগ্‌গুল।

দিব্যগন্ধ, (দিব্য—গন্ধ=ঘ্রাণ) সং, পুং, গন্ধক। ক্লীং, লবঙ্গ।

দিব্যগায়ন, (দিব্য=স্বর্গীয়-গায়ন=গায়ক, য়ং—স) সং, পুং,গন্ধর্ব্ব, স্বর্গীয় গায়ক।

দিব্যচক্ষুঃ, (দিব্যচক্ষুস্, দিব্য=স্বর্গীয়—চক্ষুস্=নেত্র, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অতীন্দ্রিয়ার্থদর্শী, যে ভূত ভবিষ্যৎ সমস্ত বিষয় দেখিতে বা জানিতে পারে। সুলোচন, উত্তম চক্ষুর্বিশিষ্ট।

দিব্যদোহদ, (দিব্য=স্বর্গীয়—দোহদ=ইচ্ছা, যাহা দেবতার ইচ্ছাধীনবিষয়) বিং, ত্রিং, অভিষ্ট সিদ্ধি কামনায় দেবতার প্রীত্যর্থে দেয় বস্তু। "যৎ দীয়তে তু দেবেভ্যো মনোরাজ্যস্য সিদ্ধয়ে। ,উপযাচিতকং দিব্যদোহদং তদ্বিদুর্ব্বুধাঃ"

দিব্যরত্ন, (দিব্য—রত্ন=মণি) সং, ক্লীং, চিন্তামণি, অভীষ্ট ফলপ্রদ রত্নবিশেষ।

দিব্যরথ, (দিব্য=স্বর্গীয়—রথ) সং, পুং, বিমান, ব্যোমযান। [পারদ, পারা।

দিব্যরস, (দিব্য=স্বর্গীয়—রস) সং, পুং,

দিব্যাদিব্যা, (দিব্য=স্বর্গীয়—অদিব্য=স্বর্গীয় নয়। যিনি উভয় ভাব প্রাপ্ত হন) সং, স্ত্রীং, উপদেবীবিশেষ।

দিব্যোদক, (দিব্য=আকাশস্থ—উদক=জল) সং, ক্লীং, বৃষ্টির জল। শিশির।

দিব্যোপপাদুক, (দিব্য=স্বর্গীয়—উপপদ= গমনকরা+উক—প্রং) বিং, ত্রিং, দেবতা।

দিশা, দিশস্ (দিক্ দেখ, আ, অস্—প্রং) সং, স্ত্রীং, পূর্ব্বাদি দিক্। দন্তক্ষত বিশেষ। রীতি।

দিশ্য, (দিশ+ষ্য-ভবার্থে) বিং, ত্রিং,দিগ্‌জাত,দিগ্‌ভব। দিক্ হইতে আনীত।

দিষ্ট, (দিশ=দানকরা, বলা+ক্ত—প্রং) সং, পুং, কাল। ক্লীং, ভাগ্য। বিং, ত্রিং, উপদিষ্ট, আদিষ্ট, কথিত। দত্ত। প্রদর্শিত।

দিষ্টান্ত, (দিষ্ট=ভাগ্য—অন্ত=শেষ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মরণ, মৃত্যু।

দিষ্টি, (দিশ=প্রদর্শনকরা+ক্তি—ভা) সং, স্ত্রীং, আনন্দ, হর্ষ। পরিমাণ বিশেষ।

দিষ্ট্যা, (দিশ—প্রদর্শন—স্তৈ=শব্দকরা+ক্বিপ—প্রং) অং, আহ্লাদে। মঙ্গলে। ভাগ্যক্রমে। "দেবি দিষ্ট্যা বর্দ্ধসে"। "দিষ্ট্যা অপরিহীন রাজধর্ম্মঃ খলু স রাজা" উত্তরচরিত।

দীক্ষক,(দীক্ষউপদেশ দেওয়া+ণক-ক)বিং, ত্রিং,শিক্ষক,উপদেষ্টা। পুং, দীক্ষাগুরু।

দীক্ষা, (দীক্ষ্=উপদেশ দেওয়া ইত্যাদি +আ-ভা) সং, স্ত্রীং, উপদেশ। মন্ত্রগ্রহণ অর্চ্চনা। যজ্ঞাদি কর্ম্মে সংস্কার। সংস্কার। অনুষ্ঠান। ব্রতাদি কার্য্যে স্থিতি। সঙ্কল্প পূর্ব্বক কোন ব্রতাদিতে প্রবৃত্ত হওন। "দীয়তে জ্ঞানমত্যন্তং ক্ষীয়তে পাপসংচয়ঃ। তস্মাৎ দীক্ষেতি সা প্রোক্তা"।

দীক্ষাগুরু, সং, পুং, যিনি তন্ত্রমতানুসারে মন্ত্রের উপদেশ দেন, ইষ্টদেব, গুরু।

দীক্ষান্ত, (দীক্ষা=যজ্ঞ—অন্ত=সমাপন, শেষ) সং, পুং, যজ্ঞান্ত স্নান, অবভৃথ।

দীক্ষিত, (দীক্ষ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ব্রতাদি বা যজ্ঞাদি কর্ম্মে প্রবৃত্ত। উপদেশিত। গুরু মুখ হইতে গৃহীত মন্ত্র। তপস্বীর শিষ্য। অনুষ্ঠিত। সংস্কৃত। "আপন্নাভয়সত্রেষু দীক্ষিতাঃ খলু পৌরবাঃ। শকুন্তলা।

দীক্ষিতা, (দীক্ষিতৃ, দীক্ষ=যাগকরা ইত্যাদি+তৃণ—ক) বিং, ত্রিং, দীক্ষক, দীক্ষাপ্রদাতা। [জলাশয়।

দীগী, দীঘী (দীর্ঘিকা শব্দজ) সং, দীঘ

দীদিবি, (দিব=ক্রীড়া করা+ই—প্রং, দ্বিত্ব) সং, পুং, ক্লীং, অন্ন, ভাত। পুং, বৃহস্পতি। বিং, ত্রিং, উদিত।

দীদী, সং, জ্যেষ্ঠা ভগিনী।

দীধিতি, (দীধি=দীপ্তিপাওয়া+ক্তি-প্রং) সং, স্ত্রীং, কিরণ, আলোক।

দীধিতিমান্ (দীধিতিমৎ,দীধিতি+মতু—

অস্ত্যর্থে) সং, পুং, মরীচিমালী, সূর্য্য।

দীন, (দী=ক্ষয়পাওয়া+ক্ত—প্রং) বিং, ত্রিং, কাতর। দরিদ্র। দুঃখিত। শোচ্য। হীন। সন্তপ্ত। ক্ষুব্ধ। ভীত।

দীনতা, (দীন+তা—ভাবে) সং, স্ত্রীং, দৈন্য, দারিদ্র্য। কাতরতা। ক্ষোভ। সন্তাপ। [প্রতিপালক নারায়ণ।

দীননাথ, সং, পুং, দীনের শরণ্য দেবতা।

দীনার, (দীন—ঋ=গমনকরা+অ—প্রং, যাহা দরিদ্রদিগকে দেওয়া যায়) সং, পুং, স্বর্ণমুদ্রা। স্বর্ণভূষণ। বত্রিশ রতি পরিমিতসুবর্ণ। নিষ্কপরিমাণ। লৌকিক।

দীপ, (দীপ্—দীপ্তহওয়া+ঘঞ্—প্রং) সং, পুং, যাহা উজ্জ্বল করে। প্রকাশক। বর্ত্তিস্থ জলন্ত অগ্নি-শিখা। প্রদীপদ "নির্ব্বাণদীপে কিমু তৈলদানং"।

দীপক, (দীপি দীপ্তিকরান+অক—ক) বিং, ত্রিং, উদ্দীপক, দীপ্তিকারক, উত্তেজক। শোভাজনক। প্রকাশক। সং, ক্লীং, কুঙ্কুম। কাব্যের অলঙ্কার বিশেষ, প্রস্তুত এবং অপ্রস্তুত বিষয়ের এক ধর্ম্মের সহিত সম্বন্ধ, অথবা অনেক ক্রিয়াতে যদি একটীমাত্র কারক থাকে পুং, যমানি লোচমস্তক, দীপ, শিবার-পক্ষী। ষড়রাগান্তর্গত দ্বিতীয় রাগী। কন্দর্পের নামান্তর।

দীপকিট্ট, (দীপ=প্রদীপ—কিট্ট=তৈলাদির কল্ক) সং, ক্লীং, দীপশিখাজাত। কালিমা, কজ্জল। কাজল।

দীপকূপী, (দীপ=প্রদীপ—কূপ=কূয়া) সং, স্ত্রীং, দীপবর্ত্তি, শলিতা।

দীপখোরী, (দীপ=দীপ্তি—খুড্=ভেদ-করা+অ—প্রং। ড=র) সং, স্ত্রীং, দীপবর্ত্তি, শলিতা।

দীপধ্বজ, (দীপ=প্রদীপ—ধ্বজ=চিহ্ন) সং, পুং, কজ্জল, কাজল।

দীপন, (দীপ=দীপ্তি পাওয়া+অনট। —ভা) বিং, ত্রিং, উদ্দীপক, উত্তেজক। জলনকারক। শোভাজনক। অগ্নিবর্দ্ধক। সং,ক্লীং, প্রকাশন। উত্তেজন, উদ্দীপন। তগরমূল। কুঙ্কুম। পুং, ময়ূরশিখা। শালিঞ্চশাক। কাশমর্দ্দ। পলাণ্ডু।

দীপপুষ্প, (দীপ [কাম] উদ্দীপক—পুষ্প) সং, পুং, চম্পকবৃক্ষ।

দীপবৃক্ষ, (দীপ=প্রদীপ—বৃক্ষ) সং, পুং, দীপ পাদপ,দীপাধার, পিল্‌সুজ ইত্যাদি

দীপশলাকা, সং, পুং, দীয়াশলাই।

দীপশিখা, (দীপ=প্রদীপ—শিখা=চূড়া) সং, স্ত্রীং, কজ্জল, কাজল। প্রদীপের-শীষ।

দীপান্বিতা, (দীপ—অন্বিত=যুক্ত, তয়া—ষ) সং, স্ত্রীং, গৌণ, চান্দ্র কার্ত্তিকী অমাবস্যা। উজ্জ্বলতা। দ্যুতি।

দীপালী, (দীপ=প্রদীপ—আলী=শ্রেণী) সং, স্ত্রীং, দীপান্বিতা অমাবস্যা। যক্ষ-রাত্রি। দীপমালা, দেওয়ালী।

দীপিকা, (দীপক+আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, জ্যোতিগ্রন্থবিশেষ রাগিণীবিশেষ জ্যোৎস্না। চন্দ্রিকা।

দীপিত, (দীপ+ত—র্ম্ম) বিং, ত্রিং, জ্বালিত। প্রকাশিত। উদ্দীপিত। শোভান্বিত। ব্যক্তীকৃত।

দীপিতা,(দীপিতৃ, দীপ=দীপ্তিকরা+তৃণ্—ক) বিং, ত্রিং, দীপ্তিকারক, প্রকাশক।

দীপ্ত, (দীপ+ত—ক) বিং, ত্রিং, জ্বলিত, প্রকাশিত। দগ্ধ। দীপ্তিমান্, উদ্ভাষিত। আলোকময়। সং, পুং,সিংহ। ক্লীং, স্বর্ণ, হিঙ। হিঙ্গুল। স্ত্রীং,লতাবিশেষ। [স্বর্ণ।

দীপ্তক, (দীপ্ত+ক—যোগ) সং, ক্লীং,

দীপ্তজিহ্বা, সং, স্ত্রীং, উল্কামুখী, খ্যাঁক-শিয়ালী, শৃগালীবিশেষ।

দীপ্তপিঙ্গল,(দীপ্ত=উজ্জ্বল—পিঙ্গল-পাংশু বর্ণ) সং, পুং, সিংহ।

দীপ্তরস, (দীপ্তি=দীপ্তিযুক্ত—রস) সং, পুং, কিঞ্চুলুক, কেঁচো। মহীলতা।

দীপ্তলোচন, (দীপ্ত=দীপ্তিবিশিষ্ট—লো-

চন=চক্ষু। রাত্রিকালে যাহাদের চক্ষুঃ অধিকতর দীপ্তিশালী হয়) সং, পুং, বিড়াল। মার্জ্জার।

দীপ্তলোহ, (দীপ্ত=দীপ্তিযুক্ত-লোহ=ধাতু) সং, ক্লীং, কাংস্য, কাঁসা।

দীপ্তাক্ষ, (দীপ্ত=দীপ্তিবিশিষ্ট—অক্ষি=নেত্র, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিড়াল। ময়ূর।

দীপ্তাগ্নি, (দীপ্ত=উত্তেজিত—অগ্নি=আগুন, জঠরানল, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অগস্ত্য মুনি। প্রজ্বলিত অগ্নি। বিং, ত্রিং, তীক্ষ্ণ জঠরানলবিশিষ্ট।

দীপ্তাঙ্গ, (দীপ্ত—অঙ্গ=দেহ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ময়ূর।

দীপ্তি, (দীপ+তি—ণ, ভা) সং, স্ত্রীং, তেজঃ, প্রভা। শোভা। শরবেগের তীব্রতা, বাণের তীব্রগতি। স্ত্রীলোকের স্বাভাবিক সৌন্দর্য্য। লাক্ষা। কাংস্য, কাঁসা।

দীপ্তিমান্, (দীপ্তিমৎ, দীপ্তি+মৎ—অস্ত্যর্থে) বিং, ত্রিং, উজ্জ্বল, প্রভাশালী। শোভাবিশিষ্ট।

দীপ্তোপল, (দীপ্ত=উজ্জ্বল—উপল=প্রস্তর) সং, পুং, যে স্বচ্ছ পদার্থ দ্বারা সূর্য্যরশ্মি কোন এক নির্দ্দিষ্ট স্থানে সমবেত হয় (crystalline lens) সূর্য্যকান্তমণি।

দীপ্য, (দীপ+য) সং, পুং, যমানি, জীরক। ময়ূরশিখা। রুদ্রজটা। বিং, ত্রিং, দীপনীয়।

দীপ্যমান, (দিপ=দীপ্তকরা+শান—ক) বিং, ত্রিং, দীপ্তিশীল, প্রকাশমান। শোভমান। প্রত্যক্ষ।

দীপ্র, (দীপ+র—ক, শীলাদ্যর্থে) বিং, ত্রিং, দীপ্তিশালী। তীক্ষ্ণ।

দীয়মান, (দা=দানকরা+শান—র্ম্ম) বিং, ত্রিং, যাহা দেওয়া যাইতেছে। বর্ত্তমান দান সম্বন্ধীয় বস্তু।

দীয়াশলাই, (দীয়া=দীপশব্দজ—শলাই শলাকাশব্দজ) সং, দীপশলাকা, দেকাটি

দীর্ঘ, (দৄ=বিভাগকরা প্রেরণকরা+ঘঞ—প্রং) বিং, ত্রিং, লম্বা। অধিক। গুরু। সং, পুং, দ্বিমাত্র স্বরবর্ণ, যথা—আ ঈ ঊ ৠ এ ঐ ইত্যাদি। গুরুবর্ণ। শালবৃক্ষ রাশিচক্রের ৫ম, ৬ষ্ঠ, ৭ম, ৮ম রাশি। "দীর্ঘমুষ্ণঞ্চ নিঃশ্বস্য সুনীতির্বাক্যমব্রবীৎ"

দীর্ঘকণ্ঠ / দীর্ঘকন্ধর } (দীর্ঘ—কণ্ঠ, কন্ধর=গ্রীবা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বকপক্ষী। বিং, ত্রিং, আয়তগ্রীব।

দীর্ঘকন্দ, সং, ক্লীং, মূলক, মূলা।

দীর্ঘকর্ণ, সং, পুং, ছাগল। বিং, ত্রিং, লম্বকর্ণ

দীর্ঘকেশ, (দীর্ঘ—কেশ=চুল, ৬ষ্ঠী—হিং) ভল্লূক। বিং, ত্রিং, আয়ত কেশ, যাহার চুল লম্বা।

দীর্ঘকোশিকা—ষিকা (দীর্ঘ—কোশ, ষ=খাপ+ক—যোগ) সং, ক্লীং, শুক্তি, ঝিনুক। [উষ্ট্র, উট।

দীর্ঘগতি, (দীর্ঘ—গতি=গমন) সং, পুং,

দীর্ঘগ্রীব, (দীর্ঘ=লম্বা—গ্রীবা=গলদেশ লম্বা গ্রীবা যার) সং, পুং, উষ্ট্র। বক। নীলক্রৌঞ্চ। বিং, ত্রিং, আয়ত গ্রীব। দীর্ঘকণ্ঠ।

দীর্ঘঘাটিক, (দীর্ঘ লম্বা—ঘাটা=গলা+ইক—অস্ত্যর্থে) সং, পুং, উষ্ট্র, উট।

দীর্ঘজঙ্গল, (দীর্ঘ—জঙ্গল=মরু) সং, পুং, মৎস্যবিশেষ, ভাঙ্গনমাছ।

দীর্ঘজঙ্ঘ, (দীর্ঘ=লম্বা+জঙ্ঘা=উরুদেশ ৬ষ্ঠী—হিং) সং, পুং, বক। উষ্ট্র। বিং, ত্রিং, যাহার জঙ্ঘা দীর্ঘ। আয়ত জানু।

দীর্ঘজিহ্ব, (দীর্ঘ=লম্বা—জিহ্বা। যাহার জিহ্বা দীর্ঘ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সর্প।

দীর্ঘজীবী, (—বিন্, দীর্ঘ—জীবিন্ যে বাঁচে) বিং, ত্রিং, যে অধিক কাল বাঁচিয়া থাকে। দীর্ঘায়ুঃ।

দীর্ঘতপাঃ, (দীর্ঘতপস্, দীর্ঘ—তপস্) সং, পুং, গোতম ঋষি।

দীর্ঘতুণ্ডা, (দীর্ঘ=তুণ্ডা=ঘোণা) সং, স্ত্রীং, ছুছুন্দরী। ছুঁচো।

দীর্ঘদণ্ড, (দীর্ঘ—দণ্ড [যষ্টি] ডাঁটা) সং, পুং, এরণ্ড বৃক্ষ, ভেরেণ্ডা গাছ।
দীর্ঘদর্শী, (দীর্ঘদর্শিন্—দীর্ঘ—দর্শিন্ যে দেখে, ২য়া—ষ) বিং, ত্রিং, পরিণাম দর্শী। সং, পুং, পণ্ডিত। ভবিষ্যদ্‌বক্তা গৃধ্র। ভল্লুক।
দীর্ঘদৃষ্টি, (দীর্ঘ—দৃষ্টি=দর্শন) বিং, ত্রিং, দূরদর্শী, বিদ্বান্। সং, স্ত্রীং, দূরবীক্ষণযন্ত্র
দীর্ঘনাদ, (দীর্ঘ—নাদ=শব্দ। যাহার শব্দ অনেক দূরে যায়, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শঙ্খ। বিং, ত্রিং, দীর্ঘশব্দকারী। দীর্ঘারাব।
দীর্ঘনিদ্রা, (দীর্ঘ—নিদ্রা, যঁং—স) সং, স্ত্রীং, মৃত্যু। মহানিদ্রা। বহুক্ষণ-স্থায়িনী নিদ্রা।
দীর্ঘপটোলিকা, (দীর্ঘ=লম্বা—পটোলিকা =পটোল) সং, স্ত্রীং, ধুঁদুল।
দীর্ঘপত্র, (দীর্ঘ=পত্র=পাতা) সং, পুং, রাজপলাণ্ডু। তাল। রক্তলশুন। এরণ্ড। বেতস। বিং, ত্রিং, আয়তপত্র যুক্ত বৃক্ষ। [হিং) সং, পুং, সর্প।
দীর্ঘপৃষ্ঠ, (দীর্ঘ=লম্বা—পৃষ্ঠ পিঠ, ৬ষ্ঠী—
দীর্ঘমাত্রা, সং, স্ত্রীং, বন্ধনী, ব্র্যাকেট্।
দীর্ঘমারুত, (দীর্ঘ লম্বা—মারুত [বায়ু] নিশ্বাস প্রশ্বাস) সং, পুং, স্ত্রীং, হস্তী হস্তিনী।
দীর্ঘরদ, (দীর্ঘ লম্বা—রদ=দন্ত) সং, পুং, শূকর। বিং, ত্রিং, দীর্ঘদন্ত।
দীর্ঘরসন, (দীর্ঘ=লম্বা—রসনা=জিহ্বা, ৬ষ্ঠী—হিং) সং. পুং, সর্প।
দীর্ঘরাগা, (দীর্ঘ=দীর্ঘকাল-রাগ=রঞ্জন। যাহার রাগ বহুদিন পর্য্যন্ত থাকে,৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, হরিদ্রা।
দীর্ঘরাত্র, (দীর্ঘ—রাত্রি) সং, ক্লীং, বড় রাত্রি, দীর্ঘনিশা চিরকাল।
দীর্ঘরোমা, (দীর্ঘরোমন্. দীর্ঘ=লম্বা—রোমন্=লোম) সং,পুং, ভল্লুক ভালুক। বিং, ত্রিং, দীর্ঘ-লোম বিশিষ্ট।
দীর্ঘবংশ, (দীর্ঘ—বংশ=কুল, বাঁশ) সং, পুং, নল, খাগড়া। লম্বা বাঁশ। বিস্তৃত কুল, আয়ত বংশ। [পুং, স্ত্রীং, হস্তী।
দীর্ঘবক্ত্র, (দীর্ঘ লম্বা—বক্ত্র=মুখ) সং,
দীর্ঘবর্চ্চিকা—সং, স্ত্রীং, কুম্ভীর, কুমীর।
দীর্ঘবালা (দীর্ঘ=লম্বা—বাল=পুচ্ছ—৬ষ্ঠী হিং) সং, স্ত্রীং. চমরী মৃগ।
দীর্ঘসকৃথি, (দীর্ঘ—সকৃথি=চক্র, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, শকট। দীর্ঘজঙ্ঘ, ঊর্দ্ধ-জানু।
দীর্ঘসত্র, (দীর্ঘ—সত্র=যজ্ঞ ইত্যাদি)সং, ক্লীং, দীর্ঘকাল সাধ্য যজ্ঞবিশেষ। তীর্থ-বিশেষ। বিং, ত্রিং, উক্তরূপ যাগকারী "হবিষে দীর্ঘসত্রস্য সাচেদানীং প্রচেতসঃ" রঘুবংশ। [পুং, কুক্কুর।
দীর্ঘসুরত, (দীর্ঘ—সুরত=রতিক্রীড়া)সং,
দীর্ঘসূত্র, দীর্ঘসূত্রিন্ (দীর্ঘ—সূত্র=সূতা, ৬ষ্ঠী—হিং। দীর্ঘসূত্র+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, জড়ক্রিয়, বিলম্বে কার্য্যকারক, বিস্তৃততন্তু।
দীর্ঘসূত্রতা, দীর্ঘসূত্রিতা, } (দীর্ঘসূত্র,—ত্রিন্+তা ভাবে)সং,স্ত্রীং, অনেক বিলম্বে কর্ম্ম করা,শীঘ্রকার্য্য সম্পন্ন করিতে অনিচ্ছা বা অযত্ন।
দীর্ঘাধ্বগ, (দীর্ঘ—অধ্বন্=পথ—গ=যে গমন করে) বিং, ত্রিং, দ্রুতগামী পত্রবাহক,ডাকের পেয়াদা। সং, পুং, উষ্ট্র, উট। [পুং, কুন্ত অস্ত্র,বর্ষা। শূকর।
দীর্ঘায়ুধ, (দীর্ঘ=লম্বা—আয়ুধ=অস্ত্র)সং,
দীর্ঘায়ুঃ,(দীর্ঘায়ুস্,দীর্ঘ—আয়ুস্=জীবন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, চিরজীবী। সং, পুং, মার্কণ্ডেয় মুনি। কাক। শাল্মলীবৃক্ষ।
দীর্ঘিকা, (দীর্ঘ+ক আ—প্রং) সং, স্ত্রীং, ত্রিশত ধনু পরিমিত জলাশয়। "দীর্ঘিকা কমলোন্মেষো যাবন্মাত্রেন সাধ্যতে" কু। হিঙ্গুপত্রী। বৃহৎ পুষ্করিণী, দীঘী।
দীর্ণ (দৃ=বিদারণকরা, ভয়পাওয়া+ক র্ম্ম, ক) বিং, ত্রিং, বিদারিত, ভগ্ন। ভীত। সং, ক্লীং, বিদারণ।
দুঃখ, (দুঃখ্=ক্লেশদেওয়া+অন্ প্রং,

বিং, ত্রিং, দুষ্টাভিপ্রায়, যাহার মন্দ উদ্দেশ্য। দুরাকাঙ্ক। ক্রূর।
দুরাশা, (দুর্—আশা) সং, স্ত্রীং, শা, দুর্ম্মনোরথ।
দুরাসদ, (দুর্=দুঃখ—আ—সদ্ [গমনকরা] পাওয়া সহকরা+অল—র্ম্ম) বিং, ত্রিং, দুষ্প্রাপ্য, দুর্লভ। দুর্দ্ধর্ষ। দুর্ব্বিষহ। "সংপ্রতি হি সমদেশবর্ত্তিনস্তে ন দুরাসদো ভবিষ্যতি"। শকুন্তলা।
দুরিত, (দুর্=নিন্দা—ইত গমন, ৫মী—হিং) সং, পুং, দুষ্কৃত, পাপ। বিং, ত্রিং, পাপিষ্ঠ।
দুরিতদমনী, (দুরিত=পাপ—দমনী=যে নষ্টকরে) সং, স্ত্রীং, শমীতরু,শাঁই গাছ। বিং, ত্রিং,পাপনাশিনী,পাপক্ষয়কারিণী।
দুরিষ্ঠ, (দুর্=মন্দ+ইষ্ঠ—অত্যর্থে) সং, ক্লীং, ক্রূরতা, খলতা। বিং, ত্রিং, অতিশয় মন্দ। অতিশয় নিন্দিত।
দুরীষণা, (দুর্=নিন্দিত—ঈষণা=দর্শন) সং, স্ত্রীং, অভিসম্পাত, শাপ। কুদৃষ্টি।
দুরুক্ত, (দুর্—উক্ত=বাক্য) সং, ক্লীং, দুর্ব্বাক্য, গালি।
দুরুচ্চার, (দুর্—উচ্চার=উচ্চারণ) বিং, ত্রিং, যাহা উচ্চারণ করিতে পারা যায় না, অশ্লীল।
দুরুচ্ছেদ, (দুর্—উচ্ছেদ=উন্মূলন। যাহা অতিকষ্টে উচ্ছেদ করা যায়) বিং, ত্রিং, দুর্নিবার, দুরপনেয়।
দুরুত্তর, (দুর্—উত্তর=উত্তরণ, প্রত্যুত্তর। যাহা দুঃখে পার হওয়া যায়) বিং, ত্রিং, যাহা পার হওয়া কঠিন, দুস্তর। যাহার উত্তর করিতে পারা-যায় না, অনুত্তর, অখণ্ডনীয়। সং, ক্লীং, অসৎ উত্তর।
দুরুদাহর, (দুর্—উদাহর=উদাহরণ) বিং, ত্রিং, যাহার উদাহরণ দেওয়া বা বলা দুঃসাধ্য। দুরুচ্চার।
দুরুদ্বহ, (দুর্—উদ্বহ=বহনীয়) বিং, ত্রিং, যাহা বহন করা দুঃসাধ্য।
দুরুধুরা, সং, স্ত্রীং, সূর্য্য ও অন্তগ্রহের মধ্যস্থলে চন্দ্রেরস্থিতিরূপ যোগবিশেষ।
দুরুপসদ, (দুর্=দুঃখ—উপ=সমীপ—সদ্=গমনকরা+অল—প্রং) বিং, ত্রিং, দুঃসহ। দুর্গম। দুষ্প্রাপ্য।
দুরূহ, (দুর্=দুঃখ—উহ=তর্ককরা+অল—র্ম্ম) বিং, ত্রিং, কঠিন, দুর্ব্বোধ, কষ্টসাধ্য। দুস্তর্ক্য। দুর্জ্ঞেয়।
দুরোদর, (দুর্ = নিন্দিত—আ—উদর=বিবাদ) সং, পুং, দ্যূতকার, জুয়ারি। পাশক। ক্লীং, দ্যূত, জুয়াখেলা। পণ। "দুরোদরচ্ছদ্মজিতাং সমীহতে নয়েন জেতুন্জগতীং সুযোধনঃ" ভারবি।
দুর্গ, (দুর্=দুঃখ—গম্=গমনকরা+ড—র্ম্ম) সং, ক্লীং, গড়। পর্ব্বতের মধ্যদেশস্থ অল্পপরিসর পথ। অল্পপরিসর নদ্যাদির সেতু। কাননাভ্যন্তরস্থ ক্ষুদ্র পথ। "ষড়্‌বিধং দুর্গমাস্থায় পুরাণ্যথ নিবেশয়েৎ ধনুর্দুর্গং মহীদুর্গং গিরিদুর্গং তথৈব চ। মনুষ্যদুর্গং মৃদ্দুর্গং বনদুর্গং চ তানি ষট্" বিং, ত্রিং, দুর্গম, অগম্য। সং, পুং, অসুরবিশেষ।
দুর্গত, (দুর্=দুঃখ—গত=যে গমন করিয়াছে) বি, ত্রিং, দরিদ্র, দুরবস্থাগ্রস্ত। দুঃখী। বিপদ্‌গ্রস্ত।
দুর্গতি, (দুর্=দুঃখ—গতি=গমন) সং, স্ত্রীং, দুরবস্থা। ক্লেশ। দারিদ্র্য। নরক।
দুর্গন্ধ, (দুর্=নিন্দিত—গন্ধ=য়ং—স+৬ষ্ঠী—হিং) সং পুং, মন্দগন্ধ, পূতিগন্ধ। আম্রবৃক্ষ। পলাণ্ডু। বিং, ত্রিং, কুগন্ধযুক্ত। দুর্বাস।
দুর্গপুর, (দুর্গ—পুর=নগর) সং, ক্লীং, দুর্গ দ্বারা রক্ষিত নগর। প্রাচীরাদি বেষ্টিত নগর।
দুর্গম, (দুর্=দুঃখ—গম্=গমনকরা, পাওয়া, জানা+অল—র্ম্ম) বিং, ত্রিং, অতিকষ্টে যেখানে গমন করা যায়। কষ্টগম্য। দুর্লভ। দুর্জ্ঞেয়।
দুর্গবপ্র, (দুর্গ—বপ্র=প্রাচীর) সং, পুং, পরিখা। দুর্গের প্রাচীর, পরিকূট

দুর্গব্যসন, (দুর্গ—ব্যসন=ক্লেশ, দুর্দ্দশা) সং, ক্লীং, দুর্গের দুরবস্থা, দুর্গপ্রাচীরের ছিদ্রাদি।

দুর্গসঞ্চর, (দুর্গ দুর্গমস্থান—সঞ্চর=গমন যাহারদ্বারা দুর্গম স্থানে যাওয়া যায়) সং, পুং, সংক্রম, সাঁকো। দুর্গম্য বনপর্ব্বতাদির মধ্যদিয়া গমন।

দুর্গা, (দুর=দুঃখ—গম্ [গমনকরা] জানা +ড—প্রং, আ। যাঁহাকে দুঃখে জানা যায়। কিম্বা দুর্—গৈ=গানকরা+ড —প্রং। পাপীরা যাহার নাম গানকরে অথবা দুর্গ = অসুরবিশেষ+আ হন্তৃ-বাচক, যিনি দুর্গাসুরকে বধ করিয়াছেন। কিম্বা যিনি দুর্গ হইতে ত্রাণ করেন) সং, স্ত্রীং, মহাদেবী শিবপত্নী। "দুর্গত্তারয়সে দুর্গে তত্ত্বং দুর্গা স্মৃতা জনৈঃ"। "দুর্গো দৈত্যে মহাবিঘ্নে ভববন্ধে কুকর্ম্মণি। শোকে দুঃখে চ নরকে যমদণ্ডে চ জন্মনি। মহাভয়েঽতিরোগে চাপ্যাশব্দো হন্তৃ-বাচকঃ। এতান্ হন্ত্যেব যা দেবী সা দুর্গা পরিকীর্ত্তিতা। অপিচ। দৈত্যনাশার্থ বচনো দকারঃ পরিকীর্ত্তিতঃ। উকারো বিঘ্ননাশস্ত বাচকো বেদসম্মতঃ। রেফো রোগঘ্নবচনো গশ্চ পাপঘ্নবাচকঃ ভয় শত্রুঘ্নবচনশ্চাকারঃ পরিকীর্ত্তিতঃ॥ স্মৃত্যুক্তি শ্রবণাদ্যস্যা এতে নশ্যন্তি নিশ্চিতং। ততো দুর্গা হরেঃ শক্তির্হরিণা পরিকীর্ত্তিতা॥ দুর্গেতি দৈত্যবচনোপ্যাকারো নাশবাচকঃ। দুর্গং নাশয়তি যা নিত্যং সা দুর্গা বা পরিকীর্ত্তিতা। বিপত্তিবাচকো দুর্গশ্চাকারো নাশবাচকঃ। তং ননাশ পুরা তেন বুধৈ দুর্গা প্রকীর্ত্তিতা" ॥ নীলবৃক্ষ। অপরাজিতা। শ্যামাপক্ষী।

দুর্গানবমী, সং, স্ত্রীং, কার্ত্তিকমাসের শুক্লনবমী, যে তিথিতে জগদ্ধাত্রী পূজা হয়।

দুর্গ্রহ, (দুর্=দুঃখ—গ্রহ=গ্রহণ) বিং, ত্রিং, যাহা অতিকষ্টে গ্রহণ করা যায়। সং, পুং, মন্দ গ্রহ। আকর্ষ, আঁকুষি।

দুর্গেশনন্দিনী, সং, স্ত্রীং, দুর্গাধ্যক্ষের কন্যা।

দুর্ঘট, (দুর্=দুঃখ—ঘট্=সঙ্ঘটন হওয়া +খল=প্রং) বিং, ত্রিং, যাহা অতি কষ্টে ঘটে, দুঃসাধ্য, কষ্টসাধ্য, কঠিন। অঘটনীয়, অপ্রাপ্য।

দুর্ঘটনা, (দুর্ঘট+অনট্—আ, প্রং) সং, স্ত্রীং, অশুভঘটনা, বিপদ্।

দুর্ঘোষ, (দুর্=নিন্দিত—ঘোষ=শব্দ) সং, পুং, ভল্লুক ভালুক। কুৎসিত শব্দ। বিং, ত্রিং, নিন্দিত রববিশিষ্ট।

দুর্জ্জন, (দুর=নিন্দিত—জন, য়ং—স) বিং, ত্রিং, জঘন্য। খল, দুষ্ট, ক্রূর। "দুর্জ্জনঃ পরিহর্ত্তব্যো বিদ্যয়ালংকৃতোঽপি সন্" হিতোপদেশ। নিষ্ঠুর। নিকৃষ্ট।

দুর্জ্জয়, (দুর্=দুঃখ—জি=জয়করা+অল্ —র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে অতিকষ্টে জয় করা যায়, অজয্য, অদম্য, অপরাজিত। কার্ত্তবীর্য্য রাজবংশোদ্ভব অনন্তরাজের পুত্র।

দুর্জ্জাত, (দুর্=নিন্দিত—জাত=জন্ম বা যে জন্মিয়াছে) সং, ক্লীং, দুর্ভাগ্য। বিপদ। ব্যসন, বিং, ত্রিং, অসম্যগজাত, যার বৃথা জন্ম। "দুর্জাতমত্র. বিমলে ভরতান্বয়েপি, কিং মাং স্মৃতক্ষয়করং স্মৃতইত্যবৈষি" বেণীসংহার। অনুচিত অসমন্জস।

দুর্জ্ঞেয়, (দুর্=দুঃখ—জ্ঞা=জানা+য— র্ম্ম) বিং, ত্রিং, যাহা বহুকষ্টে জ্ঞাত হওয়া যায়, দুর্ব্বোধ্য, দুরূহ।

দুর্ণয়—(দুর—নয়=নীতি) সং, পুং, অযুক্তি, অন্যায়, অনুপযুক্ততা।

দুর্ণীত, (দুর্—নীত=শাসিত, চালিত) বিং, ত্রিং, কুশাসিত। নীতিবিরুদ্ধ। অনীতিজ্ঞ। সং, ক্লীং, কুব্যবহার। কুনীতি।

দুর্দ্দম্য, দুর্দ্দান্ত (দুর্=দুঃখ—দম্য=দমনীয়, দান্ত=বশীকৃত) বিং, ত্রিং, যাহাকে কষ্টে দ-

মন করা যায়, তুরন্ত, অশান্ত । বৎসতর।
তুর্দ্দর, (তুর—দৃ=বিদারণ করা+অল্) ক্লেশকর, তুঃখকর । ভৈবজ্যলতাবিশেষ
তুর্দ্দশা, (তুর্=তুঃখ—দশা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং তুরবস্থা, মন্দদশা,বিপত্তি, বিপাক।
তুর্দ্দর্শ,(তুর্=তুঃখ—দর্শ=দর্শন) বিং, ত্রিং. যাহা দেখিতে পারা যায় না, তুষ্প্রেক্ষ্য তুর্নিরীক্ষ্য। "বলীসঙ্গতগাত্রস্তু তুর্দ্দর্শো তুর্ব্বলঃ কৃশঃ" মহাভারত।
তুর্দ্দিন, (তুর্=নিন্দিত—দিন=দিবারাত্রি, য়ং—স) সং, ক্লীং, মেঘাচ্ছন্ন দিন। বর্ষণ, বড় বাদল। তুঃসময়।
তুর্দ্দুরূট, (তুর্=মন্দ—অট=গমনকরা+ঘঞ্। অ=উ) সং, পুং, নাস্তিক, অনীশ্বরবাদী।
তুর্দ্দৈব, (তুর্=অল্প বা মন্দ—দৈব=ভাগ্য) সং, ক্লীং, তুর্ভাগ্য, তুরদৃষ্ট, তুর্ঘটনা। তুর্গতি।
তুর্দ্ধরুট, সং, পুং, স্বতন্ত্রশিষ্য, যে বিচার পূর্ব্বক গুরুর আজ্ঞা প্রতিপালন করে, স্বৈরচারী। [পলাণ্ডু।
তুর্দ্রুম, (তুর্—দ্রুম=বৃক্ষ) সং, পুং, হরিৎ
তুর্দ্ধর, (তুর্=তুঃখ=ধৃ= ধরা+খল—প্রং) বিং, ত্রিং, কষ্টবহ, তুঃসহ। তুর্নিবার, অনিবার্য্য। তুর্গম্য। তুর্দ্ধর্ষ। তুর্দ্ধার্য্য। সং, পুং, নরকবিশেষ। পারদ, পারা। ঋষভৌষধি। ভল্লাতক, ভেলা। দৈত্যবিশেষ, মহিষাসুরের সেনাপতি।
তুর্দ্ধর্ষ, (তুর্ অভাব—ধর্ষ=পরাভব, ৬ষ্ঠী—হিং, অথবা তুর্=তুঃখে—ধৃষ=পরাভবকরা+খল্—র্ম্ম) বিং, ত্রিং, তুরাধর্ষ অধর্ষণীয়, যাহার কোন অবমান বা অনিষ্ট করা যায় না। যাহার তেজ বিক্রম প্রভৃতি এরূপ যে তাহার নিকটে যাইতে ভয় হয়। অসহনীয়। অক্ষোভ্য নির্লজ্জ, অনপত্রপ। অনালাপী। [মন্দরীতি।
তুর্নর, (তুর্—নয় নীতি) সং, পুং, কুনীতি
তুর্নাম, (তুর্নামন্, তুর্ নিন্দিত—নামন্ নাম) সং, ক্লীং, অর্শরোগ। অখ্যাতি, কলঙ্ক। নিন্দা, কুৎসা। অপ্রশংসা।
তুর্নামক, (তুর্নাম+ক—যোগ) সং, ক্লীং, অর্শরোগ।
তুর্নামা—(নামন্। তুর্=মন্দ—নামন্—সংজ্ঞা, নাম) সং, পুং, মা—স্ত্রীং, দীর্ঘ কোষিকা, ঝিনুক। অর্শরোগ।
তুর্নামারি,—(তুর্নাম=অর্শ—অরি=শত্রু। ৬ষ্ঠী—ষ) শূরণ, ওল।
তুর্নিমিত, (তুর্—নিমিত=উৎক্ষিপ্ত) বিং, ত্রিং, অতিকষ্টে উৎক্ষিপ্ত।
তুর্নিমিত্ত, (তুর্—নিমিত্ত=শুভাশুভ চিহ্ন) সং, ক্লীং, অশুভ সূচক চিহ্ন, অমঙ্গল চিহ্ন।
তুর্নিবার, (তুর্=তুঃখ—নিবার=নিবারিত, ওয়া—ষ) বিং, ত্রিং, যাহা বহু কষ্টে নিবারণ করা যায়, তুর্নিগ্রহ, অশাসনীয়।
তুর্নিরীক্ষ্য, (তুর্—নিরীক্ষ্য=দর্শনযোগ্য) বিং, ত্রিং, যাহার প্রতি দৃষ্টিপাত করা তুঃসাধ্য। তুর্দ্দর্শ, অনালোকনীয়।
তুর্নীত, (তুর্—নী=লওয়া+ক্ত—ম্ম) বিং, ত্রিং, যাহার রীতিনীতি ভাল নয়, উচ্ছৃঙ্খল। অশিষ্ট। অসচ্চরিত্র। কষ্টলব্ধ।
তুর্নীতি, (তুর্—নীতি=সুধারা) সং, স্ত্রীং, কুরীতি, অসদাচরণ। অসম্যক্ পালন।
তুর্ব্বল, (তুর্=ন্যূন—বল, য়ং—স) বিং, ত্রিং, বলহীন। অশক্ত জীর্ণ। ক্ষীণ, কৃশ। নিস্তেজ, বীর্য্যহীন, সন্তানোৎপাদনে অসমর্থ। সং, পুং, তুশ্চর্ম্মা, দ্বিলগ্নক বণ্ড, যাহার মেঢ্রের উপরিস্থিত চর্ম্ম কর্ত্তন করা হইয়াছে।
তুর্ব্বুদ্ধি, (তুর্=নিন্দিত—বুদ্ধি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, তুর্ম্মতি, কুবুদ্ধিশালী। স্ত্রীং, তুষ্টমতি, মন্দবুদ্ধি।
তুর্ব্বোধ, (তুর্—বোধ=জ্ঞান, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, তুর্জ্ঞেয়, যাহা সহজে বুঝা যায় না।
তুর্ভক্ষ } তুর্ভক্ষ্য } (তুর্—ভক্ষ, ভক্ষ্য ভক্ষণীয়) অং, যে সময়ে ভক্ষ্য দ্রব্য

দুষ্প্রাপ্য এবং দুর্ম্মূল্য হইয়াউঠে, দুর্ভিক্ষ বিং, ত্রিং, কষ্টে ভক্ষণীয়।

দুর্ভগ, (দুর্=অল্প বা মন্দ—ভগ=ভাগ্য, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অতিদীন, ভাগ্যহীন, দুরদৃষ্ট। অপ্রিয়। গা—স্ত্রীং, স্বামী যে স্ত্রীকে ভাল বাসে না অথবা দেখিতে পারে না, পতিস্নেহ রহিতা নারী।

দুর্ভর, (দুর্=দুঃখ—ভর=যে সহ্য করে, যে বহন করে) বিং, ত্রিং, দুঃসহ। দুর্ব্বহ, গুরু, ভারী।

দুর্ভাগ্য, (দুর্=অল্প বা মন্দ—ভাগ্য=অদৃষ্ট, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, দুরদৃষ্ট, মন্দভাগ্য। বিং, ত্রিং, যাহার অদৃষ্ট ভাল নয়। অভাগা।

দুর্ভাবনা, (দুর্—ভাবনা=চিন্তা) সং, স্ত্রীং, উৎকণ্ঠা, উদ্বেগ। দুশ্চিন্তা। অহিতেচ্ছা। মনোদুঃখ।

দুর্ভিক্ষ, (দুর্=অভাব—ভিক্ষা, ব্যং—স) সং, ক্লীং, দেশে শস্যাদি খাদ্যদ্রব্যের অভাব, অকাল। "উৎসবে ব্যসনেচৈব দুর্ভিক্ষে রাষ্ট্রবিপ্লবে। রাজদ্বারে শ্মশানেচ যস্তিষ্ঠতি সবান্ধবঃ" হিতোপদেশ।

দুর্ভেদ্য, (দুর্—ভেদ্য=ভেদনীয়) বিং, ত্রিং, অভেদ্য, যাহা ভেদ করা যায় না।

দুর্ম্মতি, (দুর্=নিন্দিত—মতি=বুদ্ধি, ৬ষ্ঠী—হিং) সং, ত্রিং, দুর্ব্বুদ্ধি, কুমতিশালী। নির্ব্বুদ্ধি। বৎসরবিশেষ। স্ত্রীং, দুষ্টা বুদ্ধি।

দুর্ম্মনাঃ, (দুর্ম্মনস্, দুর্=দুঃখিত—মনস্=অন্তঃকরণ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার দুর্ভাবনা উপস্থিত হইয়াছে, চিন্তাদি ব্যাকুল মানস, উদ্বিগ্নচিত্ত, চিন্তিত, দুঃখিত, বিষণ্ণ, ম্লান।

দুর্ম্মর, (দুর্=কষ্টে—মৃ=মরা+খল্) যে অতিকষ্টে মরে) বিং, ত্রিং, কষ্টমৃত্যু। কঠিন প্রাণী। রা—স্ত্রীং, দূর্ব্বা। শ্বেত দূর্ব্বা।

দুর্ম্মল্লিকা,—সং, স্ত্রীং, বিলাসিকা, হাস্যোৎপাদক নাটক। (A comedy) পরিহাসার্থ রচিত উপরূপক (A farce)

দুর্ম্মুখ, (দুর্=নিন্দিত—মুখ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, কটুভাষী, কর্কশবাদী। কদাকার, কুৎসিত। সং, পুং, অশ্ব। বানরবিশেষ। নাগবিশেষ। অসুরবিশেষ, মহিষাসুরের সেনাপতি। রামের অনুচরবিশেষ।

দুর্ম্মূল্য, (দুর্=অনুচিত, অধিক—মূল্য, পণ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, মহার্ঘ্য, অক্রেয়।

দুর্ম্মেধাঃ, (দুর্ম্মেধস্, দুর্=নিন্দিত, ন্যূন—মেধা=বুদ্ধি, ৬ষ্ঠী—হিং, অস্—প্রং) বিং, ত্রিং, মেধাহীন, নির্ব্বুদ্ধি, অবোধ, অজ্ঞান।

দুর্য্যোগ, (দুর্=দুঃখ—যোগ, য়ং—স) সং, পুং,দুঃখের যোগ। মেঘাচ্ছন্ন দিবস, দুর্দ্দিন। দুঃসময়। অনেক বাধকের একত্রে মিলন।

দুর্য্যোধন, (দুর্=দুঃখে—যুধ্ যুদ্ধকরা +অন—র্ম্ম) সং, পুং, ধৃতরাষ্ট্রের জ্যেষ্ঠপুত্র। বিং, ত্রিং, দুঃখে যোধনীয়, যাহার সহিত অতিকষ্টে যুদ্ধ করিতে পারা যায়।

দুর্যোনি, (দুঃ—যোনি=উৎপত্তিস্থান। ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অসৎ কুলজাত, নীচবংশোদ্ভব।

দুর্লক্ষ্য, (দুর্=দুঃখ—লক্ষ্=দর্শনকরা, চিহ্নকরা+য—ম্ম) বিং, ত্রিং, অলক্ষ্য অদৃশ্য। (মনশ্চলং প্রকৃত্যৈব, দুর্লক্ষ্যঞ্চ তথাপিমে। কামেনৈতৎ কথং বিদ্ধং সমং সর্ব্বৈঃ শিলীমুখৈঃ" রত্নাবলী। যাহা অতিকষ্টে দেখা যায়।

দুর্লঙ্ঘ, দুর্লঙ্ঘ্য } (দুর্=দুঃখ—লঙ্ঘ, লঙ্ঘ্য=লঙ্ঘনীয়) বিং, ত্রিং, যাহা লঙ্ঘন করিতে পারা যায় না অনতিক্রমনীয়, অলঙ্ঘ্য।

দুর্লভ, দুর্লভ্য, (দুর্=দুঃখ—লভ=পাওয়া+খল, য—র্ম্ম) বিং, ত্রিং, উৎকৃষ্ট দুষ্প্রাপ্য। "দুর্লভজনানুরাগো লজ্জা-

গুর্ব্বী পরবশ আত্মা" । রত্নাবলী । "কুসুমায়ুধপত্নি দুর্ল্লভস্তব ভর্ত্তা ন চিরাদ্ভবিষ্যতি" কুমার সম্ভব । বহুমূল্য । বিরল। যাহা সচরাচর দেখিতে পাওয়া যায় না। প্রিয়, যাহাকে ভাল বাসা যায়। সং, পুং, কচ্ছুর। ভা—স্ত্রীং, শ্বেত কণ্টকারী, দুরালভা।

দুর্ল্ললিত, (দুর্—ললিত) বিং, ত্রিং, প্রশ্রয়প্রাপ্ত, আব্দারে। সং, ক্লীং, দুশ্চেষ্টিত। আব্দার।

দুর্ব্বচঃ, (দুর্ব্বচস্, দুর্=নিন্দিত—বচস্ বাক্য) সং, ক্লীং, দুর্ব্বাক্য, কটুকথা। বিং, ত্রিং, অকথ্য, অবক্তব্য। যাহা অতিকষ্টে উচ্চারণ করা যায়। যাহা বলা উচিত নহে।

দুর্ব্বর্ণ, (দুর্=নিন্দিত—বর্ণ=জাতি) সং, ক্লীং, রজত, রৌপ্য, সুগন্ধিদ্রব্যবিশেষ, এলবালুক । বিং, ত্রিং, মলিন, অসজ্জাত।

দুর্ব্বহ, (দুর্=দুঃখ—বহ্=বহনকরা+খল—র্ম্ম) বিং, ত্রিং, দুর্ব্বাহ্য,অতিভার, দুঃসহ। ভারাক্রান্ত। "দুর্ব্বহগর্ভখিন্ন সীতাবিবাসনপটোঃ করুণা কুতস্তে" উত্তরচরিত।

দুর্ব্বাক্, দুর্ব্বাদ, (দুর্ব্বাচ, দুর্=মন্দ,, কুৎসিত—বাচ, বাদ=বাক্য, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, কটুভাষী, যে মন্দ বা অশুদ্ধ কথা বলে।

দুর্ব্বাক্য, (দুর্—বাক্য=কথা) সং ক্লীং, কটুবাক্য,অপ্রিয় কথা। অশ্লীল বাক্য।

দুর্ব্বার, (দুর্=দুঃখ—বৃ=বারণকরা+ঘঞ্—র্ম্ম) বিং, ত্রিং, যাহা বারণকরা যায় না, অনিবার, অনিবার্য্য। "দুর্ব্বারাং কুসুমশরব্যথাং বহন্ত্যা তন্বঙ্গ্যা যদভিহিতং পুরঃ সখীনাং" রত্নাবলী।

দুর্ব্বাসা, (দুর্ব্বাসস্, দুর্=কুৎসিত—বাসস্=বস্ত্র) সং, পুং, মুনিবিশেষ, শিবের অংশজ মুনি, অত্রিমুনির পুত্র। "দুর্ব্বাসাঃ শঙ্করস্যাংশশ্চচার পৃথিবীমিমাম্" বিষ্ণুপুরাণ। বিং, ত্রিং, কুৎসিত বস্ত্রধারী।

দুর্ব্বিগাহ, বিং, ত্রিং, দুরবগাহ দেখ।

দুর্ব্বিধ, (দুর্=মন্দ, কুৎসিত—বিধ=আচরণ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, দরিদ্র। খল, দুষ্ট। মূর্খ।

দুর্ব্বিনীত, (দুর্=না—বিনীত=শান্ত) বিং, ত্রিং, অবিনীত, উদ্ধত। কুব্যবহারী। দুষ্ট, অশিষ্ট। সং,পুং, অবিনীত অশ্ব, শূকল।

দুর্ব্বিপাক, (দুর্—বিপাক=পরিণাম। সং, পুং, মন্দ পরিণাম। দুর্ঘটনা। বিং, ত্রিং, পরিণাম দারুণ।

দুর্ব্বিভাব্য, (দুর্—বিভাব্য=দর্শনীয়, চিন্তনীয়) বিং, ত্রিং, অচিন্ত্য অবোধ্য। যে বিষয়ের ভাবনা করা যায় না, জ্ঞানাতীত।

দুর্ব্বিষহ, (দুর্=দুঃখ—বি—সহ্=সহ্যকরা+খল্—র্ম্ম) বিং, ত্রিং, অসহ্য, যাহা সহ্য করা যায় না।

দুর্ব্বৃত্ত, (দুর্=নিন্দিত—বৃত্ত=চরিত্র, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, শঠ, ধূর্ত্ত, দুশ্চরিত্র, দুরন্ত, দুর্জন। অবাধ্য। উদ্ধত। দুরাত্মা।

দুর্হৃদ্, (দুর্=নিন্দিত—হৃদ্=অন্তঃকরণ ৬ষ্ঠী—হিং) সং, পুং, শত্রু। বিং, ত্রিং, দুষ্টান্তঃকরণ, ক্রূরচিত্ত। "অশ্মসারময়ং নূনং হৃদয়ং মম দুর্হৃদঃ"।

দুলাল, (দেশজ) স্নেহের পাত্র। আদুরে। অনুরাগ, প্রেম।

দুলি, (দুল [কর্দ্দম ইত্যাদি] উৎক্ষেপণ করা+ই—প্রং) সং, পুং, মুনিবিশেষ। লি, লী—স্ত্রীং, কচ্ছপী, কমঠী।

দুলিচা, (যাবনিক) সং, আসনবিশেষ।

দুলে, (দেশজ) যানবাহ, কাহার জাতি।

দুশ্চর, (দুর্=দুঃখ—চর্=আচরণকরা ইত্যাদি+খল—র্ম্ম) বিং, ত্রিং, যাহা আচরণকরা কঠিন। দুর্গম দুষ্প্রাপ্য, যাহা পাওয়া যায়না। কুব্যবহারকারী।

অসদ্ব্যবহারী। সং, পুং, শম্বুক। ভল্লুক।

দুশ্চরিত } (দুর্=নিন্দিত—চরিত, দুশ্চরিত্র } চরিত্র=আচরণ, স্বভাব, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, মন্দ প্রকৃতি, কুস্বভাব। বিং, ত্রিং, যাহার চরিত্র মন্দ।

দুশ্চেষ্টিত, (দুর্=নিন্দিত—চেষ্টিত=চেষ্টা) সং, ক্লীং, মন্দ আচরণ, মন্দচেষ্টা।

দুশ্চ্যবন, (দুর্=দুঃসহ—চ্যবন=মুনি-বিশেষ, ৬ষ্ঠী—হিং। ইন্দ্র চ্যবনের প্রতি বজ্র উত্তোলন করাতে তাঁহার অভিশাপে ইন্দ্রের হস্ত স্তম্ভিত হইয়াছিল) সং, পুং, ইন্দ্র, দেবরাজ।

দুষ্কর, (দুর্=দুঃখ—কৃ=করা+খল—র্ম্ম) বিং, ত্রিং, যাহা কষ্টে করা যায়, দুঃখসাধ্য। কুব্যহারী। অহিতকারী। সং, ক্লীং, আকাশ। দুঃখে সম্পাদন।

দুষ্কর্ম্মা, (দুষ্কর্ম্মন্, দুর্=নিন্দিত—কর্ম্মন্, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, কুক্রিয়াম্বিত, পাপাত্মা। সং, ক্লীং, মন্দকর্ম্ম, পাপ।

দুষ্কুল, (দুর্=নিন্দিত, মন্দ—কুল=বংশ) সং, ক্লীং, মন্দকুল, নীচবংশ।

দুষ্কুলীন, (দুষ্কুল+ঈন—জাতার্থে) বিং, ত্রিং, অসৎকুলজাত, নীচবংশোৎপন্ন।

দুষ্কৃত, (দুর্—নিন্দিত—কৃত=করণ কিম্বা যাহা করা হইয়াছে) সং, ক্লীং, পাপ, দুষ্কর্ম্ম "কস্মাদিদং ত্বয়া বাল্যাৎ সহসা দুষ্কৃতং কৃতং" মহাভারত। বিং, ত্রিং, পাপযুক্ত। পাপজনক।

দুষ্কৃতি, (দুর্=নিন্দিত—কৃতি=কার্য্য) সং, স্ত্রীং, পাপ। দুষ্কর্ম্ম। বিং, ত্রিং, খল দুষ্ট। পাপী।

দুষ্ক্রম, (দুর্=ক্রম=পাদবিক্ষেপকরা, গমনকরা+খল) বিং, ত্রিং, দুর্গম্য দুরারোহ। যে অতি কষ্টে গমনকরে। যে কুৎসিতভাবে গমনকরে, মন্দগতি। ক্রমশূন্য, কুঘটিত।

দুষ্ক্রীত, (দুর্=নিন্দিত—ক্রীত যাহা কেনা হইয়াছে) বিং, ত্রিং, অনুচিত মূল্যে ক্রীত। মহার্ঘ, দুর্ম্মূল্য।

দুষ্ট (দুষ্=বিকৃত হওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, দুর্জন। অধম,দোষযুক্ত। অপবিত্র অধার্ম্মিক। নষ্ট। হীনদশা প্রাপ্ত। পাপিষ্ঠ অকর্ম্মণ্য। দূষিত। ষ্টা—স্ত্রীং, ভ্রষ্টা, ব্যভিচারিণী। সং, ক্লীং, কুষ্ঠ।

দুষ্ট বৃষ— (দুষ্ট—বৃষ=ষাঁড়) সং, পুং, কুড়েবলদ যে গো শক্তি সত্বে ভার বহন করেনা।

দুষ্ঠু (দুর্=নিন্দিত—স্থা=থাকা+উ—প্রং) অং,মন্দ,কু, অনুচিত। দুঃখেস্থিত।

দুষ্পরিহর } (দুর=দুঃখ-পরি—[হৃ দুষ্পরিহার্য্য } হরণকরা] ত্যাগকরা+খল, য—র্ম্ম) বিং, ত্রিং, যাহা পরিত্যাগ করা কঠিন, অপরিত্যজ্য। দুরপনেয়।

দুষ্পর্শ,— (দুর্—স্পর্শ) বিং, ত্রিং, যাহা অতিকষ্টে স্পর্শ করা যায়, দুঃখস্পৃশ্য। যাহা স্পর্শ করা যায়না। সং, পুং, লতা-বিশেষ—শ্বেতকণ্টকারী।

দুষ্প্রধর্ষ (দুর্=দুঃখ-প্র-ধৃষ্=পরাভবকরা +খল=র্ম্ম) বিং, ত্রিং, অধর্ষণীয়, দুর্দ্ধর্ষ। সা দুষ্প্রধর্ষা মনসাপি হিংস্রৈরিত্যদ্রিশোভা প্রহিতেক্ষণেন" রঘুবংশ। ষা স্ত্রীং, খর্জ্জুরীবৃক্ষ, খেজুর গাছ। কণ্টকারী।

দুষ্প্রধৃষ্য, (দুষ্প্রধর্ষ+য—র্ম্ম) বিং, ত্রিং, অনভিভবনীয়। যাহাকে পরাভব করা যায় না।

দুষ্প্রবেশ, (দুর্—প্রবেশ) বিং, ত্রিং, যাহাতে প্রবেশ করা কঠিন। দুর্গম।

দুষ্প্রসহ, (দুর্—প্র—সহ্=সহ্যকরা+খল্—র্ম্ম) বিং, ত্রিং, অতি দুঃসহ। অসহ্য।

দুষ্প্রমেয়, (দুর্=দুঃখ—প্রমেয়=পরিমাণযোগ্য) বিং, ত্রিং, অপরিমেয়, যাহা পরিমাণ করা কঠিন।

দুষ্প্রাপ্য, দুষ্প্রাপ, (দুর্=দুঃখ—প্রাপ্য=লভ্য।) বিং, ত্রিং, দুর্লভ, যাহা পাওয়া কঠিন।

, দষ্যন্ত, (দুষ্=দোষী—মন্=বোধ-

করা+ক্ত—প্রং। অকারণে শকুন্তলাকে নিরাকরণ করাতে রাজা আপনাকে দোষী বোধ করিয়াছিলেন) সং, পুং, রাজা ভরতের পিতা শকুন্তলার পতি। "পুত্রস্য তে রণশিরস্যয়মগ্রযায়ী দুষ্মন্ত ইত্যভিহিতো ভুবনস্য ভর্ত্তা" শকুন্তলা।

দুস্তর, (দুর্=দুখ—তৃ=পার হওয়া+খল্—র্ম্ম) বিং, ত্রিং, যাহা পার হওয়া যায় না, অপার। দুরতিক্রম। দুষ্পরিহর অতরনীয়, অগম্য। "দুস্তরঃ প্রাকৃতৈ-র্ধর্ম্মো বাহুভ্যামিব সাগরঃ"।

দুস্‌সথ, সং, পুং, কুক্কুর। কুক্কুট।

দুহৎ—(দুহ=দোহন করা+শতৃ) বিং, ত্রিং,পরিত্যাগী,যে পরিত্যাগ করিতেছে দোহনকারী, যে দোহন করিতেছে।

দুহিতা, (দুহিতৃ, দুহ্ [মাতাকে] দোহন করা+তৃণ্—ক। সং, স্ত্রীং, কন্যা, পুত্রী

দুহ্য, দোহ্য, (দুহ্=দোহনকরা+য—র্ম্ম) বিং, ত্রিং, দোহনের যোগ্য।

দুহ্যমান, (দুহ+শান—প্রং, য, ম—আগম) বিং, ত্রিং, যাহাকে দোহন করা যায়, দোহনবিশিষ্ট।

দূ, (দূ=কষ্ট দেওয়া বা কষ্ট ভোগ করা +ক্বিপ্) সং, স্ত্রীং, ক্লেশ, যন্ত্রণা।

দূড়ভ, (দুর্—ডম্ভ=বঞ্চনাকরা। নিপাতন) বিং, ত্রিং, হতভাগ্য কষ্টে পতিত।

দূড়াশ, (দুর্=দুঃখ, কষ্টদায়ক—দনশ্ আঘাত করা, নিপাতন) বিং, ত্রিং, পীড়িত, ক্লেশ প্রাপ্ত।

দূঢ্য, (দুর্—ধ্যৈ=চিন্তাকরা, নিপাতন বিং, ত্রিং, অধম, পামর, নীচ।

দূণাশ, (দুর্—নশ্=নাশকরা। নিপাতন) বিং,ত্রিং,যাহা অতিকষ্টে নষ্ট করা যায়।

দূত, (দু=গমনকরা+ক্ত—প্রং, উ স্থানে ঊ) সং, পুং, বার্ত্তাবহ, সন্দেশহর, চর। দূত ত্রিবিধ—নিসৃষ্টার্থ, মিতার্থ এবং সন্দেশহারক। "মেধাবী বাক্‌পটুঃ প্রাজ্ঞঃ পরচিত্তোপলক্ষকঃ ধীরো যথোক্তবাদী চ এষ দূতো বিধীয়তে"। বিং, ত্রিং, প্রেরিত, যাহাকে পাঠান হইয়াছে।

দূতি, দূতী, দূতিকা, (দু+ক্ত—প্রং) সং, স্ত্রীং, বার্ত্তাবাহিনী। কুট্টনী, কুটনী। "রতিদূতিপদেষু কোকিলং মধুরালাপ-নিসর্গপণ্ডিতাম্" কুমারসম্ভব।

দূত্য, (দূত=বার্ত্তাবহ+য—ভাবে) সং, ক্লীং, দূতের কার্য্য। দূতত্ব, দূতের ধর্ম্ম।

দূদ, (দূ=ক্লেশ, পীড়া+দ=যে দানকরে) বিং, ত্রিং, ব্যথাকর, ক্লেশপ্রদ, পীড়াজনক।

দূন, (দূ=খেদকরা+ক্ত—ক) বিং, ত্রিং, ক্লিষ্ট, শ্রান্ত। পরিতাপিত। যে যাইতেছে। বিকম্পিত। উদ্‌ভ্রান্ত।

দূপ্র, বিং, ত্রিং, বলবান্।

দূর, (দুর্=দুঃখ—ই=গমনকরা+রক্=প্রং, নিপাতন) বিং, ত্রিং, অসন্নিকৃষ্ট। "শরীরস্য গুণানাঞ্চ দূরমত্যন্তমন্তরম্"। ক্রিং, বিং, অত্যন্ত দূরে। "ত্বং দূরমপি গচ্ছন্তী হৃদয়ং ন জহাসি মে" শকুন্তলা। গাঢ়রূপে। বিস্তৃতরূপে—তর, বিং, ত্রিং, বহুদূর।

দূরগ, দূরগামী, (দূরগামিন্, দূর—গ,গামী =যে গমন করে) বিং, ত্রিং, যে দূরে যাইতেছে।

দূরতঃ, (দূরতস্, দূর+পঞ্চমী স্থানে তস্) অং, দূর হইতে।

দূরদর্শন, (দূর—দর্শন=দৃষ্টি। ৬ষ্ঠী—হিং) সং, পুং, গৃধ্র। ক্লীং, দীর্ঘদৃষ্টি। ভাবী ঘটনায় পূর্ব্বদর্শন, ভবিষ্যৎ দর্শন।

দূরদর্শী, (দূরদর্শিন্, দূর—দর্শী=যে দেখে, ২য়া—ষ) সং, পুং, দীর্ঘদর্শী, পরিণামদর্শী, বিজ্ঞ, পণ্ডিত। গৃধ্র। বিং, ত্রিং, দীর্ঘদৃষ্টি বিশিষ্ট।

দূরদৃষ্টি, (দূর—দৃষ্টি=দর্শন) বিং, ত্রিং, দূরদর্শী। সং, স্ত্রীং, দূরদর্শন।

দূরভাজ্, (দূর—ভাজ্=যে ভজনা করে) বিং, ত্রিং দূরস্থিত, অসন্নিকৃষ্ট।

দূরভিন্ন, (দূর—ভিন্ন=বিদারিত) বিং, ত্রিং, অস্ত্রাদি দ্বারা গাঢ়রূপে আহত

দূরবর্ত্তী, (দূরবর্ত্তিন্, দূর—বর্ত্তী=যে বিদ্যমান থাকে) বিং, ত্রিং, যাহা দূরে আছে, দূরস্থ।

দূরযায়ী, (দূরযায়িন্, দূর—যায়ী = যে যায়) বিং, ত্রিং, দূরগামী, যে দূরে যাইতেছে।

দূরবস্ত্রক, (দূর—বস্ত্র=কাপড়। ৬ষ্ঠী—হিং, ক—স্বার্থে) বিং, ত্রিং, যাহার বস্ত্র দূরে আছে, উলঙ্গ, বিবস্ত্র।

দূরবীক্ষণ, (Telescope, দূর—বি—ঈক্ষ্ =দর্শনকরা+অনট্—ণ) সং, ক্লীং, চক্ষুর অগোচর দূরস্থিত বস্তু দর্শনার্থ নির্ম্মিত যন্ত্রবিশেষ, দূরবীণ।

দূরবেধী, (দূরবেধিন্, দূর—বেধিন্=যে বিদ্ধ করে) বিং, ত্রিং, দূরস্থ বস্তুকে যাহা বিদ্ধ করে, বা দূর হইতে যে অন্য বস্তুকে বিদ্ধ করে, দূরনিক্ষেপ্য অস্ত্র, শর, গোলা, গুলি প্রভৃতি।

দূরসংস্থ, (দূর—সংস্থা=স্থিতি, বাস। যাহা দূরে অবস্থিত, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, দূরস্থ, দূরবর্ত্তী, যে দূরদেশে বাস করিতেছে। "কণ্ঠাশ্লেষপ্রণয়িনি জনে কিং পুনর্দূরসংস্থে" মেঘদূত।

দূরস্থ, (দূর—স্থ=যে থাকে) বিং, ত্রিং, যে দূরে থাকে, দূরবর্ত্তী।

দূরীকরণ, (দূর—করণ। মধ্যে, ঈ—আগম) সং, ক্লীং, বহিষ্কৃত করা, তাড়াইয়া দেওয়া।

দূরীকৃত, (দূর—কৃত। মধ্যে, ঈ—আগম) বিং, ত্রিং, তাড়িত, যাহাকে দূর করিয়া দেওয়া হইয়াছে। "দূরীকৃতা খলু গুণৈরুদ্যান লতা বন লতাভিঃ" শকুন্তল

দূরীভূত, (দূর—ভূত। মধ্যে, ঈ—আগম) বিং, ত্রিং, যে দূর হইয়া গিয়াছে, যে অবমাননা সহকারে বহিষ্কৃত হইয়াছে। "দূরীভূতে ময়ি সহচরে চক্রবাকী মিবৈকাম্" মেঘদূত।

দূরেরিতেক্ষণ, (দূর—ঈরিত= প্রেরিত—ঈক্ষণ=দৃষ্টি। ৩য়া হিং) বিং, ত্রিং, যে বক্রভাবে দৃষ্টি নিক্ষেপ করে, টেরা।

দূর্ব্বা, (দুর্ব্ব্=আঘাতকরা+অ—প্রং। যে পাপ নষ্ট করে, কিম্বা যে পশু কর্ত্তৃক হিংসিত হয়) সং, স্ত্রীং, স্বনাম প্রসিদ্ধ তৃণ। "সিতাংশুকা মঙ্গলমাত্রভূষণা বিচিত্রদূর্ব্বাঙ্কুরলাঞ্ছিতালুলকা" বিক্রমোর্ব্বশী।

দূর্ব্বাষ্টমী, সং, স্ত্রীং, ভাদ্র শুক্লাষ্টমী।

দূর্য্য, (দূর=অসন্নিকৃষ্ট—যা=গমনকরা+ড—প্রং) সং, ক্লীং, বিষ্ঠা, মল।

দূষক, (দুষ্=দোষদেওয়া, বিকৃত হওয়া +ণক—ক) বিং, ত্রিং, অপবাদক, দোষকারী। যে দোষযুক্ত করিয়া দেয়। "বেদবিক্রয়িণশ্চৈব বেদানাং চৈব দূষকাঃ। বেদানাং লেখকাশ্চৈব তে বৈ নিরয়গামিনঃ"। নীচ। ঘৃণিত। যে আপনার দোষের নিমিত্ত প্রসিদ্ধ।

দূষণ, (দুষ্+অন—ভা) সং, পুং, রাবণের মাতৃষস্রেয় রাক্ষসবিশেষ। ক্লীং, দোষ। "পানং দুর্জ্জনসংসর্গঃ পত্যা চ বিরহোঽটনম্। স্বপ্নান্যগৃহে বাসো নারীণাং দূষণানি ষট্"। দোষ দেওয়া, দোষ দেখান। দোষ জন্মান। বিং, ত্রিং, দূষক।

দূষণারি, (দূষণ=রাবণের ভ্রাতা—অরি শত্রু) সং, পুং, রাম। [দোষজনক।

দূষণাবহ, (দূষণ—আবহ) বিং, ত্রিং, দূষ্য,

দূষয়িতা, (দূষয়িতৃ, দুষ্+তৃণ্—ক) বিং, ত্রিং, দূষক দেখ।

দূষি, দূষিকা, দূষী, (দুষ্ [চক্ষু ইত্যাদি] বিকৃত হওয়া+ই, অক—প্রং) সং, স্ত্রীং, নেত্রমল, চোকের পিচুটি। তূলিকা।

দূষিত, (দুষ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, উপহত। দোষপ্রাপ্ত। নিন্দিত। কলুষিত। "হা পরমোপকারিণ্ লঙ্কাধিপতে বিভীষণ! হা সখি ত্রিজটে! দূষিতাঃস্থ পরিভূতাঃস্থ রামহতকেন" উত্তরচরিত। মৈথুনাপবাদ যুক্ত।

দূষ্য, (দুষ+য—র্ম্ম) বিং, ত্রিং, দূষণীয়, নিন্দনীয়। ত্যাজ্য। সং, ক্লীং, পটমণ্ডপ, বস্ত্রগৃহ, তাঁবু। বস্ত্র। পূর। ব্যা—

স্ত্রীং, হস্তিকক্ষরজ্জু, কাছদড়ি।
দৃংহিত, (দৃনৃহ=বৃদ্ধি প্রাপ্ত হওয়া+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বর্দ্ধিত, বৃদ্ধিপ্রাপ্ত।
দৃক্, (দৃশ্, দৃশ্ দেখা+ক্বিপ্—ণ, ভা, ক) সং, স্ত্রীং, চক্ষুঃ। দর্শন। জ্ঞান। বিং, ত্রিং, দর্শক। সাক্ষী। জ্ঞাতা।
দৃক, সং, ক্লীং, ছিদ্র, গর্ত্ত। [ভাগ।
দৃকাণ, সং, পুং, লগ্নের তৃতীয় ভাগৈক
দৃকর্ণ, দৃক্শ্রুতি, (দৃশ্=চক্ষুঃ—কর্ণ,শ্রুতি। চক্ষুই যাহার কর্ণ, ৬ষ্ঠী—হিং। প্রসিদ্ধি আছে যে সাপেরা নেত্রদ্বারা শ্রবণ করিয়া থাকে) সং, পুং, চক্ষুঃশ্রবাঃ, সর্প।
দৃক্প্রিয়, (দৃশ্—প্রিয়) সং, স্ত্রীং, শোভা, সৌন্দর্য্য। চাকচিক্য। [সূর্য্য।
দৃগধ্যক্ষ, (দৃশ্=দৃষ্টি—অধ্যক্ষ) সং, পুং,
দৃগ্‌গোল, (দৃশ্—গোল=মণ্ডল) সং, পুং, খগোলান্তর্গত গোলবিশেষ।
দৃগ্বিষ, (দৃশ্=চক্ষুঃ—বিষ। চক্ষুই যাহার বিষাক্ত) সং, পুং, সর্পবিশেষ, যাহার দৃষ্টিতে বিষ আছে।
দৃড়ক, সং, পুং, উনন, চুলী। অগ্নিকুণ্ড।
দৃঢ়, (দৃহ=বৃদ্ধিপাওয়া+ক্ত—প্রং) বিং, ত্রিং, অতিশয়। কঠিন। অচল। স্থির, সমর্থ। গাঢ়। বলবান্। সং, ক্লীং, লৌহ রৌপ্যভেদ, এক প্রকার রূপা।
দৃঢ়কাণ্ড, দৃঢ়গ্রন্থি (দৃঢ়—কাণ্ড, গ্রন্থি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বংশ, বাঁশ।
দৃঢ়কারী, (দৃঢ়—কারী) বিং, ত্রিং, আগ্রহশীল, উদ্‌যোগী, উৎসাহী। কৃতনিশ্চয়, সঙ্কল্পিত।
দৃঢ়গাত্রিকা, (দৃঢ়=কঠিন—গাত্র=শরীর।
দৃঢ়তা, (দৃঢ়+তা—ভাবে) সং, স্ত্রীং, কাঠিন্য। স্থিরতা, অবিচলন।
দৃঢ়দংশক, (দৃঢ়=কঠিন—দংশক—যে দংশন করে) সং, পুং, জলজন্তুবিশেষ, হাঙ্গর প্রভৃতি।
দৃঢ়প্রতিজ্ঞ, (দৃঢ়—প্রতিজ্ঞা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার প্রতিজ্ঞা কখন অন্যথা হয় না।
দৃঢ়মুষ্টি, (দৃঢ় অশিথিল=মুষ্টি, ৬ষ্ঠী-হিং) বিং, ত্রিং, কৃপণ, ব্যয়কুণ্ঠ। (দৃঢ়=শক্ত—মুষ্টি। অর্থ সঞ্চয় করিতে গেলে মুষ্টির দৃঢ়তা আবশ্যক হয়) সং, পুং, খড়্গাদি অস্ত্র।
দৃঢ়লোমা, (দৃঢ়লোমন্, দৃঢ় কঠিন—লোমোন্ লোম, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শূকর। বিং, ত্রিং, কঠিনলোমযুক্ত।
দৃঢ়ব্রত, (দৃঢ়—ব্রত, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অধ্যবসায়বিশিষ্ট, ফলোদয়পর্য্যন্ত কার্য্যকারী, অবলম্বিত কার্য্য সাধনে যাহার দৃঢ় যত্ন আছে।
দৃঢ়সন্ধি, (দৃঢ় কঠিন—সন্ধি মিলন, গ্রন্থি ইত্যাদি) বিং, ত্রিং, সংহত, দৃঢ়রূপে মিলিত।
দৃঢ়াঙ্গ, (দৃঢ়—অঙ্গ, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, হীরক। বিং, ত্রিং, দৃঢ়কায়।
দৃঢ়াস্থিক, (Osseous fishes) যে সকল মৎস্যের অস্থি দৃঢ়, যথা—কই, চাঁদা।
দৃত, (দৃ আদর করা+ত—র্ম্ম) বিং, ত্রিং, আদৃত, সম্মানিত।
দৃতি, (দৃ বিদীর্ণকরা+তি—প্রং) সং, স্ত্রীং, ভস্ত্রা, ভিস্তী। চর্ম্ম। মৎস্যবিশেষ।
দৃতিহর, দৃতিহরি (দৃতি চর্ম্ম—হর, হরি যে হরণ করে) সং, পুং, কুক্কুর।
দৃতিহার, (দৃতি—হৃ [হরণ করা] গ্রহণ করা+অ—প্রং) সং, পুং, ভিস্তীওয়ালা।
দৃন্‌ভূ, (দৃভ্ ভয়পাওয়া+উ—প্রং, ন্—আগম) সং, পুং, বজ্র। সূর্য্য। সর্প। চক্র, চাকা। নৃপ।
দৃপ্ত, (দৃপ্=অহঙ্কৃত হওয়া+ত—ক) বিং, ত্রিং, গর্ব্বিত। উদ্ধত।
দৃপ্র, (দৃপ+রক্) বিং, ত্রিং, বলবান। গর্ব্বিত, অহঙ্কৃত।
দৃব্ধ, (দৃভ্=গ্রন্থন করা, পীড়াদেওয়া, ভীত হওয়া+ক্ত—প্রং) বিং, ত্রিং, গ্রথিত। ব্যথিত। ভীত।
দৃন্ফূ, (দৃনৃফ্=পীড়া দেওয়া+কূ—প্রং) সং, স্ত্রীং, সর্প।

দৃশদ্, দৃষদ্ (দৃ=বিদীর্ণহওয়া+অদ্—প্রং, ষ—আগম,ষ=শ বিকল্পে। সং, স্ত্রীং, পাষাণ, প্রস্তর। নিষ্পেষণার্থ ব্যবহৃত বিস্তৃত শিলাপট্ট।

দৃশদ্বতী, (দৃশদ্+বতু—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, আধুনিক দিল্লীনগরের উত্তর পূর্ব্বস্থিত নদীবিশেষ। এই নদী আর্য্যদিগের পুণ্যক্ষেত্রের পূর্ব্বসীমা। দুর্গার নামান্তর। [চক্ষুঃ, নয়ন। দৃক্ দেখ।

দৃশা, (দৃক্ দেখ অ—ণ, আ) সং, স্ত্রীং,

দৃশাকাঙ্ক্ষ্য (দৃশ্=চক্ষুঃ—আ—কান্ক্ষ্=বাঞ্ছাকরা+য—র্ম্ম। যাহার চক্ষের সহিত কবিগণ নেত্রের উপমাদিতে ইচ্ছাকরেন) সং, ক্লীং, পদ্ম।

দৃশান, (দৃশ্+আনচ্—প্রং) সং, ক্লীং, জ্যোতিঃ, দীপ্তি। পুং, বিরোচন। আচার্য্য, উপদেশক। রাজা, শাসনকর্ত্তা। ব্রাহ্মণ। মরীচি। লোকপাল।

দৃশি, শী, (দৃশ+কি, ঈপ্—প্রং) সং, স্ত্রীং, চক্ষুঃ।

দৃশোপম, (দৃশা=চক্ষুঃ—উপমা=তুলনা, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, শ্বেতপদ্ম।

দৃশ্য, (দৃশ্+য—র্ম্ম) বিং, ত্রিং, দর্শনীয়। সুন্দর, সুরূপ। সং, পুং, (পাটীগণিত) কোন নির্দ্দিষ্ট রাশী বা সংখ্যা।

দৃশ্যকাব্য, সং, ক্লীং, নাটকাদি, যাহা অভিনীত হয়।

দৃশ্বা, (দৃশ্বন্, দৃক্+ক্বনিপ্—ক, ভূতকাল) বিং, ত্রিং, যে দেখিয়াছে। "অনাকৃষ্টস্য বিষয়ৈর্বিদ্যানাং পারদৃশ্বনঃ" রঘুবংশ।

দৃষ্ট, (দৃশ্=দেখা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, আলোকিত, বীক্ষিত, অবলোকিত, যাহা দেখা গিয়াছে। জ্ঞাত। লৌকিক। সং, ক্লীং, দর্শন। স্পষ্টরূপে প্রতীয়মান বিপদ্।

দৃষ্টকূট, (দৃষ্ট—কূট=কঠিনার্থ। ৭মী—হিং) প্রহেলিকা, কূটপ্রশ্ন, শ্লেষোক্তি। গূঢ় বাক্য।

দৃষ্টরজাঃ, (দৃষ্টরজস্, দৃষ্ট—রজস্=স্ত্রীকুসুম, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, নবযুবতী, প্রাপ্তরজস্কা। প্রৌঢ়া।

দৃষ্টান্ত, (দৃষ্ট—অন্ত=নিশ্চয়) সং, পুং, শাস্ত্র। উদাহরণ। নিদর্শন। মৃত্যু। কোন বিষয়ের স্পষ্টতা সম্পাদনার্থ বা প্রমাণ বাসনায় অন্য কোন বিখ্যাত বা পরিজ্ঞাত বিষয়ের উল্লেখ। উপমান। কাব্যের অলঙ্কারবিশেষ। বিভিন্ন বাক্যদ্বয়স্থিত সাধারণ ধর্ম্মের উপমান উপমেয় ভাবস্থিতি। যথা, "ত্বয়ি দৃষ্টএব তস্যা নির্ব্বাতি মনো মনোভবজ্বলিতং। আলোকে হি হিমাংশো র্বিকসতি কুসুমং কুমুদ্বত্যাঃ"।

দৃষ্টি, (দৃশ্=দেখা+ক্তি—ণ, ভা) সং, স্ত্রীং, চক্ষুঃ। মদ্দৃষ্টি মুষিতেব হি সশ্রুতি রারুহ্য তুঙ্গৌ স্তনৌ, সাকাঙ্ক্ষং মুহুরীক্ষতে নবজলপ্রস্যন্দিনী লোচনে" রত্নাবলী। দর্শন। "দিশামুপান্তেষু সসর্জ্জ দৃষ্টিং" কুমারসম্ভব। জ্ঞান। চক্ষুর তারা। গ্রহনক্ষত্রাদির দশা।

দৃষ্টিকৃৎ, দৃষ্টিকৃত, (দৃষ্টি=চক্ষুঃ—কৃ [করা] তুলনা করা+কিপ্—ক। অৎ—আগম) সং, ক্লীং, স্থলপদ্ম।

দৃষ্টিগুণ, (দৃষ্টি—গুণ=বস্তু, পদার্থ) সং, পুং, শরাদির লক্ষ্য, শরব্য।

দৃষ্টিগোচর, বিং, ত্রিং, নেত্রগোচর, চক্ষু দ্বারা যাহা দেখা যায়।

দৃষ্টিপূত, (দৃষ্টি—পূত=পবিত্রীকৃত) বিং, ত্রিং, যাহাকে দৃষ্টি দ্বারা পবিত্র রাখা গিয়াছে; অর্থাৎ যাহার উপর এতদূর সতর্ক দৃষ্টি রাখা যায় যে তাহার আর কুসংসর্গাদি বশতঃ নষ্ট হইবার কোন সম্ভাবনা নাই।

দৃষ্টিবন্ধু, (দৃষ্টি=দর্শন—বন্ধু) সং, পুং, খদ্যোত, জোনাকিপোকা।

দৃষ্টিবিক্ষেপ, (দৃষ্টি=চক্ষুঃ—বিক্ষেপ=ক্ষেপণ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কটাক্ষ, আড়দৃষ্টি।

দৃষ্টিবিজ্ঞান, (Optics) সং, ক্লীং, আলো-

ক ও দর্শনবিষয়ক বিদ্যা।
দৃষ্টিবিষ, (দৃষ্টি—বিষ। যাহার দৃষ্টি বিষাক্ত) সং,পুং,সর্পবিশেষ,যাহার দৃষ্টিতে বিষ আছে। [ত্রিং, বৃদ্ধিপ্রাপ্ত, জাত।
দৃহিত, (দৃহ=বৃদ্ধি পাওয়া+ক্ত) বিং,
দেউটী (দেশজ)—প্রদীপ।
দেউল, (দেবালয় শব্দজ) সং, মন্দির, মঠ। "আছিল দেউল এক বিচিত্র গঠন ক্রোধে জলে ফেলে দিল পবননন্দন"।
দেউলে, (দেশজ) বিং, ঋণী, গতসর্ব্বস্ব, নিঃস্ব।
দেউড়ী, (দেশজ) সং, দৌবারিক স্থান, বহির্দ্বার।
দেখন, (দেশজ) সং, দর্শন, অবলোকন।
দেড়, দেড়া, (দেশজ) সং, সার্দ্ধেক, অর্দ্ধেকের সহিত এক।
দেদীপ্যমান,(দীপ্ =দীপ্তিপাওয়া—দ্বিত্ব শান—প্রং) বিং, ত্রিং, জাজ্বল্যমান, অতি দীপ্তিবিশিষ্ট।
দেধান, (দেশজ) দেবধান্য।
দেনা, (দেশজ) সং, ধার, ঋণ।
দেয়, (দা=দানকরা+য—র্ম্ম) বিং, ত্রং, দানযোগ্য, দিবার উপযুক্ত। "উদ্যোগিনং পুরুষসিংহ মুপৈতি লক্ষ্মীঃ দৈবেন দেয়মিতি কাপুরুষা বদন্তি"।
দেয়াল, (যবনভাষা) সং, প্রাচীর।
দেব, (দিব্ [স্বর্গে] ক্রীড়াকরা+অল্-ক) সং,পুং,ঈশ্বর। সুর,দেবতা। দেবর। মেঘ পারদ। নাটকাদিতে রাজার সম্বোধন। দেব, বাভ্রব্য, প্রণমতি। মূর্খ, নির্ব্বুদ্ধি। বালক। যে লোক কোন ব্যবসায়াদি অবলম্বন করিয়া থাকে। বর্ষাধারী, সৈনিকপুরুষ। জিগীষা, সমকক্ষ বা উচ্চতর লোকদিগকে স্বকীয় উন্নতি সাধনদ্বারা পরাভব করিবার ইচ্ছা। ক্রীড়া, খেলা। ব্রাহ্মণের পদবী। কায়স্থের পদবীবিশেষ। ক্লীং,ইন্দ্রিয়। দীপ্তি। বী—স্ত্রীং,স্ত্রীদেবতা। দুর্গা। কৃতাভিষেকা স্ত্রী, রাজমহিষী। ব্রাহ্মণজাতীয় স্ত্রীলোকের উপাধি। বিং, ত্রিং, পূজ্য। মান্য, পূজা। লতাবিশেষ, শালিপর্ণী। মূর্ব্বা। শ্যামা নাম পক্ষীজাতি।
দেবক, (দেব দেখ, কণ্—যোগ) সং, পুং, কৃষ্ণের মাতামহ, দেবকীর পিতা। বিং, ত্রিং, যে ক্রীড়া করে, ক্রীড়ক। দেবসদৃশ, স্বর্গীয়।
দেবকন্যা, (দেব—কন্যা) সং,পুং,অপ্সরী।
দেবকর্দ্দম, সং, পুং, শ্রীখণ্ড অগুরু কর্পূর ও কুঙ্কুম মিশ্রিত পদার্থ।
দেবকাত্মজা, (দেবক—আত্মজা=কন্যা, ৬ষ্ঠী—ষ) সং,স্ত্রীং, কৃষ্ণের মাতা,দেবকী।
দেবকার্য্য, সং, ক্লীং, পূজা, উপাসনা। যাগ, যজ্ঞ। দেবতাদের কার্য্য।
দেবকাষ্ঠ, (দেব—কাষ্ঠ) সং, ক্লীং, দেবদারু বৃক্ষ।
দেবকিরী, সং,স্ত্রীং, রাগিণীবিশেষ, মেঘরাগের ভার্য্যা।
দেবকী, দৈবকী, (দেবক+ষ্ণ—অপত্যার্থে, ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, বসুদেবপত্নী, কৃষ্ণের মাতা।
দেবকীনন্দন, দেবকীসূনু,(দেবকী—নন্দন, সূনু=পুত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কৃষ্ণ।
দেবকুণ্ড, (দেব—কুণ্ড=কূপ) সং, ক্লীং, বিনা খননে উৎপন্ন জলকূপ, নির্ঝর, প্রস্রবণ।
দেবকুল, (দেব=দেবতা—কুল=আলয়) সং, ক্লীং, দেবালয়, মঠ, পূজাস্থান।
দেবকুসুম, (দেব—কুসুম=ফুল, ৬ষ্ঠী ষ, দেবযোগ্য পুষ্প) সং, স্ত্রীং, লবঙ্গ।
দেবখাত, (দেব-খাত=খনিত। যাহা মনুষ্যকর্তৃক খনিত নহে, ৩য়া-ষ) সং, ক্লীং, স্বাভাবিক খাত, হ্রদ, অকৃত্রিম জলাশয়। পর্ব্বতের অভ্যন্তরস্থ গহ্বর, গুহা।
দেবখণ্ডক, (দেব—খণ্ড+কন্) সং, পুং, দেবমন্দিরের সম্মুখবর্ত্তী অকৃত্রিম জলাশয়। পর্ব্বতকন্দর, গহ্বর।
দেবখাতবিল, (দেবখাত—বিল=গর্ত্ত) সং, ক্লীং, পর্ব্বতের গুহা

দেবগান্ধারী, সং, স্ত্রীং, রাগিণীবিশেষ।

দেবগায়ন, (দেব—গায়ন = যে গান করে, ৬ষ্ঠী—ষ) সং, পুং, গন্ধর্ব্ব।

দেবগিরী, সং, স্ত্রীং, রাগিণীবিশেষ।

দেবগুরু, (দেব—গুরু=আচার্য্য, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বৃহস্পতি।

দেবগৃহ, (দেব—গৃহ=আলয়) সং, ক্লীং, দেবতার স্থান, দেবালয়, দেবমন্দির। সূর্য্যচন্দ্রাদির জ্যোতির্ম্মণ্ডল।

দেবচিকিৎসক, (দেব=দেবতা—চিকিৎসক.বৈদ্য) সং, পুং, অশ্বনীকুমারদ্বয়।

দেবচ্ছন্দ, (দেব—ছন্দ্=আচ্ছাদনকরা+ঘঞ্—প্রং) সং, পুং, হারবিশেষ, শতযষ্টিক হার।

দেবজগ্ধ, (দেব—জগ্ধ=ভক্ষিত। যাহা দেবতা কর্ত্তৃক ভক্ষিত) সং, ক্লীং, সুগন্ধি তৃণ বিশেষ, কতৃণ।

দেবট, (দিব্=ক্রীড়াকরা+অটন্—প্রং) বিং, ত্রিং, শিল্পী, শিল্পকর।

দেবট্টী, সং, স্ত্রীং, গাংচিল।

দেবতরু, (দেব=দেবতা—তরু = বৃক্ষ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মন্দার। পারিজাত। সন্তান। কল্পবৃক্ষ। হরিচন্দন। যজ্ঞডুম্বুর বৃক্ষ। অশ্বত্থ বট প্রভৃতি প্রাচীন চৈত্যবৃক্ষ।

দেবতা, (দেব=ক্রীড়া—তন্=বিস্তারকরা+ড,আ—প্রং। যাঁহারা ক্রীড়া বিস্তার করেন, ২য়া-ষ। কিম্বা দেব + তা-স্বার্থে) সং, স্ত্রীং, অমর, সুর, দেব। দেবত্ব।

দেবতাড়, (দেব—তড় আঘাতকরা+অ—প্রং) সং, পুং, লতাবিশেষ; ঘোষকলতা। রাহু। অগ্নি। বৃক্ষবিশেষ।

দেবতাধিপ, (দেবতা—অধিপ=প্রধান, রাজা) সং, পুং, দেবরাজ, ইন্দ্র।

দেবতীর্থ, (দেব—তীর্থ=পুণ্যস্থান) সং, ক্লীং, অঙ্গুলীর অগ্রভাগ। ইহা অতি পবিত্র এবং ইহা দ্বারা দেবকার্য্যাদি সাধন করা যায় বলিয়া ইহাকে দেবতীর্থ বলা যায়।

দেবত্ব, (দেব+ত্ব—ভাবে) সং, ক্লীং, দেবতার ধর্ম্ম, গুণ বা অবস্থা। দেবভাব।

দেবত্র, দেবোত্তর (দেব—ত্রৈ=পালনকরা+ড—ক। দেব — উত্তর যোগ্য, ৬ষ্ঠী—ষ) বিং, ত্রিং, দেবতার সেবার্থ ভূমি প্রভৃতি।

দেবদত্ত, (দেব—দত্ত, ৪র্থী—ষ+৩য়া—ষ। বিং, ত্রিং, দেবতাকে যাহা দেওয়া হইয়াছে। দেবতা কর্ত্তৃক যাহা দত্ত হইয়াছে) সং, পুং, অর্জ্জুনের শঙ্খ। বুদ্ধানুজ। শরীর বাহী পঞ্চ বায়ুর অন্তর্গত বায়ুবিশেষ। প্রাণবায়ু।

দেবদারু, (দেব [ইন্দ্র]—দারু=কাষ্ঠ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, স্বনামপ্রসিদ্ধবৃক্ষ।

দেবদাসী, (দেব—দাসী=ভৃত্যা। ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, দেবালয়ের নর্ত্তকী,বেশ্যা।

দেবদীপ, (দেব=ইন্দ্রিয়—দীপ=প্রদীপ) সং, পুং, লোচন, চক্ষুঃ।

দেবদেব, (দেব—দেব, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ব্রহ্মা। শিব। দেবশ্রেষ্ঠ।

দেবদ্রোণী, (দেব=দেবতা—দ্রুণ্=গমনকরা+ঘঞ্—প্রং, ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, সমারোহ পূর্ব্বক প্রতিমাদির সহিত যাত্রা।

দেবদ্র্যঙ্, (দেবদ্র্যন্চ্, দেব—অন্চ্ পূজাকরা+ক্বিপ্—ক, দ্রি—আগম। যে দেবতাকে পূজা করে, ২য়া—ষ) সং, পুং, দেবোপাসক। যে ব্যক্তি ভক্তি পূর্ব্বক দেবতার সমীপে যায়, দেবসমীপগন্তা। [বিশেষ) সং, পুং, গুগ্‌গুল।

দেবধূপ, (দেব=দেবতা—ধূপ=গন্ধদ্রব্য-

দেবন্, (দিব=ক্রীড়া করা+অন্) সং, পুং, স্বামীর ভ্রাতা, দেবর, ভ্রাতৃশ্বশুর।

দেবন, (দিব্=ক্রীড়াকরা ইত্যাদি+অন—ভা, ধি) সং, ক্লীং,ক্রীড়া। প্রশংসা। জিগীষা, দীপ্তি। স্তুতি। ক্রীড়াস্থান। ব্যবহার। কার্য্য। আজীব,জীবনোপায়, দ্যূতক্রীড়া, পাশক্রীড়াদি। সৌন্দর্য্য। আলোক। গতি। দুঃখ। উদ্যান, উ।

পবন। পদ্ম। পুং, পাশক, পাশা। না —স্ত্রীং, ক্রীড়া। সেবা, চাকরী।

দেবনদী, (দেব—নদী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, গঙ্গা।

দেবনন্দী, (দেবনন্দিন্ দেব=দেবতা—নন্দিন্=যে সন্তুষ্ট করে) সং, পুং, ইন্দ্রের দ্বারপাল।

দেবনারক, সং, পুং, যে ব্যক্তি সমস্ত লোকদিগকে অতিক্রম করিয়াছে, জনাতিগ, অতিমানুষ। যে নরকে বাস করে, নরকবাসী।

দেবনিকায়, (দেব—নিকায়=বাসস্থান) সং, পুং, দেবতাদিগের বাসস্থান; স্বর্গ।

দেবনিন্দা, (দেব—নিন্দা=অপবাদ) সং, স্ত্রীং, দেবতাদিগের প্রতি অমান্য প্রদর্শন, দেবকুৎসা, নাস্তিকতা।

দেবপত্নী, (দেব—পত্নী = ভার্য্যা) সং, স্ত্রীং, দেবদারা, দেবতাদিগের স্ত্রী। মধ্বালুক, মৌ আলু।

দেবপথ, (দেব দেবতা—পথ [পথিন্-শব্দজ] রাস্তা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, আকাশপথ, ছায়াপথ, স্বর্গ।

দেবপর, (দেব=ক্রীড়া—পর= তৎপর, আসক্ত) বিং, ত্রিং, ক্রীড়া তৎপর, যে সর্ব্বদা ক্রীড়া করে। অবশ্যম্ভাবী, ভবিষ্যতে যাহা অবশ্যই ঘটিবে।

দেবপুরী, (দেব=দেবতা—পুরী=নগরী) সং, স্ত্রীং, ইন্দ্রপুরী, অমরাবতী।

দেবপ্রশ্ন, দৈবপ্রশ্ন, (দেব=দেবতা, দৈব ভাগ্য ইত্যাদি—প্রশ্ন=জিজ্ঞাসা) সং, পুং, গ্রহনক্ষত্রাদির গতি ও সঞ্চার অনুসারে শুভাশুভ নির্ণয়।

দেবব্রহ্মন্, (দেবব্রহ্মন্, দেব—দেবতা, ঋষি—ব্রহ্মন্=ব্রহ্মা। যিনি ঋষিদিগের মধ্যে ব্রহ্মার স্বরূপ) ঋষিবিশেষ, দেবর্ষি নারদ।

দেবভবন, (দেব—ভবন=বাসস্থান, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, অশ্বত্থ বৃক্ষ। স্বর্গ। দেবালয়।

দেবভাষিত, তা (দেব-ভাষিত [ভাষ-বলা +ক্ত—ভা] বাক্য) দেববাক্য, দৈববাণী, আকাশবাণী।

দেবভূ, (দেব=স্বর্গীয়, দেবতা—ভূ=জীব, হওন, বাসস্থান) সং, পুং, দেবতা। স্বর্গ।

দেবভূতি, (দেব=দেবতা—ভূতি=হওন, বাসস্থান) সং, স্ত্রীং, মন্দাকিনী, স্বর্গগঙ্গা।

দেবভূয়, (দেব—ভূয়=হওন) সং, ক্লীং, দেবত্ব। দেবসাযুজ্য, আপনাকে দেবতার তুল্য মনে করা।

দেবমঞ্জর, (দেব=দেবতা, শ্রীকৃষ্ণ—মঞ্জর=মুক্তা) সং, ক্লীং, কৌস্তুভমণি।

দেবমণি, (দেব—মণি=রত্ন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শিব। কৃষ্ণের মণি, কৌস্তুভ। অশ্বরোমাবর্ত্ত, ঘোটকের গলদেশে রোমাবলীকৃতআবর্ত্ত।

দেবমাতা, (দেবমাতৃ, দেব—মাতৃ মা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, অদিতি, কশ্যপপত্নী

দেবমাতৃক, (দেব=ইন্দ্র, মেঘ—মাতৃ+কণ্। ইন্দ্র যাহার মাতা, অর্থাৎ ইন্দ্র বৃষ্টি বর্ষণ দ্বারা যে শস্যাদির উৎপাদন এবং পুষ্টি সাধন করেন) বিং, ত্রিং, বৃষ্টি জলসিক্ত, বৃষ্টিজলবর্দ্ধিত।

দেবমানক, (দেব=দেবতা—মান=আদর+কণ্—প্রং) সং, পুং, কৌস্তুভমণি।

দেবমাস, (দেব=স্বর্গীয়—মাস) সং, পুং, গর্ভের অষ্টম মাস। মনুষ্যদের ত্রিশ বৎসর।

দেবযজি, (দেব—যজি=যে পূজা করে, ২য়া—ষ) সং, পুং, দেবপূজক। মুনি, ঋষি।

দেবযাত্রা, (দেব=দেবতা—যাত্রা=গমন) সং, স্ত্রীং, দুর্গোৎসবাদিকালে সমারোহ পূর্ব্বক প্রতিমার সহিত যাত্রা।

দেবযান, (দেব—যান=রথাদি, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, দেবরথ, ব্যোমযান।

দেবযানি, দেবযানী, (দেবযান+ই, ঈ —প্রং) সং, স্ত্রীং, শুক্রাচার্য্যের কন্যা,

যযাতি রাজার পত্নী। "কথং শুক্রস্য নপ্তারং দেবকন্যাঃ স্মৃতং প্রভো। জ্যেষ্ঠং যদুমতিক্রম্য রাজ্যং যচ্ছসি পূরবে" মহাভারত।

দেবয়ু, (দেব=দেবতা—যা=গমনকরা+কু—প্রং) সং, পুং, দেবতা। বিং, ত্রিং, ধার্ম্মিক, সৎপথাবলম্বী। যে মহোৎসবাদি দর্শনার্থ তীর্থাদিতে গমন করে। সং, পুং, দেবতা।

দেবযোনি, (দেব—যোনি=উৎপত্তিস্থান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, উপদেবতা, ভূতাদি। 'বিদ্যাধরোঽপ্সরোযক্ষরক্ষোগন্ধর্ব্বকিন্নরাঃ। পিশাচো গুহ্যকঃ সিদ্ধো ভূতোঽমী দেবযোনয়ঃ" অমরসিংহ।

দেবর, (দিব্=ক্রীড়াকরাইত্যাদি+অর—সংজ্ঞার্থে) সং, পুং, পতির কনিষ্ঠ ভ্রাতা। "দেবরাজো (দেবর—অজো) ময়া দৃষ্টঃ বারিবাহনমস্তকে। খাদয়ত্যর্ষপত্রাণি অহং চ বনহস্তিনী"।

দেবরথ, (দেব=দেবতা—রথ) সং, পুং, দেবযান, ব্যোমযান।

দেবরাজ্, দেবরাজ, (দেব—রাজ্=দীপ্তি পাওয়া+কিপ্—ক। দেব—রাজ রাজন্‌শব্দজ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ইন্দ্র। "যস্য সঞ্জাতকোপস্য ভয়মেতি চরাচরং। তং ত্বংমামতিগর্ব্বেণ দেবরাজাবমন্যসে"। বিষ্ণুপুরাণ।

দেবরাত, (দেব—রা=দানকরা+ত—প্রং) সং, পুং, পরিক্ষিৎ, অর্জ্জুনের পৌত্র। সারসপক্ষীবিশেষ।

দেবর্ষি, (দেব—ঋষি) সং, পুং, স্বর্গীয় ঋষি, নারদ, অত্রি, মরীচি, ভরদ্বাজ, পুলস্ত্য, পুলহ, ক্রতু, ভৃগু, বশিষ্ঠ, প্রচেতাঃ, এই দশ ঋষি। ভরত, তুম্বুর কণাদ প্রভৃতিকেও কখন কখন দেবর্ষি বলা যায়।

দেবল, (দেব—লা=গ্রহণকরা+ক—ক। যে জীবিকা জন্য দেবতাকে গ্রহণ করে, ২য়া—ষ) সং, পুং, দেবপূজোপজীবী, পূজারিব্রাহ্মণ। 'আহ্বায়কা দেবলকা নক্ষত্রগ্রামযাজকাঃ। এতে ব্রাহ্মণচাণ্ডালা মহাপথিক পঞ্চমাঃ"। ধার্ম্মিক। নারদ। দেবর। ধর্ম্মশাস্ত্রপ্রণেতা মুনিবিশেষ, অষ্টাবক্র মুনি।

দেবলতা, (দেব=স্বর্গীয়—লতা) সং, স্ত্রীং, পুষ্পবিশেষ, নবমল্লিকা।

দেবলোক, (দেব—লোক=ভুবন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, স্বর্গ। ভূরাদি সপ্তলোক। "ভূর্লোকোঽথ ভুবর্লোকঃ স্বর্লোকোঽথ মহর্জ্জনঃ। তপঃ সত্যঞ্চ সপ্তৈতে দেবলোকাঃ প্রকীর্ত্তিতাঃ"। দেবতাবিশেষের আবাসস্থান, বৈকুণ্ঠাদি।

দেববক্ত্র, (দেব=দেবতা—বক্ত্র=মুখ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অগ্নি। হোমকালে দেবতাদিগের নাম উচ্চারণ পূর্ব্বক ঘৃতাদি অগ্নিতে নিক্ষেপ করিলেই দেবতারা পাইয়া থাকেন। এই নিমিত্ত অগ্নি দেবতাদিগের মুখ স্বরূপ।

দেববর, (দেব—বর=শ্রেষ্ঠ,অভীপ্সিত) সং, পুং, শ্রেষ্ঠ দেবতা, ইন্দ্রাদি। ক্লীং, দেবতা কর্ত্তৃক দত্ত। অভীপ্সিত।

দেববর্দ্ধকি, (দেব=দেবতা—বর্দ্ধকি=সূত্রধর, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বিশ্বকর্ম্মা।

দেববাণী, সং, স্ত্রীং, সংস্কৃত ভাষা, দেববাক্য।

দেববৃক্ষ, (দেব—বৃক্ষ) সং,পুং,সপ্তপর্ণ বৃক্ষ। মন্দারবৃক্ষ। গুগ্‌গুল। দেবতরু দেখ।

দেবব্রত, (দেব=ইন্দ্রিয় সংযম—ব্রত, ৬ষ্ঠী—হিং) সং, পুং, গাঙ্গেয়, ভীষ্ম। দেবোপাসক। ক্লীং, দৈবকর্ম্ম।

দেবশ্রুত, (দেব=স্বর্গীয়—শ্রুত) সং, পুং, ঈশ্বর। শাস্ত্র। নারদমুনি।

দেবসভ্য, (দেব=ক্রীড়া—সভা+য—যোগ্যার্থে) সং, পুং, সভিক, যে প্রায়ই সভাতে গমনকরে। দ্যূতক্রীড়ক। দেবতানুচর, যে দেবতার পরিচর্য্যাদিকার্য্যে নিযুক্ত থাকে।

দেবসাৎ, (দেব+সাৎ—প্রং)] অং,

দেবাধীন, দেবায়ত্ত।

দেবসাৎকৃত, বিং, ত্রিং, দেবতার উদ্দেশে দত্ত, দেবসেবায় নিয়োজিত।

দেবসাযুজ্য, (দেব—সযুজ [সহ—যুজ্ যোগকরা+ক্বিপ্—প্রং] যুক্ত+ষ্ণ্য—ভাবে, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, দেবত্ব, দেবত্ব। দেবসাদৃশ্য। দেবসহযোগ।

দেবসৃষ্টা, (দেব—সৃষ্ট=নির্ম্মিত। যাহা দেবতা কর্ত্তৃক সৃষ্ট হইয়াছে, ৩য়া—ষ) সং, স্ত্রীং, মদ্য, সুরা।

দেবসেনা, (দেব=ইন্দ্র বা অন্য কোন দেবতা—সেনা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, দেবসৈন্য। ইন্দ্রকন্যা, স্কন্দপত্নী। "অথোপযন্ত্রা সদৃশেন যুক্তাং স্কন্দেন সাক্ষাদিব দেবসেনাং" রঘুবংশ।

দেবসেনাপতি (দেবসেনা+পতি=অধ্যক্ষ, স্বামী, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কার্ত্তিকেয়।

দেবস্ব, (দেব=স্বর্গীয়—স্ব=ধন) সং, ক্লীং, দেবতার বস্তু, দেবসেবার নিমিত্ত নিয়োজিত ধন বা বিষয়।

দেবহূ, সং, পুং, বাম কর্ণ।

দেবহূতি, সং, স্ত্রীং, স্বায়ম্ভুব মনুর কন্যা।

দেবা, (দেবৃ, দিব্=ক্রীড়া করা+ঋ—সংজ্ঞার্থে) সং, পুং, দেবর, পতির কনিষ্ঠভ্রাতা।

দেবাজীব, দেবাজীবী (দেবাজীবিন্, দেব—আজীব, আজীবী যে জীবিকা নির্ব্বাহ করে) সং, পুং, দেবল, পূজারীব্রাহ্মণ।

দেবাট, সং, পুং, হরিহর ক্ষেত্র।

দেবাত্মা, (দেবাত্মন্, দেব=আত্মন্=স্বয়ং, আত্মা) বিং,ত্রিং,দেবতাস্বরূপ। সং, পুং, অশ্বত্থ বৃক্ষ। বিং, ত্রিং, ঈশ্বর সম্বন্ধীয়।

দেবানাম্প্রিয়, (দেবানাম্=দেবতাদিগের প্রিয়। অলুক সমাস) সং, পুং,—ছাগ। জাল্ম। তাপস। জড়।

দেবাপি, সং, পুং, চন্দ্রবংশীয় নৃপবিশেষ, প্রতীপ রাজার পুত্র।

দেবায়তন, (দেব—আয়তন=বাসস্থান) সং, ক্লীং, দেবতার আলয়স্থান।

দেবায়ুধ, (দেব—আয়ুধ=শস্ত্র) সং, ক্লীং, দেবশস্ত্র। ইন্দ্রধনু।

দেবালয়, (দেব—আলয়=আশ্রয়স্থান) সং, পুং,স্বর্গ। দেবগৃহ,মন্দির প্রভৃতি। ঈশ্বরের উপাসনা গৃহ।

দেবালা, (দেব=দেবতা—অল্=ভূষিত করা+অ—প্রং)সং,স্ত্রীং,রাগিণীবিশেষ।

দেবাশ্ব, (দেব [ইন্দ্র] দেবতা—অশ্ব) সং, পুং, উচ্চৈঃশ্রবাঃ, ইন্দ্রের ঘোটক।

দেবিক, (দেব+ইক—ইদমর্থে) বিং, ত্রিং, দেবসম্বন্ধীয়। কা—স্ত্রীং, সরযূনদী। ধুস্তূর, ধুতরা।

দেবিল, (দেব+ইল—প্রং,) বিং, ত্রিং, দেবপরায়ণ, ধার্ম্মিক।

দেবেজ্য, (দেব—সুর—ইজ্য=গুরু, আচার্য্য) সং, পুং, দেবগুরু, বৃহস্পতি।

দেবেশ, (দেব+ঈশ-প্রভু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শিব। শী—স্ত্রীং, দুর্গা।

দেবেষ্ট, (দেব=দেবতা—ইষ্ট=অভিলষিত ৬ষ্ঠী—ষ) বিং,ত্রিং, দেবতাদিগের অভীষ্ট দেববাঞ্ছিত। সং, পুং, মহামেদা। গুগ্গুল।

দেশ, (দিশ্=বলা+ঘঞ্—প্রং) সং, পুং, পৃথিবীর অংশবিশেষ, রাজ্য, পৃথিবীর যে অংশে একজাতীয় ও এক ভাষাভাষী লোকেরা বাস করিয়া থাকে। অংশ, ভাগ, যথা—নিম্নদেশ, পৃষ্ঠদেশ। "দেশঃ সোঽয়মরাতি শোণিত জলৈর্যস্মিন্ হ্রদাঃ পূরিতা। ক্ষত্রাদেব 'তথাবিধঃ পরিভবস্তাতস্য কেশ গ্রহঃ" বেণীসংহার।

দেশক, (দিশ্=অনুমতি করা+ণক—প্রং) সং, পুং, শাসনকর্ত্তা। উপদেষ্টা।

দেশকারী, সং, স্ত্রীং, রাগিণীবিশেষ।

দেশকালজ্ঞ, দেশকালবিদ্ } (দেশ—কাল=সময়—জ্ঞ, বিদ্=যে জানে) বিং, ত্রিং, যে দেশ ও কাল বুঝিয়া কার্য্যকরে

দেশ-ধর্ম্ম, সং, পুং, দেশের রীতিনীতি, দেশাচার।

দেশবিধান, সং, ক্লীং, দেশীয় লোকদিগের লৌকিক আচরণবিষয়ক নিয়মাবলী।

দেশরূপ, সং, ক্লীং, ন্যায়, ঔচিত্য।

দেশাচার, (দেশ—আচার=আচরণ) সং, পুং, দেশের রীতি, দেশ-ব্যবহার।

দেশাধিপ } দেশ—অধিপ, অধি-
দেশাধিপতি } পতি,৬ষ্ঠী—ষ) সং, পুং, দেশের শাসনকর্ত্তা, রাজা।

দেশান্তর, (দেশ—অন্তর=অন্য, য়ং—স) সং, ক্লীং, অন্যদেশ, দূরদেশ।

দেশিক, (দেশ+ইক—প্রং) সং, পুং, পথিক, পান্থ। গুরু।

দেশিনী, (দিশ্=বলা, দেখাইয়া দেওয়া +ইন্—প্রং। ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং তর্জ্জনী অঙ্গুলি।

দেশীয়, দেশী (দেশিন্, দেশ+ঈয়,ইন্—ভবার্থে) বিং, ত্রিং, দেশজাত। দেশসম্বন্ধীয়।

দেশ্য, (দিশ্=বলা, অনুমতি করা+ঘ্যণ্—প্রং) সং, ক্লীং, পূর্ব্বপক্ষ। (দেশ +ষ্ণ্য ভবার্থে) বিং, ত্রিং, দেশীয়।

দেষ্ণু, (দা=দানকরা+ইষ্ণু—ক,শীলার্থে) বিং,ত্রিং,দাতা। দুর্দ্দান্ত। সং,পুং,রজক।

দেহ, (দিহ্=লেপনকরা, একত্রকরা+ঘঞ্—প্রং) সং,পুং—ক্লীং, শরীর,অঙ্গ। পুং, লেপন।

দেহকোষ, (দেহ=শরীর—কোষ=খাপ্, আচ্ছাদন) সং, পুং, পক্ষ, পাখা। শরীরের চর্ম্ম।

দেহক্ষয়, সং, ক্লীং, রোগ, পীড়া।

দেহতত্ত্ব, সং, ক্লীং, শারীরস্থান।

দেহত্যাগ, (দেহ—ত্যাগ, ৬ষ্ঠী—ষ) সং, পুং,আত্মার দেহ ছাড়িয়া যাওয়া,মৃত্যু।

দেহদ, (দেহ—দ=যে দান করে) সং,পুং, পারদ, পারা। বিং, ত্রিং, শরীরদাতা।

দেহধারক, (দেহ=শরীর—ধারক=যে ধারণ করে) সং, ক্লীং, অস্থি, হাড়।

দেহধি, (দেহ=শরীর—ধা=ধারণকরা+কি—প্রং) সং, পুং, পক্ষ।

দেহধ্রুক, (দেহধ্রুজ্, দেহ=শরীর—ধ্রজ্ গমন করা+ক্বিপ্—প্রং) সং,পুং,বায়ু।

দেহপাত, (দেহ—পাত=পতন,৬ষ্ঠী—ষ) সং, পুং, দেহের পতন, মৃত্যু।

দেহভৃৎ,(দেহ—ভৃৎ=যে ধারণ করে,২য়া—ষ) সং, পুং, জীব, জন্তু। আত্মা।

দেহযাত্রা, (দেহ=শরীর—যাত্রা [যাহাতে বা যাহা দ্বারা] গমন) সং, স্ত্রীং, যাহাদ্বারা শরীর ধারণ হয়, প্রাণধারণের উপযোগী ব্যাপার। ভোজন। মৃত্যু।

দেহলা, (দেহ=শরীর—লা=আক্রমণকরা +ড, আপ—প্রং—স্ত্রীলিঙ্গ) সং, স্ত্রীং, মদ্য, মদ।

দেহলি, দেহলী (দেহ=প্রবেশদেশ—লা =গ্রহণ করা+কি ঈপ্ প্রং—স্ত্রীলিঙ্গ) যে প্রবেশদেশ গ্রহণ করে, ২য়া—ষ।) সং,স্ত্রীং হাতিনা,দ্বারাগ্রস্থান। চৌকাঠের অধঃস্থ বা উপরিস্থ ফলক। "শেষান্মাসান্ বিরহদিবসস্থাপিতস্যাবধের্বাবিন্যস্যন্তী ভুবিগণনয়া দেহলীদত্ত পুষ্পৈঃ" মেঘদূত।

দেহসার, (দেহ—সার=সারাংশ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মজ্জা, অস্থি ও মাংসের মধ্যস্থ স্নেহবিশেষ।

দেহাত্মবাদী, (দেহাত্মবাদিন্, দেহ—আত্মন্=আত্মা—বাদিন্=যে বলে। দেহ ও আত্মা এক এই যে বলে) সং, পুং, চার্ব্বাক, যাহাদের মতে দেহই আত্মা।

দেহান্তর, (দেহ—অন্তর=অন্য, য়ং—স) সং, ক্লীং, অন্যদেহ, শরীরান্তর।

দেহিকা, (দেহ=শরীর+ক—ক্ষুদ্রার্থে +আপ্) সং, কীটবিশেষ।

দেহী, (দেহিন্, দেহ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, যাহার দেহ আছে, শরীরী, প্রাণী। সং, পুং, শরীরের অধিষ্ঠাতা, জীব। আত্মা।

দৈ, (দধিশব্দজ) সং, দুগ্ধবিকারবিশেষ।

দৈতেয়, দৈত্য (দিতি+ঞেয়, য—অপত্যার্থে) সং, পুং, দিতিপুত্র, অসুর।

দৈত্যগুরু, (দৈত্য—গুরু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শুক্রাচার্য্য।[সং, পুং, বায়ু। বরুণ।

দৈত্যদেব, (দৈত্য=অসুর-দেব=দেবতা)

দৈত্যনিসূদন, (দৈত্য—নিসূদন=যে বধ করে, ২য়া—ষ) সং, পুং, বিষ্ণু।

দৈত্যপুরোধাঃ, (দৈত্যপুরোধস্, দৈত্য—পুরোধস্=কুলপুরোহিত) সং, পুং, শুক্রাচার্য্য।

দৈত্যমেদজা, (দৈত্য—মেদ—অস্থির মজ্জা—জ=জাত, সং, স্ত্রীং, পৃথিবী। পৌরাণিকেরা বলিয়া থাকেন যে এই জগৎ মধুকৈটভ দৈত্যের দেহ হইতে উৎপন্ন হইয়াছে। গুগ্‌গুল।

দৈত্যা; সং, স্ত্রীং, মদ্য। দৈত্যপত্নী।

দৈত্যারি (দৈত্য—অরি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কৃষ্ণ, বিষ্ণু। দেবতা।

দৈন,(দীন+ষ্ণ—ভাবে) সং,ক্লীং,দীনতা, দারিদ্র্য। (দিন+ষ্ণ—ভবার্থে) বিং, ত্রিং, দিবসীয়, দিনভব, দৈনিক।

দৈনন্দিন, (দিন-দিন+ষ্ণ—ভবার্থে) বিং, ত্রিং, প্রাত্যহিক, প্রতিদিবসীয়।

দৈনার, (দীনার+ষ্ণ—ইদমর্থে) বিং, ত্রিং, দীনার পরিমিত, স্বর্ণমুদ্রাসম্বন্ধীয়।

দৈনিক,(দিন+ষ্ণিক—ভবার্থে) বিং,ত্রিং, প্রাত্যহিক। দিবসে যাহা ঘটে, এক দিনে যাহা নিষ্পন্ন করিতে পারা যায়। দিনসম্বন্ধীয়। কা—স্ত্রীং, একদিনের বেতন।

দৈন্য, (দীন+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং,দারিদ্র্য। কার্পণ্য। শোচনীয়তা। "শৃণু-ত্বং যন্নিমিত্তং মে দৈন্যমেতদুপাগতম্"।

দৈর্ঘ্য, (দীর্ঘ+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং,দীর্ঘতা, লম্বপরিমাণ, একপ্রান্ত হইতে অপর প্রান্তপর্য্যন্ত বিস্তার।

দৈব, (দেব+ষ—ইদমর্থে) সং, পুং—ক্লীং,ভাগ্য, অদৃষ্ট। "পূর্ব্বজন্মকৃতং কর্ম্ম তদ্দৈবমিতি কথ্যতে। যচ্চাপি কিঞ্চিৎ পুরুষো দিষ্টং নাম ভজত্যুত। দৈবেন বিধিনা পার্থ তদ্দৈবমিতি নিশ্চিতং"। "উদ্যোগিনং পুরুষসিংহমুপৈতি লক্ষ্মীঃ, দৈবেন দেয়মিতি কাপুরুষাঃ বদন্তি"। অঙ্গুলির অগ্রভাগরূপ দেবতীর্থ। পুং, বিবাহবিশেষ। বিং, ত্রিং, ভাগ্যজাত। দেবসম্বন্ধীয়, দেবকৃত। স্বর্গলোকসংক্রান্ত, অলৌকিক।

দৈবকর্ম্ম, (দৈবকর্ম্মন্, দৈব-কর্ম্মন্=কার্য্য) সং, ক্লীং, দেবোদ্দেশে যে সকল কর্ম্ম করা যায়, যজ্ঞাদি কর্ম্ম।

দৈবকীনন্দন, (দৈবকী—নন্দন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কৃষ্ণ।

দৈবগতি, সং, স্ত্রীং, দৈবের গতি, দৈবঘটনা।

দৈবগত্যা, অং, দৈবের গতিক্রমে, দৈববশতঃ, বিধিনির্ব্বন্ধানুসারে। "বামশ্চাস্যাঃ কররুহপদৈর্মুচ্যমানো মদীয়ৈর্মুক্তাজালং চিরপরিচিতং ত্যাজিতোদৈবগত্যা"। মেঘদূত। [অসম্ভাবিত ব্যাপার।

দৈবঘটনা, সং, স্ত্রীং, অতর্কিত ঘটনা,

দৈবজ্ঞ, (দৈব=পূর্ব্বকৃত শুভাশুভ কর্ম্ম—জ্ঞ=যে জানে, ২য়া—ষ) সং, পুং,গণক, ভাগ্য-কথয়িতা।

দৈবত, (দেবতা+ষ্ণ—স্বার্থে, বা সম্বন্ধার্থে) সং, পুং—ক্লীং দেবতা। ক্লীং, দেবসমূহ। বিং, ত্রিং, দেবসম্বন্ধীয়।

দৈবতীর্থ, (দৈব=দেবসম্বন্ধীয়—তীর্থ ক্ষেত্র,৬ং—স। দেবতাদিগকে দৈবতীর্থ দ্বারা জলাদি দেওয়া যায়) সং, ক্লীং, অঙ্গুলি সকলের অগ্রভাগ।

দৈবদীপ, (দৈব—দীপ=প্রদীপ) সং, পুং, চক্ষুঃ। দেবতাসম্বন্ধী প্রদীপ।

দৈবদুর্ব্বিপাক, (দৈব—দুর্ব্বিপাক=প্রতিকূলতা) সং, পুং, দৈবের প্রতিকূলতা, ভাগ্যবিপর্য্যয়।

দৈববাণী, (দৈব—বাণী=বাক্য) সং,স্ত্রীং, দেবতারা অলক্ষিত থাকিয়া যে আদেশ-

বাণী বা উপদেশ বাক্য নির্দ্দেশ করেন, আকাশবাণী, অমানুষী কথা। সংস্কৃত-ভাষা। [তা, বিধিবিড়ম্বনা।

দৈববিড়ম্বনা, সং,স্ত্রীং, দৈবের প্রতিকূল-

দৈবযুগ, সং, ক্লীং, দেবমানে ১২০০০বর্ষ, মনুষ্যপরিমাণে চারিযুগ।

দৈবযোগ, সং, পুং, দৈবঘটনা। ক্রিং—বিং, দৈবের গতিক্রমে, দৈববশতঃ।

দৈবলেখক, (দৈব=ভাগ্য—লিখ=লেখা ণক—ক) সং, পুং, গণক, দৈবজ্ঞ।

দৈবাকরি,=(দিবাকর=সূর্য্য+ই—অপত্যার্থে) সং,পুং,শনি। যম। রী—স্ত্রীং, যমুনা।

দৈবাৎ, (দৈব+অত=গমনকরা+ক্বিপ্) অং, অতর্কিতরূপে, অকস্মাৎ, হঠাৎ। দৈববশতঃ, মনুষ্যের ইচ্ছায় নয়।

দৈবাদেশ, (দৈব—আদেশ) সং, পুং, দৈববাণী, প্রত্যাদেশ।

দৈবায়ত্ত (দৈব—আয়ত্ত=অধীন। ৬ষ্ঠী—ষং) বিং, ত্রিং, দৈবাধীন, যাহা মনুষ্যের অধীন নয়। "সূতো বা সূতপুত্রো বা যো বা সো বা ভবাম্যহং। দৈবায়ত্তং কুলে জন্ম মদায়ত্তং তু পৌরুষং"।

দৈবাহোরাত্র,(দৈব—অহন্=দিবস—রাত্র=রাত্রিশব্দজ) সং,পুং, দেবতাদের একদিন,মনুষ্যেদের এক বৎসর পরিমিতকাল

দৈবিক, (দেব+ষ্ণিক-দমর্থে, ভবার্থে) বিং, ত্রিং, দেবসম্বন্ধীয়। দৈবঘটিত।

দৈবী,(দেব+ষ্ণ—ইদমর্থে, ঈপ্-প্রং) সং স্ত্রীং, দৈবঘটনা, দৈবযোগ। দেবসম্বন্ধিনী। "দৈবীনাং মানুষীনাঞ্চ প্রতিহর্ত্তা ত্বমাপদাং"। কুমারসম্ভব।

দৈবোপহত, (দৈব—উপহত=আহত) বিং, ত্রিং, দৈব যাহার প্রতিকূল হইয়াছে, হতভাগ্য।

দৈব্য, (দেব+ষ্ণ্য—সম্বন্ধার্থে)সং, ক্লীং, ভাগ্য, দৈব। বিং, ত্রিং, দেবসম্বন্ধীয়।

দৈশিক, (দেশ+ইক—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, দেশসম্বন্ধীয়। একদেশসংক্রান্ত।

দৈষ্টিক, (দিষ্ট=ভাগ্য+ষ্ণিক—ইদমর্থে, কিম্বা দিষ্ট অর্থাৎ ভাগ্য আছে এই মতি যাহার এই অর্থে দৈষ্টিক) বিং, ত্রিং, যদৃবিষ্য, যে কেবল ভাগ্যের উপর নির্ভর করে, ভাগ্যাধীনজাত।

দৈহিক, (দেহ+ইক—ইদমর্থে) বিং, ত্রিং, দেহসম্বন্ধীয়, শারীরিক।

দোঃশিখর, (দোস্=বাহু—শিখর=চূড়া, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, স্কন্ধ, কাঁধ।

দোঃসহস্রভৃৎ, (দোস্=বাহু—সহস্র=হাজার—ভৃৎ=যে ধারণ করে, যে সহস্র বাহু ধারণ করে। সং,পুং,কার্ত্তবীর্য্যার্জ্জুন

দোক্তা, (দেশজ) সং, তাম্রকূট পত্র।

দোকান, (যবনভাষা) সং, পণ্যশালা, পণ্যালয়।

দোগ্ধা, (দোগ্ধৃ, দুহ=দোহনকরা+তৃণ্-ক) সং,পুং,বৎস। গোপাল। অর্থোপজীবি কবি। বিং, ত্রিং, দোহনকর্ত্তা। "যং সর্ব্বশৈলাঃ পরিকল্প্য বৎসং মেরৌ স্থিতে দোগ্ধরি দোহদক্ষে" কুমারসম্ভব।

দোগ্ধ্রী, (দোগ্ধা দেখ, তৃণ্—র্ম্ম, ঈ-স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, দোহনশীলা, দুগ্ধবতী ধেনু। "দোহাবসানে পুনরেব দোগ্ধ্রীং ভেজে ভুজোচ্ছিন্নরিপুর্নিষণ্নাং" রঘু।

দোদুল্যমান, (দুল্ [যঙ্লুগন্ত] পুনঃ পুনঃ দোলা+শান—ক) বিং, ত্রিং, যাহা অত্যন্ত দুলিতেছে, যাহা পুনঃ পুনঃ দোলায়মান হইতেছে।

দোধ, (দুহ=দোহনকরা+অ—প্রং, নিপাতন) সং, পুং, গোবৎস, বাছুর।

দোধক, সং, পুং, একাদশাক্ষরচ্ছন্দোবিশেষ, যাহার ১ম ৪র্থ ৭ম ১০ম ১১শ বর্ণ গুরু, অবশিষ্ট লঘু।

দোধূয়মান, (ধূ [যঙ্লুগন্ত] পুনঃ পুনঃ কাঁপা+শান—ক) বিং, ত্রিং, অতিশয় কম্পনশীল, যাহা পুনঃ পুনঃ কম্পিত হইতেছে, ধূধূকারী।

দোরক,সং,পুং—স্ত্রীং,বীণাতন্ত্রীবন্ধনরজ্জু।

দোর্গড়ু, (দোস্=বাহু—গড়ু [কুব্জ, খঞ্জ]

বক্র) বিং, ত্রিং, কুণ্ঠিতহস্ত, কুপো।

দোর্গ্রহ, (দোস্=বাহু—গ্রহ=যে গ্রহণ বা ব্যবহার করে) বিং, ত্রিং, বলবান্। সং, পুং, হস্তগ্রহণ। হস্তের পীড়া।

দোর্দণ্ড, (দোস্—দণ্ড=যষ্টি) সং, পুং, বাহুরূপ দণ্ড, ভুজদণ্ড। [মূল, কক্ষ।

দোর্মূল, (দোস্=বাহু—মূল) সং, ক্লীং, বাহু-

দোল, (দোলি=ঝোলা+অ—ভা, ণ) সং, পুং, লা, লী—স্ত্রীং, দোলন। দোলা। ডুলি। ঝুলি। ডোল, ধান্যাদি পাত্র।

দোলক, (Pendulum, দোল দেখ, অক—ক) সং, পুং, সূক্ষ্মসূত্রাদিতে বদ্ধ দোলায়মান ভারি বস্তু।

দোলন, (দোল দেখ, অন—ভা) সং, ক্লীং, কম্পন, লড়াচড়া। ঝুলন। ইতস্ততশ্চলন।

দোলায়মান, (দোলি=ঝোলা+শান—ক) বিং, ত্রিং, যাহা দুলিতেছে। সন্দিহান, সংশয়ারূঢ়। [দোলা, ঝুলন।

দোলিকা, (দোলা+ক—যোগ) সং, স্ত্রীং,

দোষ, (দুষ্=দোষীহওয়া+ঘঞ্—ভা) সং, পুং, পাপ। অপরাধ। অনিষ্ট। কুকর্ম্ম। "ষড়্দোষাঃ পুরুষেণেহ হাতব্যা ভূতিমিচ্ছতা। নিদ্রা তন্দ্রা ভয়ং ক্রোধ আলস্যং দীর্ঘসূত্রতা"। বিসৃজ্য সূর্পবদ্দোষান্ গুণান্ গৃহ্ণন্তি সাধবঃ। দোষগ্রাহী গুণত্যাগী চালনীব হি দুর্জ্জনঃ"। কলঙ্ক। ত্রুটি। নিয়মের অন্যথাভাব। কাব্যের অপকর্ষসাধক ধর্ম্মবিশেষ। ন্যায় শাস্ত্রে-রাগ দ্বেষ মোহ। বাত পিত্ত কফাদির অন্যথাভাব। বৎস, বাছুর।

দোষক, (দোষ+ক—যোগ) সং, পুং,

দোষগ্রাহী, (দোষগ্রাহিন্, দোষ—গ্রহ্=গ্রহণকরা+ণিন্—ক) বিং, ত্রিং, যে ব্যক্তি দোষগ্রহণ করে, দুর্জ্জন।

দোষজ্ঞ, (দোষ—জ্ঞ=যে জানে, ২য়া—ষ) সং, পুং, পণ্ডিত। চিকিৎসক। ত্রিং, যে দোষ জানে

দোষত্রয়, (দোষ—ত্রয়, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, বাত পিত্ত কফ এই তিন শরীর ধাতুর বিকৃতি। কোন তিন দোষের

দোষা, (দুষ্=বিকৃতহওয়া+ঘঞ্—, আ—প্রং) সং, স্ত্রীং, রাত্রি। (দম্=দমনকরা+ডোস্, আ—প্রং) বাহু। অং রাত্রিকালে। রাত্রির প্রারম্ভে।

দোষাকর, (দোষা—কর=কিরণ, ৬ষ্ঠী—হিং, অথবা দোষা=রাত্রি—কৃ=করা+অল্—ক) সং, পুং, চন্দ্র, নিশাকার। (দোষ—আকর, ৬ষ্ঠী—ষ) বিং, ত্রিং, দোষী, অপরাধী।

দোষাতন, (দোষা+তন্—ভবার্থে) বিং, ত্রিং, প্রাদোষিক, রাত্রিকালীন।

দোষাতিলক, দোষাস্য (দোষা=রাত্রি—তিলক=শ্রেষ্ঠতা। দোষা=রাত্রি—আস্য=মুখ) সং, পুং, প্রদীপ, দীপ।

দোষাবহ, (দোষ আবহ) বিং, ত্রিং, যাহাতে দোষ আছে, নিন্দাবহ।

দোষিক, (দোষ+ইক—প্রং) সং, পুং, রোগ, পীড়া। বিং, ত্রিং, অযথার্থ, দোষযুক্ত, দোষী।

দোষী, (দোষিন্, দোষ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, দোষযুক্ত, অপরাধী। অশুদ্ধ, সচ্ছিদ্র। নিন্দনীয়।

দোষৈকদর্শী, (দোষৈকদর্শিন্, দোষ এক=কেবল—দর্শী=যে দেখে) বিং, ত্রিং, দোষমাত্রদর্শী, যে গুণভাগ পরিত্যাগ করিয়া কেবল দোষভাগ দেখে, ছিদ্রান্বেষী। পাপাত্মা।

দোষৈকদৃক্, (দোষৈকদৃশ, দোষ—এক কেবল—দৃশ্=দর্শন। যাহার কেবল দোষেতেই দর্শন আছে, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, কেবল দোষদর্শী।

দোস্, (দম্=শাসনকরা+ডোস্—প্রং) সং, পুং, ক্লীং, বাহু। "দুহিতরমনুকম্প্যামদ্রিরাদায় দোর্ভ্যাং" কুমারসম্ভব। ত্রিভুজ বা চতুর্ভুজ ক্ষেত্রের ভুজ।

দোসর, (দ্বিতীয় শব্দজ) বিং, সঙ্গী

দোসরা, (ঐ) বিং, অন্য, ভিন্ন, দ্বিতীয়।
দোস্থ, (দুস্থ [দু=কুৎসিত—স্থা=থাকা +ড—প্রং]+অ—প্রং) সং,পুং, ক্রীড়া। সেবা। বিং, ত্রিং, ক্রীড়াকারী। সেবক। (দোস্=বাহু—স্থ=যে থাকে) বাহুস্থিত।
দোহ, (দুহ্=দোহনকরা+ঘঞ্—ভা, ধি) সং, পুং, দোহন দোহনপাত্র। "দোহাবসানে পুনরেব দোগ্ধ্রীং ভেজে-ভুজোচ্ছিন্নরিপুর্নিষন্নাং" রঘুবংশ। দুগ্ধ। সন্তোষ। কৃতকার্য্যতা। হা—স্ত্রীং, মাত্রাচ্ছন্দোবিশেষ।
দোহক, (দুহ+ণক—ক) বিং, ত্রিং, যে দুগ্ধ দোহন করে। [সং, ক্লীং, দুগ্ধ।
দোহজ, (দোহ—দোহন—জ=উৎপন্ন)
দোহড়িকা, সং,স্ত্রীং, ছন্দোবিশেষ, দোহা
দোহদ, (দোহ [এখানে] সন্তোষ—দ=যে দান করে) সং, ক্লীং, ইচ্ছা। গর্ভিণীর অভিলাষ, সাধ।"উপেত্য সা দোহদদুঃখশীলতাং যদেব বব্রে তদপশ্যদাহৃতং" রঘুবংশ। গর্ভচিহ্ন। বৃক্ষাদি পোষক ঔষধাদি। "সনূপুররবেণ স্ত্রীচরণেনাভিতাড়ণং। দোহদং যদশোকস্য ততঃ পুষ্পোদ্গমো ভবেৎ"। ভূমিলেপন।
দোহদদান, সং, ক্লীং, সাধ দেওয়া, প্রসবের অল্পদিন পূর্ব্বে গর্ভিণীকে অভিলষিত দ্রব্য দান।
দোহদলক্ষণ, (দোহদ=গর্ভিণীর ইচ্ছা—লক্ষণ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, ভ্রূণ, গর্ভস্থ শিশু। গর্ভচিহ্ন। বয়ঃসন্ধি, যে সময়ে লোকে জীবনের এক কাল হইতে অন্য কালে গমন করে, যথা বাল্যকাল হইতে যৌবন, যৌবন কাল হইতে প্রৌঢ়াবস্থা ইত্যাদি।
দোহদবতী, দোহলবতী, (দোহদ, দোহল +বতু—অস্ত্যর্থে) সং,স্ত্রীং, দ্রব্যবিশেষে অভিলাষবতী। গর্ভিণী, যে গর্ভবতী নারীর কোন দ্রব্য খাইতে ইচ্ছা হয়, দোহদান্বিতা।
দোহদিনী, (দোহদ=গর্ভিণীর ইচ্ছা+ইন্—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, গর্ভবতী।
দোহন, (দুহ্+অনট্—ভা, ধি) সং, ক্লীং, দুগ্ধাকর্ষণ, দোয়া। ক্লী, নী—স্ত্রীং, দোহনপাত্র, দুগ্ধভাণ্ড, দুদের কেঁড়ে।
দোহল, (দোহ=সন্তোষ—ল=যে গ্রহণ করে) সং, পুং, ইচ্ছা, অভিলাষ। লী—স্ত্রীং, অশোক বৃক্ষ। [শপথ, দিব্য।
দোহাই, (দেশজ) সং, রক্ষা প্রার্থনা।
দোহাপনয়, (দোহ = দোহন—অপ=নিম্ন—নী=লওয়া, আনয়নকরা+অল্—প্রং) সং, পুং, দুগ্ধ।
দোহারা, (দেশজ) বিং, দ্বিগুণীকৃত। পুনর্ব্বার, দ্বিতীয়।
দোহ্য, (দুহ্+ঘ্যণ্—র্ম্ম) বিং, ত্রিং, দোহনীয়, দোহনের উপযুক্ত।
দৌঃসাধিক, (দুর্=দুঃখ, মন্দ—সাধ্=নিষ্পন্ন করা+ণক—প্রং) সং, পুং, দ্বারপাল। গ্রামের চৌকিদার।
দৌকূল, (দুকূল=রেশমী বস্ত্র+ষ্ণ—ইদমর্থে) বিং, ত্রিং, দুকূল দ্বারা আবৃত (রথাদি)। পট্ট বস্ত্রাদিচ্ছাদিত।
দৌড়ধাপ্, (দেশজ) সং, ইতস্ততঃ ভ্রমণ চেষ্টা।
দৌড়ন, দৌড়, (দেশজ) সং, ধাবন, বেগে চলন। চেষ্টা করণ।
দৌত্য, (দূত+ষ্ণ—ভাবে, কর্ম্মণি) সং, ক্লীং, দূতের কর্ম্ম বা ব্যবসায়। সমাচার
দৌত্যকার্য্য, সং,স্ত্রীং দূতের কর্ত্তব্য কর্ম্ম
দৌরাত্ম্য, (দুরাত্মন্+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, উৎপাত, অত্যাচার, উপদ্রব, দুষ্টতা। [দুর্গম্যতা, অলঙ্ঘনীয়তা।
দৌর্গ্য, (দুর্গ+ষ্ণ্য) সং, ক্লীং, দুর্গসম্বন্ধী।
দৌর্জ্জন্য, (দুর্জ্জন+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, দুর্জ্জনতা, ক্রূরতা। শাঠ্য।
দৌর্ব্বল্য, (দুর্ব্বল+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, দুর্ব্বলতা, ক্ষীণতা। শ্রান্তি।
দৌর্ভাগিনেয়, (দুর্ভগা+ষ্ণেয়—অপত্যার্থে, ইন্—আগম) সং, পুং, দুর্ভাগার পুত্র, ভাগ্যহীনার সন্তান।

দৌর্ভাগ্য, (দুর্ভগা+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, দুরদৃষ্ট, মন্দভাগ্য।

দৌমনস্য, (দুর্মনস্+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, উদ্বেগ, দুর্ভাবনা। দুঃখনিবন্ধন চিত্তাবসাদ। নৈরাশ।

দৌহৃদ, (দ্বিহৃদয়া=গর্ভিণী+ষ্ণ্য—সম্বন্ধিত্বার্থে) সং, ক্লীং, গর্ভ। "সহৃদয়েন গর্ভহৃদয়েন চ দ্বিহৃদয়া গর্ভিণী। যথাহ বাহ্বটঃ, মাতৃজন্যস্য হৃদয়ং মাতুশ্চ হৃদয়ঞ্চ তৎ সম্বদ্ধং তেন গর্ভিণ্যাঃ শ্রেষ্ঠং শ্রদ্ধাভিমানননমিতি। তৎ সম্বন্ধিত্বাৎ গর্ভো দৌহৃদ মিত্যুচ্যতে" মল্লিনাথ। "নিদানমিক্ষাকুকুলস্য সন্ততেঃ সুদক্ষিণা দৌহৃদলক্ষণং দধৌ" রঘুবংশ। গর্ভিণীর স্পৃহা। [সং, পুং, কচ্ছপ, কাছিম।

দৌলেয়, (দুলী=কচ্ছপী+ঞ্চেয়—প্রং)

দৌলনি, দৌল্মি, সং, পুং, দেবরাজ, ইন্দ্র

দৌবারিক, (দ্বার+ষ্ণিক—নিযুক্তার্থে। ব=ঔব) সং, পুং, কা—স্ত্রীং, দ্বাররক্ষক

দৌশ্চর্ম্য, (দুশ্চর্ম্ম+ষ্ণ্য) সং, পুং, লিঙ্গোপরিস্থিত চর্ম্মকর্ত্তন (Cercumcision)

দৌষ্কুলেয়, (দুষ্কুল=কুবংশ+ঞ্চেয়—অপত্যার্থে। দুষ্কুলীন শব্দও হয়) বিং, ত্রিং, নিন্দিত বংশজাত, অসৎকুলোৎপন্ন, দুষ্কুলোদ্ভব।

দৌষ্মন্তি, (দুষ্মন্ত+ষ্ণি—অপত্যার্থে) সং, পুং, দুষ্মন্তরাজ পুত্র ভরত। "দৌষ্মন্তিমপ্রতিরথং তনয়ং প্রসূয়, শান্ত্যৈ করিষ্যসি পদং পুনরাশ্রমেস্মিন্" শকুন্তলা।

দৌহিত্র, (দুহিতৃ+ষ্ণ—অপত্যার্থে) সং, পুং, দুহিতার পুত্র, ত্রী—স্ত্রীং, দুহিতার কন্যা।

দ্যাবাপৃথিবী, দ্যাবাভূমি, (দ্যো=আকাশ—পৃথিবী, ভূমি। দ্যো=দ্যাবা) সং, স্ত্রীং, দ্বিং, পৃথিবী ও স্বর্গ। দেবলোক ও মর্ত্ত্যলোক।

দ্যু, (দ্যু=সম্মুখে যাওয়া—ক্বিপ্—প্রং) সং, পুং, অগ্নি। দ্যুতি। কিরণ। ক্লীং, দিন। স্বর্গ। আকাশ।

দ্যুক, সং, পুং, পেচক, পেঁচা। [পক্ষী।

দ্যুগ, (দ্যু—গ=যে গমন করে) সং, পুং,

দ্যুৎ, (দ্যুৎ=দীপ্তিপাওয়া+ক্বিপ্—প্রং) সং, পুং, কিরণ, তেজঃ।

দ্যুকারি, (দ্যুক=পেচক—অরি=শত্রু। ৬ষ্ঠী—ষ) পেচকের শত্রু, কাক।

দ্যুতি, (দ্যুৎ=দীপ্তিপাওয়া+ই—প্রং) সং, স্ত্রীং, তেজঃ, কিরণ। সৌন্দর্য্য। শোভা। দীপ্তি, ঔজ্জ্বল্য। "কিমিদং দ্যুতিমাত্মীয়াং ন বিভ্রতি যথা পুরা" কুমারসম্ভব। প্রকাশ। উত্তেজন।

দ্যুতিকর, (দ্যুতি=দীপ্তি—কর=যে করে) সং, পুং, ধ্রুব নক্ষত্র। বিং, ত্রিং, দীপ্তিকারক। সুন্দর।

দ্যুন, সং, ক্লীং, লগ্ন হইতে সপ্তম রাশি।

দ্যুনিবাসী, (দ্যুনিবাসিন্, দ্যু=স্বর্গ—নিবাসী=যে বাস করে) সং, পুং, স্বর্গবাসী, দেবতা। ধার্ম্মিক।

দ্যুনিশ, (দ্যু=দিন—নিশা=রাত্রি, দ্বং—স) সং, ক্লীং, অহোরাত্র, দিবানিশি।

দ্যুপতি, (দ্যু=দিন, স্বর্গ—পতি=স্বামী) ৬ষ্ঠী—ষ) সং, পুং, সূর্য্য। ইন্দ্র।

দ্যুমণি, (দ্যু=দিন—মণি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সূর্য্য। আকন্দগাছ, অর্কবৃক্ষ।

দ্যুময়ী, (দ্যু=দিন+ময়ট্—তদ্রূপার্থে। ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, বিশ্বকর্ম্মের কন্যা, সূর্য্যের পত্নী।

দ্যুম্ন, (দ্যু=দিন—ম্না=অভ্যাসকরা+ড—প্রং) সং, ক্লীং, ধন, সম্পত্তি। হিরণ্য, সুবর্ণ। বল, সামর্থ্য।

দ্যুবা, (দ্যুবন্, দ্যু [স্বর্গদিয়া] গমন করা +বন্—সংজ্ঞার্থে) সং, পুং, সূর্য্য। আকাশ। স্বর্গ।

দ্যুষদ্, দ্যুসদ্, (দ্যু—স্বর্গ—সদ্ গমনকরা +ক্বিপ্—ক, ২য়া—ষ) সং, পুং, দিবিষদ্, দেবতা। গ্রহ।

দ্যূত, (দিব্=ক্রীড়াকরা+ক্ত—ভা) সং, পুং, ক্লীং, পাশকাদি ক্রীড়া, অপ্রাণিকরণক ক্রীড়া জুয়াখেলা। "অপ্রাণি

ভির্যৎ ক্রিয়তে তল্লোকে দ্যূতমুচ্যতে। প্রাণিভিঃ ক্রিয়তে যস্তু স বিজ্ঞেয়ঃ সদাহ্বয়”।

দ্যূতকর
দ্যূতকার
দ্যূতকৃৎ (দ্যূত—কর, কার, কৃৎ=যে করে) সং, পুং, পাশকাদিক্রীড়ক, দূরোদর জুয়ারি।

দ্যূত পূর্ণিমা
দ্যূতপৌর্ণমী } (দ্যূত=পাশকাদিক্রীড়া—পূর্ণিমা। পূর্ণিমা+ষ্ণ—স্বার্থে। ঈপ্ স্ত্রীলিঙ্গে) কোজাগর পূর্ণিমা, কোজাগর পূর্ণিমার রাত্রি পাশকাদি ক্রীড়া করিয়া যাপন করিতে হয়, এই নিমিত্ত ইহার নাম দ্যূতপূর্ণিমা হইয়াছে।

দ্যূতপ্রতিপদ্, (দ্যূত—প্রতিপদ্) সং, স্ত্রীং, কার্ত্তিক মাসের শুক্লপ্রতিপদ্।

দ্যূতবীজ, সং, স্ত্রীং, কপর্দ্দক, কড়ি। দ্যূতক্রীড়ার কারণ।

দ্যূতবৃত্তি, (দ্যূত=পাশকাদি ক্রীড়া—বৃত্তি=জীবনোপায়) সং, পুং, সভিক, যে দ্যূত ক্রীড়া করিয়া জীবনযাত্রা নির্ব্বাহ করে।

দ্যূন, (দিব্=ক্রীড়া করা+ক্ত—ক, ভা) বিং, ত্রিং, ক্রীড়াশীল। সং, ক্লীং, লগ্ন হইতে সপ্তমরাশি, সূর্য্য যে রাশিতে প্রবেশ করিয়াছেন, সেই রাশি হইতে সপ্তমরাশি।

দৈ, (দৈ+ক্বিপ) অং, নিন্দা বা ঘৃণাসূচক অব্যয়, ধিক্, ছি ছি, কি লজ্জারবিষয়।

দ্যো, (দিব্=ক্রীড়াকরা+ডো—প্রং। দেবতারা যেখানে ক্রীড়া করেন) সং, স্ত্রীং, স্বর্গ। আকাশ।

দ্যোত, (দ্যুৎ=দীপ্তিপাওয়া+ঘঞ্—প্রং) সং, পুং, আতপ। আলোক, দীপ্তি। উত্তাপ, উষ্ণতা।

দ্যোতক, (দ্যুৎ+ণক—ক) বিং, ত্রিং, ব্যঞ্জক, প্রকাশক। উদ্বোধক।

দ্যোতন, (দ্যুৎ+অনট্—ভা) বিং, ত্রিং, উজ্জ্বল, চক্‌চকে। সং, ক্লীং, দৃষ্টি, দর্শন। প্রকাশন। আলোকিত করণ। উৎসবাদিকালে অট্টালিকাদি দীপালোকে ভূষিত করণ। পুং, দীপ, প্রদীপ।

দ্যোতমান, (দ্যুৎ+শান—ক) বিং, ত্রিং, দীপ্যমান, শোভমান। উজ্জ্বল।

দ্যোতিত, দ্যুতিত (দ্যুৎ+ক্ত—ক) বিং, ত্রিং, দীপিত, দীপ্ত। প্রকাশিত। উদ্বোধিত। শোভিত। “যৎসাবিত্রৈ দ্যোতিতং ভূমিপালৈ র্লোকশ্রেষ্ঠৈঃ সাধু শুদ্ধং চরিত্রং” উত্তরচরিত।

দ্যোতিতপ্রভ, (দ্যোতিত=প্রকাশিত—প্রভা=ঔজ্জ্বল্য। ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, উজ্জ্বল প্রভাবিশিষ্ট, দেদীপ্যমান, বিভ্রাজমান।

দ্যোভূমি, (দ্যো=স্বর্গ—ভূমি=পৃথিবী) মী স্ত্রীং দ্বিং, আকাশ এবং পৃথিবী, স্বর্গ মর্ত্ত।

দ্যোষদ, (দ্যো=স্বর্গ—সদ্=গমনকরা—ক্বিপ্—ক) সং, পুং, দিবিষদ্, দেবতা। স্বর্গীয়পুরুষ। দিব্যপুরুষ।

দ্যোত্র, (দিব্=দীপ্তিপাওয়া+ষ্ট্রন্। দিব্ স্থানে দ্যু আদেশ।) সং, ক্লীং, আলোক, জ্যোতিঃ। শাখা প্রশাখা বিশিষ্ট বিদ্যুৎ (A forked lightning)

দ্রগড় সং, পুং, বাদ্যবিশেষ, ঢক্কা, ভেরী, মুরজ দুন্দুভি।

দ্রক্ষণ, সং, ক্লীং, তোলক, তোলা পরিমাণ।

দ্রঙ্গ, (দ্রম্=গমনকরা+গন্—প্রং) সং, পুং, পুরী, নগর।

দ্রঢ়িমা, (দ্রঢ়িমন্, দৃঢ়+ইমন্—ভাবে) সং, পুং, দার্ঢ্য, কাঠিন্য। স্থিরতা, স্থৈর্য্য। গুরুত্ব।

দ্রঢ়িষ্ঠ, দ্রঢীয়ান্, (দ্রঢীয়স্, দৃঢ়+ইষ্ঠ, ঈয়স্—অত্যর্থে) বিং, ত্রিং, অতিশয় দৃঢ়।

দ্রপ্সস, দ্রপ্স্য (দৃপ্=হৃষ্টহওয়া+স, স্য—প্রং। অথবা তৃপ্=তৃপ্তহওয়া। ত স্থানে বিকল্পে দ হয়। সং, ক্লীং, পাতলা দই, জলমিশ্রিত দধি।

দ্রম্ম, সং, পুং, এক কাহন, ১৬পণ।

দ্রব, (দ্রু=গমনকরা, গলা+অল্—ভা,

ক) সং, পুং, গতি, বেগ। পলায়ন। রস। যাহার দ্বারা হৃদয় দ্রব হয়) কাথ, কোনবস্তু জলে সিদ্ধকরিয়া যে সারাংশ বাহির করা যায়। গলন, ক্ষরণ। বিং, ক্রীড়া, আমোদ। পরিহাস বিং, ত্রিং, তরল, গলিত। ক্ষরিত, যাহা চোয়াইয়া পড়িতেছে। গলান, দ্রবীকৃত।

দ্রবজ, (দ্রব=তরলপদার্থ—জ=যাহা জন্মিয়াছে। যাহা তরলপদার্থ হইতে জন্মিয়াছে) সং, পুং, গুড়, খাঁড়। তরলপদার্থ হইতে উৎপন্ন বস্তু।

দ্রবণ, (দ্রু+অনট্—ভা) সং, ক্লীং, গতি, গলন, ক্ষরণ। উত্তাপ।

দ্রবত্ব, (দ্রব+ত্ব—ভাবে) সং, ক্লীং, তরলতা, গলিয়া যাওয়া।

দ্রবন্তী, (দ্রু+শতৃ—ক, ঈ—স্ত্রীলিঙ্গে) সং. স্ত্রীং, নদী। ভৈষজ্য লতাবিশেষ, মূষিকপর্ণীলতা। [লা, জতু।

দ্রবরসা, (দ্রব—রস) সং, স্ত্রীং, লাক্ষা,

দ্রবিড়, সং, পুং, দেশবিশেষ। "আন্ধ্রাঃ কর্ণাটকাশ্চৈব গুর্জ্জরা দ্রবিড়াস্তথা। মহারাষ্ট্রা ইতি খ্যাতাঃ পঞ্চৈতে দ্রবিড়াঃ স্মৃতাঃ"॥ হীনদশাপ্রাপ্ত ক্ষত্রিয়জাতি হইতে উৎপন্ন জাতি বিশেষ, চণ্ডালজাতি। ডী—স্ত্রীং, রাগিণীবিশেষ।

দ্রবিণ, (দ্রু=গমনকরা+ইন—প্রং) সং, ক্লীং, ধন, বিত্ত। বিষয়। কাঞ্চন। পরাক্রম। ক্ষমতা।

দ্রবিণোদাঃ, (দ্রবিণোদস্, দ্রবিণ—দাস্= যে দান করে) সং, পুং, অগ্নি।

দ্রবীকরণ, (দ্রব-করণ। অভূত তদ্ভাবার্থে কৃধাতুজ করণ শব্দের উত্তর চ্বি প্রত্যয়। ব=বী) সং, ক্লীং, দ্রবকরা, গলান।

দ্রবীকৃত, (দ্রব—কৃত। দ্রবীকরণ দেখ। বিং, ত্রিং, যাহাকে গলান গিয়াছে।

দ্রবীভাব, (দ্রব—ভাব=হওন। ভূধাতুজ ভাবশব্দের উত্তর অভূততদ্ভাবার্থে চ্বিপ্রত্যয়। ব=বী) সং, পুং, দ্রব হওয়া, গলিয়া যাওয়া।

দ্রবীভূত, (দ্রব। দ্রবীভাব দেখ) বিং, ত্রিং, যাহা দ্রব হইয়াছে, গলিত।

দ্রব্য, (দ্রু=বৃক্ষ+ষ্ণ্য—প্রং) সং, ক্লীং, বিত্ত। সম্পত্তি। পদার্থ, বস্তু, সামগ্রী। "পাকো নাস্তি বিনা বীর্য্যাদ্বীর্য্যং নাস্তি বিনা রসাৎ। রসো নাস্তি বিনা দ্রব্যাং-দ্রব্যং শ্রেষ্ঠমতঃ স্মৃতম্"। ক্ষিতি, অপ্, তেজঃ, বায়ু, আকাশ, কাল, দিক্, আত্মা, মনঃ, এই নয় প্রকার আদি পদার্থ। "ক্ষিত্যপ্তেজো-মরুৎব্যোম কালা দিগ্দেহিনৌ মনঃ দ্রব্যাণি" ভাষাপরিচ্ছেদ। পিত্তল বাজী, পণ। ভৈষজ্য দ্রব্য, বৃক্ষাদির মূল প্রভৃতি। লক্ষা, জতু। বৃক্ষাদির নির্য্যাস, গদ, রজন ইত্যাদি। বিনয়, নম্রতা, শিষ্টাচরণতা। মদ্য। উপযুক্ত, যোগ্য। উচিত, যাহা হওয়া উচিত। বিলেপন। (দ্রু বৃক্ষ+ষ্ণ্য—ইদমর্থে) বিং, ত্রিং, বৃক্ষজাত,বৃক্ষ হইতে প্রাপ্ত,বৃক্ষসম্বন্ধীয়।

দ্রব্যক, (দ্রব্য+কণ্) সং, পুং, দ্রব্যবাহক, দ্রব্যগ্রহীতা। বিং, ত্রিং, দ্রব্যসম্বন্ধীয়।

দ্রব্যময়, (দ্রব্য+ময়ট্—তদ্রূপার্থে) বিং, ত্রিং, পাদার্থিক, পদার্থসম্বন্ধী, পদার্থবিশিষ্ট।

দ্রব্যবান্, (দ্রব্যবৎ, দ্রব্য=সম্পত্তি, বিত্ত+ বতু—বিদ্যমান অর্থে) বিং, ত্রিং, সম্পত্তিশালী, ধনবান্।

দ্রব্যসিদ্ধি, (দ্রব্য=বিত্ত, ধন—সিদ্ধি=সংগ্রহ করণ, সাধন। ৬ষ্ঠী, ৩য়া—ষ) সং, স্ত্রীং, ধনসঞ্চয়, অর্থোপচয়, অর্জন। অর্থের দ্বারা কোন কার্য্যের সাধন।

দ্রষ্টব্য, (দৃশ্=দেখা+তব্য—র্ম্ম। ঋ=র) বিং, ত্রিং, দর্শনীয়, দেখিবার যোগ্য। প্রত্যক্ষ। স্পষ্ট।

দ্রষ্টা, (দ্রষ্টৃ, দৃশ+তৃণ্—ক) বিং, ত্রিং, যে দেখে। দর্শক। সাক্ষী। বিচারক।

দ্রাক্, (দ্রা=পলায়নকরা+কক্—প্রং) ক্রিং—বিং, অং, ঝটিতি, শীঘ্র। তৎক্ষণাৎ, অনতি বিলম্বে।

দ্রাক্ষা, (দ্রাক্ষ=ইচ্ছা করা+ঘঞ্। সুস্বাদুতা প্রযুক্ত লোকে যাহাকে ভক্ষণ করিতে অভিলাষ করে) সং, স্ত্রীং, কিস্মিস্, মনাক্কা আঙ্গুর। "দ্রাক্ষে দ্রক্ষ্যন্তি কে ত্বামমৃত মৃতমসি ক্ষীর নীরং রসস্তে" জয়দেব।

দ্রাঘিমা, (দ্রাঘিমন্, দীর্ঘ+ইমন্—ভাবে) সং, পুং, দৈর্ঘ্য, দীর্ঘতা। (Meridians) যে সকল কৃত্রিম মণ্ডলাকার রেখা ভূগোলকের উত্তর ও দক্ষিণ কেন্দ্রের মধ্য দিয়া চতুর্দ্দিকে ব্যাপ্ত আছে।

দ্রাঘিমান্তর, (Longitude) কোন নির্দ্দিষ্ট স্থানের দ্রাঘিমা হইতে সেই স্থানের পূর্ব্ব বা পশ্চিমবর্ত্তী স্থানসমূহের দূরত্ব। নির্দ্দিষ্ট স্থানের পূর্ব্ববর্ত্তী স্থান সমূহের দূরত্বকে পূর্ব্বদ্রাঘিমান্তর এবং পশ্চিমবর্ত্তী স্থানের দূরত্বকে পশ্চিমদ্রাঘিমান্তর বলা যায়।

দ্রাঘিষ্ঠ } দ্রাঘীয়ান্ } দ্রাঘীয়স্, দীর্ঘ+ইষ্ঠ, ঈয়স্—অত্যর্থে) বিং,ত্রিং, অতিশয় দীর্ঘ।

দ্রাণ, (দ্রা=নিদ্রিত হওয়া, পলায়নকরা +ক্ত—র্ম্ম) বিং, ত্রিং,সুপ্ত। পলায়িত।

দ্রাপ, সং, পুং, পঙ্ক, কাদা। আকাশ, স্বর্গ। মূর্খ, বোকা। কড়ি।

দ্রাব, (দ্রব+ঘঞ্—প্রং) সং, পুং, গতি, গমন, পলায়ন। গলন, ক্ষরণ। দ্রুততা, শীঘ্র গমন। উত্তাপ।

দ্রাবক, (দ্রু+ণক—প্রং) স, পুং, প্রস্তরভেদ, স্পর্শমণি, চন্দ্রকান্তমণি। রসিক। চোর। লম্পট। রসবিশেষ। ক্লীং, মোম। প্লীহারোগের ঔষধ বিশেষ বিং, ত্রিং, দ্রবকারক। প্রবর্ত্তক।

দ্রাবকর, (দ্রাব—কর=যে করে। যে কঠিন সুবর্ণাদিধাতু দ্রব করে) সং, ক্লীং, সোহাগা। ধাতুদ্রাবক।

দ্রাবণ, (দ্রাবি=গমনকরান+অনট্+ভা) সং, ক্লীং, তাড়াইয়া দেওয়া। দ্রবীকরণ

দ্রাবিকা, (দ্রাবক+আ—স্ত্রীলিঙ্গে) সং, পুং, লালা, লাল।

দ্রাবিড়, (দ্রবিড়+ষ্ণ=ভবার্থে) সং, পুং, সংখ্যাবিশেষ। দেশবিশেষ। মান্দ্রাজ হইতে কুমারিকা অন্তরীপ পর্য্যন্ত করমণ্ডলকূল বর্ত্তী দেশ। দ্রাবিড় দেশীয় লোক। দ্রাবিড়,কর্ণাট,গুজরাট, মহারাষ্ট্র এবং তৈলঙ্গ এই পঞ্চ দেশবাসী ব্রাহ্মণ "কার্ণাটাশ্চৈব তৈলঙ্গা গুর্জ্জরা রাষ্ট্রবাসিনঃ। আন্ধ্রাশ্চ দ্রাবিড়াঃ পঞ্চ বিন্ধ্যদক্ষিণবাসিনঃ"। বিং,ত্রিং, দ্রাবিড়দেশীয়। ড়ী—স্ত্রীং, ছোট এলাচ।

দ্রাবিড়ক, (দ্রাবিড়+কণ্—জাত অর্থে) সং, পুং, ভৈষজ্যলতাবিশেষ,বেধভূখ্যাক, জিঁয়চষষ্ঠী। ক্লীং, বিট্ লবণ।

দ্রাবিত, (দ্রাবি=গমন করান, গলান+ ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, দ্রবীকৃত। মৃদূকৃত। তাড়িত, দূরীকৃত। পশ্চাদ্ধাবিত।

দ্রাব্য, (দ্রু+ঘ্যণ্—প্রং) বিং, ত্রিং, যে সকল বস্তু তাপসংযোগে দ্রব হইয়া তরল হয়, যেমন—মোম, সীসক, স্বর্ণ, রৌপ্যাদি।

দ্রু, (দ্রু [উপরে] গমনকরা, বৃদ্ধি পাওয়া +উ—প্রং) সং, পুং বৃক্ষ,গাছ। শাখা। স্ত্রীং, গতি।

দ্রুঘণ, (দ্রু=বৃক্ষ—হন্=বধকরা+অল্—ণ। হন্=ঘন) সং, পুং, লৌহ মুদ্গর, হাতুড়ি। কুঠার,বাস। ব্রহ্মার নামান্তর। ভূমিচম্পক।

দ্রুণ, (দ্রুণ্=বধকরা, বক্রকরা+ক—প্রং) সং, ক্লীং, ধনুক। খড়্গ। পুং, বৃশ্চিক। মধুমক্ষিকা। খল। পিস্তল। ণা—স্ত্রীং, জ্যা, ধনুকের ছিলা।

দ্রুণস, (দ্রু=বৃক্ষেরন্যায়—নাসিকা, ৬ষ্ঠী —হিং, নাসিকা=নস) বিং, ত্রিং, দীর্ঘনাসিকাযুক্ত, উগ্রনাসিক।

দ্রুণহ, (দ্রুণ=খড়্গ—হন্=বধকরা, গমন করা+ড—প্রং। দ্রুনহ শব্দও হয়) সং, পুং, খড়্গকোষ, খড়্গের খাপ।

দ্রুণি, দ্রুণী, (দ্রুণ্=বধকরা, গমনকরা+

কি—প্রং। ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, কাষ্ঠ বা প্রস্তর নির্ম্মিত নৌকাকৃতি জল-পাত্রবিশেষ। জল তুলিবার যন্ত্র, মশক। বংশাদি নির্ম্মিত পাত্রবিশেষ, চ্যাঙারি। কাণকোটারি। কচ্ছপী।

দ্রুত, (দ্রু=গমনকরা+ক্ত—প্রং) বিং, ত্রিং, শীঘ্র। গলিত,যাহা গলান গিয়াছে তরল। পলায়িত। ধাবিত। ইতস্ততঃ বিক্ষিপ্ত,ছড়ান। প্রসৃত,চতুর্দ্দিকেব্যাপ্ত সং, পুং, বৃক্ষ, গাছ। ক্লীং, (গীতিশাস্ত্রে) শীঘ্র গমন, শীঘ্র লয়। ক্রিং, বিং, শীঘ্র তাড়াতাড়ি।

দ্রুতচারী, (Cursores, দ্রুতচারিন্, দ্রুত —চারী=যে বিচরণ করে) যে সকল জন্তু ভূমিতে দ্রুতবেগে বিচরণ করে; শাহ মোরগ, কাশোয়ারি প্রভৃতি।

দ্রুতপদ, (দ্রুত—পদ=গমন) সং, ক্লীং, শীঘ্রগমন। বিং, ত্রিং, শীঘ্রগামী।

দ্রুতবিলম্বিত, সং, ক্লীং, ১২ অক্ষর ছন্দো-বিশেষ, যার ৪র্থ ৭ম ১০ম ১২শ বর্ণ গুরু, অবশিষ্ট লঘু। বিং, ত্রিং, শীঘ্র অথচ বিলম্বিত।

দ্রুতি, (দ্রু+ক্তি—ভা) সং, স্ত্রীং, পলা-য়ন। দ্রবীভাব। গলিয়া যাওয়া।

দ্রুনখ, (দ্রু=বৃক্ষ—নখ) সং, পুং, ক-ণ্টক, কাঁটা। [দ্রৌপদীর পিতা।

দ্রুপদ, সং, পুং, চন্দ্রবংশীয় নৃপবিশেষ,

দ্রুপদা, (দ্রুপদ+আপ্—স্ত্রীলিঙ্গে) ঋগ্= বৈদিক মন্ত্রবিশেষ।

দ্রুম, (দ্রু=গমনকরা, ম। যাহারা ঊর্দ্ধে গমন করে) সং, পুং, বৃক্ষ। পারিজাত বৃক্ষ। কুবের।

দ্রুমব্যাধি, (দ্রুম—ব্যাধি=পীড়া) সং, পুং, লাক্ষা, লা।

দ্রুমর, (দ্রুম=বৃক্ষ—রম=ক্রীড়াকরা+ড) সং, পুং, কণ্টক, কাঁটা।

দ্রুমশীর্ষ, (দ্রুম=বৃক্ষ—শীর্ষ=মস্তক, উপ-রিভাগ। যাহার উপরিভাগ বৃক্ষের উপ-রিভাগের ন্যায়। উপমিত, ৬ষ্ঠীহিং) সং, ক্লীং, অট্টালিকা বা প্রাচীরের উপ-রিভাগ। কুট্টিমভেদ।

দ্রুমারি, (দ্রুম—অরি=শত্রু। ৬ষ্ঠী—ষ) সং, পুং, হস্তী, হাতী।

দ্রুমেশ্বর, (দ্রুম—ঈশ্বর=প্রভু। ৬ষ্ঠী—ষ) সং, পুং, তালবৃক্ষ। শশধর, চন্দ্র।

দ্রুমোৎপল, (দ্রুম—উৎপল=পদ্ম। যে বৃক্ষের পুষ্প পদ্মের ন্যায়) সং, পুং, পুষ্প বৃক্ষবিশেষ, কর্ণিকার।

দ্রুবয়, (দ্রু=বৃক্ষ+বয়—পরিমাণার্থে) সং, ক্লীং, পরিমাণ।

দ্রুহ্, (ধ্রুক্, দ্রুহ=ক্ষতিকরা, অনিষ্ট করা +ক্বিপ্) সং, পুং, অপকার। ক্ষতি-কারক। [পুত্র। হী—স্ত্রীং, কন্যা।

দ্রুহ, (দ্রুহ্=বধকরা+অ—প্রং) সং, পুং,

দ্রুহণ, দ্রুহিণ, } (দ্রু [বৃক্ষ] বিশ্ব—ইন্= বধকরা+অন, ইন — ক) যিনি জগৎ নাশকর্ত্তা। অথবা দ্রুহ= বধকরা+অন, ইন। যিনি দুষ্টলোক দিগকে বধ বা শাসন করেন) সং, পুং, ব্রহ্মা।

দ্রূ, (দ্রু=গমনকরা+ক্বিপ্—প্রং। উ= ঊ। যাহা অগ্নির উত্তাপে গলিয়া যায়, অথবা যাহা এক হস্ত হইতে হস্তান্তরে গমন করে) সং, পুং, স্বর্ণ।

দ্রূণ, (দ্রু =অনিষ্টকরা, বধকরা+ন। ন —ণ) সং, পুং, বৃশ্চিক, বিছা।

দ্রেক্ক, দ্রেক্কাণ } সং, পুং, রাশির তৃতীয় অং-শের একাংশ।

দ্রোণ, (দ্রু=গমনকরা+ন—প্রং, ন=ণ) সং, পুং—ক্লীং, মানপাত্রবিশেষ, আঢ়ক আঢ়কচতুষ্টয়, ৩২ সের পরিমাণ। খা-রীর ষোড়শাংশ, ইংরাজী তিন গ্যালন, (Three gallons) (ঘৃতাচী নামে স্ব-র্গবেশ্যাকে দেখিয়া ভরদ্বাজ মুনির রেতঃ স্খলন হয়। তিনি সেই রেতঃ এক দ্রোণীমধ্যে নিক্ষেপ করিয়াছিলেন। সেই দ্রোণী হইতে জন্মহয় বলিয়া দ্রোণ নাম হইল) পুং, কুরুবংশের শস্ত্র গুরু,

দ্রোণাচার্য্য। দাদকঙ্ক, দাঁড়কাক। বৃশ্চিক। চতুঃশত ধনুপরিমিত জলাশয়। মেঘবিশেষ। শ্বেতবর্ণ ক্ষুদ্র পুষ্প বৃক্ষবিশেষ। ঘল্‌ঘসিয়া ফুল।

দ্রোণমুখ, (দ্রোণ—মুখ) সং, পুং, জেলার প্রধান নগর। চতুঃশত গ্রামের প্রধান গনর।

দ্রোণাচার্য্য, (দ্রোণ—আচার্য্য=গুরু) সং, পুং, ভরদ্বাজ মুনিপুত্র,অশ্বত্থামার পিতা, কুরুবংশের গুরু।

দ্রোণি, দ্রু+নি—প্রং) সং, স্ত্রীং, জলসেচনী। জলের গামলা। গোরুর গামলা। দেশবিশেষ। পর্ব্বতবিশেষ। ণি—পুং, নদীবিশেষ। ণী, স্ত্রীং,নীলীবৃক্ষ। পর্ব্বতসন্ধি। উপত্যকা। ডিঙ্গী, ডোঙ্গা পরিমাণ বিশেষ, আধুনিক ১২৮ সের।

দ্রোহ, (দ্রুহ্=হিংসাকরা+ঘঞ্—ভা) সং, পুং, অনিষ্টাচরণ, অপকার। অনিষ্টচিন্তা। পরাভব, অভিভব। হিংসা। শাসনকর্ত্তাদিগের বিরুদ্ধে অস্ত্র গ্রহণ।

দ্রোহাট, (দ্রোহ=অপকার, অনিষ্টাচরণ —অট=যে গমন করে বা হয়) সং, পুং, ব্যাধ। বাক্যের রচনা বিশেষ। গাথাবিশেষ। যে আপনার ধার্ম্মিকতা ভান করে, বৈড়ালব্রতিক, ভণ্ড।

দ্রোহী, (দ্রোহিন্, দ্রুহ্=অনিষ্টাচরণ করা +ণিন্—ক) বিং, ত্রিং, অনিষ্টাচারী, অপকারী। যে অনিষ্টচিন্তা করে। যে শাসনকর্ত্তাদিগের বিপক্ষে অস্ত্র ধারণ করে।

দ্রৌণায়ন, দ্রৌণি, (দ্রোণ+ষ্ণায়ন, ষ্ণি—অপত্যার্থে) সং, পুং, দ্রোণপুত্র, অশ্বত্থামা।

দ্রৌণিক, (দ্রোণ=পরিমাণবিশেষ+ষ্ণিক) বিং, ত্রিং, দ্রোণপরিমিত বীজ বপন যোগ্য (ক্ষেত্রাদি)। দ্রোণ পরিমিত পাত্র।

দ্রৌপদী, (দ্রুপদ=চন্দ্রবংশীয় রাজাবিশেষ +ষ্ণ—অপত্যার্থে ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, পঞ্চপাণ্ডবের পত্নী, দ্রুপদরাজার কন্যা।

দ্বন্দ, (দ্বি=দুই+দ্বিত্ব। নিপাতন) সং, পুং, ঘটিকা যন্ত্রের অংশবিশেষ; যে অংশে ঘটিকা সকল অঙ্কিত থাকে। ক্লীং, মিথুন, স্ত্রীপুরুষ।

দ্বন্দ্ব, (দ্বি=দুই, দ্বিত্ব, নিপাতন) সং, ক্লীং, জোড়া। মিথুন, স্ত্রীপুরুষ। "মৃগদ্বন্দ্বেষু পশ্যন্তৌ স্যন্দনাবদ্ধদৃষ্টিষু" রঘুবংশ। স্ত্রীপুরুষের বিবাহ সূত্রে বন্ধন। বিবাহ। বিবাদ, কলহ। রহস্য। শীতোষ্ণ, সুখ দুঃখ, রাগ দ্বেষ ইত্যাদি পরস্পর বিরুদ্ধ যুগ্ম। "নির্দ্বন্দ্বো নির্ম্মমো ভূত্বা চরিষ্যামি মৃগৈঃ সহ" মহাভারত। যুদ্ধ। পুং, সমাসবিশেষ, যে সমাসে উভয় পদের প্রাধান্য থাকে। রোগবিশেষ। রাশি চক্রের চিহ্নবিশেষ, মিথুন রাশি।

দ্বন্দ্বচর, দ্বন্দ্বচারী, (—রিন্, দ্বন্দ্ব=মিথুন —চর, চারী=যে চরে। যাহারা স্ত্রীপুরুষে চরে) সং, পুং, চক্রবাক পক্ষী।

দ্বন্দ্বজ, (দ্বন্দ্ব—জ=জাত) সং, পুং, দোষদ্বয়োৎপন্ন রোগ। বিং, ত্রিং, বিবাদোৎপন্ন। স্ত্রীপুরুষের সহযোগ উৎপন্ন।

দ্বন্দ্বদুঃখ, (দ্বন্দ্ব—দুঃখ) সং, ক্লীং, শীতোষ্ণ সুখ দুঃখাদির অন্যতরের পরিবর্ত্তন জনিত দুঃখ।

দ্বন্দ্বভিন্ন, (দ্বন্দ্ব—ভিন্ন। ৫মী—ষ) স্ত্রীপুরুষের বিচ্ছেদ, বিরহ। বিয়োগ।

দ্বন্দ্বযুদ্ধ, সং, ক্লীং, মল্লযুদ্ধ, দুই ব্যক্তির পরস্পর যুদ্ধ।

দ্বয়—ক্লীং, য়ী—স্ত্রীং, য়িক—ক্লীং, (দ্বি+অয়ট্—অবয়বার্থে) সর্ব্বং, যুগ্ম। দুই, উভয়। দুই সংখ্যা। সচরাচর বাক্যের শেষে দ্বয় শব্দ প্রয়োগ হইয়া থাকে—যথা পুরুষ-দ্বয়, তাপস দ্বয় ইত্যাদি। "অতদ্বয়ীজিত্বরসুন্দরান্তরে ন তন্মুখস্য প্রতিমা চরাচরে" পূর্ব্বনৈষধ। বিং, ত্রিং, দ্বিত্বসংখ্যাযুক্ত।

দ্বয়াতিগ, (দ্বয়=রজঃ তমঃ এই দুই গুণ—অতি=অতিক্রান্ত—গ=যে গমনকরে) বিং, ত্রিং, রজস্তমোগুণবিহীন, সত্ত্বগুণবিশিষ্ট।

দ্বাঃস্থ, দ্বাস্থ, দ্বাঃস্থিত, দ্বাস্থিত, (দ্বার্—স্থ, স্থিতি=যে থাকে, ৭মী—ষ) সং, পুং, দ্বারপাল। মহাদেবের দ্বারপাল, নন্দী।

দ্বাচত্বারিংশৎ,(দ্বি=দুই-চত্বারিংশৎ=চল্লিশ দুই অধিক চল্লিশ,য়ং—স। মধ্যপদলোপ দ্বি=দ্বা) বিং, ক্লীং, বিয়াল্লিশ, ৪২।

দ্বাত্রিংশৎ, (দ্বি—ত্রিংশৎ=ত্রিশ। দুই অধিক ত্রিংশৎ, য়ং—স। মধ্যপদলোপ দ্বি=দ্বা) বিং, বত্রিশ, ৩২।

দ্বাদশ, (দ্বাদশন্, দ্বি—দশন্=দশ। দুই অধিক দশ, য়ং—স। মধ্যপদ লোপ দ্বি=দ্বা) বিং, ত্রিং, বহুং, বার-সংখ্যা, ১২। (দ্বাদশন্+অ-পূরণার্থে) বিং, ত্রিং বারর পূরণ। শী—স্ত্রীং, তিথিবিশেষ।

দ্বাদশকর, (দ্বাদশ—কর=হস্ত বা কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বৃহস্পতি। কার্ত্তিকেয়।

দ্বাদশলোচন, দ্বাদশাক্ষ (দ্বাদশ=বার—লোচন=অক্ষি চক্ষুঃ, ৬ষ্ঠী-হিং) সং, পুং, ষড়ানন, কার্ত্তিকেয়।

দ্বাদশাংশু, (দ্বাদশ—অংশু=কিরণ) সং, পুং, বৃহস্পতি।

দ্বাদশাক্ষরমন্ত্র, (দ্বাদশ—অক্ষর—মন্ত্র। যে মন্ত্রে দ্বাদশটী অক্ষর আছে) সং, ক্লীং, বার অক্ষর বিশিষ্ট মন্ত্র "ওঁ নমো ভগবতে বাসুদেবায়" ইত্যাদি মন্ত্র।

দ্বাদশাঙ্গুল, (দ্বাদশ—অঙ্গুলি) বিং, ত্রিং, ১২ অঙ্গুলি পরিমিত, বিতস্তি।

দ্বাদশাত্মা, (দ্বাদশাত্মন্, দ্বাদশ [আদিত্য] —আত্মন্। ৬ষ্ঠী—হিং, বিবস্বান্, অর্য্যমা, পূষা, ত্বষ্টা, সবিতা, ভগ, ধাতা, বিধাতা, বরুণ, মিত্র, শক্র, উরুক্রম—এই ১২ নামধারী) সং, পুং, সূর্য্য। আকন্দগাছ।

দ্বাদশায়ুঃ, (দ্বাদশায়ুস্, দ্বাদশ—বার [বর্ষ] —আয়ুস্=জীবন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কুক্কুর।

দ্বাদশার্চ্চিঃ, (দ্বাদশার্চ্চিস্, দ্বাদশ=বার —অর্চ্চিস্=কিরণ, তেজঃ) সং, পুং, বৃহস্পতি।

দ্বাপর, (দ্বি—পর, যে দুই যুগের পর)সং, পুং, তৃতীয়যুগ, ৮৬৪০০০ বৎসর পরিমিত কাল। (কোন ব্যক্তি দূরহইতে স্থানুভূত বৃক্ষকে দেখিয়া অনুমান করিল উহা স্থাণু কি পুরুষ এইপ্রকার দুই পর অর্থাৎ দুই শ্রেষ্ঠ অংশ যাহাতে আছে, ৭মী—হিং) সন্দেহ।

দ্বার্,—স্ত্রীং, দ্বার—ক্লীং, (দ্বৃ=আচ্ছাদন করা+রিচ্—প্রং) সং, দ্বার, দোর। কবাট। উপায়। সম্মুখ।

দ্বারক, (দ্বার=মোক্ষপথ+কণ্ প্রং,) সং, পুং, কা, রিকা,বতী—স্ত্রীং, কৃষ্ণের রাজধানী। [পুং, কবাট।

দ্বারকণ্টক, (দ্বার=দুয়ার—কণ্টক) সং,

দ্বারকেশ, দ্বারকা=কৃষ্ণের নগরী—ঈশ =স্বামী ৬ষ্ঠী—ষ) সং, পুং, শ্রীকৃষ্ণ।

দ্বারপাল, দ্বারপ (দ্বার—পাল, প=যে রক্ষা করে, উপপদ) সং, পুং, দ্বারবান্, দ্বাররক্ষক। প্রতীহারী।

দ্বারপিণ্ডী,সং, স্ত্রীং,দেহলী ঘরেরছাঁইচ। চৌকাঠের উপরিস্থকাষ্ঠখণ্ড। [কাদি।

দ্বারমঞ্চক, সং, পুং, দ্বারোপরিস্থ কাষ্ঠফল

দ্বারযন্ত্র, (দ্বার—যন্ত্র=কল, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, তালা, কুলুপ। অর্গল। খিল।

দ্বারবান্, (দ্বারবৎ, দ্বার+বৎ—অস্ত্যর্থে) সং, পুং,,যে দ্বার রক্ষা করে, প্রতীহারী দৌবারিক।

দ্বারবতী, দ্বারাবতী (দ্বার=মোক্ষের পথ +বৎ—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, দ্বারকা নগরী

দ্বারবলিভুক্, (—জ, দ্বার—বলি=উচ্ছিষ্ট দ্রব্য—ভুজ্ ভক্ষণ করে) সং, পুং, বক।

দ্বারশাখা, (দ্বার=দোর+শাখা) সং, স্ত্রীং, কবাট। দ্বারস্তম্ভ।

দ্বারস্থ, (দ্বার—স্থ=যে থাকে) সং, পুং, দ্বারপাল।
দ্বারা, অং, কারণ বোধার্থ। করণক। হেতু। সাহায্যে। আনুকুল্যে।[দ্বারকা।
দ্বারাবতী, সং, স্ত্রীং, (দ্বারবতী দেখ)
দ্বারিক, দ্বারী (দ্বার+ইক—রক্ষার্থে। দ্বারিন্, দ্বার+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, দ্বারপাল। দ্বারাধিকারে নিযুক্ত।
দ্বাবিংশ, (দ্বাবিংশতি+অ—পূরণার্থে) বিং, ত্রিং, ২২ সংখ্যার পূরণ।
দ্বাবিংশতি, (দ্বি=দুই—বিংশতি=কুড়ি। দুই দ্বারা অধিক কুড়ি, য়ং—স। মধ্যপদলোপ,দ্বি=দ্বা বিং,স্ত্রীং, বাইশ, ২২।
দ্বাসপ্ততি, (দ্বি দুই—সপ্ততি=সত্তর। দুই দ্বারা অধিক সত্তর, য়ং—স। মধ্যপদলোপী দ্বি=দ্বা) বিং,স্ত্রীং,বায়াত্তর, ৭২।
দ্বাস্থ (দ্বার=দোর-স্থ=যেথাকে। র-লোপ) সং, পুং, দ্বাররক্ষক। দ্বাঃস্থ ও হয়।
দ্বাস্থিত, (দ্বার—স্থিত=যে থাকে র লোপ) দ্বারপাল। দ্বাঃ স্থিত ওহয়।
দ্বাস্থিতদশক-দর্শক—সং,পুং, দৌবারিক। দ্বারপাল।
দ্বি, বিং, ত্রিং, দ্বিং, দুই সংখ্যা ২। সংখ্যাবাচক অন্যশব্দের সহিত যুক্ত হইলে দ্বি শব্দস্থানে দ্বাহয় যথা দ্বাদশ। দ্বিশব্দবাচক যথা পক্ষ। নদীকুল। চক্ষু। হস্ত। স্তন। অশ্বিনীকুমার।[দুইপ্রকার।
দ্বিঃ (দ্বি+সুচ্—বারার্থে) অং, দুইবার।
দ্বিক, (দ্বি=দুই—ক=যে কথাতে দুইটি ক আছে ৬ষ্ঠী—হিং) সং, পুং, চক্রবাক কাক। (দ্বি দুই+ক—নিষ্প্রয়োজনার্থে) ক্লীং, দ্বয়,দুই। বিং,ত্রিং,দ্বিত্বসংখ্যাযুক্ত।
দ্বিককার, (দ্বি দুই—ককার=দ্বিক দেখ) সং, পুং, কোক। কাক।
দ্বিককুদ্ (দ্বি=দুই—কুকুদ্=বৃষের স্কন্ধ দেশস্থ ঝুঁটি) সং, পুং, উষ্ট্র, উট্।
দ্বিকরী, (Bimana) যাহাদের শরীরে দুইটি মাত্র কর আছে, যথা—মনুষ্য প্রভৃতি।
দ্বিগর্ভ, (Marsupiata দ্বি—গর্ভ ৬ষ্ঠী—হিং,) সং, পুং, যে সকল প্রাণির উদরের অধঃ প্রদেশে সন্তান ধারণোপযুক্ত থলির ন্যায় দুই আধার থাকে যথা—কঙ্গারু।
দ্বিগর্ভপশু, (Marsupial Animal) যে সকল পশুদের উদরাধঃ প্রদেশে চর্ম্মময় এক প্রকার থলি থাকে যাহার মধ্যে তাহারা শাবক গণকে আশ্রয় দেয় ; যথা কাঙ্গারু।
দ্বিগু, (দ্বি—গো। বোধ হয়, দ্বি প্রভৃতি সংখ্যাশব্দের সহিত গোশব্দ প্রভৃতির সমাস হয় বলিয়া এই সমাসের নাম দ্বিগু হইয়াছে) সং, পুং, ষট্ সমাসান্তর্গত সংখ্যাপূর্ব্ব পদাদির সমাস অর্থাৎ যাহাতে সংখ্যাবাচক পদ পূর্ব্বে থাকে। বিং, ত্রিং, যাহার দুইটি গোরু আছে। "দ্বন্দ্ব দ্বিগুরপি চাহং মদ্গৃহে নিত্যমব্যয়ী ভাবঃ" উদ্ভট।
দ্বিগুণ, দ্বিগুণিত (দ্বি=দুই—গুণ, গুণিত) বিং, ত্রিং, দুইবার গুণিত, দুইসংখ্যা দ্বারা গুণিত। দোহারা।
দ্বিগুণাকৃত, (দ্বিগুণা=দুইবার—কৃত=হল দ্বারা কৃষ্ট) বিং, ত্রিং, বারদ্বয় কৃষ্ট, দুইবার চসা ক্ষেত্র। চসাভূমি প্রভৃতি।
দ্বিগুণীকৃত, (দ্বিগুণ=দুইবার গুণ—কৃত। কৃধাতুজ কৃত শব্দের উত্তর অভূত তদ্ভাবার্থে চ্বি প্রত্যয়। ণ=ণী) বিং,ত্রিং, যাহা দ্বিগুণ করা হইয়াছে। দ্বিগুণিত।
দ্বিজ, দ্বিজন্মা, দ্বিজাতি (দ্বি—জ=জন্ম। দ্বিজন্মন্, দ্বি—জন্মন্=জন্ম। দ্বি—জাতি জন্ম। যাহাদের জন্ম ও জন্মান্তর সংস্কার রূপ দ্বিতীয় জন্ম হয়, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ব্রাহ্মণ,ক্ষত্রিয়, বৈশ্য।"মাতুর্যদগ্রে জায়ন্তে। দ্বিতীয়ং মৌঞ্জি বন্ধনাৎ। ব্রাহ্মণক্ষত্রিয়বিশস্তস্মাদেতে দ্বিজাঃস্মৃতাঃ" "জন্মনা ব্রাহ্মণো জ্ঞেয়ঃ সংস্কারৈর্দ্বিজ উচ্যতে। বিদ্যয়া যাতি বিপ্রত্বং ত্রিভিঃ শ্রোত্রিয় উচ্যতে।" (যাহাদের

অণ্ড ও শাবক এই দুই প্রকারে জন্ম হয়) পক্ষ্যাদি। (যাহারা দুইবার হয়) দন্ত। ধান। বিং, ত্রিং, দুইবার জাত। জা,স্ত্রীং,রেণুকা নামক গন্ধদ্রব্য বিশেষ। সভাবিশেষ, পাল্কী।

দ্বিজকুৎসিত, (দ্বিজ=পক্ষী—কুৎসিত= অবমানিত। যে পক্ষী কর্ত্তৃক অবমানিত) সং, পুং, বৃক্ষ, গাছ।

দ্বিজদাস,(দ্বিজ=ব্রাহ্মণাদি—দাস=ভৃত্য যাহারা ব্রাহ্মণ দিগের ভৃত্য। ৬ষ্ঠী—ষ) সং, পুং, শূদ্রজাতি। [সং, পুং, চন্দ্র।

দ্বিজপতি, (দ্বিজ=ব্রাহ্মণ—পতি=প্রভু)

দ্বিজপ্রপা, (দ্বিজ=পক্ষী ইত্যাদি—প্র—পা=পানকরা+ড—আ,স্ত্রীলিঙ্গে প্রং) সং, স্ত্রীং, প্রাচীরাদির নিকটবর্ত্তী, পক্ষী গবাদির জলপানার্থ নির্ম্মিত ক্ষুদ্র জলাধার, আলবাল।

দ্বিজপ্রিয়, (দ্বিজ=ব্রাহ্মণ—প্রিয়। ৬ষ্ঠী ষ) বিং, ত্রিং, ব্রাহ্মণদিগের প্রিয়। য়া—সং, স্ত্রীং, সোমলতা। পূর্ব্বকালে ব্রাহ্মণেরা যজ্ঞাবসানে সোমরস পান করিতেন এই নিমিত্ত সোমলতার নাম দ্বিজপ্রিয়া হইয়াছে।

দ্বিজরাজ, (দ্বিজ=ব্রাহ্মণ—রাজ=রাজন্ শব্দজ, ৬ষ্ঠী—ষ। গ্রহ নক্ষত্র বিপ্র ও লতাদি রাজ্যে ব্রহ্মা চন্দ্রকে অভিষিক্ত করিয়াছেন) সং, পুং, চন্দ্র। "দ্বিজা নামোষধীনাং চ সোমং রাজ্যেঽভ্যষেচয়ৎ। কর্পূর। (ক্ষত্রিয় বৈশ্যদের মধ্যে শ্রেষ্ঠ) গরুড়। (সর্পদের মধ্যে শ্রেষ্ঠ) অনন্ত।

দ্বিজলিঙ্গী, (দ্বিজলিঙ্গিন্, দ্বিজ=দুইবার জাত—লিঙ্গ—চিহ্ন + ইন্——অস্ত্যর্থে) সং, পুং, দ্বিজবেশধারী, ছল ব্রাহ্মণ। ক্ষত্রিয়।

দ্বিজবন্ধু, সং, পুং, অপকৃষ্ট দ্বিজ, দৈবজ্ঞ ভাট প্রভৃতি। "স্ত্রীশূদ্র দ্বিজবন্ধূনাং ত্রয়ন শ্রুতিগোচরা"।

দ্বিজবর, দ্বিজবর্য্য (দ্বিজ=ব্রাহ্মণ—বর, বর্য্য=শ্রেষ্ঠ) সং, পুং, ব্রাহ্মণ।

দ্বিজব্রণ, (দ্বিজ=দন্ত—ব্রণ পীড়া) সং, পুং, দন্তরোগ।

দ্বিজব্রুব, (দ্বিজ—ব্রুব [ব্রু=বলা+অ—ক] যে বলে। দ্বিজ নয় তথাচ যে আপনাকে ব্রাহ্মণ বলে) সং, পুং, ছলব্রাহ্মণ, অধম দ্বিজ।

দ্বিজশপ্ত, দ্বিজ=ব্রাহ্মণ—শপ্ত=অভিশপ্ত। ব্রাহ্মণ কর্ত্তৃক যাহা শপ্ত অর্থাৎ কোন কোন সময়ে ভক্ষণ করিতে নিষিদ্ধ) সং,পুং,কলাই বিশেষ, রাজমাস,বর্ব্বটী।

দ্বিজসত্তম, দ্বিজ—সত্তম=অত্যুত্তম) সং, পুং, দ্বিজশ্রেষ্ঠ, ব্রাহ্মণ।

দ্বিজায়নী,(দ্বিজ=দুইবার জাত+ষ্ণায়ন—প্রং ঈপ্ স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, যজ্ঞোপবীত, পৈতা।

দ্বিজালয়, (দ্বিজ=ব্রাহ্মণ, পক্ষী—আলয় =বাসস্থান। ৬ষ্ঠী ষ) সং, পুং, বৃক্ষের কোটর। ব্রাহ্মণের বাটী।

দ্বিজিহ্ব, (দ্বি—জিহ্বা=জিব। যাহাদের দুই জিহ্বা, ৬ষ্ঠী=হিং) সং, পুং, সর্প। এইরূপ বর্ণিত আছে যে অমৃত ভোজন বাসনায় সমস্ত সর্পগণ কুশাসন লেহন করাতে তাহাদের জিহ্বা দ্বিখণ্ড হইয়াছে। যাহার দুই জিহ্বা, যে এক ব্যক্তির নিকট এক প্রকার বলিয়া অন্য ব্যক্তির নিকট অন্য একরূপ বলে,দুর্জ্জন, খল। "দ্বিজিহ্ববদনং ধত্তে দুষ্টো দুর্জ্জন পন্নগঃ"। সূচক। গোয়েন্দা। চোর।

দ্বিজিহ্বতা, (দ্বিজিহ্ব=কপট, খল+তা—ভাবার্থে)সং, স্ত্রীং, কাপট্য, অসরলতা। অসাধুতা।

দ্বিজোত্তম, (দ্বিজ=ক্ষত্রিয়, বৈশ্য—উত্তম, যাঁহারা ক্ষত্রিয় বৈশ্যের মধ্যে উত্তম, ৭মী—ষ) সং, পুং, ব্রাহ্মণ।

দ্বিজ্যা, (দ্বি—জ্যা) সং, স্ত্রীং, বৃত্তাংশের উভয়কোটি সংযোজক রেখা (The sine, or chord of an arc.)

দ্বিজ্যামাত্র, (দ্বিজ্যা—মাত্র) সং, পুং,

ভূমির সমান্তরাল রেখা (A horizontal line.)

দ্বিঠা , সং, স্ত্রীং, অগ্নিপত্নী, স্বাহা।

দ্বিতয়, (দ্বি+তয়ট্—অবয়বার্থে) সং, ক্লীং; য়ী—স্ত্রীং, যুগ্ম। দ্বয়, দুই সংখ্যা। দ্বিপ্রকার। বিং, ত্রিং, দ্বিত্বসঙ্খ্যাযুক্ত।

দ্বিতল ; বিং, ত্রিং, দোতলা, যে গৃহের দুই তল।

দ্বিতীয়, (দ্বি+তীয়—পূরণার্থে) বিং, ত্রিং, দুয়ের পূরক,সং, পুং, পুত্র। ধনাদি বিষয়ের প্রথম অধিকারী অৰ্জ্জক এবং দ্বিতীয় অধিকারী অর্জ্জকের পুত্র, এই নিমিত্ত দ্বিতীয় শব্দের অর্থ পুত্র হইয়াছে য়া—স্ত্রীং,পত্নী, ভার্য্যা। পরিণীতা ভার্য্যা পরিণেতার দ্বিতীয় আত্মা স্বরূপ বলিয়া দ্বিতীয়ার অর্থ ভার্য্যাও হইয়াছে। তিথিবিশেষ, পক্ষের দ্বিতীয় দিন।

দ্বিতীয়াকৃত, (দ্বিতীয়—আকৃত=কৃত, কৃষ্ট) বিং, ত্রিং, দুইবার কৃষ্ট (ক্ষেত্রাদি)।

দ্বিত্র, (দ্বি=দুই—ত্র=ত্রিশব্দজ) বিং, ত্রিং, দুই অথবা তিন।

দ্বিদৎ, দ্বিদন্ত } (দ্বি=দুই—দন্ত=দাঁত, ৬ষ্ঠী—হিং। দন্ত=দৎ। বয়স বুঝাইলে দন্ত স্থানে দৎ আদেশ হয় না। বিং, ত্রিং, দন্তদ্বয়বিশিষ্ট (বৃষাদি)।

দ্বিদল, (দ্বি=দুই—দল, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার দুই দল, দ্বিপর্ণ। যাহা দুই ভাগে বিভক্ত। সং,পুং, কলায় প্রভৃতি।

দ্বিদাম্নী, (দ্বি—দামন্=রজ্জু, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, দুইগাছা রজ্জু দ্বারা বদ্ধ গাভি।

দ্বিদেহ, (দ্বি=দুই—দেহ=শরীর; ৬ষ্ঠী—হিং। যাহার মস্তক হস্তীর ন্যায় এবং অন্যান্য অঙ্গ মানবের ন্যায়) সং, পুং, গজানন, গণেশ।

দ্বিদৈবত্যা, (দ্বি=দুই—দৈবত=দেবতা +ক্যপ্। আপ্—স্ত্রীলিঙ্গে) বিশাখা নক্ষত্র। ইন্দ্র এবং অগ্নি বিশাখা নক্ষত্রের অধিপতি বলিয়াইহাকে দ্বিদৈবত্যা বলা যায়।

দ্বিধা, দ্বেধা (দ্বি+ধাচ্—প্রকারার্থে) ক্রিং—বিং, অং, দ্বিবিধ। "ষড়্জসংবাদিনীঃ কেকা দ্বিধাভিন্নাঃ শিখণ্ডিভিঃ" রঘুবংশ। দুইবার। দুইখণ্ড। "দলতি হৃদয়ং, গাঢ়োদ্বেগাৎ দ্বিধা নতু ভিদ্যতে" উত্তরচরিত।

দ্বিধাকরণ, সং,ক্লীং, দুই অংশে বিভজন।

দ্বিধাকৃত, বিং, ত্রিং, যাহাকে দুই অংশে বিভক্ত করা গিয়াছে।

দ্বিধাগতি, (দ্বিধা=দ্বিবিধ [জলে এবং স্থলে]—গতি=গমন। সং, পুং, কুম্ভীর। বিং, ত্রিং, দ্বিপ্রকার গতিবিশিষ্ট।

দ্বিধাতু, (দ্বি=দুই—ধাতু=প্রকৃতি। দ্বিদেহ দেখ) সং, পুং, গণেশ। ক্লীং, ধাতুদ্বয়।

দ্বিধাত্মক, (দ্বিধা—আত্মন্+কণ্) সং, ক্লীং, জায়ফল।

দ্বিনগ্নক, (দ্বি--নগ্ন=বিবস্ত্র, অনাবৃত+কন্) সং, পুং, যাহার মেঢ্র আবরণ শূন্য, দুশ্চর্ম্মা, বণ্ড (A circumcised man)। [ত্রিং, নিষ্কদ্বয়ে ক্রীত।

দ্বিনিষ্ক, (দ্বি—নিষ্ক=মূল্যবিশেষ) বিং,

দ্বিপ, (দ্বি+দুই—প [পা=পানকরা+ড—ক] যে পান করে। যে দুই ইন্দ্রিয়ের দ্বারা পান করে অর্থাৎ শুণ্ড-দ্বারা জল উত্তোলন পূর্ব্বক মুখ দ্বারা পান করে) সং, পুং, গজ, নাগ, হস্তী। "কণ্ডূয়মানেন কটং কদাচিৎ বন্যদ্বিপেনোন্মথিতা ত্বগস্য" রঘুবংশ।

দ্বিপত্রোৎপত্তিক, (Dicotyledonous) বিং, ত্রিং, বীজ অঙ্কুরিত হইবার সময় যাহা হইতে কেবল দুইটীমাত্র পত্র বিনির্গত হয়, যথা—আম্র, নীচু প্রভৃতি।

দ্বিপথ, (দ্বি—পথ) সং, ক্লীং, যে স্থানে দুইটী রাস্তা মিলিত হয়।

দ্বিপদ, (দ্বি=দুই—পদ=পা, সমাহার দ্বন্দ্ব+৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, পদদ্বয়বিশিষ্ট, যাহার দুই পা। সং, পুং, মনুষ্য। দেবতা। পক্ষী। রাক্ষস। দী—স্ত্রীং, ছন্দোবিশেষ। দা—ঋক্‌বিশেষ।

দ্বিপদরাশি, (দ্বিপদ—রাশি) সং, সিমুল তুলা। কুম্ভ। কন্যা। ধনুর পূর্ব্বার্দ্ধ।

দ্বিপাদ্য, (দ্বি=দুই—পাদ=অংশ+য—প্রং) সং, ক্লীং, দ্বিগুণ অর্থদণ্ড।

দ্বিপায়ী, (দ্বিপায়িন্,দ্বি=দুই—পায়িন্=যে পান করে। দ্বিপ দেখ) সং, পুং, দ্বিপ, হস্তী।

দ্বিপুরোদন্তী, (Radentia, দ্বি—পুরস্ অগ্রে—দন্তী = দন্তবিশিষ্ট) সং, পুং, যে সকল পশুর মুখের সম্মুখে প্রত্যেক পাটীতে দুইটী করিয়া দন্ত থাকে, যথা —কাঠবিড়ালী, শশক, শল্লকী, মূষিক প্রভৃতি। [বাসুদেব।

দ্বিপৃষ্ঠ, সং, পুং, স্বনাম প্রসিদ্ধ রাজা।

দ্বিভুজ, (দ্বি=দুই—ভুজ=বাহু) সং, পুং, দুই হাত। বিং, ত্রিং, ভুজদ্বয়বিশিষ্ট। কোণ, (angle)

দ্বিমাতৃক, (দ্বি দুই—মাতৃ=মাতা+ক—প্রং) সং, পুং, গণেশ। জরাসন্ধ। ভগীরথ।

দ্বিমুখ, (দ্বি=দুই—মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, রাজসর্প। খা—স্ত্রীং, গাড়ু। জোঁক বিং, ত্রিং, মুখদ্বয়বিশিষ্ট, যাহার দুই-দিকে মুখ আছে।

দ্বিমুখাহি, (দ্বিমুখ—অহি=সর্প। যে সর্পের দুইদিকে মুখ) সং, পুং, সর্প-বিশেষ, রাজসর্প, সাঁকিনী সাপ।

দ্বিমূর্দ্ধ, (দ্বি=দুই—মূর্দ্ধন্=মস্তক) বিং, ত্রিং, যাহার দুই মাথা, মস্তকদ্বয় যুক্ত।

দ্বিরদ, (দ্বি—রদ=দন্ত, ৬ষ্ঠী—হিং) সং, পুং, হস্তী। "বধ্বা সার্দ্ধং পয়সি বিহরন্ সোয়মন্যেন বেগাদুদ্দামেন দ্বিরদ পতিনা সন্নিপত্যাভিযুক্তঃ" উত্তরচরিত।

দ্বিরদান্তক, (দ্বিরদ—অন্তক=নাশকারী) সং, পুং, সিংহ।

দ্বিরশন, (দ্বিঃ=দুইবার—অশন=ভোজন) সং, ক্লীং, দুইবার ভোজন।

দ্বিরসন, (দ্বি=দুই—রসনা=জিহ্বা, ৬ষ্ঠী -হিং) সং, পুং, দ্বিজিহ্ব, সর্প

দ্বিরাগমন, (দ্বিঃ=দুইবার—আগমন) সং, ক্লীং, বিবাহানন্তর কন্যার স্বামি-গৃহে দ্বিতীয়বার আগমন। "বৃত্তেপাণি গ্রহে গেহাৎ পিতুঃ পতিগৃহং প্রতি। পুনরাগমনং যৎ স্যাত্তৎ দ্বিরাগমনং বিদুঃ"।

দ্বিরাপ, (দ্বিঃ=দুই—আপ [আ—পা =পান করা+ড—ক] যে পান করে। দ্বিপ দেখ। সং, পুং, হস্তী।

দ্বিরাশী, (দ্বিরাশিন্, দ্বিঃ=দুইবার—অশ্ ভোজনকরা+ণিন্—ক) বিং, ত্রিং, দ্বির্ভোজী, যে দুইবার ভোজন করে।

দ্বিরুক্ত, (দ্বিঃ=দুইবার—উক্ত=কথিত) বিং, ত্রিং, দুইবার কথিত। (ব্যাকরণে) যাহার দ্বিত্ব হয়।

দ্বিরুক্তি, (দ্বিঃ=দুইবার—উক্তি=কথন) সং, স্ত্রীং, বারদ্বয় কথন, দুইবার বলা। দ্বিত্ব।

দ্বিরূঢ়া, (দ্বিঃ=দুইবার—ঊঢ়া=বিবাহিতা) সং, স্ত্রীং, দুই বার বিবাহিতা স্ত্রী,পুনর্ভূ

দ্বিরূপ, (দ্বি—রূপ=আকৃতি) সং, পুং, অভিধানবিশেষ। বিং, ত্রিং, রূপদ্বয় বিশিষ্ট।

দ্বিরেফ, (দ্বি—রেফ=রকার, দুইরকার বিশিষ্ট,"দ্বৌরেফৌ বর্ণবিশেষৌ যস্য সঃ দ্বিরেফো ভ্রমরঃ। উপচারাত্তদর্থোপি দ্বিরেফো উচ্যতে। যথাহ কৈযটঃ শব্দ-ধর্ম্মেণাপ্যর্থস্য ব্যপদেশো দৃশ্যতে, যথা 'ভ্রমর শব্দস্য দ্বিরেফত্বাৎ দ্বিরেফোভ্রমরঃ' মল্লিনাথ) সং,পুং,ভ্রমর। "নিবেশয়ামাস মধুর্দ্বিরেফান্ নামাক্ষরাণীব মনোভবস্য" "মধু দ্বিরেফঃ কুসুমৈকপাত্রে, পপৌ প্রিয়াং স্বামনুবর্ত্তমানঃ" কুমার সম্ভব। ৬ষ্ঠী—হিং) সং, পুং, ভ্রমর।

দ্বিবিন্দু, (দ্বি=দুই—বিন্দু=শূন্য (০) যে বর্ণে দুইটী বিন্দু আছে। ৭মী—হিং) সং, পুং, বিসর্গ বর্ণ (ঃ)।

দ্বিবচন, সং, ক্লীং, ব্যাকরণে দুই সংখ্যা বোধক বিভক্তি

দ্বিবর্ষা } (দ্বি—দুই—বর্ষ=বৎসর, ৬ষ্ঠী
দ্বিবর্ষিকা } —হিং। দ্বিবর্ষা+ক—যোগ, সং, স্ত্রীং, দুই বৎসর বয়স্কা গবী।

দ্বিবর্ষীণ, } (দ্বি=দুই—বর্ষ= বৎসর
দ্বিবার্ষিক, } +ঈন, ষ্ণিক—কালার্থে। ভবিষ্যৎকালে, দ্বৈবার্ষিক শব্দও হয়) বিং, ত্রিং, দুই বৎসর বয়স্ক। দুইবৎসরোৎপন্ন ধান্যাদি।

দ্বিবাহিকা, (দ্বি=দুই—বহ্=বহনকরা+ণক—প্রং। আপ্—স্ত্রীলিঙ্গে। যাহা দুই ব্যক্তিদ্বারা সচরাচর বহন করা হয়) সং, স্ত্রীং, হিন্দোল, দোলা, ডুলি।

দ্বিবিদ, সং, পুং, স্বনাম খ্যাত বানরবিশেষ, ইহাকে রামচন্দ্র বধ করিয়াছিলেন।

দ্বিবিদারি, (দ্বিবিদ—অরি=শত্রু, ৬ষ্ঠী—য) সং, পুং, রামচন্দ্র। [প্রকার।

দ্বিবিধ, (দ্বি—বিধ=প্রকার) বিং, ত্রিং দুই

দ্বিবেশরা, সং, স্ত্রীং, ক্ষুদ্র রথবিশেষ।

দ্বিশঃ, (দ্বিশস্, দ্বি=দুই+শস্—প্রং) অং, দুইবার। দুই দুই। দুজন দুজন।

দ্বিশফ, (দ্বি=দুই—শফ=খুর) সং, পুং, দুই খুরযুক্ত পশু, যাহাদিগের খুর দুই ভাগে বিভক্ত, গো মহিষাদি।

দ্বিশীর্ষক, (দ্বি=দুই+শীর্ষ=মস্তক+কণ্—যোগ) সং, পুং, অগ্নি।

দ্বিশ্বাসী, (Amphineustra) আস্কোলোটল জীব, ইহারা জন্মাবধি কর্ণকুহর ও ফুস্ফুস্ এই দুই যন্ত্র দ্বারা শ্বাস কার্য্য সম্পন্ন করে, ইহাদিগের শরীর মৎস্যের ন্যায় এবং ইহাদের চারিটী পা হংসের ন্যায় সন্তরণোপযোগী।

দ্বিট্—পুং, দ্বিষৎ—ত্রিং, (দ্বিষ্, দ্বিষ্=দ্বেষকরা+ক্বিপ্, শতৃ—ক) সং, শত্রু, দ্বেষী। বিং, ত্রিং, দ্বেষকারী, শত্রুভাবাপন্ন।

দ্বিষন্তপ, (দ্বিষ্=শত্রু—তপ=সন্তাপদেওয়া+খ) বিং, ত্রিং, পরন্তপ, যে শত্রুকে তাপ দেয়। অপকারের প্রতিশোধ দান, প্রত্যপকার করণ।

দ্বিষ্ট, (দ্বিষ্=দ্বেষকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে দ্বেষ করা যায়। তাম্র, তাঁবা। [ত্রিং, দুয়েতে স্থিত, উভয়স্থ।

দ্বিষ্ঠ, (দ্বি=দুই—স্থ=যে থাকে) বিং,

দ্বিসপ্ততি, (দ্বি দুই—সপ্ততি=সোত্তর। দুই অধিক সোত্তর, যং—স। মধ্যপদলোপ) সং, স্ত্রীং, বায়াত্তর, ৭২।

দ্বিসম, (দ্বি=দুই—সম=সমানতুল্য) বিং, ত্রিং, সমান দুই ভাগ বিশিষ্ট।

দ্বিসমত্রিভুজ, (দ্বিসম—ত্রিভুজ=ত্রিকোণ, (traingle) সং, স্ত্রীং, যে ত্রিভুজের দুই বাহু সমান (the isosceles traingle)

দ্বিসহস্রাক্ষ, (দ্বিসহস্র=দুইহাজার—অক্ষি=চক্ষুঃ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সর্পরাজ, অনন্তদেব।

দ্বিসীত্য, } (দ্বি=দুইবার—সীতা, হল=
দ্বিহল্য, } লাঙ্গল+য—কৃতার্থে) বিং, ত্রিং, দ্বিগুণাকৃত, বারদ্বয়কৃষ্ট।

দ্বিহন্, (দ্বি=হন্ [হন=বধকরা+ক্বিপ্] যে শুণ্ড এবং দণ্ড এই দুয়ের দ্বারা বধ করে) সং, পুং, হস্তী, হাতী।

দ্বিস্স্বিন্ন, (দ্বিঃ=দুইবার—স্বিন্ন=পক্ব) সং, ক্লীং, সিদ্ধ তণ্ডুল।

দ্বিহায়নী, (দ্বি—হায়ন=বৎসর, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, দ্বিবৎসর বয়স্কা গবী।

দ্বিহৃদয়া, (দ্বি—হৃদয়=অন্তঃকরণ, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, গর্ভিণী, অন্তঃসত্ত্বা। দোহদ দেখ।

দ্বীপ, (দ্বি=দুই [অর্থাৎ দুই পার্শ্বে] অপ=জল, ৬ষ্ঠী—হিং, অ=ঈ) সং, পুং, ক্লীং, চতুর্দ্দিকে জল বেষ্টিত স্থল। পৌরাণিকেরা বলেন যে এই পৃথিবী জম্বু, কুশ, প্লক্ষ, শাল্মলি, ক্রৌঞ্চ, শাক, এবং পুষ্কর এই সাতটী দ্বীপে বিভক্ত। "দ্বীপাদপ্যন্যস্মাৎ জলনিধের্মধ্যাৎ দিশোপ্যন্তাৎ। আনীয় ঝটিতি ঘটয়তি বিধিরভিমতমভিমুখীভূতঃ" রত্নাবলী।

দ্বীপকর্পূরক, (দ্বীপ—কর্পূরক=কর্পূর) সং, পুং, চীনদেশোদ্ভব কর্পূর।

দ্বীপবান্, (দ্বীপবৎ, দ্বীপ+বতু—অস্ত্যর্থে) সং, পুং, সমুদ্র। নদ। বতী-স্ত্রীং, নদী। ভূমি।

দ্বীপী, (দ্বীপিন্,দ্বীপ+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, চিতেবাঘ। সমুদ্র। বিং, ত্রিং, দ্বিপবাসী।

দ্বীপ্য, (দ্বীপ+ক্যপ) বিং, ত্রিং, দ্বীপবাসী। সং, পুং, বায়সবিশেষ। মহর্ষি বেদব্যাসের নামান্তর।

দ্বেষ, (দ্বিষ=দ্বেষকরা+ঘঞ্—ভা) সং, পুং, শক্রুতা,বৈর,অসূয়া, ঈর্ষা, ক্রোধ। বিরাগ।

দ্বেষণ, দ্বেষী, দ্বেষ্টা,(দ্বেষ=দেখ, অনট্—ক। দ্বেষিন্, দ্বিষ্+ণিন্—ক। দ্বেষ্টৃ, দ্বিষ্+তৃণ্—ক) বিং, ত্রিং, শক্র। দ্বেষণ শব্দে ক্লীবলিঙ্গে দ্বেষ অর্থও হয়।

দ্বেষ্য, (দ্বিষ্+য—র্ম্ম) বিং, ত্রিং, দ্বেষের পাত্র বা বিষয়। বিদ্বেষার্হ। ঘৃণার্হ। "দ্বেষ্যোপি সম্মতঃ শিষ্টস্তর্ত্তস্যান্ত চ যথৌষধং" রঘুবংশ। "নদেহজীবিতঃ কশ্চিৎ কালধর্ম্মমুপাগতঃ প্রিয়ো বা যদি বা দ্বেষ্যঃ প্রাণিনাং গতিরীদৃশী" মহাভারত।

দ্বৈগুণিক, (দ্বি=দুই—গুণ=সংখ্যা+ষ্ণিক—প্রয়োজনার্থে। যে এক গুণ দিয়া দুই গুণ গ্রহণ করে) বিং, ত্রিং, বৃদ্ধিজীবি, সুদখোর। [দুইগুণ, দ্বিগুণ করা।

দ্বৈগুণ্য, (দ্বিগুণ+ষ্ণ্য—প্রং) সং, ক্লীং,

দ্বৈত, (দ্বি+ত—প্রং, দ্বিত+ষ্ণ—প্রং) সং, ক্লীং, দ্বিতীয়ত্ব। দ্বিবিধত্ব। (দানশাস্ত্রে) বাহ্য ও আন্তরিক এই দুই পদার্থের অস্তিত্ব স্বীকার (Natural Realism or Dualism)।

দ্বৈত-বন, সং, ক্লীং, বনবিশেষ। বনবাস কালে যুধিষ্ঠিরাদি এই বনে বাস করিয়াছিলেন।

দ্বৈতবাদী, (দ্বৈতবাদিন্, দ্বৈত—বাদী=যে বলে) বিং, ত্রিং, যাহারা জীবাত্মা ও পরমাত্মা ভিন্ন বলিয়া স্বীকার করে। যে দার্শনিকেরা বাহ্যপদার্থ এবং আন্তরিকপদার্থের অস্তিত্ব স্বীকার করেন (Natural Realist or Dualist.)

দ্বৈতীয়ীক, (দ্বিতীয়+ষ্ণীক—স্বার্থে ক—যোগ) বিং, ত্রিং, দ্বিতীয়।

দ্বৈধ, (দ্বিধা+ষ্ণ—স্বার্থে, নিপাতন) সং, ক্লীং, দ্বিধা, দ্বিপ্রকার। সন্দেহ। বিবাদ মতভেদ। যুদ্ধকৌশল, যুদ্ধচাতুরী। যুদ্ধকারী সৈন্যগণের সাহায্যার্থ রক্ষিত সেনাদল। (A reserve)

দ্বৈধম্, (দ্বি+ধাচ্—প্রকারার্থে) অং, দ্বিধা। প্রবল শত্রুর প্রতি মৌখিক আত্মসমর্পণ।

দ্বৈধীভাব, (দ্বৈধ=দুইপ্রকার—ভাব ; ভূধাতুজ ভাবশব্দের উত্তর চ্বি প্রত্যয় অ=ঈ) ভিন্নভাব, পার্থক্য। মিত্র রাজাদিগের মধ্যে কলহোৎপাদন।

দ্বৈপ, (দ্বীপ=ব্যাঘ্রচর্ম্ম+ষ্ণ—ইদমর্থে সং, পুং, ব্যাঘ্রচর্ম্মাবৃত রথ। ক্লীং, ব্যাঘ্রচর্ম্ম। বিং, ত্রিং, দ্বীপসম্বন্ধীয়।

দ্বৈপসাগর, (Archipelago) বহুসংখ্যক দ্বীপাকীর্ণ সাগরাদি।

দ্বৈপায়ন, (দ্বীপায়ন [দ্বীপ—অয়ন=জন্মস্থান। দ্বীপ যাহার জন্ম স্থান। ৬ষ্ঠীহিং] ষ্ণ—স্বার্থে। "দ্বীপোঽয়নং জন্মভূমির্যস্য স দ্বীপায়নঃ স এব দ্বৈপায়নো ব্যাসঃ" মল্লিনাথ) সং, পুং, ব্যাসদেব। "ন্যস্তো দ্বীপে স যদ্বালস্তস্মাদ্দ্বৈপায়নঃ স্মৃতঃ"। [দ্বীপসম্বন্ধীয়।

দ্বৈপ্য, (দ্বীপ+ষ্ণ্য—ইদমর্থে) বিং, ত্রিং,

দ্বৈমাতুর, (দ্বিমাতৃ+ষ্ণ—অপত্যার্থে। ঋ=উ যিনি দুই মাতার পুত্র) সং, পুং, গণেশ। জরাসন্ধ। বিং, ত্রিং, দুইমাতার সন্তান।

দ্বৈমাতৃক, (দ্বিমাতৃ+ক—প্রং) সং, পুং, বৃষ্টির জল ও নদীজলোৎপন্ন ধান্যাদি।

দ্বৈমিত্রি, (দ্বি=দুই—মিত্র+ষ্ণি) বিং, ত্রিং, প্রিয়জনদ্বয় সম্ভূত, দম্পতী সম্ভূত সন্তানাদি

দ্বৈরথ, (দ্বি=দুই—রথ+ষ্ণ) দুই রথারোহী যোদ্ধৃপুরুষের পরস্পর যুদ্ধ।
দ্বৈবিধ্য, (দ্বিবিধ+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, দুই প্রকার, দ্বিবিধতা।
দ্ব্যঙ্গুল,(দ্বি=দুই—অঙ্গুলি, দ্বিগু—স,ই=অ—প্রং) বিং,ত্রিং,দুই অঙ্গুলি পরিমিত।
দ্ব্যঞ্জল, (দ্বি—অঞ্জলি, দ্বিগু—স, ই=অ—প্রং) বিং,ত্রিং, দুই অঞ্জলি পরিমিত।
দ্ব্যণুক, (দ্বি—অণু+ক—যোগ) বিং, ত্রিং, দুই পরমাণুর সমষ্টি। "একস্য পরমাণোরপ্রত্যক্ষত্বেপি তৎসমূহস্য দ্ব্যণুকাদেঃ প্রত্যক্ষত্বাৎ" বিশ্বনাথ।
দ্ব্যর্থ, (দ্বি—অর্থ=বোধ) বিং, ত্রিং, যাহাতে দুই অর্থ বুঝা যায়, অর্থদ্বয়যুক্ত। দুই উদ্দেশ্য বিশিষ্ট।
দ্ব্যষ্ট, (দ্বি=দুই [ধাতু ; স্বর্ণ এবং রৌপ্য] —অশ্=ব্যাপা+ক্ত—প্রং। যাহা দুই উৎকৃষ্ট ধাতুতে খাদরূপে মিশ্রিত করা যায়) সং, ক্লীং, তাম্র, তাঁবা। [দুইদিন।
দ্ব্যহ, (দ্বি=দুই—অহন্=দিন) সং, পুং,
দ্ব্যাত্মক, (দ্বি—আত্মন্+কণ্) বিং, ত্রিং, পদার্থদ্বয় সম্বন্ধীয়, দুইএর স্বরূপ, দ্বিবিধ সং, পুং, মিথুন, ধনু, কন্যা, এবং মীনরাশি।
দ্ব্যামুষ্যায়ণ,(দ্বি—আমুষ্যায়ণ=অমুষ্যপুত্র) সং, পুং, দত্তকপুত্রবিশেষ,যে পুত্র চূড়াকরণের পর জনক ও প্রতিগৃহীতা উভয়ের সম্মতিক্রমে পরিগৃহীত হইয়া উভয়ের পিণ্ডদান ও ধন গ্রহণ করে। "চূড়ান্ত সংস্কারসংস্কৃতস্য পরিগ্রহে জনক প্রতিগ্রহিত্রোরুভয়োরভিসন্ধানে দত্তকস্য দ্ব্যামুষ্যায়ণত্বং নান্যত্র" শিরোমণি
দ্ব্যাহিক, (দ্ব্যহ+ষ্ণিক—ভবার্থে) বিং, ত্রিং, দুই দিবসে জাত বা সম্পন্ন, যাহা দ্বিতীয় দিনে হয়। উভয়দিনভোগ্য জ্বরাদি।

ধ।

ধ, ব্যঞ্জনের ঊনবিংশবর্ণ এবং ত বর্গের চতুর্থবর্ণ। (ধা=ধারণকরা+ড—প্রং) সং,পুং,ব্রহ্মা। কুবের। ধর্ম্ম। ক্লীং,ধন।
ধট, (ধণ্=শব্দকরা+অ—প্রং, ণ স্থানে ট) সং, পুং, তুল, নিক্তি, দাঁড়ী। তুলাপরীক্ষা। তুলারাশি। টী—স্ত্রীং, পুরাতন বস্ত্র. চীর। কৌপীন।
ধটক, (ধট+ক—যোগ) সং, পুং, ৪২ রতি পরিমাণ, ধাড়া।
ধটিনী,(ধট=বস্ত্র+ইন্। ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, কটিবন্ধনী।
ধটীদান, (ধটী=চীরবস্ত্র—দান) সং, ক্লীং, গর্ব্ভবতী স্ত্রীলোককে চীরবস্ত্রদান।
ধড়, (দেশজ) সং, শরীর। দেহ।
ধড়া, (ধটীশব্দজ) সং, জীর্ণবস্ত্র, নেকড়া।
ধড়িবাজ, (দেশজ) ধূর্ত্ত, শঠ। চালাক।
ধত্তূর, (ধে=পানকরা+উরচ্—প্রং, নিপাতন) সং, পুং, ধুতুরা।
ধন, (ধন্ [শস্য] উৎপন্নহওয়া+অ—প্রং) সং, ক্লীং, বিত্ত, স্থাবর অস্থাবর সম্পত্তি, টাকা কড়ি। স্বর্ণ প্রভৃতি। গো, ধান্যাদি। স্নেহ সূচকশব্দ। ধনিষ্ঠা নক্ষত্র। (বীজগণিতে) যোগ চিহ্ন, (Plus) "+" এই প্রকার চিহ্ন। ধনাশা জীবিতাশা চ জীর্য্যতোঽপি ন জীর্য্যতি"।[সং, পুং, কুবের, যক্ষ রাজ।
ধনকেলি, (ধন—কেলি=যে ক্রীড়া করে)
ধনচ্ছূ, (ধন=ধান্যাদি শস্য—ছো=ছিন্ন করা+ডূ) সং, পুং, হাড়গিলার আকার বিশিষ্ট পক্ষিবিশেষ, করেটুপক্ষী। ইহারা ক্ষেত্রস্থ ধান্যাদি ছেদন করিয়া ভক্ষণ করে, এই জন্য ইহাদের নাম ধনচ্ছূ হইয়াছে।
ধনঞ্জয়, (ধন—জি+খ) সং, পুং, অর্জ্জুন, এইরূপ প্রথিত আছে যে অর্জ্জুন কুন্তীর পূজার নিমিত্ত কুবেরকে জয় করিয়া স্বর্গ হইতে সুবর্ণ নিম্মিত পদ্ম

আনিয়াছিলেন। অগ্নি। স্বনাম প্রসিদ্ধ নাগ বিশেষ। দেহাভ্যন্তরস্থ পঞ্চ বয়ুর অন্তর্গত বায়ুবিশেষ, যে বায়ুর দ্বারা শরীরের পুষ্টি সাধন হয়। ককুভ বৃক্ষ।

ধনদ, (ধন—দ [দা দানকরা কিম্বা দৈ পালনকরা+ড—ক] যে দানকরে বা পালন করে, ২য়া—ষ) সং, পুং, কুবের বিং, ত্রিং, ধনদাতা।

ধনদানুচর, (ধনদ+কুবের—অনুচর= পশ্চাদ্গামী) সং, পুং, কুবেরানুচর, যক্ষ।

ধনদানুজ, (ধনদ—অনুজ=কনিষ্ঠ, ৬ষ্ঠী-ষ) সং, পুং, কুবেরানুজ, রাবণ।

ধনদায়ী, (ধনদায়িন্, ধন—দা=দান-করা+ণিন্—ক) সং, পুং, অগ্নি। বিং, ত্রিং, ধনদাতা।

ধনপতি, ধনস্বামী,,ধনাধিপ ধনাধ্যক্ষ, ধনেশ্বর, } (ধন—পতি ই-ত্যাদি,৬ষ্ঠী—ষ) সং,পুং, কুবের। ধনী।

ধনন্দদা, (ধন—দা+খশ্। আপ্ স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, শক্তিবিশেষ যে শক্তি উপাসনা করিলে ধন পাওয়া যায়। ধনদা দেবী।

ধনপিশাচিকা, ধনপিশাচী, সং, স্ত্রীং, ধনতৃষ্ণা, ধনলোভ। [টাকা খাটান।

ধনপ্রয়োগ, সং, পুং, ধনের বিনিয়োগ,

ধনমূল, (ধন—মূল। ৬ষ্ঠী—হিং,) বিং, ত্রিং, ধনজাত, ধনহইতে যাহা উৎপন্ন হয়।"প্রভুত্বং ধনমূলং হিং রাজ্জামপ্যুপ" জায়তে। "হিতোপদেশ। সং, ক্লীং, মূলধন।

ধনলুব্ধ,, (ধন লুব্ধ) বিং, ত্রিং, কৃপণ। ধনাকাঙ্ক্ষী। যে ধনপ্রাপ্তির আশায় কোন কার্য্যাদি সম্পন্ন করে।

ধনবতী, (ধনবান্ দেখ, ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, ধনিষ্ঠা নক্ষত্র। ধনশালিনী।

ধনবান্, ধনী, (ধনবৎ," ধন+বতু—অ-স্ত্যর্থে। ধনিন্, ধন+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ঐশ্বর্য্যশালী, ধনী "ধনবান্ বলবান্ লোকে সর্ব্বঃ সর্ব্বত্র সর্ব্বদা" হিতোপদেশ।

ধনহর, (ধন—হৃ+অল্) বিং, ত্রিং, যে পিতৃ পৈতামহ ধনপ্রাপ্তহয়,দায়াদ। যে ধন অপহরণ করে, চোর। যে ধন গ্রহণ করে, ধন গ্রাহ। রী—সং, স্ত্রীং, চোর নামক সুগন্ধি দ্রব্যবিশেষ।

ধনাগম, (ধন—আগম=আগমন) সং, পুং, অর্থাগম, আয়।

ধনাধিকৃত, (ধন—অধিকৃত=যাহার উপর রাখা যায়) সং, পুং, যাহার উপর ধনরক্ষার ভার থাকে কোষ গৃহে নিযুক্ত ব্যক্তি, ধনাধ্যক্ষ।

ধনাধ্যক্ষ, (ধন—অধ্যক্ষ=তত্ত্বাবধায়ক) সং, পুং, কুবের। ধনরক্ষক।

ধনাপহার, (ধন—অপহার=গ্রহণ,চুরি-করণ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, দোষী ব্যক্তির অর্থদণ্ড। অপহার, হরণ। লুট।

ধনার্চ্চিত, (ধন—অর্চ্চিত=পূজিত, ৩য়া-ষ) বিং, ত্রিং, ধনাঢ্য, ধনশালী।

ধনার্থী, (ধনার্থিন্, ধন—অর্থিন্=যে প্রার্থনা করে) বিং, ত্রিং, যে ধনের অন্বেষণ করে, ধনাভিলাষী। কৃপণ।

ধনাস্ত্রী, সং, স্ত্রীং, রাগিণী বিশেষ।

ধনিক, (ধন+ইক—প্রং) বিং, ত্রিং, সাধু,ধার্ম্মিক,উৎকৃষ্ট। ধনাঢ্য,মহাজন। ধনী। সুন্দরী স্ত্রী। যুবতী। ধনবান্ উত্তমর্ণ,ধনিক বৃক্ষবিশেষ। স্বামী। ধনে। প্রিয়ঙ্গু। সুন্দরী সাধ্বী স্ত্রী। কা-স্ত্রীং, বধূ।

ধনিষ্ঠা, (ধনবৎ+ইষ্ঠ—প্রং। বৎ—লোপ) সং, স্ত্রীং, নক্ষত্রবিশেষ। [যুবতী।

ধনীকা,(ধন+ইক—প্রং। ই=ঈ) সং,স্ত্রীং,

ধনীয়ক, (ধন্ [শস্য] উৎপন্ন হওয়া+ঈয়-প্রং। ক—যোগ) সং,ক্লীং,ধনে,ধনিয়া।

ধনু ধনূ,—পুং, ধনুস্—ক্লীং, (ধন্ [এখানে] নিক্ষেপ করা+উ, ঊ, উস্—প্রং,) সং, কার্ম্মুক, ধনুক "তৈজসস্য ধনুষঃ প্রবৃত্তয়ে তোয়দানিব সহস্র লোচনঃ" রঘুবংশ। মেষাদি রাশির অন্তর্গত নবম রাশি। চারিহস্ত পরিমাণ। এক

কাঠা। পিয়ালবৃক্ষ।
ধনুঃ কাণ্ড, (ধনুঃ—কাণ্ড=শর। সমহার দ্বন্দ্ব) সং,ক্লীং,ধনুর্ব্বাণ,শর এবং শরাসন।
ধনুঃ খণ্ড, (ধনুঃ—খণ্ড=অংশ। ৬ষ্ঠী যং) সং, ক্লীং, ছিলা শূন্য ধনুক। "রত্ন চ্ছায়া ব্যতিকর ইব প্রেক্ষ্য মেতৎ পুরস্তাৎ বল্মীকাগ্রাৎ প্রভবতি ধনুঃ খণ্ড মাখণ্ডলস্য" মেঘদূত।
ধনুর্গুণ, (ধনুস্=ধনুক—গুণ=জ্যা) সং, পুং, ধনুকের ছিলা, জ্যা।
ধনুর্দ্রুম, (ধনুস্—দ্রুম = বৃক্ষ, ৬ষ্ঠী—য) সং, পুং, বংশ, বাঁশ।
ধনুর্দ্ধর, ধনুর্ভৃৎ,ধনুষ্মান্, (ধনুস্—ধর=যে ধরে, ২য়া—ষ। ধনুস্—ভৃৎ=যে ধারণ করে, ২য়া—ষ। ধনুষ্মৎ, ধনুস্+মতু—অস্ত্যর্থে) সং, পুং,ধানুষ্ক,তীরন্দাজ। "ধনুর্ভৃতোপ্যস্য দয়ার্দ্রভাব মাখ্যাত মন্তঃ করণৈর্ব্বিশ ক্কৈঃ" রঘুবংশ।
ধনুর্দ্ধারী, (ধনুর্দ্ধারিন্, ধনুস্—ধারী=যে ধরে, ২য়া—ষ) সং, পুং, ধনুর্দ্ধর দেখ।
ধনুর্ব্বেদ, (ধনুস্—বেদ) সং, পুং, শস্ত্রবিদ্যা।
ধনুষ্কর, (ধনুস্—কর=যে [করে] অভ্যাস করে, ২য়া—ষ) সং, পুং, ধনুর্দ্ধর।
ধনুষ্পাণি, (ধনুস্—পাণি=হস্ত) বিং, ত্রিং, ধনুর্দ্ধর, যে ধনু ধারণ করে।
ধনেয়ক,(ধনেয় [ধন=শস্য+ঢেয়—প্রং] +ক—যোগ) সং,ক্লীং,ধন্যাক, ধনিয়া।
ধনেশ, ধনেশ্বর (ধন—ঈশ, ঈশ্বর—প্রভু) সং, পুং, কুবের। বিং, ত্রিং, ধনস্বামী।
ধন্ধ, (দেশজ) অন্ধতা,দৃষ্টিভ্রম। ভ্রম,ছল।
ধন্য, (ধন+য—যোগ্যার্থে) বিং, ত্রিং, ভাগ্যবান্, সৌভাগ্যশালী "আলিঙ্গসি প্রসভমঙ্গমশেষমস্যা ধন্যস্ত্বমেব মলয়াচলগন্ধবাহঃ" "ধন্যাসি বৈদর্ভি গুণৈরুদারৈর্যয়া সমাকৃষ্যত নৈষধোপি" পূর্ব্ব-(নৈষধ।) সাধু, ধার্ম্মিক। সং, পুং, নাস্তিক। বিধর্ম্মী। প্রশংসনীয়। কৃতার্থ। শ্লাঘ্য।
ধন্যবাদ, (ধন্য—বাদ কথন) সং, পুং, সাধুবাদ, প্রশংসাবাদ, গুণোৎকীর্ত্তন।
ধন্যা,—স্ত্রীং (ধন্ [শস্য] উৎপন্ন হওয়া+নিপাতন) সং, ধনিয়া। ধাত্রী আমলকী।
ধন্ব, (ধন্ব্ গমন করা+অ—প্রং) যাহার দ্বারা শরাদি চালিত হয়। সং,ক্লীং,ধনুক
ধন্বদুর্গ, সং,ক্লীং, মরুভূমি।
ধন্বন্তরি, সং, পুং, দেবচিকিৎসক, কাশিরাজ, দিবোদাস। "অয়ং হি ধন্বন্তরিরাদিদেবো জরারুজা মৃত্যুহরোঽমরাণাম্"। পণ্ডিতবিশেষ, রাজা বিক্রমাদিত্যের নবরত্নের এক রত্ন। "ধন্বন্তরি ক্ষপণকা মর সিংহ শঙ্কু বেতাল ভট্ট ঘটকর্পর কালিদাসাঃ"।
ধন্ব, (ধন্বন্, ধন্=ক্ষেপণ করা+বন্—প্রং) সং, পুং—ক্লীং, ধনুক। পুং, মরুভূমি। ক্লীং,—দৃঢ় ভূমি, কঠিন মৃত্তিকা বিশিষ্ট স্থান।
ধন্বী, (ধন্বিন্, ধনু ধনুক+ইন্—অস্ত্যর্থে) বিং,ত্রিং, ধনুষ্মান্, ধনুর্দ্ধারী। "কুর্য্যাং হরস্যাপি পিনাকপাণে র্ধৈর্য্যচ্যুতিং, কে মম ধন্বিনোঽন্য" কুমার। বিং, ত্রিং, মুরজাদি বাদ্যধ্বনি কারী। অগ্নি সংযোগ কর্ত্তা। সং, পুং, কৃষ্ণ। চন্দ্র। যম। ব্রহ্ম। অর্জ্জুন।
ধম, (ধ্মা=শব্দ করে+অল্ প্রং) বিদগ্ধ ব্যক্তি, প্রহসন পটু।
ধমক, (ধ্মা [ভস্ত্রার] শব্দ করা+অক—প্রং) সং, পুং, কর্ম্মকার।
ধমন, (ধ্মা=শব্দ করা+অন—প্রং) সং, পুং, নল, চোঙ্গা। বংশ্যাদি বাদন। বিং, ত্রিং, যে কর্ম্মকারের ভস্ত্রা চালন করে। ক্রূর।
ধমনী, ধমনী,(Artery, ধ্মা=শব্দকরা+অনি, ঈ—প্রং) সং, স্ত্রীং, নাড়ী, শিরা। "দশ বিদ্যাদ্ ধমন্যোঽত্র পঞ্চেন্দ্রিয়গুণাবহা। যাভিঃ সূক্ষ্মাঃ প্রজায়ন্তে ধমন্যোঽন্যাঃ সহস্রশঃ"।

গলদেশ, গলা। হরিদ্রা। সুগন্ধ দ্রব্য-বিশেষ। হট্টবিলাসিনী।

ধমনীজাল, (Arteries) শরীরের অন্তর্ব্বর্ত্তী শিরাসমূহ।

ধম্মিল্ল, (ঊর্দ্ধ—মিল্=মিলিত হওয়া+ল—সংজ্ঞার্থে, নিপাতন। যে উর্দ্ধে সংযত হয়) সং, পুং, চুলের খোঁপা "ধম্মিল্লমর্দ্ধমুক্তং কলয়তি তিলকং তথা সকলং। কিঞ্চিদ্বদতি রহস্যং চকিতং বিষ্বগবলোকতে তন্বী"।

ধর, (ধৃ=ধরা+অল-ক) সং, পুং, পর্ব্বত। কার্পাস তুলা। কূর্ম্মাবতার। অষ্ট বসুর অন্তর্গত বসুবিশেষ। (যে জন্তু সকল ধারণ করে) রা—স্ত্রীং, পৃথিবী। জরায়ু, গর্ত্তাশয়। মেদ। শরীরাভ্যন্তরস্থ রক্তস্থলি বিশেষ। মহাদান বিশেষ সুবর্ণ গোলোক নির্ম্মাণ করিয়া অথবা স্তূপাকারে রজতাদি মহামূল্য দ্রব্য রাখিয়া ব্রাহ্মণ দিগকে দান। বিং, ত্রিং, ধারণ কর্ত্তা।

ধরণ (ধৃ+অনট্—ভা) সং, পুং, ক্লীং, অধিকার করণ। ধারণ। ষোড়শমাসা পরিমিত রৌপ্য। পরিমাণ বিশেষ। ২৪ রতি। পুং, হিমালয় পর্ব্বত। সূর্য্য। ভুবন, লোক। স্তন। ধান্য। সেতু। নদ্যাদির বাঁধ। পর্ব্বত পার্শ্ববর্ত্তী স্থান। স্ত্রীং পৃথিবী। শাল্মলী বৃক্ষ। রক্তস্থলী। কন্দবিশেষ।

ধরণি, ধরণী, (ধৃ [জন্তু] ধরা+অনি—প্রং) সং, স্ত্রীং, পৃথিবী।

ধরণিধর, ধরণীধর (ধরণি, ণী পৃথিবী—ধর যে ধারণ করে, ২য়া—ষ) সং, পুং, বিষ্ণু, অনন্ত। ভূধর, পর্ব্বত। মহাবরাহ। কূর্ম্মরাজ।

ধরণীকীলক, (ধরণী=পৃথিবী—কীলক =শঙ্কু গোঁজ) সং পুং, পর্ব্বত।

ধরণীপূর } ধরণীপ্লব } (ধরণী=পৃথিবী—পূর্=সম্পূর্ণ রূপে বেষ্টনকরা+অল্—প্রং।—প্লব যে ভাসিয়া যায় পৃথিবী যাহার উপরে ভাসে, ৭মী—হিং) সং, পুং, সমুদ্র।

ধরণীশ্বর, (ধরণী—ঈশ্বর=প্রভু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শিব। রাজা।

ধরণীসুতা, (ধরণী=পৃথিবী—সুতা=কন্যা) সং, স্ত্রীং, দেবযজন সম্ভবা, সীতা। প্রথিত আছে, যে রাজর্ষি জনক যজ্ঞার্থ একখণ্ড ভূমি কর্ষণ করিবার কালে, সীতা দেবীকে প্রাপ্ত হন।

ধরাতল, (Surface) সং, ক্লীং, যাহার দৈর্ঘ্য ও বিস্তার আছে কিন্তু বেধ নাই ভূতল, পৃথিবীর উপরিভাগ।

ধরাত্মজ, (ধরা=পৃথিবী—আত্মজ=পুত্র, ৬ষ্ঠী—য) সং, পুং, ভৌম, মঙ্গলগ্রহ।

ধরাধর, (ধরা=পৃথিবী—ধর=যে ধারণ করে, ২য়া=ষ) সং, পুং, অনন্ত, বিষ্ণু। পর্ব্বত। কূর্ম্মরাজ। মহাবরাহ।

ধরামর, (ধরা—অমর=দেবতা) সং, পুং, ব্রাহ্মণ।

ধরিত্রী, (ধৃ [জন্তু] ধরা+ইত্র—প্রং, ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, পৃথিবী, ধরণী। "যজ্ঞাঙ্গযোনিত্বমবেক্ষ্য যস্য সারং ধরিত্রীধরণক্ষমঞ্চ" কুমারসম্ভব।

ধরিমা, (মন্। ধৃ=ধারণ করা+ইমন্) সং, পুং, আকার। সাদৃশ্য। নিক্তী, তুলাদণ্ড।

ধরুণ, (ধৃ=ধারণ করা+উন—প্রং) সং, পুং, ব্রহ্মা। স্বর্গ। জল। অভিপ্রায়, মত

ধর্ত্তব্য, (ধৃ=ধরা+তব্য—র্ম্ম) বিং, ত্রিং, ধারণ যোগ্য। বিবেচ্য, গ্রাহ্য।

ধর্ত্তা, (ধর্ত্তৃ, ধৃ=ধরা তৃণ্—ক) বিং, ত্রিং, ধারণকর্ত্তা। বহনকর্ত্তা।

ধর্ত্র, (ধৃ=ধরা+ত্র—সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, গৃহ। যজ্ঞ। ধর্ম্ম।

ধর্ম্ম, (ধৃ=পোষণ করা+ম—প্রং। যে সকল মনুষ্যকে প্রতিপালন অর্থাৎ পরিপোষণ করে) সং, পুং—ক্লীং, শুভাদৃষ্ট, সুকৃত, পুণ্য। শ্রেয়ঃ। শাস্ত্রসম্মত আচার ব্যবহার। সচ্চরিত। রীতি। তপস্। কর্ত্তব্য নিয়ম, ভাব। নৈসর্গিক অবস্থা। ক্রতু,

স্বভ্ত। গুণ। সৎকর্ম্ম। স্বভাব। উপমা সাদৃশ্য। লগ্ন হইতে নবমস্থান। অহিংসা। উপনিষৎ। বেদের অংশ বিশেষ। ধর্ম্ম-বিষয়ক উপদেশ বা প্রবন্ধ। উপাসনা পদ্ধতি। দানাদি কার্য্য। পুং, যম। আত্মা, জীব। ধনুক। শিব বাহন, বৃষ। সোমপায়ী। সৎসঙ্গ। দেবতাবিশেষ। "একএব সুহৃদ্ধর্ম্মো নিধনে হপ্যনুয়াতি যঃ"। হিতোপদেশ। "ন ধর্ম্মবৃদ্ধেষু বয়ঃ সমীক্ষতে"।

ধর্ম্মকায়, (ধর্ম্ম—কায়=শরীর, ৬ষ্ঠী=হিং—ধর্ম্মের অবতার স্বরূপ) সং, পুং, বুদ্ধদেব।

ধর্ম্ম-কীল, সং, পুং, রাজশাসন। শাসন।

ধর্ম্মকৃত্য, (ধর্ম্ম—কৃত্য কার্য্য) সং, পুং, দেবপূজাদি ধর্ম্মকার্য্য। সৎকার্য্য। সাধন।

ধর্ম্মকেতু, (ধর্ম্ম—কেতু=ধ্বজা) সং, পুং, বুদ্ধ। জিন।

ধর্ম্ম-ক্ষেত্র, সং, ক্লীং, কুরুক্ষেত্র। পুণ্য-ধাম, ধর্ম্মস্থান। "ধর্ম্মক্ষেত্রে কুরুক্ষেত্রে সমাবেতা যুযুৎসবঃ"।

ধর্ম্ম-ঘট, সং, পুং, বৈশাখ মাসে দাতব্য সুগন্ধোদক পূর্ণ কলস। (দেশজ) ঐক্যমত্য অবলম্বনকরা।

ধর্ম্মচারী, (ধর্ম্মচর=আচরণকরা + ণিন্) বিং, ত্রিং, যে ধর্ম্ম পথে চলে, ধার্ম্মিক। পুণ্যশীল। সদাচারী।

ধর্ম্মচারিণী, (ধর্ম্ম=কর্ত্তব্যকর্ম্ম—চর্ [গমন করা] অনুগমনকরা+ণিন্—ক, ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, ধর্ম্মপত্নী। ভার্য্যা। পতিব্রতা।

ধর্ম্মজ্ঞ, (ধর্ম্ম—জ্ঞ যে জানে। যে ধর্ম্ম জানে, ২য়া—ষ) বিং, ত্রিং, ধর্ম্মজ্ঞান-বিশিষ্ট। ধার্ম্মিক।

ধর্ম্মজ্ঞান, (ধর্ম্ম=জ্ঞান ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, পরমার্থজ্ঞান। ক্রিয়াজ্ঞান।

ধর্ম্মণ, সং, পুং, ধামনীয়া নামক বৃক্ষ-বিশেষ। ঢেম্না সাপ।

ধর্ম্মতঃ, (ধর্ম্মতস্, ধর্ম্ম+তস্—প্রং) অং, যথার্থরূপে। ন্যায়ানুসারে। যথাযোগ্য। "রক্ষ্যমাণোবয়ং তাত, রাজভি ধর্ম্মদৃষ্টিভিঃ চরামোবিপুলং ধর্ম্মং তেষাং ভাগোস্তি ধর্ম্মতঃ" মহাভারত।

ধর্ম্ম-তত্ত্ব, সং, ক্লীং, পরমার্থ রহস্য, ধর্ম্মের যথার্থ মর্ম্ম।

ধর্ম্মত্যাগী, (ধর্ম্ম—ত্যাগী=২য়া—ষ) সং, পুং, আত্মধর্ম্মচ্যুত। স্বজাতীয় ব্যবহার ভ্রষ্ট।

ধর্ম্মদ্রবী, (ধর্ম্ম—দ্রু=দ্রবহওয়া+অ—প্রং। ঈ—স্ত্রীলিঙ্গে) গঙ্গার জল পাপ-বিনাশক বলিয়া ইহাকে ধর্ম্মদ্রবী কহে। সং, স্ত্রীং, গঙ্গা।

ধর্ম্মদ্রোহী, (ধর্ম্ম—দ্রোহী=বিরুদ্ধাচারী ৬ষ্ঠী—হিং) সং, পুং, অধার্ম্মিক, দুষ্ট খল, ক্রূর।

ধর্ম্ম-দান, সং, ক্লীং, প্রত্যুপকার প্রত্যাশা না করিয়া কেবল ধর্ম্মার্থ দান।

ধর্ম্মধ্বজী, (ধর্ম্মধ্বজিন্, ধর্ম্মধ্বজ+ইন্—অস্ত্যর্থে। যাহার ধর্ম্মের ধ্বজ অর্থাৎ জটা চীরবাসাদি বাহ্যিক লক্ষণ আছে) সং, পুং, জীবিকার্থ জটা কোপীনধারী, কপট তপস্বী। লিঙ্গবৃত্তি।

ধর্ম্মনিষ্ঠ, (ধর্ম্ম—নিষ্ঠা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, ধর্ম্মিষ্ঠ। পুণ্যবান্। যাহার ধর্ম্মে আন্তরিক ভক্তি আছে।

ধর্ম্ম নিষ্ঠা, সং, স্ত্রীং, ধর্ম্মবিষয়ে ঐকান্তিক শ্রদ্ধা, সাধ্যানুসারে ধর্ম্ম প্রতিপালন।

ধর্ম্ম-নীতি, সং, স্ত্রীং, নীতিজ্ঞানবিষয়ক শাস্ত্র, যে শাস্ত্রদ্বারা ঔচিত্যানৌচিত্যা-বধারণ করা যায়।

ধর্ম্মপত্তন, (ধর্ম্ম—পত্তন=নগর বিশেষ) সং, ক্লীং, মরিচ। (পত্তন দেশে উৎপন্ন হয় বলিয়া মরিচের এই নাম হইয়াছে) ধর্ম্মপুরী।

ধর্ম্মপত্নী, (ধর্ম্ম=ধর্ম্মনিমিত্ত—পত্নী, ৪র্থী—ষ) সং, স্ত্রীং, সহধর্ম্মিণী, ভার্য্যা। "মার্গংমনুষ্যেশ্বর ধর্ম্মপত্নী শ্রুতেরিবার্থং

স্মৃতিরন্বগচ্ছৎ” রঘুবংশ। পতিব্রতা।

ধর্ম্মপত্র, (ধর্ম্ম যজ্ঞ—পত্র) সং, ক্লীং, যজ্ঞডুম্বুর গাছ।

ধর্ম্মপুত্র, (ধর্ম্ম—পুত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, যুধিষ্ঠির। নর নারায়ণ ঋষি। ধর্ম্মানুসারে কৃত পুত্র। ধরমবেটা।

ধর্ম্ম-প্রবৃত্তি, সং,স্ত্রীং, ধর্ম্মবিষয়ক প্রবৃত্তি, যথা—ন্যায়পরতা, উপচিকীর্ষা প্রভৃতি,

ধর্ম্ম-বুদ্ধি, সং, স্ত্রীং, ধর্ম্মবিষয়ক জ্ঞান।

ধর্ম্মভ্রাতা, (ধর্ম্মভ্রাতৃ, ধর্ম্ম—ভ্রাতৃ=ভাই) সং, পুং, সহাধ্যায়ী। সতীর্থ।

ধর্ম্মময়, (ধর্ম্ম+ময়—প্রং) বিং, ত্রিং, যে স্থলে অধর্ম্মের লেশমাত্র নাই। ধর্ম্মে পরিপূর্ণ, মূর্ত্তিমান্ ধর্ম্ম। ধার্ম্মিক। পুণ্যাত্মা।

ধর্ম্মযু, (ধর্ম্ম+যু গমনকরা+ক্বিপ্—প্রং) বিং, ত্রিং, ধার্ম্মিক। ধর্ম্মবিশিষ্ট। ধর্ম্মযুক্ ও হয়।

ধর্ম্মরাজ, (ধর্ম্ম বিচার বিষয়ে+রাজ=রাজন্ শব্দজ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, যম। যুধিষ্ঠির। নৃপতি। জিন। অর্জ্জুন।

ধর্ম্মলক্ষণ, (ধর্ম্ম—লক্ষণ=চিহ্ন) সং, ক্লীং, ধর্ম্মাভিজ্ঞান, ধর্ম্মচিহ্ন। ধৃতি, ক্ষমা দম, অস্তেয়, শৌচ, ইন্দ্রিয়-নিগ্রহ, ধী, বিদ্যা, সত্য, অক্রোধ—এইদশবিধ। যথা—“ধৃতিঃ ক্ষমা দমোঽস্তেয়ং শৌচমিন্দ্রিয় নিগ্রহঃ, ধী র্বিদ্যা সত্যমক্রোধো দশকং ধর্ম্মলক্ষণং”।

ধর্ম্মবাসর, (ধর্ম্ম—বাসর=দিন। এই দিনে ধর্ম্ম কার্য্য সম্পাদন করা যায় বলিয়া) সং, পুং, পৌর্ণমাসী।

ধর্ম্মবাহন, (ধর্ম্ম=শিবের বৃষ—বাহন=যান ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিব। ক্লীং, ধর্ম্মের রথ। [ধর্ম্মজ্ঞ, ধার্ম্মিক।

ধর্ম্মবিদ্, (ধর্ম্ম—বিদ্ যে জানে) বিং,ত্রিং,

ধর্ম্মশালা, (ধর্ম্ম বিচার—শালা=গৃহ ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, ধর্ম্মার্থ গৃহ। ধর্ম্মাধিকরণ। বিচারালয়।

ধর্ম্মশাস্ত্র, (ধর্ম্ম—শাস্ত্র, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, মন্বাদিপ্রণীতশাস্ত্র। স্মৃতি, ধর্ম্ম সংহিতা। “ন ধর্ম্মশাস্ত্রং পঠতীতিং কারণং নচাপিং বেদাধ্যয়নং দুরাত্মনঃ” হিতোপদেশ।

ধর্ম্মশাস্ত্রপ্রয়োজক, (ধর্ম্মশাস্ত্র—প্রয়োজক=প্রণেতা) সং, পুং, ধর্ম্মশাস্ত্র প্রবর্ত্তক ঋষিসমূহ যথা—মনু, অত্রি,বিষ্ণু, হারীত যাজ্ঞবল্ক্য, উশন,অঙ্গিরা, যম, আপস্তম্ব, সম্বর্ত্ত, কাত্যায়ন, বৃহস্পতি, পরাশর, ব্যাস, শঙ্খ, দক্ষ, গোতম, শাতাতপ এবং বশিষ্ঠ।

ধর্ম্মশীল, (ধর্ম্ম-শীল=স্বভাব,ধর্ম্মবিষয়ে যাহার স্বভাব ৬ষ্ঠী—হিং) বিং,ত্রিং,ধার্ম্মিক।

ধর্ম্মসংহিতা, (ধর্ম্ম—সম্—ধা ধারণ করা +ত—প্রং,আ—স্ত্রীলিঙ্গে।) যে পুস্তকে যাবতীয় ধর্ম্মবিষয়ক উপদেশ সংগৃহীত হইয়াছে। সং, স্ত্রীং, ধর্ম্মশাস্ত্র,স্মৃতিশাস্ত্র।

ধর্ম্মসভা, ধর্ম্মশালা ; প্রচলিত ধর্ম্মের পরিপোষক ব্যক্তিগণের একত্র সমাবেশ স্থান। স্বধর্ম্মের উন্নতি সাধন ও বিধর্ম্মীদিগের দণ্ডবিধান এই সভার মুখ্যউদ্দেশ্য।

ধর্ম্মসাবর্ণি, সং, পুং, একাদশ মনু।

ধর্ম্মসুত, (ধর্ম্ম=যম—সুত=পুত্র) সং, পুং, রাজা যুধিষ্ঠির।

ধর্ম্মাত্মা, (ধর্ম্মাত্মন্, ধর্ম্ম-আত্মন্,৬ষ্ঠী-হিং) বিং,ত্রিং, ধর্ম্মপরায়ণ। ধার্ম্মিক। সাধু।

ধর্ম্মাধিকরণ, (ধর্ম্ম—অধিকরণ=আধার ৬ষ্ঠী—ষ) সং,ক্লীং, বিচারস্থান,আদালত, ধর্ম্মস্থান। পুং,বিচারক,ধর্ম্মাধ্যক্ষ,জজ্। বিং, ত্রিং, ধর্ম্মশাস্ত্রজ্ঞ। “যত্রাধিক্রিয়তে স্থানে ধর্ম্মাধিকরণং হি তৎ॥ “সমঃ শত্রৌ চ মিত্রে চ সর্ব্বশাস্ত্রবিশারদঃ। বিপ্রমুখ্যঃ কুলীনশ্চ ধর্ম্মাশাস্ত্রাধিকরণো ভবেৎ”॥

ধর্ম্মাধিকার, (ধর্ম্ম—অধিকার) সং, পুং, সদসদ্ বিচারে অধিকার, বিচারপতির পদ বা কার্য্য, বিচারাধ্যক্ষতা।

ধর্ম্মাধিকারী, (ধর্ম্মাধিকারিন্, ধর্ম্মাধিকার +ইন—অস্ত্যর্থে) সং, পুং, যাহার হস্তে

ন্যায় অন্যায় বিচারের ভার ন্যস্ত থাকে, বিচারক। বিচারকর্ত্তা। দণ্ডনায়ক।

ধর্ম্মাধ্যক্ষ, (ধর্ম্ম=বিচার—অধ্যক্ষ=তত্ত্বাবধায়ক) সং, পুং, ধর্ম্মবিষয়ক অধ্যক্ষ, যাহার হস্তে ধর্ম্মসংক্রান্ত বিষয়ের তত্ত্বাবধান করিবার ভার অর্পিত আছে। বিচারপতি। ধর্ম্মাধিকরণী।

ধর্ম্মানুগত, ধর্ম্মানুযায়ী—য়িন্ } (ধর্ম্ম—অনুগত, যায়ী=যে পশ্চাৎ গমন করে) বিং, ত্রিং, ধর্ম্মমার্গানুসারী। ধর্ম্ম যুক্ত। ধার্ম্মিক।

ধর্ম্মাবতার, (ধর্ম্ম—অবতার) সং, পুং, ধর্ম্মের অবতার, মূর্ত্তিমান্ ধর্ম্ম। (বিচারপতি প্রভৃতিকে সচরাচর লোকে এই শব্দদ্বারা নির্দ্দেশ করিয়া থাকে) ধার্ম্মিকবর।

ধর্ম্মাভাস, (ধর্ম্ম—আভাস যাহা প্রকৃত ধর্ম্ম নহে কেবল আভাসমাত্র। সং, পুং, অপ্রশস্ত ধর্ম্ম। "শ্রুতিস্মৃতিভ্যামুদিতং যৎ স ধর্ম্মঃপ্রকীর্ত্তিতঃ। অন্যশাস্ত্রেষু যঃ প্রোক্তো ধর্ম্মাভাসঃ স উচ্যতে।"

ধর্ম্মারণ্য, (ধর্ম্ম—অরণ্য=বন) সং, ক্লীং পুণ্যস্থানবিশেষ। "ধর্ম্মারণ্যং বিকুজতি গজঃ স্যন্দনালোকভীতঃ" শকুন্তলা।

ধর্ম্মাসন, (ধর্ম্ম—আসন) সং, ক্লীং, বিচারাসন, বিচারপতির উপবেশন স্থান। "ধর্ম্মাসনাদ্বিশতি বাসগৃহং নরেন্দ্রঃ" শকুন্তলা।

ধর্ম্মী, (ধর্ম্মিন্, ধর্ম্ম+ইন্—অস্ত্য বিং, ত্রিং, ধর্ম্মবিশিষ্ট, ধার্ম্মিক। শীল। দয়াদিধর্ম্ম-যুক্ত।

ধর্ম্মিষ্ঠ, ধর্ম্মীয়ান্ (ধর্ম্মীয়স্, ধর্ম্ম+ইষ্ঠ, ঈয়স্—অত্যর্থে) বিং, ত্রিং অতিশয় ধার্ম্মিক। সাধু। পুণ্যবান্।

ধর্ম্মোপদেশক, (ধর্ম্ম—উপদেশক) সং, পুং, গুরু, আচার্য্য, যিনি ধর্ম্মবিষয়ক উপদেশ দেন।

ধর্ম্মোপধ, (ধর্ম্ম-উপধি=প্রতারণা+অচ্) বিং, ত্রিং, কাল্পনিক, কপটী। দাম্ভিক।

ধর্ম্মোপেত, (ধর্ম্ম—উপেত=যুক্ত) বিং, ত্রিং, ধর্ম্মযুক্ত, ন্যায্য। ধার্ম্মিক।

ধর্ম্ম্য, (ধর্ম্ম+য—অনপেতার্থে) বিং, ত্রিং, ধর্ম্মযুক্ত,ন্যায্য। যথার্থ, কর্ত্তব্য, ধর্ম্ম লুব্ধ। সমদর্শী। "ধর্ম্ম্যাস্তপোধনানাং, প্রতিহতবিঘ্নাঃ ক্রিয়াঃ সমবলোক্য" শকুন্তলা।

ধর্ষ—পুং, ধর্ষণ—ক্লীং, (ধৃষ্ অহঙ্কৃত হওয়া, বধকরা+অ, অন—ভা) সং, প্রাগল্‌ভ্য। পরাজয় করা। অবধীরণ, অবজ্ঞাকরণ। অপবাদকরণ। বলপূর্ব্বক বদ্ধকরণ। অমর্ষ। মরণ। হিংসা। ণী —স্ত্রীং, অসতীস্ত্রী।

ধর্ষক, (ধৃষ+ণক—ক) সং, পুং, নট, নৃত্যকারক। বিং, ত্রিং, ধর্ষণকারী। দাম্ভিক।

ধর্ষকারিণী,(ধর্ষ—কৃ করা+ইন্—ক,ঈ—স্ত্রীলিঙ্গে) সং,স্ত্রীং,ভ্রষ্টাস্ত্রী দূষিতা কুমারী।

ধর্ষবর, (ধর্ষ—বৃ=বৃদ্ধিকরা+অচ্) সং, পুং, কঞ্চুকী। শুদ্ধান্তজন, বর্ষবর, ষণ্ড, খোজা।

ধর্ষিত, (ধর্ষ দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, পরাভূত। অবমানিত। সং, ক্লীং, ধর্ষণ। রতি। মৈথুন। দম্ভ। তা—স্ত্রীং, অসতী।

ধব, (ধু [শিশুগণকে] কাঁপান+অ—ক) সং, পুং, পতি। মনুষ্য। শঠ, প্রতারক। বৃক্ষবিশেষ। কম্প।

ধবল, (ধাব্=পরিষ্কারকরা+অল্—সংজ্ঞার্থে, আ স্থানে অ) সং, পুং, শ্বেত বর্ণ। রাগবিশেষ। কর্পূরবিশেষ। (ধবল+অ-অস্ত্যর্থে) শ্রেষ্ঠ। বিং,ত্রিং,শুভ্রবর্ণযুক্ত। সুন্দর। ক্লীং,শ্বেত মরিচ। "যশঃসুধাধবলিতাখিলমহীমণ্ডলং" কাদম্বরী।

ধবলকুষ্ঠ, সং, ক্লীং, ব্যাধিবিশেষ।

ধবলপক্ষ,(ধবল—পক্ষ=ডানা বা মাসার্দ্ধ) সং, পুং, হংস। শুক্লপক্ষ।

ধবলমৃত্তিকা, (ধবল=শুক্লবর্ণ—মৃত্তিকা মাটী) সং, স্ত্রীং, খড়ীমাটী।

ধবলা, ধবলী, (ধবল+অ—অণ্বর্থে, আ, ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রী, শুক্লা গৌ, শ্বেতবর্ণ গাভী।

ধবলিত, (ধবল+ইত প্রং, জাতার্থে—) বিং, ত্রিং, শুক্লীকৃত, যাহা শুক্লবর্ণ করা হইয়াছে।

ধবলীকৃত, (ধবল—কৃত চ্বি প্রত্যয়, লস্থানে লী) বিং, ত্রিং, যাহা পূর্ব্বে ধবল ছিলনা এক্ষণে ধবল করা হইয়াছে, ধবলিত।

ধবলীভূত, (ধবল—ভূত হইয়াছে চ্বি-প্রত্যয়, ল=লী) বিং, ত্রিং, যাহা ধবল হইয়াছে, শুক্লীভূত। ধবলিত।

ধবলোৎপল, (ধবল=শুভ্রবর্ণ—উৎপল পদ্ম) সং, ক্লীং, কুমুদ, সুঁদি। কৈরব।

ধবলত্ব, (ধবল+ত্ব ভাবে) সং, ক্লীং, শুক্লতা, সিতত্ব।

ধবানক, (ধূ=কাঁপান+আনক যে কাঁপায়) সং, পুং, বায়ু। বাতাস।

ধবিত্র, (ধূ=কাঁপা+ইত্র—প্রং) সং, ক্লীং, মৃগচর্ম্ম রচিত ব্যজন, পাখা। (যাহা যজ্ঞীয়াগ্নি উদ্দীপনার্থই ব্যবহৃত হইয়া থাকে।)

ধা, (ধা ধারণ করা+রিচ্—ক) সং, পুং, ধারণকর্ত্তা। ব্রহ্মা। সুরগুরু বৃহস্পতি।

ধাই, (ধাত্রী শব্দের অপভ্রংশ) সং, উপমাতা। পালয়িত্রী। প্রসবকারিণী।

ধাওন, (ধাবন শব্দের অপভ্রংশ) সং, ধাবন, দৌড়ন, দ্রুতগমন।

ধাক, (ধা=ধারণ করা+ক) সং, পুং, বৃষ। অন্ন, আহার। স্তম্ভ। [মুখ্য।

ধাক্কা, (আঘাতার্থ ধক্ক্ ধাতুজ) সং, ঠেলা, ধাটী, সং, স্ত্রীং, শত্রুর অভিমুখে গমন। অবস্কন্দ।

ধাড়ী, (দেশজ) বহুপ্রসূতাজন্তু। প্রধান।

ধাণক, (ধা=ধারণকরা+আণক্) সং, পুং, দীনারভাগ। সুবর্ণের পরিমাণ বিশেষ। ধাতুমুদ্রা।

ধাতকী, (ধা=ধারণ করা+অক—প্রং। তকারের আগম) সং, স্ত্রীং, পুষ্পবৃক্ষ বিশেষ, ধাই ফুলের গাছ।

ধাতু, (ধা [জীবন, পদার্থাদি] ধারণ করা+তু—সংজ্ঞার্থে) সং, পুং, শরীর ধারক বস্তু, যথা ; কফ,বাত,পিত্ত, রস, রক্ত, মাংস, মেদঃ, অস্থি, মজ্জা, শুক্র, প্রভৃতি। পঞ্চভূত যথা ক্ষিতি, অপ্, তেজঃ, মরুৎ, ব্যোম। পর্ব্বতস্থ গৈরিক। অশ্মবিকৃতি। মনঃশিলাদি। গিরিমাটী। স্বর্ণ, রৌপ্য, কাংস্য, পিত্তল,তাম্র, সীস, রঙ্গ,লৌহ—এই অষ্টবিধ তৈজসপদার্থ। শব্দযোনি। ভূ স্থা গম্ প্রভৃতি ক্রিয়াবাচক প্রকৃতি। জ্ঞানেন্দ্রিয়। ইন্দ্রিয়জন্য জ্ঞান। পারদ। হিঙ্গুল। হরিতাল। গন্ধক। অভ্রক। পরমেশ্বর। ভূগর্ভে প্রস্তরীভূত পদার্থ, স্বর্ণ, লৌহ, প্রস্তর, পারদ প্রভৃতি খনিজ পদার্থ। "শরীরধারণাদ্ধাতব ইত্যুচ্যন্তে। ধারণাদ্ধাতবস্তে স্যুর্বাতপিত্তকফাস্ত্রয়ঃ।"

ধাতুকাশীশ, (ধাতু=খনিজ—কাশীশ= (Gran-sulphate) সং, ক্লীং, কাশীষ। নয়নৌষধ।

ধাতুঘ্ন, ধাতুনাশন, (ধাতু=শরীরস্থ কফ পিত্তাদি—ঘ্ন, নাশন=নাশক) সং, ক্লীং, কাঞ্জিক, কাঁজি, আমানি। বিং, ত্রিং, ধাতুনাশক।

ধাতুপ, (ধাতু—প=যে পোষণ করে) সং, পুং, অন্নরস। শরীরস্থ প্রথম ধাতু।

ধাতুপাত্র, (ধাতু—পাত্র=আধার) সং, ক্লীং,তৈজসাদি আধার পাত্র।

ধাতুপুষ্টি, সং, স্ত্রীং, রসবৃদ্ধি, দেহের পুষ্টতা। মাংসবৃদ্ধি।

ধাতুপুষ্পিকা,ধাতুপুষ্পী, সং,স্ত্রীং,ধাইফুল।

ধাতুপোষক, (ধাতু—পুষ্=পোষণকরা +ণক-ক) বিং, ত্রিং,শরীরের পুষ্টিকর।

ধাতুবিদ্যা, (Mineralogy) সং, স্ত্রীং, যে বিদ্যাদ্বারা সুবর্ণাদি খনিজ পদার্থের স্বরূপ বা অবস্থা জানা যায়।

ধাতুভৃৎ, (ধাতু=খনিজ পদার্থ—ভৃৎ=যে

ধারণ করে) সং, পুং, পর্ব্বত। বলশালী পুরুষ। বিং, ত্রিং, ধাতুপোষক।

ধাতুময়, (ধাতু+ময়ট্—বিকারার্থে) বিং, ত্রিং, ধাতুনির্ম্মিত।

ধাতুমারিণী, (ধাতু—মারি=মরান+ইন্—ক। ঈ—স্ত্রীলিঙ্গে। স্বর্ণাদি গলাইবার জন্য সর্ব্বদা এই দ্রব্য ব্যবহৃত হয়) সং, স্ত্রীং, সোহাগা।

ধাতুরাজক, (ধাতু=দেহস্থ রসাদি—রাজ প্রধান+ক—যোগ) সং, ক্লীং, শুক্র, রেতঃ, বীর্য্য।[সং, ক্লীং, সোহাগা

ধাতুবল্লভ, (ধাতু—বল্লভ=প্রিয়। ৬ষ্ঠী—ষ)

ধাতুবাদী, (—দিন্। ধাতু—বাদী যাহারা বলে। যাহারা ধাতুর বিষয় বলে) সং, পুং, ধাতুজ্ঞ, যাহারা খনিজ পদার্থের তত্ত্ব জানেন। (A mineralogist)

ধাতুবৈরী, (—রিন্। ধাতু—বৈরী=শত্রু। যে ধাতুর শত্রু অর্থাৎ যে স্বর্ণাদি ধাতুর জ্যোতি বিনষ্ট করে) সং, পুং, গন্ধক।

ধাতুশেখর, (ধাতু—শেখর=প্রধান) কাশীষ, তুঁতে।

ধাতূপল, (ধাতু=আকরিক পদার্থ-উপল =প্রস্তর) সং পুং, খড়ী, চা-খড়ী।

ধাতা, (ধাতৃ, ধা=ধারণ করা, পোষণ করা+তৃণ্—ক) সং, পুং, বিধাতা, ব্রহ্মা "ধাতুর্বিভুত্বমনুচিন্ত্য গুণঞ্চ তস্যাঃ" শকুন্তলা। বিষ্ণু। পিতা। জনক জননী। ত্রী—স্ত্রীং, মাতা। উপমাতা, দাই। "উবাচ ধাত্র্যা প্রথমোদিতং বচঃ যযৌ তদীয়ামবলম্ব্য চাঙ্গুলিং" রঘুবংশ। পৃথ্বী আমলকী। বিং,ত্রিং,রক্ষক, রক্ষাকর্ত্তা। ধারণকর্ত্তা। সৃষ্টিকর্ত্তা। নির্ম্মাতা। "সর্গশেষ প্রণয়নাদ্বিশ্বযোনেরনন্তরম্। পুরাতনাঃ পুরাবিত্তি র্ধাতার ইতি কীর্ত্তিতাঃ" কুমার সম্ভব।

ধাতৃপুত্র, (ধাতৃ=ব্রহ্মা—পুত্র) সং, পুং, সনৎকুমার। ব্রহ্মার পুত্র। [আমলকী।

ধাত্রীকা, (ধাত্রী+ক—যোগ) সং, স্ত্রীং,

ধাত্রীপুত্র, (ধাত্রী=উপমাতা—পুত্র) সং, পুং, নট। উপমাতার পুত্র।

ধাত্রেয়ী, ধাত্রেয়িকা (ধাত্রী=উপমাতা, +ঢেয়—প্রং। ধাত্রেয়ী+ক—যোগ) সং, স্ত্রীং, ধাত্রী, ধাই, যে অপর নারীর সন্তানগণকে নিজের স্তন্যদুগ্ধ পান করায়। (Wet-nurse)

ধান, (ধা=ধারণকরা+অনট্—ভা) সং, ক্লীং, নী—স্ত্রীং, নিধান, স্থান। আধার। (ধান্য শব্দজ) সং, তুঁষযুক্ত তণ্ডুল।

ধানক, (ধান [ধা=পোষণকরা+অন—প্রং] +ক—প্রং) সং, ক্লীং, ধন্যাক, ধনিয়া।

ধানা, (ধা—পোষণকরা+ন—সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, বহুং, নিস্তুষ অথচ ভৃষ্ট যব। ভৃষ্টতণ্ডুল, চালভাজা। একং, অঙ্কুর। শক্তু। ধনিয়া।

ধানী, (ধা=ধারণকরা+অন—ভা। ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, আধার, পাত্র। বাস্তু, বাসস্থান, আস্পদ। স্বনাম প্রসিদ্ধ নদী। পীলুবৃক্ষ। ধান্যাগার। গোলা।

ধানুষ্ক, (ধনুষ্ক+ষ্ণ—প্রং, বা ধনুস্+ক—প্রহরণার্থে) সং, পুং, ধন্বী, ধনুর্দ্ধারী। যে ধনুর্ব্বাণ লইয়া যুদ্ধকরে।

ধানুষ্য, (ধনুস্+ষ্ণ্য—প্রং) সং, পুং, বংশ, বাঁশ।

ধানেয়,ধানেয়ক, (ধন=শস্যাদি+ঢেয়—প্রং। ক—যোগে ধানেয়ক) সং, ক্লীং, ধন্যা, ধনিয়া।

ধান্কা, সং, স্ত্রীং, ছোট এলাচ।

ধান্য, (ধন+ষ্ণ—স্বার্থে। কিম্বা ধা [মনুষ্যদিগকে] পোষণকরা+য—প্রং ন্—আগম) সং, ক্লীং, শস্য। সতুষতণ্ডুল, ধান। চারি তিল পরিমাণ।

ধান্যক, (ধান্য+ক—যোগ) সং, ক্লীং, ধন্যা, ধনিয়া।

ধান্যকল্ক, (ধান্য—কল্ক=প্রক্ষেপ ধান্য বা ধান্যস্থিত তণ্ডুল গ্রহণ করিয়া যাহা প্রক্ষেপ করা যায়) সং, ক্লীং, তুঁষ। খড়।

ধান্যকোষ্ঠক, (ধান্য—কোষ্ঠ=শস্যাগার +ক—যোগ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, ধান্য রক্ষার্থ গৃহ, গোলা মরাই ইত্যাদি।

ধান্যচমস, (ধান্য—চমস=পিষ্টকবিশেষ) সং, পুং, চিপিটক, চিড়া।

ধান্যধেনু, (ধান্য—ধেনু। ধেনুর আকারে স্থাপিত ধান্য) সং, স্ত্রীং, দানার্থ ধান্য-নির্ম্মিত ধেনু। রাশীকৃত ধান্য।

ধান্যপঞ্চক, সং, ক্লীং শালি, ব্রীহি, শূক, শিম্বি, ক্ষুদ্র—এই পঞ্চবিধ ধান্য।

ধান্যমায়, (ধান্য শস্য—মা=পরিমাণকরা +য—প্রং) সং, পুং, যে ধান্যবিক্রয়করে ধান্য বিক্রেতা।

ধান্যরাজ, (ধান্য =শস্য—রাজন্=রাজা, যাহা শস্যদিগের মধ্যে প্রধান। যব।

ধান্যবর্দ্ধন, সং, ক্লীং, বার্দ্ধুষ্য, অধিক শস্য পাইবার আশয়ে কৃষকদিগকে শস্য ধার দেওয়া, ধানের বাড়ী দেওয়া। [ধনে।

ধান্যবীজ, (ধান্য—বীজ) সং, ক্লীং, ধন্যাক

ধান্যবীর, (ধান্য=শস্য—বীর=অত্যুত্তম) সং, পুং, মাষকলাই।

ধান্যশীর্ষক, (ধান্য—শীর্ষক=উপরিভাগ বা মস্তক) সং, ক্লীং, ধানের শীষ।

ধান্যাক, (ধন্যাক+ষ্ণ—স্বার্থে) সং, ক্লীং, ধনিয়া। [স্তূপাকারে স্থাপিত ধান্য।

ধান্যাচল, (ধান্য—অচল=পর্ব্বত) দানার্থ

ধান্যাম্ল, (ধান্য=তণ্ডুল—অম্ল) সং, ক্লীং, কাঁজি, আমানি। [ধানের শত্রু, মূষিক।

ধান্যারি, (ধান্য—অরি=শত্রু) সং, পুং,

ধান্যাস্থি, (ধান্য--অস্থি) সং, ক্লীং, ধান্য-সার, নিস্তুষ ধান্য।

ধাপ, (দেশজ) সং, সোপানের প্রত্যেক পদনিক্ষেপের স্থান, সিঁড়ি।

ধাম, (ধামন্, ধা=[জীবন, প্রজাদি] ধারণকরা+মন্—ক) সং, ক্লীং, শরীর, গৃহ। বাসস্থান। প্রভাব। উচ্চপদ। মর্য্যাদা। তেজঃ। "অভিভূতিভয়াদ-সূনতঃ সুখমুজ্ঝন্তি ন ধাম মানিনঃ" ভারবি। জন্ম। অহংকার। সমরগর্ব্ব। বীরত্ব। ঔজ্জ্বল্য, আলোক। কিরণ। স্থান। পল্লীগ্রাম। জন্ম।

ধামক, (ধামন্+ক—যোগ) সং, পুং, মাষা পরিমাণ।

ধামনিধি, (ধামন্=দীপ্তি, তেজঃ—নিধি =আধার) সং, পুং, সূর্য্য। তেজস্বী।

ধামনী, (ধমনী+ষ্ণ—স্বার্থে, ঈপ্—প্রং) সং, স্ত্রীং, ধমনী, নাড়ী।

ধায়, ধায়াঃ (ধায়স্, ধা=ধারণকরা+ ঘঞ্ অস্—প্রং, য—আগম) বিং, ত্রিং, ধারণকর্ত্তা।

ধায্য, (ধা=ধারণ করা+ঘ্যণ্—প্রং) সং, পুং, ঋত্বিক্, পুরোহিত। য্যা—স্ত্রীং, সামধেনী। অগ্নিপ্রজ্বালন মন্ত্র।

ধার, (ধৃ=ধারণকরা+ঘঞ্—প্রং) সং, পুং, প্রস্তর-বিশেষ। ফোটাফোটা বৃষ্টি কুজ্ঝটিকা, কোয়াসা। সীমা। প্রান্ত ভাগ। গভীরতা। ঋণ। (ধারা+অ—প্রং) ক্লীং, বৃষ্টির জল। রা—স্ত্রীং, আস্কন্দিত, ধৌরিতক, রেচিত, বল্গিত প্লুত—এই পঞ্চবিধ অশ্বগতি। সৈন্যের অগ্রভাগ। অস্ত্রের তীক্ষ্ণ প্রান্তভাগ। লম্বমান জলবিন্দু। "নবমেঘোজ্ঝিতা চাস্য ধারা নিপতিতা মুখে" শকুন্তলা তরল বস্তুর নিরন্তর ক্ষরণ। ঘটাদির ছিদ্র। নির্ঝর। রীতি, প্রণালী, শৃঙ্খলা শ্রেণী। ক্রমাগত স্থিতি। সাদৃশ্য। উৎকর্ষ। যশঃ। প্রকার। অবিচ্ছিন্ন জল-বর্ষণ। "কথমবিরলপ্রযুক্তবারিধারা-সম্পাতৈঃ প্রশান্তং পাবকাস্ত্রং" উত্তর-চরিত। সমূহ। ভোজরাজার রাজধানী ধারানগরী। অধ্যায়, পরিচ্ছেদ। প্রকরণ। শকটের চক্র। জ্বরাদি নিরাকরণ মানসে দেব প্রতিমার মস্তকে জলদান।

ধারক, (ধৃ=ধারণকরা+ণক—ক) বিং, ত্রিং, ধারণকর্ত্তা, যে ধারণ করে। অধমর্ণ। পুং, কলসী।

ধারণ, (ধারি=ধরা, পোষণকরা+অনট্ —ভা) সং, ক্লীং, গ্রহণ। অবলম্বন।

রক্ষণ। পোষণ। বহন। স্থাপন। নী—স্ত্রীং, নাড়ী। বৌদ্ধদিগের মন্ত্রবিশেষ। শ্রেণী।

ধারণক, (ধারণ+কণ্) সং, পুং, যে অন্যের ঋণ ধারণকরে, ঋণগ্রস্ত, খাতক।

ধারণা, (ধারণ দেখ, আপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, ন্যায্যপথেস্থিতি। স্থিরতা। দৃঢ়প্রতিজ্ঞতা। নিশ্চয়। চিত্তৈকাগ্রতা। যোগাঙ্গবিশেষ, নিশ্বাসরোধপূর্ব্বক বাহ্যবিষয় হইতে চিত্ত নিবৃত্ত করিয়া, মনের একাগ্রতার সহিত পরম ব্রহ্মের ধ্যান। স্মৃতি, কোনবিষয় স্মরণে রাখা। বুদ্ধি। ঋণ, ধার। অবশ্যকর্ত্তব্য ধর্ম্মনীতি বিষয়ক নিয়মাবলী।

ধারণাবান্, (ধারণাবৎ, ধারণ+বতু—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ধারণাবিশিষ্ট, মেধাবী।

ধারণীয়, (ধারণ দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, ধারণযোগ্য। রক্ষণীয়।

ধারয়িতা, (ধারয়িতৃ, ধারি=ধরা+তৃণ্—ক) বিং, ত্রিং, ধারক, যে ধারণ করে ত্রী—স্ত্রীং, পৃথিবী, ধরণী। ধারণকর্ত্রী।

ধারাকদম্বক, সং, পুং, কদম্ববৃক্ষবিশেষ।

ধারাগৃহ, সং, ক্লীং, যে গৃহে যন্ত্র দ্বারা জল উত্তোলিত হয়। ফোয়ারার ঘর। "তত্রাবশ্যং বলয়কুলিশোদ্ঘট্টনোদ্গীর্ণতোয়ং নেষ্যন্তি ত্বাং সুরযুবতয়ো যন্ত্রধারাগৃহত্বং" মেঘদূত।

ধারাঙ্কুর, (ধারা=বৃষ্টি—অঙ্কুর) সং, পুং, জলকণা, শীকর। করকা, শিল। নায়কের অগ্রবর্ত্তী সেনা।

ধারাঙ্গ, (ধারা=অস্ত্রাদির তীক্ষ্ণপ্রান্ত ইত্যাদি—অঙ্গ=শরীর) সং, পুং, খড়্গ। তীর্থ।

ধারাট, (ধারা=বৃষ্টি ইত্যাদি—অট=যে গমন করে) সং, পুং, চাতকপক্ষী। অশ্ব। মেঘ। মত্তহস্তী।

ধারাধর, (ধারা=জলধারা, অস্ত্রের তীক্ষ্ণ প্রান্তভাগ—ধর=যে ধরে, ২য়া—ষ) সং, পুং, মেঘ। খড়্গ।

ধারাযন্ত্র, (ধারা—যন্ত্র কল) সং, ক্লীং, যে যন্ত্র হইতে জলধারা বিনির্গত হয়।

ধারাল, (ধারা=অস্ত্রের ধার+ল—অস্ত্যর্থে) বিং, ত্রিং, সুশাণিত, তীক্ষ্ণ।

ধারাবনি, (ধারা=লঘুবর্ষণ—বন্=শব্দকরা+ই—প্রং) সং, পুং, বায়ু।

ধারাবাহিক, ধারাবাহী, (ধারাবাহিন্, ধারাক্রমাগত স্থিতি—বাহিক, বাহী=যে বহন করে, ২য়া—ষ) বিং, ত্রিং, ক্রমাগত স্থিতিশীল, অবিরতস্থায়ী, যাহা বরাবর চলিয়া আসিতেছে। অবিচ্ছিন্ন। "পটুর্ধারাবাহী নবইব চিরেণাপি হিনমে নিকৃন্তন্ মর্ম্মাণি ক্রকচইব মন্যুর্ব্বিরমতি" উত্তরচরিত।

ধারাবিষ, (ধারা—বিষ। যে অস্ত্রের ধার বিষসদৃশ সাংঘাতিক, ৬ষ্ঠী—হিং) সং, পুং, তীক্ষ্ণখড়্গ।

ধারাসম্পাত, (ধারা=জলধারা—সম্[সম্যক্রূপে] পরিমাণ বা রাশি—পাত=পতন) সং, পুং, বেগে জলধারা পতন, অতিশয় বর্ষণ।

ধারিণী, (ধৃ=ধারণকরা+ণিন্-প্রং। ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং ধরণী, পৃথিবী। শাল্মলীবৃক্ষ।

ধারিত, (ধারি=ধরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ধৃত। গ্রাহিত। বাহিত। স্থাপিত।

ধারী, (ধারিন্, ধৃ=ধারণকরা+ণিন্—ক। অথবা ধারা=অস্ত্রের ধার ইত্যাদি ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ধারণকর্ত্তা' যে ধারণ করে। ধারাল।

ধারু, (ধে=পান করা+রু—প্রং) বিং, ত্রিং, যে পান করে, পানকারী।

ধার্ত্তরাষ্ট্র, (ধৃতরাষ্ট্র রাজা, পক্ষ্যাদি+ষ্ণ—প্রং) সং, পুং, কৃষ্ণবর্ণ ওষ্ঠ ও চরণবিশিষ্ট শ্বেতহংস। সর্পবিশেষ। ধৃতরাষ্ট্র রাজার সন্তান। "যদাশ্রৌষমভিমন্যুং নিহত্য হর্ষন্মূঢ়ান্ ক্রোশতো ধার্ত্তরাষ্ট্রান্" মহাভারত।

ধার্ম্মিক, (ধর্ম্ম+ইক—চরত্যর্থে) বিং, ত্রিং, ধর্ম্মিষ্ঠ,ধর্ম্মজ্ঞানী, ধর্ম্মশীল, পুণ্যাত্মা ন্যায়পর।

ধার্য্য, (ধৃ=ধরা+ঘ্যণ—র্ম্ম) বিং, ত্রিং, ধারণীয়। গ্রাহ্য। স্থিরীকার্য্য,অবধারণীয়।

ধার্য্যমাণ, (ধারি=ধর+শান—র্ম্ম। য, ম—আগম) বিং, ত্রিং, যাহাকে ধারণ করা যাইতেছে। গৃহ্যমাণ।

ধার্য্যমাণত্ব, (ধার্য্যমাণ + ত্ব—ভাবার্থে) প্রকৃতিগুণ, বস্তুশক্তি (property)

ধার্ষ্ট্য, (ধৃষ্ট+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, ধৃষ্টতা, প্রগল্‌ভতা, নির্লজ্জতা। নির্ভীকতা।

ধাবক, (ধাব=বেগে গমন করা, ধৌত করা+ণক—ক) বিং, ত্রিং, দ্রুতগামী, যে বেগে দৌড়িয়া যায়। ক্ষালক, পরিষ্কারক। সং, পুং, রজক, ধোপা। কবি বিশেষ।

ধাবন, (ধাব্=বেগে গমনকরা, ধৌতকরা+অনট্—ভা) সং, ক্লীং, দৌড়ন। বেগে গমন। ক্ষালন, ধৌতকরণ।

ধাবমান, (ধাব + শান—ক) বিং, ত্রিং, যে চলিতেছে। যে দ্রুতবেগে গমন করিতেছে।

ধাবিত, (ধাব+ক্ত—ক, র্ম্ম) বিং, ত্রিং, দ্রুতগত,বেগে চলিত। পরিষ্কৃত। ধৌত।

ধাসাঃ, (ধাসস্,ধা=ধারণ করা+অসুন্। স আগম) সং, পুং, পর্ব্বত।

ধিক্, (ধক্ক্=বিনাশকরা+ইক্—প্রং) অং, নিন্দা। অবজ্ঞা। ভর্ৎসনা। "সত্যাদপ্যনৃতং শ্রেয়ো ধিক্ স্বর্গং নরকোস্তু মে" বেণীসংহার।

ধিক্কার—পুং, ধিক্ক্রিয়া—স্ত্রীং, (ধিক্=নিন্দা—কার, ক্রিয়া=করণ) সং, অবজ্ঞা। ভর্ৎসনা। নিন্দা। অবমাননা।

ধিক্কৃত, (ধিক্=নিন্দা—কৃত=করণ কিম্বা যাহা করা হইয়াছে) সং, ক্লীং, নিন্দা। ভর্ৎসনা। বিং, ত্রিং, নিন্দিত। অবজ্ঞাত, ভর্ৎসিত।

ধিক্‌পারুষ্য, (ধিক্—পারুষ্য) সং, ক্লীং, দুর্ব্বাক্য। পরুষ বচন।

ধিগ্বন, (ধিক্—বন) সং, পুং, বর্ণ সঙ্কর জাতি বিশেষ, ব্রাহ্মণের ঔরসে এবং অয়োগবার (বৈশ্যের ঔরসে শূদ্রার গর্ভজাত কন্যা) গর্ভেজাত সন্তান। চর্ম্মকার বিশেষ।

ধিপ্সু, (দম্ভ=প্রতারণাকরা, ঠকান+সন্—ইচ্ছা বৃত্তি) বিং, ত্রিং, ছলেচ্ছু। প্রতারক, কপটেচ্ছু।

ধিয়াম্পতি, (ধিয়াম্—পতি। অলুক সমাস) সং, পুং, পূর্ব্বজিন বিশেষ, মঞ্জুঘোষ। আত্মা।

ধিষণ, (ধিষণা + অ—অস্ত্যর্থে) সং, পুং, বৃহস্পতি। মন্ত্রোপদেশক। (ধৃষ্=অহঙ্কারী হওয়া + অন—প্রং, নিপাতন) ণা—স্ত্রীং, বুদ্ধি, জ্ঞান।

ধিষ্ট্য, ধিষ্ণ্য, (ধিষ্=প্রগল্‌ভ হওয়া, নিপাতন। ধিষ্ঠ শব্দও হয়) সং, ক্লীং, স্থান। গৃহ। দেশ। নক্ষত্র। অগ্নিদেবের নামান্তর। বহ্নি। ক্ষমতা, বল। পুং, শুক্রাচার্য্য।

ধী, (ধ্যৈ=চিন্তাকরা + ক্বিপ্—প্রং) সং, স্ত্রীং, বুদ্ধি, জ্ঞান। মতি।

ধীগুণ, সং, পুং, শুশ্রূষা, শ্রবণ, গ্রহণ, ধারণ, তর্ক, বিতর্ক, অর্থবোধ, তত্ত্বজ্ঞান, এই অষ্টবিধ বুদ্ধিগুণ। "শুশ্রূষা শ্রবণং চৈব গ্রহণং ধারণং তথা। উহোহপোহোহর্থবিজ্ঞানং তত্ত্বজ্ঞানং চ ধীগুণাঃ"।

ধীত, (ধে=পানকরা+ক্ত—প্রং। নিপাতন) বিং, ত্রিং, পীত, যাহা পানকরা হইযাছে।

ধীতি, (ধে=পানকরা+ক্তি—ভা) সং, স্ত্রীং, পিপাসা। তৃষ্ণা।

ধীদা, সং, স্ত্রীং, কুমারী, কন্যা। বুদ্ধি।

ধীন্দ্রিয়, (ধী—ইন্দ্রিয়) সং, ক্লীং, মনঃ চক্ষুঃ কর্ণ নাসিকা জিহ্বা, ত্বক্ এই ষট্ জ্ঞানেন্দ্রিয়।

ধীমান্, (ধীমৎ, ধী+মতু—অস্ত্যর্থে)

বিং, ত্রিং, বুদ্ধিমান্, জ্ঞানী। সং, পুং, বৃহস্পতি।

ধীর, (ধী=বুদ্ধি—রা=গ্রহণকরা+ড—প্রং, অথবা ধী=বুদ্ধি—ইর=গমনকরা+অণ্) বিং, ত্রিং, ধৈর্য্যশালী। পণ্ডিত, জ্ঞানী। বুদ্ধিমান্। দৃঢ়প্রতিজ্ঞ। স্থিরোন্নতচিত্ত। স্থির। শান্ত, বিনীত, নম্র। মনোহর। সারবান্। সমর্থ। মন্দ মন্দ। অদ্রুত। রা-স্ত্রীং, নায়িকাবিশেষ, যে নায়িকার কোপ প্রকাশ বুঝিতে পারা যায় না। গম্ভীরচিত্ত,বিপৎকালেও যাহার মন বিচলিত হয় না। স্বেচ্ছাচারী এক-গুঁয়ে। অদম্য, অশাসনীয়। অলস, যে শীঘ্র কার্য্যাদি সম্পন্ন করিতে পারে না। সদ্ব্যবহারী, সজ্জন। অল্প, মন্দ (বায়ু) "কালোমধুঃ কুপিত এষচ পুষ্পধন্বা ধীরা বহন্তি রতিখেদহরাঃ সমীরাঃ" গভীর (শব্দ) "দৃষ্টিস্তৃণী কৃতজগৎত্রয়সত্ত্বসারা ধীরোদ্ধতান ময়তী ব গতি র্ধরিত্রীম্" উত্তরচরিত। সং, পুং, বলিরাজার নামান্তর। সমুদ্র। পুং, ক্লীং, কুঙ্কুম।

ধীরতা—স্ত্রীং, ধীরত্ব—ক্লীং, (ধীর+তা, ত্ব—ভাবে) সং, ধৈর্য্য। চিত্তের স্থিরতা। সহিষ্ণুতা। অনৌদ্ধত্য। গাম্ভীর্য্য। পাণ্ডিত্য।

ধীরপ্রশান্ত, (ধীর—প্রশান্ত=শমতাপ্রাপ্ত) সং, পুং, নায়কবিশেষ, যাহার সামান্য গুণ অনেক আছে। "সামান্যগুণৈর্ভূয়ান্ দ্বিজাদিকো ধীরপ্রশান্তঃ স্যাৎ" সাহিত্য দর্পণ।

ধীরললিত, (ধীর—ললিত=ক্রীড়াসক্ত) সং, পুং, নায়কবিশেষ, যে নায়ক চিন্তাশূন্য নম্র এবং নৃত্যগীতাদিতে আসক্ত। "নিশ্চিন্তো মৃদুরনিসং কলাপপরো ধীর ললিতঃ স্যাৎ" সাহিত্য দর্পণ। [মহিষ।

(ধীর—স্কন্ধ=কাঁধ) সং, পুং,

া, (ধীরা—অধীরা) সং, স্ত্রীং, নায়িকাবিশেষ। ধীরাধীরা নায়িকা দুই প্রকার,মধ্যা ধীরাধীরা ও প্রগল্‌ভা ধীরা-ধীরা, মধ্যা ধীরাধীরা স্বামীর শরীরে পরনারীসঙ্গমচিহ্নাদি দর্শন করিলে, কেবল রোদন করে। প্রগল্‌ভা ধীরাধীরা রোদন না করিয়া, কেবল মাত্র স্বামীর প্রতি সোল্লুণ্ঠন বাক্যপ্রয়োগ করিয়া থাকে

ধীরোদাত্ত, (ধীর—উদাত্ত = দানশীল) সং, পুং, নায়কবিশেষ, যে ব্যক্তি আত্মশ্লাঘাবর্জ্জিত হর্ষ বা শোকে অভিভূত হয় না, বিনয় দ্বারা গর্ব্বকে প্রচ্ছন্ন রাখে এবং অঙ্গীকার প্রতিপালন করে। "অবিকত্থনঃ ক্ষমাবানতিগম্ভীরো মহাসত্ত্বঃ। স্থেয়ান্ নিগূঢ়মানো ধীরোদাত্তো-দৃঢ়ব্রতঃ কথিতঃ" সাহিত্যদর্পণ।

ধীরোদ্ধত, (ধীর—উদ্ধত=ধৃষ্ট) সং, পুং, নায়কবিশেষ, যে ব্যক্তি মায়াবী প্রচণ্ড চপল অহঙ্কৃত এবং আত্মশ্লাঘা বিষয়ে নিরত। "মায়াপরঃ প্রচণ্ডশ্চপলোহংকারদর্পভূয়িষ্ঠঃ। আত্মশ্লাঘা নিরতো ধীরৈ র্ধীরোদ্ধতঃ কথিতঃ" সাহিত্যদর্পণ

ধীলটী, সং, পুং, দুহিতা, কন্যা।

ধীবর, (ধৃ [মৎস্য] ধারণকরা+বর—প্রং, ঋ=ঈ) সং, পুং, রী—স্ত্রীং, জেলে, জেলেনী।

ধীবা, (ধীবন্, ধৃ=ধরা+বন্—প্রং। ঋ=ঈ) সং, পুং, ধীবর।

ধীশক্তি, (ধী=বুদ্ধি—শক্তি=সামর্থ্য, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, বুদ্ধিশক্তি, বুদ্ধিসামর্থ্য।

ধীসখ, ধীসচিব, } (ধী=বুদ্ধি—সখি, সচিব=বন্ধু) সং, পুং, অমাত্য, মন্ত্রী। শিক্ষক। মিত্র, বন্ধু।

ধু, (ধু=কাঁপা+কিপ্—প্রং) সং, স্ত্রীং, কম্পন, কাঁপা।

ধুওন, (দেশজ) সং, প্রক্ষালন।

ধুতি, (দেশজ) সং, পুরুষের পরিধান বস্ত্র

ধুচনী, (দেশজ) সং, বংশ নির্ম্মিত তণ্ডুলাদি ধৌতপাত্র।

ধুত, ধূত, (ধু, ধূ=কাঁপা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, কম্পিত। পরিত্যক্ত।

ধুনন, ধূনন, (ধু, ধূ=কাঁপা+ই,[প্রেরণে]

অন—ভা) সং, ক্লীং, চালন, নাড়াচাড়া। কম্পন।

ধুনি, ধুনী, (ধু [কঁাপান] গমনকরা নি—সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, নদী।

ধুনীনাথ, (ধুনী—নাথ=প্রভু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সরিৎপতি, সমুদ্র।

ধুন্ধুমার, (ধূম=ধোঁয়া, দ্বিত্ব—ঋ=গমন করা+ঘঞ্—প্রং। নিপাতন) সং, পুং, নৃপবিশেষ, কুবলয়াশ্ব। ইন্দ্রগোপকীট। গৃহস্থিত ধূম, ঝুল। জেঠী, টিকৃটিকী।

ধুরন্ধর, ধুরীণ, ধুর্য্য, ধুর্ব্বহ, (ধুর=ভার —ধর=যে ধরে। ধুর্+ঈন—বহনার্থে। ধুর্+য—বহনার্থে। ধূর্—বহ যে বহন করে, ২য়া—ষ) বিং, ত্রিং, ভার-বাহক গুরু কর্ত্তব্য কার্য্যরূপ ভারাক্রান্ত, যাঁহার উপর অনেক গুরুতর কার্য্য নির্ভর করিতেছে। সং, পুং, যুগ্য, বাহন। "অথ যন্তার মাদিশ্য ধুর্য্যান্ বিশ্রাময়েতি সঃ" রঘুবংশ। যে ব্যক্তি সর্ব্বদাই কার্য্যে ব্যাপৃত থাকে। বৃক্ষবিশেষ, ধব বৃক্ষ।

ধুর্, ধুরা, (ধুর্ব্ব=হিংসাকরা+ক্বিপ্— প্রং, অ, আ) সং, স্ত্রীং, শকটের অগ্র। কম্পন, সঞ্চলন। চিন্তা। ভাবনা। স্মরণ। অগ্রভাগ। সম্মুখ। প্রথম। অক্ষদণ্ড। অগ্নিস্ফুলিঙ্গ ভার, বোঝা। "ধাত্রাদ্বিধৈব ননুধূর্জগতো বিভক্তা" রঘুবংশ। ভাগ, অংশ। বিত্ত, ধন। গঙ্গার নামান্তর।

রি, (ধুর্—সপ্তম্যন্ত) অং, অগ্রে। "তস্যাঃ খুরন্যাসপবিত্রপাংশুমপাংশুলানাং ধুরি কীর্ত্তনীয়া" রঘুবংশ।

ধুরীয়, (ধুর্+ঈয়—প্রং) বিং, ত্রিং, ভারবহনযোগ্য। কার্য্যদক্ষ। সং, পুং, অনড্বান্, বৃষ। কর্ম্মী, কাজের মানুষ।

ধুবকা, (ধু=কাঁপান+ণক—সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, গানের ধুয়া।

ধুবন, (ধু=কাঁপান+অন-প্রং) সং, পুং, অগ্নি। ক্লীং, কম্পন।

ধুবিত্র, (ধূ=কাঁপান+ইত্র—ণ) সং, ক্লীং, যজ্ঞাগ্নি প্রজ্জ্বলনার্থ ব্যবহৃত মৃগচর্ম্মনির্ম্মিত ব্যজন বিশেষ।

ধুস্তুর, ধুস্তূর, ধূস্তুর, ধূস্তূর, (ধুস্ [ধুস্ ভূষিতকরা+ক্বিপ্—প্রং] কমনীয়— তুর্=হিংসা করা+ক—ক। দেখিতে সুন্দর কিন্তু প্রাণনাশক) সং, পুং, ধুতুরা গাছ।

ধূক, (ধূ=কাঁপান+কণ্) সং,পুং,বাতাস। দুষ্টব্যক্তি, বদমায়েস। সময়।

ধূত, (ধূ=কাঁপা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, কম্পিত। "ধুন্বন্ত্যমূনি মদমূর্চ্ছদলিধ্বনীনি ধূতাধ্বনীনহৃদয়ানি মধোর্দিনানি" "ধূতোদ্যানং কুবলয়রজোগন্ধিভির্গন্ধবত্যা" মেঘদূত। ভর্ৎসিত। নিরস্ত। ত্যক্ত। তর্কিত, বিচারিত। বিবেচিত। তা—স্ত্রীং, ভার্য্যা।

ধূন, (ধূ=কাঁপান+ক্ত, নিপাতন) বিং, ত্রিং, উত্তাপ তাপিত। তৃষ্ণাতুর। কম্পিত। চালিত।

ধূনক, (ধূ+ণক—প্রং) সং, পুং, ধূনা।

ধূপ, (ধূপ্=সন্তপ্তকরা+অল্—ণ) সং, পুং, গন্ধদ্রব্যবিশেষ।

ধূপন, (ধূপ দেখ, অনট্—ভা) সং, ক্লীং, ধূপদ্বারা সুগন্ধীকরণ। তাপন। পুং,ধূনা।

ধূপাঙ্গ, (ধূপ—অঙ্গ অংশ) সং, পুং, তার্পিন্ তৈল।

ধূপায়িত, ধূপিত, (ধূপ+ক্ত—র্ম্ম, ক। আয়্—আগম) বিং, ত্রিং, পথশ্রান্ত। তাপিত। ধূপদ্বারা সুগন্ধীকৃত।

ধূপিকা, (ধূপ=গন্ধদ্রব্যবিশেষ+ক—সাদৃশ্যার্থে) সং, স্ত্রীং, কুজ্ঝটিকা।

ধূপিত, (ধূপ=উত্তম হওয়া+ক্ত) বিং, ত্রিং, সন্তাপিত, পথশ্রান্ত সুগন্ধীকৃত। দত্তধূপ।

ধূম, (ধূ=কাঁপা+ম—সংজ্ঞার্থে) সং, পুং, আর্দ্রেন্ধন প্রভব ধূঁয়া। মুনিবিশেষ। "অন্তর্লীনস্য দুঃখাগ্নেরদ্যোদ্দামং জ্বলিষ্যতঃ। উৎপীড়ইব ধূমস্য মোহঃ প্রাগাবৃণোতিমাম্" উত্তরচরিত। উজ্জ্বালিতস্য

রজনীং মদনানলস্য ধূমংদধৎ প্রকট লাঞ্ছনকৈতবেন"।

ধূমকেতন, ধূমকেতু (ধূম—কেতন, কেতু =ধ্বজা, ৬ষ্ঠী—হিং) সং,পুং, অগ্নি কেতুগ্রহ। উৎপাত বিশেষ। গ্রহভেদ। "কেতনা ধূমকেতোস্তু নক্ষত্রাণি ত্রয়োদশ। ভরণ্যাদীনি ভিন্নানি নানুযান্তি নিশাকরম্" ॥ "উপপ্লবায় লোকানাং ধূমকেতুরিবোত্থিতঃ"।

ধূমজাঙ্গল, সং, ক্লীং, বজ্রক্ষার।

ধূমধ্বজ, (ধূম—ধ্বজ ধ্বজা, ৬ষ্ঠী—হিং), সং, পুং, অগ্নি। কেতুগ্রহ। উৎপাতবিশেষ।

ধূমপ, (ধূপ—পা+ড) সং, বিং, ত্রিং, যে ধূমপান করে। "শম্বূকো নাম ধূমপ অস্মিন্নেব জনস্থানে তপশ্চরতি" উ,চ।

ধূমপায়ী, (ধূমপায়িন্, ধূম—পায়ী=যে পান করে) বিং, ত্রিং, যে ধূম-পান করে।

ধূমপ্রভা, (ধূম—প্রভা=যে দীপ্তি করে) সং, ক্লীং, ধূমান্ধকার নরক।

ধূমমহিষী, (ধূম—মহিষী=স্ত্রীমহিষ) সং, স্ত্রীং, কুজ্ঝটিকা, কুয়াসা।

ধূমযোনি, (ধূম—যোনি=উৎপত্তিস্থান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মেঘ। মুস্তক।

ধূমল, ধূম্র (ধূম—লা, রা—গ্রহণকরা+ড —প্রং, ২য়া—ষ) সং, পুং, কৃষ্ণলোহিতবর্ণ, বেগুণে রঙ্। বিং, ত্রিং, কৃষ্ণলোহিতবর্ণযুক্ত "হুতভুগধূমধূম্রী-কৃতাননঃ"।

ধূমসংহতি, (ধূম—সংহতি=সমবায়, সমষ্টি) সং, স্ত্রীং, ধূমসমষ্টি মেঘ। ধূমসমূহ।

ধূমসী, সং, স্ত্রীং, সূর্য্যোত্তাপপক রোটিকাবিশেষ। [ত্রিং, ধূম্রবর্ণ, ধূমসদৃশ।

ধূমাভ, (ধূম—আভা, ৬ষ্ঠী—হিং) বিং,

ধূমাবতী, (ধূমা=ধূম অর্থাৎ তামসী শক্তি +বতু—অস্ত্যর্থে। স্বয়ং শুদ্ধসত্বা হইয়াও সৃষ্টিপ্রলোপের নিমিত্ত যিনি তামসীশক্তি অবলম্বন করেন) সং, স্ত্রীং, দশ মহাবিদ্যার নূতন বিদ্যা বিশেষ। দুর্গা।

ধূমিকা, (ধূম+ক—সাদৃশ্যার্থে) সং, স্ত্রীং, কুজ্ঝটিকা, কুয়াসা।

ধূমোত্থ, (ধূম+উৎ+স্থা+ড) বিং, ত্রিং, ধূমোদ্ভূত। ক্লীং, বজ্রক্ষার।

ধূমোর্ণা, (ধূম—উর্ণা=পশম) সং, স্ত্রীং, যমভার্য্যা। ইহার কেশ ধূম্রাকৃতি এবং পশমের ন্যায় বলিয়া ইহার নাম ধূমোর্ণা।

ধূমোর্ণাপতি, (ধূমোর্ণা—পতি=স্বামী) সং, পুং, যম। [ধূমরাশি। ধূমসমূহ।

ধূম্যা, (ধূম+য—সমূহার্থে) সং, স্ত্রীং,

ধূম্যাট, (ধূম্যা=ধূমসমূহ—অট্=গমনকরা +অল্—ক। যে ধূমের ন্যায় যায়) সং, পুং, পক্ষীবিশেষ। ফিঙ্গা।

ধূম্র, (ধূ—রা=গ্রহণ করা+ক, নিপাতন) বিং, ত্রিং, কৃষ্ণলোহিতবর্ণযুক্ত। সং, পুং, ধূমল, কৃষ্ণলোহিত। তুরুষ্ক। সং, ক্লীং, পাপ, দুষ্কর্ম্ম।

ধূম্রক, (ধূম্র+ক—প্রং অথবা কৈ+ড—প্রং) সং, পুং, উষ্ট্র। বিং, ত্রিং, কৃষ্ণলোহিতবর্ণ যুক্ত।

ধূম্রলোচন, (ধূম্র—লোচন=চক্ষুঃ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কপোত, পায়রা। শুম্ভ নিশুম্ভ দৈত্যের সেনাপতি।

ধূম্রবর্ণ, (ধূম্র—বর্ণ=৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, কৃষ্ণলোহিতবর্ণযুক্ত। সং, পুং, গন্ধদ্রব্য। সং, স্ত্রীং, অগ্নিশিখা, অগ্নির সপ্তজিহ্বান্তর্গত জিহ্বাবিশেষ।

ধূম্রাক্ষি, (ধূম্র—অক্ষি=চক্ষু) সং, পুং, মলিনপ্রভ মুক্তা।

ধূম্রাট, (ধূম্র—অট=যে গমনকরে) সং, পুং, পক্ষিবিশেষ। ফিঙ্গা।

ধূম্রাভ, (ধূম্র—আভ=যে শোভা পায়) সং, পুং, বায়ু। বিং, ত্রিং, নীল লোহিত।

ধূম্রিকা, (ধূম্র+কণ্, আপ্ স্ত্রীলিঙ্গে—ম্র=ম্রি) সং, স্ত্রীং, শিংশপাবৃক্ষ। শিশুগাছ।

ধূয়মান, (ধূ=কাপান+শান—র্ম্ম) বিং, ত্রিং, কম্পমান। পবনাহত।

ধূর্জ্জটি, (ধূর্=ত্রৈলোক্যচিন্তা, ভার—জট্=জড়করা, বহনকরা+ই — প্রং, যিনি ত্রিভুবনের ভার বহন করেন,

২য়া—ষ। অথবা ধুর্=ভারভূত—জটি =জটা, যাঁহার ভারভূত জটা আছে, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিব।
ধূর্ত্ত, (ধূর্ব্=হিংসাকরা+ক্ত—প্রং) নিপাতন, বিং, ত্রিং, শঠ, প্রবঞ্চক। "সার্দ্ধং মনোরথশতৈস্তব ধূর্ত্ত কান্তা, সৈবস্থিতা মনসি কৃত্রিমহাবরম্যা" "অন্তর্হাসলসৎ কপোলফলকাং ধূর্ত্তোঽপরাং চুম্বতি"। "নরাণাং নাপিতোধূর্ত্তঃ পক্ষিণাং চৈব বায়সঃ। দংষ্ট্রিণাং চ শৃগালস্ত শ্বেতভিক্ষুস্তপস্বিনাম্"। সং, পুং, দ্যূতকারী। জুয়ারি। ধুস্তূরবৃক্ষ। ক্লীং, লৌহকিট্ট। লোহার মরিচা। বিট্‌লবণ।
ধূর্ত্তক, (ধূর্ত্ত+ক—যোগ) সং, পুং, শৃগাল। ধূর্ত্ত। প্রবঞ্চক। [ক্রীড়ক। ধূর্ত্ত।
ধূর্ত্তকিতব, (ধূর্ত্ত—কিতব=শঠ) দ্যূত-
ধূর্ত্তজন্তু, সং, পুং, মনুষ্য।
ধূর্দ্ধর, ধূর্ব্বহ, (ধুর্=ভার—ধর=যে ধরে, বহ=যে বহন করে, ২য়া—ষ) বিং, ত্রিং, ধুরন্ধর, ভারবাহী।
ধূর্ব্বী, (ধূর্ব্=হিংসা করা+অ—প্রং) সং, স্ত্রীং, রথের অগ্রভাগ। যানমুখ। বধু।
ধূলক, সং, ক্লীং, বিষ।
ধূলি—লী, (ধূ=কাঁপা+লি—সংজ্ঞার্থে) সং, পুং—স্ত্রীং, ধূলা, পাংশু, রেণু।
ধূলিকা, (ধূলি+ক—সাদৃশ্যার্থে। যাহা আকাশের ধূলি স্বরূপ) সং, স্ত্রীং, কুজ্ঝটিকা, কুয়াসা।
ধূলিকুট্টিম সং, ক্লীং, } বপ্র, প্রাকার
ধূলিকেদার সং, পুং, } ক্ষেত্র।
ধূলিগুচ্ছক, (ধূলি — গুচ্ছক = ফুলের তোড়া) সং, পুং, আবির, ফাগ। পট্টবাস।
ধূলিধ্বজ, (ধূলি—ধ্বজ=ধ্বজা) সং, পুং, পবন। বায়ু।
ধূলীকদম্ব, সং, পুং, নীপ, তিনিশ, বরুণবৃক্ষ। কদম্ববৃক্ষের জাতি ভেদ।
ধূলীপটল, (ধূলী—পটল=রাশি) সং, পুং, উড্ডীয়মান ধূলি সমূহ। "অশ্বাজিরাজিনির্ধূত ধূলীপটলপঙ্কিলাং। ন ধত্তে শিরসা গঙ্গাং ভূরিভারভিয়া হরঃ॥"
ধূসর, (ধূ [মনকে] কাঁপান+সর—প্রং) সং, পুং, ঈষৎ পাণ্ডুবর্ণ। উষ্ট্র। গর্দ্দভ। কপোত। তৈলকার। বিং, ত্রিং, ঈষৎ পাণ্ডুবর্ণযুক্ত, পাঁশুটে। "অথ সা পুনরেব বিহ্বলা বসুধালিঙ্গনধূসরস্তনী" কুমার। "বসনে পরিধূসরে বসানা নিয়মক্ষামমুখী ধৃতৈকবেণী" শকুন্তলা। রী—স্ত্রীং, স্বর্গের কিন্নরীবিশেষ।
ধূসরপদার্থ, সং, ক্লীং, ধূলি। লূতা। করভ। গৃহগোধিকা। কপোত। মূষিক রঙ্গ। কাককণ্ঠ। খরাদি।
ধূসরিত, (ধূসর+ইত—ইদমর্থে) বিং, ত্রিং, ঈষৎ পাণ্ডুবর্ণবিশিষ্ট।
ধূস্তূর, (ধূস—তুর) সং, পুং, ধুতুরাগাছ।
ধৃত, (ধৃ=ধরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অবলম্বিত। গৃহীত। "ধৃতায়ুধো যাবদহং তাবদন্যৈঃকিমায়ুধৈঃ"। স্থাপিত। আলোচিত। আক্রান্ত। প্রাপ্ত। স্থিত।
ধৃতরাষ্ট্র, (ধৃত—রাষ্ট্র=রাজ্য, ৩য়া—হিং) সং, পুং, দুর্য্যোধনের পিতা। শান্তনুপুত্র, বিচিত্রবীর্য্যক্ষেত্রে ব্যাসঔরসজাত। নাগবিশেষ। হংসবিশেষ। ষ্ট্রী—স্ত্রীং,হংসী। [বিং, ত্রিং, দৃঢ়, স্থির।
ধৃতাত্মা, (অন্, ধৃত—আত্মা—৩য়া—হিং)
ধৃতি, (ধৃ=ধরা+ক্তি—ভা) সং, স্ত্রীং, তুষ্টি। যোগভেদ। ধৈর্য্য। "ধৃত্যা ন ক্ষণমাসিতং ব্যবসিতং চিন্তেন গন্তুং পুরঃ"। ধারণ। সুখ। ষোড়শমাতৃকান্তর্গত ত্রয়োদশ মাতৃকা। অষ্টাদশাক্ষরাবৃত্তিছন্দোমাত্র। রাগ, আসক্তি উৎসাহ। যাগ।
ধৃতিমান্, (ধৃতিমৎ, ধৃতি+মতু—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ধৈর্য্যশালী। সন্তুষ্ট। দৃঢ়। স্থির। সুখী।
ধৃতিমুষ্, (—মুট, ধৃতি=ধৈর্য্য—মুষ্=যে অপহরণ করে) বিং, ত্রিং, ধৈর্য্যচ্যুতিকারক, চিত্তবেধক।
ধৃত্বরী, (ধৃ=ধারণকরা+বর—প্রং। ৎ—

আগম। ঈপ -স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, পৃথিবী। ভূমি।

ধৃত্বা, (ধৃত্বন্, ধৃ=ধারণকরা+বন্—প্রং। ৎ—আগম) সং, পুং, ধর্ম্ম। ব্রাহ্মণ। সমুদ্র। আকাশ। বিষ্ণু। মেধাবী। পণ্ডিত।

ধৃষ্ট, (ধৃষ্=প্রগল্ভ হওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, নির্লজ্জ। প্রগল্ভ, উদ্ধতস্বভাব। পুং, নায়ক বিশেষ, চতুর্ব্বিধ পত্যন্তর্গত পতিবিশেষ। ষ্টা—স্ত্রীং, অসতী।

ধৃষ্টদ্যুম্ন, (ধৃষ্ট=প্রগল্ভ—দ্যুম্ন=বল, ৬ষ্ঠী—হিং) সং, পুং, দ্রুপদ-রাজপুত্র।

ধৃষ্ণক্, (ধৃষ্ণজ্, ধৃষ্ণু দেখ, নজ্—প্রং) পুং বিং, ত্রিং, প্রগল্ভ, নির্লজ্জ। বিশ্বস্ত।

ধৃষ্ণি, (ধৃষ=প্রশস্তহওয়া+নি—প্রং) সং, কিরণ, আলোক।

ধৃষ্ণু, (ধৃষ্=প্রগলভ হওয়া+ণু—ক, শীলার্থে) বিং, ত্রিং, ধর্ষণশীল। সহিষ্ণু। প্রগল্ভ। নির্লজ্জ। সং, পুং, কঞ্চি, বাঁশের শাখা।

ধেন, (ধে = পানকরা+ন—সংজ্ঞার্থে। যাহা পীত হয়) সং, পুং, সমুদ্র। নদ। না—স্ত্রীং, নদী।

ধেনু, (ধে=পানকরা+নু—প্রং) সং, স্ত্রীং, নবপ্রসূতা গাভী। নবপ্রসূতিকা। "বনায় পীতপ্রতিবদ্ধবৎসাং যশোধনো ধেনুমৃষের্ম্মুমোচ" রঘুবংশ।

ধেনুক, (ধেনু+ক=যোগ) সং, পুং, অসুরবিশেষ। ষোড়শবিধ রতি বন্ধান্তর্গত দ্বাদশ বন্ধ। হস্তিনী। নবপ্রসূতাগাভী

ধেনুকসূদন, ধেনুকহা—হন্, ধেনুকারি } (ধেনুক=অসুরবিশেষ—সূদন, হন্=যে বধ করে, হয়া—ষ। ধেনুক—অরি=শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং,

ধেনুষ্যা, (ধেনু=সবৎসা গো+য—প্রং। স—আগম) সং, স্ত্রীং, যে গাভিকে বন্ধক দিয়া অর্থ গ্রহণ করে। দোহনকালে যে গাভীকে ছাঁদিতে অর্থাৎ রজ্জুদিয়া পশ্চাৎপদ বন্ধন করিতে হয়।

ধৈনুক, (ধেনুকা=সবৎসা গো+ষ্ণ—সমূহার্থে) সং, ক্লীং, ধেনুসমূহ।

ধৈর্য্য, (ধীর+ষ্ণ—ভাবে) সং, ক্লীং, স্থিরতা, ধীরতা, ইন্দ্রিয় দমন। সহিষ্ণুতা। "বাসন্তী। দেব! অতিক্রান্তে ধৈর্য্যমবলম্বতাং। রাম। সখি! কিমুচ্যতে ধৈর্য্যমিতি" উত্তর চরিত। স্থিরচিত্তোন্নতি।

ধৈবত, (ধী=বুদ্ধি+বত—প্রং, নিপাতন। ধীমানেরা যাহা গান করে) সং, পুং, সপ্তস্বরান্তর্গত ষষ্ঠ স্বর। ইহা কোন ব্যক্তির মতে অশ্বস্বর-তুল্য, কাহারও বা মতে ভেক-স্বর তুল্য। ক্ষালিত।

ধোপ, (পরিষ্কারার্থধাবধাতুজ) বিং,

ধোপা, (ঐ) সং, রজক, বস্ত্রক্ষালনজীবী।

ধোড়, (ধু=কাঁপান+ড়—প্রং) সং, পুং, ডুণ্ডুভ, ঢোঁড়া সাপ।

ধোরণ, (ধোর্=গমনপটুহওয়া+অন-ভা) সং, ক্লীং, হস্তী অশ্ব রথ দোলাদি বাহন। অশ্বের গতিবিশেষ। ধৌরিতক।

ধোরণি—ণী ধোর্ (অগ্রসরহওয়া+অনি—প্রং) সং, স্ত্রীং, কিংবদন্তী, জনশ্রুতি। পারম্পর্য্যোপদেশ। আখ্যায়িকা।

ধোরিত, (ধোর্=শীঘ্রগমনকরা+ক্ত—প্রং) সং, ক্লীং, ধোরণ, অশ্বের গতিবিশেষ।

ধৌত, (ধাব্=পরিষ্কার করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, উজ্জ্বল পরিষ্কৃত, মার্জ্জিত। শোধিত ক্ষালিত, স্নাত। ধোয়া। শাণিত। শুভ্র। সং, ক্লীং, রৌপ্য।

ধৌতকট, (ধৌত=ধোয়া—কট=মাদুরী) সং, পুং, ধোকড়া, মোটা সুতার থলিয়া, ব্যাগ।

ধৌতকোষজ, ধৌতকোষেয় } (ধৌত=পরিষ্কৃত—কোষ — জ= উৎপন্ন কোষ+ঢেয়) সং, ক্লীং, প্রক্ষালিত পট্টবস্ত্র। পত্রোর্ণ।

ধৌতশিল, (ধৌত=নির্ম্মল—শিলা—প্রস্তর) সং, ক্লীং, স্ফাটিক, স্ফটিকমণি।

ধৌমক, (ধূম=ধোঁয়া+ষ্ণ, ক -স্বার্থে) সং, পুং, দেশবিশেষ।

ধৌরিতক, (ধোরিতক [ধোরিত+ক— যোগ] +ষ্ণ—প্রং) সং, ক্লীং, ঘোটকের পঞ্চবিধ গত্যন্তর্গত গতিবিশেষ।

ধৌরেয়, (ধুর্=ভার+ঢেয়—বহনার্থে) বিং, ত্রিং, ধূর্ব্বহ, রথলাঙ্গলাদি ভারবাহীক। সং, পুং, ভারবাহক পশু, অনড্বান্। বৃষ।

ধৌর্ত্তিক, (ধূর্ত্ত=শঠ+ষ্ণিক) বিং, ত্রিং, ধূর্ত্তসম্বন্ধীয়। ক্লীং, শঠতা, ধূর্ত্ততা।

ধৌর্য্য, (ধোর্=উত্তমরূপে গমন+ঘ্যণ্) সং, ক্লীং; অশ্বের প্রথম গতি।

ধ্মাকার, (ধ্মা [ধ্মা=অগ্নিসংযোগকরা+ক্বিপ্—প্রং]তাওয়ান—কার=যে করে) সং, পুং, কর্ম্মকার, কামার।

ধ্মাঙ্ক্ষ, (ধ্মান্ক্ষ্=ঘোর শব্দকরা+অল্—প্রং) সং, পুং, কাক। বকপ্রভৃতি মৎস্যভক্ষকপক্ষী। তক্ষক, ভিক্ষুক।

ধ্মাত, (ধ্মা=অগ্নিসংযোগকরা, শব্দ করা ক্ত+—র্ম্ম) বিং, ত্রিং, শব্দিত, বাদিত। দগ্ধ। উৎসাহিত। সন্ধুক্ষিত। উদ্দীপিত। প্রফুল্লিত।

ধ্মামা, (ধ্মামন্, ধ্মাত দেখ, মন্—সংজ্ঞার্থে) সং, পুং, পরিমাণ। আলোক। ধ্যান

ধ্যাত, (ধ্যৈ=চিন্তাকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, চিন্তিত, ভাবিত। কল্পিত। স্মৃত। আলোচিত।

ধ্যাতব্য, (ধ্যৈ=চিন্তাকরা+তব্য—র্ম্ম) বিং, ত্রিং,ধ্যানযোগ্য, ধ্যেয়। স্মরণীয়। আলোচনীয়।

ধ্যান,(ধ্যৈ=চিন্তাকরা+অনট্—ভা) সং, ক্লীং, চিন্তন, সমাধি, আত্মৈকাগ্রতা, ভাবনা, অদ্বিতীয় ব্রহ্মে অন্তঃকরণের গাঢ় অভিনিবেশ। যোগের অঙ্গবিশেষ। তদ্গতচিত্তে অভীষ্ট বিষয়ের অনুশীলন। স্মরণ। "দেহবদ্ধশ্চিত্তধারণা তৎপ্রত্যয়ৈকতানতা ধ্যানম্"। "ধ্যানব্যাজমুপেত্য চিন্তয়সি কামুন্মীল্য চক্ষুঃক্ষণং মিথ্যাকারুণিকোহসি নিঘৃণতরস্বত্তঃ সকোহন্যঃ পুমান্"। নাগানন্দ। প্রাণায়ামাস্তথা ধ্যানং প্রত্যাহারোহথ ধারণা। স্মরণং চৈব যোগেহস্মিন্‌পঞ্চধর্ম্মাঃ প্রকীর্ত্তিতাঃ"

ধ্যাম, (ধ্যাত দেখ, ম—প্রং) বিং, ত্রিং, কৃষ্ণবর্ণ। শ্যামল। সং, ক্লীং, গন্ধতৃণ, ধমনকবৃক্ষ।

ধ্যেয়, (ধ্যৈ=চিন্তাকরা+য—র্ম্ম) বিং, ত্রিং, ধ্যানের যোগ্য। স্মরণীয়।

ধ্রাজি, (ধ্রজ্=গমনকরা+ই—সংজ্ঞার্থে অ=।) সং, স্ত্রীং, ঘূর্ণবায়ু, ঘুরুনিবাতাস

ধ্রিয়মাণ, (ধৃ=ধারণকরা+শান—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে ধারণ করা যাইতেছে যাহাকে দমন করা যাইতেছে।

ধ্রুব, (ধ্রু=স্থিরহওয়া+অ—প্রং) সং, পুং, ব্রহ্মা। বিষ্ণু। শিব। রাজা উত্তানপাদের পুত্র। "সুনীতির্নাম যা রাজ্ঞস্তস্যা ভূন্মহিষী দ্বিজ। স নাতি প্রীতিমাংস্তস্যাং তস্যাশ্চাভূৎ ধ্রুবঃ সুতঃ" বিষ্ণুপুরাণ। কেন্দ্রের নিকটবর্ত্তী নিশ্চল নক্ষত্রবিশেষ প্রথিত আছে যে ধ্রুবের তপস্যায় প্রীত হইয়া বিষ্ণু ধ্রুবের বাসের নিমিত্ত এই নক্ষত্রলোক সৃষ্টি করেন। বৃহৎবৃত্তের কেন্দ্র (the pole of any great circle) স্থানু, মুড়াগাছ। ডুমুরগাছ। পক্ষীবিশেষ শরাটি। বসুবিশেষ। যোগবিশেষ। নাশাগ্র। ললাটস্থ আবর্ত্তবিশেষ। ক্লীং, উৎপ্রেক্ষা "কপোলোঘর্ম্মাদ্রৌ ধ্রুবমুপরতাশেষ বিষয়ং মনঃ সান্দ্রানন্দং স্পৃশতি ঝটিতি ব্রহ্মপরমম্"। নিশ্চয়। তর্ক। বিচার। স্বর্গ। ডুমুরপত্রাকৃতি যজ্ঞপাত্র বিশেষ বা—স্ত্রীং, গানের ধুয়া। বৃক্ষবিশেষ। মূর্ব্বা, এই বৃক্ষের তন্তুদ্বারা ধনুকের ছিলা নির্ম্মিত হয়। ধর্ম্মপরায়ণা নারী। বিং, ত্রিং, নিত্য, অক্ষয়। নিশ্চিত। "অপ্রমর্ষ্যৈবিচিন্বদ্ভির্গতিমিষ্টাং ধ্রুবামিতঃ" মহাভারত। দৃঢ়। চিরস্থায়ী। স্থির। "যো ধ্রুবাণি পরিত্যজ্য অধ্রুবাণি

নিষেবতে। ধ্রুবাণি তস্য নশ্যন্তি অধ্রুবং নষ্টমেব হি" হিতোপদেশ। স্থিরীকৃত। বিস্তৃত।
ধ্রুবক, (ধ্রুবা+কণ—যোগ) সং, পুং, ছিন্নবৃক্ষের মূল প্রদেশ, গাছের গুঁড়ি।
দ্রাঘিমান্তর (Longitude) কা—স্ত্রীং, গানের ধুয়া। [রেখা, নাড়ীমণ্ডল।
ধ্রুবরেখা, (Equator) সং, স্ত্রীং, বিষুব-
ধ্রৌব্য, (ধ্রুব+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, স্থিরতা, নিশ্চলতা।
ধ্বংস—পুং, ধ্বংসন—ক্লীং, (ধ্বন্স্=বিনষ্ট হওয়া+অল্, অনট্—ভা) সং, পুং, ক্ষয়। নাশ। হানি। গমন। পতন।
ধ্বংসিত, (ধ্বংস+ক্ত—প্রং) বিং, ত্রিং, বিনাশিত। পাতিত। উদ্বেজিত,উদ্দীপিত
ধ্বংসী, (ধ্বংসিন্, ধ্বন্স্=বিনষ্টহওয়া+ণিন্—ক) বিং, ত্রিং, বিনাশশীল, নশ্বর সং, পুং, পর্ব্বতসম্ভব পীলু বৃক্ষ। স্ত্রীং, ত্রসরেণু পরিমাণ।
ধ্বজ, (ধ্বজ্=গমনকরা+অল্—প্রং) সং, পুং,—ক্লীং, পতাকা, নিশান। চিহ্ন। মেঢ্র, পুং-চিহ্ন। খট্টাঙ্গ। পূর্ব্বদিকের গৃহ। পতাকা দণ্ড, বৈজয়ন্তী। দণ্ডো-পরিস্থাপিত মস্তকের খুলি। পূর্ব্বকালে ব্রহ্মহত্যাকারীগণ স্বীয় পাপ ক্ষালনের নিমিত্ত এই শবশিরোধ্বজ বহন করিতেন। পুং, গর্ব্ব, অহঙ্কার। শৌণ্ডিক। জুয়াচুরি। [সং, পুং, তালগাছ।
ধ্বজদ্রুম, (ধ্বজ=পতাকা—দ্রুম=বৃক্ষ)
ধ্বজপ্রহরণ, (ধ্বজ=ধ্বজা—প্রহরণ=যে আক্রমণ করে) সং, পুং, বায়ু।
ধ্বজভঙ্গ, (ধ্বজ=মেঢ্র—ভঙ্গ—সামর্থ্যহীনতা) সং, পুং, পুরুষের সন্তানোৎপাদনশক্তি রাহিত্য। ক্লীবত্বজনক রোগ-বিশেষ।
ধ্বজবান্, (ধ্বজবৎ,ধ্বজ+বতু—অস্ত্যর্থে) বিং, ত্রিং, কেতনবিশিষ্ট, পতাকাধারী।
ধজাহৃত, (ধ্বজ—আহৃত) বিং, ত্রিং, যুদ্ধজিত।
ধ্বজী, (ধ্বজিন্, ধ্বজ+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, ব্রাহ্মণ। রথ। সর্প। অশ্ব। ময়ূর। শৌণ্ডিক, শুঁড়ি। নী—স্ত্রীং, চমূ, সেনা, বিং, ত্রিং, ধ্বজধারী।
ধজোত্থান, (ধ্বজ=পতাকা—উত্থান=উঠা) সং, ক্লীং, শক্রোৎসব, ইহা ভাদ্র মাসের শুক্লা দ্বাদশীতে হয়। [পুং, শব্দ, ধ্বনি।
ধ্বন, (ধ্বন্=শব্দকরা+অল্—প্রং) সং,
ধ্বনমোদী, (দিন্, ধ্বন=শব্দ—মোদী=যে প্রফুল্লিত করে) সং, পুং, ভ্রমর।
ধ্বনি, (ধ্বন্=শব্দকরা+ই—প্রং) সং, মৃদঙ্গাদিভব শব্দ, নাদ। "শব্দোধ্বনিশ্চ বর্ণশ্চ মৃদঙ্গাদিভবো ধ্বনিঃ" ভাষাপরিচ্ছেদ। ব্যঙ্গ্যার্থ। উত্তমকাব্য। "বাচ্যাতিশয়িনি ব্যঙ্গ্যে ধ্বনিস্তৎ কাব্যমুত্তমম্" সাহিত্যদর্পণ।
ধ্বনিগ্রহ, (ধ্বনি=শব্দ—গ্রহ=যে গ্রহণ-করে) সং পুং, শ্রোত্র, কর্ণ শব্দজ্ঞান।
ধ্বনিত, (ধ্বন+ক্ত—প্রং) বিং, ত্রিং, শব্দিত। ধ্বনিদ্বারা প্রতিপাদিত। সং, ক্লীং, শব্দ।
ধ্বনিনালা, (ধ্বনি=শব্দ—নালা=চোঙ্গা) সং, স্ত্রীং, বীণা। বেণু, বাঁশি।
ধ্বস্ত, (ধ্বন্স্=বিনিষ্টহওয়া+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, নষ্ট। পতিত।
ধ্বাঙ্ক্ষ, (ধ্বন্ক্ষ্=ঘোর শব্দকরা, আকাঙ্ক্ষা করা+অল্—প্রং) সং,পুং, মৎস্যভোজী-পক্ষী। কাক। নাগবিশেষ। (যে আকাঙ্ক্ষা করে) ভিক্ষু। পক্ষী। স্ত্রীং, ভৈষজ্য লতাবিশেষ, কাকোলী। পিশাচী পেত্নী।
ধ্বাঙ্ক্ষপুষ্ট, (ধ্বাঙ্ক্ষ=কাক—পুষ্ট=পালিত হওয়া—ষ) সং, পুং, কোকিল।
ধ্বাঙ্ক্ষারাতি, ধ্বাঙ্ক্ষারি } (ধ্বাঙ্ক্ষ=কাক—অরাতি অরি=শত্রু, ৬ষ্ঠী—ষ) সং,পুং, পেচক, পেঁচা। [ধ্বনি, নাদ।
ধ্বান, (ধ্বন্+ঘঞ্—ভা) সং, পুং, শব্দ
ধ্বান্ত, (ধ্বন্=শব্দকরা+ক্ত—প্রং, নিপাতন) সং, ক্লীং, অন্ধকার।

ধ্বান্তবিত্ত, } (ধ্বান্ত=অন্ধকার—বিত্ত
ধ্বন্তোন্মেষ } =ধন, উন্মেষ=কিঞ্চিৎ
প্রকাশ) সং, পুং, খদ্যোত, জোনাকি-
পোকা।

ধ্বান্তারাতি } (ধ্বান্ত=অন্ধকার—অ-
ধ্বান্তারি } রাতি, অরি=শত্রু,৬ষ্ঠী—ষ)
সং, পুং, চন্দ্র। অগ্নি। সূর্য্য। "জবাকুসুম
সঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিং, ধ্বান্তা-
রিং সর্ব্বপাপঘ্নং প্রণতোঽস্মি দিবাকরং"।

ন

ন, ব্যঞ্জনের বিংশ বর্ণ।. (নী=পাওয়া
কিম্বা নহ্=বন্ধনকরা+ড—প্রং) অং,
না;নিষেধ। স্বরাদিশব্দের সহিত 'ন' র
সমাস হইলে ন স্থানে অন্ হয় যথা
অনন্ত,অনঘ ইত্যাদি। ব্যঞ্জনাদি শব্দের
সহিত সমাস হইলে ন স্থানে অ হয় যথা
অপূর্ণ, অসম্যক্ ইত্যাদি। সাদৃশ্য, যথা
অব্রাহ্মণ (ব্রাহ্মণসদৃশ) অভাব যথা
অপাপ। ভিন্ন, অন্য, যথা—অঘট (ঘট-
ভিন্ন) অল্পত্ব যথা অনুদরী (অল্পোদরী)
অপ্রশস্ততা যথা অকেশী (অপ্রশস্ত-
কেশী) বিরোধ যথা অসুর (সুরবিরো-
ধী) "তৎসাদৃশ্যমভাবশ্চ তদন্যত্বং, তদ-
ল্পতা। অপ্রাশস্ত্যং বিরোধশ্চ নঞর্থাঃ
ষট্ কীর্ত্তিতাঃ"॥ বৌদ্ধ। বন্ধন। রণ।
দান। গণেশ। উন্নতি। সুখসমৃদ্ধ্যাদির
বৃদ্ধি। রত্ন। মণি। না—স্ত্রীং, নাভি।
বাদ্যযন্ত্র বিশেষ। জ্ঞান। (দেশজ) অং,
নিষেধসূচকশব্দ।

নঃক্ষুদ্র, (নস্=নাসিকা—ক্ষুদ্র=ছোট)
বিং, ত্রিং, ক্ষুদ্রনাসিক, যাহার নাক
ছোট।

নংশুক, নংষ্টা (নংষ্ট্, নশ্=নাশকরা
+উক, তৃণ্—ক। ম্—আগম) বিং,
ত্রিং, বিনাশক, নশ্বর।

নকল,(যবন ভাষা) সং,আদর্শ, অনুরূপ
কৌতুক, ভাঁড়াম।

নকুট, সং, ক্লীং, নাসিকা, নাক।

নকুল, (ন—কুল=বংশ, ৬ষ্ঠী—হিং,)
সং, পুং, বেজী, নেউল। সহদেবের
সহোদর মহাদেব পুত্র। লী স্ত্রীং, শাল্ম-
লী বৃক্ষ। সুগন্ধি দ্রব্যবিশেষ শঙ্খিনী।
কুঙ্কুম। তন্ত্রশাস্ত্রে ব্যবহৃত হ কার।
বিং, ত্রিং, অবমানিত। কুলহইতে পরি-
ত্যক্ত বা বহিষ্কৃত।

নকুলেশ, (নকুল—ঈশ=প্রভু) সং,পুং,
ভৈরববিশেষ, শিবের মূর্ত্তিবিশেষ।
তন্ত্রশাস্ত্রে ব্যবহৃত হকার

নক্ত, (নজ্=লজ্জিত হওয়া+ক্ত—প্রং)
সং, ক্লীং, রাত্রি।

নক্তক, (নক্ত+ক—যোগ) সং, পুং,
রুমাল। ছিন্নবস্ত্র, নেকড়া।

নক্তচর } (নক্তচারিন্, নক্ত=রাত্রি
নক্তচারী } তে—চর,চারী=যে চরে)
বিং, ত্রিং, রজনীচর। সং, পুং, পেচক।
বিড়াল। রাক্ষস। চোর।

নক্তঞ্চর, (নক্তম্—চর=যে চরে) সং,
পুং, রাক্ষস। বিড়াল। পেচক। চোর।
বিং,ত্রিং,রাত্রিচর। রী—স্ত্রীং, রাক্ষসী।

নক্তন্দিব, (নক্তম্—দিবা, দ্বং—স)
সং ক্লীং,রাত্রিদিন,দিবারাত্র, দিন রাত।

নক্তম্ (নজ্=লজ্জিত হওয়া+তন্—
প্রং) ক্রিং,—বিং, অং, রাত্রিতে।
"তাং হংসমালাঃ শরদীব গঙ্গাং মহৌ-
ষধিং নক্তমিবাত্মভাসঃ" কুমার।

নক্তমাল, (নক্তম্—আ—অল্=ভূষিত
করা+অল্—প্রং রাত্রিতে যে বিকসিত
হয়) সং, পুং, চিরবিল্ল, করঞ্জ বৃক্ষ।

নক্তমুখা, (নক্তম্—উখ্ [গমনকরা]
উৎপন্ন হওয়া+ক—প্রং) সং, স্ত্রীং,
রজনী, রাত্রি, নিশা।

নক্র, (ন—ক্রম্=গমন করা+অল্—প্রং)
সং, পুং, কুম্ভীর। ক্লীং, দ্বারের অগ্র-
কাষ্ঠ, ঝন্‌কাঠ। ক্রং,—ক্লীং, ক্রা—স্ত্রীং,
নাসিকা। "নক্রঃ স্বস্থানমাসাদ্য গজে-
ন্দ্রমপি কর্ষতি। স এব প্রচ্যুতঃ স্থানা-

চ্ছনাপি পরিভূয়তে"।

নক্ররাজ্, } (নক্র কুম্ভীর—রাজ্ বা রা-
নক্ররাজ } জন্=রাজা) সং, পুং, হাঙ্গর।

নক্ষত্র, (ন—ক্ষি, ক্ষর্=ক্ষয় পাওয়া+ত্র—প্রং। যে ক্ষয় পায় না। কেহ কেহ বলেন নক্ষত্র দুই তকার বিশিষ্ট। তন্মতে ন—ক্ষদ্=হিংসা করা+ত্র—প্রং) সং, ক্লীং, তারকা, তারা। অশ্বিনীপ্রভৃতি সপ্তবিংশতি তারা। মুক্তা। "নক্ষত্র তারাগ্রহসঙ্কুলাপি জ্যোতিষ্মতী চন্দ্রমসৈব রাত্রিঃ" রঘুবংশ।

নক্ষত্রচক্র, (নক্ষত্র—চক্র=মণ্ডল) সং, ক্লীং, রাশিচক্র। তন্ত্রোক্ত মন্ত্রগ্রহণোপযোগী চক্রবিশেষ।

নক্ষত্রনেমি, (নক্ষত্র—নেমি=চক্র ধারা, পরিধি) সং, পুং, বিষ্ণু। চন্দ্র। ধ্রুবনক্ষত্র। স্ত্রীং, রেবতীনক্ষত্র।

নক্ষত্রপ, (নক্ষত্র—প=যে পালন করে, ২য়া—ষ) সং, পুং নক্ষত্রাধিপ, চন্দ্র।

নক্ষত্রবিদ্যা (Astrology) সং, স্ত্রীং, গ্রহনক্ষত্রাদির স্থিতি ও সঞ্চার অনুসারে শুভাশুভ নির্ণয় ও ভবিষ্যসংসূচক বিদ্যা।

নক্ষত্রমালা, (নক্ষত্র—মালা) সং, স্ত্রীং, ২৭টী মুক্তায় গ্রথিত হার। নক্ষত্রশ্রেণী, নক্ষত্রসমূহ।

নক্ষত্রেশ, (নক্ষত্র—ঈশ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, চন্দ্র, নক্ষত্রাধিপ। কর্পূর।

নখ, (ন—খ=আকাশ। যাহার মধ্যে আকাশ অর্থাৎ অবকাশ নাই। ৬ষ্ঠী হিং। সং, পুং—ক্লীং, অঙ্গুলির অগ্রভাগস্থ অস্থিবিশেষ। "বিদন্তি মার্গং নখরন্ধ্র মুক্তৈ মুক্তাফলং কেশরিণাং কিরাতাঃ" পুং, অং,শ খণ্ড। [সং, পুং, নাপিত।

নখকুট্ট, (নখ—কুট্ট=যে কাটে, ২য়া—ষ)

নখকৃন্তন, নখ—কৃৎ=ছেদন করা+অনট্—ণ) সং, ক্লীং, নী—স্ত্রীং, নখচ্ছেদক অস্ত্র, নরুণ।

নখরায়ুধ, (নখর—আয়ুধ=অস্ত্র, ৬ষ্ঠী—হিং,) সং, পুং, যে সকল জন্তু নখর দ্বারা অস্ত্র কর্ম্ম সম্পন্ন করে, সিংহ ব্যাঘ্র কুক্কুট প্রভৃতি। [করবীর বৃক্ষ।

নখরাহ্ব, (নখর—আহ্বা) সং, পুং,

নখশঙ্খ, (নখ—শঙ্খ। নখের ন্যায় ক্ষুদ্র বলিয়া) সং, পুং, ক্ষুদ্র শঙ্খ।

নখায়ুধ, (নখ—আয়ুধ=অস্ত্র,৬ষ্ঠী—হিং) সং, পুং, নখরায়ুধ দেখ।

নখালি, (নখ—আলি=শ্রেণী) সং, পুং, ক্ষুদ্র শঙ্খ। নখশ্রেণী।

নখাশী, (নখাশিন্, নখ—অশিন্=যে খায়। ভোজনসময়ে ইহারা নখই ব্যবহার করে বলিয়া) সং, পুং, পেচক। বিং, ত্রিং, নখভক্ষক।

নখী, (নখিন্, নখ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, নখবিশিষ্ট, যাহার নখ আছে।

নখী, (নখ্=গমনকরা+অ—প্রং) সং, স্ত্রীং, সুগন্ধদ্রব্যবিশেষ।

নগ, (ন—গম্=গমনকরা+ড—ক) সং, পুং, বৃক্ষ। পর্ব্বত।

নগজ, (নগ=পর্ব্বত—জ=জাত) সং, পুং, হস্তী। বিং, ত্রিং, পর্ব্বতজাত, পার্ব্বতীয়। জা—স্ত্রীং, পার্ব্বতী। ক্ষুদ্র প্রস্তরবিশেষ।

নগনন্দিনী, (নগ [হিমালয়] পর্ব্বত—নন্দিনী=কন্যা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, দুর্গা।

নগপতি, (নগ—পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, হিমালয়। পর্ব্বতশ্রেষ্ঠ। চন্দ্র।

নগভিদ্, (নগ—ভিদ্=যে ভেদ করে) সং, পুং, ইন্দ্র। সং, ত্রিং, পাষাণভেদনাস্ত্র।

নগভূ, (নগ—ভূ=জাত) সং, পুং, ক্ষুদ্র প্রস্তর বিশেষ। বিং, ত্রিং, পর্ব্বতজাত।

নগর, (নগ=বৃক্ষ বা পর্ব্বত+র—অস্ত্যর্থে। যেখানে পর্ব্বতের ন্যায় উচ্চ প্রাসাদ সকল দেখাযায়) সং, ক্লীং, রী—স্ত্রীং, সহর, নানা জাতি ও নানা

শিল্পবাণিজ্যাদির স্থান।"রমণী রবমস্ততে হি যা নগরী জনচিত্তকৌমুদীঃ"
নগরন্ধ্রকর, (নগ=এস্থলে ক্রৌঞ্চপর্ব্বত—রন্ধ্র=ছিদ্র—কর=যে করে) সং, পুং, ক্রৌঞ্চদারণ, কার্ত্তিক।
নগরপাল, (নগর—পাল=যে রক্ষা করে) সং, পুং, নগররক্ষক, চৌকীদার।
নগররক্ষী, (ক্ষিন্, নগর—রক্ষ্=রক্ষাকরা +ণিন্—ক) বিং, ত্রিং, নগরপাল।
নগরস্থ, (নগর—স্থ=যে থাকে) বিং, ত্রিং, যাহানগরে থাকে। নগরবাসী, নাগরিক। [কাক।
নগরীবক, (নগরী—বক) সং, পুং,
নগরীয়, (নগর+ঈয়—ইদমর্থে, ভবার্থে) বিং, ত্রিং, নগরস্থ। নগরোৎপন্ন। নগরসংক্রান্ত।
নগরৌষধি, (নগর—ওষধি=ফলপাকান্ত-বৃক্ষাদি) সং, পুং, কদলীবৃক্ষ।
নগাটন, (নগ=পর্ব্বত—অট্=গমনকরা +অন্—প্রং) সং, পুং, কপি, বানর।
নগাধিপ, (নগ=পর্ব্বত-অধিপ=অধিরাজ, প্রভু) নগধিরাজ। সং, পুং, হিমালয়।
নগৌকাঃ, (নগৌকস্, নগ=বৃক্ষ, পর্ব্বত—ওকস্=গৃহ বা স্থান) সং, পুং, পক্ষী। সিংহ। কাক। বিং, ত্রিং, পর্ব্বতবাসী।
নগ্ন,(নজ্=লজ্জিত হওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, উলঙ্গ, বিবস্ত্র, ন্যাঙ্টা। সং, পুং, ক্ষপণক। বৌদ্ধ। স্তুতিপাঠক। গ্না—স্ত্রীং, বিবস্ত্রানারী।
নগ্নক,(নগ্ন+ক—যোগ) বিং,ত্রিং,বিবস্ত্র।
নগ্নক্ষপণক, সং, পুং, বৌদ্ধসন্ন্যাসী।
নগ্নজিৎ, (নগ্ন=বৌদ্ধ—জিৎ=যে জয় করে) সং, পুং, নৃপবিশেষ, শ্রীকৃষ্ণপত্নী নাগজিতীর পিতা।
নগ্নহূ, (নগ্ন=বিবস্ত্র—হ্বে=আহ্বানকরা, ডাকা+ক্বিপ্) সং, পুং, ক্লীং, নানা-দ্রব্যাকৃত সুরাবীজ কিণ্ব। কাদম্বরীবীজ। সুরামণ্ড। বাখর।
নগ্নাট, (নগ্ন=উলঙ্গ—অট্=যে গমন করে) সং, পুং, দিগম্বর, বিবস্ত্র।
নগ্নিকা, (নগ্ন+ক—যোগ, আ—প্রং) সং, স্ত্রীং, অপ্রাপ্তরজস্কানারী। অনাগতার্ত্তবা। বিবস্ত্রা।
নগ্নীকরণ, (নগ্ন—করণ। চ্বি, অ=ঈ) সং, ক্লীং, উলঙ্গকরা,বিবস্ত্রীকরণ।
নচেৎ, (ন—চেৎ যদি) অং, নতুবা। যদি না হয়, অন্যথা।
নঞ্, অং, অভাব সংজ্ঞক, না।
নট, (নট্=নৃত্যকরা+অ—ক) সং, পুং, নর্ত্তক, অভিনয়কারক। অশোক বৃক্ষ। বর্ণসঙ্করজাতিবিশেষ।
নটন, নট=নৃত্যকরা, অনট্—ভা) সং, ক্লীং, নাট্য, নৃত্য। নর্ত্তন। তাণ্ডব।
নটনারায়ণ, (নট=নারায়ণ=বিষ্ণু, নর্ত্তকদিগের সর্ব্বশ্রেষ্ঠ রাগ) সং,পুং,রাগবিশেষ
নটপর্ণ, (নট—পর্ণ=পাতা) সং, ক্লীং, ত্বক্, চর্ম্ম।
নটপত্রিকা, সং, স্ত্রীং, বার্ত্তাকু।
নটভূষণ, নটমণ্ডন, (নট=নর্ত্তক—ভূষণ, মণ্ডন=আভরণ) সং, ক্লীং, হরিতাল।
নটবর, (নট—বর=শ্রেষ্ঠ, অত্যুত্তম) সং, পুং, নৃত্যকর্ম্মে পটু। নটশ্রেষ্ঠ। লম্পট। চতুর। [—প্রং) সং, স্ত্রীং, লজ্জা।
নটান্তিকা, (নট=নৃত্য—অন্ত=নাশ+ক
নটী, (নট দেখ,ঈ—প্রং) সং, স্ত্রীং,নর্ত্তকী অভিনয়কারিণী। বেশ্যা। নলিনামগন্ধ দ্রব্য। মনঃশিলা। রাগিণীবিশেষ।
নটেশ্বর, (নট=নর্ত্তক—ঈশ্বর=দেবতা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শিব।
নড়, (নল্=সংহত হওয়া+অ—প্রং, ল স্থানে ড়) সং,পুং,নল,খাকড়া জাতিভেদ
নড়মীন (নড়=নল—মীন=মৎস্য) সং, পুং, মৎস্যবিশেষ; চিলিচিম মৎস্য।
নড়হ, (নড়=দূরে পতিত হওয়া—হন্=নষ্টকরা+ড) বিং, ত্রিং, কমনীয়। মনোহর। ললিত।
নড়ী, (নড়শব্দ) সং, যষ্টি, লাঠী।
নড়কীয়, নড়প্রায় (নড়+ঈয়—অস্ত্যর্থে,

নড়—প্রায়=প্রচুর) বিং, ত্রিং, নলবহুল প্রদেশ, যে স্থানে অনেক নল উৎপন্ন হয়। শরময়।

নড়্বান্‌, নড়্বল, (নড়্বৎ, নড়+বতু— অস্ত্যর্থে। নড়+বল—অস্ত্যর্থে) বিং,ত্রিং, নলবহুল প্রদেশ।

নড়্বাভূ, সং, স্ত্রীং, কুট্টিম।

নত, (নম্‌=নমস্কারকরা, বিনীতহওয়া+ত—ক) বিং, ত্রিং, নম্র। নিম্ন ভূমিষ্ঠ। কুটিল, বক্র, ক্লীং, তগরমূল। পুং জন্মনাড়িকাবিশেষ।

নতনাড়িকা, (নত—নাড়িকা=২৩মনিট পরিমিত সময়)সং, স্ত্রীং,চন্দ্রোদয়ের পর অথবা নিশীথ কালের পূর্ব্বে জন্মকাল।

নতনাসিক, (নত=বক্র—নাসিকা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার নাক খাঁদা। অবটীট। [তগাত্রী স্ত্রী।

নতাঙ্গী, (নত-অঙ্গ=দেহ) সং, স্ত্রীং, সন্ন-

নতি, (নম্‌+ক্তি—ভা) সং, স্ত্রীং, নমস্কার, প্রণাম। নমন, নম্রতা। বক্রতা,আকর্ষণ

নতু, নতুবা (ন—তু—বা) অং, অন্যথা নচেৎ, যদি না হয়। অথবা।

নতোন্নত, (নত—উন্নত) বং, ত্রিং, উচ্চনীচ, নিম্নোন্নত।

নথ, সং, নাসিকালঙ্কারবিশেষ।

নদ—পুং, নদী—স্ত্রীং, (নদ্‌=শব্দকরা+অ, ঈ—প্রং) সং, যে জলভাগ পর্ব্বত হ্রদ প্রভৃতি হইতে উৎপন্ন হইয়া স্রোত বহিয়া বহুদুর যায় এবং, অন্য প্রবল স্রোতে বা সাগরাদিতে পতিত হয়, তন্মধ্যে পুম্বাচক জল প্রবাহ নদ, পুম্বাচক অকৃত্তিম খাতাবচ্ছিন্ন জলপ্রবাহ। যথা—ব্রহ্মপুত্র, শোণভদ্র সিন্ধু প্রভৃতি। আর স্ত্রীবাচক জলপ্রবাহ নদী, যথা—গঙ্গা, যমুনা,সরস্বতী,কাবেরী,গোদাবরী ইত্যাদি।

নদৎ, (নদ=শব্দকরা—শতৃ ক) বিং, ত্রিং, যে শব্দ করিতেছে। শব্দায়মান।

নদথু, নদ=শব্দকরা অথু—সংজ্ঞার্থে) সং, পুং, মেঘ। সিংহ।

নদীকান্ত, (নদী—কান্ত, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সরিৎপতি। স্ত্রীং, লতা। জম্বুবৃক্ষ। জামগাচ। ইজ্জলবৃক্ষ। সিন্ধুবারক।

নদীকূলপ্রিয়, (নদীকূল=নদীতট—প্রিয় ৬ষ্ঠী—হিং) সং, পুং, জলবেতস।

নদীজ, (নদী—গর্ভ) সং, পুং, নদীর গর্ভ, দুই তীরের মধ্যবর্ত্তী স্থল।

নদীজ, (নদী—জ=জাত) সং, পুং, পদ্ম। গাঙ্গেয়, ভীষ্ম। ক্লীং, ধাতুবিশেষ, স্রোতোঞ্জন। বিং, ত্রিং, নদী হইতে উৎপন্ন।

নদীজ্ঞ, (নদী—জ্ঞ=যে জানে) বিং, ত্রিং, যে ব্যক্তি নদীর গতি প্রভৃতি বিশেষরূপে জানে।

নদীতরস্থান, (নদী—তর=পার, উত্তরণ হওন—স্থান) সং, ক্লীং, নদী পার হইবার ঘাট, খেয়াঘাট।

নদীন, (নদী—ইন—প্রভু, ৭ষ্ঠী—ষ) সং, পুং, সমুদ্র। জলাধিপতি বরুণ। (ন—দীন) বিং, ত্রিং, দীনভিন্ন।

নদীপ্রদেশ, (River-Basin) যে স্থান দিয়া নদী ও শাখানদীসকল প্রবাহিতহয়

নদীমাতৃক, (নদী—মাতৃ=মাতা। যেথানে নদীই মাতাস্বরূপ হইয়াছে, ৭মী—হিং) বিং, ত্রিং, নদীজলোৎপন্ন শস্য। নদীজল প্রবাহিত দেশ।

নদীবঙ্ক, (নদী—বঙ্ক=বাঁক) সং, পুং, নদীর বাঁক্। [সং, ক্লীং, নদীর স্রোত।

নদীবেলা, (নদী—বেলা=প্রবাহ ৬ষ্ঠী-ষ)

নদীষ্ণ, (নদী—স্না=স্নানকরা+ড—ক) বিং। ত্রিং, যে নদীতে স্নান করে যে নদীর গভীরতাদি জানে।

নদীসর্জ্জা, (নদী—সর্জ্জ=শালগাছ) সং, পুং, বৃক্ষ বিশেষ, অর্জ্জুনি বৃক্ষ।

নদ্ধ, (নহ্‌=বন্ধনকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বদ্ধ, বাঁধা। উত্তোলিত।

নদ্ধ্রী, (নহ+তৃণ্‌—ণ, ঈপ্‌—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, চর্ম্মনির্ম্মিত রজ্জু, চামেরদড়ী।

ননদ, (ননন্দৃ শব্দজ) সং, পতির ভগিনী।

ননন্দা, ননন্দা, (ননন্দৃ, ননান্দৃ, ন—নন্দ্=আনন্দিত হওয়া+ঋ—প্রং। যে ভ্রাতৃজায়ার প্রতি আনন্দিত হয়না) সং, স্ত্রীং, ভর্ত্তার ভগিনী, ননদ।

ননী, (নবনীত শব্দজ) সং, মাখন।

ননু, (ন—নুদ্=প্রেরণ করা+উ—প্রং, উদ্—লোপ) অং প্রশ্ন, পৃচ্ছা। অবধারণ, নিশ্চয়। অনুজ্ঞা, অনুমতি। অনুনয়। অধিকার সম্ভ্রম। আক্ষেপ। প্রত্যুক্তি। বাক্যারম্ভ। উৎপ্রেক্ষালঙ্কার ব্যঞ্জক।

নন্দ, (নন্দ্=আনন্দিত হওয়া+ণি+অন্—প্রং) সং, পুং, কুবেরেরন বনিধির। অন্তর্গত নিধিবিশেষ। গোপবিশেষ, কৃষ্ণের পালক পিতা। বিষ্ণুর নামান্তর চন্দ্রবংশীয় নৃপবিশেষ, মহানন্দীর পুত্র। বাদ্যযন্ত্রবিশেষ, সার্দ্ধষোড়শ অঙ্গুলি পরিমিত রেণু। ন্দা—স্ত্রীং, মৃত্তিকা নির্ম্মিত জালা। জলাধার, উন্নতি সুখসমৃদ্ধির বৃদ্ধি। ভর্তৃভগিনী। প্রতিপদ, ষষ্ঠী, একাদশী। ন্দী—স্ত্রীং, ইন্দ্রের উদ্যান। ন্দা ন্দী-স্ত্রীং, দুর্গার নামান্তর।

নন্দক, (নন্দ্=আনন্দিত হওয়া+ণি+ণক—ণ, ক। অসুর বিনাশন দ্বারা যে কৃষ্ণকে আনন্দিত করে) সং, পুং, কৃষ্ণের খড়্গ। (নন্দ+ক—ক্রং) পুং, আনন্দ। কৃষ্ণের পালক পিতা। ভেক। বিং, ত্রিং, আনন্দ জনক।

নন্দকি, (নন্দ্+কি) সং, স্ত্রীং, পিপুল।

নন্দকী, (নন্দকিন্, নন্দক+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বিষ্ণু, কৃষ্ণ।

নন্দথু, (নন্দ্+অথু—প্রং) সং, পুং, আনন্দ, আহ্লাদ, সুখ, হর্ষ।

নন্দন, (নন্দ্=আনন্দিত করা+অন—ক) সং, পুং, পুত্র। ভেক। বিষ্ণু। না—স্ত্রীং, কন্যা। ক্লীং. ইন্দ্রোদ্যান "অভিজ্ঞাচ্ছেদপাতানাংক্রিয়স্তে নন্দনঃ দ্রুমা" কুমার সম্ভব। ছন্দোবিশেষ। বিং.ত্রিং, আনন্দ জনক। [সং, পুং, শ্রীকৃষ্ণ।

নন্দনন্দন, (নন্দ—নন্দন=পুত্র, ৬ষ্ঠী-ষ)

নন্দনন্দিনী, (নন্দ—নন্দিনী=কন্যা) সং, স্ত্রীং, দুর্গা।

নন্দন্ত, (নন্দ+ঝ ব্) সং, পুং, পুত্র। বন্ধু, মিত্র। রাজকুমার।

নন্দন মালা, (নন্দন=আনন্দ জনক—মালা) সং, স্ত্রীং, শ্রীকৃষ্ণ নির্ম্মিত মালিকা বিশেষ।

নন্দপাল, (নন্দ=কুবেরের নিধি—পাল=যে রক্ষা করে) সং, পুং, বরুণ।

নন্দাত্মজ, (নন্দ—আত্মজ=সন্তান) সং, পুং, শ্রীকৃষ্ণ। জা—স্ত্রীং, দুর্গা।

নন্দি, (নন্দ+ইন্—প্রং,) সং, পুং,—ক্লীং, দ্যূতক্রীড়া। সং, পুং, শিবের প্রধান অনুচর। নাটকের প্রস্তাবনা প্রবর্ত্তক, সূত্রধার। আশীর্ব্বাদক।

নন্দিক, (নন্দী+ক—যোগ) সং, পুং, বৃক্ষবিশেষ,নন্দীবৃক্ষ। কা—স্ত্রীং, ইন্দ্রের উদ্যান। (নন্দা+ক—যোগ) অলিঞ্জর, জলের জালা নন্দা, প্রতিপদ ষষ্ঠী বা একাদশী তিথি।

নন্দিকেশ্বর, (নন্দিক=ইন্দ্রোদ্যান—ঈশ্বর=প্রভু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শিবের সর্ব্বপ্রধান অনুচর, নন্দী। সামান্য পুরাণবিশেষ।

নন্দিঘোষ, (নন্দি=আনন্দসূচক—ঘোষ=ধ্বনি) সং, পুং, অর্জ্জুনের রথ। স্তুতিপাঠক দিগের ঘোষণা।

নন্দিত, (নন্দ+ক্ত—ক, র্ম্ম) বিং, ত্রিং, আনন্দিত। তোষিত।

নন্দিনী, (নন্দিন্+ঈপ্—স্ত্রীলিঙ্গ—প্রং) সং, স্ত্রী, পার্ব্বতী। গঙ্গা। ননান্দা, ননদ। বশিষ্ঠের কামধেনু। অলকানন্দা নদী। ব্যাড়িনামক মুনির মাতা।

নন্দিনীতনয়, (নন্দিনী=ব্যাড়িনামক মুনির মাতা—তনয়=পুত্র) সং, পুং, ব্যাড়িমুনি, প্রসিদ্ধ অভিধান কারকমুনি।

নন্দিবর্দ্ধন, (নন্দি=আনন্দ—বর্দ্ধন, বৃদ্ধি-কারক) সং, পুং, মহাদেব। তনয়। বন্ধু। পক্ষান্তর, পূর্ণিমা অথবা অমাবস্যা বিং, ত্রিং, আনন্দ বর্দ্ধক।

নন্দী, (নন্দিন্, নন্দ=আনন্দ+ইন্—প্রং) সং, পুং, শিবের সর্ব্ব প্রধান অনুচর। বিং, ত্রিং, আনন্দিত, আহ্লাদিত। একপ্রকার ডুমুর জাতীয় বৃক্ষ। নাটকের প্রস্তাবনা প্রবর্ত্তক নটবিশেষ।

নন্দীট, (নন্দী=শিবের নিষ্কেশশিরস্ক অনুচর+অট্=যে অনুকরণ করে) সং, পুং, কেশহীন ব্যক্তি, টেকো।

নন্দীমুখী, সং, স্ত্রীং, তন্দ্রা, অবসন্নতা। নিদ্রা।

নন্দীশ, নন্দীশ্বর (নন্দী=শিবের প্রধান অনুচর—ঈশ, ঈশ্বর=প্রভু) সং, পুং, মহাদেব। নন্দিকেশ্বর, নন্দী।

নন্দীসরঃ, (নন্দীসরস্, নন্দী=ইন্দ্রের উদ্যান—সরস্=সরোবর) সং, ক্লীং, ইন্দ্রের উদ্যানমধ্যবর্ত্তী সরোবর।

নন্দ্যাবর্ত্ত, (নন্দি=আনন্দ—আবর্ত্ত=আবাসস্থান) সং, পুং, মন্দিরবিশেষ। বৃক্ষবিশেষ।

নপুংসক, (ন স্ত্রী পুমান্=নপুংসক, নিপাতনে স্ত্রীপুমান শব্দস্থানে পুংসক আদেশ। যে স্ত্রী বা পুরুষ কিছুই নহে।) সং,পুং,—ক্লীং,ক্লীব। ছিন্নমুষ্ক, খোজা।

নপ্তা, (নপ্তৃ, ন—পৎ=পতিত হওয়া+তৃন্—প্রং, নিপাতন। যাহার বিদ্যমানতাদ্বারা বংশ পতিত হয় না) সং, পুং, পৌত্র বা দৌহিত্র, নাতি। নপ্ত্রী স্ত্রীং পৌত্রী, দৌহিত্রী, নাতিনী

নভ, (নহ=বন্ধন করা+ভ। যে প্রলয় কালেও নষ্ট হয় না।) সং, ক্লীং, গগণ, আকাশ। পুং, শ্রাবণ মাস। (ভা) স্ত্রীং, পিক্‌দানী।

নভঃক্রান্তী, (নভঃক্রান্তিন্, নভস্=মেঘ—ক্রান্তিন্=যে গমন করে। মেঘে যাহার মূর্ত্তিরন্যায় আকার দৃষ্ট হয়) সং, পুং, সিংহ, কেশরী।

নভঃপ্রাণ, (নভস্=আকাশ—প্রাণ=জীবন। আকাশ বায়ুর আশ্রয় বলিয়া নভঃই ইহার প্রাণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বায়ু, পবন।

নভঃসদ্, (নভস্=আকাশ—সদ্ (সদ্+ক্বিপ্) যে গমনাগমন করে,৭মী—ষ) সং, পুং, দেবতা।

নভঃসরিৎ, (নভস্=আকাশ—সরিৎ=নদী) সং, স্ত্রীং, স্বর্গঙ্গা, মন্দাকিনী।

নভঃস্থিত, (নভস্=আকাশ—স্থিত=যে থাকে, ৭মী—ষ) বিং,ত্রিং,আকাশস্থ। সং, পুং নরকের অংশবিশেষ। নিরয়।

নভঃশ্চক্ষুঃ, (চক্ষুস্, নভস্=স্বর্গ—চক্ষুস্=নয়ন) সং, পুং, সূর্য্য।

নভশ্চমস, (নভস্=স্বর্গ—চমস=যজ্ঞপাত্র বিশেষ, দর্ব্বী, হাতা।) সং, পুং, চন্দ্র। ইন্দ্রজাল। চিত্রাপূপ, নানাবর্ণের পিষ্টক।

নভশ্চর, (নভস্—চর=যে চরে, ৭মী—ষ) সং, পুং, পক্ষী। বিদ্যাধর গন্ধর্ব্ব প্রভৃতি। বায়ু। মেঘ। সূর্য্যাদিগ্রহ। রাক্ষস। বিং, ত্রিং, গগন বিহারী, আকাশগামী।

নভস্, (নভ্=ধ্বংস হওয়া+অসুন্—প্রং, যাহাপ্রলয় কালে ধ্বংস হইবে। অথবা ন—ভস্=দীপ্তিপাওয়া+ক্বিপ্—প্রং। মেঘাচ্ছন্ন বলিয়া সূর্য্য যাহাতে প্রকাশ পায় না) সং, পুং, শ্রাবণমাস। বর্ষাকাল। মেঘ। পক্ষী। ঘ্রাণ। পদ্মকন্দের সূক্ষ্ম সূক্ষ্ম সূত্র। শুভ্রকেশধারী ব্যক্তি। ক্লীং, আকাশ। স্বর্গ।

নভস, (পূর্ব্বে দেখ, অস—সংজ্ঞার্থে) সং, ক্লীং, স্বর্গ। আকাশ।

নভসঙ্গম, (নভস=আকাশ—গম্=গমন করা+খ—প্রং) সং, পুং, পক্ষী।

নভস্তল, (নভস্=আকাশ—তল=নিম্ন) সং, ক্লীং, গগনতল।

নভস্য, (নভস্=মেঘ+যৎ—যেকালে

মেঘ প্রচুর পরিমাণে দৃষ্টহয়। প্রং) সং, পুং, ভাদ্রমাস।

নভস্বান্, (নভস্বৎ, নভস্+বতু—অস্ত্যর্থে। আকাশাশ্রয় বলিয়া বায়ু এইনামে অভিহিত হয়) সং, পুং, বায়ু, পবন।

নভাক, (নভ=নষ্ট হওয়া+আক অথবা ন=না—ভা=দীপ্তি পাওয়া+আক—সংজ্ঞার্থে, যাহাতে সকল বস্তু অদর্শন হওয়াতে নষ্ট হয় অথবা যে স্বয়ং প্রকাশ পায় না) সং, ক্লীং, অন্ধকার, তমঃ।

নভোগজ, নভোদুহ, নভোদ্বীপ, নভোধুম } (নভস্=আকাশ—গজ=হস্তী। নভস্=বৃষ্টি—দুহ=দোহন করা+ক—প্রং। নভস্=বৃষ্টি—দ্বীপ। নভস্=আকাশ—ধূম=ধূঁয়া) সং, পুং, মেঘ, জলদ।

নভোনদী, (নভস্=স্বর্গ—নদী) সং, স্ত্রীং, আকাশ গঙ্গা, মন্দাকিনী।

নভোমণি, (নভস্=আকাশ—মণি=রত্ন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সূর্য্য।

নভোহম্বুপ, (নভস্=আকাশ—অম্বু=জল—প (পা+ড)=যে পান করে) সং, পুং, চাতকপক্ষী।

নভোরজঃ, (রজস্, নভস্=আকাশ—রজস্=ধূলি, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, অন্ধকার

নভোরেণু, (নভস্=আকাশ—রেণু=ধূলি, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, কুজ ঝটিকা, কুয়াসা। [লয়) সং, পুং, ধূম, ধূঁয়া।

নভোলয়, (নভস্=আকাশ—লয়=আ-

নভোলিহ, (নভস্=আকাশ+লিহ=যে লেহন অর্থাৎ স্পর্শ করে) অভ্রঙ্কশ, যাহা আকাশকে স্পর্শ করিয়াছে, অত্যুচ্চ, অতিশয় উন্নত।

নভ্রাট্, (নভ্রাজ্, ন=না—ভ্রাজ্=দীপ্তি পাওয়া+ক্বিপ্—প্রং) সং, পুং, মেঘ।

নমঃ, (নমস্, নম্=নমস্কার করা+অস্থন্—প্রং) অং, নমস্কার। ত্যাগ। অব্যক্ত রোদন। উপহার পুং, প্রণাম। দেবতা বাচক শব্দের উত্তর ভক্তিসূচক অর্থে প্রয়োগ হইয়া থাকে যথা "নমস্তস্যৈ নমস্তস্যৈ নমস্তস্যৈ নমোনমঃ যা দেবী সর্ব্বভূতেষু দয়ারূপেন সংস্থিতা।" চণ্ডী।

নমত, (নম্=নমস্কার করা বা নম্র হওয়া+অতচ্—সংজ্ঞার্থে) সং, পুং, প্রভু, স্বামী। নট, নর্ত্তক। মেঘ।

নমন, (নম্=নম্রহওয়া+অনট্—ভা) সং, ক্লীং, নত হওন, প্রণাম। (নম্+ণিচ্=নম্রকরা+অনট্—ভা) নোয়ান।

নমনীয়, (নম্+অনীয়=র্ম্ম) বিং, ত্রিং নমনের যোগ্য। যাহাকে নোয়ান যায়।

নমসিত, নমস্যিত (নমস্=নমস্কার+ক্যপ্—প্রং, ক্ত—য—লোপ বিকল্পে) বিং, ত্রিং, পূজিত, অর্চ্চিত।

নমস্কার, (নমস্—কার=করণ) সং, পুং, প্রণাম, কর দ্বারা শিরঃ স্পর্শ করিয়া সম্মান প্রদর্শনকরণ, নতিকরণ। বিষ বিশেষ।

নমস্কার্য্য, (নমস্—কৃ=করা+য—র্ম্ম) বিং, ত্রিং, নমস্কারের উপযুক্ত, নমস্য, প্রণামার্হ।

নমস্কৃত, (নমস্—কৃ=করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে নমস্কার করা হইয়াছে

নমস্য, (নমস্+ক্যপ্—যোগ্যার্থে, ভাবে) বিং, ত্রিং, পূজ্য। প্রণম্য। নমস্কারের যোগ্য। অর্চ্চনীয়। স্যা—স্ত্রীং, পূজা, অর্চ্চনা। সম্মান প্রদর্শন। নতি।

নমিত, (নমি (নম+ণিচ্) নম্রকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রণমিত, নমস্কৃত। বক্রীকৃত। বাঁকান।

নমুচি, (ন—মুচ্=মোচন করা+কি—প্রং, যে কাহাকেও ত্যাগ করে না) সং, পুং, কামদেব, কন্দর্প। অসুরবিশেষ।

নমুচিসূদন, নমুচিদ্বিট্ (নমুচি=অসুরবিশেষ—সূদন=যে বিনাশ করে, ২য়া

—ষ)। নমুচিদ্বিষ্, নমুচি—দ্বিষ্=যে দ্বেষ করে, ২য়া—ষ) সং, পুং, ইন্দ্র।
নমেরু, (ন=না—মেরু=পর্ব্বত বিশেষ) সং, পুং. রুদ্রাক্ষ। সুরপুন্নাগবৃক্ষ। গণা নমেরুপ্রসবাবতংসা ভূর্জ্জত্বচঃ স্পর্শবতীর্দধানা। কুমার।
নম্য, (নম্=নম্রহওয়া+ক্যপ্=র্ম্ম) বিং, ত্রিং, নমনীয়, যাহাকে নোয়াইতে পারা যায়।
নম্র, (নম্=নমস্কারকরা+র—ক, শীলাদ্যর্থে) বিং, ত্রিং, নত,প্রণত,বক্রীকৃত। বিনীত, শিষ্ট।
নয়, (নী=লওয়া+অল্—প্রং) সং, পুং, নীতি। উপদেশ। নীতিশাস্ত্র। বেদের জ্ঞান কাণ্ড। চালক, পথপ্রদর্শক। দ্যূতক্রীড়াবিশেষ। বিং. ত্রিং, উপযুক্ত। ন্যায্য, (নবন্ শব্দজ) বিং, নব সঙ্খ্যা।
নয়ন, (নী=লওয়া+অনট্—ণ, ভা। যাহা কর্ত্তৃকলোক নীতহয়)সং,ক্লীং,চক্ষুঃ। প্রাপণ, লইয়া যাওয়া। যাপন, কাটান। আনয়ন। নী—স্ত্রীং, চক্ষুর তারা।
নয়নামোষিন্, (নয়ন=চক্ষু—আমোষী=যে চুরি করে, যে দৃষ্টি অপহরণ করে বিং, ত্রিং,—অন্ধকারী।
নয়নোৎসব, (নয়ন=চক্ষুঃ—উৎসব) সং, পুং, প্রদীপ, আলোক। চক্ষুর আনন্দ। সুন্দর বস্তু, অভীপ্সিত পদার্থ।
নয়বিদ্, (নয়—বিদ্=যে জানে, ২য়া—ষ) সং, পুং, নীতিজ্ঞ, নীতিশাস্ত্রবিদ্।
নর, (নৃ=লওয়া, পাওয়া+অল্—ক। যে ভাবাদিকে কিম্বা আত্মার উন্নতি পায়) সং, পুং, মনুষ্য, মানুষ, পুরুষ। বিশ্বব্যাপী পবিত্র অবিনশ্বর পরমাত্মা। বিষ্ণুর অবতারবিশেষ, নররূপধারী বিষ্ণু। অর্জ্জুন। শঙ্কু। ক্লীং, সুগন্ধি তৃণবিশেষ, রাম কর্পূর। রী — স্ত্রীং, নারী।
নরক, (নৃ=লওয়া+ণক—প্রং। যেখানে পাপিগণ নীত হয়)সং, পুং,—ক্লীং, নিরয় (নর=মনুষ্য—ক=মস্তক) পুং, দৈত্যবিশেষ। নরকাসুর। "নরস্য শীর্ষে স্বশিরো নিধায় স্থিতবান্ যতঃ। তস্মাৎ তস্য মুনিশ্রেষ্ঠো নরকং নাম বৈ দ্যধাৎ"। নর। পাপীদিগের, বহ্নিকুণ্ড প্রভৃতি ষড়শীতি যাতনাভোগের স্থান।
নরকজিৎ, (নরক=দৈত্যবিশেষ—জিৎ=যে জয় করে, ২য়া—ষ) সং, পুং, নরকাসুরজেতা, বিষ্ণু। [লক্ষ্মী।
নরকদেবতা, সং, স্ত্রীং, নিরয়দেবী, অ-
নরকপাল, সং, পুং, ক্লীং, মড়ার মাথা।
নরকস্থ, (নরক—স্থ=যে থাকে,) বিং, ত্রিং, যে নরকে থাকে, নিরয়স্থিত। স্থা—স্ত্রীং, বৈতরণী নদী।
নরকান্তক, (নরক—অন্তক=নাশকারী) সং, পুং, বিষ্ণু, নারায়ণ।
নরকীলক, (নর=মানবজাতি—কীল=শঙ্কু+ক—প্রং) সং, পুং, গুরুবিনাশক গুরুবধকারী।
নরঙ্গ. (নৃ—লইয়া যাওয়া+অঙ্গ—সংজ্ঞার্থে) সং, পুং, মুখের ব্রণ। ক্লীং, মেঢ়, পুং, চিহ্ন। [রাজা, নৃপ। ব্রাহ্মণ।
নরদেব, (নর—দেব, ৬ষ্ঠী—ষ) সং, পুং,
নরনারায়ণ, (নর—নারায়ণ, দ্বং=স) সং, পুং, দ্বিং, বদরিকাশ্রমবাসী ঋষিদ্বয়। ইহাঁরাই দ্বাপর যুগে কৃষ্ণ এবং অর্জ্জুন রূপে জন্ম গ্রহণ করিয়াছিলেন।
নরপতি, (নর—পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, রাজা, নৃপতি।
নরপুঙ্গব, সং, পুং, নরশ্রেষ্ঠ।
নরভূ, নর=মনুষ্য—ভূ=ভূমি। নরভূমি শব্দও হয়) সং, পুং, ভারতবর্ষ। নরের উৎপত্তি-স্থান। [অকঠিন।
নরম, (নম্র শব্দজ) বিং, ত্রিং, কোমল,
নরমালা, (নর=নরমুণ্ড — মালা সং, স্ত্রীং, মনুষ্য মুণ্ডে নির্ম্মিত মালা।
নরমানিনী } নমানিকা } (নপুরুষ=মানিনী [মন্=মনেকরা+ ণিন্। ঈপ্ স্ত্রীলিঙ্গে] যে মনে করে। যে

আপনাকে পুরুষ বলিয়া মনে করে। নরমানিন্+কন্ — আপ্—স্ত্রীলিঙ্গে) শ্মশ্রুযুক্তা নারী।

নরমেধ, (নর—মেধ=যজ্ঞ। যাহাতে নরহত্যা করিয়া আহুতি দেয়) সং, পুং, যজ্ঞবিশেষ।

নরমোহিনী, (নর=পুরুষ— মোহিনী। যে পুরুষ দিগকে স্বকীয় সৌন্দর্য্য দ্বারা মোহিত করে) সং, স্ত্রীং, রমণী, সুন্দরী স্ত্রী।

নরলোক, (নর—লোক=ভুবন) সং, পুং, মনুষ্যলোক, মর্ত্ত্যলোক।

নরবাহন, (নর—বাহন, ৬ষ্ঠী—হিং। সং, পুং, কুবের। মহাদেব ইহাঁকে মনুষ্য বাহ্য শিবিকা যান করেন বলিয়া ইহাঁর নাম নরবাহন হইয়াছে। বিং, ত্রিং, মনুষ্য বাহ্য যান। [সং, পুং, রাক্ষস।

নরবিষ্বণ, (নর—বিষ্বণ=যে গ্রাস করে)

নরসিংহ, (নর—সিংহ, যাহার অর্দ্ধাঙ্গ মনুষের ন্যায়,এবং অর্দ্ধাঙ্গ সিংহের ন্যায়) সং, পুং, নৃসিংহ অবতার, নারায়ণের চতুর্থ অবতার। বিষ্ণু হিরণ্য কশিপুর বিনাশের নিমিত্ত এই দেহ ধারণ করেন। (নর—সিংহ) যে মনুষ্য সিংহের ন্যায় অর্থাৎ যেমন সিংহ পশুদিগের মধ্যে শ্রেষ্ঠ সেইরূপ যে মনুষ্যদিগের মধ্যে শ্রেষ্ঠ) প্রধান মনুষ্য মনুজ শ্রেষ্ঠ।

নরহরি, (নর—হরি=সিংহ) সং, পুং, নৃসিংহ অবতার।

নরাধম, (নর—অধম=নীচ) সং, পুং, নরের মধ্যে অধম, মনুষ্যের মধ্যে হেয়।

নরাধারা, (নর=মনুষ্য—আধার=পাত্র, থাকিবার স্থান। আপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, পৃথিবী। [নৃপতি, রাজা।

নরাধিপ, (নর—অধিপ=স্বামী) সং, পুং,

নরান্তক, (নর—অন্তক=নাশকারী) সং, পুং, যম। রাক্ষসবিশেষ, রাবণপুত্র।

নরায়ণ, (নর—অয়ন=গমন) সং, পুং, নারায়ণ দেখ।

নরুণ, (দেশজ) সং, নখচ্ছেদনাস্ত্র।

নরেন্দ্র, (নর—ইন্দ্র=শ্রেষ্ঠ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, নরশ্রেষ্ঠ, নৃপ। বিষবৈদ্য।

নরেন্দ্রমার্গ, (নরেন্দ্র—মার্গ=পথ) সং, পুং, রাজপথ, প্রকাশ্য রাস্তা।

নরেশ, নরেশ্বর (নর—ঈশ, ঈশ্বর=স্বামী ৬ষ্ঠী—ষ) সং, পুং, নরপতি, রাজা।

নরোত্তম, (নর—উত্তম, ৭মী—ষ) সং, পুং, নারায়ন। নৃপ।

নর্কুটক, সং,ক্লীং, নাসিকা, নাক।

নর্ত্তক, (নৃৎ=নৃত্যকরা+ণক—ক, শিল্পী-অর্থে) সং, পুং, নৃত্যকারক, নট। বাজীকর। হস্তী। বন্দী। স্তুতিপাঠক। ময়ূর। কী—স্ত্রীং, নটী। হস্তিনী। ময়ূরী। বিং, ত্রিং, নৃত্যকারক। [নাচ।

নর্ত্তন,(নৃৎ+অনট্—ভা) সং, ক্লীং, নৃত্য,

নর্ত্তিত, (নৃৎ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বিকম্পিত, আন্দোলিত। যাহাকে নাচান গিয়াছে। সং, ক্লীং, নর্ত্তন। [প্রণালী।

নর্দ্দমা (দেশজ) সং, পয়নালা, পয়ঃ

নর্দ্দিত, (নর্দ্দ=শব্দকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, কৃতনাদ, শব্দিত।

নর্ম্ম, (নর্ম্মন্, নৃ=লওয়া+মন্—প্রং) সং, ক্লীং, ক্রীড়া। বিহার। প্রিয় কৌতুক, পরিহাস। "ঋষিপুত্রেন নর্ম্মার্থে কৃশেন দ্বিজসত্তম" মহাভারত।

নর্ম্মকীল, (নর্ম্মন্=বিহার—কীল=শঙ্কু) সং, পুং, ভর্ত্তা, স্বামী। মেঢ্র।

নর্ম্মট, (নর্ম্মন্—অট=যে গমন করে, নিপাতন) সং,পুং,সূর্য্য। খর্পর খোলা, খাপ্‌রা।

নর্ম্মঠ, (নর্ম্মন্=ক্রীড়া+ঠ—তচ্চেষ্টার্থে) স্তনের অগ্রভাগ, চুচুক বিড়ংগ। কামুক ব্যক্তি। মৈথুন।

নর্ম্মদ, (নর্ম্ম=কেলি—দ [দা=দান করা +ড] যেদান করে) সং, পুং, কেলি সচিব। বিং, ত্রিং, পরিহাস দায়ক। সুখদ। দা—স্ত্রীং,বিন্ধ্যাচল হইতে নির্গত নদীবিশেষ, রেবানদী।

নর্ম্মসচিব, (নর্ম্মন্=বিহারাদি—সচিব= মন্ত্রী, ৬ষ্ঠী—ষ, য়ং—স) সং, পুং, ক্রীড়াসচিব,বিদূষক। মোসাহেব,পারিষদ। ভাঁড়।

নল, (নল্=বন্ধনকরা+অল্—প্রং) সং, পুং, শর, খাকড়া। চোঙ্গা। নিষধ রাজ, দময়ন্তীর পতি "নলঃ সিতচ্ছত্রিত কীর্ত্তিমণ্ডলঃ স রাশিরাসীন্মহসাং মহোজ্জ্বলঃ" পূর্ব্ব নৈষধ। বানরবিশেষ, বিশ্বকর্ম্মারপুত্র। "মার্গং যত্র ন বিশ্বকর্ম্ম তনয়ঃ কর্ত্তুং নলোপি ক্ষমঃ" উত্তর চরিত। পিতৃলোকবিশেষ। দৈত্যবিশেষ। বীরসেনরাজার পুত্র। চন্দ্র বংশীয় নৃপতিবিশেষ, পৃথ্বী রাজের পূর্ব্বপুরুষ। ক্লীং,পদ্ম। সুগন্ধ। লী-স্ত্রীং, ডাঁটা। নল। নাড়ী। সুগন্ধিদ্রব্যবিশেষ মনঃশিলা (Red Arsenic)

নলক, (নল+ক—সাদৃশ্যার্থে) সং, ক্লীং, শাকাদির ডাঁটা। অস্থিবিশেষ, সচ্ছিদ্র অস্থি। নল। পাব। (দেশজ) মুক্তাবিনির্ম্মিত নাসিকাভরণবিশেষ।

নলকিনী, (নলক্+ইন্—প্রং। নিম্নভাগে যেখানে অস্থিসকল সংযোজিত আছে) সং, স্ত্রীং, জঙ্ঘা।

নলকীল, (নল=নলসদৃশঅস্থি—কীল= শঙ্কু) সং, পুং, জানু হাঁটু।

নলকূবর,(নল—কূবর=শরীর। নলরাজার ন্যায় যাহার শরীর, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কুবেরের পুত্র।

নলদ, (নল=সুগন্ধ—দ=যে দেয়,২য়া-ষ) সং, ক্লীং, বেণার মূল, উশীর, খস্খসে। পুষ্পক রথ। পুষ্পরস। মকরন্দ। (নল—দা=দানকরা+ড—প্রং) বিং. ত্রিং, নলদাতা।

নলপট্টিকা, (নল—পট্ট=পট্টবস্ত্র+ক—সাদৃশ্যার্থে) সং,স্ত্রীং, নলনির্ম্মিত মাদুর, নলের চেটাই। দরমা।

নলিকা, (নলী+ক—যোগ) সং, স্ত্রীং, সুগন্ধিদ্রব্যবিশেষ। নাড়ী। নল। ডাঁটা

নলিত, (নল দেখ, ক্ত—প্রং) সং, পুং, তা—স্ত্রীং,শাকবিশেষ, নালিতা পাতা।

নলিন, (নল্=উজ্জ্বল হওয়া+ইন—প্রং। অথবা নল=নাল+ইন—প্রং) সং, ক্লীং, পদ্ম। জল। নীলের গাছ। করণ্ড নামক ফলবিশেষ। পুং, সারস পক্ষী। নী—স্ত্রীং, পদ্মিনী, পদ্মসমূহ। যে জলাশয়ে যথেষ্ট পদ্ম জন্মে। নারিকেলোৎপন্ন সুরা। স্বর্গঙ্গা।

নলিনীরুহ, (নলিনী—রুহ=যে উৎপন্ন হয়) সং, পুং, পদ্মযোনি, ব্রহ্মা। ক্লীং, মৃণাল। [রন করে) সং, পুং, বিষ্ণু।

নলিনেশয়, (নলিনে=পদ্মে—শয়=যে শ-

নলী, নলি (দেশজ) সং, বস্ত্রবপনের নিমিত্ত একপ্রকার কাষ্ঠনির্ম্মিত পদার্থ, যাহাতে সূতা জড়ান থাকে।

নল্ব, (নল্=নলতুল্য দীর্ঘহওয়া+ব—প্রং) সং,পুং,চারি শতহস্ত পরিমিত দেশ

নল্ববর্ত্মগা, (নল্ব—বর্ত্মন্=পথ—গ=যে গমন করে) সং,স্ত্রীং, কমলালেবুরগাছ।

নব, (নু=স্তবকরা ইত্যাদি+অল্—প্রং) বিং, ত্রিং,নূতন,নবীন। সং,পুং, স্তব।

নবকারিকা, (নব=নূতন—কারিকা= কর্ত্রী) সং, স্ত্রীং, নবোঢ়া। নববিবাহিতা,অচির প্রাপ্ত রজস্কা। নূতনকারিণী

নবগ্রহ, (নবন্=নয়—গ্রহ) সং, পুং,হা—বহুং, সূর্য্য, চন্দ্র, মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র, শনি, রাহু, কেতু—এই নয় গ্রহ।

নবত, (নব=নূতন—তন্=বিস্তারকরা+ড—প্রং) সং, পুং, হস্তী প্রভৃতির পৃষ্ঠ দেশস্থ নানা বর্ণে চিত্রবিচিত্র আস্তরণ।

নবতি, (নবন্=নয়--ক্তিন্ প্রং) সং, স্ত্রীং, নব্বই সঙ্খ্যা, ৯০।

নবতিকা, (নবতি নব্বই [কেশ]+ক—প্রং) সং, স্ত্রীং, তূলিকা, তূলী।

নবদণ্ড, সং, ক্লীং, রাজচ্ছত্রবিশেষ।

নবদল, (নব—নূতন—দল—পত্র) সং, ক্লীং, নূতনপত্র ; পদ্মের কচি পাতা। পদ্মের গর্ভপত্র। পদ্মাদির জটিকাকার

নবপত্র। [রণ) সং, পুং, মঙ্গলগ্রহ।
নবদীধিতি, (নবন্=নয়—দীধিতি=কি-
নবদুর্গা, সং, স্ত্রীং, শৈলপুত্রী, ব্রহ্মচারিণী, চন্দ্রঘণ্টা, কুষ্মাণ্ডা, স্কন্দমাতা, কাত্যায়নী, কালরাত্রি, মহাগৌরী, সিদ্ধিদা—এই নয় দুর্গামূর্ত্তি। নবপত্রিকা।
নবদ্বার, (নবন্=নয়—দ্বার) সং, ক্লীং, কর্ণদ্বয়, চক্ষুর্দ্বয়, নাসাদ্বয়, মুখ, পায়ু, উপস্থ—এই নয় দ্বার। "মনো নবদ্বার নিবিদ্ধবৃত্তি" কুমার। বিং, ত্রিং, দেহ।
নবধা, (নবন্=নয়+ধাচ্—প্রকারার্থে) ক্রিং—বিং, অং, নয় প্রকার। নয়বার।
নবগুণ। [ত্রিং, বহুং, নয় সঙ্খ্যা, ৯।
নবন্, (নু=স্তবকরা+অন্—প্রং) বিং,
নবনী, (নব=নূতন—নী লওয়া+ক্বিপ্—র্ম্ম) সং, স্ত্রীং, ননী, মাখন। "অহো হৈয়ঙ্গবীনানাং নবনীনাং পরং মুদা। লড্ডুকানাং শর্করাণাং স্বস্তিকানাঞ্চ যত্নতঃ॥"
নবনীত, (নব=নূতন—নীত=দুগ্ধ হইতে প্রাপ্ত, সং, ক্লীং, ননী, মাখন। "নবনীতং যথা দধ্নো দ্বিপদাং ব্রাহ্মণো যথা"
নবনীতক, (নবনীত+ক—যোগ) সং, ক্লীং, ঘৃত।
নবপত্রিকা, সং, স্ত্রীং, কদলী, দাড়িমী, ধান্য, হরিদ্রা, কচু, মানকচু, বিল্ব, অশোক, জয়ন্তী—এই নয় পত্রযুক্তা।
নবফলিকা, (নব=নূতন—ফল+ক, আ) সং, স্ত্রীং, যে স্ত্রীর প্রথমবার ঋতু হইয়াছে। নবজাত রজস্কা। নবোঢ়া।
নববধূ, (নব—বধূ=স্ত্রী) সং, নূতনবিবাহিতা স্ত্রী, নবোঢ়া। নবীনাভার্য্যা।
নবম, (নবন্+ম—পূরণার্থে) বিং, ত্রিং, নয় সঙ্খ্যার পূরক। মী—স্ত্রীং, তিথিবিশেষ।
নবমালিকা, নবমল্লিকা (নব=প্রশংসনীয় সুন্দর—মালিকা, মল্লিকা মল্লিকা ফুল, য়ং—স) সং, স্ত্রীং, পুষ্পবিশেষ, নেয়ালিফুল। লতাবিশেষ।

নবযৌবনা, (নব=নূতন—যৌবন, ৬ষ্ঠী—হিং,) সং, স্ত্রীং, যুবতী স্ত্রী।
নবরঙ্গ, (নবন্—রঙ্গ=বর্ণ) সং, ক্লীং, কায়স্থদিগের কুলবিশেষ। কায়স্থ প্রভৃতি কুলীনদের পাঁচ প্রকারে দান ও চারি প্রকারে গ্রহণরূপ কুলবিশেষ।
নবরত্ন, (নব—রত্ন=মণি, সমাহার দ্বিগু) সং, ক্লীং, মুক্তা, মাণিক্য, বৈদূর্য্য, গোমেদ, বজ্র, বিদ্রুম, পদ্মরাগ, মরকত নীলকান্ত—এই নয় রত্ন। রাজা বিক্রমাদিত্যের নয় জন সভাপণ্ডিত। ধন্বন্তরি, ক্ষপণক, অমরসিংহ, শঙ্কু, বেতালভট্ট, ঘটকর্পর, কালিদাস, বরাহমিহির, বররুচি—"ধন্বন্তরিক্ষপণকামরসিংহশঙ্কু বেতালভট্ট ঘটকর্পর কালিদাসাঃ, খ্যাতো বরাহ-মিহিরো নৃপতেঃ সভায়াং রত্নানি বৈ বররুচির্নব বিক্রমস্য"। "মুক্তা মাণিক্য বৈদূর্য্য গোমেদা বজ্রবিদ্রুমৌ। পদ্মরাগং মরকতং নীলঞ্চে ত্যাক্তেষু নবসু রত্নেষু"।
নবরাত্র, (নবন্—রাত্রি) সং, ক্লীং, আশ্বিন শুক্লা প্রতিপদাদি নবমী পর্য্যন্ত নয় দিন কর্ত্তব্য দুর্গাব্রতবিশেষ।
নববরিকা, (নব=নূতন—বর+ক-যোগ) সং, স্ত্রীং, নূতন বিবাহিতা স্ত্রী, নবোঢ়া।
নবশঃ, (নবশস্, নবন্+চশস্—বারার্থে) ক্রিং, বিং, অং, নয় নয় করিয়া।
নবশস্যেষ্টি, (নবশস্য—ইষ্টি=যজ্ঞ) সং, স্ত্রীং, নবান্নশ্রাদ্ধ।
নবশায়ক, সং, পুং, সদ্গোপ, মালাকার, তেলি, তাঁতি, ময়রা, বারুই, কুম্ভকার, কর্ম্মকার নাপিত—এই নয় জাতি নবশাক মধ্যে পরিগণিত। "গোপোমালী তথা তৈলী তন্ত্রী মোদক বারুজী। কুলালঃ কর্ম্মকারশ্চ নাপিতোনবশায়কাঃ
নবসূতিকা, (নব=নূতন—সূত=সন্তান +ক—প্রং) সং, স্ত্রীং, ধেনু। সদ্য প্রসূতা স্ত্রী।
নবান্ন, (নব—অন্ন) সং, ক্লীং, নূতন

অন্ন। এই নূতনঅন্ন পিতৃপুরুষ ও দেবতাদিগেকে উৎসর্গ না করিয়া ভক্ষণ নিষিদ্ধ।[=দীপ্তি) সং, পুং, মঙ্গলগ্রহ।
নবার্চ্চিঃ, (নবার্চ্চিস্, নবন্=নয়—অর্চ্চিস্
নবাহ, (নবন্ অহন্=দিবস) সং, পুং, নয়দিন। (নব=নূতন—অহন্=দিবস) নূতন দিন। পক্ষের প্রথম দিন। প্রতিপদ তিথি।
নবীকরণ, (নব=নূতন—করণ। মধ্যে, ঈ—আগম) সং, ক্লীং, পূর্ব্বে নূতন ছিলনা এক্ষণে পুনর্ব্বার নূতন করা, হইয়াছে।
নবীকৃত,(নব-কৃত=যাহা করা হইয়াছে। মধ্যে, ঈ—আগম) বিং, ত্রিং, যাহা নূতন করা হইয়াছে।
নবীন, (নব+ীন—স্বার্থে) বিং, ত্রিং, নূতন, নব্য। তরুণ। আধুনিক। সদ্য।
নবীভূত, (নব—ভূত=হইয়াছে। মধ্যে, ঈ—আগম) বিং, ত্রিং, নূতনত্ব প্রাপ্ত, যাহা নূতন হইয়াছে। নবীকৃত।
নবোঢ়া, (নব—ঊঢ়া=বিবাহিতা, য়ং—স) সং, স্ত্রীং, নূতন বিবাহিতা স্ত্রী।
নবোদ্ধৃত, (নব=নূতন—উদ্ধৃত) সং,ক্লীং, নবনীত, ননী। বিং,ত্রিং,অল্পকাল যাহার উদ্ধার সাধন হইয়াছে। [সন্ধ্যা।
নব্বই, (নবতি শব্দজ) বিং, নবতি, ৯০
নব্য, (নব+য—স্বার্থে) বিং, ত্রিং,নূতন, নবীন। যুবা। অল্পকালীন। অল্পবয়স্ক, অপ্রবীণ। ইদানীন্তন। সং, পুং, স্তব। প্রশংসা। [পুং,কাকসদৃশ পক্ষিবিশেষ।
নশাক, (নশ=বিনাশকরা+আক) সং,
নশিতা নশিতৃ, (নশ=বিনাশকরা+তৃন্) ইম্—আগম বিকল্পে, পক্ষে নষ্টৃ) বিং, ত্রিং, বিনাশকর্ত্তা, যে নষ্ট করিতেছে।
নশ্বর, (নশ্=বিনষ্টহওয়া+বর—ক, শীলাদ্যর্থে) বিং, ত্রিং, নাশশীল, অনিত্য, অস্থায়ী। অপকারী।
নশ্যৎ, (নশ=বিনষ্টহওয়া+শতৃ—ক)বিং, ত্রিং, যাহা বিনাশ প্রাপ্ত হইতেছে
নশ্যৎপ্রসূতিকা, (নশ্যৎ—প্রসূতিকা=জননী) সং, স্ত্রীং, মৃতবৎসা, যে স্ত্রী মৃত সন্তান গর্ভে ধারণ করে।
নষ্ট, (নশ=বিনষ্টহওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, নাশপ্রাপ্ত, ধ্বস্ত। গত। "নষ্টং বর্ষবরৈর্ম্মনুষ্যগণনাভাবাদপাস্য ত্রপামন্তঃ কঞ্চুকি কঞ্চুকস্য বিশতি ত্রাসাদয়ং বামনঃ" রত্নাবলী। অপসারিত। পলায়িত। অদর্শনপ্রাপ্ত, অন্তর্হিত। দুষ্ট। দূষিত। প্রকৃতগুণহীন। আচারভ্রষ্ট।
নষ্টচন্দ্র, (নষ্ট—চন্দ্র) সং, পুং, দোষযুক্তচন্দ্র, ভাদ্রমাসের শুক্লা ও কৃষ্ণা চতুর্থীতে উদিত চন্দ্র, এইরূপ প্রবাদ এই চন্দ্র দেখিলে বিনাকারণে কলঙ্ক ঘটে, এই নিমিত্ত এই সময়ের চন্দ্রকে নষ্টচন্দ্র বলা যায়।
নষ্টচেতন, (নষ্ট—চেতনা,৬ষ্ঠী—হিং)বিং, ত্রিং, অচেতন, চৈতন্যশূন্য। হতজ্ঞান।
নষ্টচেষ্ট, (নষ্ট—চেষ্টা=যত্ন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, স্পন্দহীন, জড়। স্পন্দনশূন্য।
নষ্টচেষ্টতা,(নষ্ট—চেষ্টতা=যত্ন) সং, স্ত্রীং, আহ্লাদ বা দুঃখ জনিত মূর্চ্ছা।
নষ্টমতি, (নষ্ট—মতি) বিং, ত্রিং, যাহার বুদ্ধি বিনাশ প্রাপ্ত হইয়াছে। দুষ্ট বুদ্ধিযুক্ত। দুর্ব্বুদ্ধি।
নষ্টাগ্নি, (নষ্ট=নাশপ্রাপ্ত-অগ্নি ৬ষ্ঠী—হিং) সং, পুং, যে সাগ্নিক ব্রাহ্মণের মেধ্য অগ্নি নির্ব্বাণ প্রাপ্ত হইয়াছে।
নষ্টাপ্তিসূত্র, (নষ্ট—আপ্তি=প্রাপ্তি—সূত্র=সূতা) সং, ক্লীং, লোপ্ত্র, লুঠ।
নষ্টার্থ, (নষ্ট=নাশপ্রাপ্ত-অর্থ=ধন, বিত্ত। ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং,যাহার সমস্ত অর্থ নষ্ট হইয়াছে, দারিদ্র্যদশা প্রাপ্ত।
নষ্টাশ্বদগ্ধরথন্যায়—ন্যায় (৩) দেখ।
নষ্টেন্দুকলা, (নষ্ট—ইন্দুকলা=চন্দ্রকলা, ৭মী—হিং) সং, স্ত্রীং, অমাবস্যা।
নস্—পুং, নসা—স্ত্রীং, (নস্=শব্দকরা+ক্বিপ্, অ—প্রং) সং, নাসিকা, নাক।
নস্ত, (নস্=বক্র হওয়া+ক্ত—প্রং)—সং,

পুং, নাসিকা। ক্লীং, নস্য। স্যা,—স্ত্রীং, নাকের বিঁধ, ফোঁড়।
নস্তিত, নস্তোত (নস্ত [নস্+ক্ত—নামধাতু] নাসিকা+ক্ত—প্রং। নস্ত—উত বোনা) সং, পুং, যে মহিষাদির নাসিকা বিদ্ধ করিয়া রজ্জুবদ্ধ করা যায়, নাকফোড়া বলদ প্রভৃতি।
নস্য, (নসা+য—প্রয়োজনার্থে) বিং, ত্রিং, নাসিকার হিতজনক, নাসাসম্বন্ধীয়। ক্লীং, নাসিকাতে দেয় চূর্ণাদি, নাস। স্যা—স্ত্রীং, নাসিকা। নাসা-প্রোত রজ্জু
নস্যধানী (নস্য—ধানী=আধার) সং, স্ত্রীং, যাহাতে নস্য রাখা যায়।
নস্যোত, (নস্যা—উত=বোনা) সং, পুং, নস্তিত, নাকফোড়া বলদ প্রভৃতি।
নহি, (ন—হি) অং, না, নিষেধ, কখনই না। "ধুনানা মূর্দ্ধানং নহি নহি নহীত্যেব কুরুতে"।
নহুষ, (নহ্=বন্ধনকরা+উষ—প্রং) সং, পুং, চন্দ্রবংশীয় নৃপতি বিশেষ, পুরুরবার পৌত্র এবং রাজা যযাতির পিতা। এই রাজা স্বকীয় পুণ্যবলে ইন্দ্রপদবী প্রাপ্ত হইয়াছিলেন। অগস্ত্য মুনির অবমাননা করাতে তদীয় অভিসম্পাতে সর্পদেহ প্রাপ্ত হইয়াছিলেন।
নহুষাত্মজ, (নহুষ—আত্মজ=পুত্র) সং, পুং, যযাতি রাজা।
নাই, (নাস্তিশব্দজ) অং, অভাব, নিষেধ।
নাইকুণ্ডল, (নাভিকুণ্ডল শব্দজ) সং, নাভি
নাউ, (দেশজ) তুম্বিবিশেষ, অলাবু।
নাং, (দেশজ) সং, উপপতি, জার।
নাক (ন—অক [অ—ক্=সুখ] অসুখ। যেখানে অসুখ নাই, ৭মী—হিং) সং, পুং, স্বর্গ। আকাশ। (দেশজ) নাসিকা।
নাকনাথ, নাকনায়ক, (নাক=স্বর্গ—নাথ, নায়ক, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ইন্দ্র, স্বর্গাধিপতি।
নাকবনিতা, (নাক=স্বর্গ-বনিতা=স্ত্রী। ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, স্বর্গের স্ত্রী। কিন্নরী, রা।
নাকবেধক, সং, পুং, দেবরাজ, ইন্দ্র।
নাকসদ্, (নাক=স্বর্গ—সদ্=গমনকরা ক্বিপ্—প্রং) সং, পুং, দেবতা।
নাকী, (নাকিন্, নাক+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, দেবতা।
নাকু, (ন=না—অক্ = গমনকরা+উ—প্রং, অথবা নম্=বক্র বা নম্র হওয়া+উ—প্রং। নম্=নাক) সং, পুং, বল্মীক, উয়ের ঢিপি। পর্ব্বত। মুনিবিশেষ।
নাকুল, (নকুল+ষ্ণ—ঈপ্—স্ত্রীলিঙ্গে) বিং, ত্রিং, নকুলসম্বন্ধীয়। লী—স্ত্রীং, লতাবিশেষ; সর্পদষ্ট নকুলেরা বিষনিবারণের জন্য এই লতা ভক্ষণ করে বলিয়া ইহার নাম নাকুল হইয়াছে। শিমুল বৃক্ষের মূল, কুক্কুটী কন্দ। কন্দবিশেষ।
নাকুলান্ধ্য, (নাকুল—অন্ধ্য) সং, ক্লীং, ক্ষীণদৃষ্টি, অল্পদৃষ্টি।
নাকুসদ্ম, (নাকুসদ্মন্, নাকু=উয়েরঢিপি—সদ্মন্=বাসস্থান। ৬ষ্ঠী—হিং) সং, পুং, সর্প।
নাক্ষত্র, নাক্ষত্রিক (নক্ষত্র+ষ্ণ, ষ্ণিক—ইদমর্থে) বিং, ত্রিং, নক্ষত্রসম্বন্ধীয়। সং, পুং, মাসবিশেষ। চান্দ্রমাস, চন্দ্র স্বকীয় দৈনিক গতি দ্বারা প্রতিদিন এক একটি নক্ষত্রপুঞ্জ (Constellation) অতিক্রম করেন। রাশিচক্রে সর্ব্বসমেত সপ্তবিংশতি নক্ষত্রপুঞ্জ আছে। এই নিমিত্ত সপ্তবিংশতি দিবসে এক নাক্ষত্র বা চান্দ্রমাস হয়।
নাগ, (নগ=পর্ব্বত+ষ্ণ—ভবার্থে। যাহারা পর্ব্বতময় দেশে বাস করে, বা উৎপন্ন হয়) সং, পুং, কশ্যপের ঔরসে এবং কদ্রুর গর্ভেজাতসর্পজাতি বিশেষ। ইহাদের শরীরের পূর্ব্বাঙ্গ মনুষ্যের ন্যায় এবং পশ্চাদ্ সর্পের ন্যায়। সর্প। হস্তী। মেঘ। নিষ্ঠুরব্যক্তি। অনাচারী লোক। নাগদন্ত। নাগকেশর বৃক্ষ। মুস্তাতৃণ, মুথো। পুন্নাগবৃক্ষ। দেহস্থ বায়ুবিশেষ।

বাতকর্ম্ম দ্বারা যাহা দেহাভ্যন্তর হইতে বহিষ্কার করাযায়। তাম্বূল, পান। দেশবিশেষ। (শব্দোত্তরবর্ত্তী হইলে) শ্রেষ্ঠ। ক্লীং, সীসক। টিন্। (tin) জ্যোতিঃশাস্ত্রে একাদশ করণান্তর্গত করণবিশেষ। গী—স্ত্রীং,সর্পী। হস্তিনী।

নাগকেশর, (নাগ—কেশর=এই পুষ্পবৃক্ষের আর একটি নাম) সং, পুং, একপ্রকার পুষ্পবৃক্ষ, নাগেশ্বর বৃক্ষ।

নাগগর্ভ,(নাগ=সীসক—গর্ভ=উৎপত্তি) সং, পুং, সিন্দূর।

নাগজ, (নাগ=সীসা ইত্যাদি—জ= উৎপন্ন) সং, ক্লীং, সিন্দূর। রাঙ্। বিং, ত্রিং, নাগ হইতে জাত।

নাগজিহ্বা, (নাগ—জিহ্বা) সং, স্ত্রীং, অনন্ত মূল। [স্ত্রীং, মনঃশিলা।

নাগজিহ্বিকা, (নাগ—জিহ্বিকা) সং,

নাগদন্ত, (নাগ=হস্তী—দন্ত=দাঁত, ৬ষ্ঠী—ষ) সং, পুং, হস্তিদন্ত। ঘরের ভিত্তিতে যে গোঁজ পোতা থাকে, দাণ্ডা। স্তী—স্ত্রং, বেশ্যা। পুষ্পবিশেষ, স্ত্রীহস্তিনী।

নাগদন্তিকা, (নাগ=সর্প—দন্ত+ক— সাদৃশ্যার্থে) সং, স্ত্রীং, বিশল্যা। বিছুটি গাছ।

নাগদৈবত, (নাগ—দৈবত) সং, ক্লীং, নাগকর্ত্তৃক অধিষ্ঠিত নক্ষত্র, অশ্লেষা নক্ষত্র।

নাগদ্রু, (নাগ—দ্রু=বৃক্ষ) সং, পুং, বৃক্ষবিশেষ। ন্যাড়াসিজ, মনসাগাছ।

নাগনির্য্যূহ,(নাগ=হস্তী—নির্য্যূহ=ভিত্তিস্থ কাষ্ঠফলকবিশেষ) সং, পুং, নাগদন্ত, গৃহের ভিত্তিনির্গত কাষ্ঠদণ্ড।

নাগপাশ, (নাগ=হস্তী,সর্প—পাশ=রজ্জু) সং, পুং, বরুণের আয়ুধ। গ্রন্থিবিশেষ। শত্রুমারণার্থ যুদ্ধে নাগাকৃতি পাশ বিশেষ। [পুর। পাতাল।

নাগপুর, সং,ক্লীং, প্রসিদ্ধ নগর। হস্তিনা-

নাগপুষ্প, (নাগ=হস্তী—পুষ্প। হস্তীর মদগন্ধযুক্ত পুষ্পযাহার.) সং, পুং, নাগকেশর বৃক্ষ। চম্পক বৃক্ষ। [অশ্বত্থ বৃক্ষ।

নাগবন্ধু, (নাগ=হস্তী—বন্ধু) সং, পুং,

নাগবল, (নাগ=হস্তী—বল=সৈন্য, ৬ষ্ঠী —হিং) সং,পুং,ভীম। যাহারা হাতীতে আরোহণ করিয়া যুদ্ধকরে। "যদাশ্রৌষং নাগবলৈঃ সুদুঃসহং দ্রোণানীকং যুযুধানং প্রমথ্য" মহাভারত।

নাগমল্ল, (নাগ=হস্তী—মল্ল=বাহুযোদ্ধা) সং, পুং, ঐরাবত হস্তী।

নাগমাতা, (নাগমাতৃ, নাগ=সর্প—মাতৃ =মা) সং, স্ত্রীং, মনসাদেবী। মনঃশিলা। কদ্রু।

নাগযষ্টি, (নাগ=সর্প—যষ্টি=লাঠি। যাহা সর্পের ন্যায় দেখায়) সং, স্ত্রীং, পুষ্করিণীর মধ্যে প্রোত কাষ্ঠ, রইকাঠ।

নাগর, (নগর+ষ্ণ—ভবার্থে) বিং,ত্রিং, নগরজাত, নগরসম্বন্ধীয়। রসিক, বিদগ্ধ। নামশূন্য। মন্দ, অপকৃষ্ট, নীচ। সং, পুং, দেবর, দেওর। নারাঙ্গালেবুর গাছ। ক্লীং, শুঁঠ। দেবনাগর অক্ষর। নাগরমুস্ত। অধ্যাপক। শ্রান্তি।

নাগরক, (নাগর+ক—কুৎসিতার্থে, প্রাবীণ্যার্থে) সং, পুং, চোর। নগররক্ষী। চিত্রকর। [সং, ক্লীং, সিন্দূর।

নাগরক্ত, (নাগ=পর্ব্বত—রক্ত=লাল)

নাগরঙ্গ, (নাগ [নাগ সীসক, ইহা হইতে জন্মায় ব লয়াসিন্দুরকেও নাগবলে] সিন্দুর, রঙ্গ,রং। যাহার সিন্দূরের ন্যায় রং,৬ষ্ঠী—হিং) সং,পুং, নারাঙ্গালেবু। কমলালেবু।

নাগরাজ, (নাগ=হস্তী, সর্প—রাজন্= রাজা) সং,পুং,অনন্ত,সর্পরাজ। ঐরাবত।

নাগরিক, (নগর+ষ্ণিক—নিবাসার্থে) বিং, ত্রিং, নগরবাসী। নগরসম্বন্ধীয়।

নাগরীট, (নাগরী=নায়িকাবিশেষ, যে স্ত্রী পর নায়কের সহিত গোপনে প্রেম করে—অট যে গমন করে। নিপাতন) সং, পুং, লম্পট, বিট, নাগর। বিং, ত্রিং, নগরজাত।

নাগরেণু, (নাগ—রেণু=গুঁড়া) সং, পুং, সিন্দূর।

নাগরেয়ক, (নগর+ঞেয়—নিবাসার্থে, ক—যোগ) বিং, ত্রিং, নাগরিক, নগরবাসী। নগরসম্বন্ধী।

নাগলতা, (নাগ—লতা) সং, স্ত্রীং, তাম্বূললতা। পুংচিহ্ন, উপস্থ।

নাগলোক, (নাগ=সর্প—লোক=ভুবন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অধোভুবন, পাতাল।

নাগবল্লী, নাগবল্লরী, (নাগ=সর্প—বল্লী, বল্লরী=লতা) সং, স্ত্রীং, তাম্বূলবল্লী, পান।

নাগবারিক, (নাগ=হস্তী—বৃ=সেবাকরা ইত্যাদি+ণক—প্রং) সং, পুং, গরুড়। রাজকীয় কুঞ্জর, রাজার হাতী। হস্তিপক। ময়ূর। [ধূর্ত্ত।

নাগবীট, (নাগরীট দেখ) সং, পুং, লম্পট।

নাগসম্ভব, (নাগ=সীসক—সম্ভব=জন্ম, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, সিন্দূর, সিঁদুর।

নাগাঞ্চলা, (নাগ=সর্প—অঞ্চলা=আঁচলা) সং, স্ত্রীং, নাগযষ্টি, রইকাঠ।

নাগাঙ্গনা, সং, স্ত্রীং, হস্তিনী। নাগযষ্টি।

নাগাধিপ, (নাগ=সর্প—অধিপ=রাজা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অনন্ত, সর্পরাজ। বাসুকী। ঐরাবত।

নাগান্তক, নাগাশন (নাগ—অন্তক=নাশক, ৬ষ্ঠী—ষ। নাগ—অশন=ভক্ষক, ৬ষ্ঠী—ষ) সং, পুং, গরুড়।

নাগাহ্ব, নাগাহ্বয়, (নাগ=হস্তী—আহ্বা, আহ্বয়=নাম) সং, ক্লীং, হস্তিনাপুর, দিল্লী।

নাগারাতি, (নাগ—অরাতি=শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, গরুড়। বন্ধ্যা কর্কোটকী বা পীতঘোষা বৃক্ষ।

নাচ, নাচা (নৃত্যশব্দজ) সং, নৃত্য, নর্ত্তন, অঙ্গভঙ্গি। [পায়।

নাচার, (অপ-ভাষা) বিং, অসহায়, নিরু-

নাচিকেতস্, সং, পুং, স্বনামপ্রসিদ্ধ মুনিবিশেষ। অগ্নি।

নাচিকেতু, সং, পুং, বহ্নি, অগ্নি।

নাট, (নট্=নৃত্যকরা+ঘঞ্—ভা) সং, পুং, নৃত, নাচ, নাটকাদির অভিনয়। দেশবিশেষ, কর্ণাট দেশ।

নাটক, (নট্=নৃত্যকরা+ণক—প্রং) সং, ক্লীং, গদ্য পদ্য প্রাকৃত ভাষাময় অভিনয়োপযুক্ত দৃশ্যকাব্য, শকুন্তলা, উত্তররামচরিত, মৃচ্ছকটিক প্রভৃতি। "নাটকং খ্যাতবৃত্তং স্যাৎ পঞ্চসন্ধিসমন্বিতং। বিলাসর্দ্ধ্যাদিগুণবদ্ যুক্তং নানা বিভূতিভিঃ॥ সুখদুঃখসমুদ্ভূতিনানারসনিরন্তরং। পঞ্চাদিকা দশপরাস্তত্রাঙ্কাঃ পরিকীর্ত্তিতাঃ॥ প্রখ্যাতবংশোরাজর্ষির্ধীরোদাত্তপ্রতাপবান্। দিব্যোথ, দিব্যাদিব্যো বা গুণবান্নায়কো মতঃ॥ এক এব ভবেদঙ্গী শৃঙ্গারো বীর এব বা অঙ্গমন্যে রসাঃ সর্ব্বে ক্যার্যনির্ব্বহনে স্ফুতং॥ চত্বারঃ পঞ্চবা মুখ্যা কার্য্যব্যাপৃতপুরুষাঃ। গোপুচ্ছাগ্রসমাগ্রন্তু বন্ধনং তস্য কীর্ত্তিতং" সাহিত্যদর্পণ। পুং, পর্ব্বতবিশেষ। বিং, ত্রিং, নর্ত্তক।

নাটকীয়, (নাটক+ঈয়—ইদমর্থে) বিং, ত্রিং, নাটকসংক্রান্ত।

নাটাম্র, সং, পুং, তরমুজ, কাঁকুড়।

নাটিকা, (নট্=নৃত্যকরা+ণক—প্রং। আপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, দৃশ্যকাব্য বিশেষ, যাহাতে চারিটী অঙ্ক থাকে; যথা—রত্নাবলী প্রভৃতি। নাটিকা কৢপ্তবৃত্তাস্যাৎ স্ত্রী প্রায়া চতুরঙ্কিকা। প্রখ্যাতোবীরললিতস্তত্র স্যান্নায়কো নৃপঃ॥ স্যাদন্তঃপুরসম্বন্ধী সঙ্গীতব্যাপৃতাথবা। নবানুরাগা কন্যাত্র নায়িকা নৃপবংশজা। সম্প্রবর্ত্তেত নেতাস্যাং দেব্যাস্ত্রাসেন শঙ্কিতঃ। দেবী পুনর্ভবেজ্জ্যেষ্ঠা প্রগল্ভা নৃপবংশজা। পদে পদে মানবতী তদ্বশঃ সঙ্গমোদ্বয়োঃ। বৃত্তিঃ স্যাৎ কৌশিকী স্বল্পবিমর্ষাঃ সন্ধয়ঃ পুনঃ॥" সাহিত্যদর্পণ।

নাটেয়, নাটের, (নটী=নর্ত্তকী+ঢেয়—

অপত্যার্থে। ষ্ণেয় স্থানে বিকল্পে এর হয়) সং, পুং, নটীর সন্তান।

নাট্য, (নট+ষ্ণ্য—ইদমর্থে সমূহার্থে) সং, ক্লীং, নৃত্যগীত-বাদ্য এই তিন, তৌর্য্যত্রিক। নৃত্যক্রিয়া। নটসমূহ।

নাট্যপ্রিয়, (নাট্য=নৃত্যগীতাদি—প্রিয়) সং, পুং, শিব।

নাট্যশালা, (নাট্য—শালা=গৃহ) সং, স্ত্রীং, যে স্থানে নাটকের অভিনয় হয়, রঙ্গভূমি।

নাট্যাচার্য্য, (নাট্য—আচার্য্য=শিক্ষাগুরু) সং, পুং, নাট্যবিষয়ক উপদেষ্টা। রঙ্গভূমির অধ্যক্ষ।

নাড়া, (নাড়ীশব্দজ) সং, ছেদিত ধান্যের অবশিষ্ট মূল, বিচালি। কম্পন। স্থানান্তর করণ।

নাড়ি, নাড়িকা, নাড়ী, (নড়্=বন্ধন করা+ই—প্রং) সং, স্ত্রীং, ডাঁটা। নাল। দেহস্থ শিরা, যে নলাকৃতি যন্ত্র দ্বারা শরীরে রক্তাদির সঞ্চার হয়। চুঙ্গী। গণ্ডদূর্ব্বা। জলবাহিনী সূর্য্যরশ্মি। একদণ্ড সময়, ২৪মিনিট্। ব্রণান্তর, নালী ঘা। [সং, পুং, নারিকেল।

নাড়িকেল, নাড়ীকেল,(নারিকেল দেখ)

নাড়িন্ধম, (নাড়ি=বাঁশেরচুঙ্গী—ধম=যে ফুঁদেয়) সং, পুং, স্বর্ণকার, সেক্‌রা। বিং, ত্রিং, ভয়ানক। স্থানান্তর স্থিত।

নাড়ীচ, (নাড়ী=চুঙ্গী—চর্=গমনকরা, উৎপন্নকরা+ড—প্রং) সং, পুং, তিক্ত শাকবিশেষ, নালিতাপাতা।

নাড়ীচক্র, সং, ক্লীং, নাভিস্থ নাড়ীমূল।

নাড়ীচরণ, (নাড়ী=চুঙ্গী—চরণ=পা) সং, পুং, পক্ষী।

নাড়ীজঙ্ঘ, (নাড়ী—জঙ্ঘা=পা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কাক। মুনিবিশেষ। বকবিশেষ। [সং, ক্লীং, জন্মনক্ষত্র।

নাড়ীনক্ষত্র, (নাড়ী — নক্ষত্র=তারা)

নাড়ীমণ্ডল, (Equator) বিষুবরেখা, সূর্য্য এই রেখায় উপস্থিত হইলে দিবারাত্রি সমান হয়।

নাড়ীব্রণ, নালীব্রণ, (নাড়ী—ব্রণ=ক্ষত) সং, পুং, যে ব্রণ হইতে সর্ব্বদা রস ক্ষরিত হইতেছে, নালী ঘা।

নাণক, (ন=না—অণক=কুৎসিত) সং, ক্লীং, মুদ্রা, মোহর প্রভৃতি। প্রশস্ত। পুং, ধর্ম্ম প্রচারক-বিশেষ, শীকজাতিদিগের আচার্য্য। [বা কন্যার সন্তান।

নাতি, নাতিনী, (নপ্তৃ শব্দজ) সং, পুত্রের

নাতিশীতোষ্ণ, (ন=না—অতি=অধিক শীত এবং উষ্ণ) বিং,ত্রিং,অধিক শীতলও নয় এবং অধিক উষ্ণও নয়।

নাথ, (নাথ্=প্রভুহওয়া, উপতপ্তহওয়া+অ—ক, ণ) সং, পুং, স্বামী, প্রভু। বৃষ প্রভৃতির নাসিকা ছিদ্রগত রজ্জু, নাক ফোড়া দড়ী। মহাদেব।

নাথবান্,(নাথবৎ, নাথ+বতু—অস্ত্যর্থে) বিং, ত্রিং, পরাধীন, পরতন্ত্র। প্রভুবিশিষ্ট।

নাথহরি, (নাথ=নাকফোড়ারজ্জু—হৃ =গ্রহণকরা+ই—প্রং) সং, পুং, যে সকল পশুর নাসিকা ফুড়িয়া রজ্জু বদ্ধ করা হয়, নাকফোড়া বলদাদি।

নাদ, (নদ্=শব্দকরা+ঘঞ্—ভা) সং, পুং, ধ্বনি, শব্দ। অর্দ্ধচন্দ্রাকৃতি বর্ণ, চন্দ্রবিন্দু (ঁ) (দেশজ) গবাদি পশুর মল।

নাদিত, (নাদি=শব্দকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, শব্দিত, নিনাদিত।

নাদী, (নাদিন্, নদ্=শব্দকরা+ণিন্—ক) বিং, ত্রিং, যে শব্দ করে। শব্দিত। ধ্বনিত।

নাদেয়, (নদ বা নদী+ষ্ণেয়—ভবার্থে) বিং, ত্রিং, নদীজাত, নদীসম্বন্ধীয়। সং, ক্লীং, সমুদ্র লবণ, সৈন্ধব লবণ। সৌবীরাঞ্জন। পুং, কাশতৃণ। বাণীর বৃক্ষ।

নানা, (নঞ্+না—প্রং) অং, বহুপ্রকার, অনেকবিধ। বিনা, ব্যতিরেকে।

নানাবিধ, নানারূপ, (নানা—বিধ=প্রকার) বিং, ত্রিং, বিবিধ, অনেক

প্রকার।

নানার্থ, (নানা=নানাবিধ—অর্থ) বিং, ত্রিং, যে শব্দের বহুবিধ অর্থ, অনেকার্থ। অশেষ প্রয়োজন।

নান্তরীয়ক, (ন—অন্তরীয়+ক—যোগ) বিং, ত্রিং, যাহা অবশ্যই ঘটিবে, অবশ্যম্ভাবী। ব্যাপ্ত।

নান্দী, (নান্দি=আনন্দিত করা+ই, ঈ—স্ত্রীলিঙ্গে, যে দেবদ্বিজাদিকে আনন্দিত অর্থাৎ স্তবাদি দ্বারা প্রসন্ন করে) সং,স্ত্রীং, নাটকাদির প্রারম্ভে দেবদ্বিজাদির আশীর্ব্বাদযুক্ত স্তব বা বন্দনা। আরব্ধ অভিনয় কার্য্যের বিঘ্নবিনাশের নিমিত্ত অনুষ্ঠান বিশেষ, মঙ্গলাচরণ। মুখ্যানূপ, সম্রাট। চক্রের মধ্য প্রদেশ। ক্ষত্রিয়। রাজা প্রিয়ব্রতের পুত্র। গোত্র। " আশীর্বচনসংযুক্তা স্তুতি যস্মাৎ প্রযুজ্যতে। দেবদ্বিজনৃপাদীনাং তস্মাৎ নান্দীতি সংজ্ঞিতা" ॥ সমৃদ্ধি, অভ্যুদয়।

নান্দীক, (নান্দী=স্তুতি, সৌভাগ্য -- কৃ করা+ড—প্রং) সং, পুং, মঙ্গলার্থ তোরণদ্বারে স্থাপিত জলপূর্ণ ঘট।

নান্দীকর, নান্দীবাদী (নান্দী—কর=যে করে, ২য়া—ষ। নান্দীবাদিন্, নান্দী—বাদিন্=যে বলে, ২য়া—ষ) সং, পুং, মঙ্গলযুক্ত স্তুতিবাদক। যে ব্যক্তি নান্দী শ্লোক পাঠ করে।

নান্দীপট, সং, পুং, কূপাদির মুখবন্ধন, কূপাদির আচ্ছাদন।

নান্দীমুখ, (নান্দী=স্তুতি, সৌভাগ্য—মুখ=প্রধান, বা নান্দী= শুভ—মুখ= আরম্ভ) সং,পুং, বৃদ্ধিশ্রাদ্ধভুক্ পিতৃগণ। কূপাদির মুখবন্ধন। ক্লীং, আভ্যুদয়িক শ্রাদ্ধ, বিবাহাদি শুভকর্ম্মানুষ্ঠানের পূর্ব্বে যে পার্ব্বণ শ্রাদ্ধ করা যায়।

নাপিত, (ন—আপ্ [ব্যাপ্ত] পাওয়া+ত—প্রং) সং, পুং, শূদ্রার গর্ভে ও ক্ষত্রিয়ের ঔরসে জাত বর্ণ, সঙ্কর জাতি বিশেষ। ক্ষৌরকারক।

নাভি, (নহ্=বন্ধনকরা+ই— প্রং। হ স্থানে ভ) সং, পুং,—স্ত্রীং, উদরাবর্ত্ত "বলীষুতস্যাঃ স্খলিতাঃ প্রপেদিরে চিরেণ নাভিং প্রথমোদবিন্দবঃ" কুমার। নাই। পুং, সম্রাট্। প্রধান। ক্ষত্রিয়। স্ত্রীং, কস্তূরী। মদ্য।

নাভিকণ্টক, (নাভি—কণ্টক=কাঁটা)সং, পুং, গোও, নাইয়ের গোঁড়।

নাভিগুড়ক, নাভিগোলক, (নাভি—গুড়ক, গোলক=গোল) সং, পুং, গোঁড়।

নাভিজ, নাভিজন্মা, (নাভিজন্মন্, নাভি—জ=জাত। জন্মন্=জন্ম) সং, পুং, পদ্মযোনি,ব্রহ্মা। বিষ্ণুর নাভিপদ্ম হইতে ব্রহ্মার উৎপত্তি এইজন্য ব্রহ্মারনাম নাভিজ

নাভিনালা, (নাভি—নালা=রজ্জু, পাত্র) সং,স্ত্রীং,নাভিস্থিতনাড়ী,অমলা,গর্ভনাড়ী

নাভিভূ, (নাভি—ভূ=জাত। সং, পুং, ব্রহ্মা। নাভিজ দেখ।[স্থান। সন্ধিস্থল।

নাভিস্থল, সং, ক্লীং, নাভি মণ্ডল। মধ্য-

নাভীল, (নাভি+ল—প্রং) সং, ক্লীং, স্ত্রীলোকের ঊরুসন্ধি, কুঁচকী। নাভিগাম্ভীর্য্য, নাভিরগভীরতা। কৃচ্ছ্র, কষ্ট।

নাভ্য, (নাভি+ষ্য—ইদমর্থে) বিং, ত্রিং, নাভিসম্বন্ধীয়।

নাম, (নম্=নম্রহওয়া+ঘঞ্—প্রং)অং, সম্ভাবনা। নিশ্চয়। ক্রোধ। নিন্দা। কুৎসা। আশ্চর্য্য। বিস্ময়। শোক। স্মরণ। বিতর্ক। বিকল্প। আখ্যা। প্রসিদ্ধি। ছল। স্বীকার। অলীক। প্রকাশ্য। উপগম।

নাম, (নামন্, ম্না=অভ্যাসকরা+মন্—র্ম্ম। কিম্বা নম্=শব্দকরা+মন্—প্রং) সং, ক্লীং, সংজ্ঞা, আখ্যা। বাচকশব্দ। লিঙ্গ, স্যাদিবিভক্ত্যন্ত শব্দ।

নামকরণ, (নামন্—কৃ=করা+অনট্—ভা)সং,ক্লীং, সংস্কারবিশেষ, বিধিপূর্ব্বক সন্তানের প্রথম নাম রাখা।

নামগ্রহ, (নামন্—গ্রহ=গ্রহণ) সং, পুং,

নামউচ্চরণ করণ নামধরা, নাম ধরিয়া আহ্বান করণ।
নামধর, (নামন্—ধৃ=ধরা+অল—প্রং) বিং, ত্রিং, লব্ধনামা, প্রতিষ্ঠা বিশিষ্ট। নাম করিলে অনেকে যাহাকে চিনিতে পারে। আখ্যাত, নামদ্বারা অভিহিত।
নামধেয়, (নামন্+ধেয়—স্বার্থে) সং, ক্লীং, নাম। নাম করণ। সংজ্ঞা, আখ্যা। বাচক শব্দ।
নামন, নাবন, (নত হওনার্থ নম্‌ধাতুজ) সং, অধোগমন। উত্তরণ। অবরোহণ, নাবা।—না, বটবৃক্ষের জটা। ঝুরি।
নামশেষ, (নামন্—শেষ=অন্ত, ৬ষ্ঠী—ষ +৬ষ্ঠী—হিং) সং,পুং, মৃত্যু। বিং, ত্রিং, মৃত। "আত্রেয়ী। বৎসে জানকি! স এব তে বল্লভবন্ধুবর্গঃ, প্রসঙ্গিকীনাং বিষয়ঃ কথানাংত্বাং নামশেষামপি দৃশ্যমানঃ প্রত্যক্ষদৃশ্যামিব নঃ করোতি। বাসন্তী, সভয়ং। স্বগতং। কথং নামশেষা মিত্যাহ"। উত্তরচরিত।
নায়, (নী=লওয়া ইত্যাদি+ঘঞ্—প্রং) সং, পুং, নয়, নীতি। নয়ন, প্রাপণ।
নায়ক, (নী=লওয়া+ণক— ক) সং, পুং, গ্রন্থের প্রধান বর্ণনীয় পুরুষ। উপদেষ্টা। অধ্যক্ষ। শ্রেষ্ঠ, প্রধান,সৈন্যাধ্যক্ষ সেনাপতি। হারমধ্যমণি। প্রণয়ীপুরুষ, প্রেমাসক্তব্যক্তি। শৃঙ্গার সাধক। বিং, ত্রিং, যে লাইয়া যায়, প্রাপক। য়িকা —স্ত্রীং, প্রণয়িনী স্ত্রী। কোন গ্রন্থের বর্ণনীয়া প্রধানা স্ত্রী। ভগবতীর উগ্রচণ্ডাদি অষ্টশক্তি। কঞ্চুকীবিশেষ। "রামো হরিঃ করী ভৃভৃত্তানুঃ কর্ত্তা চ চন্দ্রমাঃ। তস্বিৎবান্ ভগবানাত্মা দশৈতে পুংসি নায়কাঃ"।
নায়কাধিপ, (নায়ক=শ্রেষ্ঠ— অধিপ= প্রভু) সং, পুং, নরেন্দ্র, রাজা।
নায়কীয়, (নায়ক+ঈয়—ইদমর্থে) বিং, ত্রিং, নায়ক-নায়িকাসম্বন্ধীয়।
নার—ক্লীং, নারা—স্ত্রীং, (নর=বিষ্ণু+ ষ্ণ—অপত্যার্থে) সং, ক্লীং, নরসমূহ। জল। পুং, বালক। বৎস, বাছুর। বিং, ত্রিং, নরসম্বন্ধীয়। "আপোনারা ইতি প্রোক্তা আপো বৈ নরস্থনবঃ"।
নারক, (নরক+ষ্ণ—স্বার্থে, ইদমর্থে) সং,পুং,নরক। পাপজনিত দুঃখভোগের স্থান। বিং,ত্রিং, নরকভোগী। নরকস্থ। নরকবাসী। নরকঘটিত,নরক-সম্বন্ধীয়।
নারকী ,(নারকিন্, নারক+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, নরকস্থ, নরকভোগী।
নারঙ্গ, (নার—মনুষ্যগণ— গ=যে গমন করে) সং, পুং, পিপ্‌লী রস। বিট। যমজ স্রবণী। নারাঙ্গালেবুর গাছ। ক্লীং,-মূলবিশেষ, গাজর।
নারদ, (নার=মনুষ্যসমূহ—দ [উপদেশ] যে দেয়) সং, পুং, ব্রহ্মার পুত্র, দেবর্ষিবিশেষ। ক্লীং, পুরাণবিশেষ। "তাং নারদঃ কামচরঃ কদাচিৎ কন্যাং কিল প্রেক্ষ্য পিতুঃ সমীপে" কুমার।
নারদীয়, (নারদ+ঈয়—স্বার্থে) সং, ক্লীং, নারদসম্বন্ধীয় উপপুরাণবিশেষ।
নারাচ,(নার—নরসমূহ—আ—চম্ ভোজন করা+ড—ক, ২য়া—ষ) সং, পুং, লৌহময় শর। দুর্দ্দিন, মেঘাচ্ছন্ন দিন।
নারাচী, (নারাচ+ঈ—প্রং) সং, স্ত্রীং, লৌহময় তুলা। স্বর্ণকারাদির নিক্তি।
নারায়ণ, (নারা=জল—অয়ন=স্থান। যাঁহার জলই স্থান অর্থাৎ বাসস্থান "আপো নারা ইতি প্রোক্তা আপো বৈ নরস্থনবঃ। তা যদস্যায়নং পূর্ব্বং তেন নারায়ণঃ স্মৃতঃ"। (কিম্বা নার =নরসমূহ—অয়ন স্থান লোকে মুক্তিলাভ করিয়া যাহাতে লীন হয় "সারূপ্যমুক্তিবচনো নারেতি চ বিদু র্বুধাঃ। যো দেবোপ্যয়নং তস্য স চ নারায়ণঃ স্মৃতঃ। ৬ষ্ঠী—ষ) সং, পুং,বিষ্ণু, শ্রীকৃষ্ণ। ধর্ম্ম পুত্রর্ষিবিশেষ। অজামিলপুত্র। ণী— স্ত্রীং, লক্ষ্মী। দুর্গা। গঙ্গা। মুদ্গলমুনিপত্নী। শতমূলী।

নারায়ণক্ষেত্র, (নারায়ণ—ক্ষেত্র=সিদ্ধ-স্থান) সং, ক্লীং, গঙ্গাপ্রবাহ হইতে হস্তচতুষ্টয় পরিমিত স্থান, গঙ্গাতীর। এইহস্তচতুষ্টয়পরিমিত স্থানে নারায়ণ সর্ব্বদা বিদ্যমান থাকেন এই নিমিত্ত ইহাকে নারায়ণ ক্ষেত্র বলে।

নারায়ণতৈল, সং, ক্লীং ঔষধপক্ক তৈল-বিশেষ। [জলসংক্রান্ত।

নারিক, (নার+ইক—ইদমর্থে) বিং ত্রিং,

নারিকেল, নারীকেল (নারিক=জলময় [স্থান]—ঈ গমনকরা, বৃদ্ধিপাওয়া+অ—প্রং) সং, পুং, লী—স্ত্রীং, স্বনাম-প্রসিদ্ধ ফল বৃক্ষ। ক্লীং, তৎফল। "না-রিকেলসমাকারা দৃশ্যন্তে খলু সজ্জনাঃ। অন্যে বদরিকাকারা বহিরেব মনোহরাঃ"

নারী,(নর+ঞ—ধর্ম্মার্থে, স্ত্রীলিঙ্গে ঈপ্—প্রং)সং,স্ত্রীং, স্ত্রীলোক। [লিতাশাক

নারীচ, (না ়ীচ দেখ) সং, ক্লীং, না-

নরীতরঙ্গক, (নারী=স্ত্রীলোক—তরঙ্গ ভঙ্গি+ক—তুল্যার্থে) সং, পুং, লম্পট, কামুক।

নারীদূষণ, (নারী=স্ত্রীলোক—দূষণ=দোষ) সং, ক্লীং, মদ্যপান, দুর্জ্জনসং-সর্গ, স্বামীপরিত্যাগ, ইতস্ততোভ্রমণ, স্বপ্ন এবং অন্যের গৃহে শয়ন ও বাস—এই ছয় প্রকার স্ত্রীলোকের দোষ।

নার্য্যঙ্গ, (নাগরঙ্গ দেখ) সং, পুং, নারাঙ্গালেবুর গাছ।

নাল, (নল্=বন্ধনকরা+ঘঞ্—প্রং) সং, ত্রিং, মৃণাল, নল, ফাঁপা ডাঁটা প্রভৃতি। ক্লীং, হরিতাল। লি, লী—স্ত্রীং, শরীরস্থিত শিরা। নাড়ি। চুঙ্গী। জলবাহির হইবার পথ। দণ্ড পরিমিত কাল। [পথ, পয়ঃপ্রণালী।

ন.লা (প্রণালীশব্দজ) সং, জলনির্গম

নালিক, (নালী+ক—যোগ) সং, পুং, মহিষ। ক্লীং, পদ্ম। কা—স্ত্রীং ডাঁটা। নালিতা শাক।

নালিজঙ্ঘ, (নালী=চুঙ্গী—জঙ্ঘা=ঠ্যাং) সং, পুং, দাঁড়কাক।

নালিতা, সং, স্ত্রীং, পাট্‌শাক।

নালীক, (নালী=তন্তুবিশিষ্ট ডাঁটা+ক প্রং। সং, পুং, বাণ। শর, শল্যাস্ত্র, শরীর। ক্লীং, পদ্মসমূহ। পদ্মের বোঁটা।

নালীকিনী, (নালীক+ইন্—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, নলিনী, পদ্মিনী। [নালী বা।

নালীব্রণ, (নালী—ব্রণ=ক্ষত) সং, পুং,

নাবিক, (নৌ=নৌকা+ষ্ণিক—জীবত্য-র্থে) সং, পুং, কাণ্ডারী, কর্ণধার, মাঝী।

নাবিকবিদ্যা, সং, স্ত্রীং, জাহাজ নৌকা প্রভৃতির পরিচালক বিদ্যা।

নাবী, সং, স্ত্রীং, শ্রেণীবদ্ধ জাহাজ বা নৌকা প্রভৃতি।

নাব্য, (নৌ+ষ্য—প্রং) বিং, ত্রিং,নৌ-কাদ্বারা উত্তরণযোগ্য, যেস্থানেনৌকা-দ্বারা গমনকরা যায়। নৌকাগম্য। (নব +ষ্য—ভাবে) সং, পুং, তরুণাবস্থা।

নাশ, (নশ্=বিনষ্টহওয়া+ঘঞ—ভা) সং, পুং, মৃত্যু। ধ্বংস। "শরীরেণ সমং নাশং সর্ব্বমন্যত্তু গচ্ছতি" হিতোপদেশ। অদর্শন পলায়ন।

নাশক, (নশ্=বিনষ্টকরা+ণক—প্রং) বিং, ত্রিং, ধ্বংসকারী। ক্ষয়কারক, যে নাশকরে।

নাশন, (নশ্+অনট্—ভা, ক) সং, ক্লীং, বিলোপন। উচ্ছেদন, বিং, ত্রিং, ক্ষয়কারী। [নিহত। বিনাশিত।

নাশিত, (নাশি+ক্ত—ম্ম) বিং, ত্রিং,

নাশী, (নাশিন্, নশ্=বিনষ্টহওয়া+ণিন্—ক, অথবা নাশ+ইন্-বিদ্যমানার্থে) বিং, ত্রিং, নাশশীল। নাশক।

নাসত্য, (নাসা=নাসিকা—ত্যজ্=ত্যাগকরা+ড—ক। যে নাসিকাতে তেজ ত্যাগকরে। অথবা ন+অসত্য=নাসত্য, যে অসত্য অর্থাৎ অসাধু নয়, নঞ—ষ) সং, পুং, দ্বিং, অশ্বিনীকুমা-রদ্বয়। স্বর্গবৈদ্য।

নাসা, নাসিকা, (নাস্=শব্দকরা+অল

—আপ্—স্ত্রীলিঙ্গে নাসা+ক, আপ্) সং, স্ত্রীং, ঘ্রাণেন্দ্রিয়। চৌকাঠের উপরকার কাঠ, ঝন্‌কাঠ।

নাসাদারু, সং, ক্লীং, ঝনকাঠ, কপালি।

নাসিকন্ধম, (নাসিকা—ধ্মা=শব্দকরা+শ—প্রং) বিং, ত্রিং, যে নাসিকাদ্বারা শব্দ করে, যে নাক ডাকায়।

নাসিকন্ধয়, (নাসিকা—ধে=পানকরা+শ—প্রং) বিং, ত্রিং, যে নাসিকা দ্বারা পান করে বা শুষিয়া লয়।

নাসিক্য, (নাসিকা+ষ্ণ্য—তুল্যার্থে বা অপত্যার্থে) সং, ক্লীং, নাসিকা। পুং, দ্বিং, অশ্বিনীকুমারদ্বয়।

নাসীর, (নাস্=শব্দকরা+ঈর—সংজ্ঞার্থে। যাহারা সিংহনাদ করে) সং, ক্লীং, যুদ্ধক্ষেত্রের অগ্রবর্ত্তি সৈন্য, সেনামুখ। পুং, অগ্রগামী। বিং, ত্রিং, যে সৈন্যের অগ্রে গমনকরে, সেনাগ্রবর্ত্তী।

নাস্তিক, (নাস্তি [ঈশ্বর] নাই+ক—প্রং, অথবা নাস্তি+কৈ=শব্দকরা+ড) সং, পুং, যে ব্যক্তি বেদের প্রামাণ্য স্বীকার করে না, যে ব্যক্তি ঈশ্বরের অস্তিত্ব মানে না, যে ব্যক্তি পরকাল স্বীকার করে না।

নাস্তিকতা,—স্ত্রীং, নাস্তিক্য—ক্লীং, (নাস্তিক+তা, ষ্ণ্য—ভাবে) সং, নাস্তিকের ধর্ম্ম, বেদকে মিথ্যা জ্ঞান, ঈশ্বরের অবমানন, ও পরলোকের অস্বীকার করণ। [পুং, বন্ধন। ফাঁদ।

নাহ, (নহ্=বন্ধন করা+ঘঞ্—প্রং) সং,

নাহল, সং, পুং, ম্লেচ্ছজাতিবিশেষ।

নিংড়ন, নিঙ্গড়ন (দেশজ) সং, আর্দ্র বস্ত্রাদি হইতে জল বাহির করণ।

নিঃক্ষত্র, নিঃক্ষত্রিয় (নির্=না—ক্ষত্র, =ক্ষত্রিয়) বিং, ত্রিং, ক্ষত্রিয়রহিত।

নিঃশঙ্ক, (নির্=না—শঙ্কা=ভয়, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নির্ভয়, শঙ্কারহিত।

নিঃশলাক, (Anacanthena) যাহাদের ডানায় অস্থিশলাকামাত্র থাকে না, বায়ুক্লোম মুখের সহিত সম্বদ্ধ থাকে না, এবং কণ্ঠস্থ অস্থি পৃথক্ থাকে যথা;—পায়রাচাঁদা মৎস্য প্রভৃতি। (নির্=না—শলাকা=ময়না, শারিকা। যেখানে পক্ষীরাও গমনাগমন করে না) বিং, ত্রিং, রহঃ, বিজনপ্রদেশ, নির্জ্জন স্থান। প্রতিবন্ধ রহিত।

নিঃশব্দ, (নির্=না—শব্দ=ধ্বনি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, শব্দরহিত, নীরব।

নিঃশেষ, (নির্=না—শেষ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, শেষরহিত, সম্পূর্ণ, "নিঃশেষবিশ্রাণিতকোষজাতং" রঘুবংশ।

নিঃশেষিত, (নিঃশেষ+ইত—প্রং) বিং, ত্রিং, নিঃশেষপ্রাপ্ত, যাহা শেষ হইয়াগিয়াছে।

নিঃশোধ্য, (নির্=সম্পূর্ণ—শোধ্য নির্ম্মল, শোধনীয়) বিং, ত্রিং, অতি নির্ম্মল। মার্জ্জিত। শোধনীয়।

নিঃশ্রয়ণী, নিঃশ্রয়িণী (নির্=বাহির—শ্রি=গমনকরা+অন—প্রং। নিঃশ্রয়+ইন্—প্রং) সং, স্ত্রীং, অধিরোহিণী, সিঁড়ি।

নিঃশ্রেণি,—ণী (নির্=নিশ্চয়—শ্রেণি=পঙ্‌ক্তি, ৭মী—হিং) সং, স্ত্রীং, অধিরোহিণী, সিঁড়ি।

নিঃশ্রেয়স, (নির্=নিশ্চিত, অত্যর্থ—শ্রেয়স্=মঙ্গল, য়ং—স, অ—প্রং) সং, ক্লীং, মুক্তি, পুনর্জ্জন্ম না হওয়া। সুখ। কুশল, মঙ্গল। "সঃ স্থাণুঃ স্থিরভক্তিযোগসুলভো নিঃশ্রেয়সায়াস্তু বঃ" পুং, শিব।

নিঃশ্বাস, (নির্=বাহির—শ্বস্=নিশ্বাসপ্রশ্বাস ফেলা+ঘঞ্—প্রং) সং, পুং, নাশাগত বায়ু। "নিঃশ্বাসানামশিশিরতয়া ভিন্নবর্ণাধরোষ্ঠং" মেঘদূত।

নিঃষম, (নির্=না—সম=সমান। স=ষ) অং, শোক। নিন্দা।

নিঃসঙ্গ, (নির্=না—সঙ্গ=সংসর্গ) বিং, ত্রিং, সঙ্গরহিত, নির্লিপ্ত, "নিঃসঙ্গো

যোগতাপসঃ”।

নিঃসত্ত্ব, (নির্=না—সত্ত্ব=সারপদার্থ ইত্যাদি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অসার। ধৈর্য্যরহিত, দুর্ব্বল, বলহীন, প্রাণিশূন্য।

নিঃসন্ধি, (নির্=না—সন্ধি=মিলন, সংযোগ। যাহার সন্ধি নাই) বিং, ত্রিং, সন্ধিরহিত। দৃঢ়। [ত্রিং, শত্রুরহিত।

নিঃসপত্ন, (নির্=না—সপত্ন=শত্রু) বিং,

নিঃসম্পাত, (নির্=না—সম্পাত [সম্—পত্=পড়া+ঘঞ্—প্রং] গমন, গতায়াত। যে সময়ে গমনাগমন নাই) সং, পুং, নিশীথ, অর্দ্ধরাত্র।

নিঃসম্বল, (নির্=না—সম্বল=সঙ্গতি) বিং, ত্রিং, সঙ্গতিহীন, যাহার কোন সম্বল নাই, দরিদ্র।

নিঃসরণ, (নির্=বাহির—সৃ=গমনকরা +অনট্—ভা, পা) সং,ক্লীং, বহির্গমন, নির্গত হওয়া। দ্বার। উপায়। মৃত্যু। মুক্তি। [বিং, ত্রিং, নির্ভয়, ভয়শূন্য।

নিঃসাধ্বস, (নির্=না—সাধ্বস=ভয়)

নিঃসার, (নির্=না—সার=বল, স্থিরাংশ, অথবা নির্=বাহির—সৃ=গমনকরা+ ঘঞ্—প্রং) বিং,ত্রিং,বলহীন। রসহীন। নিস্তেজ। সং, পুং, নির্গমপথ।

নিঃসারণ, (নির্=বাহির—সারি=গমনকরান+অনট্—ভা) সং, ক্লীং, নির্ব্বাসন, বহিষ্করণ। নির্গমপথ। নিংড়ন।

নিঃসারিত, (নির্=বাহির—সারি=গমনকরান+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বহিষ্কৃত, নির্ব্বাসিত, নিষ্কাসিত।

নিঃসৃত, (নির্=বাহির—সৃ=গমনকরা+ ক্ত—ক) বিং, ত্রিং, নির্গত, বহির্গত।

নিঃস্রব, নিস্রাব (নির্=বাহির—স্রু= গলিতহওয়া+অল্, ঘঞ্—ভা) সং, পুং, ক্ষরণ, দ্রব বস্তুর বহির্গমন। দ্রববস্তু। অন্নের মণ্ড, ভাতের মাড়।

নিঃস্ব, (নির্=না—স্ব=ধন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, দরিদ্র, নির্ধন।

নিঃস্বভাব,(নিঃস্ব=নির্ধন—ভাব অবস্থা) সং, পুং, নির্ধনতা, দারিদ্র্য।

নি, (নম্=নম্রহওয়া+ই—প্রং) অং, উপং,অভাব। নিশ্চয়। নিকৃষ্ট। নিষেধ। সামীপ্য। নিন্দা। সংশয়। নিবেশ। বিন্যাস। ভৃশ। কৌশল। নিত্য। আশ্রয়। দান। উপরম। বন্ধন। মুক্তি। রাশি। অধোভাগ। অন্তর্ভাব।

নিকট, (নি—কট্ [আবরণকরা] সমীপে যাওয়া+অ—প্রং) বিং, ত্রিং, সমীপ, অদূর, অভ্যর্ণ, কাছে।

নিকটবর্ত্তী, নিকটস্থ (নিকটবর্ত্তিন্, নিকট—বর্ত্তিন্=যে বিদ্যমান থাকে। নিকট—স্থ=যে থাকে) বিং, ত্রিং, যে নিকটে আছে, সমীপবর্ত্তী।

নিকর, (নি=উপর—কৃ=বিক্ষেপকরা+ অল্—র্ম্ম) সং, পুং, রাশি, সমূহ, ন্যায্য দেয় ধন। নিধি, রত্ন। সার।

নিকর্ত্তন, (নি—কৃত্=ছেদনকরা+অনট্—ভা, ক) সং, ক্লীং, ছেদন। বিং, ত্রিং, ছেদনকারী।

নিকর্ষণ, (নি—কর্ষণ=হলদ্বারা কর্ষণ) সং, ক্লীং, নগরাদির বহিঃস্থিত ক্রীড়াভূমি।

নিকষ, (নি—কষ্=বধকরা, ঘর্ষণকরা+ অল্—ধি) সং, পুং, কষ্টিপাথর। শাণ। নিকষোপলস্থিত রেখা, কষ্টিপাথরের দাগ। পরীক্ষাস্থান।

নিকষণ, (নিকষ দেখ, অনট্—ভা) সং, ক্লীং, ঘর্ষণ। খনন। উল্লেখন।

নিকষা, (নিকষ দেখ, আ—প্রং) স্ত্রীং, রাক্ষসমাতা। অং, নিকটে। মধ্যে।

নিকষাত্মজ, (নিকষা আত্মজ=পুত্র ৬ষ্ঠী —ষ) সং, পুং, রাক্ষস।

নিকাম, (নি—কম্=ইচ্ছাকরা+ঘঞ্—প্রং) ক্রিং,—বিং, ক্লীং, সাতিশয়। গৃহ। পরব্রহ্ম। স্বেচ্ছাপূর্ব্বক। পর্য্যাপ্ত। যথেষ্ট।

নিকায়, (নি—চি=একত্রকরা+ঘঞ্—প্রং) সং, পুং, গৃহ। সমূহ। পরমাত্মা।

নিকায্য, (নিকায় দেখ, ঘ্যণ নিপাতন) সং, পুং, আলয়, গৃহ।

নিকার, (নি—কৃ [করা] পরাজয়াদি-করা+ঘঞ্—ভা) সং, পুং, অপকার। পরাভব। অনাদর। তিরস্কার। অপমান। (নি—কৄ=ক্ষেপণকরা+ঘঞ্—প্রং) ধান্যাদির উৎক্ষেপণ।

নিকারণ, (নি—কৄ=বধকরা+অনট্—ভা) সং, ক্লীং, মারণ, বধ।

নিকাষ, (নিকষ দেখ, ঘঞ্—ভা) সং, পুং, কষণ, ঘর্ষণ।

নিকাস, নীকাস(নি—কাস=দীপ্তিপাওয়া +অল্—প্রং) বিং, ত্রিং, (শব্দেরপর বর্ত্তী হইলে) তুল্য। [ভেঙ্গরের বীজ।

নিকী, নিখী (নিক্ষা শব্দজ) সং, উৎকুণ,

নিকুঞ্চক, (নি—কুন্চ্=তুচ্ছহওয়া+ণক —প্রং) সং, পুং, পরিমাণবিশেষ, কুড়ব পরিমাণের চতুর্থাংশ।

নিকুঞ্জ, (নি=নিরর্থক শব্দ—কুঞ্জ) সং, পুং,—ক্লীং, লতাগৃহ, কুঞ্জ।

নিকুম্ভ, (নি—কু=পৃথিবী—ভূ=হওয়া+অ—প্রং, ম্—আগম) সং, পুং, কুম্ভকর্ণ রাক্ষসের পুত্র। দন্তিকা গাছ। ম্ভী—স্ত্রীং, কুম্ভকর্ণের কন্যা। "অবেহি মাং কিঙ্করমষ্টমূর্ত্তেঃ কুম্ভোদরং নাম নিকুম্ভমিত্রম্" রঘুবংশ।

নিকুম্ভিলা, (নি—কুম্ভ=কলসী+ইল—প্রং) সং, স্ত্রীং, লঙ্কাস্থ গুহাবিশেষ; তথায় যজ্ঞাদি সম্পন্ন হয়। দেবীবিশেষ।

নিকুরম্ব, (নি—কুর্=শব্দকরা+অম্ব—প্রং) সং, ক্লীং, সমূহ।

নিকৃত, (নি—কৃৎ=ছেদনকরা+অল্ —প্রং) বিং, ত্রিং, তিরস্কৃত। পরিভূত। প্রতারিত। অপকৃত। শঠ। নীচ। সং, ক্লীং, নিকৃতি।

নিকৃতি, (নি—কৃৎ=ছেদনকরা+ই—প্রং) সং,ক্লীং, তিরস্কার। ভর্ৎসনা,অপকার। নিকার। শঠতা। নিন্দা। দৈন্য।

নিকৃত্ত, (নি—কৃৎ—ছেদনকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ছিন্ন, খণ্ডিত।

নিকৃষ্ট, (নি—কৃষ্ (কর্ষণকরা) অবজ্ঞা-করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অপকৃষ্ট, নীচ, জঘন্য।

নিকৃষ্টপ্রবৃত্তি, (Lower Propensities) কাম, জিঘাংসা, বুভুক্ষা, অপত্যস্নেহ, আসঙ্গলিপ্সা প্রভৃতি ,কেবল আত্মরক্ষা ও পরিবারাদি প্রতিপালনই যে বৃত্তির মুখ্যউদ্দেশ্য।

নিকেত—পুং, নিকেতন—ক্লীং, (নি—কিৎ=বাসকরা+ঘঞ্, অনট্—ধি) সং, আলয়, গৃহ। "শিলাশয়াস্তামনি-কেতবাসিনীম্" কুমারসম্ভব।

নিক্বণ, নিক্বাণ (নি—ক্বণ্=শব্দকরা+অল্—ভা) সং, পুং, বীণাদির শব্দ। ধ্বনি, শব্দ। [সং, ক্লীং, চুম্বন।

নিক্ষণ, (নিক্ষ্=চুম্বনকরা+অনট্—ভা)

নিক্ষা, (নিশ্=একান্ত অনুরক্ত হওয়া +স—সংজ্ঞার্থে, অথবা নিক্ষণ দেখ, অ—প্রং) সং, স্ত্রীং, কেশকীট, নিকী।

নিক্ষিপ্ত, (নি=সম্যক্‌রূপে—ক্ষিপ্=ক্ষেপণকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অর্পিত। ত্যক্ত। ন্যস্ত, গচ্ছিত।

নিক্ষেপ, (নিক্ষিপ্ত দেখ, ঘঞ্—ভা) সং, পুং, গচ্ছিতকরণ। ন্যাস, ত্যাগ। অর্পণ। স্থাপন। ক্ষেপণ। ফেলিয়া দেওয়া। [বিং, ত্রিং, যে নিক্ষেপ করে।

নিক্ষেপক, (নিক্ষিপ্ত দেখ, ণক—ক)

নিখর্ব্ব, (নি=অতিশয়—খর্ব্ব=হ্রস্ব) বিং, ত্রিং,বামন ক্লীং, দশসহস্র কোটি সঙ্খ্যা।

নিখাত, (নি—খন্=খোঁড়া+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, স্থাপিত। খনিত। ক্ষুণ্ণ। প্রোত। প্রোথিত, যাহা মৃত্তিকাতে পোতা হইয়াছে।

নিখিল, (নি=না—খিল [খ=আকাশ—লা=গ্রহণকরা+অ—প্রং] শূন্য, অভাব, ৭মী—হিং) বিং, ত্রিং, সমস্ত, সমগ্র, সম্পূর্ণ, সমুদায়, সমুচ্চয়। সকল।

নিখুঁট, নিখুঁত (নি=না—খুঁট খুঁত=ত্রুটি)

বিং, নির্দ্দোষ, দোষহীন। নিষ্কলঙ্ক।

নিগড়, (নি—গড্ [ক্ষরিতহওরা] বন্ধন করা +অচ্—ণ) সং, পুং—ক্লীং,হস্তীর লৌহময় পাদবন্ধনোপকরণ, বেড়ি, লৌহশৃঙ্খল।

নিগড়িত, (নিগড়+ইত—অস্ত্যর্থে)বিং, ত্রিং, যাহার পদ নিগড় অর্থাৎ শৃঙ্খল দ্বারা বদ্ধ হইয়াছে, শৃঙ্খলবদ্ধ। বদ্ধ।

নিগণ, (নি=নিশ্চয়—গণ্=গণনাকরা +অচ্—প্রং। যাহাদ্বারা অগ্নির বিদ্যমানতা প্রকাশিত অর্থাৎ অনুমিত হয়) সং, পুং,হোমের ধূম,যজ্ঞার্থ অগ্নির ধূম।

নিগদ, নিগাদ (নি=নিশ্চয়—গদ, গাদ =কথন) সং, পুং, ভাষণ,কথন। শব্দ। উচ্চৈঃস্বরে ঈশ্বরের নিকট প্রার্থনা।

নিগদিত, (নি—গদ বলা+ত—ভা, র্ম্ম) সং, ক্লীং, কথন, উক্তি, কথা কহা। বিং, ত্রিং, কথিত, ভাষিত। উক্ত। অভিহিত। নির্দ্দিষ্ট।

নিগম, (নি=সর্ব্বতোভাবে, সর্ব্বদা—গম্ গমন করা+ঘ-ধি। যেখানে মনুষ্যেরা সততই গমন করিয়া থাকে, সং, পুং, নগর। গ্রাম। হট্ট, হাট। বেদাদিশাস্ত্র। পথ। বাণিজ্য। নিশ্চয় প্রতিজ্ঞা। বাণিজ্যার্থী ব্যক্তিদিগের শিবির।

নিগমন, (নি—গমন=যাওয়া) সং, ক্লীং, সরণ, চলন। গমন। নিষ্পাদন। (Logical conclusion, the winding up of a syllogism) উপসংহার। ছল।

নিগর, নিগার (নি—গৄ+অ—ভা) সং, পুং, ভক্ষণ, ভোজন। অশন।

নিগরণ, (নি—গৄ ভোজনকরা+অনট্—ভা) সং, ক্লীং, ভক্ষণ। পুং, গলদেশ। হোমধূম। নিগণ।

নিগাল, (নি—গল্=ভক্ষণ করা+অ —প্রং) সং, পুং, অশ্ব গলদেশ। ঘোটকেরগলা।

নিগালবান্, (নিগাল পূর্ব্বেদেখ+বৎ অস্ত্যর্থে) সং, পুং, অশ্ব, ঘোটক।

নিগু, নি নিশ্চয়—গম্=গমনকরা+উ —প্রং) সং, পুং, চিত্ত, মনঃ। বিচার শক্তি। অনুভবশক্তি। মল। মূল। মনোজ্ঞ। চিত্রকর্ম্ম।

নিগূঢ়, (নি—গুহ্=আচ্ছাদনকরা+ ত—র্ম্ম) বিং, ত্রিং,সংবৃত। আচ্ছাদিত। গুপ্ত, অপ্রকাশিত। দুজ্ঞেয়। দুর্ব্বোধ। আলিঙ্গিত।

নিগৃহীত, (নি—গ্রহ্[গ্রহণ করা] অক্রপা করা+ত—র্ম্ম) বিং, ত্রিং, আক্রমিত। বশীকৃত। দমিত। নিয়মিত। শাসিত, দণ্ডিত। অভিযুক্ত। পীড়িত। নিবর্ত্তিত। রুদ্ধ। নিযন্ত্রিত। নিরাকৃত। ক্লিষ্ট।

নিগ্রহ, (নিগৃহীত দেখ, অল্—ভা) সং, পুং, অনুগ্রহর অভাব। বন্ধন। প্রহার। নিরাকরণ। শাসন, দণ্ড। তিরস্কার, র্ভৎসনা। সংযম। অবক্রোশ। চিকিৎসা। সীমা। হনন। কৃষ্ণ।

নিগ্রহস্থান, (নিগ্রহ—স্থান) সং, ক্লীং, বাদিপরাজয়। ন্যায়শাস্ত্রে প্রতিবাদিদ্বারা প্রতিজ্ঞাত পরাভব।

নিগ্রাহক,(নিগৃহীত দেখ, ণক—ক) বিং, ত্রিং, নিগ্রহকারক। ক্লেশদ। শাসক।

নিঘ, (নি=পূর্ব্বে—হন=বধকরা+ক নিপাতন) সং, পুং, মণ্ডল, গোলাকার পদার্থ। যাহার পরিধি ও উচ্চতা সমান। বৃক্ষবিশেষ। [শব্দকোষ। নামসংগ্রহ।

নিঘণ্টু, সং, পুং, সূচীপত্র, নির্ঘণ্ট।

নিঘস, (নি—অদ্=ভোজনকরা+অল্ —প্রং। অদ=ঘস) সং, পুং, ভক্ষণ, আহার, ভোজন।

নিঘাতি, (নি—হন্=বধকরা+ই—সংজ্ঞার্থে। হন্=ঘাত্) সং, স্ত্রীং, লৌহময় দণ্ড, লৌহযষ্টি। লৌহধানী।

নিঘুষ্ট, (নি—ঘুষ্=শব্দকরা+ত—প্রং) সং, ক্লীং, নিনাদ,ধ্বনি। নির্ঘোষ। বিং, ত্রিং, শব্দিত।

নিঘৃষ্ব, (নি=পূর্ব্বে—ঘৃষ=ছোঁয়ারা+ বন্) সং, পুং, খুর। অশ্বতর। বরাহ।

মার্গ। পথ। বায়ু।
নিঘ্ন, (নি—হন্ [বধকরা] নিগ্রহ করা +ক—র্ম্ম) বিং, ত্রিং,আয়ত্ত, বশীভূত। শিষ্ট। অঙ্ক পূরণ।. গুণিত। পোষা।
নিচয়, (নি—চি=একত্রকরা+অল্— প্রং) সং,পুং, সমূহ। নিবহ। পূর। সঞ্চয়। উপচয়, বৃদ্ধি। রাশি। নিশ্চয়।
নিচায়, (পূর্ব্বেদেখ) সং, পুং, ধান্যাদির রাশি।
নিচিত, (নিচয় দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং,পরিপূর্ণ। আকীর্ণ,আবৃত। রচিত। সঞ্চিত।
নিচুল, (নি—চুল=উন্নত হওয়া+অ— প্রং) সং, পুং, স্থলবেতস। উত্তরীয় বস্ত্র। কবিবিশেষ।
নিচোল, (নি—চুল্ [উন্নত হওয়া] আচ্ছাদন করা+ঘঞ্—ণ) সং, ক্লীং, উত্তরচ্ছদ। প্রচ্ছদপট, আচ্ছাদনবস্ত্র, পাছুড়ী। শীতবস্ত্র। ঘাগ্রা। বর্ম্ম।
নিচোলক, (নিচোল+ক—যোগ) সং, পুং, কঞ্চু, সাঁজোয়া। সৈন্যাদির চোলাকৃতি সন্নাহ। কুর্পাস।
নিচ্ছিবি, (নি—নিয়ত—ছবি—দীপ্তি) সং, স্ত্রীং, ত্রিহুত দেশ। তীরভুক্তিদেশ।
নিচ্ছবি, (নি=না—ছবি=দীপ্তি বা বিশ্বাস। অ—ই) সং, পুং, বর্ণসঙ্কর জাতিবিশেষ।
নিজ, (নি=নিয়ত—জ=যে জন্মে) বিং, ত্রিং, আপন। স্বকীয়, নিত্য। স্বাভাবি
নিজিঘৃক্ষু, (নিজিঘৃক্ষ [নি—গ্রহ্= গ্রহণ করা +সন্—ইচ্ছার্থে] নিগ্রহ করিতে ইচ্ছাকরা+উ—ক) বিং, ত্রিং নিগ্রহ করিতে ইচ্ছুক।
নিটুট, (নি=না— টুট ত্রুটিশব্দজ) বিং, নির্দ্দোষ। সম্পূর্ণ।
নিড়ন,(দেশজ) সং, ধান্যাদির ক্ষেত্র হইতে তৃণউৎপাটন।
নিড়ানী, (দেশজ) সং,নিড়নাস্ত্র, ফোড়
নিড়ীন, (নি=নিশ্চয়=ডীন=উড়ন সং, ক্লীং, পক্ষির গতিবিশেষ, আস্তে আস্তে গতি।
নিণ্ডিকা, সং, স্ত্রীং, তেওড়া কলাই।
নিতম্ব, (নি=তম্=ইচ্ছাকরা+ ব— সংজ্ঞার্থে) সং, পুং, স্ত্রীলোকের কটিদেশের পশ্চাদ্ভাগ, পাছা। পর্ব্বতের পার্শ্বদেশ, কটক। স্কন্ধ। তট।
নিতম্বিনী, (নিতম্ব+ইন্—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, প্রশস্ত নিতম্ববতী রমণী।
নিতরাম্, (নি=নিয়ত+চতরাম্—প্রং) ক্রিং—বিং, অং,সর্ব্বদা। অবশ্য। অত্যন্ত
নিতল, (নি=না [জ্ঞাত] তল অধোদেশ) সং, পুং, সপ্ত পাতালের অন্তর্ভূত পাতাল বিশেষ।
নিতান্ত, (নি—তম্=ইচ্ছাকরা+ত— প্রং) ক্রিং—বিং,ক্লীং,অত্যন্ত, অতিশয়, "নিতান্ত কঠিনাং রুজং মম ন যো বেদ মানসীং"। অবশ্য। বিং, ত্রিং, অধিক।
নিত্য, (নি= নিয়ত+ত্য—ভবার্থে) ক্রিং—বিং, ক্লীং, সতত, সর্ব্বদা। অহরহঃ,ধারাবাহিক। ক্রমান্বয়ে,প্রাত্যহিক। দৈনন্দিন। বিং, ত্রিং, অক্ষয়, অবিনশ্বর, চিরস্থায়ী, যাহা চিরকাল থাকে। পুং, সমুদ্র। ত্যা—স্ত্রীং, মনসাদেবী। পার্ব্বতী। শক্তিবিশেষ।
নিত্যকর্ম্ম, —ক্লীং, নিত্যক্রিয়া—স্ত্রীং, (নিত্যকর্ম্মন্, নিত্য—কর্ম্মন্, ক্রিয়া= কার্য্য) সং, প্রত্যহ যে সমস্ত কার্য্য করিতে হয়, দৈনন্দিন ব্যাপার।
নিত্যগতি, (নিত্য=অক্ষয়—গতি = গমন) সং, পুং, সদাগতি, বায়ু।
নিত্যদা, (নিত্য+দা—কালার্থে) অং, সদা, সর্ব্বদা।
নিত্যপ্রলয়, (নিত্য—প্রলয়=নংস) সং, পুং, চতুর্ব্বিধ প্রলয়ান্তর্ভূত প্রলয় বিশেষ, সুষুপ্তি।
নিত্যযৌবন, (নিত্য—নিয়ত—যৌবন =যুবাবস্থা) বিং, ত্রিং, স্থিরযৌবন। না—স্ত্রীং, দ্রৌপদী।

নিত্যশঃ, (নিত্যশস্, নিত্য+চশস্—প্রং) সর্ব্বদা। নিত্য নিত্য।

নিত্যসমাস, সং, পুং, যাহা সমস্ত অবস্থায় প্রয়োগ হয় না।

নিত্যানিত্যবস্তুবিবেক, সং, পুং, অক্ষয় অদ্বিতীয় ব্রহ্মভিন্ন অন্যসমস্তবস্তুই নশ্বর এই প্রকার জ্ঞান।

নিদ, (নি=নিশ্চয়—দো [ছেদনকরা] নাশকরা+ড—প্রং) সং, পুং, বিষ।

নিদদ্রু, (নিদ=বিষ—দ্রু=বৃক্ষ) সং,পুং, মনুষ্য। মানুষ।

নিদর্শন, (নি=সম্যক্‌রূপে বা নিশ্চয়রূপে —দৃশ্=দেখা+অনট্—ধি) সং, ক্লীং, প্রমাণ। চিহ্ন। উদাহরণ, দৃষ্টান্ত। না—স্ত্রীং, কাব্যালঙ্কারবিশেষ, সাদৃশ্যহেতুক যদি কাহার উপরে কোন অবাস্তবিক ধর্ম্ম বা কার্য্য আরোপিত করা যায়। "বাক্যার্থয়োঃ সদৃশয়োরৈক্যারোপো নিদর্শনা"।

নিদাঘ, (নি=নিয়ত—দহ্=দগ্ধকরা+ঘঞ্ প্রং) সং, পুং, গ্রীষ্মকাল। স্বেদজল। উষ্মা, তাপ। বিং, ত্রিং, উষ্ণ, উত্তপ্ত।

নিদাঘকর, (নিদাঘ=গ্রীষ্মকাল—কর=যে করে) সং, পুং, সূর্য্য। তপন।

নিদান, (নি=সর্ব্বদা বা নিশ্চয়রূপে—দা [দান করা] হওয়া+অনট্—ণ। যাহার দ্বারা সমস্ত ফল উৎপন্ন হয়) সং, ক্লীং, মূল কারণ। কারণ। পীড়ার মূলনির্ণয়, চিকিৎসাগ্রন্থবিশেষ। অবসান। পবিত্রতা। অদর্শন। বৎসের বন্ধন রজ্জু, বাছুর বাঁধা দড়ি। "নিদানমিক্ষাকুকুলস্য সন্ততেঃ"।

নিদারুণ, (নি—দারুণ) বিং, ত্রিং, কঠিন। নির্দ্দয়। ভয়ানক।

নিদিগ্ধ, (নি—দিহ্=লেপন করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, লেপিত, ম্রক্ষিত,মাখান। গ্ধা—স্ত্রীং, ছোট এলাইচ।

নিদিধ্যাসন, (নি—ধ্যৈ=চিন্তা করা+সন্ অনট্—ভা) সং, ক্লীং, একাগ্রচিত্তে গভীর ও ধারাবহিক চিন্তা, অবিশ্রামে ও অনন্যমনে প্রগাঢ় ধ্যান। নিরন্তর বিচার।

নির্দিষ্ট, (নি=নিশ্চয়—দিশ্=বলা, অনুমতিকরা+ক্ত—র্ম্ম) বিং,ত্রিং, আদিষ্ট। উপদিষ্ট। কথিত।

নিদেশ, (নি—দিশ্=বলা, অনুমতিকরা +ঘঞ-ভা) সং, পুং, আজ্ঞা, অনুমতি। উক্তি, কথন। সমীপ, নিকট। পাত্র।

নিদেশিনী, (নিদেশ দেখ, ইন্—প্রং। ঈ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, দিক্।

নিদেষ্টা, (নিদেষ্টৃ, নিদেশ দেখ, তৃণ্—ক) বিং, ত্রিং, আজ্ঞাদাতা।

নিদ্রা, (নি—দ্রৈ=নিদ্রিতহওয়া+ক্বিপ্—ভ) সং, স্ত্রীং, ঘুম। নিমীলন। আলস্য। "আহারনিদ্রাভয়মৈথুনঞ্চ সামান্যমেতৎ পশুভির্নরাণাম্"।

নিদ্রাণ, } (নি—দ্রৈ=নিদ্রিতহওয়া + ক্ত— ক) বিং, ত্রিং,
নিদ্রিত, } নিদ্রাগত। ঘুমন্ত। নিমীলিত। অলস।

নিদ্রালু, (নি—দ্রা=ঘুমান+আলু—ক, শীলার্থে) বিং, ত্রিং, নিদ্রিত, নিদ্রাশীল। অলস।

নিদ্রাবৃক্ষ, (নিদ্রা—বৃক্ষ, নিদ্রা যাহার ফল) সং, পুং, অন্ধকার।

নিদ্রাসংজনন, (নিদ্রা—সংজনন=উৎপত্তি, ঘটন) সং, ক্লীং, শ্লেষ্মা।

নিধন, (নি—ধন্ [ধনী হওয়া] নষ্টহওয়া+অ—ভা, কিম্বা নি না—ধন অর্থ) সং, পুং,—ক্লীং, বিনাশ। মৃত্যু। লগ্ন হইতে অষ্টম স্থান। কুল, বংশ। বিং, ত্রিং, দরিদ্র, নির্ধন। "কল্পান্তেষ্বপি ন প্রয়াতি নিধনং বিদ্যাখ্যমন্তর্ধনম্"।

নিধান, (নি=ভিতরে—ধা=ধারণকরা+অনট্—প্রং) সং, ক্লীং, নিধি, ভূগর্ভস্থ অস্বামিক রত্নাদি। ধন, সম্পত্তি। কুবেরের সম্পত্তি বিশেষ। বিশ্রামস্থান। আধার। অর্পণ। স্থাপন।

নিধি, (নি=নিয়ত—ধা=পোষণ করা

ইত্যাদি + কি—ণ, ভা) সং, পুং, কুবেরের সম্পত্তিবিশেষ, পদ্ম মহাপদ্ম শঙ্খ মকর কচ্ছপ মুকুন্দ নন্দ নীল খর্ব্ব—এই নয় প্রকার। গচ্ছিতবস্তু। অস্বামিক ধন। সমুদ্র। আধার। নিক্ষেপ।

নিধিনাথ, (নিধি=সম্পত্তি—নাথ=প্রভু ৬ষ্ঠী—ষ) সং, পুং, কুবের।

নিধীয়মান, (নি—ধা=ধারণকরা+শানচ —র্ম্ম) বিং,ত্রিং, যাহা স্থাপিত হইতেছে স্থাপ্যমান। [কুবের।

নিধীশ, (নিধি— ঈশ=প্রভু) সং, পুং,

নিধুবন, (নি নিশ্চিত—ধুবন [ধু কাঁপা+অন—ভা] হস্তপদাদিসঞ্চালন, ৭মী—হিং) সং, ক্লীং, মৈথুন, উপভোগ। রমণ,কেলি, রতিক্রীড়া। ক্রীড়াকৌতুক, আমোদ, আনন্দ।

নিধেয়, (নি—ধা=ধারণকরা+য—র্ম্ম) বিং,ত্রিং, নিধানযোগ্য, স্থাপনীয়।

নিধ্যান, (নি—ধ্যৈ [চিন্তাকরা] দেখা+অনট্—ভা) সং,ক্লীং, দর্শন। নিরীক্ষণ।

নিধ্বান, (নি—ধ্বন্=শব্দকরা+অন্—ভা) সং, পুং, ধ্বনি, শব্দ।

নিনঙ্ক্ষু, (নি— নশ্ নাশকরা+সন্—ইচ্ছার্থে, নাশ করিতে ইচ্ছা করা+ উ—ক) বিং, ত্রিং, নাশ করিতে ইচ্ছুক।

নিনদ, নিনাদ (নি—নদ্=শব্দকরা+ঘঞ্—ভা) সং, পুং, শব্দ, ধ্বনি।

নিনাদিত, (নি—নদ+ণিচ শব্দকরান +ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ধ্বনিত, শব্দিত। বাদিত, যাহা বাজান হইয়াছে।

নিনীষা (নি নী=লওয়া+সন্—ইচ্ছার্থে লইতে ইচ্ছাকরা+অ, স্ত্রী-আ—ভা) সং স্ত্রীং, এক স্থান হইতে স্থানান্তরে লইয়া যাইবার ইচ্ছা, নয়নেচ্ছা।

নিনীষু, (নিনীষা দেখ, উ—ক) বিং, ত্রিং, নয়নেচ্ছুক, প্রাপণোদ্যত।

নিন্দক, (নিন্দা+ণক—ক) বিং, ত্রিং, অপবাদকারী, নিন্দাকারী, নিন্দুক।

নিন্দতল, বিং,ত্রিং, বিকৃত হস্ত। ঝুলো

নিন্দন —ক্লীং, নিন্দা—স্ত্রীং, (নিন্দ্ কুৎসা করা +অন, আ—ভা) সং, অপবাদ। জুগুপ্সা, কুৎসা, পরীবাদ।

নিন্দিত, (নিন্দ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, গর্হিত, অপবাদিত। নীচ। দূষিত।

নিন্দু, (নিন্দা দেখ, উ—প্রং) সং, স্ত্রীং, মৃতবৎসা স্ত্রী।

নিন্দ্য, নিন্দনীয় (নিন্দা দেখ, য, অনীয় —র্ম্ম) বিং, ত্রিং, অপ্রশংস্য, গর্হ্য, দূষণীয়

নিপ, (নি নিয়ত— প যে পান করে) সং,পুং,ক্লীং,ঘট, কলস। পুং, কদম্ববৃক্ষ।

নিপঠ, নিপাঠ (নি—পঠ্ অধ্যয়নকরা +অ—প্রং) সং, পুং, পাঠ, অধ্যয়ন।

নিপতন, (নি ভিতরে বা উপরে— পত্ গমনকরা, পড়া+অন—ভা) সং, ক্লীং, নিপাত। পড়িয়া যাওয়া।

নিপতিত, (নিপতন দেখ, ত—প্রং) বিং, ত্রিং, পতিত,যে পড়িয়া গিয়াছে। অধঃপতিত।

নিপত্যা, (নি ভিতরে—পৎ পড়া+য—ভা) সং, স্ত্রীং, যুদ্ধভূমি, রণস্থল। পিচ্ছিল ভূমি।

নিপাত,(নি—পৎ=পড়া+অ—ভা) সং, পুং, মৃত্যু, নিধন, মরণ। পতন। অধঃপতন, নিপাতন। ব্যাকরণে—চ এবং প্র আদি অব্যয় শব্দ।

নিপাতন, (নি—পাতি পড়ান +অন—ভা) সং, ক্লীং, অধোনয়ন। আঘাত, প্রহার। বিনাশন। বধ। প্রক্ষেপণ ব্যাকরণের নিয়মের বৈপরীত্য, ব্যাকরণে পদসিদ্ধ করিবার নিমিত্ত সূত্রোক্ত যে সকল নিয়ম আছে তাহা অতিক্রম করিয়া পদসাধন।

নিপাতিত, (নিপাতন দেখ, ত—র্ম্ম) বিং, ত্রিং, অধোনীত, পাতিত। যাহাকে ফেলিয়া দেওয়া গিয়াছে। বিনাশিত।

নিপান, (নি=নিয়ত—পা=পানকরা+অনট্—ধি) সং, ক্লীং, কূপসমীপ। পশুদিগের জলপানার্থ শিলানিবদ্ধ কু-

পোত্তোলিত অম্বুস্থান, চৌবাচ্চা। আ-হার। গোদোহনপাত্র। কূপ, জলাধার। "গাহন্তাং মহিষা নিপানসলিলং" শকুন্তলা। পান। (স্বার্থে কযোগে নি-পানক শব্দও হয়)।

নিপীড়ক, (নি,—পীড়=ক্লেশদেওয়া+ণক—ক) বিং, ত্রিং, পীড়াদায়ক, যে পীড়া দেয়। যে আর্দ্রবস্ত্রাদি হইতে জলাদি বাহির করে।

নিপীড়ন, (নি—পীড়্=ক্লেশ দেওয়া+অন—ভা) সং, ক্লীং, অভিবাদন। আ-লিঙ্গন। মর্দ্দন। পীড়াপীড়ি। সম্পী-ড়ন, নিঙ্গড়ন। আঘাতন।

নিপীড়িত, (নিপীড়+ত—র্ম্ম) বিং, ত্রিং, ক্লেশিত, আক্রান্ত। আলিঙ্গিত। অভি-বাদিত। সম্পীড়িত। মর্দ্দিত। "তং কর্ণ-ভূষণনিপীড়িতপীবরাংসং, শয্যোত্তরচ্ছদ বিমর্দ্দকৃশাঙ্গরাগং" রঘুবংশ।

নিপুণ, (নি—পুণ্=পবিত্র হওয়া+ক—প্রং) বিং, ত্রিং, কার্য্যক্ষম, অভিজ্ঞ, বিচক্ষণ, দক্ষ, পটু, সমর্থ। শ্রেষ্ঠ। "নি-পুণেনাভ্যুপায়েন যথা যাস্তি তথা কুরু" মহাভারত।

নিফলা, সং, স্ত্রীং, জ্যোতিষ্মতী।

নিফালন,সং, ক্লীং, সন্দর্শন, ঈক্ষণ, দৃষ্টি।

নিবদ্ধ, (নি—বন্ধ্=বন্ধনকরা+ত—র্ম্ম) বিং, ত্রিং, পরিহিত। নিয়মিত,নিরুদ্ধ। সংযত, বদ্ধ। গ্রথিত, রচিত। আনদ্ধ। রচিত,প্রস্তাবিত। নিবেশিত। আশ্রিত স্থিরীকৃত।

নিবন্ধ, (নি—বন্ধ=বন্ধনকরা+ঘঞ্—র্ম্ম ভা) সং, পুং, আনাহরোগ। মূত্রকৃচ্ছ্র। গ্রন্থের বৃত্তি। গ্রন্থ। বন্ধন। স্থিরীকরণ। একাগ্রতা। রচনা, প্রণয়ন। দত্তধন। স্থাবরসম্পত্তি। বৃত্তি, বার্ষিক; কাল-বিশেষে দেয়বস্তু। ব্রত। কর্ত্তব্যকর্ম্ম। নিয়ম, ব্যবস্থা। নিম্ববৃক্ষ। ক্লীং, গীত, গান।

নিবন্ধন, (নি—বন্ধ+অনট্—কর্ম্ম, ভা) সং, ক্লীং, কারণ, হেতু। গ্রন্থ। বন্ধন। নিয়ম, ব্যবস্থা। রচনা। বীণাতন্ত্রী উপরিভাগে যাহাতে আবদ্ধ থাকে। স্থিরীকরণ। বৃত্তি, বার্ষিক; নিয়মিত কালে দেয় বস্তু, দান।

নিবন্ধা, (নিবন্ধৃ, নি—নিশ্চয়—বন্ধ=ব-ন্ধন করা+তৃন্—ক) বিং, ত্রিং, নি-বন্ধকর্ত্তা, রচয়িতা, গ্রন্থকর্ত্তা। সংগ্রহ-কারক, প্রস্তাবলেখক।

নিবন্ধিত, (নি—বন্ধ=বন্ধনকরা+ত—ম্ম) বিং, ত্রিং, বদ্ধ।

নিভ, (নি—ভা=দীপ্তিপাওয়া+ড—প্রং) বিং, ত্রিং, (শব্দের পরবর্ত্তী হইলে) সদৃশ সমান, তুল্য। "ছদহেমকষনিভ-বালসৎ কষপাষাণনিভে নভস্তলে" পূর্ব্ব-নৈষধ। সং, পুং, ব্যাজ, কপট। প্রকাশ

নিভালন, (নি-ভাল্=দর্শন করা+অনট্—ভা) সং, ক্লীং,দর্শন, দৃষ্টি,অবলোকন।

নিভূত, (নি=নিশ্চিত—ভূত=হইয়াছে) বিং, ত্রিং, অতীত গত। পরোক্ষ।

নিভৃত, (নি—ভৃ=বৃদ্ধি পাওয়া+ত) বিং, ত্রিং, বিনীত। নির্জ্জন, গুপ্ত, বিরল। প্রচ্ছন্ন। লুক্কায়িত, অস্তমিত। নিশ্চল। ধৃত। মৃদু। (অং) নিভৃতে, রহঃ।

নিম, (নিম্ব শব্দের অপভ্রংশ) সং, বৃক্ষ-বিশেষ, নিম্ববৃক্ষ।

নিমগ্ন, (নি—মস্জ্=ডুবা+ত—ক) বিং, বিং, মগ্ন, যে ডুবিয়া গিয়াছে। অন্ত-র্নিবিষ্ট, একাগ্র।

নিমজ্জথু, (নি=ভিতরে—মস্জ্=ডুবা+অথু—প্রং) সং, পুং, নিমজ্জন। শয়ন। অন্তর্নিবেশ। অবগাহন।

নিমজ্জন, (নি—মস্জ্=ডুবা+অনট্—ভা) সং, ক্লীং, নিমগ্ন হওয়া, ডুবিয়া যাওয়া। স্নান, অবগাহন। (নি—মস্জি=ডুবান+অনট্—ভা) বলপূর্ব্বক জলে ডুবাইয়া দেওয়া।

নিমন্ত্রণ, (নি—মন্ত্র্=গোপনে পরামর্শ করা, আহ্বান করা+অনট্—ভা) সং,

ক্লীং, আহ্বান। আহারাদি করাইবার জন্য সাদর আহ্বান।

নিমন্ত্রিত,(নিমন্ত্রণ দেখ,ক্ত—র্ম্ম)বিং,ত্রিং, আহূত। যাহাকে নিমন্ত্রণ করা হইয়াছে

নিময়,(নি-মি=পরিমাণকরা+অল্-প্রং) সং, পুং, বিনিময়, বদল। পরিবর্ত্ত।

নিমি; সং, পুং, জনক রাজার একজন পূর্ব্বপুরুষ। ইক্ষাকুরাজপুত্র। ইনি অভিশপ্ত হইয়া লোকের চক্ষুর পাতার উপর বাস করেন।

নিমিত, (নি—মা [মাপা]ক্ষেপণ করা+ক্ত —র্ম্ম) বিং, ত্রিং, ক্ষিপ্ত, উৎক্ষিপ্ত। সর্ব্বতোভাবে পরিমিত।

নিমিত্ত, (নি-মিদ্=স্নিগ্ধহওয়া+ক্ত—প্রং) সং, ক্লীং, কারণ, হেতু। অভিপ্রায়। প্রয়োজন। চিহ্ন,শুভাশুভ চিহ্ন "রাজা। নিমিত্তানি সূচয়ন্। অয়ে, শান্তমিদমাশ্রমপদং স্ফুরতি চ বাহুঃ কুতঃ ফলমিহাস্য" শকুন্তলা। শরব্য, লক্ষ্য। ক্রিং—বিং, জন্য, প্রয়োজন।

নিমিত্তক, (নিমিত্ত+ক—যোগ স্বার্থে) সং, ক্লীং, চুম্বন। নিমিত্ত, কারণ।

নিমিত্তকারণ; সং, ক্লীং, সমবায়ি ও অসমবায়িকারণ ভিন্ন কারণ, তৃতীয় কারণ, যথা ঘটের প্রতি কুম্ভকারের দণ্ড চক্র সলিল প্রভৃতি। দেবতা।

নিমিত্তকাল, (নিমিত্ত—কাল=সময়) সং, পুং, বিশেষ কাল। নির্দ্দিষ্ট সময়।

নিমিত্তকৃৎ, (নিমিত্ত=অশুভ—কৃ+ক্বিপ্ =যে করে, এই রূপ সংস্কার আছে যে কাক যে বাটীতে বসিয়া অধিকতর শব্দ করে সেই গৃহস্থের অমঙ্গল হয়) সং, পুং, কাক। [নিষ্কৃতি। প্রায়শ্চিত্ত।

নিমিত্তধর্ম্ম, সং, পুং, পাপ, মার্জ্জনা।

নিমিত্তবিদ্, (নিমিত্ত [শুভ বা অশুভ] চিহ্ন—বিদ্=যে জানে) সং, পুং, যে শুভাশুভ চিহ্ন নির্ণয় করিতে পারে, দৈবজ্ঞ, গণক। [নিদানাশ্রয়।

নিমিত্তাবৃত্তি, সং, স্ত্রীং, কারণ বৃত্তি।

নিমিষ, নিমেষ (নি—মিষ [স্পর্দ্ধা করা] পলকফেলা+অল্-ভা অথবা নিমি=রাজাবিশেষ,ষদ্=যাওয়া+ড) সং, পুং, পক্ষ্মপাত, চক্ষুর্নিমীলন, পলক। অক্ষিস্পন্দন। কালের অতি সূক্ষ্ম পরিমাণবিশেষ। বিষ্ণু।

নিমীলন, (নি—মীল্=চক্ষু মুদ্রিতকরা +অনট্—ভা) সং, ক্লীং, মুদ্রিতকরণ, বোজা। নিমেষ। সঙ্কোচকরণ। সম্মোহ। মরণ।

নিমীলিকা, (নিমীলন দেখ, অক—প্রং) সং, স্ত্রীং, নিমীলন। ব্যাজ, ছল।

নিমীলিত, (নিমীলন দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, মুদ্রিত, সঙ্কুচিত "শৃঙ্গেণ চ স্পর্শনিমীলিতাক্ষীং মৃগীমকণ্ডূয়ত কৃষ্ণসারঃ" কুমারসম্ভব। আচ্ছাদিত। মৃত। স্পন্দহীন। বিমোহিত। অবনত। সং, ক্লী, নিমীলন।

নিমেষক, (নি—মিষ=পলকফেলা+কন্) সং,পুং, নিমেষ। খদ্যোত, জোনাক্ পোকা।

নিমেষকৃৎ, (নিমেষ=চক্ষুর্নিমীলন—কৃৎ =যে করে) সং, স্ত্রীং, বিদ্যুৎ।

নিমেষরুক্, (নিমেষরুচ্, নিমেষ=চক্ষুর্নিমীলন—রুচ্=যে দীপ্তি পায়) সং, পুং, খদ্যোত, জোনাক্‌পোকা।

নিম্ন, (নি—ম্না=অভ্যাস করা+ক—প্রং) বিং,ত্রিং,নীচ, হীন। নত, অধঃ; "নিম্নং যথাপঃ প্রবণাঃ পাত্রমায়ান্তি সম্পদঃ" বিষ্ণুপুরাণ। গভীর, অগাধ।

নিম্নগ, (নিম্ন—গ=যে গমন করে, ২য়া—ষ) বিং, ত্রিং, যাহা নিম্নদিকে যায়, অধোগামী, নীচগামী। গভীর। গা—স্ত্রীং, সং, নদী, অধোগামিনী।

নিম্নতা, (নিম্ন—তা—ভাবে) সং, স্ত্রীং, গভীরতা। নীচতা। অধোগতত্ব।

নিম্নপ্রবণ,(নিম্ন—প্রবণ=অভিমুখ)বিং,ত্রিং, নিম্নাভিমুখ, যাহার অধোদিকে গতি।

নিম্নোন্নত, (নিম্ন—উন্নত=উচ্চ) বি, ত্রিং,

বন্ধুর, উচ্চনীচ, উন্নতানত।
নিম্ব, নিম্বক (নিম্ব=জলাদি সেক করা+অচ্—প্রং) সং,পুং, নিম্‌গাছ। "পয়সা সিঞ্চিতং নিত্যং ন নিম্বং মধুরায়তে।"
নিম্বূক, সং, পুং,লেবুগাছ। কাগ্‌জিলেবু।
নিয়ত, (নি—যম্=নিবৃত্ত করা+ক্ত—র্ম্ম) বিং. ত্রিং, জিতেন্দ্রিয়। দমিত। সংযত, বদ্ধ। শাসিত। বশীকৃত। অবহিত। মনোযোগী, স্থির,নিশ্চিত। অবিচ্ছিন্ন। নিয়মযুক্ত। অবশ্যম্ভাবী।(নি=না—যম্=বিরত হওয়া+ক্ত—প্রং) অবিশ্রান্ত, নিত্য। ক্রিং—বিং,নিত্য,সতত, সর্ব্বদা।
নিয়তি, (নি—যম্=বিরতহওয়া+ক্তি—প্রং) সং, স্ত্রীং, অদৃষ্ট, দৈব, ভাগ্য। নিয়ম। আত্মসংযম। তী—দুর্গা।
নিয়তেন্দ্রিয় (নিয়ত=সংযত—ইন্দ্রিয়)বিং, ত্রিং, যে ব্যক্তি ইন্দ্রিয় দমন করিয়াছে। জিতেন্দ্রিয়, বশী।
নিয়ন্তা, (নিয়ন্তৃ, নি—যম্=বিরতহওয়া নিয়মকরা+তৃন্—ক) সং, পুং,সারথি। বিং, ত্রিং,নিয়ামক। শাসনকর্ত্তা। দণ্ডকর্ত্তা। পশ্বাদিচালক।
নিয়ন্ত্রিত, (নি=নিশ্চয়—যন্ত্র=সঙ্কুচিত করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, সংযমিত। দমিত। নিগৃহীত। নিবারিত। বদ্ধ। সঙ্কোচিত। প্রতিহত।
নিয়ম, (নি-যম=বিরতহওয়া+অচ্-ভা) সং,পুং. শৌচ,সন্তোষ,তপস্যা,বেদাধ্যয়ন ও ঈশ্বরের প্রণিধান প্রতিজ্ঞা,অঙ্গীকার। বিধি,ব্যবস্থা। ব্রত, উপবাসাদি। "বসনে পরিধূসরে বসানা নিয়মক্ষামমুখী ধৃতৈকবেণী" শকুন্তলা। কবিপ্রসিদ্ধি যথা বর্ষাকালে ময়ূরের আনন্দধ্বনি, পুণ্যের শুভ্রতা, পাপের কৃষ্ণতা ইত্যাদি। অবধারণ। ধারা,পদ্ধতি,রীতি। দমন। সংযম। নিরোধ। পাপপ্রবৃত্তি উন্মূলনের জন্য ইন্দ্রিয়নিচয়ের বশীকরণ। মন্ত্রণা। নিশ্চয়। সূত্র, লক্ষণ। বন্ধন।
নিয়মতন্ত্র, যাহাকে কতিপয় অবধারিত নিয়মের বশীভূত হইয়া চলিতে হয়। এক প্রকার রাজ্যশাসন প্রণালী।
নিয়মন, (নিয়ম দেখ, অনট্-ভা) সং ক্লীং, দমন। নিবারণ। বন্ধন। ব্যবস্থাপন, বিধিদান,বিশেষ বিধি,আদেশ। নিয়ম।
নিয়মবিধান, সং, ক্লীং, নিয়মকরণ। আইন প্রস্তুত করা। ব্যবস্থাপ্রণয়ন।
নিয়মিত, (নিয়ত দেখ) বিং,ত্রিং, বদ্ধ। সংযত। নিবারিত,প্রতিষিদ্ধ। নিয়মবদ্ধ। ধরাবাঁধা। ব্যবস্থাপিত। অবধারিত,নিশ্চিত। নিরূপিত।
নিয়ম্য, (নিয়ম দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, শিক্ষণীয়। শাসনীয়। নিয়মযোগ্য।
নিয়াতন, সং, ক্লীং, নিপাতন দেখ।
নিয়াম, (নি—যম=প্রতিষেধ করা+ঘঞ্) নিয়ম। উপবাসাদি ধর্ম্ম,কর্ম্ম। প্রায়শ্চিত্তনিরোধ।
নিয়ামক,(নিয়ম দেখ, ণক-ক) বিং,ত্রিং, নিয়মকর্ত্তা। নিয়ন্তা। নিশ্চায়ক। সং, পুং,পোতবাহক,কর্ণধার, নাবিক,মাঝি।
নিযুক্ত, (নি—যুজ্ [যোগকরা] আজ্ঞাকরা +ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে নিয়োগ করা যায়,প্রবর্ত্তিত। আদিষ্ট। ব্যাপৃত। অধিকৃত। আজ্ঞপ্ত। অনুমত। যে কোন কার্য্য করিতে প্রবৃত্ত হইয়াছে।
নিযুঞ্জান,(নিযুক্ত দেখ,শান-ক) বিং ত্রিং, যে কাহাকে কোন বিষয়ে নিয়োগ করে।
নিযুত,(নি—যু=মিশ্রিতকরা+ক্ত—প্রং) সং, পুং—ক্লীং, দশলক্ষ সঙ্খ্যা।
নিযুদ্ধ, (নি—যুদ্ধ) সং, ক্লীং, দ্বন্দ্বযুদ্ধ, মল্লযুদ্ধ, বাহুযুদ্ধ।
নিযোক্তা, (নিযোক্তৃ,নি—যুজ+তৃন্—ক) বিং, ত্রিং,নিয়োগকর্ত্তা,প্রভু। প্রবর্ত্তক।
নিয়োগ, (নিযুক্ত দেখ, ঘঞ্—ভা) সং, পুং, আজ্ঞা। অনুমতি। শাসন। ভারার্পণ। প্রেরণ। প্রবৃত্তি। মনোযোগ। অধিকার। নিশ্চয়।
নিয়োগপত্র; সং, ক্লীং. যে পত্র দ্বারা কাহাকে কোন পদে নিযুক্ত করা যায়।

নিয়োগী, (নিয়োগিন্, নিয়োগ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, যে কোন কার্য্যে নিযুক্ত বা ব্যাপৃত হইয়াছে। যে আদিষ্ট হইয়াছে।

নিযোগ্য, (নিযুক্ত দেখ, ঘ্যণ্—ক) সং, পুং, নিয়োগকর্ত্তা, প্রভু।

নিযোজক, (নিযুক্ত দেখ, ণক—ক) বিং, ত্রিং, যে নিয়োগ করে, নিযোক্তা।

নিযোজন, (নিযুক্ত দেখ, অনট্—ভা) সং, ক্লীং, আদেশ করা। নিযুক্ত করা। প্রেরণ।

নিযোজয়িতা, (-তৃ, নি—যোজি [যোগ-করা] আজ্ঞা করা+তৃন্—ক) বিং, ত্রিং, যে নিযুক্ত করে, প্রভু।

নিযোজিত, (পূর্ব্বে দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রি, যাহাকে নিযুক্ত করা হইয়াছে। প্রবর্ত্তিত। ব্যাপারিত। প্রেরিত। আজ্ঞপ্ত। অধিকারিত।

নিযোজ্য, (নিযুক্ত দেখ+ঘ্যণ্—র্ম্ম) বিং, ত্রিং, সেবক, দাস। ভৃত্য, প্রেষ্য। যাহাকে নিযুক্ত করিতে পারা যায়।

নিযোদ্ধা, (নিযোদ্ধৃ, নি=সমীপ—যুধ্=যুদ্ধ করা+তৃন্—ক) সং, পুং, কুক্কুট। মল্লযোদ্ধা।

নির্, নিস্ (নৃ=লইয়া যাওয়া+ক্বিপ্—প্রং) উপং, অং, নিষেধ। নিশ্চয়। নিঃশেষ। বহিষ্করণ। নির্গমন। নিতান্ত

নিরংশ, (নির=নাই=অংশ) বিং, ত্রিং, অংশ রহিত, ভাগহীন। সং, পুং, রাশির ভোগকালের প্রথম ও শেষ দিন। সংক্রান্তি।

নিরক্ষ, নিরক্ষদেশ, নিরক্ষবৃত্ত, নিরক্ষরেখা (Equator) নাড়ীমণ্ডল। বিষুবরেখা।

নিরক্ষদেশ, (নির্—অক্ষ=অক্ষাংশ (Latitude—দেশ) সং, পুং, যে দেশ দিয়া বিষুবরেখা গিয়াছে অর্থাৎ যে স্থানে সূর্য্য সততই লম্বভাবে অবস্থিতি করেন এবং দিবা ও রাত্রির পরিমাণ সমান। ব্যক্ষদেশ (The Equitorial Region)

নিরক্ষান্তর, (Latitude, নিরক্ষ—অন্তর) নিরক্ষরেখা হইতে পৃথিবীর কোন এক স্থানের দূরত্বের পরিমাণ।

নিরঙ্কুশ, (নির্—না—অঙ্কুশ=ডাঙ্গশ, হস্তিশাসনদণ্ড, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অনিবার্য্য। বাধাশূন্য। স্বেচ্ছাচারী। স্বতন্ত্র। স্বাধীন।

নিরগ্নি, (নির্=না—অগ্নি=যজ্ঞীয়াগ্নি ৬ষ্ঠী)=হিং) বিং, ত্রিং, অগ্নিশূন্য। অনগ্নি।

নিরঞ্জন, (নির্=না— অঞ্জন=কজ্জল। যাহার অঞ্জন অর্থাৎ মল নাই, ৬ষ্ঠী—হিং অথবা নি—রঞ্জন=অনুরাগ) বিং, ত্রিং, নির্ম্মল। অঞ্জনরহিত। নিষ্কলঙ্ক। অবিদ্যাদোষরহিত। রাগাদি বর্জ্জিত। তেজোময়। সং, ক্লীং, পরব্রহ্ম। দেবপ্রতিমাদির বিসর্জ্জন। না—স্ত্রীং, পূর্ণিমা তিথি।

নিরত, (নি—রত=অনুরক্ত) বিং, ত্রিং, আসক্ত, অনুরক্ত। ব্যাপৃত। নিযুক্ত, প্রবৃত্ত। অনবরত।

নিরতিশয়, (নির্=অত্যন্ত—অতিশয়=আধিক্য, ৫মী—হিং) বিং, ত্রিং, অতিশয়, অধিক, অত্যধিক। অত্যুৎকৃষ্ট। যৎপরোনাস্তি।

নিরত্যয়, (নির্=না—অত্যয়=দোষ বিনাশ) বিং, ত্রিং, অত্যয়রহিত, অবিনশ্বর। নির্ব্বাধ, বাধাশূন্য। নির্দোষ। অনঘ।

নিরনুক্রোশ, (নির্—অনুক্রোশ=দয়া, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নির্দ্দয়, নিষ্করুণ। নিঃস্নেহ।

নিরন্তর, (নির্=না—অন্তর=অবকাশ, মধ্যসময়, ৬ষ্ঠী, ৭মী—হিং) বিং, ত্রিং, নিবিড়, ঘন, নিরবকাশ, সান্দ্র। অসীম। নিশ্ছিদ্র। প্রকাশিত। আভ্যন্তরিক। ক্রিং—বিং, ক্লীং, সর্ব্বদা, অনবরত।

নিরন্তরাল, (নির্=না—অন্তরাল=মধ্য, ব্যবধান) বিং, ত্রিং, যেখানে ব্যবধান স্থান নাই, সঙ্কীর্ণ। নিরবকাশ। অবি

ছিন্ন।   [সংস্থান নাই, দরিদ্র।
নিরন্ন, (নির্—অন্ন) বিং.ত্রিং, যাহার অন্ন
নিরন্বয়, (নির্=না—অন্বয়=বংশ,সম্পর্ক) বিং,ত্রিং, নিঃসন্তান। অনপত্য। সম্বন্ধ-রহিত।
নিরপত্য, (নির্=না—অপত্য=সন্তান) বিং, ত্রিং, নিঃসন্তান, পুত্রকন্যা-রহিত। অপুত্রক।
নিরপত্রপ, (নির্=না—অপত্রপা=লজ্জা ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নির্লজ্জ। ধৃষ্ট। বেহায়া।
নিরপবর্ত্ত,(নির্=না—অপবর্ত্ত=প্রত্যাগমন) সং, পুং,প্রত্যাগমনাভাব। অপ্রত্যাগমন। অঙ্কশাস্ত্রোক্ত রাশি বিশেষ
নিরপায়, নিরপায়ী, (নির্=না—অপায় =অপচয়, বিনাশ, ৬ষ্ঠী—হিং। নিরপায়িন্,নিরপায়+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, অপায়রহিত, অক্ষয়, অবিনশ্বর। অব্যয়। সনাতন।
নিরপেক্ষ, (নির্=না—অপেক্ষা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অপেক্ষা-রহিত, স্বতন্ত্র, স্বাধীন। উদাসীন। অনবহিত। তটস্থ।
নিরপেক্ষগতি, অন্যবস্তুর গতির সহিত যে গতির কোনসম্বন্ধ না থাকে। স্বায়ত্তগতি
নিরয়, (নির্=নির্গত—অয়=সৌভাগ্য, ৫মী—হিং) সং, পুং, নরক, যন্ত্রণাভোগস্থান।
নিরর্গল, (নির্=না—অর্গল=হুড়্কা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অবাধ্য, অনর্গল, অপ্রতিবন্ধক। অর্গলরহিত। উদ্দাম। বিশৃঙ্খল।
নিরর্থক, (নির্=না—অর্থ=বিধেয়, প্রয়োজন, ৭মী—হিং, ক—প্রং) বিং.ত্রিং, ব্যর্থ, মোঘ। নিষ্প্রয়োজন, অনর্থক,বিফল। অর্থরহিত।
নিরব, (নি=না—রব=শব্দ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নিঃশব্দ, মৌনী। স্তব্ধ। অবাক্।
নিরবগ্রহ, (নির্=না—অবগ্রহ=বাধা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, স্বতন্ত্র। নিষ্প্রতিবন্ধক। অপ্রতিহতবৃষ্টি। ব্যাঘাত প্রভৃতি শূন্য।
নিরবচ্ছিন্ন, (নির্=না—অবচ্ছিন্ন) বিং, ত্রিং, অনবচ্ছিন্ন। নিরবকাশ। নিরন্তর। অব্যবহিত। বিশুদ্ধ, কেবল। নির্ম্মল।
নিরবদ্য, (নির্=না— অবদ্য=অকথ্য) বিং, ত্রিং, নির্দ্দোষ, বিশুদ্ধ। উৎকৃষ্ট। অনিন্দ্য।
নিরবধি, (নির্—অবধি ৬ষ্ঠী=হিং) বিং, ত্রিং, নিরন্তর,সর্ব্বদা। অসীম। "উৎপৎস্যতেঽস্তি মম কোঽপি সমানধর্ম্মা কালোহ্যয়ং নিরবধির্বিপুলা চ পৃথ্বী।" মালতী মাধব।
নিরবয়ব, (নির্—অবয়ব) বিং, ত্রিং, অবয়বহীন,নিরাকার। সং,পুং,পরমাণু।
নিরবলম্বন, (নির্=না—অবলম্বন—আশ্রয়, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নিরাশ্রয়, নিঃসহায়
নিরবশেষ, (নির্=না—অবশেষ ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নিঃশেষ, সম্পূর্ণ।
নিরবশেষিত, (নিরবশেষ+ইত—ইদমর্থে) বিং, ত্রিং, নিঃশেষিত, যাহার কিছুই অবশিষ্ট নাই।
নিরবসাদ, (নির্=না=অবসাদ=বিষণ্ণতা ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, উৎসুক্ত, উত্তেজিত। আশ্বাসিত।
নিরবহালিকা, (নির্=বাহির—অবহালিকা=বেড়া) সং, স্ত্রীং, প্রাচীর, দেওয়াল। প্রাকার। বেষ্টন।
নিরব্যয়, (নির্=অব্যয়). বিং, ত্রিং, অজাতক্ষয়, সনাতন। অক্ষীণ।
নিরশন, (নির্=না—অশন=ভোজন) সং,ক্লীং, অনশন,অনাহার, ভোজনাভাব
নিরস, (নি=না—রস) বিং, ত্রিং, নীরস, রসহীন। শুষ্ক। রসাভাব।
নিরসন, (নির্=বাহিরে—অস্=ক্ষেপণ করা+অনট্—ভা) সং, ক্লীং, প্রত্যাখ্যান, দূরীকরণ। নিক্ষেপ। বধ। নিষ্ঠী-

বন, থুথুফেলা। নিষ্কাশন, প্রত্যাদেশ। বহিষ্করণ।

নিরস্ত, (নির্—অস্+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, নিক্ষিপ্ত, পরিত্যক্ত। তাড়িত। নিরাকৃত, প্রত্যাখ্যাত। হত। প্রতিহত। নিষ্ঠ্যূত। ভগ্ন। প্রেষিত। সংত্যক্ত। শীঘ্রোচ্চারিত বাক্য। ভৎর্সিত। অপবিদ্ধ। গত। অতীত।

নিরস্ত্র, (নির্=না=অস্ত্র ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নিরায়ুধ, অস্ত্রশূন্য।

নিরাকরণ, (নির্—আ—কৃ [করা] দূর করা+অনট্—ভা) সং, ক্লীং, নিবারণ। নিরসন। প্রত্যাখ্যান, দূরীকরণ। বহিষ্করণ।

নিরাকরিষ্ণু, (নির-আ-কৃ+ইষ্ণু—ক, শীলার্থে) বিং, ত্রিং, নিরাকরণশীল। ক্ষিপ্র। দূরীকরণসমর্থ। ব্যাঘাতজনক। প্রতিবন্ধক। প্রত্যাখ্যানকারী।

নিরাকাঙ্ক্ষ, (নির্=না—আকাঙ্ক্ষা=অভিলাষ) বিং, ত্রিং, বীতস্পৃহ, সন্তুষ্ট, আকাঙ্ক্ষারহিত।

নিরাকার, (নির্=না—আকার ৬ষ্ঠী—হিং) সং, পুং, আকাশ। ব্রহ্মা। বিষ্ণু। শিব। পরমেশ্বর। স্বর্গ। তিরস্কার বিং, ত্রিং, আকারশূন্য। নিরবয়ব। অমূর্ত্ত।

নিরাকারবাদী, (নির্—আকার—বাদী যে বলে ৬ষ্ঠী—ষ) সং, পুং, অমূর্ত্তিবাদী, ঈশ্বর নিরাকার এই যাহার বিশ্বাস

নিরাকৃত, (নিরাকরণ দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রত্যাখ্যাত, দূরীকৃত। নিরস্ত

নিরাকৃতি, (নিরাকরণ দেখ, ক্তি—ভা) সং, স্ত্রীং, নিবারণ, নিরাকরণ,নিরসন। বিং, ত্রিং, আকৃতিহীন, অমূর্ত্তি। নিরাকার। বেদাধ্যয়নহীন।

নিরাগঃ, (গস্, নির্—আগস্=পাপ ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নিষ্পাপ,নিরপরাধ। অনঘ।

নিরাতঙ্ক, (নির্=না—আতঙ্ক=ভয়) বিং, ত্রিং, নির্ব্বিঘ্ন, আতঙ্করহিত, নির্ভয়। নিষ্কণ্টক।

নিরাতপ, (নির্=না—আতপ=সূর্য্যকিরণ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, আতপশূন্য। পা—স্ত্রীং, সং, রাত্রি।

নিরাপদ্, (নির্=না—আপদ্=বিপদ্, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, আপদ্ রহিত। বিপন্মুক্ত, সুস্থ। নিরুপদ্রব, নিষ্কণ্টক। ক্ষেমবান্। ক্রিং—বিং,নির্ব্বিঘ্নে, অব্যাঘাতে। অবাধে।

নিরাবাধ, (নির্=না—আবাধা=বাধা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বাধাহীন। ব্যাধিশূন্য। "বৎসে নিরাবাধা মে চিরং জীব" শকুন্তলা।

নিরাময়, (নির্=না—আময়=রোগ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নীরোগ, সুস্থ। পটু। কুশল। সং,পুং, বন্যছাগ। শূকর।

নিরামিষ, (নির্=না—আমিষ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, আমিষশূন্য মাংসাদিরহিত।

নিরায়ুধ, (নির্=না—আয়ুধ=অস্ত্র) বিং, ত্রিং, অশস্ত্র। অনায়ুধ। অস্ত্রহীন।

নিরালম্ব, (নির্=না—আলম্ব=অবলম্বন, আশ্রয়,৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নিরাশ্রয়, অবলম্বনরহিত। আশ্রয়হীন।

নিরালা, (দেশজ) বিং, নিভৃত, নির্জ্জন, বিরল। রহঃ।

নিরাশ, (নির্=না—আশা=প্রত্যাশা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, আশাশূন্য। হতাশ, নিস্পৃহ।

নিরাশ্রয়, (নির্=না—আশ্রয়, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নিঃসহায়, আশ্রয়শূন্য শরণরহিত।

নিরাস, (নির্=বাহির—আস=নিক্ষেপ) সং, পুং, নিরাকরণ। দূরীকরণ। নিক্ষেপ ত্যাগ। খণ্ডন।

নিরাহার, (নির্=না—আহার=ভোজন ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, আহাররহিত, উপবাসী। সং, পুং, ভোজনাভাব।

নিরিন্দ্রিয়, (নির্=না—ইন্দ্রিয়) বিং, ত্রিং, ইন্দ্রিয়রহিত, বিকলেন্দ্রিয়। চক্ষুরাদিবিহীন। অন্ধ পঙ্গুপ্রভৃতি। ক্লীব, নপুংসক।

নিরিঙ্গিনী, (নির—অঙ্গ=ইন্+ঈপ্) সং, স্ত্রীং, তিরস্করিণী, অবগুণ্ঠিকা। যবনিকা। পর্দ্দা।

নিরীক্ষক, (নিরীক্ষণ দেখ, ণক—ক) বিং, ত্রিং, নিরীক্ষণকারী। দর্শক।

নিরীক্ষণ, (নির্—ঈক্ষ্=দেখা+অনট্, ত—ভা) সং, ক্লীং, দর্শন। অবলোকন।

নিরীক্ষমাণ, (নিরীক্ষণ দেখ, শান+ক) বিং, ত্রিং, যে দেখিতেছে, দর্শী। প্রেক্ষমাণ।

নিরীক্ষিত, (নিরীক্ষণ দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, দৃষ্ট, অবলোকিত।

নিরীক্ষ্যমাণ, (নিরীক্ষণ দেখ, শান—র্ম্ম য, ম—আগম) বিং, ত্রিং, দৃশ্যমান, যাহাকে দেখা যাইতেছে। নিরীক্ষিত।

নিরীতি, (নির্=না—ঈতি) বিং, ত্রিং, ঈতিশূন্য।

নিরীশ,-ষ, (নির্=হইতে—ঈশা=ফাল) সং, ক্লীং, লাঙ্গলের ফাল। বিং, ত্রিং, নাস্তিক, ঈশশূন্য।

নিরীশ্বর, (নির্=না—ঈশ্বর) বিং, ত্রিং, নাস্তিক। যে ঈশ্বরের অস্তিত্ব স্বীকার করে না।

নিরীশ্বরবাদ, (নিরীশ্বর—বাদ=কথন) সং, পুং, ঈশ্বরের অস্তিত্ব অস্বীকার। নাস্তিকতা।

নিরীশ্বরবাদী, (নিরীশ্বরবাদিন্, নিরীশ্বর—বাদী=যে বলে) বিং, ত্রিং, নাস্তিক, যে ঈশ্বর নাই এইমত সমর্থন করে।

নিরীহ, (নির্—না—ঈহ=যে চেষ্টা বা অন্বেষণ করে) বিং, ত্রিং, নিশ্চেষ্ট, নিস্পৃহ। নিরুদ্যোগ। ধীর। শিষ্ট। শান্তপ্রকৃতি। সং, পুং, বিষ্ণু।

নিরুক্ত, (নির্=নিশ্চয়—উক্ত=কথিত ৭মী—হিং) বিং, ত্রিং, সম্যক্ কথিত। বর্ণিত। কুটিল। অব্যবহার্য্য। পুরাতন, দুর্ব্বোধ। অপ্রকাশিত। মীমাংসিত। সং, ক্লীং, বেদের অঙ্গভূত শাস্ত্রবিশেষ, বেদোক্ত দুর্ব্বোধ শব্দ সমূহের ব্যাখ্যাগ্রন্থ। পদভঞ্জন।

নিরুক্তি, (নির্=নিশ্চয়—উক্তি কথন, ৭মী—হিং) সং, স্ত্রীং, নিরুক্ত। নির্ব্বচন। নিঃশেষে কথন।

নিরুত্তর, (নির্=না—উত্তর) বিং, ত্রিং, প্রতিবাক্যে অসমর্থ, প্রত্যুত্তর রহিত।

নিরুদ্ধ, (নি-রুদ্ধ=আবদ্ধ) বিং, ত্রিং, নিবারিত, সংরুদ্ধ, প্রতিবদ্ধ, স্থগিত। অবরুদ্ধ, বেষ্টিত।

নিরুন্ধান, (নি—রুধ্=রুদ্ধকরা+শান—ক) বিং, ত্রিং, যে নিরোধ করিতেছে। প্রতিবন্ধকদাতা। প্রতিকূল।

নিরুপম, (নির্=না—উপমা, ৬ষ্ঠী—হিং) বিং,ত্রিং, অতুল, অনুপম, উপমারহিত। অপ্রতিম। অসাদৃশ্য।

নিরুপাখ্য, (নির্—উপ—আখ্যা) বিং, ত্রিং,অনির্ব্বচনীয়। যে পদার্থের বাস্তবিক অস্তিত্বনাই। যেমন আকাশকুসুম প্রভৃতি। সং, ক্লীং, পরব্রহ্ম।

নিরুপাধি, (নির্—উপাধি) বিং, ত্রিং, যাহাতে অন্য কোন স্বার্থসিদ্ধির অভিপ্রায় নাই,পরিশুদ্ধ। নিঃস্বার্থ। অকপট। যেমন নিরুপাধি দয়া।

নিরূঢ়, (নি—রূঢ়=আরূঢ়, অথবা নির্=না—উঢ়=বিবাহিত) বিং, ত্রিং, উৎপন্ন। আনুষঙ্গিক। প্রসিদ্ধ। সমবেত। প্রচলিত। সর্ব্বসাধারণ। অবিবাহিত। সং, পুং, রূঢ়িলক্ষণা দ্বারা অর্থপ্রতিপাদক শব্দ। ঢ়া—স্ত্রীং, রূঢ়িহেতুক লক্ষণা।

নিরূঢ়ি, (নি—রূঢ়ি) সং, স্ত্রীং, প্রসিদ্ধি।

নিরূপক, (নিরূপণ দেখ, ণক—ক) বিং, ত্রিং, নিশ্চায়ক, যে নিরূপণ করে,নির্ণায়ক। নিয়ামক।

নিরূপণ, (নি—রূপ্=রূপযুক্তকরা+

অনট্—ভা) সং, ক্লীং, আলোক, দৃষ্টি, দর্শন। বিচার। নিদর্শন। বিতর্ক। নিয়োগ। বিবরণ। অবধারণ। নির্ণয়।

নিরূপিত, (নিরূপণ দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, নির্ণীত, অবধারিত, স্থিরীকৃত, নিশ্চিত। দৃষ্ট। বিচারিত। নিযুক্ত। আলোচিত। [কঠিন। শক্ত।

নিরেট, (দেশজ) বিং, ছিদ্রশূন্য। দৃঢ়,

নিরোধ, (নি—রুধ=আবরণ করা+ঘঞ্—ভা) সং, পুং, ক্ষতি। নাশ, ধ্বংস। বাধা। বিঘ্ন। অববোধ। কারাবন্ধন। বারণ। ঘৃণা। নিগ্রহ। প্রতিকূলতা।

নিরোধন, (নি—রুধ+অনট্—ভা) সং, ক্লীং, রুদ্ধকরণ। বাধা। রোধ। নিগ্রহ।

নির্ঋতি, (নির্=বিপরীত—ঋতি=শুভ) সং, স্ত্রীং, অলক্ষ্মী, অসৌভাগ্য। দুঃখ, নিরাপদ। নিরুপদ্রব। পুং, দিক্‌পাল-বিশেষ, দক্ষিণপশ্চিম কোণের শাসন কর্ত্রী। নৈঋত কোণের অধিপতি। বিং, ত্রিং, নিরুপদ্রুত।

নির্ঋথ, (নির্=ঋ=গমন করা+থ—সংজ্ঞার্থে) সং, পুং, সামবেদ।

নির্গ, (নির্—গম্=গমনকরা+ড—প্রং) সং, পুং, দেশ, জনপদ।

নির্গত, (নির্=বাহির—গম্=গমনকরা +ক্ত—ক) বিং, ত্রিং, বহির্গত, নিঃসৃত, নিষ্ক্রান্ত।

নির্গম,—পুং, (নির্গত দেখ, অল্—ভা) সং, অপগম। নিষ্ক্রমণ। অপসরণ।

নির্গমন, (নির্—গম্=গমনকরা+অনট্) সং, ক্লীং, বহির্গমন, নিঃসরণ। প্রস্থান।

নির্গুণ (নির্=না—গুণ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, গুণহীন। বিদ্যাদিশূন্য। সং, পুং, সত্ত্বরজস্তমো গুণাতীত পরমেশ্বর।

নির্গুণ্ডী, (নির্=বাহির—গুণ্ড্—বেষ্টন-করা+অল্, ঈ—প্রং) সং, স্ত্রীং, সিন্ধুবার বৃক্ষ। নীলশেফালিকা বৃক্ষ। নিসিন্দাগাছ।

নির্গূঢ়, (নির্=ভিতর—গুহ্=আচ্ছাদন করা, গোপনকরা+ত—প্রং) সং, পুং, বৃক্ষ কোটর। তরু কন্দর।

নির্গ্রন্থ, (নির্=না গ্রন্থ [গাঁট, বন্ধন] অনুরাগ ৬ষ্ঠী-হীং) সং, পুং, সর্ব্বপ্ররিত্যাগী সন্ন্যাসী। তপস্বী। ক্ষপণক। দিগম্বর। উলঙ্গ। দরিদ্র। ভিক্ষুক। মূর্খ। দ্যূতক্রীড়ক্। নিবৃত্ত—হৃদয়। গ্রন্থি স্বক্তি।

নির্গ্রন্থক, নির্গ্রন্থিক (নির্=না—গ্রন্থ [বন্ধন] সংস্রব+ক—প্রং) সং, পুং, ক্ষপণক। মুনি। দ্যূতকার। বিং, ত্রিং, নিপুণ, দক্ষ। হীন, নীচ। পরিত্যক্ত। অননুসৃত।

নির্গ্রন্থন. (নির্—গ্রন্থ্=আঘাত বা বধ করা+অনট্— ভা) সং, ক্লীং, মারণ, হনন, বধ।

নির্ঘট, (নির্—ঘট্=চেষ্টাকরা+অচ্—প্রং) সং, ক্লীং, যেখানে বহুসংখ্যক লোক সমবেত হয়, বহুজন সমাকীর্ণ হাট বাজার প্রভৃতি। করশূন্য হাট, যে বাজারে তোলা বা দান দিতে হয় না। বিং. ত্রিং, ঘটশূন্য।

নির্ঘণ্ট, (নির্—ঘণ্ট্=চেষ্টাকরা+অচ্—প্রং) সং, পুং, নির্ঘণ্টু, গ্রন্থের সূচীপত্র। অনুক্রমণিকা।

নির্ঘাত, (নির্—হন [বধকরা] শব্দকরা, চালান+ঘঞ্—ভা হন=ঘাত) সং, পুং, প্রবল বায়ু, ঘূর্ণবায়ু। বায়ুর শব্দ, বায়ুতে বায়ুতে পরস্পর অভিহত হইয়া যে শব্দ উৎপন্ন হইয়া থাকে। গম্ভীর শব্দ। "পবনঃ পবনাভিহতো গগনাদবনৌ যদা সমাপততি। ভবতি তদা নির্ঘাতঃ"। "বায়ুনাভিহতো বায়ৌ গগনাচ্চ পতত্যধঃ। প্রচণ্ডঘোর নির্ঘোষো নির্ঘাত ইতি কথ্যতে"।

নির্ঘৃণ, (নির্=না—ঘৃণা=দয়া, লজ্জা ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নির্দ্দয়। ক্রূর। ঘৃণারহিত। নির্লজ্জ।

নির্ঘোষ, (নির্—ঘুষ্= শব্দকরা+

ঘঞ্—ভা) সং, পুং, শব্দ, ধ্বনি।

নির্জ্জন, (নির্=না—জন=লোক, ৭মী—হিং) বিং, ত্রিং, জনশূন্য স্থান, বিজন, নিভৃত, বিবিক্ত। বসতিহীন।

নির্জ্জর, (নির্=না—জরা = বার্দ্ধক্য, ৬ষ্ঠী—হিং) সং, পুং, দেবতা। ক্লীং, সুধা, অমৃত। বিং, ত্রিং, জরারহিত অজর। অনশ্বর।

নির্জ্জিত, (নির্=নিশ্চয়—জি=জয়করা + ক্ত—র্ম্ম। বিং, ত্রিং. বিপক্ষে যাহাকে পরাভব করিয়াছে,বশীকৃত। পরাজিত।

নির্জীব, (নির্= না—জীব= জীবন, জীবিত) বিং, ত্রিং, জীবাত্মারহিত, জীবনশূন্য। গতাসু। দুর্ব্বল। নিতান্ত ক্লান্ত। মূর্চ্ছাগত। মৃতপ্রায়।

নির্ঝর, (নির্—ঝৃ = শীর্ণহওয়া, নষ্টহওয়া+অপ্—প্রং) সং, পুং, যে জলপ্রবাহ প্রবলবেগে পর্ব্বত হইতে নির্গত হইয়া স্রোত বহিয়া নিম্নেপতিত হয়। ঝরণা। জলপ্রপাত। প্রস্রবণ। পর্ব্বতাবতীর্ণ জলপ্রবাহ। সূর্যাবোটক। তুষানল। [সং, স্ত্রীং, নদী, প্রবাহবতী।

নির্ঝরিণী, (নির্ঝর+ইন্—অস্ত্যর্থে)

নির্ঝরী, (নির্ঝরিন্, নির্ঝর+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, পর্ব্বত। স্ত্রীং,নদী।

নির্ণয়,—পুং, নির্ণয়ন—ক্লীং, (নির্=নিশ্চয়—নী=চালিত করা + অল্, অনট্—ভা) সং, অবধারণ, নিশ্চয়, বিচার, তর্ক নিষ্পত্তি, সিদ্ধান্ত। বিরোধ পরিহার।

নির্ণায়ক, (নির্ণয় দেখ, ণক—ক) বিং, ত্রিং, যে নির্ণয় করে, নিশ্চায়ক। নিশ্চয়কারক। নিষ্পত্তিকারক। নিষ্পাদক।

নির্ণায়ন, (নির্ণয়=অবধারণ+কক্) সং, ক্লীং, মাতঙ্গের অপাঙ্গ দেশ। নির্ধাণ। নিশ্চয়করণ।

নির্ণিক্ত, (নির্—নিজ্=পরিষ্কারকরা + ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, পরিষ্কৃত, পবিত্রীকৃত। প্রক্ষালিত। শোধিত।

নির্ণীত, (নির্ণয় দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অবধারিত, নিশ্চিত। নিরূপিত। নির্দ্দিষ্ট।

নির্ণেজক, (নির্—নিজ=পরিষ্কার করা ণক—ক) সং, পুং, বস্ত্র প্রক্ষালক, ধোবা, রজক।

নির্ণেতা, (নির্ণেতৃ, নির্ণয় দেখ, তৃণ—ক) বিং, ত্রিং, নির্ণায়ক, নিশ্চয়কারক। সং, পুং,বিচারপতি। রসিদ,দলিল। চালক।

নির্ণেয়, (নির্ণয় দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, নির্ণয় করিবারযোগ্য। নির্দ্ধারণীয়,

নির্দ্দট, (নির্—দো=ছেদনকরা, আঘাতকরা+অটচ্—প্রং, নিপাতন) বিং, ত্রিং, দয়াশূন্য। নিষ্প্রয়োজন। পরনিন্দাপরায়ণ। অসূয়াপরবশ। মত্ত।

নির্দ্দয়, (নির্=না—দয়া, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, দয়াহীন, নিষ্ঠুর। নিষ্করুণ।

নির্দ্দর, (নির=না—দৃ=মান্যকরা+অল্ প্রং)বিং, ত্রিং, নির্লজ্জ। কঠিন, পরুষ। নির্ভীক। ক্লীং. সার, নির্ভয়। অং, অত্যন্ত। অধিক।

নির্দ্দরি, (নির্—দৃ=বিদারণ করা+ইন্) সং, পুং, গুহা, গুহর, দরী।

নির্দশন, (নির্=না—দশন=দন্ত, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার দাঁত উঠে নাই বা পড়িয়া গিয়াছে, দন্তহীন। নীরদ। অদন্ত।

নির্দ্দহন, (নির্=নিশ্চয় বা না—দহ্=দগ্ধকরা+অনট্—প্রং) বিং, ত্রিং, অগ্নিশূন্য। সং, পুং, ভল্লাতক বৃক্ষ। ক্লীং, সম্যকদহন। ভস্মীকিরণ। নী—স্ত্রীং, মূর্ব্বালতা (যাহাহইতে ধনুকের ছিলা প্রস্তুতহয়)

নির্দ্দিগ্ধ, (নির্—দিহ্=লেপনকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বলী, বলবান্। মাংসল। লেপিত। অভ্যক্ত। অবলিপ্ত।

নির্দ্দিশ্যমান, (নির্দ্দিষ্ট দেখ, শান—র্ম্ম) বিং,ত্রিং,যাহার নির্দ্দেশ করা যাইতেছে, কথ্যমান।

নির্দ্দিষ্ট, (নির্—দিশ্=দেখান, নির্দ্ধারণকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, নিশ্চিত, নিরূপিত, অবধারিত। নির্ণীত। উল্লিখিত। কথিত। বর্ণিত। প্রদর্শিত। উপদিষ্ট আদিষ্ট। "নির্দ্দিষ্টাং কুলপতিনা স পর্ণশালা মধ্যাস্য প্রয়তপরিগ্রহ দ্বিতীয়ঃ"।

নির্দ্দেশ, (নির্দ্দিষ্ট দেখ, ঘঞ্—ভা) সং, পুং, আদেশ, আজ্ঞা। কথন। বর্ণন। উল্লেখ। প্রদর্শন। নাম নির্দ্ধারণ। নিরূপণ। উপান্ত।

নির্দ্দেশক, নির্দ্দেষ্টা (নির্দ্দেষ্টৃ, নির্দ্দিষ্ট দেখ, ণক, তৃন্—ক) বিং, ত্রিং, যে নির্দ্দেশ করে। আজ্ঞাপক। বর্ণনাকারক। পরিচালক। উল্লেখক। প্রদর্শক। উপদেশক

নির্দ্দোষ, (নির্=না—দোষ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, দোষরহিত, নিরপরাধ। বিশুদ্ধ। অনঘ।

নির্ধন, (নির্=না—ধন, ৬ষ্ঠী—হিং। মধ্যপদলোপ) বিং, ত্রিং, ধনশূন্য, দরিদ্র। নিঃস্ব। সং, পুং, বৃদ্ধবৃষভ।

নির্দ্ধার,—পুং, নির্দ্ধারণ—ক্লীং, (নির্—ধৃ=ধারণকরা+ঘঞ্, অনট্—ভা) সং, জাতি গুণ ক্রিয়ার উৎকর্ষ বা অপকর্ষ দ্বারা স্বজাতীয়ের পৃথককরণ। স্বজাতীয়ের প্রাধান্য স্থাপন। নির্ণয়।

নির্দ্ধারক, (নির্—ধারি [ধারণকরা] নিশ্চয়করা+ণক—ক) বিং, ত্রিং, যে নির্দ্ধারণ করে, নির্ণায়ক।

নির্দ্ধারিত, (নির্দ্ধারক দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, নির্ণীত, স্থিরীকৃত, নিশ্চিত। অবধারিত।

নির্দ্ধার্য্য, (নির্দ্ধারক দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, নির্ণেয়, নিরূপণীয়। নির্ভয়। কর্ম্মকর্ত্তা। অনলস। উদ্যোগী।

নির্দ্ধূত, (নির্-ধূ=কম্পিতহওয়া+ক্ত—র্ম্ম বিং, ত্রিং, বিবর্জ্জিত, পরিত্যক্ত। বহিষ্কৃত ক্ষত। খণ্ডিত।

নির্দ্ধৌত, (নির্—ধৌত=পরিষ্কৃত) বিং, ত্রিং, ধৌত, পরিষ্কৃত, ক্ষালিত। "নির্দ্ধৌত দানামলগণ্ডভিত্তিঃ বন্যঃ সরিত্তো গজ উন্মমজ্জ"। রঘুবংশ।

নির্দ্বন্দ্ব, (নির্=না—দ্বন্দ্ব=জোড়া) বিং, ত্রিং, সুখদুঃখাদি বা শীতোষ্ণাদি দ্বন্দ্বরহিত। সুখদুঃখাদ্যনধীন, কামাবসায়ী। "নির্দ্বন্দ্বো নির্ম্মমো ভূত্বা চরিষ্যামি মৃগৈঃ সহ" মহাভারত। দ্বিগুণনয়। জিতেন্দ্রিয়।

নির্নিমিত্ত, (নির্=না—নিমিত্ত=কারণ) বিং, ত্রিং, কারণ শূন্য। নিমিত্তরহিত।

নির্ব্বন্ধ, (নির্—বন্ধ =বন্ধনকরা+অল্—ভা) সং, পুং, অতিযত্ন। অতিশয় আগ্রহ। প্রার্থনাতিশয়, জেদ্। অভিনিবেশ।

নির্ব্বল, (নির্=না—বল=শক্তি ৬ষ্ঠী-র্হিং) বিং, ত্রিং, শক্তিহীন, দুর্ব্বল, ক্ষীণ।

নির্ব্বাধ, (নির্=না—বাধা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বাধাশূন্য। প্রতিবন্ধক রহিত।

নির্ব্বুদ্ধি, নির্ব্বোধ, } নির্=না—বুদ্ধি, বোধ=জ্ঞান, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার কোন বুদ্ধি নাই, মূর্খ, অজ্ঞান, বোকা। বুদ্ধির্যস্য বলং তস্য নির্ব্বুদ্ধেস্তু কুতো বলং"।

নির্ভট, (নির্—ভট্=পোষণকরা+অল্ প্রং) বিং, ত্রিং, কঠিন, কঠোর, দৃঢ়।

নির্ভয়, (নির্=না—ভয়=শঙ্কা ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার শঙ্কা নাই, শঙ্কা রহিত নিঃশঙ্ক। সং, পুং, অত্যুৎকৃষ্ট ঘোটক।

নির্ভর, (নির্—ভৃ=পরিপূর্ণ করা+অল্ প্রং) বিং, ত্রিং, অতিরিক্ত, অতিশয়, অধিক, বহুল, অনেক। পরিপূর্ণ। সং, ক্লীং, সারাংশ। শ্রেষ্ঠভাগ। অতিরেক। পুং, ভার।

নির্ভৎর্সন, (নির্—ভর্ৎস্=ভর্ৎসনা করা +অনট্—ভা) সং, ক্লীং, তিরস্কার। নিন্দা, অলক্তক, আলতা।

নির্ভাগ্য, (নির্=না—ভাগ্য=অদৃষ্ট) মন্দভাগ্য, দুরদৃষ্ট, দুর্ভাগ্য।

নির্ভিন্ন, (নির্—ভিন্ন=ভেদিত, পৃথক্কৃত)

বিং, ত্রিং, বিদলিত, বিভক্ত, খণ্ডিত। অভিন্ন।

নির্ভীক, (নির্=না—ভী=ভয়, ক আগম) বিং, ত্রিং, ভয়শূন্য, শঙ্কারহিত, নির্ভয়।

নির্ভেদ, (নির্—ভেদ=ভেদন) সং, পুং, বিভাজন, বিদারণ।

নির্ম্মক্ষিক, (নির্=না—মক্ষিকা, বাং—স+ষষ্ঠী—হিং) সং, ক্লীং, মক্ষিকাভাব। বিং, ত্রিং, মক্ষিকাশূন্য, যে স্থানে একটী মক্ষিকা মাত্র ও নাই। নিভৃত, নির্জ্জন। "কৃতং ভবতা সাম্প্রতং নির্ম্মক্ষিকং। তদস্মিন্ শিলাতলে উপবিশতু ভবান্"। শকুন্তলা।

নির্ম্মঞ্ছন, (নির্—মন্‌ছ্=আরাধনা করা. মোহা+অনট্—ভা) সং, ক্লীং, নীরাজন, আকৃতি। দেবতাদি সেবা। মোছা

নির্ম্মথ্যদারু, সং, ক্লীং, অরণি, অগ্নি জ্বালিবার কাঠ।

নির্ম্মদ, (নির্—মদ=মত্ততা) সং, পুং, যে হস্তীর গণ্ডস্থলহইতে মদজল ক্ষরিত হয়না। বিং, ত্রিং, মত্ততারহিত।

নির্ম্মন্থ,—পুং, নির্ম্মন্থন—ক্লীং, (নির্—মন্থ্=মন্থনকরা+অল্, অনট্—ভা) সং, মন্থন। সংঘর্ষণ। মর্দ্দন।

নির্ম্মম, (নির্=না—মম=মমতা ষষ্ঠী—হিং) বিং, ত্রিং, মায়াবিরহিত। 'এইবস্তু আমার,' ইত্যাকার জ্ঞানশূন্য। বাসনা রহিত। নিরভিলাষ।

নির্ম্মল, (নির্=না—মল=আবিল, ষষ্ঠী—হিং) বিং, ত্রিং, স্বচ্ছ, পরিষ্কৃত, মলহীন। বিশুদ্ধ, দোষ রহিত। সং, ক্লীং, অভ্রক নির্ম্মাল্য। [সং, পুং, স্ফটিকমণি।

নির্ম্মলোপল, (নির্ম্মল—উপল=প্রস্তর)

নির্ম্মাণ,—ক্লীং, নির্ম্মিতি—স্ত্রীং, (নির—মা=পরিমাণ করা, গড়া+অনট্, ক্তি—ভা) সং, রচন, গঠন, প্রস্তুতকরণ, তৈয়ারকরণ, গাঁথন। সামঞ্জস্য।

নির্ম্মাতা, (নির্ম্মাতৃ, নির—মা+তৃন্—ক) বিং, ত্রিং, নির্ম্মাণকারক, যে প্রস্তুতকরে।

নির্ম্মাল্য, (নির্ম্মল+ষ্ণ্য—প্রং) সং, ক্লীং, দেবনিবেদিত পুষ্পাদি, দেবোপভুক্ত পুষ্পাদি। নির্ম্মলতা, স্বচ্ছতা। আভরণ। বিং, ত্রিং, নির্ম্মল, স্বচ্ছ, পরিষ্কৃত। ল্যা—স্ত্রীং, জলপরিষ্কারক ফলবিশেষ, নির্ম্মলীফল।

নির্ম্মিত, (নির্—মা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, গঠিত, রচিত, প্রস্তুত, কৃত। "সা নির্ম্মিতা বিশ্বসৃজা প্রযত্নাদেকস্থসৌন্দর্য্য দিদৃক্ষয়েব" কুমারসম্ভব।

নির্ম্মিৎসা, (নির্ম্মিৎস [নির্ম্মাণ দেখ, সন্—ইচ্ছার্থে] নির্ম্মাণ করিতে ইচ্ছা করা+আপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, নির্ম্মাণ করিবার ইচ্ছা।

নির্ম্মুক্ত, (নির্=নিঃশেষ—মুক্ত=মুক্তিপ্রাপ্ত) সং, পুং, নির্ম্মোকশূন্য সর্প, খোলোস ছাড়া সাপ। বিং, নিঃশেষে মুক্ত, পৃথগ্‌ভূত। বহির্গত।

নির্ম্মুট, (নির্—মুট্=চূর্ণকরা ইত্যাদি+অল্—প্রং) সং, পুং, সূর্য্য। বনস্পতি, যে বৃক্ষের পুষ্প ব্যতিরেকে ফল হয়। ক্লীং, করশূন্য হট্ট, দোকানদারদিগকে যে হাটে কর দিতে হয়না।

নির্ম্মূল, (নির্=না—মূল) বিং, ত্রিং, মূলরহিত, উৎসন্ন।

নির্ম্মোক, (নির্=বাহির—মুচ্=ত্যাগকরা+ঘঞ্—প্রং) সং, পুং, সাপের খোলোস। কঞ্চুক, বর্ম্ম, সাঁজোয়া। আকাশ। মুক্তি, মোচন।

নির্ম্মোচ্য, (নির্=নিঃশেষ-মুচ্=মোচনকরা+য—র্ম্ম) বিং, ত্রিং, মুক্তি পাইবার যোগ্য।

নির্যন্ত্রণ, (নির্=না—যন্ত্র=সঙ্কুচিতকরা+অনট্—প্রং) বিং, ত্রিং, উচ্ছৃঙ্খল, বাধারহিত। অনিবারিত। (নির্=না—যন্ত্রণা ষষ্ঠী—হিং) অক্লেশ, যন্ত্রণাশূন্য, ক্লেশবিরহিত।

নির্যাণ, (নির্—যা=গমনকরা+অনট্—ণ, ভা) নির্গমন, বহির্গমন। সং, ক্লীং,

পশুর পৃষ্ঠাস্তরণ, বৃক্ষাদির পাদবন্ধন-রজ্জু। হস্তীর চক্ষুর কোণ। নির্ব্বাণ। মুক্তি, মোক্ষ।

নির্যাত, (নির্—যা=গমনকরা+ক্ত—ক) বিং, ত্রিং, নিঃসৃত, নির্গত, বহির্গত।

নির্যাতন, (নির্—যাতি [যত্নকরান] ফিরিয়া দেওয়া+অনট—ভা) সং,ক্লীং, দান। প্রত্যর্পণ। প্রতিহিংসা। নিগ্রহ। মারণ। প্রহার। বধ।

নির্যাম, (নির্—যম্=নিবৃত্তকরা+ঘঞ্—প্রং) সং, পুং, পোতবাহ, নাবিক।

নির্যাস, (নির্—যস্=চেষ্টাকরা+ঘঞ্—প্রং) সং, পুং, ক্ষরণ, নিস্যন্দ। কাথ। আঠা। "সেব্যমানৌ সুখস্পর্শৈঃ শাল-নির্য্যাসগন্ধিভিঃ" রঘুবংশ।

নির্যুক্তি, (নির্=না—যুক্তি=সংযোগ) সং,স্ত্রীং,সংযোগ রাহিত্য। অনুপযুক্ততা (ব্যাকরণে) পরস্পর সম্বন্ধাভাব।

নির্যূহ, (নির্—যুহ=আবরণকরা, গমন করা+অল্—প্রং) সং, পুং, আপীড়। কিরীট। ভিত্তিস্থ কাষ্ঠফলক-বিশেষ, নাগদন্ত। নির্যাস, কাথ। দ্বার।

নির্লিপ্ত, (নির্ = না—লিপ্ = লেপন করা+ক্ত=র্ম্ম) বিং, ত্রিং, যে কোন বিষয়ে লিপ্ত নয়, আসক্তি শূন্য। সং, পুং, মুনি। কৃষ্ণ।

নির্লেপ,(নির্=উপর—লেপ=লেপন) বিং, ত্রিং, লিপ্ত। সং, পুং, মুনি। (নির্=না—লেপ=লেপন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, কোন বিষয়ে লিপ্ত নয়, লেপনশূন্য, অনাসক্ত।

নির্লোড়িত, (নির্—লুড়=মন্থনকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, আলোড়িত। বিবেচিত, বিচারিত, অলোচিত। দৃষ্ট।

নির্ব্বচন, (নির্=নিশ্চয়—বচন=কথন) সং,ক্লীং, বর্ণন। নিরুক্তি, নিশ্চয় কথন। ব্যাখ্যা। মীমাংসা। "অনন্ত দানং মধুরা চ বাণী যমস্ত তে নির্ব্বচনা ভবন্তি"।

নির্ব্বপণ, (নির্—বপ্ [বুনা] দানকরা +অনট—ভা) সং, ক্লীং, দান। পিতৃলোকের উদ্দেশে অন্ন বস্ত্রাদি দান। অন্নাদি পরিবেশন।

নির্ব্বয়নী, সং, স্ত্রীং, অহিনির্ম্মোক, সাপের খোলস।

নির্ব্বর্ণন, (নির্—বর্ণ=বর্ণনাকরা, দেখা +অনট্—ভা) সং, ক্লীং, দর্শন, অবলোকন। বিশেষরূপে বর্ণনা করণ।

নির্ব্বর্ত্তক, (নির্—বৃৎ+ণক—ক) বিং, ত্রিং, যে কার্য্যাদি নির্ব্বাহ করে, সম্পাদক।

নির্ব্বর্ত্তন, (নির্—বৃৎ [হওয়া] নিষ্পন্ন-করা+অনট্—ভা) সং, ক্লীং, নিষ্পাদন সম্পাদন।

নির্ব্বর্ত্তিত, (নির—বৃৎ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, নিষ্পাদিত, সম্পাদিত। "নির্ব্বর্ত্তিতং তাবৎ পর্য্যায়নির্ব্বর্ত্তনীয়মপ্সরস্তীর্থসন্দিষ্টং" শকুন্তলা। [বৃষ্টি হয় না।

নির্ব্বর্ষ প্রদেশ—বর্ষাশূন্য দেশ, যে প্রদেশে

নির্ব্বর্হণ, (নির্—বর্হ্=হিংসাকরা+অনট্—ভা) সং, ক্লীং, বিনাশ, মারণ।

নির্ব্বহণ, (নির্=বাহির—বহ্=বহন-করা+অনট্—ভা) সং, ক্লীং, নিষ্ঠা। নির্ব্বাহ। নাটকের সন্ধিবিশেষ।

নির্ব্বাচন, (নির্=নিশ্চয়—বাচি=বলান +অনট্—ভা) সং, ক্লীং, নির্দ্ধারণ-করণ। বাছিয়া বাহির করণ।

নির্ব্বাচ্য, (নির্=না—বাচ্য=কথ্য) বিং, ত্রিং,নিরূপণীয়। ব্যাখ্যেয়। অনিন্দনীয়।

নির্ব্বাণ, (নির্—বা [বহা] নাশকরা ইত্যাদি+ক্ত—প্রং) সং, ক্লীং, মোক্ষ। নাশ। শান্তি। নিবৃত্তি। অস্তগমন। বিরাম। নিবিয়া যাওয়া। হস্তীর স্নান। মিলন। শূন্য। বিং,ত্রিং, নিশ্চল। মুক্ত। প্রস্থিত। শূন্য। যাহা নিবিয়া গিয়াছে। নিবৃত্ত। শান্ত। নিমগ্ন। অস্তগত। বিশ্রান্ত। নষ্ট।

নির্ব্বাণভূয়িষ্ঠ, বিং, ত্রিং, নির্ব্বাণপ্রায়, নির্ব্বাণোন্মুখ। "নির্ব্বাণভূয়িষ্ঠমথাস্য

বীর্য্যং সন্ধুক্ষয়ন্তীব বপুর্গুণেন" কুমার-সম্ভব।

নির্ব্বাত, (নির্=না—বাত, ৭মী—হিং) বিং, ত্রিং, বায়ুশূন্য। অচঞ্চল। স্থির।

নির্ব্বাদ, (নির্=নিন্দিত—বাদ=কথন) সং, পুং, নিন্দা। অবজ্ঞা। কলহ। অপবাদ।

নির্ব্বাপ, নিবাপ (নির্, নি—বাপ্ [বপন করা] দানকরা+ঘঞ্—ভা) সং, পুং, মৃত ব্যক্তির উদ্দেশে দান, পিতৃদান। নির্বাইয়া দেওয়া।

নির্ব্বাপক, (নির্—বাপি=গমনকরান, বিনাশ করান+ণক—ক) বিং, ত্রিং, যে নিবাইয়া দেয়। বিনাশক।

নির্ব্বাপণ, (নির্—বাপি=গমনকরান +অনট্—ভা) সং, ক্লীং, বধ, নাশ। দান। নিবাইয়া দেওন। সুখীকরণ।

নির্ব্বাপিত, (নির্—বাপি+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, নাশিত। দত্ত। নির্ব্বাণপ্রাপিত

নির্ব্বাসক, (নির্—বাসি=বাস করান+ণক—ক) বিং, ত্রিং, যে নির্ব্বাসন করে নির্ব্বাসনকারী।

নির্ব্বাসন, (নির্=বাহির—বাসি=বাস-করান+অনট্—ভা) সং, ক্লীং, দেশান্তরীকরণ, অপরাধ হেতু স্বদেশ হইতে বহিষ্করণ। বিনাশ। বধ। দূরীকরণ।

নির্ব্বাসিত, (নির্ব্বাসন দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বিবাসিত, দেশাদি হইতে তাড়িত, বহিষ্কৃত।

নির্ব্বাহ, (নির্—বহ্ [বহনকরা] সম্পন্ন করা+ঘঞ্—ভা) সং, পুং, সম্পাদন। নিষ্পত্তি। সমাপ্তি।

নির্ব্বাহক, (নির্ব্বাহ দেখ, +ণক—ক) বিং, ত্রিং, নিষ্পাদক। নির্ব্বাহকারক, সম্পাদক।

নির্ব্বাহিত, (নির্—বাহি [বহনকরান] সম্পন্নকরান+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহা সম্পন্ন হইয়াছে, সম্পাদিত, নিষ্পাদিত।

নির্ব্বিকল্প, নির্ব্বিকল্পক, } (নির্=না—বিকল্প) বিং, ত্রিং, বিকল্পরহিত বিশেষ্য-বিশেষণতা-সম্বন্ধশূন্য। সং, ক্লীং, নির্ব্বিকল্পক জ্ঞান, বিশেষ্য বিশেষণ সম্বন্ধ শূন্য জ্ঞান "চক্ষুসংযোগাদ্যনন্তরং ঘটইত্যাকারং ঘটত্বাদিবিশিষ্টং জ্ঞানং ন সম্ভবতি, পূর্ব্বং বিশেষণস্য ঘটত্বাদের্জ্ঞানাভাবাৎ, বিশিষ্টবুদ্ধৌ বিশেষণজ্ঞানস্য চ কারণত্বাৎ। তথাচ প্রথমতো ঘটঘটত্বয়ো বৈশিষ্টানবগাহি জ্ঞানং জায়তে, তদেব জ্ঞানং নির্ব্বিকল্পকাত্মকং"। সিদ্ধান্তমুক্তাবলী।

নির্ব্বিকার, (নির্=না—বিকার=বিকৃতি প্রকৃতির অন্যথাভাব) বিং, ত্রিং, বিকারশূন্য, অবিকৃত।

নির্ব্বিঘ্ন, (নির্=না—বিঘ্ন=বাধা) সং, ক্লীং, বিঘ্নের অভাব, বিঘ্ন না থাকা। বিং, ত্রিং, বিঘ্নরহিত, বাধাশূন্য।

নির্ব্বিদ্, নির্ব্বিন্ন, } (নির্—বিদ্ [জানা] খেদ-করা+ক্বিপ্,—ক্ত ক) বিং, ত্রিং, খিন্ন, দুঃখিত। ভয় বা শোক বশতঃ অত্যন্ত কাতর। নির্ব্বেদবিশিষ্ট।

নির্ব্বিন্ধ্যা, (নির্=হইতে—বিন্ধ্য=পর্ব্বত-বিশেষ) সং, স্ত্রীং, বিন্ধ্যপর্ব্বত হইতে নিঃসৃতা নদীবিশেষ। "নির্ব্বিন্ধ্যায়াঃ পথি ভব রসাভ্যন্তরঃ সন্নিপত্য। স্ত্রীণামাদ্যং প্রণয় বচনং বিভ্রমো হি প্রিয়েষু" মেঘদূত।

নির্ব্বিবেক, (নির্=না—বিবেক=বিবেচনা, ৬ষ্ঠী—হিং) হিতাহিত জ্ঞান। বিং, ত্রিং, বিবেচনারহিত, অবিবেকী। হিতাহিত জ্ঞানশূন্য।

নির্ব্বিভেদ, (নির্=না—বিভেদ=ভেদ) বিং, ত্রিং, অভিন্ন, ভেদরহিত।

নির্ব্বিশঙ্ক, (নির্=না—বিশঙ্কা=ভয়, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নিঃশঙ্ক, নির্ভয়।

নির্ব্বিশেষ, (নির্=না—বিশেষ=প্রভেদ) বিং ত্রিং, প্রভেদরহিত। অভিন্ন, ক্রিং—বিং, বিশেষ ব্যতিরেকে।

নির্ব্বিষয়, (নির্—বিষয়) বিং, ত্রিং, যাহা ইন্দ্রিয়ের গ্রাহ্য নয়। চক্ষুঃ কর্ণাদি

বহিরিন্দ্রেয়ের অগোচর।

নির্ব্বিষা, (নির্=নাই, শূন্য—বিষ। যে বিষশূন্যকরে) বিষনাশক তৃণবিশেষ।

নির্ব্বিষ্ট, (নির্—বিশ [প্রবেশকরা] উপভোগ করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রাপ্ত। লব্ধ। অনুভূত, উপভুক্ত। পুষ্ট। স্থিত। বিবাহিত।

নির্ব্বীর, (নির্=না—বীর=যোদ্ধা) বিং, ত্রিং, বীরশূন্য। রা—স্ত্রীং, পতিপুত্র বিহীনা স্ত্রী, অবীরা।

নির্ব্বীর্য্য, (নির্=না—বীর্য্য=তেজ) বিং, ত্রিং, বীর্য্যহীন, বলশূন্য, নিস্তেজ।

নির্ব্বৃত, (নির্—বৃ [বরণকরা] সন্তুষ্ট হওয়া ইত্যাদি+ক্ত—প্রং) বিং, ত্রিং, সন্তুষ্ট, সুখিত।

নির্ব্বৃতি, (নির্ব্বৃত দেখ, ক্তি—প্রং) সং, স্ত্রীং, মৃত্যু। মুক্তি। শান্তি। সিদ্ধি। সন্তোষ। সুখ। "অনেন কস্যাপি কুলাঙ্কুরেণ স্পৃষ্টস্য গাত্রে সুখিতা যমৈবং কাং ন নির্ব্বিতিং চেতসি তস্য কুর্য্যাৎ যস্যায়মঙ্গাৎ কৃতিনঃ প্রসূতঃ!" শকুন্তলা

নির্ব্বৃত্ত, (নির্—বৃত [হওয়া] সিদ্ধহওয়া +ক্ত—ক) বিং, ত্রিং, নিষ্পন্ন, সম্পন্ন। সুসিদ্ধ, জাত।

নির্ব্বৃষ্ট, (নির্=নিঃশেষে—বৃষ্=বর্ষণকরা+ত—র্ম্ম)বিং, ত্রিং, নিঃশেষেবৃষ্ট।

নির্ব্বেদ, (নির্—বিদ্ [জানা] আপনাকে হেয়জ্ঞান করা+ঘঞ্—ভা) সং, পুং, স্বাবমাননা, আপনার প্রতি অভক্তি প্রদর্শন, আপনাকে ধিক্কারদেওয়া অনুতাপ। বৈরাগ্য। ঔদাসীন্য। "তত্ত্বজ্ঞানাপদীর্য্যাদের্নির্ব্বেদঃ স্বাবমাননা। দৈন্যচিন্তাশ্রুনিশ্বাসবৈবর্ণ্যোচ্ছ্বসিতাদিকৃৎ

নির্ব্বেশ, (নির্—বিশ্=প্রবেশ করা+ ঘঞ্—প্রং) সং, পুং, ভোগ। বিবাহ। মূর্চ্ছা। বেতন।

নির্ব্যথন, (নির্=না বা নিশ্চয়—ব্যথন পীড়ন,ভয়) সং,ক্লীং,ছিদ্র, গর্ত্ত, বিবর। দুঃখ। অতিশয় পীড়ন। অত্যন্ত ক্লেশদেওন।

নির্ব্যাজ, (নির্=না—ব্যাজ=কপট,ছল) বিং,ত্রিং,অকপট, ব্যাজরহিত। ছলশূন্য।

নির্ব্যূঢ়, (নির্—ব্যূঢ়=সাজান) বিং, ত্রিং, নিশ্চিত, প্রমাণ দ্বারা নির্ণীত। সম্যক্। সমাপ্ত। ত্যক্ত। পর্য্যাপ্ত।

নির্হরণ, (নির্=নিঃশেষ—হরণ) সং, ক্লীং, শবদাহ। শবাদি বহির্নয়ন। মড়াবাহির করণ। নিঃশেষে হরণ। নিষ্কাসন।

নির্হার, (নির্=বাহির—হৃ=হরণকরা +ঘঞ্—ভা) সং, পুং, বাহিরকরণ। অগ্নিদাহ। শল্যাদির উৎপাটন। মলমূত্রাদিত্যাগ। শবদাহ। শবাদিবহির্নয়ন। অভ্যবকর্ষণ। যথেষ্টবিনিয়োগ। ঘর্ম্মনিঃসরণ। সম্পত্তি। দূরপ্রসারিত সুগন্ধ।

নির্হারী, (নির্হারিন্, নির্হার+ইন্—প্রং) বিং, ত্রিং, অতিবিস্তৃত। নির্হারকারী ধনী। বহুদূরব্যাপক গন্ধবিশিষ্ট।

নির্হৃদয়ক, (Leptocardia) মৎস্যবিশেষ।

নির্হেতি, (নির্—হেতি=শস্ত্র) বিং, ত্রিং, নিরস্ত্র, নিরায়ুধ।

নির্হ্রাদ, (নির্—হ্রদ্ শব্দকরা+ঘঞ—ভা) সং, পুং, নিনাদ, ধ্বনি। রব। "সারসৈঃ কলনির্হ্রাদৈঃ ক্বচিদুন্নমিতাননৌ" রঘুবংশ।

নিলয়, (নি—মধ্যে—লী= আলিঙ্গন করা, লীনহওয়া+অল্—ধি) সং, পুং, গৃহ। বাসস্থান। আশ্রয়।

নিলয়ন, (নিলয় দেখ, অনট্—ভা) সং, ক্লীং, বাসস্থান। গৃহ। লীন হওয়া। নাশ। মোক্ষপ্রাপ্তি।

নিলিম্প, (নি=ভিতর বা উপর—লিম্প্ লেপন করা+শ—প্রং) সং, পুং, দেবতা। ম্পা—স্ত্রীং, গাভী।

নিলীন, (নি—লী=আলিঙ্গনকরা, লীনহওয়া+ক্ত—ক নিপাতন) বিং, ত্রিং, বেষ্টিত। জড়িত। নিমগ্ন। বিনষ্ট। অ-

বস্থিত। পরিবর্জ্জিত। লগ্ন, সংলগ্ন, সম্পূর্ণ রূপে মিশিয়া যাওয়া। নিঃশেষে লীন। মোক্ষপ্রাপ্ত।

নিবপন, (নির্ব্বাপ দেখ, অনট্—ভা) সং, ক্লীং, পিতৃলোকের উদ্দেশে দান। শ্রাদ্ধ।

নিবরা, (নি=নাই—বর=স্বামী, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, কুমারী, অবিবাহিতা। অনূঢ়া।

নিবর্ত্ত, (নি—বৃত্ [হওয়া] ক্ষান্ত-হওয়া+অল্—ক) বিং, ত্রিং, নিবৃত্ত, ক্ষান্ত, বিরত

নিবর্ত্তন, (নিবর্ত্তিত দেখ, অনট্—ভা) সং,ক্লীং, বিরাম। প্রত্যাবর্ত্তন, নিবৃত্তি। পুনরাগমন, ফিরাইয়া আনা। প্রত্যর্পণ নিবারণ। বিংশতি-বংশপরিমিত ভূমি।

নিবর্ত্তিত, (নি—বর্ত্তি [হওয়ান] ক্ষান্ত-করান+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রত্যাকৃষ্ট, প্রত্যাবর্ত্তিত। যাহাকে ফিরাইয়া আনা হইয়াছে। নিবারিত।

নিবর্হণ, (নি—বর্হ্=আচ্ছাদনকরা,নাশ করা+অনট্—ভা) সং, ক্লীং, উচ্ছেদ-সাধন। বিনাশ। মারণ,বধ। অপসারণ।

নিবর্হিত, (নিবর্হণ দেখ,+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বিনাশিত, অপসারিত। নিহত। অপহৃত।

নিবসতি, (নি=মধ্যে—বস্=বাসকরা+ক্তি—প্রং) সং, স্ত্রীং,গৃহ। বাসস্থান।

নিবসথ, (নি=মধ্যে—বস্=বাসকরা+অথ—প্রং) সং, পুং, লোকালয়, গ্রাম।

নিবসন, (নি=মধ্যে—বস্=বাসকরা+অনট্—ভা, ধি) সং, ক্লীং, নিবাস। গৃহ। (নি—বস্=আচ্ছাদনকরা+অনট্—ণ) বস্ত্র। পরিচ্ছদ।

নিবহ, (নি=সর্ব্বদা—বহ্=বহন করা, পাওয়া+অল্—প্রং) সং, পুং, সমূহ, রাশি, পুঞ্জ। সপ্ত বায়ুর অন্তর্গত বায়ু-বিশেষ "তস্ত বাপেত রজসো নিবহস্ত বায়োঃ মার্গোদ্বিতীয়হরিবিক্রমপূত এষঃ" শকুন্তলা।

নিবাত, (নি—না—বাত=বায়ু, ৭মী—হিং) সং, পুং, দৃঢ়-কবচ, শস্ত্রদ্বারা অভেদ্য বর্ম্ম। আশ্রয়। নিবাস। বাতশূন্য স্থান। বিং,ত্রিং,দৃঢ়বর্ম্মসন্নদ্ধ। নির্ব্বাত। "নিবাতনিষ্কম্পমিব প্রদীপং" কুমার। নিরাপদ।

নিবাতকবচ, সং, পুং, মহাবল পরাক্রান্ত তিন কোটি অসুর। দৈত্যবিশেষ, হিরণ্যকশিপুর পৌত্র, প্রহ্লাদের পুত্র।

নিবাপ, (নির্ব্বাপ দেখ) সং, পুং, মৃতোদ্দেশেদান,পিতৃদান, পিতৃতর্পণ। শ্রাদ্ধ-তর্পণ পিণ্ডদানাদি। দানমাত্র।

নিবার, (নি—বৃ=আচ্ছাদন করা+ঘঞ্—ভা) সং, পুং, নিবারণ। প্রতিবন্ধক, প্রতিরোধ।

নিবারণ, (নি—বারি=আচ্ছাদন করা+অনট্—ভা) সং,ক্লীং,নিষেধ, বারণ, নিরাকরণ। প্রতিবন্ধ।

নিবারণীয়, নিবার্য্য (নিবারণ দেখ, অনীয়, য—র্ম্ম) বিং, ত্রিং, নিবারণ করিবার যোগ্য।

নিবারিত, (নিবারণ দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে বারণ করা হইয়াছে, প্রতিষিদ্ধ। "নিবারিত নিমেষাভি নেত্রপঙ্ক্তিভিরুন্মুখঃ। নবামিন্দুকলাং লোকঃ কেন ভাবেন পশ্যতি" শকুন্তলা।

নিবাস, (নি=মধ্যে—বস্=বাসকরা+ঘঞ্—ধি) সং, পুং, গৃহ, বসতিস্থান। আধার।

নিবাসী, (নিবাসিন্, নিবাস দেখ, ইন্—ক) বিং,ত্রিং, যে বাস করে, বাসকারী।

নিবিড়, (নি=না—বিল=ছিদ্র, ফাঁক। ল স্থানে ড়) বিং, ত্রিং, নিরবকাশ। সান্দ্র, ঘন। নিরন্ধ্র। পুরু। দৃঢ়। "কালিকেব নিবিড়া বলাকিনী।"

নিবিড়ীষ, (নিবিড় দেখ, অথবা নি+বিড়ীষ—প্রং) বিং,ত্রিং,নিবিড়, সান্দ্র।

বক্রনাসিক। অমসৃণ, উন্নতানত।

নিবিষ্ট, (নি—বিশ=প্রবেশ করা+ক্ত—ক) বিং, ত্রিং, নিবেশযুক্ত। সং- লগ্ন। প্রবিষ্ট। প্রাপ্ত,লব্ধ। মনঃসংযো-গান্বিত। আবিষ্ট,মনোযোগী। নিমজ্জিত উপবিষ্ট।

নিবীত, (নি—ব্যে=আচ্ছাদনকরা+ক্ত—প্রং) সং, ক্লীং, কণ্ঠলম্বিত যজ্ঞসূত্র। উত্তরীয় বস্ত্র। আচ্ছাদন বস্ত্র। উড়ানি। ঘোমটা। বিং, ত্রিং,আচ্ছাদিত, ঢাকা। প্রাবৃত।

নিবীতী, (নিবীতিন্, নিবীত+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, নিবীতযুক্ত। যাহার কণ্ঠদেশে যজ্ঞসূত্র (পৈতা) ঝুলিতে থাকে।

নিবৃত, (নি—বৃ=আবরণ করা, বেষ্টন-করা+ক্ত—ণ, র্ম্ম) সং,ক্লীং,আচ্ছাদন-বস্ত্র। উড়ানি। উত্তরীয় বস্ত্র। বিং,ত্রিং, আচ্ছাদিত। পরিবেষ্টিত। নিবীত।

নিবৃত্ত, (নি—বৃৎ [বিদ্যমান থাকা] ক্ষান্তহওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, বিরত বাধিত। দমিত, ক্ষান্ত। সংশোধিত। প্রত্যাবৃত্ত। সমাপিত। গত,চলিত। সং ক্লীং, নিবৃত্তি।

নিবৃত্তি, (নিবৃত্ত দেখ, ক্তি—ভা) সং. স্ত্রীং, উপরম, বিরতি, বিরাম, ক্ষান্তি, বিশ্রাম, উপশম, থামা। সমাপন। অস্বীকার। সাংসারিক কার্য্যহইতে বিরতি।

নিবেদন, (নি—বেদি=জানান+অনট্—ভা) সং, ক্লীং, আবেদন, বিজ্ঞাপন, জানান। সমর্পণ। উৎসর্গ।

নিবেদিত, (নিবেদন দেখ, ক্ত—র্ম্ম)বিং, ত্রিং,জ্ঞাপিত। প্রার্থিত, সমর্পিত। দত্ত। সূচিত। "নিবেদিতং নিশ্বসিতেন সোষ্মনা মনস্তু মে সংশয়মেব গাহতে। কুমার।

নিবেদ্য, (নিবেদন দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, জ্ঞাপনীয়, নিবেদনার্হ। সমর্পণীয়

নিবেশ, (নি—বিশ্=প্রবেশকরা+ঘঞ্—ধি, ভা) সং, পুং, শিবির। সৈন্য-বিন্যাস। "রামাপরিত্রাণ বিহস্তযোধং সেনানিবেশং তুমুলং চকারঃ" রঘুবংশ। বিবাহ। নিবেশন। প্রবেশ। যুদ্ধ। স্থান। অর্পণ। উপবেশন। মনোযোগ।

নিবেশন, (নিবেশ দেখ, অনট্—ধি, ভা) সং,ক্লীং,গৃহ। উপবেশন। নগর। প্রবেশ। লিখন।

নিবেশিত, (নি—বেশি=প্রবেশকরান +ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, স্থাপিত, বিন্যস্ত। নিবিষ্ট,প্রবেশিত। সংক্রামিত। প্রেরিত।

নিব্যূঢ়, (নি—ব্যূঢ়=শ্রেণীবদ্ধ) সং, ক্লীং, অভিনিবেশ। নিরন্তর চেষ্টা।

নিশ্, সং, স্ত্রীং, নিশা, রাত্রি।

নিশঠ, সং, পুং, বলরামের পুত্র। বিং, ত্রিং, অকপট। সাত্ত্বিক।

নিশমন, (নি—শম্ [শান্তহওয়া] দেখা, শুনা+অনট্—ভা) সং, ক্লীং, দর্শন। শ্রবণ।

নিশা, নিশ্ (নি—শো=মনুষ্যগণকে নিদ্রাদ্বারা নূতন করা অথবা (নিশ =চিন্তা করা, তীক্ষ্ণকরা+ক্বিপ্ ক, আ—প্রং) সং, স্ত্রীং, রাত্রি, রজনী। হরিদ্রা। দারুহরিদ্রা। মেষ, বৃষ, মিথুন, কর্কট, ধনু ও মকর লগ্ন।

নিশাকর, (নিশা=রাত্রি—কর=কিরণ, ৬ষ্ঠী—হিং , অথবা নিশা=রাত্রি—কৃ করা+অল্—ক) সং,পুং,চন্দ্র। কুক্কুট।

নিশাচর, (নিশা—চর=যে চরে, ৭মী —ষ) সং, পুং, রাক্ষস। শৃগাল। পেচক। সর্প। চক্রবাক। পিশাচ, ভূত। চৌর। প্রহরী। বিং, ত্রিং, রাত্রিচর মাত্র। রী—স্ত্রীং, রাক্ষসী। পিশাচী। অভিসারিকা। বেশ্যা। সুগন্ধদ্রব্যবিশেষ

নিশাচর্ম্ম, (নিশাচর্ম্মন্, নিশা=রাত্রি —চর্ম্মন্=চাম) সং, ক্লীং, অন্ধকার।

নিশাজল, (নিশা=রাত্রি—জল) সং, ক্লীং, হিম, শিশির। নিহার। তুষার।

নিশাট, (নিশা=রাত্রি—অট=যে গমন করে) সং, পুং, পেচক। নিশাচর। ভূত

নিশাত,(নি—শো=তীক্ষ্ণকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, শাণিত, তীক্ষ্ণীকৃত। নিশিত

নিশাদ, (নি—শদ্=পতিতহওয়া+ঘঞ্—প্রং) সং, পুং, চণ্ডাল। নিশাভুক্। দী—স্ত্রীং, চণ্ডালী।

নিশাদি, (নিশা—আদি=আরম্ভ) সং, স্ত্রীং,সন্ধ্যাকাল। গোধূলিসময়। বিকাল

নিশান, (নি—শো=তীক্ষ্ণকরা+অনট্—ভা) সং, ক্লীং, তীক্ষ্ণীকরণ।

নিশান্ত, (নি—শম্=শান্তহওয়া+ক্ত—প্রং। কিম্বা নিশা—অম্=গমনকরা+ক্ত—প্রং) সং, ক্লীং,গৃহ, ভবন। (নিশা—অন্ত=শেষ) পুং, রাত্রিশেষ, প্রাতঃকাল। বিং, ত্রিং, শান্ত। অক্ষুব্ধ।

নিশাপতি, (নিশা—পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, চন্দ্র। কর্পূর। [সং,পুং, চন্দ্র।

নিশামণি, (নিশা=রাত্রি—মণি=রত্ন)

নিশামন, (নি—শামি [শম+ণিচ্] শান্তকরান+অনট্—ভা) সং, ক্লীং, পুনঃপুনঃ দর্শন। আলোচন। শ্রবণ। ছায়া। অতীত বিষয় স্মরণ।[পুং, শৃগাল

নিশামৃগ, (নিশা=রাত্রি—মৃগ=পশু)সং,

নিশারণ, (নি—শারি=বধ করান+অনট্—ভা) সং, ক্লীং, মারণ, বধ। (নিশা=রাত্রি—রণ=যুদ্ধ) রাত্রিযুদ্ধ।

নিশারত্ন, (নিশা=রাত্রি—রত্ন=মণি) সং, ক্লীং, চন্দ্র। [তালবিশেষ।

নিশারুক, সং, পুং, রূপকভেদ। বাদ্যের

নিশাবেদী, (নিশাবেদিন্, নিশা=রাত্রি—বেদিন্=যে জানে) সং, পুং, কুক্কুট।

নিশাহস, (নিশা—হস=যে হাস্য করে। রাত্রিকালে ইহা প্রস্ফুটিত হয় বলিয়া) সং, পুং, কুমুদ, শ্বেতপদ্ম।

নিশাহ্বা (নিশা—আহ্বা=নাম) সং, স্ত্রীং, হরিদ্রা, হলুদ।

নিশিত, (নি—শো=তীক্ষ্ণকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, শাণিত, তীক্ষ্ণীকৃত। সং, ক্লীং, লৌহ।

নিশীথ, (নি=সর্ব্বদা—শী=শয়নকরা থ—প্রং) সং,পুং,অর্দ্ধরাত্র। রাত্রিমাত্র।

নিশীথিনী, নিশীথ্যা (নিশীথ+ইন্,য—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, রাত্রি, রজনী।

নিশুম্ভ, (নি—শুম্ভ্=বধকরা+অল—প্রং)সং,পুং, শুম্ভদৈত্যের কনিষ্ঠ ভ্রাতা। বধ। মর্দ্দন।

নিশুম্ভন, (নিশুম্ভ দেখ, অনট্—ভা)সং, ক্লীং, হনন, বধ।

নিশুম্ভমর্দ্দিনী, (নিশুম্ভ=দৈত্যবিশেষ—মর্দ্দিনী=বিনাশিনী) সং, স্ত্রীং, দুর্গা, ভগবতী।

নিশৈত, (নিশা=রাত্রিতে—ইত[তাহার বাসায়] গত) সং, পুং, বকপক্ষী।

নিশ্চয়, (নির্=নিশ্চয়—চি=একত্রকরা+অল্—প্রং) সং, পুং, নিশ্চয়জ্ঞান। নির্ণয়, অসংশয়। ব্যবসায়। সঙ্কল্প। সিদ্ধান্ত। পরিচ্ছেদ। অলঙ্কারবিশেষ, অন্যবস্তুর নিষেধ দ্বারা প্রকৃতবস্তুর স্থাপন। "অন্যন্নিষিধ্য প্রকৃতস্থাপনং নিশ্চয়ঃ পুনঃ" সাহিত্যদর্পণ।

নিশ্চল, (নির্=না—চল=যে চলে) বিং, ত্রিং, অচল। স্থির। লা—স্ত্রীং, অচলা, পৃথিবী, শালপর্ণী।

নিশ্চায়ক, (নিশ্চয় দেখ, ণক—ক) বিং, ত্রিং, নির্ণায়ক, নিশ্চয়কারক।

নিশ্চারক, (নির্=না—চর্=গমনকরা+ণক—প্রং) সং, পুং, বায়ু। স্বাস্থ্য।

নিশ্চিত, (নিশ্চয় দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, নির্ণীত, নিঃসন্দেহ, পরিজ্ঞাত। ক্রিং—বিং, নিশ্চয়রূপে। ক্লীং, নিশ্চয়।

নিশ্চিন্ত, (নির্=না—চিন্তা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, চিন্তাশূন্য। নিরুদ্বেগ,সুস্থির।

নিশ্চেষ্ট, (নির্=না—চেষ্টা=যত্ন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, চেষ্টাবর্জিত। গতিশক্তিরহিত। অলস। "পপাত সহসা ভূমৌ নিশ্চেষ্টশ্চাঙ্গবল্লভা" রামায়ণ।

নিশ্চুক্কণ, (নির্—চুক্=ক্লেশ দেওয়া,

মার্জ্জন+অনট্—ণ) সং, ক্লীং, মিসি। দন্তশাণ।

নিশ্বসিত, (নিশ্বাস দেখ, ক্ত—র্ম্ম, ভা) বিং, ত্রিং, যে নিশ্বাস ফেলিয়াছে। সং, ক্লীং, নিশ্বাস।

নিশ্বাস, (নির্=বাহির—শ্বস্=নিশ্বাস-প্রশ্বাস ফেলা+ঘঞ্—প্রং) সং, পুং, বহির্মুখশ্বাস। প্রাণবায়ু। উচ্ছ্বাসন। নাসাগতবায়ু। "নিশ্বাসেনাধরকিশলয়ক্লেশিনা বিক্ষিপন্তীং" মেঘদূত।

নিষক্ত, (নি—সন্জ্=সংলগ্ন হওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, সংসক্ত, সংলগ্ন। সংক্রান্ত। সম্বদ্ধ। সমাশ্লিষ্ট।

নিষঙ্গ, (নি—সঞ্জ=আলিঙ্গন করা+ঘঞ্—ধি) সং, পুং, বাণের পাত্র, তূণীর, সংসর্গ। সম্মিলন। "জাতাভিষঙ্গো,নৃপতিনিষঙ্গাদুদ্ধর্ত্তুমৈচ্ছৎ প্রসভোদ্ধৃতারিঃ।

নিষঙ্গথি, (নিষঙ্গদেখ+থি) সং, পুং, আলিঙ্গন-ধন্বী। রথ। স্কন্ধ। তৃণ। সারথি

নিষঙ্গী, (নিষঙ্গিন্,নিষঙ্গ+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, বাণধারী, তূণীরবান্। ধনুর্দ্ধারী ধানুষ্ক। [পুং,ধনুর্দ্ধারী, ধানুষ্ক।

নিষঙ্গীন, (নিষঙ্গ+ঈন্—অস্ত্যর্থে) সং,

নিষণ্ণ, (নি—ষদ্=গমনকরা+ক্ত—ক) বিং,ত্রিং,উপবিষ্ট। স্থাপিত। নিবেশিত। শয়িত। স্থিত। বিশ্রান্ত। অবলম্বনকারী। উৎকণ্ঠিত। [পুং, নিষাদ-স্বর।

নিষদ, (নিষণ্ণ দেখ, অল্—প্রং) সং,

নিষদ্বর, (নি—ষদ্=গমন করা+বর—সংজ্ঞার্থে) সং, পুং, কর্দ্দম, কাদা। রী—স্ত্রীং, রজনী। রাত্রি।

নিষদ্যা, (নি—ষদ্=গমনকরা+ক্যপ্—প্রং) সং, স্ত্রীং, পণ্যবিক্রয়শালা। হাট বাজার প্রভৃতি। ক্ষুদ্র খট্বা, ছোট খাট।

নিষধ, (নি=সর্ব্বদা—সদ্=গমনকরা+অল্—প্রং। দ=ধ) সং, পুং, ইলাব্রতের দক্ষিণস্থ পর্ব্বত বিশেষ। দেশবিশেষ। ভারতবর্ষের দক্ষিণপূর্ব্ব, ভাগ। নিষাদ-স্বর। নিষধদেশের রাজা। পুং, বহুং, নিষধদেশীয় লোক। বিং, ত্রিং, কঠিন। নিরেট।

নিষাদ, (নিষণ্ণ দেখ, ঘঞ্—প্রং) সং, পুং, বেন শরীরোদ্ভব জাতিবিশেষ। চণ্ডাল। ধীবর। ব্যাধ। সপ্তস্বরান্তর্গত স্বরবিশেষ। দী—স্ত্রীং. চাণ্ডালী। নিষাদপত্নী।

নিষাদী, (নিষাদিন্, নি—সদ্=গমনকরা+ণিন্—ক) সং, পুং, হস্তিপক। হস্ত্যারোহী। মাহুত। (নিষাদ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, নিষণ্ণ। উপবিষ্ট। শয়িত।

নিষিক্ত, (নি—সিচ্=জলাদি সেককরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, জলাভিষিক্ত।

নিষিদ্ধ, (নি—সিধ্=সম্পন্ন করা+ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রতিষিদ্ধ, নিবারিত, প্রত্যাখ্যাত। বাধিত "নিষিদ্ধৈরপ্যেভির্লুলিত মকরন্দো মধুকরৈঃ" বেণীসংহার।

নিষুপ্ত, (নি—স্বপ্=নিদ্রিতহওয়া+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, নিদ্রিত।

নিষূদন, নিসূদন (নি—ষূদ্=বধকরা+অনট্—ভা) সং, ক্লীং, হত্যা, বধ। মারণ। নিষেধ, নিবারণ। (নি—সূদ্+অন—ক) বিং, ত্রিং, বিনাশক। মর্দ্দয়িতা।

নিষেক, (নি—সিচ্=সম্পন্নকরা+ঘঞ্—ভা) সং, পুং, উৎসর্গ। ক্ষরণ। মোক্ষণ। বর্ষণ। সেবন। সেচন। গর্ভাধান। আধান। "বৈদিকৈঃ কর্ম্মভিঃ পুণ্যৈর্নিষেকাদির্দ্বিজন্মনাম্, কার্য্যঃ শরীরসংস্কারঃ"।

নিষেদিবান্, (নিষেদিবস্, নিষণ্ণ দেখ, ক্বসু—প্রং) বিং, ত্রিং, উপবিষ্ট। স্থিত। সমাসীন। ত্তুষী—স্ত্রীং, উপবিষ্টা। আসীনা

নিষেধ, (নিষিদ্ধ দেখ, ঘঞ্—ভা) সং, পুং, প্রতিষেধ। নিবৃত্তি। বিধিবিপরীত নিবারণ, বারণ। তিরস্কার। বাধ (Exception.)

নিষেধক, নিষেদ্ধা (নিষেদ্ধৃ, নিষিদ্ধ দেখ

ণক, তৃন্—ক) বি, ত্রিং, নিবারক, যে নিবারণ করে।

নিষেবণ, (নি—সেব্=শুশ্রূষা করা+অনট্—ভা) সং, ক্লীং, সেবা, শুশ্রূষা, পরিচর্য্যা। অনুরাগ। ঔষধাদি পান।

নিষেবিত, (পূর্ব্বে দেখ, ক্ত—র্ম) বিং, ত্রিং, সেবিত, আরাধিত। উপাসিত। আচরিত।

নিষ্ক, (নি—সদ্=গমনকরা+ক—প্রং, নিপাতন) সং,পুং,—ক্লীং,মুদ্রা, মোহর। দীনার,বত্রিশ রতি পরিমিত স্বর্ণ। ১০৮ পল সুবর্ণ-পরিমাণ। সুবর্ণ। সাষ্টংশতং সুবর্ণানাং নিষ্কমাহুর্ধনং তদা"কণ্ঠ ভূষণ। "হরিচক্রেণ তেনাস্ত কণ্ঠে নিষ্কমিবার্পিতং"। অলঙ্কার। উরোভূষণ। ষোল কাহন।

নিষ্কণ্টক, (নির্=না—কণ্টক=কাঁটা, প্রতিবন্ধক) বিং, ত্রিং, নিরাপদ্। কণ্টকরহিত।

নিষ্করুণ, (নির্=না—করুণা=দয়া ৬ষ্ঠী—হিং) বিং,ত্রিং, নিষ্ঠুর। অকরুণ,ক্রূর। "অতিনিষ্করুণস্য দুঃখশীলা মমদীর্ঘং বিরহব্রতং বিভর্ত্তি"। শকুন্তলা।

নিষ্কর্ম্মা, (নিষ্কর্ম্মন্, নির=না—কর্ম্মন্ কার্য্য, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার কোন কর্ম্ম নাই। অলস। নিশ্চেষ্ট। নিরুৎসাহ।

নিষ্কর্ষ, (নির্—কৃষ্=ভূমি চসা+ঘঞ্—প্রং) সং, পুং, নিশ্চয় বিশ্বাস, প্রমাণ। নিষ্পত্তি। সত্য।

নিষ্কর্ষণ, (পূর্ব্বে দেখ+অনট্—ভা) সং, ক্লীং, নিষ্পত্তিকরণ। মিটান। অপনয়ন। উদ্ধারণ। নিয়োজন। নিশ্চয়করণ।

নিষ্কল, (নির্=না—কলা=অংশ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, কলাশূন্য, নষ্টবীর্য্য। নিরংশ। পূর্ণ। বন্ধ্য, নিষ্ফল, অসংশয়। লা, লী—স্ত্রীং, নিবৃত্তরজস্কা স্ত্রী, যে স্ত্রীর রজোনিবৃত্তি হইয়াছে। বৃদ্ধা। ক্লীং, পরব্রহ্ম।

নিষ্কাম, (নির্=না—কাম=স্পৃহা) বিং, ত্রিং, কামনারহিত, নিস্পৃহ। ক্লীং, ক্রিং—বিং, অনিচ্ছা।

নিষ্কাশ, (নির্—কশ্=গমনকরা+ঘঞ্—প্রং) সং, পুং, বারাণ্ডা। বাতায়ন।

নিষ্কাশন,নিষ্কাসন (নিষ্কাসিত দেখ, অনট্—ভা) সং,ক্লীং, বহিষ্করণ। দূরীকরণ, নিঃসারণ। নির্ব্বাসন।

নিষ্কাশিত, নিষ্কাসিত (নির্=বাহির—কাশি=গমনকরান+ক্ত—র্ম) বিং, ত্রিং, দূরীকৃত, তাড়িত, নির্ব্বাসিত। নিঃসারিত। স্থাপিত। আহিত। অধিকৃত। বিকাশিত। প্রস্ফুটিত।

নিষ্কুট, (নির্=না—কুট=গৃহ) সং, ক্লীং, গৃহসমীপস্থ উপবন। ক্ষেত্র। কপাট। অবরোধ। অন্তঃপুর। টা, টি, টী—(নির=না—কুট=খোলা, আবরক+ক) স্ত্রীং, এলা, বড়এলাইচ্।

নিষ্কুষিত, (নির্—কুষ্=নির্গতকরা+ক্ত—র্ম) বিং, ত্রিং, নিষ্কাসিত। বহিষ্কৃত। আকৃষ্ট। নিঃসারিত। দূরীকৃত। নিঃচীকৃত।

নিষ্কুহ, (নির্—কুহ্=বিস্ময়াপন্নকরা+অল্—প্রং) সং, পুং, বৃক্ষের কোটর।

নিষ্কৃতি, (নির্=না—কৃতি=কার্য্য) সং, স্ত্রীং, পরিত্রাণোপায়। নিস্তার। মুক্তি। অকৃতি। উপেক্ষা। ক্ষতিপূরণ। ঋণ পরিশোধকরণ।

নিষ্কৃষ্ট, (নির্—কৃষ্ট) বিং, ত্রিং, নিশ্চিত, যথার্থ। স্ফুরিত। নিষ্পীড়িত। মর্দ্দিত।

নিষ্কোষণ, (নির্—কুষ্=নিষ্কোষকরা+অনট্—ভা) সং, ক্লীং, বহির্নিঃসারণ। নিষ্কাশন।

নিষ্ক্রম, (নির্=বাহির—ক্রম্=গমনকরা+অল্—ভা) সং, পুং, বহির্গমন। বুদ্ধিবৃত্তি। শক্তি। দুষ্কুল। নীচতা। অবনতি। নিষ্ক্রমণসংস্কার।

নিষ্ক্রমণ,(নিষ্ক্রম দেখ, অনট্—ভা) সং,

ক্লীং, বহির্গমন। চতুর্থমাস-কর্ত্তব্য শিশুর নির্গমনরূপ সংস্কার।

নিষ্ক্রয়, (নির্=নিঃশেষ—ক্রী=ক্রয়করা +অল্—প্রং) সং,পুং, বেতন। ভাড়া। মূল্য। বুদ্ধিযোগ। সামর্থ্য। প্রত্যুপকার নির্গমন। নিষ্কৃতি। বিনিময়। সেয়ং স্বদেহার্পণ নিষ্ক্রয়েণ ন্যায্যা ময়া মোচয়িতুং ভবত্তঃ। রঘুবংশ।

নিষ্ক্রান্ত,(নিষ্ক্রম দেখ,ক্ত—র্ম্ম) বিং. ত্রিং, নির্গত। প্রস্থিত। বহিষ্কৃত। নিঃসারিত। নিষ্ক্রমণকারী, যে বহির্গমন করে।

নিষ্ক্রামক, (নির্—ক্রম=গমনকরা—ণিচ+ণক) বিং, ত্রিং, বহিষ্কারক। নিঃসারক।

নিষ্ক্রিয়, (নির্=না—ক্রিয়া=কার্য্য, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নিরর্থক, ক্রিয়াশূন্য, জড়। নিষ্কর্ম্মা। ক্লীং, পরব্রহ্ম।

নিষ্কাথ, (নির্—ক্বথ=পাক করিয়া ক্বাথ নিষ্কাশন, ক্বথবাহির করা+ঘঞ্—প্রং) সং, পুং, মাংসাদির ক্বাথ, ঝোল।

নিষ্টনৎ, (নি—স্তন্=শব্দকরা+শতৃ—প্রং) বিং, ত্রিং, শব্দায়মান।

নিষ্টপ্ত, (নির্—তপ্ত) বিং, ত্রিং, সুপক্ক। সুসিদ্ধ। উজ্জ্বল। নিশ্চিত।

নিষ্ট্য, সং, পুং, ম্লেচ্ছজাতিবিশেষ।

নিষ্ঠ, (নি=নিশ্চয়রূপে—স্থা=থাকা+ড—ক) বিং, ত্রিং, স্থিত। বিশ্বস্ত। অনন্যচেতা। তৎপর। অভিনিবিষ্ট। ধার্ম্মিক। মগ্ন।

নিষ্ঠা, (নি—স্থা [থাকা] নিষ্পত্তিকরা ইত্যাদি+আ—ভা) সং, স্ত্রীং, নির্ব্বাহ, নিষ্পত্তি। নাশ, ধ্বংশ। অন্ত, শেষ। যাচ্ঞা। ধর্ম্মাদিতে শ্রদ্ধা। দৃঢ়জ্ঞান। দৃঢ়ভক্তি, উৎকর্ষ। ব্যবস্থা। বিশ্বাস। ব্রতাদিক্লেশ। মনোযোগ। ক্ত ও ক্তবতু প্রত্যয়। নিশ্চয়স্থিতি। "লোকেঽস্মিন্ দ্বিবিধা নিষ্ঠা পুরা প্রোক্তা ময়ানঘ। জ্ঞানযোগেন সাংখ্যানাং কর্ম্মযোগেন যোগিনাম্"।

নিষ্ঠান, (নি—স্থা=থাকা+অনট্—প্রং) সং, ক্লীং, চাট্‌নি, তরকারি, ব্যঞ্জন। উপকরণ। মৃত্যু।

নিষ্ঠিত, (নির্—স্থিত) বিং,ত্রিং, স্থাপিত, প্রতিষ্ঠিত। নিশ্চিত। দৃঢ়ভক্তিযুক্ত। অবগাহিত।

নিষ্ঠীব, নিষ্ঠেব—পুং, নিষ্ঠীবন, নিষ্ঠেবন—ক্লীং, } (নি—ষ্ঠীব=থুথুফেলা +অল্,অনট —প্রং) সং, শ্লেষ্মাদিত্যাগ মুখজল,থুথু। লাল থুথু ফেলা। ফেনা নিরসন। উদ্গীরণ।

নিষ্ঠীবনপাত্র, (নিষ্ঠীবন—পাত্র) সং, ক্লীং, পিক্‌দান।

নিষ্ঠুর, (নি—স্থা=থাকা+কুরচ্—প্রং) বিং, ত্রিং,ক্রূর। কর্কশ। নির্দ্দয়। কঠিন। নিদারুণ। সং, ক্লীং,পরুষবচন। কঠোরবাক্য। অশ্লীলবাক্য।

নিষ্ঠ্যূত, (নি—ষ্ঠীব্=থুথু ফেলা+ক্ত—র্ম্ম, নিপাতন) বিং, ত্রিং, প্রেরিত। নিক্ষিপ্ত। উদ্গীর্ণ। থুথু করিয়া ফেলা। ক্লীং, নিষ্ঠীবন।

নিষ্ণ, (নি—স্না=স্নানকরা+ড—প্রং) বিং, ত্রিং, কুশল, নিপুণ।

নিষ্ণাত, (নি—স্না=স্নানকরা+ক্ত—ক) বিং, ত্রিং, প্রবীণ, বিচক্ষণ, বিজ্ঞ। "সুতরাং ভবন্তএব লোকবৃত্তান্তনিষ্ণাতাঃ"শকুন্তলা। নিপুণ, পটু, কুশল।

নিষ্পতন, (নির্=বাহির—পত্=গমন করা+অনট্—ভা) সং, ক্লীং, নির্গমন, নিষ্ক্রমণ, নিঃসরণ।

নিষ্পত্তি, (নির্—পদ্ [গমনকরা] সিদ্ধ করা+ক্তি—ভা) সং, স্ত্রীং, সমাপ্তি, সিদ্ধি। সিদ্ধান্ত। মীমাংসা। অবধারণ, নিশ্চয়। পরিপাক। নির্ব্বাহ। উৎপত্তি। আদেশ। পূরণ। নির্গমন। অনুপাত। (Ratio.)

নিষ্পত্রাকৃতি, (নির্=পত্র—আকৃতি) সং, স্ত্রীং, অতিশয় শারীরিক পীড়া, দুর্ব্বিষহ ক্লেশ।

নিষ্পন্ন, (নিষ্পত্তি দেখ,ক্ত—প্রং) বিং,

ত্রিং, সমাপ্ত। সিদ্ধ, নিবৃত্ত। সম্পন্ন। উৎপন্ন। আদিষ্ট।

নিষ্পরিগ্রহ, (নির্=না—পরিগ্রহ=অধীনস্থ ব্যক্তি, পত্নী) সং, পুং, পরিব্রাজক, পরমহংস। বানপ্রস্থ। যতি, সন্ন্যাসী। বিং,ত্রিং, পত্নীশূন্য। পরিগ্রহশূন্য। বিষয়ে নির্লিপ্ত। সংসারে আসক্তিশূন্য।

নিষ্পাদন, (নির্—পাদি=গমনকরান+অনট্—ভা) সং, ক্লীং, নিষ্পত্তিকরণ। সিদ্ধান্তকরণ। সম্পাদন,সমাপন,নির্ব্বাহ। প্রতিজ্ঞাপূরণ।

নিষ্পাদিত, (নিষ্পাদন দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, সম্পাদিত, নির্ব্বাহিত।

নিষ্পাদ্য, (নিষ্পাদন দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, সম্পাদনীয়, সাধনীয়, নির্ব্বাহ করিবার যোগ্য। উপপাদ্য।

নিষ্পাব, (নির্—পূ [তুষাদি অপনয়ন-করা] পবিত্রকরা+ঘঞ্—ভা) সং, পুং, নিস্তুষীকরণ, ধান্যাদি নিস্তুষ করা। কড়ঙ্গর। আগড়া। কুলার বাতাস। শিম্বিকা। বিং,ত্রিং, নির্ব্বিকল্প। নিশ্চিত

নিষ্পিষ্ট, (নির্—পিষ্=চূর্ণকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, চূর্ণিত, মর্দ্দিত, ঘৃষ্ট। আহত, তাড়িত।

নিষ্পীড়ন, (নির্—পীড়্=ক্লেশদেওয়া+অনট্—ভা) সং,ক্লীং,নিংড়ন। নিপীড়ন

নিষ্পেষ, (নিষ্পিষ্ট দেখ, অল্—ভা) সং, পুং, ঘর্ষণ, পেষণ,চূর্ণন, মর্দ্দন। নিপীড়ন

নিষ্প্রতিভ, (নির্=না—প্রতিভা=দীপ্তি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, প্রতিভাশূন্য, দীপ্তিহীন। অজ্ঞ। মূর্খ। জড়।

নিষ্প্রভ, নির্=না—প্রভা=তেজ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, প্রভারহিত, নিস্তেজ। অস্বচ্ছ।

নিষ্প্রবাণ, নিষ্প্রবাণি (নির্=নির্গত—প্রবাণী=তন্তুবায়শলাকা) বিং, ত্রিং, নূতনবস্ত্র। নূতন তাঁত হইতে বহির্গতবস্ত্র

নিষ্ফল, (নির্=না—ফল, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বিফল, ফলশূন্য। নিরর্থক।

সং, পুং, নাড়াখড়। লা, লী—স্ত্রীং, বন্ধ্যা, ও নিবৃত্তরজস্কা নারী।

নিষ্যন্দ,নিস্যন্দ (নি—স্যন্দ্=ক্ষরিত হওয়া +অল্—ভা) সং, পুং, গলন, ক্ষরণ, চুয়ান। পতন। বর্ষণ। নির্ঝর।

নিসম্পাত, (নিঃসম্পাত দেখ) সং, পুং, নিশীথ, অর্দ্ধরাত্র।

নিসর্গ, (নি=নিশ্চয়—সৃজ্=সৃষ্টি করা +ঘঞ্—প্রং) সং, পুং, প্রকৃতি, স্বাভাবিক অবস্থা। সৃষ্টি। [গাছ।

নিসিন্ধু, সং, পুং, সিন্ধুবারবৃক্ষ, নিসিন্দা

নিসূদন, (নি—সূদ্=বধকরা+অনট্—ভা) সং,ক্লীং,নিবর্ত্তন। বিনাশন,মারণ।

নিসৃতা, সং, স্ত্রীং, ত্রিবৃতা, তেউড়ী।

নিসৃষ্ট, (নি—সৃজ্ [সৃষ্টিকরা] ত্যাগকরা +ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, দত্ত। প্রেরিত। রক্ষিত, ন্যস্ত, সমর্পিত।

নিসৃষ্টার্থ, (নিসৃষ্ট=দত্ত—অর্থ=বিধেয়) সং,পুং,দূতবিশেষ,যেপ্রেরক ও প্রেরিকা উভয়ের অভিপ্রায় বুঝিয়া স্বয়ং উত্তর দানে সমর্থ। "উভয়োর্ভাবমুন্নীয়স্বয়ং বদতি চোত্তরম্। সুশ্লিষ্টং কুরুতে-কার্য্যং নিসৃষ্টার্থস্তু সংস্মৃতঃ" সাহিত্য-দর্পণ। কর্ম্মাধ্যক্ষ।

নিস্তনী, (নি—স্তন+ঈ—অল্পার্থে) সং, স্ত্রীং, বটিকা, বড়ি।

নিস্তরণ, নিস্তার (নির্—তৄ=পারহওয়া+অনট্—ঘঞ্—ণ, ভা) সং,ক্লীং,উপায়, কর্ম্মাদি সিদ্ধিরহেতু। উদ্ধার। পারহওন সিদ্ধি। মুক্তি। বহির্গমন।

নিস্তব্ধ, (নি—স্তন্ভ=স্থিরহওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, স্পন্দরহিত, নীরব, স্থির।

নিস্তর্হন, (নির্—তৃহ্=বধকরা+অনট্—ভা) সং, ক্লীং, বধ, হনন, বিনাশন।

নিস্তল, (নির্=না—তল=সমতল [Plane surface] যাহার সমতল নাই, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, গোলাকার। বর্ত্তুল। তলশূন্য। চঞ্চল। নিম্ন। সং, ক্লীং, লী—স্ত্রীং, বটিকা।

নিস্তারক, (নির্—তৃ+ণক—ক) বিং, ত্রিং, উদ্ধারকর্ত্তা, ত্রাণকারক।
নিস্তুষ, (নির্=না—তুষ) বিং, ত্রিং, তুষরহিত, তুষ না থাকা, ছাটা, কাঁড়া।
নিস্তুষক্ষীর, (নিস্তুষ—ক্ষীর=দুগ্ধ) সং, পুং, গোধূমবিশেষ, দুধেগম।
নিস্তুষরত্ন, (নিস্তুষ—রত্ন=মণি) সং, ক্লীং, স্ফটিকোপল।
নিস্তুষিত, (নির্—তুষ্ [নামধাতুজ]+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ত্বগ্বিহীন, নিস্তুষকরা। পরিষ্কৃত। লঘূকৃত। অবমানিত। পরিত্যক্ত।
নিস্ত্রিংশ, (নির্=বাহির—ত্রিংশৎ=ত্রিশ+অল্—প্রং) সং, পুং, ত্রিংশৎ অঙ্গুলির অধিকপরিমাণ, খড়্গবিশেষ। বিং, ত্রিং, নির্দ্দয়, নিষ্ঠুর, কঠোর হৃদয়।
নিস্ত্রৈগুণ্য, (নির্=না—ত্রৈগুণ্য=গুণত্রয়) বিং, ত্রিং, গুণত্রয়রহিত। সত্য, রজঃ ও তমঃ এই তিন গুণ বিবর্জ্জিত।
নিস্পন্দ, (নি—স্পন্দ্=ঈষৎ কম্পিত হওয়া+অল্—প্রং) বিং, ত্রিং, যাহা নড়িতে চড়িতে পারে না, স্পন্দরহিত, অচল, স্থির।
নিস্পৃহ, (নির্=না—স্পৃহা= বাঞ্ছা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, আকাঙ্ক্ষা রহিত, স্পৃহাবর্জ্জিত।
নিস্রব, নিস্রাব (নি—স্রু=ক্ষরিতহওয়া+অল্, ঘঞ্—ভা) সং, পুং, ভাতের মাড়, ফ্যান। বহির্গমন, গমন, ক্ষরণ।
নিস্বন, নিস্বান (নি—স্বন্=শব্দকরা+অল্, ঘঞ্—ভা) সং, পুং, ধ্বনি, শব্দ।
নিহত, (নি=নিশ্চয়—হন্=বধকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বিনাশিত, হত, মারিত। "যদাশ্রৌষং নিহতং মদ্ররাজং রণে শূরং ধর্ম্মরাজেন সূত" মহাভারত।
নিহনন, (নিহত দেখ, অনট্—ভা) সং, ক্লীং, হত্যা, বধ।
নিহন্তা, (নিহন্তৃ, নি—হন+তৃন্—ক) বিং, ত্রং, বিনাশকারী, সংহারকারক।
নিহব, (নি—হ্বে=আহ্বান করা+অল—প্রং) সং, পুং, আহ্বান।
নিহাকা, (নি—হা=পরিত্যাগকরা+ণক—ক, আপ্—স্ত্রীলিঙ্গে। যে কথন জল ভাগ, কখন বা স্থল ভাগ ত্যাগ করে সং, স্ত্রীং, উভচর জন্তুবিশেষ। গোধিকা, গোসাপ।
নিহিংসন, (নি—হিন্স্=বধকরা+অনট্—ভা) সং. ক্লীং, বধ, হনন, বিনাশন।
নিহিত, (নি—ধা [ধারণ করা] দানকরা ইত্যাদি+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, স্থাপিত। অভিহিত। অর্পিত। গুপ্ত। নিক্ষিপ্ত। কৃত।
নিহীন, (নি=অত্যন্ত—হীন [হা=ত্যাগ করা+ক্ত] বর্জ্জিত) বিং, ত্রিং, ইতর, নীচ।
নিহ্নব—পুং, নিহ্নুতি—স্ত্রীং } (নি—হ্নু=গোপন করা+অল্, ক্তি—ভা) সং, কোন বিষয় গোপন করণ, অস্বীকার, অপহ্নব, ফাঁকি দেওয়া।
নিহ্নবাপহার, (নিহ্নব—অপহার) সং, তহবিল ভাঙ্গা, তহবিল তছরূপকরণ।
নিহ্নুত, (নি-হ্নু+ক্ত-র্ম্ম) বিং, ত্রিং, অস্বীকৃত। অপহ্নুত, লুকায়িত, গোপিত।
নিহ্রাদ, নি—হ্রাদ্=শব্দকরা+অল্—ভা) সং, পুং, শব্দ, নিনাদ।
নীকার, (নি—কৃ=করা+ঘঞ্—প্রং। নি=নী) সং, পুং, ঘৃণা, অবজ্ঞা, ন্যক্কার।
নীকাশ, নীকাস (নি—কাশ্=দীপ্তি পাওয়া+অল্—প্রং) বিং, ত্রিং, সদৃশ, তুল্য। সচরাচর কোন শব্দের পরই এই শব্দ প্রযুক্ত হইয়া থাকে।
নীচ, (ন=না-ঈ=সৌভাগ্য—চি=একত্র করা+অল—প্রং) বিং, ত্রিং, নিম্ন। অপকৃষ্ট, ইতর, নিকৃষ্ট। "ত্বঞ্চেৎ গচ্ছসি নীচপথেন পয়ঃ কস্তাং নিরোদ্ধুং ক্ষমঃ" নীচো বদতি ন কুরুতে ন বদতি সুজনঃ করোত্যেব"। বামন। ক্ষুদ্র। সং, পুং, সুগন্ধিদ্রব্যবিশেষ।

নীচক, (নীচ+ক—যোগ) বিং, ত্রিং, খর্ব্ব, বামন। নিম্ন। কা—স্ত্রীং, উৎকৃষ্ট গাভী।

নীচকৈস্, নীচৈস্ (নীচৈস্, অক—আগম) অং, খর্ব্ব, ক্ষুদ্র। অধম। অল্প। নীচ। নম্র। অধঃ। "নীচৈর্গচ্ছত্যুপরি চ দশা চক্রনেমিক্রমেণ" মেঘদূত।

নীচগ, (নীচ=নিম্ন বা গভীর—গ=যে গমন করে) বিং, ত্রিং, নিম্নগামী। অধম, নীচ। সং, ক্লীং, জল। গা—স্ত্রীং, নিম্নগা, নদী।

নীড়, (নি—ঈড়্ [স্তুতিকরা] বাসকরা+অল্—ণি) সং, পুং—ক্লীং, পক্ষীর বাসা, কুলায়। "নীড়ারম্ভৈর্গৃহবলিভুজামাকুল গ্রামচৈত্যাঃ" মেঘদূত। 'অবলম্বকুলাসিনো ঝসান্নজনীড়ক্রম পীড়িনঃখগান্" পূর্ব্বনৈষধ।

নীড়জ, নীড়োদ্ভব (নীড়—জ=জাত। নীড়—উদ্ভব=উৎপত্তি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পক্ষী,পাখী। [পুং, পক্ষিরাজ,গরুড়

নীড়জেন্দ্র, (নীড়জ—ইন্দ্র=প্রধান) সং.

নীত, (নী=লওয়া+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রাপিত, লইয়া যাওয়া। "বৃথৈব সংকল্পশতৈরজস্রমনঙ্গ নীতোসি ময়াতিবৃদ্ধিম্" শকুন্তলা। যাপিত। গৃহীত।

নীতি, (নীত দেখ, ক্তি—প্রং) সং, স্ত্রীং, নয়। হিতাহিত বিবেচনার শাস্ত্র। শুক্রাচার্য্যাদি প্রণীতশাস্ত্র। সুধারা। রীতি। প্রাপ্তি। প্রাপণ। যাপন।

নীতিঘোষ, (নীতি=প্রাপণ—ঘোষ=শব্দ) সং, পুং, বৃহস্পতির রথ।

নীধ্র, (নি—ধৃ [ধারণকরা] পড়া ইত্যাদি +অল্—প্রং) সং, ক্লীং, ঘরের চালের ছাঁচ। চক্রধারা, নেমি। চন্দ্র। বন। রেবতী নক্ষত্র।

নীপ, (নী [সন্তোষ] পাওয়ান+প—প্রং) সং, পুং, কদম্ববৃক্ষ। "নীপং দৃষ্ট্বা হরিত কপিশং কেশরৈরর্দ্ধরূঢৈরাবির্ভূতপ্রথমমুকুলাঃ কন্দলীশ্চানুকচ্ছম্" মেঘদূত বন্ধুকবৃক্ষ। নীল অশোক বৃক্ষ। রাজ বংশবিশেষ।

নীয়মান, (নী+শান—র্ম্ম। য, ম—আগম) বিং, ত্রিং, গৃহ্যমাণ, যাহা গ্রহণ করা যাইতেছে, প্রাপ্যমাণ, যাহা লইয়া যাওয়া যাইতেছে।

নীর, (নী=পাওয়া+র—প্রং, অথবা নির্=নির্গত—র=অগ্নি। যাহা হইতে বাড়বাগ্নি নির্গত হয়) সং, ক্লীং, রস। জল।

নীরজ, (নীর=জল—জ=যে জন্মে, ৭মী ষ) সং, ক্লীং, জলজ। পদ্ম। মুক্তা। বিং, ত্রিং, জল হইতে সমুৎপন্ন।

নীরজাঃ, (নীরজস্. নির্=না—রজস্=ধূলি, রজোগুণ) বিং, ত্রিং, ধূলিশূন্য। রজোগুণবিবর্জ্জিত। স্ত্রীং, অরজস্বলা নারী, যে স্ত্রী ঋতুমতী নয়।

নীরদ, (নীর=জল—দ=যে দানকরে, ২য়া—ষ) সং, পুং, জলদ, বারিদ,মেঘ (নি=না—রদ=দন্ত) বিং, ত্রিং, দন্তবিহীন, রদশূন্য।

নীরধি, নীরনিধি (নীর—ধি=যে ধারণ করে, ২য়া—ষ। নীর—নিধি=আশ্রয় ৬ষ্ঠী—ষ) সং, পুং, সমুদ্র, জলনিধি

নীরন্ধ্র, (নির্=না—রন্ধ্র=ছিদ্র। নি=নী) বিং, ত্রিং, নিবিড়, ঘন। ছিদ্র শূন্য

নীরব, (নির্=না—রব=শব্দ,৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বাক্যশূন্য, চুপ্ করিয়া থাকা। নিঃশব্দ, নিস্তব্ধ।

নীরস, (নির্=না—রস, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, রসবর্জ্জিত, শুষ্ক। সং, পুং, দাড়িম্ব বৃক্ষ।

নীরাখু, (নীর=জল—আখু=বিড়াল, ৬ষ্ঠী —হিং) সং, পুং, জলনকুল, উদ্বিড়াল।

নীরাজন, (নির্=সম্যক্‌রূপে—রাজন দীপ্তি ৭মী—হিং। অথবা নীর=শান্তিজল—অজন=ক্ষেপণ, ৭মী—হিং) সং, ক্লীং, না—স্ত্রীং, আরতি। অস্ত্র পরিষ্কারকরণ। শান্তিকর্ম্মবিশেষ, দেব

প্রতিমাদির বিসর্জ্জনানন্তর শান্তিজল গ্রহণ।

নীরুক্ } (নীরুজ্, নির্=না, বা বিপ-
নীরুজ } রীত—রুজ্, রুজ্=রোগ) বিং, ত্রিং, রোগশূন্য, পীড়াহীন, সুস্থ। জ্, জা—স্ত্রীং, আরোগ্য, স্বাস্থ্য।

নীল, (নীল=রংকরা+অল্—প্রং) সং, পুং, পর্ব্বতবিশেষ। বানরবিশেষ। বর্ণবিশেষ। নিধিবিশেষ। মণিবিশেষ। লা—স্ত্রীং, নীলবর্ণ মক্ষিকা। রাগিণীবিশেষ। লী—স্ত্রীং, নীলবর্ণ বৃক্ষবিশেষ, নীলের গাছ। বিং, ত্রিং, নীলবর্ণ দ্রব্য

নীলকণ্ঠ, (নীল=নীলবর্ণবিশিষ্ট—কণ্ঠ ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিব। সমুদ্রমন্থনকালে মহাদেব সমুদ্রোত্থিত কালকূট পান করিয়াছিলেন। এইজন্য তাঁহার কণ্ঠদেশ নীলবর্ণ হইয়াছিল। খঞ্জনপক্ষী। দাত্যূহপক্ষী। ময়ূর।

নীলকণ্ঠাক্ষ, (নীলকণ্ঠ=শিব—অক্ষ=অক্ষিশব্দজ) সং, ক্লীং, রুদ্রাক্ষ। বিং, ত্রিং, যাহার নেত্র অঞ্জনপক্ষীর ন্যায়।

নীলকান্ত, নীলমণি (নীল—কান্ত=কমনীয়। নীল—মণি=প্রস্তর, য়ং—স) সং, পুং, নীলশিলা। নীলোৎপল।

নীলগ্রীব, (নীল=নীলবর্ণবিশিষ্ট—গ্রীবা, ৬ষ্ঠী—হিং)সং, পুং, শিব, নীলকণ্ঠ। সমুদ্র মন্থনকালে মহাদেব সমুদ্র হইতে উত্থিত কালকূট পান করিয়াছিলেন। এইনিমিত্ত তাঁহার গ্রীবাদেশ নীলবর্ণ হইয়াছিল। [বৃক্ষ

নীলতাল, সং, পুং, তমালগাছ। হিন্তালনীলধ্বজ, সং, পুং, নীলবর্ণ পতাকা। তমালগাছ।

নীলপঙ্ক, (নীল=কৃষ্ণবর্ণ—পঙ্ক=পাঁক) সং, ক্লীং, কৃষ্ণবর্ণ কর্দ্দম, কাল কাদা। অন্ধকার। [শ্যেনপক্ষী।

নীলপিচ্ছ, (নীল—পিচ্ছ=লেজ) সং,

নীলমাধব, (নীল—মাধব=বিষ্ণু, সং, পুং, কৃষ্ণ, বিষ্ণু।

নীলমীলিক, (নীল=কৃষ্ণবর্ণ বা গাঢ়নীলবর্ণ—মীল্=চক্ষুমুদ্রিতকরা+ণক-প্রং) সং, পুং, খদ্যোত, জ্যোতিরিঙ্গণ, জোনাকিপোকা।

নীললোহিত,(নীল—লোহিত=রক্তবর্ণ। যাঁহার কণ্ঠে নীলবর্ণ এবং কেশে লোহিতবর্ণ, ৬ষ্ঠী—হিং। অন্যমতে মহাদেব এক কল্পে নীলবর্ণ হন, এবং অন্য কল্পে লোহিতবর্ণ হন) সং, পুং, শিব। মহাদেব। (নীল যে সে লোহিত, য়ং—স) মিশ্রিত রং বিশেষ, বেগুণে রঙ্।

নীলবসন, নীলবাসাঃ (নীলবাসস্, নীল—বসন, বাসস্=বস্ত্র) সং, পুং, শনৈশ্চর, শনিগ্রহ। বিং, ত্রিং, নীলবস্ত্র বিশিষ্ট, যাহার বস্ত্র নীলবর্ণ।

নীলবস্ত্র, (নীল—বস্ত্র, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বলরাম। ক্লীং, নীলবর্ণ বস্ত্র।

নীলবৃষা, সং, স্ত্রীং, বার্ত্তাকু, বেগুণ।

নীলাঙ্গ, (নীল—অঙ্গ=দেহ) সং, পুং, পক্ষীবিশেষ, সারসপক্ষী।

নীলাঙ্গু, (নি—লনগ্=গমনকরা+উ—সংজ্ঞার্থে। ই=ঈ) সং, পুং, কৃমি, দেহাভ্যন্তরস্থ কীট। ছিদ্র। বিবর, গর্ত্ত।

নীলাঞ্জন, (নীল—অঞ্জন) সং, ক্লীং, তুঁতে। না=স্ত্রীং, বিদ্যুৎ।

নীলাঞ্জনা, (নীল=অন্ধকারময়—অঞ্জস্=শীঘ্র+অ এবং আপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, অপ্সরাবিশেষ। বিদ্যুৎ। নদীবিশেষ।

নীলাম্বর, (নীল—অম্বর, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শনৈশ্চর। বলরাম। রাক্ষস। ক্লীং, নীলবস্ত্র।

নীলাশ্মা, (নীলাশ্মন্, নীল—অশ্মন্=প্রস্তর, য়ং—স) সং, পুং, নীলকান্তমণি, নীলশিলা। [নেত্ররোগভেদ। নীলবৃক্ষ।

নীলিকা, (নীলী+ক—যোগে) সং,স্ত্রীং,

নীলিনী, (নীল=কৃষ্ণবর্ণ বা গাঢ়নীলবর্ণ+ইন্—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, নীলেরগাছ।

নীলিমা,(নীলিমন্, নীল+ইমন্—ভাবে। সং, পুং, নীলত্ব, নীলবর্ণ।
নীলীরাগ,—স্থিরসৌহার্দ্দ, দৃঢ়প্রণয়। পূর্ব্বরাগবিশেষ। নীলবর্ণ।
নীলোৎপল, (নীল—উৎপল=পদ্ম) সং, স্ত্রীং, নীলপদ্ম।
নীবর, (নী=লওয়া, পাওয়া+বর—প্রং) সং, পুং, বাণিজ্য. ব্যবসা। বাস্তব্য, বসতিস্থান। ভিক্ষুক। পরিব্রাজক।
নীবাক, (নি—বচ=বলা+ঘঞ্—প্রং) সং, পুং, দুর্লভত্ব, দুষ্প্রাপ্যতা।
নীবার, (নি—বৃ=প্রার্থনাকরা+ঘঞ্—প্রং) সং, পুং, তৃণধান্য, উড়ি ধান।
নীবি, নীবী, (নি—ব্যে=আচ্ছাদন করা +ই—প্রং) সং, স্ত্রীং, মূলধন, পুঁজি। বাজি, পণ। কটিদেশস্থ পরিধান বস্ত্রের গ্রন্থি, উপর কাপড়ের দুই খুঁট একত্রে বন্ধন। "নীবীং প্রতি প্রণিহিতে তু করে প্রিয়েণ"।
নীবৃৎ, (নি=নিয়ত—বৃৎ=বিদ্যমান থাকা +ক্বিপ্—প্রং, সং, ত্রিং, জনপদ, দেশ।
নীধ্র, (নি=নিশ্চয়—বৃ=বিদ্যমানথাকা +অল্—প্রং, নিপাতন) সং, ক্লীং, নীধ্র দেখ।
নীশার, (নি—শৄ=হিংসাকরা+ঘঞ্-প্রং) সং, পুং, হিম ও বায়ু ইত্যাদি নিবারক আবরণবস্ত্র, মশারি পর্দ্দা প্রভৃতি।
নীহার, (নি—হৃ=হরণকরা+ঘঞ্—প্রং) সং, পুং, হিম, বরফ। তুষার। কুজ্ঝটিকা। [বড়চাঙ্গড়।
নীহারস্ফোট, (Avalanche) বরফের
নীহারিকা, (Nebulae) যে সকল নক্ষত্র চক্ষুর গোচর নয়, কিন্তু দূরবীক্ষণ দিয়া দেখিলে কুজ্ঝটিকাবৎ প্রতীয়মাণ হয়।
নু, (নুদ্=প্রেরণকরা+উ—প্রং) অং, ভেদ। ছল। প্রশ্ন। সম্বোধন। সংশয়। অবজ্ঞা,অনাদর। বিতর্ক, তর্ক। সম্মান। অনুনয়। অতীত। অপমান। অনুতাপ। বিকল্প। হেতু।
নুত, (নু=স্তবকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, আরাধিত, পূজিত। স্তুত। প্রশংসিত।
নুতি, (নু=স্তুতিকরা+ক্তি—ভা) সং, স্ত্রীং, প্রশংসা। স্তুতি। পূজা। আরাধনা। প্রণাম। প্রার্থনা।
নুত্ত, নুন্ন, (নুদ্=প্রেরণকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, নিরস্ত। ক্ষিপ্ত। পরিত্যক্ত। ছিন্ন। প্রেরিত। পুং লতা বিশেষ।
নুদি, (দেশজ) সং, স্থূলোদর, ভুঁড়ি, মোটাপেট। [হস্ত।
নুলা, (দেশজ) বিং, ক্ষুদ্রহস্তবিশিষ্ট। ছিন্ন-
নূতন, নূত্ন, (নব+তন, ত্ন—স্বার্থে। নব স্থানে নূ) বিং, ত্রিং, নবীন, অভিনব।
নূনম্, (নু—নম্=নমস্কার করা+ক্বিপ্—প্রং) অং, বিতর্ক। নিশ্চয়। সত্য। স্মরণ। পাদপূরণার্থ শব্দ। উৎপ্রেক্ষা।
নূপুর (নূ=নূ্যন শব্দজ—পৄ=পূরণকরা+অল্+প্রং) সং, পুং—ক্লীং, চরণালঙ্কার বিশেষ, নেপুর।
নৃ, (নি=লওয়া+ঋ—সংজ্ঞার্থে) সং, পুং, মনুষ্য, নর, পুরুষ। পুংলিঙ্গসূচক শব্দ।
নৃকেশরী, (নৃকেশরিন্, নৃ—কেশরী=সিংহ) সং পুং, নৃসিংহাবতার। শ্রেষ্ঠ পুরুষ।
নৃগ, (নৃ—গম্=গমনকরা+ড—প্রং) সং, পুং, ইক্ষ্বাকুবংশোদ্ভব রাজা বিশেষ।
নৃচক্ষাঃ, (নৃচক্ষস্, নৃ=নর—চক্ষস্ [চক্ষ্ =ভক্ষণ করা+অস্—প্রং] যে ভক্ষণ করে, ২য়া—ষ) সং, পুং, রাক্ষস।
নৃত্ত, (নৃৎ=নাচা+ক্ত—ভা, ক) সং,ক্লীং, অভিনয়। নৃত্য। নাচন। বিং, ত্রিং, নর্ত্তনকারী। [নাচ, নর্ত্তন, অভিনয়।
নৃত্য, (নৃৎ=নাচা+য—ভা) সং, ক্লীং,
নৃদেব (নৃ—দেব, ৭মী—ষ) সং, পু, নরদেব, রাজা।
নৃধর্ম্মা, (নৃধর্ম্মন্, নৃ=নর—ধর্ম্ম+অন্—প্রং) সং, পুং, কুবের। বিং, ত্রিং, মনুষ্যধর্ম্মাক্রান্ত।
নৃপ, নৃপতি, (নৃ=মনুষ্য—পা=যে পালন

করে, ২য়া—ষ। নৃ—পতি,৬ষ্ঠী—ষ)সং, পুং, রাজা, মনুজাধিপ, নরপতি। কুবের
নৃপলক্ষ্ম, (নৃপলক্ষ্মন্, নৃপ-লক্ষ্মন্=চিহ্ন)সং, ক্লীং, রাজার ছত্রচামরাদি, রাজচিহ্ন।
নৃপসভ, (নৃপ=রাজা—সভা) সং, ক্লীং, ভা—স্ত্রীং, রাজসভা।
নৃপাধ্বর, (নৃপ=নরপতি—অধ্বর=যজ্ঞ) সং, পুং, রাজসূয় যজ্ঞ।
নৃপাময়, (নৃপ—আময়=রোগ) সং, পুং, ক্ষয়রোগ, রাজযক্ষ্মা। [অতিথিসেবা।
নৃযজ্ঞ, (নৃ=মনুষ্য—যজ্ঞ=যাগ) সং,পুং,
নৃবরাহ, (নৃ=মনুষ্য বরাহ=শূকর। নরের ন্যায় দেহ এবং বরাহের ন্যায় মস্তক বলিয়া এই অবতারের নাম নৃ-বরাহ হইয়াছে) সং, পুং, বিষ্ণুর অবতারবিশেষ, বরাহ অবতার।
নৃশংস, (নৃ=মনুষ্য—শন্স=হিংসাকরা+অল্—প্রং। যে মনুষ্যদিগকে হিংসা করে,২য়া—ষ) বিং,ত্রিং, পরানিষ্টকারী। নির্দ্দয়, ক্রূর।
নৃসিংহ, (নৃ=মনুষ্য—সিংহ। যাঁহার অর্দ্ধাঙ্গ মনুষ্যাকার, অর্দ্ধাঙ্গ সিংহাকার) সং, পুং, বিষ্ণু, বিষ্ণুর অবতারবিশেষ। "সিংহস্য কৃত্বা বদনং মুরারিঃ, সদা করালঞ্চ সুরক্তনেত্রং। অর্দ্ধং বপুর্বৈ মনুজস্য কৃত্বা যযৌ সভাং দৈত্যপতেঃ পুরস্তাৎ" (নৃ=মনুষ্য—সিংহ=প্রধান) শ্রেষ্ঠ মনুষ্য। [মনুষ্যসৈন্য।
নৃসেন, (নৃ—সেনা, ষ্বং—স) সং, ক্লীং,
নৃসোম, (নৃ=মনুষ্য—সোম [চন্দ্র]শ্রেষ্ঠ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, নরচন্দ্র, নরশ্রেষ্ঠ।
নৃহরি,(নৃ=মনুষ্য—হরি=সিংহ। নৃসিংহ দেখ) সং, পুং, নৃসিংহাবতার।
নেউল, (নকুলশব্দজ) সং, বেজী।
নেংট, (দেশজ) বিং, বিবস্ত্র, উলঙ্গ।
নেকড়া, (দেশজ) সং, ছিন্নবস্ত্র, কানি।
নেকড়িয়া, (দেশজ) সং, ব্যাঘ্রবিশেষ, গোবাঘা। [বোকা
নেকা, (দেশজ) বিং, অস্পষ্টবাক্। হাবা,
নেকার, (ন্যক্কার শব্দজ) সং, বমন, বমি।
নেঙা, নেঙ্গা, নেটা, (দেশজ) বিং, যে বামহস্তে সমস্ত কার্য্যাদি সম্পন্ন করে।
নেজক, (নিজ=ধৌতকরা+ণক—ক) সং, পুং, বস্ত্রপরিষ্কারক, ধোবা। বিং, ত্রিং, শোধক।
নেজন, (নিজ=ধৌতকরা+অনট্—ভা) সং, ক্লীং, ধৌতকরণ, শোধন, পরিষ্কার করণ।
নেড়া, (দেশজ) বিং, মুণ্ডিতকেশ সম্প্রদায় বিশেষ, কর্ত্তা ভজার দল।—ড়ে, সং, যবন।
নেতা, (নেতৃ, নী=লইয়া যাওয়া=তৃন্—ক) সং, পুং, নায়ক। স্বামী, প্রভু। বিং, ত্রিং, পথপ্রদর্শক। প্রেরক। নির্ব্বাহক। প্রাপক। [নায়কতা, অধ্যক্ষতা।
নেতৃত্ব, (নেতৃ+ত্ব—ভাবে) সং, ক্লীং,
নেত্র, (নী=পাওয়া+ত্র—ণ, ক) সং, ক্লীং, চক্ষুঃ। বৃক্ষমূল। বস্ত্র। রথ। মন্থনরজ্জু। বিং, ত্রিং, চালক। প্রেরক। প্রাপক। রক্ষক। ত্রী—স্ত্রীং, লক্ষ্মী। নদী। নাড়ী। প্রবর্ত্তক।
নেত্রচ্ছদ, (নেত্র—ছদ=যে আচ্ছাদন করে, ২য়া—ষ) সং, পুং, চক্ষুঃপক্ষ্ম, চখেরপাতা। [পুং, বিড়াল। চক্ষুর্গোলক
নেত্রপিণ্ড, (নেত্র=চক্ষুঃ—পিণ্ড) সং,
নেত্রযোনি, (নেত্র=লোচন—যোনি=স্ত্রীচিহ্ন। প্রথিত আছে, যে ইন্দ্র স্বকীয় গুরু গৌতমের বেশ ধারণ করিয়া তদীয় পত্নীর নিকট গমন করাতে গৌতম কর্ত্তৃক অভিশপ্ত হন এবং তন্নিবন্ধন তাঁহার সর্ব্বশরীর যোনিচিহ্ন দ্বারা আবৃত হয় পরে অনেক অনুনয়ের পর মুনিবর প্রসন্ন হইয়া যোনিচিহ্নকে লোচনরূপে পরিবর্ত্তিত করিয়া দিয়াছিলেন) সং, পুং, ইন্দ্র। চন্দ্র।
নেত্ররঞ্জন, (নেত্র—রঞ্জন=প্রীতিসম্পাদন) সং, ক্লীং, কজ্জল, অঞ্জন।
নেত্রবস্ত্র, (নেত্র—বস্ত্র=কাপড়) সং, ক্লীং,

সরু কাপড়, সূক্ষ্ম বস্ত্র।
নেত্রাম্বু, (নেত্র—অম্বু=জল, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, অশ্রু, নেত্রজল, নয়নবারি।
নেদিষ্ঠ, নেদীয়ান্ (নেদীয়স্, অন্তিক, সমীপ+ইষ্ঠ, ঈয়স্—অত্যর্থে। বিং, ত্রিং, অতি নিকটবর্ত্তী। নিপুণ।
নেপথ্য, (নে [নী=লওয়া+কিপ্—প্রং] নায়ক—পথ্য উপযুক্ত, মনোহর, যোগ্য) সং, ক্লীং, সজ্জাগৃহ, সাজঘর। সজ্জা, বেশ।
নেপাল; সং, পুং, দেশবিশেষ।
নেপালিকা, (নেপাল+ক—প্রং) সং, স্ত্রীং, মনঃশিলা।
নেবু, (দেশজ) সং, নেবু, জম্বীর।
নেম, (নী=পাওয়া+ম—সংজ্ঞার্থে) সং, পুং, সময়, কাল। অংশ। প্রকার। কৈতব, ছল। বেষ্টন। অবধি। গর্ত্ত। বিং, ত্রিং, সকল। ভিন্ন। অর্দ্ধ।
নেমি, (নী=পাওয়া+মি—সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, চক্রধারা, চাকার প্রান্তদেশ। কূপোপরিস্থ তেকাটা।
নেমিচক্র, সং, পুং, নৃপবিশেষ।
নেশা, (যাবনিক) সং, মত্ততা, মাতলামি।
নেষ্টা, (নেষ্টৃ, নী=যজ্ঞাদিকার্য্য সম্পাদন করা+তৃন্—ক) সং, পুং, ঋত্বিক্, পুরোহিত। [ত্রিং, নিকটবর্ত্তী।
নৈকটিক, (নিকট+ষ্ণিক—প্রং) বিং,
নৈকট্য, (নিকট+ষ্ণ—ভাবে) সং, ক্লীং, নিকটত্ব, সামিপ্য।
নৈকভেদ, (ন=না—এক—ভেদ=প্রকার, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নানাবিধ, অনেক প্রকার।
নৈকষেয়, (নিকষা+ষ্ণেয়-অপত্যার্থে) সং, পুং, নিকষারাক্ষসীর পুত্র, রাবণ প্রভৃতি।
নৈগম, (নিগম+ষ্ণ—প্রং) সং, পুং, বেদান্তশাস্ত্র। উপনিষদ। নীতিশাস্ত্র। পথ। নায়ক। নগরবাসী লোক। বিং, ত্রিং, বণিক্, বাণিজ্যকারী। নগরবাসী।
নৈচিক, (নীচৈস্=অধঃ, নিম্ন—চর্=গমনকরা+ষ্ণিক—প্রং। চৈস্, র্—লোপ) সং, ক্লীং, গোরুর মাথা। কী—স্ত্রীং, অত্যুৎকৃষ্ট গাভী।
নৈত্যিক, (নিত্য+ষ্ণিক—প্রং) বিং, ত্রিং, নিত্য অনুষ্ঠেয়, প্রতিদিন কর্ত্তব্য।
নৈপালিক, (নেপাল+ষ্ণিক—ভবার্থে) বিং, ত্রিং, নেপালদেশজাত। সং, ক্লীং, তাম্র, তাঁবা।
নৈপালী, (নেপাল+ষ্ণ—প্রং। ঈপ্, স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, শেফালিকা। মনঃশিলা। নবমল্লিকা।
নৈপুণ, নৈপুণ্য, (নিপুণ+ষ্ণ, ষ্ণ্য—ভাবে, কর্ম্মণি) সং, ক্লীং, নিপুণতা; কার্য্যদক্ষতা।
নৈমিত্তিক, (নিমিত্ত+ষ্ণিক—কৃত বা দত্তার্থে) বিং, ত্রিং, প্রয়োজনার্থক।
নৈমিত্তিকপ্রলয়, সং, পুং, প্রলয়বিশেষ, ব্রহ্মার দিনাবসান-কালে যে প্রলয় হয়, মহাপ্রলয়।
নৈমিষ, (নিমিষ+ষ্ণ—প্রং। বিষ্ণু নিমেষমধ্যে ঐ স্থানে অসুর বিনাশকরায়, উহার নাম নৈমিষ, অথবা নিমেষ সূক্ষ্ম সময়+ষ্ণ—প্রং) সং, ক্লীং, নৈমিষারণ্য "পৃথিব্যাং নৈমিষং তীর্থমন্তরীক্ষে চ পুষ্করম্। ত্রয়াণামপি লোকানাং কুরুক্ষেত্রং বিশিষ্যতে"। "উবাচ নিমিষেণেদং নিহতং দানবং বলং॥ অরণ্যেঽস্মিংস্ততস্ত্বেবং নৈমিষারণ্য সংজ্ঞকং।" বিং, ত্রিং, ক্ষণিক।
নৈমেয়, (নিমেয়, [নি—মি=পরিমাণকরা+য—প্রং] +ষ্ণ—ইদমর্থে) সং, পুং, বিনিময়, পরিবর্ত্ত।
নৈয়গ্রোধ, (ন্যগ্রোধ+ষ্ণ—ফলার্থে, য স্থানে ঐয়) সং, ক্লীং, ন্যগ্রোধ, বটফল। পুং, বটবৃক্ষ।
নৈয়ায়িক, (ন্যায়+ষ্ণিক—জ্ঞাতার্থে, য স্থানে ঐয়) সং, পুং, তার্কিক। ন্যায়শাস্ত্রবেত্তা। ন্যায়াধ্যায়ী।
নৈরন্তর্য্য, (নিরন্তর+ষ্ণ্য—ভাবে) সং,

ক্লীং,সাতত্য, নিরন্তরতা, অবিচ্ছিন্নতা।

নৈরপেক্ষ্য, (নিরপেক্ষ+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, নিরপেক্ষতা।

নৈরাশ্য, (নিরাশ+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, আশাশূন্যতা, হতাশ হওয়া।

নৈর্ঋত, (নির্ঋতী=দক্ষিণ-পশ্চিমদিক্+ষ্ণ—প্রং) সং, পুং, রাক্ষস। দক্ষিণ-পশ্চিম-কোণের অধিপতি। তী—স্ত্রীং, নৈর্ঋতকোণ।

নৈর্ম্মল্য, (নির্ম্মল+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং,নির্ম্মলতা, স্বচ্ছতা। বিষয়বৈরাগ্য।

নৈবেদ্য, (নিবেদ [নি—বিদ+ঘঞ্—ভা] +য—যোগ্যার্থে) সং, ক্লীং, দেবতার উদ্দেশে নিবেদনীয় দ্রব্য। "চতুর্বিধং কুলেশানি দ্রব্যং তে ষড়সান্বিতং নিবেদনাৎ ভবেতৃপ্তি র্নৈবেদ্যং তদুদাহৃতং"।

নৈশ, (নিশা=রাত্রি+ষ্ণ—ভবার্থে) বিং, ত্রিং, নিশাসম্বন্ধীয়, রাত্রিকালীন, রাত্রিসম্বন্ধীয়। ক্লীং, স্থিরতা, নিশ্চয়তা।

নৈশ্চিত্য, (নিশ্চিত+ষ্ণ্য—ভাবে) সং,

নৈষধ, (নিষধ=দেশবিশেষ+ষ্ণ—প্রং) সং, পুং,নলরাজা, নিষধদেশের রাজা। ক্লীং, শ্রীহর্ষবিরচিত কাব্যগ্রন্থবিশেষ। বিং, ত্রিং, নিষধসম্বন্ধীয়।

নৈষ্কিক, (নিষ্ক=মোহর+ষ্ণিক—রক্ষার্থে) সং, পুং, টাকশালের অধ্যক্ষ। কোষাধিপতি।

নৈষ্ঠিক, (নিষ্ঠা=দৃঢ়তা, চরমকাল+ষ্ণিক—প্রাপ্তার্থে) সং, পুং, ব্রহ্মচারিভেদ। ইঁহারা চিরকাল গুরুগৃহে বাস করিয়া ব্রহ্মচর্য্য অবলম্বন পূর্ব্বক বেদাদিঅধ্যয়ন করেন। বিং, ত্রিং, চরমকালীন, অন্তিম। স্থায়ী, স্থিতিশীল।

নৈসর্গিক, (নিসর্গ+ষ্ণিক—ভবার্থে) বিং, ত্রিং,নিসর্গজাত, স্বভাবতঃ উৎপন্ন, স্বাভাবিক।

নৈসর্গিকবিধান, (Natural Law) মানবজাতির ঐশিক নিয়মানুযায়ী পরস্পর ব্যবহার নিয়ামক শাস্ত্রবিশেষ, যথা—কেহ কাহাকেও হত্যা করিবেক না ইত্যাদি।

নৈস্ত্রিংশিক, (নিস্ত্রিংশ=অস্ত্রবিশেষ-ষ্ণিক—প্রয়োজনার্থে) সং, পুং, খড়্গধারী সৈন্য।

নৈহারিকনক্ষত্র, (Nebulous Stars) যে সকল নক্ষত্র নীহারিকা নক্ষত্রের লক্ষণাক্রান্ত বোধ হয়। [না, নিষেধ।

নো. (নুদ্=প্রেরণকরা+ও—প্রং) অং,

নোঙ্গর, (যাবনিক) সং, নদ্যাদির মধ্যস্থিত নৌকা বদ্ধ করিবার লৌহ-যন্ত্রবিশেষ।

নোড়া, (দেশজ) সং, হরিদ্রাদি পেষনার্থ ব্যবহৃত প্রস্তরখণ্ডবিশেষ।

নোদন, (নুদ্=প্রেরণকরা ইত্যাদি+অনট্—ভা) সং, ক্লীং, ছেদন। (নুদ+ণিচ্+অনট্—ভা) নিবারণ। অপসারণ। প্রেরণ।

নোদিত, (নুদ্=প্রেরণকরা ইত্যাদি++ণিচ্+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অপসারিত। প্রেরিত।

নোপস্থাতা, (নোপস্থাতৃ, ন=না—উপ=সমীপ—স্থা=থাকা+তৃন্—ক) বিং, ত্রিং, দূরবর্ত্তী, যে সমীপস্থ নয়।

নৌ,(নৌকা (নুদ্=প্রেরণকরা+ঔ—সংজ্ঞার্থে। ক—স্বার্থে) সং, স্ত্রীং, তরণি, জলযান। "নোদকে শকটং যাতি ন চ নৌর্গচ্ছতি স্থলে"।

নৌকাদণ্ড, সং, পুং, ক্ষেপণী, দাঁড়।

নৌতার্য্য, (নৌ—তার্য্য=পার হওনের যোগ্য, ওয়া—ষ) বিং, ত্রিং, নাব্য, নৌকাগম্য. যে স্থানে নৌকাদ্বারা গমন করা যায়।

নৌবিদ্যা, সং, স্ত্রীং, নাবিকবিদ্যা।

ন্যক্, (নি=নিকৃষ্ট—অন্চ=গমনকরা+ক্বিপ্—প্রং) অং, ঘৃণ্য, নীচ, নীচু। নিম্ন

ন্যকাক্কা, সং, স্ত্রীং, বিষ্ঠার কৃমি।

ন্যকার, (ন্যক্—কার=করণ) সং, পুং,

অসম্মান, ঘৃণা, ধিক্কার, অবজ্ঞা।

ন্যক্ষ, (নি—অক্ষ) বিং, ত্রিং,নীচ, সমগ্র, নিকৃষ্ট। সকল। সং, পুং, পরশুরাম। মহিষ।

ন্যগ্রোধ, (ন্যক্=নিম্ন—রোধ=যে আবরণ করে, যে নিম্নদেশ রোধ করে) সং, পুং, বটবৃক্ষ। বাহুপরিমাণ, বাঁও। (যে বহু মূলেরদ্বারা নিম্নদেশ রোধকরে ধী—স্ত্রীং, থুলকুড়ী গাছ।

ন্যগ্রোধপরিমণ্ডলা, সং, স্ত্রীং, বিশালনিতম্বা ক্ষীণমধ্যা সুন্দরী অঙ্গনা। "স্তনৌ সুকঠিনৌ যস্যাঃ নিতম্বে চ বিশালতা, মধ্যে ক্ষীণা ভবেৎ যা সা ন্যগ্রোধপরিমণ্ডলা"।

ন্যঙ্, (ন্যনচ্ ন্যক্ দেখ বিং, ত্রিং, নীচ। ক্ষুদ্র। অবজ্ঞেয়, হেয়।

ন্যঙ্কু, (নি=নিয়ত—অন্চ্=গমনকরা+উ—সংজ্ঞার্থে) সং, পুং, বহুশৃঙ্গ-মৃগবিশেষ। যে মৃগের শাখা প্রশাখাবিশিষ্ট শৃঙ্গ আছে।

ন্যঞ্চিত, (নি—অন্চ=গমনকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অধোদৃষ্টে বিক্ষিপ্ত। নিম্নীকৃত।

ন্যস্ত, (নি—অস্=ক্ষেপণ করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ত্যক্ত। রচিত। পতিত। নিক্ষিপ্ত। প্রেরিত। বিস্তারিত। স্থাপিত

ন্যস্তশস্ত্র, (নস্ত—শস্ত্র) সং, পুং, পিতৃলোক। বিং, ত্রিং, যে অস্ত্র পরিত্যাগ করিয়াছে।

ন্যাক্য, সং, ক্লীং, ভৃষ্ট তণ্ডুল, চালভাজা।

ন্যাদ, (নি—অদ্=ভক্ষণকরা+অল্—প্রং) সং, পুং, আহার, ভোজন।

ন্যায়, (নি=নিশ্চয়-ই=গমনকরা+অ-প্রং সং,পুং,বিষ্ণু। যাথার্থ্য,ঔচিত্য। তর্কশাস্ত্র। ষড়্দর্শনান্তর্গত দর্শনবিশেষ। উদাত্ত অনুদত্ত, স্বরিৎ, এই ত্রিধাস্বর। নীতি। যুক্তি। প্রতিজ্ঞা, হেতু, উদারণ,উপনয়, নিগমন,এই পঞ্চাবয়ববিশিষ্ট ন্যায়বাক্য যুক্তিমূলক দৃষ্টান্তবিশেষ; ইহা নানাপ্রকার, ইহাদের মধ্যে কতকগুলির নাম লক্ষণ ও তাৎপর্য্য লিখিতহইতেছে।

১। অন্ধ গোলাঙ্গুল ন্যায়—

একদা এক ভীষণ অরণ্যে এক পাপাত্মা কোন অন্ধকে দেখিতে পাইল। অন্ধ অভিলষিত প্রদেশে যাওয়া অসম্ভব বিবেচনায় করতলে কপোল বিন্যাস পূর্ব্বক ম্রিয়মান হইয়া উপবিষ্ট ছিল। পাপাত্মা জিজ্ঞাসা করিল, ওহে বাপু অন্ধ তোমাকে এত ম্রিয়মান দেখিতেছি কেন? অন্ধ ভীষণ অরণ্য মধ্যে প্রথমতঃ মনুষ্যের কণ্ঠস্বর শ্রবণে ও পশ্চাৎ তাহার মধুর সম্ভাষণে প্রীত হইয়া উত্তর করিল, যে আমি আমার অভীষ্ট প্রদেশ গমনের উপায়ান্তর দেখিতেছি না যদি আপনি অনুগ্রহ পূর্ব্বক কোন উপায় করিয়া দেন। পাপিষ্ঠ কহিল, তাহার ভাবনা কি? আমি এখনি করিয়া দিতেছি। এই বলিয়া বন হইতে একটা বৃহল্লাঙ্গুল ষাঁড় ধরিয়া আনিয়া বলিল ওহে অন্ধ তুমি এই ষাঁড়ের লাঙ্গুল ধর কোনমতে ছাড়িওনা ছাড়িলেই বিপদ্গ্রস্থ হইবে। অন্ধ বিশ্বস্তবন্ধু বোধে তাহার বাক্যে দ্বৈধ না করিয়া তাহাই করিল। এবং অবিলম্বেই এই অবিমৃশ্যকারিতার ফল পাইল। বৃষভের পদাঘাতে ও কণ্টকে সর্ব্বশরীর ক্ষতবিক্ষত হইয়া মূর্চ্ছিত হইয়া ভূতলে পতিত হইল। বিবেচনা না করিয়া অন্ধের ন্যায় পাপাত্মাদিগের কথা শুনিলে পরিশেষে এই অন্ধের ন্যায় অবস্থাপন্ন হইতে হয়। হেত্বাভাষ মথুরানাথ টীকাদিতে ইহা সবিস্তারে বর্ণিত আছে।

২। অন্ধ পঙ্গু ন্যায়—

কোন স্থানে এক অন্ধ ও এক খঞ্জ বাস করিত। অন্ধ আপনার দৃষ্টি হীনতাপ্রযুক্ত কোন স্থানে যাইতে

পারিত না। একদা খঞ্জ অন্ধকে বলিল, ভাই আমরা দুইজনে পৃথক্ পৃথক্ কোন স্থানেই যাইতে পারিতেছি না। অতএব তুমি যদি আমাকে স্কন্ধে কর তাহা হইলে আমি তোমাকে পথ দেখাইয়া, তুমি যে স্থানে যাইতে ইচ্ছা কর, লইয়া যাইতে পারি, এবং আমিও তোমার সাহায্যে ইচ্ছানুরূপ বিচরণ করিতে পারি। এই প্রস্তাব শুনিয়া অন্ধ অতিশয় আনন্দিত হইল, এবং তদবধি অন্ধ পঙ্গুর চক্ষুর সাহায্য পাইয়া এবং পঙ্গু অন্ধের গতিশক্তির সাহায্যে প্রত্যেকের ইচ্ছানুরূপ সমস্ত কার্য্যাদি অক্লেশে সম্পন্ন করিতে লাগিল। এই গল্পের তাৎপর্য্য এই যে যে কার্য্য দুইজনে পৃথক্ পৃথক্ ভাবে কার্য্য করিয়া কখনই সম্পন্ন করিতে পারা যায় না সেই কার্য্য দুইজনে মিলিত হইয়া করিলে অনায়াসে এবং অক্লেশে সম্পন্ন করা যাইতে পারে।

৩। অন্ধপরম্পরা ন্যায়—

শ্রেণীবদ্ধ অন্ধদের মধ্যে যদি এক অন্ধ গর্ত্তে পড়ে, তবে সকলেই জড়াজড়ি করিয়া তাহাতেই পড়ে।

৪। অন্ধহস্তি ন্যায়—

একদা কতকগুলি অন্ধ, হস্তী কি প্রকার জানিবার নিমিত্ত রাজার পশুশালায় প্রবেশ করিল। পশুশালায় প্রবেশানন্তর, তাহাদের মধ্যে একজন তত্রস্থ কোন কর্ম্মচারীকে সম্বোধন করিয়া বলিল "মহাশয় আমাদিগের হস্তী কি প্রকার জন্তু জানিবার নিমিত্ত অত্যন্ত বাসনা হইয়াছে। যে স্থানে হস্তী আছে সেই স্থানে যদি আপনি অনুগ্রহ পূর্ব্বক আমাদিগকে লইয়া যান তাহা হইলে আমাদিগের মনোরথ সফল হয়।" অনন্তর সেই কর্ম্মচারী সেই অন্ধদিগকে একটী হস্তীর সমীপে আনয়ন করিয়া বলিলেন "এই স্থানে হস্তী আছে তোমরা সকলে স্পর্শ দ্বারা হস্তী নিরূপণ কর।" তদনুসারে অন্ধগণ সকলেই এককালীন হস্তীর প্রকাণ্ড মূর্ত্তির ভিন্ন ভিন্ন প্রদেশ স্পর্শ করিল। যে হস্তীর পাদস্পর্শ করিল সে মনে করিল যে হস্তী স্তম্ভের ন্যায়; যে শুণ্ডদেশ স্পর্শ করিল সে মনে করিল যে হস্তী সর্পের ন্যায়; যে লাঙ্গুল স্পর্শ করিল সে মনে করিল যে হস্তী রজ্জুর ন্যায়। এই রূপ যে অন্ধ হস্তীর যে অংশ স্পর্শ করিল সে তাহাকে তদ্রূপ মনে করিল। বৈদান্তিকেরা উল্লিখিত দৃষ্টান্ত দ্বারা এই প্রতিপন্ন করেন যে, সাঙ্খ্য, পাতঞ্জল, বৈশেষিক, মীমাংসক প্রভৃতি দার্শনিকেরা জগতের কারণ ভিন্ন ভিন্নরূপে নির্দ্দেশ করিয়া থাকেন। কিন্তু বাস্তবিক সেই সমস্ত কারণগুলির প্রত্যেকেই জগৎ কারণ বিশ্বব্যাপী জগদীশ্বরের অনন্ত অবয়বের অংশ মাত্র।

৫। অর্দ্ধজরতীয় ন্যায়—

একটী বৃদ্ধ নৈয়ায়িকের একটী দুগ্ধবতী গাভী ছিল। কোন সময়ে তিনি আপনার পীড়া বশতঃ বিদায় বার্ষিকাদি সংগ্রহ করিতে না পারিয়া মনে মনে এই স্থির করিলেন যে আপাততঃ এই গাভীটী বিক্রয় করিয়া কিছুদিন সংসার যাত্রা নির্ব্বাহ করি পরে পীড়া আরোগ্য হইলে বার্ষিকাদি সংগ্রহ পূর্ব্বক আর একটী গাভী ক্রয় করিব। এই স্থিরকরিয়া ব্রাহ্মণ আপনার গাভীটী বিক্রয়ার্থ গ্রামের নিকটবর্ত্তী একটী গো-বিক্রয় স্থানে লইয়া গেল। গোরুটী দেখিয়া একজন ক্রেতা ব্রাহ্মণকে তাঁহার গরুর কত বয়স জিজ্ঞাসা করিল। ব্রাহ্মণের বুদ্ধি নব্য ন্যায়শাস্ত্রের আলোচনায় অত্যন্ত মার্জ্জিত

ছিল। তিনি মনে মনে এইরূপ বিচার করিতে লাগিলেন যে, আমি শ্রাদ্ধাদির উপলক্ষে যে সভাতে গমন করি, সেই সভাতেই সকলেই আমাকে বৃদ্ধ বলিয়া অন্য অপেক্ষা অধিক মান্য করে, এবং বিদায়কালীন অন্যান্য পণ্ডিত অপেক্ষা আমি অধিক পরিমাণে অর্থ প্রাপ্ত হইয়া থাকি। অতএব যদি মনুষ্য বার্দ্ধক্য প্রযুক্ত অন্য অপেক্ষা অধিক আদর এবং অধিক অর্থের পাত্র হয় তাহা হইলে গরু কেন না হইবে? এই সিদ্ধান্ত করিয়া ন্যায়রত্ন মহাশয় উল্লিখিত ক্রেতাকে বলিলেন "বাপুহে গাভীটী দেখিতে অল্পবয়স্ক এবং সকৃৎপ্রসূতা বোধ হয়। কিন্তু বাস্তবিক তাহা নহে। উহার বয়স অত্যন্ত অধিক হইয়াছে। আমার পিতামহ তাঁহার মাতামহের নিকট হইতে এই গরুটী প্রাপ্ত হন।" ক্রেতা এই বাক্য শুনিয়া প্রস্থান করিল। এইরূপে সমস্ত ক্রেতাই গরুর বয়স অধিক হইয়াছে শুনিয়া প্রস্থান করিল, কেহই গরুটী ক্রয় করিল না। অনন্তর ব্রাহ্মণ গোবিক্রয়ে হতাশ্বাস হইয়া বিষন্ন বদনে গরুটী সঙ্গে করিয়া বাটী প্রত্যাগমন করিতেছেন, এমন সময়ে পথিমধ্যে একটী ভদ্রলোক ব্রাহ্মণকে সম্বোধন করিয়া বলিলেন "মহাশয়! অদ্যকার হাটে সমস্ত গুরুগুলিই বিক্রয় হইয়া গিয়াছে। আপনার এই সুন্দর গাভীটী বিক্রয় হইল না কেন?" ব্রাহ্মণ আদ্যোপান্ত সমস্ত বৃত্তান্ত প্রকাশ করিলে পর ঐ ব্যক্তি একটু হাস্য করিয়া কহিলেন. "বৃদ্ধা গাভী কেহই ক্রয় করে না। আপনি যদি গরুটীর বয়স অল্প বলিতেন তাহা হইলে অদ্য এই গরুটী বিক্রয় করিতে পারিতেন"। এই কথা শুনিয়া ব্রাহ্মণ স্থির করিল যে আগামী হাটবারে পুনরায় গাভীটী বিক্রয় করিতে লইয়া যাইব এবং কেহ ইহার বয়স জিজ্ঞাসা করিলে অল্প বলিব। অনন্তর হাটবার উপস্থিত হইলে ব্রাহ্মণ গাভী পুনরায় হাটে লইয়া গেল এবং পূর্ব্বে যে সমস্ত ব্যক্তি ব্রাহ্মণের নিকট হইতে গরুটী ক্রয় করিতে আসিয়াছিল। দৈব ক্রমে তাহাদের মধ্যে একজন পুনরায় ব্রাহ্মণের নিকট আসিয়া গরুর বয়স জিজ্ঞাসা করাতে ব্রাহ্মণ কহিলেন যে ইহার বয়স অত্যন্ত অল্প এবং ইহা একবার মাত্র প্রসব হইয়াছে। পূর্ব্ব দিবসে ব্রাহ্মণ এই ব্যক্তিকে গাভী সম্বন্ধে যাহা বলিয়াছিল তাহা তাহার মনে থাকাতে সে কিঞ্চিৎ উপহাস করিয়া ব্রাহ্মণকে কহিল "মহাশয় আপনি ব্রাহ্মণ এবং মৃত্যুকাল আসন্নবর্ত্তী আপনি সামান্য বিষয়ের জন্য আমার নিকট, মিথ্যা কথা কহিতেছেন কেন? আপনিই না সে দিন গরুটী বৃদ্ধা বলিয়াছিলেন?" ব্রাহ্মণ কিঞ্চিৎ অপ্রতিভ হইল এবং পরক্ষণেই উত্তর করিল "হাঁ বাবু বলিয়াছিলাম এবং এখনও বলিতেছি" ক্রেতা জিজ্ঞাসা করিল "একটী গাভী কি বৃদ্ধা ও তরুণী উভয়ই হইতে পারে?" পূর্ব্বেই বলা হইয়াছে যে ব্রাহ্মণ ন্যায়শাস্ত্রে সুপণ্ডিত। তিনি হাটে গরু বিক্রয় করিতে আসিয়া ন্যায়শাস্ত্রের শ্রাদ্ধ আরম্ভ করতঃ কহিলেন "বাপুহে আমাদের শাস্ত্রে আত্মাকে পুরাতন পুরুষ বলিয়া শাস্ত্রকারেরা বর্ণনা করিয়া থাকেন। গোশব্দ দ্বারা গোদেহাবচ্ছিন্ন গো আত্মা বুঝায়, অর্থাৎ গোদেহ এবং গোদেহস্থ আত্মা এই উভয়ের সমষ্টি গো শব্দে অভিহিত হয়। আমার এই গাভীটী আত্মাবচ্ছেদে জরতী এবং দেহাবচ্ছেদে তরুণী অর্থাৎ এইটী অর্দ্ধজরতী এবং অর্দ্ধ তরুণী। অতএব

পূর্ব্ব দিবস তোমাকে যে গরুটী বৃদ্ধা বলিয়াছিলাম তাহা মিথ্যা নহে।”

৬। উষ্ট্রকণ্টকভোজন ন্যায়—

উষ্ট্র সমীবৃক্ষের সুকোমল পত্র ভক্ষণের আশায় কণ্টক দ্বারা ক্ষতবিক্ষতাঙ্গ হইলেও তাহারদিকে দৃক্‌পাত করে না। পৃথিবীতে পূর্ব্বে দুঃখভোগ না করিলে মুহূর্ত্তমাত্রের জন্যও সুখলাভ হয় না। বেদান্তশঙ্কর ভাষ্য টীকা।

৭। কদম্ব গোলকন্যায়—

কদম্ব পুষ্প কোরকাবস্থায় যেরূপ গোলাকার থাকে, সম্পূর্ণ প্রস্ফুটিত হইলেও তাহার ব্যত্যয় ঘটেনা অর্থাৎ পুষ্পের আকৃতির সহিত কেশররাজিও তদনুসারে বর্দ্ধিত হইয়া বর্ত্তুলত্বকে অক্ষত রাখে। ভাষা পরিচ্ছেদাদিতে ইহার উল্লেখ দেখিতে পাওয়া যায়।

৮। করকঙ্কণ ন্যায়—

শুদ্ধ কঙ্কণ শব্দ দ্বারাই হস্তের আভরণ বিশেষ প্রতীত হইলেও কর শব্দ পূর্ব্বে থাকাতে করসংযুক্ত কঙ্কণের উপলব্ধি হয়। কাব্যপ্রকাশ টীকাদি।

৯। কাকাক্ষি গোলক ন্যায়—

কাকের একমাত্র চক্ষুর্গোলক উভয় চক্ষুর কার্য্য করে।

১০। কাকতালীয় ন্যায়—

পক্কতালোপরিস্থ কাক উড়িয়া যাইবামাত্র যদি তৎকালেই পক্কতাল পতিত হয়, তবে লোকে বলে কাকে তাল ফেলিয়া দিয়াছে কিন্তু বাস্তবিক তাহা নহে, সুপক্ক তালের পতনসময় হওয়াতেই তাহা পতিত হইয়াছে। তালপতনের প্রতি কাকের বাস্তবিক কারণতা না থাকিলেও আপাততঃ কাককেই কারণ বোধ হইতেছে। যে যে স্থলে এইরূপ ঘটনা হয় অর্থাৎ কারণ ভিন্ন অন্যকে কোন কার্য্যের কারণ বলিয়া ভ্রম হয়, সেই সকল স্থলে “কাকতালীয় ন্যায়” ঘটিয়া থাকে।

১১। কূর্ম্মাঙ্গন্যায়—

কূর্ম্ম যেরূপ স্বেচ্ছাক্রমে স্বীয় শরীরকে প্রসারিত বা বিস্তীর্ণ করে অর্থাৎ কখন শরীকে অন্তর্নিবিষ্ট কখন বা বহির্নিষ্কাশিত করে সেইরূপ।

১২। কৈমুতিকন্যায়—

যে ভার দুর্ব্বল ব্যক্তি বহন করিতে সমর্থ সে ভার যে বলবান্ ব্যক্তি বহন করিতে পারিবে তাহাতে আর সংশয় নাই, অর্থাৎ এই বিষয় প্রতিপন্ন করিবার নিমিত্ত প্রামাণান্তরের অপেক্ষা করে না।

১৩। খলেকপোতিকা ন্যায়—

বৃদ্ধ, যুবা, শিশু, সর্ব্বপ্রকার কপোত সকল যেমন এক সময়ে একখলে পতিত হয় সেইরূপ সকল পদার্থই এককালে পরস্পরের সহিত অন্বয় বিশিষ্ট হয়।

১৪। গঙ্গাস্রোতো ন্যায়—

গঙ্গার স্রোতঃ যেমন একাদিক্রমেই চলিতেছে, একবারও বিরাম নাই তদ্রূপ।

১৫। গতানুগতিক ন্যায়—

কতকগুলি ব্রাহ্মণ তর্পণের কোশা তটে রাখিয়া গঙ্গায় অবগাহন করেন। স্নান করিয়া যখন তর্পণের নিমিত্ত কোশা লন, তখন কে কাহার কোশা লন নিশ্চয় থাকে না, এইরূপে কোশা বদল প্রায় প্রত্যহ হয়। এক দিবস এক বৃদ্ধ ব্রাহ্মণ ঐরূপ বিনিময় হয় দেখিয়া নিজ কোশাতে একটি বালুকাপিণ্ড রাখিয়া স্নানার্থ গমন করিলেন। অন্যান্য ব্রাহ্মণেরাও দেখাদেখি নিজ নিজ কোশাতে

বালির ডেলা রাখিয়া অবগাহন করিতে গেলেন। পরে ঐ বৃদ্ধব্রাহ্মণ আসিয়া দেখেন যে, সকল কোশাই এক চিহ্নে চিহ্নিত। ইহাতে বৃদ্ধ হাস্য করিয়া কহিলেন আহা এ বড় আশ্চর্য্য! সকল লোকই গতানুগতিক অর্থাৎ দেখাদেখি কর্ম্ম করে, বস্তুতঃ যাথার্থ্য কেহ বিবেচনা করে না। যদি বুদ্ধিপূর্ব্বক করিত তবে একাকার চিহ্ন দিত না।

১৬। গড্ডলিকাপ্রবাহ ন্যায়—

পালের মধ্য হইতে যদি একটি গড্ডলিকা জলে পড়ে, তবে সকল গুলিই জলে পড়ে, এইরূপে একজন প্রধান ব্যক্তি যে কার্য্য করেন অন্য ব্যক্তিরাও প্রধান বলিয়া দৃষ্টান্ত অনুসারে সেই কার্য্য করিয়া থাকে। কার্য্যটী করা উচিত কি না কেহই বিবেচনা করেনা।

১৭। গুড়জিহ্বিকা ন্যায়—

গুড় ও জিহ্বার সম্বন্ধ রসাস্বাদন মাত্র।

১৮। গোবলীবর্দ্দন্যায়—

বলীবর্দ্দ শব্দ দ্বারা মহোক্ষ শব্দের প্রতীতি হইলেও গোশব্দ পূর্ব্বে থাকাতে ইহার মহাবৃষভ রূপ অর্থ শীঘ্র অর্থাৎ শ্রবণমাত্রেই বোধগম্য হইতেছে।

১৯। চালনী ন্যায়—

যেরূপ চালনী দ্বারা তণ্ডুলাদি একস্থানে পতিতহয় ও তুষ ও অন্যান্য পদার্থ স্থানান্তরে পতিত হয় সেইরূপ। অর্থাৎ যে স্থলে উৎকৃষ্টাপকৃষ্টের সমবায় হইতে উৎকৃষ্টাংশ বাছিয়া লওয়া হয় সেইস্থলে এইন্যায়।

২০। দগ্ধপত্র ন্যায়—

পত্র সকল দগ্ধ হইয়া গেলে যেরূপ তাহারা ভস্মময় পূর্ব্বাকার দ্বারা অবস্থান জ্ঞানমাত্র উৎপাদনকরে, কিন্তু বাস্তবিক তাহাদের পত্রত্ব থাকে না; সেইরূপ।

২১। দণ্ডচক্রাদি ন্যায়—

এক ধর্ম্মাবচ্ছিন্ন ঘটত্বাদির প্রতি দণ্ডচক্রাদির যেরূপ কারণত্ব আছে, সেইরূপ।

২২। দণ্ডাপূপ ন্যায়—

পিষ্টকসংলগ্ন দণ্ডের একদেশ যদি ইন্দুরে খাইয়াছে দেখা যায়, তবে অবশ্যই বোধ হইবে যে, পিষ্টকখানিও তৎকর্তৃক ভক্ষিত হইয়াছে। দুরূহ কার্য্যের সিদ্ধি দেখিলে সুকর কার্য্যের সমাধান স্বতই অনুমেয়হয়, ইহাই দণ্ডাপূপন্যায়।

২৩। দশম ন্যায়।

দশজন ব্যক্তি একত্রে কোন দেশে গমন করিতেছিল। পথিমধ্যে তাহারা এক নদী পার হইল, এবং অপর পারে উত্তীর্ণ হইয়া তাহাদের মধ্যে একজন, সকলে এ পারে আসিয়াছে কি না, জানিবার জন্য আপনাদের দলের লোক-সংখ্যা গণনা করিয়া দেখিল যে সর্ব্বসমেত নয় জন এ পারে আসিয়াছে এমতে সে দলস্থ লোকদিগকে বলিল যে তাহারা তাহাদের দলের একটী লোককে নদীর অপর পারে পরিত্যাগ করিয়া আসিয়াছে। এই কথা শুনিয়া সকলেই ব্যাকুল হইল এবং, গণনাকারী গুণিতে ভুলিয়াছে মনে করিয়া, সকলেই আপনাকে গণনা না করিয়া অবশিষ্ট দশ জনকে গণনা করিয়া দেখিল যে সত্য সত্যই তাহাদের দলস্থ এক ব্যক্তি অপর পারে আছে। সকলেই নিতান্ত ব্যাকুল হইয়া বিষণ্ণ বদনে নদী তীরে বসিয়া আছে, এমন সময়ে এক ব্যক্তি তাহাদের চিন্তার কারণ জানিতে পারিয়া গণনা করতঃ দেখিলেন যে তাহাদের দশ জনই এ পারে আসিয়াছে এবং পরক্ষণেই তাহাদিগকে বলিলেন যে তাহারা সকলেই আপনাকে দশ জনের মধ্যে গণনা না

করাতে তাহাদিগের ঐরূপ ভ্রান্তি জন্মিয়াছে।

২৪। নষ্টাশ্বদগ্ধরথন্যায়—

দুই জন রথে চড়িয়া এক বনের মধ্যে প্রবেশ করিল। দৈবাৎ সেই কাননে দাবানল দ্বারা এক ব্যক্তির রথ এবং অপর ব্যক্তির অশ্ব পুড়িয়া গেল। অনন্তর উভয়ে পরামর্শ করিয়া একজনের রথেতে অন্যের অশ্ব যোজনা করিয়া অক্লেশে গন্তব্য স্থানে গমন করিল। ইহার তাৎপর্য্য এই যে, মনুষ্য আপনার ধর্ম্মরথে গুরুদত্ত জ্ঞানঘোটক সংযোজন করিয়া অনায়াসেই ধার্ম্মিকজনবাঞ্ছিত হরিচরণকমলে আশ্রয় গ্রহণ করিতে পারে।

২৫। পঙ্কপ্রক্ষালন ন্যায়—

গাত্রলিপ্ত পঙ্ক প্রক্ষালন করা অপেক্ষা যাহাতে পঙ্ক গাত্রে না লাগে তদ্বিষয়ে সতর্ক থাকা কর্ত্তব্য। বিপদ্ উপস্থিত হইলে তখন তাহার প্রতিকার করা যাইবে এই বুদ্ধি পরিত্যাগ করিয়া বিপদ্ যাহাতে আসিতে না পারে তদ্বিষয়ে অবহিত থাকা উচিত।

২৬। বকাণ্ডপ্রত্যশা ন্যায়—

নদীতীরবর্ত্তী মৎস্যাকাঙ্ক্ষী বকসমূহ বৃষ সকলের লম্বমান অণ্ডকোষদ্বয়কে সফরী মৎস্য জ্ঞান করতঃ অণ্ডকোষ খসিয়া পড়িলেই খাইবে এই প্রত্যাশাতে নদীতট ত্যাগ করিয়া বৃষভের পশ্চাৎ পশ্চাৎ গমন করে। অসম্ভাবিত দৃঢ়তর দুরাশাতে বদ্ধ হইয়া বৃষপদাঘাতে বরং নষ্ট হয় তথাপি বৃষের পশ্চাৎ গমন করিতে ছাড়ে না। এ কথার তাৎপর্য্য এই—এ জীবলোক পরমেশ্বরের উপাসনা ত্যাগ করিয়া এতাদৃশ বকাণ্ড প্রত্যাশারূপ বিষয়-প্রত্যাশাতে নষ্ট হইতেছে।

২৭। বীচিতরঙ্গ ন্যায়—

যেমন বায়ুহেতু জলাভিঘাতে ভিন্ন ভিন্ন সূক্ষ্ম ক্ষণে পরপর উত্তোলিত কিঞ্চিৎ কিঞ্চিৎ জলসমুদায় একৈক তরঙ্গ রূপে আবির্ভূত হয়, তেমনি কোষ্ঠস্থ বায়ু কণ্ঠতাল্বাদিস্থানাভিঘাতে পৃথক্ পৃথক ক্ষণে উত্তরোত্তর উচ্চারিত বর্ণ সমুদায় একৈক পদরূপে প্রকাশ পায়। ইহাকেই বীচিতরঙ্গ ন্যায়ে শব্দোৎপত্তি করিয়া ন্যায়শাস্ত্রকারেরা কহিয়াছেন।

২৮। বীজাঙ্কুরন্যায়—

বীজ হইতে অঙ্কুর উৎপন্ন হয়, সেই অঙ্কুর হইতে বৃক্ষাদি জন্মে, বৃক্ষ হইতে ফল জন্মে, এবং সেই ফল হইতে বীজ উৎপন্ন হয়। অগ্রে বীজ উৎপন্ন হইয়াছে কি অগ্রে অঙ্কুর উৎপন্ন হইয়াছে? এই প্রশ্ন নির্ণয় করা যায় না কারণ অঙ্কুর বীজ সাপেক্ষ, এবং বীজ ও অঙ্কুর সাপেক্ষ।

২৯। মণিমন্ত্রাদি ন্যায়—

জলের দ্বারা অগ্নি নির্ব্বাণ করা যায়। অতএব ইহা সহজেই প্রতিপন্ন হইতেছে যে জল দাহের প্রতিবন্ধক। মণিমন্ত্রাদি দ্বারা অগ্নি নির্ব্বাণ করা যায় না বটে কিন্তু তাহাদিগের এমত একটী শক্তি আছে যদ্দ্বারা অগ্নির দাহানুকূলা শক্তি বিনাশ করা যাইতে পারে।

৩০। মণ্ডূকপ্লুত ন্যায়—

(মণ্ডুক ভেক। প্লুত লাফিয়া লাফিয়া গমন) মণ্ডুক যেরূপ লাফিয়া লাফিয়া গমন করে, সেইরূপ।

৩১। রাজপুর প্রবেশ ন্যায়—

রাজার পুরী দর্শনোৎসুক লোকদিগের বিশৃঙ্খল গমন নিবারণার্থ রাজভবনের চতুর্দ্দিকে প্রহরী নিযুক্ত থাকিত। কেহ

নির্দ্দিষ্ট পথ অতিক্রম করিয়া বিশৃঙ্খল ভাবে গমন করিলে প্রহরীরা তৎক্ষণাৎ তাহাকে সমুচিত দণ্ড প্রদান করিত। এই নিমিত্ত দর্শকদিগকে রাজার পুরী মধ্যে শ্রেণীবদ্ধ হইয়া অতি সতর্কতার সহিত প্রবেশ করিতে হইত।

৩২। লূতাতন্তু ন্যায়—

লূতা স্বদেহ নিঃসৃত রস দ্বারা তন্তু নির্ম্মাণ করতঃ সেই তন্তুদ্বারা একটী বৃহদাকার জাল রচনা করে। কিছু কাল সেইজালে বাস করিয়া পশ্চাৎ আপনিই সেইজাল হরণ করে। বৈদান্তিকেরা উল্লিখিত দৃষ্টান্তদ্বারা এই প্রতিপন্ন করেন যে জগৎকারণ জগদীশ্বর মায়াবলে স্বদেহ হইতে এই জগৎ সৃষ্টি করিয়াছেন। যতকাল এই জগৎ থাকিবে ততকাল তিনি এই জগতের সর্ব্বস্থানেই বিদ্যমান থাকিবেন। কিছুকাল পরে তিনি নিজনির্ম্মিত অসীম কৌশলসমন্বিত এই জগৎ ধ্বংস করিবেন, এবং সমস্ত ব্রহ্মাণ্ডই প্রলয় কালে তাঁহার অনন্ত শরীরে বিলীন হইবে।

৩৩। শঙ্খবেলা ন্যায়—

যেমন কোন ব্যক্তি শঙ্খ শব্দ দ্বারা বেলা বিশেষ নির্ণয় করে, সেইরূপ।

৩৫। শৃঙ্গগ্রাহিতা ন্যায়—

দুর্দ্ধর্ষ বৃষভাদির কৌশল পূর্ব্বক প্রথমতঃ একটি শৃঙ্গ ধরিয়া পশ্চাৎ অপর শৃঙ্গ ধরিতে হয়।

৩৪। শতপত্র ভেদ ন্যায়—

পদ্মের শতদল আছে। সূচীদ্বারা একটী পদ্মকে ভেদ করিলে আপাততঃ প্রতীতি হইবে যে শতদলই এক কালেই ভিন্ন হইতেছে। কিন্তু একটু বিবেচনা করিয়া দেখিলে জানাযায় যেঐপ্রতীতি ভ্রমমূলক, কারণ একটীমাত্র সূচী এক সময়ে কখন শতপত্রকে ভেদ করিতে পারেনা। পদ্মপত্রের কোমলতা প্রযুক্ত পদ্মের শতদল ভেদ করিতে অতি স্বল্প সময় আবশ্যক করে; এবং সেই জন্যই ঐরূপ ভ্রান্তিমূলক প্রতীতি জন্মে। বস্তুতঃ ভেদকালীন একটী পত্রের ভেদের পর তন্নিম্নস্থ অন্য একটী পত্র ভিন্ন হইয়া থাকে।

৩৫। সর্ব্বাপেক্ষা ন্যায়—

বহু নিমন্ত্রিতের মধ্যে এক জন আগমন করিলে যেমন সকলের অগ্রে তাঁহাকে ভোজন করান যায় না, সকলের অপেক্ষা করিতে হয়, তদ্রূপ।

৩৬। সিংহাবলোকন ন্যায়।—

সিংহ যেমন সন্নিহিত পদার্থ অবলোকন না করিয়া দূরস্থিত বস্তু দর্শন করে, সেইরূপ।

৩৭। সূচীকটাহ ন্যায়—

এক ব্যক্তি কোন কর্ম্মকারের বাটীতে যাইয়া তাহাকে একখানি কটাহ নির্ম্মাণ করিতে বলিল। তাহার অব্যবহিত পরেই অন্য একব্যক্তি যাইয়া তাহাকে একটী সূচী নির্ম্মাণ করিতে আদেশ করিল। কর্ম্মকার প্রথম ব্যক্তিকে অল্পক্ষণ অপেক্ষা করিতে অনুরোধ করিয়া, প্রথমে দ্বিতীয় ব্যক্তির সূচী নির্ম্মাণ করিল, এবং পশ্চাতে প্রথম ব্যক্তিকে একখানি কটাহ নির্ম্মাণ করিয়াদিল। এইগল্পের তাৎপর্য্য এই যে, বহুকালসাধ্য কর্ম্ম পরিত্যাগ পূর্ব্বক অল্পকালসাধ্য এবং অল্প পরিশ্রম সাপেক্ষ কর্ম্ম সম্পন্ন করিয়া পশ্চাৎ বহুকাল সাধ্য কর্ম্মকরিলে লোকের নিকট নিন্দনীয় হইতে হয় না।

৩৮। স্থবিরলগুড় ন্যায়—

বৃদ্ধের হস্তস্থ যষ্টি যেমন কখন লক্ষ্যস্থানে পড়ে, কখন বা নাও পড়ে, তদ্রূপ।

ন্যায়পরতা, (ন্যায়পর—তা—ভাবে) সং, স্ত্রীং, যে বৃত্তিদ্বারা যাথার্থ্যের নিরূপণ করাযায়।

ন্যায়সারী, (ন্যায়সারিন্, ন্যায়—সৃ= গমনকরা+ণিন্—ক) বিং, ত্রিং, যুক্তিপূর্ব্বক কর্ম্মকারী, যে পরামর্শ করিয়া কার্য্য করে।

ন্যায়ী, (ন্যায়িন্, ন্যায়+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ন্যায়পর, ন্যায়বান্।

ন্যায্য, (ন্যায়+য—অনপেতার্থে) বিং ত্রিং, যথার্থ, উচিত। যোগ্য।
"সেয়ং স্বদেহার্পণনিষ্ক্রয়েণ ন্যায্যা ময়া মোচয়িতুং ভবত্তঃ" রঘুবংশ।

ন্যাস, (নি—অস্=ক্ষেপণকরা+ঘঞ্—ভা) সং, পুং, নিক্ষেপ। গচ্ছিত করণ। বিন্যাস, রাখা। অর্পণ। গচ্ছিত দ্রব্য। ত্যাগ। নাসিকা ধরিয়া নিশ্বাসের পূরণ স্থিরীকরণ ও রেচনপূর্ব্বক মন্ত্রপ্রয়োগ। বৃত্তিব্যাখ্যান গ্রন্থবিশেষ।

ন্যুঙ্খ, (নি—উন্খ্=গমনকরা+অল্—প্রং) বিং, ত্রিং, সুন্দর, মনোহর। সং, পুং, সামবেদের অঙ্গভূত প্রণবষট্ক।

ন্যুব্জ, (নি=না—উব্জ্=ঋজু হওয়া+অল্—প্রং) বিং, ত্রিং, বক্র, কুব্জ। অবাঙ্মুখ,অধোমুখ,উপুড়। সং, পুং,হাতা। গোলবস্তুর বহির্ভাগ (Convex) ক্লীং, কামরাঙ্গা ফল।

ন্যূন,(নি—উন্=কম হওয়া+অল্—প্রং) বিং, ত্রিং, কম, অল্প, ক্ষুদ্র। নীচ।

ন্যূনতা, (ন্যূন+তা—ভাবে) সং, স্ত্রীং, অল্পতা। ক্ষুদ্রত্ব, নীচতা। ''বং., পিত্রা সমুপাত্তানি ধনবীর্য্যযশাংসি বৈ। ন্যূনতাংনয়তি প্রাজ্ঞাস্তমাহুঃ পুরুষাধমম্॥"

নৃস্থিমালী, (নৃস্থিমালিন্, নৃ=মনুষ্য—অস্থি=হাড়—মালা+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, শিব। বিং, ত্রিং, নরাস্থিমালাধারী, যে মনুষ্যের অস্থিনির্ম্মিত মালা ধারণ করে।

প

প, বাঙ্গা বর্ণের একবিংশ বর্ণ। (পা= পালনকরা, পানকরা+—ড—প্রং) সং,পুং, রাজপুত্র। শাস্তা। অণ্ড। বায়ু। পান। পত্র। বিং, ত্রিং, যে পালনকরে, যে পানকরে (ইহা কোন শব্দের পর প্রযুক্ত হয়, যথা—দ্বিপ, মধুপ, নৃপ, ক্ষিতিপ ইত্যাদি)।

পইঠা. পৈঠা (দেশজ) সং, সিঁড়ি,ধাপ।

পঁহুছন, (দেশজ) সং, আগমন, উত্তরণ।

পঁইত্রিশ (পঞ্চত্রিংশৎ শব্দজ) বিং, সঙ্খ্যাবিশেষ, ৩৫।

পঁচাত্তর, (পঞ্চসপ্ততি শব্দজ) বিং, সঙ্খ্যাবিশেষ, ৭৫।

পঁচানব্বই, (পঞ্চনবতি শব্দজ) বিং, সঙ্খ্যাবিশেষ, ৯৫।

পঁচাশী, (পঞ্চাশীতি শব্দজ) বিং,সঙ্খ্যাবিশেষ, ৮৫।

পঁচিশ, (পঞ্চবিংশতি শব্দজ) বিং, সঙ্খ্যাবিশেষ, ২৫।

পঁয়তাল্লিশ, (পঞ্চচত্বারিংশৎ শব্দজ) বিং, সঙ্খ্যাবিশেষ, ৪৫।

পঁয়ষট্টি, (পঞ্চষষ্টি শব্দজ) বিং, সঙ্খ্যাবিশেষ, ৬৫।

পক্কণ, (পক্ [পচ্=পাককরা+ক্বিপ্—র্ম্ম]=পচ্যমান—কণ=ধান্যাদির অংশ, ৭মী—হিং। অথবা পচ্=পাককরা+কণ—প্রং, চ,স্থানে ক) সং, পুং, চণ্ডালালয়, শবরগৃহ, ব্যাধদিগের ভবন।

পক্তা, (পক্তৃ, পচ্=পাককরা+তৃন্—ক) বিং, ত্রিং, পাককর্ত্তা, পাচক,

পক্তি,(পচ্=পাপকরা+ক্তি—ভা) সং, স্ত্রীং, পাক, রন্ধন। পাকা।

পক্ত্রিম, (পচ্—পাককরা+ত্রিমক্—প্রং) উৎপন্ন। বিং, ত্রিং, পরিপাক দ্বারা উৎপন্ন, পাকিম।

পক্ব, (পচ্=পাককরা+ক্ত—র্ম্ম, তস্যব) বিং, ত্রিং, পরিণত, পাকা। পাকনিষ্পন্ন। দৃঢ়। বিনাশোন্মুখ। সিদ্ধ। নিষ্ঠাপ্রাপ্ত। প্রত্যাসন্ন। বিনষ্ট। পূর্ণ, যাহা পূর্ণতা প্রাপ্ত হইয়াছে। নিপুণ.

কার্য্যদক্ষ। অভিজ্ঞ।

পক্বকৃৎ, (পক্ব—কৃৎ=যে করে) বিং, ত্রিং, পাচক, যে পাক করে। সং, পুং, নিম্ব-বৃক্ষ। নিম্বপত্র স্ফোটকাদি পাকাইবার নিমিত্ত ব্যবহৃত হয় বলিয়া ইহার নাম পক্বকৃৎ হইয়াছে।

পক্ববারি, (পক্ব=পাকনিষ্পন্ন,সিদ্ধ—বারি =জল) সং, ক্লীং, কাঁজি, আমানি। গরম জল। বাষ্পোদ্ভূত জল (Distilled water) [মদ্য।

পক্বরস, (পক্ব—রস) সং, পুং, মদিরা,

পক্বান্ন, (পক্ব—অন্ন) সং, ক্লীং, কৃতপাক অন্ন, ভক্ত, ভাত। মিষ্টান্নদ্রব্যবিশেষ।

পক্বাশয়, (পক্ব—আশয়=আধার) সং,পুং, নাভিদেশের অধোভাগ (Abdomen) উদর। [স্ত্রীং, দগ্ধ-ইষ্টক, ঝাঁমা।

পক্বেষ্টিকা, (পক্ব—ইষ্টিকা=ইঁট) সং,

পক্ষ, (পক্ষ্=পরিগ্রহ করা+অল্—প্রং, অথবা পণ=ব্যবহার করা, দ্রব্যাদি ক্রয়-বিক্রয় করা+স। ণ=ক) সং, পুং, শুক্ল বা কৃষ্ণ প্রতিপদ্ হইতে পূর্ণিমা বা অমাবস্যা পর্য্যন্ত। পক্ষীর ডানা। পিচ্ছ। বাণের পাখা। বর্গ। সহায়। সখা। পার্শ্ব। সৈন্য। গৃহ। ভিত্তি।মত। প্রত্যুত্তর। সাধ্য। তর্ক। জাতি। চুল্লী-রন্ধ্র। রাজহস্তী।। (কেশাদি শব্দের পরে বসিলে) সমূহ ; যথা-কেশপক্ষ ইত্যাদি। পক্ষী। বলয়। বিশুদ্ধতা, পবিত্রতা। শরীরের প্রত্যঙ্গ, হস্তপদাদি। লেজ। অনুমেয় বস্তুর আধার যথা "পর্ব্বতো বহ্নিমান্ ধূমাৎ" এই উদাহরণে অনুমেয় বস্তু অগ্নির আধার পর্ব্বতকে পক্ষ বলা যায় "বিষাধয়িষয়া শূন্যা সিদ্ধির্যত্র ন বিদ্যতে, স পক্ষঃ" ভাষাপরিচ্ছেদ।

পক্ষক, (পক্ষ+ক—যোগ) সং, পুং,পক্ষ-দ্বার, খিড়্কীদ্বার। পার্শ্ব। সহায়।

পক্ষচর, (পক্ষ=অর্দ্ধমাস—চর=যে গমন করে) সং, পুং, চন্দ্র। হস্তী, পৃথক্‌চারী গজ। কিঙ্কর। সহচর।

পক্ষজ, পক্ষজন্মা, (পক্ষজন্মন্, পক্ষ= অর্দ্ধমাস—জ=জাত। পক্ষ অর্দ্ধমাস— জন্মন্=জন্ম) সং, পুং, চন্দ্র। বিং, ত্রিং, পক্ষজাত।

পক্ষতা, (পক্ষ+তা—ভাবে) সং, স্ত্রীং, সাধ্যবত্তা। পক্ষধর্ম্ম। "ষিষাধয়িষাবি-রহবিশিষ্টায়াঃ সিদ্ধেরভাবঃ পক্ষতা" সিদ্ধান্তমুক্তাবলী।

পক্ষতি, (পক্ষ+তি—মূলার্থে) সং, স্ত্রীং, প্রতিপদ্। পক্ষমূল, ডানা।

পক্ষদ্বার, (পক্ষ=পার্শ্ব—দ্বার, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, পার্শ্বদ্বার, খিড়্কী দ্বার।

পক্ষধর, (পক্ষ=অর্দ্ধমাস, ডানা—ধর= যে ধরে) সং, পুং, চন্দ্র। পক্ষী। বিং, ত্রিং, পক্ষধারী, পক্ষ ধারণকর্ত্তা।

পক্ষপদী, (Pteropoda) যাহাদের পদে পক্ষের ন্যায় গঠন আছে যদ্দ্বারা তাহারা সন্তরণ করিতে পারে ; যথা—ক্লাইও, হায়লিয়া প্রভৃতি সমুদ্রজ জীব।

পক্ষপাত, (পক্ষ=পাখা—পাত=পতন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অনুগ্রহ। আসক্তি। পরিচয়। একপক্ষে আসক্তি, একদিকে টান। "অহেতুঃ পক্ষপাতোযস্তস্য নাস্তি প্রতি ক্রিয়া"। একপক্ষে পতন। অন্যায্য সাহায্য করণ। পক্ষির জ্বর।

পক্ষপাতিতা, (পক্ষপাতিন্+তা—ভাবে) সং, স্ত্রীং, অনুকূলবর্ত্তিতা,সহায়তা,সাহা-য্যকরণ। পক্ষদ্বারা পতন।

পক্ষপাতী, (পক্ষপাতিন্, পক্ষপাত+ইন্ অস্ত্যর্থে) বিং, ত্রিং, অনুগ্রাহক, এক পক্ষে আসক্ত। পক্ষপাতশীল, যে পক্ষ-পাত করিয়া থাকে, পক্ষপাতকর্ত্তা। পক্ষদ্বারা পতনশীল, যে পক্ষদ্বারা পড়ে।

পক্ষপালি, (পক্ষ=পার্শ্ব—পালি=প্রান্ত ইত্যাদি) সং, পুং, খিড়্কীদ্বার।

পক্ষভাগ, (পক্ষ=পার্শ্ব—ভাগ=অংশ) সং, পুং, হস্তীর পার্শ্ব ভাগ। পার্শ্বদেশ, পার্শ্ব অঙ্গ।

পক্ষবাহন, (পক্ষ=ডানা—বাহন=যান,

পক্ষ যাহার বাহন স্বরূপ, অর্থাৎ যে পক্ষদ্বারা এক স্থান হইতে স্থানান্তরে যাইতে সমর্থ হয়। ৬ষ্ঠী—হিং) সং, পুং, পক্ষী, পাখী।

পক্ষাঘাত, (পক্ষ=হস্তপদাদি বা দেহার্দ্ধ, —আঘাত) সং, পুং, রোগবিশেষ, এই রোগে দেহের অর্দ্ধভাগ বা সমস্ত হস্ত পদাদি অবশ ও অসাড় হইয়া যায়।

পক্ষান্ত, পক্ষাবসর, (পক্ষ—অন্ত=শেষ, ৬ষ্ঠী—ষ। পক্ষ—অবসর, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পূর্ণিমা বা অমাবস্যা, পর্ব্ব।

পক্ষালু, (পক্ষ=ডানা+আলু—বিশিষ্টার্থে) সং, পুং, পক্ষবিশিষ্ট,যাহার পক্ষ আছে, পাখী।

পক্ষিণী, (পক্ষ+ইন্—অস্ত্যর্থে) সং,স্ত্রীং, বর্ত্তমান ও আগামী দিনযুক্ত রাত্রি, দুইদিন এবং সেই দুই দিনের মধ্যবর্ত্তী রাত্রি। শাখিনীবিশেষ,পূতনা। পূর্ণিমা। স্ত্রী পক্ষী। [৬ষ্ঠী—ষ) সং, পুং, গরুড়।

পক্ষিরাজ, (পক্ষিন্—রাজ=রাজন্‌শব্দ,

পক্ষিল, (পক্ষ=পরিগ্রহকরা+ইল—প্রং) সং, পুং, বাৎস্যায়ন মুনি। বিং, ত্রিং, সাহায্যকারী।

পক্ষিসিংহ, (পক্ষিন্=পাখী—সিংহ=শ্রেষ্ঠ) সং, পুং,পক্ষিরাজ,গরুড়, বিষ্ণুর বাহন।

পক্ষিস্বামী, (পক্ষিস্বামিন্, পক্ষিন্—স্বামী =প্রভু) সং, পুং, পক্ষিরাজ, গরুড়।

পক্ষী, (পক্ষিন্,পক্ষ=ডানা+ইন্—বিদ্যমানার্থে) সং, পুং, ক্ষিণী—স্ত্রীং,পাখী। পুং, বাণ।

পক্ষ্ম, (পচ্=পাক করা+ম্‌—ক, শীলার্থে) বিং, ত্রিং, পাচক, পাককর্ত্তা, যে পাক করে।

পক্ষ্ম, (পক্ষ্মন্, পক্ষ্=লওয়া+মন্—প্রং) সং, ক্লীং, নেত্রলোম "পক্ষ্মালী-পিঙ্গলিম্নঃ কণ ইব তড়িতাং যস্য কৃৎস্নঃ সমূহঃ" মালতীমাধব। লোম। কিঞ্জল্ক, পুষ্পকেশর। পক্ষীর লোম। পাখীর পাখা, পালক। সূত্রের অগ্রভাগ, সূত্রাদির সূক্ষ্ম অংশ। সূক্ষ্মাংশ। পক্ষ,পাখীর ডানা। [ত্রিং, নেত্রলোম যুক্ত।

পক্ষ্মল, (পক্ষ্মন্+ল—অস্ত্যর্থে) বিং,

পঙ্ক, (পন্‌চ্=বিস্তারকরা+ঘঞ্—প্রং, চ=ক) সং, পুং—ক্লীং, পাপ। কর্দ্দম, পাঁক।

পঙ্ককর্ব্বট, (পঙ্ক=পাঁক—কর্ব্বট=জেলার প্রধাননগর) সং, পুং, নরম মাটী, ভাঁটা হইলে নদীগর্ভে যেরূপ পলি-পড়িয়াথাকে, সেইরূপ পলিযুক্ত ভূমি।

পঙ্ককীর, (পঙ্ক—কীর=শুকপক্ষী) সং, পুং, পক্ষীবিশেষ, কাদাখোঁচা পাখী।

পঙ্কক্রীড়, (পঙ্ক=পাঁক—ক্রীড়=যে ক্রীড়া করে) সং, পুং, শূকর। বিং, ত্রিং, যে কর্দ্দমে ক্রীড়া করে, কর্দ্দমখেলক।

পঙ্কগড়ক, (পঙ্ক=পাঁক—গড়ক=গড়ুই-মাছ) সং, পুং, পাঁকালমাছ।

পঙ্কগতি, (পঙ্ক=পাঁক—গতি=গমন) সং, স্ত্রীং, পাঁকালমাছ।

পঙ্কগ্রাহ, (পঙ্ক=পাঁক—গ্রাহ=হাঙর) সং, পুং, মকর, জলজন্তুবিশেষ।

পঙ্কজ, পঙ্কজন্ম, (পঙ্ক—জ=যে জন্মে ৫মী—ষ। পঙ্ক—জন্মন্=জন্ম, ৬ষ্ঠী হিং) সং, ক্লীং, পদ্ম। পুং, সারসপক্ষী।

পঙ্কজিনী, (পঙ্কজ+ইন্, ঈপ্—প্রং) সং, স্ত্রীং, পদ্মিনী। পদ্মাকর, পুষ্করিণী। পদ্মেরডাঁটা।

পঙ্কণ, (পণ্‌চ্=বিস্তার করা+অন—প্রং) সং, পুং, পক্কণ, ব্যাধ প্রভৃতি নীচজাতি দিগের আবাস ভূমি।

পঙ্কধূম, (পঙ্ক—ধূম) সং, পুং, নরকের বিভাগবিশেষ।

পঙ্কপ্রক্ষালনন্যায়,—ন্যায় দেখ।

পঙ্কপ্রভা, (পঙ্ক—প্রভা=দীপ্তি) সং, স্ত্রীং, কর্দ্দমযুক্ত নরকবিশেষ।

পঙ্কমণ্ডূক,(পঙ্ক=পাঁক—মণ্ড=ভূষিতকরা +উক—প্রং) সং,পুং, শম্বূক, শামুক।

পঙ্করুহ্, পঙ্করুহ (পঙ্ক=পাঁক—রুহ্, রুহ=যে জন্মে) সং ক্লীং, পদ্ম।

পঙ্কবাস, (পঙ্ক—বাস=বাসস্থান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কর্কট, কাঁকড়া।
পঙ্কশুক্তি, (পঙ্ক—শুক্তি) সং, স্ত্রীং, চূর্ণামা, ঝিনুক।
পঙ্কশূরণ, (পঙ্ক=পাঁক=শূরণ=মূল) সং, পুং, উৎপলের মূল, শালূক। পঙ্কস্থ মূলাদি।
পঙ্কার, (পঙ্ক=পাঁক—ঋ=গমনকরা+ঘঞ্—প্রং) সং,পুং,শৈবাল, শেওয়ালা। আলি, বাঁধ। সেতু, সাঁকো। সোপান, সিঁড়ি।
পঙ্কিল, (পঙ্ক+ইল—অস্ত্যর্থে) বিং, ত্রিং, কর্দ্দমযুক্ত, পঙ্কযুক্ত। "তদ্বাজিরাজিনির্ধূতধূলীপটলপঙ্কিলাং। ন ধত্তে শিরসা গঙ্গাং ভূরিভারভিয়া হরঃ"।
পঙ্কেজ, (পঙ্কে=পাঁকেতে—জ=যে জন্মে, ৭মী—ষ) সং, ক্লীং, কমল, পদ্ম। পুং, সারসপক্ষী।
পঙ্কেরুহ, (পঙ্কে=পাঁকেতে—রুহ=যে জন্মে) সং, ক্লীং,পদ্ম। পুং, সারসপক্ষী।
পঙ্‌ক্তি, (পন্‌চ=বিস্তৃতহওয়া+ক্তি—প্রং) সং, স্ত্রীং, শ্রেণী। ছন্দোবিশেষ। দশসঙ্খ্যা, ১০। পৃথিবী। পাক। পঞ্চাক্ষর পাদ ছন্দোবিশেষ। দশাক্ষর পাদ ছন্দোবিশেষ। খ্যাতি,প্রতিপত্তি। পাক করণ। একত্রে উপবেশন বা আহার ব্যবহারাদিকরণ। দল, সমাজ। সভা।
পঙ্‌ক্তিগ্রীব, (পঙ্‌ক্তি=দশ—গ্রীবা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, দশানন, রাবণ।
পঙ্‌ক্তিচর, (পঙ্‌ক্তি—চর=যে গমন করে) সং, পুং, কুররপক্ষী।
পঙ্‌ক্তিদূষক, (পঙ্‌ক্তি—দূষক=যে দোষ করে) সং, পুং, অপাঙ্‌ক্তেয়, যে এক পঙ্‌ক্তিতে বসিয়া ভোজন করিতে পারেনা। স্বজাতিহইতে বহিষ্কৃত।
পঙ্‌ক্তিপাবন, (পঙ্‌ক্তি—পাবন=যে পবিত্র করে) সং, পুং, সর্ব্ববেদজ্ঞ দ্বিজ "অস্তি দক্ষিণাপথেষু পদ্মনগরং নাম নগরং; তত্র কেচিৎ তৈত্তিরীয়িনঃ কাশ্যপাশ্চরণ গুরবঃ পঙ্‌ক্তিপাবনাঃ ব্রাহ্মনাঃ ব্রহ্মবাদিনঃ প্রতিবসন্তিস্ম" মালতীমাধব।
পঙ্‌ক্তিরথ, (পঙ্‌ক্তি=দশ—রথ। যাঁহার দশদিকে রথ যায়, ৬ষ্ঠী—হিং) সং, পুং, রাজাদশরথ, রামচন্দ্রের পিতা।
পঙ্গু, (পণ=স্তুতিকরা, পণকরা+উ—অন্=অঙ্গু) চলনাক্ষম,খোঁড়া। সং, পুং, শনিগ্রহ, শনৈশ্চর। [ঘোড়া।
পঙ্গুল, সং, পুং, শ্বেতবর্ণ ঘোটক, সাদা
পঙ্গুগ্রাহ, (পঙ্গু—গ্রাহ=জন্তু) সং, পুং, রাশিচক্রস্থ চিহ্নবিশেষ, মকররাশি।
পচ, (পচ্=পাককরা+অল্—ক) বিং, ত্রিং,পাচক,পাককর্ত্তা। সং,পুং,পাচক।
পচতিকল্প, পচতিদেশ্য, পচাতদেশীয় } পচতি+কল্প, দেশ্য, দেশীয়—ঊনার্থে) বিং, ত্রিং, যাহা প্রায় পক্ক হইয়াছে।
পচৎপুট,(পচৎ=সূর্য্য—পুট্=দীপ্তিপাওয়া+ক। যে সূর্য্যের উত্তাপে দীপ্তি পায়) সং, পুং, সূর্য্যমণি বৃক্ষ।
পচন, (পচ্+অনট্—ণ, ভা) সং,পুং, অগ্নি। পাককারী। ক্লীং, পাক, রন্ধন।
পচা, (পচদেখ, আ—ভা) সং, স্ত্রীং,পাক (পাকার্থ পচ্ ধাতুজ) বিং, বিকৃত, নষ্ট।
পচি, (পচ্ [ইহার দ্বারা] পক্ক হওয়া+ই—সংজ্ঞার্থে) সং, অগ্নি। পাক।
পচেলিম, (পচ্=পাককরা+কেলিম—প্রং)সং,পুং,সূর্য্য। অগ্নি। বিং, ত্রিং,স্বয়ং পক্ক। পাকের উপযুক্ত [সং, পাচক।
পচেলুক,(পচ্=পাককরা+কেলুক—প্রং)
পচ্ছশ, (পাদ+শস্। পাদ=পৎ) অ পদে পদে, ক্রমশঃ, ক্রমে ক্রমে।
পজ্জ, (পাদ=পা—জ=জাত। যে ব্রহ্মার পাদ-জাত,পাদ=পৎ) সং, পুং, শূদ্র-জাতি। বিং, ত্রিং, পদজাত।
পজ্ঝটিকা, সং, স্ত্রীং, ছন্দোবিশেষ, যে ছন্দের প্রত্যেক চরণে ১৬টী লঘু স্বর থাকে, তন্মধ্যে গুরুবর্ণ হইলে দুই স্বর

ও লঘুবর্ণ হইলে এক স্বর গণনা করিতে হইবে।

পঞ্চ, (পঞ্চন্,পন্চ্=বিস্তৃত হওয়া+অন্—প্রং) বিং, ত্রিং, বহুং, পাঁচ সঙ্খ্যা,৫।

পঞ্চক, (পঞ্চন্+ক—স্বার্থে) বিং, ত্রিং, পাঁচ। পঞ্চসম্বন্ধীয়। পঞ্চসমূহ। পঞ্চপরিমিত।

পঞ্চকপাল, (পঞ্চন্=পাঁচ—কপাল=ঘটাদির অর্দ্ধাংশ) সং, পুং, যজ্ঞবিশেষ।সং, ক্লীং, কপালপঞ্চক।

পঞ্চকর্ম্ম, (পঞ্চকর্ম্মন্, পঞ্চন্=পাঁচ—কর্ম্মন্=কার্য্য) সং, ক্লীং, বমন, রেচন, নস্য, নিরূহ, ও অনুবাসন এই পঞ্চবিধ শারীরিক চিকীৎসা।

পঞ্চকষায়, সং, পুং, জম্বু,শাল্মলি, বাট্যাল বকুল, বদর—এই পঞ্চপ্রকার মহাস্নানীয় কষায়দ্রব্য। [সং, ক্লীং, পাঁচনবিশেষ।

পঞ্চকোল,(পঞ্চম্=পাঁচ—কোল=পিপ্পলী)

পঞ্চকোষা,(পঞ্চ-কোষা=আবরণ)সং,পুং, বহুং, অন্নময় কোষ, প্রাণময়কোষ, মনোময় কোষ, বিজ্ঞানময় কোষ, ও আনন্দময় কোষ এই পঞ্চবিধ কোষ। এই কোষগুলি আত্মাকে আবরণ করিয়া রহিয়াছে এবং এই গুলি ব্যতিরেকে আত্মা থাকিতে পারেনা।

পঞ্চগব্য, (পঞ্চন্=পাঁচ—গব্য=গোসম্বন্ধীয়, য়ং-স) সং, ক্লীং,দধি,দুগ্ধ,ঘৃত,গোমূত্র,গোময়, গোসম্বন্ধীয় এই পাঁচ বস্তু।

পঞ্চগুপ্ত, (পঞ্চন্=পাঁচ [অঙ্গ ইত্যাদি] গুপ্ত=লুক্কায়িত) সং, পুং, কচ্ছপ। অনীশ্বরবাদী বৌদ্ধদিগের মত।

পঞ্চচামর, সং, ক্লীং, ষোড়শাক্ষরপাদ ছন্দোবিশেষ। [বিশেষ।

পঞ্চচূড়া, (পঞ্চন্—চূড়া) সং,স্ত্রীং, অপ্সরা

পঞ্চজন, (পঞ্চন্=পাঁচ [ভূত]—জন=যে জন্মে, ৫মী—ষ) সং,পুং, পুরুষ। মনুষ্য। দৈত্যবিশেষ। এই দৈতের অস্থিতে কৃষ্ণের পাঞ্চজন্য শঙ্খ নির্ম্মিত হইয়াছে।

পঞ্চজনীন, (পঞ্চজন—ঈন) সং, পুং, নট, অভিনেতা। যাত্রাদির সং। পঞ্চ মনুষ্যের নায়ক বা প্রভু। পঞ্চব্যক্তি সম্বন্ধীয়।

পঞ্চতত্ত্ব, (পঞ্চন্—তত্ত্ব=ভূতাদি) সং, ক্লীং, পৃথিব্যাদি পঞ্চভূত। মদ্য, মাংস, মৎস্য, মুদ্রা ও মৈথুন এইপঞ্চ মকারাদি শব্দ।

পঞ্চতন্মাত্র,(পঞ্চন্—তন্মাত্র=সূক্ষ্মভূতাদি) সং, ক্লীং, পৃথিব্যাদি সূক্ষ্ম পঞ্চভূত, পৃথিব্যাদি পঞ্চভূতের রূপরসাদি পঞ্চ গুণ।

পঞ্চতপাঃ, (পঞ্চন্=পাঁচ—তপস্=তপস্যা—৬ষ্ঠী—হিং) সং, পুং, তপস্বীবিশেষ, পঞ্চাগ্নিমধ্যে তপস্বী।

পঞ্চতা,—স্ত্রীং, পঞ্চত্ব—ক্লীং, (পঞ্চন্=পাঁচ+তা,ত্ব—ভাবে) সং, মরণ, মৃত্যু, পাঁচে পাঁচ মিশান। পঞ্চভূত।

পঞ্চদশ, (পঞ্চদশন্, পঞ্চন্=পাঁচ-দশন্=দশ, পঞ্চাধিক দশ, য়ং—স। মধ্যপদলোপ) বিং, ত্রিং, বহুং, পনর সঙ্খ্যা, ১৫। (পঞ্চদশন্+ড—পূরণার্থে) বিং, ত্রিং, পনর সঙ্খ্যার পূরক।

পঞ্চদশী, (পঞ্চদশ দেখ, ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, অমাবস্যা। পূর্ণিমা। বেদান্ত গ্রন্থবিশেষ।

পঞ্চধা, (পঞ্চন্+ধাচ্—প্রকারার্থে) ক্রিং,—বিং, অং, পাঁচপ্রকার। পাঁচবার।

পঞ্চনখ, (পঞ্চন্=পাঁচ—নখ) সং, পুং, হস্তী। কূর্ম্ম। ব্যাঘ্র। বিং, ত্রিং, পঞ্চনখযুক্ত—শশক, শল্লকী, গোধা, গণ্ডার, কূর্ম্ম—এই পাঁচপ্রকার পশু সচরাচর ভক্ষণীয় পঞ্চনখের মধ্যে গণনীয় হইয়া থাকে।

পঞ্চনদ, (পঞ্চন্—নদী+অ—প্রং) সং, পুং, শতদ্রু,বিপাশা,ইরাবতী,চন্দ্রভাগা,বিতস্তা—এই পঞ্চনদীযুক্ত দেশ, পঞ্জাব। ক্লীং, কিরণা, ধূতপাপা, সরস্বতী, গঙ্গা,যমুনা—এই পাঁচ নদী।

পঞ্চনিম্ব, (পঞ্চ—নিম্ব) সং, ক্লীং, নিম্ব

বৃক্ষের পত্র ত্বক্, পুষ্প, ফল, ও মূল।

পঞ্চনী, (পঞ্চ—নী=পাওয়া+ক্বিপ্) সং, ক্লীং,শারিফল, পাশা দাবা ইত্যাদি খেলিবার ছক্।

পঞ্চনীরাজন, (পঞ্চ—নীরাজন=আরতি) সং, ক্লীং,প্রদীপ, পদ্ম, পাত্র, আম্র বা তাম্বুলপত্র,এই চতুর্ব্বিধ দ্রব্য দ্বারা দেব প্রতিমূর্ত্তির আরতি, তদনন্তর সাষ্টাঙ্গ প্রণিপাত।

পঞ্চপঞ্চনখ, (পঞ্চ—পঞ্চনখ) সং, পুং, শশক, শল্লকী, কুম্ভীর, গণ্ডার এবং কচ্ছপ, এই পাঁচপ্রকার পশু। ইহাদিগের মাংসভক্ষণ শাস্ত্রানুমোদিত।

পঞ্চপর্ব্ব, (পঞ্চ—পর্ব্বন্) সং, ক্লীং, চতুর্দ্দশী, অষ্টমী, অমাবস্যা, পূর্ণিমা, এই চার তিথি এবং রবি সংক্রান্তি।

পঞ্চপল্লব, (পঞ্চন্=পাঁচ—পল্লব) সং, ক্লীং, আম্র, অশ্বত্থ, বট, প্লক্ষ, যজ্ঞডুমুর—এই পঞ্চপল্লব। সচরাচর বৈদিক কর্ম্মে ঘটের উপর এই পঞ্চপল্লব বসান হইয়া থাকে। তন্ত্রমতে—পনস, আম্র,অশ্বত্থ, বট,বকুল—এই পঞ্চপল্লব। অন্যমতে আম্র, জম্বু,কপিত্থ, বীজপূরক, এবং বিল্ব—এই পঞ্চপল্লব।

পঞ্চপাত্র, (পঞ্চন্=পাঁচ—পাত্র) সং, ক্লীং, দেবপক্ষদ্বয় এবং পিতৃপক্ষত্রয় এই পঞ্চপাত্র শ্রাদ্ধ। পাঁচটী পাত্র।

পঞ্চপিত্ত, সং, ক্লীং, বরাহ, ছাগ, মহিষ, মৎস্য ও ময়ূরের পিত্ত।

পঞ্চপ্রদীপ, (পঞ্চ—প্রদীপ) সং, পুং, পাঁচ প্রদীপ বিশিষ্ট আরাত্রিক ধাতুময় দ্রব্য বিশেষ।

পঞ্চপ্রাণ, সং. পুং, বহুং, প্রাণ, অপান, সমান, উদান, ব্যান, শরীরস্থ এই পঞ্চবায়ু।

পঞ্চভদ্র, (পঞ্চন্=পাঁচ—ভদ্র=সৌভাগ্য) সং, পুং, যে অশ্বের হৃদয়ে, পৃষ্ঠে, মুখে, ও পার্শ্বদ্বয়ে আবর্ত্ত আছে।

পঞ্চভূত, (পঞ্চন্—ভূত) সং, ক্লীং, ক্ষিতি, অপ্, তেজঃ,মরুৎ, ব্যোম—এই পাঁচ।

পঞ্চম, (পঞ্চন্+ম—পূরণার্থে) বিং, ত্রিং, সুন্দর। রুচির, মনোজ্ঞ। পাঁচের পূরণ। নিপুণ, দক্ষ। সং, পুং, রাগবিশেষ, অতি উচ্চৈস্বর। এই স্বর নাভি হইতে উত্থিত হইয়া বক্ষঃ, হৃদয়, কণ্ঠ, এবং মস্তক, এই চারি স্থানে বিচরণ করে বলিয়া ইহাকে পঞ্চম স্বর বলা যায়। কোকিলের রব। ক্লীং, মৈথুন।

পঞ্চমকার, (পঞ্চন্—মকার=ম অক্ষর। যে পাঁচ শব্দের প্রথমে ম অক্ষর থাকে) সং, ক্লীং, মৎস্য, মাংস, মদ্য, মুদ্রা, মৈথুন—এই পাঁচ।

পঞ্চমহাপাতক, (পঞ্চ—মহাপাতক) সং, ক্লীং, ব্রহ্মহত্যা, সুরাপান, স্তেয়, গুরুপত্নীসংসর্গ এবং পাপীগণের সহিত সহবাস এই পঞ্চবিধ পাপ।

পঞ্চমহাযজ্ঞ, (পঞ্চন্=পাঁচ—মহৎ=বড়—যজ্ঞ=যাগ) সং, পুং, বেদাধ্যয়ন, অগ্নিহোত্র, পিতৃতর্পণ, ভূতবলি, অতিথিপূজা—এই পাঁচপ্রকার গৃহস্থের কর্ত্তব্য কর্ম্ম।

পঞ্চমার; সং, পুং, বলদেবের পুত্র।

পঞ্চমাস্য, (পঞ্চম = স্বরবিশেষ—আস্য =মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, যে পঞ্চম স্বরে গান করে। পঞ্চমস্বরভাষী, কোকিল।

পঞ্চমী, (পঞ্চম দেখ, ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, পাণ্ডবপত্নী, দ্রৌপদী। তিথিবিশেষ,চন্দ্রের পঞ্চমকলার ক্রিয়াকাল। পাশার ছক্।

পঞ্চমুখ, (পঞ্চন্=পাঁচ—মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিব, পঞ্চানন। (পঞ্চ [পন্চ =বিস্তৃত হওয়া+অল্—প্রং] বিস্তৃত—মুখ, ৬ষ্ঠী—হিং) সিংহ, কেশরী।

পঞ্চমূত্র, সং, ক্লীং, গোরু, অজা, মেষী, মহিষী ও গর্দ্দভী এই পঞ্চ পশুর মূত্র।

পঞ্চমূল, (পঞ্চন্=পাঁচ—মূল) সং, ক্লীং,

লী—স্ত্রীং, স্বনামখ্যাত, পাচন বিশেষ।
পঞ্চযজ্ঞ, (পঞ্চন্=পাঁচ—যজ্ঞ=যাগ) সং, পুং, ব্রহ্মযজ্ঞ, নৃযজ্ঞ, দেবযজ্ঞ, পিতৃযজ্ঞ, ভূতযজ্ঞ—গৃহস্থের কর্ত্তব্য এই পাঁচ প্রকার যজ্ঞ।
পঞ্চরত্ন, (পঞ্চন্=পাঁচ—রত্ন=মণি) সং, ক্লীং, কনক, হীরক, মুক্তা, নীলকান্ত, পদ্মরাগ, এই পাঁচ রত্ন।
পঞ্চরসা, (পঞ্চন্=পাঁচ—রস=আস্বাদন) সং, স্ত্রীং, আমলকী।
পঞ্চরাত্র, (পঞ্চন্=পাঁচ—রাত্রি) সং, ক্লীং, পঞ্চজ্ঞানসাধন গ্রন্থবিশেষ। "রাত্রঞ্চ জ্ঞানবচনং জ্ঞানং পঞ্চবিধং স্মৃতম্। তেনেদং পঞ্চরাত্রঞ্চ প্রবদন্তি মনীষিণঃ"। পাঁচরাত্রি।
পঞ্চলক্ষণ, (পঞ্চন্ [সৃষ্টি, প্রলয়, বংশবর্ণনা, মনুর রাজত্ব, এবং তাঁহার পুত্রাদির চরিত্র] পাঁচ—লক্ষণ=চিহ্ন, ৭মী—হিং) সং, ক্লীং, পুরাণশাস্ত্র। "সর্গশ্চ প্রতিসর্গশ্চ বংশো মন্বন্তরাণি চ। বংশানুবংশচরিতং পুরাণং পঞ্চলক্ষণম্"।
পঞ্চলবণ, (পঞ্চন্=পাঁচ—লবণ) সং, ক্লীং, পঞ্চলবণের সমাহার। কাচ, সৈন্ধব, সামুদ্র, বিট, সৌবর্চ্চল—এই পাঁচপ্রকার লবণ।
পঞ্চলোহ, পঞ্চলোহক, (পঞ্চন্=পাঁচ—লোহ, লোহক) সং, ক্লীং, সুবর্ণ, রজত, তাম্র, রঙ্গ, সিসক—এই পঞ্চবিধ ধাতু।
পঞ্চবক্ত্র, (পঞ্চন্=পাঁচ—বক্ত্র=মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পঞ্চানন, শিব। রুদ্রাক্ষ বিশেষ। (পঞ্চ=আয়ত, বিস্তৃত—বক্ত্র=মুখ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সিংহ।
পঞ্চবটী, (পঞ্চন্=পাঁচ—বট=বটবৃক্ষ, দ্বিগু—স) সং, স্ত্রীং, অশ্বত্থাদি পঞ্চবৃক্ষাদিযুক্ত স্থান। অশ্বত্থ, বিল্ব, বট, ধাত্রী, এবং অশোক—এই পাঁচ বৃক্ষ। দণ্ডকারণ্যস্থ বনবিশেষ।
পঞ্চবাণ, পঞ্চশর, (পঞ্চন্=পাঁচ—বাণ, শর, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কন্দর্প। ইঁহার পাঁচ বাণ যথা—সম্মোহন, উন্মাদন, শোষণ, তাপন, স্তম্ভন। অথবা অরবিন্দ, অশোক, চূত, নবমল্লিকা, নীলপদ্ম। "সম্মোহনোন্মাদনৌ চ শোষণস্তাপনস্তথা। স্তম্ভনশ্চেতি কামস্য পঞ্চবাণাঃ প্রকীর্ত্তিতাঃ"।
পঞ্চশস্য, (পঞ্চন্=পাঁচ—শস্য) সং, ক্লীং, ধান্য, মুদ্গ, মাষ, যব, তিল কিম্বা শ্বেতসর্ষপ—এই পঞ্চবিধ শস্য।
পঞ্চশাখ, (পঞ্চন্=পাঁচ—শাখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কর, হস্ত। বিং, ত্রিং, পাঁচশাখাযুক্ত।
পঞ্চশিখ, (পঞ্চ=বিস্তৃত—শিখা=চূড়া বা কেশর, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সিংহ। ধর্ম্মের ঔরসে হিংসার গর্ভসম্ভূত মুনিবিশেষ। পাঁচশাখাযুক্ত।
পঞ্চশিখীকরণ, সং, ক্লীং, পাঁচচুলো করণ।
পঞ্চসুগন্ধিক, (পঞ্চন্=পাঁচ—সুগন্ধি=গন্ধদ্রব্য+ক—যোগ) সং, ক্লীং, লবঙ্গ, কর্পূর, কক্কোল, গুবাক, জাতীফল—এই পাঁচ সুগন্ধিদ্রব্য।
পঞ্চসূনা, (পঞ্চন্—সূনা [সু—উন্=বধকরা+অল্—ধি] বধ্যভূমি, য়ং—স) সং, পুং, বহুং, গৃহস্থের গৃহস্থিত ৫টী বধস্থান—উনন, পেষণী (শীল-লোড়া), ঝাঁটা, কণ্ডনী (ঢেকির গড়), উদকুম্ভ (কলসীপিঁড়ি।
পঞ্চাগ্নি, (পঞ্চন্=পাঁচ—অগ্নি=আগুন) সং, পুং, বহুং, পাঁচ প্রকার অগ্নি। চতুর্দ্দিকে চারি, এবং উপরিস্থ সূর্য্য পঞ্চম অগ্নি। শরীরস্থ পঞ্চাগ্নি, উদরে গার্হপত্যাগ্নি, মধ্যদেশে দক্ষিণাগ্নি, বদনে আহবনাগ্নি, মস্তকে সত্যা, পর্ব্বে পর্ব্বাগ্নি। পুং, তপস্বিবিশেষ।
পঞ্চাঙ্গ, (পঞ্চন্=পাঁচ—অঙ্গ=শরীর) বিং, ত্রিং, পঞ্চ অবয়ববিশিষ্ট। সং, পুং, কচ্ছপ। অশ্ববিশেষ। পঞ্চভদ্র পুষ্পিত তুরঙ্গম। প্রণামাদি দ্বারা সম্মাননা। বাহুদ্বয়, জানুদ্বয়, মস্তক, বচঃ, দৃশ্ এই

পাঁচের দ্বারা সম্বর্দ্ধনা। ক্লীং, পঞ্চ অবস্থব। বার তিথি নক্ষত্র যোগ করণাত্মক পঞ্জিকা। এক বৃক্ষের মূল, ত্বক্, পত্র, পুষ্প, ফল—এই পাঁচ। সহায়,সাধনোপায়, দেশকালবিভাগ, বিপত্তিপ্রতীকার, সিদ্ধি—রাজ্যের এই পঞ্চাঙ্গ। জপ, হোম,তর্পণ,স্নান,ব্রাহ্মণভোজন—এই পঞ্চাঙ্গ পুরশ্চরণ।

পঞ্চাঙ্গগুপ্ত,(পঞ্চন্=পাঁচ—অঙ্গ=অবয়ব—গুপ্ত=লুক্কায়িত। মস্তক ও চারিপা—এই পাঁচ অঙ্গ যে আচ্ছাদনীর মধ্যে গোপন করিতে পারে) সং,পুং,কচ্ছপ।

পঞ্চাঙ্গুল, (পঞ্চন্=পাঁচ—অঙ্গুলি। যাহার পত্রে পাচ অঙ্গুলির সাদৃশ্য আছে) সং, পুং,এরণ্ডবৃক্ষ, গাবভেরেণ্ডা গাছ। বিং, ত্রিং, পাঁচ অঙ্গুলিপরিমিত।

পঞ্চাতপা, (পঞ্চ=পাচ—আতপ=উত্তাপ, অগ্নি) সং, স্ত্রীং, পঞ্চাগ্নি দ্বারা অথবা চারি প্রকার অগ্নি ও মস্তকস্থ সূর্য্য এই পঞ্চবিধ আতপ দ্বারা সাধ্য তপস্যাবিশেষ।

পঞ্চানন, পঞ্চাস্য, (পঞ্চন্=পাঁচ—আনন, আস্য= মুখ, ৬ষ্ঠী—হিং) মুখ। সং, পুং, শিব। (পঞ্চ[পন্চ্=বিস্তৃত হওয়া+অল্—প্রং] বিস্তৃত—আনন, আস্য, ৬ষ্ঠী—হিং) সিংহ। বিং, ত্রিং, অত্যুগ্র, সাতিশয় রিপুবশীভূত।

পঞ্চামৃত, (পঞ্চন্=পাঁচ—অমৃত=সুধা, যং—স) সং, ক্লীং, দধি, দুগ্ধ, ঘৃত, মধু, শর্করা—এই পঞ্চবিধ দ্রব্যঘটিত।

পঞ্চাম্নায়, (পঞ্চ=পাঁচ—আম্নায়=শাস্ত্র) সং, পুং, বহুং, শিবের পঞ্চমুখ হইতে নির্গত পঞ্চপ্রকার শৈব শাস্ত্রবিশেষ।

পঞ্চাম্র, (পঞ্চন্=পাঁচ—আম্র—দ্বিগু—স) সং, ক্লীং,অশ্বত্থ,নিম্ব,চম্পক,বকুল নারিকেল—এই পঞ্চ।

পঞ্চাম্ল, (পঞ্চ—অম্ল) সং, ক্লীং, অম্লপঞ্চক যথা—১ কোল, ২ দাড়িম, ৩ বৃক্ষাম্ল, ৪ অম্লবেতস, ৫ মাতুলঙ্গবিশিষ্ট।

পঞ্চায়ী, সং, স্ত্রীং, পাশার ছক্। শারিশৃঙ্খলা।

পঞ্চার্চ্চিঃ, (পঞ্চার্চ্চিস্, পঞ্চন্=পাঁচ—অর্চ্চিস্=কিরণ) সং, পুং, বুধগ্রহ।

পঞ্চাল, (পঞ্চ=বিস্তার করা+কালচ্—প্রং) সং, পুং, ভারতবর্ষের উত্তরস্থ দেশবিশেষ, পঞ্জাব। লী, লিকা—স্ত্রীং, বস্ত্রদন্তাদিনির্ম্মিত পুত্তলি। পুতুল। গানবিশেষ, পাঁচালী। পাশার ছক্। (বস্থা) সং, পুং, শব, মৃতদেহ।

পঞ্চাবস্থ, (পঞ্চন্=পাঁচ [ভূত]—অ-

পঞ্চাশৎ,(পঞ্চন্+শৎ—প্রং, আ—আগম) বিং, ত্রিং, পঞ্চাশ সংখ্যা, ৫০।

পঞ্চীকরণ, (পঞ্চন্=পাঁচ—কৃ=করা+অনট্—ভা। মধ্যে, ঈ—আগম) সং, ক্লীং, স্থূল সৃষ্টি সম্পাদনার্থ প্রথমতঃ ক্ষিত্যপ্‌তেজমরুদ্ব্যোম এই সূক্ষ্ম পঞ্চভূতকে দুইভাগে বিভক্ত করিয়া প্রত্যেকের এক এক অর্দ্ধকে পুনর্ব্বার চারিখণ্ডে বিভক্ত করিয়া স্বীয় অর্দ্ধভিন্ন অন্য চারি অর্দ্ধে এক এক খণ্ড যোগকরা।

পঞ্চীকৃত, (পঞ্চন্=পাঁচ—কৃত। মধ্যে, ঈ—আগম) বিং, ত্রিং, যাহার পঞ্চীকরণ করা হইয়াছে। পঞ্চভূতে প্রস্তুত। পঞ্চমূল পদার্থে গঠিত।

পঞ্চেন্দ্রিয়, (পঞ্চন্=পাঁচ—ইন্দ্রিয়) সং, ক্লীং, পঞ্চ জ্ঞানেন্দ্রিয়ের সমাহার—যথা ১ শ্রোত্র, ২ত্বক্, ৩ নেত্র, ৪ রসনা, ৫ঘ্রাণ। বাক্, পানি, পাদ, পায়ু, উপস্থ—এই পাঁচ কর্ম্মেন্দ্রিয়।

পঞ্চেষু, (পঞ্চন্=পাঁচ—ইষু=বাণ, ৬ষ্ঠী—হিং) সং,পুং,কন্দর্প, পঞ্চশর, মদন।

পঞ্চোষ্মন্, (পঞ্চ=পাঁচ—উষ্মন্=অগ্নি) সং, পুং, বহুং, আহার পাচক দেহান্তর্গত পাঁচ অগ্নি।

পঞ্জর, (পিন্জ্=বাসকরা+অরচ্—প্রং) সং, পুং ক্লীং, কঙ্কাল, অস্থিমাত্রাবশিষ্ট শরীর। ক্লীং, পিঞ্জর, পক্ষ্যাদিবদ্ধগৃহ, খাঁচা। পাঁজরা। পুং, শরীর, দেহ।

কলিযুগ। গাভীর নীরাজন বিধি। "তে বদ্ধাঃ শরজালেন শকুন্তা ইব পঞ্জরে"

পঞ্জরাখেট, (পঞ্জর=পিঁজ্‌রা—আখেট=মৃগয়া, শিকার) সং, পুং, মৎস্যধারণ-যন্ত্র, পলো প্রভৃতি।

পঞ্জি, পঞ্জিকা, পঞ্জী, (পিন্‌জ্‌=স্পর্শকরা+ই—প্রং। ক—যোগ) সং, স্ত্রীং, তিথি নক্ষত্রাদি কালজ্ঞাপক গ্রন্থ, পাঁজি। তূলনালিকা, পাঁইজ। ব্যাকরণের টীকা বিশেষ। যমের পুস্তক,যাহাতে মনুষ্যের পাপপুণ্য লিখিত থাকে।

পঞ্জীকর, (পঞ্জী=পঞ্জিকা—কর=যে করে) সং, পুং, কায়স্থ, লেখক জাতি। পাঁজিপ্রস্তুতকারক।

পট, (পট্‌=বেষ্টন করা+অল্‌—প্রং) সং, পুং, ক্লীং, বস্ত্র। চিত্রপট, ছবি। ক্লীং, চাল। ছাদ। পুং, বৃক্ষবিশেষ। টী—স্ত্রীং, যবনিকা, পর্দ্দা। বস্ত্রবিশেষ।

পটক, (পট দেখ+ণক—প্রং) সং, পুং, শিবির, ছাউনি।

পটকার, (পট=বস্ত্র—কার=যে করে) সং, পুং, তাঁতি। চিত্রকর, পটুয়া।

পটকুটী, (পট=বস্ত্র—কুটী=গৃহ) সং, স্ত্রীং, বস্ত্রগৃহ, তাঁবু, শিবির।

পটচ্চর, (পটৎ=অনুকরণশব্দ—চর=গমন করা) সং, ক্লীং, জীর্ণ বস্ত্র। পুং, চোর।

পটমণ্ডপ, (পট=বস্ত্র—মণ্ডপ=গৃহ, ৬ষ্ঠী—য) সং, পুং, তাঁবু, বস্ত্রগৃহ।

পটময়, (পট=বস্ত্র+ময়ট্‌—প্রং) বিং, ত্রিং, বস্ত্রনির্ম্মিত। সং, ক্লীং, তাঁবু। শাটী।

পটল, (পট্‌=গমন করা+কলচ্‌—প্রং) বিং, ত্রিং, স্তূপাকার, রাশীকৃত। সমূহ। ক্লীং, স্ত্রীং, পুস্তক। বৃক্ষ। ডাঁটা। পুং, স্ত্রীং, ছাঁদ, চাল। ক্লীং, আচ্ছাদন। গাত্রাবরক চর্ম্ম বা শিরাতন্ত। স্থান। দেশের বিভাগ, জেলা। চন্দনের তিলক। চুপড়ি। বাক্স। আনুযাত্রিক ব্যক্তি (Retinue)

পটলপ্রান্ত, (পটল=চাল—প্রান্ত=শেষ) সং, পুং, চালের প্রান্তভাগ, ছাঁচ্‌।

পটবাপ, (পট=বস্ত্র—বাপ=যাহা বুনা হইয়াছে) সং, পুং, বস্ত্রগৃহ, তাঁবু।

পটবাস, পটবাসক=(পট=বস্ত্র—বাস, =গৃহ, বাসিত) সং,পুং, শাটী। তাম্বু। পিটালী। গন্ধচূর্ণ।

পটহ, (পট=অনুকরণ শব্দ—হা=করা বা ত্যাগকরা+ড—প্রং) সং, পুং, ক্লীং, আনক বাদ্য। রণঢক্কা। পুং, যুদ্ধকালীন বাদ্যমান ঢক্কা। হিংসন, বধ। আড়ম্বর। সমারম্ভ। [বারুদপূর্ণ দ্রব্যবিশেষ।

পটকা, (দেশজ) সং, ক্রীড়ার্থ নির্ম্মিত

পটাক, (পট্‌=গমনকরা+আক—সংজ্ঞার্থে) সং, পুং, পক্ষিবিশেষ। কা—স্ত্রীং, পতাকা, কেতন, নিশান।

পটালুকা, (পট=গমনকরা+আলু—প্রং। ক—যোগ আপ্‌—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, জলৌকা, জোঁক।

পটি, পটিকা, পটী, (পটদেখ, ই—প্রং। ক—যোগে পটিকা) সং, স্ত্রীং, বস্ত্রবিশেষ। (দেশজ) একজাতীয় ব্যবসায়ীদের শ্রেণীবদ্ধ বিপণি। বৃক্ষবিশেষ, কুঞ্জিকা বৃক্ষ।

পটিষ্ঠ, পটীয়ান্‌, (পটীয়স্‌, পটু+ইষ্ঠ, ঈয়স্‌—অতিশয়ার্থে) বিং, ত্রিং, অতিপটু, সুচতুর, সুনিপুণ, অতিশয় দক্ষ।

পটীর, (পট্‌=গমনকরা+ঈর—সংজ্ঞার্থে) সং, ক্লীং,ক্ষেত্র। উচ্চতা। লোচন। চন্দন। মেঘ। বংশ। উদর। মূলক। খদির। বাতরোগবিশেষ। পুং, কন্দর্প। চন্দনবৃক্ষ। মেঘ।

পটু, (পাট=কথাকহা+ডু—প্রং) বিং, ত্রিং, নিপুণ, দক্ষ, সমর্থ। "পটুর্ধারাবাহী নবইব চিরেণাপি হি মে" উত্তর চরিত। পরিশ্রমী। চতুর। নীরোগ। মধুর। উজ্জ্বল। প্রস্ফুটিত। তীক্ষ্ণ। উষ্ণ, গরম বিস্তৃত। হিংস্রক। নির্দ্দয়, নিষ্ঠুর। কঠিন, কর্কশ। ধূর্ত্ত। জুয়াচোর। অতিশয় বক্তা,যে অতিশয় গল্পকরে,বাক্‌পটু।

সং,পুং,পটোল। পটোল পত্র, পল্‌তা। কাণ্ডীর লতা। কারবেল্ল। কোরক। ক্লীং, ছত্রা। লবণ। পাংশুলবণ। ব্যাঙের ছাতি (Mushroom) [পটোল।

পটুক, (পটু+কন্—স্বার্থে) সং, পুং,

পটুপর্ণী, } সং, স্ত্রীং, ভৈষজ্য লতা
পটুপর্ণিকা } বিশেষ, ক্ষীরিণী।

পটুরূপ, (পটু—রূপ=এখানে অতিশয়ার্থে) বিং, ত্রিং, অতিশয় দক্ষ।

পটোটজ, (পট=পর্দা+উটজ=পর্ণশালা কুঁড়েঘর) সং,ক্লীং,তাম্বু,বস্ত্রনির্ম্মিতগৃহ।

পটোল, (পটু দেখ, ওল—সংজ্ঞার্থে) সং, পুং, স্বনাম প্রসিদ্ধ ফলবিশেষ। ক্লীং, বস্ত্রবিশেষ, পট্টবস্ত্র।

পটোলক, (পটোল+ক—তুল্যার্থে। সং, পুং, শুক্তি, ঝিনুক। ইহার আকৃতি পটোলের ন্যায় বলিয়া ইহাকে পটোলক বলে।

পটোলিকা, পটোলী, (পটোল+ক, ঈ—অল্পার্থে) সং, স্ত্রীং, ক্ষুদ্রপটোল। ফলবিশেষ, ঝিঙ্গা।

পট্ট, (পট্=গমনকরা, পাওয়া+ক্ত—প্রং) সং, পুং, পেষণার্থ প্রস্তর, সিল। পাটা। পিঁড়ি, পীঠ। ঢাল। ফলক। রাজকীয় সনন্দ, জমী প্রভৃতির পাট্টা। পটি। পাগ্‌ড়ি। উষ্ণীষ। রাজাসন। উত্তরীয় বস্ত্র। এক পাটা কাপড়। কৌষেয়,পাট,রেশমাদি। ক্লীং,নগর, গ্রাম।

পট্টজ, (পট্ট—জ=উৎপন্ন) সং, ক্লীং, পট্টবস্ত্র, রেশমী কাপড়।

পট্টদেবী, পট্টমহিষী, (পট্ট=শিরোবস্ত্র, পাগ্‌ড়ি—দেবী, মহিষী=রাজ্ঞী) সং, স্ত্রীং, রাজার প্রধানা মহিষী, পাটরাণী।

পট্টন, (পট্=গমনকরা+তন—প্রং) সং, ক্লীং, পত্তন, নগর। [তা পাতা।

পট্টশাক, সং, পুং, ক্লীং, পাটশাক, নালি-

পট্টিকা, (পট্টী+ক—যোগ) সং, স্ত্রীং, পটি। ব্রণাদির বন্ধন, পটী। চতুষ্পথ, চৌমাথারাস্তা। লোহিত কৌষেয় উষ্ণীষ, রাঙ্গা রেশমী পাগ্‌ড়ি।

পট্টিশ,—স, (পট্ট দেখ, টিশ বা টিস—সংজ্ঞার্থে) সং, পুং, অস্ত্রবিশেষ। কুঠার বিশেষ। [স্থলবন্ধনরজ্জু। পুং,রক্ত লোধ্র।

পট্টী, সং, স্ত্রীং, ললাটভূষা। অশ্বের বক্ষ-

পট্টোলিকা, (পট্ট=রাজকীয় সনন্দ+ওল—প্রং, ক—যোগ) সং,স্ত্রীং, ব্যবস্থাপত্র। পাট্টা।

পঠদ্দশা, (পঠৎ [পঠ্=পাঠকরা+শতৃ—প্রং] —দশা) সং, স্ত্রীং, পাঠের অবস্থা, পড়িবার সময়।

পঠন, (পঠ্=পাঠকরা+অনট্—ভা) সং, ক্লীং, পাঠ, অধ্যয়ন।

পঠনীয়, (পঠ্=পাঠকরা+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, পড়িবার যোগ্য, পাঠ্য।

পঠি, (পঠ্=পাঠকরা+ই—প্রং) সং, স্ত্রীং, পঠন, অধ্যয়ন, পাঠ।

পঠিত, (পঠ্=পাঠকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অধীত, উচ্চারিত।

পঠ্যমান, (পঠ্=পাঠকরা+শান—র্ম্ম) বিং, ত্রিং, যাহা পাঠ করা হইতেছে।

পড়ন,পড়া, (পঠনার্থ পঠ্—পতনার্থ পত্ ধাতুজ) সং, অধ্যয়ন। পতন।

পড়সী, (দেশজ) সং, প্রতিবাসী।

পণ, (পণ=ক্রয় বিক্রয়করা, স্তুতিকরা +অল্—প্রং) সং, পুং, প্রতিজ্ঞা। ব্যবহার। দ্যূত। গৃহ। বাজীরাখা। কুড়িগণ্ডা। ধন। কার্ষাপণ। বিক্রেয় বস্তু। বেতন। মূল্য।

পণগ্রন্থি, (পণ=বিক্রেয় বস্তু—গ্রন্থি=গাঁইট) সং, পুং, হাট বাজার ইত্যাদি।

পণন, (পণ+অনট্—ভা) সং, ক্লীং, বিক্রয়, বেচা।

পণবন্ধ, (পণ=প্রতিজ্ঞা—বন্ধ=বন্ধন) সং, পুং, প্রতিজ্ঞাবন্ধ। সন্ধি, অভীষ্ট। সিদ্ধি।

পণব, (পণ্=স্তুতিকরা+অব—সংজ্ঞার্থে) সং, পুং,বাদ্যযন্ত্রবিশেষ। ছন্দোবিশেষ। প্রণব, ওঙ্কার।

পণস, (পণ=ক্রয়বিক্রয়ব্যবহারকরা+অস প্রং) সং, পুং, পণ্যদ্রব্য, বিক্রেয় সামগ্রী।
পণাঙ্গনা, (পণ=ব্যবহার—অঙ্গনা =স্ত্রী। যে স্ত্রী সকলের ব্যবহারার্থ, অর্থাৎ উপভোগার্থ থাকে) সং, স্ত্রীং, বেশ্যা, কুলটা।
পণায়া, (পণ =ক্রয়বিক্রয় করা+আয়, আ—ভা) সং, স্ত্রীং, কেনা বেচা ক্রয়বিক্রয়।
পণায়িত, পণিত, (পণ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রশংসিত, স্তুত। ক্রীত। ব্যবহৃত। বর্ণিত। বিক্রীত।
পণাস্থি, (পণ=বিক্রেয়দ্রব্য—অস্থি =হাড়) সং, ক্লীং, কপর্দ্দক, কড়ী।
পণিতব্য, (পণ+তব্য—র্ম্ম) বিং, ত্রিং, ব্যবহার্য্য। স্তোতব্য। বিক্রেয়, বেচিবার উপযুক্ত।
পণ্ড, (পণ্ড্ =গমনকরা+অল্—প্রং) সং, পুং,—ক্লীং, নপুংসক। বিং, ত্রিং, নিষ্ফল, নিরর্থক।
পণ্ডশ্রম, (দেশজ) সং, অনর্থক আয়াস, বিফল যত্ন বৃথা কর্ম্মভোগ, নিরর্থক শ্রম
পণ্ডা, (পণ্ড দেখ+আ—প্রং) সং, স্ত্রীং, শাস্ত্রজ্ঞান। পাণ্ডিত্য, তীক্ষ্ণবুদ্ধি।
পণ্ডিত, (পণ্ডা+ইত—জাতার্থে) সং, পুং, শাস্ত্রজ্ঞ, বিদ্বান্। নিপুণ, দক্ষ। মেধাবী। "পণ্ডিতে চ গুণাঃ সর্ব্বে মূর্খে দোষাহি কেবলং" চাণক্য।
পণ্ডিতম্মন্য, পণ্ডিতমানী, (পণ্ডিত—মন্ =বোধকরা+য—ক, পণ্ডিতমানিন্, পণ্ডিত—মন্=বোধ করা +ণিন্—ক, যে আপনাকে পণ্ডিত বলিয়া মনে করে) বিং, ত্রিং, পণ্ডিতাভিমানী, যে পণ্ডিত না হইয়াও আপনাকে পণ্ডিত জ্ঞান করে।
পণ্ডিতমূর্খ, সং, পুং, যে ব্যক্তি পণ্ডিত হইয়াও মূর্খের ন্যায় কার্য্যকরে। শাস্ত্রাদি অনুশীলনদ্বারা যাহার বুদ্ধির কিছু মাত্র তীক্ষ্ণতা জন্মে নাই।
পণ্য, (পণ+য—র্ম্ম) বিং, ত্রিং, বিক্রেয়বস্তু। ব্যবহার্য্য। "পাশুপাল্যং কৃষিঃ পণ্যং বৈশ্যস্যাজীবনং স্মৃতম" মনু।
পণ্যবীথিকা, পণ্যবীথী, (পণ্য—বীথিকা, বীথি=শ্রেণী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, বিপণি, শ্রেণীবদ্ধ দোকান।
পণ্যশালা, (পণ্য=বিক্রেয় দ্রব্য—শালা =গৃহ) সং, স্ত্রীং, হাট বাজার দোকান ইত্যাদি।
পণ্যস্ত্রী, (পণ্য—স্ত্রী, য়ং—স) সং, স্ত্রীং, পণ্যাঙ্গনা, বেশ্যা, সাধারণের উপভোগ্যা কামিনী।
পণ্যাঙ্গনা, পণাঙ্গনা (পণ্য, পণ—অঙ্গনা =স্ত্রীং, য়ং—স) সং, স্ত্রীং, বেশ্যা।
পণ্যাজীব, (পণ্য=বিক্রেয়দ্রব্য—আজীব জীবিকা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বণিক্, সওদাগর, ব্যবসায়ী।
পণ্যাজীবক, (পণ্যাজীব+ক—যোগ) সং, ক্লীং, হাট, বাজার পণ্য বীথিকা।
পতগ, পতঙ্গম, (পত [পৎ=গমনকরা +খ—ণ] পক্ষ—গ, গম=যে গমন করে। যে পক্ষ দ্বারা গমন করে) সং, সং, পুং পক্ষী, বিহঙ্গ।
পতঙ্গ, (পত=পক্ষ—গম=গমনকরা+খ —প্রং) সং, পুং, ফড়িং, শলভ, অগ্নি। বাণ, শর। সূর্য্য। পক্ষী। ক্লীং, চন্দনবিশেষ। পারদ, পারা।
পতঙ্গ কবচ, (Entromostraca) যে সকল কীটের শরীর পতঙ্গের কবচের ন্যায় কঠিন কবচে আবৃত থাকে ; যথা-কালিগস্ (Calegus) তৃদলক (Trilobits) প্রভৃতি জলজ কীটাদি।
পতঙ্গিকা, (পতঙ্গ+কণ—তুল্যার্থে আপ্ —স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, একপ্রকার মধুমক্ষিকা, মৌমাছি বিশেষ। [ছিলা।
পতঞ্চিকা, সং, স্ত্রীং, ধনুর্জ্যা, ধনুকের
পতঞ্জলি, (পত=পতন্—অঞ্জলি) সং, পুং, যোগশাস্ত্রপ্রযোক্তা মুনিবিশেষ। ইনি পাণিনি ব্যাকরণের ভাষ্য এবং পাতঞ্জল নামক যোগশাস্ত্র প্রণয়ন ক-

রেন। এইরূপ প্রথিত আছে যে যৎকালে পাণিনি মুনি অঞ্জলিবদ্ধ করিয়া তপস্যা করিতেছিলেন তৎকালে এই মুনি সর্পদেহ ধারণ করত স্বর্গ হইতে পাণিনি মুনির অঞ্জলিবদ্ধ হস্তে পতিত হইয়াছিলেন। এই নিমিত্ত ইহার নাম পতঞ্জলি হইয়াছে। কবিবিশেষ, বররুচির নামান্তর।

পতত্র, (পতৎ=পক্ষী—ত্রা=ত্রাণকরা+ড—ক,২য়া—ষ) সং,ক্লীং,পক্ষীর ডানা।

পতত্রি, পতত্রী, (পতত্র+ই—প্রং। পতত্রিন্, পতত্র+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, বিহঙ্গ, খগ, পক্ষী।

পতত্রিরাজ, (পতত্রিন্=পক্ষী—রাজা =শ্রেষ্ঠ বা অধিপতি) সং,পুং,পক্ষিরাজ, গরুড়, বিষ্ণুর বাহন।

পতদ্গ্রহ, (পতৎ=যাহা পড়িতেছে—গ্রহ=যে গ্রহণ করে, যাহা মুখ হইতে পতিত জলাদি গ্রহণ করে। ২য়া—ষ) সং, পুং, যাহাতে থুথু ফেলা যায়, নিষ্ঠীবনপাত্র, পিক্দানী।

পতদ্ভীরু, (পতৎ=পক্ষী—ভীরু=ভয়ঙ্কর) সং, পুং, শ্যেন পক্ষী।

পতন, (পত্=অধোগমনকরা+অনট্—ভা) বিং, ত্রিং, যে বা যাহা গমন করে বা পতিত হয়। সং, ক্লীং, স্খলন। চলন। ভ্রংশ। পাতিত্য। নাশ। পাপ। উচ্চ স্থান হইতে নামন। (অঙ্কশস্ত্রে)' ব্যবকলন। (জ্যোতিঃশাস্ত্রে) নাড়ীমণ্ডল হইতে গ্রহাদির দূরত্ব। (Latitude of a planet, star &c.)

পতন্, (পতৎ, পৎ=গমনকরা+শতৃ—ক) সং, পুং, পক্ষী। বিং, ত্রিং, পতনশীল।

পতম, (পৎ=পড়া+অমচ্) সং, পুং, পক্ষী। চন্দ্র। পতঙ্গ।

পতয়ালু, (পত=পড়া+আলু—ক, শীলার্থে) বিং, ত্রিং, পতনশীল।

পতস,(পৎ=গমনকরা+অস—সং সং, পুং, বিহঙ্গ, পক্ষী, চন্দ্র।

পতাকা, (পত=গমনকরা+আক—সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, ধ্বজ, নিশান। ধ্বজদণ্ড। সৌভাগ্য। চিহ্ন। নাটকের অঙ্গবিশেষ। "যত্রার্থেহচিন্তিতেহন্যস্মিন্ তল্লিঙ্গোহন্যঃ প্রযুজ্যতে। আগন্তুকেন ভাবেন পতাকা স্থানকন্তু তৎ॥" সাহিত্যদর্পণ।

পতাকী, (পতাকিন্, পতাকা+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, পতাকাধারী। সং, পুং, রথ। শুভাশুভ সূচক চক্রবিশেষ। পতাকিনী—স্ত্রীং, সেনা।

পতি, (পা=রক্ষাকরা+ডতি—প্রং) সং, পুং, ভর্ত্তা, স্বামী। নেতা, নায়ক। প্রভু। "ভার্য্যায়া ভরণাদ্ভর্ত্তা পালনাচ্চ পতিঃ স্মৃতঃ"।

পতিত, (পত্=পড়া+ক্ত—ক) বিং, ত্রিং, চলিত। গলিত। অধোগত। ক্ষরিত। ধর্ম্মচ্যুত, পাপী।

পতিদেবতা, পতিপ্রাণা, (পতি—দেবতা, প্রাণ, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, সতী, সাধ্বী, পতিব্রতা।

পতিম্বরা, (পতি—বৃ=মনোনীতকরা+খ—ক, ম আগম। আপ্=স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, স্বয়ম্বরা। যে স্ত্রী অনেক ব্যক্তির মধ্য হইতে পতি মনোনীত করে। কৃষ্ণ জীরক, কেলে জীরে।

পতিবত্নী, (পতি+বতু, ঈপ্—প্রং,ন্—আগম) সং, স্ত্রীং, সভর্তৃকা, সধবা।

পতিব্রতা, (পতি—ব্রত, যাহার পতিব্রতের ন্যায় অর্থাৎ সদা সেব্য, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, সতী, সাধ্বী, পতিপরায়ণা। "আর্ত্তার্ত্তে মুদিতা হৃষ্টে প্রোষিতে মলিনা কৃশা। মৃতে ম্রিয়েত যা পত্যৌ সা স্ত্রী জ্ঞেয়া পতিব্রতা" মনু।

পত্তঙ্গ, সং, ক্লীং,বকম্ গাছ। রক্তচন্দন।

পত্তন, (পৎ=গমনকরা+তন—প্রং। যেখানে বণিকেরা গমন করে। অথবা পৎ=গমন—তন=বিস্তার— যেখানে গমনের বিস্তার আছে, ৭মী—হিং)

সং, ক্লীং, নগর, সহর। মৃদঙ্গ। উপক্রম, আরম্ভ।

পত্তি, (পদ্=গমনকরা+ক্তি—প্রং। যাহারা পদব্রজে গমন করে) সং, পুং, পদাতিক সৈন্য। "পত্তিঃ পদাতিং রথিনং রথেশঃ" রঘুবংশ। বীর। স্ত্রীং, গতি। সেনাবিশেষ-একহস্তী, একরথ, তিন অশ্ব, এবং পঞ্চপদাতিকা।

পত্নী, (পতি+ঈ—জায়ার্থে। ন্—আগম) সং, স্ত্রীং, পরিণীতা স্ত্রী,ভার্য্যা, জায়া।

পত্ন্যাট, (পত্নী=ভার্য্যা—আট [আ—অট্=গমনকরা+ঘঞ্—প্রং] যে স্থানে গমনকরে, পত্নী যে স্থানে গমন করে) সং, পুং, পত্নীর বাসভবন, সম্ভোগগৃহ।

পত্র, (পৎ=পড়া, গমনকরা+র—প্রং) সং, ক্লীং, বাহন, অশ্বশকটাদি। পক্ষ, পালক। পাতা। বাণের পক্ষ। স্বুবর্ণাদির পাত। পুস্তকাদির পাত। পত্রলতা।

পত্রক, (পত্র+ক—যোগ) সং, ক্লীং, তেজপাত। পাতা। পত্রাবলীরচনা।

পত্রকাহলা, (পত্র=পাতা, পক্ষ ইত্যাদি —কাহল=শব্দ) সং, স্ত্রীং, পাতার মড়্মড়ধ্বনি।

পত্রগুপ্ত, (পত্র=পাতা—গুপ্ত=লুকায়িত) সং, পুং, তেকাটাসিজের গাছ।

পত্রঙ্গ, পত্রাঙ্গ, (পত্র—অঙ্গ [শরীর] পদার্থ) সং, ক্লীং, রক্তচন্দন।

পত্রণা, (পত্র=বাণের পক্ষ—নী=পাওয়া +ড—প্রং) সং,স্ত্রীং,বাণের পক্ষরচনা।

পত্রদারক, (পত্র=পত্রাকার—দৃ=বিদীর্ণকরা+ণক—প্রং) সং, পুং, ক্রকচ, করাত।

পত্রনাড়িকা, (পত্র=পাতা—নাড়ী=পাত্র +ক—যোগ) সং, স্ত্রীং,পাতার শির।

পত্রপরশু, } পত্র=স্বুবর্ণাদির পাত-
পত্রপর্শু } পরশু, পর্শু=কুঠার)
সং, পুং, স্বর্ণাদি কর্ত্তক শস্ত্রবিশেষ, ছেনী

পত্রপা, সং, স্ত্রীং, অপত্রপা, লজ্জা।

পত্রপাল, (পত্র=পাতা—পাল=রক্ষাকরা +অল্—প্রং) সং, পুং, শস্ত্রবিশেষ। বড় ছুরী। লী—স্ত্রীং, কর্ত্তনী, কাঁচী।

পত্রপাশ্যা, (পত্র=পাতা—পশ=বন্ধন করা+ঘ্যণ্—প্রং) সং, স্ত্রীং, স্বুবর্ণাদিরচিত ললাটের অলঙ্কার বিশেষ।

পত্রপিশাচিকা, সং,স্ত্রীং, জলত্রা,টোকা।

পত্রপুষ্প, (পত্র=পাতা—পুষ্প) সং, পুং, রক্তুতুলসী। ষ্পা—স্ত্রীং, তুলসী।

পত্রপুষ্পক, (পত্র=পাতা—পুষ্প+ক—যোগ) সং, পুং,বৃক্ষবিশেষ,ভূর্জ্জপত্রবৃক্ষ।

পত্রবন্ধ, (পত্র=পাতা—বন্ধ=বন্ধন) সং, পুং, পত্রাদিরচনা, পত্রপুষ্পাদি দ্বারা সাজান।

পত্রবাল, (পত্র=পাতা—বল=বলিষ্ঠ হওয়া+ঘঞ্—প্রং) সং,পুং,ক্ষেপণী,দাঁড়।

পত্রভঙ্গ, (পত্র=পাতা—ভন্জ্=ভগ্নকরা +ঘঞ্—প্রং) সং,পুং, ঙ্গী—স্ত্রীং, পত্রাবলী, পত্রলেখা।

পত্ররথ, (পত্র=পক্ষ—রথ=গতিসাধন, ৬ষ্ঠী—হিং) সং,পুং, পক্ষী, পাখী।

পত্রল, (পৎ=গমনকরা+রল—প্রং)সং, ক্লীং, পাতলা দই, ঘোল।

পত্রবল্লী, পত্রলতা, (পত্র—বল্লী—লতা) সং, স্ত্রীং, তিলক। পত্রাবলীরচনা, পাণের গাছ।

পত্রলেখা—স্ত্রীং, } (পত্র=পাতা-
পত্রবিশেষক—ক্লীং } লেখা=শ্রেণি,
—ষ। পত্র—বিশেষক=যে বিশেষ করে) সং, কপোলাদিতে পত্রাবলীবিরচনা, তিলক।

পত্রবাহ, (পত্র=পালক—বাহ=বহন) সং, পুং, বাণ। বিং, ত্রিং, যে পত্র বহন করে, লিপিবাহক।

পত্রবেষ্ট, (পত্র—বেষ্ট=যে বেষ্টন করে) সং, পুং, তাড়ঙ্ক, ভূষণ বিশেষ।

পত্রশ্রেষ্ঠ, সং, পুং, বিল্ববৃক্ষ, বেলগাছ।

পত্রস্থচি, (পত্র=পাতা—স্থচি=স্থঁচ) সং, স্ত্রী, কণ্টক, কাঁটা।

পত্রাখ্য, (পত্র=পাতা—আখ্যা=নাম)

সং, ক্লীং, তেজপত্র, তেজপাত।

পত্রাঙ্গুলি, (পত্র—অঙ্গুলি, [কার্য্যকারণতা প্রযুক্ত] অঙ্গুলিব্যাপার, ৭মী—হিং) সং, স্ত্রীং, চন্দনাদি দ্বারা কপোলাদিতে পত্রাবলী রচনা।

পত্রাঞ্জন, (পত্র [পুস্তকের] পাতা—অঞ্জন=কজ্জল) সং, ক্লীং, কালী, মসী।

পত্রাবলি, পত্রাবলী, (পত্র=পাতা—আবলি, আবলী=শ্রেণী, ৬ষ্ঠী—ষ) সং,স্ত্রীং, পত্ররচনা, অলকাতিলকা, কুঙ্কুম, চন্দনাদি দ্বারা কপোলাদি ভূষিতকরণ। লী—নবদূর্গা সম্প্রদানক, মধুমিশ্রিত যবচূর্ণযুক্ত, নব অশ্বত্থপত্র।

পত্রিকা, পত্রী, (পত্র+ক, আপ্-স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, পত্র,বৃক্ষাদির পাতা। পুস্তকাদির পাতা, লিপি, চিঠি।

পত্রী, (পত্রিন্, পত্র=পক্ষ+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, বাণ। পক্ষী। বৃক্ষ। পর্ব্বত। রথ। শ্যেনপক্ষী। তাল। রথারোহী। নী—স্ত্রীং, বৃক্ষাদির অঙ্কুর। বিং, ত্রিং, পত্রবিশিষ্ট।

পত্রোপস্কর, (পত্র—উপস্কর= রন্ধনের মসলা) সং, পুং, বৃক্ষবিশেষ, কাসমর্দ্দ।

পত্রোর্ণ, (পত্র—উর্ণা=রেশম) সং, ক্লীং, ধৌত কৌষেয়, রেসমের বস্ত্র। পুং, বৃক্ষবিশেষ, শ্যোনাকবৃক্ষ।

পত্রোল্লাস, (পত্র—উল্লাস=যে আনন্দিত করে, যে পত্রকে আনন্দিত করে) সং, পুং, মুকুল, কলিকা।

পৎসল, (পৎ=গমনকরা+সর। র=ল) পন্থা, বর্ত্ম, পথ। [পুং, রাস্তা। উপায়।

পথ, (পথ্=গমনকরা+অল্—ণ) সং,

পথিক, (পথিন্+কণ—গমনার্থে) সং, পুং, ভ্রমণকারী। যে পথ জানে, পান্থ, বিদেশস্থ।

পথিকশালা, (পথিক—শালা=গৃহ) সং, স্ত্রীং, পথিকদিগের আবাসস্থান, পান্থগৃহ, সরাই।

পথিকসন্ততি,(পথিক—সন্ততি=শ্রেণী)সং, স্ত্রীং,পথিক সংহতি। বহুসংখ্যক যাত্রী বা ব্যবসায়ীদিগের দল (Caravan.)

পথিন্, পথি, (পথ=গমনকরা+ইন্, ই—ণ) সং, পুং, স্বভাব। পথ। উপায়। সম্প্রদায়। নীতিমার্গ। ধর্ম্মপথ। নরকের বিভাগবিশেষ।

পথিবাহক, (পথিন্=পথ—বাহক=যে বহন করে) সং, পুং, শাকুনিক, ব্যাধ। ভারবাহী।

পথ্য, (পথ্=গমনকরা+য—যোগ্যার্থে) বিং, ত্রিং, যোগ্য। হিত। আরোগ্য। (পথ=বৈদ্যোক্তব্যবস্থা+য— অনপেতার্থে) রোগীর যোগ্য আহার। “ব্যাধিতস্যৌষধং পথ্যম্ নীরুজস্য কিমৌষধৈঃ”। থ্যা—স্ত্রীং, হরীতকী।

পথ্যাশন, (পথ্য—অশন=ভোজন) সং, ক্লীং, স্বাস্থ্যকর আহারীয়দ্রব্যভোজন।

পদ্, (পদ্=গমনকরা+কিপ্—ণ) সং, পুং, চরণ, পা। কিরণ, অংশু।

পদ, (পদ্=গমনকরা+অল্—প্রং) সং, ক্লীং, পদচিহ্ন। “পদং তুষারস্রুতিধৌতরক্তং যস্মিন্নদৃষ্টাপি হতদ্বিপানাং” কুমার। চরণ। বাচক শব্দ। চিহ্ন। আধিপত্য, ঐশ্বর্য্য। বাক্য। বস্তু। ত্রাণ। ব্যবসায়। লক্ষ্য। পাদ,চতুর্থাংশ। স্থান। পুং,কিরণ।

পদক, (পদ+ক—প্রং) সং, পুং, যে লোক পদ জানে। স্বনাম প্রসিদ্ধ কণ্ঠাভরণ বিশেষ।

পদগ, পদগা, (পদ, পদ্=পা—গ=যে গমন করে, ৩য়া—ষ) সং, পুং, পদাতি, পাদচারী সৈন্য। বিং, ত্রিং, যে পাদ দ্বারা গমনকরে। পদব্রাজক।

পদন্যাস, পদবিক্ষেপ, (পদ—ন্যাস, বিক্ষেপ=নিক্ষেপ,=অর্পণ) সং, পুং, পদার্পণ, পা ফেলন।

পদভঞ্জন, (পদ=বাক্য—ভঞ্জন=ভঙ্গন,) সং, ক্লীং, দুরূহ শব্দের ব্যাখ্যা।

পদভঞ্জিকা, (পদ=চিহ্ন ইত্যাদি—ভনজ্=ভগ্নকরা+ণক-প্রং)সং,স্ত্রীং, টীকা,টিপ্পনী

পদবি, পদবী,(পদ্—অবি=যে রক্ষাকরে, ২য়া—ষ, অথবা পদ—বি=গমন, ৭মী—হিং) সং, স্ত্রীং, পদ্ধতি। উপাধি। পথ। উপনাম। ব্যবসায়।

পদাজি, (পদ—অজ্=গমনকরা+ই—সংজ্ঞার্থে) সং, পুং, পাদচারী সৈন্য। পদাতিক।

পদাত, পদাতি, পদাতিক, (পদ—অৎ=গমনকরা+অ,ই—ক, ৩য়া—ষ) বিং, ত্রিং, পদদ্বারা বিচরণকারী। সং, পুং, পদাতিক সৈন্য। অক্ষৌহিণী দেখ।

পদার, (পদ—ঋ=গমনকরা+ঘঞ্—প্রং) সং, পুং, নৌকা। পদধূলি, চরণ রজঃ।

পদারবিন্দ, পদাম্ভোজ, (পদ—অরবিন্দ, অম্ভোজ=পদ্ম) সং, ক্লীং, পাদপদ্ম।

পদার্থ, (পদ=শব্দ, বস্তু—অর্থ=বিধেয়, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শব্দের প্রতিপাদ্য, দ্রব্য,গুণ,কর্ম্ম, সামান্য, বিশেষ, সমবায়, এবং অভাব এই সপ্ত। "দ্রব্যং গুণাস্তথা কর্ম্ম সামান্যং সবিশেষকং সমবায়স্তথা ভাবঃ পদার্থাঃ সপ্ত কীর্ত্তিতাঃ" ভাষাপরিচ্ছেদ। বস্তু। অভিধেয় পদের অর্থ।

পদার্থবিদ্যা, (Natural Philosophy) সং,স্ত্রীং, জগতের সকল পদার্থের তত্ত্বাবধারক শাস্ত্র, যে শাস্ত্র দ্বারা সমস্ত জড় পদার্থেরগুণ ও গতির বিষয় জানা যায়।

পদাসন, (পদ=পা — আসন= বসিবার স্থান) সং, ক্লীং, চরণপীঠ, পা রাখিবার পিঁড়ি।

পদিক, (পদ—পা+ইক—প্রং) সং, পুং, পদাতি সৈন্য। পদের অগ্রভাগ। বিং, ত্রিং, পদগমন শীল।

পদ্ধতি,—তী, (পদ=পা—হতি [হন্=বধকরা+ক্তি—প্রং] আঘাত, ৭মী—হিং) সং, স্ত্রীং, রেখা। রীতি। পথ। প্রণালী। গ্রন্থবিশেষ। উপাধি, পদবী। গ্রন্থার্থ বোধক গ্রন্থ।

পদ্ম, (পদ্ [জলে] গমনকরা+ম—প্রং) সং, পুং—ক্লীং, কমল। সংখ্যাবিশেষ। দশার্ব্বুদ,দশশঙ্খ। নিধিবিশেষ। হস্তীর মস্তক ও শুণ্ডের উপরিভাগস্থ চিত্রিত চিহ্নবিশেষ। পদ্মকাষ্ঠ। ঔষধি, পুষ্কর মূল। সীসক। ব্যূহবিশেষ। পুং,দাশরথি। নাগবিশেষ। পদ্মোত্তরাত্মজ জৈনবিশেষ। বলদেব। ষোড়শপ্রকার রতিবন্ধান্তর্ভূত বন্ধবিশেষ। লতাবিশেষ।

পদ্মক, (পদ্ম+ক—তুল্যার্থে) সং, ক্লীং, বিন্দুজালক। হস্তীর মুখাদি স্থিত রক্তবর্ণ বিন্দুসমূহ। পদ্মকাষ্ঠ। কুষ্ঠরোগ।

পদ্মকার, (পদ্ম—কার=যে করে, অর্থাৎ পদ্মকে প্রস্ফুটিত করে) সং, পুং, সূর্য্য। [সং, পুং, ভূর্জ্জ বৃক্ষ।

পদ্মকী, (পদ্মকিন্, পদ্মক+ইন—প্রং)

পদ্মগর্ভ, (পদ্ম=বিষ্ণুর নাভিপদ্ম—গর্ভ=উৎপাদক, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিষ্ণু, পদ্মতুল্যনাভিশালী। ভাবী জিনবিশেষ।

পদ্মপলাশলোচন, সং, পুং, বিষ্ণু, পদ্মপত্রসদৃশ লোচনবিশেষ।

পদ্মপাণি, (পদ্ম—পাণি=হস্ত। এক হস্তে পদ্ম ধারণ করেন বলিয়া) সং, পুং, সূর্য্য। ব্রহ্মা। বুদ্ধ। বিং, ত্রিং, পদ্মহস্ত।

পদ্মপ্রিয়া, (পদ্ম—প্রিয়) সং, স্ত্রীং, জরৎকারুমুনিপত্নী, মনসাদেবী।

পদ্মবন্ধ, (পদ্ম—বন্ধ=বন্ধন) সং, পুং, চিত্রকাব্যবিশেষ। শব্দালঙ্কারপ্রভেদ।

পদ্মবন্ধু, (পদ্ম—বন্ধু=মিত্র, ৬ষ্ঠী—ষ। সূর্য্যোদয়ে পদ্ম প্রস্ফুটিত হয় বলিয়া সূর্য্য পদ্মের বন্ধু) সং, পুং, সূর্য্য। ভ্রমর।

পদ্মভূ, (পদ্ম—ভূ=যে হয়, ৫মী—ষ) সং, পুং, ব্রহ্মা।

পদ্মযোনি, পদ্মোদ্ভব (পদ্ম[বিষ্ণুর নাভিপদ্ম]—যোনি, উদ্ভব= উৎপত্তিস্থান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ব্রহ্মা। পিতামহ। বা—স্ত্রীং, মনসাদেবী।

পদ্মরাগ, (পদ্ম—রাগ=রং ৬ষ্ঠী—হিং) পুং, রক্তবর্ণ মনিবিশেষ। পলা।

পদ্মরেখা, (পদ্ম—রেখা) সং, স্ত্রীং, ধন-

সঙ্কৰবোধক করতলস্থিত-রেখাবিশেষ।

পদ্মলাঞ্ছন, (পদ্ম=কমল, ছত্রাকৃতি, নিধিবিশেষ—লাঞ্ছন=চিহ্ন, নাম) সং, পুং, সূর্য্য। কুবের। ব্রহ্মা। রাজা, নৃপতি। না—স্ত্রীং, লক্ষ্মী। দুর্গা। সরস্বতী। তারা।

পদ্মবাসা, (পদ্ম—বাস=বাসস্থান, ৬ষ্ঠী—হিং) সং, কমলা। লক্ষ্মী, সরস্বতী। হরিপ্রিয়া।

পদ্মা, (পদ্ম+—অস্ত্যর্থে, আ—প্রং) সং, স্ত্রীং, লক্ষ্মী। মনসা। বঙ্গদেশস্থ নদীবিশেষ।

পদ্মাকর, (পদ্ম—আকর= উৎপত্তিস্থান, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সরোবর, পদ্মবিশিষ্ট জলাশয়। গভীরজলাশয়।

পদ্মাক্ষ, (পদ্ম—অক্ষ=অক্ষিশব্দজ) সং, ক্লীং, পদ্মবীজ। বিং, ত্রিং, যাহার লোচন পদ্মপত্রের ন্যায়।

পদ্মালয়া, (পদ্ম—আলয়=গৃহ,৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, লক্ষ্মী, পদ্মা, কমলা।

পদ্মাবতী, (পদ্ম+বতু—অস্ত্যর্থে, ঈ) সং, স্ত্রীং, মনসাদেবী। পদ্মানদী। জয়দেবের মালবদেশস্থ নগরবিশেষ। অধুনা এই নগর উজ্জয়িনী নামে খ্যাত।

পদ্মাসন, (পদ্ম—আসন, য়ং—স) সং, ক্লীং, আসনবন্ধবিশেষ, উপবেশনবিশেষ "সব্যং পাদমুপাদায় দক্ষিণোপরি ন্যসেত্ততঃ। দক্ষিণং সব্যস্যোপরিষ্ঠাদ্বিধানবিৎ। পদ্মাসনমিতি প্রোক্তং সর্ব্বকর্ম্মসু শস্যতে"। পুং, ব্রহ্মা।

পদ্মিনীকান্ত, পদ্মিনীবল্লভ, (পদ্মিনী—কান্ত, বল্লভ=স্বামী, প্রিয়, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সূর্য্য, কমলিনীনায়ক। সূর্য্যোদয়ে পদ্ম প্রস্ফুটিত হয়। এইনিমিত্ত কবিগণ সূর্য্যকে পদ্মের বল্লভ বলিয়া বর্ণনা করেন।

পদ্মী (পদ্মিন্, পদ্ম=রংযুক্ত চিহ্ন কিম্বা পঙ্কজ+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, হস্তী। দ্মিনী—স্ত্রীং, পদ্মসমূহ, কমলিনী। চতুর্ব্বিধ স্ত্রীর মধ্যে স্ত্রীবিশেষ। হস্তিনী। "ভবতি কমল নেত্রা নাসিকা ক্ষুদ্ররন্ধ্রা অবিরলকুচযুগ্মা দীর্ঘকেশী কৃশাঙ্গী। মৃদুবচনসুশীলা নৃত্যগীতানুরক্তা সকলতনুসুবেশা পদ্মিনী পদ্মগন্ধা"। সরোবর মৃণাল। বিং, ত্রিং, পদ্মবিশিষ্ট।

পদ্মেশয়, (পদ্মে=পঙ্কজে—শয়=যে শয়ন করে) সং, পুং, বিষ্ণু। নারায়ণ।

পদ্মোত্তর, (পদ্ম—উত্তর=উৎকৃষ্ট) সং, পুং, কুসুমফুল।

পদ্য, (পদ=চরণ+য—প্রং) সং, ক্লীং, শ্লোক, ছন্দোযুক্ত চতুষ্পাদ্ বাক্য, "ছন্দোবদ্ধপদং পদ্যম্"। শাঠ্য, শঠতা। অপযশ। পুং শূদ্র। ব্যবহার। দ্যা—স্ত্রীং, স্তুতি, স্তব। পথ, রাস্তা।

পনস, (পণ্=স্তুতিকরা+অস—সংজ্ঞার্থে) সং, পুং, কাঁঠাল গাছ। ক্লীং, কাঁটাল ফল। বানরবিশেষ। "পনসস্তু যথা যাতং বৃন্তবদ্ধং মহাফলম্। স তথা লম্বতে তত্র হ্যূর্দ্ধপাদো হ্যধঃশিরাঃ"। কণ্টক।

পন্ন, (পদ্=গমনকরা+ক্ত) বিং, ত্রিং, পতিত,চ্যুত,গলিত,ক্ষরিত। অধোমুখ।

পন্নগ, (পন্ন [পদ্=গমনকরা+ক্ত—ক] পতিত—গ=যে গমনকরে। যে পতিত হইয়া গমন করে। অথবা পদ=পা—ন=না—গ=যে গমন করে। যে পাদ দ্বারা গমন করে না) সং, পুং, সর্প। ঔষধ বিশেষ। পদ্মকাষ্ঠ। গী—স্ত্রীং, সর্পী। মনসাদেবী।

পন্নগকেশর, সং, পুং, নাগকেশর পুষ্প।

পন্নগাশন, পন্নগারি, (পন্নগ—অশন=যে ভোজন করে, ২য়া—ষ। পন্নগ—অরি =শত্রু, ৬ষ্ঠী=ষ) সং, পুং, গরুড়।

পন্নদ্ধা, পন্নদ্ধী, (পদ্—নহ্=বন্ধনকরা+ক্ত, ত্র—প্রং। নিপাতন) সং,স্ত্রীং,চর্ম্মপাদুকা, বিনামা, জুতা।

পপি, (পা=পানকরা+কি) সং, পুং, চন্দ্র। বিং, ত্রিং, পানকর্ত্তা।

পম্পা, (পা=পানকরা, নিপাতন) সং,

স্ত্রীং, নদীবিশেষ ; ইহা ঋষ্যমূক পর্ব্বত হইতে বহির্গত হইয়া তুঙ্গভদ্রায় পতিত হইয়াছে। সরোবর বিশেষ। [নর্দ্দামা।
পয়ঃপ্রণালী, সং, স্ত্রীং, জলনির্গমপথ,
পয়গাম্বর, (যবনভাষা) সং, আচার্য্য,দূত।
পয়নালা, (পয়ঃপ্রণালীশব্দজ) সং, জল প্রণালী, নর্দ্দামা।
পয়ঃ, পয়স, (পয়=গমনকরা+অস্। পয়স্+অচ) সং. ক্লীং, জল। দুগ্ধ।
পয়সা, (দেশজ) সং, তাম্রমুদ্রা।
পয়স্য, (পয়স্+য—বিকারার্থে) বিং, ত্রিং, পয়োবিকার, ঘৃতদধি প্রভৃতি। সং, পুং, বিড়াল। স্যা—স্ত্রীং, আমিক্ষা, ছানা। • [অজ, ছাগল।
পয়স্বল, (পয়স্+বল—প্রং) সং, পুং,
পয়স্বিনী, (পয়স্=দুগ্ধ+বিন্—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, প্রশস্ত দুগ্ধবতী গো। নদী। ছাগী। রাত্রী। কাকোলী। ক্ষীরকাকোলী। দুগ্ধফেনী। জীবন্তী। [কবিতা।
পয়ার, (দেশজ) সং, চতুর্দ্দশাক্ষরী ভাষা-
পয়োগড়, (পয়স্=জল—গড়=ফোঁটা ক্ষরণ) সং পুং, শিল, ঘনোপল। শিলাবৃষ্টি। দ্বীপ।
পয়োঘন, (পয়স্=জল—ঘন=জমাট) সং, পুং, বর্ষোপল, করকা, শিলা।
পয়োজ, (পয়স্—জ=জাত) সং, ক্লীং, পদ্ম।
পয়োজন্মা, (পয়োজন্মন্, পয়স্=জল—জন্মন্=জন্ম, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মেঘ, বারিদ। [মেঘ।
পয়োদ, (পয়স্—দ=যে দেয়) সং, পুং,
পয়োধর, (পয়স্=দুগ্ধ,জল—ধর=যে ধরে ২য়া—ষ) সং, পুং, স্তন। মেঘ। কোষকার। ক্লীং, নারিকেল। কশেরু।
পয়োধাঃ, (পয়োধস্ পয়স্=জল—ধা=ধারণকরা+অস্—সংজ্ঞার্থে) সং, পুং, সমুদ্র। মেঘ। জলাধার।
পয়োধি, পয়োনিধি, (পয়স্=জল—ধি =যে ধারণকরে, নিধি=আধার, ২য়া—ষ+৬ষ্ঠী—ষ। অথবা পয়স্=জল—ধা, নি—ধা=ধারণ করা+কি—ধি) সং, পুং, সমুদ্র, সাগর, বারিনিধি।
পয়োমুক্ (পয়োমুচ, পয়স্—মুচ্=ত্যাগ করা+ক্বিপ্—ক, ২য়া—ষ) সং, পুং, জলধর, মেঘ।
পয়োর, (পয়স্=জল—রা=পাওয়া+ড—প্রং) সং, পুং, খদির, খয়ের।
পয়োষ্ণী, সং, স্ত্রীং, বিন্ধ্যাচলের দক্ষিণস্থিত নদীবিশেষ।
পর, (পৃ=পূর্ণকরা, পালনকরা+অল্—প্রং) বিং, ত্রিং, আসক্ত। নিষ্ঠ, শ্রেষ্ঠ। প্রধান। অনন্তর অন্য। ভিন্ন। শত্রু। অধিক। সম্যক্। দূর। সং, পুং, পরমাত্মা। ক্লীং, মুক্তি, মোক্ষ। ব্রহ্ম। ক্রিং, বিং, অনন্তর, পশ্চাৎ। কেবল।
পরঃশত, (পর=অধিক—শত, শত হইতে অধিক, ৫মী—ষ। স্—আগম) বিং, ত্রিং, শতাধিক। সং,ক্লীং, শতাধিক সংখ্যা।
পরঃশ্বঃ, (পরঃশ্বস্, পর=অনন্তর—শ্বস্ ভবিষ্যৎ, কল্য, ৬ষ্ঠী—ষ,) ক্রিং,—বিং, অং, আগামী দিনের, পরদিনে, পরশু।
পরঃসহস্র, (পর=অধিক-সহস্র=হাজার, পরঃশত দেখ) বিং, ত্রিং, সহস্রাধিক সংখ্যক। সং, ক্লীং, সহস্রাধিক সংখ্যা।
পরকীয়, (পর=অন্য+ঈয়—ইদমর্থে, অক—আগম) বিং, ত্রিং, অপরের সম্বন্ধীয়, অন্যের। য়া—স্ত্রীং, নায়িকাবিশেষ, "পরকীয়া দ্বিধা প্রোক্তা পরোঢ়া কন্যকা তথা। যত্রাদিনিরতান্যোঢ়া কুলটা গলিতত্রপা। কন্যাত্বজাতোপযমা সলজ্জা নবযৌবনা" ॥ সাহিত্যদর্পণ।
পরক্ষেত্র, (পর=অন্য—ক্ষেত্র=স্ত্রী, ভূমি, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, পরস্ত্রী। অন্যের ক্ষেত্র, পরের ভূমি। অন্যের দেহ।
পরখ্, (পরীক্ষাশব্দজ) সং, পর্য্যালোচনা, বিবেচনা করা।
পরগণা, (যবনভাষা) সং, প্রদেশ, চাক্‌লা।

পরগ্রন্থি, (পর=পশ্চাৎ—গ্রন্থি=গাঁইট্) সং, পুং, অঙ্গুলির পর্ব্ব, আঙুলের পাব।

পরচ্ছন্দ, (পর=অন্য—ছন্দ=অভিলাষ) বিং, ত্রিং, পরাধীন, পরবশ। সং, পুং, পরের অভিপ্রায়।

পরচ্ছন্দানুবর্ত্তী, (পরচ্ছন্দানুবর্ত্তিন্.পরচ্ছন্দ—অনুবর্ত্তিন্=অনুগামী) বিং, ত্রিং, পরাধীন। যে পরেরঅভিপ্রায় অনুসারে কার্য্যকরে।

পরজাত, (পর=অন্য—জাত=উৎপন্ন) বিং, ত্রিং, অন্য ব্যক্তি হইতে জাত। অন্যকতৃক লালিত।

পরজিত, (পর=অন্য—জিত, ৩য়া—ষ) বিং,ত্রিং,পরপুষ্ট। শত্রুকর্ত্তৃক পরাজিত।

পরঞ্জ, পরাঞ্জ, (পর=অন্য—জি=জয়করা +খ—প্রং। পরজ শব্দও হয়) সং, পুং, তৈলযন্ত্র,ঘানিগাছ। ফেনা। ছুরীরধার।

পরঞ্জন, (পর=অন্য—জি=জয়করা, নিপাতন) সং, পুং, বরুণ।

পরঞ্জয়, (পর=অন্য—জি=জয়করা+অল্—প্রং) বিং,ত্রিং, শত্রুজয়কারী। অরিন্দম। সং, পুং, বরুণ। [ধানকরণ।

পরণ, (পরিধান শব্দজ) সং, বস্ত্রাদি পরি-

পরতন্ত্র, (পর=অন্য—তন্ত্র=অধীন, ৬ষ্ঠী—ষ) বিং, ত্রিং, পরবশ, পরাধীন।

পরত্র, (পর=অন্য+ত্র—প্রং। সপ্তমী স্থানে ত্র) অং, পরকালে।

পরত্রভীরু, (পরত্র=পরকাল—ভীরু=ভীত) বিং, ত্রিং, যাহাদের পরকালের ভয় আছে। যাঁহারা পরকাল ভাবিয়া কার্য্যকরেন, ধার্ম্মিক। [বিশেষ।

পরত্ব, (পর+ত্ব—ভাবে) সং, ক্লীং, গুণ-

পরদারিক, (পরদার=পরস্ত্রী+ইক—প্রং) পরস্ত্রীতে রত, পরস্ত্রীগমনকারী।

পরন্তপ, (পরং=শত্রুকে—তপ [তাপি—তাপ দেওয়া+অল্—প্রং] যে তাপ দেয়) বিং, ত্রিং, শত্রুর ক্লেশ দায়ক, যেশত্রুকে কষ্ট দেয়। "শৃণু বিস্তরশো রাজন্ বদতো মে পরন্তপ"।

পরন্তু, (পরম্-তু) অং, অপরঞ্চ। পরেও। কিন্তু। অধিকন্তু।

পরপদ, (পর=শ্রেষ্ঠ—পদ=স্থান) সং, ক্লীং, শ্রেষ্ঠপদ, মুক্তি। মোক্ষ।

পরপিণ্ডাদ, (পর—পিণ্ড=ভোজনীয় বস্তু—আদ=যে খায়, ৬ষ্ঠী—ষ+২য়া—ষ) বিং, ত্রিং,পরান্নজীবী, পর অন্ন দ্বারা যে জীবনধারণ করে।

পরপুরুষ, (পর=শ্রেষ্ঠ—পুরুষ=মনুষ্য) সং, পুং, শ্রেষ্ঠপুরুষ,বিষ্ণু। স্বতন্ত্র ব্যক্তি, অন্যপুরুষ।

পরপুষ্ট, (পর=অন্য—পুষ্ট=প্রতিপালিত। যে অন্য অর্থাৎ কাকাদিদ্বারা পালিত, ৩য়া—ষ) সং, পুং, কোকিল। বিং, ত্রিং, পরপোষিত,। ষ্টা—স্ত্রীং, গণিকা, বেশ্যা, যে পরপুরুষ দত্ত অর্থে জীবিকা নির্ব্বাহকরে।

পরপুষ্টমহোৎসব, (পরপুষ্ট=কোকিল—মহোৎসব=আনন্দ ৬ষ্ঠী—ষ) সং, পুং, আম্রফল, আম।

পরপূর্ব্বা, (পর=অন্য [স্বামী]—পূর্ব্ব=পূর্ব্বকাল, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, যে স্ত্রীর পূর্ব্বে অন্যস্বামী ছিল, যে স্ত্রী পূর্ব্ব পতি পরিত্যাগানন্তর অন্যপতি গ্রহণ করে। "পতিং হিত্বাপকৃষ্টং স্বমুৎকৃষ্টং যা নিষেবতে। নিন্দৈব সা ভবেল্লোকে পরপূর্ব্বেতি চোচ্যতে"॥ দ্বিরূঢ়া, অন্যপূর্ব্বা, দোপড়া।

পরপ্রতিনপ্তা, **পরপ্রপৌত্র** } পরপ্রতিনপ্তৃ, পর=পশ্চাদগামী—প্রতি=পশ্চাৎ—নপ্তৃ, পৌত্র) সং, পুং, বৃদ্ধপ্রপৌত্র, প্রপৌত্রের পুত্র।

পরপ্রেষ্যত্ব, (পর—প্রেষ্যত্ব=দাসত্ব) সং, ক্লীং, দাসত্ব, পরাধীনতা, বশ্যতা।

পরব, (পর্ব্বন্ শব্দজ) উৎসব, আনন্দজনক ক্রিয়া।

পরবশ, (পর—বশ=বশীভূত) বিং,ত্রিং, অন্যব্যক্তির বশীভূত, পরায়ত্ত, পরতন্ত্র। "গুরুর্ভজনানুরাগো লজ্জা গুর্ব্বী পরবশে

আত্মা” রত্নাবলী।

পরবাচ্য, (পর—বাচ্য=নিন্দনীয়) বিং, ত্রিং, অন্যকর্তৃক নিন্দনীয়, নিন্দার্হ, দোষাবহ। ক্লীং, দোষ, নিন্দা। অপবাদ।

পরব্রহ্ম, (পরব্রহ্মন্, পর—ব্রহ্মন্) সং,ক্লীং, পরমপুরুষ, পরমেশ্বর।

পরভাগ, (পর=শ্রেষ্ঠ—ভাগ, যং—স) সং, পুং, গুণোৎকর্ষ, উৎকৃষ্ট ভাগ্য। সুসম্পদ্, শ্রেষ্ঠাংশ। শেষভাগ। পরের ভাগ।

পরভাগ্যোপজীবী, (পরভাগ্যোপজীবিন্, পরভাগ্য — উপ — জীব্=বাঁচা+ণিন্ —ক) বিং, ত্রিং, যে পরের সম্পত্তির উপর নির্ভর করিয়া জীবনযাত্রা নির্ব্বাহ করে। “ঈর্ষী ঘৃণীত্বসন্তুষ্টঃ ক্রোধনো নিত্যশঙ্কিতঃ। পরভাগ্যোপজীবী চ ষড়েতে দুঃখভাগিনঃ” ॥ হিতোপদেশ।

পরভৃৎ, (পর=অন্য [কোকিল]—ভৃৎ যে পোষণকরে, ২য়া—য) সং, পুং, কাক, বায়স।

পরভৃত, (পর=অন্য [কাক]—ভৃত= পুষ্ট, ৩য়া—ষ) সং, পুং, কোকিল। “প্রাগন্তরীক্ষগমনাৎ স্বমপত্যজাতমন্যৈ র্দ্বিজৈঃ পরভৃতাঃ খলু পোষয়ন্তি”। বিং, ত্রিং, অন্যের প্রতিপালিত। “পর-ভৃত বিরুতং কলং যথা প্রতিবচনীকৃত মেভিরাত্মনঃ” শকুন্তলা।

পরম্, (পর দেখ, অম্—প্রং) অং, অনন্তর, পশ্চাৎ। নিশ্চয়। নিয়োগ। ক্ষেপ। কিন্তু।

পরম, (পর=উত্তম—মা=পরিমাণকরা +ড—প্রং) বিং, ত্রিং, উৎকৃষ্ট। প্র-ধান, শ্রেষ্ঠ। শেষ। আদ্য। প্রথম, প্র-ণব। প্রকৃত। “যোগাৎ স চান্তঃ পর-মাত্মসংজ্ঞং, দৃষ্টা পরং জ্যোতি রুপার রাম” কুমারসম্ভব। অং, অনুজ্ঞা, হাঁ।

পরমগতি, (পরম=শ্রেষ্ঠ—গতি) সং, স্ত্রীং, উৎকৃষ্ট গতি। মুক্তি, মোক্ষ, নির্ব্বাণ। বিং, ত্রিং, মোক্ষের উপায়, মুক্তির হেতু।

পরমগহন, (পরম—গহন=নিবিড়) বিং, ত্রিং, অত্যন্ত নিবিড়। গভীর। ব্যাকুল, আকুল। গূঢ়। লুক্কায়িত।

পরমতগ্রহণ, (পরমত—গ্রহণ=অবলম্বন) সং, ক্লীং, মতান্তর প্রবেশ। স্বধর্ম্ম পরি-ত্যাগ পূর্ব্বক পরধর্ম্ম অবলম্বন,বৈধর্ম্ম্য।

পরমপদ, } সং, পুং, মুক্তি, অ-
পরমপদার্থ } পবর্গ।

পরমপুরুষ,—পুং, পরমব্রহ্মন্—ক্লীং, সং, পরমব্রহ্ম পরমেশ্বর,জগতের আদিকারণ।

পরমম্, (পরম+অম্—প্রং) অং, অনু-মতি। সম্মতি।

পরমমুক্তি, সং, স্ত্রীং, বিদেহ কৈবল্য, ভোগ দ্বারা প্রারব্ধ কার্য্যের ক্ষয় হইলে জীবন্মুক্ত ব্যক্তির বর্ত্তমান দেহের বিনা-শের পর যে পরমব্রহ্মপ্রাপ্তি। [শ্রেষ্ঠ ঋষি

পরমর্ষি, (পরম=শ্রেষ্ঠ—ঋষি) সং, পুং,

পরমহংস, (পরম=প্রধান—হংস=তপ-স্বী, যং—স) সং, পুং, সিদ্ধপুরুষবিশেষ, মহাযোগী।

পরমাণু, (পরম—অণু=কণা, যং—স) সং, পুং, অণুপরিমাণ, যাবতীয় পদার্থের শেষ সীমাস্বরূপ,অদৃষ্টগোচর কণামাত্র।

পরমাণুসংহতি, সং, স্ত্রীং, অনেকগুলি ক্ষুদ্র ক্ষুদ্র পরমাণু একত্রিত হইয়া যে স্থূল জড়পদার্থ উৎপন্ন হয়।

পরমাণ্বঙ্গক, (পরমাণু—অঙ্গ=শরীর+ক —প্রং) সং, পুং, নারায়ণ। বিষ্ণু।

পরমাত্মা, (পরমাত্মন্, পরম—আত্মন্ ঈশ্বর, যং—স) সং, পুং, পরমেশ্বর, পরব্রহ্ম, চিদাত্মা। “আত্মা দ্বিবিধা জীবাত্মা পরমাত্মা চ”।

পরমাদ্বৈত, (পরম-অদ্বৈত=ব্রহ্ম) সং, পুং, পরমেশ্বর, পরব্রহ্ম। বিষ্ণু, নারায়ণ।

পরমান্ন, (পরম=শ্রেষ্ঠ—অন্ন, যং—স) সং, ক্লীং, পায়সান্ন, শর্করা মিশ্রিত দুগ্ধ পক্ক অন্ন।

পরমাপম, সং, পুং, মঙ্গলাদি গ্রহের পথ

সূর্য্য পথের সহিত যে কোণ প্রস্তুত করে, (The inclination of a planet's orbit to the ecliptic)

পরমায়ুঃ, (পরমায়ুস্. পরম—আয়ুস্= জীবন) সং, ক্লীং, জীবিতকাল, আয়ুঃ।

পরমার্থ, (পরম—অর্থ=বিধেয় বস্তু, ষং—স) সং, পুং, তত্ত্ববিষয়, যথার্থ। উৎকৃষ্ট বস্তু। ধর্ম্ম। ধন।

পরমৃত্যু, (পর=অন্য—মৃত্যু। যাহার অনেক শত্রু আছে) সং, পুং, কাক, বায়স।

পরমেশ্বর, (পরম—ঈশ্বর, ষং—স) সং, পুং, শিব। বিষ্ণু। পরমব্রহ্ম, জগদীশ্বর। সম্রাট্। রী—স্ত্রীং, দুর্গা। পার্ব্বতী,

পরমেষ্ঠী, (পরমেষ্ঠিন্, পরমে=স্বর্গের অত্যন্ত উচ্চ স্থানে—ষ্ঠিন্ [স্থা+ণিন্]' যে থাকে) সং, পুং, পরমেশ্বর। ব্রহ্মা শিব। জিন। শালগ্রাম-মূর্ত্তিবিশেষ। বিষ্ণু। গুরুবিশেষ।

পরম্পর, (পর, দ্বিত্ব, ম্—আগম) বিং, ত্রিং, অনুক্রম, পরপর। পুত্র প্রপৌত্রাদিক।

পরম্পরা, সং, স্ত্রীং, ধারা, শ্রেণী,মৃগভেদ বধ। হিংসা। সমূহ। অন্বয়, সন্ততি, বংশ। পরপর, অনুক্রম। ক্রমে ক্রমে, আনুপূর্ব্বী।

পরম্পরাক, (পরম্পর=অনুক্রম—অক গমন,পূজা। অথবা পর=অধিক—পর= অত্যুত্তম—অক=গমন, ব্যবহার। কিম্বা পরম্পরা—আক=হিংসন) সং, ক্লীং, যজ্ঞার্থ পশুহনন। বিং, ত্রিং, যাজ্ঞিক, যজ্ঞসম্বন্ধীয়।

পরম্পরীণ, (পরম্পরা+ঈণ—প্রং) বিং, ত্রিং, পরম্পরায় প্রাপ্ত ক্রমাগত, ধারাবাহিক।

পরলোক, (পর=অন্য—লোক=জগৎ) সং, পুং, অন্যলোক, লোকান্তর। স্বর্গাদি উত্তরকাল।

পরলোকগম, (পর=অন্য—লোক=জগৎ —গম=গমন) সং, পুং, মৃত্যু।

পরবান্, পরবশ, (পরবৎ, পর+বতু—অস্ত্যর্থে। পর—বশ=অধীন) বিং, ত্রিং পরায়ত্ত, অন্যের অধীন।

পরবাণি, (পর=অত্যুত্তম—বা=গমনকরা +নি—প্রং) সং, পুং, ধর্ম্মাধ্যক্ষ, বিচারক। বৎসর। ময়ূর, ষড়াননের বাহন।

পরশ, সং, ক্লীং, রত্নবিশেষ,পরেশপাথর।

পরশু, পরশ্বধ, পরস্বধ, (পর=শত্রু—শৃ= বধকরা+উ—প্রং, ২য়া—ষ। পর=শত্রু শ্বন্=কুক্কুর—ধ [ধে=পানকরা+ড—ক যে কুক্কুরের ন্যায় শত্রুকে খায়, যে পান করে। ২য়া—ষ) সং, পুং, কুঠার। টাঙ্গি।

পরশুধর, (পরশু=কুঠার—ধর=যে ধরে) সং, পুং, গণেশ। পরশুরাম। বিং, ত্রিং, পরশুধারী।

পরশুরাম, (পরশু—রাম=যে মোহিত করে, ৩য়া—ষ। অথবা পরশুযুক্ত রাম =পরশুরাম) সং, পুং, জমদগ্নির পুত্র ভার্গব, ইঁনি পিতার আজ্ঞা প্রতিপালনের নিমিত্ত মাতৃহত্যাপাতকে পাতকী হইয়াছিলেন,পৃথিবীকে একবিংশতিবার নিঃক্ষত্রিয়া করিয়াছিলেন এবং কার্ত্তবীর্য্যার্জ্জুন বধ করিয়াছিলেন।

পরশ্বঃ,(পরশ্বস্.পর—শ্বস্=ভবিষ্যৎ,কল্য) অং, আগামী দিনের পরদিন। গতদিবসের পূর্ব্বদিবস।

পরসম্বন্ধ, (পর—সম্বন্ধ) সং, পুং, জ্ঞাতিভাব, স্বজাতিত্ব, সম্বন্ধ।

পরসংজ্ঞক, (পর=অত্যুত্তম—সংজ্ঞা= নাম, ৬ষ্ঠী—হিং) সং, পুং, আত্মা।

পরস্তাৎ, (পর+স্তাৎ—প্রং) অং, অগ্রে। পশ্চাৎ, পরে।

পরস্পর, (পর=অন্য—দ্বিত্ব,স্—আগম) বিং,ত্রিং,অন্যোন্য, ইতরেতর। উভয়তঃ "পরস্পরেণ স্পৃহণীয়শোভং ন চেদিদং দ্বন্দ্বমযোজয়িষ্যৎ" রঘুবংশ।

পরস্পরাম্, অং অন্যোন্য, মিথঃ।

পরস্মৈপদ,(পরস্মৈ=অন্যের নিমিত্ত—পদ =চিহ্ন। ক্রিয়ার ফল অন্যের নিমিত্ত হইলে পচ্ ধাতু প্রভৃতির উত্তর তি ইত্যাদি প্রত্যয় হয়, এই জন্যে বোধ হয় এই বিভক্তির নাম পরস্মৈপদ) সং, ক্লীং, ধাতুর বিভক্তিবিশেষ।

পরস্বধ, পরশ্বধ, (পরশ্ব [পর=শত্রু—শ্বি= বৃদ্ধিপ্রাপ্ত হওয়া+ড]শত্রুর উন্নতি বা বৃদ্ধি+ধে=পানকরা+ক, যে শত্রুর উন্নতি পান করে অর্থাৎ নষ্ট করে) সং, পুং, কুঠার, কুণ্ডল।

পরা, (পৃ=পূর্ণকরা+অ,আপ্—স্ত্রীলিঙ্গে) উপং, অং, অহঙ্কার। গমন। প্রাধান্য। ক্ষতি। অতিক্রম। বিক্রম। আভিমুখ্য। বধ। বিক্রম। প্রাতিলোম্য। অতিশয়। তিরস্কার। বিমোক্ষ। ধর্ষণ। প্রাতিকূল্য। অনাদর। ভঙ্গ। গতি। প্রত্যাবৃত্তি।

পরাক্, (পরা—অন্চ্=গমনকরা+ক্বিপ্ প্রং) অং, বক্র ভাব। কুটিল, তির্য্যক্।

পরাক্‌পুষ্পী, সং, স্ত্রীং, অপামার্গ, আপাং বৃক্ষ।

পরাক, (পর=উত্তম—অক=যে যায়) সং, পুং, দ্বাদশ দিবারাত্র সম্পাদ্য উপবাস ব্রত। "যতাত্মনোঽপ্রমত্তস্য দ্বাদশাহম-ভোজনম্। পরাকো নাম কৃচ্ছ্রোঽয়ং সর্ব্বপাপাপনোদনঃ"। খড়্গ। ক্ষুদ্র। রোগবিশেষ। জন্তুবিশেষ।

পরাকরণ, (পরা=কুৎসা, অবজ্ঞা—করণ) সং, ক্লীং, ঘৃণাকরণ, কুৎসন, অবজ্ঞান, গর্হন।

পরাক্রম,(পরা=প্রাধান্য, ক্রম=গমন) সং পুং, শৌর্য্য, শক্তি। পুরুষকার। বীরত্ব। বিক্রম। উদ্যোগ। নিষ্ক্রান্তি। আক্রমণ।

পরাক্রান্ত, (পরাক্রম দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রভাবশালী, শৌর্য্য সম্পন্ন।

পরাগ, (পরা—গ=যে যায়) সং, পুং, ধূলি। গন্ধচূর্ণ। পুষ্পরেণু, রেণু। উপরাগ। চন্দন। স্নানীয়দ্রব্য। গিরিবিশেষ

পরাগকেশর, (Stamens) কেশরের স্থূল সূত্রগাছি ব্যতীত অবশিষ্ট সূত্র সমুদায়; পরাগকেশরের শিরোভাগে ধূলির ন্যায় একপ্রকার গুঁড় গুঁড় পদার্থ থাকে।

পরাগত,(পর—আ গম্=গমনকরা+ক্ত—প্রং) বিং, ত্রিং, যুক্ত। ব্যাপ্ত (পরা= ব্যুৎক্রম—গত) প্রত্যাগত।

পরাঙ্, (পরান্চ্, পরা=ব্যুৎক্রম—অন্চ্ =গমনকরা+ক্বিপ্—প্রং) বিং, ত্রিং, বিমুখ, পরাঙ্মুখ, মুখফিরান।

পরাঙ্গদ, (পর=অন্য [দুর্গা]—অঙ্গ=রূপ —দ=যে দান করে। যিনি অর্দ্ধনারী এবং অর্দ্ধনর রূপ ধারণ করিয়াছিলেন। অথবা পর=রিপু, কামদেব,—অঙ্গ= দেহ—দ=যে দান করে। যিনি কাম-দেবকে ভস্ম করিয়া পুনর্ব্বার তাঁহার দেহ প্রদান করিয়াছিলেন) সং, পুং, মহাদেব।

পরাঙ্গব, (পর=অন্য[নদী]—অঙ্গ [পদার্থ] জল—ব=যে পায়) সং, পুং, সমুদ্র, জলধি।

পরাঙ্মুখ, (পরাঙ্=ব্যুৎক্রমগত—মুখ,৬ষ্ঠী —হিং) বিং, ত্রিং, বিমুখ, মুখফিরান। নিবৃত্ত। প্রতিকূল।

পরাচিত, (পর=অন্য—আচিত=প্রতি-পালিত) বিং, ত্রিং, অন্যপুষ্ট, পরকর্তৃক প্রতিপালিত। সম্যক্ ব্যাপ্ত।

পরাচীন, (পরাচ্=বিমুখ+ঈন্—প্রং) বিং, ত্রিং, বিমুখ, পরাঙ্মুখ। পুরাতন, প্রাচীন।

পরাজয়, (পরা=ব্যতিক্রম—জি=জয়করা +অল্—ভা) সং, পুং,পরাভব,হারিয়া-যাওয়া।

পরাজিত, (পরাজয় দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বিজিত, পরাভূত, যে হারিয়া গিয়াছে।

পরাৎপর, (পরাৎ—পর) বিং, ত্রিং, পর হইতেও পর, শ্রেষ্ঠ হইতেও শ্রেষ্ঠ। সং, পুং, জগদীশ্বর।

পরাদন, (পরা=অতিরিক্ত—অদন=ভক্ষ-

ণীয়) সং, পুং, ঘোটকবিশেষ, পারস্য-দেশীয় ঘোটক।

পরাধীন, (পর—অধীন, ৬ষ্ঠী—ষ) বিং, ত্রিং, পরতন্ত্র। পরবশ, পরায়ত্ত।

পরানসা (পরান, [শত্রু] রোগ—সো=নাশকরা+অ—প্রং। নিপাতন) সং, স্ত্রীং, চিকিৎসা।

পরান্তঃপুষ্ট, (Parasita) যাহারা অপরের শরীর মধ্যে আপন জীবনযাত্রা নির্ব্বাহ করে; যথা—কৃমি।

পরান্ন, (পর=অন্য—অন্ন) বিং, ত্রিং, পরপিণ্ডাদ, পরান্নভোজী। সং, ক্লীং, অপরের অন্ন।

পরাপতিত, (পর—আ—পৎ [গমনকরা] আগমন করা+ক্ত—প্রং) বিং, ত্রিং, সমাগত, প্রত্যাগত।

পরাভব, (পরা—ভূ [হওয়া] পরাজিত করা+অল্=ভা) সং, পুং, অতিক্রম। পরাজয়। বিনাশ। তিরস্কার।

পরাভূত, (পরাভব দেখ—ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, পরাস্ত, পরাজিত। তিরস্কৃত, অবমানিত।

পরামনন, (পরা=মন্ [বোধকরা] অনুতাপকরা+অনট্—ভা) সং, ক্লীং, পশ্চাত্তাপ, অনুতাপ। চিন্তন।

পরামর্শ—র্ষ, (পরা—মৃশ্=বিবেচনাকরা+অল্—ভা) সং, পুং, বিবেচনা। স্পর্শ। মন্ত্রণা, যুক্তি। বিচার। ব্যাপ্তিবিশিষ্টের পক্ষবৃত্তিত্ব জ্ঞান। "ব্যাপ্তস্য পক্ষবৃত্তিত্বধীঃ পরামর্শ উচ্যতে" ভাষাপরিচ্ছেদ।

পরামৃত, (পর=অত্যুত্তম—অমৃত=জল) সং, ক্লীং, বর্ষণ, বৃষ্টি।

পরামৃষ্ট, (পরামর্শ দেখ—ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বিচারিত, বিবেচিত। স্পৃষ্ট।

পরায়ণ, (পর=কেবল [একবিষয়] অয়ন=গমন, ৬ষ্ঠী—হিং) বিং.ত্রিং, আসক্ত, তৎপর। অনুরক্ত। সং, ক্লীং, শ্রেষ্ঠ আশ্রয়। উত্তম অবলম্বন।

পরায়ত্ত,(পর=অন্য—আয়ত্ত=অধীন)বিং, ত্রিং, পরবশ, পরাধীন।

পরারি, (পর [অন্য] গত—অরি=পূর্ব্বতরস্মিন্ বর্ষে) অং, গত বর্ষের পূর্ব্ববর্ষে।

পরারু, (পৃ=পরিপূর্ণকরা, প্রীতকরা+আরু—প্রং) সং, পুং, লাউ।

পরারুক, (পরারু+ক—তুল্যার্থে) সং, পুং, পাথর, প্রস্তর।

পরার্দ্ধ, (পর=অতিশয়—[ঋধ্=বৃদ্ধহওয়া+অল্—ক] প্রসিদ্ধ) সং, ক্লীং, শেষ অর্দ্ধভাগ। অতি অধিক সঙ্খ্যাবিশেষ ১,০০,০০,০০,০০,০০,০০,০০,০০০। ব্রহ্মার পরমায়ুর অর্দ্ধ।

পরার্দ্ধ্য,(পর—অত্যুত্তম—অর্দ্ধ+য—প্রং) বিং, ত্রিং, প্রধান, শ্রেষ্ঠ। ক্লীং, পরার্দ্ধ, লক্ষ লক্ষকোটি।

পরাবর্ত্ত, (পরা—বৃৎ=বিদ্যমান থাকা+অল্—প্রং) সং, পুং, পরিবর্ত্তন, বিনিময়। প্রতিদান। প্রত্যাবর্ত্তন, পুনরাগমন।

পরাবর্ত্ত্য ব্যবহার, (পরাবর্ত্ত্য=পরিবর্ত্তনীয়—ব্যবহার=আইন অনুযায়ী কার্য্য) সং, পুং, পুনর্ব্বার বিচার প্রার্থনা (Appeal) পুনরাহ্বান।

পরাবর্ত্তিত, (পরা—বর্ত্তি=বিদ্যমান থাকান+ক্ত—র্ম্ম) বিং,ত্রিং, প্রত্যাবর্ত্তিত, ফেরান।

পরাবহ, (পরা—বহ্=বহনকরা+অল্—প্রং) সং, পুং, উপরিস্থিত সপ্ত বায়ুর অন্তর্গত সপ্তম বায়ু।

পরাবিদ্ধ, (পর=শত্রু—আবিদ্ধ=ভীত) শত্রু দেখিলে যে ভয় পায়) সং, পুং, কুবের।

পরাবৃত্ত, (পরা—বৃৎ=বিদ্যমান থাকা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং,পলায়িত। প্রত্যাবৃত্ত। পরিবর্ত্তিত। প্রতিদত্ত। বিনিমেয়।

পরাবৃত্তি, (পূর্ব্বে দেখ—ক্তি—ভা) সং, স্ত্রীং, প্রত্যাবর্ত্তন, পুনশ্চ গমন। পরিবর্ত্তন, বিনিময়।

পরাশর, (পর=উত্তম—আ—শৃ=সম্পঃ

করা+অল্—প্রং) সং, পুং,ব্যাসদেবের পিতা।

পরাশরী, পারাশরী, } পরাশর+ইন্) সং, পুং, ভিক্ষু, ফকির, চতুর্থাশ্রমী। ভিক্ষুগণ পরাশর সংহিতার অনুযায়ী কর্ম্মাদি অনুষ্ঠান করিয়া থাকেন, এই নিমিত্ত তাহাদের নাম পরাশরী হইয়াছে।

পরাশ্রয়, (পর=অন্য—আশ্রয়=অবলম্বন) বিং, ত্রিং, যে অন্যের উপার্জ্জিত অর্থে জীবনযাত্রা নির্ব্বাহ করে, পরপিণ্ডোপজীবী। য়া—স্ত্রীং, পরগাছা, বৃক্ষের উপরি জাত লতাবিশেষ।

পরাসন, (পর=শত্রু—অস্=ক্ষেপণকরা +অনট্—ভা) সং, ক্লীং, হত্যা, বধ, মারণ।

পরাসিসিষু, (পর=সম্মুখে—অস্=নিক্ষেপ করা+সন্+উ) বিং, ত্রিং, নিক্ষেপ করিতে ইচ্ছুক,পাঠাইতে ইচ্ছুক। পরাভব করিতে অভিলাষী।

পরাসু, (পর=অন্তর, দূরে—অসু=প্রাণ, ৬ষ্ঠী=হিং) বিং, ত্রিং, মৃত, গতপ্রাণ।

পরাস্কন্দী, (পরাস্কন্দিন্, পর=পরস্ব—আ—স্কন্দ্=শোষণ করা, চুরিকরা+ণিন্—ক) সং, পুং, চৌর, তস্কর। দস্যু, ডাকাত।

পরাস্ত, (পরা—অস্=বিক্ষেপ করা+ক্ত —র্ম্ম) বিং, ত্রিং, পরাজিত। বিক্ষিপ্ত। বহিস্কৃত। [পরদিন।

পরাহ, (পর—অহন্=দিন) সং, পুং,

পরাহত, (পরা—হন [বধকরা] পরাজিত করা, আঘাতকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, আক্রান্ত। আহত। পরাভূত। তিরস্কৃত।

পরাহ্ণ, (পর—অহন্=দিন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অপরাহ্ণ, বিকাল, দিবসের শেষভাগ।

পরি, (পৃ=পূর্ণকরা+ই—প্রং) উপং, অং, চারিদিকে,সর্ব্বতোভাবে বর্জ্জন। শেষ। ব্যাধি। ইত্থং ভতাখ্যান। আলিঙ্গন। ভাগ। লক্ষণ। সম্পূর্ণরূপে। চিহ্ন। অতিশয়। ইত্থম্ভাব। বীপ্সা। ত্যাগ। দোষাখ্যান (দোষকীর্ত্তন)। আখ্যান। ভূষণ। শোক। নিরসন। পূজা। নিরাস। ব্যাপ্তি উপরিউক্ত অর্থের মধ্যে বীপ্সা,ইত্থম্ভাব, চিহ্ন এবং, ভাগ এই অর্থে পরি উপসর্গের যোগে দ্বিতীয়া হয়।

পরিকথা, (পরি=ভূষণ—কথা=গল্প) সং, স্ত্রীং, আখ্যায়িকা—গ্রন্থ,গল্পের পুস্তক। কল্পিত পুরুষাদির জীবনবৃত্তান্ত।

পরিকম্প, (পরি=অত্যন্ত—কম্প =কম্পন) সং, পুং, কম্পন। ভয়।

পরিকর, (পরি—কৃ=করা+অল্—প্রং) বিং,ত্রিং, সাহায্যকারী। সং, পুং, শয্যা, পর্য্যঙ্ক। সহচর। পরিবার। অনুযাত্রিক। কটিবন্ধ, কোমরবাঁধা। সমূহ। উপকরণ। আরম্ভ,নিষ্পত্তি। গাঢ়বিবেচনা, বিবেক, হিতাহিত বা ভালমন্দের জ্ঞান। অর্থালঙ্কারবিশেষ, অভিপ্রায় বিশিষ্ট বিশেষণপ্রয়োগ পূর্ব্বক বাক্যকথন। "উক্তির্ব্বিশেষণৈঃ সাভিপ্রায়ৈঃ পরিকরো মতঃ" সাহিত্যদর্পণ।

পরিকর্ম্ম, (পরিকর্ম্মন্, পরি=ভূষণ—কর্ম্মন্=কর্ম্ম) সং, ক্লীং, প্রসাধন, অলঙ্কারাদি দ্বারা সাজান। স্নানানন্তর শরীরে গন্ধদ্রব্য বিলেপন। র্ম্মা—পুং, পরিচারক, ভৃত্য।

পরিকর্ম্মী, (পরিকর্ম্মিন্, পরিকর্ম্ম+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ভৃত্য, পরিচারক। প্রসাধক।

পরিকল্পন, (পরি—কৢপ=পারক হওয়া+অনট্—ভা) সং, ক্লীং, চিন্তন, মনন, রচনা।

পরিকল্পিত, (পরি=কৢপ্=পারকহওয়া ইত্যাদি+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অনুষ্ঠিত। নির্দ্দিষ্ট। সজ্জিত। রচিত, স্থিরীকৃত।

পরিকাঙ্ক্ষিত,(পরি=গত—কাঙ্ক্ষা=অভিলাষ+ইত—জাত অর্থে। যাহার পার্থিব ভোগাভিলাষ নাই) সং, পুং, মুনি,তপস্বী

পরিকীর্ণ, (পরি=সর্ব্বতোভাবে—কীর্ণ [কৃ=বিক্ষেপকরা+ক্ত] বিক্ষিপ্ত) বিং, ত্রিং, ব্যাপ্ত। বিস্তৃত। বিস্তৃত। সমর্পিত। প্রসারিত। প্রচারিত।

পরিকীর্ত্তিত, (পরি—কীর্ত্তিত=প্রশংসিত) বিং, ত্রিং, প্রশংসিত। উচ্চারিত। বিখ্যাত।

পরিকৃশ, (পরি=সর্ব্বতোভাবে—কৃশ=ক্ষীণ) বিং, ত্রিং, সর্ব্বতোভাবে কৃশ, অতিশয় বিশীর্ণ। দুর্ব্বল, ক্ষীণকায়।

পরিক্রম, (পরি=চতুর্দ্দিকে—ক্রম=গমন) সং, পুং, পাদবিহার, পদদ্বারা গমন। পাদচারণ। প্রদক্ষিণ। প্রদক্ষিণীকরণ। বিহার।

পরিক্রমসহ, (পরিক্রম=ইতস্ততঃ গমন—সহ=যে সহ্য করে) সং, পুং, ছাগল।

পরিক্রিয়া, (পরি=চারিদিকে—ক্রিয়া=করণ) সং, স্ত্রীং, পরিখাদিদ্বারা বেষ্টন। সংস্করণ।

পরিক্লিষ্ট, (পরি=অতিশয়—ক্লিশ্=ক্লেশ পাওয়া+ক্ত-প্রং) বিং, ত্রিং, পরিক্ষত। অতিক্লিষ্ট। বিরক্ত।

পরিক্ষত, (পরি—ক্ষত=ক্ষয়প্রাপ্ত) বিং, ত্রিং, ক্ষয়প্রাপ্ত। ভ্রষ্ট, নষ্ট। ক্ষত। আহত

পরিক্ষয়, (পরি—ক্ষি=ক্ষয়করা+অল্—ভা) সং, পুং, বিনাশ, ধ্বংস, পতন।

পরিক্ষিৎ, (পরি—ক্ষি=ক্ষীণহওয়া+ক্বিপ্ প্রং। কুলের ক্ষীণাবস্থায় জন্মিয়াছিলেন বলিয়া শ্রীকৃষ্ণ ইহাঁর নাম পরিক্ষিৎ রাখিয়াছিলেন) সং, পুং, চন্দ্রবংশীয় নৃপতিবিশেষ। অর্জ্জুনের পৌত্র, অভিমন্যুর পুত্র, জনমেজয়ের পিতা।

পরিক্ষিপ্ত, (পরি=চতুর্দ্দিকে—ক্ষিপ্=ক্ষেপণকরা+ক্ত—প্রং) বিং, ত্রিং, বেষ্টিত, চতুর্দ্দিকে ঘেরা। পরিত্যক্ত, নিক্ষিপ্ত। পরিবর্জ্জিত।

পরিক্ষীণ, (পরি=অতিশয়—ক্ষীণ=ক্ষয়প্রাপ্ত) বিং, ত্রিং, অতিশয় কমিয়া যাওয়া। ক্ষয়প্রাপ্ত, অতিশয় ক্ষীণ, দুর্ব্বল

পরিক্ষেপ, (পরি—ক্ষিপ্+ঘঞ্—ভা) সং, পুং, চতুর্দ্দিকে বেষ্টন। নিক্ষেপ।

পরিখা, (পরি=চতুর্দ্দিকে—খন্=খোঁড়া+ড, আপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, চতুর্দ্দিকে খাত, খাতদ্বারা বেষ্টন, গড়খাই "স বেলা বপ্রবলয়াং পরিখীকৃত সাগরাম্" রঘুবংশ।

পরিখেদ, (পরি—খিদ=দুঃখিত হওয়া-ঘঞ্—ভা) সং, পুং, কষ্ট, ক্লেশ। পরিশ্রম, শ্রান্তি।

পরিখ্যাত, (পরি—খ্যাত=কথিত) বিং, ত্রিং, বিখ্যাত, অত্যন্ত প্রসিদ্ধ, প্রথিত

পরিগণিত, (পরি—গণিত=যাহা গণনা-করা হইয়াছে) বিং, ত্রিং, সংখ্যাত, যাহা গণনা করা হইয়াছে।

পরিগত, (পরি—গম্=গমন করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, জ্ঞাত। চেষ্টিত। প্রাপ্ত গত। বেষ্টিত। বিস্মৃত।

পরিগমিত, (পরি—গমি=গমনকরান+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অতিবাহিত, যাপিত, কাটান.

পরিগৃহীত, (পরি—গ্রহ=গ্রহণকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, স্বীকৃত, যাহা গ্রহণ করা হইয়াছে। প্রাপ্ত, লব্ধ। সম্মত অনুষ্ঠিত। সংযত।

পরিগৃহ্য, (পরি=সর্ব্বতোভাবে—গ্রহ্ গ্রহণ করা+য—র্ম্ম) বিং, ত্রিং, গ্রহণ-যোগ্য। হ্যা—স্ত্রীং, নারী, স্ত্রী।

পরিগ্রহ, (পরি—গ্রহ্ [গ্রহণ করা] স্বীকার করা ইত্যাদি+অল্—প্রং) সং, পুং, পত্নী "পরিগ্রহ বহুত্বেপি দ্বে প্রতিষ্ঠে কুলস্য মে। সমুদ্ররসনা চোর্ব্বী সখী চ যুবয়োরিয়ম্" শকুন্তলা। পরিজন. অধীনস্থ ব্যক্তি। স্বীকার। অধিষ্ঠান। গ্রহণ। সঙ্গম, মিলন। সৈন্যেরপশ্চাদ্ভাগ। মূল। শপথ। শাপ।

পরিগ্রাহ, (পরি=চারিদিক—গ্রহ্=গ্রহণ করা+ঘঞ্—প্রং) সং, পুং, ... বিশেষ।

পরিগ্রাহক, (পরি=গ্রহ=গ্রহণ করা+ণক) সং, পুং, স্বীকারকর্ত্তা, স্বীকারক।

পরিঘ, (পরি=সর্ব্বতোভাবে—হন্=বধ করা+অল্—ণ) সং, পুং, লৌহবদ্ধ লগুড়। অর্গল, লৌহময় যষ্টি, হুড়কা। শূল। বিষ্কুম্ভাদি সপ্তবিংশতি যোগের অন্তর্গত যোগবিশেষ। ব্যাঘাত। প্রতিবন্ধ। কলস। কাচনির্ম্মিত ঘট। শিশি। গোপুর।

পরিঘাত, পরিঘাতন, (পরিঘ দেখ,+ঘঞ্—অনট্ ণ, ভা) সং, পুং, পরিঘ, লৌহমুখ মুদ্গর, গুলবসান লাঠী। অর্গল ব্যাঘাত, প্রতিবন্ধ। হনন, বধ।

পরিঘোষ, (পরি—ঘোষ=শব্দ) সং, পুং ধ্বনি। মেঘের শব্দ। অবাচ্য বাক্য।

পরিচয়, (পরি=সর্ব্বতোভাবে—চি=একত্র করা+অল্—ভা) সং, পুং, জানা শুনা। অভ্যাস। প্রণয়। আলাপ। চয়ন। সঞ্চয়। রাশীকরণ।

পরিচর, (পরি=সর্ব্বতোভাবে, পশ্চাৎ—চর=যে গমন করে) সং, পুং, রক্ষি-সৈন্য, অনুচর। পরিচারক। সেনাপতি।

পরিচর্য্যা, (পরি—চর্ [গমনকরা] সেবাকরা+ক্যপ্—ভা, আপ্—প্রং স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, শুশ্রূষা, সেবা। উপাসনা।

পরিচায্য, (পরি=পূজাইত্যাদি—চি=একত্র করা+ঘ্যণ্—প্রং) সং, পুং, যজ্ঞাগ্নি সমূহ।

পরিচারক, (পরিচর দেখ+ণক—ক) সং, পুং, সেবক, ভৃত্য, দাস। রিকা—স্ত্রীং, দাসী, কিঙ্করী।

পরিচার্য্য, (পরিচর দেখ+ঘ্যণ্—র্ম্ম) বিং, ত্রিং, সেব্য, শুশ্রূষণীয়।

পরিচিত, (পরি—চি+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অভ্যস্ত, কৢপ্ত। পরিচয়বিশিষ্ট জ্ঞাত, চেনা।

পরিচেয়, (পরি—চি+য—র্ম্ম) বিং, ত্রিং, পরিচয়ের যোগ্য। অভ্যসনীয়।

পরিচ্যুত, (পরি—চ্যুত=পতিত) বিং, ত্রিং, স্খলিত, পতিত, ভ্রষ্ট।

পরিচ্ছদ, (পরি=সর্ব্বতোভাবে—ছদ্=আচ্ছাদন করা+অল্—প্রং) সং, পুং, বেশ, পোষাক। অনুচর, পরিজন। পরিবার, আচ্ছাদন। আস্‌বাব। হস্ত্যশ্বাদি উপকরণ। "সেনা পরিচ্ছদস্তস্য দ্বয়মেবার্থসাধনং। শাস্ত্রেষকুণ্ঠিতা বুদ্ধির্মৌর্ব্বী ধনুষি চাততা"। রঘুবংশ।

পরিচ্ছন্দ, (পরিচ্ছদ দেখ) সং, পুং, পরিচ্ছদ, পোষাক। সঙ্গীসমূহ।

পরিচ্ছন্ন, (পরি—ছদ্=আচ্ছাদন করা+ক্ত—প্রং) বিং, ত্রিং, পরিচ্ছদবিশিষ্ট। পরিষ্কৃত। আচ্ছাদিত। আচ্ছন্ন। অভিভূত। সংবৃত্ত। পরিশুদ্ধ। [আড়াল।

পরিচ্ছিত্তি, সং, স্ত্রীং, বিচ্ছেদ, ব্যবধান,

পরিচ্ছিন্ন (পরি—ছিদ্=ছেদনকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ইয়ত্তারূপে পরিমিত, সীমাবদ্ধ, নির্ণীত, অবধিবিশিষ্ট। উৎকৃষ্ট। পরিষ্কৃত, স্বচ্ছ। লুপ্ত।

পরিচ্ছেদ, (পরি=ক্রমে ক্রমে, বারম্বার ছেদ=ছেদন) সং, পুং, গ্রন্থের অংশ বিশেষ। গ্রন্থবিচ্ছেদ। ইয়ত্তারূপে অবধারণ। সীমা। নির্ণয়। অংশ, ভাগ। নিশ্চয়। ফাঁক।

পরিচ্ছেদ্য, (পরি—ছিদ্+য—র্ম্ম) বিং, ত্রিং, ইয়ত্তারূপে অবধার্য্য। বিভাজ্য। পরিমেয়।

পরিজন, (পরি=সম্পূর্ণরূপে—জন [স্বীয়] লোক) সং, পুং, পরিচারক। পরিবার। স্বজন। পোষ্যবর্গ।

পরিজনতা, (পরিজন+তা—ভাবার্থে) সং, স্ত্রীং, অধীনতা, পরায়ত্ততা, অস্বাধীনবৃত্তিতা। [সং, পুং, চন্দ্র। অগ্নি।

পরিজন্মা, (পরিজন্মন্, পরি—জন্মন্)

পরিজ্মা, (পরিজ্মন্, পরি—জ্ম=শীঘ্র গমনকরা+বন্) সং, পুং, দেবরাজ, ইন্দ্র। বহ্নি, অগ্নি।

পরিজ্ঞান, (পরি=সর্ব্বতোভাবে—জ্ঞা=জানা+অনট্—ভা) সং, ক্লীং, সর্ব্ব-

তোভাবে জানা।

পরিডীনক, (পরি=চারিদিকে—ডীনক =উড়ন) সং,ক্লীং,পক্ষীর গতিবিশেষ।

পরিণত, (পরি—নম্=নম্র হওয়া+ক্ত —ক) বিং, ত্রিং, অবস্থান্তরপ্রাপ্ত, পক্ব। সর্ব্বতোভাবে নত। পুং,নদীতীরাদিতে বক্রভাবে দন্তপ্রহারে প্রবৃত্ত হস্ত্যাদি। "তির্য্যগ্দন্তপ্রহারস্তু গজঃ পরিণতো মতঃ"। "বপ্রক্রীড়াপরিণত গজপ্রেক্ষনীয়ং দদর্শ" মেঘদূত।

পরিণতি, (পরি—নম্=নম্র হওয়া+ক্তি—ভা) সং, স্ত্রীং, অবস্থান্তরপ্রাপ্তি। পরিপাক। বৃদ্ধাবস্থা. বার্দ্ধক্য, শেষ।

পরিণদ্ধ, (পরি—নহ্=বন্ধনকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, পরিহিত। বৃদ্ধ। প্রবৃদ্ধ। আলিঙ্গিত, পরিবদ্ধ।

পরিণয়—পুং, পরিণয়ন—ক্লীং, (পরি=সম্পূর্ণরূপে—নী=পাওয়া+অল্, অনট্—প্রং) সং, বিবাহ, পরিগ্রহ।

পরিণয়সম্বন্ধজাত, বিং, ত্রিং, ধর্ম্মপত্নীর গর্ভজাত।

পরিণাম, (পরি—নম্=নম্রহওয়া+ঘঞ্—ভা) সং, পুং, অবস্থান্তরপ্রাপ্তি। পরিপক্বতা। শেষ, চরমদশা, বার্দ্ধক্য। "হা তাতপ্রিয়ে, হা স্তোকপ্রিয়বাদিনি! কথমেবংবিধায়াস্তবায়মীদৃশঃ পরিণামঃ" উত্তররামচরিত। "প্রচ্ছায়সুলভনিদ্রা দিবসাঃ পরিণামরমণীয়াঃ" শকুন্তলা। কাব্যালঙ্কারবিশেষ। আরোপ্যমাণ পদার্থ আরোপের বিষয়ের সহিত অভিন্নরূপে পরিণত হইয়া যদি প্রকৃতার্থের উপযোগী হয়। "বিষয়াত্মতয়ারোপ্যে প্রকৃতার্থোপযোগিনি। পরিণামো ভবেৎ" সাহিত্যদর্পণ।

পরিণামদর্শী, (—র্শিন্, পরিণাম—দর্শিন্ যে দেখে) বিং, ত্রিং,সূক্ষ্মদর্শী, যে উত্তর কাল বিবেচনা করিয়া কার্য্যকরে। বিজ্ঞ, বিচক্ষণ। [জীর্ণ রোগ

পরিণামশূল, সং, পুং, রোগবিশেষ, অ

পরিণায়, পরীণায়, (পরি=চারিদিকে—নী=গ্রহণ করা+ঘঞ্—প্রং) সং, পুং, চারিদিকে পাশার গুটি চালা। বিবাহ।

পরিণাহ, পরীণাহ (পরিণদ্ধ দেখ +ঘঞ্—প্রং) সং, পুং, বিস্তার। বিশালতা।

পরিণাহী, (পরিণাহিন্, পরিনদ্ধ দেখ+ইন্—ক) বিং, ত্রিং, বিশাল। বিপুল।

পরিনিংসা, (পরি—নিংস—চুম্বন করা +অল্—আপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, চুম্বন। ভক্ষণ। [ত্রিং, বিবাহিত।

পরিণীত, (পরি—নী+ক্ত—র্ম্ম) বিং,

পরিণেতা, (পরিণেতৃ, পরি—নী+তৃন্ক) সং, পুং, বিবাহকর্ত্তা, স্বামী।

পরিতঃ, (পরিতস্, পরি—তস্—প্রং) ক্রিং—বিং, অং, সর্ব্বতোভাবে, সম্পূর্ণরূপে। চারিদিকে।

পরিতাপ, (পরি=সম্যক্—তাপ=উষ্ণতা) সং, পুং, শোক, সন্তাপ, দুঃখ, মানসিক ক্লেশ, মনস্তাপ। উত্তাপ। নরকবিশেষ ভয়। কম্প।

পরিতুষ্ট, (পরি=অধিক—তুষ্ট=তৃপ্ত) বিং, ত্রিং, আহ্লাদিত, সন্তুষ্ট। পরিতৃপ্ত, পরিতোষপ্রাপ্ত।

পরিতোষ, (পরি=সম্যক্—তোষ=তুষ্টি) সং, পুং, সর্ব্বতোভাবে সন্তোষ, তৃপ্তি, আনন্দ, হর্ষ।

পরিত্যক্ত, (পরি=সম্পূর্ণরূপে—ত্যজ=ত্যাগকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহা পরিত্যাগ করা হইয়াছে।

পরিত্যাগ, (পরি=সম্পূর্ণরূপে—ত্যজ্ ত্যাগকরা+ঘঞ্—ভা) সং, পুং, ত্যাগ বিসর্জ্জন। বর্জ্জন।

পরিত্যজ্য, (পরিত্যাগ দেখ+য—র্ম্ম) বিং, ত্রিং, পরিত্যাগ করিবার যোগ্য, বিসর্জ্জনীয়।

পরিত্রাণ, (পরি=সম্পূর্ণরূপে—ত্রাণ=রক্ষণ) সং. ক্লীং, উদ্ধার, রক্ষা, বাঁচান, "রামাপরিত্রাণ বিহস্তযোধং সেনামুখং তৎ তুমুলং চকার"

পরিত্রাতা } (পরিত্রাতৃ, পরি=সম্পূর্ণ-
পরিত্রায়ক } রূপে—ত্রৈ=রক্ষা করা +তৃন্—ণক—ক) বিং, ত্রিং, পরিত্রাণ কারক, রক্ষাকর্ত্তা, রক্ষক।

পরিদর, (পরি—দৃ=বিদারণ করা+অল্) সং, পুং, মাড়ির কোমলতা (Spong-iness of the gums)

পরিদান, (পরি=পরিবর্ত্তরূপে—দান) সং, ক্লীং, বিনিময়, বদল।

পরিদেবন, পরিদেবিত, (পরি—দেবি=, বিলাপকরা+অনট্—ক্ত ভা) সং ক্লীং, না —স্ত্রীং, বিলাপ, পরিতাপ, অনুশোচনা।

পরিধান, (পরি=চারিদিকে—ধা=ধারণ করা+অনট্—র্ম্ম, ভা) সং, ক্লীং, পরিধেয় বস্ত্র। পরা। পিধান, আচ্ছাদন। উপসংব্যান, কৌপীন।

পরিধাপন, (পরি চারিদিকে—ধাপি =ধাবন করান+অনট্—ভা) সং, ক্লীং, পরিধেয় বস্ত্র। পরান।

পরিধি, (পরিধা+কি—প্রং) সং, পুং, বৃত্তের সীমা, বেড়। চন্দ্রসূর্য্যের মণ্ডল। নেমী। যজ্ঞীয় তরুর শাখা। পরিবেশ।

পরিধিস্থ, (পরিধি [রাজার] চারিদিকে —স্থ=যে থাকে) বিং, ত্রিং, পরিচারক। অনুচর। মোসাহেব। চতুঃপার্শ্বস্থ।

পরিধূপিত, (পরি—ধূপিত=ধূপদ্বারা সন্তাপিত) বিং, ত্রিং, সুবাসিত, সুগন্ধীকৃত।

পরিধেয়, (পরি—ধা+য—র্ম্ম) বিং, ত্রিং, পরিধানের যোগ্য, পরিবার উপযুক্ত।

পরিপক্ক, (পরি—পক্ক=পাকা) বিং, ত্রিং, সুজীর্ণ, পাকা, পরিণত। বহুদর্শী। সংস্কৃত। সিদ্ধ। চতুর। পটু। নিপুণ।

পরিপণ, (পরি—পণ=মূল্য) সং, ক্লীং, মূলধন, পুঁজি।

পরিপণিত, (পরি—পণিত=অঙ্গীকৃত) বিং, ত্রিং, ন্যাসীকৃত, নিক্ষিপ্ত।

পরিপন্থক, পরিপন্থী, (পরিপন্থিন্, পরি =দোষকীর্ত্তন—পন্থক, পন্থিন্—যে পথে গমন করে) বিং, ত্রিং, প্রতিকূল। শত্রু। অরি, বিপক্ষ। দস্যু, ডাকাত।

পরিপাক, (পরি—পচ্=রন্ধনকরা+ঘঞ্ —ভা) সং, পুং, পরিণতি। নৈপুণ্য। শেষদশা। উত্তম পাক। জীর্ণতা। পরিপক্কতা।

পরিপাটি, পরিপাটী, (পরি=ক্রমান্বয়ে —পাটি=গমন করান+ই—প্রং) সং, স্ত্রীং, সুশৃঙ্খলা, অনুক্রম, আনুপূর্ব্ব। অঙ্কশাস্ত্র। উত্তম, সুন্দর।

পরিপালিত, (পরি—পালিত=রক্ষিত) বিং, ত্রিং, প্রতিপালিত, পোষিত, রক্ষিত।

পরিপিষ্টক, সং, ক্লীং, সীসক, সীসা।

পরিপুটন, (পরি—পুটন) সং, ক্লীং, মহাধ্বনিকরণ। ঘণ্টা শব্দকরণ। ক্বণন।

পরিপূত, (পরি—পূত=পবিত্র) বিং, ত্রিং, পবিত্র, শুদ্ধ। পরিষ্কৃত, মার্জ্জিত। সং, ক্লীং, নিস্তুষ ধান্যাদি।

পরিপূর্ণ, (পরি=সম্যক্—পূর্=পরিপূরণ করা+ক্ত—ক) বিং, ত্রিং, সম্পূর্ণ। ব্যাপ্ত। পরিতৃপ্ত। পূরিত। ভরা, প্রচুর, যথেষ্ট।

পরিপূর্ণতা, (পরি=সম্যক্—পূর্ণ+তা ভাবে) সং, স্ত্রীং, আভোগ, সম্পূর্ণতা। পরিতৃপ্তি।

পরিপ্রেক্ষিত, (Perspective, পরি—প্র —ঈক্ষ=দর্শনকরা+ক্ত—প্রং) সং, ক্লীং, চিত্রবিদ্যাবিশেষ, যে বিদ্যাদ্বারা কোন বিশেষ স্থান হইতে অট্টালিকাদি যে প্রকার দেখায়, চিত্রেও অবিকল সেই রূপ দেখান যাইতে পারে।

পরিপ্লব, (পরি=সর্ব্বতোভাবে—প্লু=গমনকরা+অন্—প্রং) বিং, ত্রিং, কম্পমান, চপল, চঞ্চল, অস্থির। সং, পুং, মজ্জন। জলপ্লাবন। পীড়ন।

পরিপ্লুত, (পরি=সর্ব্বত্র—প্লু=লাফিয়া২ যাওয়া, জলে ভাসিয়া যাওয়া+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, জলাদিদ্বারা প্লাবিত, আপ্লুত, সিক্ত "তমুহ্যমানং বেগেন বীচিমালা পরিপ্লুতং" বিষ্ণুপুরাণ। তা—স্ত্রীং,

মদ্য, মদিরা।

পরিবর্হ, (পরি=সর্ব্বতোভাবে, চিহ্ন —বর্হ=আচ্ছাদনকরা + অল—প্রং) সং,পুং,পোষাক,পরিচ্ছদ। রাজ উপযুক্ত পরিচ্ছদ, রাজযোগ্য দ্রব্য, সিত ছত্র চামরাদি। গৃহদ্রব্যাদি, উপকরণ, আস্‌বাব। (অন্তঃস্থ বও হয়)।

পরিভব, পরিভাব, পরীভব, (পরি=ভূ [হওয়া] পরাজয় করা ইত্যাদি+অল— —ভা) সং, পুং, পরাভব, পরাজয়। অবজ্ঞা, অনাদর। তিরস্কার। "প্রায়োমূর্খঃ পরিভববিধৌ নাভিমানংতনোতি"

পরিভাবী,(পরিভাবিন্,পরি—ভূ+ণিন্—ক) বিং, ত্রিং, পরিভবকারী, অতিক্রমকারী। তিরস্কারী। নিন্দাকারী। অবজ্ঞাকারক।

পরিভাষণ, (পরি=দোষকীর্ত্তন, পরস্পর—ভাষণ=কথন) সং, ক্লীং, নিন্দাপূর্ব্বক কথন,উপলম্ভ। তিরস্কার। নিন্দাবচন। লক্ষণ। নিয়ম। আলাপ।

পরিভাষা, (পরি=ব্যাপ্ত—ভাষা=কথন) সং, স্ত্রীং, গ্রন্থ সংক্ষেপ করিবার জন্য সাঙ্কেতিক নিয়ম সমূহ।

পরিভাষিত, (পরি—ভাষ্=বলা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, পরিভাষা দ্বারা অবধারিত। উক্ত, কথিত।

পরিভুক্ত, (পরি—ভুজ্=ভোজনকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রি, উপভুক্ত, যাহা ভোগ করা গিয়াছে, কৃতোপভোগ।

পরিভূত, (পরি—ভূ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অবমানিত, তিরস্কৃত। অবজ্ঞাত। অভিভূত। অনাদৃত। পরাস্ত।

পরিভোগ, (পরি=সম্যক্—ভুজ্=ভোজনকরা+ঘঞ্—প্রং) সং, পুং, উপভোগ, সম্ভোগ। আস্বাদন। সম্ভোগচিহ্ন।

পরিভ্রম, (পরি—ভ্রম=ভ্রমণকরা+অল্—প্রং) সং, পুং, পরিভ্রমণ, পর্য্যটন, বেড়ান।

পরিভ্রষ্ট, (পরি—ভ্রষ্ট=পতিত) বিং, ত্রিং, পতিত, চ্যুত। নষ্ট, ধ্বস্ত।

পরিমণ্ডল, (পরি=চারিদিকে—মণ্ডল=গোল, পরিধি) বিং,ত্রিং,গোল, বর্ত্তুল। বাঁটুল। গ্রহাদির পথ (Orbit)

পরিমল, (পরি—মল্=ধারণকরা+অল্—প্রং) সং, পুং, বিমর্দ্দোত্থ সুগন্ধ। সুরতাদিবিমর্দ্দোত্থ কুঙ্কুম বিলেপনাদির গন্ধ পণ্ডিতসমূহ। সর্ব্বতোভাবে সম্বন্ধ।

পরিমর্শ, (পরি—মৃশ=স্পর্শকরা+অল্ সং, পুং, সংস্পর্শ, ঘর্ষণ।

পরিমর্ষ, (পরি—মৃষ=সহ্যকরা+অল্ সং, পুং, ঈর্ষা, অসূয়া, দ্বেষ।

পরিমাণ, (পরি=সম্যক্—মা=পরিমা করা+অনট্—ভা) সং, ক্লীং, হস্তাদি দ্বারা পরিচ্ছেদ। ওজন,মাপ। সঙ্খ্যাকর

পরিমাণফল, (Area) ভূমির সীমান্তর্গত স্থানের পরিমাণ, ক্ষেত্রফল।

পরিমিত, (পরিমাণ দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ইয়ত্তাবিশিষ্ট। পরিচ্ছিন্ন। যথা যোগ্য পরিমাণযুক্ত অল্প। [ক্লীং, পরিমা

পরিমিত, (পরিমাণ দেখ, ক্তি—ভা) সং,

পরিমুক্তসঙ্গ, (পরিমুক্ত=সম্পূর্ণরূপে পরিত্যক্ত — সঙ্গ = বিষয়ভোগ—ওয়া হিং) যাহার বিষয়ভোগের অভিলাষ নাই, বিষয়ভোগনিস্পৃহ।

পরিমৃদিত, পরিমৃষ্ট } (পরি—মৃদ=ঘর্ষণ করা, মৃজ=বিশুদ্ধকরা+ক্ত—র্ম্ম) বিস্তারিত। ঘর্ষিত। আলিঙ্গিত।

পরিমেয়, (পরিমাণ দেখ,—য—র্ম্ম) বিং, ত্রিং, পরিমাণের যোগ্য।

পরিমোক্ষ, (পরি—মোক্ষ্ [ক্ষেপণ করা] মুক্তহওয়া+ঘঞ্—প্রং) সং, পুং, মোচন। ভঙ্গ।

পরিমোষী, (পরিমোষিন্, পরি=সর্ব্বত্র—মুষ্=চুরিকরা+ণিন্—ক) সং, পুং, অপহরণকারক। চোর।

পরিম্লান, (পরি—ম্লান=মলিন) বিং, ত্রিং, অতিশয় ম্লান, শুষ্ক। সং, ক্লীং

ভয় বা শোকবশতঃ মলিনমূর্ত্তি। পরিমল।

পরিরক্ষণ, (পরি=চারিদিকে—রক্ষ্=রক্ষা করা+অনট্—ভা) সং, ক্লীং, রক্ষা। ত্রাণকরণ, উদ্ধার। অপেক্ষা।

পরিরব্ধ (পরিরম্ভ দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, আলিঙ্গিত। ক্রোড়ীকৃত।

পরিরম্ভ, পরীরম্ভ, (পরি—রভ্ [বেগে গমনকরা] আলিঙ্গনকরা+অল্—প্রং) সং, পুং, আলিঙ্গন। [সম্বৎসর, বর্ষ।

পরিবৎসর, (পরি—বৎসর) সং, পুং,

পরিবর্জ্জন, (পরি=সম্পূর্ণরূপে—বৃজ্= ত্যাগকরা+অনট্—ভা) সং, ক্লীং, পরিত্যাগ। বিসর্জ্জন, হনন, হত্যা, বধ।

পরিবর্ত্ত, পরীবর্ত্ত—পুং, পরিবর্ত্তন—ক্লীং, (পরি—বৃৎ [বর্ত্তমান থাকা] বদলকরা ইত্যাদি+অল্—অনট্—ভা) সং, বদল, বিনিময়। অপবর্ত্তন। পাশফেরা, লুণ্ঠন। যুগান্ত। নিবৃত্তি।

পরিবর্ত্তিত, (পরি—বর্ত্তি [বর্ত্তান]বদল করান ইত্যাদি+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহা বদল করা হইয়াছে।

পরিবর্দ্ধিত, (পরি—বর্দ্ধি=বৃদ্ধিপাওয়ান+ ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহা বাড়ান গিয়াছে।

পরিবসথ, (পরি=চারিদিকে—বস্=বাস করা+অথ—সংজ্ঞার্থে) সং, পুং, গ্রাম।

পরিবহ, (পরি—বহ্=বহন করা+অল্ --প্রং) সং, পুং, বায়ুবিশেষ, সপ্তবায়ুর অন্তর্গত ষষ্ঠ বায়ু।

পরিবাদ, পরীবাদ, (পরি=দোষকীর্ত্তন— বদ=বলা+ঘঞ্—ভা) সং, পুং, নিন্দা, অপবাদ, দোষকীর্ত্তন।

পরিবাদক, (পরিবাদ দেখ+ণক—ক) বিং, ত্রিং, নিন্দাকারী, অপবাদক। দোষকীর্ত্তক।

পরিবাদিনী, (পরি=সম্যক্‌রূপে—বদ্ =বলা+ণিন্—ক) সং, স্ত্রীং, সপ্ততন্ত্রীবিশিষ্ট বীণা।

পরিবাদী, (পরিবাদিন্, পরিবাদ+ইন্ —অস্ত্যর্থে) সং, পুং, নিন্দক, অপবাদকারী।

পরিবাপ—পুং, পরিবাপন—ক্লীং (পরি-- বপ্=মুণ্ডনকরা+ঘঞ্—অনট্—ভা) সং, ক্লীং, মুণ্ডন, নেড়া। বপন। জলস্থান। পরিচ্ছদ।

পরিবাপিত, (পরিবাপ=মুণ্ডন+ইত—প্রং) বিং, ত্রিং, মুণ্ডিত। রোপিত।

পরিবার, পরীবার, (পরি-বৃ=[বরণকরা] আবরণকরা+ঘঞ্—স্ত্রীপুত্র কন্যা প্রভৃতি প্রং) সং, পুং, পোষ্য। পরিজন। আকার। খড়্গের খাপ্। পরিচ্ছদ।

পরিবাহ, পরীবাহ, (পরি=সম্যক্‌রূপে— বহ্= বহনকরা+ঘঞ্—প্রং) সং, পুং, জলপ্রবাহ। জলপ্লাবন, জলোচ্ছ্বাস। "পূরোৎপীড়ে তড়াগস্য পরীবাহঃপ্রতিক্রিয়া" উত্তরচরিত। মোহানা। জলনির্গমন।

পরিবিত্তি, পরিবিন্ন, (পরি—বিদ্=লাভ করা+ক্তি, ক্ত—প্রং) কৃতবিবাহ ব্যক্তির অনূঢ় জ্যেষ্ঠ ভ্রাতা। সং, পুং, বিবাহিত কনিষ্ঠের অবিবাহিত জ্যেষ্ঠভ্রাতা। সং, ক্লীং, ব্রহ্মার ধনুক। স্ত্রীং, তাদৃশ ভগ্নী।

পরিবীক্ষণ, (পরি—বি-ঈক্ষ্=দর্শনকরা+ অনট্—ভা) সং, ক্লীং, মনঃসংযোগ পূর্ব্বক দর্শন।

পরিবীত, পরিবৃত, (পরি—বী[গমনকরা] বৃ [বরণ করা] আবরণকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, আচ্ছাদিত। বেষ্টিত। ব্যাপ্ত।

পরিবৃঢ়, (পরি=সম্পূর্ণরূপে—বৃহ=সমৃদ্ধহওয়া+ক্ত—ক) সং, পুং অধিপতি, স্বামী, প্রভু।

পরিবৃতি, (পরি—বৃ [বরণকরা] আবরণ করা+ক্তি—ভা) সং, স্ত্রীং, বেষ্টন। আচ্ছাদন, আবরণ। মিলন, যোজন।

পরিবৃত্তি, (পরিবর্ত্ত দেখ, ক্তি—ভা) সং, স্ত্রীং, পরিবর্ত্তন, বিনিময়, বদল।

পরিবেত্তা, (পরিবেত্ত, পরি [দেশাচার] পরিবর্জন—বিদ্ [স্ত্রী] লাভকরা+তৃন্

—ক) সং, পুং, অবিবাহিত জ্যেষ্ঠসত্বে কৃতদার কনিষ্ঠ।

পরিবেদন, (পরিবেত্তা দেখ, অনট—ভা) সং, ক্লীং, জ্যেষ্ঠভ্রাতা অবিবাহিত থাকিতে কনিষ্ঠের বিবাহ। "ক্লীবে দেশান্তরগতে পতিতে ভিক্ষুকেঽপি বা। যোগশাস্ত্রাভিযুক্তে চ ন দোষঃ পরিবেদনে"। ক্লেশ, যন্ত্রণা। বিবেচনা।

পরিবেদনা, (পরি—বেদি=জানা+অনট্—ভা) সং, স্ত্রীং, বুদ্ধি। বিবেচনা। সম্যক্ ব্যথা। পরিতাপ।

পরিবেদিনী, (পরিবেত্তা দেখ, ণিন্—ক, ঈপ্-স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, পরিবেত্তার স্ত্রী।

পরিবেশ—ষ, (পরি—বিশ্ [প্রবেশকরা] বেষ্টনকরা+ঘঞ্—প্রং। পরি সর্ব্বতোভাবে—বিষ্=ব্যাপা+ঘঞ্—প্রং) সং, পুং, চন্দ্রসূর্য্যের মণ্ডল। পরিধি, মণ্ডল, বেষ্টন, পরিবেষণ।

পরিবেষণ, (পরি—বিষ্=বর্ষণকরা, ব্যাপা +অনট্—ভা) সং, ক্লীং, আহারীয় দ্রব্য বণ্টন। বেষ্টন।

পরিবেষ্টন, (পরিবেষ্টিত দেখ, অনট্—ভা) সং, ক্লীং, চারিদিকে ঘেরা, আবরণ।

পরিবেষ্টিত, (পরি=চতুর্দ্দিকে—বেষ্ট্=বেষ্টনকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, চারিদিকে বেষ্টিত, আবৃত। সর্ব্বতোভাবে বেষ্টিত। পরিষ্কৃত।

পরিব্রজ্যা, (পরি=চারিদিকে—ব্রজ্যা=ধর্ম্মার্থ ভ্রমণ) সং, স্ত্রীং, সন্ন্যাসধর্ম্ম, তপস্যা। ভিক্ষুকতা।

পরিব্রাজ্, পরিব্রাজ, পরিব্রাজক, (পরি=সর্ব্বতোভাবে—ব্রজ্=গমনকরা+ক্বিপ্—ঘঞ্, ণক) সং, পুং, ভিক্ষু, চতুর্থাশ্রমী। ভ্রমণকারী, পর্য্যটক। সন্ন্যাসী। জ্, জা, জিকা—স্ত্রীং, ভিক্ষুকী।

পরিশঙ্কনীয়, (পরি=সম্পূর্ণরূপে—শনক্=ভীত হওয়া, আশঙ্কা করা+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, শঙ্কা করিবার যোগ্য, ভয়ের বিষয়।

পরিশিষ্ট, (পরি—শিষ্ট=অবশিষ্ট) বিং, ত্রিং অবশিষ্ট। পরিশেষ বিশিষ্ট, পর্য্যবসিত গ্রন্থের ন্যূনতা পরিহারার্থ যে অং গ্রন্থের শেষভাগে সংযুক্ত করা যায়

পরিশীলন, (পরি—শীল্=একান্ত প্রবৃ হওয়া+অনট্—ভা) সং, ক্লীং, অনু শীলন। অবগাহন। অনুষ্ঠান, অনু সেচন।

পরিশুদ্ধ, (পরি=সম্যক—শুধ্=শুদ্ধকরা-ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, সংশোধিত, পরিষ্কৃত

পরিশুষ্ক, (পরি=অধিক—শুষ্=শুষ্কহওয় +ক্ত—ক,) বিং, ত্রিং, অতিশয় শুষ্ক নীরস। অত্যন্ত কৃশ। সং, ক্লীং মাংসের ব্যঞ্জনবিশেষ।

পরিশেষ, (পরি—শেষ=অন্ত) সং, পুং শেষ, অবশেষ। সমাপন, বিচ্ছেদ অন্ত, সীমা।

পরিশোধ, (পরিশুদ্ধ দেখ+ঘঞ্—ভা সং, পুং, ঋণাপনয়ন, ঋণশোধ, ধার শোধা। সংশোধন, শুদ্ধকরণ, প্রতিকার

পরিশোষ, (পরি—শুষ্=শুষ্কহওয়া+ঘ —প্রং) সং, পুং, সর্ব্বতোভাবে শোষণ শুষ্কতা, নীরসতা।

পরিশ্রম, (পরি=সম্যক—শ্রম্=শ্রমক অল্—ভা) সং, পুং, কর্ম্মকরিতে করিতে শ্রান্তি, ক্লেশ, আয়াস। উদ্যোগ, চেষ্টা

পরিশ্রমী, (পরিশ্রমিন্, পরিশ্রম+ইন্-অস্ত্যর্থে) বিং, ত্রিং, যত্নশীল, পরিশ্রম কারী। উদ্যোগী।

পরিশ্রয়, (পরি=শ্রি=সেবাকরা, অবলম্ব করা+অল্—ধি, ভা) সং, পুং, আশ্র অবলম্বন। সভা, সমাজ।

পরিশ্রান্ত, (পরিশ্রম দেখ+ক্ত—ক) বি ত্রিং, ক্লান্ত, শ্রান্তিযুক্ত। "পরিশ্রান্ত পিপাসার্ত্ত আসসাদ মুনিং বনে মহাভারত।

পরিশ্রুতি, (পরি—শ্রু=ক্ষরিত হওয়া+ক্তি সং, স্ত্রীং, অশ্রুজলবিশেষ।

পরিশ্লেষ, (পরি—শ্লেষ=আলিঙ্গন) স

পুং, আলিঙ্গন,আশ্লেষ। কোলাকোলি।
পরিষদ্, (পরি=সম্যক্‌রূপে—সদ্=গমন করা+ক্বিপ্—ধি) সং,স্ত্রীং,সভা,সমাজ, বহু-জন সমাগম-স্থান।
পারিষদ, (পরিষদ্ দেখ, অল্—প্রং) সং, পুং, সভাসদ, অনুচর। পারিষদ।
পরিষদ্বল, (পরিষদ্+বল—যোগ্যার্থে) সং, পুং, সভাসদ, সভাস্থ ব্যক্তি।
পরিষ্কন্দ, পরিস্কন্দ, (পরি=সম্যক্, চারি- দিকে —স্কন্দ্=গমনকরা+অল্— প্রং। স স্থানে ষ—বিকল্পে) সং, পুং, পরপুষ্ট, অন্যব্যক্তি কর্ত্তৃক পোষিত। ভৃত্য-বিশেষ। ক্লীং, ইতস্ততঃগমন, সম্যক্‌রূপে বিচরণ।
পরিষ্কণ্ণ,পরিস্কন্ন,(পরিস্কন্দ দেখ, ক্ত—প্রং) সং, পুং, পরপুষ্ট। কোকিল। পরি-পালিত। ভৃত্যবিশেষ।
পরিষ্কার, পরিস্কার, (পরি—কৃ [করা] শুদ্ধকরা+ঘঞ্—ভা, স—আগম) সং, পুং, নির্ম্মলতা,বিশুদ্ধতা, স্বচ্ছতা। শো-ধন। সজ্জা, ভূষণ। শোভা। অলঙ্কার। সংস্কার, শুদ্ধি। বিং, ত্রিং, স্বচ্ছ, নির্ম্মল। স্পষ্ট।
পরিষ্কৃত, পরিস্কৃত, (পরিষ্কার দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, নির্ম্মল, স্বচ্ছ। শোধিত। শোভিত। ভূষিত, অলঙ্কৃত। বেষ্টিত।
পরিষঙ্গ, (পরি—স্বনজ্=আলিঙ্গনকরা +অল্—ভা) সং, পুং, আলিঙ্গন।
পরিসঙ্খ্যা, (পরি—সঙ্খ্যা=গণনা) সং, স্ত্রীং, গণনা। সঙ্খ্যা। প্রশ্নপূর্ব্বকই হউক বা অপ্রশ্নপূর্ব্বকই হউক কথিত বস্তু হইতে তত্তুল্য অন্য বস্তুর ব্যব-চ্ছেদ। "প্রশ্নাদপ্রশ্নতোবাপি কথি-তাদ্বস্তুনো ভবেৎ। তাদৃগন্যব্যপোহ-শ্চেৎ" সাহিত্যদর্পণ।
পরিসভ্য, (পরি = চারিদিক্ — সভ্য =সভাসদ্) সং, পুং, সভাসদ্, সভাস্থ লোক।
পরিসর, (পরি—সৃ=গমনকরা+অল্—ধি) সং, পুং, প্রদেশ। পর্য্যন্ত-ভূমি, নদী নগর পর্ব্বত প্রভৃতির নিকটবর্ত্তি ভূমি। মৃত্যু। বিস্তার। নিধি।
পরিসর্য্যা, (পরি=চারিদিকে—সৃ=গমন করা+য—ভা, আ—প্রং) সং, স্ত্রীং, চারিদিকে গমন, সর্ব্বত্র ভ্রমণ।
পরিসীমা, (পরিসীমন্, পরি — সীমন্ =সীমা) সং, স্ত্রীং, ইয়ত্তা, সীমা।
পরিস্তোম, (পরি=চারিদিকে—স্তোম্ =প্রশংসা করা+অল্—প্রং। অথবা স্তু=স্তব করা+ম—প্রং) সং,পুং, হস্তীর পৃষ্ঠদেশস্থিত চিত্রিত বস্ত্র,কম্বল ইত্যাদি।
পরিস্পন্দ—পুং, পরিস্পন্দন—ক্লীং, } (পরি=চারিদিক্ —স্পন্দ্=গমনকরা +অল্, অনট্—ভা) সং,কম্পন,স্পন্দন, নড়াচড়া। পত্রাবলীরচনা। পরিজন।
পরিস্রুৎ, পরীস্রুৎ, (পরি—স্রু=ক্ষরিত হওয়া+ক্বিপ্—প্রং, ত—যোগ) সং, স্ত্রীং, মদ্য, মদিরা। ক্ষরণ।
পরিস্রুত,(পরি—স্রু=ফোঁটা ফোঁটা পড়া, ক্ষরা+ক্ত—ক)বিং, ত্রিং,ক্ষরিত,চোয়ান। (Distilled)। তা—স্ত্রীং, মদিরা, মদ্য।
পরিহরণ,(পরি—হৃ=লওয়া+অনট্—ভা সং, ক্লীং, ক্ষীণতা। হানি। আক্রমণ। ত্যাগকরন, অদর্শন। নিরাকরণ। তর্ককরন।
পরিহরণীয়, (পরি—হৃ+অনীয়) বিং, ত্রিং, ত্যাগ করণের যোগ্য। পরিহার্য্য। গ্রহণযোগ্য।
পরিহানি, (পরি—হানি=ক্ষতি) সং, স্ত্রীং, ক্ষীণতা। হানি। ক্ষতি। হ্রাস।
পরিহার, পরীহার,(পরি—হৃ [হরণকরা] ত্যাগকরা+ঘঞ্—ভা) সং, পুং, অবজ্ঞা,অনাদর। পরিত্যাগ। আক্রমণ। মোচন,ছাড়িয়া দেওয়া। দোষাপনয়ন। উপেক্ষা। দান।
পরিহার্য্য, পরিহর্ত্তব্য, (পরিহার দেখ, ঘ্যণ্, তব্য—র্ম্ম) বিং, ত্রিং, পরিহার ক-রিবার যোগ্য,পরিত্যাজ্য। পরিহরণীয়।

সং, পুং, বলয়। বালা।

পরিহাস, পরীহাস, (পরি=সম্যক্—হস্ হাস্যকরা+ঘঞ্—ভা) সং, পুং, কৌতুক, ব্যঙ্গ, ঠাট্টা, উপহাস, তামাসা, বিদ্রূপ। "অন্যমুখে দুর্ব্বাদো যঃ প্রিয়বদনে স এব পরিহাসঃ"।

পরিহিত, (পরি—ধা=ধারণকরা+ক্ত—র্ম্ম, ধা স্থানে হি) বিং, ত্রিং, যাহা পরিধান করা গিয়াছে। আচ্ছাদিত। বৃত, স্থাপিত।

পরিহীন, (পরি—হীন=পরিত্যক্ত) বিং, ত্রিং, প্রতারিত। হ্রাসপ্রাপ্ত,ক্ষীণ। পরিক্ষত। পরিত্যক্ত।

পরিহৃত, (পরিহার দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, পরিত্যক্ত। বিমুক্ত। গৃহীত।

পরীক্ষক, (পরি=সম্যক্, সামীপ্য—ইক্ষ=দেখা বা সর্ব্বতোভাবে তত্ত্বাবধারণ করা+ণক—ক) বিং, ত্রিং, পরীক্ষাকারক, গুণ দোষ বিচারক। নিরূপক। তত্ত্বাবধারক।

পরীক্ষণ—ক্লীং, } (পরীক্ষক দেখ+অনট্, পরীক্ষা—স্ত্রীং, } আ—ভা) সং, গুণদোষ বিবেচনা, দোষ্[illegible] গুণানুসন্ধান। প্রমাণাদি [illegible] দর্শন পূর্ব্বক নির্ণয় করণ। দিব্য, শপথ।

পরীক্ষণীয়, (পরীক্ষক দেখ+অনীয়—র্ম্ম) বিং,ত্রিং,পরীক্ষা করিবার যোগ্য।

পরীক্ষিৎ, } (পরি—ক্ষি=ক্ষয়করা+ পরীক্ষিত, } ক্বিপ্,ত—প্রং। ইনি মাতৃগর্ভে বিনাশিত হইয়াও কৃষ্ণকর্ত্তৃক পুনর্জ্জীবিত হইয়াছিলেন) সং, পুং, অর্জ্জুনপৌত্র রাজাবিশেষ, অভিমন্যুর পুত্র।

পরীক্ষিত, (পরীক্ষক দেখ+ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহার পরীক্ষা করা হইয়াছে, যাহার দোষগুণাদি বিবেচিত হইয়াছে।

পরীণায়, (পরি—নী=গ্রহণ করা+ঘঞ্) সং, পুং, পরিণায়, শারীসম্বন্ধীয় সমন্তান্নয়ন। পাশাখেলার গুটিচালা।

পরীণাহ, (পরি—নহ্—[বন্ধনকরা] বৃহৎহওয়া+ঘঞ্—ভা) সং, পুং, বিস্তার। বিশালতা।

পরীত, (পরি=চতুর্দ্দিকে—ইন্+ক্ত=গত) বিং, ত্রিং, পরিবৃত, পরিবেষ্টিত যুক্ত। পরিগত।

পরীতৎ, (পরি=সর্ব্বতোভাবে—তন্=বিস্তার করা+ক্বিপ্—র্ম্ম, ৎ—আগম বিং, ত্রিং, সর্ব্বতোভাবে বিস্তীর্ণ।

পরীষ্টি,(পরি=অধিক—ইষ্টি=অভিলাষ) সং, স্ত্রীং, অনুসন্ধান, অন্বেষণ। সেবা ইচ্ছা,অভিলাষ। শুশ্রূষা। বাসনা।

পরীসার, (পরি+সৃ=গমনকরা+ঘঞ্) সং,পুং,ইতস্ততঃভ্রমণ। নিকটে আগমন।

পরুৎ, (পর=পূর্ব্বস্মিন্ বর্ষে+উৎ—প্রং, নিপাতন) অং,পূর্ব্ব বর্ষে, গত বৎসরে।

পরুত্ন, (পরুৎ=গত বৎসর+ত্ন—প্রং বিং, ত্রিং, গতবর্ষীয়।

পরুদ্বার, সং, পুং, অশ্ব, ঘোটক, তুরগ।

পরুষ, (পৃ=পূর্ণকরা+উষ—প্রং) সং,ক্লীং কর্কশতা, কাঠিন্য। বিং, ত্রিং, [illegible] কর্কশ, [illegible] উদ্ধত। নিষ্ঠুর। নানাব[illegible] চিত্রবর্ণ।

পরুস্, (পৃ=পূর্ণকরা+উস্—সংজ্ঞার্থে সং, ক্লীং, গ্রন্থি। পর্ব্ব।

পরেত, (পর=অন্য [জগৎ]—ইত=গত বিং, ত্রিং, মৃত, প্রেত, মরা।

পরেতরাট্, (পরেতরাজ্, পরেত=প্রে[illegible] —রাজ্=দীপ্তি পাওয়া+ক্বিপ্—ক) সং, পুং, প্রেতাধিপতি, যম, শমন।

পরেদ্যবি, পরেদ্যুস্, (পর=অন্য+এদ্যবি, এদ্যুস্—দিবসার্থে) ত্রিং অং, পরদিবসে, আগামী দিনে।

পরেষ্টি, (পর=উৎকৃষ্ট, ইষ্টি=পূজা, ষষ্ঠী—হিং) সং, পুং, ব্রহ্মা।

পরেষ্টুকা, (পর=অত্যুত্তম—ইষ্=গমন করা+তু—প্রং, ক—যোগ) সং, স্ত্রীং বহুপ্রসবিনী গবী, যে গাভীর অনেক বৎস হইয়াছে।

পরৈধিত, (পর=অন্য—এধিত=পালিত)

বিং, ত্রিং, অন্য কর্ত্তৃক প্রতিপালিত। সং, পুং, অন্যপুষ্ট, কোকিল।

পরোক্ষ, (পরস্—অক্ষিঃ=চক্ষু, ব্যং—স, অ—প্রং, অথবা পর—অক্ষ=ইন্দ্রিয়, স—আগম) বিং, ত্রিং, অসাক্ষাৎ, অপ্রত্যক্ষ। অনুপস্থিত। গত। সং, পুং, তপস্বী। ঋষি। ব্যাকরণে অতীতকাল।

পরোপজাপ, (পর=শত্রু, উপজাপ=বিচ্ছেদ) সং, পুং, শত্রুদিগের মধ্যে পরস্পর বিচ্ছেদ ঘটান।

পরোরজস্, (রজসঃপরঃ) বিং, ত্রিং, রজোগুণেরঅতীত। যাঁহাকে রজোগুণ স্পর্শ করিতে পারে নাই।

রোষ্ণী, (পর=অত্যুত্তম—উষ্ণ=উত্তাপ) সং, স্ত্রীং, তৈলপায়িকা, তেলাপোকা।

র্কটি, টী—স্ত্রীং, পর্কটী—পুং, (পৃচ্=স্পর্শকরা+অটি—প্রং। পর্কটিন্, পর্কট+ইন্—প্রং) সং, পাকুড় গাছ।

র্জ্জন্য, (পৃষ্=জলসেচন করা+অন্য—প্রং, নিপাতন) সং, পুং, ইন্দ্র। মেঘ। মেঘগর্জ্জন। দূরস্থ বজ্রধ্বনি।

র্ণ, (পর্ণ্=হরিৎবর্ণহওয়া+অল্—প্রং অথবা পৃ=সন্তুষ্ট করা+ন) সং, ক্লীং, পত্র, পাতা। তাম্বূল, পান। পক্ষ। পুং, পলাশ বৃক্ষ। র্ণী, সং, স্ত্রীং, হিং-এর পাতা। [পুং, পানবিক্রেতা, বারুই।

পর্ণকার, (পর্ণ—কার=যে করে) সং,

পর্ণকৃচ্ছ্র, (পর্ণ—কৃচ্ছ্র=ব্রতবিশেষ) সং, ক্লীং, পত্রভক্ষণরূপ ব্রত।

পর্ণনর, (পর্ণ=পত্র, নর=মনুষ্য) সং, পুং, পত্রনির্ম্মিত মনুষ্যাকৃতি। কোন মনুষ্যের মৃতদেহ না পাইলে তদীয় আত্মীয়জন পত্রদ্বারা তাহার এক প্রতিকৃতি নির্ম্মাণ করে এবং উক্ত প্রতিকৃতি শ্রাদ্ধক্ষেত্রে স্থাপন করিয়া মৃতের শ্রাদ্ধাদি কার্য্যসমাধা করিয়া থাকে।

পর্ণভোজন, (পর্ণ=পাতা — ভোজন=ভোজনীয়) সং, পুং, অজা, ছাগল।

ক্লীং, পত্রভক্ষণ।

পর্ণলতা, (পর্ণ=পাতা—লতা) সং, স্ত্রীং, তাম্বূলীলতা। পানের লতা।

পর্ণশালা, (পর্ণ—শালা=গৃহ, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, পত্রকুটীর, পাতার ঘর। কুঁড়ে।

পর্ণলি, সং, পুং, পদ্ম। ধারাগৃহ। গ্রীষ্মকালের বিশ্রামগৃহ।

পর্ণাশন, (পর্ণ=পত্র—অশন=ভোজনীয়) সং, পুং, মেঘ। বিং, ত্রিং, পত্রভোজী।

পর্ণাস, সং, পুং, তুলসীবৃক্ষ।

পর্ণী, (পর্ণিন্, পর্ণ=পত্র+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, বৃক্ষ।

পর্দ্দন, (পর্দ্দ্=অপান বায়ু ত্যাগকরা+অনট্—ভা) সং, ক্লীং, বাতকর্ম্ম।

পর্দ্দা, (যবনভাষা) সং, যবনিকা, বস্ত্রাদিনির্ম্মিত ব্যবধান।

পর্প, (পৃ=প্রীতহওয়া+প—সংজ্ঞার্থে, অথবা পর্প্=গমনকরা+অল্—প্রং) সং, ক্লীং, নূতন ঘাস। গৃহ। খঞ্জ, খোঁড়া। বাহ্যশকট।

পর্পট, (পর্প্=গমনকরা+অট্—সংজ্ঞার্থে) সং, পুং, ক্ষেতপাপ্‌ড়া, পাঁপর।

পর্পরীক, (পৃ=পালনকরা, দ্বিত্ব+ঈক সংজ্ঞার্থে) সং, পুং, তপন, সূর্য্য। অগ্নি।

পর্পিক, (পর্প=বাহ্য-শকট ইত্যাদি+ইক—প্রং। যে বাহ্য-শকটাদিদ্বারা গমনাগমন করে) সং, পুং, স্ত্রীং, খঞ্জ, খোঁড়া।

পর্য্যঙ্ক, (পরি = সম্যক্‌রূপে—অনক্=গমন করা+অল্—প্রং) সং, পুং, খট্টা, খাট, পালঙ্গ। ধ্যানকালে উপবেশনবিশেষ।

পর্য্যঙ্কবন্ধ, (পর্য্যঙ্ক—বন্ধ=বন্ধন) সং, পুং, বস্ত্রাদিদ্বারা পৃষ্ঠ ও জানুদ্বয় বন্ধন। "পর্য্যঙ্কবন্ধ স্থিরপূর্ব্বকায়ং" কুমারসম্ভব।

পর্য্যটক, (পর্য্যটন দেখ+ণক—ক) সং, পুং, পরিব্রাজক, ইতস্ততঃ ভ্রমণকারী।

পর্যটন, (পরি=চতুর্দ্দিকে—অট্=গমনকরা+অনট্—ভা) সং, ক্লীং, ইতস্ততঃ

ভ্রমণ, পরিভ্রমণ।

পর্য্যনুযোগ, (পরি—অনুযোগ=জিজ্ঞাসা) সং, পুং, দূষনার্থ প্রশ্ন।

পর্য্যন্ত, (পরি—অন্ত=শেষ) সং, পুং, প্রান্ত। পার্শ্ব। সীমা। সমীপ, নিকট। অবসান।

পর্য্যন্তভূ, (পর্য্যন্ত=সমীপ—ভূ=স্থান, বং—স) সং, স্ত্রীং, পরিসর। নগরও পর্ব্বতাদির নিকটস্থ ভূমি।

পর্য্যবসান, (পরি—অবসান=শেষ) সং, ক্লীং, সমাপন, সমাপ্তি, শেষ।

পর্য্যবসিত, (পরি—অবসিত=শেষিত) বিং, ত্রিং, সমাপ্ত। নিঃশেষিত।

পর্য্যবস্থা—স্ত্রীং,পর্য্যবস্থান—ক্লীং, (পরি—অবস্থা, অবস্থান=থাকা) সং, অবরোধ, আটক। বিরোধ।

পর্য্যবেক্ষণ, (Observation, পরি—অবেক্ষণ=দর্শন) সং, ক্লীং, নিরীক্ষণ, অভিনিবেশপূর্ব্বক দর্শন। তত্ত্বাবধান।

পর্য্যবেক্ষণিকা, (পর্য্যবেক্ষণ+ইক—আ, প্রং) সং, স্ত্রীং, গ্রহনক্ষত্রাদি পর্য্যবেক্ষণ করিবার গৃহ।

পর্য্যয়, (পরি—অয়্=গমনকরা, হওয়া +অল্—প্রং) সং, পুং, ব্যতিক্রম,বৈপরীত্য, বিরোধ। নিত্যকর্ম্মে অমনোযোগ। [অশ্বসজ্জা, ঘোড়ার জিন্।

পর্য্যয়ণ, (পরি—অয়ন=গমন) সং, ক্লীং,

পর্য্যবষ্টব্ধ, (পরি+অব+স্তন্ভধাতু+ক্ত —র্ম্ম) বিং, ত্রিং, পরিবেষ্টিত, পরিবৃত।

পর্য্যস্ত, (পরি=সর্ব্বতোভাবে—অস্ত=ক্ষিপ্ত) বিং, ত্রিং, বিক্ষিপ্ত, প্রসারিত। পতিত। হত, আহত।

পর্য্যস্তিকা, (পরি=সর্ব্বতোভাবে—অস্=হওয়া+ক্তি—প্রং, ক—যোগ) সং,স্ত্রীং, শয্যা। খট্টা। পালঙ্ক।

পর্য্যাকুল, (পরি—আকুল) বিং, ত্রিং, ব্যাকুল,কাতর। উদ্ধতগতি। ব্যতিব্যস্ত। উৎসুক।

পর্য্যাণ, (পরিযাণ, পরি—যা=গমনকরা +অন—ণ) সং, ক্লীং, পশুর পৃষ্ঠাসন, পল্যয়ন, পালান জিন্ প্রভৃতি।

পর্য্যাপ্ত,(পরি—আপ্=পাওয়া+ক্ত-প্রং) বিং, ত্রিং, প্রচুর, যথেষ্ট। পরিমিত। সমর্থ। প্রাপ্ত। সং,ক্লীং,প্রাচুর্য্য। সামর্থ্য।

পর্য্যাপ্তি, (পর্য্যাপ্ত দেখ, ক্তি—ভা) সং, স্ত্রীং, প্রাচুর্য্য। প্রাপ্তি। পরিমিততা সামর্থ্য। পরিচ্ছেদ। নিবারণ।

পর্য্যায়, (পরি—ই=গমনকরা+ঘঞ্—ভা) সং, পুং, ক্রম, পালা। প্রকার। সুবিধা। শিল্পজাত দ্রব্য। দ্রব্যের গুণ সম্পর্কবিশেষ,সমার্থবোধক শব্দ। "যেন সহ যৎ সম্পর্কঃ সংবন্ধস্তেন সহ তৎপর্য্যায়ঃ। [ও জাগরণ।

পর্য্যায়শয়ন, সং, ক্লীং, পালাক্রমে নিদ্রা

পর্য্যালোচনা, (পরি—আ-লোচি=পুনঃপুনঃ অভ্যাসকরা+ অনট্—ভা) সং, স্ত্রীং,বিশেষরূপে আলোচনা, পুনঃপুনঃ অনুশীলন, সর্ব্বদা অভ্যাস। বিতর্ক।

পর্য্যাস, (পরি—অস=[হওয়া] পরিবর্ত্তকরা ইত্যাদি+ঘঞ্—ভা) সং, পুং, পরিবর্ত্তন। বিস্তার। বিনাশ।

পর্য্যাহার, (পরি+আ+হৃ=গ্রহণ করা ঘঞ্—ভা) সং, পুং, একস্থানে হইতে অন্যত্র নয়ন। বোঝা, মোট। জোল. (Yoke)। খড়ের গাদি দেওয়া।

পর্য্যুৎসুক, (পরি—উৎসুক) বিং, ত্রিং, উৎকণ্ঠিত, চিন্তিত। অনুরক্ত।

পর্য্যুদঞ্চন, (পরি=সম্যক—উৎ=উর্দ্ধে —অন্চ্=গমনকরা+অনট্—প্রং) সং ক্লীং, ঋণ, ধার।

পর্য্যুদস্ত, (পরি—উৎ-অস্[হওয়া] নিবারণকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, পরাজিত। হীনবল। নিষিদ্ধ। নিবারিত অপমানিত।

পর্য্যুদাস, (পর্য্যুদস্ত দেখ, অ—ভা। অথবা পরি=সর্ব্বতোভাবে—উৎ—অ =নিষেধ করা+ঘঞ্—ভা) সং, পু নিষেধ, নিবারণ। পরাভব।"প্রাধা

বিধের্যত্র প্রতিষেধেহপ্রধানতা। পর্য্যুদাসঃ স বিজ্ঞেয়ো যত্রোত্তর-পদেন নঞ্।
পর্য্যুষিত, (পরি—বস্=বাসকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, পূর্ব্বদিবসীয়, বাসি।
পর্য্যেষণা, (পরি—এষণা=অন্বেষণ) সং, স্ত্রীং, অনুসন্ধান, অন্বেষণ, গবেষণা। খোঁজা।
পর্ব্ব, (পর্ব্বন্ পৃ=পূরণকরা+বনিপ্—সং, ক্লীং, গ্রন্থি, গাঁট। সন্ধি। দর্শ ও প্রতিপদের সন্ধি। ভঙ্গী। পাব। অষ্টমী চতুর্দ্দশী পূর্ণিমা অমাবস্যা তিথি ও সংক্রান্তি—এই পাঁচ পঞ্চপর্ব্ব। বিষুব। সংক্রান্তি প্রভৃতি কালবিশেষ। সূক্ষ্ম কারণ। ক্ষণ। উৎসব, পরব। প্রস্তাব। অধ্যায়, পরিচ্ছেদ। লক্ষণান্তর। সুবিধা, সুযোগ।
পর্ব্বক, (পর্ব্বন্=গ্রন্থি+ক—প্রং) সং, ক্লীং, উরুসন্ধি, হাঁটু।
পর্ব্বত, (পর্ব্ব=পূরণকরা+অত—প্রং, অথবা পর্ব্বন্ শব্দ+ত, যাহার পর্ব্ব আছে) সং, পুং, গিরি, পাহাড়। দেবর্ষিবিশেষ। মৎস্যবিশেষ। [দাঁড়কাক।
পর্ব্বতকাক, (পর্ব্বত—কাক) সং, পুং,
পর্ব্বতজা, (পর্ব্বত—জ=যে জন্মে, ৫মী—ষ) সং, স্ত্রীং, নদী। পার্ব্বতী, দুর্গা।
পর্ব্বতাধারা, (পর্ব্বত—আধার=আশ্রয় ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, পৃথিবী, ক্ষিতি।
পর্ব্বতারি, (পর্ব্বত—অরি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, দেবরাজ, ইন্দ্র। ইন্দ্র বজ্রদ্বারা পর্ব্বতগণের পক্ষচ্ছেদ করিয়াছিলেন বলিয়া তাঁহাকে পর্ব্বতারি বলে।
পর্ব্বতাশয়, (পর্ব্বত—আশয়=আশ্রয়) সং, পুং, জলধর, মেঘ।
পর্ব্বতাশ্রয়, (পর্ব্বত—আশ্রয়=বাসস্থান) বিং, ত্রিং, পর্ব্বতবাসী, পাহাড়িয়া। সং, পুং, শরভ, অষ্টাপদ মৃগবিশেষ।
পর্ব্বতীয়, (পর্ব্বত+ঈয়—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, পর্ব্বতসম্বন্ধীয়, পাহাড়িয়া।
পর্ব্বধি, (পর্ব্বন=মাসের মধ্যে একদিন—ধি=যে ধারণ করে) সং, পুং, চন্দ্র।
পর্ব্বপূর্ণতা, (পর্ব্ব=উৎসব, পূর্ণতা=পরিপূরণ) উৎসবের উদ্যোগ। একত্রকরণ, সম্মিলিতকরা।
পর্ব্বযোনি, (পর্ব্বন্=গ্রন্থি—যোনি=উৎপত্তিস্থান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ইক্ষু প্রভৃতি।
পর্ব্বরীণ, সং, ক্লীং, পর্ব্ব, উৎসব, পরব।
পর্ব্বরুট্, (পর্ব্বরুহ্, পর্ব্বন্=গ্রন্থি—রুহ্=যে জন্মে) সং, পুং, দাড়িম্ব, দাড়িম।
পর্ব্বসন্ধি, (পর্ব্বন্=পূর্ণিমা ও অমাবস্যা—সন্ধি=মিলন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পঞ্চদশী ও প্রতিপদের মধ্যবর্ত্তীকাল।
পর্ব্বাহ, (পর্ব্বন্=উৎসব—অহন্=দিবস) সং, পুং, পর্ব্বদিন, উৎসবদিন। [মাছ।
পর্ব্বিত, সং,পুং, ক্ষুদ্র মৎস্যবিশেষ। পাব্দা
পর্শু, (পর=শত্রু—শৃ=হিংসা করা+উ—প্রং, নিপাতন। অথবা স্পৃশ্=স্পর্শকরা+শু—প্রং। স্পৃশ=পৃ) সং, পুং, পরশু, কুঠার।
পর্শুকা, পর্শূ, (পৃ=পূরণকরা+শু—সংজ্ঞার্থে,ক—স্বার্থে। পর্শু+উ—প্রং) সং, স্ত্রীং, পার্শ্বাস্থি, পাঁজরা।
পর্শুপাণি,(পর্শু=কুঠার—পাণি=হস্ত। একহস্তে পর্শুধারণ করেন বলিয়া) সং, পুং, গজানন, গণেশ।
পর্শুরাম, (পরশুরাম দেখ) সং, পুং, পরশুরাম, জামদগ্ন্য। [পরশু।
পর্শ্বধ, (পরশু দেখ) সং, পুং, কুঠার,
পর্ষদ্,(পৃষ=প্রীতকরা+অদ্—সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, পরিষদ, সমাজ, সভা।
পর্ষদ্বল, (পর্ষদ্+বল—যোগ্যার্থে) সং, পুং, পারিষদ, সভাসীন ব্যক্তি। দর্শক।
পল, (পল্=গমনকরা+অল্—সংজ্ঞার্থে) সং, ক্লীং, পরিমাণবিশেষ, চারি তোলা পরিমাণ। দণ্ডের ষাট্ভাগের একভাগ, সূক্ষ্মকালবিশেষ। মাংস। আমিষ। চলন। পুং, বিশৃঙ্খল তৃণ, শস্যশূন্যতৃণ, পোলখড়।

পলক্যা, সং, স্ত্রীং, পালম শাক।

পলক্ষার, (পল=মাংস—ক্ষার=যে ক্ষরে) সং, পুং, রক্ত।

পলগণ্ড, (পল [মাংস] "তদুপম" মসলা—গণ্ড=চিহ্ন) সং,পুং,রাজমিস্ত্রী।

পলঙ্কট, (পল=মাংস—কট্=গমনকরা+অ—প্রং। শঙ্কাহেতু যাহার মাংস সঙ্কুচিতহয়) বিং, ত্রিং, ভীরু, ভয়শীল।

পলঙ্কর, (পল=মাংস—কর=যে করে) সং, পুং, ধাতুবিশেষ, পিত্ত।

পলঙ্কষ, (পল=মাংস—কষ=যে হিংসা-করে) সং, পুং, রাক্ষস।

পলল, (পল্=রক্ষাকরা+অল্—প্রং) সং, ক্লীং, মাংস। নদী প্রভৃতির পলি। পঙ্ক। তিলচূর্ণ। (পল—ল। লাধাতুজ) পুং, রাক্ষস।

পলব, (পল=মাংস, আমিষ—বা=পাওয়া+ড—প্রং) সং, পুং, মৎস্যধারণযন্ত্র-বিশেষ; মাছধরা পোলো।

পললাশয়, (পলল=মাংস—আশয়=আ-শ্রয়) সং, পুং, ফোড়া, গাঁড়। গণ্ডরোগ

পলা,(প্রবালশব্দজ) সং, রত্নবিশেষ। প্র-বাল। তৈলাদি গ্রহণার্থ দর্ব্বীবিশেষ।

পলাগ্নি, (পল=মাংস—অগ্নি=আগুন) সং, পুং, ধাতুবিশেষ, পিত্ত।

পলাঙ্গ, (পল=মাংস—গম্ [গমন করা] পাওয়া+ড—প্রং) সং, পুং, শিশুমার, শুশুক।

পলাণ্ডু, (পল্ [পীড়া হইতে] রক্ষাকরা+আণ্ডু—সংজ্ঞার্থে। কিম্বা পৃ=পূরণ করা+আণ্ডু, নিপাতন) সং, পুং, মূল-বিশেষ, পেঁয়াজ।

পলাদ, পলাদন, (পল=মাংস—অদ=যে ভোজন করে, ২য়া-ষ) সং, পুং, দা, নী—স্ত্রীং, ক্রব্যাদ্, ক্রব্যাদী। রাক্ষস, রাক্ষসী।

পলান্ন,(পল=মাংস—অন্ন। পলে মিশ্রিত অন্ন=পলান্ন, ৩য়া—ষ,মধ্যপদের লোপ) সং, ক্লীং, মাংসপক্ব অন্ন, পোলাও।

পলায়ন, (পরা—অয়=গমনকরা+অনট্—ভা) সং, ক্লীং,ভয়াদি বশতঃ প্রস্থান, পালান।

পলায়মান, (পলায়ন দেখ, শান—ক) বিং, ত্রিং, যে পলায়ন করিতেছে।

পলায়িত, (পরা—অয়্=গমনকরা+ক্ত—ক) বিং, ত্রিং, স্থানান্তরে প্রস্থিত।

পলাল, (পল্=গমনকরা+আল—সং-জ্ঞার্থে) সং, পুং,—ক্লীং, তৃণ, পোলখড়।

পলালদোহদ, (পলাল=পোল খড়—দোহদ=বৃক্ষাদির ফল পুষ্পোৎপাদক ঔষধ। ৬ষ্ঠী—হিং) সং, পুং, আম্রবৃক্ষ।

পলাশ, (পল [পল্=গমনকরা+অল্—ক] যে গমনকরে—আশ=যে ব্যাপে। যে বায়ুদ্বারা চলে এবং যে বৃক্ষকে ব্যাপে) সং, ক্লীং, পত্র। (পলাশ+ষ্ণ—অস্ত্যর্থে। বিস্তৃত অথচ পবিত্র বলিয়া যে প্রশস্ত পত্রবিশিষ্ট) পুং, কিংশুক বৃক্ষ। দানব,প্রেত। মগধদেশ। (পলাশ+ষ্ণ—ইদমর্থে। যে বর্ণ পত্রবর্ণেরসদৃশ) হরিদ্বর্ণ, শ্যামবর্ণ। বিং, ত্রিং, শ্যামবর্ণ-বিশিষ্ট। নিষ্ঠুর। (পল=মাংস—আশ=যে খায়, ২য়া—ষ) সং, পুং, রাক্ষস।

পলাশী, (পলাশিন্, পলাশ+ইন্—অ-স্ত্যর্থে) সং, পুং, বৃক্ষ। (পল=মাংস—আশিন্ [অশ=ভক্ষণকরা+ণিন্] যে ভোজন করে, ২য়া—ষ) রাক্ষস।

পলিক্নী, (পলিত=পক্ককেশ+ঈ—প্রং, ত স্থানে ক্ন) সং, স্ত্রীং, শুভ্রকেশা বৃদ্ধা নারী, প্রাচীনা, বুড়ী।

পলিঘ, (পরি=সম্পূর্ণরূপে—~~ইন্~~=বধ-করা+অল্—প্রং। হন=ঘ, র=ল) সং, পুং, কলস, ঘট। প্রাচীর। গোপুর, নগরদ্বার।

পলিত, (পল=গমনকরা+ক্ত, যে মৃত্যুর দিকে গমন করিয়াছে) বিং, ত্রিং, বৃদ্ধ, পক্ককেশ। সং, পুং, বৃদ্ধ মনুষ্য। ক্লীং, কেশের পক্কতা। "জরা বলী চ মাং তাত পলিতানি চ পর্য্যগুঃ" মহাভারত

প্রশস্তকেশ। ভূষিতকেশ। উত্তাপ। দাহ। পঙ্ক, পাঁক। তা—স্ত্রীং, গলিত যৌবনা কামিনী, বৃদ্ধা, বুড়ী।

পল্কান, (দেশজ) বিং, অসার, জীর্ণ।

পল্যঙ্ক, (পর্য্যঙ্ক দেখ, র=ল) সং, পুং, পালঙ্গ, পর্য্যঙ্ক, খট্টা।

পল্যয়ন, (পরি—অয়্ [গমনকরা] উপবেশন করা+অনট্—ধি) সং, ক্লীং, অশ্বাদির পৃষ্ঠস্থান, পালান।

পল্ল, (পল্ল্=গমনকরা+অ—প্রং) সং, শস্যাধার গৃহ, পালুই।

পল্লব, (পৎ [পত=পড়া+ক্বিপ্—ক] পত্র —লব=অল্প। পত্রের অল্পতাহেতু পল্লব) সং, পুং—ক্লীং, কিশলয়, নবপত্র। ছোট ডাল,ফেঁকড়ি। বল,আলতা। বিস্তার। ষিড়্গা। শৃঙ্গার। বলয়।

পল্লবক, (পল্লব=প্রেম+ক—প্রং) সং, পুং, বেশ্যাবল্লভ। মৎস্যভেদ।

পল্লবগ্রাহক, পল্লবগ্রাহী, } সং, পুং, ফল না লইয়া পত্র গ্রহণকারী, অসম্যক্ রূপে গ্রহণকর্ত্তা, অল্পজ্ঞানী, খুটআঁখুরে। ক্ষুদ্র ক্ষুদ্র দোষান্বেষী।

পল্লবদ্রু, (পল্লব—দ্রু=বৃক্ষ) সং, পুং, অশোক বৃক্ষ।

পল্লবাদ, (পল্লব=ফেঁকড়ি—অদ্=ভক্ষণকরা+অল্—প্রং) সং,পুং,মৃগ, হরিণ।

পল্লবাধার, (পল্লব=ফেঁকড়ি—আধার =যে ধারণ করে)সং,পুং, বৃক্ষের শাখা, ডাল।

পল্লবাস্ত্র, (পল্লব=ফেঁকড়ি,মুকুল—অস্ত্র, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পুষ্পধন্বা, কামদেব, রতি পতি। [বিং, ত্রিং, কামুক, লম্পট।

পল্লবিক, (পল্লব=কাম+ইক্—ইদমর্থে)

পল্লবিত, (পল্লব+ইত—জাতার্থে) বিং, ত্রিং, পল্লববিশিষ্ট। বিস্তৃত, বহুলীকৃত।

পল্লবী, (পল্লবিন্, পল্লব=ছোট ডাল+ ইন্—অস্ত্যর্থে) সং, পুং, বৃক্ষ।

পল্লি, পল্লী, (পল্ল দেখ,ই—প্রং) সং,স্ত্রীং, নগরাদির অংশ, পাড়া। টিকটিকী।

পল্লিকা, (পল্লী+ক—যোগ) সং, স্ত্রীং, গৃহগোধিকা, টিকটিকী।

পল্বল, (পল্[মহিষাদির] গমন+বল— অস্ত্যর্থে) সং, পুং—ক্লীং, ক্ষুদ্র জলাশয়, ডোবা। "বিশ্রব্ধৈঃ ক্রিয়তাং বরাহপতিভির্মুস্তাক্ষতিঃ পল্বলে" শকুন্তলা।

পব, (পূ=পবিত্রকরা+অল্—প্রং) সং, পুং, চালকাঁড়ান, ধান্যাদির নিস্তুষকরণ, বহুলীকরণ। শোধন। বায়ু। ক্লীং, গোময়, গোবর।

পবন, (পূ=শুদ্ধকরা+অন—প্রং) সং, পুং, বায়ু, "তমাতপক্লান্তমনাতপত্রমাচারপূতং পবনঃ সিষেবে" রঘুবংশ। ধান্যাদি নিস্তুষ করণ। ক্লীং, শোধন। কুম্ভকারের পোয়ান। বিং, ত্রিং, পরিস্কৃত, পবিত্র, বিশুদ্ধ।

পবননন্দন, (পবন—নন্দন, ৬ষ্ঠী—ষ)সং, পুং, হনুমান্। ভীম।

পবনপথ, (পবন—পথ [পথিন্ শব্দজ] রাস্তা) সং, পুং, আকাশ।

পবনব্যাধি, (পবন—ব্যাধি=রোগ) সং, পুং, রোগবিশেষ। উদ্ধব, কৃষ্ণের সখা।

পবনাত্মজ, পবনাঙ্গজ, (পবন—আত্মজ, অঙ্গজ=পুত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, হনুমান্। ভীম। বহ্নি।

পবনাল, সং, পুং, ধান্যবিশেষ, দেধান।

পবনাশ, পবনাশন, (পবন—আশ=যে খায়, ২য়া—ষ, অশন=ভোজ্য, ৬ষ্ঠী— হিং) সং, পুং, সর্প। ত্রিং, বায়ুভক্ষক।

পবনাশনাশ, (পবনাশন = সর্প—অশ =যে খায়, ২য়া—ষ) সং, পুং, গরুড়। ময়ূর। বেঁজী।

পবমান, (পূ=শুদ্ধকরা+শান—প্রং, ম —আগম) সং, পুং, গার্হপত্য অগ্নি। পবন, বায়ু। [অশনি, ইন্দ্রের বজ্র।

পবি, (পূ=শুদ্ধকরা+ই—প্রং) সং, পুং,

পবিত, (পূ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, পূত, পবিত্র। সং,ক্লীং, মরীচ। সূত্র।

পবিতা, (পবিতৃ, পবি দেখ, তৃন্—ক)

বিং,ত্রিং,পবিত্রকারক,যে পবিত্র করে।
পবিত্র, (পবি দেখ, ইত্র—প্রং) বিং,ত্রিং, পরিশুদ্ধ। সং, ক্লীং, কুশ। প্রথিত আছে যে গরুড় পরম পবিত্র অমৃত কুশাসনে রাখিয়াছিলেন। এই নিমিত্ত কুশের নাম পবিত্র হইয়াছে। তাম্র। জল। বর্ষণ। অর্ঘ্যাধার। ঘৃত। পৈতা। মধু। ত্রা—স্ত্রীং, নদীবিশেষ। তুলসী। হরিদ্রা।
পবিত্রক, (পবিত্র=বিশুদ্ধ+ক—প্রং) সং, ক্লীং, জাল, আনায়। ক্ষত্রিয়ের যজ্ঞোপবীত। পুং, অশ্বত্থবৃক্ষ, কুশ।
পবিত্রিত,(পবিত্র+ইত—জাতার্থে)বিং, ত্রিং, পরিশোধিত, পরিস্কৃত।
পশম, (যাবনিক) সং, ঊর্ণা।
পশমী, (যাবনিক) বিং, ঊর্ণারচিত।
পশব্য, (পশু+য—যোগ্যার্থে) বিং,ত্রিং, পশুর যোগ্য, পশুসম্বন্ধীয়।
পশু, (পশ্=বন্ধনকরা+উ—সংজ্ঞার্থে, অথবা দৃশ্=দেখা+কু, দৃশ্=পশ) চতুষ্পদ জন্তু। ছাগল। "পশুমারণকর্ম্মদারুণোঽনুকম্পামৃদুকোঽপি শ্রোত্রিয়ঃ" শকুন্তলা। উপদেবতাবিশেষ, শিবানুচর। প্রাণী। যজ্ঞ। পরমাত্মা। ডুম্বুর বৃক্ষবিশেষ।
পশুক্রিয়া, (পশু=জন্তু—ক্রিয়া=কর্ম্ম) সং, স্ত্রীং, রমণ, মৈথুন, স্ত্রীসংসর্গ।
পশুচর, সং, পুং,পশুগণের চরিবার স্থান।
পশুপতি, (পশু—পতি, ৬ষ্ঠী—ষ। মহাদেব সর্ব্বদা পশুপালন, পশুদিগের সহিত ক্রীড়া ও পশুদিগের উপর আধিপত্য করেন বলিয়া তাঁহার নাম পশুপতি হইয়াছে) সং, পুং, দেবদেব,শিব। "তদাপ্রভৃত্যেব বিমুক্তসঙ্গঃ পতিঃ পশূনামপরিগ্রহোঽভূৎ" কুমারসম্ভব।
পশুপাল, পশুপালক, (পশু—পাল, পালক=যে রক্ষা করে) সং, পুং, পশুরক্ষক, রাখাল।
পশুরাজ, (পশু—রাজ=রাজন্ শব্দজ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মৃগেন্দ্র, সিংহ।
পশ্চ, পশ্চা ; অং, পরে, পশ্চাৎ। "কৈলাসো হিমবাংশ্চৈব দক্ষিণেন মহাচলৌ। পূর্ব্বপশ্চায়তাবেতৌ।"
পশ্চাৎ, (পশ্চ+আৎ—প্রং) অং, পরে। পশ্চিমে। পিছে। [সং, পুং, অনুতাপ।
পশ্চাত্তাপ, (পশ্চাৎ=পরে—তাপ=দুঃখ)
পশ্চার্দ্ধ, (পশ্চ—অর্দ্ধ) সং, ত্রিং,অপরার্দ্ধ, পা অবধি নাভি পর্য্যন্ত। "পশ্চার্দ্ধেন প্রবিষ্টঃ শরপতনভয়াৎ ভূয়সা পূর্ব্বকায়ং" শকুন্তলা।
পশ্চিম, (পশ্চ+ইম—ভবার্থে) সং, পুং, যে দিকে সূর্য্যাদি অস্ত হয়, এই দিকে ভগবান্ সূর্য্যদেব দিবসের পশ্চাৎ কিরণ সকল বিসর্জ্জন করেন, এই নিমিত্ত ইহাকে পশ্চিমদিক্ বলা যায়) "উদয়তি যদি ভানুঃ পশ্চিমে দিগ্বিভাগে" চরম,শেষ। "দেবি ! দেবি ! অয়ং পশ্চিমস্তে রামস্য শিরসি পাদপঙ্কজস্পর্শঃ" উত্তর চরিত। অনন্তর। ক্লীং, পৃষ্ঠদেশ। মা—স্ত্রীং, সূর্য্যাদির অস্তগমনদিক।
পশ্যতোহর, (পশ্যতঃ=দর্শনকারী হইতে —হর=যে [অর্থ] হরণ করে) সং, পুং, চৌর, তস্কর। স্বর্ণকার।
পশ্যন্, (পশ্যৎ, দৃশ্=দেখা+শতৃ—ক) বিং, ত্রিং, দর্শনকারী, দর্শক।
পশ্বাচার, (পশু—আচার=শিক্ষিত আচরণ) সং পুং, তন্ত্রবিরুদ্ধ আচার, উপবাস পূর্ব্বক হোমাদি সৎকর্ম্ম অনুষ্ঠান ইত্যাদি। [কারী।
পসারী, (দেশজ) সং, দোকানী, বিক্রয়-
পসুরী, (প=পঞ্চন্শব্দজ—সুরী=সেরশব্দজ) সং, পাঁচসের।
পস্ত্য, (অপ—স্ত্যৈ—সংহত করা, একত্র করা, নিপাতন) সং, ক্লীং, গৃহ, বাস, ভবন।
পস্পশ, সং, পুং, গ্রন্থবিশেষ। [বিশেষ
পহ্লব, সং, পুং, শ্মশ্রুধারী ম্লেচ্ছ জাতি
পা, (পা=পানকরা, রক্ষাকরা+ক্বিপ্-

প্রং) সং, স্ত্রীং, পান। রক্ষা। পুং, ত্রয়ী-নিরুক্ত ধর্ম্ম। (পাদ শব্দজ) সং, পদ, চরণ, পা। [লেঠেল। পেয়াদা।
পাইক, (পদাতিক শব্দজ) সং, গ্রামরক্ষক,
পাওন, (প্রাপণশব্দজ) সং, লাভ।
পাওনা, (প্রাপণ শব্দজ) বিং, প্রাপ্য।
পাংশব, (পাংশু=ধূলি+অল—প্রং) সং, পুং, লবণবিশেষ, পাঙ্গালুন্।
পাংশু, পাংসু, (পন্সি=নাশকরা+উ—সংজ্ঞার্থে) সং, পুং, রজঃ, ধূলি। পাপ। সার, বহুকালসঞ্চিত গোময়।
পাংশুকুলী, (পাংশু=ধূলি—কুল=রাশি) সং, স্ত্রীং, রাজমার্গ, রাজপথ।
পাংশুচত্বর, (পাংশু=ধূলি—চত্বর=চাতাল) সং, পুং, করকা, শিল।
পাংশুচন্দন, (পাংশু=রজঃ—চন্দন) সং, পুং, শিব, মহাদেব।
পাংশুচামর, (পাংশু=ধূলি—চামর) সং, পুং, তাঁবু। দূর্ব্বাতৃণবিশিষ্ট তটভূমি। প্রশংসা। ধূলিপটল। [ক্লীং,পাঙ্গা লবণ।
পাংশুজ, (পাংশু=ধূলি—জ=জাত) সং,
পাংশুর, (পাংশু=ধূলি—রা=পাওয়া+ড—প্রং) সং, পুং, দংশ, ডাঁশ। খঞ্জ, খোঁড়া।
পাংশুল, (পাংশু+ল—অস্ত্যর্থে) বিং, ত্রিং, পাপিষ্ঠ। ধূলিযুক্ত। সং, পুং, শিব।
পাংশুলা, (পাংশু=পাপ+ল—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, কুলটা,অসতী স্ত্রী। রজঃস্বলা। (পাংশু=ধূলি+ল—অস্ত্যর্থে) পৃথিবী।
পাংসন, (পুন্স=নষ্টকরা+অন—প্রং) বিং, ত্রিং, দূষক। পাপিষ্ঠ। [পঙ্‌ক্তি।
পাঁইত, পাঁতি,(পঙ্‌ক্তি শব্দজ) সং, শ্রেণী,
পাঁশ, (দেশজ) সং, ভস্ম, ছাই।
পাঁচ, (পঞ্চন্ শব্দজ) বিং, সংখ্যাবিশেষ।
পাঁচড়া, (দেশজ) সং, খোস।
পাঁচন, (দেশজ) সং, ঔষধবিশেষ। বৃক্ষমূলাদির ক্বাথ। [দণ্ড।
পাঁচনী, (প্রাজন শব্দজ) সং, গোতাড়ন
পাঁচপাঁচি, (পঞ্চন্ শব্দজ) বিং, পাঁচটার মধ্যে একটা, সামান্য।
পাঁজরা (পঞ্জর শব্দজ) সং, উদরের পার্শ্বভাগ। [জ্ঞাপক পুস্তক।
পাঁজী, (পঞ্জিকা শব্দজ)সং, বারনক্ষত্রাদি-
পাঁঠা, (দেশজ) সং, ছাগ।—ঠী, ছাগী।
পাক, (পচ্=পাককরা+ঘঞ্—ভা) সং, পুং, ফল। রন্ধন। পরিণতি। পরিপাক। নিষ্পত্তি। ভয়। বার্দ্ধক্য হেতু কেশের শুভ্রতা। সিদ্ধি পেচক। রাক্ষসবিশেষ। (পা=পানকরা+শক—প্রং) অসুরবিশেষ। শিশু।
পাকজ, (পাক—জ=জাত) বিং, ত্রিং, পাকোৎপন্ন। সং, ক্লীং লবণবিশেষ, কাচলবণ।
পাকপুটী, (পাক—পুট্=রাশিকরা+অল্—প্রং) সং, স্ত্রীং, কুম্ভকারের পোয়ান।
পাকরঞ্জন,(পাক=রন্ধন—রন্‌জ=শোভিত করা+অন—যে পাককে শোভিত অর্থাৎ সুগন্ধযুক্তকরে,প্রং) সং,ক্লীং,তেজপাত।
পাকল, (পাক=পকতা—লা=পাওয়া+ড—প্রং) সং, পুং, হস্তির জ্বর। বায়ু। অগ্নি। ক্লীং, ঔষধবিশেষ, কুড়।
পাকশালা, (পাক=রন্ধন—শালা=গৃহ) সং, স্ত্রীং, রন্ধনালয়।
পাকশাসন,(পাক=দৈত্যবিশেষ—শাসন =যে শাসন করে, ২য়া—য) সং, পুং, ইন্দ্র, পাকনামক অসুরের শাসনকর্ত্তা। "পাকং জঘান তীক্ষ্ণাগ্রৈর্মার্গণৈঃ কঙ্কবাসসৈঃ। তত্রনাম বিভুর্লেভে শাসনত্বাচ্ছরৈ র্দৃঢ়ৈঃ॥ পাকশাসনতাং শক্রঃ সর্ব্বামরপতির্বিভুঃ"।
পাকশাসনি,(পাকশাসন+ই--অপত্যার্থে) সং, পুং, ইন্দ্রপুত্র, জয়ন্ত।
পাকশুক্লা, (পাক=রন্ধন, দহন—শুক্ল=শ্বেত) সং, স্ত্রীং, কঠিনী, খড়ী।
পাকস্থলী, (Stomach) সং, স্ত্রীং, উদরের যে অংশে ভুক্ত বস্তু পরিপাক হয়। পাক করিবার পাত্র। [রন্ধনালয়।
পাকস্থান,(পাক=রন্ধন—স্থান) সং, ক্লীং,

পাকা, (পক্কশব্দজ) বিং, পরিণতি-অবস্থাপন্ন। পরিপক্ব, পাকল। বিস্ফোট। মোড়া। সং, স্ত্রীং, বালিকা।

পাকাটী, (দেশজ) পট্টবৃক্ষের কাষ্ঠ, পাটগাছের কাট।

পাকান, (দেশজ) রন্ধন, পরিপাকজন্মান। পেঁচ দেওন, মোড়ান। [শ্বেতকাঞ্চন।

পাকারি, (পাক—অরি=শত্রু) সং, পুং,

পাকিম, (পাক+ইম—নিষ্পন্নার্থে) বিং, ত্রিং, পাকদ্বারা নিষ্পন্ন।

পাকুক, (পচ=পাক করা+ণুকন্) সং, পুং, যে পাক করে, পাচক।

পাকুড়, (পর্কটী শব্দজ) সং, বৃক্ষবিশেষ।

পাক্য, (পচ=পাককরা+ঘ্যণ্—র্ম্ম) বিং, ত্রিং, পাকের যোগ্য। সং, পুং, যবক্ষার। ক্লীং, পাঙ্গালবণ। বিট্‌লবণ।

পাক্ষিক, (পক্ষ=অর্দ্ধমাস ইত্যাদি+ষ্ণিক—ভবার্থে) বিং, ত্রিং, পক্ষসম্বন্ধীয়, প্রতিপক্ষে যাহা ঘটে। পক্ষপাতী। (পক্ষিন্=পাখী+ষ্ণিক—প্রহরণার্থে) সং, পুং, যে পাখী মারে, ব্যাধ।

পাখা, (পক্ষশব্দজ) সং, পালক, ডানা। ব্যজন

পাখী, (পক্ষীশব্দজ) সং, বিহগ, পক্ষী।

পাগ, পাগড়ী, (দেশজ) সং, শিরোবেষ্টনবস্ত্র। উষ্ণীষ।

পাগল, বিং, ত্রিং, উন্মত্ত, বাতুল। ক্ষিপ্ত, বায়ুগ্রস্ত। "পাগলায়াঙ্গহীনায় চান্ধায় বধিরায় চ" (যঃ স্বকন্যাং দদাতি)।

পাচক, (পচ=পাককরা+ণক—ক) সং, পুং, অগ্নি। ক্লীং, উদরস্থ রসবিশেষ, পিত্ত। বিং, ত্রিং, পাককারক। জীর্ণকারক।

পাচন, (পাচি=পাককরান+অনট্—ক) সং, ক্লীং, প্রায়শ্চিত্ত। ঔষধবিশেষ, কাথ। পুং, অগ্নি।

পাচনক, (পাচি [ধাতু] পাক করান+অন—প্রং, ক—যোগ) সং, পুং, টঙ্কণ, সোহাগা। [হরীতকী।

পাচনী, (পাচন+ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং,

পাচল, (পাচন দেখ, অল—প্রং) সং, পুং, অগ্নি। বায়ু। পাচক।

পাচিকা, (পচ=পাককরা+ণক—ক, আপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, যে স্ত্রীলোক পাক করে। রন্ধনকারিণী। [দেশ।

পাছা, (পশ্চাৎ শব্দজ) সং, নিতম্ব, পশ্চা-

পাছু, (পশ্চাৎ শব্দজ) ক্রিং—বিং, পিছে।

পাছুড়ী, (দেশজ, সং, দোপাট্টা, গাত্রবস্ত্রবিশেষ।

পাজি, (দেশজ) বিং, পামর, নীচ, অধম।

পাঞ্চজন্য, (পঞ্চজন=সমুদ্রবাসি তিমি মৎস্যের রূপধারী অসুরবিশেষ+ষ্ণ্য—জাতার্থে) সং, পুং, বিষ্ণুর শঙ্খ। অগ্নি।

পাঞ্চপাদিক, (পঞ্চপাদ+ষ্ণিক—অস্ত্যর্থে) বিং, ত্রিং, যে বস্তুর পরিমাণ পাঁচফুট।

পাঞ্চভৌতিক, (পঞ্চভূত+ষ্ণিক—জাতার্থে) বিং, ত্রিং, পৃথিব্যাদি-পঞ্চভূত-সম্বন্ধীয়।

পাঞ্চলিকা, পাঞ্চালিকা, (পঞ্চাল+ষ্ণিক, আপ্—প্রং) সং, স্ত্রীং, পুত্তলি।

পাঞ্চশব্দিক, (পঞ্চন্=পাঁচ—শব্দ=ধ্বনি+ষ্ণিক—প্রং) সং, ক্লীং, অঙ্গজ, কর্ম্মজ, তন্ত্রজ, কাংস্যজ, ও ফুৎকৃত এই পঞ্চপ্রকার বাদ্য।

পাঞ্চাল, (পঞ্চাল=দেশবিশেষ+ষ্ণ—ভবার্থে) সং, পুং, দেশবিশেষ, পঞ্জাব। পাঞ্চাল দেশের অধিপতি। তক্ষক, তন্তুবায়, নাপিত, রজক, এবং চর্ম্মকার এই পঞ্চ জাতি। বিং, ত্রিং, পঞ্চালদেশোদ্ভব, পঞ্চালদেশীয়।

পাঞ্চালী, (পঞ্চাল+ষ্ণ—নিবাসার্থে) সং, স্ত্রীং, দ্রৌপদী। কাষ্ঠ্যাদি-পুত্তলি।

পাটক, (পট্=গমনকরা+ণক—প্রং) সং, পুং, গ্রামের অংশবিশেষ। তীর, তট। পাশার গুটিকা চালন। বাদ্য। মূলধনের অপচয়।

পাটচ্চর, (পটচ্চর+ষ্ণ—স্বার্থে) সং, পুং, চোর, তস্কর। "নবমালিকাপরিমলপ্রাগ্‌ভারপাটচ্চরাঃ"।

পাটন, (পাটি=গমনকরান+অনট্—ভা) সং, ক্লীং, কর্ত্তন, ছেদন। বিদারণ, দ্বিধাকরণ।

পাটল, (পাটলা=পাটলা পুষ্প+অ—তুল্যার্থে) সং, পুং, শ্বেত রক্তবর্ণ,পাট্‌কিলা রঙ্। আশুধান্য, আউস ধান। বৃক্ষবিশেষ। ক্লীং,পুষ্পবিশেষ। বিং, ত্রিং, তদ্বর্ণযুক্ত।"স পাটলায়াং গবি তস্থিবাং-সং ধনুর্দ্ধরঃ কেশরিণং দদর্শ" রঘুবংশ।

পাটলা, (পাট=বিস্তার—লা=পাওয়া+ড, আপ্—স্ত্রীলিঙ্গে) সং স্ত্রীং, দুর্গা। পুষ্পবৃক্ষবিশেষ, পারুলগাছ। ঐ বৃক্ষের পুষ্প। [পাটলা বৃক্ষ। তৎপুষ্প।

পাটলি, (পাটলা দেখ, ই—প্রং)সং,স্ত্রীং,

পাটলিত, (পাটল+ইত—বিদ্যমান অর্থে) বিং, ত্রিং, পাটলবর্ণযুক্ত।

পাটলিপুত্র, (পাটলি=পুষ্পবিশেষ—পূ=বিশুদ্ধকরণ+ত্রন্, অথবা পাটলিপুত্র নামক কোন নৃপতিকর্তৃক স্থাপিত) সং, ক্লীং, পাটনা নগর।

পাটব, (পটু+ষ্ণ—ভাবে) সং, ক্লীং, পটুতা, নৈপুণ্য। আরোগ্য।

পাটবিক, (পটু+ষ্ণিক—স্বার্থে) বিং, ত্রিং, পটু, নিপুণ। ধূর্ত্ত, শঠ।

পাটহিকা,(পটহ্+ষ্ণিক—প্রং) সং, স্ত্রীং, গুঞ্জা, কুঁচ।

পাটা, (পট্টক শব্দজ) সং, পাট্টা, ভূমি সম্বন্ধীয় ক্রয়পত্র। তক্তা।—রি, সং, গ্রামসম্বন্ধীয় করগ্রাহক।

পাটিত, (পাটি=গমনকরান+ক্ত—র্ম্ম)বিং, ত্রিং, ভগ্ন। ক্ষত। বিদীর্ণ।

পাটী, (পাটি=দীপ্তিপাওয়া+ই, ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, শৃঙ্খলা, পরিপাটি। প্রণালী। একজাতীয় শ্রেণী। আসনবিশেষ। [অঙ্কবিদ্যা।

পাটীগণিত, (Arithmetic) সং, ক্লীং,

পাঠ, (পঠ্=অধ্যয়নকরা+ঘঞ্—ভা) সং, পুং, আবৃত্তি। অধ্যয়ন; পড়া। পাঠ্য অংশ। বেদাধ্যয়ন।

পাঠক, (পাঠ দেখ, ণক—ক) সং, পুং, পাঠকারক, যে ব্যক্তি পাঠ করে, অধ্যয়নকর্ত্তা,ছাত্র। (পাঠি=অধ্যয়নকরান+ণক—ক) অধ্যাপক।

পাঠনা, (পাঠি=পড়ান+অন—ভা) সং, স্ত্রীং, অধ্যাপনা, পড়ান।

পাঠভূ, (পাঠ [বেদ] অধ্যয়ন—ভূ=স্থান) সং, স্ত্রীং, ব্রহ্মারণ্য, বেদাদি পাঠস্থান, যেখানে বেদাদি শাস্ত্র অধ্যয়ন করে।

পাঠমঞ্জরী, পাঠশালিনী, সং,স্ত্রীং,পক্ষিণী-বিশেষ, শারি।

পাঠশালা, (পাঠ=অধ্যয়ন—শালা=গৃহ) সং, স্ত্রীং, বিদ্যালয়, যেখানে অধ্যয়ন করে। [চালান।

পাঠান, (দেশজ) সং, প্রেষণ, প্রেরণ,

পাঠিত, (পাঠি=পড়ান+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অধ্যাপিত, পড়ান।

পাঠী, (পাঠিন্=পঠ=অধ্যয়নকরা+ইন্—ক) বিং, ত্রিং, পাঠক।

পাঠীন,(পাঠী=ব্রাহ্মণ+ইন—যোগ) সং, পুং,পাঠক। যে পাঠকরে।(পাঠী=পৃষ্ঠ—নম্=শব্দকরা+ড—প্রং) বোয়ালমাছ।

পাঠ্য, (পঠ্=অধ্যয়নকরা+য—র্ম্ম) বিং, ত্রিং, পাঠের উপযুক্ত, পঠনীয়।

পাড়, (দেশজ) সং, নদ্যাদির তট, তীর।

পাড়া, [পল্লীশব্দজ] সং,নগরাদির অংশ।

পাণা, [দেশজ] সং, জলোপরিভাসমান শৈবাল বিশেষ।

পাণি, (পণ্=ব্যবহারকরা+ই—ণ, অথবা পণ্=ক্রয়বিক্রয়করা+ই—প্রং) সং,পুং, হস্ত। ণি, ণী—স্ত্রীং, হট্ট। দোকান।

পাণিগৃহীতী, (পাণি—গৃহীত, ষষ্ঠী—হিং) সং, স্ত্রীং, পরিণীতা স্ত্রী, পত্নী, ভার্য্যা।

পাণিগ্রহণ, পাণিপীড়ন, (পাণি—গ্রহণ, পীড়ন, ৭মী—হিং) সং, ক্লীং, বিবাহ। "পাণিপীড়ন বিধেরনন্তরং"।

পাণিঘ, (পাণি=হস্ত—হন্=আঘাতকরা+অল্—প্রং। হন্=ঘ) সং, পুং, যে

হস্তে মৃদঙ্গের ন্যায় বাদ্য করে বা হস্ত দ্বারা মৃদঙ্গাদি বাদ্য বাজায়।

পাণিজ, (পাণি=হস্ত—জন্=উৎপন্ন হওয়া +ড—প্রং) সং, পুং, কররুহ, নখ।

পাণিনি, (পণিন্+ষ্ণি—অপত্যার্থে, অ-থবা পাণিন+ই—তস্যছাত্রার্থে) সং, পুং, ব্যাকরণসূত্রকারক মুনিবিশেষ।

পাণিনীয়, (পাণিনি=মুনিবিশেষ+ঈয়—কৃতার্থে) বিং, ত্রিং, পাণিনিমুনিকর্তৃক রচিত। পাণিনি-প্রোক্ত। পাণিনিব্যা-করণপাঠক।

পাণিমুক্ত, (পাণি=হস্ত—মুক্ত=পরি-ত্যক্ত। যাহা হস্তদ্বারা নিক্ষিপ্ত) সং, ক্লীং, বল্লমপ্রভৃতি শস্ত্র।

পাণিরুহ, (পাণি—রুহ্=উৎপন্ন হওয়া+ ক্বিপ্—প্রং)সং, পুং, নখর, কররুহ।

পাণিসর্গ্যা, (পাণি=হস্ত—সৃজ্=গমনকরা +ঘ্যণ্, আপ্—স্ত্রীলিঙ্গ) সং, স্ত্রীং, রজ্জু, দড়ী।

পাণৌকরণ, (পাণৌ=হস্তসহিত—কৃ=করা +অনট্—ভা) সং, ক্লীং, বিবাহ, পাণি-পীড়ন।

পাণ্ডর, (পণ্ড=গমনকরা+অর-সংজ্ঞার্থে) সং, পুং, পীতশুক্লবর্ণ। শুভ্রবর্ণ। পাণ্ডু বর্ণ। বৃক্ষবিশেষ, মরুবকবৃক্ষ। ক্লীং, গিরিমাটী। কুন্দপুষ্প। বিং, ত্রিং, পাণ্ড-রবর্ণ বশিষ্ট

পাণ্ডব, পাণ্ডবেয়, (পাণ্ডু+ষ্ণ, ষ্ণেয়—অপত্যার্থে) সং, পুং, পাণ্ডুরাজার পুত্র, যুধিষ্ঠির ভীমাদি পঞ্চপাণ্ডব।

পাণ্ডবাভীল, পাণ্ডবায়ন, (পাণ্ডব—অভী [ভয় নয়] সাহস—ল=যে দেয়। পাণ্ডব —অয়ন [সহ] গমন) সং, পুং, কৃষ্ণ, বিষ্ণু। কৃষ্ণ পাণ্ডবদিগের সহায় ছিলেন এবং তাহাদের কোন বিপদ্ উপস্থিত হইলে তিনি তাহাদিগকে অভয় দান করিতেন, এইজন্য তিনি উক্ত নামে অভিহিত হন।

পাণ্ডিত্য, (পণ্ডিত+ষ্ণ্য --ভাবে, কর্ম্মণি) সং, ক্লীং, পণ্ডিতের ভাব বা ধর্ম্ম, বিচক্ষণতা। "পরোপদেশে পাণ্ডিত্যং সর্ব্বেষাং সুকরং নৃণাম্"। "নহি সর্ব্বত্র পাণ্ডিত্যং পুরুষেণ সুলভং হি বৈ"। মহাভারত।

পাণ্ডু, (পণ্ড=গমনকরা+উ—সংজ্ঞার্থে) বিং, ত্রিং, গৌরবর্ণ। শুভ্রপীতবর্ণ। শ্বেত-বর্ণ। পাকা। সং, পুং, কুরুবংশীয় রাজা-বিশেষ। ধৃতরাষ্ট্রের কনিষ্ঠ অম্বালিকা ব্যাসদেবের সহিত সঙ্গমকালে, তাহার ভয়ানক মূর্ত্তি দর্শন করিয়া ভয়ে অত্যন্ত পাণ্ডুবর্ণা হইয়াছিলেন। এইজন্য তাহার গর্ভসম্ভূত পুত্রও পাণ্ডুবর্ণ হইয়াছিলেন বলিয়া তিনি পাণ্ডুনামে খ্যাত। নেবা-রোগ। দেশবিশেষ। শ্বেতহস্তী।

পাণ্ডুক, (পাণ্ডু+ক—যোগ) সং, পুং, পাণ্ডুরাজা। পাণ্ডুবর্ণ। পাণ্ডুরোগ।

পাণ্ডুকম্বলী, (পাণ্ডুকম্বলিন্, পাণ্ডুকম্বল +ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, পাণ্ডুর কম্বলযুক্ত। সং, পুং, পাণ্ডুবর্ণ কম্বলা-বৃত রথ।

পাণ্ডুমৃৎ, (পাণ্ডু=পাণ্ডুবর্ণ—মৃৎ=মৃত্তিকা) সং, স্ত্রীং, খড়ীমাটী। পাণ্ডুবর্ণ ভূমি।

পাণ্ডুর, (পণ্ড=গমনকরা+উর—সং-জ্ঞার্থে, অথবা পাণ্ডু=শুক্লপীতবর্ণ+র— বিং, ত্রিং, শুক্লপীতবর্ণ শুক্লবর্ণ। সং, পুং, নেবারোগ। ক্লীং, শ্বিত্ররোগ।

পাণ্ডুলেখ—খ্য, পাণ্ডুলিপি, (পাণ্ডু-লেখ) সং, ক্লীং, খসড়া লেখা, মুসাবিদা। "পাণ্ডুলেখেন ফলকে ভূমৌ বা প্রথমং লিখেৎ ন্যূনাধিকং তু সংশোধ্য পশ্চাৎ পত্রে নিবেশয়েৎ" ব্যবহারতত্ত্ব।

পাণ্ডুশর্করা, (পণ্ডু—শর্করা=চিনি) সং, স্ত্রীং, পাথুরি রোগ।

পাণ্ডুশর্ম্মিলা, (পাণ্ডু=পাণ্ডুরাজা—শর্ম্মন্ =ভাগ্য+ইল—প্রং,) সং, স্ত্রীং, দ্রৌপদী।

পাণ্ডুসোপাক, সং, পুং, বর্ণসঙ্কর জাতি-বিশেষ, ডোম।

পাণ্ড্য, সং, পুং, ভারতবর্ষের দক্ষিণস্থ

দেশবিশেষ, ইহার উত্তরে বয়রু নদী, দক্ষিণে কন্যাকুমারী, পূর্ব্বে সমুদ্র এবং পশ্চিমে মলয়গিরি ও চেলরাজ্য।

পাণ্য, (পণ=স্তবকরা+য—র্ম্ম) বিং, ত্রিং,স্তত্য, স্তবনীয়।

পাত, (পৎ=পড়া+ঘঞ্—ভা,ণ) সং,পুং, পতন, পড়া॰ রাহুগ্রহ। (পা=রক্ষাকরা +ক্ত—র্ম্ম) বিং, ত্রিং রক্ষিত, পালিত।

পাতক, (পাতি [ধর্ম্ম হইতে] পড়ান+ ণক—প্রং) সং, ক্লীং,পতনসাধন, পাপ, দুষ্কার্য্য।

পাতকী. (পাতকিন্, পাতক+ইন্—অ- স্ত্যর্থে) সং, পুং, দুষ্কর্ম্মকারক, পাপী।

পাতঙ্গ, (Insecta) সং, পতঙ্গবর্গ।

পাতঙ্গি, (পতঙ্গ=সূর্য্য+ই—অপত্যার্থে) সং, পুং শনৈশ্চর, শনি। যম। কর্ণ।

পাতঞ্জল, (পতঞ্জলি+ষ্ণ—উক্তার্থে) বিং, ত্রিং, পতঞ্জলি মুনিপ্রণীত দর্শনশাস্ত্র।

পাতর, (প্রস্তর শব্দজ) সং, শিলা, পাষাণ

পাতন, (পাতি=গমনকরান+অনট্—ভা) সং, ক্লীং, বিস্তারণ, অধোদেশেক্ষেপণ বিন্যাস।

পাতসা, (যাবনিক) সং, বাদ্সা।

পাতা, (পাতৃ,পা=রক্ষাকরা, পানকরা+ তৃন্—ক) বিং, ত্রিং, ত্রাণকর্ত্তা, রক্ষা- কারক। পানকর্ত্তা।

পাতাল,(পৎ=পড়া+আল—প্রং। মহর্ষি মাতলির নিকট কহিতেছেন,পাতশব্দে পতন, ও অলং শব্দে অত্যন্ত,এই স্থানে হয়গ্রীবরূপী বিষ্ণু প্রতিপর্ব্বে,বাক্য- দ্বারা বেদাধ্যায়ীদিগের বেদধ্বনি পরি- বর্দ্ধিত করিবার নিমিত্ত প্রকাশিত হইলে চন্দ্রাদি জলমূর্ত্তি সকল চন্দ্রকান্ত- মণির ন্যায় দ্রবীভূত হইয়া নিপতিত হয়, এই নিমিত্ত এই স্থানের নাম পাতাল হইয়াছে) সং, ক্লীং, অধো- ভুবন। তল, অতল, বিতল, নিতল, তলাতল, মহীতল, সুতল, এই সপ্ত পাতাল। নরক। লগ্নের চতুর্থস্থান।

পাতালনিলয়, পাতালনিবাস, পাতালৌকস্, (পাতাল—নিলয়=গৃহ, —নিবাস= বাসস্থান, —ওকস্=স্থান—৬ষ্ঠী —হিং)সং, পুং, সর্প। দানব। দৈত্য। বিং, ত্রিং, পাতলের অধিবাসী।

পাতি, (পা=পালনকরা+ডতি—সং- জ্ঞার্থে)সং, পুং, প্রভু, অধিপতি, স্বামী।

পাতিক, (পাত=কম্পন, পতন+ষ্ণিক —প্রং) সং, পুং, শিশুমার, শুশুক।

পাতিত, (পাতি=পড়ান+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, পতিত করা। নিক্ষেপিত, অধো- দেশে নিক্ষেপিত।

পাতিত্য, (পতিত+ষ্ণ্য-ভাবে) সং, ক্লীং, পতিতের ধর্ম্ম, পতিতত্ব।

পাতিলী, (পাত=পতন+ইল—প্রং, ঈপ্ +স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, ফাঁদ। বাগুরা। মৃণ্ময় পাত্রবিশেষ, পাতিল। নারী।

পাতিব্রত্য,(পতিব্রতা+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, পতিব্রতার ধর্ম্ম, সতীত্ব।

পাতী, (পাতিন্, পৎ=পড়া+ণিন্—ক, শীলার্থে) বিং, ত্রিং, পতনশীল।

পাতুক, (পৎ=পতিত হওয়া+উক—ক, শীলার্থে) বিং, ত্রিং, পতনশীল। সং, পুং, পর্ব্বত প্রভৃতির ক্রমনিম্ন স্থান, ঢালুপ্রদেশ, অত্যুচ্চস্থান। জলহস্তী।

পাৎকূয়া, (পাৎ—কূয়া=কূপশব্দজ) সং, কূপ, ইন্দারা।

পাত্র, (পা=[ক্রিয়া বা আধেয়] রক্ষা করা+ত্র—ক, কিম্বা পা=পানকরা +ত্র—ণ) সং, পুং, ভাজন। ক্লীং, বর। বিষয়। স্রুবাদি যজ্ঞপাত্র। তীর- দ্বয়-মধ্যবর্ত্তীস্থান। যোগ্যলোক। মন্ত্রী। নাটকে অভিনেয় নায়কাদি। প্রণালী। ক্লীং, স্ত্রীং, ভাজন। স্ত্রীং, কন্যা। (পত্র +ষ্ণ—প্রং) ক্লীং,পত্র সমূহ। বিং, ত্রিং, পত্রদ্বার নির্ম্মিত। উপযুক্ত, যোগ্য। বি- দ্যাদিগুণ-বিশিষ্ট। বর। "ন বিদ্যয়া কেবলয়া তপসা বাপি পাত্রতা। যত্র বৃত্তমিমে চোভে তদ্ধিপাত্রং প্রকীর্ত্তিতম্"

পাত্রট, বিং, ত্রিং, কৃশ, দুর্ব্বল, সং, পুং, জীর্ণবস্ত্র।

পাত্রটীর, (পাত্র+টীর—প্রং) সং, পুং, যোগ্য মন্ত্রী। অগ্নি। লৌহ কাংস্য ও রজতপাত্র। কাক।

পাত্রীয়,(পাত্র+ঈয়—ইদমর্থে) বিং,ত্রিং পাত্রসম্বন্ধীয়। সং, ক্লীং, যজ্ঞপাত্র।

পাত্রেসমিত, (পাত্রে—সমিত=সঙ্গত, ভোজনকালে পাত্রেতেই সঙ্গত, কিন্তু কার্য্যকালে নহে) বিং, ত্রিং, যে ব্যক্তি কেবল ভোজনে রত! "স পাত্রেসমিতোঽন্যত্র ভোজনান্মিলিতো ন যঃ।" "নিধায় হৃদয়ে পাপং যঃ পরং শংসতি স্বয়ম্। স পাত্রেসমিতোঽর্থস্তাৎ"।

পাথ, (পা=পানকরা+থ—প্রং) সং,পুং, অগ্নি। সূর্য্য। ক্লীং, জল, বারি।

পাথঃ, (পাথস্, পা=পান করা+অসুন্ প্রং, থুক—আগম) সং, ক্লীং, জল। অন্ন।

পাথিঃ, (পাথিস্, পা=পানকরা+ইস্—সংজ্ঞার্থে। থুক—আগম) সং, পুং, সমুদ্র। চক্ষুঃ। ক্লীং, জল। কচ্ছপিকা।

পাথেয়, (পথিন্+ষ্ণেয়—প্রয়োজনার্থে) সং, ক্লীং, পথের সম্বল, পথখরচ।

পাথোজ, (পাথস্=জল—জ=উৎপন্ন) সং, ক্লীং, জলজ, পদ্ম।

পাথোদ, পাথোধর, (পাথস্=জল—দা=দানকরা+ড—২য়া—ষ। পাথস্—ধর=যে ধরে, ২য়া—ষ) সং, পুং, মেঘ, জলদ।

পাথোধি, পাথোনিধি, (পাথস্—ধা=ধারণ করা+কি—প্রং, ২য়া—ষ। নিধি=আধার, ৬ষ্ঠী—ষ) সং, পুং, জলনিধি, সমুদ্র।

পাদ্, (পদ্=গমনকরা+ক্বিপ্—ণ। অ=আ) সং, পুং, চরণ, পা।

পাদ, (পদ্=গমনকরা+ঘঞ্—ণ) সং, পুং, চরণ, পা। কিরণ, রশ্মি। ঋগ্বেদীয় মন্ত্রের চতুর্থাংশ। শ্লোকের চতুর্থাংশ। চতুর্থাংশ। পর্ব্বতের নিকটস্থ ক্ষুদ্রশৈল। প্রত্যন্তপর্ব্বত। বৃক্ষমূল। সূর্য্য। বৃত্তের (Quadrant)

পাদকটক, (পাদ—কটক=বলয়, ৬ষ্ঠী—ষ) সং, পুং, নূপুর। বাঁকমল। মল।

পাদকৃচ্ছ্র, (পাদ=চতুর্থাংশ, কৃচ্ছ্র=কষ্ট, প্রায়শ্চিত্ত) সং. ক্লীং, ব্রতবিশেষ।

পাদগণ্ডির, (পাদ=পা—গণ্ড=স্ফীতহওন+ইর—প্রং) সং, পুং, শ্লীপদ, গোদ।

পাদগ্রহণ, (পাদ—গ্রহণ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, অভিবাদন, চরণবন্দন, পদস্পর্শ পূর্ব্বক প্রণাম।

পাদচত্বর, (পাদ=পা—চত্বর=চাতাল) সং, পুং, ছাগল। শৈকতময় প্রদেশ। করকা, শিল। পিপ্পল। তুষার। পরনিন্দক।

পাদচাপল্য, (পাদ=পা—চাপল্য=অস্থিরতা) সং, ক্লীং, পাদাস্ফালন, পাদাঘাত। পদসঞ্চালন।

পাদচারী, (পাদচারিন্, পাদ—চর্=গমন করা+ণিন্—ক, ৩য়া—ষ) বিং, ত্রিং, পাদব্রজে গমনকারী। সং, পুং, পদাতিক। [সং, পুং, শূদ্র।

পাদজ, (পাদ [ব্রহ্মার] পা—জ=জাত)

পাদতল, (পাদ—তল=নিম্নভাগ) সং, ক্লীং, চরণের অধোভাগ, পায়ের চেটো। চরণপ্রান্ত।

পাদত্রাণ, (পাদ—ত্রাণ=রক্ষণ, ৫মী—হিং) সং.ক্লীং, পাদুকা, জুতা, উপানহ।

পাদদারী, (পাদ—দৃ=বিদারণ করা+অণ) সং, স্ত্রীং, পাদস্ফোট, শিশির জাত ক্ষত।

পাদদেশ, সং, পুং, অধঃপ্রদেশ, তলা।

পাদপ, (পাদ=মূল—পা=পান করা+ড) সং,পুং,বৃক্ষ, গাছ। পাদপীঠ। পা—স্ত্রীং, পাদুকা।

পাদপরিবর্ত্তন, (পাদ—পরিঘট্টন=ঘর্ষণ) সং, ক্লীং, পাদাঘাত। অবমর্দ্দন।

পাদপাশ, (পাদ—পা-পাশ=রজ্জু) সং,

অশ্বাদিরপাদবন্ধন রজ্জু। ক্ষুদ্রঘণ্টিকা। কিঙ্কিনী। শী—স্ত্রীং, শৃঙ্খল, শীকল।

পাদপীঠ, (পাদ—পীঠ=চৌকি) সং,ক্লীং, পাদস্থাপনের আসন,পা রাখিবার টুল।

পাদপীঠিকা, (পাদপীঠ—পারাখাটুল+ঈপ্ স্ত্রীলিঙ্গে, ক—আগম) সং, স্ত্রীং, নাপিতাদির ন্যায় নীচব্যবসায়। শ্বেত প্রস্তর।

পাদপূরণ, সং, ক্লীং, উপাক্ষর, বাক্যালঙ্কার, পাদপূরক শব্দ যথা চ, বা, তু, হি ইত্যাদি।

পাদপ্রধারণ, (পাদ—প্রধারণ=রক্ষণ) সং, ক্লীং, পাদুকা, জুতা।

পাদপ্রহার, (পাদ=পা—প্রহার=আঘাত) পাদাহতি। লাথী।

পাদবন্ধন, (পাদ=পা—বন্ধন=যাহারা চরণাবচ্ছেদে বদ্ধথাকে) সং, ক্লীং, গো মহিষাদি ধন।

পাদমূল, (পাদ—মূল=অগ্রভাগ) সং, ক্লীং, চরণাধোভাগ। পার্ষ্ণি। গোড়ালী

পাদরক্ষণ, (পাদ—রক্ষণ, ৫মী—হিং) সং, ক্লীং, পাদুকা, জুতা।

পাদরজ্জু, (পাদ—রজ্জু=দড়ি) সং, ক্লীং, হস্তীর পাদবন্ধন রজ্জু। চরণ বন্ধন রজ্জু মাত্র। [থী—স্ত্রীং, পাদুকা, জুতা।

পাদরথ, (পাদ=পা—রথ=যান) সং, পুং,

পাদরোহণ, (পাদ—রোহণ=যে উঠে) সং, পুং, বট বৃক্ষ।

পাদবন্দন, (পাদ—বন্দন=সেবা) সং, ক্লীং, চরণ সেবন, প্রণতি, প্রণিপাত।

পাদবল্মীক, (পাদ=পা—বল্মীক=ক্ষুদ্র পাহাড়) সং, ক্লীং, শ্লীপদ, গোদ।

পাদবিক, (পদবী=পথ+ষ্ণিক—কুশলার্থে) সং, পুং, পান্থ, পথিক। পর্য্যটনকারী।

পাদবিপক্ষস্থান, (Antipode) পৃথিবীস্থ কোন প্রাণীর পাদের ঠিক্ বিপরীত দিকে যে জীবের পা থাকে সেই সেইস্থান।

পাদবিরজঃ, (—জস, পাদ=চরণ—বি—না—রজস্=ধূলি) সং, স্ত্রীং, পাদুকা, জুতা।

পাদশঃ, (পাদশস্, পাদ+শস্—বীপ্সার্থে) অং, শ্লোকে শ্লোকে, পদে পদে, ছন্দে ছন্দে।

পাদশাখা, সং, স্ত্রীং, পদাঙ্গুলি।

পাদশৈল, (পাদ—=পা—শৈল=পাহাড়) সং, পুং, প্রত্যন্ত পর্ব্বত।

পাদস্ফোট, (পাদ—স্ফোট=ফোড়া) সং,পুং, রোগবিশেষ। চরণের নিম্নদেশে স্ফোটক, পায়ের তলায় ক্ষত। পায়ের চেটোর ঘা।

পাদাঙ্গদ, (পাদ=চরণ—অঙ্গ=সৌন্দর্য্য—দ=যে দেয়) সং, ক্লীং, নূপুর।

পাদাৎ, (পাদ=পা—অত্=গমনকরা+ক্বিপ্) সং, পুং, পদাতিকসৈন্য।

পাদাত, (পাদ—অৎ=গমনকরা+অ—প্রং। যে পাদদ্বারা গমন করে, তয়া—ষ) সং, পুং, পদাতিক সৈন্য। (পদাতি+অ—প্রং) ক্লীং, পদাতিসমূহ।

পাদাতি, পাদাতিক, (পাদাত দেখ+ই—প্রং। পদাতি+ক—স্বার্থে) সং, পুং, পদাতিক সৈন্য।

পাদারক, (পাদ—ঋ=গমনকরা+ণ্বুল) সং, পুং, পোনিন্দ। [নৌকা।

পাদালিন্দ, (পাদ—অলিন্দ) সং,পুং, তরি,

পাদাবর্ত্ত, (পাদ—আবর্ত্ত=ঘূর্ণন, যে কার্য্য পাদ দ্বারা সম্পন্ন হয়) সং, পুং, কূপ হইতে জলোত্তলনার্থ যন্ত্রবিশেষ। অরঘট্টক।

পাদাবিক, (পাদ=চরণ—অব=গমনকরা ইত্যাদি+ইক—প্রং) সং,পুং, পদাতিসৈন্য। [চতুর্থাংশ, পাদ।

পাদিন, (পাদ=চতুর্থাংশ+ঘ) সং, পুং,

পাদী, (পাদিন্, পাদ+ইন্—প্রং) সং, পুং, মকর কুম্ভীর শুশুক প্রভৃতি জলজন্তুগণ। চতুর্থাংশভাগী। বিং, ত্রিং, পদ বিশিষ্ট।

পাদুক, (পাদদেখ উকন—ক শীলার্থে)

বিং, ত্রিং, গমনশীল।

পাদুকা, পাদূ, (পাদ+উক—প্রং। পদ গমন করা+উ—প্রং) সং, স্ত্রীং,চর্ম্মাদি-নির্ম্মিত পাদাচ্ছাদন। উপানৎ, জুতা।

পাদুকাকার, পাদুকাকৃৎ,(পাদুকা—কার, কৃৎ=যে করে, ২য়া—ষ) সং, পুং, চর্ম্মকার, পাদুকানির্ম্মাতা। [পাদুকা।

পাদূ, (পদ=গমনকরা+উ) সং, স্ত্রীং,

পাদূকৃৎ, (পাদূ—কৃৎ=যে করে,২য়া—ষ) সং, পুং, পাদূনির্ম্মাতা, চর্ম্মকার।

পাদ্য, (পাদ+য—নিমিত্তার্থে) সং, ত্রিং, পদপ্রক্ষালনার্থ জল। পূজোপহার।

পান, (পা=পানকরা+অনট্—ভা) সং, ক্লীং, দ্রবদ্রব্যের গলাধঃকরণ। পান করিবার পাত্র গ্লাস ঘটী প্রভৃতি। মদ্য-পান। রক্ষণ। শাণোল্লেখন। সং, পুং, শৌণ্ডিক, নিশ্বাস প্রশ্বাস ক্ষেপন।

পানগোষ্ঠী পানগোষ্ঠীকা, (পান—গোষ্ঠী =সভা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, যে স্থানে অনেকে একত্র সমবেত হইয়া মদ্যাদি পান করে, মদ্যপানসভা, ভৈরবীচক্র। আপানভূমি।

পানপাত্র, (পান—পাত্র) সং, ক্লীং,চষক, মদ্যপান করিবার পাত্র।

পানবণিক্, (পানবণিজ্, পান—বণিজ্ =ব্যবসায়ী) সং,পুং, শৌণ্ডিক, শুঁড়ি। সুরাজীবী। সুরানির্ম্মাতা।

পানভাজন,পানিল, (পান—ভাজন,পাত্র পান+ইল—প্রং) সং, ক্লীং, পানপাত্র। চষক, গ্লাশ।

পানশৌণ্ড, (পান—শৌণ্ড=অত্যন্ত মত্ত) সং, পুং, মদ্যপানাসক্ত। পানরত।

পানস, (পনস=কাঁটাল+ষ্ণ—ভবার্থে) বিং, ত্রিং, পনসসম্বন্ধীয়। সং, ক্লীং, পনসোৎপন্ন মদ্য, কাঁটালপ্রস্তুতমদ।

পানা, (দেশজ) মিষ্টমিশ্রিত পানীয়, শর্করাদি মিশ্রিত সরবত। শৈবাল, এক প্রকার জললতা।

পানীয়, (পা=পানকরা+অনীয়—র্ম্ম) সং, ক্লীং, জল। বিং, ত্রিং, পেয়, পান-যোগ্য। রক্ষণীয়।

পানীয়নকুল, (পানীয়=জল—নকুল= বেঁজী) সং,পুং, জলমার্জ্জার। উদ্বিড়াল।

পানীয়পৃষ্ঠজ, (পানীয়=জল—পৃষ্ঠ=উপরি ভাগ, জ=জাত) সং,পুং, জলের পানা। কুম্ভী। জললতাবিশেষ। [পানফল।

পানীয়ফল, সং,ক্লীং,জলজাত প্রসিদ্ধফল

পানীয়বর্ণিকা, সং, স্ত্রীং, বালুকা, বালি।

পানীয়শালিকা, (পানীয়=জল—শালা =স্থান+ক—প্রং) সং, স্ত্রীং,জলাবস্থান গৃহ। প্রপা,যে গৃহে জলথাকে, জলছত্র।

পান্থ, (পথিন্=রাস্তা+অন্—কুশলার্থে) সং, পুং, পথিক, সর্ব্বদা ভ্রমণকারী, পর্য্যটক।

পান্থনিবাস, (Inn) সং, পুং, সরাই। পথিকদিগের অবস্থিতি করিবার স্থান, যে স্থানে নবাগত ব্যক্তিগণ ভাড়াদিয়া রাত্রি কিম্বা মধ্যাহ্ন কালের নিমিত্ত অব-স্থিতি করে।

পান্থশালা, (পান্থ=পথিক—শালা=গৃহ) সং,স্ত্রীং, পথিকলোকদিগের আহারাদি করিবার গৃহ।

পাপ, (পা [ইহা হইতে] রক্ষাকরা+ প—প্রং) সং, ক্লীং, অধর্ম্ম, দুষ্কৃত। অনিষ্ট। (পাপ+অ—অস্ত্যর্থে) বিং, ত্রিং,পাপিষ্ঠ। পাপজনক। ক্ষতিকারক। সং, পুং, পাপাত্মাব্যক্তি। লম্পট।

পাপকৃৎ, (পাপ=কৃৎ=যে করে, ২য়া—ষ, অথবা পাপ—কৃ=করা+ক্বিপ্—ক, ভূতকাল) বিং,ত্রিং,পাপিষ্ঠ, পাপকারী।

পাপঘ্ন, (পাপ—ঘ্ন=নাশক) বিং, ত্রিং, পাপনাশক। দুরিতঘ্ন।

পাপচক, (পচ=পাককরা+ণূল) বিং, ত্রিং, নিরন্তর পাককারী। পাপ-চকও হয়। [পুনঃ পুনঃ পতনশীল।

পাপতি, (পত=পড়া+কিন্) বিং, ত্রিং,

পাপপতি, (পাপ=অধর্ম্ম পতি=স্বামী) সং, পুং, উপপতি, জার।

পাপপুরুষ, (পাপ—পুরুষ=মনুষ্য) সং, পুং, মূর্ত্তিমান্ পাপ, পাপের অবতার স্বরূপ।

পাপভাক্,(পাপভাজ্, পাপ—ভাজ্=যে ভোগ করে, ২য়া—ষ) বিং, ত্রিং, পাপী, দুষ্কর্ম্মকারী। অধর্ম্মভাগী। "ন কেবলং যো মহতোঽপভাষতে শৃণোতি তস্মাদপি যঃ স পাপভাক্" [পুং, বসন্তরোগ।

পাপরোগ, (পাপ—রোগ=পীড়া) সং.

পাপর্দ্ধি (পাপ—ঋদ্ধি=সমৃদ্ধি) সং,স্ত্রীং, শিকার, মৃগয়া, মৃগবধ।

পাপল,(পাপ+ল—অস্ত্যর্থে) বিং, ত্রিং, পাপগ্রাহক, পাপদাতা। ক্লীং, পরিমাণবিশেষ।

পাপশমন, (পাপ=দুষ্কৃত—শমন=নাশক) বিং, ত্রিং, পাপনাশক। সং, ক্লীং, পাপঘ্ন প্রায়শ্চিত্তবিশেষ।

পাপাত্মা,(পাপাত্মন্,পাপ—আত্মন্=আত্মা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অধার্ম্মিক, পাপিষ্ঠ, পাপী।

পাপাশয়, (পাপ—আশয় ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অধার্ম্মিক, পাপিষ্ঠ, দুরাশয়।

পাপিষ্ঠ, পাপীয়ান্, (পাপ+ইষ্ঠ—অত্যর্থে পাপীয়স্, পাপ+ঈয়স্—অত্যর্থে) বিং, ত্রিং, অতিশয় পাপী। অধার্ম্মিক।

পাপী, (পাপিন্, পাপ+ইন্—অস্ত্যর্থে) বিং,ত্রিং, পাপযুক্ত। পাতকী। অপরাধী

পাপ্মা, (পাপ্মন্, পা [ইহাহইতে] রক্ষাকরা+মন্—প্রং, প—আগম) সং,পুং, পাপ, কিল্বিষ, অধর্ম্ম।

পামন্, (পৈ=শুষ্ক হওয়া+মন্—প্রং) সং, ক্লীং, স্ত্রীং, খোস, পাঁচড়া। চুল্কনা, কচ্ছুরোগ। [সং, পুং, গন্ধক।

পামঘ্ন, (পামন্=পাঁচড়া—ঘ্ন=নাশকারী)

পামন, (পামম্= পাঁচড়া+ন—অস্ত্যর্থে) বিং, ত্রিং, যাহার খোস আছে, কচ্ছুরোগবিশিষ্ট।

পামর, (পামন্=খোসরোগ—রা=গ্রহণকরা+ড—প্রং) বিং. ত্রিং. খল. দুষ্ট অধম, নীচ, পাপী, মূর্খ।

পামরোদ্ধারা, (পামর=পিত্ত—উদ্ধারা=নাশকারিণী) সং, স্ত্রীং, গুড়ূচী।

পায়, (পা=পানকরা+অল্, য আগম) সং, ক্লীং, জল। [পারাবত।

পায়রা, (পারাবত শব্দজ) সং, কপোত,

পায়স, (পয়স্+ষ্ণ—বিকারার্থে) সং, পুং, —ক্লীং, দুগ্ধশর্করাপক্ক অন্ন, পরমান্ন। টার্পিন্ তৈল। চন্দন। ক্লীং, দুগ্ধ। বিং, ত্রিং, পয়ঃসম্বন্ধীয়। দুগ্ধবিকার।

পায়িক, (পা=রক্ষাকরা+ণক—প্রং, য, ই—আগম) সং, পুং, পদাতিক সৈন্য।

পায়ু, (পা=রক্ষাকরা+উ—প্রং, ভুক্তদ্রব্য পরিপাক হইলে অনাবশ্যক পদার্থকে নিঃসারিত করিয়া যে জীবগণের প্রাণরক্ষা করে) সং, পুং, গুহ্যদেশ, মলদ্বার।

পায্য, (পা=পানকরা+য—প্রং) সং, ক্লীং, পরিমাণ। পান। জল। বিং, ত্রিং, নিন্দনীয়।

পার, (পর=অপর, ঈর=গমনকরা অথবা পার=পর পারে যাওয়া, কর্ম্মসম্পন্নকরা বা পৃ=পরিপূর্ণকরা+ঘঞ্) সং, ক্লীং, নদীর অপর তীর। পুং, ক্লীং, শেষভাগ। প্রান্ত। চরমসীমা। রা—স্ত্রীং, বিন্ধ্যাচলের পশ্চিমাংশ অর্থাৎ পারিপাত্র পর্ব্বত হইতে নির্গত নদীবিশেষ।

পারক, (পৃ=সন্তুষ্টকরা, পূর্ণকরা+ণক—প্রং) বিং, ত্রিং, সমর্থ, নিপুণ, পটু, দক্ষ, কুশল। পৃথিবীরূপ সমুদ্র হইতে উদ্ধারকারক। পূর্ত্তিকারক, পালনকারী প্রীতিদ।

পারক্য, (পরক বা পারক+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, পরকীয়তা, পরাধীনত্ব। অন্তসম্বন্ধীয় সামর্থ্য। শত্রুতা। বিং, ত্রিং, পরলোকসংক্রান্ত। পরলোকহিতকর্ম্ম।

পারগ, (পার=অন্ততীর—গ=যে গমন করে, ২য়া—ষ) বিং, ত্রিং, পারগামী। সমর্থ।

পারগত, (পার [জগতের] অপরতীর— গত=প্রাপ্ত, যে গিয়াছে, ২য়া—ষ) বিং, ত্রিং, যে পর পারে গমন করিয়াছে, পারপ্রাপ্ত। উত্তীর্ণ। অতিক্রান্ত। পবিত্র সং, পুং, জৈন মুনি।

পারজায়িক, (পর=অন্য—জায়া=স্ত্রী+ ষ্ণিক—রতার্থে) সং, পুং, পারদারিক, পরদারগামী, ব্যভিচারী, পরস্ত্রী রত।

পারটীট, (পার+টীট—প্রং) সং, পুং, প্রস্তর, পাষাণ।

পারণ, (পারি=পূরণকরা+অনট্—প্রং) সং, পুং, মেঘ। ক্লীং, ণা—স্ত্রীং, উপবাসাদি ব্রতানন্তর দিবস কর্ত্তব্য প্রাথমিকভোজন। ভোজন। তৃপ্তি। সন্তোষণ।

পারত, (পার [প=পূর্ণকরা+ঘঞ্] পূর্ণতা—তন্ = বিস্তারকরা+ড—প্রং) সং, পুং, পারদ, পারা।

পারতন্ত্র্য, (পরতন্ত্র=অধীন+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, পরতন্ত্রতা, পরাধীনত্ব, অস্বাধীন বৃত্তিতা।

পারত্রিক, (পরত্র=পরলোক+ষ্ণিক— ইদমর্থে) বিং, ত্রিং, পারলৌকিক, পরলোকসম্বন্ধীয়।

পারদ, (পার=পূর্ণতা—দ=যে দান করে) সং, পুং, ধাতুবিশেষ, পারা। সগররাজ কৃত মুক্তকেশ ম্লেচ্ছজাতিবিশেষ। বিং, ত্রিং, পারদায়ী।

পারদণ্ডক, (পার=নিবিড়—দণ্ডক=দণ্ডকারণ্য) সং, পুং, উড়িষ্যা দেশের এক অংশ।

পারদর্শী, (পারদর্শিন্, পার=অপরতীর— দর্শিন্=যে দেখে, ২য়া—ষ) বিং, ত্রিং, পরিণামদর্শী, বিজ্ঞ। নিপুণ, পটু, তৎপর, সমর্থ।

পারদারিক, (পর=অন্য—দার=স্ত্রী+ ষ্ণিক—আসক্তার্থে) সং, পুং, পরস্ত্রীতে আসক্ত। পরদারাসক্ত।

পারদার্য্য, (পর=অন্য—দার=স্ত্রী+য— প্রং) সং, ক্লীং, পরদারগমন। ব্যভিচার।

পারদেশ্য, (পর=অন্য—দেশ+ষ্ণ্য—প্রং) সং, পুং, বিদেশীয়। দেশান্তরাগত। পরদেশগত, প্রবাসী, পথিক। বিং, ত্রিং, পরদেশ সম্বন্ধীয়।

পারমাণবাকর্ষণ, (পারমাণব [পরমাণু+ ষ্ণ—প্রং]—আকর্ষণ) সং, ক্লীং, পরমাণু সকলের পরস্পর আকর্ষণ।

পারমার্থিক, (পরমার্থ+ষ্ণিক—ইদমর্থে) বিং, ত্রিং, পরমার্থ বিষয়ক, নিবৃত্তিমার্গ সম্বন্ধীয়। জ্ঞানমার্গ সম্বন্ধীয়। আধ্যাত্ম মোক্ষ প্রাপক।

পারম্পর্য্য, (পরম্পর=পরপর—ষ্ণ্য—ভা) সং, ক্লীং, আম্নায়, কুলক্রম। পরম্পরাভাব। ইতিহ। পুরাতনকথা। জনশ্রুতি। অনুক্রম।

পারম্পর্যোপদেশ, (পারম্পর্য্য—উপদেশ) সং, পুং, উপদেশপরম্পরা, ঐতিহ্য।

পারয়, (পৃ=সন্তুষ্টকরা+শ) বিং, ত্রিং, তৃপ্তিকর, প্রীতিপ্রদ। নিপুণ।

পারলৌকিক, (পরলোক+ষ্ণিক-সম্বন্ধার্থে) বিং, ত্রিং, পরলোকীয়। পারত্রিক। উত্তরকালিক। আমুষ্মিক। "ধর্ম্ম একো মনুষ্যাণাং সহায়ঃ পারলৌকিকঃ"।

পারশব, (পার—শব) সং, পুং, শূদ্রাগর্ভে ব্রাহ্মণের ঔরসজাত সন্তান। "যো ব্রাহ্মণস্তু শূদ্রায়াং কামাদুৎপাদয়েৎ সুতান্। স পারয়ন্নেব শবস্তস্মাৎ পারশবঃ স্মৃতঃ"। "পরং শবাৎ ব্রাহ্মণস্যৈব পুত্রঃ শূদ্রাপুত্রং পারশবং তমাহুঃ"। নিষাদজাতি। পরস্ত্রীতনয়। (পরশু+ড—সম্বন্ধার্থে) অস্ত্রবিশেষ, লৌহময় অস্ত্র। লৌহ। বিং, ত্রিং, পরশুসম্বন্ধীয়।

পারশীক, পারসিক, পারসীক; সং, পুং, পারস্যদেশজাত বস্তু বিশেষতঃ অশ্ব। পারস্যদেশ; পারস্যসাম্রাজ্য। পুং, বহুং, পারস্যদেশের অধিবাসী ব্যক্তিগণ। বিং, ত্রিং, তদ্দেশীয়।

পারশ্বধ, পারশ্বধিক, (পরশ্বধ=কুঠার— ষ্ণ, ষ্ণিক—প্রং) সং, পুং, পরশু দ্বারা

যে যুদ্ধ করে।

পারসী, সং, স্ত্রীং, পারস্যভাষা। পারস্য-দেশভব দ্রব্যাদি। "জ্যেষ্ঠাশ্লেষা মঘা পূর্ব্বা রেবতী ভরণীদ্বয়ে। বিশাখার্দ্রোত্ত-রাষাঢ় শতভে পাপবাসরে। লগ্নে স্থিরে সচন্দ্রে চ পারসী মারবীং পঠেৎ"।

পারস্ত্রৈণেয়, (পরস্ত্রী+ষ্ণেয়—অপত্যার্থে, ইন্—আগম) সং, পুং, ক্ষেত্রজসন্তান, পরস্ত্রীজাতপুত্র। জারজ। অসতীপুত্র।

পারা, (পার দেখ, আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, নদীবিশেষ, পারিযাত্র পর্ব্বত হইতে নিঃসৃতা নদী।

পারাপত, পারাবত, (পর=অন্য [জীবনাদি] অব=রক্ষাকরা+শতৃ) সং, পুং, কপোত, পায়রা। "ভবন বলভৌ সুপ্ত-পারাবতায়াম্" মেঘদূত।

পারাপার, পারাবার, (পার=এপার—অপার=অন্যপার) সং, পুং, সমুদ্র। ক্লীং,নদী প্রভৃতির উভয় পার। তটদ্বয়।

পারায়ণ, (পার=সমাপ্তি—অয়ন=গমন) সং, ক্লীং, সম্পূর্ণতা, সমাপ্তি। সাকল্য। "ব্রহ্মপারায়ণং যযৌ" উত্তরচরিত। নিয়ম করিয়া সপ্তাহ মধ্যে কোন গ্রন্থের সম্পূর্ণ পাঠ। পুরাণ পাঠ বা পাঠনা।

পারায়ণিক, (পারায়ণ+ষ্ণিক—অধ্যয়নার্থে) সং, পুং, পারায়ণপাঠক। পুরাণ পাঠক। ছাত্র।

পারায়ণী, (পারায়ণ দেখ) সং, স্ত্রীং, সরস্বতী দেবী। কর্ম্ম। ধ্যান। চিন্তা। দীপ্তি

পারারুক, (পার=পরতীর—ঋ=গমন করা+উক—প্রং) সং, পুং, প্রস্তর, পাতর। পাষাণ।

পারাবত, (পারাবতী=দেশবিশেষ+ষ্ণ ভবার্থে) স, পুং, পায়রা।

পারাশর, পারাশর্য্য, পারাশরি, (পরশর +ষ্ণ, ষ্ণ্য, ষ্ণি—অপত্যার্থে, উক্তার্থে) সং, পুং, পরাশরাত্মজ, বেদব্যাস। ক্লীং, পরাশরপ্রণীত ধর্ম্মশাস্ত্র।

পারিকাঙ্ক্ষী, (পারিকাঙ্ক্ষিন্, পরি [ঐহিকসুখ] ত্যাগ—কাঙ্ক্ষ্=আকাঙ্ক্ষা-করা+ইন্—ক। অথবা পারিন্ [পার+ইন্—প্রং] ব্রহ্মজ্ঞান—কাঙ্ক্ষিন্=যে আকাঙ্ক্ষা করে। কিম্বা পারি [পর+ষ্ণি—প্রং] পারমার্থিক সুখ—কাঙ্ক্ষিন্=যে আকাঙ্ক্ষা করে) সং, পুং, মুনি, তপস্বী, তাপস।

পারিজাত, পারিজাতক, (পরি—জাত=যে জন্মিয়াছে, পরিজাত+ষ্ণ—প্রং। অথবা পারিন্ [পার+ইন্—প্রং] সমুদ্র—জাত, ৭মী—ষ) সং,পুং, স্বর্গীয় বৃক্ষ, দেবতরু, সুরতরু।

পারিণায্য, (পরিণয়+ষ্ণ্য—প্রাপ্ত্যর্থে) সং, ক্লীং, পরিণয়-লব্ধ ধন, যৌতুক।

পারিণাহ্য, (পরিণাহ+য—প্রং) সং, ক্লীং, পরিণয় লব্ধ গৃহসামগ্রী, শয্যাসন ইত্যাদি।

পারিতথ্যা, (পরি=প্রত্যেক প্রকার [জাঁকজমক]—তথা=সেখানে+ষ্ণ্য, আপ্ স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, ললাটের অলঙ্কার-বিশেষ, সিঁতি।

পারিতোষিক, (পরিতোষ+ষ্ণিক—দেয়ার্থে) সং, ক্লীং, পরিতোষদত্ত, পরিতুষ্ট হইয়া যাহা দান করা যায়, উপায়ন, দান। বিং, ত্রিং, পরিতোষজনকদ্রব্য।

পারিন্দ্র, (পারীন্দ্র দেখ) সং, পুং, সিংহ। অজগর সর্প। [সমুদ্র।

পারিন্, (পার+ইন্—প্রং) সং, পুং,

পারিপন্থিক, (পরি=চতুর্দ্দিকে—পথিন্=পথ+ষ্ণিক—প্রং) সং, পুং, চোর, তস্কর

পারিপাট্য, (পরিপাটী+ষ্ণ্য—প্রং) সং, ক্লীং, সুশৃঙ্খলা, পরিপাটী।

পারিপাত্র, পারিপাত্রক, (পরি=চতুর্দ্দিকে—পা=রক্ষাকরা+ত্র—প্রং,ক—যোগ) সং,পুং, পারিযাত্র পর্ব্বত,বিন্ধ্যপর্ব্বতের পশ্চিম মালবদেশের সীমাপর্ব্বত।

পারিপার্শ্বিক, (পরি=প্রায় [কর্ত্তার ইত্যাদি]—পার্শ্ব+ষ্ণিক—প্রং) সং,পুং, নটের পার্শ্বস্থিত। সূত্রধর। পারিষদ।

পার্শ্ববর্ত্তী; পার্শ্বচর (Satellites) যে ক্ষুদ্রগ্রহ সূর্য্যের চতুর্দ্দিকে পরিভ্রমণ না করিয়া কোন বৃহৎগ্রহের চতুর্দ্দিকে পরিভ্রমণ করে, চন্দ্র প্রভৃতি উপগ্রহ।

পারিপ্লব, (পরিপ্লব+ষ্ণ—প্রং) বিং, ত্রিং, কম্পমান। চঞ্চল। ব্যাকুল, কাতর।

পারিভদ্র, (পরিভদ্র [পরি=সম্পূর্ণরূপ—ভদ্র=সৌভাগ্য] + ষ্ণ—প্রং) সং, পুং, স্বর্গীয় বৃক্ষবিশেষ, পারিজাতবৃক্ষ।

পারিভদ্রক, (পরিভদ্রক [পারিভদ্র দেখ +ক—যোগ] +ষ্ণ—প্রং) সং, পুং, দেবদারুবৃক্ষ। নিম্ববৃক্ষ, নিম্‌গাছ।

পারিভাব্য, (পরিভূ=জামিন+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, প্রতিভূত্ব, জামিনী। (পরিভব [রোগ] পরাজয়+ষ্ণ্য—প্রং) ঔষধ।

পারিভাষিক, (পরিভাষা+ষ্ণিক—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, পরিভাষাসম্বন্ধীয়।

পারিমাণ্ডল্য, (পরিমণ্ডল=গোল+ষ্ণ্য—প্রং) সং, ক্লীং, অণুপরিমাণ। "পারিমাণ্ডল্যভিন্নানাং কারণত্বমুদাহৃতং" ভাষাপরিচ্ছেদ

পারিমুখিক, (পরি=চতুর্দ্দিকে—মুখ+ষ্ণিক—প্রং) বিং, ত্রিং, সম্মুখবর্ত্তী।

পারিমুখ্য, (পরি=চতুর্দ্দিকে—মুখ=ষ্ণ্য—প্রং) সং, ক্লীং, অভিমুখতা, সম্মুখতা, সমক্ষতা, বিদ্যমানতা।

পারিযাত্র, (পরি=চতুর্দ্দিকে—যা=গমন করা+ত্র, ষ্ণ—প্রং) সং, পুং, সপ্তকুলপর্ব্বতের অন্তর্ভূত কুলপর্ব্বতবিশেষ। স্বনামখ্যাত নৃপতি বিশেষ।

পারিযাণিক, (পরি=চতুর্দ্দিকে—যান=গমন+ষ্ণিক—প্রং) সং, পুং, পথস্থিত রথ গাড়ি ইত্যাদি।

পারিরক্ষক, (পারি [পর+ষ্ণি—প্রং] পারমার্থিক সুখ—রক্ষক=যে রক্ষা করে) সং, পুং, তাপস, মুনি, তপস্বী।

পারিষদ, (পরিষদ্+ষ্ণ—তিষ্ঠত্যর্থে) সং, পুং, সভাসদ, সভ্য। বিং, ত্রিং, সভাসম্বন্ধীয়। [সং, পুং, পারিষদ।

পারিষদ্য, (পরিষদ্+ষ্ণ্য—তিষ্ঠত্যর্থে)

পারিহার্য্য, (পরিহার+ষ্ণ্য—প্রং) সং, পুং, করভূষণ, বলয়।

পারী, (পৃ=পূরণকরা+ঘঞ্, ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, জলসমূহ। কর্করী। হস্তিপাদ বন্ধন রজ্জু। পাত্রী। পরাগ। পুষ্পরেণু। পানপাত্র। দোহনপাত্র।

পারীক্ষিত, (পরীক্ষিৎ+ষ্ণ—অপত্যার্থে) সং, পুং, পরীক্ষিতের পুত্র, রাজা জনমেজয়। [ত্রিং, পারগ, পারগত।

পারীণ, (পার+ইন—গমনার্থে) বিং,

পারীন্দ্র, (পর=অন্য [প্রাণী]—ইন্দ্র=প্রভু, নিপাতন) সং, পুং, অজগর সর্প। সিংহ। [সং, পুং, অগ্নি। সূর্য্য।

পারু, (পা=রক্ষাকরা+রু—সংজ্ঞার্থে)

পারুষ্য, (পরুষ=কর্কশ + ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, অপ্রিয়ভাষণ, নিন্দা, তিরস্কার। দেবরাজ ইন্দ্রের উপবন। অগুরুচন্দন। সং, পুং, বৃহস্পতির নামান্তর। "পারুষ্যমনৃতং চৈব পৈশুন্যং চাপিসর্ব্বশঃ। অসংবদ্ধপ্রলাপশ্চ বাঙ্ময়ং স্যাচ্চতুর্ব্বিধম্"

পারেরক, (পার [পর=শত্রু+ষ্ণ—প্রং] শত্রুসকল—ইর্=ভেদকরা+ণক—প্রং) সং, পুং, খড়্গ।

পার্ঘট, (পার [পর=অন্য + ষ্ণ—প্রং] —ঘট্ চেষ্টাকরা+অল্—প্রং। র=) সং, ক্লীং, পাংশু, ধূলি।

পার্থ, (পৃথা=কুন্তী+ষ্ণ—অপত্যার্থে) সং, পুং, পৃথা নন্দন, যুধিষ্ঠিরাদি। রাজা। বৃক্ষবিশেষ, অর্জ্জুন বৃক্ষ।

পার্থক্য, (পৃথক্+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, পৃথকত্ব, বিভিন্নতা।

পার্থব, (পৃথু=বিশাল+ষ্ণ—ভাবে) সং, ক্লী, পৃথুতা। স্থূলতা।

পার্থিব, (পৃথিবী+ষ্ণ—ঈশ্বরার্থে) সং, পুং, পৃথিবীর অধিপতি, রাজা। বী—স্ত্রীং, পৃথিবীর কন্যা, সীতা। বিং ত্রিং, পৃথিবীসম্বন্ধীয়।

পাপর, সং. পুং, কৃতান্ত, যম।
পার্ব্বণ, (পর্ব্বন্+ষ্ণ—কৃত বা দত্তার্থে) সং,পুং,অমাবস্যাদি পর্ব্বে কর্ত্তব্য শ্রাদ্ধ। উৎসব। মৃগবিশেষ। বিং, ত্রিং, পর্ব্ব সম্বন্ধীয়।
পার্ব্বত, (পর্ব্বত—গিরি+ষ্ণ—ইদমর্থে) সং, পুং, মহানিম্ববৃক্ষ, ঘোড়ানিমের গাছ। বিং, ত্রিং, পর্ব্বতসম্বন্ধীয়। পর্ব্বতোৎপন্ন।
পার্ব্বতী, (পর্ব্বত [হিমালয়] গিরি+ষ্ণ—অপত্যার্থে) সং, স্ত্রীং, পর্ব্বতকন্যা, গিরিজা, উমা, দুর্গা। "পর্ব্বতস্য সুতা দেবী সাবির্ভূতা চ পর্ব্বতে। পর্ব্বতাধিষ্ঠাতৃদেবী পার্ব্বতী তেন কীর্ত্তিতা"॥
পার্ব্বতীনন্দন, (পার্ব্বতী—নন্দন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কুমার, কার্ত্তিকেয়।
পার্ব্বতীয়, (পর্ব্বত+ঈয়—ভবার্থে) বিং, ত্রিং, পর্ব্বতোৎপন্ন, পর্ব্বতসম্বন্ধীয়, শৈলেয়। [পুং, পরশুধারী যোদ্ধা।
পার্শব, (পর্শু=কুঠার+ষ্ণ—প্রং) সং,
পার্শ্ব, (পর্শু=পার্শ্বাস্থি+ষ্ণ—প্রং) সং, পুং—ক্লীং, কক্ষের অধোভাগ, একদেশ, ধার, পাশ, চক্রোপান্ত। চাকার পরিধি চতুষ্কোণ বস্তুর একদেশ। ক্লীং, পর্শুগণ, পার্শ্বস্থিত, অস্থিসমূহ (The thorax) পুং, স্বনাম খ্যাত জিনবিশেষ। বিং, ত্রিং, সমীপ, নিকট।
পার্শ্বগ, পার্শ্বচর, (পার্শ্ব—গ, চর=যে গমন করে, ৭মী—ষ) বিং,ত্রিং, অনুচর, পার্শ্ববর্ত্তী। ভৃত্য। [ধ্যক্ষ।
পার্শ্বনাথ, সং, পুং, জিনের প্রধান ধর্ম্মা-
পার্শ্বপরিবর্ত্তন, (পার্শ্ব—পরিবর্ত্তন=ফেরা) সং, ক্লীং, পাশফেরা। ভাদ্রশুক্লদ্বাদশীতে বিষ্ণুর পার্শ্ব পরিবর্ত্তন হেতু উৎসব।
পার্শ্বশূল, (পার্শ্ব—শূল=তীক্ষ্ণ যন্ত্রণা) সং, পুং—ক্লীং, শূলরোগবিশেষ।
পার্শ্বাস্থি, (পার্শ্ব—অস্থি, ৬ষ্ঠী—ষ) সং, ক্লী, পর্শুকা, পাঁজরা।
পার্ষত (পৃষত্=নৃপতিবিশেষ+ষ্ণ—অপত্যার্থে)সং, পুং, পাণ্ডুরাজার তনয়। তী—স্ত্রীং, দ্রৌপদী।
পার্ষদ, (পর্ষদ্=সভা+ষ্ণ=তিষ্ঠত্যর্থে) সং, পুং, পারিষদ, সভাসদ।
পার্ষ্ণি, (পৃষ্=সিক্তকরা+নি—প্রং) সং, পুং—স্ত্রীং, গুল্ফ, চরণতল, পৃষ্ঠদেশ। পৃষ্ঠশত্রু। সৈন্যের পশ্চাদ্ভাগ। স্ত্রীং, উন্মত্তা স্ত্রী। কুন্তী।
পার্ষ্ণিগ্রাহ, (পার্ষ্ণি=সৈন্যের পশ্চাদ্ভাগ—গ্রাহ=যে গ্রহণ করে, ২য়া—ষ) সং, পুং, পশ্চাদ্বর্ত্তী শত্রুরাজা। সৈন্যের পশ্চাদ্ধাবী, সৈন্যের পশ্চাদ্বর্ত্তী।
পার্ষ্ণিত্র, (পার্ষ্ণি=সৈন্যের পশ্চাদ্ভাগ—ত্রৈ=রক্ষাকরা+ড—প্রং) সং, ক্লীং, সৈন্যের পশ্চাদ্ভাগ রক্ষাকারী সৈন্য।
পাল, (পাল=রক্ষাকরা+অল্—ক) বিং, ত্রিং, রক্ষাকর্ত্তা। প্রতিপালক। সং, পুং, সমূহ, দল। পিক্‌দান।
পালই, (দেশজ) সং, খড়ের গাদা সতৃণ ধান্যের রাশি।
পালক, (পাল দেখ+ণক—ক) বিং, ত্রিং, রক্ষক, প্রতিপালনকর্ত্তা। [পুচ্ছ।
পালখ, (পক্ষ শব্দজ) সং, পাখা, ডানা,
পালঙ্ক, (পাল=রক্ষণ—অঙ্ক=যে গমন করে, বা দান করে) সং, পুং—স্ত্রীং, পালমশাক। পুং,পক্ষিবিশেষ,বাজপক্ষী।
পালন, (পাল দেখ+অনট্—ভা) সং, ক্লীং, পোষণ, রক্ষা, ভরণপোষণ।
পালয়িতা, (পালয়িতৃ, পাল দেখ+তৃন্—ক) বিং, ত্রিং, পালনকর্ত্তা, পালক।
পালা, (পল্লব শব্দজ) সং, পল্লব। বার, পর্য্যায়। বিং, পোষা, রক্ষিত।
পালান, (দেশজ) সং, গো-স্তন।
পালাশ, (পলাশ=পত্র বা এইবৃক্ষ+ষ্ণ—প্রং) বিং, ত্রিং, পলাশবৃক্ষসম্বন্ধীয়। হরিতবর্ণ। সং, ক্লীং, তেজপাত।
পালাশখণ্ড, (পালাশ=পলাশবৃক্ষসম্বন্ধীয় ইত্যাদি—খণ্ড=দেশ। যে দেশে পলাশবৃক্ষ প্রচুর আছে) সং, পুং, মগধদেশ,

বেহার।

পালি, পালী, (পাল=রক্ষাকরা+ই—প্রং, ঈ—বিকল্পে) সং, স্ত্রীং, পঙ্‌ক্তি, শ্রেণী,। ক্রোড়। খড়্গের তীক্ষ্ণধার। কোণ। প্রান্তভাগ। সেতু। খোঁড় হাঁড়ি। কেশকীট, উকুণ। প্রশংসা। শ্মশ্রুলা স্ত্রী। [অস্ত্রের তীক্ষ্ণ ধার।

পালিকা, (পালী+ক—যোগ) সং, স্ত্রীং,

পালিত,(পাল দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, রক্ষিত। লালিত। পোষিত বর্দ্ধিত।

পালো, (দেশজ) সং, ঔষধবিশেষ। গুঁড়া

পাল্টন, (দেশজ) সং, বদল, পরিবর্ত্তন।

পাল্লা, (দেশজ) সং, তৌলকরণের পাত্র, তরাজু।

পাবক, (পূ=পবিত্রকরা+ণক—ক)সং, পুং,অগ্নি।বৈদ্যুতাগ্নি,সদাচার। চিত্রক। ভল্লাতক। রক্ত চিত্রক। কুসুম্ভ। শোধয়িতা। বিং, ত্রিং, পবিত্রকারক।

পাবকি, (পাবক+ঞি—অপত্যার্থে) সং, পুং, পাবকপুত্র, কার্ত্তিকেয়।

পাবন, (পূ=শুদ্ধকরা+অন—ক, ভা) বিং, ত্রিং, পবিত্র। শোধক, পবিত্রকারক। ক্লীং, গোময়। পবিত্রীকরণ। জল। প্রায়শ্চিত্ত। রুদ্রাক্ষ। পুং, ব্যাসদেব। অগ্নি। [পুং, শঙ্খ। পবিত্র শব্দ।

পাবনধ্বনি, (পাবন—ধ্বনি=শব্দ) সং,

পাবনী,(পাবন+ঈ—স্ত্রীলিঙ্গে) সং,স্ত্রীং, তুলসী। গঙ্গা। গাভী। হরীতকী।

পাশ, (পাশি=বন্ধনকরা+অল—ণ) সং, পুং, রজ্জু, দড়ি। অস্ত্রবিশেষ। ফাঁদ। সূত্র। প্রত্যয় বিশেষ, এই প্রত্যয় শ্রেষ্ঠ বা সমূহ অর্থে কেশবাচক শব্দের উত্তর প্রযুক্ত হইয়া থাকে—যথা কেশপাশ, অর্থাৎ উৎকৃষ্ট কেশ বা কেশগুচ্ছ, কেশ সমূহ।"তং কেশপাশং প্রসমীক্ষ্য কুর্য্যুর্ব্বালপ্রিয়ত্বং শিথিলং চমর্য্যঃ" কুমারসম্ভব। সুন্দর অর্থে কণ শব্দের উত্তর প্রযুক্ত হয় এবং নিন্দা বা কুৎসা অর্থে ছত্র ভিষক্‌ প্রভৃতি শব্দের উত্তর প্রযুক্ত হইয়া থাকে। (পার্শ্ব শব্দজ) সং,পার্শ্ব। —শা (পাশক শব্দজ)সং,অক্ষ,চৌপাড়। কর্ণভূষণ। [সং, পুং, পাশা, অক্ষ।

পাশক, (পাশি=বন্ধনকরা+ণক—প্রং)

পাশপাণি, পাশভৃৎ, (পাশ=রজ্জু—পাণি, ৬ষ্ঠী—হিং। পাশ—ভৃৎ=যে ধরে,২য়া—ষ) সং, পুং, বরুণ।

পাশব, (পশু+ষ্ণ—প্রং) সং, ক্লীং, পশুর দল, পশুসমূহ। বিং, ত্রিং, পশুসম্বন্ধীয়।

পাশবপালন, (পাশব—পালন=পোষণ) সং, ক্লীং, ঘাস, তৃণ।

পাশিত, (পাশ=রজ্জু+ইত—প্রং) বিং, ত্রিং, পাশযুক্ত, পাশদ্বারা বদ্ধ।

পাশী, (পাশিন্‌, পাশ=রজ্জু+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, বরুণ। যম। ব্যাধ। বিং, ত্রিং, পাশধারী।

পাশীকৃত, (পাশ=রজ্জু—কৃত। পাশ শব্দের উত্তর অভূততদ্ভাবার্থে চ্বি প্রত্যয়, অ স্থানে ঈ) বিং, ত্রিং, পাশবদ্ধ, দড়ি দিয়া বাঁধা।

পাশুপত, (পশুপতি+ষ্ণ—প্রং)সং, পুং, পশুপতির উপাসক, শৈব। বকপুষ্প, বকফুল, বিং, ত্রিং, শিবসম্বন্ধীয়। ক্লীং, ব্রতবিশেষ। অস্ত্রবিশেষ।

পাশুপতাস্ত্র, (পাশুপত—অস্ত্র) সং, ক্লীং, শিবের ত্রিশূল।

পাশুপাল্য, (পশুপাল=যে পশু পালন, করে+ষ্ণ্য—ভাবে) সং ক্লীং, বৈশ্যবৃত্তি, পশুপালকের কর্ম্ম।

পাশ্চাত্য, (পশ্চাৎ+ষ্ণ্য—ভবার্থে) বিং, ত্রিং, পশ্চিমদেশীয়। পশ্চিমদিকস্থ। সং, পুং, যবন।

পাশ্যা,(পাশ+য-প্রং)সং,স্ত্রীং,পাশসমূহ।

পাষক, সং,পুং,পাদাভরণবিশেষ,পাযুলী।

পাষণ্ড, পাষণ্ডক, পাষণ্ডী, (পাপ—সন্‌ দানকরা+ড—প্রং, নিপাতন। ক—যোগ। পাষণ্ডিন্‌,পাষণ্ড+ইন্—স্বার্থে) সং, পুং, নাস্তিক। বিধর্ম্মী। সদাচারভ্রষ্ট। পামর। ধর্ম্মবহিষ্কৃত।

পাষাণ, (পিষ্ [মস্‌লা] চূর্ণকরা+অ—প্রং, আন—যোগ) সং, পুং, প্রস্তর, "কষপাষাণ নিভে নভস্তলে" নৈষধ। শিলা। ণী—স্ত্রীং, ক্ষুদ্র প্রস্তর, বাট্‌খারা

পাষাণদারক, পাষণদারণ (পাষাণ=প্রস্তর—দারক, দারণ=যে বিদারণ করে) সং, পুং, পাষাণভেদক অস্ত্র বিশেষ। টঙ্ক, টাঙি।

পাসোরা, (দেশজ) সং, বিস্মৃতি, ভ্রম।

পাহাড়, [দেশজ) সং, পর্ব্বত, গিরি।

পিঁজরা, (পিঞ্জর শব্দজ) সং, খাঁচা।

পিঁপীড়া, পিপীড়া (পিপীলিকা শব্দজ) সং, কীটবিশেষ।

পিঁপুল, (পিপ্পলীশব্দজ) সং,ফলবিশেষ।

পিক—পুং, পিকী—স্ত্রীং, (পি=অনুকরণ শব্দ—কৈ=শব্দকরা+ড—প্রং) সং, কোকিল। "কাকঃ কৃষ্ণঃ পিকঃ কৃষ্ণঃ কো ভেদঃ পিককাকয়োঃ। বসন্তসময়ে প্রাপ্তে কাকঃ কাকঃ পিকঃ পিকঃ"।

পিকদান, (যবনভাষা) সং,নিষ্ঠীবনপাত্র।

পিকবন্ধু, পিকবল্লভ, পিকরাগ, (পিক=কোকিল—বন্ধু, বল্লভ, রাগ) সং, পুং, আম্রবৃক্ষ।

পিকানন্দ, (পিক = কোকিল—আনন্দ, ৭মী—হিং) সং, পুং,বসন্তকাল।

পিক্ক, (পিক্=অনুকররণ শব্দ—কৈ=শব্দ করা+ড—প্রং) সং, পুং, করিশাবক, করভ।

পিঙ্গ, (পিন্‌জ—রংযুক্তহওয়া+ঘঞ্—প্রং) সং, পুং, পিঙ্গলবর্ণ, নীলপীতমিশ্রিতবর্ণ। মূষিক। ক্লীং, গন্ধদ্রব্যবিবিশেষ। বালক, শাবক। হরিতাল। ঙ্গা—স্ত্রীং, গোরোচনা। দুর্গা। হরিদ্রা। হিং। বংশলোচন। নাড়ী। ঙ্গী—স্ত্রীং, শমীবৃক্ষ। বিং, ত্রিং, কপিলবর্ণবিশিষ্ট।

পিঙ্গকপিশা, (পিঙ্গ=পিঙ্গলবর্ণ—কপিশ=মেটিয়া বর্ণ) সং, স্ত্রীং, তৈলপায়িকা। তেলাপোকা, আরস্থলা।

পিঙ্গজট, (পিঙ্গ=পিঙ্গলবর্ণ—জটা,৬ষ্ঠী—হিং) সং, পুং, শিব। মহাদেব।

পিঙ্গল, (পিঙ্গ দেখ, অল—প্রং, অথবা পিঙ্গ+ল—অস্ত্যর্থে) সং, ক্লীং, রীতি। পিত্তল। সং, পুং, নীলপীতমিশ্রিতবর্ণ, পীতের আভাযুক্ত গাঢ় নীল। মুনিবিশেষ। নাগভেদ। বানর। নিধিভেদ। নকুল। বিষবিশেষ। শিব, মহাদেব। সূর্য্যের পারিপার্শ্বিক। অগ্নি। বৎসরবিশেষ। প্রভবাদি ষষ্টিবর্ষান্তর্গত পঞ্চাশত্তমবর্ষ। মঙ্গলগ্রহ। ক্ষুদ্র উলূক। পিঙ্গলাচার্য্যকৃত ছন্দোগ্রন্থবিশেষ। লা—স্ত্রীং, বামনাখ্যদিগ্‌গজের ভার্য্যা। কুমুদহস্তীরকরিণী। কর্ণিকা। বেশ্যাবিশেষ। নাড়ীবিশেষ। শিংশপাবৃক্ষ। পক্ষীবিশেষ। রাজনীতি। বিং, ত্রিং,কপিলবর্ণবিশিষ্ট।

পিঙ্গললৌহ, সং, ক্লীং, পিত্তল, পিতল।

পিঙ্গলিকা, (পিঙ্গল+ক—প্রং) সং, স্ত্রীং, বলাকা, বকশ্রেণী।

পিঙ্গসার, সং, পুং, হরিতাল।

পিঙ্গস্ফটিক, সং, পুং, গোমেধমণি।

পিঙ্গাক্ষ, পিঙ্গেক্ষণ, (পিঙ্গ=পিঙ্গলবর্ণ—অক্ষি, ঈক্ষণ=চক্ষুঃ ৬ষ্ঠী—হিং) সং, পুং, মহাদেব, শিব। বিং, ত্রিং, পিঙ্গলবর্ণ চক্ষুবিশিষ্ট।

পিঙ্গাশ, (পিঙ্গ=পিঙ্গলবর্ণ—আশ [অশ্=ভোজন করা+ঘঞ্—প্রং] মাংস) সং, পুং, পল্লীর প্রধান ব্যক্তি। গ্রামের অধ্যক্ষ। মৎস্যবিশেষ, পাঙ্গাশ মাছ। ক্লীং, জাতি, বর্ণ।

পিঙ্গাশী, সং, স্ত্রীং, নীলিকা।

পিচ, (দেশজ) সং, বৃক্ষবিশেষ। ফলবিশেষ

পিচণ্ড, পিচিণ্ড, (অপি=নিশ্চয়—চম=ভক্ষণ করা+ড—অ লোপ) সং, পুং, পশুর অবয়ব। উদর, পেট।

পিচণ্ডিল, পিচিণ্ডিল, (পিচণ্ড, পিচিণ্ড+ইল—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বৃহৎ উদরবিশিষ্ট, ভুঁড়িওয়ালা। [পুং,কার্পাসবৃক্ষ।

পিচব্য, (পিচু=কার্পাস+য—প্রং) সং,

পিচু, (পিচ্ [সৌত্র ধাতু] মুছা+উ—সংজ্ঞার্থে) সং, পুং, কার্পাস তুলা। কুষ্ঠবিশেষ। অসুরবিশেষ।

পিচুটি, (দেশজ) চক্ষুর মল, দূষিকা।

পিচুমর্দ্দ, পিচুমন্দ, (পিচু=কুষ্ঠবিশেষ—মর্দ্দ=যে মর্দ্দন করে, ২য়া—ষ) সং, পুং, নিম্ববৃক্ষ, নিম্‌গাছ।

পিচুল, (পিচু—লা=প্রাপ্তহওয়া+ড) সং, পুং, বৃক্ষবিশেষ। ঝাবুক। ইজ্জল। জলবায়স। কার্পাস।

পিচ্চট, (পিচ্চ্=ছেদ করা+অট—প্রং) সং, ক্লীং, সীসক, সীসা। রঙ্গ, রাং। পুং, নেত্ররোগবিশেষ।

পিচ্ছ, (পিচ্ছ্=পীড়নকরা+অ—প্রং) সং,ক্লীং,ময়ূরপুচ্ছ। চূড়া। পুং, লাঙ্গুল।

পিচ্ছল, (পিচ্ছিল দেখ) বিং, ত্রিং, পিচ্ছিল।

পিচ্ছলদলা, (পিচ্ছিল বৃক্ষ—দল পত্র, পিচ্ছিল=পিচ্ছল) সং, স্ত্রীং, কুলগাছ।

পিচ্ছবাণ, সং, পুং, শ্যেনপক্ষী।

পিচ্ছা, (পিচ্ছ্=ভাগকরা+অল্—প্রং। আপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, ভক্তসম্ভূত মণ্ড,ভাতেরমাড়। সর্পের লাল। পূগবৃক্ষ। পঙ্‌ক্তি, শ্রেণী। ঘোটকের পায়ের ঘা। কোষ। মোচা। শিশুগাছ। চোলিকা।

পিচ্ছিকা, (পিচ্ছ+ইক—প্রং) সং,স্ত্রীং, পিচ্ছসমূহ। চামর বিশেষ।

পিচ্ছিল, (পিচ্ছা=ফেন+ইল—অস্ত্যর্থে) বিং, ত্রিং, হড়্‌হড়ে, পিছল। "তরুণং সর্ষপশাকং নবৌদনং পিচ্ছিলানি চ দধীনি। অল্পব্যয়েন চ সুন্দরি গ্রাম্যজনো মিষ্টমশ্নাতি"। পিচ্ছযুক্ত। সরস ব্যঞ্জনাদি। লা—স্ত্রীং, পূতিকা। শিংশপা বৃক্ষ। শিমূল গাছ। [নিবর্ত্তন।

পিছন, (দেশজ) সং, পশ্চাদ্বর্ত্তী হওন।

পিছল, পিছলা, (পিচ্ছিল শব্দজ) বিং, আটাহীন, গড়ানিয়া।

পিঞ্জ, (পিন্‌জ=আঘাতকরা, বধকরা +অল্—প্রং) বিং, ত্রিং, ব্যাকুল, কাতর। সং, ক্লীং, বল,শক্তি। সং, পুং, কর্পূরবিশেষ। বধ। ক্লীং, বল। পুং, বধ, হত্যা।

পিঞ্জট, (পিন্‌জ্=মিলিতহওয়া+অট্—প্রং) সং, পুং, নেত্রমল, পিচুটি।

পিঞ্জন, (পিন্‌জ্=স্পর্শকরা+অনট্—প্রং) সং, ক্লীং, তুলাফোঁড়া ধনুক, ধুন্‌খারা।

পিঞ্জর, (পিন্‌জ্=বাসকরা, পিঙ্গলবর্ণ হওয়া+অরচ্) সং, ক্লীং, হরিতাল। স্বর্ণ। পক্ষ্যাদি বন্ধন গৃহ, খাঁচা, পিঁজরা শরীরের অস্থিভেদ। পুং, অশ্ববিশেষ। পীতরক্ত বর্ণ। বিং, ত্রিং, পীত।

পিঞ্জল, (পিনজ্=বধকরা ইত্যাদি+অলচ্—প্রং)সং, পুং, অত্যন্ত ব্যাকুল। সৈন্যাদি। ক্লীং, কুশপত্র। হরিতাল। বিং, ত্রিং, পিঞ্জরবর্ণবিশিষ্ট।

পিঞ্জা, (পিন্‌জ্=হিংসাকরা+অল্—প্রং) সং, সং, স্ত্রীং, হরিদ্রা। তুলা হিংসা। ছড়ি।

পিঞ্জান, (পিনজ্=দীপ্তি পাওয়া+আন—প্রং) সং, ক্লীং, সুবর্ণ।

পিঞ্জিকা, (পিঞ্জা=তুলা+ক—যোগ) সং, স্ত্রীং, তুলনালিকা, পাঁইজ।

পিঞ্জুল, (পিন্‌জ্=বধকরা+উল—সংজ্ঞার্থে) সং, ক্লীং, বর্ত্তিকা, বাতি। শলিতা।

পিঞ্জূষ, (পিন্‌জ্=পিঙ্গলবর্ণ হওয়া+উষ—প্রং) সং, পুং, কর্ণমল, কাণের খোল।

পিঞ্জেট, সং, পুং, নেত্রমল, পিচুটি।

পিঞ্জোলা, সং, স্ত্রীং, পত্রধ্বনি, পাতার শব্দ।

পিট, পিটক (পিট=মিলিতহওয়া+ক—প্রং, ক—স্বার্থে) সং, পুং, পেটারি, চুপ্‌ড়ী প্রভৃতি। ক্লীং, চাল, কুটির। ত্রিং, বিস্ফোট।

পিটকাকী, সং, স্ত্রীং, ইন্দ্রবারুণী।

পিটক্কাশ, সং, পুং, পর্ব্বতোর্ম্মি মৎস্য।
পিটন, (দেশজ) আঘাত করণ, প্রহার করণ, মারণ, তাড়ন। [কাষ্ঠখণ্ড।
পিটনা, (দেশজ) সং, মুদ্গর, পিটিবার
পিটলী, (দেশজ) বৃক্ষবিশেষ। জলযুক্ত পেষিত তণ্ডুল।
পিটা, (পিষ্টক শব্দজ) পূপ।
পিটাক, (পিট্=সংগ্রহকরা+আক) সং, পুং, স্বনামপ্রসিদ্ধ মুনি।
পিট্টক, (পিট্ট [পিট্=সংগ্রহকরা+ক্ত] কন্)সং, ক্লীং, দন্তকিট্টক, দাঁতেরছাতা।
পিঠর, (পিঠ=ক্লেশ—রা= গ্রহণকরা +ড—প্রং) সং, পুং, রী—স্ত্রীং, পাত্র, হাঁড়ি। স্থালী। পুং, মন্থনদণ্ড।
পিড়ক, (পিড্=রাশিকরা+ণক—প্রং) সং, পুং, স্ত্রীং, ফোড়া, ব্রণ, ফুস্কুড়ি। [কাষ্ঠাসন।
পিড়া, পিড়ী, (পিঠ শব্দজ) সং, বেদী।
পিণ্ড, (পিণ্ড্=রাশিকরা+অল্—প্রং) সং,পুং—ক্লীং, শরীর। ভোজনীয় দ্রব্য। মাংস। দেহৈকদেশ। সমূহ। পুঞ্জ। গৃহৈকদেশ। গজকুম্ভ। বল। ডেলা। অন্নের ডেলা। পিতৃলোকে প্রদেয় বর্ত্তুলাকার খাদ্য সামগ্রীর গ্রাস। "পতন্তি পিতরো হ্যেষাং লুপ্তপিণ্ডোদকক্রিয়াঃ"। গোলাকৃতি ক্ষুদ্র রাশি, গোল বস্তু। ক্লীং, যজুর্ব্বেদীয়দিগের পিতৃ-দেয় বর্ত্তুলাকারভক্ষ্যদ্রব্য। খাদ্যসামগ্রী। লৌহ। জীবিকা। বিং, ত্রিং, সান্দ্র। সংহত।
পিণ্ডক, (পিণ্ড+ক — যোগ) সং, পুং, গন্ধদ্রব্যবিশেষ, সিহ্লু। পিশাচ। ক্লীং, বোল; পিণ্ডমূল।
পিণ্ডখর্জ্জুর, সং, পুং, পিণ্ডি খেজুরেরগাছ
পিণ্ডদ, (পিণ্ড—দ=যে দান করে) সং, পুং, পিণ্ডদাতা, যে পিণ্ডদানকরে।
পিণ্ডপাদ, (পিণ্ড=মাংসপিণ্ড—পাদ= চরণ) সং, পুং, হস্তী।
পিণ্ডপুষ্প, (পিণ্ড—পুষ্প) সং, ক্লীং, অশোকপুষ্প। জবাফুল। পদ্মপুষ্প। টগরফুল।

পিণ্ডল, (পিণ্ড [মৃত্তিকা ইত্যাদির] রাশি —লা= পাওয়া+ড— প্রং) সং, পুং, সেতু, সাঁকো।
পিণ্ডস, (পিণ্ড=অন্নের ডেলা ইত্যাদি— সদ্=গমন করা বা পাওয়া+ড—প্রং) সং,পুং,ভিক্ষোপজীবী,ভিক্ষাশী ভিখারি।
পিণ্ডাভ্র, (পিণ্ড=গোলাকৃতি বস্তু—অভ্র =মেঘ) সং,ক্লীং, ঘনোপল,করকা,শিল।
পিণ্ডায়স, (পিণ্ড=সংহত—অয়স্=লৌহ) সং, ক্লীং, তীক্ষ্ণায়স, ইস্পাত।
পিণ্ডার, (পিণ্ড=রাশি—ঋ=গমন করা +ঘঞ্— প্রং) সং, পুং, ক্ষপণক। গোপ। মহিষরক্ষক। দ্রুমভেদ। বিং, ত্রিং, ভিক্ষাভোজী, যে ভিক্ষাবৃত্তি অবলম্বন করিয়া জীবনযাত্রা নির্ব্বাহ করে।
পিণ্ডি, পিণ্ডিকা, পিণ্ডী, (পিণ্ড্=সংগ্রহ-হওয়া+ই—প্রং) সং, স্ত্রীং, শকটাদির চক্রের মধ্যদেশ, চক্রেরমধ্যভাগ। জানুর অধঃস্থিত মাংসল প্রদেশ, পায়ের ডিম, পায়ের গোছ। খেজুর গাছ। অলাবু। ভক্ষ্যপিণ্ড।
পিণ্ডিত, (পিণ্ড্=রাশি করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, গুণিত। গণিত। ঘন, নিবিড়, সান্দ্র। পিণ্ডাকৃতীভূত সংহত।
পিণ্ডিল,(পিণ্ড=রাশি ইত্যাদি+ইলচ্— প্রং) সং, পুং, সেতু, সাঁকো। গণক।
পিণ্ডীর, (পিণ্ড=গোলাকৃতি বস্তু—ঋ [গমন করা] সমতুল্য হওয়া+অল্— নিপাতন) সং, পুং, দাড়িম্ব বৃক্ষ। বিং, ত্রিং, নীরস।
পিণ্ডীশূর, (পিণ্ডী=গৃহ—শূর=বীর) সং, পুং, স্ত্রীবৎ ভীত অথচ আত্মশ্লাঘাকারী, কাপুরুষ। (পিণ্ডী=ভোজন—শূর=বীর, ৭মী—ষ) কেবল ভোজনে পটু, পেটুক।
পিণ্যাক, (পিষ্=চূর্ণ করা, পেষণ করা+ আক—প্রং, নিপাতন) সং পুং, ক্লীং, তিলকা, তিলের খলি। হিঙ্গু, হিং। বাহ্লীক। সিহ্লক। কুঙ্কুম। [বিশেষ।
পিত্তল, (পিতলশব্দজ) সং, মিশ্রিত ধাতু-

পিতা, (পিতৃ, পা [অপত্যকে] পালনকরা +তৃন্—ক) সং, পুং, জনক, বাপ। দ্বিং, মাতা পিতা উভয়। বহুং, চন্দ্রলোকবাসী পিতৃলোক, অগ্নিষ্বাত্ত, বর্হিষদ্, সুভাস্বর, আজ্যপ, উপহূত, ক্রব্যাদ সুকালিন্—এই সপ্ত পিতৃলোক।

পিতামহ, (পিতৃ+ডামহ—পিতার পিতা অর্থে) সং, পুং, পিতার পিতা। ব্রহ্মা রাজা। হী—স্ত্রীং, পিতার মাতা।

পিতৃক, (পিতৃ+ক—প্রং) বিং,ত্রিং, পিতৃসম্বন্ধীয়। পিতা হইতে আগত বা প্রাপ্ত।

পিতৃকানন, (পিতৃ=পূর্ব্বপুরুষ—কানন =বন, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, শ্মশান।

পিতৃকার্য্য—ক্লীং, পিতৃকৃত্য—ক্লীং, পিতৃক্রিয়া—স্ত্রীং, (পিতৃ=পূর্ব্ব পুরুষ-কার্য্যাদি, ৬ষ্ঠী হিং) সং, শ্রাদ্ধতর্পণাদি।

পিতৃগৃহ, (পিতৃ=মৃতপূর্ব্বপুরুষ বা পিতা—গৃহ=ঘর) সং, ক্লীং, শ্মশান। পিত্রালয়। [—ষ) সং, স্ত্রীং,অমাবস্যা।

পিতৃতিথি,(পিতৃ=পূর্ব্বপুরুষ—তিথি, ৬ষ্ঠী

পিতৃতীর্থ, (পিতৃ=পূর্ব্বপুরুষ—তীর্থ= ক্ষেত্র—৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, গয়াধাম। হস্তের অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর মধ্যস্থান।

পিতৃদান, (পিতৃ=পূর্ব্বপুরুষ—দান) সং, ক্লীং, নিবাপ, শ্রাদ্ধতর্পণাদি।

পিতৃদৈবত, (পিতৃ—দৈবত) সং, ক্লীং, মঘা নক্ষত্র। [—ষ)সং, পুং, যম।

পিতৃপতি, (পিতৃ=পূর্ব্বপুরুষ—পতি, ৬ষ্ঠী

পিতৃপ্রসূ, (পিতৃ=পিতা বা পূর্ব্বপুরুষ—প্রসূ=মাতা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, পিতামহী। পুং, সন্ধ্যাকাল, সায়ংকাল।

পিতৃবন্ধু, (পিতৃ—বন্ধু=জ্ঞাতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পিতার যে কোন ভ্রাতা; পিতার পিতৃষ্বস্রীয় মাতৃষ্বস্রীয়ও মাতুলপুত্র। [ষ) সং, পুং, তর্পণ শ্রাদ্ধ।

পিতৃযজ্ঞ, (পিতৃ=পিতৃলোক—যজ্ঞ, ৬ষ্ঠী-

পিতৃলোক, (পিতৃ—লোক=জগৎ) সং, পুং, চন্দ্রলোকস্থিত স্থানবিশেষ। বহুং, অগ্নিষ্বাত্তাদি পিতৃগণ।

পিতৃবন—ক্লীং, পিতৃবসতি—স্ত্রীং, (পিতৃ=মৃত পূর্ব্বপুরুষ-বন=অরণ্য, বসতি=বাসস্থান) সং, শ্মশান।

পিতৃব্য, (পিতৃ+ব্য—তদ্ভ্রাতার্থে) সং, পুং, পিতার ভ্রাতা, খুড়া জেঠা প্রভৃতি

পিতৃষ্বসা, (পিতৃষ্বসৃ, পিতৃ=পিতা—স্বসৃ =ভগিনী। স=ষ) সং, স্ত্রীং, পিতার ভগিনী, পিসী। "মাতৃষ্বসা মাতুলানী পিতৃব্যস্ত্রী পিতৃষ্বসা। শ্বশ্রূ পূর্ব্বজপত্নী চ মাতৃতুল্যাঃ, প্রকীর্ত্তিতাঃ।" স্মৃতি।

পিতৃষ্বস্রেয়, পিতৃষ্বস্রীয়,(পিতৃষ্বসৃ=পিতার ভগিনী+ঞ্চেয়, ঈয়—অপত্যার্থে) সং, পুং, পিসীর পুত্র, পিস্তুত ভাই।

পিতৃসূ, (পিতৃ=ভূত—সূ=উৎপন্ন) সং, স্ত্রীং, সন্ধ্যাকাল। পিতামহী।

পিত্ত, (অপি=নিশ্চয়রূপে—দো=ছেদন করা, কিংবা দে=পালনকরা+ক্ত—প্রং,) সং, ক্লীং, শরীরস্থ ধাতুবিশেষ.

পিত্তঘ্ন, (পিত্ত—ঘ্ন=যে নষ্টকরে। ২য় ষ) সং, ক্লীং, ঘৃত, ঘী। বিং,ত্রিং, পিত্তনাশক। ঘ্নী—সং, স্ত্রীং, গুড়ূচী।

পিত্তল, (পিত্ত—লা [বর্ণ] গ্রহণকরা+ ড—প্রং) সং, ক্লীং, তাম্রসীসমিশ্রধাতুবিশেষ। ভূর্জ্জপত্র। বিং, ত্রিং, পিত্তযুক্ত, পৈত্তিক।

পিত্র্য, (পিতৃ+য—ইদমর্থে) বিং, ত্রিং, পিতৃসম্বন্ধীয়। পিতা হইতে লব্ধ। সং, ক্লীং, পিতৃতীর্থ, অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর মধ্যভাগ। মধু। পুং, পিতার জ্যেষ্ঠভ্রাতা, জেঠা। মাষ। [শ্রাদ্ধবিশেষ।

পিত্র্যা, সং, স্ত্রীং, মঘানক্ষত্র। পূর্ণিমা।

পিৎসন্, (পিৎসৎ, পিৎস [পৎ=পতিত হওয়া+সন্—ইচ্ছার্থে] পড়িতে ইচ্ছাকরা+শতৃ—ক) সং, পুং, পক্ষী। বিং, ত্রিং, পতনেচ্ছুক।

পিৎসল, (পৎ=গমন করা+সল—সংজ্ঞার্থে) সং, ক্লীং, বর্ত্ম, পন্থা, পথ।

পিধান (অপি=নিশ্চয়রূপে—ধা [প্রচ্ছন্ন] ধারণ করা+অনট—ভা, অ—

লোপ) সং, ক্লীং, আচ্ছাদন, আবরণ।
পিনদ্ধ, (অপি—নহ্=বন্ধনকরা+ক্ত—র্ম্ম) বিং,ত্রিং, পরিহিত। বদ্ধ। আবৃত। "ইয়মধিকমনোজ্ঞা বল্কলেনাপি তন্বী কুসুমমিব পিনদ্ধং পাণ্ডুপত্রোদরেণ"। শকুন্তলা।
পিনাক, (পা [জগৎ] রক্ষা করা+আক—প্রং, আ=ই, ন—আগম) সং, পুং, ক্লীং, মহাদেবের ধনু। ত্রিশূল। ধূলি বৃষ্টি।
পিনাকধৃক্, (পিনাকধৃশ্, পিনাক—ধৃশ্+ক্বিপ্—প্রং) সং, পুং, মহাদেব।
পিনাকী, (পিনাকিন্, পিনাক+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, শিব। "মৃগানুসারিণং সাক্ষাৎ পশ্যামীব পিনাকিনং" শকুন্তলা।
পিন্যাস, (অপি—ন্যস [নি—অস=নিক্ষেপকরা] রন্ধনোপযোগী মসলার মধ্যে পরিগণিত হওয়া+ঘঞ—প্রং) সং, ক্লীং, হিঙ্গু, হিং।
পিপতিষৎ, পিপতিষু, (পিপতিষ [পৎ=পতিত হওয়া+সন্—ইচ্ছার্থে] পড়িতে ইচ্ছাকরা+শতৃ, উ—ক) বিং, ত্রিং, পতনেচ্ছুক। সং, পুং, পক্ষী।
পিপাসা, (পা=পানকরা+সন্-ইচ্ছার্থে, দ্বিত্ব, আ—ভা) সং, স্ত্রীং, পানেচ্ছা, তৃষ্ণা। "পিপাসাক্ষামকণ্ঠেন যাচিতঞ্চাম্বু পক্ষিণা। নবমেঘোজ্ঝিতা চাস্য ধারা নিপতিতা মুখে" শকুন্তলা।
পিপাসিত, পিপাসু, (পিপাসা+ইত—জাতার্থে। পিপাস [পা=পানকরা+সন্—ইচ্ছার্থে] পান করিতে ইচ্ছাকরা+উ—ক) বিং, ত্রিং, পানেচ্ছু, তৃষ্ণার্ত্ত। "অথাজগাম তত্তীর্থং জলং পাতুং পিপাসিতা।" বিষ্ণুপুরাণ।
পিপীতক, সং, পুং, ব্রাহ্মণবিশেষ। ক্লীং, কী—স্ত্রীং, ব্রতবিশেষ, বৈশাখশুক্লদ্বাদশীতে কর্ত্তব্য ব্রত।
পিপীলক, (পীল্=স্তব্ধ হওয়া+ণক—প্রং, দ্বিত্ব) সং, পুং, লী, লিকা—স্ত্রীং, পিপীড়া। [উষণা।
পিঁপুল, (পিপ্পলীশব্দজ) সং, পিপ্পলী,
পিপ্পটা, সং, স্ত্রীং, খাদ্যদ্রব্যবিশেষ, গুড়, শর্করা।
পিপ্পল, (পা=রক্ষাকরা+অলচ্—প্রং, নিপাতন) সং, পুং, অশ্বত্থবৃক্ষ। বন্ধনশূন্য পক্ষী। নিরংশুক। ক্লীং, জল। বস্ত্রখণ্ডবিশেষ।
পিপ্পলক, (পিপ্পল+ক—যোগ) সং, স্ত্রীং, স্তনের বোঁটা। সীবনসূত্র।
পিপ্পলি, পিপ্পলী, (পিপ্পল দেখ, ই, ঈ—প্রং) সং, স্ত্রীং, পিঁপুল গাছ।
পিপ্পিকা (প্যায়্=বৃদ্ধি পাওয়া+ইক—প্রং, নিপাতন) সং, স্ত্রীং, দন্তমল, দাঁতের ছাতা।
পিপ্লু, (অপি=নিশ্চয়রূপে—প্লুষ্=দগ্ধকরা+ডু—প্রং) সং, পুং, জটুলচিহ্ন, জড়ুব।
পিয়াজ, (যবনভাষা) সং, পলাণ্ডু, প্যাঁজ।
পিয়াল, প্রিয়াল, (পীয় [সৌত্রধাতু] তৃপ্তকরা+আল—প্রং) সং, পুং, রাজাদনবৃক্ষ। "মৃগাঃ পিয়ালদ্রুমমঞ্জরীণাং, রজঃকণৈর্ব্বিঘ্নিতদৃষ্টিপাতাঃ" কুমারসম্ভব।
পিল্ল, (ক্লিন্ন=আর্দ্র, ক্লিন্ন=পিল্ল) বিং, ত্রিং, যাহার নেত্রে পিচুটি পড়িয়াছে, ক্লিন্নচক্ষুঃ।
পিল্লকা, (পিল্ল=ক্লিন্নচক্ষুঃ+ক—প্রং) সং, স্ত্রীং, হস্তিনী। ইহাদের নেত্র সর্ব্বদাই আর্দ্র থাকে, এই জন্য ইহাদিগকে পিল্লকা বলা যায়।
পিশঙ্গ, (পিশ্=অবয়বীভূত হওয়া+অঙ্গ—প্রং) সং, পুং, ঙ্গা, ঙ্গী—স্ত্রীং, পিঙ্গলবর্ণ। বিং, ত্রিং, পিঙ্গলবর্ণবিশিষ্ট।
পিশঙ্গিত, (পিশঙ্গ+ইত—অস্ত্যর্থে) বিং, ত্রিং, পিঙ্গলবর্ণ যুক্ত।
পিশাচ, (পিশি=পিশিত, মাংস—অশ্=ভোজনকরা+অণ=নিপাতন) সং, পুং, চী—স্ত্রীং, দেবযোনিবিশেষ, ভূত।
পিশাচকী, (পিশাচকিন্, পিশাচ=দেব-

যোনিবিশেষ+ইন্—প্রং, ক্—আগম) সং, পুং, কুবের। কুবেরের ভাণ্ডার পিশাচ কর্ত্তৃক রক্ষিত বলিয়া ইহার নাম পিশাচকী হইয়াছে।

পিশিত, (পিশ্=অবয়বীভূত হওয়া+ক্ত —প্রং) সং, ক্লীং, মাংস।

পিশিতাশন, পিশিতাশী, (পিশিত—অশন =যে ভোজনকরে, ২য়া—ষ। পিশিতাশিন্, পিশিত-আশিন্=যে ভোজনকরে, ২য়া—ষ) বিং, ত্রিং, মাংসভোজী, রাক্ষসাদি। "ছায়াশ্চরন্তি বহুধা ভয়মাদধানাঃ, সন্ধ্যাভ্রকূটকপিশাঃ পিশিতাশনানাং।" শকুন্তলা।

পিশুন, (পিশ্=খণ্ড হওয়া+উন—প্রং) বিং, ত্রিং, খল, ক্রূর। জ্ঞাপক, সূচক। গুপ্তচর। সং, পুং, কাক। নারদ। ক্লীং, কুঙ্কুম।

পিষ্ট, (পিষ্=চূর্ণকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, মর্দ্দিত, চূর্ণিত। সং, ক্লীং, পিটা। সীসক।

পিষ্টক, (পিষ্ট=চূর্ণিত তণ্ডুলাদি+ক—প্রং) সং, পুং, পূপ, পিটা, রুটি প্রভৃতি। নেত্ররোগভেদ। ক্লীং, তিলচূর্ণ।

পিষ্টপ, বিষ্টপ, (বিশ্=প্রবেশ করা+অপ —প্রং, ট—আগম) সং, পুং, ক্লীং, ভুবন, জগৎ।

পিষ্টপচন, (পিষ্ট=পিটা ইত্যাদি—পচন =রন্ধন) সং, ক্লীং, পিটাভাজা খোলা, রুটিসেকা তাওয়া।

পিষ্টসৌরভ, (পিষ্ট=চূর্ণিত—সৌরভ=সুগন্ধ) সং, ক্লীং, চন্দন।

পিষ্টাত, পিষ্টাতক, (পিষ্ট [গন্ধদ্রব্যাদি] চূর্ণিত—অৎ=গমনকরা+অল্ প্রং) সং, পুং, গন্ধচূর্ণ, আবির। পিটালি। [ভগিনী।

পিসী, (পিতৃষসৃ শব্দজ) সং, পিতার

পিহিত, (অপি—ধা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অবরুদ্ধ। আচ্ছাদিত। তিরোহিত।

পীঠ, (পিঠ্=ক্লিষ্ট হওয়া+অচ্, প্রং, নিপাতন) সং, ত্রিং, বসিবার আসন, পিড়ী চৌকি প্রভৃতি। "আক্রান্তিসম্ভাবিতপাদপীঠম্" কুমার। ব্রতীদিগের আসন, বিষ্টর, কুশাসন। একপঞ্চাশ মহাপীঠ, যে যে স্থানে সতীর শরীরাবয়ব পতিত হইয়াছিল।

পীঠমর্দ্দ, (পীঠ=আসন—মৃদ=মর্দ্দন করা+অল্—প্রং) সং, পুং, নায়কের সহায়বিশেষ, যে কুপিতা নায়িকাদিগকে প্রসন্ন করে।

পীঠসর্পী, (পীঠসর্পিন্, পীঠ=আসন—সর্পিন্=যে গমন করে) বিং, ত্রিং, খঞ্জ, খোঁড়া।

পীড়ন, (পীড়ি=ক্লেশদেওয়া+অনট্—ভা) সং, ক্লীং, ক্লেশদান। উচ্ছেদ, বিনাশ। মর্দ্দন। নিপীড়ন। অভিভব। পরাজয়।

পীড়া, (পীড়ন দেখ, আ—ভা) সং, স্ত্রীং, যন্ত্রণা, ব্যথা, ক্লেশ। রোগ। উচ্ছেদ দয়া। (যে মস্তক পীড়ন করে) কিরীট।

পীড়ি, (পীঠ শব্দজ) সং, কাষ্ঠাসন। বে

পীড়িত, (পীড়া+ইত—সংজাতার্থে) বিং, ত্রিং, ব্যথিত, ক্লিষ্ট, দুঃখিত। পীড়াবিশিষ্ট, রুগ্ন। মর্দ্দিত। উচ্ছিন্ন

পীড্যমান, (পীড়ন দেখ, শান—র্ম্ম) ত্রিং, যাহাকে ক্লেশ দেওয়া যাইতেছে

পীত, (পা=পানকরা+ক্ত—প্রং) পুং, হরিদ্রাবর্ণ। কুসুম্ভ। অঙ্কোট। শাখোঠ। পুষ্পরাগ। বিং, ত্রিং, পীতবর্ণ, গৌরবর্ণ। যাহা পান করা হইয়াছে। ক্লীং, পান। হরিতাল।

পীতক, (পীত+ক—প্রং) সং, ক্লীং, হরিতাল। অগুরু। কুঙ্কুম। পিত্তল। মাক্ষিক। নন্দীবৃক্ষ। পীতশাল। হরিদ্রু। কিঙ্কিরাতবৃক্ষ।

পীতকাবের, (পীত=হরিদ্রাবর্ণ—কাবের =সামান্য আকৃতি বা বস্তু) সং, ক্লীং, কুঙ্কুম। পিত্তল।

পীতচম্পক, (পীত=হরিদ্রা রং—চম্প= চাঁপাফুল+ক—সাদৃশ্যার্থে। চাঁপাফুলের বর্ণের ন্যায় বলিয়া) সং, পুং দীপ। পীতবর্ণ, চম্পকপুষ্প।

পীতদারু, (পীত=হরিদ্রাবর্ণ—দারু=কাষ্ঠ) সং, ক্লীং, দেবদারু, সরল। হরিদ্রু।
পীতদুগ্ধা, (পীত—দুগ্ধ। বৎসকর্তৃক যাহার দুগ্ধ পীত হইয়াছে, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, ধেনুস্থা, দোহনার্থবদ্ধ গাভী।
পীতনিদ্র, (পীত—নিদ্রা। ৩য়া—হিং) বিং, ত্রিং, উন্নিদ্র, জাগরিত, প্রবুদ্ধ।
পীতন, (পীত=হরিদ্রা রং—নী=পাওয়া +ড—প্রং) সং, ক্লীং, কুস্কুম। হরিতাল। পুং, আমড়াগাছ। প্লক্ষ।
পীতপাদা, (পীত=হরিদ্রা রং—পাদ=চরণ) সং, স্ত্রীং, শারিকা পক্ষী।
পীতপুষ্প, (পীত=হরিদ্রাবর্ণ—পুষ্প=ফুল) সং, পুং, চম্পকবৃক্ষ। কর্ণিকারবৃক্ষ।
পীতবালুকা, (পীত=হরিদ্রাবর্ণ—বালুক =বালি, ধূলি) সং, স্ত্রীং, হরিদ্রা।
পীতমুদ্গ, (পীত—মুদ্গ=মুগ) সং, পুং, মুদ্গবিশেষ, সোণামুগ।
পীতমূলক, (পীত—মূলক=মূলা) সং, ক্লীং, মূলবিশেষ, গর্জ্জর, গাজোর।
পীতরাগ, (পীত—রাগ=রং) সং, পুং, পীতবর্ণ। কিঞ্জল্ক। [পীতবর্ণবিশিষ্ট।
পীতল, (পীত+ল—অস্ত্যর্থে) বিং, ত্রিং,
পীতলক, (পীতল=হরিদ্রাবর্ণবিশিষ্ট+ক —যোগ) সং, ক্লীং, পিত্তল, পিতল।
পীতসার, (পীত=হরিদ্রারং—সার=স্থিরাংশ, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং,চন্দন। হরিচন্দন। গোমেদকমণি। পুং, চন্দনবৃক্ষ। গোমেদকমণি। অঙ্কোঠবৃক্ষ। তুরুষ্ক। বীজক। [স্ত্রীং, হরিদ্রা। গোরোচনা।
পীতা, (পীত+আপ্—স্ত্রীলিঙ্গে) সং,
পীতাব্ধি, (পীত [যৎকর্তৃক] পানকরা হইয়াছে—অব্ধি=সমুদ্র। ৩য়া—হিং) সং, পুং, অগস্ত্যমুনি। প্রথিত আছে যে অগস্ত্যমুনি সমুদ্রের সমস্ত জল পান করিয়াছিলেন।
পীতাম্বর, পীতবাসাঃ, (পীত—অম্বর=বস্ত্র, ৬ষ্ঠী—হিং। পীতবাসস্, পীত—বাসস্= বস্ত্র, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিষ্ণু, কৃষ্ণ।
পীতি, (পা=পানকরা+ক্তি—প্রং) সং, স্ত্রীং, গতি। পান। পুং, ঘোটক, ঘোড়া।
পীতী, (পিতিন্, পীত=ঘৃতাদিপান+ইন্ —অস্ত্যর্থে) সং, পুং, অশ্ব, ঘোটক।
পীথ, (পা=পান করা+থ—সংজ্ঞার্থে। আ=ঈ) সং, পুং, অগ্নি। সূর্য্য। কাল। ক্লীং, ঘৃত। জল।
পীন, (প্যায়্=বৃদ্ধি পাওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, স্থূল, মোটা। প্রবৃদ্ধ। সম্পন্ন।
পীনস, (পীন=মোটা—সো=নাশকরা +ড—প্রং) সং, পুং, নাসিকারোগবিশেষ, পীনাসরোগ।
পীনসী, (পীনসিন্, পীনস+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, যাহার পিনাস রোগ হইয়াছে।
পীনোধ্নী, (পীন=স্থূল—উধস্—গো—স্তন, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, স্থূল পালানযুক্ত ধেনু।
পীযূষ, (পীয়্ [সৌত্রধাতু] তৃপ্তকরা+ উষ—প্রং) সং, ক্লীং, অমৃত, সুধা। পুং, ক্লীং, নূতন গোদুগ্ধ।
পীযূষমহস্, পীযূষরুচি, (পীযূষ=অমৃত —মহস্, রুচি=দীপ্তি। যাহার কিরণ অমৃতময়, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চন্দ্র।
পীলক, (পীল্=রোধকরা+ণক—প্রং) সং, পুং, পিপীলিকা, পিপীড়া।
পীলা, (প্লীহা শব্দজ) সং, রোগবিশেষ।
পীলু, (পীলক দেখ, উ—প্রং) সং, পুং, পরমাণু। পুষ্প। বাণ। হস্তী। কীট। বৃক্ষবিশেষ। তালকাণ্ড। অস্থিখণ্ড।
পীবা, (পীবন্, প্যায়্=বৃদ্ধি পাওয়া+বন্ —প্রং) সং, পুং, বায়ু। বিং, ত্রিং, পীন, বলিষ্ঠ, বলবান্। স্থূল।
পীবর, (পীবা দেখ, বর—প্রং) বিং, ত্রিং, স্থূল, বলিষ্ঠ।
পীবরস্তনী (পীবর=স্থূল—স্তন) সং, স্ত্রীং, স্থূলস্তনযুক্তা নারী। পীনোধ্নী।
পুংপ্রভব, (Male progenitor) পিতৃক ও মাতৃক উৎপাদয়িতা ; যথা—পিতা-

মহ প্রপিতামহ প্রভৃতি, মাতামহ প্রমাতামহ প্রভৃতি।
পুংলিঙ্গ, (পুং পুম্‌স্‌শব্দজ—লিঙ্গ=চিহ্ন, অথবা লিঙ্গ [লিন্‌গ্‌=ব্যক্তকরা+অল্‌—প্রং) যে ব্যক্ত করে, ২য়া—ষ) সং, পুং, পুরুষবাচক শব্দ। ক্লীং, পুংচিহ্ন।
পুংবৃষ, (পুম্‌স্‌=পুরুষ—বৃষ=ষাঁড়) সং, পুং, গন্ধমূষিক, ছুঁচা। ষাঁড়।
পুংশ্চলী, (পুম্‌স্‌=পুরুষ—চল্‌=গমনকরা+অল্‌, ঈপ্‌—প্রং) সং, স্ত্রীং, অসতী। ভ্রষ্টা স্ত্রী, ব্যভিচারিণী, বেশ্যা, কুলটা। নিশাচরী।
পুংশ্চিহ্ন, (পুম্‌স্‌=পুরুষ—চিহ্ন) সং, ক্লীং, শিশ্ন, পুরুষোপস্থ, লিঙ্গ।
পুংসন্ততি, পুংসন্তান, (পুম্‌স্‌—সন্ততি, সন্তান) সং, স্ত্রীং, ক্লীং, পুত্র সন্তান। পুত্র পৌত্রাদিবংশ।
পুংসবন, (পুম্‌স্‌=পুরুষ—সূ=প্রসবকরা +অনট্‌—প্রং) সং, ক্লীং, গর্ব্বিণীর দ্বিতীয় বা তৃতীয় মাসে কর্ত্তব্য সংস্কারবিশেষ। দুগ্ধ। স্ত্রীকর্ত্তব্য ব্রতবিশেষ।
পুংস্ত্ব,(পুম্‌স্‌+ত্ব—ভাবে) সং,ক্লীং,শুক্র। পুরুষত্ব। পুরুষের অসাধারণ চিহ্ন। মনুষ্যত্ব। পুংলিঙ্গতা।
পুঁজ, (পূয় শব্দজ) সং, স্ফোটকাদিনিসৃত ক্লেদ। বিকৃতরক্ত। রসানি।
পুঁজী, (দেশজ) মূলধন, সংস্থান, সঞ্চয়। ঐশ্বর্য্য। [বদ্ধ দ্রব্যসমূহ।
পুঁটলী, (দেশজ) সং, গাঁঠরী, বস্ত্রদ্বারা
পুঁটী, (দেশজ) মৎস্যবিশেষ। [জলাশয়।
পুকুর, (পুষ্করিণী শব্দজ) সং, সরোবর,
পুক্কশ, পুক্কস, (পুক্‌=কুৎসিত—কশ্‌+অল্‌—প্রং, অথবা পু=পুণ্য—কু=[কুৎসিত] লুপ্ত—কস্‌=গমনকরা, নিপাতন) সং, পুং, চণ্ডাল, চাঁড়াল। বিং, ত্রিং, অধম, নীচ, তুচ্ছ।
পুক্কসী, (পুক্কস দেখ+ঈপ্‌) সং, স্ত্রীং, কনিকা, নীলী। পুক্কস-স্ত্রী, চাণ্ডালী।
পুঙ্খ, (পুম্‌স্‌—খন্‌=খোঁড়া+ড—প্রং) সং, পুং, বাণের গুণযোজন কাণ্ড, মূল। [শেষ বিচার।
পুঙ্খানুপুঙ্খ—সূক্ষ্মাণুসূক্ষ্ম বিবেচনা, সবি-
পুঞ্জ, (পুম্‌স্‌—গম্‌=গমনকরা+ড—প্রং) সং, পুং, ক্লীং, রাশি, সমূহ। স্তূপ।
পুঙ্গল, (পুম্‌স্‌—গল্‌=গলা+অল্‌—প্রং) সং, পুং, আত্মা, জীব।
পুঙ্গব, (পুম্‌স্‌—গো, য়ং—স) সং, পুং, বৃষ, মহোক্ষ, ষাঁড়। কোন শব্দের পরে থাকিলে শ্রেষ্ঠ বাচক; যথা—মুনিপুঙ্গব। ঔষধভেদ।
পুছন, (জিজ্ঞাসার্থ প্রচ্ছ্‌ধাতুজ) সং, প্রশ্নকরণ। জিজ্ঞাসন।
পুচ্ছ, (পিচ্ছ=পীড়নকরা+অল্‌—প্রং) সং, পুং—ক্লীং, লাঙ্গুল, বালধি, লেজ। পশ্চাদ্ভাগ। বর্হ। কলাপ।
পুচ্ছটি, (পুচ্ছ দেখ, অটি—প্রং) সং, স্ত্রীং, অঙ্গুলিমোটন, আঙুল মট্‌কান।
পুচ্ছাঙ্কুর, (Veodela) টাইটন্‌ জীব, ইহারা দেখিতে ক্ষুদ্রপুচ্ছযুক্ত টিক্‌টিকীর ন্যায়।
পুচ্ছাঙ্কুরিত, (পুচ্ছ—অঙ্কুরিত) বিং, ত্রিং, যে সকল প্রাণীর অতিশয় ক্ষুদ্র লাঙ্গুল থাকে।
পুচ্ছী, (পুচ্ছিন্‌, পুচ্ছ+ইন্‌—অস্ত্যর্থে) সং, পুং, অর্কবৃক্ষ। কুক্কুট। বিং, ত্রিং, লাঙ্গুলযুক্ত। [পুং, রাশি, স্তূপ, সমূহ।
পুঞ্জ, (পুম্‌স্‌—জন্‌=জন্মান+ড—প্রং)সং,
পুঞ্জিষ্ঠ, (পুঞ্জ=রাশি, স্তূপ—স্থা=থাকা+ড—প্রং) বিং, ত্রিং, রাশীকৃত।
পুট, (পুট্‌=সংলগ্ন হওয়া+অল্‌-প্রং) সং, ত্রিং, আবরণ। থাপ। পত্র হস্ত ওষ্ঠ বা চক্ষুর পাতা দ্বারা কৃত পাত্র। অঞ্জলি। কৌটা। খোবরাল পাত্র। ঔষধপাকপাত্র। মুচি। ঠোঙ্গা। মিথঃসংশ্লেষ। পত্রাদি রচিত পুষ্পাদ্যাধার। যুগ্ম। পুং, ক্লীং, অশ্বের খুর।
পুটক, (পুট দেখ, ণক—প্রং) সং, ক্লীং, পদ্ম। পত্রাদিনির্ম্মিত পাত্র। পানপাত্র, আচ্ছাদন। "পশ্চাৎ পুচ্ছং বহতি বিপু-

লং তচ্চ ধুনোত্যজস্রং" উত্তরচরিত।

পুটকিনী, (পুটক+ইন্—অস্ত্যর্থে) সং, স্ত্রী, পদ্মিনী, পদ্মসমূহ। পদ্মযুক্তদেশ। পদ্মলতা।

পুটগ্রীব, (পুট=পরস্পর সংযোজন—গ্রীবা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, তাম্রকুম্ভ। গর্গরী, গাড়ু।

পুটপাক, (পুট—পাক=রন্ধন) সং, পুং, গোময়াদির ঠুলীতে ঔষধাদি-পাক। পুটাভ্যন্তরস্থ ঔষধ। "পুটপাকপ্রতীকাশো রামস্য করুণোরসঃ" উত্তরচরিত।

পুটভেদ, (পুট=পরস্পর সংযোজন—ভেদ =ভেদন) সং, পুং, নদীর বক্রগতি। নগর। বীণা। আতোদ্য।

পুটভেদন, সং, ক্লীং, পত্তন, নগর, পুর।

পুটিকা, সং, স্ত্রীং, এলাচ।

পুটিত, (পুট+ইত—সংজাতার্থে) সং, ক্লীং, যুক্তকরযুগল, অঞ্জলি। হস্তপুট, হাতের খোড়ল। আদ্যন্ত প্রণবাদিযুক্ত মন্ত্রাদি। বিং, ত্রিং, গ্রথিত। পাটিত। আবৃত। স্যূত। পুটপ্রাপ্ত।

পুটী, (পুট—ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, কৌপীন। আচ্ছাদন। পত্রাদিরচিত পুষ্পাদ্যাধার। [শালা) সং, ক্লীং, শ্বেতচ্ছত্র

পুটোটজ, (পুট=আবরণ—উটজ=পর্ণ-

পুটোদক, (পুট=আবরণ—উদক=জল) সং, পুং, নারিকেল বৃক্ষ। [হওয়া।

পুড়ন, (দেশজ) সং, দহন, জ্বলন। দগ্ধ

পুণ্ড, (পুণ্ড্=পীড়ন করা+অল্—প্রং) সং, পুং, তিলক, ফোঁটা, টিপ্।

পুণ্ডরীক, (পুণ্ড=পীড়ন করা, কেহ বলেন শোভিতকরা+ইক—প্রং, নিপাতন) সং, ক্লীং, শুক্লপদ্ম। পদ্মমাত্র। শ্বেতচ্ছত্র। ভেষজভেদ। পুং, অগ্নিকোণস্থ দিগ্গজ। নৃপবিশেষ। রাজিল সর্প। ব্যাঘ্রবিশেষ। কোষকারভেদ। সহকার। হস্তিজ্বর। দমনকবৃক্ষ। শ্বেতবর্ণ। কুষ্ঠরোগ। কমণ্ডলু।

পুণ্ডরীকাক্ষ, (পুণ্ডরীক=শ্বেতপদ্ম—অক্ষি =চক্ষুঃ, ৬ষ্ঠী—হিং। পুণ্ডরীক শব্দের অর্থ উৎকৃষ্ট স্থান ও অক্ষ শব্দের অর্থ অক্ষয়, বাসুদেব সর্ব্বোৎকৃষ্ট স্থানে বাস করেন ও তাঁহার বিনাশ নাই বলিয়া তাঁহার নাম পুণ্ডরীকাক্ষ হইয়াছে) সং, পুং, কৃষ্ণ, বিষ্ণু, হরি, পদ্মপলাশলোচন।

পুণ্ডরীয়ক, সং, স্থলপদ্ম। প্রপৌণ্ডরীক।

পুণ্ডর্য্য, (পুণ্ড=নষ্ট করা, ক্ষয় করা+অর্য্য =যে রোগ নষ্ট করে) সং, ক্লীং, নেত্ররোগনিবারিকা ভৈষজ্যলতাবিশেষ।

পুণ্ড্র, পুণ্ড্রক, (পুণ্ড্=পীড়নকরা+র—প্রং। ক—যোগ) সং, পুং, ইক্ষুভেদ, কাজলে, আক। দৈত্যবিশেষ। অতিমুক্তক, তিলক, ফোঁটা। কৃমি। মাধবীলতা তিলকবৃক্ষ। দেশবিশেষ, গৌড় প্রভৃতি পূর্ব্বদেশ। হ্রস্বপ্লক্ষ। [সং, পুং, হস্তী, গজ

পুণ্ড্রকেলি, (পুণ্ড্র=ইক্ষু—কেলি=খেলা)

পুণ্য, (পুণ্=ধার্ম্মিক হওয়া, সৎকর্ম্ম করা +য—ভা, র্ম্ম। অথবা পূ=শুদ্ধকরা+ডুণ্য। যে পবিত্র করে। পুণ্য+অ—অস্ত্যর্থে) সং, ক্লীং, শুভাদৃষ্ট। ধর্ম্ম, সুকৃত। বৃক্ষ। সৎকর্ম্ম। বিং, ত্রিং, পবিত্র, নিষ্পাপ। "পুণ্যাশ্রমদর্শনেন তাবদাত্মানং পুনীমহে"। শকুন্তলা। পুণ্যবান্। সুন্দর, মনোজ্ঞ। সুগন্ধি। ণ্যা—স্ত্রীং, তুলসী।

পুণ্যকৃৎ, (পুণ্য—কৃৎ [কৃ=করা+ক্বিপ্—ক] যে করে। যে পুণ্যকর্ম্ম করে, ২য়া ষ অথবা পুণ্য—কৃ=করা+ক্বিপ্—ক, ভূতকাল) বিং, ত্রিং, পুণ্যকর্ম্মকারী, ধার্ম্মিক।

পুণ্যগন্ধ, (পুণ্য=পবিত্র—গন্ধ) সং, পুং, চম্পক বৃক্ষ, চাঁপা ফুলের গাছ।

পুণ্যজন, (পুনি=পবিত্রতা—অজন=যে উৎপাদন করে না। যে পবিত্রতা জন্মায় না, ২য়া—ষ) সং, পুং, রাক্ষস। যক্ষ। [পুণ্য—জন=লোক, য়ং—স] ধার্ম্মিক। সজ্জন।

পুণ্যজনেশ্বর, (পুণ্যজন=যক্ষ—ঈশ্বর=স্বামী

ষষ্ঠী—ষ) সং, পুং, যক্ষরাজ, কুবের।

পুণ্যতৃণ, (পুণ্য=পবিত্র—তৃণ) সং, ক্লীং, কুশ। যজ্ঞাদি দেবকার্য্যে কুশ ব্যবহৃত হয় বলিয়া ইহাকে পুণ্যতৃণ বলা যায়।

পুণ্যভাক্, (পুণ্যভাজ, পুণ্য—ভাক্ [ভজ্=সেবাকরা+ক্বিপ্—ক] যে ভজনা করে, ২য়া—ষ) বিং, ত্রিং, পুণ্যশালী। শ্রেয়োভাগী।

পুণ্যভূ, পুণ্যভূমি, (পুণ্য—ভূ,—ভূমি,যং—স) সং,স্ত্রীং, আর্য্যাবর্ত্ত,হিমালয় এবং বিন্ধ্যপর্ব্বতের অন্তর্ব্বর্ত্তী ভূভাগ। পবিত্রভূমি

পুণ্যবান্, (পুণ্যবৎ,পুণ্য+বতু—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ধার্ম্মিক, পুণ্যযুক্ত। সুকৃতী। ভাগ্যবান্। শ্রেয়স্বান্।

পুণ্যলোক, (পুণ্য=ধর্ম্ম—লোক=জগৎ। ৬ষ্ঠী—ষ) সং, পুং, যে জগতে পাপের লেশমাত্রও নাই, স্বর্গ, দেবলোক।

পুণ্যশ্লোক, (পুণ্য=পবিত্র—শ্লোক=যশঃ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং,পবিত্রচরিত্র। সং, পুং, বিষ্ণু। যুধিষ্ঠির। নলরাজা। কা—স্ত্রীং, দ্রৌপদী। সীতা। "পুণ্যশ্লোকো নলো রাজা পুণ্যশ্লোকো যুধিষ্ঠিরঃ। পুণ্যশ্লোকা চ বৈদেহী পুণ্যশ্লোকো জনার্দ্দনঃ"।

পুণ্যাত্মা, (পুণ্যাত্মন,পুণ্য—আত্মন্=আত্মা ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, পুণ্যশীল,ধার্ম্মিক। সাধু।

পুণ্যাহ, (পুণ্য=পবিত্র—অহন=দিন, যং—স) সং, ক্লীং, পবিত্র দিন। বৎসরের খাজনা আদায়ের প্রথমদিন, বাঙ্গালা ভাষায় যাহাকে পুণ্যে বলা যায়।

পুৎ, সং, ক্লীং, নরকবিশেষ। বিং, ত্রিং, কুৎসিত।

পুতিকা, সং,স্ত্রীং,ক্ষুদ্র মধুমক্ষিকাবিশেষ।

পুত্তলি,পুত্তলিকা,(পুত্র+লি—কৃত্রিমার্থে, ক—স্বার্থে) সং, স্ত্রীং, পুতুল। মৃদাদিনির্ম্মিত প্রতিমূর্ত্তি।

পুত্তিকা, (পুৎ=অব্যক্তশব্দ—তন্=বিস্তার করা+অ—ক, ক—স্বার্থে) সং, স্ত্রীং, মধুমক্ষিকা। পতঙ্গিকা, উইপোকা।

পুত্র, পুত্র, (পূ=পবিত্রকরা+ত্র—সংজ্ঞার্থে। যে পিতামাতাকে পবিত্রকরে। অথবা পুৎ=নরকবিশেষ—ত্রৈ=ত্রাণকরা +ড—ক। যে পুৎ নামক নরক হইতে পিতাকে উদ্ধার করে, পঞ্চমী—ষ।) "পুন্নাম্নো নরকাদ্‌যস্মাৎ ত্রায়তে পিতরং সুতঃ। তস্মাৎ পুত্র ইতি প্রোক্তঃ স্বয়মেব স্বয়ম্ভুবা। সং, পুং, আত্মজ, সুত, সন্তান ত্রী—স্ত্রীং, কন্যা। (দ্বিবচনান্ত হইলে) পুত্র ও কন্যা; সন্ততি। ঔরসাদি ১২ প্রকার পুত্র; যথা—"ঔরসঃ ক্ষেত্রজশ্চৈব দত্তঃকৃত্রিম এবচ, গূঢ়োৎপন্নোঽপবিদ্ধশ্চ দায়াদা বান্ধবাশ্চ ষট্। কানীনশ্চ সহোঢ়শ্চ ক্রীতঃ পৌনর্ভবস্তথা, স্বয়ং দত্তশ্চ শৌদ্রশ্চ ষড়দায়াদবান্ধবাঃ।" "আত্মা বৈ জায়তে পুত্রঃ" শ্রুতি।

পুত্রক, পুত্রক, (পুত্র+ক—স্বল্পার্থে) সং, পুং পুত্র। স্নেহপাত্র। শরভ। ধূর্ত্ত বৃক্ষবিশেষ। শৈলবিশেষ। পতঙ্গক, অনুকম্পান্বিত জন। ত্রকা, ত্রিকা—স্ত্রীং, কন্যা। দত্তাকন্যা। পুত্তলিকা। অলক্তকপত্রিকা।

পুত্রজীব, (পুত্র=তনয়—জীব=জীবন) সং, পুং,বৃক্ষবিশেষ, জীয়াপুতের গাছ।

পুত্রবল, (পুত্র+বলচ্) বিং, ত্রিং, পুত্রবিশিষ্ট, পুত্রবান্, যাহার পুত্র আছে।

পুত্রবান্, (পুত্রবৎ, পুত্র+বতু—অস্ত্যর্থে) বিং, ত্রিং, পুত্রবিশিষ্ট, যাহার পুত্র আছে। পুং, পিতা, জনক।

পুত্রিকাপুত্র, (পুত্রিকা=কন্যা—পুত্র) সং, পুং, দুহিতাপুত্র, দৌহিত্র। দত্তা কন্যারূপ পুত্র। গৌণপুত্রবিশেষ।

পুত্রিকাভর্ত্তা, (—ভর্ত্তৃ, পুত্রিকা=কন্যা—ভর্ত্তা=স্বামী। ৬ষ্ঠী—ষ) সং, পুং,—কন্যার স্বামী, জামাতা, জামাই।

পুত্রী, (পুত্রিন্, পুত্র+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, পুত্রবান্। পুত্রযুক্ত।

পুত্রীয়, (পুত্র+ঈয়—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, পুত্রসম্বন্ধীয়। পুত্রনিমিত্তক। পুত্রোপযুক্ত।

পুত্রীয়ন্ (পুত্রীয়ৎ, পুত্রীয় [পুত্র+ঈয়—আপনার পুত্র—ইচ্ছার্থে] আপনার পুত্র ইচ্ছা করা+শতৃ—ক) বিং, ত্রিং, যে আপনার পুত্র কামনা করে।

পুত্রেষ্টি, (পুত্র+ইষ্টি [যজ=দেবপূজা করা+ক্তি—ধি] যাগ। পুত্রজন্য যে যজ্ঞ, চতুর্থী—ষ) সং, স্ত্রীং, পুত্রনিমিত্তক যাগবিশেষ।

পুদ্গল, (পুর=যে পূর্ণ করে—গল=যে ক্ষয় করে, নিপাতন) সং, পুং, বৌদ্ধমতে—দ্ব্যণুকাদি পদার্থ। আত্মা। দেহ। বিং, ত্রিং, সুন্দরাকার, সুশ্রী। রূপাদিমদ্দ্রব্য, রূপবিশিষ্ট পদার্থ।

পুনঃপুনঃ, (পুনঃ পুনর্, পুন্=পরে বলা +অর্—প্রং, দ্বিত্ব) অং, বারম্বার, মুহুর্মুহুঃ, ভূয়োভূয়ঃ, শশ্বৎ।

পুনঃপুনা, (পুনর্=পুনর্ব্বার—পূ=পবিত্র করা+ণক—প্রং,। পুনর, দ্বিত্ব, এই নদীর কুটিলগতি প্রযুক্ত এই আখ্যা হইল) সং, স্ত্রীং, বেহারের অন্তর্গত নদীবিশেষ। পুন্পুনা।

পুনর্, (পুনঃপুনঃ দেখ) অং, অপ্রথম, দ্বিতীয়বার। পুনর্ব্বার। পক্ষান্তর। বারান্তর। অবধারণ। অধিকার। ভেদ।

পুনরাগত, (পুনর্—আগত=আসিয়াছে) বিং, ত্রিং, প্রত্যাগত, যে পুনর্ব্বার আসিয়াছে। প্রত্যাবৃত্ত। প্রতিনিবৃত্ত।

পুনরাবর্ত্ত, (পুনঃ—আবর্ত্ত=ঘূর্ণন,) সং, পুং, পুনরাগমন। ঘূর্ণন। পুনর্জ্জন্ম।

পুনরুক্তজন্মা, (পুনরুক্তজন্মন্, পুনর্=দ্বিতীয়বার—উক্ত=কথিত-জন্মন্=জন্ম) সং, পুং, ব্রাহ্মণ।

পুনরুক্তবদাভাস, (পুনর্—উক্ত—বৎ—আভাস) সং, পুং, কাব্যের অলঙ্কারবিশেষ, যে স্থলে ভিন্নাকার অথচ তুল্যার্থপ্রতিপাদক দুই বা ততোধিক শব্দ প্রযুক্ত হইলে, আপাততঃ পুনরুক্তির ন্যায় বোধ হয়, কিন্তু বাস্তবিক পরিণামে সম্পূর্ণ ভিন্নার্থের উপলব্ধি হয়।

পুনরুক্তি, (পুনর্—উক্তি=কথন) সং, স্ত্রীং, কথিত বস্তুর পুনঃ কথন, যাহা একবার বলা হইয়াছে তাহা পুনর্ব্বার কথন।

পুনরুজ্জীবিত, (পুনর্—উৎ—জীবিত) বিং, ত্রিং, পুনর্ব্বার জীবনপ্রাপ্ত। পুনঃসঞ্জীবিত।

পুনর্নব, (পুনর্=পক্ষান্তর—নব=নূতন। যাহা ছেদন করিলেও পুনর্ব্বার নূতন হয়) সং, পুং, নখ, নখর। বা—স্ত্রীং, শাকবিশেষ।

পুনর্ভব, (পুনর্—ভব=যে হয়। যাহা ছেদন করিলেও পুনর্ব্বার জন্মে) সং, পুং, কররুহ, নখ। রক্ত পুনর্ণবা। বিং, ত্রিং, পুনর্ব্বারজাত। ক্লীং, পুনর্জন্ম।

পুনর্ভবী, (পুনর্ভবিন্, পুনর্=পক্ষান্তর—ভব=যে জন্মে+ইন্—অস্ত্যর্থে। যাহা দেহান্তরেও বিদ্যমান থাকে) সং, পুং, আত্মা।

পুনর্ভূ, (পুনর্—ভূ=যে হয়। যে প্রথমতঃ একজনের থাকিয়া পুনরায় অপরের হয়) সং, স্ত্রীং, দ্বিরূঢ়া, দ্বির্ব্বিবাহিতা স্ত্রী, বিধবা হইয়া দ্বিতীয়বার বিবাহিতা স্ত্রী, দিধিষু। বিং, ত্রিং, পুনর্ব্বার জাত।

পুনর্ব্বসু, (পুনর্—বস=বাসকরা+কু। দেহীগণ বিগ্রহাবসানে যাহাতে বাস করে অর্থাৎ লয়প্রাপ্ত হয়) সং, পুং, বিষ্ণু। শিব। অশ্বিন্যাদিসপ্তবিংশতিনক্ষত্রান্তর্গত সপ্তমনক্ষত্র। কাত্যায়ন মুনি। লোকভেদ। ধনারম্ভ।

পুন্নাগ, (পুমস্—নাগ=হস্তী, ষং—স) সং, পুং, শ্বেতহস্তী। শ্বেতোৎপল। নরশ্রেষ্ঠ। পাণ্ডুনাগ। জাতিফল। প্রধান, শ্রেষ্ঠ। [যে পুন্নাগের ন্যায়] পুষ্পবৃক্ষবিশেষ, নাগকেশর বৃক্ষ।

পুপষৎ, (পু=বিশুদ্ধকরা+সন্—ইচ্ছার্থে) শতৃ) বিং, ত্রিং, শোধনেচ্ছু, যে পরিষ্কার বা বিশুদ্ধ করিতে ইচ্ছা করে।

পুপ্ফুল, (ফুল্=বিকসিত হওয়া, নিপাতন) সং, পুং, উদরস্থ বায়ু। কোষ্ঠাশ্রিতবায়ু।

পুপ্ফুস্, (স্ফুর্=স্ফূর্ত্তি পাওয়া, নিপাতন) সং, পুং, ফুস্ফুস্, ফুল্কা। বামপার্শ্বস্থ মলাশয়।

পুমান্, (পুম্স্, পা=রক্ষা করা। ডুম্স্—সংজ্ঞার্থে। যে বংশাদি অথবা নিজের কর্ত্তব্য রক্ষা করে) সং, পুং, পুরুষ, মনুষ্য। মনুষ্যজাতিমাত্র। পুংলিঙ্গ। "যেন ধৌতা গিরঃ পুংসাং বিমলৈঃ শব্দবারিভিঃ"।

পুম্বৎ, (পুম্স্+বৎ—প্রং) অং, পুরুষের ন্যায়। পুংলিঙ্গের ন্যায়। মনুষ্যসদৃশ।

পুর্, (পুর্=অগ্রে অগ্রে গমন করা+ক্বিপ্—প্রং) সং, স্ত্রীং, নগরী। পুরী।

পুরঃসর, (পুরস্=অগ্র—সর [সৃ=গমন করা+অল্—ক] যে গমন করে। যে অগ্রে গমন করে) বিং, ত্রিং, অগ্রসর। পরিচর।

পুর, (পুর্=অগ্রে গমনকরা+ক। যে স্থানে দ্রব্যাদি অগ্রে গমন করে) সং, ক্লীং, গৃহ, ভবন। [আত্মার বাসস্থান বলিয়া] শরীর, দেহ, চর্ম্ম। পুষ্পাদির দলাবৃত্তি। গৃহপরিগ্রহ। যেস্থান বিদেশীয় বণিকেরা পণ্যদ্রব্য দ্বারা পূর্ণ করে। হট্টাদিবিশিষ্ট স্থান। বহু প্রাণীর ব্যবহার স্থান। ক্লীং, রী—স্ত্রীং, নগর, নগরী। ক্লীং, পাটলীপুত্র। পুষ্পগর্ভ।

পুরঞ্জন, (পুর=দেহ—জন্=উৎপন্ন হওয়া+খ) সং, পুং, আত্মা, জীব। নী—স্ত্রীং, বুদ্ধি, জ্ঞান।

পুরঞ্জয়, (পুর=নগর—জি=জয়করা+খ—প্রং) সং, পুং, শিব। সূর্য্যবংশীয় নৃপবিশেষ, কাকুৎস্থ। বিং, ত্রিং, পুরজয়কর্ত্তা।

পুরঞ্জর, সং, পুং, বগল। কুক্ষি।

পুরট, সং, ক্লীং, সুবর্ণ, সোনা।

পুরণ, (পৃ=পূর্ণকরা+অন—প্রং) সং, পুং, সমুদ্র।

পুরতটী, (পুর—তটী=তীর, প্রান্ত, ৬ষ্ঠী—ষ সং, স্ত্রীং, ক্ষুদ্র হাট। ছোট গ্রাম।

পুরতঃ, (পুরতস্, পুর+তস্—প্রং) অং, অগ্রে, সম্মুখে, অভিমুখে। "নীরসতরুরিহ পুরতো ভাতি" কালিদাস।

পুরদ্বার, (পুর—দ্বার, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, নগরদ্বার, গোপুর, বাটীর দ্বার। সদর দরজা।

পুরদ্বিট্, (পুরদ্বিষ্, পুর=অসুরনগর—দ্বিষ্=নাশ করা+ক্বিপ্—ক) সং, পুং, শিব, ত্রিপুরারি।

পুরন্দর, (পুর=অসুরপুর—দৄ=বিদারণ করা+অল্—ক) সং, পুং, ইন্দ্র। চৌর। রা—স্ত্রীং, গঙ্গা।

পুরন্ধ্রি—ন্ধ্রী, (পুর=গৃহ—ধৃ=ধরা+খি—প্রং) সং, স্ত্রীং, পতিপুত্রবতী স্ত্রী, গৃহিণী। স্ত্রীমাত্র।

পুরশ্ছদ, সং, পুং, তৃণবিশেষ, উলুখড়। দ্বিবচনান্ত হইলে স্তনাগ্র, কুচাগ্র।

পুরস্, পুরস্তাৎ, (পূর্ব্ব+অস্, অস্তাৎ—প্রং, পূর্ব্বস্থানে পুর্) অং, পূর্ব্বদিকে দেশে বা কালে। প্রথমে। পূর্ব্বে। অভিমুখে। সম্মুখে। অগ্রে। পুরার্থে। অতীতে।

পুরস্কার—পুং, পুরস্ক্রিয়া—স্ত্রীং, (পুরস্কার, ক্রিয়া=করণ। প্রথমে বা সম্মুখে করা) সং, সাধুবাদ। সম্মান, পূজা, আদর। প্রতিফল, প্রতিদান। বহুমান। স্বীকার। পারিতোষিক। অগ্রেকরণ। অভিষেক। অভিশাপ। আক্রমণ। অগ্রকরণ। অরিগ্রহণ।

পুরস্কৃত, (পুরস্—কৃ=করা+ক্ত—র্ম) বিং, ত্রিং, সম্মানিত, পূজিত। অগ্রকৃত, সম্মুখে স্থাপিত। প্রস্তুত। অভিষিক্ত

গৃহীত। অবলম্বিত। অপবাদিত। অভিশপ্ত। অরিগ্রস্ত।] স্বীকৃত, অঙ্গীকৃত।
পুরস্ত্রী, সং, স্ত্রীং, গৃহিণী। গৃহকার্য্যদক্ষা স্ত্রী। নগরবাসিস্ত্রীলোক। পুরন্ধ্রী।
পুরা, (পৃ=পূর্ণকরা+আ—প্রং) অং, বাক্যরচনা। পুরাণাদি প্রবন্ধ। চির। চিরন্তন। পূর্ব্বকালে। প্রথমে। পুরাবৃত্ত নিকট। সন্নিহিত। অনাগত। ভবিষ্যৎ বা অতীত কালে। পশ্চাৎ। ভীরু। স্ত্রীং, পূর্ব্বদিক্। সুগন্ধিদ্রব্যবিশেষ।
পুরাকৃত, (পুরা—কৃত=করা হইয়াছে) বিং, ত্রিং, পূর্ব্বকালকৃত পুণ্যাদি। প্রারব্ধ কর্ম্ম। [বিং, ত্রিং, পূর্ব্বকালীন।
পুরাগত, (পুরা—গত=যাহা গিয়াছে)
পুরাণ, (পুরা=পূর্ব্বকালে+ন—ভবার্থে) সং, ক্লীং, সর্গ, প্রতিসর্গ, বংশ, মন্বন্তর, বংশানুরচিত্—এই পঞ্চ লক্ষণান্বিত ব্যাসাদি মুনিপ্রণীত বেদার্থবর্ণিত গ্রন্থবিশেষ; "সর্গশ্চ প্রতিসর্গশ্চ বংশোমন্বন্তরাণি চ, বংশানুচরিতঞ্চৈব পুরাণং পঞ্চলক্ষণম্। পুরাণ অষ্টাদশ প্রকার—ব্রহ্ম, পদ্ম, ব্রহ্মাণ্ড, অগ্নি, বিষ্ণু, গরুড়, ব্রহ্মবৈবর্ত্ত, শিব, লিঙ্গ, নারদ, স্কন্দ, মার্কণ্ডেয়, ভবিষ্য, মৎস্য, বরাহ, কূর্ম্ম, বামন, এবং কল্কি। ১৬ পণ, ১ কাহন। পুং, ক্লীং, কার্ষাপণ। বিং, ত্রিং, প্রাচীন, পুরাতন। অনাদি। ইদং বা অগ্রেনৈব কিঞ্চ নাসীন্ন দ্যোরাসীদিত্যাদিকং জগতঃ প্রাগবস্থানমুপক্রম্য সর্গ প্রতিপাদকং বাক্যজ্জাতং পুরাণম্।"
পুরাণগ, (পুরাণ—গ=যে গমন করে বা গান করে) সং, পুং, ব্রহ্মা। বিং, ত্রিং, পুরাণগায়ক। [পুং, বিষ্ণু, আদিপুরুষ।
পুরাণপুরুষ, (পুরাণ—পুরুষ, য়ং—স) সং,
পুরাতন, (পুরা+তন—ভবার্থে) বিং, ত্রিং, বহুকালস্থায়ী। প্রাচীন। পূর্ব্বকালভব। অনাদি। চিরন্তন। বৃদ্ধ। "নবং বস্ত্রং নবং ছত্রং নব্যা স্ত্রী নূতনং গৃহম্। সর্ব্বত্র নূতনং শস্তং সেবকান্নে পুরাতনে।"
পুরারি, (পুর=অসুরপুর—অরি=শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শিব, ত্রিপুরারি।
পুরার্দ্ধবিস্তার, (পুর=নগর—অর্দ্ধ—বিস্তর=বিস্তৃতি) সং, পুং, নগরের অংশ। উপনগর।
পুরাবসু, (পুরা=পূর্ব্ব—বসু=দেবতাবিশেষ) সং, পুং, ভীষ্ম।
পুরাবিৎ, (পুরাবিদ্, পুরা=পূর্ব্ব—বিদ্ [বিদ্=জানা+কিপ্—ক] যে জানে। যিনি পূর্ব্ব বিষয় জানেন) সং, পুং, পূর্ব্বজ্ঞ, যে ব্যক্তি পূর্ব্বকালের ইতিহাস অবগত আছেন। পূর্ব্বদর্শী। ভূতবিদ্। অতীতকালজ্ঞ। পণ্ডিত। বৃদ্ধ।
পুরাবৃত্ত, (পুরা=পূর্ব্ব—বৃত্ত=যাহা ঘটিয়াছে। পূর্ব্বে যাহা হইয়াছে। স্বামী বলেন বৃত্ত=চরিত্র) সং, ক্লীং, পূর্ব্ববৃত্তান্ত। ইতিহাস। পুরাণকথা। আখ্যায়িকা।
পুরাসুহৃদ্, (পুর=অসুরপুর—অসুহৃদ্=শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শিব।
পুরীতৎ, (পুরী=শরীর—তৎ [তন্=বিস্তার করা+কিপ্—ক] যে বিস্তার করে। যে শরীরকে বিস্তার করে, ২য়া—ষ) সং, পুং—ক্লীং, অন্ত্র, নাড়ী, আঁতড়ি।
পুরীততি, (পুরী=শরীর—ততি [তন্=বিস্তার কর+ক্তি—ক] যে বিস্তৃত হয়) সং, স্ত্রীং, নাড়ীবিশেষ।
পুরীমোহ, (পুরী=নগরী—মোহ=মুগ্ধকরণ) সং, পুং, ধুতুরা, ধুস্তুর।
পুরীষ, (পৃ=পালনকরা+ঈষ—সংজ্ঞার্থে। যে শরীরকে অথবা বৃক্ষাদির মূল পালন করে অর্থাৎ তেজ বর্দ্ধন করে) সং, ক্লীং, বিষ্ঠা, মল।
পুরু, (পৃ=পূরণকরা+উ—প্রং) বিং, ত্রিং, প্রচুর, অধিক। সং, পুং, দেবলোক। যযাতিরাজার কনিষ্ঠ পুত্র। দৈত্যবিশেষ। পরাগ। স্ত্রীং, নদীভেদ।
পুরুদংশক, (পুরু=অধিক—দংশক=যে

দংশন করে) সং, পুং, হংস।

পুরুদংশাঃ, (পুরুদংশস্, পুরু=দৈত্য-বিশেষ—দংশস্ [দন্শ্=দংশন করা+অস্—ক]যে দংশনকরে। যিনি পুরুকে দংশন অর্থাৎ বিনাশ করেন, ২য়া—ষ) সং, পুং, ইন্দ্র।

পুরুষ, পূরুষ, (পৃ [বল] পূরণকরা+উষ—প্রং। অথবা পৃ=পালনকরা+উষ—প্রং। যে পালন করে) সং, পুং, পুমান্ মনুষ্য, নর। পুংজাতীয়। (পুর=শরীর বস্=বাসকরা+অল্—সংজ্ঞার্থে। যে শরীরে অবস্থান করে। কেহ বলেন—যে শরীর পালন করেন, নিপাতন) জীবনীশক্তি। জীবন। আত্মা। সাংখ্য-তত্ত্বজ্ঞ। ঈশ্বর।"যৎকারণমব্যক্তং নিত্যং সদসদাত্মকম্। তদ্বিসৃষ্টঃ স পুরুষো লোকে ব্রহ্মেতি কীর্ত্তাতে।" বিষ্ণু। পুন্নাগপাদপ। ঘোটকাদির অবস্থান বিশেষ, পশ্চাৎ পদদ্বয়োপরি ভর দিয়া অগ্রপদদ্বয়ের উত্তোলন। পরিমাণ। দুর্গা বন্ধু। ক্লীং; মেরুপর্ব্বত।

পুরুষক, (পুরুষ+ক—প্রং) সং, ক্লীং, অশ্বের অবস্থিতিবিশেষ, শূন্যে পদদ্বয় উত্তোলন পূর্ব্বক মনুষ্যের ন্যায় দাঁড়ান। শীকপাঁউ।

পুরুষকার, (পুরুষ—কার=করণ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পৌরুষ। উৎসাহ। চেষ্টা।

পুরুষত্ব, (পুরুষ+ত্ব—ভাবে) সং, ক্লীং, মনুষ্যত্ব। পৌরুষ। উৎসাহ। বীর্য্য।

পুরুষদঘ্ন, পুরুষদ্বয়স, পুরুষমাত্র, (পুরুষ+দঘ্ন, দ্বয়স, মাত্র—পরিমাণার্থে) বিং, ত্রিং, পুরুষপরিমিত।

পুরুষপুণ্ডরীক, (পুরুষ=মনুষ্যজাতি—পুণ্ডরীক=শ্রেষ্ঠ, যে মনুষ্য মধ্যে শ্রেষ্ঠ) সং, পুং, উৎকৃষ্ট মানব। জৈনদিগের নব বাসুদেবের অন্তর্ভূত সপ্তম বাসুদেব।

পুরুষব্যাঘ্র, পুরুষসিংহ, } (পুরুষ=নর—ব্যাঘ্র-সিংহ=শ্রেষ্ঠ) সং, পুং, নরশ্রেষ্ঠ।

পুরুষাদ্য, (পুরুষ=মনুষ্য—আদ্য=প্রথম) সং, পুং, আদিনাথ নামক জিনবিশেষ। বিষ্ণু।

পুরুষায়ুষ, (পুরুষ—আয়ুস্=জীবিতকাল, ৬ষ্ঠী—ষ, অ—প্রং) সং, ক্লীং, মনুষ্যের জীবিতকাল, শতবর্ষ।

পুরুষার্থ, (পুরুষ—অর্থ=প্রয়োজন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পুরুষের প্রয়োজন, ধর্ম্ম, অর্থ, কাম। "ধর্ম্মার্থকামমোক্ষাশ্চ পুরুষার্থা উদাহৃতাঃ।" মোক্ষ। মনুষ্যত্ব। সাহস। সুখ। সংসারমুক্তি। গোস্বামী-মতে ভক্তি।

পুরুষাস্থিমালী, (পুরুষাস্থিমালিন্, পুরুষ=মনুষ্য—অস্থি=হাড়—মালা+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, শিব, অস্থিমালাধারী।

পুরুষোত্তম, (পুরুষ—উত্তম। পুরুষের মধ্যে যিনি উত্তম, শ্রেষ্ঠ। ৭মী—ষ) সং, পুং, বিষ্ণু, পুরুষশ্রেষ্ঠ। জিন বিশেষ। জৈনদিগের চতুর্থ বাসুদেব, জগন্নাথতীর্থ।

পুরুহ, পুরুহু, (পুরু=অনেক—হন্ [বধ করা] শ্রেষ্ঠ হওয়া+ড, উ—প্রং) বিং, ত্রিং, প্রচুর, অধিক।

পুরুহূত, (পুরু=অধিক—হূত=আহূত, নাম) সং, পুং, ইন্দ্র।

পুরূরবাঃ, (পুরূরবস্, পুরু=দেবলোক—রবস্ [রু=শব্দকরা+অস্—প্রং] রব। যাহার নাম দেবলোক পর্য্যন্তও গিয়াছে ৬ষ্ঠী—হিং) সং, পুং, বুধের পুত্র। চন্দ্র-বংশীয় আদিরাজা, উর্ব্বশীরমণ। বিশ্বদেব পার্ব্বণশ্রাদ্ধদেব।

পুরোগ, পুরোগম, পুরোগামিন্, (পুরস্=অগ্রে—গ, গম, গামিন্=যে গমন করে) বিং, ত্রিং, অগ্রগামী। প্রধান।

পুরোগত, (পুরস্—গত=গিয়াছে) বিং ত্রিং, পূর্ব্বগত। যে অগ্রে গমন করিয়াছে।

পুরোগতি, (পুরস্=সম্মুখে-গতি=গমন সং, পুং, কুক্কুর। স্ত্রীং, অগ্রে গমন বিং, ত্রিং, অগ্রগ।

পুরোডাশ, (পুরস্=অগ্রে—দাশ্=দান করা+অ—প্রং। যাহা যজ্ঞে অগ্রে দেওয়া যায়) সং, পুং, যজ্ঞীয় ঘৃত। হুতশেষ। সোমরস।

পুরোধাঃ, (পুরোধস্, পুরস্=অগ্রে—ধা=ধারণ করা+অস্—প্রং) সং, পুং, ঋত্বিক্, শ্রাদ্ধযজ্ঞাদিকর্ম্ম কারয়িতা, পুরোহিত। কুলাচার্য্য। যাজক।

পুরোভাগী, (পুরোভাগিন্, পুরস্=প্রথম—ভজ=সেবাকরা+ণিন্—ক) বিং, ত্রিং, দোষমাত্রদর্শী। পাপদর্শী। যে গুণভাগ ত্যাগ করিয়া কেবল দোষই দর্শন করে।

পুরোবর্ত্তী, (পুরোবর্ত্তিন্, পুরস্—বৃৎ=বিদ্যমান থাকা+ণিন্—ক) বিং, ত্রিং, সম্মুখবর্ত্তী, অগ্রেস্থিত।

পুরোহিত, (পুরস্=অগ্রে—হিত=সম্মানিত, পূজিত, স্থাপিত) সং, পুং, ঋত্বিক্, শ্রাদ্ধযজ্ঞাদিকারয়িতা। ধর্ম্মকর্ম্মাদিকারক। পুরুত। "পুরীষস্য চ রোষস্য হিংসায়াস্তকরস্য চ। আদ্য বর্ণং সমাদায় পুরোহিতো বিনির্ম্মিতঃ"।

পুল, (পুল্=উন্নত হওয়া+কন্—প্রং) সং, পুং, পুলক, রোমাঞ্চ। বিং, ত্রিং, বিপুল, বৃহৎ।

পুলক, (পুল্=উন্নত হওয়া+ণক—প্রং) সং, পুং, রোমাঞ্চ, রোমোদ্ভেদ, লোমহর্ষ, শরীরের রোম খাড়া হইয়া উঠা। শরীরান্তর্ব্বহির্ভব কীট। প্রস্তরবিশেষ। মণিদোষবিশেষ। গন্ধর্ব্ব বিশেষ। হরিতাল। গজান্নপিণ্ড।

পুলকাঙ্গ, সং, পুং, বরুণের পাশ।

পুলকালয়, সং, পুং, কুবেরের নামান্তর

পুলকিত, (পুলক+ইত=জাতার্থে) বিং, ত্রিং, হৃষ্ট। রোমাঞ্চিত। আহ্লাদিত। উল্লসিত।

পুলকী, (পুলকিন্, পুলক+ইন্=অস্ত্যর্থে) বিং, ত্রিং, পুলকযুক্ত, রোমাঞ্চিত। সং, পুং, কদম্ববৃক্ষবিশেষ।

পুলস্তি, (পুল=মহৎ—অস্=ক্ষপণকরা +ক্তি—প্রং) সং, পুং, পুলস্ত্য মুনি।

পুলস্ত্য, (পুল=মহৎ—স্ত্যৈ=একত্রকরা +ড—প্রং) সং, পুং, সপ্তঋষির অন্তর্গত ঋষিবিশেষ।

পুলহ, (পুল=মহৎ—হা=ত্যাগকরা+ড—প্রং) সং, পুং, সপ্তঋষির মধ্যে এক ঋষি।

পুলাক, (পুল=মহত্ত্ব—অক্=গমন করা +অল্—প্রং) সং, পুং, শস্যহীন ধান্য, তুচ্ছধান্য, আগড়া। ভক্তসিক্থক, ভক্তগুলিকা। সংক্ষেপ। অল্পত্ব। ক্ষিপ্র।

পুলাকী, (পুলাকিন্, পুলাক+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, বৃক্ষ, গাছ।

পুলায়িত, (পুল্=উন্নত হওয়া+ক্ত—প্রং) সং, ক্লীং, অশ্বের গতিবিশেষ, বিক্রান্তি।

পুলিন, (পুল্=বৃহৎ হওয়া+ইন্—প্রং) সং, ক্লীং, তোয়োত্থিত তট, চড়া। চর। দ্বীপ।

পুলিন্দ, (পুল্=বৃহৎ হওয়া+ইন্দ—প্রং) সং, পুং, ম্লেচ্ছজাতিবিশেষ, চণ্ডাল। চোয়াড়, যাহারা নিজ ভাষা ব্যতীত অপর ভাষা জানে না।—ন্দা, সং, গাঁঠরি, মোট।

পুলিরিক, সং, পুং, সর্প।

পুলোমজা, (পুলোমন্=ঋষিবিশেষ—জ=যে জন্মে, পঞ্চমী—ষ) সং, স্ত্রীং, শচী, ইন্দ্রপত্নী। ইন্দ্রাণী।

পুলোমজিৎ, পুলোমদ্বিষ্, পুলোমভিদ্, (পুলোমন্—জিৎ=যে জয়করে, দ্বিষ্=যে দ্বেষকরে, ভিদ্=যে ভেদকরে, ২য়া—ষ। প্রথিত আছে যে, ইন্দ্র পুলোমার কন্যাকে বলাৎকার করেন এবং সম্ভাবিত অভিশাপ নিরাকরণ মানসে পরে পুলোমাকেও বিনাশ করিয়াছিলেন) সং, পুং, ইন্দ্র। [বিশেষ, ইন্দ্রের শ্বশুর।

পুলোমা, (পুলোমন্) সং, পুং, ঋষি·

পুলোমারি, (পুলোমন্=ঋষিবিশেষ-অরি

=শক্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ইন্দ্র।

পুষিত, (পুষ=পালনকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রতিপালিত। বর্দ্ধিত। কৃত-পোষণ পক্ষিমৃগাদি।

পুষ্কর, (পুষ্=পোষণকরা+কর—সং-জ্ঞার্থে। যে শব্দকে পুষ্টি করে। "শব্দ-গুণমাকাশং"। স্বামীবলেন, পুষ্কর=জল +অ—অস্ত্যর্থে) সং, ক্লীং, আকাশ। ব্যোম। (পুষ্=পোষণ—কর=যে করে, যে পোষণ করে, ২য়া—য) জল। পদ্ম। পদ্মকোষ। হস্তিশুণ্ডাগ্র। মৃদঙ্গাদি বাদ্যভাণ্ডেরমুখ। পরমপবিত্র তীর্থবিশেষ, রাজপুতানার অন্তর্ব্বর্ত্তী আজমিরের নিকটবর্ত্তী পুষ্করিণী। কুষ্ঠৌষধ। সপ্তদ্বীপের একটী দ্বীপ। খড়্গাদির কোষ, খাপ্। খড়্গফলক। কাণ্ড, বাণ। যুদ্ধ। পুং, সর্পবিশেষ। নাগবিশেষ। নৃপবিশেষ, নলরাজার ভ্রাতা। বরুণ-পুত্র। মেঘবিশেষ। পর্ব্বতবিশেষ। সারসপক্ষী। ক্রূরবার ভদ্রাতিথি ভগ্ন-পাদ নক্ষত্রঘটিত অশুভজনক যোগ-বিশেষ। প্রলম্বকোষ।

পুষ্করশিফা, সং, স্ত্রীং, পদ্মের মূল।

পুষ্করস্রক্, (পুষ্করস্রজ্, পুষ্কর=পদ্ম—স্রজ্ =মালা) সং, পুং, দ্বিং, অশ্বিনী-কুমারদ্বয়।

পুষ্করাক্ষ, (পুষ্কর=পদ্ম—অক্ষি=চক্ষুঃ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিষ্ণু, পুণ্ডরীকাক্ষ।

পুষ্করাহ্ব, (পুষ্কর=পদ্ম—আহ্বা=সংজ্ঞা নাম। পদ্মের যাবতীয় নামই এই পক্ষীতে প্রযুক্ত হইতে পারে) সং, পুং, সারসপক্ষী।

পুষ্করী, (পুষ্করিন্, পুষ্কর=হস্তিশুণ্ডাগ্রজল +ইন্—অস্ত্যর্থে) সং, পুং, হস্তী। নী—স্ত্রীং, স্থলপদ্মিনী। পুষ্করমূল। সরোবর, জলাশয়, পুকুর। হস্তিনী। পদ্মের ঝাড়।

পুষ্কল, (পুষ্=পোষণকরা+কল—প্রং, কিংবা পুষ্ক+ল—অস্ত্যর্থে) বিং, ত্রিং, উৎকৃষ্ট, শ্রেষ্ঠ। বহু, অধিক। পরিপূর্ণ। উপস্থিত। সং, ক্লীং, পরিমাণ-পাত্রবিশেষ, পশুরি। গ্রাসচতুষ্টয়াত্মক-ভিক্ষা। ৬৪ মুটো। পুং, ভরতের পুত্র।

পুষ্ট, (পুষ=পোষণকরা+ত—র্ম্ম) বিং ত্রিং, প্রতিপালিত। স্থূল, বৃদ্ধিযুক্ত। প্রহৃষ্ট।

পুষ্টতাড়িত, (Positive Electricity) তাড়িতের বিয়োজন-শক্তি।

পুষ্টি, (পুষ্ট দেখ, ক্তি—ভা) সং, স্ত্রীং, পোষণ। বৃদ্ধি। প্রতিপালন। স্থূলতা। অশ্বগন্ধা। ষোড়শমাতৃকান্তর্গত দেবতা-বিশেষ।

পুষ্টিকর, (পুষ্টি—কর=যে করে) বিং, ত্রিং, পোষক। বৃদ্ধিকারক। প্রতি-পালক। স্থূলতাসম্পাদক।

পুষ্টিকা, (পুষ্টি+ক—যোগ) সং, স্ত্রীং, জলশুক্তি, ঝিনুক।

পুষ্টিকান্ত, (পুষ্টি=বৃদ্ধি, সৌভাগ্য-কান্ত =বন্ধু) সং, পুং, গণেশ, লম্বোদর।

পুষ্প, (পুষ্প্=বিকশিত হওয়া+অল্—ক) সং, ক্লীং, কুসুম, ফুল। স্ত্রীরজঃ। বিকাশ, প্রকাশ। কুবেরের পুষ্পকরথ। নেত্ররোগবিশেষ, ফুলীরোগ।

পুষ্পক, (পুষ্প দেখ, ক—যোগ) সং, ক্লীং, রীতিপুষ্প। কুবেরের রথ। রত্ন-নির্ম্মিত রক্তকঙ্কণ। রসাঞ্জন। নেত্র-রোগবিশেষ। পিত্তল। মৃদাঙ্গারশকটী। ক্ষুদ্র কুসুম।

পুষ্পকরণ্ডক, (পুষ্প—করণ্ডক=চুপড়ী) সং, ক্লীং, পুষ্পচয়ন-পাত্র, ফুলের সাজি। উজ্জয়িনীনগরস্থ মহাকালনামক শিবের উদ্যান।

পুষ্পকরণ্ডিনী, (পুষ্প—করণ্ড=চুপড়ী+ইন্—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, উজ্জয়িনী দেশ- উজীন।

পুষ্পকাসীশ, (পুষ্প=ফুল—কাসীশ) সং, ক্লীং, এক প্রকার হিরাকস্।

পুষ্পকীট, (পুষ্প—কীট=পোকা) স

পুং, ভ্রমর। পুষ্পের কীট। কুসুম কৃমি।

পুষ্পকেতন, পুষ্পকেতু, পুষ্পচাপ, } পুষ্প—কেতন, কেতু=চিহ্ন। চাপ=ধনুক, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কন্দর্প, কামদেব।

পুষ্পগিরি, (পুষ্প—গিরি=পর্ব্বত) সং, পুং, কাল্পনিক পর্ব্বতবিশেষ। প্রথিত আছে বরুণদেব সর্ব্বদা এইপর্ব্বতে বাস করিয়া থাকেন।

পুষ্পঘাতক, (পুষ্প—ঘাতক=নাশকারী। পুষ্প হইলেই বাঁশ মরিয়া যায় বলিয়া) সং, পুং, বংশ, বাঁশ।

পুষ্পচামর, (পুষ্প—চামর) সং, পুং, দমনবৃক্ষ। কেতকবৃক্ষ।

পুষ্পদ, (পুষ্প—দ=যে দান করে) সং, পুং, বৃক্ষ। বিং, ত্রিং, পুষ্পদাতা।

পুষ্পদন্ত, (পুষ্প—দন্ত, ৬ষ্ঠী—হিং) সং, পুং, নাগবিশেষ। বায়ুকোণস্থ হস্তী। গন্ধর্ব্বরাজবিশেষ। বিদ্যাধরবিশেষ। জিনভেদ। (দ্বিবচনান্ত) চন্দ্র সূর্য্য। নাগভেদ।

পুষ্পদ্রব, (পুষ্প—দ্রব=গলন, ক্ষরণ) সং, পুং, পুষ্পরস, মকরন্দ, পুষ্পসার। মধু।

পুষ্পধ, সং, পুং, পতিত ব্রাহ্মণের সন্তান।

পুষ্পধন্বা, (পুষ্পধন্বন্, পুষ্প—ধনুস্=ধনুক, ৬ষ্ঠী—হিং। ধনুস্=ধন্বন্) সং, পুং, মদন, কামদেব, কন্দর্প।

পুষ্পনিক্ষ, পুষ্পন্ধয়, (পুষ্প—নিক্ষ=যে চুম্বন করে। পুষ্প—ধে=পানকরা+অল্—প্রং) সং, পুং, অলি, ভ্রমর।

পুষ্পপথ, (পুষ্প=স্ত্রীরজঃ—পথিন্=পথ+অ—প্রং) সং, পুং, যোনি, স্ত্রীচিহ্ন।

পুষ্পপুর, (পুষ্প—পুর=নগর, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, নগরবিশেষ, পাটলীপুত্র, পাট্না।

পুষ্পফল, (পুষ্প—ফল, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কপিত্থ, কৎবেল। কুষ্মাণ্ড।

পুষ্পমাস, সং, পুং, বসন্তকাল।

পুষ্পরক্ত, (পুষ্প—রক্ত=লাল) সং, পুং, সূর্য্যমণিবৃক্ষ। বিং, ত্রিং, রক্তাক্ত।

পুষ্পরথ, পুষ্যরথ, (পুষ্প—রথ। পুষ্য—রথ) সং, পুং, ভ্রমণার্থ রথ। রম্য রথ। ক্রীড়া রথ।

পুষ্পরস, (পুষ্প—রস, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মকরন্দ, ফুলের মধু।

পুষ্পরাগ, (পুষ্প—রাগ=রং, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মণিবিশেষ, পদ্মরাগমণি।

পুষ্পরেণু, (পুষ্প—রেণু=ধূলি) সং, পুং, পরাগ, সুমনোরজঃ। পরাগকেশরের অভ্যন্তরে ধূলির ন্যায় এক প্রকার যে গুঁড় গুঁড় পদার্থ থাকে।

পুষ্পলাব, পুষ্পলাবী, (বিন্, পুষ্প—লাব, লাবিন্=যে ছেদন করে) সং, পুং, মালাকার, মালী।

পুষ্পলিট্, পুষ্পলিহ, (পুষ্পলিহ্, পুষ্প—লিহ্, লিহ্=যে আস্বাদন করে, ২য়া—ষ) সং, পুং, ভৃঙ্গ, ভ্রমর, মধুকর।

পুষ্পবৎ, (পুষ্প [পুষ্প্=বিকসিত হওয়া+অ—ভা] বিকাশ+ বতু—অস্ত্যর্থে। কাহারও মতে পুষ্পবন্তও হও) সং, পুং, দ্বিং, চন্দ্রসূর্য্য। (পুষ্প+বতু—অস্ত্যর্থে) বিং, ত্রিং, কুসুমবিশিষ্ট। (পুষ্প=স্ত্রীরজঃ+বতু—অস্ত্যর্থে) বতী—স্ত্রীং, ঋতুমতী, রজস্বলা।

পুষ্পবাটী, পুষ্পবাটিকা, (পুষ্প—বাটী=উদ্যান, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, কুসুমোদ্যান, ফুলেরবাগান। [সং, পুং, কন্দর্প।

পুষ্পবাণ, (পুষ্প—বাণ=শর, ৬ষ্ঠী—হিং)

পুষ্পশকটী, সং, স্ত্রীং, আকাশবাণী। দেবপ্রশ্ন। পুষ্পবৃষ্টি।

পুষ্পশর, (পুষ্প—শর=বাণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কন্দর্প।

পুষ্পশরাসন, (পুষ্প—শরাসন=ধনুক, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কন্দর্প, ফুলধনু।

পুষ্পশূন্য, (পুষ্প—শূন্য=বিরহিত) সং, পুং, উডুম্বর। বিং, ত্রিং, যে বৃক্ষের ফুল হয় না।

পুষ্পসময়, (পুষ্প—সময়, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বসন্তকাল।

পুষ্পসার, পুষ্পস্বেদ, (পুষ্প—সার=স্থিরাংশ, স্বেদ=ঘর্ম্ম,নির্যাস, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ফুলের মধু।

পুষ্পহাসা, (পুষ্প—হাস=যে হাস্য করে) সং, স্ত্রীং, রজস্বলা, ঋতুমতী।

পুষ্পহীন, (পুষ্প—হীন) বিং, ত্রিং, পুষ্পশূন্য, যে বৃক্ষের ফুল হয় না। না—সং, স্ত্রীং, উডুম্বর, ডুমুর গাছ। নিবৃত্তরজস্কা নারী, যে স্ত্রীর রজোনিবৃত্তি হইয়াছে। বন্ধ্যা স্ত্রী। [ভাগলপুর।

পুষ্পা, সং,স্ত্রীং, কর্ণপুরী, চম্পা, মালিনী,

পুষ্পজীব, পুষ্পাজীবী, (পুষ্প—আজীব=জীবিকা, ৬ষ্ঠী—হিং। পুষ্পাজীবিন্,পুষ্প—আজীব=জীবিকা+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, মালাকার, মালী।

পুষ্পাঞ্জলি, (পুষ্প—অঞ্জলি=আজ্লা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, এক আঁজ্‌লা ফুল। পুষ্প পূর্ণ করদ্বয়।

পুষ্পায়ুধ, (পুষ্প—আয়ুধ=অস্ত্র,৬ষ্ঠী—হিং) সং, পুং, মদন, কন্দর্প।

পুষ্পাবচায়ী, (পুষ্পাবচায়িন্ পুষ্প—অবচায়িন্=যে সংগ্রহ করে) সং, পুং,পুষ্পাজীব, মালাকার।

পুষ্পাসব, (পুষ্প—আসব, [সুরা] মধু। ৬ষ্ঠী—ষ) সং,ক্লীং, মকরন্দ, ফুলের মধু।

পুষ্পাস্ত্র, (পুষ্প—অস্ত্র, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কুসুমায়ুধ, কন্দর্প।

পুষ্পিকা, (পুষ্প+ক—তুল্যার্থে) সং, স্ত্রীং, অধ্যায়াদির শেষে গ্রন্থকারের নামোল্লেখাদিপূর্ব্বক সমাপ্তিসূচক বাক্য, ভণিতা। লিঙ্গমল। দন্তমল।

পুষ্পিত, (পুষ্প+ইত—অস্ত্যর্থে) বিং, ত্রিং, কুসুমিত। বিকসিত। প্রকাশিত। তা—(পুষ্প=স্ত্রী রজঃ+ইত—জাতার্থে) স্ত্রীং, ঋতুমতী, রজস্বলা।

পুষ্পিতাগ্রা, (পুষ্পিত—অগ্র) সং, স্ত্রীং, ছন্দোবিশেষ, যাহার প্রথম ও তৃতীয় চরণে দ্বাদশ, এবং দ্বিতীয় ও চতুর্থ চরণে ত্রয়োদশ মাত্র অক্ষর থাকে।

পুষ্পেষু, (পুষ্প—ইষু=বাণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পুষ্পায়ুধ, কন্দর্প।

পুষ্পোৎসব, (পুষ্প=স্ত্রীরজঃ—উৎসব=আনন্দ) সং, পুং, স্ত্রীলোকের প্রথমরজোদর্শনে উৎসববিশেষ। কুসুমক্রীড়া। ঋতূৎসব।

পুষ্য, (পুষ=পোষণকরা+য—প্রং) সং, পুং, ষ্যা—স্ত্রীং, অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত নক্ষত্রবিশেষ,অষ্টম নক্ষত্র দিষ্য,তিষ্য,পুষ্যা,পৌষমাস। কলিযুগ

পুষ্যরথ, (পুষ্য=নক্ষত্রবিশেষ—রথ) সং, পুং, যাত্রা বা উৎসবাদি দর্শনার্থ রথ ক্রীড়া-রথ। পুষ্পরথ। চক্রযান।

পুষ্যালক, (পুষি [পুষ =পোষণকরা+ই—প্রং] পুষ্টির নিমিত্ত—অল্=পর্য্যাপ্ত হওয়া+অ—প্রং=পুষ্যাল+ক—প্রং) সং, পুং, কস্তুরীমৃগ, গন্ধমৃগ। ক্ষপণক কীলক, গোঁজ।

পুস্ত, পুস্তক, (পুস্ত্=বন্ধনকরা+অল্—প্রং। ক—স্বার্থে) সং, ক্লীং, স্তী, স্তিকা—স্ত্রীং, গ্রন্থ বহি, পুথি, কেতাব ক্লীং, লিপিপ্রভৃতি শিল্পকর্ম্ম। বিং ত্রিং, পূর্ণ, আবৃত।

পুস্তকর্ম্ম, (—র্ম্মন্, পুস্ত=লেপন—কর্ম্মন=কার্য্য) সং, ক্লীং, লেপন, চিত্রপ্রভৃতি শিল্পকর্ম্ম।

পুস্তকাগার, (পুস্তক—আগার=গৃহ) সং, ক্লীং, পুস্তকালয়, লাইব্রেরি।

পুস্ফুসশ্বাসক, (Pulmonata.) (যাহা বায়ুতে পুস্ফুস দ্বারা শ্বাস লয়; যথা—স্থলজ শম্বুক।

পূগ, (পূ+পবিত্রকরা, শুদ্ধকরা+গণ—প্রং) সং,পুং, গুবাকবৃক্ষ। কাঁঠালগাছ। পুঞ্জ, রাশি, সমূহ। ছন্দ। ভাব। গুণ। ক্লীং, গুবাক।

পূগকৃত, (পূগ=রাশি—কৃত) বিং, ত্রিং, স্তূপাকারে স্থাপিত, সংগৃহীত।

পূগপাত্র, পূগপীঠ, (পূগ=গুবাক—পাত্র। পীঠ=চৌকি। পাণ চিবাইয়া যাহাতে থুথু ফেলা যায়) সং, ক্লীং, নিষ্ঠীবনপাত্র, পিক্‌দানী। পানের বাটা।

পূগপুষ্পিকা, (পূগ—পুষ্প+ক—যোগ) সং, স্ত্রীং, বিবাহ সম্বন্ধীয় পুষ্প ও তাম্বূল। [গুবাক, সুপারি।

পূগফল, (পূগ—ফল, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং,

পূগরোট, (পূগ=গুবাকবৃক্ষ—রুট=দীপ্তি পাওয়া+ঘঞ্—প্রং। ক—যোগে পূগরোটক শব্দও হয়) সং, পুং, হিন্তালবৃক্ষ।

পূজক, (পূজ্=পূজাকরা+ণক—ক)বিং, ত্রিং, পূজাকারক, উপাসক। সেবক। আরাধক। অর্চ্চক।

পূজন, (পূজক দেখ, অনট্—ভা) সং, ক্লীং,পূজা,অর্চ্চনা। উপাসনা। আরাধনা

পূজনীয়, পূজ্য, (পূজক দেখ, অনীয়, য—র্ম্ম) বিং,ত্রিং,আরাধ্য,পূজার যোগ্য। উপাস্য। নমস্য। আদরণীয়।

পূজয়িতা, (পূজয়িতৃ, পূজক দেখ, তৃন্—ক) বিং, ত্রিং, অর্চ্চক, আরাধক, পূজক। ত্রী—স্ত্রীং, পূজাকারিণী।

পূজা, (পূজক দেখ, আ—ভা) সং, স্ত্রীং, অর্চ্চনা, আরাধনা, উপাসনা। সেবা। সংবর্দ্ধনা। সপর্য্যা। সম্মাননা।

পূজারি,(পূজক শব্দজ) সং,দেবলব্রাহ্মণ। বিং, পূজাজীবী। পুরোহিত। যাজক।

পূজার্হ, (পূজা—অর্হ=যোগ্য) বিং, ত্রিং, পূজার যোগ্য।

পূজিত, (পূজক দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অর্চ্চিত। সেবিত। আদৃত।

পূজিল, (পূজা+ইল—যোগ্যার্থে) বিং, ত্রিং, পূজ্য, আরাধ্য। সং,পুং, দেবতা।

পূজ্যমান, (পূজক দেখ, শান—র্ম্ম) বিং, ত্রিং, সেব্যমান, যাহাকে পূজা করা যাইতেছে। [ধানী। বাগ্দেবতার নামান্তর

পূংকারী, সং, স্ত্রীং, নাগলোকের রাজ-

পূত, (পূ=পবিত্র করা+ক্ত—প্রং) বিং, ত্রিং, শুদ্ধ, পবিত্র। প্রযত। পরিষ্কৃত। নির্ম্মল। সত্য। অকপট। দ্বিং কটীপ্রোত। সং, পুং, শঙ্খ। শ্বেত, কুশ, বিকঙ্কত বৃক্ষ। ক্লীং,অপনীততুষ ধান্য।

পূতক্রতায়ী, (পূতক্রতু=ইন্দ্র+ঈ—প্রং। উ স্থানে এ—আগম। এ+ঈ=আয়ী) সং,স্ত্রীং, ইন্দ্রপত্নী,শচী। [সং,পুং, ইন্দ্র।

পূতক্রতু, (পূত—ক্রতু=যজ্ঞ, ৬ষ্ঠী—হিং)

পূতদ্রু,(পূত-দ্রু=বৃক্ষ) সং, পুং,পলাশবৃক্ষ

পূতধান্য, (পূত-ধান্য=শস্য) সং,ক্লীং,তিল।

পূতনা, (পূতি=পবিত্রকরা+অন—প্রং) সং, স্ত্রীং, হরীতকী। দানবীবিশেষ। রোগবিশেষ, অহিপূতনা নামক বালকদিগের রোগ, পেঁচো পাওয়া। বকাসুরের ভগিনী। বালকমাতৃকাবিশেষ।

পূতনারি, (পূতনা—অরি=শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কৃষ্ণ।

পূতনাসূদন, পূতনাহা, (পূতনা—সূদন=যে বধকরে, ২য়া—ষ। পূতনাহন্, পূতনা—হন্=যে বধকরে, ২য়া—ষ) সং, পুং, কৃষ্ণ।

পূতফল, সং, পুং, কাঁঠাল গাছ।

পূতা, (পূত+আ—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, দূর্ব্বা। পবিত্রা।

পূতি, (পূত দেখ, ক্তি—ভা) সং, স্ত্রীং, পবিত্রতা। দুর্গন্ধ। খট্টাশ, মুস্ক। (পূয়্=দুর্গন্ধ হওয়া+ক্তি—ভা) দুর্গন্ধ। বিং, ত্রিং,দুর্গন্ধবিশিষ্ট। সং,ক্লীং,রোহিষতৃণ।

পূতিক, (পূতি=দুর্গন্ধ+ক—যোগ) সং, ক্লীং, বিষ্ঠা, মল। পুং, পূতিকরঞ্জবৃক্ষ।

পূতিকরঞ্জ,(পূতিক—রন্জ্=রংকরা+অ—প্রং) সং,পুং, করঞ্জবিশেষ, নাটাকরঞ্জ গাছ। [যোগ) সং,পুং, কর্ণরোগবিশেষ।

পূতিকর্ণক, (পূতি—কর্ণ=কাণ্+ক—

পূতিকা, (পূয়্=দুর্গন্ধ হওয়া+ক্তি—প্রং, ক—স্বার্থে) সং, স্ত্রীং, লতাশাকবিশেষ। পুঁইশাক। পূতিকরঞ্জলতা। মার্জ্জারী, বিড়ালী।

পূতিকামুখ, (পূতিকা=পুঁইশাক—মুখ=আকৃতি) সং, পুং, শম্বুক, শামুক।

পূতিকাষ্ঠ, (পূতি=পবিত্রতা—কাষ্ঠ=কাঠ) সং, ক্লীং, দেবদারুবৃক্ষ। সরল বৃক্ষ। পবিত্রবৃক্ষ।

পূতিগন্ধ, পূতিগন্ধি, (পূতি=পবিত্রতা, কুগন্ধ—গন্ধ, ৬ষ্ঠী—হিং, পক্ষে ই—প্রং) বিং, ত্রিং, দুর্গন্ধ, কুৎসিত গন্ধযুক্ত। ক্লীং, রঙ্গ। পুং, গন্ধক। ইঙ্গুদীবৃক্ষ।

পূতিতৈলা, (পূতি=দুর্গন্ধ—তৈল=স্নেহ দ্রব্য, ৬ষ্ঠী—হিং। আপ্—স্ত্রীলিঙ্গে) জ্যোতিষ্মতী লতা, নয়া ফটুকী।

পূতিনস্য, (পূতি—নস্য=নাসারন্ধ্র) সং, পুং, নাসিকার রোগবিশেষ, নাসিকা হইতে দুর্গন্ধ বহির্গত হওয়া।

পূতিনিরসনক্রিয়া, (Embalming) দুর্গন্ধ-নিবারণের উপায়, মৃতদেহ পচিয়া দুর্গন্ধ বাহির না হইবার উপায়।

পূতিবাত, (পূতি=দুর্গন্ধ—বাত=বায়ু) সং, পুং, বিল্ববৃক্ষ। দুর্গন্ধবায়ু।

পূত্যণ্ড, (পূতি=দুর্গন্ধ—অণ্ড=মুষ্ক বা ডিম্ব) সং, পুং, গন্ধকীট, গঁদোপোকা। কস্তূরী মৃগ।

পূন, (পূ=পবিত্রকরা+ক্ত-প্রং, নিপাতন) বিং, ত্রিং, নষ্ট, নাশপ্রাপ্ত। পবিত্র।

পূপ, (পূ=পবিত্রকরা+প—সংজ্ঞার্থে) সং, পুং, রুটী। পিষ্টক, পিটা।

পূপলা, (পূপ-লা=পাওয়া, হওয়া+ক—আপ্—স্ত্রীলিঙ্গে) ঘৃতপক্ক পিষ্টকবিশেষ।

পূপাষ্টকা, (পূপ—অষ্টকা [অষ্টন্+ক—প্রং] শ্রাদ্ধবিশেষ) সং, স্ত্রীং, অগ্রহায়ণী পূর্ণিমার পর কৃষ্ণাষ্টমীতে পিষ্টক দ্বারা কর্ত্তব্য শ্রাদ্ধবিশেষ।

পূয়, পূয়ন, (পূয়্=দুর্গন্ধ হওয়া+অল্. অনট্—প্রং) সং, ক্লীং, পক্কব্রণাদিসম্ভব ঘনীভূত শুক্লবর্ণ বিকৃত রক্ত, পুঁজ। নরকবিশেষ।

পূর, (পূর্=পরিপূর্ণ হওয়া+অল্—প্রং) সং, পুং, জলসমূহ। প্রবাহ। "পূরোৎপীড়ে তড়াগস্য পরীবাহঃ প্রতিক্রিয়া" উত্তরচরিত। সমূহ। ব্রণসংশুদ্ধি। খাদ্য-বিশেষ। পরিপূরণ। ক্লীং, দাহাগুরু। বিং, ত্রিং, পূর্ণ।

পূরক, (পূর দেখ, ণক—ক) বিং, ত্রিং, পরিপূর্ণকারক। গুণক, যাহা দ্বারা গুণ করা যায়। সং, পুং, গুণসাধক। বীজপূর। প্রাণায়াম বিশেষ, ধ্যাতৃনাসিকা-গতোচ্ছ্বাস। বহির্দ্দেশ হইতে প্রাণবায়ুকে অভ্যন্তরে আনয়ন। প্রেতাশৌচকালে দেয় দশপিণ্ড।

পূরণ, (পূর দেখ, অনট্—ভা) সং, ক্লীং, বৃদ্ধি। পরিপূর্ণ হওয়া। (পূরি=পরিপূর্ণকরা+অনট্—ভা) ক্লীং, পিণ্ড-প্রভেদ। বৃষ্টি। অঙ্কের গুণন। বাপতন্তু, পড়েন। পুং, বিষ্ণুতৈল। সেতু। সমুদ্র। বিং, ত্রিং, গুণক। পূরক, পূরণকারক।

পূরয়িতা,(পূরয়িতৃ, পূরি=পূর্ণকরা+তৃন্—র্ক) বিং, ত্রিং, পূরক, পরিপূর্ণকারক

পূরারি, (পূর=পুঁজ—অরি=শত্রু। ৬ষ্ঠী-য) নিম্ববৃক্ষ, নিমগাছ।

পূরিকা, (পূরী+ক—প্রং) সং, স্ত্রীং, পিষ্টকভেদ। পূরী, কচুরী ইত্যাদি।

পূরিত, (পূর দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, গুণিত। অনুকীর্ণ, কৃতপূরণ ভরিত, পূর্ণ, যাহা পরিপূর্ণ হইয়াছে। সম্ভৃত।

পূরুষ, (পূর্ [পৃথিবী] পরিপূর্ণ হওয়া+উষ—প্রং) সং, পুং, নর, পুংজাতীয় মনুষ্য।

পূর্ণ, (পূর্=পরিপূর্ণকরা+ক্ত—ক) বিং, ত্রিং, পরিপূর্ণ, সম্পূর্ণ। সমগ্র। সকল। সমর্থ। শক্ত।

পূর্ণকাম, (পূর্ণ=পরিপূর্ণ—কাম=ইচ্ছা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সফলমনোরথ, যাহার অভীষ্টসিদ্ধি হইয়াছে। কৃতার্থ।

পূর্ণকুম্ভ, (পূর্ণ=পরিপূর্ণ, পূরিত—কুম্ভ=কলস) সং, পুং, জলপূর্ণ কলস।

পূর্ণপরিবর্ত্তক, (Metabola) যাহারা জন্মাবধি পুনঃপুনঃ বিগ্রহান্তর পরিগ্রহ করে; যথা—ডাঁশ, মশক, মক্ষিকা, প্রজাপতি ইত্যাদি।

পূর্ণপাত্র, (পূর্ণ=সম্পূর্ণ—পাত্র) সং, ক্লীং, বস্তুপূর্ণপাত্র। পুত্রজন্মাদি উৎসবকালে দেয়বস্ত্রালঙ্কারাদি। সম্পূর্ণ পাত্র। হোম-কর্ম্মের ব্রহ্মদক্ষিণা, অর্দ্ধমণপরিমিততণ্ডু-লাদি। [স্ত্রীং, পূর্ণিমা তিথি।

পূর্ণমা, (পূর্ণ=সম্পূর্ণ—মা=চন্দ্র) সং,

পূর্ণমাস, (পূর্ণ=সম্পূর্ণ—মাস) সং, পুং, পৌর্ণমাসযাগ। সী-স্ত্রীং, পূর্ণিমাতিথি।

পূর্ণা, (পূর্ণ+আ—প্রং) সং, স্ত্রীং, পঞ্চমী, দশমী, পূর্ণিমা, অমাবস্যা তিথি।

পূর্ণানক, (পূর্ণ—অন্=গমনকরা, হওয়া +ণক) সং, ক্লীং, পুত্রজন্মাদি উৎসব কালে দেয় বস্ত্রাদিপরিপূর্ণ পাত্রবিশেষ। পটহধ্বনি, ঢাকের শব্দ। চন্দ্রালোক, চন্দ্রকিরণ। [পূর্ত্তি, পূরণ।

পূর্ণি, (পূর দেথ, ক্তি—ভা) সং, স্ত্রীং,

পূর্ণিমা, (পূর্ণ [চন্দ্র] সম্পূর্ণ+ইম—প্রং) সং, স্ত্রীং, শুক্লপক্ষের পঞ্চদশী তিথি।

পূর্ত্ত, (পৃ=পূরণকরা+ক্ত—প্রং) সং, ক্লীং, সাধারণের উপকারের নিমিত্ত পুষ্করিণী ও কূপ খনন প্রভৃতি। খাতাদি কর্ম্ম। পালন। পূরণ। বিং, ত্রিং, পূরিত। আচ্ছাদিত, আচ্ছন্ন।

পূর্ত্তি, (পূর্=পরিপূর্ণকরা+ক্তি—ভা) সং, স্ত্রীং, পূর্ণতা, পরিপূরণ। সন্তার, ব্যাপ্তি।

পূর্ব্ব, (পূর্ব্ব=পূরণকরা+অল্ - প্রং। মহাভারতে এইরূপ কথিত আছে যে গরুড় গালবকে বলিতেছেন, যে পূর্ব্ব-কালে অমরগণ প্রথমে এই দিকেই অবস্থিতি করিতেন, এই জন্যই, ইহার নাম পূর্ব্বদিক্ হইয়াছে) সর্ব্বং, ত্রিং, আদি, প্রথম। প্রাগ্দিগ্দেশকাল। সমগ্র। জ্যেষ্ঠ। পুরাকালীন। প্রাচ্য-দেশীয়। সূর্য্যোদয়দিক্। অগ্র। অগ্র-স্থিত। পশ্চাদ্বর্ত্তী। সং,পুং, বহুং, পূর্ব্ব-পুরুষ। ক্লীং, কারণ। র্ব্বা—স্ত্রীং,পূর্ব্বদিক্

পূর্ব্বকায়, (পূর্ব্ব=প্রথম—কায়=শরীর, ১মা—ষ) সং, পুং, নাভির উর্দ্ধস্থ শরী-রের অর্দ্ধাংশ। [স্ত্রীং, পূর্ব্বদিক্।

পূর্ব্বকাষ্ঠা, (পূর্ব্ব—কাষ্ঠা=দিক্) সং,

পূর্ব্বগঙ্গা, (পূর্ব্ব=প্রথম [এইরূপ উক্ত আছে]—গঙ্গা) সং, স্ত্রীং, নর্ম্মদা নদী।

পূর্ব্বজ, পূর্ব্বজন্মা, (পূর্ব্ব=প্রথম—জ=যে জন্মে। পূর্ব্বজন্মন্, পূর্ব্ব—জন্মন্=জন্ম, ৬ষ্ঠী—হিং) সং, পুং, জ্যেষ্ঠভ্রাতা, অগ্রজ। পূর্ব্বপুরুষ। জা,ন্মা-স্ত্রীং, জ্যেষ্ঠা ভগিনী। দিব্যপিতৃগণ। স্বধাভুজ।

পূর্ব্বজিন, সং, পুং, বুদ্ধজিনবিশেষ, মঞ্জু-ঘোষ। (বহুং) জৈনধর্ম্মপ্রবর্ত্তক চতু-র্ব্বিংশতি ঋষিবিশেষ।

পূর্ব্বতন, (পূর্ব্ব+তন—ভবার্থে) বিং, ত্রিং, প্রথম, পুরাকালীন, পূর্ব্বকার। প্রাক্তন। আদ্য।

পূর্ব্বদিক্পতি, (পূর্ব্ব—দিশ্=দেশ—পতি =প্রভু। ৬ষ্ঠী—ষ) সং, পুং, ইন্দ্র।

পূর্ব্বদেব, (পূর্ব্ব—দেব) সং, পুং, অসুর, দৈত্য। পিতৃলোক।

পূর্ব্বপক্ষ, (পূর্ব্ব=প্রথম—পক্ষ=বিত-র্কাদি) সং, পুং, শাস্ত্রীয় প্রশ্ন। সিদ্ধান্ত-বিরুদ্ধকোটি। অভিযোগ। শুক্লপক্ষ। ফক্কিকা।

পূর্ব্বপর্ব্বত, (পূর্ব্ব=প্রাচ্যদেশীয়—পর্ব্বত, য়ং-স) সং, পুং, উদয়াচল, উদয়গিরি।

পূর্ব্বফল্গুনী, (পূর্ব্ব=প্রথম—ফল্গুনী= নক্ষত্রবিশেষ। সং, স্ত্রীং, নক্ষত্রবিশেষ।

পূর্ব্বফল্গুনীভব, (পূর্ব্বফল্গুনী—ভব=জাত) সং, পুং, বৃহস্পতি।

পূর্ব্বভাদ্রপদ, (পূর্ব্ব=প্রথম—ভাদ্রপদ= নক্ষত্রবিশেষ) সং, পুং, দা—স্ত্রীং, নক্ষত্রবিশেষ।

পূর্ব্বরঙ্গ, (পূর্ব্ব—রঙ্গ=নাট্যাদি) সং, পুং, নাট্যক্রিয়ার উপক্রম, প্রাক্সঙ্গীত। নান্দীপাঠাদি, প্রস্তাবনা। গুণনিকা। নাট্যশালা।

পূর্ব্বরাগ, (পূর্ব্ব=প্রথম—রাগ=অনু-রাগ) সং, পুং, প্রথমানুরাগ, পরস্পর দর্শন বা লোকমুখে গুণাদি শ্রবণ দ্বারা

অনুরক্ত নায়ক নায়িকার বিরহনিবন্ধন শোচনীয় অবস্থাবিশেষ; সেই অবস্থা দশবিধ; অভিলাষ, চিন্তা, স্মৃতি, গুণ-কথন, উদ্বেগ, প্রলাপ, উন্মাদ, রোগ, মূর্চ্ছা, মরণ।

পূর্ব্বরাত্র, (পূর্ব্ব—রাত্রি, ৬ষ্ঠী—ষ, অ—প্রং) সং, পুং, রাত্রির প্রথম ভাগ।

পূর্ব্বরূপ, (পূর্ব্ব—রূপ=গঠন) সং, ক্লীং, পূর্ব্বলক্ষণ, বৈদ্যমতে ভাবীব্যাধি-বোধকলক্ষণ। ভাবিচিহ্ন।

পূর্ব্বলক্ষণ, (পূর্ব্ব—লক্ষণ=চিহ্ন) সং, ক্লীং, ভাবি পদার্থের প্রথম চিহ্ন।

পূর্ব্ববৎ, (পূর্ব্ব+বৎ—তুল্যার্থে) অং, পূর্ব্বের সদৃশ। [কার্য্যাবধারণ।

পূর্ব্ববৎসাধন, সং, ক্লীং, কারণ দেখিয়া

পূর্ব্ববাদ, (পূর্ব্ব=প্রথম—বাদ=কথন) সং, পুং, প্রথম আবেদন, প্রথম অভি-যোগ। পূর্ব্বপক্ষ।

পূর্ব্ববাদী, (পূর্ব্ববাদিন্, পূর্ব্ব=প্রথম—বদ্=বলা+ণিন্—ক) সং, পুং, প্রাগ-ভিযোক্তা, যে ব্যক্তি প্রথমে নালিস করে, প্রথমবাদী। অগ্রবক্তা।

পূর্ব্বশৈল, (পূর্ব্ব=প্রাচ্যদেশীয়—শৈল=পর্ব্বত, য়ং—স) সং, পুং, উদয় পর্ব্বত।

পূর্ব্বসর, (পূর্ব্ব=প্রথম—সৃ=গমনকরা+অল্—প্রং) বিং, ত্রিং, অগ্রসর, অগ্রগামী।

পূর্ব্বাদ্রি, (পূর্ব্ব=প্রাচ্যদেশীয়—অদ্রি=পর্ব্বত, য়ং—স) সং, পুং, উদয়াচল।

পূর্ব্বাষাঢ়া, (পূর্ব্ব=প্রথম—আষাঢ়া=নক্ষত্রবিশেষ) সং, স্ত্রীং, অশ্বিন্যাদি-সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত নক্ষত্র।

পূর্ব্বাহ্ন, (পূর্ব্ব—অহন্=দিন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ত্রিধা বিভক্ত দিনের প্রথম ভাগ, সূর্য্যোদয়াবধি ১০ দণ্ড কাল।

পূর্ব্বেণ, (তৃতীয়ান্ত পূর্ব্বশব্দজ) অং, পূর্ব্ব-দিকে দেশে বা কালে। পূর্ব্বে, পুরস্তাৎ।

পূর্ব্বেদ্যুস্, (পূর্ব্ব+এদ্যুস্—দিবসার্থে) অং, পূর্ব্বদিনে। প্রাতঃকাল। ধর্ম্ম-বাসর। গতকল্য।

পূর্ব্বোক্ত, (পূর্ব্ব—উক্ত=কথিত) বিং, ত্রিং, পূর্ব্বকথিত, প্রাগুক্ত, যাহা প্রথমে বলা হইয়াছে।

পূষ, (পুষ্=বৃদ্ধি পাওয়া+অল্—প্রং) সং, পুং, ব্রহ্মদারুবৃক্ষ, তুঁতগাছ।

পূষভাসা, (পূষন্=সূর্য্য—ভাস্=দীপ্তি, সূর্য্যের ন্যায় দীপ্তিশালিনী) সং, স্ত্রীং, ইন্দ্রনগরী। সুরপুরী। অমরাবতী।

পূষসুহৃদ, (পূষন্=সূর্য্য—সুহৃদ্=বন্ধু) সং, পুং, শিব। [—প্রং) সং, পুং, সূর্য্য।

পূষা, (পূষন্, পূষ্=পোষণকরা+অন্

পৃক্কা, (স্পৃশ্=স্পর্শকরা+ক—প্রং, নি-পাতন) সং, স্ত্রীং, শাকবিশেষ। পিড়িংশাক।

পৃক্ত, (পৃচ=সংস্পৃষ্ট হওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, সম্পর্কযুক্ত। মিশ্রিত। সংলগ্ন স্পৃষ্ট। যুক্ত। সং, ক্লীং, ধন।

পৃক্তি, (পৃক্ত দেখ, ক্তি—ভা) সং, স্ত্রী সংস্পর্শ, সম্পর্ক। মিশ্রণ।

পৃচ্ছা, (প্রচ্ছ=জিজ্ঞাসাকরা+আ—ভা সং, স্ত্রীং, প্রশ্ন, জিজ্ঞাসা।

পৃতনা, (পৃ=পূর্ণকরা+অন্—প্রং সং, স্ত্রীং, সেনা, সৈন্যদল। বাহিনী ত্রয়। তদ্‌যথা, গজ ২৪৩, রথ ২৪৩, অ ৭২৯, পদাতি ১২১৫ সমুদায়ে ২৪৩০।

পৃতনাষাট্, (পৃতনাসাহ্, পৃতনা=সৈন্য দল—সহ [সহ্যকরা] সমকক্ষ হওয় +ক্বিপ্—প্রং) সং, পুং, ইন্দ্র।

পৃথক্, (পৃথ্=ক্ষেপণকরা+অক—প্রং অং, ভিন্ন, বিনা, অন্য। ইতর। বর্জ্জন। নীচ। নানা।

পৃথগাত্মতা, (পৃথগাত্মন্ [পৃথক=ভিন্ন—আত্মন্=স্বভাব, ৬ষ্ঠী—হিং] +তা—ভাবে) সং, স্ত্রীং, বিবেক, বিজ্ঞান, বৈরাগ্য, বিরাগ। ইতরবিশেষ-বিবে-চনা। বিভাবন।

পৃথগ্জন, (পৃথক্ [গুণ হইতে] ভিন্ন—জন=লোক, য়ং—স) সং, পুং, মূর্খ

নীচলোক, পাপী, ইতরলোক।

পৃথগ্বিধ, (পৃথক্—বিধা=প্রকার) বিং, ত্রিং, বিবিধ। নানারূপ। ভিন্ন ভিন্ন প্রকার।

পৃথা, (প্রথ্=বিখ্যাত হওয়া+অ, আ—প্রং) সং, স্ত্রীং, কুন্তী, পাণ্ডুরাজার পত্নী।

পৃথাজ, পৃথাসুত, (পৃথা—জ=জাত। পৃথা—সুত=পুত্র) সং, পুং, কুন্তীপুত্র, যুধিষ্ঠিরাদি। অর্জ্জুনবৃক্ষ।

পৃথিবী, পৃথ্বী, (প্রথ্=বিখ্যাত হওয়া+ইবি, বি—প্রং। কিম্বা প্রথ্ [বিস্তার] পাওয়া+ইবি, বী—প্রং, প্রথ স্থানে পৃথ্ আদেশ অথবা পৃথু রাজার কন্যা বলিয়া পৃথিবী, পৃথ্বী) সং, স্ত্রীং, ভূমি, ধরা, বিশ্বম্ভরা, ধরিত্রী। "দুহিতৃত্বমনুপ্রাপ্তা দেবী পৃথ্বী তথোচ্যতে।"

পৃথিবীপতি, পৃথিবীপাল, পৃথিবীক্ষিৎ, (পৃথিবী—পতি, ৬ষ্ঠী—ষ। পৃথিবী—পাল=যে পালন করে ২য়া—ষ। পৃথিবী—ক্ষিৎ=যে আধিপত্য করে, পালন করে, সপ্তমী—ষ) সং, পুং, ভূপতি, রাজা। যম। ঋষভনামৌষধ।

পৃথিবীরুহ, (পৃথিবী—রুহ=যে জন্মে, ৭মী—য) সং, পুং, ভূরুহ, বৃক্ষ, গাছ।

পৃথিবীশক্র, (পৃথিবী—শক্র=ইন্দ্র) সং, পুং, রাজা।

পৃথু, (পৃথা দেখ, উ—প্রং। মহাবলপরাক্রান্ত বেণ-তনয় ভূমণ্ডলস্থ যাবতীয় বীরগণকে পরাভূত করিয়াছিলেন। ইহাঁর নাম হইতে ধরিত্রীর নাম পৃথিবী হইয়াছে) সং, পুং, ত্রেতাযুগে সূর্য্যবংশীয় পঞ্চম নৃপ, বেণরাজপুত্র। অগ্নি। স্ত্রীং, কৃষ্ণজীরক। হিঙের পাতা। অহিফেন। বিং, ত্রিং, মহৎ। শ্রেষ্ঠ। বিস্তৃত। বিশাল, নিপুণ। বৃহৎ। স্থূল।

পৃথুক, (পূর্ব্বে দেখ, ক—যোগ) সং, ত্রিং, বালক, শাবক, বাচ্ছা। অর্ভক। সং, পুং, ক্লীং চিপিটক চিড়া।

পৃথুরোমা, (পৃথুরোমন্, পৃথু=বৃহৎ—রোমন্=লোম (আঁইস], ৬ষ্ঠী—হিং) সং, পুং, মৎস্য। বিং, ত্রিং, বৃহল্লোমযুক্ত।

পৃথুল, (পৃথু+ল—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বৃহৎ বড়। বিস্তৃত। স্থূল। মহৎ।

পৃথুশেখর, (পৃথু=বৃহৎ—শেখর=চূড়া) সং, পুং, পর্ব্বত। [পুং, শূকর, বরাহ।

পৃথুস্কন্ধ, (পৃথু=বৃহৎ—স্কন্ধ=কাঁধ) সং,

পৃথূদর, (পৃথু—উদর=পেট, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মেষ। বিং, ত্রিং, স্থূলোদর।

পৃথ্বী, (পৃথু=রাজাবিশেষ+ঈ—প্রং। পৃথুরাজার রাজ্য) সং, স্ত্রীং, পৃথিবী, ধরিত্রী। হিঙ্গু পত্রী। কৃষ্ণজীরক। পুনর্নবা। স্থূলৈলা।

পৃদাকু, (পর্দ্দ্=অপান বায়ু ত্যাগকরা+আকু—প্রং) সং, পুং, সর্প। বৃশ্চিক। ব্যাঘ্র, চিত্রক, চিতেবাঘ। কুঞ্জর, হস্তী। বৃক্ষ।

পৃশ্নি, (স্পৃশ্=স্পর্শকরা+নি—প্রং। যাহাকে সহজেই স্পর্শ করা যায়) বিং, ত্রিং, খর্ব্ব। বামন। ক্ষুদ্র, সূক্ষ্ম, পাতলা। দুর্ব্বল। সং, স্ত্রীং, রশ্মি, কিরণ। সুতপোরাজপত্নী, যিনি জন্মান্তরে দেবকী হইয়াছিলেন। রত্ন। জলের পানা। পৃথিবী।

পৃশ্নিকা, সং, স্ত্রীং, কুম্ভিকা, জলের পানা।

পৃশ্নিগর্ভ, পৃশ্নিভদ্র, (পৃশ্নি=দেবকীর নামান্তর—গর্ভ=গর্ভস্থিত জীব। পৃশ্নি দেবকী—ভদ্র=ভাগ্য, শুভচিহ্ন) সং, পুং, কৃষ্ণ। [পুং, কৃষ্ণ। গণেশ।

পৃশ্নিশৃঙ্গ, (পৃশ্নি=ক্ষুদ্র—শৃঙ্গ=চূড়া) সং,

পৃশ্নী। সং, স্ত্রীং, কুম্ভিকা, জলের পানা। বারিপর্ণী।

পৃষৎ, (পৃষ্=সেচনকরা+শতৃ—প্রং) সং, ক্লীং, জল বা তরল বস্তুর বিন্দু। পুং, তী—স্ত্রীং, মৃগবিশেষ। বিং, ত্রিং, সিক্ত, প্রোক্ষিত।

পৃষৎক, (পৃষৎ=হরিণ+ক—যোগ। হরিণ সদৃশ আশুগামী) সং, পুং,

বাণ, শর, তীর।
পৃষত, (পৃষৎ দেখ, অত—প্রং) সং, পুং, জলাদির বিন্দু। শ্বেতবিন্দুযুক্ত মৃগবিশেষ
পৃষতাম্পতি, পৃষতাশ্ব, (পৃষৎ [দ্বিতীয়ার বহুবচনে পৃষতাম্] হরিণ—পতি= প্রভু। পৃষত=মৃগবিশেষ-অশ্ব=ঘোটক) সং, পুং, অনিল, বায়ু, সমীরণ।
পৃষতী, (পৃষৎ+ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, হরিণীবিশেষ, শ্বেতবিন্দুযুক্তা মৃগী। অঞ্জন-শলাকা।
পৃষদশ্ব, (পৃষৎ=হরিণ—অশ্ব=ঘোটক) সং, পুং, বায়ু, অনিল, সমীরণ।
পৃষদাজ্য, (পৃষৎ=তরল বস্তুর বিন্দু— আজ্য=ঘৃত) সং, ক্লীং, দধিমিশ্রিত ঘৃত।
পৃষদ্বল, (পৃষৎ=হরিণ+বল—প্রং) সং, পুং, বায়ুর অশ্ব। পবন।
পৃষন্তি, (পৃষৎ দেখ, অন্তি—প্রং) সং, ক্লীং, জলাদির বিন্দু, কণা। [নগরী।
পৃষভাষা, সং, স্ত্রীং, অমরাবতী, ইন্দ্র-
পৃষাকরা, সং, স্ত্রীং, বাট্‌খারা। ক্ষুদ্রশিলা।
পৃষাতক, (পৃষ=তরল বস্তুর বিন্দু—অৎ =গমনকরা, বা হওয়া+অ এবং ক— প্রং) সং, ক্লীং, দধিযুক্ত ঘৃত।
পৃষোদর, (পৃষৎ=বিন্দু—উদর=পেট, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বিন্দুগর্ভিত, শ্বেতচিত্রিতোদর। যাহার উদরে গোলাকার চিহ্ন আছে।
পৃষোদ্যান, (পৃষৎ—উদ্যান=বাগান। ৎ=লোপ) সং, ক্লীং, সঙ্কীর্ণ উদ্যান, ছোট বাগান। ক্ষুদ্রোপবন।
পৃষ্ট, (প্রচ্ছ=জিজ্ঞাসাকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, জিজ্ঞাসিত।
পৃষ্ঠ, (পৃষ=সেচনকরা+থ—প্রং) সং, ক্লীং, শরীরপশ্চাদ্ভাগ, পিঠ। বহির্দ্দিক। পাত, পৃষ্ঠা। চরমমাত্র।
পৃষ্ঠগ্রন্থি,(পৃষ্ঠ=পশ্চাদ্ভাগ—গ্রন্থি=গাঁইট) সং, পুং, কুঁজ। গড়ু।
পৃষ্ঠচর, (পৃষ্ঠ—চর্=গমনকরা+অল্— প্রং) বিং, ত্রিং, পশ্চাদ্ভাগে স্থিত।
পৃষ্ঠচক্ষুঃ, (পৃষ্ঠচক্ষুস্, পৃষ্ঠ—চক্ষুঃ=অক্ষি ৬ষ্ঠী—হিং) সং, পুং, কর্কট।
পৃষ্ঠতঃ, (পৃষ্ঠতস্, পৃষ্ঠ+তস্—প্রং) অং, পশ্চাদ্ভাগে, পেছনে। পৃষ্ঠদেশে।
পৃষ্ঠদৃষ্টি, (পৃষ্ঠ—দৃষ্টি=দর্শন, ৬ষ্ঠী—হিং। যাইতে যাইতে পশ্চাদ্ভাগে দৃষ্টিনিক্ষেপ করে বলিয়া) সং, পুং, ভল্লূক, ভালুক।
পৃষ্ঠবংশ, (পৃষ্ঠ—বংশ=বাঁশ, ৬ষ্ঠী—য) সং, পুং, পৃষ্ঠাস্থি, পিঠের ডাঁড়া। কশেরু
পৃষ্ঠবাট্—হ্‌, (পৃষ্ঠবাহ্, পৃষ্ঠ—বাহ্=যে বহন করে। প্রষ্টবাহ্ শব্দও হয়) সং, পুং, যুগপার্শ্বগ বৃষ। যে বৃষ পিঠে বোঝা বহনকরে।
পৃষ্ঠমাংসাদ, (পৃষ্ঠ=পিঠ—মাংস—অদ্= ভক্ষণকরা+অল্—প্রং) বিং, ত্রিং, পরোক্ষে অপবাদকারী। নিন্দুক। ঠক। পৃষ্ঠমাংসভোজী।
পৃষ্ঠমাংসাদন, (পৃষ্ঠমাংস—অদন=ভোজন) বিং, ত্রিং, পৃষ্ঠমাংসভোজী। পরোক্ষে দোষকীর্ত্তন।
পৃষ্ঠশয়, (পৃষ্ঠ—শী+অন্) বিং, ত্রিং, উত্তানশয়। ঊর্দ্ধমুখ।
পৃষ্ঠশৃঙ্গ, (পৃষ্ঠ=পশ্চাদ্ভাগ—শৃঙ্গ=শিং। যাহার শৃঙ্গ পৃষ্ঠের দিকে অবনত থাকে) সং, পুং, বন্যছাগল।
পৃষ্ঠশৃঙ্গী, (পৃষ্ঠশৃঙ্গিন্, পৃষ্ঠ=পিঠ—শৃঙ্গ= শিং+ণিন্—প্রং) সং, পুং, ভীমসেন। নপুংসক, ক্লীব। মহিষ। মেষ।
পৃষ্ঠাস্থিত, (পৃষ্ঠ—অস্থি=হাড়+ইত— অস্ত্যর্থে) বিং, ত্রিং, যে প্রাণীর পৃষ্ঠের ডাঁড়া আছে।
পৃষ্ঠোদয়, (পৃষ্ঠ—উদয়) সং, পুং, মেষ বৃষ, কর্কট ধনু মকর মীন লগ্ন। [রশ্মি।
পৃষ্ণি,বিং,ত্রিং,প্রশ্নি। ক্ষুদ্র। স্ত্রীং,পার্ষ্ণি
পেচক, (পচ্=পাককরা, ব্যক্তকরা+ ণক—প্রং) সং, পুং, পেঁচা পক্ষী। মধুমক্ষিকা। হস্তীর পুচ্ছমূল। স্ত্রীযোনি আচ্ছাদক মাংসপিণ্ডবিশেষ। পর্য্যঙ্ক মেঘ।

পেচকী, (পেচকিন্, পেচক=হস্তীর পুচ্ছ-মূল+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, হস্তী।

পেচিল, (পেচক=হস্তীরপুচ্ছমূল+ইল—অস্ত্যর্থে। পেচক=পেচ।সং, পুং,হস্তী।

পেচু, পেচুল—পুং,পেচুলী—স্ত্রীং, (পিচ=আঘাতকরা+উ, উল—প্রং) সং, পুং, কচুশাক।

পেট—পুং, পেটিকা,পেটী—স্ত্রীং, পেটক—পুং, ক্লীং, পেড়া—স্ত্রীং, } (পিট্=সংহত হওয়া+অ, ক—প্রং) সং, বংশ-বেত্রাদি নির্ম্মিত সমুদ্গকপ্রায় পেটরা। ঝাঁপি প্রভৃতি। সমূহ। [গর্ভ।

পেট, (পেটক শব্দজ) সং, উদর, জঠর, পেটরা, সং, পেটিকা, পেটেরা, পেঁড়া।

পেটুক, বিং, ত্রিং,উদরম্ভরি, পেটসর্ব্বস্ব।

পেয়, (পা=পানকরা+য-র্ম্ম) সং, ক্লীং, জল দুগ্ধ। অষ্টবিধানান্তর্গত অন্নবিশেষ। বিং, ত্রিং,পানীয়, পানযোগ্য, পাতব্য।

পেয়ূষ, (পীয্ [সৌত্রধাতু] তৃপ্তকরা+উষ—প্রং) সং, ক্লীং,পুং, নবপ্রসূতা গাভীর দুগ্ধ। পীযূষ, অমৃত। অভিনব ঘৃত।

পেরু, (পী=পানকরা+রু—সংজ্ঞার্থে) সং.পুং, বহ্নি। সূর্য্য। সমুদ্র। সুমেরুপর্ব্বত। ঢক্কা। [তাশ্ম। পেরজ।

পেরোজ, সং.ক্লীং, উপরত্নবিশেষ। হরি-

পেল, (পিল্=প্রেরণকরা বা পেল্=গমনকরা+অ—প্রং) সং, ক্লীং, মুষ্ক, অণ্ডকোষ। পুং. ক্ষুদ্রাংশ। গমন। বামন।

পেলব, (পেল=ক্ষুদ্রাংশ—বা গমনকরা+অল্—প্রং) বিং, ত্রিং, কৃশ, ক্ষীণ। কোমল, নরম, মৃদু। বিরল। সূক্ষ্ম।

পেশল, পেষল,পেসল, (পিশ্=অবয়বীভূত হওয়া, পিষ্=চূর্ণকরা, পিস্=গমনকরা+অল্—প্রং, কিম্বা পেশ+ল—অস্ত্যর্থে) বিং, ত্রিং, দক্ষ, চতুর, নিপুণ। চারু,সুন্দর, মনোহর। মৃদু কোমল। ধূর্ত্ত। [পোকা।

পেশস্কৃৎ, সং,পুং, কীটবিশেষ, কুমীরকে-

পেশি, (পিশ্—অবয়বীভূতহওয়া+ই—ক) সং, পুং, বজ্র। শতকোটি। স্ত্রীং, ডিম্ব। খড়্গাদিকোষ, খাপ্। মাংসপিণ্ড। সুপক্ক মুকুল। নদীবিশেষ। পিশাচীবিশেষ।

পেশী, (Muscle, পেশি দেখ, ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, যে যন্ত্র দ্বারা ইচ্ছামাত্র দেহের ভিন্ন ভিন্ন প্রদেশের সঞ্চালনকার্য্য সম্পন্ন হয়, পেশী কেবল মাংসসমষ্টি মাত্র। ডিম্ব। মুকুল। খড়্গকোষ। নদীবিশেষ। পিশাচীবিশেষ। রাক্ষসীবিশেষ।

পেষণ, (পিষ্=চূর্ণকরা+অনট্—প্রং) সং. ক্লীং, মর্দ্দন, চূর্ণন। পেষণপাত্র, খলাদি। তেকাটাসিজ। যন্ত্রপেষণী।

পেষণি—ণী,(পিষ্=চূর্ণকরা+আন—প্রং) সং, স্ত্রীং, পেষণযন্ত্র। শিল লোড়া। যাঁতা। গৃহকচ্ছপ। [কর্ণ, শ্রোত্র।

পৈঙ্গূষ, (পিঙ্গূষ+ষঞ্—প্রং) সং, পুং,

পৈঠর, (পিঠর=স্থালী—ষঞ্—পক্কার্থে) বিং, ত্রিং, স্থালীপক্ক (মাংসাদি)।

পৈঠীনসি, সং, পুং, মুনিবিশেষ।

পৈণ্ডিন্য, (পিণ্ড=অন্নাদির ডেলা+ইন্—অস্ত্যর্থে, য—ভাবে) সং, স্ত্রীং, ভিক্ষাবৃত্তি, যাচ্ঞাকরা। ভিক্ষুকতা। যাচকবৃত্তি।

পৈতা, সং, যজ্ঞোপবীত।

পৈতামহ, (পিতামহ+ষ্ণ—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, পিতামহসম্বন্ধীয়।

পৈতৃক, (পিতৃ+ক—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, পিতৃ-পিতামহাদিসম্বন্ধীয়।

পৈতৃষস্রেয়, পৈতৃষস্রীয়, (পিতৃষস্থ=পিসী+ষ্ণেয়, ষ্ণীয়—অপত্যার্থে) সং, পুং, য়া, য়ী—স্ত্রীং, পিতার ভাগিনেয় বা ভাগিনেয়ী।

পৈত্ত, পৈত্তিক, (পিত্ত+ষ্ণ, ষ্ণিক—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, পিত্তসম্বন্ধীয়, পিত্তজন্যরোগ।

পৈত্র, পৈত্র্য, পৈত্রিক, (পিতৃ+ষ্ণ, ষ্ণ্য,

-ষ্ণিক—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, পৈতৃক, পিতৃসম্বন্ধীয়। সং, ক্লীং, পিতৃতীর্থ। অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর মধ্যভাগ।

পৈত্রাহোরাত্র, (পৈত্র=পিতৃসম্বন্ধীয়—অহন্=দিবস—রাত্রি) সং, পুং, পিতৃলোকের দিবারাত্র অর্থাৎ এক সমগ্র দিন, তাহা নরলোকের এক মাস।

পৈরববল্কল—পেরুদেশজাত সিঙ্কোনা নামক গাছের ছাল, যাহা হইতে জগদ্বিখ্যাত মহৌষধ কুইনাইন্ প্রস্তুত হয়।

পৈল, সং, পুং, ঋগ্বেদজ্ঞ মুনিবিশেষ। ঋগ্বেদী।

পৈশাচ, (পিশাচ+ষ্ণ—সম্বন্ধার্থে) সং, পুং, অষ্টকপ্রকার বিবাহান্তর্গত অষ্টম বিবাহ। বলপূর্ব্বক বিবাহ, ছলপূর্ব্বক কন্যার পাণিগ্রহণ। বিং, ত্রিং, পিশাচসম্বন্ধীয়। আসুরিক। দৈত্যোপযুক্ত।

পৈশুন্য, (পিশুন=খল+ষ্ণ্য-ভাবে, কর্ম্মণি) সং, ক্লীং, সূচনা। খলতা, ধূর্ত্ততা। দশবিধপাপান্তর্গত বাঙ্ময় পাপবিশেষ।

পৈষ্টিক, (পিষ্ট+ষ্ণিক—প্রং) বিং, ত্রিং, পিষ্টসম্বন্ধীয়। সং, ক্লীং, পিষ্টকসমূহ। মদ্যবিশেষ।

পৈষ্টী, (পিষ্ট+ষ্ণ, ঈপ্—প্রং) সং, স্ত্রীং, মদ্যবিশেষ, ধেনো মদ।

পো, (পুত্রশব্দজ) সং, সন্তান।

পোয়া, সং, সেরের চতুর্থাংশ।

পোয়াতি, (প্রসূতি শব্দজ) সং, নবপ্রসূতা স্ত্রী। গর্ভিণী, সসত্ত্বা।

পোঁটা, (দেশজ) সং, নাড়ী, অন্ত্র, আঁত। নাসিকার মল। সিক্নি।

পোঁদ, পোঙ্গা, (পায়ু শব্দজ) সং, গুহ্যদেশ। পাছা। মলদ্বার।

পোকা, (দেশজ) সং, কীট, কৃমি।

পোক্ত, (যবন ভাষা) বিং, পরিপক্ব, পোক্তা। কঠিন। শক্ত। দৃঢ়।

পোগণ্ড, (অপ=না, অপকৃষ্ট—গম=গমনকরা+ড—প্রং। অপ=পো) বিং, ত্রিং, বিকলাঙ্গ। অপোগণ্ড। স্বভাবতঃ ন্যূনাধিকাঙ্গ। সং, পুং, ৫ অবধি ১৫ বর্ষের শিশু। "শরীরে ষড়বস্থাঃ। বালঃ পোগণ্ডঃ কুমারস্তরুণো-বৃদ্ধো দশমীতি বৈদ্যকোক্তাঃ।"

পোট, (পুট্=মিলিত হওয়া+ঘঞ্—প্রং) সং, পুং, সংশ্লেষ। স্পর্শ। মিলন। বেশ্মভূমি

পোটগল, (পোট [বায়ুর সহিত] মিলন—গল=গমনকরা+অল্—প্রং। যে বায়ুর সহিত গমন করে, অর্থাৎ বায়ুভরে তরঙ্গিত হয়) সং, পুং, খাগ্ড়া, নল। কাশ, বংশ।

পোটা, (পুট্=সংযুক্ত হওয়া+ঘঞ্, আ—প্রং। যে স্ত্রী পুরুষের লক্ষণবিশিষ্ট হয়) সং, স্ত্রীং, স্ত্রীপুংসলক্ষণা। শ্মশ্রুবিশিষ্টা স্ত্রী। যে স্ত্রীর দাড়ী আছে।

পোটিক, (পোট+ষ্ণিক—প্রং) সং, পুং, বিস্ফোটক, ফোড়া।

পোট্টলিকা, পোট্টলী, সং, স্ত্রীং, বস্ত্রবন্ধ দ্রব্য, গাঁঠ্রি, পুঁটুলি।

পোড়ন, (দেশজ) সং, দহন, জ্বলন।

পোড়া, (দেশজ) বিং, দগ্ধ, কৃতদাহ। জ্বলন্ত।

পোড়ু, সং, পুং, ললাটাস্থির অধোভাগ।

পোত, (পূ=পবিত্রকরা+ক্ত—প্রং) সং, পুং, শিশু, শাবক। বহিত্র, নৌকাদি জলযান, জাহাজ। গৃহনির্ম্মাণস্থান, পোতা। বস্ত্র। দশমবর্ষ বয়স্ক হস্তী

পোতকী, পোতিকা, (পূত [নামধাতুজ=দুর্গন্ধ হওয়া+অক—প্রং) সং, ক্লীং, পুইশাক। শ্যামাপক্ষী।

পোতনায়ক, (পোত = নৌকাজাহাজাদিজলযাননায়ক=চালক) সং, পুং, পোতাধ্যক্ষ, জাহাজাদির কাপ্তেন।

পোতরক্ষ, (পোত=নৌকাদি—রক্ষ=রক্ষাকরা+অল্—প্রং) সং, পুং, নৌকা প্রভৃতির হাইল্।

পোতবণিক্, পোতবণিজ্, (পোত=নৌকা—বণিক্=বেণে, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সাংযাত্রিক, জলপথে বাণিজ্যকারী

পোতবাহ, (পোত—বহ্=বহনকরা+ঘঞ্—ক, ২য়া—ষ) সং, পুং, নাবিক, দাঁড়িমাঝী। নিয়ামক।

পোতা, (পোতৃ, পূ=পবিত্রকরা+তৃন্—র্ক) সং, পুং, যজ্ঞাদিকার্য্যে দীক্ষিত পুরোহিতবিশেষ, ঋত্বিক্। বিষ্ণু।

পোতাচ্ছাদন, (পোত=বস্ত্র—আচ্ছাদন=আবরণ) সং, ক্লীং, বস্ত্রগৃহ, তাঁবু। চন্দ্রাতপ, চাঁদোয়া।

পোতাধান, (পোত—আধান=গ্রহণ) সং, ক্লীং, ক্ষুদ্রমৎস্যসমূহ, পোনার ঝাঁক। মাছের ডিম।

পোতাধিষ্ঠাননগর—যে স্থানে জাহাজাদি নোঙর করিয়া থাকে, তাহার সন্নিহিত নগর, বন্দর।

পোতাশ্রয়, (Harbour) যে স্থানে জাহাজাদি নিরাপদে নোঙর করা থাকে।

পোত্র, (পূ=পবিত্রকরা+ত্র—প্রং) সং, ক্লীং, শূকরের মুখাগ্র, শূকরের থুব্নি। হলমুখ, লাঙ্গলের ফাল। ক্রোড়। বজ্র। বহিত্র। [পুং, বরাহ, শূকর।

পোত্রায়ুধ, (পোত্র—আয়ুধ=অস্ত্র) সং,

পোত্রী, (পোত্রিন্, পোত্র+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, শূকর, বরাহ।

পোদ,(দেশজ) সং,বর্ণসঙ্কর জাতিবিশেষ।

পোদ্দার, (যবনভাষা) সং, বণিক্,বেণে।

পোয়ান, (দেশজ) সং, ঘটাদি-দাহ-স্থান। কুম্ভকারের পোন। অগ্নি বা সূর্য্যের উত্তাপ সেবন। [খড়।

পোয়াল, (পলাল শব্দজ) সং, বিচিলি,

পোলিকা, সং, স্ত্রীং, পিষ্টকবিশেষ, পূপিকা, পাতলা রুটি।

পোষ, পুং, পোষণ—ক্লীং, (পুষ্=পালনকরা+ঘঞ্, অনট্—ভা) সং, ক্লীং, পালন। বৰ্দ্ধন।

পোষক, (পোষ দেখ, ণক—ক) বিং, ত্রিং, পালক। পোষণকারী। বাক্যের সাহায্যকারী।

পোষণপ্রবাহ, (Nutritive Strength) যে শক্তি দ্বারা ভুক্তদ্রব্য রক্তরূপে পরিণত হইয়া শরীরের পুষ্টিসম্পাদন করে।

পোষয়িতৃ, (পোষি=পালনকরান+ইতৃ—ক) বিং, ত্রিং, পোষণকর্ত্তা। সং, পুং, কোকিল। ভর্ত্তা।

পোষ্টা, (পোষ্টৃ, পুষ=পালনকরা+তৃন্—ক) বিং, ত্রিং,প্রতিপালক, পোষণকর্ত্তা।

পোষ্য, (পুষ্=পালনকরা+য—র্ম্ম) বিং, ত্রিং, পোষণীয়, প্রতিপাল্য। ভৃত্য।

পোষ্যপুত্র,(পোষ্য—পুত্র)সং,পুং, দত্তকপুত্র, পুষ্যিপুত্র।

পোষ্যবর্গ, (পোষ্য—বর্গ=শ্রেণী) সং,পুং, প্রতিপালনীয়গণ, যাহাদিগকে প্রতিপালন করিতে হয়, পিতা মাতা সন্তান অতিথি প্রভৃতি। "মাতা পিতা গুরুঃ পত্নীত্বপত্যানি সমাশ্রিতাঃ। অভ্যাগতোঽতিথিশ্চাগ্নিঃ পোষ্যবর্গা অমী নব"। পরিবার। অনুচর। ভৃত্য।

পৌংসবন, (পুংসবন+ষ্ণ—স্বশ্রাব্যার্থে) সং, ক্লীং, পুংসবন সংস্কার।

পৌংস্ন, (পুমস্=পুরুষ+স্ন—ভাবে) সং, ক্লীং, পুংস্ত্ব, পুরুষত্ব।

পৌগণ্ড, (পোগণ্ড+ষ্ণ—প্রং) সং, ক্লীং, অবস্থাবিশেষ, পোগণ্ডাবস্থা।

পৌণ্ড্র, (পুণ্ড্র+ষ্ণ—প্রং) সং, পুং,পুণ্ড্রদেশ, চন্দেলনামে খ্যাত। তদ্দেশীয় লোক। ভীমসেনের শঙ্খ। ইক্ষুভেদ, পুঁড়ি আক।

পৌণ্ড্রক, পৌণ্ড্রিক, (পৌণ্ড্র—ক—যোগ। পুণ্ড্র+ষ্ণিক—প্রং) সং, পুং, পুঁড়িআক। জাতিবিশেষ, পুঁড়ো। সেব্য। মধু। [যোগ) সং, ক্লীং,পরিমাণ।

পৌতব, (পূ=শুদ্ধ করা+তু—প্রং,অ—

পৌত্তলিক, (পুত্তলি+ষ্ণিক—) বিং, ত্রিং, সাকারদেবীপ্রতিমাপূজক, পুত্তলিপূজক।

পৌত্র, (পুত্র+ষ্ণ—অপত্যার্থে) সং, পুং, ত্রী—স্ত্রীং, পুত্রের পুত্র বা কন্যা। নাতি বা নাতিনী।

পৌনঃপুনিক, (Recurring, পুনঃপুনর্

+ষ্ণিক—প্রং) বিং ত্রিং, পুনঃপুনর্জাত, যাহা একরূপে বারম্বার উৎপন্ন হয়। অঙ্কশাস্ত্রে দশমিকের এক অংশ।

পৌনঃপুন্য, (পুনর্‌+য—দ্বিত্ব) সং,ক্লীং, পুনঃ পুনঃ, বারম্বার।

পৌনরুক্ত, (পুনরুক্ত+ষ্ণ—ভাবে) সং, ক্লীং, পুনঃকথন, দ্বিরুক্ত, পুনরুচ্চারণ। দ্বৈগুণ্য।

পৌনর্ভব, (পুনর্ভূ+ষ্ণ—অপত্যার্থে)সং, পুং, দ্বাদশবিধ পুত্রান্তর্গত পুত্রবিশেষ। পুনর্ভূ-সুত, দ্বিরূঢ়া-পুত্র, দুইবার বিবাহিতা স্ত্রীর পুত্র।

পৌর, (পুর+ষ্ণ—ভবার্থে) সং, পুং, পুরবাসী, নাগরিক, নাগরজন। ক্লীং, রোহিষতৃণ। রামকর্পূর।

পৌরক, (পৌর=নাগরজন+ক—যোগ) সং,পুং, বাটীর বহিঃস্থিত উদ্যান। নিষ্কুট।

পৌরব, (পুরু+ষ্ণ—অপত্যার্থে) বিং, ত্রিং, পুরুবংশীয়, পুরুবংশোদ্ভূত।

পৌরস্ত্য, (পুরস্‌=পূর্ব্বে+ত্য—ভবার্থে) বিং, ত্রিং, প্রথম, আদ্য, অগ্রেভব। পূর্ব্বদেশীয়, প্রাচ্য।

পৌরাণিক, (পুরাণ+ষ্ণিক—জ্ঞাতার্থে) সং, পুং, পুরাণশাস্ত্রবিদ্‌। বিং, ত্রিং, পুরাণসম্বন্ধীয়। পূর্ব্বকালীন।

পৌরুষ, (পুরুষ+ষ্ণ—ভাবে, কর্ম্মণি) সং, ক্লীং, পুরুষত্ব, মনুষ্যত্ব, পরাক্রম। তেজঃ। সাহস। উদ্যম। "যৎ স্বয়ং কর্ম্মণা কিঞ্চিৎ ফলমাপ্নোতি পুরুষঃ। প্রত্যক্ষমেতল্লোকেষু তৎ পৌরুষমিতি স্মৃতম্‌"। ঊর্দ্ধ-পাণি পুরুষপরিমাণ। বিং, ত্রিং, পুরুষসম্বন্ধীয়। পুরুষপরিমিত।

পৌরুষেয়, (পুরুষ+ঞেয়) বিং, ত্রিং, পুরুষকৃত, মানুষিক। সং, পুং, পুরুষসমূহ। হত্যা।

পৌরোগব, (পুরোগু [পুরস্‌=অগ্রে—গো=নেত্র, ৬ষ্ঠী—হিং] যাহার সর্ব্বাগ্রে পাচ্যদ্রব্যে দৃষ্টি+অল্‌—প্রং) সং, পুং, স্ত্রীং, পাকশালাধ্যক্ষ।

পৌরোভাগ্য, (পুরোভাগিন্‌+ষ্ণ্য-ভাবে) সং, ক্লীং, দোষমাত্র দর্শন।

পৌরোহিত্য, (পুরোহিত+ষ্ণ্য—ভাবে, কর্ম্মণি) সং ক্লীং, পুরোহিতের কর্ম্ম, যাজনক্রিয়া।

পৌর্ণমাস, (পৌর্ণমাসী+ষ্ণ—ভবার্থে) সং, পুং, পূর্ণিমা তিথিতে কর্ত্তব্য যাগবিশেষ।

পৌর্ণমাসী, (পূর্ণমাস্‌=পূর্ণচন্দ্র+ষ্ণ,ঈপ্‌—প্রং) সং, স্ত্রীং, পূর্ণিমা তিথি "যঃ পরমো বিকর্ষঃ সূর্য্যাচন্দ্রমসোঃ সা পৌর্ণমাসী"।

পৌর্ব্বাহ্নিক, (পূর্ব্বাহ্ণ+ষ্ণিক—ভবার্থে) বিং,ত্রিং,পূর্ব্বাহ্ণসম্বন্ধীয়, প্রাতঃকালীন।

পৌলস্ত্য, (পুলস্ত্য+ষ্ণ—অপত্যার্থে)সং, পুং,পুলস্ত-সন্তান—কুবের। রাবণ। "পৌলস্ত্যস্য জটায়ুষা বিঘটিতঃ কার্শ্যায়সোয়ং রথঃ" উত্তরচরিত। কুম্ভকর্ণ। বিভীষণ। স্ত্যী—স্ত্রীং, শূর্পণখা, রাবণভগ্নী।

পৌলোমী, (পুলোমন্‌+ষ্ণ—অপত্যার্থে) সং, স্ত্রীং, শচী, ইন্দ্রাণী। "আশীরন্যা ন তে যোজ্যা পৌলোমী সদৃশীভব" শকুন্তল

পৌষ, (পৌষী+ষ্ণ—যুক্তার্থে। যাহাতে পুষ্য-নক্ষত্রযুক্তা পূর্ণিমা আছে) সং, পুং, দ্বাদশ মাসান্তর্গত নবম মাস। ষী—স্ত্রীং, পুষ্যনক্ষত্রযুক্তা পৌর্ণমাসী, পৌষী পূর্ণিমা।

পৌষ্টিক, (পুষ্টি+ষ্ণিক—প্রং) বিং, ত্রিং, ধাতুপোষক, পুষ্টিবর্দ্ধক। সং,ক্লীং, ক্ষৌরসময়ে গাত্রাবরক বস্ত্রবিশেষ, কাবাই। আহার, ভোজন।

পৌষ্প, (পুষ্প+ষ্ণ—প্রং) বিং, ত্রিং, পুষ্প রচিত। পুষ্পসম্বন্ধীয়।

পৌষ্পী, সং, স্ত্রীং, পাটলিপুত্র নগর।

প্র, (প্রথ=বিখ্যাত হওয়া+ড—প্রং) উপং, অং, গতি। আরম্ভ। উৎকর্ষ। সর্ব্বতোভাব। প্রাথম্য। খ্যাতি। উৎপত্তি। ব্যবহার।

প্রকট, প্রকটিত, (প্র—কট্‌ [গমনকরা]

প্রকাশকরা+অল্, ক্ত—র্ম্ম। বিং, ত্রিং, প্রকাশিত, ব্যক্ত। স্পষ্ট। প্রচারিত, বিক্ষিপ্ত।

প্রকটীকৃত, (প্রকট—কৃত=করা হইয়াছে। মধ্যে ঈ—আগম) বিং, ত্রিং, ব্যক্তীকৃত, প্রকাশিত। স্পষ্টীকৃত।

প্রকম্পন, (প্র=অধিক—কম্প্=কাঁপা+অনট্—ভা) সং, পুং, বায়ু, অনিল। নরকবিশেষ। ক্লীং, অতিশয় কম্পন। বিং, ত্রিং, বেপমান।

প্রকর, (প্র—কৃ=করা+অল্—প্রং) সং, পুং, সমূহ। "পুনর্দৃষ্টিং বাষ্পপ্রকরকলুষামর্পিতবতী ময়ি ক্রূরে যত্তৎ সবিষমিব শল্যম্ দহতি মাম্।" পুষ্পাদির স্তবক। সহায়তা। অধিকার। ব্যাপার। অপেক্ষা। প্রতাড়ন। ক্লীং, অগুরু। বিং, ত্রিং, বিকীর্ণ পুষ্পাদি।

প্রকরণ, (প্র—কৃ=করা+অনট্—ভা) সং, ক্লীং, অভিনয়, প্রকার, রূপক। প্রস্তাব। প্রসঙ্গ। নাট্যগ্রন্থবিশেষ। "উৎপাদ্যেনেতি বৃত্তেন ধীরশান্তপ্রধানকম্। শেষং নাটকতুল্যাঙ্গং ভবেৎ প্রকরণং হি তৎ।" গ্রন্থাংশ, গ্রন্থসন্ধি, অধ্যায়, পরিচ্ছেদ, পাদ। একার্থাবচ্ছিন্ন সূত্র সমূহ। বিষয়। নী—স্ত্রীং উপরূপক।

প্রকরী, (প্রকর+ঈপ্—প্রং) সং, স্ত্রীং, চত্বর, উঠান। নাট্যাঙ্গ।

প্রকশ, (প্র—কশ্=আঘাতকরা+অল্) সং, পুং, মারণ, পীড়ন।

প্রকর্ষ, (প্র=অধিক—কৃষ্=আকর্ষণকরা+অল্—প্রং) সং, পুং, উৎকর্ষ। আধিক্য। তীব্রতা। সমগ্র। প্রাধান্য।

প্রকাণ্ড, (প্র=প্রকৃষ্ট—কাণ্ড=গুঁড়ি) সং, পুং—ক্লীং, বৃক্ষের মূল হইতে স্কন্ধপর্য্যন্ত, গাছের গুড়ি। বিটপ। শাখা, ডাল। বিং, ত্রিং, অত্যুত্তম। সুখী। বৃহৎ, বড়। ক্লীং, শব্দের পরে প্রযুক্ত হইলে প্রশস্তার্থ-বোধক।

প্রকাণ্ডর, (প্রকাণ্ড=গাছের গুঁড়ি—রা=পাওয়া+ড—প্রং, অথবা প্রকাণ্ড+র—অস্ত্যর্থে) সং, পুং, বৃক্ষ, প্রকাণ্ডবিশিষ্ট।

প্রকাম, (প্র=অধিক—কম্=বাঞ্ছাকরা+ঘঞ্—প্রং) বিং ত্রিং, যথেষ্ট। পর্য্যাপ্ত। অত্যন্ত। "প্রকামবিনতে ভ্রুবৌ যুগপদেব ভেদং গতে" শকুন্তলা। [যথেষ্ট।

প্রকামম্, অং, যথেপ্সিত, স্বেচ্ছাপূর্ব্বক।

প্রকার, (প্র—কৃ=করা+ঘঞ্—ভা) সং, পুং, ভেদ। সাদৃশ্য। ক্লীং, ধারা, রীতি, বিধা, রকম, মত।

প্রকারান্তর, (প্রকার—অন্তর=ভিন্ন, ৫মী—ষ) সং, ক্লীং, অন্য প্রকার, অন্যবিধ।

প্রকাশ, (প্র=অধিক—কাশ্=দীপ্তিপাওয়া+অল্—প্রং) সং, পুং, ক্লীং, কাংস্য। দীপ্তি, আলোক। রৌদ্র। আতপ। সাদৃশ্য। প্রকটন। বিস্তার। শোভা। বিকাশ। প্রস্ফুটন। জ্ঞান। বিং, ত্রিং, সদৃশ। প্রস্ফুটিত। বিকসিত। প্রকট। বিখ্যাত। আবিষ্কৃত। বিস্তারিত। স্পষ্ট, ব্যক্ত। সাধারণ।

প্রকাশক, (প্রকাশ দেখ, ণক—ক) বিং, ত্রিং, প্রকাশকারী, যে প্রকাশ করে।

প্রকাশন, (প্রকাশ দেখ, অনট্—ভা) সং, ক্লীং, প্রকাশকরণ।

প্রকাশাত্মা, (প্রকাশাত্মন্, প্রকাশ=দীপ্তি—আত্মন্=আপনি। যিনি দীপ্তিময় তেজঃস্বরূপ। ১মা—হিং) সং, পুং, সূর্য্য। ঈশ্বর। বিং, ত্রিং, ব্যক্তস্বভাব।

প্রকাশিত, (প্রকাশ দেখ, ক্ত—ক) বিং, ত্রিং, শোভিত। দীপিত। প্রস্ফুটিত। প্রকটিত। আবিষ্কৃত। উদ্ভাবিত। দর্শনযোগ্য।

প্রকাশ্য, (প্রকাশ দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, দর্শনীয়। প্রচারের উপযুক্ত, প্রকাশ করিবার যোগ্য।

প্রকীর্ণ, (প্র—কৄ=বিক্ষেপকরা+ক্ত—র্ম্ম) সং, ক্লীং, গ্রন্থবিচ্ছেদ, অধ্যায়, পরিচ্ছেদ। চামর। নানাবিষয়িণী সূত্র-

মালা। বিং ত্রিং, বিক্ষিপ্ত, ছড়ান। বিস্তৃত, প্রসারিত। প্রচারিত। প্রকটিত। অসম্বদ্ধ। মিশ্রিত। উৎসর্পিত।

প্রকীর্ণক, (প্রকীর্ণ দেখ, ক—স্বার্থে) সং, ক্লীং, চামর। গ্রন্থবিচ্ছেদ। বিস্তার। পাপবিশেষ। পুং, ঘোটক।

প্রকীর্ত্তিত, (প্র—কৄত=কীর্ত্তনকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বর্ণিত, কথিত। বিখ্যাত। প্রসিদ্ধ।

প্রকুপিত, (প্র=অধিক—কুপ্=রাগান্বিত হওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, অতিশয় ক্রুদ্ধ। রুষ্ট।

প্রকুল, (প্র=প্রশস্ত—কুল=দেহ) সং, ক্লীং, প্রশস্তবপুঃ, মনোহরদেহ।

প্রকৃত, (প্র—কৃ=করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, নির্ম্মিত, রচিত। প্রস্তাবিত। অবিকৃত। যথার্থ, বাস্তবিক। অধিকৃত। স্বাভাবিক। প্রক্রান্ত, আরদ্ধ। শুদ্ধ। প্রয়োজনীয়। অবশ্য। অভিপ্রেত

প্রকৃতি, (প্র=প্রথম—কৃ=করা+ক্তি—প্রং) সং, স্ত্রীং, স্বভাব। যোনি, স্ত্রীলিঙ্গ। সুহৃদ্। রাষ্ট্র। শিল্প। শক্তি। যোষিৎ, স্ত্রী। জীবাত্মা, পরমাত্মা। পঞ্চভূত। "ভূমিরাপোঽনলো বায়ুঃ খং মনোবুদ্ধিরেব চ। অহঙ্কার ইতীয়ং মে ভিন্না প্রকৃতিরষ্টধা"। ঈশ্বরসৃষ্ট যাবতীয় পদার্থের সাধারণ নাম। বারণ। গুহ্য। জন্তু। একবিংশত্যক্ষরাত্মক ছন্দোবিশেষ। মাতা। ব্যাকরণে শব্দ ও ধাতু। সত্ত্বরজস্তমোগুণের সাম্যাবস্থা "সত্ত্বরজস্তমসাং সাম্যাবস্থা প্রকৃতিঃ প্রকৃতের্ম্মহান্। মায়া শক্তি। চৈতন্য। মায়ানামক শক্তি। স্বামী, মন্ত্রী, সহায়, ধন, দেশ, দুর্গ, সৈন্য এই সাত প্রকার রাজ্যাঙ্গ। স্বাম্যমাত্যো জনো দুর্গং কোষো দণ্ডস্তথৈব চ। মিত্রাণ্যেতাঃ প্রকৃতয়ো রাজ্যং সপ্তাঙ্গমুচ্যতে।"

প্রকৃষ্ট, (প্রকর্ষ দেখ, ক্ত—প্রং) বিং, ত্রিং, প্রশস্ত। শ্রেষ্ঠ। উৎকৃষ্ট। মুখ্য। "প্রকৃষ্টস্য প্রেম্নঃ স্খলিতমবিসহ্যং হি ভবতি"।

প্রকোষ্ঠ, (প্র—কুশ=সংলগ্ন হওয়া+ঠ—সংজ্ঞার্থে) সং, পুং, অগ্রবাহু, মণিবন্ধ। কফুয়ের অধোদেশ হইতে মণিবন্ধ পর্য্যন্ত বাহুভাগ। "বামপ্রকোষ্ঠার্পিতহেমবেত্রঃ" কুমারসম্ভব। দ্বারের অংশ বিশেষ। মহল।

প্রক্রন্তা, (প্রক্রন্তৃ. প্রক্রম দেখ, তৃন্—ক) বিং, ত্রিং, প্রক্রমকারী।

প্রক্রম, (প্র=অধিক, প্রথম—ক্রম্=গমনকরা+অল—ভা) সং, পুং, প্রথমারম্ভ, উপক্রম, অনুষ্ঠান। গমন। অবসর। অতিক্রমণ।

প্রক্রান্ত, (প্রক্রম দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, আরদ্ধ। উৎক্রান্ত। গত। প্রকরণস্থ। অতিক্রান্ত।

প্রক্রিয়া, (প্র—কৃ=করা—য, আপ্—প্রং) সং, স্ত্রীং, নৃপাদির চামর ব্যজন রাজছত্রাদিধারণাদিব্যাপার। প্রকরণ। অধিকার। নিয়তবিধি। প্রয়োগ। অনুষ্ঠান।

প্রক্লিন্ন, (প্র=আধিক্য—ক্লিদ্=আর্দ্রহওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, পরিতৃপ্ত। অতিশয় ক্লেদযুক্ত।

প্রকণ, প্রকাণ, (প্র=প্রধান—কণ্=শব্দকরা+অল্, ঘঞ্—প্রং) সং, পুং, বীণাধ্বনি। শব্দ।

প্রক্ষালন, (প্র=সম্পূর্ণরূপে—ক্ষালি=ধৌতকরা+অনট্—ভা) সং, ক্লীং, ধৌতকরণ, পরিষ্করণ।

প্রক্ষালিত, (প্রক্ষালন দেখ, ক্ত—র্ম্ম) বিং ত্রিং, ধৌত, পরিষ্কৃত।

প্রক্ষিপ্ত, (পশ্চাৎ দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বিন্যস্ত। নিক্ষিপ্ত।

প্রক্ষেপ—পুং, প্রক্ষেপণ—ক্লীং, } (প্র—ক্ষিপ্=ক্ষেপণকরা+ঘঞ্, অনট্—প্রং) সং, বিক্ষেপ, বিন্যাস। ফেলা।

প্রক্ষেপিকা, (প্রক্ষেপ দেখ, ণক—আপ্, প্রং) সং, স্ত্রীং, যে শক্তি দ্বারা কোন

পদার্থ নিক্ষিপ্ত হয়।

প্রক্ষ্বেড়ন, প্রক্ষ্বেদন, (প্র=সর্ব্বতোভাবে —ক্ষ্বিড়্, ক্ষ্বিদ্=মুক্তকরা+অনট্-প্রং) সং, ক্লীং, নারাচ অস্ত্র, লৌহময় শর।

প্রখর, (প্র=অধিক—খর=তীক্ষ্ণ) বিং, ত্রিং, অত্যুষ্ণ। তীক্ষ্ণ। কটু। তীব্র। চতুর। সং, পুং, অশ্বসজ্জা। কুক্কুর। অশ্বতর।

প্রখ্য, (প্র—খ্যা=বলা+ড—প্রং) বিং, ত্রিং, তুল্য, সদৃশ। প্রকার।

প্রখ্যা, (প্রখ্য দেখ, আ—ভা) সং, স্ত্রীং, সাদৃশ্য। খ্যাতি।

প্রখ্যাত, (প্র=অধিক—খ্যা=বলা+ক্ত —র্ম্ম) বিং, ত্রিং, বিখ্যাত, প্রসিদ্ধ। যশস্বী। পরিতুষ্ট।

প্রখ্যাতবপ্তৃক, (প্রখ্যাত—বপ্তৃ=পিতা +কন্—প্রং) সং, পুং, ভদ্রলোক, সদ্বংশসম্ভূত।

প্রগণ্ড, (প্র=প্রধান—গণ্ড=অংশ) সং, পুং, কনুই অবধি বগল পর্য্যন্ত বাহুভাগ, বাহুর উপরিভাগ। ণ্ডী—স্ত্রীং, দুর্গভিত্তি। বাহিরের প্রাচীর। শিবির।

প্রগত, (প্র—গত=গিয়াছে) বিং, ত্রিং, বহির্গত। পৃথগ্ভূত। প্রস্থিত। বিস্তৃত। বৃদ্ধিপ্রাপ্ত।

প্রগতজানু, প্রগতজানুক, } (প্রগত=পৃথগ্ভূত—জানু=হাঁটু. ৬ষ্ঠী—হিং। ক—স্বার্থে) বিং, ত্রিং, বক্রপদবিশিষ্ট, খঞ্জপাদ। যে ব্যক্তির পদদ্বয় অধিক বিশ্লিষ্ট।

প্রগমন, (প্র—গম=গমনকরা+অনট্) সং, ক্লীং, উন্নতি। দূরে গমন। বিবাদ, কলহ।

প্রগল্ভ, (প্র=অধিক—গল্ভ=অহঙ্কারী হওয়া+অল্—প্রং) বিং, ত্রিং, উদ্ধত। প্রত্যুৎপন্নমতি। প্রতিভান্বিত। দাম্ভিক। নির্লজ্জ। সাহসী। অহঙ্কৃত। অক্ষুব্ধ। বলবান্। সমর্থ। দৃঢ়। শ্রেষ্ঠ, প্রধান। নির্ভীক। উৎসাহী। অবিনীত। ল্ভা-স্ত্রীং, নায়িকাবিশেষ।

প্রগল্ভতা, (প্রগল্ভ+তা—ভাবে) সং, স্ত্রীং, ঔদ্ধত্য। নির্লজ্জতা। প্রতিভা। উদ্যম। উৎসাহ। অধ্যবসায়। অক্ষোভ। অভিযোগ। দম্ভ, অহঙ্কার। বল, সামর্থ্য। প্রাধান্য। প্রাতিকূল্য।

প্রগাঢ়, (প্র—গাঢ়=অধিক) বিং, ত্রিং, অধিক, অতিশয়। দৃঢ়। কৃচ্ছ্র। কঠিন। নিবিড়।

প্রগাতা, (প্রগাতৃ, প্র=অত্যুত্তম—গাতৃ =যে গান করে) বিং, ত্রিং, উত্তমগায়ক।

প্রগুণ, (প্র=প্রকৃষ্ট—গুণ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, প্রকৃষ্টগুণশালী। দক্ষ। সরল, অকপট, ঋজু। অনুকূল। সাধু।

প্রগৃহ্য, (প্র—গ্রহ্=গ্রহণকরা+য—প্রং) সং, ক্লীং, ব্যাকরণের পদ। সন্ধিরহিতপদ। গ্রহণযোগ্য।

প্রগে, (প্র—গৈ=গানকরা+এ—প্রং) অং, প্রাতঃ, প্রত্যুষ, প্রভাতকাল।

প্রগেতন, (প্রগে+তন—ভাবার্থে) বিং, ত্রিং, প্রাতঃকালীন, প্রাতর্ভব, প্রাভাতিক।

প্রগ্রহ, প্রগ্রাহ, (প্র—গ্রহ্=গ্রহণকরা+ অল্, ঘঞ্—প্রং) সং, পুং, তুলাসূত্র, নিক্তি প্রভৃতির দড়ী। অশ্বাদির লাগাম, রজ্জু। বন্ধন। বন্দী, কয়েদী। হস্ত। কিরণ, রশ্মি। কর্ণিকারবৃক্ষ। গ্রহণ। পুরস্কার।

প্রগ্রীব, (প্র=অত্যুত্তম—গ্রীবা, যাহা গৃহের গ্রীবার স্বরূপ) সং, পুং, ক্লীং, বাতায়ন, গবাক্ষ। বারাণ্ডা। বিশ্রামার্থ গৃহ। বৃক্ষের উপরিভাগ। অশ্বশালা।

প্রগ্ন, (প্র—গ্লৈ=ক্ষয় পাওয়া+ড) বিং, ত্রিং, শ্রান্ত, পরিশ্রমযুক্ত।

প্রঘণ, প্রঘাণ, (প্র—হন্ [পাদ দ্বারা] আঘাতকরা+অল্, ঘঞ্—প্রং) সং, পুং, অলিন্দ, বাটীর সম্মুখস্থ বাঁধান উঠান। তাম্রকুণ্ড। লৌহময়মুদ্গর। বহির্দ্বার

প্রকোষ্ঠ। গাড়ীবারাণ্ডা।

প্রঘস, (প্র=অধিক—অদ্=প্রক্ষণকরা +অল্—প্রং। অদ স্থানে ঘস আদেশ) সং, পুং, অসুর, দৈত্য।

প্রঘাত, (প্র=প্রচণ্ডবেগে—ঘাত=আ-ঘাত) সং, পুং, যুদ্ধ, রণ।

প্রঘূর্ণ, (প্র=প্রকৃষ্টরূপে—ঘূর্ণ=ঘোরা+অল্—প্রং)সং, পুং, অতিথি। অতিশয় ঘূর্ণন।

প্রঘোষক, (প্র=অধিক—ঘোষ=শব্দ +ক—প্রং) সং, পুং, ধ্বনি, শব্দ, নিনাদ, নির্ঘোষ।

প্রচক্র, (প্র—চক্র=সৈন্যবিভাগ) সং, ক্লীং, চলিত সেনা, যে সকল সৈন্য যাইতে আরম্ভ করিয়াছে।

প্রচক্ষাঃ, (প্রচক্ষস্, প্র—চক্ষ্=বলা+অস্—সংজ্ঞার্থে) সং, পুং, বৃহস্পতি।

প্রচণ্ড, (প্র=অধিক=চণ্ড=উষ্ণ) বিং, ত্রিং, অত্যুষ্ণ। তীব্র, প্রখর। অসহ্য, দুঃর্ব্বিসহ। ভয়ঙ্কর। অতিকোপন। দুর্ব্বহ। দুর্দ্ধর্ষ। উদ্ধত, প্রগল্ভ। পরাক্রান্ত, প্রবল, প্রতাপশালী। সং, পুং, শ্বেতকরবীরবৃক্ষ।

প্রচণ্ডা, সং,স্ত্রীং, দুর্গার অষ্টনায়িকান্তর্গত নায়িকাবিশেষ, তাঁহার জনৈক সখী। শ্বেতদূর্ব্বা।

প্রচয়, (প্র—চি=একত্রকরা+অল্—প্রং) সং, পুং, সমূহ। জমাট। বৃদ্ধি, উপচয়। স্ফীতি।

প্রচর,[1] (প্র—চর্=গমনকরা+অল্—প্রং) সং,পুং, বর্ত্ম, পথ। গমন। ধারা। রীতি।

প্রচরদ্রূপ, (প্রচরৎ+রূপ) বিং, ত্রিং, প্রচারিত, সর্ব্বত্র চলিত। ব্যক্তরূপ। প্রচার বিশিষ্ট। প্রসিদ্ধ।

প্রচলন, (প্র—চল্=গমনকরা+অনট্—ভা) সং, ক্লীং, প্রচার, চলন। ব্যবহার।

প্রচলাক, (প্র—চল্=গমনকরা+আ-কন্—প্রং) সং, পুং, ময়ূরপুচ্ছ, শিখণ্ড। শরাঘাত। ভুজঙ্গম।

প্রচলাকী, (প্রচলাকিন্, প্রচলাক=ময়ূরপুচ্ছ+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, ময়ূর। সর্প। ধানুষ্ক।

প্রচলায়িত, (প্র—চলায় নাম ধাতু=গমনকরান+ক্ত—প্রং) বিং, ত্রিং, নিদ্রাদিদ্বারা বিঘূর্ণিত।

প্রচলিত, (প্র—চল্=গমনকরা+ক্ত—ক) বিং, ত্রিং, যাহা চলন হইয়াছে। প্রস্থিত। প্রসিদ্ধ। কম্পিত। ব্যবহার্য্য। প্রবর্ত্তিত। ঘূর্ণিত।

প্রচায়, (প্র=সম্মুখে—চি=সংগ্রহকরা, জড়করা+ঘঞ্) সং, পুং, হস্ত দ্বারা দ্রব্যাদি জড়করণ।

প্রচার, (প্র—চর্=গমনকরা+ঘঞ্—ভা) সং,পুং,চলন। প্রসিদ্ধি। প্রকাশ। আচরণ। ধারা। গমন। গবাদিপালন।

প্রচারক, প্রচারয়িতা, (প্রচারয়িতৃ, প্র-চারি=গমনকরান+ণক, তৃন্—ক) বিং, ত্রিং, প্রকাশক, যে প্রচার করে। গবাদিপালক।

প্রচারণ, (প্রচারক দেখ, অনট্—ভা) সং, ক্লীং, প্রকাশকরণ। চলন।

প্রচারিত, (প্রচারক দেখ, ক্ত—ম্ম) বিং, ত্রিং, যাহার প্রচার হইয়াছে। প্রতারিত বিজ্ঞাপিত। প্রকাশিত। গোচরিত।

প্রচাল, (প্র=সম্মুখে—চল=গমনকরা+ঘঞ্) সং, পুং, বীণার কাষ্ঠময় অবয়ব।

প্রচালিত, (প্র—চালি=গমনকরান+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহা প্রচলিত করা হইয়াছে, চালান।

প্রচিত, (প্র=সম্মুখে—চি=সংগ্রহকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, সংগৃহীত, রাশীকৃত, যাহা একত্রে জড় করা হইয়াছে। সং, ক্লীং, ছন্দোবিশেষ।

প্রচীয়মান, (প্রচয় দেখ+শান—ক) বিং, ত্রিং, উপচীয়মান, বর্দ্ধমাণ, বৃদ্ধিশীল।

প্রচুর, (প্র—চুর [চুরি করা] বৃদ্ধি পাওয়া+অল্—প্রং) বিং ত্রিং, প্রভূত, অনেক, বহুল, অধিক, ভূয়িষ্ঠ। যথেষ্ট।

প্রচুরপুরুষ, (প্রচুর—পুরুষ=মানুষ) সং, পুং, অনেক ব্যক্তি। তস্কর, চোর।

প্রচেতাঃ, (প্রচেতস্, প্র=উৎকৃষ্ট—চেতস্=মনঃ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, প্রাচীন বর্হীরাজপুত্র। বরুণ। মুনিবিশেষ। বিং ত্রিং, সন্তুষ্টচিত্ত, আহ্লাদিত।

প্রচেতা, (প্রচেতৃ, প্র—চি [যোগাম] একত্রকরা+তৃন্—ক) সং পুং, সারথি।

প্রচেয়, (প্র—চি=একত্র করা+য—র্ম্ম) বিং, ত্রিং, বর্দ্ধনীয়। গ্রহণযোগ্য, গ্রাহ্য। চয়নীয়।

প্রচেলক, (প্র=উৎকৃষ্ট, দ্রুত—চেল্=গমন করা+ণক—প্রং) সং, পুং, ঘোটক, অশ্ব।

প্রচোদিত, (প্র—চোদি=প্রেরণকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রেরিত। নিয়োজিত।

প্রচ্ছদ, (প্র=সম্পূর্ণরূপে—ছদ্=আবরণকরা+অল্—ণ) সং, পুং, আচ্ছাদন, আবরণ। আস্তরণবস্ত্র। উত্তরীয় বস্ত্র।

প্রচ্ছদপট, (প্রচ্ছদ=আচ্ছাদন—পট=বস্ত্র) সং, পুং, নিচোল। আচ্ছাদন, আবরণবস্ত্র। বিছানার চাদর। পাছুড়ী।

প্রচ্ছনা, (প্রচ্ছ্=জিজ্ঞাসাকরা+অনট্ ভা) সং, স্ত্রীং, জিজ্ঞাসা, পৃচ্ছা। আমন্ত্রণা।

প্রচ্ছন্ন, (প্র—ছদ্=আচ্ছাদনকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং. আচ্ছাদিত, গুপ্ত। আচ্ছন্ন। সং, ক্লীং, অন্তর্দ্বার, গুপ্তদ্বার। গবাক্ষ জাল। বাতায়ন।

প্রচ্ছর্দ্দিকা, (প্র=বেগে—ছর্দ্দ=বমনকরা+ণক—প্রং) সং, স্ত্রীং, উদ্গার, বমন, বমি, ওকার।

প্রচ্ছাদন, (প্র=সম্পূর্ণরূপে—ছাদি=আবরণকরা+অনট্—ণ) সং, ক্লীং, আচ্ছাদন। উত্তরীয়ক। প্রাবরণ। আস্তরণবস্ত্র। আবরণবস্ত্র।

প্রচ্ছাদিত, (প্রচ্ছাদন দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, আচ্ছাদিত, আবৃত।

প্রজ, (প্র—জ [জন্=জন্মান+ড—ক] যে জন্মে। যে পত্নীতে প্রবেশ করিয়া পুনর্ব্বার সন্তানরূপে জন্মে। "আত্মাবৈ জায়তেপুত্রঃ") সং, পুং, পতি, ভর্ত্তা, স্বামী।

প্রজন, (প্র—জন্=উৎপন্ন হওয়া+অল্—প্রং) সং, পুং, পশুদিগের প্রথম গর্ভগ্রহণকাল। গবী প্রভৃতিতে বৃষাদির প্রথম সঙ্গম। গবাদির গর্ভগ্রহণ করান। পুং, পূর্ব্বজ, পূর্ব্বপুরুষ।

প্রজনন, (প্র—জন্=উৎপন্ন হওয়া+অনট্—ভা) সং, ক্লীং, যোনি। জন্ম। প্রগম।

প্রজনিকা, (প্র—জনি=জন্মান+ণক—ক) সং, স্ত্রীং, জননী, মাতা।

প্রজল্পন, (প্র—জল্প্=বলা+অনট্—ভা) সং, ক্লীং, আলাপ, কথন।

প্রজব, (প্র=প্রকৃষ্ট—জু=বেগে চলা+অল্—ভা) সং, পুং, প্রকৃষ্ট বেগ, দ্রুতগতি, আশুগমন।

প্রজবী, (প্রজবিন্, প্রজব+ইন্-অস্ত্যর্থে) বিং, ত্রিং, অতিশয় বেগবান্, দ্রুতগামী।

প্রজা, (প্র—জন্=উৎপন্ন—হওয়া+ড, আপ্—প্রং) সং, স্ত্রীং, রাজ্যাধিকারস্থ লোক। সন্তান, সন্ততি।

প্রজাগর, (প্র—জাগর=জাগরণ) সং, পুং, অতিশয় জাগরণ। প্রবোধন। বিং, ত্রিং, জাগরূক। [উৎপন্ন।

প্রজাত, (প্র—জাত=উৎপন্ন) বিং, ত্রিং,

প্রজাতন্ত্র, সং, ক্লীং, রাজ্যের শাসন-প্রণালীবিশেষ। প্রজাদিগের হস্তগত রাজ্যশাসন।

প্রজাতা, (প্র—জাত [যাহাহইতে] উৎপন্ন হইয়াছে, আপ্—প্রং) সং, স্ত্রীং, জাতাপত্যা, প্রসূতা, যে স্ত্রীর সন্তান হইয়াছে। জননী।

প্রজাদ, (প্রজা=সন্তান—দা=দানকরা ড) বিং, ত্রিং, সন্তানপ্রদ, যিনি সন্তান দান করেন। যে ঔষধ ভক্ষণ করিলে

স্ত্রীলোকের সন্তান হয়।
প্রজাদান, সং, ক্লীং, রজত, রৌপ্য।
প্রজান্তক, (প্রজা—অন্তক=নাশক, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কাল, যম।
প্রজাপ, (প্রজা=অধিকারস্থ লোক—প [পা=পালনকরা+ড—ক] যে পালন করে) সং, পুং, রাজা, প্রজারক্ষক।
প্রজাপতি, (প্রজা—পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ব্রহ্মা। বিশ্বকর্ম্মা। মহীপাল, রাজা। পিতা। জামাতা। সূর্য্য। অগ্নি। মরীচি, অত্রি, অঙ্গিরা, পুলস্ত্য, পুলহ, ক্রতু, দক্ষ, বশিষ্ঠ, ভৃগু, নারদ—ব্রহ্মার সৃষ্ট এই দশ ব্যক্তি। স্বনামখ্যাত পতঙ্গবিশেষ। 'জনকো জন্মদানাচ্চ রক্ষণাচ্চ পিতা নৃণাম্। ততো বিস্তীর্ণকরণাৎ কল্যা স প্রজাপতিঃ।'' ব্রহ্মবৈবর্ত্তপুরাণ।
প্রজাপাল, (প্রজা=অধিকারস্থ লোক—পাল=যে পালন করে) সং, পুং, রাজা। প্রজাপতি।
প্রজায়িনী, (প্র—জন=জন্ম গ্রহণ করা +ণিন্) সং, স্ত্রী, মাতা, জননী, যিনি সন্তান প্রসব করেন।
প্রজাবতী, (প্রজা=সন্তান+বতু—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, জ্যেষ্ঠ ভ্রাতার ভার্য্যা। ভ্রাতৃজায়া। সন্তানবতী। মাতা।
প্রজাসৃক্—ট্, (প্রজাসৃজ্, প্রজা=লোক, পুত্র—সৃজ্,[সৃজ্=সৃষ্টিকরা+ক্বিপ্—ক] যে সৃষ্টিকরে, ২য়া—ষ) সং, পুং, ব্রহ্মা। পিতা।
প্রজাহিত, (প্রজা=লোক—হিত=উপকারী) সং, ক্লীং, জল। বিং, ত্রিং, প্রজার উপকারী।
প্রজিন, প্রজীন, (প্র—জি=জয়করা+ক্ত—প্রং, নিপাতন) সং, পুং, বায়ু।
প্রজুষ্ট, (প্র—জুষ্=সেবাকরা+ক্ত) বিং, ত্রিং, আসক্ত, অত্যন্ত অনুরক্ত।
প্রজেশ, প্রজেশ্বর, (প্রজা—ঈশ, ঈশ্বর, ৬ষ্ঠী—ষ) সং, পুং, রাজা।
প্রজ্ঞ, (প্র—জ্ঞা=জানা+ড—ক) বিং, ত্রিং, জ্ঞানী, বিচক্ষণ, পণ্ডিত। প্রগতজানুক।
প্রজ্ঞপ্তি, (প্র—জ্ঞাপি=জানান+ক্তি-ভা)সং, স্ত্রীং, সঙ্কেত। জানান। সংবাদ সময়।
প্রজ্ঞা, (প্র—জ্ঞা=জানা+আ—ভা) সং, স্ত্রীং, বুদ্ধি, জ্ঞান। সরস্বতী। মন্ত্রণা।
প্রজ্ঞাচক্ষুঃ, (প্রজ্ঞাচক্ষুস্, প্রজ্ঞা—চক্ষুঃ =নেত্র, জ্ঞানই যাহার চক্ষুস্বরূপ) সং, পুং, ধৃতরাষ্ট্র। বিং ত্রিং, জ্ঞানচক্ষু।
প্রজ্ঞান, (প্র=অধিক—জ্ঞান) সং, ক্লীং বুদ্ধি, পরিজ্ঞান। বিং, ত্রিং, পণ্ডিত চিহ্ন। সঙ্কেত।
প্রজ্ঞাবান্, (প্রজ্ঞাবৎ, প্রজ্ঞা+বতু—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বুদ্ধিমান্, জ্ঞানী, ধীমান্।
প্রজ্ঞু, (প্র=পৃথগ্‌ভূত—জানু। জানু=জ্ঞু) বিং, ত্রিং, প্রগতজানুক, খঞ্জপাদ।
প্রজ্বলিত, (প্র=অধিক—জ্বল্=দীপ্ত হওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, জ্বলনযুক্ত, জ্বলন্ত। জাজ্জল্যমান। উচ্ছিখ।
প্রজ্বালিত, (প্র=অধিক—জ্বালি=জ্বালান +ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রদীপিত, জ্বালান। সন্ধুক্ষিত। সন্তপ্ত।
প্রডীন, (প্র—ডীন=উড়ন) সং, ক্লীং, পক্ষীর গতিবিশেষ। তির্য্যগ্‌গমন।
প্রণ, (পুরাণ+ন, পুরাণশব্দের স্থানে প্র আদেশ) বিং, ত্রিং, প্রাচীন, পুরাতন।
প্রণত, (প্র—নম=নম্রহওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, নম্র। পাদপতিত। কৃতপ্রণাম। বক্র। পটু।
প্রণতি, (প্র—নম্=নম্রহওয়া+ক্তি—ভা) সং, স্ত্রীং, প্রণাম, নম্রভাব। অনুনয় নম্রতা। প্রণিপাত।
প্রণয়, (প্র—নী [পাওয়া] প্রীতহওয়া +অল্—ভা) সং, পুং, প্রেম, ভালবাসা। নির্ব্বাণ। প্রার্থনা। প্রশ্রয়। শ্রদ্ধা প্রসর। পরিচয়। প্রসব। বিশ্বাস। সন্ধি

প্রণয়ন, (প্র—নী [লওয়া] করা ইত্যাদি +অনট্—ভা) সং, ক্লীং, নির্ম্মাণ। নির্দ্দেশ। রচনা। অগ্নিসমিন্ধন মন্ত্রাদি।

প্রণয়বিহতি, (প্রণয়=প্রার্থনা—বিহতি =পরিত্যাগ, ভঙ্গ, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, অস্বীকার, প্রত্যাখ্যান, নিরাকৃতি।

প্রণয়ী, (প্রণয়িন্, প্রণয়+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, অনুরক্ত পতি বা নায়ক। য়িনী—স্ত্রীং, অনুরক্তা ভার্য্যা বা নায়িকা। প্রেমাস্পদবনিতা। বিং, ত্রিং, প্রেমাস্পদ, অনুরক্ত, প্রিয়তম।

প্রণব, (প্র—নু=স্তুতিকরা+অন্—প্রং) সং, পুং, ঈশ্বরের গূঢ়নাম, বেদের আদি বীজ, ওঁকার। "ঈশ্বরস্য বাচকঃ প্রণবঃ" ক্ষুদ্র ঢক্কা।

প্রণাদ, (প্র=অধিক—নাদ=শব্দ) সং, পুং, অনুরাগজ শব্দ। প্রীতিজনিত মুখকণ্ঠাদির শব্দ। তারধ্বনি, উচ্চ শব্দ। কর্ণরোগবিশেষ। কানের তালা।

প্রণাম, (প্র—নম্=নত হওয়া+ঘঞ্—ভা) সং, পুং, প্রণতি, ভক্তিশ্রদ্ধাতিশয়যুক্ত নমস্কার। ইহা চতুর্ব্বিধ যথা অভিবাদন, সাষ্টাঙ্গ, পঞ্চাঙ্গ, করশিরঃসংযোগ।

প্রণায্য, (প্র=একদিকে—নী=গমনকরা +য—প্রং) বিং, ত্রিং, অসম্মত। অভিলাষবিবর্জ্জিত। নিস্পৃহ। প্রিয়। সাধু।

প্রণাল, (প্র—নল্=বন্ধনকরা+ঘঞ্—প্রং) সং, পুং, লী—স্ত্রীং, জলনির্গমপথ, পয়ঃ প্রণালী, নর্দ্দামা। শ্রেণী। রীতি, ধারা। যে সঙ্কীর্ণ জলভাগ দুই বৃহৎ জলভাগকে পরস্পর সংযুক্ত করে।

প্রণিঘাতন, প্রনিঘাতন, (প্র—নি—হন্ =বধকরা+অনট্—ভা। হন্=ঘাত) সং, ক্লীং, মারণ, হত্যা, বধ।

প্রণিংসিত, (প্র—নিংস=চুম্বনকরা+ক্ত —র্ম্ম) বিং, ত্রিং, চুম্বিত।

প্রণিধান, (প্র—নি—ধা [ধারণকরা] মনোযোগ করা ইত্যাদি+অনট্—ভা) সং, ক্লীং, মনোনিবেশ, মনের একাগ্রতা। সমাধি। ধ্যান। যত্ন। সমাধি দ্বারা দৃষ্টি। যোগ, উদ্যোগ।

প্রণিধি, (প্র—নি—ধা=ধারণকরা+কি —প্রং) সং, পুং, দূত। চর, অনুচর। প্রার্থনা। মনোযোগ। অবধান।

প্রণিপাত, (প্র—নি—পত্=পতিতহওয়া +ঘঞ্—ভা) সং, পুং, প্রণাম, নমস্কার।

প্রণিহিত, (প্রণিধান দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অর্পিত। স্থাপিত। স্থিরীকৃত। প্রাপ্ত। সমাধিস্থ, সমাহিত। নিষ্পন্ন। প্রসারিত। স্বীকৃত। প্রাজ্ঞ।

প্রণীত, (প্রণয়ন দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, রচিত, নির্ম্মিত, কৃত। কথিত। প্রক্ষিপ্ত। প্রবেশিত। প্রেরিত। সং, পুং, মন্ত্রাদি দ্বারা সংস্কৃত যজ্ঞীয় অগ্নি। তা—স্ত্রীং, যজ্ঞপাত্রবিশেষ।

প্রণুত, (প্র—নু=স্তবকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, স্তুত, প্রশংসিত।

প্রণুন্ন, (প্র—নুদ্ [প্রেরণকরা] কাঁপা+ ক্ত-র্ম্ম, ক) বিং, ত্রিং, কম্পিত। নিযুক্ত। সংপ্রেষিত। প্রচলিত। প্রস্থাপিত।

প্রণেতা, (প্রণেতৃ, প্র—নী [লওয়া] করা ইত্যাদি+তৃন্—ক) বিং, ত্রিং, রচয়িতা। নির্ম্মাতা।

প্রণেয়, (প্র—নী [লওয়া] বশীভূত হওয়া +য—র্ম্ম) বিং, ত্রিং, বশ্য, বশীভূত।

প্রণোদিত, (প্র—নোদি=প্রেরণকরান+ ক্ত-র্ম্ম) বিং,ত্রিং, প্রেরিত। নিয়োজিত।

প্রততি, (প্র—তন্=বিস্তৃতহওয়া+ক্তি —প্রং) সং, স্ত্রীং, বিস্তৃতি, ব্যাপ্তি, প্রসারণ। তি, তী—বিস্তারিত লতা।

প্রতন, (প্র=পূর্ব্ব+তন—প্রং) বিং, ত্রিং, পুরাতন, পুরাণ। চিরন্তন।

প্রতনু, (প্র—তনু=পাতলা) বিং, ত্রিং, সূক্ষ্ম, সরু, পাতলা। ক্ষীণ। কৃশ।

প্রতপ্ত, (প্র-তপ্=উত্তপ্তকরা+ক্ত—প্রং) বিং, ত্রিং, কথিত। তাপিত। উত্তপ্ত। প্রভাবান্বিত।

প্রতর্ক, (প্র—তর্ক=বিতর্ককরা+অল্) সং, পুং, সংশয়।"ইত্যারূঢ় বহুপ্রতর্কম-পরিচ্ছেদাকুলং মে মনঃ" শকুন্তলা।

প্রতর্কণ, (প্র—তর্ক্=বিতর্ককরা+অনট্—ভা) সং, ক্লীং, বাদানুবাদ, বিতর্ক। সংশয়।

প্রতল, (প্র=অধিক—তল=নিম্নতা) সং, পুং, বিস্তৃতাঙ্গুলিহস্ত, করতল, চপেট, চাপড়। ক্লীং, পাতালবিশেষ।

প্রতান, (প্র—তন্=বিস্তৃত হওয়া+ঘঞ্—প্রং) সং, পুং, বিস্তার। লতার তন্তু, সোঁ, আঁস। বায়ুরোগবিশেষ। মূর্চ্ছা। অপস্মার।

প্রতানিনী, (প্র—তন্=বিস্তৃত হওয়া+ইন্—ক, ঈপ্) সং, স্ত্রীং, বল্লী, লতা।

প্রতাপ, (প্র—তপ্=উত্তপ্তকরা+ঘঞ্—ভা) সং, পুং, প্রভাব, কোষদণ্ডজ তেজঃ। আতপ। উষ্ণতা। সন্তাপ। অর্কবৃক্ষ। "ততঃ প্রতাপঃ সুমহান্ শব্দশ্চৈব বিভাবসোঃ" মহাভারত।

প্রতাপন, (প্র—তাপি=উত্তপ্তকরান+অনট্—প্রং) বিং, ত্রিং, তাপজনক। সং, ক্লীং, পীড়ন। পুং, কুম্ভীপাকনামক নরক।

প্রতারক, (প্র—তৃ [পারহওয়া] বঞ্চনা করা+ণক—ক) সং, পুং, বঞ্চক, ধূর্ত্ত, শঠ। বিং, ত্রিং, কপটী।

প্রতারণ, (প্রতারক, দেখ, অনট্—ভা) সং, ক্লীং, ণা—স্ত্রীং, প্রবঞ্চনা, ঠকান। কৈতব। পারগমন।

প্রতারিত, (প্রতারক দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বঞ্চিত, যাহাকে ঠকান হয়।

প্রতি, (প্রথ্=বিখ্যাত হওয়া+ডতি—প্রং) উপং, অং, প্রতিনিধি। মোক্ষ-সদৃশ। বিপরীত। প্রত্যেক। উপরি। লক্ষণ, চিহ্ন। ইত্থম্ভূত কথন। স্তোক, অল্প মাত্রা। প্রশস্তি। ব্যাবৃত্তি। লক্ষ্য। পুনর্ব্বার। সাদৃশ্য। ব্যাপ্তি। সমাধি। সমস্ত। স্বভাব। অংশ. ক্ষেপ। ভাগ। নিন্দা। প্রতিদান। প্রতিকূল। বিরোধ। পরিবর্ত্ত। অল্প, বীপ্সা, অভিমুখ্য। নিশ্চয়।

প্রতিক, (কার্ষাপণ+ইক—প্রং। কার্ষাপণ=প্রতি) বিং, ত্রিং, ষোলপণ দ্বারা ক্রীত, কার্ষাপণিক।

প্রতিকর্ম্ম, (প্রতিকর্ম্মন্, প্রতি [শরীর] সম্বন্ধীয়—কর্ম্মন্=কার্য্য) সং, ক্লীং, প্রসাধন, বেশভূষা। প্রতিকার।

প্রতিকায়, (প্রতি=পুনর্ব্বার—কায়=দেহ) সং, পুং, শরব্য, লক্ষ্য। প্রতিমা, প্রতিরূপ, প্রতিমূর্ত্তি। আকার।

প্রতিকার, প্রতীকার, (প্রতি=বিরুদ্ধ, পরিবর্ত্ত—কৃ=করা—ঘঞ্—ভা) সং, পুং, বৈরনির্য্যাতন, শত্রুতাসাধন, প্রতিফল। উপায়। প্রতিহিংসা। চিকিৎসা। উপশম। পরিশোধ।

প্রতিকার্য্য, প্রতীকার্য্য, (প্রতিকার দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, প্রতিকার করিবার উপযুক্ত।

প্রতিকাশ, প্রতীকাশ—স, (প্রতি=পুনর্ব্বার—কাশ=যে দীপ্তি পায়) বিং,ত্রিং, (শব্দের পরবর্ত্তী হইলে) সদৃশ, তুল্য।

প্রতিকুঞ্চিত, (প্রতি—কুঞ্চ=বক্রহওয়া+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বক্র, বাঁকা। বক্রীকৃত, যাহাকে বাঁকান হইয়াছে।

প্রতিকূপ, (প্রতি=ক্ষুদ্র—কূপ=কুয়া) সং, পুং, পরিখা, গড়খাই। উপকূল্যা। খাত।

প্রতিকূল, (প্রতি=বিরুদ্ধ, বিপরীত—কূল=তীর) বিং, ত্রিং, অনমুকূলপক্ষ। বাম। বিরুদ্ধ। প্রতিবন্ধক।

প্রতিকৃত, (প্রতি—কৃত) বিং, ত্রিং, প্রতিদত্ত, প্রতিশোধিত। উপশমিত।

প্রতিকৃতি, (প্রতি=পুনর্ব্বার—কৃ=করা+তি—প্রং) সং, স্ত্রীং, প্রতিমা, প্রতিমূর্ত্তি। প্রতিনিধি। ছায়া। প্রতীকার। সাদৃশ্য। অপকার বা উপকার পরিশোধ। নিবারণ।

প্রতিকৃষ্ট, (প্রতি=বিরুদ্ধ—কৃষ্ট=কর্ষিত)

বিং, ত্রিং, নিকৃষ্ট। দুইবার কৃষ্ট।
প্রতিক্রিয়া, (প্রতি—ক্রিয়া=কার্য্য) সং, স্ত্রীং, প্রতীকার। প্রতিফল। প্রত্যুপকার
প্রতিক্ষণ, (প্রতি=বীপ্সা, প্রত্যেক—ক্ষণ, ব্যং—স) ক্রিং—বিং, ক্লীং, ক্ষণে ক্ষণে, প্রতিমুহূর্ত্তে।
প্রতিক্ষয়, (প্রতি=বিরুদ্ধ—ক্ষয়=অপচয়, হানি) সং, পুং, রক্ষক।
প্রতিক্ষিপ্ত, (প্রতি=পুনর্ব্বার, বিরুদ্ধ—ক্ষিপ্ত=নিক্ষিপ্ত, প্রেরিত) বিং, ত্রিং, তিরস্কৃত। নিবারিত, নিষিদ্ধ। প্রেরিত। বাধিত। নিন্দিত। প্রতিহত।
প্রতিগত, (প্রতি=পুনঃপুনঃ—গত=গিয়াছে, গমন এবং আগমন) সং, ক্লীং, পক্ষীর গতিবিশেষ। ইতস্ততঃ বিসর্পণ।
প্রতিগর্জ্জন, (প্রতি=প্রতিকূল—গর্জ্জ্=শব্দকরা+অনট্—ভা) সং, ক্লীং, প্রতিকূলে গর্জ্জন।
প্রতিগিরি, (প্রতি=সদৃশ—গিরি)সং, পুং, পর্ব্বততুল্য, পর্ব্বতসদৃশ। ক্ষুদ্র পর্ব্বত, পাহাড়। [বিং, ত্রিং, গৃহীত, স্বীকৃত।
প্রতিগৃহীত, (প্রতিগ্রহ দেখ, ক্ত—র্ম্ম)
প্রতিগ্রহ, (প্রতি—গ্রহ্=গ্রহণকরা+অল্—ভা) সং, পুং, স্বীকার। সৈন্যপৃষ্ঠ। গ্রহণ। অনুগ্রহ। ব্রাহ্মণকে বিধিবৎ দান। সৈন্যরক্ষা। প্রতিকূল, প্রত্যভিযোগ। পিকৃদান। দেয়বস্তু। গ্রহভেদ।
প্রতিগ্রহণ, (প্রতিগ্রহ দেখ, অনট্—ভা) সং, ক্লীং, স্বীকার, দানলওয়া।
প্রতিগ্রাহ,(প্রতিগ্রহ দেখ, ঘঞ্—প্রং)সং, পুং, স্বীকার। নিষ্ঠীবনপাত্র, পিকৃদান।
প্রতিগ্রাহিত, (প্রতি—গ্রাহি=গ্রহণকরান +ত—র্ম্ম) বিং, ত্রিং, স্বীকারিত, গ্রহণ করান।
প্রতিঘ, (প্রতি=পুনর্ব্বার—হন্=বধকরা +অল—ভা) সং, পুং, প্রতিবন্ধ, ব্যাঘাত। কোপ, ক্রোধ। প্রতিঘাত, মূর্চ্ছা। শক্র। বিং, ত্রিং, প্রতিকূল।
প্রতিঘাত, প্রতীঘাত, (প্রতি—হন্=বধকরা+অল্—ভা) সং, পুং, এক বস্তু অপর বস্তুকে আঘাত করিলে আহত বস্তু যে পুনর্ব্বার উহাকে আঘাত করে, আঘাত। ব্যাঘাত, প্রতিবন্ধ। নিরাস। নিবারণ। নিক্ষেপ।
প্রতিঘাতন, (প্রতি=পরস্পর—হন=বধকরা+অনট্—ভা) সং, ক্লীং, মারণ, ব্যাপাদন, হত্যা, বধ। নিহনন। বাধা।
প্রতিঘ্ন, (প্রতি=পুনর্ব্বার—ঘ্ন=যে বধ করে) সং, ক্লীং, অঙ্গ, শরীর, দেহ।
প্রতিচ্ছন্দ, (প্রতিচ্ছন্দস্, প্রতি=পুনর্ব্বার —ছন্দ্=আচ্ছাদনকরা+অস্—প্রং) সং, পুং, প্রতিরূপ। প্রতিবিম্ব। ইচ্ছানুরূপ।
প্রতিচ্ছন্ন, (প্রতি=পুনর্ব্বার—ছদ্=আচ্ছাদনকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, আচ্ছন্ন। প্রতিনিধি।
প্রতিচ্ছায়া, (প্রতি=পুনর্ব্বার, সদৃশ—ছায়া) সং, স্ত্রীং, প্রতিকৃতি, প্রতিমূর্ত্তি, প্রতিরূপ। চিত্র। সাদৃশ্য।
প্রতিচ্ছেদ, (প্রতি—ছেদ=ছেদন) সং, পুং, বাধা, প্রতিবন্ধ। বৈপরীত্য। প্রতিক্রিয়া।
প্রতিজঙ্ঘা, (প্রতি=অগ্র—জঙ্ঘা) সং, স্ত্রীং, জঙ্ঘার অগ্রভাগ।
প্রতিজল্পক, (প্রতি—জল্পক=জল্পকরণ, কথোপকথন) সং, পুং, সম্মতিপ্রদান, অনুমোদন, অন্যের মতের সহিত স্বকীয় মতের মিলন।
প্রতিজাগর, (প্রতি=অভিমুখ—জাগর =জাগরিত, অবহিত) সং, পুং, প্রত্যবেক্ষণ,মনোযোগ, অবধান। সতর্কতা। রক্ষার্থ নিয়োগ। জাগরণ।
প্রতিজিহ্বা, প্রতিজিহ্বিকা, (প্রতি= সদৃশ, প্রতিরূপ—জিহ্বা। প্রতিজিহ্বা +ক—যোগ) সং, স্ত্রীং, তালুমূলস্থ ক্ষুদ্র জিহ্বা, আলজিভ।
প্রতিজ্ঞা, (প্রতি—জ্ঞা [জানা] স্বীকার করা+আ—ভা) সং, স্ত্রীং, কর্ত্তব্যরূপে অবধারণ, অঙ্গীকার। (Proposition)

সাধ্যনির্দ্দেশ। পণ। প্রতিজ্ঞান। অভিযোগ।

প্রতিজ্ঞাত, (প্রতিজ্ঞা দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অঙ্গীকৃত, স্বীকৃত। কর্ত্তব্যরূপে নির্দ্ধারিত। অভিযোগের বিষয়ীভূত।

প্রতিজ্ঞান, (প্রতিজ্ঞা দেখ, অনট্—ভা) সং, ক্লীং, প্রতিজ্ঞা দেখ।

প্রতিজ্ঞেয়, (প্রতি=অগ্রে—জ্ঞা=জানা+য—র্ম্ম) সং, পুং, স্তুতিপাঠক। বিং, ত্রিং, প্রতিজ্ঞার বিষয়, অঙ্গীকার্য্য।

প্রতিতন্ত্র, (প্রতি=প্রত্যেক—তন্ত্র=মত, স্বনামপ্রসিদ্ধ শাস্ত্র) সং, ক্লীং, প্রত্যেক তন্ত্রানুযায়ী। প্রত্যেক মতানুসারী।

প্রতিতাল, (প্রতি=সম্বন্ধীয়—তাল=স্বর, কুলুপ) সং. পুং, স্বরবিশেষ। লী—স্ত্রীং, তালকোদ্ঘাটন যন্ত্র, চাবি।

প্রতিদান, (প্রতি=পুনর্ব্বার, পরিবর্ত্ত—দান) সং, ক্লীং, পরিবর্ত্ত, বিনিময়, বদল। গচ্ছিত বা গৃহিত দ্রব্যের প্রত্যর্পণ। প্রতিফল। ফিরাইয়া দেওয়া। দানের পরিবর্ত্তে দান।

প্রতিদারণ, (প্রতি=পরস্পর—দারণ=বিদারণ) সং, ক্লীং, সংগ্রাম, যুদ্ধ, রণ।

প্রতিদিন, (প্রতি=বীপ্সা, প্রত্যেক—দিন, ব্যং—স) ক্রিং—বিং, ক্লীং, প্রত্যহ, দিনদিন, অনুদিন।

প্রতিদিবা, (প্রতিদিবন্, প্রতি—দিব্=দীপ্তি পাওয়া+অন্—প্রং) সং, পুং, সূর্য্য। প্রতিদিন।

প্রতিদিশ, (প্রতি—দিশ=দিক্) সং, ক্লীং, প্রত্যেক দিক্, দিকে দিকে। সর্ব্বত্র। সর্ব্বতঃ।

প্রতিদেয়, (প্রতি=পুনর্ব্বার—দেয়=দিবারযোগ্য) বিং, ত্রিং, প্রতিদান করিবার উপযুক্ত, ফিরিয়া দিবার যোগ্য। বন্ধক।

প্রতিদ্বন্দ্বী, (প্রতিদ্বন্দ্বিন্, প্রতি=বিরুদ্ধ—দ্বন্দ্বী=বিবাদী, অথবা প্রতিদ্বন্দ্ব+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বৈরী, প্রতিপক্ষ, শত্রু

প্রতিধ্বনি, প্রতিধ্বান, (প্রতি=পুনরায়—ধ্বনি, ধ্বান=শব্দ) সং. পুং, প্রতিশব্দ।

প্রতিধ্বনিত, প্রতিধ্মাত, (প্রতি=পুনরায়—ধ্বনিত, ধ্মাত=শব্দিত) বিং, ত্রিং, প্রতিশব্দিত।

প্রতিনন্দন, (প্রতি—নন্দ্=আনন্দকরা+অনট্—ভা) সং, ক্লীং, সুখ্যাতি, অভিনন্দন।

প্রতিনপ্তা, (প্রতিনপ্তৃ, প্রতি=পুনর্ব্বার, বারম্বার—নপ্তৃ=পৌত্র) সং, পুং, প্রপৌত্র।

প্রতিনব, (প্রতি—নব=নূতন) বিং, ত্রিং, অভিনব, নূতন।

প্রতিনাদ, (প্রতি=পুনরায়—নাদ=শব্দ) সং, পুং, প্রতিধ্বনি। প্রতিগর্জ্জন।

প্রতিনিধি, (প্রতি=পরিবর্ত্ত—নি—ধা—ধারণ করা+কি—প্রং) সং, পুং, তুল্য, সদৃশ। প্রতিকৃতি, প্রতিরূপ। তৎস্থানীয়, বদলি। প্রতিভূ, জামিন।

প্রতিনিনদ, (প্রতি—নিনদ [নি—নদ=শব্দকরা+অল্] ধ্বনি) সং, পুং, প্রতিধ্বনি, প্রতিশব্দ।

প্রতিনিবৃত্ত, (প্রতি—নিবৃত্ত=বিরত) বিং, ত্রিং, প্রত্যাগত, ফিরিয়া আসা। প্রত্যাবর্ত্তিত। পরাবৃত্ত।

প্রতিপ, (প্রতি=প্রত্যেক—পা=পালন করা, রক্ষাকরা+ড, যিনি প্রত্যেক ব্যক্তিকে পালন করে) সং, পুং, চন্দ্রবংশীয় নৃপতিবিশেষ, শান্তনুর পিতা এবং ভীষ্মের পিতামহ।

প্রতিপক্ষ, (প্রতি=প্রতিকূল, বিরুদ্ধ—পক্ষ=সহায়) সং, পুং, বিপক্ষ, শত্রু। প্রতিবাদী, আসামী। সাদৃশ্য। প্রতিনিধি।

প্রতিপত্তি, (প্রতি—পদ [গমনকরা] পাওয়া ইত্যাদি+ক্তি—ভা) সং, স্ত্রীং, প্রাপ্তি। পদপ্রাপ্তি। প্রাগল্ভ্য, মান, সম্মান। গৌরব, সুখ্যাতি। প্রবৃত্তি। নিশ্চয়। অভিমান। প্রবোধ। সম্যক্ জ্ঞান, কর্ত্তব্যজ্ঞান। স্বীকার। মীমাংসা

কমতে ফলশূন্য কর্ম্মাঙ্গ। শ্রাদ্ধাদিতে সর্ব্বশেষাঙ্গকর্ম্ম।

প্রতিপত্তিপটহ, (প্রতিপত্তি=সুখ্যাতি—পটহ=ঢাক) সং, পুং, বাদ্যবিশেষ, নাগরাবাদ্য। [সং, ক্লীং, দগড়বাদ্য।

প্রতিপত্তূর্য্য, (প্রতিপদ্—তূর্য্য=বাদ্যযন্ত্র)

প্রতিপদ্, (প্রতি—পদ্ [গমনকরা] পাওয়া+ক্বিপ্—ধি। যাহাতে চন্দ্র ক্ষয় ও বৃদ্ধিপ্রাপ্ত হন) সং,স্ত্রীং, কৃষ্ণ বা শুক্ল পক্ষের প্রথম তিথি। বুদ্ধি। দুগড় বাদ্য।

প্রতিপদ, (প্রতি=প্রত্যেক—পদ) সং, ক্লীং, পদে পদে। স্থানে স্থানে।

প্রতিপন্ন, (প্রতিপত্তি দেখ+ক্ত-র্ম্ম) বিং, ত্রিং, অবগত। সম্মানিত। জ্ঞাত। প্রত্যুক্ত। পুনরুক্ত। অবধারিত, নিশ্চিত। প্রমাণসিদ্ধ, যুক্ত্যাদি প্রদর্শনদ্বারা সমর্থিত। স্বীকৃত, গৃহীত। বিক্রান্ত, প্রাপ্ত।

প্রতিপাদক, (প্রতিপাদন দেখ+ণক—ক) বিং, ত্রিং, উৎপাদক। নির্ব্বাহক। অবধারক। নির্ণায়ক। জ্ঞাপক, বোধক।

প্রতিপাদন, (প্রতি—পাদি=গমনকরান+অনট্—ভা) সং, ক্লীং, দান। প্রতিপত্তি। সম্পাদন, সাধন, নির্ব্বাহ। বিজ্ঞাপন। উৎপাদন। বোধন অবধারণ। ফলপ্রাপন

প্রতিপাদিত, (প্রতিপাদন দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, নিষ্পাদিত, সম্পাদিত। কারণ ভূত। দত্ত। নিশ্চিত। নিরূপিত। অবধারিত। বোধিত, বিজ্ঞাপিত। অর্পিত, ন্যস্ত।

প্রতিপাদ্য, (প্রতিপত্তি দেখ+য—র্ম্ম) বিং, ত্রিং, শব্দের অর্থ। জ্ঞাতব্য। নির্দ্ধারণীয়। অভিধেয়। বর্ণনীয় বিষয়।

প্রতিপাণ, (প্রতি—পণ=ব্যবহার করা, ক্রয়বিক্রয় করা+ঘঞ্) সং, পুং, আক্ষিপ, পণ, দ্যূতক্রীড়া করণ।

প্রতিপালক, (প্রতি—পাল্=রক্ষাকরা+ণক—ক) বিং, ত্রিং, রক্ষক, যে প্রতিপালন করে।

প্রতিপালন, (প্রতিপালক দেখ+অনট্—ভা) সং, ক্লীং, রক্ষণ, পোষণ।

প্রতিপালিত, (প্রতিপালক দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে প্রতিপালন করা হইয়াছে।

প্রতিপুরুষ, (প্রতি—পুরুষ=লোক) সং, পুং, প্রতিনিধি, যে অন্যের পরিবর্ত্তে কার্য্যকরে।

প্রতিপোষক, (প্রতি—পুষ্=পোষণ করা+ণক—ক) বিং, ত্রিং, সাহায্যকারী, আনুকূল্যকারী।

প্রতিপ্রয়াণ, (প্রতি—প্রয়াণ=যে গমন করে) সং, ক্লীং, প্রতিনিবর্ত্তন, ফিরিয়া যাওয়া। পরাবর্ত্ত। অপক্রম।

প্রতিপ্রসব, (প্রতি=পুনর্ব্বার—প্রসব=উৎপাদন) সং, পুং, নিষিদ্ধের পুনর্ব্বিধান। নিষেধ ব্যতিরিক্ত অনুমতিবাক্য।

প্রতিপ্রসূত, (প্রতি=পুনর্ব্বার—প্রসূত=উৎপাদিত) বিং, ত্রিং, যাহার প্রতিপ্রসব করা হইয়াছে। পুনঃসম্ভাবিত।

প্রতিপ্রিয়, সং, ক্লীং, প্রত্যুপকার, উপকারীর উপকার।

প্রতিফল, সং, ক্লীং, প্রতিবিম্ব। প্রতিশোধ। সমুচিত শাস্তি। প্রত্যুপকার। প্রত্যপকার।

প্রতিফলন, (প্রতি—ফল্=ফলধরা, নিষ্পন্ন হওয়া+অনট্—ভা) সং, ক্লীং, প্রতিবিম্বন, প্রতিবিম্ব পড়া।

প্রতিফলিত, (প্রতিফলন দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রতিবিম্বিত।

প্রতিফুল্লক, (প্রতি—ফুল্ল=প্রস্ফুটিত+ক—যোগ) বিং, ত্রিং, প্রফুল্ল, বিকসিত। কুসুমিত।

প্রতিবধক, (প্রতি=বধ=হত্যাকরা+ণক) সং, পুং, অনিষ্টকারী। প্রতিদ্বন্দ্বী, বিরোধী।

প্রতিবদ্ধ, (প্রতি=বিরুদ্ধ—বদ্ধ=বাঁধা) বিং, ত্রিং, ব্যাহত, বাধাযুক্ত।

প্রতিবন্ধ, (প্রতি=বিরুদ্ধ—বন্ধ্=বন্ধন) সং, পুং, বাধা, বিঘ্ন, ব্যাঘাত। নিষেধ।

প্রতিবন্ধক, (প্রতি=বিরুদ্ধ—বন্ধ=বন্ধন-করা+ণক—প্রং) বিং, ত্রিং, বাধাজনক, প্রতিরোধক। ব্যাঘাতকারক। সং, পুং, বিটপ, শাখা, ডাল। ক্লীং, বিঘ্ন।

প্রতিবন্ধি, (প্রতি=বিরুদ্ধ—বন্ধ্=বন্ধন করা+ই—প্রং) সং, পুং, অনিষ্টান্তর প্রসঞ্জক বাক্য। প্রতিবন্ধ। ব্যাঘাত।

প্রতিবন্ধী, (প্রতিবন্ধিন্, প্রতিবন্ধ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, প্রতিবন্ধবিশিষ্ট, প্রতিবন্ধক।

প্রতিবল, (প্রতি=তুল্য, প্রতিকূল—বল) বিং, ত্রিং, সমর্থ, শক্ত। সমকক্ষ, তুল্যবল, সং, ক্লীং, শত্রু, সৈন্য। পুং, শত্রু, বৈরী।

প্রতিবোধ, (প্রতি—বোধ=জ্ঞান) সং, পুং, প্রবোধ। জাগরণ। স্ফুটন, বিকাস। বিপরীত বোধ।

প্রতিবোধিত, (প্রতি—বোধি=বুঝান+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বোধিত। জাগরিত প্রস্ফুটিত, বিকসিত। শিক্ষিত।

প্রতিভট, সং, পুং, প্রতিপক্ষ যোদ্ধা। বিপক্ষ।

প্রতিভয়, (প্রতি=সম্পূর্ণরূপে—ভয়=শঙ্কা) বিং, ত্রিং, ভয়ঙ্কর। সং, ক্লীং, ভয়

প্রতিভা, (প্রতি—ভা=দীপ্তি পাওয়া+আ—ভা) সং, স্ত্রীং, অসাধারণ বুদ্ধিশক্তি, প্রত্যুৎপন্নমতি। বুদ্ধি। প্রভা, দীপ্তি। তেজঃ, প্রভাব। সাদৃশ্য।

প্রতিভাগ, (প্রতি=প্রত্যেকব্যক্তি—ভাগ=অংশ) সং, ক্লীং, প্রত্যেকব্যক্তি রাজার নিজ ব্যবহার নিমিত্ত যে ফলপুষ্পাদি দিয়া থাকে।

প্রতিভাত, (প্রতিভা দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রদীপ্ত। উদিত। প্রতিফলিত।

প্রতিভান্বিত, প্রতিভাবান্, প্রতিভামুখ, } (প্রতিভা=প্রত্যুৎপন্নমতি—অন্বিত=যুক্ত। প্রতিভাবৎ, প্রতিভা+বৎ-অস্ত্যর্থে। প্রতিভা—মুখ=আস্য) বিং, ত্রিং, অনাগাস্য বুদ্ধিশক্তি সম্পন্ন।

প্রতিভাসিত, (প্রতি—ভাস্=দীপ্তি-পাওয়া+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রদীপ্ত, শোভিত।

প্রতিভূ, (প্রতি=প্রতিনিধি—ভূ=হওয়া+ক্বিপ্—ক) সং, পুং, তৎস্থানীয়, জামিন্। লগ্নক।

প্রতিম, (প্রতি=সমান—মা=পরিমাণ-করা, অথবা প্রতি—মা=তুল্যকরা+ড—র্ম্ম) বিং, ত্রিং, শব্দের পরবর্ত্তী হইলে সদৃশার্থবাচক। মা—স্ত্রীং, সাদৃশ্য। প্রতিমূর্ত্তি, প্রতিবিম্ব, প্রতিকৃতি, ছবি। গজদন্তবন্ধ।

প্রতিমান, (প্রতিম দেখ+অন—প্রং) সং, ক্লীং, হস্তীর বৃহৎদন্তদ্বয়ের ব্যবধান স্থান। প্রতিবিম্ব, প্রতিমূর্ত্তি, ছবি, প্রতিকৃতি। সাদৃশ্য। উপমা।

প্রতিমাননা, (প্রতি—মান্=পূজা করা+অনট্—ভা) সং, স্ত্রীং, পূজা, সম্মান।

প্রতিমার্গক, (প্রতি=বিপরীত—মার্গ=পথ+ক—প্রং) সং, পুং, পুরবিশেষ, শূন্যস্থিত রাজা হরিশ্চন্দ্রের পুরী।

প্রতিমালা, (প্রতি=বিপরীত—মালা) সং স্ত্রীং, পঠ্যমান কবিতাবলী, স্মরণশক্তির পরিচয় দিবার জন্য যে সমস্ত কবিতা পাঠ করা যায়।

প্রতিমুক্ত, (প্রতিমোচন দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, পিনদ্ধ, বিমুক্ত। পরিহিত বস্ত্রাদি। ক্ষিপ্ত, পরিত্যক্ত।

প্রতিমুখ, (প্রতি=অভি—মুখ) বিং, ত্রিং অভিমুখ, অগ্রবর্ত্তী, সম্মুখ। সং, ক্লীং নাট্যের সন্ধিবিশেষ।

প্রতিমূর্ত্তি, (প্রতি=সমান—মূর্ত্তি=আকৃতি সং, স্ত্রীং, প্রতিকৃতি, আকৃতি, ছবি চিত্র। [ইঁদুর

প্রতিমূষিকা, সং, স্ত্রীং, ইন্দুরবিশেষ, নেংটে

প্রতিমোচন, (প্রতি—মুচ্=ত্যাগকরা+অনট্—ভা) সং, ক্লীং, বিমোচন, বন্ধমোচন। পরিধান। নির্যাতন।

প্রতিযত্ন, (প্রতি=অধিক বা সমান—যত্=চেষ্টা) সং, পুং, লিপ্সা, আকাঙ্ক্ষা।

লাভেচ্ছা। উপগ্রহ। বন্দী, কয়েদী। নিগ্রহাদি। গুণান্তরাধানরূপ সংস্কার। প্রতিগ্রহ। বিং, ত্রিং, যত্নবান্।

প্রতিযাত, (প্রতি—যা=যাওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, প্রতিনিবৃত্ত, ফিরিয়া যাওয়া।

প্রতিযাতনা, (প্রতি=সমান—যাতি [যন্ত্রণা দেওয়া] পরিনাণকরা+অনট্—ভা) সং, স্ত্রীং, প্রতিকৃতি, ছবি। তুল্যরূপ যাতনা।

প্রতিযোগ, (প্রতি=সমান—যুজ্=যোগ করা+ঘঞ্—ভা) সং, পুং, বিপক্ষতা, শত্রুতা, বিরোধ।

প্রতিযোগী, (প্রতিযোগিন্, প্রতি=সমান—যুজ্=যোগকরা+ণিন্—ক, শীলার্থে) সং, পুং, প্রতিদ্বন্দ্বী, সৎপ্রতিপক্ষে বিরোধী। শত্রু। তুল্য। সমকক্ষ, তুল্যবল। অনুরূপ। প্রতিকূল। এক কর্ম্মাভিলাষী।

প্রতিযোজয়িতব্য, (প্রতি—যোজি=যুক্তকরান+তব্য—র্ম্ম) বিং, ত্রিং, যোজনীয়, যাহা সংলগ্ন করিতে হইবে। তন্ত্রী প্রভৃতি দ্বারা যোজনীয়।

প্রতিযোধ, (প্রতি=সমান—যুধ্=যুদ্ধকরা+ঘঞ্—ক) সং, পুং, প্রতিপক্ষ যোদ্ধা।

প্রতিরব, (প্রতি=পুনরায়—রব=শব্দ) সং, পুং, প্রতিধ্বনি।

প্রতিরুদ্ধ, (প্রতিরোধ দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অবরুদ্ধ, আটক করা। নিবারিত।

প্রতিরূপ, (প্রতি=সমান—রূপ=আকৃতি) সং, ক্লীং, প্রতিমূর্ত্তি। প্রতিনিধি। প্রতিবিম্ব। সাদৃশ্য। বিং, ত্রিং, সদৃশ।

প্রতিরূপক, (প্রতিরূপ+ক—যোগ) সং, ক্লীং, তৎস্থানীয়, প্রতিনিধি। প্রতিবিম্ব

প্রতিরুরুষু, (প্রতি—রু=ধ্বনিকরা শব্দকরা+সন্—ইচ্ছার্থে, উ) বিং, ত্রিং, উৎক্রোশেচ্ছু, রোদনেচ্ছু, ভাষণেচ্ছু।

প্রতিরোধ, (প্রতি—রুধ্=রুদ্ধকরা+ঘঞ্—ভা) সং, পুং, নিবারণ। নিষেধ। চৌর্য্য। প্রতিবন্ধ। অবরোধ, নগরাদিবেষ্টন, আটক। তিরস্কার। সৎপ্রতিপক্ষ

প্রতিরোধক, প্রতিরোধী, (প্রতিরোধিন্, প্রতিরোধ দেখ, ণক, ণিন্—ক) সং, পুং, চোর। বিং, ত্রিং, যে প্রতিরোধ করে, নিরোধক। অবরোধক। ব্যাঘাতক।

প্রতিরোধিত, (প্রতি—রোধ=রুদ্ধকরান+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, নিবারিত, ব্যাহত।

প্রতিলোম, (প্রতি=বিপরীত—লোমন্=শরীরের রোম+অল্—প্রং) বিং, ত্রিং, বাম, প্রতিকূল। বিপরীত। ব্যুৎক্রম, বত্যয়, উল্টা।

প্রতিলোমজ, (প্রতিলোম—জ=জাত) বিং, ত্রিং, উত্তমা স্ত্রীতে অধম কর্ত্তৃক জাত অর্থাৎ ব্রাহ্মণীর গর্ভে ক্ষত্রিয়ের ঔরসে জাত, বৈশ্যের ঔরসে ক্ষত্রিয়ের গর্ভজাত ইত্যাদিক্রমে উৎপন্ন।

প্রতিবচন, প্রতিবচঃ, (প্রতিবচস্, প্রতি=পুনর্ব্বার, পরিবর্ত্ত—বচন, বচস্=বাক্য) সং, ক্লীং, উত্তর, প্রত্যুত্তর। প্রতিবাক্য। প্রতিকূলবাক্য। সমানার্থক বাক্য। প্রতিশব্দ। প্রতিধ্বনি।

প্রতিবসথ, (প্রতি—বস্=বাসকরা+অথ—প্রং) সং, পুং, গ্রাম।

প্রতিবস্তূপমা, (প্রতি—বস্তু—উপমা) সং, স্ত্রীং, কাব্যালঙ্কারবিশেষ, যে স্থানে পদার্থেদ্বয়ে উপমান উপমেয় ভাব না থাকিলেও পরস্পর সাদৃশ্য স্বতই প্রতীত হয়, এবং, সাধারণ ধর্ম্ম তুল্যরূপ হইলেও স্বতন্ত্র আকারে সন্নিবিষ্ট থাকে।

প্রতিবাক্—স্ত্রীং, প্রতিবাক্য—ক্লীং, প্রতিবাণি—স্ত্রীং, } প্রতিবাচ্, প্রতি=পুনর্ব্বার, পরিবর্ত্ত—বাচ, বাক্য, বাণি) সং, উত্তর প্রত্যুত্তর। প্রতিকূলবাক্য। সমানার্থক বাক্য।

প্রতিবাত, (প্রতি—বাত=বায়ু) সং, পুং, বাতাসের অভিমুখ দিক্। যে দিক্ হইতে বায়ু আইসে। "চীনাংশুকমিব কেতোঃ প্রতিবাতং নীয়মানস্য" শকুন্তলা

প্রতিবাদ, প্রতীবাদ, (প্রতি=বিরুদ্ধ—

বদ্=বলা+অল্—ভা) সং, পুং, প্রতিকূলে উক্তি, বিরুদ্ধে বলা। বিরোধ। আপত্তি।

প্রতিবাদী, (প্রতিবাদিন্, প্রতি=বিরুদ্ধ বাদী [বদ্=বলা+ণিন্—ক] যে বলে) বিং, ত্রিং, প্রতিপক্ষ, আসামী, উত্তরবাদী, প্রত্যর্থী।

প্রতিবাপ,(প্রতি—বপ=বপনকরা+ঘঞ্) সং, পুং, মিশ্র ঔষধ, বৃক্ষমূলাদির ক্বাথ নিষ্কাশনের পর, ঐ ক্বাথের সহিত যে দ্রব্য মিশ্রিত করা যায়।

প্রতিবাসর, (প্রতি=প্রত্যেক, বীপ্সা—বাসর=দিবস) সং,ক্লীং, প্রতিদিন, প্রত্যহ

প্রতিবাসী, (প্রতিবাসিন্, প্রতি=নিকট—বাসী=যে বাসকরে) বিং, ত্রিং, নিকটবর্ত্তী গৃহস্থ, পড়্সী।

প্রতিবিধান, (প্রতি=পুনরায়, পরিবর্ত্ত—বি—ধা [ধারণকরা] করা+অনট্-ভা) সং, ক্লীং, প্রতিকার। প্রতিক্রিয়া। সজ্জা। উপায়।

প্রতিবিধিৎসা, (প্রতিবিধিৎস [প্রতিবিধান দেখ, সন্—ইচ্ছার্থে) প্রতিকার করিবার ইচ্ছাকরা+আ—ভা) সং,স্ত্রীং, প্রতিবিধানের ইচ্ছা।

প্রতিবিম্ব, (প্রতি=সমান—বিম্ব=মূর্ত্তি) সং, ক্লীং, প্রতিচ্ছায়া, দর্পণাদি অনুরূপ আকৃতি। "যত্র বাক্যদ্বয়ে বিম্বপ্রতিবিম্ব তয়োচ্যতে। সামান্য ধর্ম্মো বাক্যজ্ঞৈঃ স দৃষ্টান্তো নিগদ্যতে"।

প্রতিবিম্বন, (প্রতি=সমান—বী=গমনকরা, দীপ্তিপাওয়া+ব—প্রং, ম্—আগম, ঈ—হ্রস্ব। স্বামী বলেন—শোভার্থ বিম্ব্ ধাতুতেই নিষ্পন্ন) সং, ক্লীং, স্বচ্ছ পদার্থে অনুরূপ আকৃতি প্রতিফলিত হওয়া। [করে) সং, পুং, দর্পণ।

প্রতিবিম্বাত, (প্রতিবিম্ব—অত=যে গমন

প্রতিবিম্বিত,(প্রতিবিম্ব+ইত—জাতার্থে) বিং, ত্রিং, প্রতিবিম্ব প্রাপ্ত, যাহার প্রতিবিম্ব পড়িয়াছে। উপমিত।

প্রতিবিহিত, (প্রতিবিধান দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং যাহার প্রতিবিধান করা হইয়াছে, প্রতিকৃত। সজ্জিত। গ্রথিত।

প্রতিবেশ, প্রতীবেশ,(প্রতি=নিকট—বিশ্=প্রবেশকরা+ঘঞ্—খি) সং, পুং, সমীপবর্ত্তী বাসস্থান।

প্রতিবেশবাসী, (প্রতিবেশবাসিন্, প্রতিবেশ—বাসী=যে বাসকরে) বিং, ত্রিং, প্রতিবাসী, নিকটবর্ত্তী গৃহী।

প্রতিবেশী, প্রতীবেশী (প্রতিবেশিন্, প্রতিবেশ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, প্রতিবাসী, নিকট গৃহস্থ।

প্রতিশব্দ, (প্রতি=পুনরায়, পরিবর্ত্ত—শব্দ) সং, পুং, প্রতিধ্বনি।

প্রতিশাসন, (প্রতি—শাসন=দমন) সং, ক্লীং, ভৃত্যাদিগকে কোন কার্য্যে প্রেরণ।

প্রতিশিষ্ট (প্রতি—শাস্=শাসনকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রেরিত। নিরাকৃত। প্রত্যাখ্যাত।

প্রতিশীর্ষ, সং, পুং, প্রতিনিধি।

প্রতিশ্যা—স্ত্রীং, প্রতিশ্যায়—পুং, } (প্রতি—শ্যৈ [গমন করা] বিন্দু বিন্দু পড়ন+অ—ণ) সং, পীনাসরোগ।

প্রতিশ্রয়, (প্রতি=সম্পূর্ণরূপে—শ্রি=সেবা করা, আশ্রয়করা+অচ্—প্রং) সং, পুং, যজ্ঞশালা। সভা। আশ্রয় স্থান। গৃহ। অতিথিশালা, যে স্থানে অতিথি বা ভিক্ষুকদিগকে খাদ্যদ্রব্যাদি বিতরণ করা যায়।

প্রতিশ্রব, (প্রতিশ্রুত দেখ, অল্—ভা)সং পুং, অঙ্গীকার, স্বীকার।

প্রতিশ্রুৎ, (প্রতি=পরিবর্ত্ত—শ্রু=শ্রবণ করা+ক্বিপ্—প্রং) সং, স্ত্রীং, প্রতিধ্বনি

প্রতিশ্রুত, (প্রতি—শ্রু [শুনা] অঙ্গীকার করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অঙ্গীকৃত স্বীকৃত।

প্রতিষিদ্ধ, (প্রতি—সিধ্ [সম্পন্নকরা নিষিদ্ধকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, নিবারিত, নিষিদ্ধ। অপহৃত।

প্রতিষেদ্ধা, প্রতিষেধক, (প্রতিষেদ্ধৃ, প্রতিষিদ্ধ দেখ, তৃন্, ণক—ক) বিং,ত্রিং, নিষেধক, নিবারক।

প্রতিষেধ, (প্রতিষিদ্ধ দেখ, ঘঞ্—ভা) সং, পুং, নিষেধ, নিবারণ। অপহরণ। পরিহার, ত্যাগ।

প্রতিষ্ক, প্রতিষ্কস, (প্রতি—কষ্=বধকরা, কস্=গমনকরা+অল্—প্রং। স—আগম) সং, পুং, চর, দূত, প্রণিধি।

প্রতিষ্কশ, (প্রতি—কশ্=শব্দন করা+অল্—প্রং। স—আগম) সং, পুং, সহায়। দূত, বার্ত্তাহর। অগ্রগামী। চর্ম্মরজ্জু, কশা, চাবুক।

প্রতিষ্কষ, (প্রতি—কষ্=আঘাতকরা+অল্—প্রং। স্—আগম) সং, পুং, চর্ম্মরজ্জু, চামের দড়ী। চাবুক।

প্রতিষ্টব্ধ, (প্রতিষ্টম্ভ দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রতিবদ্ধ, ব্যাহত। বারিত। রুদ্ধ।

প্রতিষ্টম্ভ, (প্রতি—স্তন্ভ্=স্তব্ধকরা+অল্—ভা) সং,পুং, প্রতিবন্ধ, বাধা। রোধ।

প্রতিষ্ঠ, (প্রতিষ্ঠা দেখ, ড—প্রং) বিং, ত্রিং, প্রতিষ্ঠান্বিত, গৌরবযুক্ত।

প্রতিষ্ঠা, (প্রতি—স্থা [থাকা) প্রশংসা করা ইত্যাদি+আ—ভা) সং, স্ত্রীং, সুখ্যাতি। গৌরব, মর্য্যাদা। সংস্কারবিশেষ। পৃথিবী। পুষ্করিণ্যাদি উৎসর্গ। ব্রতাদির উদ্যাপন। আলম্বন, আশ্রয়। আস্পদ, স্থান। সমাপ্তি। স্থিতি। চতুরক্ষরপাদ ছন্দোবিশেষ। যৌতুকদান।

প্রতিষ্ঠান, (প্রতি—স্থান) সং, ক্লীং, গোদাবরী নদী-তীরস্থ নগরবিশেষ, ইহার বর্ত্তমান নাম মঙ্গিল্পটন।

প্রতিষ্ঠাপিত, (প্রতি-স্থাপি=স্থাপনকরান+ক্ত—র্ম্ম) বিং,ত্রিং, স্থাপিত। অর্পিত। উৎসৃষ্ট।

প্রতিষ্ঠিত, (প্রতিষ্ঠা+ইত—সংজাতার্থে) বিং, ত্রিং, বিখ্যাত, সম্মানিত। প্রশংসিত। স্থাপিত। সংস্কৃত। বদ্ধমূল। সমাপিত। অবস্থিত।

প্রতিষ্ণাত, (প্রতি—স্না=স্নানকরা+ক্ত—ক) বিং, ত্রিং, বিশুদ্ধ, পবিত্র, পূত।

প্রতিসংহার, (প্রতি—সং—হৃ [হরণকরা] নিবৃত্তকরা ইত্যাদি+ঘঞ—ভা) সং, পুং, নিবর্ত্তন। প্রত্যাকর্ষণ, সঙ্কোচ। সমাহার।

প্রতিসংহৃত, (প্রতিসংহার দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, সুঙ্কুচিত, প্রত্যাকৃষ্ট, সম্পীড়িত। প্রত্যাবর্ত্তিত। নিবর্ত্তিত। অনুরুদ্ধ। সংহৃত।

প্রতিসমাধান, (প্রতি=পুনরায়, পরিবর্ত্ত—সম্—আ—ধা [ধারণকরা] করা+অনট্—ভা) সং, ক্লীং, প্রতিকার।

প্রতিসমাধেয়, (পূর্ব্বে দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, প্রতিকার্য্য।

প্রতিসর, (প্রতি—সৃ=গমনকরা+অল—সংজ্ঞার্থে) সং, পুং, মন্ত্রবিশেষ। হারযষ্টি, মালার ছড়া। নর। সৈন্যপৃষ্ঠ। কঙ্কণ। মাল্য। প্রাতঃকাল। করসূত্র। আরক্ষ। ব্রণশোধন, ক্ষতাদি আরোগ্যকরণ। পুং. ক্লীং, ভূষণ। বিং, ত্রিং, নিযোজ্য, কিঙ্কর। অধীন।

প্রতিসর্গ, (প্রতি=প্রতিরূপ বা প্রতিকূল—সর্গ=সৃষ্টি) সং, পুং, ব্রহ্মার সৃষ্টির পর দক্ষাদির সৃষ্টি, মরীচি প্রভৃতির সৃষ্টি।

প্রতিসব্য, (প্রতি=সম্পূর্ণ—সব্য=বাম) বিং, ত্রিং, প্রতিকূল, বিপরীত।

প্রতিসান্ধানিক, (প্রতিসন্ধান=স্তুতিপাঠ+ষ্ণিক-প্রং) সং,পুং,স্তুতিপাঠক, ভাট্।

প্রতিসারিত, (প্রতি—সারি=গমনকরান+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, পরিচালিত, অপসারিত, ব্যাহৃত। নিরাকৃত। সরাইয়া দেওয়া। প্রবর্ত্তিত। পরাহত।

প্রতিসীরা, (প্রতি—সি=বন্ধনকরা+র, আপ্—প্রং, ই=ঈ) সং, স্ত্রীং, তিরস্করিণী, যবনিকা, পর্দ্দা।

প্রতিসূর্য্য, প্রতিসূর্য্যক, (প্রতি=প্রতিরূপ—সূর্য্য। ক—যোগে প্রতিসূর্য্যক) সং, পুং, কৃকলাস,কাঁকলাস। "তৃষ্যদ্ভিঃ

প্রতিসূর্য্যকৈরজগরস্বেদদ্রবঃ পীয়তে” উত্তরচরিত। টিকটিকী।সূর্য্য-পরিবেশ।
প্রতিসৃষ্ট, (প্রতি—সৃজ্=ত্যাগ করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রেরিত, প্রেষিত। দত্ত, বিসৃষ্ট। প্রত্যাখ্যাত, নিরাকৃত।
প্রতিহত, (প্রতি—হন্ [বধকরা] আঘাত করা ইত্যাদি+ক্ত—র্ম্ম) বিং,ত্রিং, নিরস্ত। নিবারিত। ব্যাহৃক্তি। আহত। প্রেরিত। ঘৃণিত। দ্বিষ্ট। প্রতিস্খলিত। প্রতিবদ্ধ। রুদ্ধ। নিরাশ। প্রহারিত। প্রতিঘাত।
প্রতিহন্তা, প্রতিহর্ত্তা, (প্রতিহন্তৃ, প্রতিহর্ত্তৃ,প্রতি—হন্ [বধকরা] হৃ [হরণকরা] নিবারণকরা ইত্যাদি+তৃন্—ক) বিং, ত্রিং,নিবারক। নাশক। বিপক্ষবিরোধী।
প্রতিহস্ত,(প্রতি-হস্ত=হাত) সং,পুং,প্রতিনিধি,অন্যের পরিবর্ত্তে যে কার্য্য করে।
প্রতিহার, প্রতীহার, (প্রতি—হৃ [হরণকরা] নিবারণকরা ইত্যাদি+ঘঞ্—প্রং) সং, পুং, দ্বার। দৌবারিক, দ্বারপাল। পরিহার। বাজীকর। মায়া, শঠতা। রী—স্ত্রীং, দ্বারপালিকা।
প্রতিহারণ, (প্রতি=সম্মুখে—হারি=গ্রহণ করান+অনট্—প্রং) সং, ক্লীং, প্রবেশদ্বার। প্রবেশন, দ্বারে প্রবেশ করিবার অনুমতি।
প্রতিহারী, প্রতীহারী, (প্রতিহারিন্, প্রতিহার+ইন্—রক্ষার্থে) সং, পুং, রিণী—স্ত্রীং, দ্বারপাল, দ্বারপালী।
প্রতিহার্য্য, (প্রতিহার দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, পরিহার্য্য, পরিত্যাজ্য।
প্রতিহাস, প্রতীহাস,(প্রতি=পুনরায়—হস্=হাস্যকরা+ঘঞ্—প্রং) সং, পুং, করবীগাছ। উপহাসকারীর প্রতি হাস্য।
প্রতিহিংসা, (প্রতি=পরিবর্ত্ত—হিংসা) সং, স্ত্রীং, বৈরশুদ্ধি, প্রতিফল, বৈরনির্যাতন।
প্রতীক, (প্রতি—বিরুদ্ধ—ই=গমনকরা+ইক—প্রং। অথবা প্রতি+ক—প্রং, নিপাতন) বিং, ত্রিং, প্রতিকূল, বিপরীত। সং, পুং, অঙ্গ, অবয়ব।
প্রতীকার, (প্রতিকার দেখ) সং, পুং, প্রতিকার দেখ। [প্রতিকার্য্য দেখ।
প্রতীকার্য্য, (প্রতিকার্য্য দেখ) বিং, ত্রিং,
প্রতীকাশ, (প্রতি=সমান—কাশ্=দীপ্তি পাওয়া+অল্—ক, অথবা প্রতিকাশ দেখ,) বিং, ত্রিং, তুল্য, সদৃশ।
প্রতীক্ষণ—ক্লীং, প্রতীক্ষা—স্ত্রীং, } (প্রতি-ঈক্ষ্ [দেখা] সমাদরকরা ইত্যাদি+অনট্, অ—আপ্,প্রং) সং, অপেক্ষা। অন্যের প্রত্যাশা। প্রতিপালন। পূজা।
প্রতীক্ষ্য, (প্রতীক্ষা দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, পূজ্য, আরাধ্য। অপেক্ষণীয়।
প্রতীচী, (প্রতি=পশ্চাৎ—অন্চ্=গমনকরা+ক্বিপ্-ঙি। পশ্চাৎ অর্থাৎ দিনাবসানে সূর্য্য যে দিকে গমন করে) সং, স্ত্রীং, পশ্চিমদিক্।
প্রতীচীন, প্রতীচ্য, (প্রতীচী+ঈন, য—ভবার্থে) বিং, ত্রিং, পশ্চিমদিক্-জাত। পশ্চিমদিকস্থ।
প্রতীত, (প্রতি—ই [গমনকরা] বোধকরা ইত্যাদি+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রসিদ্ধ, খ্যাত। জ্ঞাত। প্রীত, হৃষ্ট। বিশ্বস্ত। সম্মানিত। সম্ভ্রান্ত। বুদ্ধিমান্। অতীত, গত।
প্রতীতি, (প্রতীত দেখ, ক্তি—ভা) সং, স্ত্রীং, খ্যাতি,প্রসিদ্ধি। আদর, সম্মান। জ্ঞান। প্রীতি, হর্ষ। বিশ্বাস।
প্রতীপ, (প্রতি=বিরুদ্ধ—অপ্=জল, অ—প্রং, অপ স্থানে ঈপ) সং, পুং, শান্তনু রাজার পিতা, ভীষ্মের পিতামহ। বিং, ত্রিং, প্রতিকূল, বিপরীত। পরাঙ্মুখ। পশ্চিম।
প্রতীপদর্শী, (প্রতীপদর্শিন্, প্রতীপ=বিপরীত—দর্শিন্=যে দেখে) বিং, বিপরীতদর্শী।
প্রতীপদর্শিনী, (প্রতীপ=পরাঙ্মুখ—দর্শিনী=যে দেখে)সং,স্ত্রীং,নারী, স্ত্রী, যোষিৎ।

প্রতীমান, (প্রতি—মা=পরিমাণ করা +অনট্ ই=ঈ) সং, ক্লীং, পরিমাণ।
প্রতীয়মান, (প্রতীত দেখ, শান—র্ম্ম, য—আগম) বিং, ত্রিং, জ্ঞায়মান, যাহা জানা যাইতেছে। [তীর, তট।
প্রতীর, (প্র—তীর=তট) সং, ক্লীং,কূল,
প্রতীবাপ, (প্রতি=পুনরায়—বপ্= বপন করা+ঘঞ্—প্রং। ই=ঈ) সং, পুং, গলিত স্বর্ণাদির দ্রব্যান্তরের সহিত মিশ্রণ। ন্যাস, নিক্ষেপ। উপদ্রব। পানায় ঔষধবিশেষ।
প্রতীষ্ট, (প্রতি—ইষ্ট) বিং, ত্রিং, পরিগৃহীত। অঙ্গীকৃত, স্বীকৃত।
প্রতুদ, (প্র—তুদ্ [চঞ্চু দ্বারা] ব্যথিতকরা +অল্—প্রং)সং, পুং, গৃধ্র, কাক,শ্যেন, ময়ূর পেচক প্রভৃতি।
প্রতোদ, (প্র—তুদ্=পীড়া দেওয়া+ঘঞ্ —ণ) সং, পুং, অশ্বাদির তাড়নদণ্ড, চাবুক। পাঁচন বাড়ী।
প্রতোলী, (প্র—তুল্ [ওজনকরা] গমনকরা+ঘঞ্, ঈপ্—প্রং)সং, স্ত্রীং, রথ্যা, রাস্তা। দুর্গ বা নগরের দ্বার।
প্রত্ত, (প্র—দা=দানকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, দত্ত। ত্যক্ত।
প্রত্ন, (প্রগে, এখানে পুরাতন অর্থ+ত্ন —প্রং। গে=লোপ) বিং, ত্রিং, পুরাতন, পুরাণ।
প্রত্যক্, (প্রতি-অন্চ্=গমনকরা+ক্বিপ্ —প্রং) অং, পশ্চাৎ। পশ্চিমদিক্। পূর্ব্ব।
প্রত্যক্ষ, (প্রতি=লক্ষ্য—অক্ষ=ইন্দ্রিয়, অথবা প্রতি—অক্ষি=চক্ষুঃ, বাং—স, অ—প্রং, কিম্বা প্রতি—অক্ষ=ইন্দ্রিয়, ৭মী—হিং, মধ্যপদলোপ) বিং, ত্রিং, ইন্দ্রিয়-গ্রাহ্য, দৃশ্য, সাক্ষাৎ, ইন্দ্রিয়ের বিষয়। ব্যক্ত। সং,ক্লীং,ইন্দ্রিয়-জন্য জ্ঞান ইহা ষড়্‌বিধ,যথা ঘ্রাণজ, রাসন, শ্রাবণ, চাক্ষুষ, স্পার্শন, মানস।
প্রত্যক্ষদর্শন, (প্রত্যক্ষ—দৃশ্=দেখা+ অনট্—প্রং) সং, পুং, সাক্ষী, যে স্বয়ং দেখে।
প্রত্যক্ষবাদী, (প্রত্যক্ষবাদিন, প্রত্যক্ষ—বাদিন্=যে বলে। যাহারা প্রত্যক্ষ ভিন্ন অন্য প্রমাণ গ্রহণ করে না) সং, পুং, বৌদ্ধ।
প্রত্যক্ষীকৃত,(প্রত্যক্ষ—কৃত=করা হইয়াছে। মধ্যে, ঈ—আগম) বিং, ত্রিং, যাহা প্রত্যক্ষ করা হইয়াছে।
প্রত্যগাশাপতি, (প্রত্যক্=পশ্চিম—আশা =দিক, দেশ—পতি=প্রভু) সং, পুং, পশ্চিমদিকের অধিপতি, বরুণ।
প্রত্যগ্র, (প্রতি—অগ্র=প্রথম) বিং, ত্রিং, নূতন, টাট্‌কা। অপরিক্ষত। "স প্রত্যগ্রৈঃ কুটজকুসুমৈঃ কল্পিতার্ঘায় তস্মৈ" মেঘদূত। শোধিত।
প্রত্যগ্রথ, সং, পুং, অহিচ্ছত্র নগর।
প্রত্যঙ্গ, (প্রতি=সম্বন্ধীয়—অঙ্গ) সং, ক্লীং, অঙ্গাবয়ব, অঙ্গাংশ, অঙ্গের অঙ্গ, হস্ত পদ কর্ণ নাসিকা লিঙ্গাদি অবয়ব। উপকরণ।
প্রত্যঙ্গিরা, সং, স্ত্রীং, দেবীবিশেষ।
প্রত্যঞ্চ, প্রত্যচ্, (প্রতি—অন্চ্ গমনকরা+ক্বিপ্—ক) বিং, সং, ত্রিং, পশ্চাৎ। পূর্ব্ব। পশ্চিমদেশীয়। পশ্চিমদিক্। পশ্চিমদেশ। পশ্চিমকাল।
প্রত্যনীক, (প্রতি=বিরুদ্ধ, প্রতিকুল— অনীক=সৈন্য) সং, পুং, প্রতিপক্ষ,বৈরী। ব্যাঘাত। কাব্যালঙ্কারবিশেষ।
প্রত্যন্ত, (প্রতি=প্রায়—অন্ত=শেষ) সং, পুং, ম্লেচ্ছদেশ। বিং, ত্রিং, সমীপবর্ত্তী, সন্নিহিত, নিকটস্থ। অন্তের সমীপস্থ। অন্তিক। [সমীপবর্ত্তী ক্ষুদ্র পর্ব্বত।
প্রত্যন্তপর্ব্বত, সং, পুং, বৃহৎ পর্ব্বতের
প্রত্যভিজ্ঞা,(প্রতি=পুনর্ব্বার-অভি—জ্ঞা= জানা+আ—ভা) সং, স্ত্রীং, স্মরণবিশেষ, অনুস্মৃতি। 'ইহা সেই' এবম্বিধ অনুমান।
প্রত্যভিযোগ, (প্রতি=পুনর্ব্বার—অভিযোগ=নালিস) সং, পুং, অভিযোক্তার

প্রতি অভিযোগ, অভিযুক্ত ব্যক্তি নিজ দোষ ক্ষালন করিয়া অভিযোক্তার বিরুদ্ধে যে অভিযোগ করে (Appeal)

প্রত্যভিবাদ—পুং, } প্রত্যভিবাদন—ক্লীং, } (প্রতি=পুনরায় -অভিবাদ, অভিবাদন=বন্দনা, প্রণাম) সং, পূজ্য ব্যক্তিকে প্রণাম করিলে তিনি যে আশীর্ব্বাদ করেন। গুরু প্রভৃতির আশীর্ব্বাদ বচন। জ্যেষ্ঠের কনিষ্ঠের নমস্কারানন্তর পুনর্নমস্কার।

প্রত্যয়, (প্রতি—ই [গমনকরা] জানা ইত্যাদি+অল্—ভা) সং, পুং, অধীন। শপথ। নিশ্চয়। জ্ঞান। বিশ্বাস। হেতু। রন্ধ্র, ছিদ্র। আচার। প্রসিদ্ধি, খ্যাতি। ব্যাকরণে—শব্দ বা ধাতুর উত্তর ক্রিয়মাণ বিভক্ত্যাদি, যাহা প্রকৃতির পর প্রযুক্ত হইয়া থাকে।

প্রত্যয়কারিণী, (প্রত্যয়=বিশ্বাস—কারিণী=যে [করায়]ঘটায়) সং, স্ত্রীং, মোহর, মুদ্রা, ছাপদেওয়া। বিশ্বাসজনিকা।

প্রত্যয়িত, (প্রত্যয়+ইত—প্রং) বিং, ত্রিং, বিশ্বস্ত, বিশ্বাসপাত্র। আপ্ত, প্রতিগত। প্রতীত।

প্রত্যয়ী, (প্রত্যয়িন্, প্রত্যয়+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বিশ্বাসী, বিশ্বাসকারী।

প্রত্যর্থী, (প্রত্যর্থিন্, প্রতি=প্রতিকূল—অর্থ=বিধেয়, প্রয়োজন+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বিপক্ষ, শত্রু। প্রতিকূল। প্রতিবাদী, আসামী। প্রতিপক্ষ।

প্রত্যর্পণ, (প্রতি=পুনর্ব্বার—অর্পণ=দান) সং, ক্লীং, প্রতিদান, ফিরিয়া দেওয়া।

প্রত্যর্পিত, (প্রতি=পুনর্ব্বার—অর্পিত=দত্ত) বিং, ত্রিং, প্রতিদত্ত, যাহা ফিরিয়া দেওয়া হইয়াছে।

প্রত্যবসান, (প্রতি—অব—সা [শেষ করা] ভোজন করা+অনট্—ভা) সং, ক্লীং, ভোজন, ভক্ষণ।

প্রত্যবসিত, (পূর্ব্বে দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ভুক্ত, ভক্ষিত, জগ্ধ।

প্রত্যবস্কন্দ-পুং, } প্রত্যবস্কন্দন-ক্লীং, } (প্রতি=পুনর্ব্বার —অব—স্কন্দ্=গমনকরা+অল্, অনট্—ভা) সং, চতুর্ব্বিধ উত্তরান্তর্গত প্রত্যুত্তরবিশেষ, বাদীর প্রদর্শিত দোষ ক্ষালনার্থ প্রতিবাদী যে সকল কারণ দেখায়, আপত্তি।

প্রত্যবস্থাতা, (প্রত্যবস্থাতৃ, প্রতি—অব—স্থা [থাকা] বাধা দেওয়া+তৃন্—ক) বিং, ত্রিং, প্রতিপক্ষ, শত্রু।

প্রত্যবহার, (প্রতি—অব=হৃ [হরণকরা] নষ্টকরা+ঘঞ্—ভা) সং, পুং, প্রলয়, ধ্বংস, বিনাশ।

প্রত্যবায়, (প্রতি—অব—ই=গমনকরা+ঘঞ্—প্রং) সং, পুং, পাপ। অনিষ্ট, ক্ষতি। ব্যাঘাত। "অথবা বহুপ্রত্যবায়ন্ত্বং নৃপত্বং" শকুন্তলা।

প্রত্যবেক্ষা—স্ত্রীং, } প্রত্যবেক্ষণ—ক্লীং, } (প্রত্যবেক্ষ্য দেখ, আ, অনট্—ভা) সং, সূক্ষ্মরূপে দর্শন, পর্য্যবেক্ষণ, তত্ত্বাবধান। অনুসন্ধান। সূক্ষ্ম বিচার।

প্রত্যবেক্ষ্য, (প্রতি=পুনর্ব্বার—অব-ঈক্ষ্ দর্শনকরা+য—র্ম্ম) বিং, ত্রিং, প্রত্যবেক্ষণযোগ্য। অনুসন্ধেয়। বিচার্য্য।

প্রত্যশ্ম, (প্রত্যশ্মন্ প্রতি=তুল্য-অশ্মন্=প্রস্তর) সং, ক্লীং, গৈরিক, গিরিমাটী।

প্রত্যহ, (প্রতি=বীপ্সা-অহন্=দিন) অং, প্রতিদিন।

প্রত্যাকার, (প্রতি=তুল্য—আকার=আকৃতি) সং, পুং, খড়্গের খাপ, কোষ।

প্রত্যাখ্যাত, (প্রতি—আ—খ্যা [বলা] নিরাকরণকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, নিরাকৃত, অস্বীকৃত। দূরীকৃত, নিরস্ত।

প্রত্যাখ্যান, (প্রত্যাখ্যাত দেখ+অনট্—ভা) সং, ক্লীং, নিরাকরণ, অস্বীকার। দূরীকরণ, নিরসন, তাড়াইয়া দেওয়া, প্রত্যাদেশ।

প্রত্যাগত, (প্রতি=পুনর্ব্বার—আগত আসিয়াছে) বিং, ত্রিং, প্রত্যাবৃত্ত, ফিরিয়া আসা, পুনরাগত।

প্রত্যাদিষ্ট, (প্রতি—আ—দিশ্ [বলা] জানান ইত্যাদি + ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রত্যাখ্যাত, নিরাকৃত। ত্যক্ত। "ইতঃ প্রত্যাদিষ্টা স্বজনমনুগন্তুং ব্যবসিতা ;স্থিতা তিষ্ঠেত্যুচ্চৈর্বদতি গুরুশিষ্যে গুরুসমে" শকুন্তলা। জ্ঞাপিত।

প্রত্যাদেশ, (প্রত্যাদিষ্ট দেখ, ঘঞ্—ভা) সং,পুং,প্রত্যাখ্যান, নিরাকরণ। খণ্ডন। প্রতিবন্ধ। পরিত্যাগ। জ্ঞাপন। ভক্তের প্রতি দেবাদির আদেশ। দৈববাণী। পরামর্শ।

প্রত্যানয়ন, (প্রতি=পুনর্ব্বার—আ—নী =লইয়া যাওয়া+অনট্—ভা) সং, ক্লীং, পুনরুদ্ধার। পুনরানয়ন, ফিরিয়া আনা।

প্রত্যালীঢ়, (প্রতি—আ—লিহ্ [চাটা] উপবেশন করা+ক্ত—ভা) সং, ক্লীং, ধন্বীদিগের পাদসংস্থান। বাণ নিক্ষেপ সময়ে উপবেশন বিশেষ, বাম পাদ বিস্তৃত করিয়া দক্ষিণ পাদ সঙ্কুচিত করিয়া উপবেশন। বিং, ত্রিং, আস্বাদিত। ভুক্ত, ভক্ষিত।

প্রত্যাবৃত্ত, (প্রতি=পুনর্ব্বার—আ—বৃৎ [বর্ত্তমান থাকা] আগমনকরা+ক্ত—ক) বিং, ত্রিং, প্রত্যাগত। পুনরাবৃত্ত।

প্রত্যাশা, (প্রতি=পুনর্ব্বার—আশা= অভিলাষ সং,স্ত্রীং, আকাঙ্ক্ষা, ভরসা। প্রত্যয়। অপেক্ষা।

প্রত্যাশী, (প্রত্যাশিন্, প্রত্যাশা+ইন্— অস্ত্যর্থে) বিং, ত্রিং, যে প্রত্যাশা করে।

প্রত্যাশ্বাস, (প্রতি=পুনর্ব্বার—আশ্বাস= আকাঙ্ক্ষা) সং, পুং, পুনর্জীবন। প্রত্যাশা। স্বাস্থ্য।

প্রত্যাসঙ্কলিত, (প্রতি+আ—সঙ্কলিত= যুক্ত) বিং,ত্রিং, পরিসংখ্যাত, নির্দ্ধারিত। নির্ণীত। সংযুক্ত।

প্রত্যাসন্ন, (প্রতি—আসন্ন) বিং, ত্রিং, সন্নিহিত, সমীপবর্ত্তী, অন্তিক। 'প্রত্যাসন্নে নভসি দয়িতাজীবিতালম্বনার্থী" মেঘদূত।

প্রত্যাসর, প্রত্যাসার,(প্রতি=সম্মুখ—আ —সৃ=গমনকরা+অল্, ঘঞ্—প্রং) সং,পুং, সৈন্যপৃষ্ঠ,বূহপার্শ্ব,সৈন্যব্যূহের পশ্চাদ্ভাগ।

প্রত্যাহত, (প্রতি—আ—হন্=বধকরা +ক্ত—র্ম্ম) বিং,ত্রিং, প্রতিবদ্ধ, ব্যাহত পরাহত। সঙ্কুচিত, কুণ্ঠিত। প্রতিহত।

প্রত্যাহরণ, —ক্লীং, প্রত্যাহার — পুং, (প্রতি=পুনর্ব্বার—আ —হৃ=লওয়া+ অনট, ঘঞ্—ভা) সং, ফিরিয়া লওন। যোগের অঙ্গবিশেষ, ঈশ্বরে মনোনিবেশার্থ পার্থিব সুখ পরিত্যাগ। ইন্দ্রিয়নিগ্রহ। আকলন। ব্যাকরণে—অচ্, হল্ প্রভৃতি সংজ্ঞা। এক দ্রব্যের সহিত অপর দ্রব্যের পরিবর্ত্ত।

প্রত্যাহৃত, (প্রত্যাহরণ দেখ, ক্ত=র্ম্ম) বিং, ত্রিং, প্রত্যানীত, প্রত্যাকৃষ্ট। সংযমিত আকলিত।

প্রত্যুক্ত—ক্লীং, প্রত্যুক্তি—স্ত্রীং, (প্রতি =পুনর্ব্বার—উক্ত, উক্তি=কথন) সং, প্রতিবচন, প্রত্যুত্তর। (প্রতি=পুনর্ব্বার —উক্ত=কথিত) বিং, ত্রিং, প্রতিভাষিত, পুনরুক্ত।

প্রত্যুত, (প্রতি—উত=সন্দেহ, অং, উক্তির বৈপরীত্য, বরং। অন্যপক্ষে।

প্রত্যুৎক্রম, (প্রতি—উৎ—ক্রম্=গমনকরা +অল্—প্রং) যুদ্ধোদ্যোগ। প্রধান উদ্দেশ্যের সহকারী অপ্রধান কার্য্য।

প্রত্যুত্তর, (প্রতি=পুনর্ব্বার—উত্তর) সং, ক্লীং, উত্তরের উত্তর।

প্রত্যুত্থান, (প্রতি=সম্মুখ—উৎ=উর্দ্ধ— স্থা=থাকা+অনট্—ভা) সং, ক্লীং, অভ্যুত্থান,গাত্রোত্থান। অভ্যর্থনা, আগত ব্যক্তির সম্মানার্থ আসন হইতে উত্থান। পূজ্য ব্যক্তি আসিলে উঠিয়া তাঁহাকে অভ্যর্থনাকরা।

প্রত্যুৎপন্ন, (প্রতি=পুনর্ব্বার—উৎপন্ন= জাত) বিং, ত্রিং, পুনরুৎপন্ন, পুনর্ব্বারজাত। সত্বর, হঠাৎ। প্রস্তুত। উদ্যত।

গুণিত। সং, ক্লীং, গুণন। উৎপাদন।
প্রত্যুৎপন্নমতি, (প্রত্যুৎপন্ন—মতি=বুদ্ধি, তৎসময়োচিত বুদ্ধি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, প্রতিভান্বিত, অসামান্য ধীশক্তি-সম্পন্ন। সূক্ষ্মদর্শী। হঠাৎ কোন বিষয়ের নির্ণেতা। উপস্থিত বিষয়ে যাহার বুদ্ধি স্ফূর্ত্তি পায়, বিপদের সময়েও যে হতবুদ্ধি না হয়। সং, স্ত্রীং উপস্থিত বুদ্ধি।
প্রত্যুৎপন্নমতিত্ব, (প্রত্যুৎপন্নমতি+ত্ব—ভাবে) সং, ক্লীং, কার্য্যকালে বুদ্ধির উদ্রেক, বিপৎকালে বুদ্ধি যোগান।
প্রত্যুদ্গত, প্রত্যুদ্যাত; (প্রতি=সম্মুখ—উৎ=উর্দ্ধ—গম্=গমনকরা, যা=যাওয়া+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে প্রত্যুদ্গমন করা হইয়াছে।
প্রত্যুদ্গম-পুং, প্রত্যুদ্গমন—ক্লীং, (প্রতি সম্মুখ-উৎ=উর্দ্ধ—গম্=গমনকরা+অল্, অনট্—ভা) সং, প্রত্যুত্থান, পূজ্যব্যক্তি আসিলে অগ্রে গিয়া তাঁহাকে সম্বর্দ্ধনা করিয়া আনয়ন।
প্রত্যুদ্গমনীয়, (প্রতি—উৎ=উর্দ্ধ—গম=গমনকরা+অনীয়-র্ম্ম) সং, ক্লীং ধৌত বস্ত্রযুগল, জোড়। "গৃহীত প্রত্যুদ্গমনীয় বস্ত্রা" কুমার। বিং, ত্রিং, সমুপস্থানযোগ্য, প্রত্যুদ্গমনের উপযুক্ত। পূজনীয়।
প্রত্যুদ্ধরণ—ক্লীং, প্রত্যুদ্ধার—পুং, } (প্রতি=পুনর্ব্বার-উৎ=উপরি-হৃ=লওয়া+অনট, ঘঞ্—ভা) সং, পুনরুদ্ধার। পুনঃসংস্থাপন। প্রতিগ্রহণ।
প্রত্যুপকার, (প্রতি=পুনর্ব্বার—উপকার=আনুকূল্য) সং, পুং, কৃতজ্ঞতা, কোন ব্যক্তির উপকার করিলে সেই উপকার স্মরণ করিয়া তাঁহার উপকার করা।
প্রত্যুপ্ত, (প্রতি—বপ্=বপনকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, খচিত, গ্রথিত, বসান। প্রোত। উপ্ত। প্রতিবদ্ধ।
প্রত্যুষ, প্রত্যূষ—পুং, প্রত্যুষস্, প্রত্যূষস্ ক্লীং. } ক্লীং, (প্রতি-উষ=বধকরা উষ্=রুগ্ন+অল্, অস্—প্রং) সং, প্রভাত, প্রাতঃকাল। বসুভেদ। সূর্য্য।
প্রত্যূহ, (প্রতি—উহ্ [তর্ককরা] বাধা দেওয়া+ক—ভা) সং, পুং, বিঘ্ন, বাধা, ব্যাঘাত। প্রতিবন্ধক।
প্রত্যেক, (প্রতি=বীপ্সা—এক, বাং—স) ক্রিং—বিং, ক্লীং, একবচনান্ত, একে একে সমুদায়। পৃথক্ পৃথক্।
প্রত্যেতা, (প্রত্যেতৃ, প্রতি—ই [গমন করা] জানা ইত্যাদি+তৃন্—ক) বিং, ত্রিং, প্রত্যয়কারী, বিশ্বাসী।
প্রথম, (প্রথ্=খ্যাত হওয়া+অম—প্রং) বিং, ত্রিং, আদ্য, আদিম। প্রাক্তন, মুখ্য, প্রধান, অগ্রিম, শ্রেষ্ঠ।
প্রথমজ, (প্রথম—জন=যে জন্মে, ৭মী—স) বিং, ত্রিং, অগ্রজ। প্রথমোৎপন্ন। পূর্ব্বজ। • [অং, প্রথমে, অগ্রে।
প্রথমতঃ, (প্রথমতস্, প্রথম+তস্—প্রং)
প্রথমসাহস, (প্রথম—সাহস=শাস্তি) সং, পুং, অর্থদণ্ড। সামান্যদণ্ড।
প্রথা, (প্রথ্=খ্যাত হওয়া+অঙ্, আপ্—প্রং) সং, স্ত্রীং, রীতি, ধারা। ব্যবহার। নিয়ম। খ্যাতি, প্রসিদ্ধি। বিস্তার।
প্রথিত, (প্রথা দেখ, ক্ত—ক) বিং, ত্রিং, প্রসিদ্ধ, খ্যাত। ব্যক্ত। প্রকৃষ্ট। বিস্তৃত। ব্যাপ্ত।
প্রথিমা, (প্রথিমন্, পৃথু=বৃহৎ+ইমন্—ভাবে) সং, পুং, পৃথুত্ব, স্থূলত্ব। বিশালতা। বিপুলত্ব।
প্রথিষ্ঠ, প্রথীয়ান্, (পৃথু=বৃহৎ+ইষ্ঠ—অতিশয়ার্থে। প্রথীয়স্, পৃথু+ঈয়স্—অতিশয়ার্থে) বিং, ত্রিং, অতি বৃহৎ। অতিশয় স্থূল। বিশাল। প্রশস্ত।
প্রথিমী, (প্রথিমিন্, প্রথিমন্=স্থূলত্ব+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, পৃথুল, স্থূল, মোটা।
প্রথুক, (প্রথ্=খ্যাত হওয়া+উক—প্রং) সং, পুং, অর্ভক, শাবক, শিশু। চিপিটক।
প্রদ, (প্র—দা=দানকরা+ড—ক) বিং,

ত্রিং, প্রদাতা, দানকারী, যে প্রদানকরে।
প্রদক্ষিণ, (প্র—দক্ষিণ=ডাইন, ব্যং—স) সং, ক্লীং, পূজনীয় দেবাদির বা প্রিয়-ব্যক্তির চতুর্দ্দিকে দক্ষিণাবর্ত্তে ভ্রমণ। চতুর্দ্দিক বেষ্টন। বন্দনা, আরাধনা।
প্রদত্ত, (প্রদ দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, সমর্পিত, যাহা দেওয়া হইয়াছে। নিহিত।
প্রদর, (প্র-দৃ=বিদারণ করা+অল্-ভা) সং, পুং, ভঙ্গ, বিদারণ। বাণ। স্ত্রীলোকের রোগবিশেষ, ঋতু সময়ে অধিক পরিমাণে রক্তক্ষরণ। (Mænorrhagia)
প্রদর্শক, (প্রদর্শিত দেখ, ণক—ক) বিং, ত্রিং, যে দেখায়, প্রদর্শনকারী।
প্রদর্শন, (প্রদর্শিত দেখ, অনট্—ভা) সং, ক্লীং, উল্লেখ। দেখান।
প্রদর্শিত, (প্র—দর্শি=দেখান+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, উল্লিখিত। যাহা দেখান হইয়াছে।
প্রদল, (প্র—দল্=ভেদকরা+অল্—প্রং, অথবা প্রদর দেখ, র=ল) সং, পুং, শর, বাণ। প্রদর।
প্রদান, (প্র-দা=দানকরা+অনট্—ভা) সং, ক্লীং, দান, ত্যাগ। বিতরণ, অর্পণ, দেওয়া। উৎসর্গ।
প্রদিক্, (প্রদিশ্, প্র=প্রভেদ -দিশ্। যে দুই দিক্‌কে প্রভেদ করে) সং, স্ত্রীং, বিদিক্, দুই দিকের মধ্যভাগ।
প্রদিগ্ধ, (প্র—দিহ্=লেপনকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রলিপ্ত, মাখান। সং, ক্লীং, মাংসব্যঞ্জনবিশেষ।
প্রদিষ্ট, (প্র—দিশ্ [বলা] নির্দ্দেশকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, উপদিষ্ট। নির্দ্দিষ্ট। দত্ত।
প্রদীপ, (প্র—দীপ্=দীপ্তিপাওয়া+অল্—প্রং) সং, পুং, দীপ, বর্ত্তিস্থ জলন্ত অগ্নিশিখা। প্রকাশক। "নিবাতনিষ্কম্পমিব প্রদীপম্"।
প্রদীপন, (প্রদীপ দেখ, অনট্—ভা) সং, ক্লীং, প্রকাশন। উদ্দীপন, উজ্জ্বলকরণ। পুং, বিষবিশেষ। বিং, ত্রিং, উদ্দীপক। প্রকাশক।
প্রদীপ্ত, (প্রদীপ দেখ, ক্ত—ক) বিং, ত্রিং, প্রকাশিত। উজ্জ্বল। দ্যোতিত।
প্রদেয়, (প্র—দেয়=দানের যোগ্য) বিং, ত্রিং, প্রদানযোগ্য। "বৎসে! ইমেঅপি প্রদেয়ে" শকুন্তলা। সং, ক্লীং, সম্প্রদান, বিতরণ, দান।
প্রদেশ, (প্র—দেশ=স্থান) সং, পুং, স্থান। দেশ। একদেশ। জেলা। প্রাদেশ, বৃদ্ধাঙ্গুষ্ঠের অগ্র হইতে তর্জ্জনীর অগ্র পর্য্যন্ত পরিমাণ। ভিত্তি, দেয়াল।
প্রদেশন, (প্র—দিশ্ [বলা] অনুমতিকরা ইত্যাদি+অনট্—ভা) সং, ক্লীং, আদেশ। দান। উপহার। উপায়ন। নৃপাদির উপঢৌকন। উৎকোচ। নী, শিনী—স্ত্রীং, তর্জ্জনী, অঙ্গুষ্ঠের পরস্থ অঙ্গুলি।
প্রদেহ, (প্র—দিহ্=লেপন করা+ঘঞ্—প্রং) সং, পুং, প্রলেপ, বিলেপন।
প্রদোষ, (প্র=আরম্ভ—দোষা=রাত্রি) সং, পুং, রজনীমুখ, সায়ংকাল। দোষ। অপরাধ। (প্র=প্রকৃষ্ট—দোষ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, দুষ্ট, অতিশয় দোষ বিশিষ্ট।
প্রদ্যুম্ন, (প্র=প্রসিদ্ধ—দ্যুম্ন=শক্তি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কন্দর্প, কামদেব।
প্রদ্যোত, (প্র=অধিক—দ্যোত=দীপ্তি) সং, পুং, কিরণ, রশ্মি, আলোক। দীপ্তি। নৃপবিশেষ।
প্রদ্যোতন, (প্র=অধিক—দ্যুৎ=দীপ্তি পাওয়া+অনট্—ভা) সং, ক্লীং, দ্যুতি, দীপ্তি। পুং, সূর্য্য।
প্রদ্যোতিত, (প্রদ্যোতন দেখ, ক্ত—র্ম্ম। প্রদ্যুতিত শব্দও হয়) বিং, ত্রিং, প্রদীপ্ত, প্রকাশিত। উদ্ভাসিত।
প্রদ্রব, প্রদ্রাব, (প্র—দ্রু [গমনকরা] পলায়ন করা+অল্, ঘঞ্—ভা) সং, পুং, প্রস্থান, পলায়ন, ধাবন। অপগম।

প্রদ্রুত, (প্রদ্রব দেখ+ক্ত-ক) বিং, ত্রিং, ধাবিত, প্রস্থিত, পলায়িত,

প্রধন, (প্র—ধন্ [বিনাশ] প্রাপ্তহওয়া +অল্—ধি, ভা। যাহাতে শত্রুরা বিনাশ প্রাপ্তহয়) সং, ক্লীং, যুদ্ধ। বিদারণ মারণ, নিধন, বিনাশ।

প্রধান, (প্র—ধা=ধারণকরা+অনট্—প্রং) সং, ক্লীং, ত্রিগুণময়ী প্রকৃতি, জগতের মূলকারণ। পরমাত্মা। সাকার জগতের আদিকারণ। বুদ্ধি। হস্তিচালক, মাহুত। অমাত্য। (একবচনান্ত, ক্লীব-লিঙ্গ) শ্রেষ্ঠ। বিং, ত্রিং, শ্রেষ্ঠ। মুখ্য।

প্রধি, (প্র=প্রকৃষ্ট—ধা=ধারণকরা+কি—প্রং) সং, পুং, চক্রের পরিধি, চক্রের প্রান্তভাগ, নেমি।

প্রধী, (প্র—প্রকৃষ্ট—ধী=বুদ্ধি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, প্রকৃষ্ট বুদ্ধিশালী। সং, স্ত্রীং, প্রকৃষ্টা বুদ্ধি।

প্রধূপিত, (প্র—ধূপ্=সন্তপ্তকরা+ক্ত—র্ম্ম, ক) বিং, ত্রিং, সন্তাপিত। সন্ধুক্ষিত, প্রদীপ্ত। দ্যোতিত। উত্তেজিত। তা—স্ত্রীং, ক্লেশিতা। সূর্য্যের গন্তব্যদিক্।

প্রধূমিত, (প্র=প্রকৃষ্ট—ধূম=ধূঁয়া+ইত অস্ত্যর্থে) বিং, ত্রিং, জ্বলনোন্মুখ, অতিশয় ধূমযুক্ত।

প্রধ্মাত, (প্র—ধ্মা=শব্দকরা+ক্ত—প্রং) বিং, ত্রিং, প্রপূরিত। শব্দিত, ধ্বনিত। বায়ুপূরণ দ্বারা শব্দিত।

প্রপঞ্চ, (প্র—পন্চ্=বিস্তৃতহওয়া+অল্—প্রং) সং, পুং, বিস্তার। বিস্তৃতি। বস্তু। সঞ্চয়। সমূহ। ভ্রম, ভ্রান্তি। অজ্ঞান, মায়া। সংসার। প্রতারণা। বৈপরিত্য, বিপর্য্যায়, উল্টা।

প্রপঞ্চিত, (প্রপঞ্চ=বিস্তার+ইত—প্রং) বিং, ত্রিং, বিস্তৃত। ভ্রমযুক্ত, ভ্রান্তিসঙ্কুল।

প্রপতন, (প্র—পৎ=পড়া+অনট্—ভা) সং, ক্লীং, ভ্রংশ, পতন, পড়া। মৃত্যু, ভঙ্গ, নাশ

প্রপথ, (প্র—পথ্=গমনকরা+অল্—প্রং) বিং, ত্রিং শিথিল, আলস্য। ক্লান্ত। অলস।

প্রপথ্যা, সং, স্ত্রীং, হরীতকী।

প্রপদ, (প্র=অগ্র—পদ=পাদ) সং, ক্লীং, পাদাগ্র, চরণপ্রান্ত।

প্রপন্ন, (প্র—পদ্ [গমনকরা] পাওয়া+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রাপ্ত। শরণাগত আশ্রিত। স্বীকৃত। দরিদ্র। অন্বেষী।

প্রপা, (প্র—পা=পানকরা+ড—ধি) সং, স্ত্রীং, পানীয়শালা, জলছত্র।

প্রপাঠক, সং, পুং, বেদাংশবিশেষ। বিং, ত্রিং, পাঠক। [করতল, হাতের তেলো

প্রপাণি, (প্র—পাণি=হস্ত) সং, পুং,

প্রপাত, (প্র—পৎ=পতিত হওয়া+ঘঞ্—পা, ভা) সং, পুং, পর্ব্বতাদির নিরবলম্ব অত্যুচ্চ স্থান, ভৃগুদেশ। পতন। "মনোরথানাম তটপ্রপাতাঃ" শকুন্তলা। নির্ঝর। অত্যুচ্চ তীর। কুল।

প্রপাবন, (প্রপা=বিশ্রামস্থান—বন) সং, ক্লীং, অরণ্যবিশেষ।

প্রপায়ী, (প্রপায়িন্, প্র—পা=পানকরা, রক্ষাকরা ইত্যাদি+ণিন্—ক। আয়্—আগম) বিং, ত্রিং, পানকর্ত্তা। রক্ষাকর্ত্তা।

প্রপিতামহ, (প্র=অগ্রগামী—পিতামহ) সং, পুং, পিতামহের পিতা। হী—স্ত্রীং, পিতামহের মাতা।

প্রপূরিত, (প্র—পূর্=পরিপূর্ণ হওয়া+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহা পরিপূর্ণ করা হইয়াছে।

প্রপৌত্র, (প্র=পশ্চাদ্গামী—পৌত্র) সং, পুং, ত্রী—স্ত্রীং, পৌত্রের সন্তান।

প্রফুল্ল, (প্র—ফুল্ল্=বিকসিত হওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, প্রস্ফুটিত, উন্মীলিত। বিকসিত। "প্রফুল্লরাজীবমিবাঙ্কমধ্যে" কুমার। প্রবুদ্ধ। হাস্যযুক্ত। প্রসন্ন। উচ্ছ্বাসিত।

প্রবন্ধ, (প্র—বন্ধ্=বন্ধনকরা+অল্—প্রং) সং, পুং, কাব্যাদি রচনা, সন্দর্ভ।

আনুপূর্ব্বিক বাক্যবিন্যাস। অবিচ্ছেদ। বন্ধন। পূর্ব্বাপর মিলন। পরস্পর সম্বদ্ধ বাক্যসমূহ।

প্রবল, (প্র=অধিক—বল, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সাতিশয় বলশালী।

প্রবাল, (প্র—বল্=বলবান্ হওয়া+ ঘঞ্—প্রং) সং, পুং—ক্লীং, সমুদ্রজাত রক্তবর্ণ বর্ত্তুলাকার রত্ন বিশেষ,বিদ্রুম, পলা। কিশলয়, নবপল্লব। "পুষ্পং প্রবালোপহিতং যদি স্যাৎ" কুমার। বীণাদণ্ড। [হিতবর্ণ কীটবিশেষ।

প্রবালকীট, সং, পুং, সমুদ্রসম্ভূত লো-

প্রবালফল, সং, ক্লীং, রক্তচন্দন।

প্রবাহু, সং, পুং, কনুয়ের অধোভাগ।

প্রবুদ্ধ, (প্র—বুধ্=বোধকরা+ক্ত—ক) বিং,ত্রিং, পণ্ডিত। প্রফুল্ল। জাগরিত।

প্রবোধ, (প্র—বুধ্=বোধকরা+ঘঞ্— ভা) সং, পুং, জাগরণ। উন্মেষ। জ্ঞান। "ক্ষণাৎ প্রবোধমায়াতি তমসা লঙ্ঘতে পুনঃ" শকুন্তলা।

প্রবোধন, (প্র—বোধি=বোধকরান+ অনট্—ভা) সং, ক্লীং, জাগরিতকরণ। বিজ্ঞাপন। সান্ত্বনা,বোঝান। উপদেশ। উত্তেজন। পুনরুজ্জীবিত করণ। মর্দ্দন দ্বারা সুগন্ধদ্রব্যের পূর্ব্বগন্ধ পুনরুৎপাদন

প্রবোধনী, প্রবোধিনী, (প্রবোধন দেখ +অন, ইন্—প্রং) সং,স্ত্রীং, উত্থানৈকাদশী, কার্ত্তিকী শুক্লা একাদশী।

প্রবোধিত, (প্রবোধ দেখ+ণিচ—ক্ত— র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে জাগান হইয়াছে। জাগরিত। জ্ঞাপিত। উত্তেজিত। শিক্ষিত। যাহাকে প্রবোধ দেওয়া হইয়াছে।

প্রভঞ্জন, (প্র-ভন্জ্=ভাঙ্গা+অন—প্রং) সং, পুং, বায়ু। বিং, ত্রিং ভঞ্জনকারী।

প্রভব, (প্র—ভূ=হওয়া+অল্—প্রং) সং, পুং, উৎপত্তি, জন্ম। উৎপত্তিস্থান। উৎপত্তিকারণ। পিত্রাদি। প্রভাব, বল, পরাক্রম। মুনিবিশেষ। বৎসরবিশেষ। প্রাধান্য। বিং, ত্রিং, উৎপাদক। জাত। বলশালী।

প্রভবন্, (প্রভবৎ, প্র=প্রধান-ভূ=হওয়া +শতৃ-ক) বিং,ত্রিং,প্রভু, স্বামী, সমর্থ।

প্রভবিষ্ণুতা, (প্রভবিষ্ণু [প্র—ভূ=প্রধান হওয়া+ইষ্ণু—ক] স্বামী+তা—ভাবে) সং, স্ত্রীং, প্রভুতা, সামর্থ্য। প্রতাপ। প্রাবল্য। শক্তি।

প্রভা, (প্র=অধিক—ভা=দীপ্তি পাওয়া +আ—ভা) সং, স্ত্রীং, কুবেরপুরী। দীপ্তি,তেজঃ। "ন প্রভাতরলং জ্যোতিরুদেতি বসুধাতলাৎ" শকুন্তলা। দুর্গা। গোপীবিশেষ। প্রকাশ। সূর্য্যপত্নী।

প্রভাকর, (প্রভা=দীপ্তি—কর=যে করে, ২য়া—ষ) সং, পুং, সূর্য্য। অগ্নি। চন্দ্র। সমুদ্র। বিং, ত্রিং, তেজস্কর।

প্রভাকীট,(প্রভা=দীপ্তি—কীট=পোকা) সং, পুং, খদ্যোত, জোনাক্‌পোকা।

প্রভাত, (প্র—ভা=দীপ্তিপাওয়া+ক্ত —আরম্ভার্থে) সং, ক্লীং, প্রাতঃকাল, প্রত্যূষ। বিং, ত্রিং, প্রভাবিশিষ্ট।

প্রভাব, (প্র—ভাব=গুণ অথবা প্র—ভূ +ঘঞ্—প্রং) সং, পুং, প্রতাপ, ধন ও রণজনিত তেজঃ। শাস্তি। প্রভুশক্তি। মহিমা। শক্তি, সামর্থ্য। উদ্ভব।

প্রভাবজ, (প্রভাব—জ=জাত) সং, পুং, প্রভুশক্তি।

প্রভাবান্, (প্রভাবৎ, প্রভা=দীপ্তি+বতু- অস্ত্যর্থে) বিং, ত্রিং, দীপ্তিমান্, প্রভাবিশিষ্ট, তেজোময়। তী—স্ত্রীং, ছন্দোবিশেষ। মলীনামক উনবিংশতম জৈনের মাতা।

প্রভাষ, (প্র=প্রকৃষ্টরূপে—ভাষ=কথন) সং, পুং, প্রকৃষ্টরূপে কথন। অষ্টবসুমধ্যে অন্যতম বসু।

প্রভাস, (প্র—ভাস্=দীপ্তিপাওয়া+অন্ —প্র) সং, পুং, ভারতবর্ষের পশ্চিমস্থ তীর্থবিশেষ, সোমতীর্থ। পৌরাণিকেরা বলেন যে, চন্দ্র যক্ষ্মারোগাক্রান্ত হইয়া-

ছিলেন এবং পরিশেষে, এই তীর্থে স্নান করিয়া রোগ হইতে মুক্তিলাভ করেন। এবং তদবধি প্রতি অমাবস্যায় এই তীর্থে অবগাহন করিয়া শরীর বর্দ্ধিত করেন। এই তীর্থ চন্দ্রদেবকে প্রভাসিত অর্থাৎ পুনরুদ্দীপিতকরে বলিয়া ইহাকে প্রভাসতীর্থ কহে। বস্তুবিশেষ জৈন-গণাধিপবিশেষ।

প্রভিন্ন, (প্র=অধিক—ভিন্ন=বিদীর্ণ ইত্যাদি) সং, পুং, মদজলস্রাবী হস্তী। বিং, ত্রিং, বিদলিত, প্রস্ফুটিত। প্রকাশিত। বিভক্ত, ভিন্ন। বিদীর্ণ। মত্ত।

প্রভু, প্রভবিষ্ণু, (প্র=প্রধান—ভূ=হওয়া +উ, ইষ্ণু—ক) সং, পুং, নিগ্রহানুগ্রহসমর্থ রাজা। স্বামী। বিষ্ণু। পারদ। শব্দ। বিং, ত্রিং, সমর্থ, শক্ত। শ্রেষ্ঠ। "ন ভর্ত্তা নৈব চ সুতো ন পিতা ভ্রাতরো ন চ। আদানে বা বিসর্গে বা স্ত্রীধনে প্রভবিষ্ণবঃ" স্মৃতি।

প্রভুতা—স্ত্রীং, প্রভুত্ব—ক্লীং, (প্রভু+তা, ত্ব—ভাবে) সং, আধিপত্য, কর্তৃত্ব। স্বামিত্ব। প্রাধান্য। ঐশ্বর্য্য। প্রভাব। সামর্থ্য।

প্রভুভক্ত, (প্রভু=স্বামী—ভক্ত=অনুরক্ত, ৭মী—ষ) বিং, ত্রিং, প্রভুর প্রতি অনুরক্ত। আজ্ঞাবহ। সং, পুং, উত্তম ঘোটক। [স্ত্রীং, প্রভাব, প্রতাপ।

প্রভুশক্তি, (প্রভু—শক্তি, ৬ষ্ঠী—ষ) সং,

প্রভূত, (প্র=অধিক—ভূত=যে হইয়াছে) বিং,ত্রিং, প্রচুর। বহু। উৎপন্ন। উন্নত। অতীত। ভূত। শাসিত।

প্রভূষ্ণু, (প্র—ভূ—হওয়া+ষ্ণু—ক) বিং, ত্রিং, সমর্থ, শক্ত, সক্ষম, দক্ষ।

প্রভৃতি, (প্র—ভৃ=পোষণকরা+ক্তি—প্রং) বিং, ত্রিং, (শব্দের পরবর্ত্তী হইলে) ভদাদি, ইত্যাদি, আদি, গণবোধক। সং, অবধি।

প্রভেদ, (প্র—ভিদ্=ভেদকরা+ঘঞ্—ভা) সং, পুং, প্রকার। বৈলক্ষণ্য, বিভিন্নতা, অন্তর। ভেদ, বিশেষ। প্রস্ফুটন, বিকাশ। পদবী।

প্রভেদনী, } (প্রভেদ দেখ. অন,
প্রভেদিকা, } ণক—ক) সং, স্ত্রীং, ভেদকারিণী। বেধনাস্ত্র।

প্রভ্রংশ, (প্র—ভ্রন্শ্=পতিত হওয়া+অল্—ভা) সং, পুং, পতন। স্খলন। নাশ।

প্রভ্রষ্ট, (প্র—ভ্রন্শ্=পতিত হওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, পতিত। নষ্ট।

প্রভ্রষ্টক, (প্রভ্রষ্ট+ক—যোগ) সং, ক্লীং, শিখালম্বি মালা, চূড়াতে লম্বমান মালা।

প্রমত্ত, (প্র—মত্ত=উন্মত্ত) বিং,ত্রিং,প্রমাদযুক্ত,পাগল। ভ্রান্ত। অনবহিত অসাবধান। অত্যাসক্ত। অতিমত্ত। মদবিহ্বল।

প্রমথ, (প্র=অধিক—মথ্ [শিবশক্রকে] মন্থনকরা+অল—প্রং) সং, পুং, শিবের পারিষদ। প্রমথন। ঘোটক। থা—স্ত্রীং, হরীতকী।

প্রমথন, (প্র—মথ্=মন্থনকরা+অনট্—ভা) সং, ক্লীং, হত্যা, বধ, বিনাশ। বিলোড়ন, উন্মূলন। অবমর্দ্দন। যন্ত্রণা দেওয়া। মন্থনকরা। তক্রাদিমন্থন, ঘোল মওয়া। [সং, পুং, শিব, মহাদেব।

প্রমথাধিপ, (প্রমথ—অধিপ, ৬ষ্ঠী—ষ)

প্রমথিত, (প্রমথন দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বিলোড়িত অবমর্দ্দিত। ক্লেশিত। সং, ক্লীং, নির্জ্জল তক্র, ঘোল।

প্রমদ, (প্র—মদ্=হৃষ্টহওয়া, মত্তহওয়া+অল্—প্রং) বিং, ত্রিং,মদমত্ত। প্রমত্ত। উন্মত্ত। সং, পুং, আনন্দ, হর্ষ, আহ্লাদ। ধুস্তূর ফল।

প্রমদকানন, প্রমদবন, (প্রমদ=আনন্দ—কানন, বন, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, রাজকীয় উপবন,আনন্দ-স্থান, বিহারভূমি।

প্রমদা, (প্র=উৎকৃষ্ট—মদ=সৌন্দর্য্য জনিত অহঙ্কার, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, সুন্দরী নারী। "প্রমদাঃ পতিবর্ত্মগা ইতি প্রতিপন্নং হি বিচেতনৈরপি" কুমার।

প্রমনাঃ, প্রমণাঃ, (প্রমনস্, প্রমণস্, প্র=প্রকৃষ্ট, আনন্দিত—মনস্=মনঃ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, হৃষ্টচিত্ত, সন্তুষ্টচিত্ত।

প্রময়, (প্র—মী=বধকরা+অল্—প্রং) সং, পুং, হত্যা, বধ, হনন, বিনাশ।

প্রমা, (প্র—মা=পরিমাণকরা+আ-ভা। যাহার দ্বারা সকল বস্তু পরিমাণ করা যায়) সং, স্ত্রীং, যথার্থজ্ঞান, প্রমিতি। ভ্রম ভিন্নজ্ঞান।

প্রমাণ, (প্রমা দেখ, অন—প্রং। প্রমাণঃ পুরুষঃ, প্রমাণা স্ত্রী, প্রত্যক্ষানুমানোপমান শব্দাঃ প্রমাণানি। সচরাচর প্রমাণশব্দ অজহল্লিঙ্গ যথা—"বেদাঃ প্রমাণম্ স্মৃতয়ঃ প্রমাণং"। সং, ক্লীং, নিশ্চয়ের হেতু। প্রত্যক্ষ, অনুমান, উপমান, শব্দ—এই চারি; এতদ্ভিন্ন বেদান্তমতে অর্থাপত্তি ও অনুপলব্ধি নামে দুইটী অতিরিক্ত প্রমাণ আছে। নিত্য। মর্য্যাদা। সাক্ষী। লেখ্য। শাস্ত্র। প্রধান। ইয়ত্তা, পরিমাণ। প্রমাতা। সত্যবাদী। যথার্থজ্ঞান। নিশ্চয়। জ্ঞানসাধন ইন্দ্রিয়। হেতু। উদাহরণ।

প্রমাতা, (প্রমাতৃ, প্রমা দেখ, তৃন্—ক) বিং, ত্রিং, প্রমাণকারক।

প্রমাতামহ, (প্র=অগ্রগামী—মাতামহ) সং, পুং, মাতামহের পিতা। হী—স্ত্রীং, মাতামহের মাতা।

প্রমাথ, (প্র—মথ্=মন্থনকরা, বধকরা+ঘঞ্—প্রং) সং, পুং, প্রমথন, মর্দ্দন, পীড়ন। বধ। বলপূর্ব্বক গ্রহণ।

প্রমাথী, (প্রমাথিন, প্র মথ্=বধকরা, পীড়নকরা+ণিন্—ক) বিং, ত্রিং, পীড়াদায়ক, ক্লেশকর। ধ্বংসকরী।

প্রমাদ, (প্র-মদ্ [মত্তহওয়া] অসাবধান হওয়া+ঘঞ্-ভা) সং, পুং, অনবধানতা, অসাবধানতা। "অহো প্রমাদঃ পরিজনস্য"। ভ্রান্তি। অন্তঃকরণের দুর্ব্বলতা।

প্রমাদবান্, প্রমাদী, (প্রমাদবৎ, প্রমাদিন্, প্রমাদ=অসাবধানতা+বতু, ইন্ অস্ত্যর্থে) বিং, ত্রিং, অনবধানতাবিশিষ্ট, অসাবধান। অনবহিত।

প্রমাদবধ—কোন প্রকার বিদ্বেষ না থাকিলেও ঘটনাক্রমে অনিচ্ছাকৃত হত্যা।

প্রমাদিকা, (প্র—মদ্ [মত্তহওয়া] অনবহিত, ভোলা+ণক—প্রং) সং, স্ত্রীং, দূষিতা কন্যা। ক্ষতযোনি নারী।

প্রমাপণ, (প্র—মা=পরিমাণকরা+ণিচ্+অনট্—প্রং, প্—আগম) সং, ক্লীং, বধ, বিনাশ, হত্যা, মারণ।

প্রমিত, (প্রমা দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, জ্ঞাত, বিদিত, অবগত। পরিমিত। নিশ্চিত। প্রমাণসিদ্ধ।

প্রমিতি, (প্রমা দেখ, ক্তি—ভা) সং, স্ত্রীং, প্রমা, সত্যজ্ঞান। প্রমাণ। পরিমাণ। মাপকরণ।

প্রমীঢ়, (প্র—মিহ্=সিক্ত করা+ক্ত—ক) বিং, ত্রিং, ঘন, নিবিড়। প্রমেহবিশিষ্ট, যাহার মূত্রদোষ আছে।

প্রমীত, (প্র-মী=বধকরা+ক্ত-র্ম্ম) বিং, ত্রিং, মৃত। হত, নিহত। যজ্ঞার্থে হত (পশু)।

প্রমীলন, (প্রমীলা দেখ, অনট্—ভা) সং, ক্লীং, নিমীলন, মুদ্রণ। সঙ্কোচ।

প্রমীলা, (প্র—মীল্=চক্ষু মুদ্রিত হওয়া+অ, আপ্—প্রং) সং, স্ত্রীং তন্দ্রা, ঝিমন। অবসন্নতা। অঙ্গ শৈথিল্য। মুদ্রণ। মেঘনাদ পত্নী।

প্রমুখ, (প্র-মুখ=আদি, প্রধান) বিং, ত্রিং (শব্দের পরবর্ত্তী হইলে) প্রথম, প্রধান, শ্রেষ্ঠ, মান্য, প্রভৃতি। সং, ক্লীং, আরম্ভ। তৎকাল। পুং, সমূহ। পুন্নাগবৃক্ষ।

প্রমুখাৎ—মুখ হইতে।

প্রমুদ্, (প্র—অধিক—মুদ্=হৃষ্টহওয়া+ক্বিপ্—ক) বিং, ত্রিং, প্রহৃষ্ট, আহ্লাদিত। তুষ্ট। প্রফুল্ল, বিকসিত। সং, স্ত্রীং, অতিশয় হর্ষ।

প্রমুদিত, (প্র—মুদ=হৃষ্টহওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, হৃষ্টচিত্ত, প্রফুল্ল। আহ্লাদিত। প্রসাদিত। বিকসিত।

প্রমৃষ্ট, (প্র—মৃজ্=পরিষ্কার করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, পরিষ্কৃত। নির্ধৌত। মার্জ্জিত। উজ্জ্বল। নিরস্ত।

প্রমেয়, (প্র—মা=পরিমাণকরা—য—র্ম্ম) বিং, ত্রিং, সাধনীয়। প্রতিপাদনীয়, প্রমিতির বিষয়। পরিমেয়। উপপাদ্য।

প্রমেহ, (প্র—মিহ্=বীজসেককরা+ঘঞ্—ক) সং, পুং, মূত্রদোষ রোগবিশেষ। বহুমূত্রতা। সতত মূত্রস্রাবাদি।

প্রমোক—পুং, প্রমোচন—ক্লীং, (প্র—মুচ্=মোচন করা+ঘঞ্, অনট্—ভা) সং, পরিমোক্ষণ। মুক্তকরণ, উদ্ধরণ। নিস্বচীকরণ।

প্রমোদ, (প্র—মুদ্=হৃষ্টহওয়া+ঘঞ্—ভা) সং, পুং, আমোদ, আনন্দ, হর্ষ, উল্লাস।

প্রমোদিত, (প্রমোদ দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, আমোদিত, আহ্লাদিত, আনন্দিত। সং, পুং, কুবের।

প্রম্লোচা, সং, স্ত্রীং, অপ্সরাবিশেষ।

প্রযত, (প্র—যম্=বিষয়বিরতহওয়া+ক্ত—প্রং) বিং, ত্রিং, পবিত্র, পূত, শুদ্ধ। সংযত, নিয়মবিশিষ্ট। "নির্দ্দিষ্টাং কুলপতিনা স পর্ণশালামধ্যাস্য প্রযতপরিগ্রহদ্বিতীয়ঃ" রঘুবংশ।

প্রযত্ন, (প্র=অধিক—যত্ন=উদ্যোগ) সং, পুং, অধ্যবসায়। চেষ্টা। প্রয়াস। প্রকৃষ্ট যত্ন। "সর্ব্বে প্রযত্নাঃ শিথিলী ভবন্তি"। "প্রযত্নপরিবোধিতঃ স্তুতিভিরদ্য শেষে নিশাং" বেণীসংহার।

প্রযস্ত, (প্র—যস্=যত্নকরা, ক্লিষ্টহওয়া+ক্ত—প্রং) বিং, ত্রিং, সুসংস্কৃত, ঘৃতাদি দ্বারা উত্তমরূপে প্রস্তুত।

প্রযাগ (প্র=সম্যক্—যজ্=দেবপূজা করা+ঘঞ্—ধি। অথবা প্র=প্রকৃষ্ট—যাগ=যজ্ঞ) সং, পুং, গঙ্গা, যমুনা সরস্বতী—এই তিন নদীর সঙ্গমস্থান, তীর্থস্থান বিশেষ, এলাহাবাদ। শতক্রতু, ইন্দ্র। অশ্ব। যজ্ঞ।

প্রয়াণ, (প্র—যা=গমনকরা+অনট্—ভা) সং, ক্লীং, যুদ্ধযাত্রা। প্রস্থান, গমন। মৃত্যু, মরণ, নিধন। "উদ্ঘাটিতনবদ্বারে পিঞ্জরে বিহগোঽনিলঃ। যত্তিষ্ঠতি তদাশ্চর্য্যং প্রয়াণে বিস্ময়ঃ কুতঃ"।

প্রযাত, (প্র—যা=গমনকরা+ক্ত—ক) বিং, ত্রিং, গত, প্রস্থিত।

প্রযাম, (প্র—যম্=নিবৃত্তকরা+ঘঞ্—প্রং) সং, পুং, দুষ্প্রাপ্যতা, মহার্ঘতা, যাহা কদাচিৎ পাওয়া যায়। আরাম।

প্রয়াস, (প্র—যস্=যত্নকরা+ঘঞ্—ভা) সং, পুং, আয়াস, শ্রম। যত্ন। চেষ্টা।

প্রযুক্ত, (প্র—যুজ্=যোগকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, রচিত। উৎপন্ন। অনুষ্ঠিত। অর্পিত, যাহা প্রয়োগ করা হইয়াছে, খাটান। সমাধিযুক্ত। নিযুক্ত। উদাহৃত। প্রেরিত। উল্লিখিত। উচ্চরিত। সংযোগবিশিষ্ট। যাহা ধার দেওয়া হইয়াছে। সং, ক্লীং, হেতু, কারণ।

প্রযুক্তি, (প্রযুক্ত দেখ, ক্তি—ভা) সং, স্ত্রীং, প্রয়োগ। প্রয়োজন।

প্রযুত, (প্র—যু=যুক্তকরা+ক্ত—প্রং) সং, ক্লীং, দশলক্ষ, নিযুত। বিং, ত্রিং, সংযুক্ত। সংযোজিত। সমাযুক্ত।

প্রযোক্তা, (প্রোযোক্তৃ, প্র—যুজ্=যোগকরা+তৃন্—ক) বিং, ত্রিং, প্রয়োগকর্ত্তা, প্রবর্ত্তক। অনুষ্ঠাতা। ঋণদাতা, উত্তমর্ণ।

প্রযোজক, (প্রযোক্তা দেখ, ণক—ক) বিং, ত্রিং, প্রযোজনকারী। অনুষ্ঠানকারী। কর্ত্তা। প্রেরক। প্রবর্ত্তক।

প্রযোজ্য, (প্রযোক্তা দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে প্রয়োগ করা যায়। কর্ত্তব্য। সং, পুং, ভৃত্য, প্রেষ্য। ক্লীং, মূলধন।

প্রয়োগ, (প্রযুক্ত দেখ, ঘঞ্—ভা) সং, পুং, বিষয়। অর্থ। দৃষ্টান্ত। ইন্দ্রিয়ার্থ। ফল। প্রবর্ত্তন। অনুষ্ঠান। খাটান। অবসর, অবকাশ। অভিনয়। যত্ন।

অর্পণ। ঋণদান। নিদর্শন। ঘোটক। উল্লেখ।

প্রয়োজন, (প্র—যুজ=যোগকরা+অনট্—প্রং) সং, ক্লীং,কার্য্য। হেতু, নিমিত্ত। উদ্দেশ্য, অভিপ্রায়। আবশ্যকতা। প্রয়োগকরণ। ফল। বিষয়। "পুত্রপ্রয়োজনা দারাঃ পুত্রঃ পিণ্ডপ্রয়োজনঃ। হিতপ্রয়োজনং মিত্রং ধনং সর্ব্বপ্রয়োজনম্"।

প্রয়োজনীয়, (প্রয়োজন দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, কার্য্যোপযোগী, আবশ্যক। উপযুক্ত। উচিত।

প্ররূঢ়, (প্র-রুহ্=উৎপন্ন হওয়া+ক্ত-ক) বিং,ত্রিং, জাত, প্রবৃদ্ধ, বর্দ্ধনশীল। বদ্ধমূল। অঙ্কুরিত। সং, ক্লীং, উদর, জঠর।

প্ররোচন, (প্র—রোচি=দীপ্তিপাওয়ান +অনট্—ভা) সং, ক্লীং, না—স্ত্রীং, উত্তেজনা, উদ্দীপন, উস্‌কে দেওয়া। প্রোৎসাহ। প্রবর্দ্ধন।

প্ররোহ, (প্র—রুহ্=উৎপন্ন হওয়া+ঘঞ্—ক) সং, পুং, অঙ্কুর। পল্লব। মূল। বট প্রভৃতি বৃক্ষের শাখোৎপন্ন নামনা, ঝুরি। উৎপত্তি। আরোহণ। মুকুলোদ্গম।

প্ররোহিত, প্ররোহী, (প্ররোহিন্, প্ররোহ +ইত, ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, প্ররোহবিশিষ্ট, অঙ্কুরিত। প্রস্ফুট।

প্রলপিত, (প্র—লপ্=বলা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, কথিত। প্রকাশিত। বৃথা উক্ত। সং,ক্লীং, প্রলাপ। অনর্থকবাক্য।

প্রলম্ব, (প্র-লম্ব্=লম্বিত হওয়া+অল্—ক) সং, পুং, দৈত্যবিশেষ। ত্রিপুর। পয়োধর। উদ্ভিদের অঙ্কুর। শাখা। নামনা, ঝুরি। হারবিশেষ। প্রলম্বন, ঝোলা। মেঘ। লতার শোঁ। বিং, ত্রিং, লম্বমান। মন্থর। মন্দগতি।

প্রলম্বঘ্ন, (প্রলম্ব=অসুরবিশেষ—ঘ্ন=যে নাশ করে, ২য়া—ষ) সং, পুং, বলরাম, ।

প্রলম্বভিদ্, (প্রলম্ব=অসুরবিশেষ—ভিদ্=যে ভেদ অর্থাৎ নাশ করে, ২য়া—ষ) সং, পুং, বলরাম, হলধর।

প্রলম্বিত, (প্রলম্ব দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহা ঝুলিয়া পড়িয়াছে।

প্রলয়, (প্র—লী=লীনহওয়া+অল্—ভা, অথবা প্র—লী [জগৎ] ক্ষয় পাওয়া+অল্—ধি) সং, পুং, কল্পান্তক্ষয়। সৃষ্টি বিনাশ। প্রলয় চারি প্রকার—নিত্য, নৈমিত্তিক, প্রাকৃত, ও আত্যন্তিক। মৃত্যু। ধ্বংস, নাশ। ক্ষয়। মূর্চ্ছা।

প্রলাপ, (প্র—লপ্=বলা+ঘঞ্—ভা) সং, পুং, অনর্থক বাক্য, উন্মত্ত প্রভৃতির ন্যায় কথা বলা। রোগাদির উপসর্গ।

প্রলীনতা, (প্রলীন [প্র—লী=লীনহওয়া +ক্ত—প্রং, ত=ন]+তা—ভাবে) সং, স্ত্রীং প্রলয়, মূর্চ্ছা।

প্রলেপ, (প্র—লিপ্=লেপনকরা+ঘঞ্—ভা) সং,পুং, লেপন, ম্রক্ষণ, মাখান। লেপনদ্রব্য।

প্রলোভ, (প্র=অধিক—লোভ) সং, পুং, অতিলোভ, লালসা। লাভেচ্ছা।

প্রলোভন, (প্র=অধিক—লোভি=লাভাকাঙ্ক্ষী হওয়ান+অনট্—ভা, ক) সং, ক্লীং, লোভ দেখান। বিং, ত্রিং, লোভপ্রদর্শক।

প্রবক্তা, (প্রবক্তৃ, প্র=প্রকৃষ্ট—বচ্=বলা +তৃন্—ক) বিং, ত্রিং, সদ্বক্তা, উত্তম কথক। বাগ্মী।

প্রবচন, (প্র=উৎকৃষ্ট—বচন=বাক্য, ৭মী—হিং, য়ং—স) সং, ক্লীং, বেদ। বেদার্থ জ্ঞান। উত্তম বাক্য।

প্রবচনীয়, (প্রবক্তা দেখ, অনীয়—র্ম্ম) বিং,ত্রিং, প্রকৃষ্টরূপে বাচ্য। উত্তমবক্তা।

প্রবঞ্চক, (প্র—বঞ্চি=বঞ্চনাকরান+ণক—ক) সং, পুং, প্রতারক, ধূর্ত্ত, শঠ।

প্রবঞ্চন, (প্র—বঞ্চন=প্রতারণ) সং, ক্লীং, না-স্ত্রীং, প্রতারণা, ঠকান, শঠতা।

প্রবঞ্চিত, (প্র—বঞ্চিত=প্রতারিত) বিং, ত্রিং, প্রতারিত, যে ঠকে, বিপ্রলব্ধ।

প্রবণ, (প্র—বন্ [শব্দকরা] নতহওয়া ইত্যাদি+অল—প্রং) বিং, ত্রিং, নত। ক্রমনিম্ন, গড়ানে, ঢালু। উন্মুখ। অভিমুখ। আনত। অনুকূল। ক্ষীণ। সিদ্ধ। আয়ত্ত। ত্বরিত। বিনীত। আসক্ত। বক্র। কুটিল। সং, পুং, চতুষ্পথ, চৌমাথা। উদর।

প্রবয়ণ, (প্র—অজ=গমনকরা+অনট্-ণ। অজ=বি) সং, ক্লীং, প্রতোদ অশ্বাদির তাড়নদণ্ড, চাবুকাদি।

প্রবয়াঃ, (প্রবয়স্, প্র=গত—বয়স্=জীবিত কাল, ৬ষ্ঠী—হিং) সং, পুং, স্থবির, বৃদ্ধ, প্রাচীন।

প্রবর, (প্র—বর=যে আবৃত হয়) সং, ক্লীং, গোত্র। সন্ততি। আচ্ছাদন। (প্র=উৎকৃষ্ট—বর=শ্রেষ্ঠ) বিং, ত্রিং, অত্যুত্তম। সং, পুং. সন্ততি। গোত্রপ্রবর্ত্তক মুনি। ব্যাবর্ত্তক মুনিগণ।

প্রবর্গ, (প্র—বৃজ্=ত্যাগকরা+ঘঞ্—প্রং) সং, পুং, হোমাগ্নিবিশেষ।

প্রবর্ত্তক, (প্র—বৃৎ [থাকা] লওয়ান ইত্যাদি+ণক—ক) বিং, ত্রিং, প্রবৃত্তিদায়ক। অনিবর্ত্তক। প্রণেতা। অবিচ্ছেদকারী। প্রদর্শক। সং,পুং, অধ্যক্ষ। বিচারপতি। সং, ক্লীং, অভিনয়কালে নান্দী অন্তে রঙ্গস্থলে প্রথম অভিনেতার প্রবেশ।

প্রবর্ত্তন, (প্রবর্ত্তক দেখ, অনট্—ভা) সং, ক্লীং, প্রবৃত্তি। আরম্ভ, উপক্রম। বিং, ত্রিং, প্রবৃত্তিজনক, উত্তেজক। না স্ত্রীং, উত্তেজনা, নিয়োজন। প্রেরণা।

প্রবর্ত্তমান, (প্রবর্ত্তক দেখ, শান—ক) বিং, ত্রিং, যে ব্যক্তি কোন কার্য্যে প্রবৃত্ত হইতেছে।

প্রবর্ত্তয়িতা, (প্রবর্ত্তয়িতৃ, প্রবর্ত্তক দেখ, তৃন্—ক) বিং, ত্রিং, প্রবর্ত্তক। অনিবর্ত্তক, অবিচ্ছেদকারী।

প্রবর্ত্তিত, (প্রবর্ত্তক দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, চালিত। যাহাকে প্রবৃত্তি দেওয়া যায়। ঘূর্ণিত। উৎপাদিত। আরব্ধ। উপচিত। প্রত্যাবর্ত্তিত, ফেরান। উত্তেজিত, প্রেরিত। সমেধিত।

প্রবর্ত্তী, (প্রবর্ত্তিন্, প্রবর্ত্ত+ইন্-অস্ত্যর্থে) বিং, ত্রিং, প্রবৃত্তিযুক্ত। প্রবাহবিশিষ্ট।

প্রবর্দ্ধন, (প্র—বৃধ্=বৃদ্ধিপাওয়া+ণিচ্ অনট্—ভা) সং, ক্লীং, বিবর্দ্ধন, উপচয়, বাড়ান। সমুন্নতি। বিং, ত্রিং, প্রবর্দ্ধক।

প্রবর্হ, (প্র—বৃহ্=বৃদ্ধিপাওয়া+অল্—প্রং) বিং, ত্রিং, প্রধান, শ্রেষ্ঠ।

প্রবলাকী, (কিন্) সং,পুং, ভুজঙ্গ, সর্প। চিত্রমেখলক।

প্রবহ, (প্র—বহ=যে বহে) সং,পুং, গৃহ-নগরাদির বহির্গমন। নিষ্ক্রমণ। বায়ু। সপ্তবিধ বায়ুব অন্তর্গত দ্বিতীয়বায়ু। প্রবাহ

প্রবহণ, (প্র—বহ্=বহনকরা+অনট্—প্রং) সং, ক্লীং, আচ্ছাদিত শকট বা ডুলি। স্ত্রীলোকবহনার্থ উপরি বস্ত্রাবৃত মনুষ্যবাহ্য যানবিশেষ,শিবিকা। প্রবাহ।

প্রবহ্লি, প্রবহ্লিকা, প্রবহ্লী, (প্র—বল্হ্=বলা+ই—প্রং। বল্হ্=বহ্ল। ক—যোগে—প্রবহ্লিকা) সং, স্ত্রীং, প্রহেলিকা, হেঁয়ালি।

প্রবাক্, প্রবাচক, } (প্রবাচ্, প্র=প্রকৃষ্ট—বচ্=বলা+ক্বিপ্, ণক-ক) বিং, ত্রিং, প্রকৃষ্ট বক্তা,বাগ্মী। পারিভাষিক।

প্রবাচ্য, (প্রবাক্ দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, উত্তমবক্তব্য।

প্রবাণি, প্রবাণী, (প্র-বে=বস্ত্রাদি বোনা, অথবা অজ=গমনকরা+অন—ভা অজ=বি) সং, স্ত্রীং, তন্ত্রশলাকা, তুরী, মাকু।

প্রবাদ, (প্র=বিস্তৃত, নিন্দিত—বাদ=কথন) সং, পুং, জনরব। জনশ্রুতি, পরম্পরাগত বাক্য। অপবাদ। "ব্যাঘ্রো মানুষং খাদতীতি লোকপ্রবাদো দুর্নিবারঃ"।

প্রবার, (প্র—বৃ=আবরণ করা+ঘঞ্—প্রং) সং, পুং, প্রাবার, উত্তরীয়বস্ত্র।

প্রবারণ, (প্র—বৃ=বরণ করা, বারণকরা

+অনট্—ভা) সং,ক্লীং, কাম্যদান, অ-ভীষ্টদান। নিষেধ। প্রতিবন্ধক।

প্রবাস, (প্র—বস্=বাসকরা+ঘঞ্—ভা) সং,পুং, বিদেশে স্থিতি, দেশান্তরেবাস।

প্রবাসন, (প্র—বাসি=বাসকরান+অনট্—ভা) সং, ক্লীং, বিদেশে পাঠান। নির্ব্বাসন। হত্যা, বধ।

প্রবাসিত, (প্রবাসন দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, নির্ব্বাসিত। যাহাকে বিদেশে পাঠান গিয়াছে।

প্রবাসী, (প্রবাসিন্. প্রবাস+ইন্—অ-স্ত্যর্থে, অথবা প্র=স্থানান্তর—বস্=বাস করা+ণিন্—ক) বিং, ত্রিং, বিদেশস্থ, বিদেশবাসী, প্রোষিত। নিঃসারিত।

প্রবাহ, (প্র=ক্রমাগত—বহ=বহা+ঘঞ্—ক, ভা) সং, পুং, প্রবৃত্তি। জল-স্রোত। "গঙ্গাপ্রবাহোক্ষিতদেবদারু" কুমার। ক্রমাগত চলন, অবিচ্ছেদ। অবিচ্ছেদে কার্য্যকরণ। পুষ্করিণী। জল-শয়। প্রসার। বিস্তার। গবাদির শ্রেণী। উত্তম ঘোটক।

প্রবাহক, (প্র—বহ্=বহন করা+ণক—ক) সং, পুং, রাক্ষস। বিং, ত্রিং, বহনকারী।

প্রবাহিকা, (প্র—বাহি=বহান+ণক—ক, আপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, গ্রহণী, উদরভঙ্গরোগ, অতিসার।

প্রবাহিত, প্রবাহী, (প্রবাহিন্, প্রবাহ+ইত, ণিন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, প্রবাহ-বিশিষ্ট। [সুং, স্ত্রীং, বালুকা, বালি।

প্রবাহী, (প্রবাহ দেখ+ঈপ্—স্ত্রীলিঙ্গে)

প্রবিতত, (প্র=অধিক—বিতত=বিস্তৃত) বিং, ত্রিং, অতিশয় বিস্তৃত।

প্রবিদারণ, (প্র=প্রকৃষ্টরূপে—বি—দারি=বিদারণ করা+অনট্—ভা) সং,ক্লীং, সংগ্রাম, যুদ্ধ। প্রকৃষ্টরূপে বিদারণ। প্রস্ফুটন। বিস্তার। বিশৃঙ্খলা।

প্রবিশ্লেষ, (প্র=অধিক—বি=না—শ্লিষ্=সংযুক্ত হওয়া+ঘঞ্—ভা) সং, পুং, অতিশয় ব্যবধান। বিয়োগ, বিশ্লেষ। পৃথক্করণ।

প্রবিষ্ট, (প্র—বিশ্=প্রবেশকরা+ক্ত—র্ম্ম) বিং,ত্রিং,যাহা প্রবেশ করিয়াছে।

প্রবীণ, (প্র=উৎকৃষ্ট—বীণা=বাদ্যযন্ত্র বিশেষ, কিম্বা বীণি, [নামধাতু] বীণা বাজান+অল্—প্রং) বিং, ত্রিং, বিজ্ঞ, বহুদর্শী। নিপুণ,অভিজ্ঞ, দক্ষ। পণ্ডিত।

প্রবীর, (প্র=খ্যাত—বীর=শূর, ষং—স) সং, পুং, উত্তমযোদ্ধা। বিং, ত্রিং, প্রধান, শ্রেষ্ঠ। বিক্রান্ত।

প্রবৃত্ত, (প্র—বৃৎ [থাকা] আসক্ত হ-ওয়া ইত্যাদি+ক্ত—প্রং) বিং, ত্রিং, রত, প্রবিষ্ট, প্রবৃত্তিবিশিষ্ট। উৎপন্ন। চলিত। আরব্ধ। নিযুক্ত। উদ্যত।

প্রবৃত্তি, (পূর্ব্বে দেখ+ক্তি—ভা) সং, স্ত্রীং, ইচ্ছা। যত্ন। অধ্যবসায়। বার্ত্তা, বৃত্তান্ত, সংবাদ। আসক্তি। প্রবাহ, স্রোতঃ। স্বভাবগতি। ব্যাপার। অঙ্ক-শাস্ত্রে গুণক। হস্তীমদ। উৎপত্তি। তীর্থস্থান। বৈখরী মধ্যমা পশ্যন্তী সূক্ষ্মা—এই চতুর্ব্বিধ শব্দপ্রবৃত্তি। ন্যায়মতে প্রবৃত্তি পঞ্চবিধ, কারণ, চিকীর্ষা, কৃতি-সাধ্যতাজ্ঞান, ইষ্টসাধনতাজ্ঞান, এবং উপাদান প্রত্যক্ষ।

প্রবৃত্তিজ্ঞ, (প্রবৃত্তি=সংবাদ, বার্ত্তা—জ্ঞ=যে জানে) সং, পুং, বার্ত্তাবহ, চর।

প্রবৃত্তিনিমিত্ত, (প্রবৃত্তি—নিমিত্ত=কা-রণ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, অভিধেয়ার্থ, বাচ্যার্থ, শক্যতাবচ্ছেদক ধর্ম্ম, গোত্ব প্রভৃতি।

প্রবৃদ্ধ, (প্র=অধিক—বৃধ্=বাড়া+ক্ত—প্রং) বিং, ত্রিং, অতিশয়বৃদ্ধিযুক্ত। প্রসারিত। অগাধ। স্ফীত।

প্রবেক, (প্র—বিচ্=পৃথক্ করা+ঘঞ্—প্রং) বিং, ত্রিং, মুখ্য, প্রধান। উত্তম। [প্রং) সং, পুং, যব।

প্রবেট, (প্র—বিট্=শব্দকরা+ঘঞ্—

প্রবেণী, প্রবেণি, (প্র—বেণ্=গমনকরা

ইত্যাদি+অল্, ই—প্রং) সং,স্ত্রীং,বে
বিন্যাস, বিউনী। প্রোষিতভর্ত্তৃকা
কেশগুচ্ছ। হস্তীর পৃষ্ঠস্থিত চিত্রিত
বা কম্বল।

প্রবেল, (প্র—বেল্=চঞ্চল হওয়
অল্—প্রং) সং, পুং, পীতমুদ্গ,
ণামুগ।

প্রবেশ, (প্র—বিশ্=ভিতরে যাওয়
ঘঞ্—ভা) সং, পুং, অন্তর্নিবেশ,
তরে যাওয়া।

প্রবেশন, (প্রবেশ দেখ+অনট্—ভ)
সং, ক্লীং, সিংহদ্বার, প্রধান দ্বার।
বেশকরণ।

প্রবেশিকা, (প্রবেশ দেখ+ক—ণক)
সং, স্ত্রীং, যাহা দ্বারা প্রবেশ লাভ করা
যায়, টিকিট্।

প্রবেশিত, (প্র—বেশি=ভিতরে যাওয়ান
+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে প্রবেশ
করান হইয়াছে।

প্রবেষ্টা, প্রবেশক, (প্রবেশ দেখ+তৃন্
ণক—ক) বিং, ত্রিং, প্রবেশকারী,
যে প্রবেশ করে। [ত্রিং, প্রবেশযোগ্য

প্রবেশ্য, (প্রবেশ দেখ+য—র্ম্ম) বিং

প্রবেষ্ট, প্রবেষ্টক, (প্র—বেষ্ট্=বেষ্টন
করা+অল্, ণক—প্রং) সং,পুং, বাহু
অধোবাহু। হস্তীর পৃষ্ঠস্থিত চিত্রিত
কম্বল বা আস্তরণ। হস্তিদন্তমাংস।

প্রব্যক্ত, (প্র—বি—অন্জ্=বিস্তৃত
হওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, স্ফুট, স্পষ্ট

প্রব্রজিত, (প্র—ব্রজ্=গমন করা+ক্ত
—ক) বিং, ত্রিং, প্রবাসিত। ভিক্ষু, যে
সন্ন্যাস ধর্ম্ম অবলম্বন করিয়াছে,সন্ন্যাসী
"নষ্টে মৃতে প্রব্রজিতে ক্লীবে চ পতিতে
পতৌ" পরাশর। জৈন অথবা বুদ্ধ স-
ন্ন্যাসীর শিষ্য। তাপসী। মুণ্ডীরীবৃক্ষ।

প্রব্রজ্যা, (প্রব্রজিত দেখ+য—ভা, আ)
সং, স্ত্রীং, প্রবাস। সন্ন্যাসধর্ম্ম, সংসার
পরিত্যাগ।

প্রব্রজ্যাবসিত, (প্রব্রজ্যা—অবসিত—
সমাপ্ত, ৫মী—ষ) সং, পুং, যে সন্ন্যাস-
ধর্ম্ম হইতে স্খলিত হইয়াছে। সন্ন্যাসভ্রষ্ট

প্রব্রাজন, (প্র=ব্রজ=গমনকরা+ণিচ্+
অনট্) সং, ক্লীং, নির্ব্বাসন।

প্রশংসন,—ক্লীং, প্রশংসা—স্ত্রীং, (প্র—
শন্স্=গুনকীর্ত্তনকরা+অনট্, আ—
ভা) সং, স্ত্রীং, স্তুতি, স্তব। গুনানুবাদ,
গুণকীর্ত্তন।

প্রশংসনীয়, (প্রশংসন দেখ+অনীয়
—র্ম্ম) বিং, ত্রিং, প্রশংসাভাজন। সু-
খ্যাতির পাত্র।

প্রশংসিত, (প্রশংসন দেখ+ক্ত-র্ম্ম) বিং,
ত্রিং, যাহাকে প্রশংসা করা হইয়াছে।

প্রশত্বা, (ত্বন্, প্র—শদ=যাওয়া+ক্বনিপ্,
স্ত্রীলিঙ্গে ঈপ্ করিলে তদুত্তরে র আ-
গমহয়) সং,পুং,সমুদ্র। রী—স্ত্রীং, নদী।

প্রশম, (প্র—শম=শান্তহওয়া+অল্—
ভা) সং,পুং,শান্তি। উপশম। বৈরাগ্য।
নির্ব্বাণ।

প্রশমন, (প্র—শম্ [শান্তহওয়া] বধ-
করা ইত্যাদি+অনট্—ভা) সং, ক্লীং,
হনন, বধ। শান্তি। নিবারণ, নিবৃত্তক-
রণ। সান্ত্বনাদি দ্বারা স্থিরীকরণ।

প্রশমিত, (প্র—শমি=শান্তহওয়ান+ক্ত
—র্ম্ম) বিং, ত্রিং, নিবারিত, থামান।
নিবৃত্ত। সুস্থ। প্রশান্ত।

প্রশস্ত, (প্র—শন্স্=গুণকীর্ত্তনকরা+ক্ত
—র্ম্ম) বিং, ত্রিং, প্রশংসনীয়। শ্রেষ্ঠ।
সুখী। উত্তম।

প্রশস্তি, (প্রশস্ত দেখ+ক্তি—ভা) সং,
স্ত্রীং,শ্লাঘা প্রশংসা। উৎকৃষ্টতা। শ্রেষ্ঠতা
"স্মরণং কীর্ত্তনং কেলিঃ প্রেক্ষণং গু-
হ্যভাষণং। সংকল্পোঽধ্যবসায়শ্চ ক্রিয়া-
নিবৃত্তিরেবচ", এই অষ্টাঙ্গ মৈথুন।

প্রশান্ত, (প্রশম দেখ+ক্ত—ক) বিং
ত্রিং, শমতাপ্রাপ্ত, নিবৃত্ত। উপশমিত

প্রশাসিতা, প্রশাস্তা, (প্রশাসিতৃ, প্রশাস্তৃ
প্র—শাস্=শাসনকরা+তৃন্—ক) বিং
ত্রিং, শাসনকর্ত্তা।

প্রশ্ন, (প্রচ্ছ্=জিজ্ঞাসাকরা+ন—ভা) সং, পুং, পৃচ্ছা, জিজ্ঞাসা।

প্রশ্নদূতী, (প্রশ্ন—দূতী=ক্রীড়ন) সং, স্ত্রীং, প্রহেলিকা, হেঁয়ালি।

প্রশ্নী, (প্রশ্ন দেখ+নি—প্রং, ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, কুম্ভিকা, জলের পানা।

প্রশ্রয়, (প্র—শ্রী=সেবাকরা+অচ্—ভা) সং, পুং, স্নেহ। স্নেহযুক্ত সম্মান। বিনয়। কোমলতা। আব্দার, আস্কারা

প্রশ্রিত, (প্রশ্রয় দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বিনীত। আদৃত।

প্রশ্লথ, (প্র—শ্লথ=বিযুক্তহওয়া+অল্—ক) বিং, ত্রিং, শিথিল, ঢিলা। বিশ্লিষ্ট।

প্রশ্বাস, (প্র—শ্বস্=নিশ্বাস প্রশ্বাস ফেলা +ঘঞ্—প্রং) সং, পুং, নাসিকাগত বায়ুর বহির্গমন।

প্রষ্টব্য, (প্রচ্ছ্=জিজ্ঞাসাকরা+তব্য—র্ম্ম) বিং, ত্রিং, জিজ্ঞাস্য, প্রশ্নযোগ্য।

প্রষ্টা, (প্রষ্টৃ, প্রচ্ছ্=জিজ্ঞাসাকরা+তৃন্—ক) বিং, ত্রিং, প্রশ্নকর্ত্তা, জিজ্ঞাসু।

প্রষ্ঠ, (প্র=প্রধান—স্থা=থাকা+ড—ক) বিং, ত্রিং, অগ্রসর, অগ্রগামী। অধ্যক্ষ, শ্রেষ্ঠ। প্রধান। প্রথম। পক্ষপাতী।

প্রষ্ঠবাট্, (প্রষ্ঠবাহ, প্রষ্ঠ=অগ্রগামী—বহ্=বহনকরা+ক্বিপ্—প্রং) সং, পুং, যুগপার্শ্বস্থ বাহক (বৃষাদি)। যে বৃষকে লাঙ্গল বহনের জন্য দোঁয়ান হইতেছে।

প্রষ্ঠৌহী, (প্রষ্ঠ এখানে প্রথম গর্ভ—বহ্=বহনকরা+বিচ্—প্রং, ঈপ্—স্ত্রীলিঙ্গে। ব=উ, অ+উ=ঔ) সং, স্ত্রীং, প্রথমগর্ভবতী গাভী।

প্রসক্ত, (প্র—সন্জ্=আসক্তহওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, অনবরত। অবিচ্ছিন্ন। বিস্তৃত। আসক্ত। প্রাপ্ত। সংস্পৃষ্ট। নিযুক্ত। প্রস্তাবিত। ক্রিং, বিং, সর্ব্বদা।

প্রসক্তি, (প্রসক্তদেখ+ক্তি—ভা) সং, স্ত্রীং, সংশ্লেষ। মিলন। আসক্তি, প্রণয়। প্রবৃত্তি। অধ্যবসায়। উৎসাহ। প্রাপ্তি। প্রসঙ্গ। অনুমিতি। (Inference) আপত্তি।

প্রসংখ্যান, (প্র—সম্—খ্যা [বলা] গণনা করা ইত্যাদি+অনট্—ভা) সং, ক্লীং, আত্মানুসন্ধান, ধ্যান। "হর প্রসংখ্যান পরো বভূব" কুমারসম্ভব।

প্রসঙ্গ, (প্র—সন্জ্=আসক্তহওয়া+অল্—ভা) সং, পুং, সম্পর্ক, সংযোগ, সম্বন্ধ। সঙ্গতি বিশেষ। মৈথুন। আপত্তি। প্রসক্তি। প্রস্তাব। বৃত্তান্ত। পূর্ব্বাপর সম্বন্ধ বাক্য।

প্রসজ্য প্রতিষেধ, (প্রসজ্য=প্রসক্তিযোগ্য—প্রতিষেধ=নিষেধ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, প্রাপ্তের নিষেধ। "অপ্রাধান্যং বিধের্যত্র প্রতিষেধে প্রধানতা। প্রসজ্যপ্রতিষেধোঽসৌ ক্রিয়য়া সহ যত্র নঞ্।

প্রসঞ্জন, (প্র—সন্জ্=আসক্ত হওয়া+অনট্—ভা) সং, ক্লীং, প্রসঙ্গকরণ। অবসরদান। [স্ত্রীং, প্রসন্নতা। নির্ম্মলতা।

প্রসত্তি, (প্রসন্ন দেখ+ক্তি—ভা) সং,

প্রসত্বা, (প্রসত্বন্, প্রসন্ন দেখ+বন্—সংজ্ঞার্থে) সং, পুং, ধর্ম্ম। ব্রহ্মা। ত্বরী—স্ত্রীং, প্রতিপত্তি, খ্যাতি।

প্রসন্ন, (প্র=সদ্ [গমনকরা] হৃষ্টহওয়া +ক্ত—ক) বিং, ত্রিং, সন্তুষ্ট। প্রফুল্ল। অনুকূল। স্বচ্ছ, নির্ম্মল "প্রসন্নদিক্ পাংশুবিবিক্তবাতং" কুমার। ন্না—স্ত্রীং, সুরা, মদিরা।

প্রসন্নতা, (প্রসন্ন+তা—ভাবে) সং, স্ত্রীং, প্রসাদ। অনুগ্রহ, সন্তোষ। প্রফুল্লতা। হর্ষ। নির্ম্মলতা, স্বচ্ছতা। উজ্জ্বলতা।

প্রসভ, (প্র=অতীত—সভা [সমাজ] সভ্যগণের বিচার, ৭মী—হিং, অথবা প্র =প্রকৃষ্টরূপে অতিক্রান্ত—সভা অর্থাৎ সভার অধিকার, ৫মী—হিং) সং, ক্লীং, বলাৎকার। হঠাৎ।

প্রসভহরণ—বলপূর্ব্বক হরণ, ডাকাইতি।

প্রসর, (প্র—সৃ [গমনকরা] ব্যাপা ইত্যাদি+অল্—ভা) সং, পুং, বিস্তার। ব্যাপ্তি। স্বার্থপ্রবৃত্তি। প্রকর্ষ। উৎপত্তি। চলন, গমন, বেগ। যুদ্ধ।

সংগ্রাম। সমূহ। প্রণয়, স্নেহ।

প্রসরণ (প্রসর দেখ+অনট—ভা) সং, ক্লীং, বিপক্ষের চতুর্দ্দিকে বেষ্টন। ইতস্ততো ভ্রমণ,ব্যাপ্তি। বিস্তার। উৎপত্তি। স্বার্থপ্রবৃত্তি।

প্রসর্পণ, (প্র—সৃপ=গমনকরা+অনট্ ভা) সং,ক্লীং,গমন। প্রসরণ। ব্যাপ্তি। বিস্তার। সন্তরণ।

প্রসব, (প্র—সূ=প্রসবকরা+অল্—প্রং) সং, পুং, সন্তানোৎপাদন, গর্ভমোচন। উৎপত্তি,জন্ম। সন্তান। ফল। বিস্তার। পুষ্প, কুসুম।

প্রসববন্ধন, (প্রসব=পুষ্প—বন্ধন,৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, বৃন্ত, বোঁটা।

প্রসবস্থলী, (প্রসব—স্থল=স্থান+ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, মাতা, জননী।

প্রসবিতা, প্রসবী, (প্রসবিতৃ, প্রসবিন্, প্রসব দেখ+তৃন্, ইন্—ক) বিং, ত্রিং, জনক, পিতা। ত্রী, বিণী—স্ত্রী, প্রসবকারিণী, জননী। [প্রতিকূল, বিপরীত।

প্রসব্য, (প্র—সব্য=বাম) বি, ত্রিং,

প্রসহ, (প্র—সহ্ [সহ্যকরা] পারগ হওয়া+অল্—প্রং) সং, পুং, শিকারী পক্ষী, শ্যেনপ্র ভৃতি।

প্রসহন, (প্র—সহ=সহ্যকরা+অনট্—ভা) সং, ক্লীং পরাভব। ক্ষমা। সহিষ্ণুতা। আলিঙ্গন। পুং, শিকারী জন্তু, সিংহ, ভল্লূক, ব্যাঘ্র প্রভৃতি।

প্রসহ্য, (প্র—সহ্=সহ্যকরা+য—প্রং) অং, বলাৎকার। হঠাৎ।

প্রসহ্যচৌর, (প্রসহ্য=বলাৎকার—চৌর—চোর) সং, পুং, দস্যু, ডাকাইত।

প্রসাতিকা, সং, স্ত্রীং, সূক্ষ্মধান্য, সরুধান।

প্রসাদ, (প্র—সদ্ [গমনকরা] হৃষ্টহওয়া+ঘঞ্—ভা। সং, পুং, হৃষ্টতা, প্রসন্নতা। অনুগ্রহ। নির্ম্মলতা, স্বচ্ছতা। কাব্যের গুণবিশেষ। সৌম্যতা। স্বাস্থ্য। দেবনিবেদিত বা গুরুজনের ভুক্তাবশিষ্ট দ্রব্য।

প্রসাদন, (প্র—সাদি [গমনকরান] হৃষ্ট হওয়ান+অনট্—ভা) সং, ক্লীং, প্রসন্নতা সম্পাদন। হৃষ্টকরণ। অন্ন। না—স্ত্রীং. সুশ্রূষা, সেবা, পরিচর্য্যা।

প্রসাধক, (প্র—সাধ্ [সিদ্ধকরা] ভূষিত করা ইত্যাদি+ণক—প্রং) সং, পুং, অলঙ্কারক, প্রসাধনকর্ত্তা। সম্পাদক, নির্ব্বাহকারী। ধিকা—স্ত্রীং, অলঙ্কর্ত্রী, সজ্জাবিধায়িনী, যে স্ত্রী বেশভূষা করিয়া দেয়। নীকার, উড়িধান।

প্রসাধন,(প্রসাধক দেখ,অনট্—প্রং) সং, ক্লীং, অলঙ্করণ, সাজান। সজ্জার দ্রব্য, অলঙ্কার। সাধন, সম্পাদন। কণ্টকশোধন। নী—স্ত্রীং, কঙ্কতিকা, চিরুণি।

প্রসাধিত, (প্রসাধক দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অলঙ্কৃত, ভূষিত, সজ্জিত। নির্ব্বাহিত, সম্পাদিত।

প্রসার, (প্র—সৃ=গমনকরা+ঘঞ্—ভা) সং, পুং, তৃণকাষ্ঠাদির প্রবেশ। বিস্তার প্রসরণ। ইতস্ততোগমন। গমন। নির্গম। ভক্ষ্যদ্রব্যাদি লুণ্ঠন।

প্রসারণ, (প্রসারিত দেখ, অনট্—ভা) সং, ক্লীং, বিস্তারকরণ।

প্রসারিত, (প্র—সারি=গমনকরান+ক্ত—প্রং) বিং, ত্রিং, বিস্তারিত, ব্যাপ্ত। নির্গত।

প্রসারী, (প্রসারিন্, প্রসার দেখ, ণিন্—ক) বিং, ত্রিং, প্রসরণশীল, বিসারী, ব্যাপী, বিস্তৃমর।

প্রসিত, (প্র—সি=বন্ধনকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ব্যাপৃত, নিযুক্ত। আসক্ত। সং, ক্লীং, পূঁজ্।

প্রসিতি, (প্রসিত দেখ, ক্তি—ভা) সং, স্ত্রীং, বন্ধনসাধন, রজ্জু শৃঙ্খল প্রভৃতি, নিগড়।

প্রসিদ্ধ, (প্র—সিধ্ [সম্পন্নকরা] খ্যাত হওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, প্রখ্যাত। ভূষিত। উন্নত।

প্রসিদ্ধি, (প্রসিদ্ধ দেখ, ক্তি—ভা) সং,

স্ত্রীং, টঙ্কার। খ্যাতি, প্রতিপত্তি। ভূষা, অলঙ্কার। [নিদ্রিত।

প্রসুপ্ত, (প্র—সুপ্ত=নিদ্রিত) বিং, ত্রিং,

প্রসূ, (প্র—সূ=প্রসবকরা+ক্বিপ্—ক) সং, স্ত্রীং, মাতা। লতা। কদলীবৃক্ষ। ঘোটকী। [ঘোটকী।

প্রসূকা, (প্রসূ+ক—যোগ) সং, স্ত্রীং,

প্রসূত, (প্রসূ দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, উৎপাদিত। উৎপন্ন, সংজাত। সং, ক্লীং, কুসুম, ফুল।

প্রসূতা, প্রসূতি, প্রসূতিকা, (প্রসূ দেখ, ক্ত, ক্তি—ক। ক—যোগে প্রসূতিকা) সং, স্ত্রীং, জাতাপত্যা, যে স্ত্রীর সন্তান হইয়াছে।

প্রসূতি, (প্রসূত দেখ, ক্তি—প্রং) সং, স্ত্রীং, অপত্য, সন্তান। প্রসব। উৎপত্তি। গর্ভ। কারণ। মাতা, জননী। 'মৎপ্রসূতিমনারাধ্য প্রজেতি ত্বাং শশাপ সা" রঘুবংশ।

প্রসূতিজ, (প্রসূতি=প্রসব—জ=উৎপন্ন) সং, ক্লীং, প্রসবজন্য দুঃখ। দুঃখ, ক্লেশ, যাতনা।

প্রসূন, (প্রসূ দেখ, ক্ত—র্ম্ম) সং, ক্লীং, মুকুল। পুষ্প। ফল। বিং, ত্রিং, উৎপন্ন, জাত। সূত।

প্রসূনেষু, (প্রসূন=পুষ্প—ইষু=বাণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কুসুমশর, কন্দর্প, মদন

প্রসৃত, (প্র— সৃ [গমনকরা] বিস্তারকরা ইত্যাদি+ক্ত—ক) বিং, ত্রিং, ব্যাপ্ত, বিস্তৃত। নির্গত। প্রবৃদ্ধ। নিযুক্ত। বেগবান্। বিনীত। গত। সং, পুং, করকোষ, অর্দ্ধাঞ্জলি নিকুব্জ পাণি, হাতের খোড়ল। ক্লীং, পলদ্বয়, দুইপল পরিমাণ। তা—স্ত্রীং, জঙ্ঘা।

প্রসৃতি, (প্রসৃত দেখ+ক্তি—প্রং) সং, স্ত্রীং, হস্তকোষ, হাতের খোড়ল।

প্রসেক, (প্র—সিচ্=সেচনকরা+ঘঞ্—ভা) সং, পুং, ক্ষরণ, নিষেক। সিঞ্চন। শনৈঃ শনৈঃ স্রবণ।

প্রসেদিকা, (প্র=অত্যুত্তম—সদ্=গমনকরা+ণক—প্রং) সং, স্ত্রীং, ক্ষুদ্র আরাম, উপবন।

প্রসেদিবান্, (প্রসেদিবস্, প্র—সদ্ [গমন করা] হৃষ্ট হওয়া+বস্—প্রং) বিং,ত্রিং, প্রসন্ন, প্রসাদিত। ষুষী—স্ত্রীং, প্রসন্না। প্রসাদিতা।

প্রসেব, (প্র—সিব্=সেলাইকরা+ঘঞ্—প্রং) সং, পুং, বীণার অঙ্গ। গোণী, থলিয়া। প্রকৃষ্ট তন্তু।

প্রসেবক, (প্রসেব দেখ, ণক—প্রং) সং, পুং, বীণার প্রান্তস্থ লাউ প্রভৃতি। বিকা—স্ত্রীং, সূত্ররচিত ভাণ্ড, থলিয়া, পাত্রবিশেষ।

প্রস্কন্দন, (প্র—স্কন্দ=গমনকরা+অনট্—ভা) সং, ক্লীং, বিবেক, রেচন, উদরভঙ্গ, অতিসার।

প্রস্কন্ন,(প্র—স্কন্দ্=গমনকরা,ফোঁটা ফোঁটা পড়া, শোষণকরা+ক্ত—প্রং, নিপাতন) বিং, ত্রিং, পাপাত্মা। ক্ষরিত, পতিত। শুষ্ক। গত। সং, পুং, স্বনাম প্রসিদ্ধ ঋষিবিশেষ।

প্রস্তর, (প্র—স্তৃ=আচ্ছাদনকরা+অল্—ক) সং, পুং, পাথর, পাষাণ। মণি। পল্লবাদিরচিত শয্যা।

প্রস্তরফলক, সং, ক্লীং, স্লেট।

প্রস্তার, (প্র—স্তৃ=আস্তরণকরা, বিস্তার করা+ঘঞ্—প্রং) সং, পুং, পল্লবাদি বিরচিত শয়নীয়, শয্যা। তৃণবন। বিস্তার। ছন্দঃপ্রভৃতির প্রভেদ জ্ঞাপক প্রক্রিয়াবিশেষ।

প্রস্তাব, (প্র—স্তু [স্তবকরা] কথারম্ভকরা +ঘঞ্—ভা) সং,পুং, প্রকরণ। প্রসঙ্গ। কথানুষ্ঠান। অবসর, সুযোগ। উপন্যাস। পদ।

প্রস্তাবনা, (প্রস্তাব দেখ, অনট্, আপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, আরম্ভ। নাটকাদি গ্রন্থে অভিনয়ারম্ভ বিষয়ক কথা। "নটী বিদূষকোবাপি পারিপার্শ্বিক এব বা।

সূত্রধারেণ সহিতাঃ সংলাপং যত্র কুর্ব্বতে। চিত্রৈর্ব্বাক্যৈঃ স্বকার্য্যোথৈঃ প্রস্তুতাক্ষেপিভির্ম্মিথঃ। আমুখং তত্তু বিজ্ঞেয়ং নাম্না প্রস্তাবনাথিস।" সাহিত্যদর্পণ।

প্রস্তাবিত, (প্রস্তাব+ইত—প্রং) বিং. ত্রিং, যাহার প্রস্তাব করা হইয়াছে। কথিত। বর্ণিত।

প্রস্তীত, প্রতীম, (প্র—স্ত্যৈ=সংহতহওয়া, শব্দকরা+ক্ত—প্রং, নিপাতন) বিং, ত্রিং, সংহত। ধ্বনিত। গুচ্ছাকার, স্তবকারিত।

প্রস্তুত, (প্র—স্তু [স্তবকরা] নিষ্পন্নকরা ইত্যাদি+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রকৃত, প্রক্রান্ত। নিষ্পন্ন। উল্লিখিত। উদ্যুক্ত। প্রকাশিত। প্রশংসিত। প্রাসঙ্গিক, উপস্থিত। প্রকরণ প্রাপ্ত।

প্রস্তৃত, (প্র—স্তৃ=আচ্ছাদন করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অস্তরিত। বিস্তৃত, ব্যাপ্ত। আচ্ছন্ন।

প্রস্থ, (প্র—স্থা=থাকা+ড—প্রং) সং, পুং, পরিমাণবিশেষ। পর্ব্বতের উপরিস্থ সমান ভূমি ভাগ সানু। আঢ়কের চতুর্থাংশ, চার কুড়ো। পরিসর, বিস্তার

প্রস্থান, (প্র=অন্তরে—স্থা=থাকা+অনট্—ভা) সং, ক্লীং, যাত্রা, প্রয়াণ। গমন। বিজিগীষু প্রয়াণ, শত্রুর অভিমুখে বিজিগিষুর যাত্রা।

প্রস্থাপিত, (প্র—স্থাপি=স্থাপনকরান+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রেরিত, যাহা বা যাহাকে পাঠান গিয়াছে।

প্রস্থিত, (প্রস্থান দেখ, ক্ত—ক) বিং. ত্রিং, গমনোদ্যুক্ত। গত, যে প্রস্থান করিয়াছে।

প্রস্নব, (প্র—স্নু=ক্ষরিত হওয়া+অল্—ভা) সং, পুং, ক্ষীরাভিষ্যন্দ, দুগ্ধক্ষরণ। ক্ষরণ।

প্রস্ফুট, প্রস্ফুটিত, (প্র—স্ফুট্=বিকসিত হওয়া+অল্, ক্ত—ক) বিং. ত্রিং, প্রকাশিত। বিকসিত, বিকচ, প্রফুল্ল, স্ফুট, বিকশিত।

প্রস্ফোটন, (প্রস্ফুট দেখ, অনট্—ভা) সং, ক্লীং, প্রস্ফুটিত হওয়া। বিকাসন। প্রকাশিত হওয়া। পক্ক হওয়া। সূর্প, কুলা। বিদারণ। তাড়ন। পচন।

প্রস্রব, (প্র—স্রু=ক্ষরিতহওয়া+অল্—ভা)। সং, পুং, ক্ষরণ, গলন। দ্রবদ্রব্যের শনৈঃ শনৈঃ পতন।

প্রস্রবণ, (প্রস্রব দেখ+অনট্—প্রং) সং, ক্লীং, উৎস, উমুই। জল। নির্ঝর, ঝরণা। ক্ষরণ। স্বেদন। পুং, মাল্যবান্ পর্ব্বত। স্বেদ, ঘর্ম্ম। মূত্রকরণ।

প্রস্রাব, (প্র—স্রু=ক্ষরিত হওয়া+অ—ক) সং, পুং, মূত্র, মূত। প্রবাহ। ক্ষরণ

প্রস্রুত, (প্রস্রাব দেখ+ক্ত—ক) বিং, ত্রিং, ক্ষরিত, গলিত।

প্রস্বান, (প্র=অধিক—স্বন্=শব্দকরা+ঘঞ্—প্রং) সং, পুং, উচ্চ শব্দ।

প্রস্বাপন, (প্র—স্বাপি=নিদ্রাকরান+অনট্—ক) বিং, ত্রিং, নিদ্রাজনক সং, ক্লীং, নিদ্রাকর্ষক অস্ত্রবিশেষ।

প্রস্বিন্ন, (প্র=অধিক—স্বিদ্=ঘর্ম্ম নিঃসৃত হওয়া+ক্ত) বিং, ত্রিং, ঘর্ম্মাক্ত, উত্তপ্ত

প্রস্বেদ, (প্র=অধিক—স্বেদ=ঘর্ম্ম) সং, পুং, অতিশয় ঘর্ম্ম।

প্রহণেমি, সং, পুং, চন্দ্র।

প্রহত, (প্র—হন্ [বধকরা] বিস্তারকরা ইত্যাদি+ক্ত—ক) বিং, ত্রিং, বিদ্বান্ গুণবান্। বিস্তৃত। নিকটস্থ। আহত আঘাতপ্রাপ্ত। মৃত, তাড়িত। বাদিত ধ্বনিত। পরাজিত। ক্ষুণ্ণ. মাড়ান। বিস্তৃত।

প্রহর, (প্র—হৃ [হরণকরা] আঘাত করা+ঘঞ্—ধি। যাহাতে ঢক্কাদি আহত হয়) সং, পুং, দিবারাত্রের অষ্টম ভাগ, যাম।

প্রহরণ, (প্রহর দেখ+অনট্—ণ, ধি সং, ক্লীং, অস্ত্র। যুদ্ধ, প্রহার। প্রাঘাত স্ত্রীলোকাদির বাহনজন্য আচ্ছাদিত শ

প্রহরী, (প্রাহরিন্, প্রহর+ইন্—অস্ত্যর্থে

সং, পুং, যামিক, চৌকীদার। যে ঘণ্টা বাজায়।

প্রহর্ত্তা, (প্রহর্ত্তৃ, প্রহর দেখ+তৃন্—ক) বিং, ত্রিং, প্রহারকর্ত্তা। যোদ্ধা।

প্রহর্ষণ, (প্র—হৃষ্=হৃষ্ট হওয়া+অনট্—ক) বিং, ত্রিং, সুখোৎপাদক। হর্ষকারক, আহ্লাদজনক। সং, পুং, বুধগ্রহ। (Mercury)

প্রহর্ষণী, প্রহর্ষিণী, (প্র—হৃষ্—হৃষ্টহওয়া+অন, ইন্—প্রং) সং, স্ত্রীং, ছন্দোবিশেষ, ত্রয়োদশাক্ষরা বৃত্তি। হরিদ্রা, হলুদ।

প্রহসন, (প্র=অধিক—হস্=হাস্যকরা+অনট্—ভা) সং, ক্লীং, অতিশয়হাস্য। ব্যঙ্গোক্তি, পরিহাস, কৌতুক। হাস্যরস প্রধান নাট্য গ্রন্থবিশেষ।

প্রহস্ত, (প্র=পরিবর্ত্তন—হস্ত=হাত) সং, পুং, বিস্তৃতাঙ্গুলি হস্ত, চপেট, চাপড়। রাবণের সেনাপতিবিশেষ।

প্রহার, (প্রহর দেখ+ঘঞ্—ভা) সং, পুং, আঘাত। বধ। নিগ্রহ। যুদ্ধ।

প্রহারণ,(প্র=অধিক—হৃ=লওয়া+অন্) সং, ক্লীং, প্রার্থনীয় দান।

প্রহাস, (প্রহসন দেখ+ঘঞ্—প্রং) সং, পুং, অভিনেতা। নট। নর্ত্তক। উচ্চহাস্য শিরঃপ্রস্ফুটন। সোমতীর্থ। তীর্থস্থান।

প্রহাসী, (প্রহাসিন্, প্রহাস+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, যে ব্যক্তি অতিশয় হাসায়, ভাঁড়। চাষা।

প্রহি, (প্র—হৃ=লওয়া+ই—সংজ্ঞার্থে। ঋ—লোপ) সং, পুং, কূপ, কূয়া।

প্রহিত, (প্র—ধা [ধারণকরা] ক্ষেপণ করা ইত্যাদি+ক্ত—প্রং) বিং, ত্রিং, প্রেরিত। নিযুক্ত। দত্ত। বিস্তৃত। প্রক্ষিপ্ত, নিক্ষিপ্ত। বিদ্বান্। নিরস্ত। প্রযুক্ত। উপযুক্ত। সং, ক্লীং, চাটনি। মশলা।

প্রহীণ, (প্র—হা=ত্যাগ করা+ক্ত—প্রং) বিং, ত্রিং, পরিত্যক্ত, রহিত। সং, পুং, বিনাশ। স্থানান্তরীকরণ

প্রহৃত, (প্র—হৃ [হরণকরা] আঘাতকরা+ক্ত—ভা, র্ম) সং, ক্লীং, প্রহার। বিং, ত্রিং, নিগৃহীত। আহত, আঘাতপ্রাপ্ত। আক্রান্ত।

প্রহৃষ্ট, (প্র অধিক—হৃষ্=হৃষ্ট হওয়া+ক্ত—প্রং) বিং,ত্রিং,অতিশয় আনন্দিত।

প্রহেলিকা, প্রহেলী, (প্র—হিল্ [কটাক্ষাদি ভঙ্গীকরা] জিজ্ঞাসা করা+অক, অ—প্রং) সং, স্ত্রীং, কূটপ্রশ্ন, হেঁয়ালি। "ব্যক্তীকৃত্য কমপ্যর্থং স্বরূপার্থস্য গোপনাৎ। যত্র বাহ্যান্তরাবর্থৌ কথ্যেতে সা প্রহেলিকা"।

প্রহ্লাদ, (প্র—হ্লাদ্=আহ্লাদিত হওয়া+ঘঞ্—প্রং) সং, পুং, হিরণ্যকশিপু রাজার পুত্র। শব্দ। ধ্বনি। আহ্লাদ, আনন্দ। সন্তোষ।

প্রহ্লাদন, (প্রহ্লাদ দেখ+অনট্—ভা) সং, ক্লীং, আহ্লাদকরণ, আনন্দোৎপাদন।

প্রহ্ব, (প্র—হ্বে=আহ্বানকরা+অ—ক, নিপাতন) বিং, ত্রিং, নম্র। বিনীত। প্রবণ। আসক্ত। নিযুক্ত। নিরত। "প্রণমেদ্দণ্ডবদ্ভূমৌ ভক্তিপ্রহ্বেন চেতসা"

প্রহ্বাঞ্জলি, (প্রহ্ব—অঞ্জলি=অভ্যর্থনা) বিং, ত্রিং, কৃতাঞ্জলিপুটে দণ্ডায়মান।

প্রহ্বায়, (প্র—হ্বে=আহ্বান করা+ঘঞ্) সং, পুং, আহ্বান। স্তব।

প্রাংশু, (প্র—অংশু=কিরণ) বিং, ত্রিং, উচ্চ, উন্নত, ঢেঙা। "প্রাংশুলভ্যে ফলে লোভাদুদ্বাহুরিব বামনঃ" রঘুবংশ।

প্রাক্, (প্র—অনচ্=গমনকরা+ক্বিপ্—প্রং) অং, পূর্ব্ব, প্রথম। পূর্ব্বদেশী। পূর্ব্বকাল। অতীত। মধ্যে। প্রাতঃকালে

প্রাকাম্য, (প্র—আ—কম=ইচ্ছাকরা+য—প্রং) সং, ক্লীং, শিবের অষ্টবিধ ঐশ্বর্য্যের অন্তর্গত ঐশ্বর্য্যবিশেষ,স্বচ্ছন্দানুবর্ত্তন। ভোগেচ্ছা পূর্ণ করিবার ক্ষমতা। যথেচ্ছাচারিত্ব।

প্রাকার, (প্র—আ—কৃ [করা] বেষ্টন-

করা+ঘঞ—প্রং) সং, পুং, প্রাচীর। বেষ্টন, বেড়া।

প্রাকৃত, (প্রকৃতি=স্বভাব+ষ্ণ—ভবার্থে কিম্বা প্র—অকৃত=যাহা কৃত নহে, অপ-কার্য্য) বিং, ত্রিং, নীচ, অধম। অপ-ভাষ। চলিতভাষা। স্বাভাবিক। নৈস-র্গিক। সাধারণ, সামান্য। প্রজাসম্বন্ধীয়। সং, পুং, প্রাকৃতজন। অধর্ম্মাচার। দুরাচার। সং, ক্লীং, বিভিন্নভাষা, প্রদে-শীয় ভাষা। পূর্ব্বকালে অর্থাৎ যখন ভারতবর্ষে সংস্কৃত ভাষাই চলিত ভাষা ছিল তখন স্ত্রীলোক ও মূর্খ লোকে যে সংস্কৃত কহিত।

প্রাকৃতইতিবৃত্ত (Natural History) প্রকৃতিবিষয়ক বৃত্তান্ত অর্থাৎ পৃথিবী ও তজ্জাত পদার্থ নিচয়ের বিবরণ, প্রাণী বিদ্যা, ধাতুবিদ্যা, উদ্ভিদবিদ্যা প্রভৃতি বিদ্যা সকল প্রাকৃত ইতিবৃত্তের মধ্যগত।

প্রাকৃততত্ত্ববিবেক, (Natural Theology) যে শাস্ত্র দ্বারা প্রকৃতির যাবতীয় বিষয় পর্য্যালোচন করিলে তত্ত্বজ্ঞান জন্মে।

প্রাকৃততন্ত্র, (Democracy) প্রজাদের হস্তগত রাজ্যশাসন। প্রজাতন্ত্র।

প্রাকৃতপ্রলয়, সং, পুং, ব্রহ্মার লয়বশতঃ যাবতীয় সৃষ্ট পদার্থের বিনাশ।

প্রাকৃতভূগোল, (Physical Geography) যে শাস্ত্রদ্বারা পৃথিবীর জল স্থলবিভাগ, পর্ব্বতাদির সন্নিবেশ, ভিন্ন ভিন্ন প্রদেশের জলবায়ুর অবস্থা ও বিভিন্নদেশোৎপন্ন দ্রব্যজাতের বিবরণ জানা যায়।

প্রাকৃতসমাজ, (House of Commons) ইংলণ্ডদেশের রাজকীয় সভাসংক্রান্ত সাধারণ ব্যক্তিগণের সভা।

প্রাকৃতিক, (প্রকৃতি+ক—ইদমর্থে) বিং, ত্রিং, স্বভাবিক, নৈসর্গিক, প্রকৃতিসম্বন্ধীয়।

প্রাকৃতিকইতিবৃত্ত, (Natural History) যে শাস্ত্রদ্বারা সৃষ্ট পদার্থের স্বরূপ ও অবস্থা অবগত হওয়া যায়।

প্রাকৃতিককার্য্য, সং, ক্লীং, সৃষ্ট পদার্থ। যে সকল পদার্থ কেবল একমাত্র ইন্দ্রিয়-গ্রাহ্য, যেমন আলোক, শব্দ, তাপ ইত্যাদি।

প্রাকৃতিকবিজ্ঞান, সং, ক্লীং, যে শাস্ত্রদ্বারা প্রাকৃতিককার্য্যবিষয়ক জ্ঞান জন্মে।

প্রাক্তন, (প্রাক্=পূর্ব্ব+তন—ভবার্থে) বিং, ত্রিং, পূর্ব্বকালীন। পূর্ব্বজন্মোদ্ভূত। জন্মান্তরীণ, পূর্ব্বজন্মার্জ্জিত। "স্থিরো-পদেশমুপদেশকালে প্রপেদিরে প্রাক্তন জন্ম বিদ্যাঃ" কুমার।

প্রাক্তনকর্ম্ম, (প্রাক্তনকর্ম্মন্, প্রাক্তন=পূর্ব্ব—কর্ম্মন্=কার্য্য) সং, ক্লীং, অদৃষ্ট, ভাগ্য। পূর্ব্বকৃতকর্ম্ম। [পুং, বৃহস্পতি।

প্রাক্ফাল্গুন, (প্রাক্ফাল্গুণী—অন্) সং,

প্রাক্ফল্গুণী, (প্রাক্=অগ্রগামী—ফল্গুণী=নক্ষত্রবিশেষ) সং, স্ত্রীং, পূর্ব্বফল্গুণী নক্ষত্র।

প্রাখর্য্য, (প্রখর+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, প্রখরতা, তীক্ষ্ণতা।

প্রাগ্ভাব, (প্রাক্=পূর্ব্ব—অভাব) সং, পুং, প্রাগ্বর্ত্তী অভাব। বস্তূৎপত্তির পূর্ব্বা-বস্থা। উৎপত্তির পূর্ব্বে যে অভাব তাহা-কে প্রাগভাব কহে।

প্রাগল্ভ্য, (প্রগল্ভ+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, প্রগল্ভতা, ঔদ্ধত্য।

প্রাগুক্ত, (প্রাক্=পূর্ব্ব—উক্ত=কথিত) বিং, ত্রিং, পূর্ব্বোক্ত, পূর্ব্বে উল্লিখিত। যাহা পূর্ব্বে বলা হইয়াছে।

প্রাগুদীচী, (প্রাক্=পূর্ব্ব—উদীচী-উত্তর) সং, স্ত্রীং, পূর্ব্বোত্তরকোণ, পূর্ব্বোত্তর বি-দিক্, ঈশানকোণ।

প্রাগজ্যোতিষ, (প্রাক্=পূর্ব্ব—জ্যোতিষ=দীপ্তি) সং, পুং, আসামের অন্তঃপাতী দেশবিশেষ, কামরূপ।

প্রাগ্ভার, (প্রাক্=প্রথম—ভার) সং, পুং, উৎকর্ষ। উচ্চ পর্ব্বতের অগ্রভাগ। অত্যলক্ষণ।

প্রাগ্রহর, প্রাগ্র্য, (প্র—অগ্র=প্রথম—হৃ=হরণকরা+অল্—প্রং। প্র—অগ্র+ষ্ণ্য

ভবার্থে)বিং, ত্রিং, শ্রেষ্ঠ, প্রধান। অতিশয় উৎকৃষ্ট।

প্রাগ্রাট, (প্র—অগ্র=উপরিভাগ—অট =যে গমন করে) সং, ক্লীং, অঘনদধি, পাতলা দই।

প্রাগ্বংশ, (প্রক্—পূর্ব্ব—বংশ=কুল, বাঁশ) সং, পুং, পূর্ব্বকুল। প্রাচীন স্থূণ যজ্ঞগৃহবিশেষ। যজ্ঞীয় গৃহের সম্মুখস্থিত গৃহ। যজ্ঞশালার কাষ্ঠবিশেষ। "যজ্ঞশালায়াঃ পূর্ব্ব পশ্চিমস্তম্ভয়োরর্পিতং পূর্ব্বপশ্চিমায়তং কাষ্ঠং প্রাগ্বংশঃ"।

প্রাঘাত, (প্র=প্রচণ্ডবেগে—আঘাত= প্রহার) সং, পুং, যুদ্ধ, বিগ্রহ, সংগ্রাম, লড়াই।

প্রাঘার, (প্র-ঘৃ=সেচনকরা, ক্ষতিহওয়া, ঘঞ—প্রং) সং, পুং, গলন। ক্ষরণ, ঘৃতাদি ক্ষরণ। স্রাব। সেক।

প্রাঘুণ, (প্র—আ—ঘুণ্=ভ্রমণ করা+অল্ —প্র,) সং, পুং, অতিথি, অভ্যাগত, আগন্তু।"

প্রাঘুণিক, (প্রাঘুণ[প্র—আ—ঘুণ্=ভ্রমণকরা+অল্—ভা] ভ্রমণ+ইক—প্রং), সং পুং, অতিথি, অভ্যাগত, আগন্তু।

প্রাঙ্, (প্রাচ্, প্রান্চ্, প্র—অন্চ্=গমনকরা+ক্বিপ্—প্রং)বিং, ত্রিং, পূর্ব্বদেশ, পূর্ব্বদিক্। অতীতকাল। পূর্ব্বসময়, পূর্ব্বতন, পুরাতন, প্রাচীন।

প্রাঙ্গ, (প্র—অঙ্গ্=গমনকরা, হওয়া+গ —প্রং) সং, পুং, পণববাদ্য, পটহ।

প্রাঙ্গণ, (প্র—অন্গ্=গমনকরা+অনট্ ধি) সং, ক্লীং, অঙ্গন, অজির, গৃহভূমি, উঠান্। পণববাদ্য।

প্রাঙ্মুখ, (প্রাক্=পূর্ব্ব—মুখ) বিং, ত্রিং, পূর্ব্বমুখ, পূর্ব্বাস্য।

প্রাচিকা, সং, স্ত্রীং, বন-মক্ষিকা। ডাঁশ।

প্রাচী, (প্রাঙ্ দেখ, ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, পূর্ব্বদিক্, "তনয়মচিরাৎ প্রাচীবার্কং প্রসূয় চ পাবনং" শকুন্তলা। পূজক। পূজনীয়ের অগ্র।

প্রাচীন, (প্রাচ্=পূর্ব্ব+ঈন—ভবার্থে) বিং, ত্রিং, পূর্ব্ব। পূর্ব্বকালীন, পুরাতন। বৃদ্ধ। প্রাচ্য, পূর্ব্বদেশীয়। (প্রাচী=পূর্ব্বদিক্+ঈন—ভবার্থে) পূর্ব্বদিগ্ভব। সং ক্লীং, প্রাচীর।

প্রাচীনপনস, (প্রাচীন=পূর্ব্ব—পনস= কাঁঠালগাছ)সং,পুং, বিল্ববৃক্ষ, বেলগাছ।

প্রাচীনবর্হিঃ, (প্রাচীনবর্হিস, প্রাচীন—পূর্ব্বদেশীয়—বর্হিস্=দীপ্তি। যিনি পূর্ব্বদিকের অধিপতি)সং,পুং,ইন্দ্র। নৃপবিশেষ

প্রাচীনাবীত, (প্রাচীন=পূর্ব্ব—আবীত =লম্বিত) সং, ক্লীং, শ্রাদ্ধাদিতে বামকরে বহিষ্কৃত দক্ষিণস্কন্ধার্পিত যজ্ঞসূত্র।

প্রাচীপতি, (প্রাচী=পূর্ব্বদিক্—পতি, ৬ষ্ঠী—ষ)সং, পুং, পূর্ব্বদিকের অধিপতি, ইন্দ্র, দেবরাজ।

প্রাচীর, (প্র—আ—চী [একত্রকরা] আবরণকরা+র—প্রং) সং, ক্লীং, গৃহাদির প্রান্তদেশ বেষ্টন, আবৃতি, বেড়া। ভিত্তি, দেওয়াল, পাঁচিল।

প্রাচুর্য্য (প্রচুর+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, প্রচুরতা, আধিক্য, বাহুল্য।

প্রাচেতস, (প্রচেতস্=বরুণ+ষ্ণ—অপত্যার্থে) সং, পুং, বরুণপুত্র। বাল্মীকি। বহুং, প্রাচীন বর্হীরাজের তনয়।

প্রাচ্য, (প্রাচ্=পূর্ব্ব+ষ্ণ্য—ভবার্থে) বিং, ত্রিং,পূর্ব্বদেশীয়। পূর্ব্বদিকস্থ, পূর্ব্বদিগ্ভব সং, পুং, পূর্ব্বদেশ।

প্রাজক, প্রাজিতা, (প্রাজিতৃ, প্র—অজি =গমনকরান+অক, তৃন্—ক) সং, পুং, রথাদি চালক, সারথি। বিং, ত্রিং, চালক।

প্রাজন, (প্রাজক দেখ, অনট্—ভা) সং, ক্লীং,চালনণ্ড, তোদন, পাঁচনবাড়ী। চালন।

প্রাজাপত্য, (প্রজাপতি=ব্রহ্মা+ষ্ণ্য-তদ্দেবতার্থে) সং,পুং, বিবাহবিশেষ। প্রয়াগ, এলাহাবাদ। স্বনামপ্রসিদ্ধ জৈনরাজ। ক্লীং, দ্বাদশ-দিবস-সাধ্য ব্রতবিশেষ।

রোহিণীনক্ষত্র। ত্যা—স্ত্রীং, যজ্ঞবিশেষ, প্রব্রজ্যা আশ্রমে প্রবিষ্ট হইবার পূর্ব্বে সর্ব্বস্ব দক্ষিণা দিয়া যজ্ঞকরণ। বিং, ত্রিং, প্রজাপতিসম্বন্ধীয়।

প্রাজ্ঞ, (প্র—আ=সম্যক্—জ্ঞা=জানা+ক—প্রং) বিং, ত্রিং, বিজ্ঞ। পণ্ডিত। দক্ষ, নিপুণ। জ্ঞা, জ্ঞী—স্ত্রীং, বুদ্ধিমতী, ধীমতী।

প্রাজ্য, (প্র—অন্জ্ [গমনকরা] প্রবৃদ্ধ-হওয়া+য—ক) বিং, ত্রিং, প্রভূত, বহু, প্রচুর। (প্র=প্রকৃষ্ট—আজ্য=ঘৃত) সং, ক্লীং, উৎকৃষ্ট ঘৃত, ভাল ঘী।

প্রাঞ্চ্, (প্র—অন্চ্=গমনকরা+ক্বিপ্—প্রং) বিং, ত্রিং, প্রাচীন।

প্রাঞ্জল, (প্র—অন্জ্=গমনকরা+অল—প্রং) বিং, ত্রিং, সহজ, সরল, সোজা। অনায়াসে যাহার অর্থবোধ হয়। সুখ-বোধ্য। নির্ম্মল। উজ্জ্বল। শুদ্ধমতি।

প্রাঞ্জলি, (প্র—অঞ্জলি) বিং, ত্রিং, বদ্ধাঞ্জলি, কৃতাঞ্জলি।

প্রাড়্বিবাক, (প্রাট্ [প্রচ্ছ=জিজ্ঞাসাকরা+ক্বিপ্-ক] যে বাদী প্রতিবাদীর বাক্য জিজ্ঞাসা করে—বিবাক্ [বি-বচ্=বলা+ক্বিপ্—ক] যে বিবেচনা করিয়া বলে। যে বিবাদানুগত পূর্ব্ব বাক্য জিজ্ঞাসা করিয়া বিচার করে, ষং—স। প্রাড়্বি-বেকও হয়) সং, পুং, বিচারক, ব্যবহারদর্শী। "বিবাদানুগতং পৃষ্ট্বা পূর্ব্ব-বাক্যং প্রযত্নতঃ। বিচারয়তি যেনাসৌ প্রাড়্বিবাকপ্রতঃ স্মৃতঃ"। ব্যবহারতত্ত্ব।

প্রাণ, (প্র—অন্=বাঁচা+অল্—ণ) সং, পুং, হৃদয়স্থ বায়ু। বায়ু। বল। জীবন। ব্রহ্মা। (বহুং) প্রাণ, অপান, সমান, উদান, ব্যান—দেহস্থ এই পঞ্চ বায়ু। "প্রণয়নাৎ প্রক্রমণাচ্চ প্রাণ ইত্যভি-ধীয়তে"। "শরীরান্তঃ সঞ্চারী বায়ুঃ প্রাণঃ সচৈকোঽপ্যুপাধিভেদাৎ প্রাণা-পানাদিসংজ্ঞাং লভতে"।

প্রাণক, (প্রাণ দেখ, ণক—ক। অথবা প্রাণ+ক—প্রং) সং, পুং, প্রাণী, জীব। বস্ত্র। বৃক্ষবিশেষ, জীবকদ্রুম।

প্রাণচ্ছিদ্, (প্রাণ—ছিদ্=ছেদনকরা+ক্বিপ্—ক) বিং, ত্রিং, প্রাণবিনাশক।

প্রাণথ, (প্রাণ দেখ, অথ—সংজ্ঞার্থে) সং, পুং, বলবান্ ব্যক্তি। প্রজাপতি। তীর্থ। বায়ু।

প্রাণদ, (প্রাণ=জীবন—দ=যে দানকরে) সং, পুং, বৃক্ষবিশেষ, জীবকবৃক্ষ। ক্লীং, রক্ত। জল। বিং, ত্রিং, জীবনদাতা, যে প্রাণ দান করে। দা—স্ত্রীং, হরীতকী। বৃক্ষবিশেষ, ঋদ্ধি বৃক্ষ।

প্রাণন, (প্রাণ দেখ, অনট্—ভা) সং, ক্লীং, প্রাণ, জীবন। জীবিত থাকা। পুং, গলদেশ।

প্রাণনাথ, (প্রাণ=জীবন—নাথ=স্বামী, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পতি, স্বামী, ভর্ত্তা।

প্রাণভাস্বান্, (প্রাণভাস্বৎ, প্রাণ=জীবন—ভাস্বৎ=সূর্য্য। সূর্য্যদেব সমুদ্র হইতে উত্থিত বা উৎপন্ন হইয়াছিলেন বলিয়া) সং, পুং, সমুদ্র।

প্রাণভৃৎ, (প্রাণ—ভৃৎ=যে ধারণকরে) সং, পুং, প্রাণী, জন্তু, জীব। যাহাদিগের চেতনাশক্তি আছে। [কর্ম্মেন্দ্রিয়।

প্রাণময়কোষ, সং, পুং, পঞ্চপ্রাণ ও পঞ্চ-

প্রাণযাত্রা, (প্রাণ—যাত্রা=অগ্রগমন) সং, স্ত্রীং, প্রাণধারণ, জীবিকানির্ব্বাহ।

প্রাণসংযম, (প্রাণ=নিশ্বাস প্রশ্বাস—সম্—যম=নিবৃত্তকরা+অল্—ভা) সং, পুং, প্রাণায়াম। প্রাণবায়ুর অবরোধ। ন্যাস।

প্রাণসদ্ম, (প্রাণসদ্মন্, প্রাণ=হৃদয়স্থ বায়ু-সদ্মন্=অবস্থিতিস্থান) সং, ক্লীং, শরীর, কায়া, দেহ।

প্রাণসমা, (প্রাণ=জীবন—সমা=তুল্যা) সং, স্ত্রীং, প্রিয়তমা, পত্নী, প্রাণতুল্যা জায়া।

প্রাণাধিক, (প্রাণ-অধিক=প্রিয়তর, ৫মী—ষ) বিং, ত্রিং, প্রাণ অপেক্ষা প্রিয়তর। অতি স্নিগ্ধ। পুত্রাদি।

প্রাণাধিনাথ, (প্রাণ=জীবন—অধি=উপরি-নাথ=প্রভু) সং,পুং, স্বামী, পতি।

প্রাণান্ত, (প্রাণ অন্ত=শেষ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, প্রাণাবসান, প্রাণশেষ, মৃত্যু, মরণ।

প্রাণায়াম, (প্রাণ—আ—যম=সংযতকরা +ঘঞ—ভা) সং, পুং, যোগাঙ্গবিশেষ। দেবতার নাম বা কোন মন্ত্র উচ্চারণ পূর্ব্বক নাসিকার এক ছিদ্র অঙ্গুলি দ্বারা বদ্ধ করিয়া অন্য ছিদ্র দ্বারা নিশ্বাস বায়ু গ্রহণ ও উভয় ছিদ্র বদ্ধ করিয়া অন্তরে বায়ুরোধ, পরে অপর ছিদ্রদ্বারা বায়ু পরিত্যাগ এবং একারন্তেই পুনর্ব্বার ইহার বিপরীত দ্বার দ্বারা ঐরূপ পূরক কুম্ভক ও রেচক। "রেচকপূরক কুম্ভকলক্ষণাঃ প্রাণনিগ্রহোপায়াঃ প্রাণায়ামাঃ।

প্রাণিতত্ত্ব, প্রাণিবিদ্যা. (Zoology) প্রাণিগণের আকার প্রকার ও স্বভাবাদি নির্ণায়ক বিদ্যা।

প্রাণিদ্যূত, (প্রাণিন্—দ্যূত=ক্রীড়া, তৃতীয়া—ষ) সং, ক্লীং, বাজি রাখিয়া মেষ ও কুক্কুটাদির যুদ্ধ করান। [করে।

প্রাণিপ্রদেশ—যে প্রদেশে জীবজন্তু বাস

প্রাণিহিতা, (প্রাণী=জীব [মনুষ্য]—হিত=যোগ্য) সং, স্ত্রীং, পাদুকা, জুতা। লোকহিতকারিণী।

প্রাণী, (প্রাণিন্, প্রাণ+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, প্রাণবিশিষ্ট, জীব,জন্তু "পূর্ব্বাভাষ্যং সুলভবিপদ্বাং প্রাণিনামেতদেব" মেঘদূত। চেতন। শরীরী। জীবন্ত।

প্রাণীত্য, (প্রণীত=যাহা লওয়া হইয়াছে +ষ্ণ্য—ভাবে)সং, ক্লীং, ঋণ, ধার,কর্জ্জ

প্রাণেশ, প্রাণেশ্বর, (প্রাণ—ঈশ—ঈশ্বর=প্রভু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পতি, ভর্ত্তা। স্বামী সম্বোধক শব্দ। শা, শ্বরী—স্ত্রীং, ভার্য্যা, প্রিয়তমা।

প্রাতঃকৃত্য, (প্রাতর্—কৃত্য=কর্ত্তব্যকর্ম্ম) সং, ক্লীং, প্রাতঃকালীন কর্ত্তব্য কর্ম্ম। মুখ-প্রক্ষালনাদি।

প্রাতর্, (প্র=আরম্ভ—অৎ=গমনকরা+অর্—প্রং) অং, প্রাতঃকাল। দিনাদি।

প্রাতরাশ,(প্রাতর্—আশ[অশ্ খাওয়া+ঘঞ—ভা] ভোজন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, প্রাতঃকালীন ভোজন। প্রাতর্ভোজন।

প্রাতর্গেয়, (প্রাতর্=প্রত্যূষে-গেয়=গীতযোগ্য) সং, পুং, বন্দী, স্তুতিপাঠক। বিং, ত্রিং, প্রাতঃকালে গাতব্য।

প্রাতর্ভোক্তা,(প্রাতর্ভোক্তৃ,প্রাতর্=প্রাতঃকালে—ভোক্তৃ=যে ভোজন করে) সং, পুং, কাক,বায়স। বিং,ত্রিং, যে প্রাতঃকালে ভোজন করে।

প্রাতিকা, (প্র—অৎ=গমনকরা+ণক—প্রং) সং, স্ত্রীং, জবাপুষ্প।

প্রাতিকূল্য, (প্রতিকূল+ষ্ণ্য—ভাবে)সং, ক্লীং, প্রতিকূলতা, বৈপরীত্য। শত্রুতা।

প্রাতিপদিক, (প্রতিপদ=প্রত্যেকপদ+ষ্ণিক—ভবার্থে) সং, ক্লীং, ব্যক্তিবাচক কিম্বা বিশেষণ বাচক শব্দ। পদ। পুং, অগ্নি। বিং, ত্রিং, প্রতিপদসম্বন্ধীয়।

প্রাতিফলিক দূরবীক্ষণ, (Reflecting Telescope) আলোকের কিরণ সকল যে দূরবীক্ষণের মুকুরে প্রতিফলিত হইয়া সরল রেখায় গমনান্তর প্রতিবিম্বরূপে পরিণত হয়।

প্রাতিভাব্য, (প্রতিভূ=জামিন+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, প্রতিভূকর্ম্ম, জামিন লওয়া।

প্রাতিলোম্য, (প্রতিলোম+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, বৈপরীত্য। ব্যতিক্রম। প্রাতিকূল্য।

প্রতিস্বিক, (প্রতিস্ব=নিজের প্রতি+ষ্ণিক—ইদমর্থে) বিং, ত্রিং, স্বকীয়, অসাধারণ।

প্রাতিহার, প্রাতিহারক, প্রাতিহারিক, } (প্রতিহার=বাজীকর অথবা প্রতিহার=মায়া, কপটতা। +ষ্ণ, ক, —স্বার্থে, বা ইদমর্থে) সং, পুং, বাজীকর, কুহক, ইন্দ্রজালী, ভেল্কীকারক।

ক্লীং, মায়াজাল, ভেল্কী, বাজী। প্রতিহারিরকর্ম্ম। বিং, ত্রিং, মায়াবী।

প্রাতীপ, (প্রতীপ=স্বনামপ্রসিদ্ধ রাজা+ষ্ণ—অপত্যার্থে)সং, পুং, প্রতীপ রাজার তনয়, শান্তনু, ভীষ্মের পিতা।

প্রাত্যয়িক, (প্রত্যয়+ষ্ণিক—প্রং) বিং, ত্রিং, বিশ্বাসী, প্রত্যয়ী; বিশ্বাসের যোগ্য সং, পুং, প্রতিভূ, জামিন্।

প্রাথমকল্পিক, (প্রথমকল্প=প্রথম শিক্ষণীয় শাস্ত্র+ষ্ণিক-অধ্যয়নার্থে, সম্বন্ধার্থে সং, পুং, বেদাধ্যয়নারম্ভকারী ছাত্র; যে ছাত্র বেদ অধ্যয়ন করিতে আরম্ভ করিয়াছে। বিং,ত্রিং, প্রথমকল্পসম্বন্ধীয়।

প্রাথমিক, (প্রথম+ষ্ণিক—জাতার্থে) বিং, ত্রিং, অগ্রগণ্য, আদিম, প্রথমভব। আদ্য, প্রথমকৃত, যাহা প্রথমে করা হয়।

প্রাথমিকদ্রাঘিমা, (First Meridian) কোন নির্দ্দিষ্ট স্থানের দ্রাঘিমা, যে স্থানের দ্রাঘিমা হইতে ভূগোলবেত্তারা পৃথিবীর অন্যান্য স্থানের দ্রাঘিমান্তর (Longitude) নির্ণয় করেন।

প্রাদুর্ভাব, (প্রাদুস্—ভূ=হওয়া+ঘঞ্—ভা) সং, পুং, প্রকটিত হওয়া, উদ্ভব, জন্ম। আবির্ভাব। মহিমা। প্রভাব।

প্রাদুর্ভূত, (প্রাদুর্ভাব দেখ, ক্ত—প্রং) বিং,ত্রিং, আবির্ভূত, প্রকাশিত, ব্যক্ত। উৎপন্ন, জাত।

প্রাদুঃ, (প্রাদুস্, প্র—অদ্=ভক্ষণকরা+উস্—প্রং) অং, প্রকাশ, ব্যক্ত ও নাম। প্রত্যক্ষ। সম্ভাবনা। বৃত্তি।

প্রাদেশ, (প্র—দিশ=বলা+ঘঞ্—প্রং) সং, পুং, পরিমাণবিশেষ, অঙ্গুষ্ঠ ও তর্জ্জনী বিস্তার করিলে একের অগ্র হইতে অপরের অগ্র পর্য্যন্ত পরিমাণ। (প্রদেশ+ষ্ণ—প্রং) দেশ। ক্লীং, দান। অর্পণ।

প্রাদেশন, (প্র—আ—দিশ্=দানকরা+অনট্—ভা) সং, ক্লীং, বিতরণ, দান, অর্পণ।

প্রাধান্য, (প্রধান+ষ্ণ—ভাবে) সং, ক্লীং, উৎকর্ষ, শ্রেষ্ঠত্ব, প্রধানত্ব, প্রভুত্ব। প্রাবল্য। আধিক্য।

প্রাধ্ব, (প্র=প্রকৃষ্ট—অধ্বন্=পথ+অল্—প্রং) সং, পুং, দূরপথ। প্রকৃষ্টপথ। রথাদি। বিং, ত্রিং, নম্র। বদ্ধ।

প্রাধ্বম্, (প্র—আ—ধ্বন্=শব্দকরা+অম্-প্রং) অং, নম্রতা। বন্ধন। আনুকূল্যার্থ।

প্রান্ত, (প্র—অন্ত=শেষ) সং, পুং, প্রান্তদেশ, শেষভাগ, "সমিদন্তঃ প্রান্তসংস্তীর্ণদর্ভাঃ" শকুন্তলা।

প্রান্তর, (প্র=প্রকৃষ্ট—অন্তর=ব্যবধান বা অবকাশ, সপ্তমী—হিং) সং, ক্লীং, ছায়া জলাদিশূন্য বহুদূরব্যাপী পথ। জনশূন্য দেশ, মাঠ। কোটর। বিপিন, বন, জঙ্গল।

প্রাপণ, (প্র—আপ্=পাওয়া+অনট্—ভা) সং, ক্লীং, নয়ন, প্রাপ্তি। প্র—আপি=পাওয়ান+অনট্—ভা) নয়ন পাওয়ান। প্রকৃষ্টরূপে ব্যাপন।

প্রাপণিক, (প্র-আপণ=দোকান+ষ্ণিক—প্রং) বিং, ত্রিং, পণ্যবিক্রয়ী, বণিক্ বাণিজ্যকারী, বিক্রয়িক।

প্রাপিত, (প্র—আপি=পাওয়ান+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, নীত, পাওয়ান, অবাপ্ত, অধিগত।

প্রাপ্ত, (প্র—আপ্=পাওয়া+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, উপস্থিত। লব্ধ। অধিগত আসাদিত।

প্রাপ্তপঞ্চত্ব, (প্রাপ্ত=লব্ধ—পঞ্চত্ব=মৃত্যু—হিং) বিং, ত্রিং, মৃত, গতাসু।

প্রাপ্তব্যবহার, (প্রাপ্ত=লব্ধ—ব্যবহার—হিং) বিং, ত্রিং, বয়প্রাপ্ত সাবালক।

প্রাপ্তরূপ, (প্রাপ্ত=লব্ধ—রূপ=আকৃতি—হিং) বিং, ত্রিং, সুধী, পণ্ডিত মনোজ্ঞ, রম্য, সুন্দর।

প্রাপ্তি, (প্রাপ্ত দেখ+ক্তি—ভা)

স্ত্রীং, লাভ, অধিগম। পাওয়া। উপার্জ্জন। সমৃদ্ধি, উন্নতি। বৃদ্ধি। উদয়। উপস্থিতি। ঐশ্বর্য্যবিশেষ, সর্ব্বত্র গমন করিবার ক্ষমতা।

প্রাপ্য, (প্রাপ্ত দেখ+য—র্ম্ম) বিং, ত্রিং, প্রাপ্তিযোগ্য, লভ্য। উপগম্য।

প্রাবল্য, (প্রবল+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, প্রবলতা, প্রাধান্য। আধিক্য। তেজঃ। ক্ষমতা।

প্রাবোধিক, (প্রবোধ=জাগরণ+ষ্ণিক—প্রং) সং, পুং, প্রাতঃকাল, প্রত্যূষ, প্রভাত।

প্রাভব, (প্রভু+ষ্ণ—ভাবে) সং, ক্লীং, প্রভুত্ব, প্রাধান্য, কর্ত্তৃত্ব।

প্রাভাতিক, (প্রভাত+ষ্ণিক—প্রং) বিং, ত্রিং, প্রাতঃকালীন, প্রভাতকালীন।

প্রাভৃত, (প্র—আ—ভৃ=পোষণকরা+ক্ত—প্রং) সং.ক্লীং,উপঢৌকন, উপহার, ভেট, নজর। নৈবেদ্য।

প্রামাণিক, (প্রমাণ+ষ্ণিক—প্রং) সং, পুং, অধ্যক্ষ। কর্ত্তা। পণ্ডিত। বিং, ত্রিং, প্রমাণসিদ্ধ। বিশ্বাসযোগ্য।

প্রামাণ্য, (প্রমাণ+ষ্ণ্য—ভাবে) সং, স্ত্রীং, প্রমাণত্ব। বিশ্বাস্যতা।

প্রামাদিক, (প্রমাদ+ষ্ণিক—প্রং) বিং, ত্রিং, অনবধানতাজাত।

প্রামাদ্য, (প্রমাদ+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, অনবধানতা, প্রমাদ, মত্ততা, পাগলামী।

প্রামীত্য, (প্র—আ—মা=পরিমাণকরা+ক্যপ—প্রং। ৎ—আগম। প্রামীত্য শব্দও হয়) সং, ক্লীং, ঋণ, ধার, কর্জ্জ।

প্রায়, (প্র—ই [গমনকরা] মরা ইত্যাদি+ঘঞ—ভা) সং, পুং, অভিসন্ধি পূর্ব্বকঅনশন-মৃত্যু। মৃত্যু, মরণ। আধিক্য, বাহুল্য। বয়স্। বয়োবস্থা। ক্লীং, পাপ। বিং, ত্রিং, (শব্দের পরবর্ত্তী হইলে) তুল্য, সদৃশ। বহুল।

প্রায়শঃ, (প্রায়শস্, প্রায়+চশস্—প্রং) অং, বাহুল্যরূপে।

প্রায়শ্চিত্ত—পুং,
প্রায়শ্চিত্তি—স্ত্রীং, } (প্রায়স্=তপস্যা—চিত্ত=চিন্তা—নিশ্চয়) সং, শুদ্ধিলাভ। পাপনাশক কর্ম্ম। "প্রায়োনাম তপঃ প্রোক্তং চিত্তং নিশ্চয় মুচ্যতে। তপোনিশ্চয়সংযুক্তং প্রায়শ্চিত্ত ইতি স্মৃতঃ। নিশ্চয়সংযুক্তং পাপক্ষয় সাধনত্বেন নিশ্চিতমিত্যর্থঃ"।

প্রায়শ্চিত্তী, (প্রায়শ্চিত্তিন্, প্রায়শ্চিত্ত+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, প্রায়শ্চিত্ত করণযোগ্য ব্যক্তি।

প্রায়ঃ, (প্র.য়স্, প্র—অয়=গমনকরা+অস্—প্রং) অং, বাহুল্যরূপে। তপস্যা।

প্রায়িক, (প্রায়+ষ্ণিক—ভবার্থে) বিং, ত্রিং, যাহা বাহুল্যরূপে হইয়া থাকে।

প্রায়োজ্য, (প্রয়োজ+ষ্ণ্য—প্রং) বিং, ত্রিং, প্রয়োজনার্হ।

প্রায়োদ্বীপ, (Peninsula,প্রায়স্=বাহুল্যরূপে—দ্বীপ) যে ভুমিরপ্রায় চতুর্দ্দিকে জল।

প্রায়োপবিষ্ট, (প্রায়=মৃত্যুপর্য্যন্ত অনশন—উপবিষ্ট, ৭মী—ষ) বিং, ত্রিং, প্রায়োপবেশনযুক্ত।

প্রায়োপবেশ—পুং,
প্রায়োপবেশন-ক্লীং, } (প্রায়—অভিসন্ধি পূর্ব্বক—অনশন মৃত্যু—উপবেশন=অবস্থিতি, বসা, ৪র্থী—ষ) সং, অভিসন্ধি পূর্ব্বক অনশনে প্রাণত্যাগার্থ উপবেশন।

প্রারব্ধ, (প্র=সম্পূর্ণরূপে—আরব্ধ) বিং, ত্রিং, যাহা আরব্ধ হইয়াছে। উপক্রান্ত। সং, ক্লীং, অদৃষ্ট।

প্রারব্ধকর্ম্ম, (প্রারব্ধকর্ম্মন্, প্রারব্ধ—কর্ম্মন্=কার্য্য)সং, ক্লীং, পূর্ব্ব জন্মে আরব্ধ কর্ম্ম, যে কর্ম্ম দ্বারা শরীর হয়। ভোগ না হইলে কোনমতে পূর্ব্বজন্মকৃত কার্য্যের ক্ষয় হয় না, এজন্য জীবন্মুক্ত ব্যক্তিকেও পূর্ব্বকৃত কর্ম্মফল ভোগ করিবার জন্য পূর্ব্বের দেহ পরিগ্রহ করিতে হয়।

প্রারব্ধি, (প্র—আ—রভ=বেগে গমন-

করা+ক্তি—প্রং) সং, স্ত্রীং, গজবন্ধন রজ্জু। আরম্ভ, উপক্রম।

প্রারম্ভ, (প্র=প্রকর্ষ—আরম্ভ) সং, পুং, প্রথমোদ্যোগ, আরম্ভ। উপক্রম,অনুষ্ঠান

প্রার্থন, (প্র=প্রকর্ষ—অর্থি=যাচ্ঞা করা+অনট্—ভা) সং ক্লীং,না—স্ত্রীং, যাচ্ঞা "প্রার্থনাভঙ্গভয়েনসাধুর্মাধ্যস্থ্যমিষ্টেপ্যবলম্বতেঽর্থে" কুমার। নিবেদন। আক্রমণ। হিংসা।

প্রার্থনীয়, প্রার্থয়িতব্য,(প্রার্থন দেখ+অনীয়, তব্য—র্ম্ম) বিং,ত্রিং,প্রার্থনা করিবার যোগ্য,যাচিতব্য। ক্লীং, দ্বাপরযুগ।

প্রার্থয়িতা, (প্রার্থয়িতৃ, প্রার্থন দেখ, তৃন্—ক) বিং, ত্রিং, নিবেদয়িতা, প্রার্থনাকারী। অর্থী।

প্রার্থিত, (প্রার্থন, দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং,যাচিত, অভিলষিত। যাহার নিকট প্রার্থনা করা যায়। অভিহিত, অভিযাত। আক্রান্ত। হত। শত্রুসংরুদ্ধ।

প্রালম্ব, (প্র—আ—লম্ব্=লম্বিতহওয়া+অল্—ক) সং, ক্লীং, হারবিশেষ, কণ্ঠাবধি ঋজুভাবে লম্বমান মাল্য।

প্রালম্বিকা, (প্রলম্ব=হার+ক—প্রং) সং, স্ত্রীং, স্বর্ণহার,সোণার হার। কণ্ঠমালা।

প্রালেয়, (প্রলয় এখানে পর্ব্বত+ষ্ণ—প্রং, ল=লে) সং, ক্লীং, হিম, শিশির, বরফ। নীহার।

প্রালেয়াংশু, (প্রালেয়=হিম—অংশু=কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, হিমাংশু, চন্দ্র। [অল—প্রং) সং, পুং,যব।

প্রাবট. (প্র—আ—বট্=বেষ্টনকরা+

প্রাবর, (পশ্চাৎ দেখ+অল্—প্রং) সং, পুং, প্রাচীর, ভিত্তি। বেষ্টন, বেড়া। উত্তরীয় বস্ত্র।

প্রাবরণ—ক্লীং, প্রাবার—পুং,·ক্লীং, (প্র-আ—বৃ=আবরণকরা+অনট্,ঘঞ্—ণ সং, উত্তরীয় বস্ত্র, উড়ানি। আবরণবস্ত্র। আচ্ছাদন। আড়াল।

প্রাবীণ্য, (প্রবীণ+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, নৈপুণ্য, চতুরতা, দক্ষতা, প্রবীণতা, বিচক্ষণতা।

প্রাবৃত, (পশ্চাৎ দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, আচ্ছাদিত, বেষ্টিত।

প্রাবৃতি, (প্র—আ—বৃ=আবরণকরা+ক্তি—ণ) সং, স্ত্রীং, প্রাচীর, বেড়া।

প্রাবৃষ, প্রাবৃষা, (প্র—আ—বৃষ্=বর্ষণহওয়া+কিপ্, অল্—আপ্, প্রং) সং, স্ত্রীং, বর্ষাকাল।

প্রাবৃষিক, (প্রাবৃষ্=বর্ষা ইত্যাদি+ষ্ণিক—ভবার্থে) সং, পুং, ময়ূর। বিং, ত্রিং, প্রাবৃট্কালভব।-

প্রাবৃষেণ্য, (প্রাবৃষ্+এণ্য—ভবার্থে) বিং, ত্রিং, প্রচুর বর্ষাকালিক "প্রাবৃষেণ্যং পয়োবাহং বিদ্যুদৈরাবতাবিব"। রঘুবংশ। সং, পুং, কদম্ববৃক্ষ।

প্রাবৃষ্য, (প্রাবৃষ=বর্ষা+ষ্য—ভবার্থে) বিং, ত্রিং, বর্ষাকালীন। সং, ক্লীং, বৈদূর্য্যমণি।

প্রাবেশন, (প্র—আবেশন=প্রবেশ, সপ্তমী—হিং) সং, ক্লীং, শিল্পশালা।

প্রাশন (প্র—অশ্=ভোজনকরা+অনট্—ভা) সং,ক্লীং, ভোজন,ভক্ষণ, আহার

প্রাশস্ত্য, (প্রশস্ত+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, প্রশস্ততা, বিস্তার, পরিসর। উৎকর্ষ

প্রাশিত, (প্রাশন দেখ +ক্ত—র্ম্ম) বিং ত্রিং, ভক্ষিত, ভুক্ত, গ্রস্ত। সং, ক্লীং পিতৃযজ্ঞ। [প্রশ্নকর্ত্তা। ন সং, পুং, সভা

প্রাশ্নিক, (প্রশ্ন+ষ্ণিক —প্রং) বিং,ত্রিং

প্রাস, (প্র—অস্=ক্ষেপণকরা+অল্—প্রং) সং, পুং, ক্ষেপণীয় অস্ত্রবিশেষ কুন্ত, কোঁচ।

প্রাসক, (প্রাস+ক—যোগ, অথবা প্রাস দেখ, ণক—প্রং) সং, পুং প্রাস। পাশক, অক্ষ।

প্রাসঙ্গ, (প্র—আ—সন্জ্=আসক্ত হও+ঘঞ্—প্রং) সং, পুং, শি[illegible]ক্ষণীয় বৎসাদির স্কন্ধস্থ যুগ কাষ্ঠবিশেষ, [illegible] জোয়াল

প্রাসঙ্গিক, (প্রসঙ্গ+ষ্ণিক—প্রং) বিং, ত্রিং, প্রসঙ্গক্রমে উত্থিত। আনুষঙ্গিক। "প্রাসঙ্গিকীনাং বিষয়ঃ কথানাং" উত্তর চরিত। [যুগবাহক বৃষাদি।
প্রাসঙ্গ্য, (প্রাসঙ্গ+ষ্ণ্য—প্রং) সং,পুং,
প্রাসাদ, (প্র—সদ্=গমনকরা+ঘঞ্—প্রং, প্র=প্রা কিম্বা আ পূর্ব্ব—সদ্ধাতু) সং, পুং, বৃহৎ অট্টালিকা,সৌধ। ইষ্টক-নির্ম্মিত দেবালয়। "প্রাসাদাস্ত্বাং তুলয়িতুমলং যত্র তৈস্তৈর্বিশেষৈঃ"। মেঘদূত।
প্রাসাদকুক্কুট, (প্রাসাদ=অট্টালিকা—কুক্কুট=কুঁকড়া)সং,পুং, পারাবত, পায়রা।
প্রাসিক, (প্রাস=কুন্ত+ষ্ণিক—প্রং) সং, পুং, প্রাস-অস্ত্রধারী। প্রাসপ্রহারী।
প্রাস্ত, (প্র—অস্=ক্ষেপণকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রক্ষিপ্ত। নিরস্ত। পাতিত। অস্ত।
প্রাস্থানিক, (প্রস্থান+ষ্ণিক—প্রং) বিং, ত্রিং, প্রস্থান-কালোচিত।
প্রাহ, সং, পুং, নৃত্যবিষয়ক উপদেশ।
প্রাহ্ন, (প্র=পূর্ব্ব—অহ্ন [অহন্] দিন, য়ং—স) সং, পুং, পূর্ব্বাহ্ন, দিনের প্রথমভাগ।
প্রাহ্নে, (প্রাহ্ন+ই—সপ্তমীর এক বচন) অং, প্রভাতে, প্রাতঃকালে, প্রত্যূষে।
প্রিয়, (প্রী=তুষ্টকরা+ক—ক) সং, পুং, ভর্ত্তা। মৃগবিশেষ। ঋদ্ধিনামৌষধ। বিং, ত্রিং,স্নেহপাত্র, প্রীতিভাজন। রম্য হৃদ্য। "সত্যং ব্রূয়াৎ প্রিয়ং ব্রূয়াৎ ন ব্রূয়াৎ সত্যমপ্রিয়ম্। প্রিয়ং চ নানৃতং ব্রূয়াৎ"। "তৎকালং প্রিয়জনবিপ্রয়োগ জন্মা তীব্রোপি প্রতিকৃতি বাঞ্ছয়া বিসোঢ়ঃ" উত্তর চরিত।
প্রিয়ক, (প্রিয়+ক—যোগ) সং, পুং, মৃদু উচ্চ মসৃণ ও ঘন লোমবিশিষ্ট মৃগ। প্রিয়ঙ্গুবৃক্ষ। অলি, ভ্রমর। কুঙ্কুম।
প্রিয়ঙ্কর, (প্রিয়—কৃ=করা+খ) বিং, ত্রিং, প্রিয়কারক।
প্রিয়ঙ্গু, (প্রিয়—অনগ=গমনকরা+উ—সংজ্ঞার্থে) সং, স্ত্রীং,স্বনাম খ্যাত সুগন্ধি লতাবিশেষ, শ্যামলতা, ফলিনীলতা। পিঁপুল।
প্রিয়তর, প্রিয়তম, (প্রিয়+তর, তম—অতিশয়ার্থে) বিং, ত্রিং, অধিক প্রিয়। সং, পুং,ময়ূরশিখাবৃক্ষ।[স্নেহ। হৃদ্যতা।
প্রিয়তা, (প্রিয়+তা—ভাবে) সং, স্ত্রীং,
প্রিয়দর্শন, (প্রিয়—দর্শন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহাকে দেখিতে অত্যন্ত সুন্দর, সুদৃশ্য, দর্শনীয়। সং, পুং, শুক-পক্ষী। ক্ষীরিকাবৃক্ষ।
প্রিয়ভাষণ, (প্রিয়—ভাষণ=কথন) সং, ক্লীং, প্রিয় কথা বলা। প্রিয়ালাপন।
প্রিয়ভাষী, (প্রিয়—ভাষী=যে বলে) বিং, ত্রিং, যে প্রিয় কথা কহে। মনোজ্ঞবক্তা
প্রিয়মধু, (প্রিয়—মধু=মদ্য ৬ষ্ঠী—হিং) সং, পুং, বলরাম।
প্রিয়ম্বদ, (প্রিয়—বদ্=বলা+খ) বিং, ত্রিং, প্রিয়ভাষী। সং,পুং, গন্ধর্ব্ববিশেষ। খেচর। দা—স্ত্রীং, প্রিয়ভাষিণী। শকুন্তলার সখী।
প্রিয়বাদী, (প্রিয়বাদিন্,প্রিয়—বদ্=বলা +ণিন্—ক, শীলার্থে) বিং, ত্রিং, যে প্রিয় কথা বলে। প্রিয়ভাষী। [পুত্র।
প্রিয়ব্রত, সং,পুং, স্বায়ম্ভুব মনুর জ্যেষ্ঠ
প্রিয়সখ, (প্রিয়—সখি=বন্ধু+অ—প্রং) সং, পুং, প্রিয়বন্ধু। খদির বৃক্ষ, খয়েরের গাছ।[সং, পুং, চম্পকবৃক্ষ। সুসংবাদ।
প্রিয়সন্দেশ, (প্রিয়—সন্দেশ=সংবাদ)
প্রিয়সালক, সং,পুং,অশনবৃক্ষ। পিয়াসাল গাছ।
প্রিয়া, (প্রি=তুষ্টকরা+ক—ক, আপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং,নারী, ভার্য্যা। এলা। মল্লিকা। মদিরা। বার্ত্তা।
প্রিয়াল, (পৃ=প্রীতকরা+কলন্—প্রং। ঋ=রি। ক—যোগ প্রিয়ালক শব্দও হয়। ই—দীর্ঘে প্রীয়ালও হয়। অথবা প্রিয়—অল্=ভূষিতকরা+অল্—প্রং) সং,পুং,পিয়ালবৃক্ষ। লা—স্ত্রীং, দ্রাক্ষা।

প্রীণ, (প্রীত দেখ, ক্ত—প্রং, নিপাতন) বিং, ত্রিং, পুরাতন। প্রীত। সন্তৃপ্ত।

প্রীণন, (প্রী=তুষ্টকরা—অনট্—ভা) সং, ক্লীং, তর্পণ, তৃপ্তিকরণ, প্রীতিজনন।

প্রীত, (প্রী=তুষ্টহওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, তৃপ্ত, হৃষ্ট, সন্তুষ্ট, আহ্লাদিত। ক্লীং, হর্ষ, আনন্দ, আহ্লাদ।

প্রীতি, (প্রী—তুষ্টহওয়া+ক্তি—ভা) সং, স্ত্রীং, তৃপ্তি। হর্ষ। সন্তোষ। মৈত্রী, অনুরাগ। প্রমোদ। বিষ্কুম্ভাদি সপ্তবিংশতি যোগান্তর্গত দ্বিতীয়যোগ। প্রেম। কন্দর্পপত্নী।

প্রীতিজুষা, (প্রীতি=কন্দর্পপত্নী—জুষ্=সেবাকরা+ক—আপ্, প্রং) সং, স্ত্রীং, অনিরুদ্ধপত্নী, উষা।

প্রীতিদ, (প্রীতি—দ [দা+ড]=যে দান করে) সং,পুং, বিদূষক, ভাঁড়। বিং,ত্রিং, যে প্রীতি দানকরে। হর্ষদাতা। সুখদ।

প্রীতিমান্ (প্রীতিমৎ, প্রীতি+মতু—অস্ত্যর্থে) বিং, ত্রিং, প্রীতিযুক্ত। প্রণয়ী। বৎসল।

প্রীয়মাণ, (প্রী—তুষ্টহওয়া+শান—র্ম্ম) বিং, ত্রিং, প্রীতাত্মা। তৃপ্যমান, সন্তুষ্ট, হৃষ্টচিত্ত।

প্রুষ্ট, (প্রুষ্=দগ্ধকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, দগ্ধ, পোড়া, ঝল্সান।

প্রুষ, (প্রুষ্ট দেখ+ব—সংজ্ঞার্থে) সং,পুং, গ্রীষ্ম। সূর্য্য। ঋতু। ষা-স্ত্রীং, জলবিন্দু।

প্রেক্ষক, (প্র—ঈক্ষ=দর্শনকরা+ণক) বিং, ত্রিং, যে দেখে, দ্রষ্টা, দর্শী।

প্রেক্ষণ, (প্র—ঈক্ষ্=দর্শনকরা+অনট্—ণ, ভা) সং, ক্লীং, চক্ষুঃ। দর্শন, অবলোকন।

প্রেক্ষণকূট, সং, পুং, চক্ষুর্গোলক।

প্রেক্ষণিক, (প্রেক্ষণ=দেখা+ষ্ণিক) বিং, ত্রিং,প্রেক্ষক, ঈক্ষণকারী,দর্শক। কা—স্ত্রীং,প্রিয়দর্শনা স্ত্রী। মনোহারিণী নারী।

প্রেক্ষণীয়, (প্রেক্ষণ দেখ+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, দ্রষ্টব্য, দর্শনীয়।

প্রেক্ষা, (প্র—ঈক্ষ্=দেখা+অল্,আপ্-প্রং) সং, স্ত্রীং, বুদ্ধি, প্রজ্ঞা। দর্শন, ঈক্ষণ, দৃষ্টি। নৃত্য বা নৃত্য দর্শন। শাখা। পর্য্যালোচনা।

প্রেক্ষাগৃহ, (প্রেক্ষা=দর্শন—গৃহ) সং, ক্লীং,দর্শনগৃহ,দর্শনার্থ উপর্য্যুপরি রচিত কাষ্ঠাসনবিশেষ, গ্যালারি।

প্রেক্ষাবান্, (প্রেক্ষাবৎ, প্রেক্ষা+বতু—অস্ত্যর্থে) বিং,ত্রিং, বুদ্ধিমান্। বিবেচক।

প্রেক্ষিত, (প্র+ঈক্ষ=দর্শনকরা+ক্ত-র্ম্ম) বিং, ত্রিং, অবলোকিত। আলোচিত।

প্রেঙ্খন, প্রেঙ্খোলন, (প্রেঙ্খা দেখ+অনট্—ভা। প্রেঙ্খোল্=চঞ্চল হওয়া+অনট্—ভা) সং, ক্লীং, দোলন, চলন। আবেষ্টন।

প্রেঙ্খা, (প্র—ইন্খ্=গমনকরা+ঘঞ্, ণ,—ভা) সং, স্ত্রীং, দোলা। আন্দোলন। পর্য্যটন। চলন। প্রেঙ্খন। অশ্বগতি। গতি। গৃহবিশেষ। নৃত্য, নাচ।

প্রেঙ্খিত, প্রেঙ্খোলিত, (প্রেঙ্খা দেখ, ক্ত—র্ম্ম। প্রেঙ্খোল্=চঞ্চল হওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, দোলিত। চলিত। কম্পিত। সংযুক্ত।

প্রেত, (প্র—ইত=গত) সং, পুং, নরকস্থ প্রাণী। পিশাচ। শ্রাদ্ধাদিপূর্ব্বে মৃতব্যক্তির আত্মা। বিং, ত্রিং, মৃত। উপরত। তা—স্ত্রীং, বৈতরণী নদী।

প্রেতকার্য্য,প্রেতকৃত্য, প্রেতকর্ম্মন্, (প্রেত—কার্য্য ইত্যাদি=ক্রিয়া, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, মৃতেরকার্য্য, ঔর্দ্ধদেহিকাদিক্রিয়া, অন্ত্যেষ্টিক্রিয়া। মৃতব্যক্তির দাহহইতে আরম্ভকরিয়া সপিণ্ডীকরণ পর্য্যন্তকার্য্য।

প্রেতগৃহ, প্রেতবন, (প্রেত—গৃহ, বন, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, শ্মশান, শবদাহ স্থান।

প্রেততর্পণ, (প্রেত—তর্পণ=প্রীণন) সং, ক্লীং, মরণাবধি সপিণ্ডীকরণ পর্য্যন্ত প্রেতশব্দ উল্লেখ পূর্ব্বক জলদান

প্রেতনদী, (প্রেত—নদী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, বৈতরণী নদী।

প্রেতনির্হারক, (প্রেত—নি—হৃ=গ্রহণ করা+ণক)সং,পুং, শববাহক। জ্ঞাতি।

প্রেতপক্ষ, (প্রেত—পক্ষ=মাসার্দ্ধ) সং, পুং, গৌণচান্দ্রাশ্বিন কৃষ্ণপক্ষ।

প্রেতপটহ, (প্রেত=মৃত—পটহ=ঢাক) সং, পুং, মৃত্যুকালে বাদনীয় বাদ্য বিশেষ।

প্রেতপতি, প্রেতরাজ, (প্রেত—পতি, রাজ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, যম।

প্রেতপিণ্ড, সং, পুং, মরণাবধি সপিণ্ডীকরণ পর্য্যন্ত মৃত ব্যক্তির উদ্দেশে প্রদত্ত পিণ্ড।

প্রেতপুর, সং, ক্লীং, যমালয়।

প্রেতবাহিত, (প্রেত=পিশাচ—বাহিত =প্রাপিত, ৩য়া—ষ) বিং, ত্রিং, ভূতাবিষ্ট, যাহাকে ভূতে পাইয়াছে।

প্রেতশিলা, সং, স্ত্রীং, পিণ্ডদানার্থ গয়াস্থিত প্রস্তরবিশেষ। [রাদি।

প্রেতশৌচ, সং, ক্লীং, মৃতব্যক্তির সংস্কা-

প্রেতান্ন, (প্রেত—অন্ন=আহার্য্যপদার্থ) সং, ক্লীং, পিণ্ড।

প্রেত্য, (প্র—ই=গমনকরা+ক্যপ্—প্রং) অং, লোকান্তরে. অমুত্র, পরকালে।

প্রেপ্সু, (প্রেপ্স [প্র—আপ্=পাওয়া+ সন্-ইচ্ছার্থে] পাইতে ইচ্ছাকরা+উ—ক) বিং, ত্রিং, পাইতে অভিলাষুক।

প্রেম, (প্রেমন্. প্রিয়+ইমন্—ভাবে, প্রিয়=প্র) সং, পুং—ক্লীং, অনুরাগ, সৌহৃদ্য, প্রণয়, প্রীতি। স্নেহ। নর্ম্ম, পরিহাস। পুং, ইন্দ্র। বায়ু।

প্রেমপাতন, (প্রেম=প্রণয়—পাতন) সং, ক্লীং, রোদন। অশ্রুবিসর্জ্জন। নেত্রজল।

প্রেমী, (প্রেমিন্,প্রেমন্+ইন্—অস্ত্যর্থে) বিং,ত্রিং, প্রণয়ী, অনুরক্ত। স্নেহবিশিষ্ট।

প্রেয়ান্, (প্রেয়স্, প্রিয়+ইয়স্—অতিশয়ার্থে) বিং, ত্রিং, প্রিয়তম। য়সী—স্ত্রীং, প্রিয়তমা, প্রিয়া। সং, পুং, পতি, কান্ত, বল্লভ।

প্রেরণ, প্রেষণ, (প্র—ঈর্=প্রেরণকরা, ইষ্ [ইচ্ছাকরা] প্রেরণকরা+অনট্—ভা) সং, ক্লীং, ণা—স্ত্রীং, পাঠান। আজ্ঞাকরণ নিয়োগ, আদেশ। প্রবৃত্তির উদ্দীপন।

প্রেরিত, প্রেষিত, (প্রেরণ দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রহিত, আজ্ঞপ্ত, আদিষ্ট, নিয়োজিত। বিসর্জ্জিত। যাহাকে পাঠান হইয়াছে।

প্রের্ব্বা, (প্রের্ব্বন্, প্র—ঈর্=গমন করা +বন্—সংজ্ঞার্থে। ব—আগম) সং, পুং, সমুদ্র। র্ব্বরী—স্ত্রীং, নদী।

প্রেষ, প্রৈষ, (প্র—ইষ্ [গমন করা] প্রেরণ করা+অল্—প্রং) সং, পুং, প্রেরণ। পীড়া, ক্লেশ।

প্রেষ্ঠ, (প্রিয়+ইষ্ঠ—অতিশয়ার্থে) বিং, ত্রিং, প্রিয়তম, অতিশয় স্নেহপাত্র। ষ্ঠা—স্ত্রীং, প্রিয়তমা। জঙ্ঘা।

প্রেষ্য, প্রৈষ্য, (প্র—ইষ্ [গমনকরা] প্রেরণকরা+য—র্ম্ম) সং, পুং, দাস, ভৃত্য। দূত। বিং, ত্রিং, প্রেরণীয়। ষ্যা —স্ত্রীং, দাসী। জঙ্ঘা।

প্রোক্ত, (প্র=প্রকর্ষ—উক্ত=কথিত) বিং, ত্রিং, প্রকৃষ্টরূপে কথিত। উল্লিখিত। উদাহৃত। সং, ক্লীং, কথন।

প্রোক্ষণ (প্র—উক্ষ=সেচনকরা+অনট্—ভা) সং, ক্লীং শুদ্ধির জন্য জল প্রক্ষেপণ। যজ্ঞার্থ পশুহনন। হত্যা, বধ। সেচন। জলসেচন।

প্রোক্ষিত, (প্রোক্ষণ, দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, নিহত, অভিষিক্ত। সিক্ত। যজ্ঞাদিতে হত। যজ্ঞে সংস্কৃত। যজ্ঞার্থে মন্ত্রপূত মাংসাদি।

প্রোজ্জাসন, (প্র—উৎ—জাসি=বধকরা +অনট্—ভা) সং, ক্লীং, হত্যা, বধ, মারণ।

প্রোজ্ঝিত, (প্র—উদ্ঝ্=ত্যাগকরা+

ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, পরিত্যক্ত, উৎসৃষ্ট, বর্জ্জিত।

প্রোঞ্ছন, (প্র—উন্ছ্=খুটিয়া লওয়া+অনট্—ভা) সং, ক্লীং, মার্জ্জন, পোঁছন, মোছা। প্রবর্জ্জন।

প্রোথ, সং,পুং, নিষ্ঠীবন পাত্র, পিক্দান।

প্রোত, (প্র—বে=সিলাইকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, খচিত। স্যূত, সেলাই করা। গুম্ফিত, গ্রথিত, বদ্ধ। এক-ত্রিত। ভূগর্ভনিহিত, পোঁতা। সং, ক্লীং, বস্ত্র।

প্রোতোৎসাদন, (প্রোত=বস্ত্র—উৎ=উপরি—সাদন=গৃহ) সং, ক্লীং, আত-পত্র, ছত্র।

প্রোৎফুল্ল, (প্র—উৎ=ফুল্ল=বিকসিত হওয়া+অল্—ক) বিং, ত্রিং, বিকসিত। প্রস্ফুটিত।

প্রোৎসাহ, (প্র=অধিক—উৎসাহ) সং, সাতিশয় যত্ন, প্রয়াস। অধ্যবসায়। উত্তেজন।

প্রোৎসাহিত, (প্রোৎসাহ+ইত—সং-জাতার্থে) বিং, ত্রিং, উত্তেজিত। উৎ-সাহযুক্ত। প্রবর্তিত। প্রেরিত।

প্রোথ; (প্র=গমনকরা+থন্—প্রং) সং, পুং—ক্লীং, অশ্বনাসিকার অগ্র। পুং, কটিদেশ। শাড়ী। স্ত্রীগর্ভ। গর্ত্ত। অশ্ব-মুখ। ভ্রূণ, গর্ভস্থ শিশু। বিং, ত্রিং, প্রোথিত। স্থাপিত।

প্রোথিত, (প্রোথ=পর্য্যাপ্ত হওয়া+ক্ত—প্রং) বিং, ত্রিং, ভূগর্ভনিহিত, পোঁতা। নিখাত।

প্রোষ. (প্রুষ্ বা প্র—উষ্=দগ্ধকরা+ঘঞ্—প্রং) সং, পুং, সন্তাপ, ক্লেশ। দুঃখ। দহন।

প্রোষিত, (প্র—বস্=প্রবাসকরা+ক্ত—ক) বিং, ত্রিং, বিদেশস্থ, প্রবাসগত। নিবৃত্ত। অপগত।

প্রোষিতভর্ত্তৃকা, (প্রোষিত-ভর্ত্তা=স্বামী, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, যে নায়িকার স্বামী বিদেশস্থ, প্রোষিতপতিকা।

প্রোষ্ঠ, সং, পুং, প্রোষ্ঠীমৎস্য, পুঁটীমাছ। বলীবর্দ্দ।

প্রোষ্ঠপদ, (প্রোষ্ঠপদী=প্রোষ্ঠপদা নক্ষ-ত্রযুক্তা পৌর্ণমাসী+ ষ্ণ—তদ্যুক্তকা-লার্থে) সং, পুং, ভাদ্রমাস। প্রোষ্ঠ=গো—পদ=পা। যাহার গোরুর ন্যায় পা, ৬ষ্ঠী—হিং) দা—স্ত্রীং, পূর্ব্ব ভাদ্র-পদা নক্ষত্র। দী—স্ত্রীং, ভাদ্রমাসের পৌর্ণমাসী।

প্রোষ্ঠী, (প্র—উষ্=দাহকরা+ঠ—সং-জ্ঞার্থে। যাহা অধিক পরিমাণে ভক্ষণ করিলে বুক জালা করে) সং, স্ত্রীং, শফরী, পুঁঠিমাছ।

প্রোহ, (প্র—বহ=বহনকরা বা উহ্=তর্ককরা+অল্—প্রং) সং, পুং, হস্তীর চরণ। হস্তীর পাদগ্রন্থি। পর্ব্ব। তর্ক। বিং, ত্রিং, পটু, দক্ষ, নিপুণ। চতুর।

প্রৌঢ়, (প্র—বহ্ [বহনকরা] প্রবৃদ্ধ হওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, প্রবৃদ্ধ। প্রগল্ভ। প্রবীণ। প্রচুর। বিবাহিত। বয়ঃপ্রাপ্ত। দক্ষ, নিপুণ। অঙ্গীকৃত। বাদগ্রস্ত। যৌবনের পর বার্দ্ধক্যের পূর্ব্বাবস্থা। যুবা। ঢ়া—স্ত্রীং, ৩০ অবধি ৫৫ বৎসর পর্য্যন্ত বয়স্কা নায়িকা। গৃহিণী।

প্রৌঢ়ি, (প্রৌঢ় দেখ+ক্তি—ভা) সং, স্ত্রীং, সামর্থ্য, ঔৎসুক্য। উৎসাহ। অধ্য-বসায়। উদ্যম। উদ্যোগ। প্রগল্ভতা। অভিযোগ।

প্রৌষ্ঠপদ, (প্রোষ্ঠপদা+ষ্ণ—প্রং) সং, পুং, ভাদ্রমাস। দী—স্ত্রীং, ভাদ্রমাসের পূর্ণিমা তিথি।

প্লক্ষ, (প্লুষ্=দাহকরা+স—প্রং, উ=অ) সং, পুং, বৃক্ষবিশেষ। অশ্বত্থবৃক্ষ। পা-কুড়গাছ। সং, স্ত্রীং, সপ্তদ্বীপের অন্ত-র্গত একটী দ্বীপ। খিড়্কী দ্বার। প-র্কটী। কন্দরালবৃক্ষ।

প্লব, (প্লু=লাফিয়া ২ যাওয়া, জলে ভা-

সিয়া যাওয়া+অল্—ভা, ক) সং, পুং, লাফিয়া ২ চলন। সন্তরণ। প্রেরণ। শত্রু! ভেলা। ভেক। মেষ। কপি। জলকুক্কুটাদি পক্ষী। কুলক। চণ্ডাল। মাছধরা পলো। প্লক্ষ। প্রতিগতি। শব্দ।

প্লবক, (প্লব+ক—প্রং) সং, পুং, নর্ত্তক। চণ্ডাল। ভেক। প্লক্ষ।

প্লবগ, প্লবঙ্গ, প্লবঙ্গম, (প্লব=লম্ফন—গ, গম=যে গমন করে) সং, পুং, বানর। ভেক। হরিণ। সূর্য্যের সারথি।

প্লবগতি, (প্লব=লম্ফন—গতি=গমন) সং, পুং, ভেক, যে লাফিয়া ২ চলে। মণ্ডূক।

প্লবন, (প্লব দেখ, অনট্—ভা) সং, ক্লীং, লম্ফন। সন্তরণ। অবগাহন। জলপ্লাবন।

প্লবমান, (প্লব দেখ, শান—প্রং) বিং, ত্রিং, ভাসমান, ভাসিয়া পড়া।

প্লবাকা, সং, স্ত্রীং, নৌকা, ভেলা।

প্লাবন, (প্লব দেখ, ণিচ—প্রেরণে, অনট্—ভা) সং, ক্লীং, অভিষেক, সেক। জলাদি তরল দ্রব্য দ্বারা ব্যাপ্তি, জলে ভাসিয়া যাওয়া। উথলিয়া যাওয়া।

প্লাবিত, (প্লাবন দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং,জলাদি দ্বারা ব্যাপ্ত, যাহা জলে মগ্ন হইয়াছে, যাহা জলে ভাসিয়া গিয়াছে, সিক্ত। পরিপ্লুত, জলময়।

প্লিহা, প্লীহা—পুং, প্লীহা—স্ত্রী, (প্লিহন্, প্লীহন্, প্লিহ্ [গমনকরা] বৃদ্ধ হওয়া+অন—প্রং। যে অন্তরে বৃদ্ধি পায়) সং, পিলা। কুক্ষিবামপার্শ্বস্থমাংসখণ্ড। গুল্ম। "রক্তবাহিশিরামুলো প্লীহা খ্যাতো মহর্ষিভিঃ"।

প্লুত, (প্লব দেখ+ক্ত—ভা) সং, ক্লীং, লম্ফ। অশ্বের গতিবিশেষ। তির্য্যগ্গতি। পুং, তৃতীয় স্বর, ত্রিমাত্র বর্ণ। "দূরাহ্বানে চ গানে চ রোদনে চ প্লুতো মতঃ"।

প্লুষ্ট, (প্লুষ্=দাহকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রুষ্ট, দগ্ধ, ঝল্সান।

প্লোষ, (প্লুষ্ট দেখ+ঘঞ্—ভা) সং, পুং, দহন, পোড়ান।

প্সাত, (প্সা—ভক্ষণকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ভক্ষিত, ভুক্ত।

প্সান, (প্সাত দেখ+অনট্—ভা) সং, ক্লীং, ভক্ষণ, ভোজন।

ফ

ফ, ব্যঞ্জনের দ্বাবিংশতিতমবর্ণ। (ফল ফলধরা+অ—প্রং) ইহার উচ্চারণ ওষ্ঠ হইতে হয়। সং, ক্লীং, রূক্ষ উক্তি। নিষ্ফলভাষণ। ফুৎকৃতি। পুং, ঝঞ্ঝাবাত। স্ফীতি। ফললাভ। যজ্ঞসাধনবিশেষ। সংজ্ঞাবিশেষ, (যথা হসের অন্ত)। ব্যঞ্জনবর্ণ ও বর্ণাভাব।

ফকীর, (যবনভাষা) সং, দরিদ্র, যবন ভিক্ষুক।

ফক্কিকা, (ফক্ক=ফাঁকিদেওয়া+অক, আ) সং, স্ত্রীং, পূর্ব্বপক্ষ। কূট, প্রশ্ন, ফাঁকি। অসদ্ব্যবহার, ন্যায়সম্বন্ধী ব্যাখ্যা। ধূর্ত্ততা। আশাভঙ্গ।

ফট, (স্ফট্=বিকসিত হওয়া, ভেদকরা, +অল্—প্রং। নিপাতন) সং, পুং, স্ত্রীং, সর্পের ফণা। টা-স্ত্রীং, দম্ভ। ধূর্ত্ত। কিতব। প্রবঞ্চনা, শঠতা।

ফট্, (স্ফট্=ভেদকরা+ক্বিপ্—প্রং) অং, মন্ত্রাংশবিশেষ। অনুকরণশব্দ। অব্যক্তশব্দ। যোগবিশেষ। অস্ত্রবীজ।

ফট্‌কিরী, (স্ফটিকারী শব্দজ) সং, বণিক্ দ্রব্যবিশেষ। লবণবিশেষ।

ফড়িঙ্গা, সং,স্ত্রীং, ঝিল্লিকা। পতঙ্গবিশেষ।

ফণ, (ফণ্=গমনকরা+অল্—প্রং) সং, পুং, ণা—স্ত্রীং, সর্পের বিস্তৃত মস্তক।

ফণকর, ফণধর, ফণভৃৎ, ফণাকর, ফণাধর, ফণাভৃৎ, } (ফণ, ফণা-কর=যে করে।—ধর=যে ধরে।—ভৃৎ=যে ধারণকরে, ২য়া—ষ) সং, পুং, সর্প, ভুজঙ্গ।

ফণবান্, ফণাবান্, ফণী (ফণবৎ, ফণাবৎ, ফণিন্, ফণ, ফণা+বতু, ইন্—অস্ত্যর্থে) সং, পুং, সর্প, ফণাধর। ভুজঙ্গ।

ফণিচক্র, সং, ক্লীং, বিবাহাদি কর্ম্মের শুভাশুভজ্ঞানার্থ সপ্তবিংশতি নক্ষত্র-ঘটিত সর্পাকৃতি ত্রিনাভিক চিহ্ন।

ফণিজ্ঝক, (ফণী=সর্প—উদ্ঝ্=ত্যাগকরা +ণক, বোধ হয় ইহার পত্র পুষ্প, ফণা সদৃশ বলিয়া ইহাকে ফণিজ্ঝক কহে) সং,পুং, জামীর, লেবু। ক্ষুদ্রপত্র তুলসী। সমীরণ।

ফণিপ্রিয়, (ফণিন্=সর্প—প্রিয়) সং, পুং, বায়ু, অনিল।

ফণিফেন, সং, পুং, অহিফেন, আফিং।

ফণীন্দ্র, (ফণিন্=সর্প—ইন্দ্র=শ্রেষ্ঠ) সং, পুং, সর্পরাজ, অনন্তদেব।

ফণীশ্বর, (ফণিন্=সর্প—ঈশ্বর=স্বামী, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সর্পরাজ, অনন্তদেব।

ফতুর, (যবনভাষা) বিং, নির্ধন, দরিদ্র। নিঃস্ব। কপর্দ্দকশূন্য।

ফণ্ড, (ফণ্=গমনকরা+ড—সংজ্ঞার্থে) সং, পুং, জঠর, উদর।

ফৎকারী, (ফৎকারিন্, ফৎ=অনুকরণ শব্দ—কারী=যে করে) সং, পুং, পক্ষী।

ফন্দী—(দেশজ) ছল, ছুতা, প্রবঞ্চনা।

ফয়শালা, (যবনভাষা) সং, মোকদ্দমার নিষ্পত্তিপত্র।

ফরসা, (দেশজ) বিং, নির্ম্মল, স্বচ্ছ। পরিষ্কৃত। শেষ। নিষ্পন্ন। [ঢাল।

ফর, (ফলদেখ, ল=র) সং, ক্লীং, ফলক,

ফল, (ফল্=নিষ্পন্নহওয়া+অল্—প্রং) সং, ক্লীং, লাভ। বৃক্ষলতাদিজাত শস্য। উৎপন্নবস্তু। নিষ্পত্তি। কার্য্যসিদ্ধি। "ভবতি চ ভূয়ান্ ভেদঃ ফলং প্রতি তদ্যথা। প্রভবতি বিম্বোদ্গ্রাহে শুচির্ম্মণির্নমৃদাং চয়ঃ" উত্তরচরিত। ধন। প্রয়োজন। দান। স্বর্গাদি সুখ। জীবের কর্ম্মফলভোগ। সুখ। ফলক। তক্তা, পাটা। ঢাল। খড়্গাদির পাতা। মুষক। বাণের অগ্রলৌহ। ফলা। ফাল। উত্তর। ত্রিফলা। পুং, কুটজবৃক্ষ।

ফলক, (ফল্=বিদীর্ণকরা+অক—প্রং) সং, পুং—ক্লীং, চর্ম্ম, ঢাল। অস্ত্রের ফলা। নিতম্ব। পুং, অস্থিখণ্ড, কপালের অস্থি। তক্তা, পাটা। নাগকেশর।

ফলকপাণি, (ফলক—পাণি=হস্ত) সং, পুং, ফলকধারী, ঢালী। চর্ম্মী।

ফলকী, (ফলকিন্ ফলক+ইন্-অস্ত্যর্থে) বিং, ত্রি, ঢালী। সং, পুং, ফলুইমাছ।

ফলকোষক, সং, পুং, মুষ্ক, অণ্ডকোষ।

ফলগ্রাহী, (ফলগ্রাহিন্, ফল—গ্রহ=গ্রহণ করা+ইন্—ক) সং, পুং, বৃক্ষ। বিং, ত্রিং, ফলগ্রহণকর্ত্তা।

ফলতঃ, (ফল+তস্-প্রং) অং, ক্রিং-বিং, বস্তুতঃ, বাস্তবিক, অর্থতঃ, যথার্থতঃ।

ফলত্রয়, ফলত্রিক, (ফল—ত্রয়=তিন এবং ত্রিক=তিনগুণ) সং, ক্লীং, ত্রিফলা, শুঁঠ পিঁপুল মরীচ।

ফলদ, (ফল—দ=যে দান করে) সং,পুং, বৃক্ষ। বিং,ত্রিং, ফলদাতা। প্রয়োজক।

ফলপাকান্তা, (ফল—পাক=পক্বতা—অন্ত=শেষ) সং, স্ত্রীং, ফলপক হইলেই যে সকল বৃক্ষ লতাদি মরিয়া যায়। ওষধি। ধান্য কদলী প্রভৃতি।

ফলপূর, (ফল—পূর্=পরিপূর্ণকরা+অল্-প্রং) সং, পুং, বীজপূর, দাড়িম্ব। লেবু।

ফলপ্রদ, (ফল—প্রদ=যে দান করে) বিং, ত্রিং, যে ফল দান করে।

ফলভূমি, (ফল [কর্ম্মের] ফল—ভূমি=স্থান) সং,স্ত্রীং, কর্ম্মের ফলভোগস্থান। স্বর্গ এবং নরক।

ফলবান্, ফলী, ফলিন, ফলিত (ফলবৎ, ফল+বৎ—অস্ত্যর্থে। ফলিন্, ফল+ইন্—অস্ত্যর্থে। ফল+ইন্, ইত—প্রং) বিং,ত্রিং, ফলযুক্ত। সং,পুং, ফলবান্বৃক্ষ

ফলবৃক্ষক, সং, পুং, কাঁঠাল গাছ।

ফলশালী, (ফলশালিন্, ফল—শাল+ইন্—ক) বিং, ত্রিং, ফলবিশিষ্ট।

ফলশ্রুতি, (ফল=কর্ম্মের ফল,—শ্রুতি=শ্রবণ) সং,স্ত্রীং, কর্ম্মের ফল শ্রবণ। কর্ম্মে প্রবৃত্তি নিমিত্ত প্রলোভনজনক বাক্য।

ফলাদান, ফলাশন, (ফল—অদন, অশন যে ভক্ষণ করে) সং, পুং, শুকপক্ষী। বিং ত্রিং, ফলভক্ষক।

ফলান্ত, (ফল -অন্ত=শেষ) সং, পুং, বংশ, বাঁশ।

ফলার, (ফলাহার শব্দজ) সং, ফলাদি ভোজন। সুমিষ্ট খাদ্যভোজন।

ফলিনী, (ফল+ইন্, ঈ—প্রং) সং, স্ত্রীং, প্রিয়ঙ্গুলতা। অগ্নিশিখাবৃক্ষ।

ফলী, (ফল দেখ, অন্, ঈপ্—প্রং) সং, স্ত্রীং, প্রিয়ঙ্গুলতা। ফলুইমাছ।

ফলেগ্রহি, ফলেগ্রাহি, ফলগ্রহি, ফলগ্রাহি, } (ফল—গ্রহ্=গ্রহণকরা+ই—প্রং। ই—আগম) বিং, ত্রিং, ফলগ্রহণকারী। ফলী।

ফলোদয়, (ফল—উদয়) সং, পুং, ফলোৎপত্তি। লাভ। স্বর্গ। আনন্দ। হর্ষ। কর্ম্মবিপাক।প্রতিফল। প্রাপ্তি। কার্য্য·

ফলোপধায়ক, ফলোপধায়ী, (ফলোপধায়িন্, ফল—উপ—ধা=ধারণ করা+ণক, ণিন্—ক) বিং, ত্রিং, ফলজনক। ফলদ।

ফল্গু, (ফল্=ফলধারণকরা+গু—প্রং) সং, স্ত্রীং, গয়াস্থ নদীবিশেষ। পুং, অনর্থক বাক্য। লোহিতবর্ণ চূর্ণ, আবীর, ফাগ্। বসন্ত ঋতু। বিং, ত্রিং, তুচ্ছ, অসার। মনোহর। নিরর্থক।

ফল্গুন, ফাল্গুন, (ফল দেখ, উন—প্রং, গ্=আগম) সং,পুং, অর্জ্জুন। (ফল্গুনী=ফল্গুনীনক্ষত্রযুক্তা পূর্ণিমা+ষ্ণ—তদ্যুক্তমাসার্থে) ফাল্গুন মাস। নী—স্ত্রীং, নক্ষত্রবিশেষ। "উত্তরাভ্যাং ফল্গুনীভ্যাং নক্ষত্রাভ্যামহং দিবা। জাতো হিমবতঃ পৃষ্ঠে তেন মাং ফাল্গুনং বিদুঃ"।

ফল্গুনাল, (ফল্গুন—অল=তুল্য) সং, পুং, ফাল্গুন মাস।

ফল্গূৎসব, (ফল্গু—উৎসব) সং,পুং, দোলযাত্রা, হোলাকা উৎসব, হোলি।

ফল্য, (ফল+য—হিতার্থে) সং, ক্লীং, কুসুম। মুকুল।

ফল্লকী, (ফল্লকিন্, ফল্লক+ইন্—প্রং) সং, পুং, মৎস্যবিশেষ, ফলুইমাছ।

ফল্লফল, সং,পুং, শূর্পবাত, কুলার বাতাস।

ফসল, (যবনভাষা) সং, শস্য।

ফস্কা, (দেশজ) বিং, শ্লথ, অসক্ত, ঢিলা, আল্গা। ব্যর্থ, নিরর্থক। পাণ্ডুর।

ফাও, (বৃদ্ধ্যর্থ স্ফায়্ ধাতুজ) বিং, পরিমাণের কিঞ্চিৎ অধিক, উপরি, অতিরিক্ত।

ফাঁক, (দেশজ) সং, ছিদ্র, অন্তর। বৃন্ত।

ফাঁদ, (দেশজ) সং, পক্ষ্যাদির ধারণ যন্ত্র, ফাঁশ, পাশ, জাল, কল।

ফাঁপা, (দেশজ) বিং, অসার। স্ফীত, ফুলা। অন্তঃশূন্য।

ফাঁসী, (দেশজ) সং, উদ্বন্ধন, ফাঁশ।

ফাকী, (ফক্কিকা শব্দজ) সং, প্রতারণা, চাতুরী। ছলনা। পূর্ব্বপক্ষ। উপায়।

ফাগুচূর্ণ, গুড়া (ফল্গু-শব্দজ) সং, রক্তবর্ণ চূর্ণবিশেষ, আবীর, ফাগ্।

ফাটন, (বিদারণার্থ স্ফুট্ ধাতুজ) সং, বিদারণ, ভাঙ্গন।

ফাণি, (স্ফায়্=বৃদ্ধিপাওয়া+ণি—সংজ্ঞার্থে, নিপাতন) সং, স্ত্রীং, গুড়। করম্ভ। দধিশক্তু, দই-ছাতু।

ফাণিত, (ফাণি=গমন করান+ক্ত—র্ম্ম) সং, ক্লীং, খণ্ডবিকার, ঘনীভূত ইক্ষুরস,সারগুড়,খাঁড়। ফেণিবাতাসা।

ফাণ্ট, (ফণ্=অক্লেশে উৎপন্ন হওয়া+ক্ত—প্রং, নিপাতন) বিং, ত্রিং, অনায়াস কৃত। সং, ক্লীং,কাথবিশেষ, কাষায় বিশেষ। [সূত্রলগ্ন সোলা, তরণ্ডিকা।

ফাতনা, ফাতা, (দেশজ) সং, ছিপের

ফানস, (যবন ভাষা) সং, লণ্ঠান, সেজ।

ফাল, (ফল্=বিদীর্ণকরা+ঘঞ্—ণ।

যাহার দ্বারা ভূমি খনন করা যায়) সং, ক্লীং, ভূমিদারক লৌহ, লাঙ্গলের অগ্র লৌহ। (ফাল+ষ্ণ—অস্ত্যর্থে) পুং, মহাদেব। বলদেব, বলরাম। (ফল+ষ্ণ—প্রং) বিং, ত্রিং, তুলা নির্ম্মিত, বস্ত্রাদি, কার্পাসবস্ত্র। নববিধ দিব্যান্তর্গত অষ্টম দিব্য।

ফাল্গুন, (ফল্গুন+ষ্ণ—প্রং) সং, পুং, অর্জ্জুন। নদীজবৃক্ষ। ফাল্গুন মাস। নী—স্ত্রীং, ফাল্গুনমাসের পূর্ণিমা।

ফাল্গুনানুজ, (ফাল্গুন—অনু=অনুযায়ী—জ=জাত) সং, পুং, বসন্তকাল। অর্জ্জুনের কনিষ্ঠ ভ্রাতা। [পুং, ফাল্গুনমাস।

ফাল্গুনিক, (ফাল্গুন+ষ্ণিক—প্রং) সং, ফাল্গুনী, সং, স্ত্রীং, ফাল্গুনমাসের পূর্ণিমা। পূর্ব্বফল্গুনী উত্তরফল্গুনী নক্ষত্র।

ফিকির, (জবনভাষা) সং, কল্পনা, চিন্তা।

ফিঙ্গক, (ফিঙ্গ=অনুকরণ শব্দ—ক [কৈ শব্দকরা+ড—ক] যে শব্দ করে) সং, পুং, ফিঙ্গাপাখী।

ফিঙ্গা, (ফিঙ্গক শব্দজ) সং, পক্ষিবিশেষ।

ফিচাল, (দেশজ) বিং, ধূর্ত্ত, শঠ,।

ফিরঙ্গ, সং, পুং, স্বনাম খ্যাত ম্লেচ্ছদেশ। পূর্ব্বাম্নায়ে নবশতং ষড়শীতিঃপ্রকীর্ত্তিতা ফিরঙ্গভাষয়া মন্ত্রাস্তেষাং সংসাধনাদ্ভুবি" ॥ রোগবিশেষ।

ফিরঙ্গী, (ফিরঙ্গিন্, ফিরঙ্গ+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, ফিরঙ্গ দেশোদ্ভব পুরুষ। [প্রত্যাবর্ত্তন।

ফিরণ, (দেশজ) সং, ঘুরণ, ভ্রমণ, ঘোরা

ফুক, সং, পুং, পক্ষী।

ফুট, (স্ফট্=বিকসিতহওয়া, ব্যক্তহওয়া, ভেদকরা+অল্—প্রং, নিপাতন) বিং, ত্রিং, বিদীর্ণ। প্রস্ফুটিত। সং, পুং, সর্পের ফণা। [ব্যক্তকরণ।

ফুটন, (স্ফুট্ধাতুজ) সং, ছিদ্রকরণ।

ফুটি, (স্ফুটাশব্দজ,) সং, পক্ক কাঁকুড়।

ফুৎ, ফূৎ (স্ফুর্=স্ফূর্ত্তি পাওয়া+ক্বিপ্—প্রং, নিপাতন) অং, অনুকরণ শব্দ। তুচ্ছভাষণ। ফুঁ। [সং, পুং, অগ্নি।

ফুৎকর, (ফুৎ=সিদ্ধকরণ—কর=যেকরে)

ফুৎকার,—পুং, ফুৎকৃতি—স্ত্রীং, (ফুৎ—কার, কৃতি=করণ) সং, পুং, ফুঁদেওয়া, মুখ হইতে বায়ুত্যাগ। ফুস্ফুস্ শব্দ।

ফুপ্ফুস্, (ফুৎ দেখ) সং, পুং, শরীরস্থ মাংসপেশীবিশেষ, হৃদয় নাভিকাসংলগ্ন পদার্থ বিশেষ, ফুস্ফুস্, কাপাসে।

ফুরণ, (দেশজ) সং, শেষহওন, কর্ম্মসমাপন। চুক্তি করণ।

ফুল, (ফুল্ল শব্দজ) সং, পুষ্প, কুসুম। মুকুল। কুষ্ঠ। লা—বিং, স্ফীত।

ফুল্কা, (দেশজ) সং, হৃদয়। মৎস্যদিগের শ্বাসেন্দ্রিয়।

ফুলশয্যা, (ফুল=পুষ্পময় শয্যা=বিছানা) সং, নববিবাহিতার শয়নার্থ পুষ্পরচিত শয্যা, পুষ্পতল্প।

ফুল্ল, (ফুল্=বিকসিত হওয়া+ক্ত—প্রং, নিপাতন) বিং, ত্রিং, বিকসিত, প্রস্ফুটিত। (ফুল্=বিকসিত হওয়া+অল্—প্রং) সং, ক্লীং, পুষ্প, ফুল।

ফুল্লদাম, (ফুল্লদামন্) সং, ক্লীং, ছন্দোবিশেষ।

ফুল্লফাল, সং, পুং, কুলার বাতাস।

ফুল্লরীক, সং, পুং, দেশ। সর্প, ভুজঙ্গ।

ফুস্ফুস্, সং, ফুলকা, কাপাসে।

ফেন, (স্ফায়্=বৃদ্ধিপাওয়া+ন—প্রং, নিপাতন) ঘং, পুং, তরল দ্রব্যোপরি উত্থিত বুদ্বুদাকারবস্তু, ফেণা, গাজলা

ফেনিকা, ফেনী, (ফেন+ইক, ঈ—প্রং) সং, স্ত্রীং, মিষ্টান্ন দ্রব্যবিশেষ। খাজা।

ফেনিল, (ফেন+ইল—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ফেন বিশিষ্ট, সফেন। ক্লীং, কোলীফল। পুং, অরিষ্টক বৃক্ষ।

ফের, ফেরণ্ড, ফেরু (ফে=অনুকরণ শব্দ—রু=শব্দ করা+অ, অণ্ড, ক্বিপ্—ক। যে "ফেফে" এইশব্দকরে) সং, পুং, শৃগাল, শিয়াল)

ফেরব, (ফে=অনুকরণশব্দ—রু=শব্দকরা+অল্-ক। যে "ফেফে" এই শব্দ করে) সং, পুং, শৃগাল, জম্বুক "ফেরবঃ ফুৎকিরন্তি"। রাক্ষস। বিং, ত্রিং, ধূর্ত্ত। হিংস্র।

ফেল—ক্লীং, ফেলক—পুং, ফেলা, ফেলিকা, ফেলি, ফেলী—স্ত্রীং,——— (ফেল্=গমন করা, ত্যাগকরা+অল্, ণক, আপ্, ইক, ই—প্রং) সং, উচ্ছিষ্ট, ভুক্তাবিশিষ্ট, এঁটো। ত্যক্ত।

ফোটা, (দেশজ) সং, তিলক, টীকা।

ফোড়া, (স্ফোটক শব্দজ) সং, ব্রণবিশেষ।

ফোস্কা, (দেশজ) সং, অগ্নিদাহ জন্য ক্ষত, জলপূর্ণ স্ফীত চর্ম্ম।

ফৌজ, (যবনভাষা) সং, সেনা, সৈন্য।

ফৌত, (যবনভাষা) সং, মৃত্যু, মরণ।

ব (বর্গ-ওষ্ঠ)

ব, ব্যঞ্জনের ত্রয়োবিংশ বর্ণ। ইহার উচ্চারণ ওষ্ঠহইতে হয়। (বণ্=শব্দকরা ড—প্রং) সং, পুং, বরুণ। কুম্ভ। সিন্ধু তোয়। গমন। বন্ধন। বপন। তন্তসন্তান। যোনি।

বউ, বৌ (বধূশব্দজ) সং, স্নুষা, পুত্রবধূ।

বংহিষ্ঠ, বংহীয়ান্ (বহুল+ইষ্ঠ—অতিশয়ার্থে। বংহীয়স্, বহুল+ইয়স্—অতিশয়ার্থে) বিং, ত্রিং, অতি বহুল, ভূয়িষ্ঠ ভূরি।

বড়বা, (বল=শক্তি—বা—গমনকরা+ড আপ্—প্রং, ল=ড) সং, স্ত্রীং, ঘোটকী। কুম্ভদাসী। দ্বিজযোষিৎ। অশ্বিনীনক্ষত্র। অশ্বমুখী, সমুদ্রস্থা দেবীবিশেষ, স্বর্বৈদ্যদ্বয়ের মাতা। দাসী। [দাস বিশেষ।

বড়বাকৃত, সং, পুং, পঞ্চদশদাসান্তর্গত

বড়বাগ্নি, (বড়বা=ঘোটকী—অগ্নি। পশ্চাৎ দেখ) সং, পুং, সমুদ্রের জলমধ্যগত অগ্নি, বড়বানল।

বড়বানল, (বড়বা=ঘোটকী—অনল=অগ্নি। ভৃগুনন্দন ঔর্ব্বের ক্রোধাগ্নি, ঘোটকের মস্তকরূপে পরিণত হইয়া সমুদ্রজল পান করিয়াছিল এই জন্য তাহাকে বড়বানল কহে) সং, পুং, জল মধ্যস্থ অগ্নি, সমুদ্রস্থ ঘোটকীর মুখাগ্নি। এই শব্দের ব্যুৎপত্তি বিষয়ে মতভেদ আছে, যথা—"পুরা কিল উর্ব্বেণ মুনিনা অযোনিজং পুত্রমিচ্ছতা বক্ষো মথিতং তত্র জ্বালাময়ঃ পুরুষো জাতঃ স চ সমুদ্রে বড়বামুখে অবস্থাপিতঃ"।

বড়বামুখ, (বড়বা=ঘোটকী—মুখ=প্রধান) সং, পুং, বড়বানল।

বড়বাসুত, (বড়বা=অশ্বিনী—সুত=পুত্র সং, পুং, দ্বি, অশ্বিনীকুমারদ্বয়।

বণিক্, (বণিজ্, পণ্=ক্রয়বিক্রয়করা+ইজ্—প্রং। প=ব) সং, পুং, ক্রয়বিক্রয়কারী, বণিক্, বেণে। করণবিশেষ। পণ্যাজীব। বৈশ্য। স্ত্রীং, বাণিজ্য।

বণিক্‌পথ, (বণিজ্—পথ (পথিন্‌শব্দজ) ৬ষ্ঠী—ষ বা ৭মী—হিং) সং, পুং, আপণ, বাজার, বিপণি, হট্ট। বাণিজ্য।

বণিগ্বন্ধু, (বণিজ্=বাণিজ্যব্যবসায়ী—বন্ধু =মিত্র) সং, পুং, নীলীবৃক্ষ, নীলেরগাছ।

বণিগ্বহ, (বণিজ্=বাণিজ্য ব্যবসায়ী—বহ্=যে বহন করে) সং, পুং, উষ্ট্র, উট।

বণিগ্‌বৃত্তি, (বণিজ্—বৃত্তি) সং, স্ত্রীং, বাণিজ্য, ব্যবসায়। মহাজনকর্ম্ম।

বণিগ্‌ভাব, (বণিজ্=বাণিজ্য ব্যবসায়ী—ভাব) সং, পুং, বণিগ্‌বৃত্তি, বাণিজ্য।

বণিজ্য, বাণিজ্য, (বণিজ্+ষ্যং—ভাবে) সং, ক্লীং, জ্যা—স্ত্রীং, ক্রয়বিক্রয়। "বাণিজ্যে বসতে লক্ষ্মীঃ"।

বদর, (বদ্=স্থিরথাকা+অর—প্রং। যে ছিন্ন হইলেও অক্ষুন্ন থাকে অর্থাৎ পুনর্ব্বার নবীভূত হয়) সং, পুং, রি, রিকা, রী—স্ত্রীং, কুলগাছ। সং, ক্লীং, কুল। কার্পাসফল। সেঁকুল। রা—স্ত্রীং, কার্পাসী। পুং, কার্পাসবীজ। সর্ষপবৃক্ষ।

বদরিকাশ্রম, (বদরিকা=বদরী—আশ্র , বদরিকা দ্বারা আচ্ছাদিত আশ্রম, ৩ । —ষ) সং, পুং, ব্যাসদেবের আশ্র , তীর্থবিশেষ, নারায়ণাশ্রম। তাহা ক - শ্মীরের অন্তর্গত শ্রীনগর নামক নগর অলকনন্দানদীর পশ্চীম তীরে অবস্থি ।

বদরীশৈল, সং, পুং, হিমালয় পর্ব্বতে দেশ, বদরিকাশ্রম।

বদ্ধ, (বন্ধ=বন্ধনকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বন্ধনযুক্ত, সংযত, বাঁধা। নিবদ্ধ। গ্রথিত। সংসক্ত। উৎপন্ন। সংযোজিত। বিহিত।

বদ্ধপরিকর, (বদ্ধ=বাঁধা—পরিকর=কোমরবন্ধ, ৩য়া—হিং) বিং, ত্রিং, দৃঢ়ীকৃতকটিবন্ধ, যে ব্যক্তি কঠিনরূপে কোমর বাঁধিয়াছে। [কৃপণ।

বদ্ধমুষ্টি, (৩য়া—হিং) বিং, ত্রিং, দৃঢ়মুষ্টি,

বদ্ধমূল, বিং, ত্রিং, দৃঢ়মূল, যাহার মূল উৎপাটনযোগ্য নহে, যাহা উপড়াইতে পারা যায় না।

বদ্ধশিখ, (বদ্ধ=বাঁধা—শিখা=চূড়া, ৩য়া —হিং) সং, পুং, শিশু। বিং, ত্রিং, যে শিখা বন্ধন করিয়াছে। শিষ্য।

বদ্ধাঞ্জলি, (বদ্ধ—অঞ্জলি) বিং, ত্রিং, কৃতাঞ্জলি, জোড়হাত।

বদ্বীপ, (Delta) নদীর মোহনাস্থিত মাত্রাশূন্য বকারের ন্যায় দ্বীপ, (ব)।

বধ, (হন=বধকরা+অল্—ভা, হন স্থানে বধ আদেশ) সং,পুং, বিনাশকরা, হনন, হত্যা, সংহার।

বধক, (বধ দেখ,ণক—ক) বিং, ত্রিং হত্যাকারী, যে বধ করে। হিংস্র।

বধত্র, (বধ্=হত্যাকরা+অত্র—প্রং) সং, ক্লীং, আয়ুধ, অস্ত্র।

বধস্থলী—(বধ=সংহার—স্থলী=স্থান, ৬ষ্ঠী —ষ) সং, স্ত্রীং, প্রাণবধস্থল, মশান।

বধাঙ্গক, (বধ=হত্যা—অঙ্গ=শরীর+ক —প্রং) সং, ক্লীং, বিষ। কারাগৃহ, বন্ধনালয়, জেল।

বধার্হ, (বধ—অর্হ=যোগ্য) বিং, ত্রি বিনাশের উপযুক্ত, বধযোগ্য।

বধির, (বন্ধ্ [শ্রবণ] বন্ধনকরা+ইর প্রং)বিং,ত্রিং, শ্রবণেন্দ্রিয়রহিত, কাল

বধূ, (বন্ধ্=বন্ধনকরা, কিম্বা বহ্=বহ করা+উ—প্রং) সং, স্ত্রীং, যোষিৎ। নবোঢ়া, নূতনবিবাহিত ভার্য্যা। পুত্রবধূ, বৌ, স্নুষা।

বধূজন, (বধূ—জন=লোক, য়ং— সং, পুং, বধূ, বৌ। যুবতী স্ত্রী।

বধূটশয়ন, সং, ক্লীং, বারাণ্ডা, বাতায় গবাক্ষ।

বধূটী, (বধূ+টী—অল্পার্থে) সং, টী, টি —স্ত্রীং, পুত্রভার্য্যা, ক্ষুদ্রবধূ, বালি বৌ। "নূতনজলধররুচয়ে গোপবং দুকূলচৌরায়"। ভাষাপরিচ্ছেদ।

বধোদর্ক, (বধ—উদর্ক=ভবিষ্যৎ ফল) বিং, ত্রিং, মৃত্যুই যাহার চরম ও অব- শুম্ভাবি ফল। বধজনক।

বধোদ্যত, (বধ=হনন—উদ্যত=উদ্যুক্ত) বিং, ত্রিং, বধের নিমিত্ত উদ্যুক্ত, আত- তায়ী, শত্রুবধৈষী।

বধ্য, (হন্=বধকরা+য—র্ম্ম হন্ স্থানে বধ, আদেশ অথবা বধ+ষ্ণ্য—অর্থে বিং, ত্রিং, বধার্হ, বিনাশের উপযুক্ত।

বধ্যপাল, (বধ্য—পাল্=রক্ষা করা+অ —প্রং) সং,পুং, কারাগৃহ-রক্ষক, জেল দারগা।

বধ্যভূমি, (বধ্য—ভূমি=স্থান) সং, স্ত্রীং বধস্থান, যে স্থানে সর্ব্বজনসমক্ষে কো ব্যক্তির প্রাণদণ্ড করা হয়।

বধ্র, (বন্ধ্=বন্ধন কর +র—প্রং, ন লোপ) সং, ক্লীং, সীসক, সীসা। স্ত্রী- স্ত্রীং, চর্ম্মরজ্জু, চামড়ার দড়ী।

বন্ধ, (বন্ধ্=বন্ধনকরা+অল্—র্ম্ম, ণ, ভ সং,পুং, গচ্ছিত দ্রব্য। উৎপত্তি। ধারা গ্রন্থন। বাঁধা। রোধ। যোগ। বন্ধ বাঁধা। বোঁটা, বৃন্ত। "আশাবন্ধঃ কু মসদৃশং প্রায়শোহ্যঙ্গনানাং। সদ্যঃপা

প্রণয়ি হৃদয়ং বিপ্রয়োগে রুণদ্ধি” মেঘদূং। গ্রন্থি, গাঁইট। দেহ। গৃহাদি বেষ্টন।

বন্ধক, (বন্ধ দেখ, ণক—র্ম্ম, ক) সং, ক্লীং, ঋণার্থ স্থাপিত বস্তু, বাঁধা। বিনিময়। গচ্ছিত বস্তু। আধি। (যে পরপুরুষে মন বন্ধন করে) কী—স্ত্রীং, পুং-শ্চলী, অসতী।

বন্ধতন্ত্র, সং,ক্লীং, অক্ষৌহিণী, চতুরঙ্গসৈন্য।

বন্ধন, (বন্ধ দেখ, অনট্—ভা, ণ) সং, ক্লীং, সংযমন, বাঁধন। রোধকরণ। অবরোধ, আটক, বধ। হিংসা। বাঁধ। বোঁটা, বৃন্ত। সায়ক, পুঙ্খ। বন্ধনসাধন রজ্জু, শৃঙ্খলাদি।

বন্ধনবেশ্ম, (বন্ধনবেশ্মন্, বন্ধন—বেশ্মন্ =গৃহ) সং, ক্লীং, কারাগার, বন্ধনালয়। বিরোধস্থান। কয়েদখানা।

বন্ধনী, (Ligament, বন্ধ দেখ, অন—ণ, ঈপ্—প্রং) সং, স্ত্রীং, ভেদাবরোধক সূত্রস্বরূপ ও স্থিতিস্থাপক পদার্থবিশেষ; তদ্দ্বারা দেহস্থ অস্থি সকল পরস্পর সংশ্লিষ্ট থাকে। (Bracket) যে চিহ্নের মধ্যভাগে অনেক গুলি রাশি স্থাপিত হইলেও তাহা এক রাশি বলিয়া বিবেচিত হয়,— {০} (০)

——এইরূপ চিহ্ন। রজ্জু। দাম। পটী।

বন্ধু, (বন্ধ দেখ, উ—প্রং, যে স্নেহ দ্বারা হৃদয়কে বন্ধন করে) সং, পুং, সগোত্র, জ্ঞাতি, আত্মীয়, কুটুম্ব, স্বজন। ভ্রাতা। মিত্র। “স এষ তে বল্লভ বন্ধুবর্গঃ প্রাসঙ্গিকীনাং বিষয়ঃ কথানাং” উত্তরচরিত। মাতুল পুত্র। পিতৃব্য পুত্র, মাতৃস্বস্থ পুত্র, বন্ধুক বৃক্ষ।

বন্ধুক, বন্ধূক, বন্ধুজীবক, (বন্ধ দেখ, উক, ঊক—প্রং। বন্ধু—জীব্=বাঁচা+অল্—প্রং, ক—যোগ) সং, পুং, স্বনাম প্রসিদ্ধ লোহিতবর্ণ ফুলের গাছ, বাঁধুলি ফুলের গাছ। ক্লীং, বাঁধুলি ফুল।

বন্ধুতা, (বন্ধু+তা—ভাবে, সমূহার্থে) সং, স্ত্রীং, মিত্রতা। আত্মীয়তা। মিত্রসমূহ।

বন্ধুর, বন্ধূর (বন্ধ=দেখ, উর, ঊর—প্রং) বিং, ত্রিং, রম্য, মনোহর। উন্নতানত, উচ্চনীচ। কালা, বধির। হানিজনক। নম্র, বিনীত। সং, পুং, বিহঙ্গ। হংস। বক। স্ত্রীচিহ্ন। তিলকল্ক। বিড়ঙ্গ। ক্লীং, মুকুট। রা—স্ত্রীং, অসতী, বেশ্যা, কুলটা। পুং, বহুং, শক্তু।

বন্ধুল, (বন্ধ দেখ, উল—প্রং) সং, পুং, অসতীপুত্র, জারজসন্তান। বন্ধুকবৃক্ষ। বিং, ত্রিং, সুন্দর। নম্র, বিনীত।

বন্ধূলি, (বন্ধ দেখ, ঊলি—প্রং) সং, পুং, বাঁধুলি ফুলের গাছ।

বন্ধ্য, (বন্ধনকরা+য—র্ম্ম) বিং, ত্রিং, বিফল,নিষ্ফল। বন্ধনযোগ্য। বন্ধনীয়।

বন্ধ্যা, (বন্ধ্য দেখ, আ—প্রং) সং, স্ত্রীং, যে স্ত্রীর সন্তান হয় না, বাঁঝা।

বন্ধ্র, (বন্ধ দেখ, র-প্রং) পুং, কুক্ষি, উদর।

বভ্রবী, (বভ্রু=শিব+ঈপ্—প্রং) সং, স্ত্রীং, দুর্গা।

বভ্রু, (ভৃ=পালনকরা+উ—প্রং) সং, পুং, অগ্নি, শিব। বিষ্ণু। নকুল। মুনিবিশেষ। যদুবংশীয় ব্যক্তিবিশেষ। দেশবিশেষ। পিতাবরশাক। বিং, ত্রিং, পিঙ্গলবর্ণ। বিপুল, বিশাল, বৃহৎ।

বম্ভর, (বম্ভ=অনুকরণ শব্দ—রা=করা +উ—ক) সং, পুং, মধুমক্ষিকা। ভ্রমর।

বম্ভরালী, (বম্ভ=অনুকরণ শব্দ—রা=করা +ল—প্রং—ঈপ্, ভম্ভরালীও হয়) সং, স্ত্রীং, মক্ষিকা।

বর্ব্বট, (বর্ব্ব্—গমনকরা+অট—প্রং) সং, পুং, টী—স্ত্রীং, কলাইবিশেষ, বর্ব্বটী কলাই। টী—স্ত্রীং, বেশ্যা, বারাঙ্গনা। পণ্যযোষা।

বর্ব্বণা, (বর্ব্ব=গমনকরা+অন—প্রং, অথবা বর্=অনুকরণ শব্দ—বন্=শব্দ করা+অল্—প্রং) সং, স্ত্রীং, নীলমক্ষিকা।

বর্হ, (বর্হ=দীপ্তি পাওয়া+অল্—প্রং) সং, ক্লীং, ময়ূরপিচ্ছ। পুং—ক্লীং, পত্র।

পুং, সঙ্গী। পরিবার।

বল, (বল্=বলিষ্ঠহওয়া+অল্—প্রং) সং, ক্লীং, সৈন্য—মৌল, ভৃত্য, সুহৃদ, শ্রেণী, দ্বিষৎ, আটবিক এই ষড়বিধ। স্থৌল্য, সামর্থ্য, শক্তি। দ্রবিণ, স্বর্ণ। শৌর্য্য, পরাক্রম। সার। রূপ। শুক্র। বপু, শরীর। পল্লব। রক্ত। ভার। পুং,কাক, বায়স। বলদেব। বরুণবৃক্ষ। দৈত্য-বিশেষ। বিং, ত্রিং, বলযুক্ত, সবল। লা —স্ত্রীং, অস্ত্রবিদ্যাবিশেষ, তারকানিধন-কালে ভগবান্ বিশ্বামিত্র রামচন্দ্রকে এই বিদ্যা প্রদান করিয়াছিলেন।

বলক্ষ, (বল=শক্তি—ক্ষৈ=ক্ষীণ হওয়া+ ড—প্রং) সং, পুং, শুভ্রবর্ণ। বিং, ত্রিং, শ্বেতবর্ণবিশিষ্ট।

বলজ, (বল=শক্তি—জ=উৎপন্ন) সং,পুং, ধান্যরাশি। ক্লীং,শস্য। ক্ষেত্র। পুরদ্বার। যুদ্ধ। সারাংশ। বিং,ত্রিং, বলজাত, সা-মর্থ্যসম্ভূত। জা-স্ত্রীং, বারযোষা, উত্তমা স্ত্রী। জুঁইফল। পৃথিবী।

বলদেব, (বল—দেব=দেবতা, মং—স) সং, পুং, কৃষ্ণের জ্যেষ্ঠ, বলরাম। বায়ু।

বলদ্বিট্, (বলদ্বিষ্, বল=দৈত্যবিশেষ— —দ্বিষ্=শত্রু) সং, পুং, ইন্দ্র।

বলনিসূদন, বলভিদ্, বলারাতি, (বল= দৈত্যবিশেষ— নিসূদন=যে বধকরে, ভিদ্=যে বিদীর্ণ করে, ২য়া—ষ। অরাতি=শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ইন্দ্র।

বলপ্রসূ, (বল=বলরাম—প্রসূ=জননী) সং, স্ত্রীং, রোহিণী, বলরামের মাতা।

বলভদ্র,(বল=শক্তি—ভদ্র=শ্রেষ্ঠ। অথবা বল=বলবান্ হইয়াও— ভদ্র=সৌম্য) সং, পুং, বলরাম। অনন্ত। বলবান্ ব্যক্তি। দ্রা—স্ত্রীং, কুমারী।

বলরাম, বলল, (বল=শক্তি—রম=ক্রীড়া করা+ঘঞ্—প্রং। বল=শক্তি—ল=যে লয়) সং, পুং, বলদেব, কৃষ্ণের জ্যেষ্ঠ ভ্রাতা।

বলবান্, (বলবৎ, বল+বতু—অস্ত্যর্থে) বিং, ত্রিং, শক্তিমান্, বলবিশিষ্ট। বীর্য্য-বান্, মহাবল। অং, অতিশয়।

বলবিনাশন, (বল=দৈত্যবিশেষ—বিনা-শন=যে বিনাশ করে, ২য়া—ষ) সং, পুং, ইন্দ্র।

বলবিন্যাস; সং, পুং, ব্যূহরচনা, সৈন্য-সন্নিবেশ। সৈন্যদিগকে শ্রেণীবদ্ধ করা।

বলশালী, (বলশালিন্, বল—শালী=বি-শিষ্ট) বিং, ত্রিং, বলবান্, বলিষ্ঠ।

বলসূদন, (বল=দৈত্যবিশেষ—সূদন=যে বধকরে, ২য়া—ষ) সং, পুং, ইন্দ্র।

বলস্থিতি, (বল=সৈন্য—স্থিতি) সং, স্ত্রীং, শিবির, ছাউনি, কটক।

বলহা, (বলহন্, বল=শক্তি—হন্=বধ করা+ক্বিপ্—প্রং) সং, পুং, শ্লেষ্ম।

বলাকা, (বল=শক্তি—অক্=গমনকরা+ অল্—প্রং। যে বলদ্বারা শূন্যমার্গে গমন করে কিম্বা বল-আচ্ছাদনকরা+আক, আপ্-প্রং, গমন করিবার সময় যাহারা শ্রেণীবদ্ধ হইয়া আকাশমার্গ আচ্ছাদন করিয়া যায়) সং, স্ত্রীং, ক্ষুদ্র জাতীয় বকশ্রেণী। "সেবিষ্যন্তে নয়নসুভগং খে ভবন্তং বলাকাঃ" মেঘদূত।

বলাৎ, (বল=শক্তি—অৎ=গমনকরা+ ক্বিপ্—প্রং) অং, বলপূর্ব্বক। হঠাৎ, অকস্মাৎ।

বলাৎকার, (বল=শক্তি—অৎ=গমনক-রা+ক্বিপ্—প্রং, বলাৎ—কার=করণ) সং, পুং, জোরকরা। দণ্ডদান। প্রসভ। দৌরাত্ম্য। অত্যাচার। বলপূর্ব্বক স্ত্রী-লোকের সতীত্বহরণ।

বলাৎকারাভিগম, সং, পুং, বলাৎকার পূর্ব্বক স্ত্রীলোকের সতীত্ব বিনাশন।

বলানুজ, (বল=বলরাম—অনু=পশ্চাৎ— জ=যে জন্মে) সং, পুং, কৃষ্ণ।

বলাশ, বলাস,(বল=শক্তি—অশ্ [ভক্ষণ-করা] নাশকরা+ঘঞ্-প্রং। ক—যোগে বলাশকও হয়) সং, পুং, শ্লেষ্মা।

বলাহক, (বল=শক্তি—অ=না—হা=ত্যাগকরা+ণক—প্রং) সং, পুং, মেঘ। মুস্তক। পর্ব্বত। দৈত্যবিশেষ। সর্প বিশেষ। রমাগর্ভোদ্ভব কল্কীপুত্র।

বলি, (বল্=দানকরা, বধকরা+ই—প্রং) সং, পুং, রাজগ্রাহ্যভাগ। রাজস্ব, কর। উপহার। পূজার সামগ্রী। চামরদণ্ড। পঞ্চমহাযজ্ঞান্তর্গত ভূতযজ্ঞ। দৈত্যবিশেষ, বিরোচন পুত্র। বলিবৈশ্বনামক পঞ্চযজ্ঞান্তর্গত যজ্ঞবিশেষ। দেবোদ্দেশে ছেদনার্থ উপকল্পিত ছাগ মহিষাদি। লি, লী—স্ত্রীং, জরা দ্বারা লুলিত অর্থাৎ বিশ্লথ গাত্রচর্ম্ম। জঠরাবয়ব। গৃহদারুবিশেষ। গুহ্যদ্বারের অভ্যন্তরস্থ মাংসপিণ্ড, গুদাঙ্কুর। [ত্রিং, বলিযুক্ত।

বলিত, (বলি=শ্লথচর্ম্ম+ইত—প্রং) বিং, বলিদান, সং, ক্লীং, দেবোদ্দেশে যথাবিধি পূজোপহার দান। দুর্গাদি দেবতোদ্দেশে সঙ্কল্প পূর্ব্বক পশুঘাতন।

বলিধ্বংসী, (বলিধ্বংসিন্, বলি=অসুররাজ—ধ্বংসী=যে বিনাশ করে, ২য়া—ষ) সং, পুং, বিষ্ণু, নারায়ণ।

বলিন, (বলি=জরাবিশ্লথচর্ম্ম+ইন—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বলিযুক্ত, জরালুলিত চর্ম্ম বিশিষ্ট।

বলিনন্দন, (বলি—নন্দন=পুত্র) সং, পুং, বাণাসুর, বাণরাজা। বলির চারি পুত্রছিল, তন্মধ্যে বাণাসুরই কেবল বলিনন্দন শব্দে অভিহিত হইতেন।

বলিন্দম,(বলি=দৈত্যবিশেষ-দম্=দমনকরা+খ, ২য়া—ষ) সং,পুং,বলিধ্বংসী,বিষ্ণু।

বলিপুষ্ট, (বলি=খাদ্যাংশ—পুষ্ট=ভৃত ৩য়া—ষ) সং, পুং, কাক, বায়স।

বলিভ, (বলি=শ্লথচর্ম্ম+ভ—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বলিযুক্ত, বলিন।

বলিভুক্,(বলিভুজ্, বলি=খাদ্যাংশ—ভুজ্=যে ভোজন করে, ২য়া—ষ) সং, পুং, চটকিকা, চড়ুই পাখী। কাক, বায়স। "নীড়ারম্ভৈর্গৃহবলিভুজামাকুলগ্রামচৈত্যাঃ" মেঘদূত। বলিমাংসাহারী।

বলিমান্, (বলিমৎ, বলি=শ্লথচর্ম্ম+মতু—অস্ত্যর্থে) বিং, ত্রিং,বলিবিশিষ্ট,বলিন। জরাজন্য শ্লথ চর্ম্মযুক্ত।

বলিমন্দির, (বলি=দৈত্যবিশেষ—মন্দির=আলয়) সং,ক্লীং,পাতাল, অধোভুবন।

বলিমুখ, বলীমুখ, (বলি=শ্লথচর্ম্ম—মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বানর, কপি।

বলিসদ্ম, (বলিসদ্মন্, বলি=অসুররাজ—সদ্মন্=গৃহ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, পাতাল, রসাতল, অধোভুবন।

বলিহা, (বলিহন্, বলি=দৈত্যবিশেষ—হন্=যে বধ করে, ২য়া—ষ) সং, পুং, বলিধ্বংসী, বিষ্ণু।

বলিষ্ঠ, বলীয়ান্, (বলবৎ+ইষ্ঠ—অতিশয়ার্থে, বৎ—লোপ। বলীয়স্, বলবৎ+ঈয়স্—অতিশয়ার্থে, বৎ—লোপ) বিং, ত্রিং, অতিশয় বলবান্। বায়ু, বিষ্ণু গরুড়, হনুমান্, যম, মহাবরাহ, সরভ, সংপ্রতিজ্ঞা, গজ, পৃথুরাজ, বলরাম, বালি, বলি, ভীম, সতী, শেষ, এবং পুরাকৃত এই কয়েকটি মহাবলশালী। সং, পুং, উষ্ট্র, উট।

বলী, (বলিন্, বল+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বলবান্। অংশল। উপচিত। সং, পুং, বলরাম। উষ্ট্র। মহিষ। বৃষভ। শূকর। কফ। কুন্দবৃক্ষ। মাষ।

বলীক, (বল্=আবরণকরা+ঈক—প্রং) সং, ক্লীং, পটলপ্রান্ত, ছাঁচ্, নীধ্র।

বলীবর্দ্দ, (বল=শক্তি—বর্দ্ধ=বর্দ্ধন, ল=লী, ধ=দ) সং, পুং, বৃষ, বলদ, ষাঁড়, দামড়া। [বলবান্।

বলূল, (বল+ঊল—অস্ত্যর্থে) বিং, ত্রিং,

বল্য, (বল=শক্তি+য—প্রং) সং, ক্লীং, প্রধানধাতু, শুক্র। পুং, বুদ্ধভিক্ষুক। বিং, ত্রিং, বলকারক।

বহল, (বন্হ্=বৃদ্ধিপাওয়া+অলন্—প্রং) বিং, ত্রিং, অনেক,অধিক। দৃঢ়, কঠিন। সং, পুং, পোত, নৌকা।

বহু, (বন্হ্=বৃদ্ধিপাওয়া+উ—প্রং) বিং, ত্রিং. অনেক, অধিক, প্রচুর। তিন ও ততোধিক সংখ্যা।

বহুক, (বহু=অধিক+ক—প্রং) সং. পুং, কর্কট,কাঁকড়া। জলখাতক,খননকা । সূর্য্য।

বহুকর, (বহু=অধিক—কৃ=করা+অ —প্রং) সং. পুং,মার্জ্জনকারী, ভূমিস র্জ্জক। ফরাস। উষ্ট্র। বহুকার্য্যকর্ত্তা, যে অনেক কার্য্য করে। নিরলস; কর্ম্ম-শীল,কর্ম্মঠ। রী-স্ত্রীং,সম্মার্জ্জনী,খেঙরা।

বহুক্ষম, (বহু=অধিক—ক্ষম্=সহ্যকরা +অল্) সং, পুং, জৈনদিগের উপাস্য মুনিবিশেষ। বি., .ং, সহিষ্ণু, সহ্য শীল, যে ক্লেশাদি সহ্য করিতে পারে

বহুগর্হ্যবাক্, (—চ্, বহু=অধিক—গর্হ্য =দূষ্য—বাচ্=বাক্য) বিং, ত্রিং, যে ব্যক্তি অনেক নিন্দনীয় বাক্য প্রয়ো করে।

বহুজ্ঞ, (বহু—জ্ঞ=যে জানে, ২য়া—ষ বিং, ত্রিং, বহুদর্শী, যাহার অনেকদেখ শুনা আছে।

বহুতঃ, (বহুতস্, বহু=অধিক+তস্— প্রং, সপ্তমী স্থানে তস্) অং, বহুপ্রকা রে, বিস্তরতঃ।

বহুতিথ, (বহু=অনেক+তিথট্—প্রং) বিং, ত্রিং, বহুসংখ্যক, অধিক পরি মাণ। "কালে গতে বহুতিথে মম নৈব জ্ঞাতা, প্রস্থানবিক্লবগতেরবলম্বনায়।" শকুন্তলা।

বহুতৃণ, (বহু—তৃণ) সং, ক্লীং, তৃণতুল্য, তৃণবৎ। বিং, ত্রিং, তৃণবহুল প্রদেশ।

বহুত্র, (বহু+ত্র—প্রং, সপ্তমী স্থানে 'ত্র') অং, অনেকস্থানে, বহুস্থলে। অনেকধা, বহুধা।

বহুত্বক, বহুত্বক্, (বহু=অনেক—ত্বচ্ =ত্বক+ক—প্রং। বহুত্বচ্, বহু—ত্বচ্ গাছের ছাল। যাহার ছালের অনেক স্ত-র আছে, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ভূর্জ্জপ-ত্রের গাছ।

বহুদর্শী, (—র্শিন্, বহু—দর্শী=যে দে ২য়া—ষ) বিং, ত্রিং, বহুজ্ঞ পো সমীক্ষ্যকারী, পরিণামদ ...

বহুদুগ্ধ, (বহু=অনেক—দুগ্ধ) সং, পু গোধূম, গম। গ্ধা—স্ত্রীং, যে গা অনেক দুগ্ধ দেয়।

বহুধা, (বহু=অধিক+ধাচ্—প্রকারার্থে অং, বহুপ্রকারে। বহুবার। বিবি

বহুধার, (বহু=অনেক—ধারা=অস্ত্রা তীক্ষ্ণ প্রান্তভাগ, ৬ষ্ঠী—হিং) সং, অশনি, বজ্র, কুলিশ। [পুং,শঙ্খ,

বহুনাদ, (বহু=অধিক—নাদ=শব্দ) ন

বহুপটু, (বহু=অধিক—পটু=নিপুণ বিং, ত্রিং, ঈষদূন পটু, পটুকল্প। বহু সুদক্ষ।

বহুপত্র, (বহু=অনেক—পত্র=পাত ইত্যাদি).সং, পুং, পলাণ্ডু। ক্লীং, অভ্র ধাতু। বিং, ত্রিং, অনেক পত্রযুক্ত।

বহুপর্ণী, (বহু=অনেক—পর্ণ=পত্র) — স্ত্রীং, সপ্তচ্ছদ [illegible] ত্রিং, অনেক পত্রযুক্ত।

বহুপাদ্, বহুপাদ, (বহু=অনেক—পাদ =পাদ এই বৃক্ষের শাখা হইতে ঝুরি নামে। ঐ ঝুরিগুলি পুনরায় শিকড়রূপে পরিণত হয়) সং, পুং, বটবৃক্ষ।

বহুপ্রজ, (বহু=অধিক—প্রজা=সন্তান) সং, পুং, শূকর। মুঞ্জতৃণ। বিং, ত্রিং, বহুপ্রজাবিশিষ্ট, যাহার অনেক প্রজা

বহুপ্রদ, (বহু=অনেক—প্রদ=যে দান করে) বিং ত্রিং বদান্য অতিশয় দাতা দানবীর।

বহুপ্রসূ, (বহু=অনেক—প্রসূ=যে সন্তান প্রসব করে) সং, স্ত্রীং, যে স্ত্রী অনেক সন্তান প্রসব করিয়াছে। কৃমিলা।

বহুফল, (বহু=অধিক—ফল, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কদম্ববৃক্ষ। লী—স্ত্রীং,আমলকী বৃক্ষ। বিং, ত্রিং, বহুফলবিশিষ্ট, উর্ব্বর

বহুভাষী, (বহুভাষিন্ বহু=অধিক—

ভাষী=যে বলে) বিং, ত্রিং, বাচাল, যে অনেক কথা বলে, বাবদূক।
বহুমত, (বহু—মন্=বোধকরা+ক্ত—প্রং) বিং, ত্রিং, অতিশয় আদৃত। সম্মানিত। "গোতমী জাদে। ভত্তুণো বহুমদা হোহি" শকুন্তলা।
বহুমল, (বহু=অধিক—মল=মলা) সং, পুং, সীসক, সীসা। বিং, ত্রিং, অনেক মলযুক্ত।
বহুমান, (বহু—মান=আদর, সম্মান) সং, পুং, অতিশয় সম্মান, অতিশয় মর্য্যাদা।
বহুমূর্দ্ধা, (বহুমূর্দ্ধন্, বহু=অনেক+মূর্দ্ধন্=মস্তক) বিং,ত্রিং,যাহার অনেক মস্তক সং, পুং, বিষ্ণু। রাক্ষস শরীর। রাবণ।
বহুমূল, (বহু=অধিক—মূল, ৬ষ্ঠী—হিং) সং, পুং, তৃণবিশেষ, উৎকট তৃণ। বিং, ত্রিং, বহুমূলবিশিষ্ট বৃক্ষলতাদি।
বহুমূল্য, (বহু=অধিক—মূল্য=দাম) বিং, ত্রিং, মহার্ঘ, যাহার অনেক দাম।
বহুরূপ, (বহু=অনেক—রূপ=মূর্ত্তি) সং, পুং, সর্জ্জরস, ধূনা। শিব। বিষ্ণু। ব্রহ্মা। কামদেব। শরট,কৃকলাস। কেশ। বুদ্ধবিশেষ। বিং, ত্রিং, নানারূপধারী। —পা—স্ত্রীং, দুর্গা।—পী; বিং, ত্রিং, নানা বেশধারী।
বহুরেতাঃ (বহুরেতস্, বহু=অধিক—রেতস্=শুক্র) সং, পুং, ব্রহ্মা।
বহুরোমা, (বহুরোমন্, বহু=অধিক—রোমন্=লোম) সং, পুং, মেষ, ভেড়া। বিং, ত্রিং, অনেক লোমযুক্ত, লোমশ।
বহুল, (বহু—লা=দানকরা+ড—প্রং) বিং,ত্রিং, অনেক, অধিক, প্রচুর। কৃষ্ণ বর্ণবিশিষ্ট। সং, পুং, অগ্নি। কৃষ্ণপক্ষ। কৃষ্ণবর্ণ। ক্লীং, আকাশ। লা—স্ত্রীং, গাভী। এলালতা। নীলীবৃক্ষ।
বহুলীকৃত, (বহুল=অধিক—কৃত=করা-হইয়াছে+চ্বি, ল=লী) বিং, ত্রিং, বিপুলীকৃত,বিস্তারিত। অপনীত তুষ। পূত।
বহুবচন, (বহু—বচন=কথন) সং, ক্লীং, যাহাদ্বারা অনেক বস্তু বুঝায়। অনেক বাক্য।
বহুবল, (বহু—বল=শক্তি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সিংহ। বিং, ত্রিং, অতিশয় বলযুক্ত। [ত্রিং, নানারূপ, বিবিধ।
বহুবিধ, (বহু=নানা—বিধ=প্রকার) বিং,
বহুবীজ, (বহু=অনেক—বীজ) সং, ক্লীং, আতাপ্য, গণ্ডগাত্র, আতাফল।
বহুব্রীহি, (বহু—ব্রীহি=শস্য) সং, পুং, সমাসবিশেষ, যে যে পদে সমাস করা যায় সেই সেই পদের অর্থ না বুঝাইয়া যাহাতে অন্য বস্তু বা ব্যক্তিবুঝায়। বিং, ত্রিং, বহুধান্যবিশিষ্ট।
বহুশঃ, (বহুশস্, বহু+চশস্—বারার্থে) ক্রিং—বিং, অং, বাহুল্যরূপে। বহুবার, অনেকশঃ।
বহুশত্রু, (বহু=অনেক, শত্রু=অরি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চটক, চড়ুই পাখী। বিং, ত্রিং, অনেক শত্রুবিশিষ্ট
বহুশ্রুত, (বহু=অনেক —শ্রুত=যিনি অনেক বার বেদাদি শ্রবণ করিয়াছেন, ৩য়া—হিং) বিং, ত্রিং, সুশিক্ষিত, সুপণ্ডিত, বেদাদি শাস্ত্রজ্ঞ।
বহুসন্ততি, (বহু=অধিক—সন্ততি=বিস্তার, সন্তান) সং, পুং, ব্রহ্মযষ্টি, বেউড় বাঁশ। অনেক সন্তানবিশিষ্ট।
বহুসার, (বহু—সার=সারভাগ) সং, পুং, খদিরবৃক্ষ। [স্ত্রীং, শূকরী। বহুপ্রসবা।
বহুসূ, (বহু=অনেক—সূ=প্রসব) সং,
বহুসূতি, (বহু=অনেক—সূ=প্রসবকরা+ক্তি—ভা) সং, স্ত্রীং, বহ্বপত্যা গৌ, বহুবৎসপ্রসবিনী গাভী।
বহুস্বন } বহুস্বর } (বহু—স্বন,স্বর=শব্দ,৬ষ্ঠী—হিং)সং,পুং,পেচক, প্যাঁচা। বিং, ত্রিং, বহুশব্দ বিশিষ্ট, অনেকশব্দ যুক্ত।
বহ্বপত্য, (বহু=অনেক—অপত্য=সন্তান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শূকর। মূ-

ষিক। বিং, ত্রিং, বহুসন্তানযুক্ত।

বহ্বাশী, (বহ্বাশিন্, বহু=অধিক—আশিন্=যে ভোজনকরে) বিং, ত্রিং, বহুভোজনশীল। বহু আকাঙ্ক্ষাবিশিষ্ট, অতৃপ্ত। [বিং, ত্রিং, বহুমন্ত্রযুক্ত।

বহ্বৃচ, (বহু=অনেক—ঋচ্=বেদমন্ত্র)

বহ্বৃচ, (বহু=অনেক—ঋচ্=বেদমন্ত্র+ষ্ণ—প্রং) সং, পুং, ঋগ্বেদ, ঋগ্বেদের চরণ। ক্লীং, সূক্ত, উত্তমবাক্যখ' বিং, ত্রিং, ঋগ্বেদবেত্তা।

বহ্বৃচী, (বহু=অনেক—ঋচ্=বেদমন্ত্র+ষ্ণ, ঈপ্—প্রং) সং, স্ত্রীং, ঋগ্বেদবেত্তার ভার্য্যা। [কিম্বা। অন্তঃস্থ "বা" দেখ।

বা, অং, উপমা। বিকল্পবোধকশব্দ।

বাড়ব, (বড়বা=ঘোটকী+ষ্ণ—বিদ্যমানার্থে) সং, পুং, বড়বামুখোদ্ভূত অগ্নি, সমুদ্রীয় অগ্নি, বাড়বানল। ব্রাহ্মণ। ক্লীং, বড়বাসমূহ। করণবিশেষ। পুং—ক্লীং, পাতাল। বিং,ত্রিং,বড়বাসম্বন্ধীয়।

বাড়বাগ্নি, বাড়বানল, (বড়বাগ্নি, বড়বানল+ষ্ণ—স্বার্থে, বিদ্যমানার্থে,সং,পুং, বড়বানল, সমুদ্রীয়অগ্নি। নরকবিশেষ।

বাড়বেয়,(বড়বা=অশ্বমুখী সমুদ্রস্থা দেবী বিশেষ, অশ্বিনীকুমারের মাতা+ষ্ণেয়—অপত্যার্থে) সং, পুং, দ্বি, অশ্বিনীকুমার। পুং, সমুদ্রীয় অগ্নি। বিং, ত্রিং, বড়বাসম্বন্ধীয়।

বাড়ব্য, (বাড়ব=ব্রাহ্মণ+ষ্ণ্য—সমূহার্থে) সং, ক্লীং, ব্রাহ্মণসমূহ। (বড়বা+ষ্ণ্য—ইদমর্থে) বিং, ত্রিং, বড়বা-সম্বন্ধীয়।

বাণ, (বণ্=শব্দকরা, গমনকরা+ঘঞ্—প্রং) সং, পুং, শর, তীর। অগ্নি। বলিরাজার জ্যেষ্ঠ পুত্র, বাণরাজা। শব্দ। কবিবিশেষ। গোস্তন। পুং, ণী—স্ত্রীং, নীলঝিণ্টী বৃক্ষ। ক্লীং,নীলঝিণ্টী পুষ্প। ণি, ণী—স্ত্রীং, সরস্বতী। বয়ন।

বাণগঙ্গা, সং. স্ত্রীং, রাবণবাণনির্ভিন্ন সোমেশ্বরগিরিভব নদীবিশেষ।

বাণিজ, (বণিজ্+ষ্ণ্য—প্রং) সং, পুং, বণিক্, ক্রয়বিক্রয়কারী। বাড়বানল।

বাণিজিক, (বণিজ্+ষ্ণিক—প্রং) সং,পুং, বণিক্, ক্রয়বিক্রয়কারী। বাড়বানল। প্রতারক, শঠ, ধূর্ত্ত। ক্লীং, ক্রয়বিক্রয়।

বাণিজ্য, (বণিজ্+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, বণিক্‌বৃত্তি, ক্রয়বিক্রয়।

বাণিজ্যবায়ু, (Trade-wind) ঈশানকোণ ও অগ্নিকোণ হইতে যে বায়ু নিয়ত প্রবাহিত হয়।

বাদর, (বদর=কার্পাস+ষ্ণ—কৃতার্থে) বিং, ত্রিং, কার্পাসনির্ম্মিত বস্ত্রাদি। সং, পুং কুলগাছ। ক্লীং, কুলফল। কার্পাসসূত্র। পুং, রা—স্ত্রীং, কার্পাসবৃক্ষ, কাপাসগাছ।

বাদরায়ণ, (বাদর=তীর্থস্থান—অয়ন=গমন, ৬ষ্ঠী—হিং। সং, পুং, বেদব্যাস, ব্যাসদেব। বদরিকাশ্রমে নিত্যাবস্থিতি বশতঃ বেদব্যাস এইনামে অভিহিত হইয়া থাকেন।

বাদরায়ণি, (বাদরায়ণ+ষ্ণি—স্বার্থে অপত্যার্থে) সং, পুং, ব্যাসদেব। শুকদেব।

বাধ, (বাধ্=পীড়নকরা, ব্যাঘাতকরা+ঘঞ্—ভা) সং, পুং, প্রতিবন্ধ, ব্যাঘাত, বারণ, রোধ। উপদ্রব। পীড়া। কণ্টক। ন্যায়মতে সাধ্যাভাববৎপক্ষ। বিং, ত্রিং, বাধক।

বাধক, (বাধ দেখ, ণক—ক) বিং, ত্রিং, বাধাজনক, প্রতিবন্ধক, নিবারক, নিষেধক। বিরোধী। সং, পুং, স্ত্রীলোকের সন্তানজনন-প্রতিবন্ধক রোগবিশেষ।

বাধন, (বাধ দেখ, অনট্—ভা) সং, ক্লীং, পীড়া,ক্লেশ। প্রতিবন্ধ,নিষেধ। উপদ্রব।

বাধা, (বাধ দেখ, আ—ভা) সং, স্ত্রীং, ব্যথা, দুঃখ। ভয়। প্রতিবন্ধ। নিষেধ। উপদ্রব।

বাধিত, (বাধ দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বাধাযুক্ত। পীড়িত, ব্যথিত। প্রতিবদ্ধ। ব্যাহত। নিবারিত। নিরুদ্ধ। বশীভূত

অধীন। বশ।

বাধির্য্য, (বধির+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, শ্রবণশক্তিরাহিত্য, বধিরতা।

বাধ্য, (বাধ দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, বারণযোগ্য, নিবার্য্য, নিষিদ্ধ। পীড়নীয়। বশীভূত। বিনয়ী।

বাধ্রীনস, সং, পুং, খড়্গী, গণ্ডার।

বান্ধকিনেয়, (বন্ধকী=অসতী+ঢেয়—অপত্যার্থে। ন—আগম) সং, পুং, অসতীপুত্র, জারজ সন্তান।

বান্ধব, (বন্ধু+ষ্ণ—স্বার্থে) সং, পুং, বন্ধু, জ্ঞাতি। মিত্র, সুহৃদ্, আত্মীয়, বন্ধু, স্বজন। ভ্রাতা। [সং, স্ত্রীং, দুর্গা।

বাভ্রবী, (বভ্রু=শিব+ষ্ণ, ঈপ্—প্রং)

বার্ব্বটীর, (বর্ব্বটী=বেশ্যা+র-অপত্যার্থে) সং, পুং, অসতীপুত্র, জারজ। আম্রপল্লব, চূতাঙ্কুর। দস্তা, টিন্।

বাল, (বল্=বৃদ্ধিপাওয়া+ঘঞ্—ক) সং, পুং, ১৬বৎসর পর্য্যন্ত বয়স্ক। "আষোড়শাদ্ভবেদ্বালস্তরুণস্তত উচ্যতে বৃদ্ধঃস্যাৎ সপ্ততেরূর্দ্ধং বর্ষীয়ান্নবতেঃপরম্"। "অমৃতং বালভাষিতং"। লাঙ্গূল, বালধি। "তং কেশপাশং প্রসমীক্ষ্য কুর্য্যুর্বালপ্রিয়ত্বং শিথিলং চমর্য্যঃ" কুমারসম্ভব। কেশ। ঘোটকশিশু, ঘোড়ার বাচ্ছা। পঞ্চবর্ষীয় হস্তী। নারিকেল বৃক্ষ। মৎস্যবিশেষ। পুং—ক্লীং, গন্ধদ্রব্যবিশেষ, বালা। বিং, ত্রিং, অজ্ঞান, মূর্খ। নূতন। বালক। লা—স্ত্রীং,যুবতী নারী, ষোড়শবর্ষীয়া কামিনী। "জানে তপসো বীর্য্যং সা বালা পরবতীতি মে বিদিতং" শকুন্তলা। লা, লী-স্ত্রীং, বলয়ভূষণ।

বালক, (পূর্ব্বে দেখ, ক—যোগ) সং, পুং, শিশু। অজ্ঞ। ঘোটকপুচ্ছ হস্তিবালধি। বলয়, বালা। অঙ্গুরীয়ক, আংটী। লাঙ্গূল। গন্ধদ্রব্যবিশেষ। ক্লীং, অঙ্গুরীয়ক। লিকা—স্ত্রীং, বালা, কন্যা। বালুকা। কর্ণভূষণ। এলাচ

বালকৃমি, (বাল=কেশ—কৃমি=কীট) সং, পুং, কেশকীট, উকুণ।

বালখিল্য, বালিখিল্য, সং, পুং, বৃদ্ধাঙ্গুষ্ঠ পরিমাণ মুনিবিশেষ। ব্রহ্মার শরীরস্থ লোম হইতে ষষ্টি সহস্র বালখিল্য প্রাদুর্ভূত হয়েন।

বালগর্ভিণী, (বাল=শাবক—গর্ভিণী=গর্ভবতী) সং,স্ত্রীং, প্রথম গর্ভবতী গাভি। পলিক্নি।

বালগ্রহ, (বাল=বালক—গ্রহ) সং, পুং, বালকের ক্লেশদায়ক গ্রহবিশেষ।

বালচর্য্য, (বাল=সন্তান—চর্য্য=আচরণ) সং,পুং,কার্ত্তিকেয়। ক্লীং,বালকের চরিত্র।

বালতন্ত্র, (Midwifery) (বাল=শিশু—তন্ত্র=নিয়ম, কার্য্যপ্রণালী) সং, ক্লীং, গর্ভিণীচর্য্যা, গর্ভিণীসেবা। কুমারভৃত্যা, বালচিকিৎসা।

বালধন, (বাল=বালক—ধন=সম্পত্তি, ৬ষ্ঠী—য) সং, ক্লীং, নাবালকের ধন, অপ্রাপ্তবয়স্ক বালকের সম্পত্তি।

বালধি, (বাল=কেশ—ধা=ধারণকরা+কি—প্রং) সং, পুং, কেশযুক্তলাঙ্গুল, পুচ্ছ। চামর।

বালপত্র, (বাল=ক্ষুদ্র—পত্র=পাতা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, খদির, খয়ের।

বালপাশ্যা, (বাল=কেশ—পাশ=বন্ধনী কিম্বা গোছা+ষ্ণ্য—প্রং) সং, স্ত্রীং, স্ত্রীলোকদিগের ললাটভূষণ, সিঁতি। বালপাশস্থিত মণি।

বালপুষ্পী, (বাল=কেশ—পুষ্প=ফুল, যে বৃক্ষের পুষ্প রমণীগণ কেশপাশে ধারণ করেন, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, যূথিকা, যুঁই ফুলের গাছ।

বালভদ্রক, সং, পুং,বিষবিশেষ। শাস্তব।

বালমূষিকা, (বাল=ক্ষুদ্র—মূষিক=ইন্দুর) সং, স্ত্রীং, ক্ষুদ্র মূষিক, নেঙ্‌টে ইঁদুর।

বালরাজ, (বাল=বালক-রাজ=যে দীপ্তি-পায়) সং, ক্লীং, বৈদূর্য্যমণি। পুং, বালকশ্রেষ্ঠ।

বালবৎস, (বাল=সন্তান—বৎস=প্রিয়)

সং, পুং, কপোত, পায়রা।

বালবায়জ, (বালবায়=দেশবিশেষ—জ =উৎপন্ন) সং, ক্লীং, বৈদূর্য্যমণি।

বালবাহ্য, (বাল=কেশ—বহ্=পাওয়া, বহা+ঘঞ্—প্রং) সং, পুং, বন্যছাগল। বিং, ত্রিং, বালকবহনীয়।

বালব্যজন, (বাল=কেশ—ব্যজন=পাখা, চমর প্রভৃতি পশুবিশেষের পুচ্ছে ইহা প্রস্তুত হয় বলিয়া) সং, ক্লীং, চামর, প্রকীর্ণক। "যস্যার্থযুক্তং নগরাজশব্দং কুর্ব্বন্তি বালব্যজনৈশ্চমর্য্যঃ" কুমার।

বালব্রত, সং, পুং, স্বনামপ্রসিদ্ধ জৈন মুনি, মঞ্জু ঘোষ।

বালসন্ধ্যাভ, (বালসন্ধ্যা—আভা=দীপ্তি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অরুণবর্ণ, লোহিতবর্ণ। [প্রাতঃকালীন সূর্য্য, বালার্ক।

বালসূর্য্য, সং, ক্লীং, বৈদূর্য্যমণি। পুং,

বালহস্ত,(বাল=কেশ-হস্ত, বালই হস্তস্বরূপ) সং,পুং, বালধি, লোমযুক্ত লাঙ্গূল। কেশগুচ্ছ।[কালীন সূর্য্য,নবোদিত সূর্য্য।

বালার্ক, (বাল—অর্ক=সূর্য্য) সং,পুং,প্রাতঃ

বালি, বালী, (বালিন্, বাল কেশ+ই, ইন্-প্রং। সং, পুং, ইন্দ্রপুত্র বানররাজবিশেষ কিষ্কিন্ধ্যাধিপতি। প্রথিত আছে যে বালী জননীর কেশ হইতে উৎপন্ন হইয়াছিলেন।

বালিন, (বাল=কেশ+ইন—প্রং। পূর্ব্বে দেখ) সং, পুং, ইন্দ্রপুত্র, বানররাজ। নী—স্ত্রীং, অশ্বিনী নক্ষত্র।

বালিশ, (বাড়ি [বাড়্ "স্নানকরা" বৃদ্ধি পাওয়া+ণিন্—প্রং] বৃদ্ধি—শো=নাশকরা+ড—প্রং, অথবা বলি—শী=শয়নকরা+ড—প্রং) বিং, ত্রিং, শিশু। মূর্খ, অজ্ঞান। "বালিশো বত কামাত্মা রাজা দশরথো ভৃশং" রামায়ণ। সং, স্ত্রীং, উপাধান।

বালিহন্তা—ন্তৃ, } (বালি, বালিন্ বানর-
বালিহা—হন্, } রাজবিশেষ—হন্তৃ, হন্=যে বধ করে, ২য়া—ষ) সং, পুং, রামচন্দ্র। ওড্রদেশান্তর্গত স্থানবিশেষ

বালীশ, সং, পুং, মূত্রকৃচ্ছ্র রোগ।

বালুকা, (বল্—বৃদ্ধিপাওয়া+উণ্—প্রং, ক—যোগে) সং, স্ত্রীং, সিকতা, বালি। কর্পূর। শাখা। হস্তপদাদি। কর্কটী। ঘটিকাযন্ত্রবিশেষ।

বালুকাগড়, (বালুকা=বালি,গড়্=ক্ষরিত হওয়া, গড়িয়া যাওয়া + অল্—প্রং) সং, পুং, মৎস্যবিশেষ, বেলেমাছ। সেতাঙ্ক।

বালুকাত্মিকা, (বালুকা—আত্মন্=স্বরূপ ,+ক=প্রং) সং, স্ত্রীং, শর্করা, চিনি। বিং, ত্রিং, বালুকাময়।

বালূক, সং, পুং, বিষবিশেষ।

বালেয়, (বাল+ঢেয়—প্রং) সং, পুং, গর্দ্দভ। দৈত্যবিশেষ। অঙ্গারবল্লরী। চাণক্যমূলক। বিং, ত্রিং, পূজার যোগ্য। মৃদু, কোমল। (বাল+ঢেয়—প্রং, বালকের উপযুক্ত, বালকের মঙ্গলকর।

বালোপবীত,(বাল=বালক-উপবীত-যজ্ঞসূত্র,পৈতা) সং,ক্লীং,দ্বিজ বালকের যজ্ঞসূত্র। বালকের পরিধেয় বস্ত্র। পঞ্চাবটী।

বাল্য, (বাল+ষ্ণ্য-ভাবে) সং,ক্লীং,শৈশব, বাল্যাবস্থা, ১৬ বর্ষ পর্য্যন্ত। "বাল্যাৎ পরং সাথ বয়ঃ প্রপেদে" কুমার।

বাষ্প,বাস্প,(বাধ্=ব্যাঘাতকরা+প—সংজ্ঞার্থে,ধ—ষ্। অন্তঃস্থ বও হয়)সং,পুং, নেত্রজল,অশ্রু। উষ্মা। স্বেদ। সূক্ষ্ম শ্লেষ্মকণা। ধূম। কণ্ঠবারি(Rheum)। লৌহ।

বাষ্পপোত, বাষ্পীয়পোত, } (Steam-
বাষ্পীয়তরণী, বাষ্পীয়নৌকা, } Ship, Steam boat) কলের জাহাজ।

বাষ্পমান-যন্ত্র, (Hygrometer) যে যন্ত্রে বায়ুস্থিত বাষ্পের পরিমাণ অবধারণ করা যায়। [age) কলের গাড়ি।

বাষ্পশকট, বাষ্পীয়রথ, (Steam Carri-

বাষ্পীয়যন্ত্র, (Steam Engine) যে যন্ত্র বাষ্পদ্বারা চালিত হয়।

বাহু, (বাধ্=ব্যাঘাতকরা+উ—প্রং, ধ স্থানে হ) সং, পুং, ভুজ, প্রকোষ্ঠ, কক্ষ

হইতে অঙ্গুলির অগ্রভাগ পর্য্যন্ত অবয়ব। "রাজা। অয়ে! শান্তমিদমাশ্রমপদং, স্ফুরতি চ বাহুঃ, কুতঃ ফলমিহাস্য। অথবা ভবিতব্যানাং দ্বারাণি ভবন্তিসর্ব্বত্র" শকুন্তলা। ত্রিকোণ ক্ষেত্রের ভুজ।

বাহুক, (বাহু=ভুজ+ক—প্রং, অথবা—কৃ=করা+ড—প্রং) সং, পুং, কর্কোটক নাগ কর্তৃক দষ্ট হইয়া রূপান্তরপ্রাপ্ত সারথিবেশধারী নলরাজা, নৈষধ। কপি। বিং, ত্রিং, দাস, অধীন, সেবক।

বাহুকুণ্ঠ, বিং, ত্রিং, কুণ্ঠিত বাহুযুক্ত, দোর্খণ্ড, নুলো। [সং, পুং, পক্ষ, পাখা, গড়ুৎ।

বাহুকুন্থ, (বাহু=ভুজ—কুন্থ=যে ক্লিষ্ট হয়)

বাহুজ, (বাহু [ব্রহ্মার] ভুজ—জ=যে জন্মে, পঞ্চমী—ষ) সং, পুং, ক্ষত্রিয়, ব্রহ্মার বাহু হইতে উৎপন্ন। স্বয়ং জাত তিল। শুকপক্ষী।

বাহুত্রাণ, (বাহু=ভুজ—ত্রাণ=রক্ষণ) সং, ক্লীং, অস্ত্রাঘাতনিবারণার্থ বাহুবদ্ধ লৌহময় প্রাবরক। বাহুল।

দন্তী, (বহুদন্তিন্, বাহু=ভুজ—দন্ত=দাঁত+ইন্—প্রং) সং, পুং, ইন্দ্র

বাহুদা, (বাহু=ভুজ—দা=দাতা) সং, স্ত্রীং, নদীবিশেষ, (Hydaspes) ইহা হিমালয় হইতে নিঃসৃত হইয়া সিন্ধুনদের সহিত মিলিত হইয়াছে। প্রসিদ্ধি আছে যে, লিখিত নামে এক মুনি এইনদীতে স্নান করিয়া ছিন্ন হস্ত পুনঃ প্রাপ্ত হন, এই জন্য ইহার নাম বাহুদা হইয়াছে। বিং, ত্রিং, বাহুদাত্রী।

বাহুভূষা, (বাহু=ভুজ—ভূষা=ভূষণ) সং, স্ত্রীং, কেয়ূর, বাজু। হস্তালঙ্কারমাত্র।

বাহুমূল, (বাহু=ভুজ—মূল=অগ্রভাগ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, কক্ষ, দোর্মূল, বগল।

বাহুযুদ্ধ, (বাহু=ভুজ—যুদ্ধ=লড়াই) সং, ক্লীং, মল্লযুদ্ধ, হাতাহাতি যুদ্ধ।

বাহুল, (বাহুলী=কৃত্তিকা নক্ষত্রযুক্তা পৌর্ণমাসী—ষ্ণ—তদযুক্ত মাসার্থে) সং, পুং, কার্ত্তিকমাস। (বহুল=অগ্নি+ষ্ণ—স্বার্থে। ক—যোগে বাহুলকও হয়) অগ্নি। অগ্নির অধিষ্ঠাত্রী দেবতা। (বাহু—ল=যে লয়) ক্লীং, বাহুত্রাণ। (বহুল—অনেক+অন্—ভাবে) বহুলত্ব।

বাহুলেয়, (বহুলা=কৃত্তিকা+ঢেয়—অপত্যার্থে।) পুং, কার্ত্তিকেয়, ষড়ানন ইনি কৃত্তিকাকর্তৃক প্রতিপালিত হইয়াছিলেন। [আধিক্য, প্রাচুর্য্য। আতিশয্য।

বাহুল্য, (বহুল+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং,

বাহুসহস্রভৃৎ, (বাহু=ভুজ—সহস্র=হাজার—ভৃৎ=যে ধারণ করে) সং, পুং, কার্ত্তবীর্য্যার্জ্জুন। ইনি পরশুরাম কর্তৃক বিনষ্ট হন। [বাহুযুদ্ধ, হাতাহাতি, মল্লযুদ্ধ।

বাহুবাবহি, (বাহু—দ্বিত্ব+ই—প্রং) অং,

বিন্দু, (বিন্দ্=অবয়বীভূত হওয়া+উ—সংজ্ঞার্থে) সং, পুং, তরল দ্রব্যের কণা। ক্ষুদ্রচিহ্ন। অনুস্বার। ভ্রূমধ্য। জ্যামিতিতে যাহার অবস্থিতি আছে কিন্তু বিস্তৃতি নাই (Point) [ধারণকারী।

বিভ্রৎ, (ভৃ=ধারণকরা+শতৃ-ক) বিং, ত্রিং,

বীভৎস, (বীভৎসা [বধ্=নিন্দাকরা+সন্-স্বার্থে, দ্বিত্ব] নিন্দা+অল্-অস্ত্যর্থে) বিং, ত্রিং, ঘৃণাস্পদ, অত্যন্ত ঘৃণাকর, অতিশয় জঘন্য, জুগুপ্সিত। ক্রূর। পাপী। সং, পুং, বিকৃত। শৃঙ্গারাদি অষ্টরসান্তর্গত ষষ্ঠ রস, জুগুপ্সা যে রসের স্থায়িভাব। (বীভৎসু দেখ) অর্জ্জুন।

বীভৎসু, সং, পুং, অর্জ্জুন, পাণ্ডুরাজার তৃতীয় পুত্র, তিনি যুদ্ধক্ষেত্রে কদাপি কাহারও সহিত অন্যায় যুদ্ধে প্রবৃত্ত হন নাই, এই নিমিত্ত তাঁহার নাম বীভৎসু হইয়াছে।

বুক, (বুক্=শব্দকরা+অল্—প্রং) সং, ত্রিং, বক্ষোভ্যন্তরস্থ মাংসবিশেষ। অগ্র—মাংস। বক্ষঃস্থল, বুক। পুং, ছাগ।

বুক্কন, (বুক্=কুক্কুরাদির ন্যায় শব্দকরা+অনট্—ভা) সং, ক্লীং, কুক্কুরাদির শব্দ।

বুক্কাগ্রমাংস, (বুক্ক=বুক—অগ্র=প্রধান—মাংস) সং, ক্লীং, বক্ষঃস্থল। হৃদয়।

বুক্কার, (বুক্=কুক্কুরাদির ন্যায় শব্দকরা +আর—প্রং। এ দেশের সিংহের গর্জ্জন প্রায় অনেকাংশে কুক্কুরধ্বনিতুল্য) সং, পুং, সিংহের গর্জ্জন, সিংহধ্বনি।

বুদ্ধ, (বুধ=জানা+ক্ত—প্রং) সং, পুং, ভগবানের অবতারবিশেষ, দশ অবতার মধ্যে নবম অবতার। বৌদ্ধমতপ্রবর্ত্তক। পণ্ডিত, বিদ্বান্। বিং, ত্রিং, বিদিত, জ্ঞাত। জাগরিত।

বুদ্ধি, (বুধ্=জানা+ক্তি—প্রং) সং, স্ত্রীং, জ্ঞানশক্তি, বোধ, নিশ্চয়াত্মিকা অন্তঃকরণবৃত্তি। সবিকল্পকজ্ঞান। মহত্তত্ত্ব। অন্তঃকরণ।

বুদ্ধিজীবী, (বুদ্ধিজীবিন্, বুদ্ধি—জীব্=বাঁচা+ণিন্—ক) বিং ত্রিং, বুদ্ধিমান, জ্ঞানী।

বুদ্ধিমান্, (বুদ্ধিমৎ, বুদ্ধি+মতু—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বুদ্ধিবিশিষ্ট, জ্ঞানী। বিখ্যাত বিনীত, নম্র। শিক্ষণীয়। সং,পুং,মনুষ্য। স্ত্রীং, বুদ্ধির ধর্ম্ম, জ্ঞান।

বুদ্ধিবৃত্তি দ্বারা যাবতীয় পদার্থের সত্তা ও তাহাদের কাহার কিরূপ গুণ লব্ধি করিতে পারা যায়। ইহা দ্বারা বাহ্য বস্তু সমুদায়ের পরস্পর কি সম্বন্ধ ও তাহাদের মানব হৃদয়ের সহিতই বা কি উপযোগিতা তাহা ও অবধারণ করা যায়। বুদ্ধিবৃত্তিই ধর্ম্ম প্রবৃত্তি ও নিকৃষ্ট প্রবৃত্তিগণকে স্বস্ব ব্যাপারে নিয়োজিত করে। কার্য্যভাবনাশক্তি। উপলব্ধি। অনুভব।

বুদ্ধিসহায়, (বুদ্ধি=জ্ঞান—সহায়=সহচর) সং, পুং, মন্ত্রী, পরামর্শদাতা।

বুদ্ধীন্দ্রিয়, (বুদ্ধি—ইন্দ্রিয়, ৬ষ্ঠী—স) সং, ক্লীং, জ্ঞানেন্দ্রিয়, মনঃ, চক্ষুঃ, শ্রোত্র, নাসিকা, জিহ্বা এবং ত্বক্।

বুদ্বুদ, (বুদ্=অনুকরণশব্দ—বুদ্=আলোচনাকরা+ক—প্রং) সং, পুং, বর্ত্তুলাকার জলবিকার, জলবিম্ব, জলের ভুড়্ভুড়ি।

বুধ, (বুধ্=জানা+ক—ক। সং, পুং, পণ্ডিত, বিদ্বান্। চন্দ্রের পুত্র, বুধগ্রহ। চন্দ্রবংশীয় ভূপতিবিশেষ।

বুধতাত, (বুধ=স্বনাম প্রসিদ্ধ চন্দ্রবংশীয় রাজা—তাত=পিতা, ৬ষ্ঠী—ষ) রাজা বুধের পিতা, চন্দ্র। [কতমণি।

বুধরত্ন, (বুধ—রত্ন=মণি) সং, ক্লীং, মর-

বুধসুত, (বুধ=চন্দ্রের পুত্র—সুত=পুত্র) সং, পুং, পুরূরবা রাজা।

বুধান, (বুধ্=জানা+শান প্রং) সং, পুং, গুরু। বিজ্ঞ। জ্ঞানীব্যক্তি। ব্রহ্মবাদী। কবি। প্রিয়বাদী।

বুধাষ্টমী, সং, স্ত্রীং, ব্রতবিশেষ। চৈত্র পৌষ এবং হরিশয়নভিন্ন সময়ে বুধবারে যুক্তা শুক্লাষ্টমী। [অবগত, জ্ঞাত, বুদ্ধ।

বুধিত, (বুধ দেখ, ক্ত—ম্ম) বিং, ত্রিং,

বুধিল, (ইল, ক—শীলার্থে) বিং ত্রিং জ্ঞানী, বিদ্বান, পণ্ডিত।

বুধ্ন, (বুধ=বুধা +ন—সংজ্ঞার্থে) সং, পুং, মূল।

বুবুধান, (বুধ=জানা+কান—প্রং) সং, পুং, আচার্য্য। দেবতা। পণ্ডিত।

বুভুক্ষা, (ভুজ্=ভোজনকরা+সন—ইচ্ছার্থে, আপ্—প্রং) সং, স্ত্রীং, ভোজনেচ্ছা, ক্ষুধা।

বুভুক্ষিত, (বুভুক্ষা+ইত—জাতার্থে) বিং, ত্রিং, ক্ষুধিত। "বুভুক্ষিতঃ কিং ন করোতি পাপং। ক্ষীণা জনা নিষ্করুণা ভবন্তি" পঞ্চ।

বুভুৎসা, (বুধ্=জানা+সন্—ইচ্ছার্থে, আপ্—প্রং) সং, স্ত্রীং, জানিতে ইচ্ছা, জিজ্ঞাসা।

বুভূষা, (ভূ=হওয়া+সন্—ইচ্ছার্থে, আপ্, স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, সত্তবেচ্ছা, হইবার ইচ্ছা।

বুলি, (বুল্=ডুবিয়া ভাসিয়া উঠা+ই—প্রং) সং, স্ত্রীং, ভগ,স্ত্রীচিহ্ন,যোনি।

বুষ, বুস, (বুস্=ত্যাগকরা+ক—প্রং) সং, ক্লীং,কড়ঙ্গর, কুঁড়া,ভুষি। তুচ্ছধান্য,

আগড়া। ধন, অর্থ। শুষ্কগোময়, ঘুটে। ঘনাম্লদধি।

বৃসা, (বুনদেখ+আপ্ স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, (নাট্যোক্তিতে) কনিষ্ঠাভগ্নী।

বৃস্ত, (বুস্ত্=অনাদরকরা+অল্—প্রং) সং, ক্লীং, মাংসপিণ্ডকবিশেষ। স্থালীভৃষ্ট মাংস। পনসাদিফলের অসার ভাগ, কাঁটালের ভোঁতা প্রভৃতি।

বেকট, সং,পুং, মৎস্যবিশেষ। যুবা, বিদূষক।

বোদ্ধা, (বোদ্ধৃ, বুধ্=জানা+তৃন্—ক) বিং, ত্রিং, জ্ঞাতা, যে জানে, বুদ্ধিমান্, বিদ্বান্।

বোধ, (বুধ্=বুঝা+ঘঞ্—ভা) সং, পুং. জ্ঞান। বুদ্ধি। জাগরণ। উপলব্ধি। অনুমান। প্রবোধন।

বোধক, (বোধি=জানান+ণক—ক) বিং, ত্রিং, জ্ঞাপক, সূচক। সং, পুং, প্রণিধি, চর। শিক্ষক।

বোধকর, (বোধ=জাগরণ—কর=যে করে) সং, পুং, নিশান্তে যে জাগরিত করাইয়া দেয়। সং, পুং, বৈতালিক, স্তুতিপাঠক।

বোধন, (বুধ্=বুঝা, বিজ্ঞাপন করা+অনট্—ভা) সং, স্ত্রীং, ক্লীং, জ্ঞান। শিক্ষাদান, জ্ঞাপন, জানান। জাগরণ, জাগান। উত্তেজন, সন্দীপন, উদ্দীপন। সং, পুং, বুধগ্রহ। নী—স্ত্রীং, কার্ত্তিকী শুক্লা একাদশী,উত্থানৈকাদশী। পিপ্পলী সং, ক্লীং, ধুনা প্রভৃতিগন্ধদ্রব্য দাহন।

বোধনীয়, (বোধ্য) (বুধ্=জানা+অনীয়, য—র্ম্ম) বিং, ত্রিং, জ্ঞাতব্য, জানিবার যোগ্য, জ্ঞেয়।

বোধপ্রবাহ, (Sensative Stream) যে শক্তিপ্রভাবে শ্রবণ, চিন্তা দর্শন, ইত্যাদি কার্য্য করা যায়।

বোধবাসর, সং, পুং, ভগবানের প্রবোধদিন, উত্থানৈকাদশী।

বোধি, (বুধ=জানা+ইন্—প্রং) সং, পুং, যজ্ঞডুম্বরবৃক্ষ। অশ্বত্থবৃক্ষ। সমাধিবিশেষ। বোধ, বুদ্ধি। বিং,ত্রিং, জ্ঞাতা। বিদ্বান্।

বোধিত, (বোধি=জানান+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, জ্ঞাপিত। জাগরিত। প্রকাশিত।

বোধিতরু, বোধিদ্রুম, (বোধি=জ্ঞান—তরু, দ্রুম=বৃক্ষ) সং, পুং, অশ্বত্থ বৃক্ষ।

বোধিতব্য, (বোধি=জানান+তব্য—র্ম্ম) বিং, ত্রিং,জ্ঞাপনীয়,জানাইবার যোগ্য।

বোধিসত্ত্ব, (বোধি=বুদ্ধি—সত্ত্ব=সত্য) সং, পুং, বুদ্ধবিশেষ।

বৌদ্ধ, (বুদ্ধ+ষ্ণ—ইদমর্থে) সং, পুং, বুদ্ধশাস্ত্রাবলম্বী, নাস্তিক। ক্লীং, বুদ্ধকৃত নিরীশ্বর শাস্ত্র।

বৌধ, (বুধ+ষ্ণ—অপত্যার্থে) সং, পুং, বুধের পুত্র, পুরূরবা।

বৌধায়ন, সং, পুং, ঋষিবিশেষ।

ব্রততি—তী, (প্র—তন্=বিস্তৃত হওয়া+ক্তি—প্রং। প=ব) সং, স্ত্রীং, বল্লী, লতা। বিস্তার।

ব্রধ্ন, (বন্ধ্=বন্ধনকরা+ন—সংজ্ঞার্থে। বন্ধ=ব্রধ্) সং, পুং, বৃক্ষমূল, শিকড়। অর্কবৃক্ষ। শিব। সূর্য্য। ব্রহ্মা। রোগবিশেষ। পুত্র। শরীর।

ব্রহ্ম, (ব্রহ্মন্, বৃহ্ [মনুষ্যজাতি] বৃদ্ধিকরা+মনিন্—প্রং) সং, হ্মা—পুং, জগতের সৃষ্টিস্থিতি লয় কারণ, বিধাতা। ব্রাহ্মণ। পুরোহিতবিশেষ। যোগবিশেষ ক্লীং, পরমেশ্বর। বেদ। বেদমন্ত্র। তপ, ব্রহ্মতেজঃ। তত্ত্ব।

ব্রহ্মকন্যকা, (ব্রহ্মন্=ব্রহ্মা—কন্যা, এই দেবী ব্রহ্মার মস্তক হইতে জন্মিয়াছিলেন) সং,স্ত্রী,বাগ্‌দেবী,সরস্বতী। ব্রাহ্মী।

ব্রহ্মকূট, ব্রহ্মগিরি, (ব্রহ্মন্=ব্রহ্মা—কূট =পর্ব্বতের শৃঙ্গ, গিরি=পর্ব্বত,৬ষ্ঠী—ষ) সং, পুং, পর্ব্বতবিশেষ।

ব্রহ্মকূর্চ্চ, সং, ক্লীং, ব্রতবিশেষ, দিবারাত্র উপবাসের পর পঞ্চগব্যপানরূপ ব্রত।

ব্রহ্মচর্য্য, (ব্রহ্ম=বেদ—চর্য্য=আচরণ) সং, ক্লীং, ব্রহ্মচারীর ধর্ম্ম, চতুরাশ্রমান্তর্গত প্রথমাশ্রম। বৈরাগ্য ব্রতবিশেষ।

ব্রহ্মচারী, (ব্রহ্মচারিন্, ব্রহ্ম=বেদ—চর্=গমনকরা+ণিন্—ক) সং, পুং, প্রথমাশ্রমী, উপনয়নের পর যে ব্রাহ্মণ-তনয় গুরুগৃহে বাস করিয়া বেদাধ্যয়ন করে। বর্ণী, তপস্বী, বেদবিদ্। রিণী—স্ত্রীং, ব্রহ্মচর্য্যব্রতচারিণী স্ত্রী। দুর্গা।

ব্রহ্মজীবী, (ব্রহ্মজীবিন্, ব্রহ্ম=বেদ—জীবী=যে বাঁচে, তৃতীয়া—স) সং, পুং, অপবিত্র ব্রাহ্মণ। বৈতনিকব্রাহ্মণ, বেতন গ্রহণ করিয়া যে ব্রাহ্মণ বেদ শিক্ষা দেয়। বেদজীবী।

ব্রহ্মজ্ঞ, (ব্রহ্মন্—জ্ঞ=যে জানে) বিং, ত্রিং, বেদজ্ঞ। ব্রহ্মবেত্তা। তত্ত্বজ্ঞানী। ব্রহ্মজ্ঞানী। মুনিঋষিপ্রভৃতি।

ব্রহ্মজ্ঞান, সং, ক্লীং, ব্রহ্মবিষয়ক জ্ঞান, আত্মতত্ত্ববোধ। একাত্মবোধ।

ব্রহ্মণ্য, (ব্রহ্মন্+ষ্ণ্য—ইদমর্থে, ভাবে) বিং, ত্রিং, ব্রহ্ম বা ব্রাহ্মণ-সম্বন্ধীয়। সং, ক্লীং, ব্রহ্মতেজঃ। ব্রহ্মত্ব। পুং, বিষ্ণু। ব্রহ্মদারু বৃক্ষ, তুঁতগাছ। শনৈশ্চর।

ব্রহ্ম-তীর্থ, সং, ক্লীং, পুষ্করমূল, পুষ্করতীর্থ অঙ্গুষ্ঠমূলভাগ।

ব্রহ্মত্ব, (ব্রহ্মন্+ত্ব—ভাবে) সং, ক্লীং, ব্রহ্মভাব, ব্রহ্মসাযুজ্য, ব্রহ্মসাপূজ্য, ব্রহ্মপদ।

ব্রহ্মদণ্ড, (ব্রহ্ম=ব্রাহ্মণ—দণ্ড=যষ্টি) সং, পুং, ব্রাহ্মণের যষ্টি। বশিষ্টমুনির সিদ্ধ যষ্টি। ব্রাহ্মণের অভিশাপ।

ব্রহ্মদত্ত, (ব্রহ্ম=ব্রহ্মাতে—দত্ত=অর্পিত) সং, পুং, ইক্ষাকুবংশীয় নৃপতিবিশেষ।

ব্রহ্মদর্ভা, (ব্রহ্ম—দর্ভা=কুশ) সং, স্ত্রীং, যমানিকা, জোঁয়ান।

ব্রহ্মদায়, সং, পুং, বেদাধ্যয়নান্তর প্রাপ্ত ব্রাহ্মণ ধন। বেদবিদ্যাদান। [তুঁতগাছ।

ব্রহ্মদারু, (ব্রহ্মন্—দারু=বৃক্ষ) সং, পুং

ব্রহ্মদৈত্য, সং, পুং, প্রেতযোনি প্রাপ্ত ব্রাহ্মণ। অনূঢ় ব্রাহ্মণের ভূত।

ব্রহ্মনাভ, (ব্রহ্মন্=ব্রহ্মা—নাভি। যাঁহার নাভিতে ব্রহ্মা হইয়াছেন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিষ্ণু।

ব্রহ্মপাদপ, (ব্রহ্মন্=ব্রাহ্মণ—পাদপ=বৃক্ষ) সং, পুং, পলাশ বৃক্ষ।

ব্রহ্মপুত্র, (ব্রহ্মন্=ব্রহ্মা—পুত্র) সং, পুং, বিষবিশেষ। স্বনামখ্যাত নদ। তীর্থস্থান বিশেষ। ত্রী—স্ত্রীং, সরস্বতী নদী। বাগ্দেবী, সরস্বতী।

ব্রহ্মবন্ধু, (ব্রহ্মন্=ব্রহ্মা—বন্ধু=মিত্র) সং, পুং, কুৎসিত ব্রাহ্মণ, নিন্দিত ব্রাহ্মণ।

ব্রহ্মভূতি, সং, স্ত্রীং, সন্ধ্যাকাল।

ব্রহ্মভূয়, (ব্রহ্মন্—ভূয়=হওন, প্রাপণ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, ব্রহ্মত্ব, ব্রহ্মসাযুজ্য, ঈশ্বর স্বরূপ।

ব্রহ্মযজ্ঞ, (ব্রহ্মন্=বেদ—যজ্ঞ=যাগ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বিধিপূর্ব্বক বেদাধ্যয়ন। শিষ্যের অধ্যাপন।

ব্রহ্মযোনি, (ব্রহ্মন্—যোনি=উৎপত্তিস্থান) সং, পুং, পর্ব্বতবিশেষ, ব্রহ্মগিরি। কুরুক্ষেত্রে সরস্বতী নদীতীরে পৃথূদক নিকটস্থ তীর্থবিশেষ।

ব্রহ্মরন্ধ্র, সং, ক্লীং, মস্তকের মধ্যস্থান, ব্রহ্মতালু।

ব্রহ্মরাক্ষস, সং, পুং, ভূতবিশেষ, ব্রহ্মদৈত্য। মহাদেবের গণবিশেষ।

ব্রহ্মরাত্র, সং, পুং, ব্রাহ্মমুহূর্ত্ত।

ব্রহ্মরাত্রি, (ব্রহ্মন্—রারা=দানকরা+ত্রি। যিনি জনককে ব্রহ্মজ্ঞান দান করিয়াছিলেন) সং, পুং, যাজ্ঞবল্ক্য মুনি। স্ত্রীং, (ব্রহ্মন্—রাত্রি) ব্রহ্মার নিশা, দেবতাদের দুইসহস্র যুগ পরিমিত কাল।

ব্রহ্মর্ষি, (ব্রহ্মন্=ব্রাহ্মণ+ঋষি, রং—স) সং, পুং, বশিষ্ঠাদি মুনিগণ।

ব্রহ্মর্ষিদেশ, (ব্রহ্মর্ষি—দেশ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কুরুক্ষেত্র, মৎস্য, পঞ্চাল, শূরসেন—এই চতুষ্টয়।

ব্রহ্মলোক, (ব্রহ্মন্=ব্রহ্মা—লোক=জগৎ) সং, পুং, ব্রহ্মার ভুবন।

ব্রহ্মবদ্য, (ব্রহ্মন্=ব্রহ্মা—বদ্=বলা+য—প্রং) সং, ক্লীং, ব্রহ্মবাক্য।

ব্রহ্মবর্চ্চস, (ব্রহ্মন=ব্রাহ্মণ—বর্চ্চস=তেজঃ

৬ষ্ঠী—ষ, অ—প্রং) সং, ক্লীং, ব্রাহ্মণের তপোঽনুষ্ঠান ও বেদাধ্যয়নজনিত সম্পত্তি, ব্রহ্মতেজঃ।

ব্রহ্মবর্ত্ত, (ব্রহ্মন্=ব্রাহ্মণ—বৃৎ [বিদ্যমান থাকা] বাসকরা+অল্—প্রং) সং,পুং, ব্রহ্মাবর্ত্তদেশ।

ব্রহ্মবর্দ্ধন, (ব্রহ্মন্=ব্রাহ্মণ—বর্দ্ধন। যাহা দেবপূজার উপযোগী দ্রব্যমধ্যে অত্যন্ত প্রয়োজনীয়, সং, ক্লীং, তাম্র, তাঁমা।

ব্রহ্মবাদ, (ব্রহ্ম=বেদ—বাদ=কথন) সং, পুং, বেদাধ্যয়ন,বেদপাঠ। জ্ঞানাভ্যাস।

ব্রহ্মবাদী, (ব্রহ্মবাদিন্, ব্রহ্মন্=পরমেশ্বর—বাদী=যে বলে, হয়া—ষ) বিং, ত্রিং, বেদবক্তা, বেদান্তমতাবলম্বী। বেদাধ্যায়ী। ব্রহ্মোপাসক। ব্রাহ্ম। দিনী—স্ত্রীং, বেদমাতা, গায়ত্রী।

ব্রহ্মবিদ্যা—স্ত্রীং, ব্রহ্মবেদ—পুং, } (ব্রহ্মন্=ব্রহ্ম—বিদ্যা=শাস্ত্র, বেদ=জ্ঞান) সং, ব্রহ্মজ্ঞান, তত্ত্বজ্ঞান, বেদান্ত শাস্ত্র।

ব্রহ্মবিন্দু, (ব্রহ্ম=বেদ—বিন্দু=ফোঁটা)সং, পুং, বেদপাঠকালে মুখনির্গত নিষ্ঠীবন বিন্দু। [সং,স্ত্রীং,ব্রাহ্মণের জীবনোপায়।

ব্রহ্মবৃত্তি,(ব্রহ্মন্=ব্রাহ্মণ—বৃত্তি=জীবিকা)

ব্রহ্মবেদি, (ব্রহ্মন্=ব্রাহ্মণ—বেদি=দেশ) সং, স্ত্রীং, কুরুক্ষেত্রের অন্তর্গত দেশবিশেষ।

ব্রহ্মবৈবর্ত্ত, (ব্রহ্মন্—বিবর্ত্ত+ষঞ্—প্রং) সং, ক্লীং, অষ্টাদশ মহাপুরাণের অন্তর্গত দশম পুরাণ।

ব্রহ্মশল্য, (ব্রহ্মন্=ব্রাহ্মণ—শল্য=শেল) সং, পুং, সোমবল্ক, বাবলাগাছ।

ব্রহ্মশাসন, (ব্রহ্মন্—শাসন=আজ্ঞা) সং, পুং, ব্রহ্মার বিচারগৃহ। ধর্ম্মকীলক। ব্রহ্মার আজ্ঞা। নবদ্বীপের পূর্ব্বদক্ষিণ দিকস্থ জনপদ বিশেষ। [ময় অস্ত্রবিশেষ।

ব্রহ্মশিরঃ, (—রস্) সং, ক্লীং, ব্রহ্মতেজো-

ব্রহ্মসত্র, (ব্রহ্মন্——সত্র=যজ্ঞ) সং,ক্লীং, ব্রহ্মযজ্ঞ, বেদাধ্যয়ন।

ব্রহ্মসাযুজ্য, (ব্রহ্মন্=ঈশ্বর—সাযুজ্য [সযুজ্ যোগের সহিত+য—ভাবে] যুক্তত্ব, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, ব্রহ্মত্ব, ব্রহ্মভূয়, ব্রহ্মভাব, ঈশ্বরস্বরূপ। [মনু।

ব্রহ্মসাবর্ণি, সং, পুং, মনুবিশেষ, দশম-

ব্রহ্মসাষ্টিতা, (ব্রহ্ম—সাষ্টিতা=তুল্যতা) সং, স্ত্রীং, ব্রহ্মের সহিত সাদৃশ্য।

ব্রহ্মসূ, (ব্রহ্মন্=ব্রহ্মা—সূ=পুত্র) সং, পুং, প্রদ্যুম্ন। অনিরুদ্ধ। কামদেব।

ব্রহ্মসূত্র, (ব্রহ্মন্=ব্রাহ্মণ—সূত্র=সূতা, ৬ষ্ঠী—ষ) সং,ক্লীং, যজ্ঞোপবীত, পৈতা। সাবিত্রীসূত্র। শারীরিক সূত্র।

ব্রহ্মস্ব, (ব্রহ্মন্=ব্রাহ্মণ—স্ব=ধন) সং, ব্রাহ্মণের ধন।

ব্রহ্মহত্যা, (ব্রহ্মন্—হত্যা=বধ) সং,ক্লীং, ব্রাহ্মণ-বধ। "ব্রহ্মহত্যা সুরাপানং স্তেয়ং গুর্ব্বঙ্গনাগমঃ" মনু।

ব্রহ্মহা, (ব্রহ্মহন্,ব্রহ্মন্=ব্রাহ্মণ—হন্=বধকরা+ক্বিপ্—ক, ভূতকাল) বিং, ত্রিং, ব্রাহ্মণবিনাশকারী, ব্রাহ্মণবধকর্ত্তা। ব্রহ্মহত্যাকারী। "ব্রহ্মহাপি নরঃ পূজ্যো যস্যাস্তি বিপুলং ধনং" শূদ্রাপতি ব্রাহ্মণ।

ব্রহ্মহুত, (ব্রহ্মন্=ব্রাহ্মণ—হুত=তর্পিত) সং, ক্লীং, পঞ্চমহাযজ্ঞান্তর্গত যজ্ঞ বিশেষ। নৃযজ্ঞ, অতিথিপরিচর্য্যা।

ব্রহ্মাগ্রভূ, সং, পুং, অশ্ব, ঘোটক।

ব্রহ্মাঞ্জলি, (ব্রহ্ম=বেদ—অঞ্জলি=করপুট) সং, পুং,সামবেদ পাঠকালীন স্বর বিভাগার্থ কৃত অঞ্জলি। অধ্যয়নের পূর্ব্বে ও পশ্চাতে প্রণবোচ্চারণ পূর্ব্বক গুরুর নিকট কৃতাঞ্জলি। গুরুসম্মান।

ব্রহ্মাণী, (ব্রহ্মন্+ঈপ্—প্রং) সং, স্ত্রীং, ব্রহ্মার মাতৃগণের প্রথমা। দুর্গা। শক্তি। দেবীবিশেষ। ব্রহ্মার পত্নী। রেণুকা নামক গন্ধদ্রব্য। রাজরীতি।

ব্রহ্মাণ্ড, (ব্রহ্মন্=বিধাতা—অণ্ড=ডিম্ব, ৬ষ্ঠী—ষ, স্রষ্টা প্রথমে জল সৃজন করেন পরে তাহাতে বীর্য্য নিক্ষেপ করিলেন এবং সেই বীর্য্য হইতে সহস্রসূর্য্যতুল্য

দীপ্তিমান্ ডিম্বরূপে পরিণত হইল তাহাতেই ব্রহ্মাণ্ড নাম। "অপ এব সসর্জ্জাদৌ তাসু বীর্য্যমবাসৃজৎ। তদণ্ডমভবদ্ধৈমং সহস্রাংশুসমপ্রভং" মনু। সং, পুং, জগৎ, বিশ্বগোলক।

ব্রহ্মাত্মভূ, সং, পুং, অশ্ব, ঘোটক।

ব্রহ্মাভ্যাস, (ব্রহ্ম=বেদ—অভ্যাস=অলোচনা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বেদপাঠ, বেদাধ্যয়ন, পুনঃ পুনঃ বেদাবৃত্তি করণ।

ব্রহ্মাম্ভঃ, (ব্রহ্মাম্ভস্, ব্রহ্ম=ব্রাহ্মণ—অম্ভস্=জল) সং, ক্লীং, গোমূত্র, গোরুর চোনা।

ব্রহ্মারণ্য, (ব্রহ্ম=বেদ—অরণ্য=বন) সং, ক্লীং, বেদাধ্যয়ন-ভূমি, বেদাভ্যসন স্থান।

ব্রহ্মাবর্ত্ত, (ব্রহ্মন্=ব্রাহ্মণ—আবর্ত্ত=বাসস্থান) সং, পুং, দিল্লির উত্তর পশ্চিমস্থ কুরুক্ষেত্রের সন্নিহিত এবং সরস্বতী ও দৃষদ্বতী এই উভয় নদীর অন্তর্ব্বর্ত্তী ভূভাগ "সরস্বতী দৃষদ্বত্যোর্দ্দেবনদ্যোর্যদন্তরং। তদ্দেবনির্ম্মিতং দেশং ব্রহ্মাবর্ত্তং প্রচক্ষতে" ॥ মনু।

ব্রহ্মাসন, (ব্রহ্মন্=ব্রহ্মা—আসন, ৪র্থী—ষ) সং, ক্লীং, ধ্যানাসন। যোগাসন।

ব্রহ্মিষ্ঠ, (ব্রহ্মন্=ঈশ্বর—স্থা=থাকা+ড—প্রং) বিং, ত্রিং, ব্রহ্মজ্ঞানী, ব্রহ্মনিষ্ঠ। স্ত্রীং, দুর্গা।

ব্রহ্মী, (বৃহ্=বৃদ্ধি পাওয়া+মন, ঈ—প্রং) সং, স্ত্রীং, পঙ্কগড়কমৎস্য, পাঁকাল মাছ। শাক বিশেষ।

ব্রহ্মোত্তর, (ব্রহ্মন্—উত্তর) বিং, ত্রিং, ব্রাহ্মণ-স্বামিক ভূম্যাদি। ব্রাহ্মণকে যে-জমি নিষ্কর দেওয়া যায়।

ব্রহ্মোদ্য, (ব্রহ্মন্—বদ্=বলা+য—প্রং) সং, ক্লীং, ব্রহ্মবাক্য। বেদবাক্য।

ব্রহ্মৌদন, (ব্রহ্মন্=ব্রাহ্মণ—ওদন=অন্ন) সং, ক্লীং, যজ্ঞে ঋত্বিক্‌দিগকে প্রদত্ত অন্ন।

ব্রাহ্ম, (ব্রহ্মন্+অ—ইদমর্থে, সম্বন্ধার্থে, জ্ঞানার্থে) সং, ক্লীং, হস্তের বৃদ্ধাঙ্গুলিমূলদেশ। বিবাহবিশেষ। পুং, কন্যাকর্ত্তা কর্ত্তৃক সালঙ্কৃতা কন্যাকে গুণবান্ পাত্রে সম্প্রদান। ব্রহ্মপুরাণ। বেদাধ্যয়নানন্তর গুরুকুল হইতে সমাগত বিপ্রের পূজাদি রূপ রাজধর্ম্ম। নারদ, ব্রহ্মার পুত্র। বেদ। হ্মী—স্ত্রীং, ব্রাহ্মণপত্নী। ব্রহ্মার শক্তিবিশেষ, মাতৃবিশেষ। পীতবর্ণ পিপীলিকা। সরস্বতী। বৃক্ষবিশেষ। মৎস্যবিশেষ। মাঠি ব্যাঙ্। রোহিণীনক্ষত্র। বিং, ত্রিং, ব্রহ্মসম্বন্ধীয়। ব্রহ্মজ্ঞ।

ব্রাহ্মণ, (ব্রহ্মন্=বিপ্র বা প্রজাপতি+অণ্—অপত্যার্থে কিম্বা ব্রহ্মন্=বেদ+অণ্—অধ্যয়নার্থে। ব্রহ্মার মুখ হইতে উৎপত্তি বলিয়া অথবা যে বেদ অধ্যয়ন করে) সং, পুং, শ্রেষ্ঠবর্ণ, দ্বিজোত্তম। সমূহ। ক্লীং, বেদের অংশবিশেষ। ব্রাহ্মণসমূহ। ণী—স্ত্রীং, ব্রাহ্মণপত্নী। বোল্‌তা, ক্ষুদ্র পিপীলিকা, ফড়িঙ্গ, ঐ জাতীয় স্ত্রী। বিং, ত্রিং, ব্রহ্মজ্ঞ।

ব্রাহ্মণচাণ্ডাল, (ব্রাহ্মণ—চণ্ডাল=জাতিচ্যুত) সং, পুং, জাতিভ্রষ্ট ব্রাহ্মণ। ব্রাহ্মণেতর স্ত্রীতে আসক্ত ব্রাহ্মণ। ব্রাহ্মণীর গর্ভে শূদ্রের ঔরসজাত সন্তান।

ব্রাহ্মণব্রুব, (ব্রাহ্মণ—ব্রুব=যে বলে। যে আপনাকে অনুপযুক্তরূপে ব্রাহ্মণ বলে) সং, পুং, যিনি কেবল জাতিমাত্রেই ব্রাহ্মণ কিন্তু ব্রাহ্মণকর্ত্তব্য কোন কর্ম্মেরই অনুষ্ঠান করেন না। নীচব্যবসায়ী ব্রাহ্মণ। অপকৃষ্ট ব্রাহ্মণ।

ব্রাহ্মণযষ্টিকা, (ব্রাহ্মণ—যষ্টি+ক—প্রং) সং, পুং, বামন হাটীর গাছ।

ব্রাহ্মণায়ন, (ব্রাহ্মণ+ষ্ণায়ন—জাত্যর্থে) সং, পুং, বিশুদ্ধ বংশোদ্ভব ব্রাহ্মণ।

ব্রাহ্মণ্য, (ব্রাহ্মণ+ষ্ণ্য—ভাবে, সমূহার্থে) সং, ক্লীং, ব্রাহ্মণসমূহ। ব্রাহ্মণত্ব। বিপ্রজাতির ধর্ম্ম। পুং, শনিগ্রহ।

ব্রাহ্মমুহূর্ত্ত, সং, পুং, অরুণোদয় কালের প্রথম দণ্ডদ্বয়, সূর্য্যোদয়ের প্রাক্কাল। "ব্রাহ্মে মুহূর্ত্তে কিল তস্য দেবী কুমারকল্পং

সুষুবে কুমারং” রঘুবংশ।

ব্রাহ্মিকা, (ব্রাহ্মী+ক—প্রং) সং, স্ত্রীং, বামনহাটীর গাছ। ব্রহ্মধর্ম্মাবলম্বিনী স্ত্রী।

ব্রাহ্ম্য, (ব্রহ্মন্+য—প্রং) সং, ক্লীং, বিস্ময়। বিং, ত্রিং, ব্রহ্মসম্বন্ধীয়।

ব্রুবৎ, (ব্রু=বলা+শতৃ—ক) বিং, ত্রিং, যে বলিতেছে। বক্তা।

ব্রুবাণ, (ব্রু=বলা+শান—ক) বিং, ত্রিং, যে বলিতেছে, বক্তা, কথক।

ভ।

ভ, ব্যঞ্জনের চতুর্ব্বিংশ বর্ণ। (ভা=দীপ্তি-পাওয়া+অথবা ভী=ভয়করা-ড—প্রং) সং, ক্লীং,নক্ষত্র। গ্রহ। পুং,শুক্রাচার্য্য। রাশি। ভ্রান্তি। (ভণ্=শব্দকরা+ড—প্রং) ভ্রমর।

ভক্ত, (ভজ্=সেবাকরা ইত্যাদি+ক্ত—প্রং) সং, ক্লীং, ওদন, অন্ন, ভাত। উষ্ণোদকে সিদ্ধ শস্যমাত্র। বিং, ত্রিং,তৎপর, অনুরক্ত, সেবক, যাহার ভক্তি আছে। অনুগত, উপাসক। বিভক্ত। ভজনশীল।

ভক্তকর, (ভক্ত [ভজ্=পাককরা, ভাজা +ক্ত—র্ম্ম] পক্ক—কর=করণ) সং, পুং, কৃত্রিম ধূপ। বিং, ত্রিং, পাচক।

ভক্তকার, (ভক্ত=অন্ন—কার=যে করে) সং, পুং, পাচক, যে ব্যক্তি অন্ন পাক করে।

ভক্ততূর্য্য, (ভক্ত= অন্ন—তূর্য্য= বিবিধ বাদ্য-যন্ত্র) সং, ক্লীং, রাজা প্রভৃতি মহৎব্যক্তিগণের ভোজনকালে বাদনীয় বাদ্য।

ভক্তদাস, (ভক্ত=অন্ন—দাস) সং, পুং, [অন্নদাস, ভাতুড়ে।

ভক্তি, (ভজ্=সেবাকরা বা ভন্জ্=ভাঙ্গা +ক্তি—প্রং) সং, স্ত্রীং, পূজ্য ব্যক্তির প্রতি অনুরাগ, শ্রদ্ধা। সেবা। বিভাগ। ভঙ্গী। রচনা। গৌণীবৃত্তি। উপচার। আসক্তি। অবয়ব।

ভক্তিমান্, (ভক্তিমৎ, ভক্তি+মৎ—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ভক্তিবিশিষ্ট, ভক্ত। প্রসক্ত। যাহার ভক্তি আছে।

ভক্তিল, (ভক্তি=সেবা ইত্যাদি—ল=যে লয়) বিং, ত্রিং, ভক্তিবিশিষ্ট, ধর্ম্মপর। সং, পুং, কুলীনাশ্ব, উত্তম ঘোটক।

ভক্ষক, (ভক্ষ্=খাওয়া+ণক—ক) বিং, ত্রিং, ভক্ষণকারক, ভোক্তা, খাদক। “ভক্ষ্যভক্ষকয়োঃ প্রীতিঃ।”

ভক্ষকার, ভক্ষঙ্কার, } (ভক্ষ=খাদ্যদ্রব্য-কৃ=করা +ঘঞ্, খ—ক) সং,পুং, খাদ্যদ্রব্যকারক, মিষ্টান্নবিক্রেতা, ময়রা।

ভক্ষণ, (ভক্ষক দেখ, অনট্—ভা) সং, ক্লীং, ভোজন, খাদন, খাওয়া, আহার।

ভক্ষণীয়, ভক্ষ্য, (ভক্ষক দেখ, অনীয়, য—র্ম্ম) বিং, ত্রিং, ভোজ্য, ভোজনীয়, ভক্ষণযোগ্য। আহার্য্য।

ভক্ষিত, (ভক্ষক দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, খাদিত, ভুক্ত, অশিত। “ভক্ষিতেনাপি ভবতা নাহারো মম পুষ্কলঃ” হিতোপদেশ।

ভক্ষ্যকার, (ভক্ষ্য=ভক্ষণীয়—কার=যে প্রস্তুত করে) সং, পুং, ভক্ষণীয় দ্রব্য প্রস্তুতকারক। আপূপিক, পিষ্টকবিক্রয়জীবী। মোদকাদিবিক্রয়ী।

ভক্ষ্যপত্রা, সং, স্ত্রীং, তাম্বূলীলতা।

ভগ, (ভজ্=সেবাকরা+ঘঞ্—প্রং) সং, ক্লীং, ঐশ্বর্য্য, অভ্যুদয়, সৌভাগ্য, অদৃষ্ট। সৌন্দর্য্য। উৎকর্ষ, মাহাত্ম্য। ইচ্ছা, অভিলাষ, অনুরাগ। শক্তি, উৎসাহ। যত্ন, চেষ্টা, অধ্যবসায়। কীর্ত্তি, যশঃ। জ্ঞান। বৈরাগ্য, সংসারে বীতস্পৃহতা, শান্তি। ঐশ্বরিকশক্তি। ধর্ম্ম, মানসিক সদ্গুণ। পুরুষের মুষ্কমধ্যভাগ। মুক্তি, মোক্ষ। যোনি, স্ত্রীচিহ্ন। পূর্ব্বফল্গুণীনক্ষত্র। সং, পুং, সূর্য্য, দ্বাদশাদিত্যের অন্যতম আদিত্য। চন্দ্র। শিবের মূর্ত্তিবিশেষ।

ভগদত্ত, সং,পুং, নরকরাজার জ্যেষ্ঠপুত্র।

কামরূপেশ্বর নৃপবিশেষ, প্রাগ্‌জ্যোতিষপুরাধিপ।

ভগন্দর, (ভগ=শিশ্ন, যোনি—দৃ=বিদীর্ণ করা+খশ্—ক) সং, পুং, গুহ্যদ্বারে ব্রণরোগ। "ভগং পরিসমন্তাদ্দেষ গুদং গুদবস্তী তথৈবচ। ভগবদ্দারয়েৎ যস্মাৎ তস্মাদেষ ভগন্দরঃ"।

ভগবান্, (ভগবৎ, ভগ=ঐশ্বর্য্য ইত্যাদি +বৎ—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ভগযুক্ত, ঐশ্বর্য্যাদি ষড়্‌গুণবিশিষ্ট। পূজ্য। মান্য। শোভান্বিত। সং পুং, পরমেশ্বর। শ্রীকৃষ্ণ। বুদ্ধ। বতী-স্ত্রীং, দুর্গা। পূজ্যা। আরাধ্যা।

ভগাঙ্কুর, (ভগ=যোনি—অঙ্কুর) সং, পুং, যোনিদ্বারের উপরিস্থিত সূক্ষ্মাগ্র ক্ষুদ্র মাংসপিণ্ডবিশেষ, চিহ্ন। (Clitoris)

ভগাল, (ভগ=শিব—অল্=ভূষিতকরা+ অল্—প্রং) সং, ক্লীং, নৃকরোটি, নরমস্তক। মানুষের মাথার খুলি।

ভগালী, (ভগালিন্, ভগাল=মাথার খুলি +ইন্—অস্ত্যর্থে) সং, পুং, শিব।

ভগিনী, ভগ্নী, (ভগ=যত্ন+ইন্, ঈপ্— প্রং, যাহার পিতৃকুল হইতে দ্রব্যাদি সংগ্রহ করিতে যত্ন আছে) সং, স্ত্রীং, সহোদরা, স্বসা। স্ত্রীলোকমাত্র।

ভগীরথ, সং, পুং, দিলীপ রাজার পুত্র; সূর্য্যবংশীয় নৃপবিশেষ, যিনি পূর্ব্বপুরুষ উদ্ধারার্থ পৃথিবীতে গঙ্গাকে আনয়ন করেন। [সম্ভ্রমসূচক সম্বোধন পদ।

ভগোস্,(ভগবৎ=মান্য+ওস্—প্রং) অং,

ভগ্ন, (ভন্জ্=ভগ্নকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, পরাজিত। চূর্ণিত। বিদীর্ণ। বিঘট্টিত। রুগ্ন। নিরস্ত। অপমানিত। ছিন্ন। খণ্ডিত, ভাঙ্গা, চেরা। বিনষ্ট। "ভগ্নং ভীমেন ভবতো মরুতা রথকেতনং" বেণীসংহার।

ভগ্নপৃষ্ঠ, (ভগ্ন=অপমানিত—পৃষ্ঠ। পশ্চাৎস্থিত বিষয়ে অমনোযোগী) সং, পুং, পশ্চাদ্ভাগ। সম্মুখভাগ। বিং, ত্রিং, যাহার পৃষ্ঠদেশ ভাঙ্গিয়া গিয়াছে। পশ্চাৎবর্ত্তী। [বিশেষ। ক্রমভঙ্গ।

ভগ্নপ্রক্রমতা, সং, স্ত্রীং, কাব্যের দোষ-

ভগ্নসন্ধিক, (ভগ্ন—সন্ধি=মিলন+কপ —প্রং। মন্থন দ্বারা যাহা বিভক্ত হয়) সং, ক্লীং, তক্র, ঘোল।

ভগ্নাংশ, (Fraction) যে রাশি দ্বারা একের অংশ ব্যক্ত করা যায়, ভগ্নরাশি।

ভগ্নাত্মা, (ভগ্নাত্মন্, ভগ্ন=খণ্ডিত-আত্মন্ =দেহ। চন্দ্র বৃহস্পতির ভার্য্যার সতীত্ব রত্ন অপহরণ করাতে, শিব ক্রোধপরতন্ত্র হইয়া ইহাকে ত্রিশূল দ্বারা দ্বিখণ্ডিত করেন, এবং তজ্জন্যই চন্দ্রের নাম ভগ্নাত্মা হইল) সং, পুং, চন্দ্র।

ভঙ্কারী, ভঙ্গারী, সং, স্ত্রীং, চর্ম্মচটি, বাদুড়। দংশ, ডাঁশ।

ভঙ্গ, (ভগ্ন দেখ, ঘঞ্—ভা) সং, পুং, তরঙ্গ, ঢেউ। পরাজয়। রোগবিশেষ। কৌটিল্য। প্রতিবন্ধ। ভগ্নহওয়া। গমন। নাশ। হানি। জলনির্গম। নিরাস। ভেদ, বিদারণ রন্ধ্র, ছিদ্র। ছেদ, খণ্ড। ব্যসন। রোগমাত্র। ভঙ্গী। ভয়, বিচ্ছিত্তি।

ভঙ্গনয়, (ভঙ্গ—নয়)সং, পুং, তর্কখণ্ডন, তর্কসিদ্ধি।

ভঙ্গপ্রবণ, (Brittle) বিং, ত্রিং, ভঙ্গুর, কাচ প্রভৃতির ন্যায় যাহা সহজেই ভাঙ্গিয়া যায়। নশ্বর।

ভঙ্গবাসা, সং, স্ত্রীং, হরিদ্রা, হলুদ।

ভঙ্গসার্থ, (ভঙ্গ [ভঙ্গকরণ] শঠতা, ক্রূরতা ইত্যাদি—স=সহিত—অর্থ=অভিপ্রায়) বিং, ত্রিং, কুটিল, ক্রূর, বক্র। খল।

ভঙ্গা, (ভন্জ্=বিদারণকরা+ঘঞ্ ভা, আপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, ভাঙ্, সিদ্ধি। বৃক্ষবিশেষ, মাতুলানী বৃক্ষ।

ভঙ্গান, (ভঙ্গ=তরঙ্গ—অন্=জীবিত থাকা+অল্—প্রং) সং, পুং, মৎস্যবিশেষ, ভাঙ্গনমাছ। দীর্ঘ জঙ্গল।

ভঙ্গি, ভঙ্গী, (ভঙ্গ দেখ, ই—প্রং) সং, স্ত্রীং, বিচ্ছেদ। কৌটিল্য। ভেদ। ভঙ্গ।

চাতুরী। ব্যঙ্গ্য, সোৎপ্রাসোক্তি। তরঙ্গ ভঙ্গিমা। শোভা। পাত্র। রচনা বিন্যাস।

ভঙ্গিমা, (ভঙ্গিমন্, ভঙ্গ+ইমন্—ভাবে) সং, পুং, ভঙ্গি, ভাব, শোভা। লীলা, আক্ষেপ। রস। ইঙ্গিত।

ভঙ্গিমান্, (ভঙ্গিমৎ, ভঙ্গি=তরঙ্গ+মৎ —অস্ত্যর্থে) বিং, ত্রিং, তরঙ্গের ন্যায় পর্য্যায়ক্রমে উচ্চ ও নিম্ন, ঢেউখেলানে, তরঙ্গিত। [লতা, জ্ঞানবৈকল্য।

ভঙ্গীল, সং, ক্লীং, জ্ঞানেন্দ্রিয়ের বিক-

ভঙ্গুর, (ভগ্ন দেখ, ঘুর—ক, শীলার্থে) বিং, ত্রিং, বক্র, বাঁকা। ক্রূর, খল। অসৎ, ভঙ্গশীল, ভঙ্গপ্রবণ। বিনাশোন্মুখ। বিনশ্বর। সং, পুং, নদীর বাঁক।

ভজন, (ভজ্=সেবাকরা + অনট্—ভা) সং, ক্লীং, না—স্ত্রীং, ভাগ, সেবা। পূজা, উপাসনা, আরাধনা, ঐশ্বরীকগুণকীর্ত্তন। আশ্রয়গ্রহণ, শরণাপন্ন হওয়া। সং, পুং, শঙ্খধ্বনি।

ভজমান, (ভজন দেখ, শান—ক) বিং, ত্রিং, ন্যায্য, উপযুক্ত। সেবমান, উপাসনাকারী। বিভাজক, ভোগকারী।

ভজ্যমান, (ভজন দেখ, শান—ক। য, ম—আগম) বিং, ত্রিং, বিভাজ্যমান। সেব্যমান। (ভন্জ্=ভগ্নকরা+শান -ক। য,ম-আগম) খণ্ড্যমান। ছিদ্যমান।

ভঞ্জক, (ভঞ্জন দেখ, ণ্বুল—ক) বিং, ত্রিং, ভঙ্গকারক, ভঞ্জনকারক, নিষ্পত্তিকারক, নিরাসক।

ভঞ্জন, (ভন্জ্=ভগ্নকরা+অনট্—ভা) সং, ক্লীং, ভঙ্গ, খণ্ডন, নিরাস। ভগ্নকরণ। বিং, ত্রিং, ভঞ্জক।

ভঞ্জনক, (ভঞ্জন+ক—যোগ) সং, পুং, মুখরোগবিশেষ। যাহাতে দন্তাদি পড়িয়া যায়।

ভট, (ভট্=পোষণকরা ইত্যাদি+অল্ —প্রং) সং, পুং, যোদ্ধা, পামরবিশেষ, রজনীচর ম্লেচ্ছবিশেষ, বীর "পদে পদে সন্তি ভটা রণোদ্ভটা ন তেষু হিংসারস এষ পূর্য্যতে" নৈষধচরিত। বর্ণসঙ্কর জাতিবিশেষ।

ভটিত্র, (ভট দেখ, ইত্র—প্রং) বিং, ত্রিং, শূল্যপক্কমাংসাদি, শলাকাদ্বারা বিদ্ধ করিয়া সিদ্ধ মাংসাদি, সিক্‌কাবাব।

ভট্ট, সং, পুং, সুপণ্ডিত। মীমাংসক। দর্শনশাস্ত্রজ্ঞ। অধ্যাপক। জাতিবিশেষ, স্তুতিপাঠক, ভাট। শ্রেষ্ঠতা। স্বামিত্ব। শক্র।

ভট্টাচার্য্য, (ভট্ট=আচার্য্য) সং, পুং, দর্শনশাস্ত্রজ্ঞ। জ্ঞানী। অধ্যাপক। গৌড়ীয় পণ্ডিত ব্রাহ্মণের উপাধি।

ভট্টার, (ভট্ট=প্রভু—ঋ=গমনকরা বা পাওয়া+অণ্—প্রং) বিং, ত্রিং, মান্য, পূজ্য। সম্ভ্রান্ত।

ভট্টারক, (ভট্ট=এখানে ক্ষমতা—ঋ=গমনকরা বা পাওয়া+অণ্—প্রং, ক—যোগ) সং, পুং, নাট্যোক্তিতে—রাজা। দেবতা। মুনি, তপোধন। সূর্য্য। বিং, ত্রিং, পূজ্য। উপাস্য।

ভট্টি, সং, পুং, ভর্ত্তৃহরিপ্রণীত স্বনামখ্যাত রামকথাশ্রয় মহাকাব্য।

ভট্টিনী, (ভট্ট=প্রভু+ইন্, ঈপ্—প্রং) সং, স্ত্রীং, কৃতাভিষেকা রাজপত্নী। ব্রাহ্মণভার্য্যা। [বৃহৎভার নৌকাবিশেষ।

ভড়, সং, পুং, বর্ণসঙ্কর জাতিবিশেষ।

ভড়িল, (ভড্ [সৌত্রধাতু] সুখীহওয়া +ইল—প্রং) সং, পুং, সেবক, ভৃত্য। শূর, বীর।

ভণিত, (ভণ্=বলা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, শব্দিত, কথিত, উচ্চারিত। সং, ক্লীং, কথন। [প্রকাশকরণ।

ভণিতা—গ্রন্থকর্ত্তা বা রচয়িতার নাম

ভণিতি, (ভণিত দেখ+ক্তি—ভা) সং, স্ত্রীং, বাক্য, কথা, কথন।

ভণ্টাকী, (ভট্=পোষণ করা+আক—প্রং, ম—আগম) সং, স্ত্রীং, বার্ত্তাকী, বৃহতী, বেগুণ।

ভণ্ড, (ভনড্=ভাঁড়ামকরা+অ—প্রং) সং, পুং, কৌতুকী, মস্করা, ভাঁড়। নর্ম্মসচীব। প্রতারক। ধূর্ত্ত।

ভণ্ডক, (ভণ্ড+ক—যোগ) সং, পুং,

ভণ্ডতপস্বী, (ভণ্ড=প্রতারক-তপস্বী) সং, পুং, ভক্তবিটেল, কপটতপস্বী, বকধর্ম্মী।

ভণ্ডন, (ভন্ড্=প্রতারণা করা ইত্যাদি +অনট্—ভা) সং, ক্লীং, বঞ্চনা, ভাঁড়ান। নর্ম্ম, সাঁজোয়া। যুদ্ধ।

ভণ্ডহাসিনী, (ভণ্ড=ভাঁড়—হাসিনী=যে হাস্যকরে) সং, স্ত্রীং, গণিকা, বেশ্যা।

ভণ্ডামী, (দেশজ) সং, চাতুরী, ছল, ভণ্ডতা।

ভণ্ডি, (ভনড্=মাঙ্গলিক হওয়া+ই—প্রং) সং, স্ত্রীং, বীচি, তরঙ্গ, ঢেউ। বৃক্ষবিশেষ, মঞ্জিষ্ঠাবৃক্ষ। এই বৃক্ষের কাষ্ঠ হইতে একপ্রকার লাল রং প্রস্তুত হয়। মঞ্জিষ্ঠা।

ভণ্ডিকা, ভণ্ডী, ভণ্ডীতকী, ভণ্ডীরী, } (ভণ্ডি+ক—যোগ) সং, স্ত্রীং, মঞ্জিষ্ঠা লতা।

ভণ্ডির, ভণ্ডীর, ভণ্ডিল, ভণ্ডীল, } (ভন্ড্=মাঙ্গলিক হওয়া, সুখী হওয়া ইত্যাদি+ইর, ঈর, ঈর—প্রং। র=ল) সং, পুং, শিরীষবৃক্ষ।

ভণ্ডুক, (ভন্ড্=মাঙ্গলিক হওয়া+উক—প্রং) সং, পুং, মৎস্যবিশেষ, ভাঙ্গন মাছ।

ভদন্ত, (ভন্দ্=প্রীতহওয়া+অন্ত—প্রং) বিং, ত্রিং, মান্য, পূজ্য, সম্ভ্রান্ত। সং, পুং, সৌগতাদিবৌদ্ধ। মায়াদেবীসুত।

ভদাক, (ভন্দ্=শুভহওয়া+আক—সংজ্ঞার্থে) সং, পুং—ক্লীং, মঙ্গল, কল্যাণ, শুভ, কুশল।

ভদ্র, (ভদন্ত দেখ+র—প্রং) সং, ক্লীং, সৌভাগ্য। মঙ্গল। মুস্তক। স্বর্ণ, কাঞ্চন। ভাল। "ভদ্রং তস্য সুমানুষস্য কথমপ্যেকং হি তৎ প্রাপ্যতে" উত্তরচরিত। পুং, শিব। বৃষভ। গজবিশেষ। সমূহ। খঞ্জনপক্ষী। কদম্ব বৃক্ষ। রামের চরবিশেষ। নবগুরু-বলান্তর্গত বর্ষদেব। রামভদ্র। সুমেরু। বিং, ত্রিং, ভাগ্যবান্, কুশলী। শ্রেষ্ঠ, উত্তম, সাধু। ক্লীং, স্ত্রীং, করণ বিশেষ। দ্রা—স্ত্রীং, দ্বিতীয়া সপ্তমী দ্বাদশী তিথি। স্বর্গগঙ্গা। সুভদ্রা, কৃষ্ণেরভগিনী। নীল। কট্‌ফল নামক বৃক্ষ। শ্বেতদূর্ব্বা। রাস্না। জৈনদিগের উপাস্য শক্তিবিশেষ। গাভী। হরিদ্রা। ছায়াগর্ভজাত সূর্য্য-কন্যা। সুভদ্রা।

ভদ্রক, (ভদ্র+ক—যোগ) সং, ক্লীং, মুস্তকবিশেষ, ভদ্রমুতা। পুং, দেবদারু বৃক্ষ। বিং, ত্রিং, মনোজ্ঞ, সুন্দর। মঙ্গলময়।

ভদ্রকালী, (ভদ্র=শিব—কল্ [প্রেরণ করা] নিকটবর্ত্তী হওয়া+ঘঞ্, ঈপ্ প্রং) সং, স্ত্রীং, দুর্গা, কাত্যায়নী।

ভদ্রকুম্ভ, (ভদ্র=কুশলী—কুম্ভ=কলস) সং, পুং, মঙ্গলার্থ পূর্ণকুম্ভ, জলপূর্ণঘট।

ভদ্রগন্ধিকা, (ভদ্র=শুভ—গন্ধ+কন্, আপ্ স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং মুস্তক, মুথা।

ভদ্রঙ্কর, (ভদ্র=মঙ্গল—কৃ=করা+খশ্—ক) বিং, ত্রিং, মঙ্গলকারক, ক্ষেমঙ্কর, মাঙ্গলিক। ভদ্র। শুভ।

ভদ্রতুরগ, সং, ক্লীং, জম্বুদ্বীপের নববর্ষান্তর্গত বর্ষবিশেষ।

ভদ্রদারু, (ভদ্র=শ্রেষ্ঠ—দারু=কাষ্ঠ) সং, পুং—ক্লীং, দেবদারুবৃক্ষ।

ভদ্রনামা, (ভদ্রনামন্, ভদ্র—নামন্=নাম) সং, পুং, কাঠ্‌ঠোকরা পাখী।

ভদ্রবলন, (ভদ্র—বল্=বলিষ্ঠ হওয়া+অন—প্রং) সং, পুং, বলরাম।

ভদ্রবলা, সং, স্ত্রীং গন্ধভাদালিয়া লতা।

ভদ্রমুখ, বিং, ত্রিং, যাহার মুখ দেখিলে ভদ্রলোকবলিয়া বোধহয়। সৌম্যদর্শন।

ভদ্রমুস্তক—পুং, ভদ্রমুস্তা—স্ত্রীং, } (ভদ্র=সৌভাগ্য-শালী-মুস্তক, মুস্তা=মুতা) সং, নাগর মুস্তক, নাগর মুতা।

ভদ্রযব, (ভদ্র=ভাগ্যবন্ত—যব) সং, ক্লীং, ইন্দ্রযব।

ভদ্ররেণু, (ভদ্র=কুশলী—রেণু=ধূলি) সং, পুং, ইন্দ্রহস্তী, ঐরাবত। [লতা।

ভদ্রবর্ম্মা, (ভদ্রবর্ম্মন্) সং,পুং, নবমল্লিকা

ভদ্রশ্রয়, (ভদ্র=কুশলী—শ্রয় [আশ্রয়] উৎপত্তি-স্থান) সং, ক্লীং, চন্দন।

ভদ্রশ্রী, (ভদ্র=অত্যুত্তম—শ্রী=শোভা) সং, পুং, চন্দনবৃক্ষ।

ভদ্রসোমা, (ভদ্র=শিব—স [সহিত] তুল্য—উমা=শিবপত্নী। যিনি পার্ব্বতীর ন্যায় এই দেবতার প্রিয়পাত্রী) সং, স্ত্রীং, গঙ্গা। [কানান।

ভদ্রাকরণ, সং, ক্লীং, মুণ্ডন, ক্ষৌরকরণ,

ভদ্রাত্মজ, (ভদ্র=লৌহ—আত্মজ=জাত) সং, পুং, অসি, খড়্গ।

ভদ্রারক, (ভদ্র=সৌভাগ্য—ঋ=গমন করা বা পাওয়া+অক—প্রং) সং, পুং, অষ্টাদশ ক্ষুদ্রদ্বীপান্তর্গত এক দ্বীপ।

ভদ্রাশ্ব, (ভদ্র=কুশলী—অশ্ব=ঘোটক) সং, পুং, পৃথিবীর নববর্ষান্তর্গত চতুর্থ বর্ষ।

ভদ্রাশ্রয়, (ভদ্র=কুশলী—আশ্রয়=বাসস্থান, বাস) সং, পুং, চন্দনবৃক্ষ।

ভদ্রাসন, (ভদ্র=শ্রেষ্ঠ—আসন=বসিবার স্থান, বং—স) সং, ক্লীং, রাজার বসিবার সিংহাসন। স্থান। যোগাসন। (দেশজ) বসতিবাটী।

ভদ্রেশ্বর, (ভদ্র—ঈশ্বর) সং, পুং, কল্লগ্রামস্থ শিব। গঙ্গার পশ্চিমতীরে গরুটি নামক গ্রামের উত্তরস্থ গ্রামে প্রতিষ্ঠিত পাষাণময় শিবলিঙ্গ। স্বনামপ্রসিদ্ধ গ্রাম। [বড়এলাচ।

ভদ্রৈলা, (ভদ্র=শ্রেষ্ঠ—এলা) সং, স্ত্রীং,

ভন্দিল, (ভন্দ্=শুভহওয়া+ইল—সংজ্ঞার্থে) সং, পুং, শুভ, মঙ্গল। দূত।

ভপতি, (ভ=নক্ষত্র—পতি=প্রধান) সং, পুং, তারকানাথ, চন্দ্র।

ভ=নক্ষত্র—পঞ্জর) সং, ক্লীং, নক্ষত্র চক্র।

ভম্ভ, (ভম্=অনুকরণশব্দ—ভা=শব্দকরা,দীপ্তি পাওয়া ইত্যাদি+ড—প্রং) সং, পুং, ধূম, ধূঁয়া। মক্ষিকা, মাছি।

ভম্ভরালিকা, (ভম্ভরালী=মক্ষিকা+ক—প্রং) সং, স্ত্রীং, ভঙ্কারী, দংশ, ডাঁশ।

ভম্ভরালী, (ভম্=অনুকরণ শব্দ, দ্বিত্ব—রা=করা+ল—প্রং। যে "ভম্ভম্" এই শব্দ করে) সং, স্ত্রীং, বৃহৎ মক্ষিকা।

ভম্ভাসার, সং, পুং, মগধদেশীয় নৃপবিশেষ।

ভয়, (ভী=ভীতহওয়া+অল্—পা, ভা) সং, ক্লীং, ত্রাস, আশঙ্কা, আতঙ্ক। উদ্বেগ। ভয়হেতু। "যদি সমরমপাস্য নাস্তিমৃত্যোর্ভয়মিতি যুক্তমিতোঽন্যতঃ প্রয়াতুং" বেণীসংহার। কুঞ্জরপুষ্প। বিং, ত্রিং, ভয়ঙ্কর।

ভয়ঙ্কর, ভয়াবহ, (ভয়—কৃ=করা+খচ্—ক। ভয়—আ—বহ=বহনকরা+অল্—ক) বিং, ত্রিং, ভয়জনক, দারুণ, ভীষণ।

ভয়ানক, (ভী=ভীতহওয়া+আনক—প্রং) সং, পুং, ব্যাঘ্র। রাহু। শৃঙ্গারাদি অষ্টরসান্তর্গত ষষ্ঠরস। রসবিশেষ, ভয় যে রসের স্থায়িভাব। বিং, ত্রিং, ভয়ঙ্কর, ভয়জনক।

ভয়াপহ, (ভয়=শঙ্কা—অপ—হা=ত্যাগ করা+ড—প্রং) বিং, ত্রিং, ভয়নাশক, সং, পুং, রাজা।

ভর, (ভৃ=পোষণকরা+অপ্—প্রং) সং, পুং, আধিক্য। সমূহ। ভার। ভরণ। গৌরব। দ্বিসহস্রপল পরিমাণ। বিং, ত্রিং, ভরণকর্ত্তা।

ভরট, (ভর দেখ+অট—সংজ্ঞার্থে) সং, পুং, কুম্ভকার, কুমার। ভৃত্য।

ভরণ, (ভর দেখ+অনট্—ভা) সং, ক্লীং, পূরণ। পোষণ, প্রতিপালন। বেতন। ভৃতি। ধারণ। ণী—স্ত্রীং, দ্বিতীয় নক্ষত্র। ঘোষক লতা।

ভরণীভূ, (ভরণী=নক্ষত্রবিশেষ—ভূ=জাত) সং, পুং, রাহুগ্রহ।

ভরণীয়, (ভর দেখ+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, ভরণযোগ্য, পোষ্য।

ভরণ্ড, (ভর দেখ+অণ্ড—সংজ্ঞার্থে) সং, পুং, প্রভু, স্বামী। মহীপাল, রাজা। বৃষ। ভূ। কৃমি।

ভরণ্য, (ভরণ=পোষণ+য—ভা) বিং, ত্রিং, ভরণীয়। সং, ক্লীং, ণ্যা—স্ত্রীং, ভৃতি, বেতন, মূল্য। পোষণ।

ভরণ্যভুক্, (ভরণ্যভুজ্, ভরণ্য=বেতন—ভুজ্=ভোজনকরা+ক্বিপ্—প্রং।) বিং, ত্রিং, বেতনগ্রাহী, মূল্যগ্রহণপূর্ব্বক কর্ম্মকারক।

ভরণ্যু, (ভর দেখ+অন্যু—প্রং) সং, পুং, স্বামী। প্রতিপালক। মিত্র, বন্ধু। সূর্য্য।

ভরত, (ভৃ=পালনকরা+অতচ্—প্রং) সং, পুং, দশরথ রাজার মধ্যম পুত্র। শকুন্তলা গর্ভজাত দুষ্মন্ত। রাজার তনয়, সর্ব্বদমন। নাট্যশাস্ত্র প্রবর্ত্তকমুনি। নাট্য শাস্ত্র। নট। নায়ক। শবর, ব্যাধ। তন্তুবায়।

ভরতখণ্ড, সং, ক্লীং, ভারতবর্ষান্তর্গত কুমারিকাখণ্ড।

ভরতপুত্রক, (ভরত=নাট্যশাস্ত্রপ্রণেতা—পুত্র+ক—তুল্যার্থে) সং, পুং, অভিনয়কারক, নট। [পুং, রামচন্দ্র।

ভরতাগ্রজ, (ভরত—অগ্রজ=জ্যেষ্ঠ) সং,

ভরথ, (ভৃ=পোষণ করা+অথ—প্রং) সং, পুং, লোকপাল, রাজা।

ভরদ্বাজ, (ভর—দ্বা—জ = জাত। বৃহস্পতি মমতার গর্ভে পুত্র উৎপাদন করিয়া তাহাকে কহিলেন (দ্বাজ) আমাদের উভয় ভ্রাতা কর্ত্তৃক উৎপন্ন এই শিশুকে (ভর) প্রতিপালনকর। এই জন্য পুত্রের নাম ভরদ্বাজ হইয়াছে। সং, পুং, উতথ্যপত্নী মমতার গর্ভে বৃহস্পতির ঔরসজাত মুনিবিশেষ, পক্ষিবিশেষ, ভারুইপাখী। "হে মঢে মম তে দ্বাজং দ্বাভ্যামাবাভ্যাং জাতমিমং পুত্রং ত্বং ভর রক্ষ"।—ততো ভরদ্বাজাখ্যোঽয়ং।

ভরিণী, (ভরিত=হরিদ্বর্ণ+ঈ—প্রং) সং, স্ত্রীং, হরিদ্বর্ণ, সবুজ রঙ্।

ভরিত, (ভৃ=পালনকরা+ইত—প্রং) বিং, ত্রিং, পালিত। পূরিত। পুষ্ট, ভারযুক্ত। হরিদ্বর্ণ।

ভরিমা, (ভরিমন্, ভৃ=পোষণ, করা+ইমন্—ভা) সং, পুং, ভরণ, পোষণ, প্রতিপালন।

ভরু, (ভৃ=পোষণকরা+উ—সংজ্ঞার্থে) সং, পুং, বিষ্ণু। শিব। সমুদ্র। স্বামী। স্বর্ণ।

ভরুজ, সং, পুং, ক্ষুদ্রশৃগাল। [মাংস।

ভরুটক, সং, ক্লীং, ভৃষ্ট আমিষ, ভাজা-

ভর্গ, (ভৃজ=ভর্জ্জন করা+ঘঞ্—প্রং) সং, পুং, শিব। ব্রহ্মা। জ্যোতিঃ। সূর্য্যস্থ ঐশ তেজঃ। ভর্জ্জন।

ভর্জ্জন, (ভৃজ্=ভাজা+অনট্—ভা) সং, ক্লীং, ভৃষ্টকরণ, ভাজনা, ভাজা।

ভর্ত্তব্য, (ভৃ=পোষণকরা+তব্য—র্ম্ম) বিং, ত্রিং, ভরণীয়, পোষণীয়, প্রতিপাল্য।

ভর্ত্তা, (ভর্ত্তৃ, ভৃ=পালনকরা+তৃন্—ক) সং, পুং, পতি, স্বামী। প্রভু। রক্ষক। অধিপতি, রাজা। বিং, ত্রিং, পালনকর্ত্তা। ধারণকর্ত্তা। [প্রাপ্ত)

ভর্ত্তৃতাংগত, (ভর্ত্তৃতা=স্বামীত্ব—গত=

ভর্ত্তৃদারক, (ভর্ত্তৃ=প্রভু—দারক=পুত্র, ৬ষ্ঠী-ষ) সং, পুং, নাট্যোক্তিতে যুবরাজ। রিকা—স্ত্রীং, নাট্যে রাজকন্যা।

ভর্ত্তৃহরি, (ভর্ত্তৃ=রাজা, প্রধান—হরি =বিষ্ণু) সং, পুং, বিক্রমাদিত্যরাজার জ্যেষ্ঠভ্রাতা, ভট্টিকাব্যপ্রণেতা।

ভর্ৎসন, (ভর্ৎস্=ভর্ৎসনাকরা+অনট্—ভা) সং, ক্লীং, না—স্ত্রীং, কুৎসা, নিন্দা। পরুষোক্তি। তর্জ্জন। তিরস্কার। আক্রোশ।

ভর্ৎসিত, (ভর্ৎসন দেখ+ক্ত—র্ম্ম) বিং,

ত্রিং, নিন্দিত। তিরস্কৃত।
ভর্ম্ম, ভর্ম্মন্, (ভৃ=পালনকরা+ম, মন্—প্রং) সং, ক্লীং, ভৃতি, বেতন। স্বর্ণ। নাভি। ভরণ। পোষণ। মুদ্রাবিশেষ।
ভর্ম্মণ্যা, (ভর্ম্মন্=ভৃতি+যৎ—প্রং) সং, স্ত্রীং, ভৃতি, বেতন। [বিশেষ।
ভলন্দন, সং, পুং, কান্যকুব্জদেশীয় নৃপতি-
ভল্ল, (ভল্ল্=বধকরা+অচ্—প্রং) সং, পুং, ভালুক। পুং—ক্লীং, শস্ত্রবিশেষ। ভালা। ব্রীহীদলতুল্য ফলক অস্ত্র।
ভল্লক, ভল্লুক, ভল্লূক, (ভল্ল+ক—যোগ। ভল্ল্=হানিকরা+উক, উক—প্রং) সং, পুং, হিংস্রজন্তুবিশেষ, ঋক্ষ, ভালুক। কা, কী—স্ত্রীং, স্ত্রীভালুক।
ভল্লাত, ভল্লাতক, (ভল্ল=বাণবিশেষ—অৎ [সতত গমনকরা, পাওয়া] তুল্য হওয়া+ঘঞ্-প্রং। ক-যোগে ভল্লাতক। যে অস্ত্রের তুল্য আঘাতকারী। ভল্লীও হয়) সং, পুং, বৃক্ষবিশেষ, ভেলাগাছ।
ভল্লিকা, (ভল্লী+ক—স্বার্থে)সং, স্ত্রীং, ভেলাগাছ।
ভব, (ভূ=হওয়া+অল্—প্রং) সং, পুং, স্থিতি। জন্ম, উৎপত্তি। বৃত্তি। প্রাপ্তি, লাভ। জগৎ, সংসার। শিব, জলমূর্ত্তি শিব। পরমেশ্বর। উৎকর্ষ, প্রাধান্য। মঙ্গল। ক্লীং, চালিতা ফল। বিং, ত্রিং, উৎপত্তি (শব্দের পরবর্ত্তী হইলে) উৎপত্তিজনক।
ভবঘস্মর, (ভব—ঘস্মর=ভক্ষক) সং, পুং, দাবানল, বনাগ্নি।
ভবৎ, (ভা=দীপ্তি পাওয়া+বৎ—প্রং) বিং, ত্রিং, বান্—বতী, বৎ। যুষ্মদর্থ, আপনি, পূজ্য, মান্য।
ভবৎ, (ভূ=হওয়া+শতৃ—ক) বিং, ত্রিং, বন্, বন্তী, বৎ। উৎপদ্যমান। বিদ্যমান। বর্ত্তমানার্থ। তী—স্ত্রীং, বিষাক্ত শর। দীপ্তিমতী।
ভবদারু, (ভব—দারু=কাষ্ঠ) সং, পুং, বৃক্ষবিশেষ, দেবদারু বৃক্ষ।
ভবদীয়, (ভবৎ যুষ্মদর্থ+ঈয়—ইদমর্থে) বিং, ত্রিং, যুষ্মৎসম্বন্ধীয়, আপনার।
ভবন, (ভূ=হওয়া+অনট্—ধি) সং, ক্লীং, আলয়, গৃহ, বাসস্থান। ভাব। উৎপত্তি। জন্ম। স্থিতি।
ভবনাশিনী, (ভব—নাশিনী=নাশকর্ত্রী। যাহার পবিত্র স্রোত চিরস্থায়ী সুখ প্রদান করে এবং পার্থিব দুঃখ পরম্পরা ধ্বংস করে) সং, স্ত্রীং, সরযূ নদী।
ভবন্ত, (ভূ=হওয়া+ঝচ্) সং, পুং, কাল, সময়। বর্ত্তমান কাল। ন্তী—স্ত্রীং, পতিব্রতা স্ত্রী।
ভবভূতি, (ভব=জগৎ—ভূতি [জ্ঞানের] উন্নতি) সং, পুং, পদ্মনগর নিবাসী কশ্যপবংশীয় ভট্টগোপালনামক ব্রাহ্মণের পৌত্র, নীলকণ্ঠের পুত্র, বীরচরিত মালতীমাধব উত্তরচরিত প্রভৃতি নাটকপ্রণেতা স্বনামপ্রসিদ্ধ কবি, ইহার উপাধি শ্রীকণ্ঠ; ভোজরাজার পণ্ডিত। মহাদেবের ঐশ্বর্য্য।
ভবরুদ্, (ভব—রুদ্=রোদনকরা+ক্বিপ্—প্রং) সং, স্ত্রীং, প্রেতপটহ, অন্ত্যেষ্টিক্রিয়াকালে বাদনীয় বাদ্যবিশেষ।
ভবাত্মজা, সং, স্ত্রীং, মনসা দেবী।
ভবাদৃশ্, ভবাদৃশ, ভবাদৃক্ষ, (ভবৎ=আপনি—দৃশ=দেখা+ক্বিপ্ অ, স—র্ম্ম। যে আপনার ন্যায় দৃষ্ট হয়) বিং, ত্রিং, আপনার মত, আপনকার সদৃশ।
ভবানী, (ভব—শিব+ঈপ্—প্রং, আন্—আগম) সং, স্ত্রীং, শিবপত্নী। দুর্গা।
ভবানীগুরু, (ভবানী=শিবপত্নী—গুরু=পিতা। দুর্গা এইপর্ব্বতের দুহিতা) সং, পুং, হিমালয় পর্ব্বত।
ভবায়না, (ভব=জগৎ—অয়ন=গমন, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, জাহ্নবী, গঙ্গা।
ভবিক, (ভব [হওন] মঙ্গল+ষ্ণিক—প্রং) বিং, ত্রিং, শুভজনক, কল্যাণকর, কুশলী। সং, ক্লীং, শুভ, কল্যাণ, মঙ্গল।
ভবিতব্য, (ভূ=হওয়া+তব্য—ভবিষ্যৎকালে শক্যার্থে) বিং, ত্রিং, ভাবী,

অবশ্যম্ভাবী, বিধাতার নিরূপিত। যাহা অবশ্যই হইবে "অথবা ভবিতব্যানাং দ্বারাণি ভবন্তি সর্ব্বত্র" শকুন্তলা।

ভবিতব্যতা, (ভবিতব্য+তা—ভাবে) সং, স্ত্রীং, অবশ্যম্ভাবিতা। অদৃষ্ট, ভাগ্য, নিয়তি। বিধাতৃনির্ব্বন্ধ।

ভবিতা, ভবিষ্ণু, (ভবিতৃ, ভূ=হওয়া+তৃন্, ইষ্ণু—ক) বিং,ত্রিং,ভাবী,ভবিষ্যৎ। উৎপত্তিশীল।

ভবিন, (ভব=জগৎ+ইন—প্রং) সং, পুং, পাদ্যরচক, কবি, কাব্যপ্রণেতা। রসজ্ঞ।

ভবিল, (ভূ=হওয়া+ইল—প্রং) সং, পুং, কামুক, লম্পট। বিং, ত্রিং, ভাবী, যাহা হইবে। যাহা বর্ত্তমান আছে।

ভবিষ্যৎ, ভবিষ্য, (ভূ=হওয়া+শতৃ—ক, স্য—আগম। দ্বিতীয়পক্ষে ৎ—লোপ) বিং, ত্রিং, অনাগত, ভাবী, যাহা পরে হইবে। বর্ত্তমান। প্রাগভাব। প্রতি-যোগিত্ব। সং, ক্লীং, পুরাণবিশেষ।

ভবিষ্যদ্বাণী, সং, স্ত্রীং, যাহা পরে ঘটিবে তাহা পূর্ব্বে বলা। দৈববাণী।

ভবিষ্যসূচনা, সং, স্ত্রীং, অনাগত বিষয়ের প্রস্তাব,যাহা পরে ঘটিবে তাহার পূর্ব্বেই প্রস্তাব করা।

ভব্য, (ভূ=হওয়া+য—প্রং) বিং, ত্রিং, শুভজনক। শুভযুক্ত। শিষ্ট, শান্ত। সাধু। ভাগ্যবান্। সমীচীন। যোগ্য। সত্য। অনাগত, ভাবী। যাহাহইবে সং, ক্লীং, শুভ। অস্থি। চালীতা ফল। কারণ। বিদ্যমানতা, সত্তা। পুং, কা-মরাঙ্গাগাছ। পুং—ক্লীং, রসবিশেষ। ব্যা—স্ত্রীং, দুর্গা।

ভষ, (ভষ্=কুক্কুরাদিকর্ত্তৃক শব্দ করা+অল্—প্রং) সং, পুং, ষী—স্ত্রীং, কুক্কুর, কুক্কুরী। [কুক্কুর।

ভষক, (ভষ দেখ, অক—প্রং) সং, পুং,

ভষণ, (ভষ দেখ, অনট্—ভা) সং, ক্লীং, কুক্কুরের শব্দ, কুক্কুরের ডাক।

ভসদ্, (ভস্=দীপ্তিপাওয়া+অদ্—সং জ্ঞার্থে) সং, স্ত্রীং, কাষ্ঠ। সূর্য্য। জঘন। যোনি। অশ্বমাংস। সময়। কারণ্ডবপক্ষী।

ভসন, (ভস্=শব্দকরা+অন—প্রং) সং, পুং, ভ্রমর। [সং, পুং, কাল, সময়।

ভসন্ত, (ভস্=দীপ্তিপাওয়া+অন্ত—প্রং)

ভসিত, (ভস্=দীপ্তিপাওয়া+ক্ত—প্রং) সং, ক্লীং, ভস্ম, ছাই।

ভসূচক, (ভ=নক্ষত্র—সূচক=জ্ঞাপক) সং, পুং, গণক, দৈবজ্ঞ। জ্যোতিজ্ঞ।

ভস্কা, (দেশজ) বিং, বিস্বাদু, জলবৎ, আন্‌সিয়া, অলবণ। সারহীন।

ভস্ত্রা, ভস্ত্রকা, ভস্ত্রিকা, ভস্ত্রী, (ভস্=দীপ্তি পাওয়া+ত্র, আ—প্রং। দ্বিতীয়, তৃতীয় পক্ষে ক—যোগ, চতুর্থপক্ষে ঈ—প্রং) সং,স্ত্রীং, অগ্ন্যুদ্দীপক চর্ম্মনির্ম্মিত বায়ু-যন্ত্রবিশেষ, জাঁতা। চর্ম্মপ্রসেবিকা। চর্ম্ম-স্থালী। ভিস্তী।

ভস্ম, (ভস্মন্, ভস্=দীপ্তিপাওয়া+মন্—প্রং) সং, ক্লীং, ছাই, পাঁশ। "তদিদং কণশো বিকীর্য্যতে, পবনৈর্ভস্মকপোত-কর্ব্বুরং" কুমারসম্ভব।

ভস্মক, (ভস্মন্+ক—প্রং, অথবা ক—করণার্থ ক্ষুধাতুজ) সং, ক্লীং, চক্ষুরোগ-বিশেষ। বিড়ঙ্গ। স্বর্ণ। রৌপ্য।

ভস্মকার, (ভস্মন্—কার=কর্ম্মকারী। যে সাবান প্রভৃতির পরিবর্ত্তে ভস্ম ব্যবহার করে) সং, পুং, রজক, ধোপা।

ভস্মতূল, (ভস্মন্—তূল্=ওজন করা+অল্—প্রং) সং, ক্লীং, গ্রামসমূহ। ধূলি-বর্ষণ। হিম, তুষার।

ভস্মবেধক, ভস্মাহ্বয়, (ভস্মন্—বেধক= ক্লেশদায়ক। যে ভস্ম অপেক্ষা শ্বেতবর্ণ। ভস্মন্—আহ্বয়=নাম) সং,পুং, কর্পূর।

ভস্মসাৎ, (ভস্মন্+সাৎ—কার্ত্স্ন্যার্থে) অং, ছাই হওয়া, ভস্মরূপে পরিণত, ছাই করিয়া ফেলা।

ভা, (ভা=দীপ্তিপাওয়া+অ, আ—প্রং) সং, স্ত্রীং, প্রভা, দীপ্তি, আলোক। কি-

রণ। কান্তি। শোভা। সং, পুং, সূর্য্য। প্রতিবিম্ব।

ভাই, (ভ্রাতৃশব্দজ) সং, সহোদর, ভ্রাতা।

ভাইঝী, (ভাতৃপুত্রীশব্দজ) সং, ভ্রাতার কন্যা।

ভাইপো, (ভ্রাতৃপুত্রশব্দজ) সং, ভ্রাতুষ্পুত্র।

ভাঁজন, (দেশজ) সং, পাটকরণ, দোমড়ান। রাগালাপ, স্বরভেদে গানকরণ।

ভাঁটা, (দেশজ) সং, বর্ত্তুল, বাঁটুল, গেণ্ডুক। নদ্যাদিজলপ্রবাহের গন্তব্য দেশে বেগে গমন। [ভেঁটফুলের গাছ।

ভাঁটী, (ভাণ্ডীর শব্দজ) সং, বৃক্ষবিশেষ,

ভাঁড়, (ভণ্ড এবং ভাণ্ড শব্দজ) সং, কৌতুকী, পরিহাসক। নর্ত্তক। প্রবঞ্চক। ক্ষুদ্র মৃণ্ময় পাত্রবিশেষ।

ভাঁড়ামি, ভাঁড়াম, (ভাঁড় শব্দজ) সং, ভণ্ডতা, পরিহাস, প্রবঞ্চনা, ফাঁকি।

ভাঁড়ার, (ভাণ্ডার শব্দজ) সং, ধনাগার, কোষ।

ভাঃ, (ভাস্, ভাস্=দীপ্তিপাওয়া+ক্কিপ্—প্রং) সং, স্ত্রীং, প্রভা। রশ্মি। কিরণ। আলোক। দীপ্তি। পুং, সূর্য্য।

ভাক্, (ভাজ্, ভাজ্=পৃথক্ করা+ক্কিপ্—প্রং) বিং, ত্রিং, ভাগী, শালী, যুক্ত। অংশী, যথা— পাপভাক্ ইত্যাদি।

ভাকুট, সং, পুং, মৎস্যবিশেষ, ভেটকীমাছ।

ভাকূট, (ভা=দীপ্তি—কূট=পর্ব্বতের শৃঙ্গ বা পরিমাণ) সং, পুং, পর্ব্বতবিশেষ। ভেট্‌কীমাছ। [সং, পুং, সূর্য্য।

ভাকোষ, (ভা=দীপ্তি—কোষ=আধার)

ভাক্ত, (ভক্ত=অন্ন+ষ্ণ—প্রং) বিং, ত্রিং, ভক্তসম্বন্ধীয়। (ভক্তি=গৌণীবৃত্তি+অণ্—প্রং) ঔপচারিক, গৌণীবৃত্তিবোধিত, পারিভাষিক, লাক্ষণিক। গৌণ, অপ্রধান। অনুচর। অধীন, অন্নদাস। শস্য।

ভাক্তিক, (ভক্ত=অন্ন+ষ্ণিক—প্রং) বিং, ত্রিং, অন্নদ্বারা প্রতিপালিত।

ভাগ, (ভজ্=ভাগকরা+ঘঞ্—ভা) সং, পুং, অংশ, খণ্ড, একদেশ। প্রদেশ, স্থান অদৃষ্ট, ভাগ্য, নিয়তি। এক টাকার অর্দ্ধেক, এক আধুলি। রাশির ত্রিশ ভাগের এক ভাগ। বৃত্তের পরিধির ৩৬০ ভাগের এক ভাগ। ভগ্নাংশ।

ভাগধেয়, (ভাগ+ধেয়—স্বার্থে) সং, পুং, রাজকর। অংশ, ভাগ। ক্লীং, ভাগ্য। বিং, ত্রিং, দায়াদ।

ভাগবত, (ভগবৎ=ঈশ্বর+ষ্ণ—কৃতার্থে, যে গ্রন্থ ভগবান্‌কে আশ্রয় করিয়া রচিত হইয়াছে) সং, ক্লীং, ব্যাসপ্রণীত ভগবদ্বিষয়ক গ্রন্থবিশেষ। অষ্টাদশ পুরাণান্তর্গত মহাপুরাণ। পুং, ভগবদ্ভক্ত, বৈষ্ণব। "সর্ব্বদেবান্ পরিত্যজ্য নিত্যং ভগবদাশ্রয়ঃ। রতস্তদীয়সেবায়াং স ভাগবত উচ্যতে"। ইতি পদ্মোত্তর খণ্ডে ৯৯ অধ্যায়ঃ।

ভাগহর, (ভাগ—হর=যে গ্রহণকরে) বিং, ত্রিং, অংশগ্রাহী। পুং, দায়াদ। অংশ।

ভাগহার, (ভাগ—হার=যে হরণ করে) সং, পুং, যে উপায়ে কোন এক নির্দ্দিষ্ট রাশিকে কোন নির্দ্দিষ্ট সংখ্যক সমান অংশে বিভাগ করিতে পারা যায়। (Division) ভাগের রীতি।

ভাগিক, (ভাগ=অংশ+ষ্ণিক—প্রং) বিং, ত্রিং, বৃদ্ধিসহিত মুদ্রাদি, সুদী টাকা। ভাগী। ভাগসম্বন্ধীয়। [পুত্র।

ভাগিনা, (ভাগিনেয়শব্দজ) সং, ভগিনী-

ভাগিনেয়, (ভগিনী+ষ্ণেয়—অপত্যার্থে) সং, পুং, য়ী—স্ত্রীং, ভগিনীর সন্তান।

ভাগী, (ভাগিন্, ভাগ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, অংশী। ভাগাধিকারী। (ভাগ দেখ, ইন্—ক) গ্রহণকারী।

ভাগীরথী, (ভগীরথ+অণ্, ঈপ্—প্রং। ভগীরথ কপিলশাপে ভস্মীভূত পিতৃলোকের উদ্ধরণার্থ বহুকাল কঠোর তপস্যা করিয়া পরিশেষে মহাদেবের প্রসাদে গঙ্গাকে মর্ত্ত্যলোকে আনয়ন করেন, ভগীরথ কর্ত্তৃক আনীত হইয়াছিলেন বলিয়া, গঙ্গার নাম ভাগীরথী

হইয়াছে। সং,স্ত্রীং, গঙ্গা, ভাগীরথানীতা। "ভাগীরথী নির্ঝরশীকরাণাং বোঢ়া মুহুঃ কম্পিতদেবদারুঃ" কুমার।

ভাগুরি,সং,পুং, প্রসিদ্ধ বৈয়াকরণপণ্ডিত।

ভাগ্য, (ভজ্=ভাগ করা+য—প্রং, কিম্বা ভাগ+য—প্রং) সং, ক্লীং, অদৃষ্ট, দৈব। বিং, ত্রিং, ভাগযোগ্য। ভাগবিশিষ্ট। ভাগিক, সুদী টাকা।

ভাগ্যবান্, (ভাগ্যবৎ, ভাগ্য+বৎ—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ভাগ্যবন্ত, শুভাদৃষ্টবান্। সৌভাগ্যশালী। ধনবান্। ধনী।

ভাগ্যবিপর্য্যয়, সং, পুং, ভাগ্যের বৈপরীত্য, দুর্ভাগ্য।

ভাঙ্গন, (ভঙ্গশব্দজ) সং, ভগ্নকরণ, ভেদন। ভাঙ্গা। ফাটন। মৎস্যবিশেষ। বিং, ভিন্ন, চূর্ণীকৃত।

ভাঙ্গীন, (ভাঙ্গা=ভাঙ্+ঈন—তৎক্ষেত্রার্থে) বিং,ত্রিং, ভঙ্গাক্ষেত্র, ভাঙের ক্ষেত।

ভাজক, (ভজ্ বা ভাজ্—ভাগকরা+ণক—ক) বিং, ত্রিং, অংশকারক, যাহা দ্বারা ভাগ দেওয়া যায়। হারক।

ভাজকাংশ, (ভাজক—অংশ) সং, পুং, গুণনীয়ক।

ভাজন, (ভজ্=সেবাকরা কিম্বা ভাগকরা+অনট্—প্রং) সং, ক্লীং, পাত্র। আধার। উপযুক্ত, চতুর ব্যক্তি। বিভাগকরণ। [ভর্জ্জনশব্দজ] সং, ভৃষ্টকরণ, ভাজা।

ভাজিত, (ভাজ্=পৃথক্ করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বিভক্ত, পৃথক্কৃত। সং,ক্লীং, ভাগ, অংশ।

ভাজী, (ভজ্=পাক করা, ভাজা+ঘঞ্, ঈ—প্রং) সং, স্ত্রীং, ভৃষ্ট ব্যঞ্জনবিশেষ।

ভাজ্য, (ভাজক দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, ভাগার্হ, যাহা অংশ করা যায়।

ভাট, (ভট্টশব্দের অপভ্রংশ) সং, বর্ণসঙ্কর জাতিবিশেষ, স্তুতিপাঠক, বন্দী। রাজদূত।

ভাটক, (ভট্ [পোষণ করা] ভাড়া করা +অক—প্রং) সং, পুং, মূল্য। ভাড়া।

ভাটা, (দেশজ) নদ্যাদির স্বাভাবিক স্রোতঃ। নদ্যাদির সাময়িক জলহ্রাস।

ভাড়া, (ভাটক শব্দজ) সং, কেরায়া।

ভাণ, (ভণ্=বলা+ঘঞ্—প্রং) সং, পুং, নাট্যগ্রন্থবিশেষ, তাহাতে কেবল একটীমাত্র অঙ্ক থাকে। নাটকাদিদশরূপকান্তর্গতরূপকবিশেষ। ধূর্ত্তচরিত,কাচ, ব্যাজ। ক্লীং, ছল, কপট। জ্ঞান, বোধ।

ভাণিকা,(ভাণ্+কন্—অল্পার্থে) সং,স্ত্রীং, এক অঙ্কে সমাপ্ত হাস্যরসপ্রধান নাটক।

ভাণ্ড, (ভণ্=শব্দকরা+ড—প্রং কিম্বা ভণ্ড=ভাঁড়+ঘঞ্—প্রং) সং,ক্লীং, পাত্র, ভাঁড়। মূলধন, পুঁজি। নদীকূলদ্বয়ের মধ্যভাগ। অলঙ্কার, ভূষণ। অশ্বভূষণ। ভণ্ডবৃত্তি, ভাঁড়ামি। সং, পুং, গর্দ্দভাণ্ড বৃক্ষ।

ভাণ্ডপুট, (ভাণ্ড=পাত্রবিশেষ, ভাঁড়—পুট্=সংলগ্নহওয়া, ঘর্ষণ করা+অল্—প্রং) সং, পুং, নাপিত।

ভাণ্ডাগার, (ভাণ্ড=পাত্র—আগার=গৃহ, য়ং—স) সং, পুং, ভাঁড়ার। ক্লীং, ধনাগার।

ভাণ্ডার, (ভাণ্ড—ঋ=গমনকরা+ঘঞ্—প্রং) সং, ক্লীং, কোষ, ধনাগার, ভাঁড়ার।

ভাণ্ডারী, (ভাণ্ডারিন্, ভাণ্ডার+ইন্—অস্ত্যর্থে) সং,পুং, কোষাধ্যক্ষ, ভাঁড়ারী।

ভাণ্ডি, (ভণ্ড্=মাঙ্গলিকহওয়া+ই—প্রং) সং, পুং, নাপিতের ক্ষুরাদির আধার, ভাঁড়ি। [পুং, গায়ক।

ভাণ্ডিক, (ভাণ্ড=পাত্রবিশেষ—ইক) সং,

ভাণ্ডিবাহ, ভাণ্ডিল, (ভাণ্ডি=ভাঁড়ি—বহ্=বহনকরা+ঘঞ্—ণ। ভাণ্ড+ইল—অস্ত্যর্থে) সং, পুং, নাপিত।

ভাণ্ডীর, (ভাণ্ড=পাত্র—ঈর্=গমনকরা +অল্—প্রং) সং, পুং, বটবৃক্ষ। ভাঁইটগাছ।

ভাত, (ভা=দীপ্তিপাওয়া+ক্ত—ক) বিং,

ত্রিং, দীপ্তিমান্। সং, ক্লীং, প্রভাত, প্রাতঃকাল। দীপ্তি। (ভক্তশব্দজ) সং,অন্ন।

ভাতার, (ভর্তৃশব্দজ) সুং, ভর্ত্তা, পতি, স্বামী।

ভাতি, (ভাত দেখ, ক্তি—ভা) সং,স্ত্রীং, শোভা, দীপ্তি, কান্তি। [সূর্য্য। দীপ্ত।

ভাতু, (ভাত দেখ, তু-সংজ্ঞার্থে) সং, পুং,

ভাদ্র, (ভদ্রা+ষ্ণ=ভাদ্রী=ভাদ্রপদনক্ষত্রযুক্তা পৌর্ণমাসী+ষ্ণ—তদ্যুক্তমাসার্থে) সং, পুং, বৈশাখাদি মাসের পঞ্চম মাস

ভাদ্রপদ, (ভাদ্র=গো—পদ=পা) সং; পুং, ভাদ্রমাস। দা—স্ত্রীং, পূর্ব্বভাদ্রপদ ও উত্তরভাদ্রপদনক্ষত্র। [ভ্রাতার পত্নী।

ভাদ্রবধূ, (ভ্রাতৃবধূ শব্দজ) সং, কনিষ্ঠ

ভাদ্রমাতুর, (ভদ্রমাতৃ [ভদ্র=ভাগ্যবন্ত, সাধু—মাতৃ=মাতা] + ষ্ণ—অপত্যার্থে) সং, পুং, সাধ্বী স্ত্রীর পুত্র, সতীতনয়।

ভান, (ভা=দীপ্তিপাওয়া+অনট্—ভা) সং, ক্লীং, প্রকাশ। শোভা। (দেশজ) ছলনা। শঠতা।

ভানু, (ভা=দীপ্তিপাওয়া+নু—প্রং) সং, পুং, সূর্য্য। কিরণ। অর্কবৃক্ষ। কান্তি, শোভা। শিব। প্রভু। রাজা।

ভানুফলা, (ভানু=সূর্য্য—ফল=যে ফল সূর্য্যের পূজার সময় প্রদত্ত হয়) সং, স্ত্রীং, কদলীফল, কলা।

ভানুমান্, (ভানুমৎ, ভানু=কিরণ+মৎ—অস্ত্যর্থে) সং, পুং, সূর্য্য। বিং, ত্রিং, কান্তিবিশিষ্ট। দীপ্তিমান্। মতী—স্ত্রীং, বিক্রমাদিত্যের পত্নী। দুর্য্যোধনের স্ত্রী।

ভানেমি, (ভা=দীপ্তি—নেমি=পরিধি) সং, পুং, সূর্য্য, দিবাকর।

ভাপ, (বাষ্পশব্দের অপভ্রংশ) সং, বাষ্প। উত্তাপ, উষ্ণতা।

ভাম, (ভা=দীপ্তিপাওয়া+ম—প্রং, অথবা ভাম্=ক্রুদ্ধহওয়া+অল্—প্রং) সং, পুং, সূর্য্য। ক্রোধ। ভগিনীপতি। প্রভা। মা—স্ত্রীং, কোপনা স্ত্রী।

ভামক, (ভাম+ক—যোগ) সং, পুং, ভগিনীপতি।

ভামিনী, (ভাম=ক্রোধ+ইন্, ঈপ্—প্রং) সং, স্ত্রীং, অতিকোপনা স্ত্রী।

ভামিনীবিলাস, সং, পুং, জগন্নাথ মিশ্র কবিরাজকৃত কাব্যগ্রন্থবিশেষ।

ভামী, (ভামিন্, ভাম=ক্রোধ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ক্রুদ্ধ, কোপান্বিত। দীপ্তিমান্।

ভার, (ভৃ=পালনকরা+ঘঞ্—প্রং) সং, পুং, বিষ্ণুর নামান্তর। গুরুত্ব। রাশি, সমূহ। বোঝা। স্বর্ণের পরিমাণবিশেষ। বিংশতিতুলাপরিমাণ স্বর্ণ।

ভারত, (ভরত+ষ্ণ—প্রং, ইহা রাজা দুষ্মন্ত স্বীয় তনয় ভরতকে প্রদান করিয়াছিলেন বলিয়া তাহার নাম হইতে ভারত নাম হইয়াছে। কিম্বা ভরত+অ—কৃতার্থে, ভরতকে অধিকার করিয়া যে গ্রন্থ রচিত হইয়াছে) সং, ক্লীং, ভারতবর্ষ। (চতুর্ব্বেদ অপেক্ষা ইহার ভার অধিক বলিয়া ভারত নাম হইয়াছে) গ্রন্থবিশেষ, ব্যাসদেবপ্রণীত লক্ষশ্লোকাত্মক মহাভারতনামক ইতিহাস। পুং, নট। অগ্নি। ভরতের সন্তান। বিং, ত্রিং, ভরতবংশীয়। তী—স্ত্রীং, সরস্বতী। বাণী, বচন, বাক্য। বৃত্তিবিশেষ। পক্ষিবিশেষ।

ভারতবর্ষ, (ভারত=ভরতসম্বন্ধীয়—বর্ষ=অংশ, য়ং—স) সং, ক্লীং, জম্বুদ্বীপের নববর্ষান্তর্গত বর্ষবিশেষ, হিমালয় পর্ব্বতের দক্ষিণস্থ দেশ। "হিমাহ্বং দক্ষিণং বর্ষং ভরতায় দদৌ পিতা। তস্মাচ্চ ভারতং বর্ষং তস্য নাম্না মহাত্মনঃ"।

ভারদ্বাজ, (ভরদ্বাজ=মুনিবিশেষ, পক্ষিবিশেষ+ষ্ণ—নিষ্প্রয়োজনার্থে, অথবা অপত্যার্থে। এইরূপ কথিত আছে যে, ভারদ্বাজ মুনি জন্মগ্রহণ করিবার পর, পিতামাতা কর্ত্তৃক পরিত্যক্ত হইলে পর, এই পক্ষী তাঁহাকে প্রতিপালন করেন, এই জন্যই তাঁহাকে ভারদ্বাজ বলে)

সং,পুং, ভরদ্বাজ। দ্রোণাচার্য্য। অগস্ত্য-মুনি। বৃহস্পতি পুত্র মঙ্গলগ্রহ। পক্ষি-বিশেষ, ভারুইপাখী। ক্লীং,অস্থি। হাড়।
ভারমধ্য, (Centre of Gravity) বস্তুর যে স্থানে ভারের সমতা হয়। [পাখী।
ভারয়, সং, পুং, ভারদ্বাজপক্ষী, ভারুই
ভারযষ্টি, (ভার—যষ্টি=লাঠি, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, ভারবহনদণ্ড. বাঁক।
ভারব, (ভার—বা=লওয়া+ক—প্রং) সং, ক্লীং, ধনুর্গুণ, ধনুকের ছিলা।
ভারবাহ্, ভারবাহ, ভারবাহক, ভারবাহী, ভারহর, ভারহার, ভারী, } (ভার—বাহ্, বাহ, বাহক=যে বহন করে, ২য়া—ষ। ভারবাহিন্, ভার—বাহী=যে বহন করে, ২য়া—ষ। ভার—হর, হার=যে হরণ করে, ২য়া—ষ। ভারিন্, ভার+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ভারবহনকারী, মুটিয়া, ভারী।
ভারবি, সং,পুং, কিরাতার্জ্জুনীয়গ্রন্থকর্ত্তা।
ভারসহ, (ভার—সহ=যে বহন করিতে পারে) বিং, ত্রিং, যাহা ভারে ছিঁড়িয়া পড়ে না। ভারসহন সমর্থ।
ভারি, (ভৃ [ভৎর্সনাকরা] ভয়প্রদর্শন করা+ই—প্রং) সং, পুং, সিংহ।
ভারিক, (ভার+ষ্ণিক-অস্ত্যর্থে)বিং, ত্রিং, ভারবাহক, মুটিয়া। ভারী। ভারযুক্ত।
ভারিন, (ভার—ইন্) সং, পুং, ভার-বাহক। দ্বারবান্।
ভারৌহী, (ভারবাহ্+ঈপ্—প্রং) সং, স্ত্রীং, ভারবাহিকা, ভারবহনকারিণী।
ভার্গব, (ভৃগু=মুনিবিশেষ+ষ্ণ—অপ-ত্যার্থে) সং, ক্লীং, পরশুরাম। শুক্রা চার্য্য। ধন্বী, ধনুর্দ্ধারী। গজ, হস্তী। বী—স্ত্রীং, পার্ব্বতী। শ্রী, লক্ষ্মী। দূর্ব্বা।
ভাগবপ্রিয়, (ভার্গব=শুক্র—প্রিয়=স্নেহা-স্পদ) সং, পুং, হীরক।
ভার্জ্জিত, (ভৃজ্=ভাজা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহা ভাজা হইয়াছে, ভাজা।
ভার্য্যা, (ভৃ=পোষণকরা+য—র্ম্ম, আ) সং, স্ত্রীং, পত্নী, জায়া, স্ত্রী।
ভার্য্যাট, (ভার্য্যা=পত্নী-অট্=গমনকরা +অল্—প্রং। যে ভার্য্যা দ্বারা জীবন-যাত্রা নির্ব্বাহ করে) সং, পুং, যে ব্যক্তি আপন ভার্য্যাকে পরপুরুষের নিকট প্রেরণ করিয়া অর্থোপার্জ্জন করেন।
ভার্য্যাটিক, (ভার্য্যাট+ইক—যোগ) সং, পুং, স্ত্রী কর্তৃক পরাজিত ব্যক্তি। হরিণ-বিশেষ।
ভার্য্যাপতী, (ভার্য্যা—পতি=স্বামী, দ্বং—স) সং, পুং, দ্বিং, জায়াপতি, স্ত্রী-পুরুষ। দম্পতী।
ভার্য্যারু, (ভার্য্যা=ঋ=গমনকরা+উ—প্রং) সং, পুং, পর্ব্বতবিশেষ। মৃগ-বিশেষ। পরস্ত্রীতে সন্তানোৎপাদক।
ভাল, (ভা=দীপ্তি পাওয়া+ল—প্রং) সং, পুং, ললাট, কপাল। তেজঃ। (ভ-দ্রশব্দজ) বিং, উত্তম। মঙ্গল।
ভালদর্শন, সং, পুং, সিন্দূর।
ভালদৃক, ভাললোচন, (ভালদৃশ্, ভাল—দৃশ্, লোচন=নেত্র। যাঁহার ললাটে তিন নেত্র আছে, ৭মী—হ্বিং) সং, পুং, ত্রিনেত্র, শিব, বিরূপাক্ষ।
ভালাঙ্ক, (ভাল=ললাট—অঙ্ক=চিহ্ন) সং, পুং, করপত্র, ক্রকচ, করাত। রো-হিতমৎস্য। মহালক্ষণসম্পন্ন পুরুষ। ক-চ্ছপ। শিব। ললাটচিহ্ন।
ভালুক, ভালূক, (ভল্=বধকরা+উক, উক—প্রং) সং, পুং, ঋক্ষ, ভল্লুক।

ভল্লুক।

ভাল্লুক, ভাল্লূক, (ভল্ল্=বধকরা+উক, উক—প্রং) সং, পুং, ঋক্ষ, ভালুক।
ভাব, (ভূ=হওয়া+ঘঞ্—প্রং) সং, পুং, স্বভাব। মনঃ।

বিকারবিশেষ, রত্যাদি এবং নির্ব্বেদাদি ক্রিয়া। ধাত্বর্থ। শরীরের ভঙ্গী। বাক্যেরমর্ম্ম, অভিপ্রায়। বিজ্ঞ। জগৎ। সংসার। চেষ্টা। সম্ভাবনা। সৃষ্টি। পদার্থ, বস্তু। বিলাস। চিত্ত। জন্ম, উৎপত্তি। স্থিতি। সত্তা। বিভূতি। চেতন পদার্থ। উপদেশ। বোদ্ধা। নাট্যোক্তিতে—মান্য। পূজ্য। বিদ্বান্।

ভাবক, (ভাবি=চিন্তাকরা, হওয়া+ণক—প্রং। অথবা ভাব+ক—যোগ) বিং,ত্রিং, উৎপাদক। চিন্তাকারী। অঙ্গ ভঙ্গিকর।

ভাবত, ভাবৎক, (ভবৎ=তুমি+ষ্ণ—ইদমর্থে, ক) বিং, ত্রিং, ভবদীয়, আপনার, তোমার।

ভাবন, (ভাবি=চিন্তাকরা, মিশ্রিতকরা +অনট্—ভা) সং, ক্লীং, না—স্ত্রীং, ধ্যান, অনুধ্যান, চিন্তা। মনে মনে কল্পনা। সাজান। পর্য্যালোচনা। বিবেচনা। অধিবাসন। ভয়করণ। অভিষেক মিশ্রণ। বিবাদ। ঔষধসংস্কারবিশেষ, ভাবান। ক্লীং, চাল্‌তা।

ভাবমিশ্র, সং, পুং, পণ্ডিত শ্রেষ্ঠ।

ভাবাট, (ভাব—অট্=গমন করা+অল্—প্রং) সং, পুং, সাধু, সজ্জন। কামুক, লম্পট। নট। ভাবক। নিবেশ।

ভাবার্থ, (ভাব—অর্থ=বোধ) সং, পুং, অভিপ্রায়, তাৎপর্য্য।

ভাবিক, (ভাব—ইক) বিং, ত্রিং, স্বাভাবিক। রসাত্মক। ভবিষ্যৎকালিক। সং, ক্লীং, অলঙ্কারবিশেষ।

ভাবিত, (ভাবন দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, চিন্তিত। বাসিত। মিশ্রিত। আর্দ্রীকৃত। অঙ্গীকৃত। পবিত্রীকৃত, শুদ্ধ। সংস্কৃত। প্রাপ্ত। প্রমাণীকৃত, সাব্যস্ত। দোষীকৃত। প্রাপিত।

ভাবিত্র, (ভাবি=বিদ্যমান থাকা+ইত্র—প্রং) সং, ক্লীং, ত্রৈলোক্য, স্বর্গ মর্ত্ত্য পাতাল।

ভাবী, (ভাবিন্, ভূ=হওয়া+ণিন্—ক, ভবিষ্যৎকালে) বিং, ত্রিং, ভবিষ্যৎ, আগামী। বিনী—স্ত্রীং, কামুকী নারী। কামিনী।

ভাবুক, (ভূ=হওয়া+উক—ক, শীলার্থে) সং,ক্লীং, মঙ্গল, শুভ। পুং,নাট্যোক্তিতে ভগিনীপতি। বিং, ত্রিং, ভাবগ্রাহক। ভাবনাশীল। শুভজনক। হওনশীল। ভূত

ভাব্য, (ভূ=হওয়া+য—প্রং) বিং, ত্রিং, অবশ্য ভবিতব্য, যাহা অবশ্য হইবে। সাধ্য, নিষ্পাদ্য। সম্ভাবিত।

ভাশুর, (দেশজ) সং,পতির জ্যেষ্ঠ ভ্রাতা।

ভাষণ, (ভাষ্—বলা+অনট্—ভা) সং, ক্লীং. কথন, বলা।

ভাষা, (ভাষ্=বলা+অল্, আ—প্রং) সং, স্ত্রীং, অর্থযুক্ত উচ্চারিত শব্দ। কথা। কথন। যদ্দ্বারা লোকে কথাবার্ত্তা কয়, ইংরাজি,, ভারবী প্রভৃতি। বাগ্দেবতা। রাগিণী বিশেষ।

ভাষান্তরিত, (ভাষা—অন্তরিত) বিং, ত্রিং, এক ভাষা হইতে অন্য ভাষায় অনুবাদিত।

ভাষাপাদ, (ভাষা=বাক্য—পাদ=ভাগ, অংশ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, পূর্ব্বপক্ষ পাদ, অভিযোগ, পূর্ব্ববাদ।

ভাষিত, (ভাষা দেখ+ক্ত—র্ম্ম, ভা) বিং, ত্রিং, উক্ত, কথিত। সং, ক্লীং, ভাষা, বচন।

ভাষী, (ভাষিন্, ভাষ্=বলা+ণিন্—ক) বিং, ত্রিং,কথক, যে বলে। (ইহা শব্দের পর প্রায় প্রযুক্ত হইয়া থাকে, যথা—পরিমিতভাষী, কটুভাষী ইত্যাদি)।

ভাষ্য, (ভাষা দেখ+য—প্রং) সং, ক্লীং, বিবরণগ্রন্থ, ব্যাখ্যান। গৃহবিশেষ। সূত্র। বিং, ত্রিং, কথনীয়।

ভাষ্যকর, (ভাষ্য—কৃ+অল্—প্রং) সং, পুং, টীকালেখক। পতঞ্জলিমুনি।

ভাস্, ভাসা—স্ত্রীং, ভাস—পুং, ভাসস্-ক্লীং, } (ভাস্=দীপ্তি পাওয়া+

ক্বিপ্, অল্, অস্—প্রং) সং, দীপ্তি, কান্তি, আলোক। প্রভা,ময়ূখ। ইচ্ছা।

ভাস, (পূর্ব্বে দেখ) সং, পুং, পূর্ব্বে দেখ গোষ্ঠ। গৃধ্র। কুক্কুট। স্বনামখ্যাত পক্ষিবিশেষ, শকুন্তপক্ষী।

ভাসন্ত, (ভাস্=দীপ্তি পাওয়া+অন্ত—প্রং) সং, পুং, সূর্য্য। চন্দ্র। ভাসপক্ষী। বিং, ত্রিং, সুন্দর, মনোহর। ন্তী—স্ত্রীং নক্ষত্র।

ভাসমান, ভাসী, (ভাসিন্, ভাস্=দীপ্তি-পাওয়া+শান, ণিন্—ক) বিং, ত্রিং, দীপ্যমান্, শোভমান। জলে সন্তরণ-কারী। যাহা জলে ভাসিতেছে। দীপ্তি-মান্। প্রকাশমান।

ভাস্থ, (ভাস্=দীপ্তিপাওয়া+উ—সং-জ্ঞার্থে) সং, পুং, সূর্য্য।

ভাস্থর, (ভাস্=দীপ্তিপাওয়া+উর—ক, শীলাদ্যর্থে) বিং, ত্রিং. দীপ্যমান, দী-প্তিবিশিষ্ট। সং, পুং, বীর। স্ফটিক। ক্লীং, কুষ্ঠরোগের ঔষধবিশেষ।

ভাস্থরতাপাদন, (Crystalisation) যে প্রক্রিয়াদ্বারা জল দ্রবলোহ প্রভৃতি শীতল হইয়া কঠিন হইবার সময় মনো-হর আকৃতি ধারণ করে।

ভাস্কর, (ভাস্=দীপ্তি—কর=যে করে, ২য়া—ষ) সং, পুং, অগ্নি। সূর্য্য। প-ণ্ডিতবিশেষ, ভাস্করাচার্য্য, সিদ্ধান্ত, শি-রোমণি প্রভৃতি জ্যোতিষগ্রন্থকারক। অর্কবৃক্ষ। বীর। প্রস্তরাদিতে যাহারা প্রতিমূর্ত্তি ও অক্ষরাদি ক্ষোদিত করে। ক্লীং, সুবর্ণ। বিং, ত্রিং, দীপ্তিকর।

ভাস্বর, (ভাস্=দীপ্তিপাওয়া+বর—ক, শীলাদ্যর্থে) বিং, ত্রিং, দীপ্যমান, দী-প্তিবিশিষ্ট, দীপ্তিশীল।

ভাস্বান্, (ভাস্বৎ, ভাস্=দীপ্তি+বতু—অস্ত্যর্থে) সং, পুং, দীপ্তি। সূর্য্য। দিন। ক্লীং,কুষ্ঠরোগের ঔষধ। বিং, ত্রিং, দী-প্তিবিশিষ্ট, দীপ্তিশালী।

ভিক্ষা, (ভিক্ষ্=যাচ্ঞা করা+ আ—ভা) সং, স্ত্রীং, যাচ্ঞা, প্রার্থনা। যাচিত বস্তু। সেবা। ভৃতি।

ভিক্ষাক, ভিক্ষাচর, (ভিক্ষা=দেখ+আক—প্রং। ভিক্ষা=যাচ্ঞা+চর্=গমনকরা+অল্—প্রং) বিং, ত্রিং, যাচক, ভিক্ষুক।

ভিক্ষাশী, (ভিক্ষাশিন্, ভিক্ষা—আশিন্=যে ভোজন করে, ৩য়া—ষ) বিং, ত্রিং, ভৈক্ষ্যজীবী, ভিক্ষুক।

ভিক্ষিত, (ভিক্ষা দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাচিত, প্রার্থিত।

ভিক্ষু, (ভিক্ষা দেখ+উ—প্রং) সং, পুং, পরিব্রাজক, ভিক্ষোপজীবী, চতু-র্থাশ্রমী বুদ্ধবিশেষ। কোকিলাক্ষ।

ভিক্ষুক, (ভিক্ষু=ভিক্ষোপজীবী+ক—যোগ) বিং, ত্রিং, যাচক, ভিক্ষোপ-জীবী। অর্থী।

ভিক্ষুসংঘাটী, (ভিক্ষু=ভিক্ষাকারী—সম্=সহিত—ঘট=চেষ্টা করা+ঘঞ্—প্রং) সং,স্ত্রীং,কৌপীন, চীবর, নেকড়া।

ভিজন, (দেশজ) সং, আর্দ্রহওন, জল-যুক্তকরণ।

ভিজা, (দেশজ) বিং, আর্দ্র, জলযুক্ত, জ-লমিশ্রিত।

ভিটা, (দেশজ) সং, বসতিস্থান, বসত বাটী, বাস্তুভূমি।

ভিড়, (দেশজ) সং, লোকসমূহ, জনতা।

ভিতর, (অভ্যন্তর শব্দজ) বিং, মধ্যস্থল, অভ্যন্তর।—রে, ক্রিং-বিং, মধ্যে, অভ্য-ন্তরে। অন্তঃপুরে।

ভিত্ত, (ভিদ্=ভেদ করা+ক্ত—প্রং) সং, ক্লীং, বস্ত্রাদির খণ্ড, টুক্‌রা।

ভিত্তি, (ভিত্ত দেখ, ক্তি—প্রং) সং, স্ত্রীং, আবৃত্তি, দেওয়াল। বিভাগ। প্রভেদ। অবসর। প্রদেশ। (গণ্ডাদি শব্দের পর-বর্ত্তী হইলে) প্রশস্ত।

ভিত্তিকা, (ভিত্তি+ক—যোগ) সং, স্ত্রীং, ভিত্তি, দেওয়াল।

ভিত্তিচৌর, (ভিত্তি=দেওয়াল—চৌর=চোর) সং, পুং, চৌরবিশেষ, খানিন, সিঁদালচোর

ভিদ্, (ভিত্ত দেখ, ক্বিপ্—ভা) সং, স্ত্রীং, বিদারণ। ছেদন। ভেদকরণ। প্রভেদ। বিং, ত্রিং, ভেদকারক, যথা—গোত্র-ভিদ্ ইত্যাদি।

ভিদক, (ভিত্ত দেখ, ণক—প্রং) সং, ক্লীং, বজ্র, অশনি। পুং, খড়্গ।

ভিদা, (ভিত্ত দেখ, আ—ভা) সং, স্ত্রীং, বস্ত্রাদি বিদারণ, চেরা। প্রভেদ, ভিন্নতা। ধান্যাক।

ভিদাবরোধকতা, (ভিদা—অবরোধকতা) সং, স্ত্রীং, যে বস্তুর যোগাকর্ষণ সহজে ভেদ করা যায় না।

ভিদি, ভিদু—পুং, ভিদির—ক্লীং, } (ভিত্ত দেখ, ই উ, ইর—প্রং) সং, অশনি, বজ্র।

ভিদুর, (ভিত্ত দেখ, কুর—ক, শীলাদ্যর্থে) সং, ক্লীং, অশনি, বজ্র। বিং, ত্রিং, মিশ্র, একত্রিত। ভেদশীল, ভঙ্গুর, যে বস্তু অনায়াসে ভাঙ্গিয়া যায়।

ভিদ্য, (ভিত্ত দেখ, য—প্রং) সং, পুং, কূলভেদকারী নদ। [অশনি, বজ্র।

ভিদ্র, (ভিত্ত দেখ, র—প্রং) সং, পুং, ক্লীং,

ভিন্দিপাল, (ভিন্দি=ভেদন—পাল্=রক্ষা করা+অল্—প্রং) সং, পুং, ক্ষেপণীয় অস্ত্রবিশেষ।

ভিন্ন, (ভিত্ত দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বিশীর্ণ। অন্য। শিথিলিত। বিদীর্ণ। বিফলিত। মিলিত, মিশ্রিত। প্রতিফলিত। মর্দ্দিত। খণ্ডিত। ছিন্ন। ভগ্ন। নিরস্ত। মদস্রাবী। লুণ্ঠিত। স্খলিত। বিভক্ত। বিকসিত। বিদলিত। বহুলীভূত। স্পষ্ট। ত্যক্ত। [ক্ষপণক, বৌদ্ধ।

ভিন্নক, (ভিন্ন+ক—যোগ) সং, পুং,

ভিন্নগুণন, (ভিন্ন=ভগ্নাংশ—গুণন=পূরণ করা) সং, ক্লীং, অঙ্কবিদ্যাবিশেষ। ভগ্নাংশের গুণীকরণ।

ভিন্নঘন, (ভিন্ন=ভগ্নাংশ—ঘন) সং, ক্লীং, ভগ্নাংশের ঘন। (cube of a fraction)

ভিন্নভাগহর, (ভিন্ন=ভগ্নাংশ—ভাগহর=ভাগকরণ) সং, পুং, ভগ্নাংশের ভাগহার।

ভিন্নবর্গ, (ভিন্ন=ভগ্নাংশ—বর্গ) সং, পুং, ভগ্নাংশেরবর্গ (Square of a fraction)

ভিয়া, (ভী=ভয় করা+আ—প্রং, ঈ=ইয়) সং, স্ত্রীং, ভয়, শঙ্কা।

ভিল্ল, সং, পুং—স্ত্রীং, ভারতবর্ষীয় অসভ্য জাতিবিশেষ, ভীল। ল্লী-স্ত্রীং, লোধ্রবৃক্ষ।

ভিষক্, (ভিষজ্, ভিষ্ [সৌত্রধাতু] রোগ প্রতীকার করা+অজ্—প্রং) সং, পুং, বৈদ্য, চিকিৎসক।

ভিস্সটা, ভিস্ম, ভিস্মিকা, ভিস্মিটা, (ভিস্সা=অন্ন—টীক্ [গমন করা] তুল্য হওয়া+অ—প্রং) সং, স্ত্রীং, দগ্ধ অন্ন, ধরা ভাত। পোড়াভাত।

ভিস্সা, (ভিদ্=ভেদকরা+ক্বিপ্, প্রং—সো=নাশকরা+ড—প্রং, দ্=স্, নিপাতন) সং, স্ত্রীং, ভক্ত, অন্ন, ভাত।

ভিস্তি, (ভস্ত্রাশব্দজ) সং, চর্ম্ম নির্ম্মিত বৃহৎ জলপাত্রবিশেষ।

ভী, ভীতি (ভী=ভয় পাওয়া+ক্বিপ্, ক্তি—ভা) সং, স্ত্রীং, ভয়, ত্রাস, শঙ্কা। ভয় জনিত কম্প। আতঙ্ক।

ভীত, (ভী দেখ, ক্ত—প্রং) বিং, ত্রিং, ভয়যুক্ত, ত্রস্ত, শঙ্কিত। সং, ক্লী, ভয়।

ভীম, (ভী দেখ, ম—প্রং) সং, পুং, মধ্যম পাণ্ডব, বৃকোদর। মহাদেব। দময়ন্তীর পিতা, স্বনামপ্রসিদ্ধ নৃপবিশেষ। ভয়ানক রস। বিং, ত্রিং, ঘোর, ভয়ানক। ভীষণ। মা—স্ত্রীং, দুর্গা। চাবুক, কশা।

ভীমনাদ, (ভীম=ভয়ানক—নাদ=শব্দ) সং, পুং, সিংহ। ভয়ানকশব্দ। গম্ভীর ধ্বনি।

ভীমরথী, (ভীম=ভয়ানক—রথ, ঈ—প্রং) সং, স্ত্রীং, প্রাচীন অবস্থাবিশেষ, ৭৭ বৎসর ৭মাসের পর যে অবস্থা হয়। নদীবিশেষ।

ভীমবিক্রান্ত, (ভীম=ভয়ানক—বিক্রান্ত) সং, পুং, সিংহ। বিং, ত্রিং, ভয়ানক

পরাক্রমবিশিষ্ট।
ভীমশাসন, (ভীম=ভয়ানক—শাসন=আজ্ঞা) সং, পুং, কৃতান্ত, যম।
ভীমসেন, (ভীম=ভয়ানক—সেনা, ৬ষ্ঠী—হিং, কিম্বা য়ং—স) সং, পুং, মধ্যম পাণ্ডব, বৃকোদর। কর্পূরবিশেষ।
ভীমৈকাদশী, সং, স্ত্রীং, মাঘমাসের শুক্লা একাদশী।
ভীরু, (ভী দেখ, রু—প্রং) বিং, ত্রিং, চকিত, ত্রস্ত, ভীতস্বভাব। ভয়ানক। সং,পুং, ইক্ষুবিশেষ, শৃগাল। ব্যাঘ্র। রু, রূ—স্ত্রীং, স্ত্রীবিশেষ।
ভীরুক, (ভী দেখ, রুক—প্রং) বিং, ত্রিং, ভয়যুক্ত, কাতর। সং, পুং, পেচক। ইক্ষুবিশেষ, শৃগাল। ভল্লুক। ক্লীং, বন। কানন।
ভীরুরন্ধ্র, (ভীরু=ভয়ানক—রন্ধ্র=গুহা, গহ্বর) সং, পুং, অগ্নিকুণ্ড। হাপর।
ভীরুহৃদয়, (ভীরু=ত্রস্ত—হৃদয়=চিত্র, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মৃগ, হরিণ।
ভীলু, (ভীরু দেখ, র=ল) বিং, ত্রিং, ভীরু, ভয়শীল। সং,পুং, শৃগাল। ভল্লুক
ভীলুক, (ভীরু দেখ, র=ল) বিং, ত্রিং, ভীরু, ভয়শীল। সং, পুং, ভল্লুক। ইক্ষুবিশেষ, শৃগাল। ব্যাঘ্র।
ভীষণ, (ভী=ভয় পাওয়া [প্রেরণে ই] +অন—ক) বিং, ত্রিং, ভয়ঙ্কর, ভয়ানক, দারুণ। গাঢ়। দৃঢ়। কঠিন। সং, পুং, শিব। বৃক্ষবিশেষ, হিন্তালবৃক্ষ। কপোত। ভয়ানক রস। ক্লীং, ভয়।
ভীষ্ম, (ভী=ভয় পাওয়া+ম—প্রং, ষ—আগম) সং, পুং, রসবিশেষ, ভয়ানক রস। পাণ্ডুরাজার পিতামহের ভ্রাতা, শান্তনুরাজার পুত্র, গঙ্গাসুত, গাঙ্গেয়। রাক্ষস। শিব। বিং, ত্রিং, ভয়ানক, ভয়ঙ্কর।
ভীষ্মপঞ্চক, সং,ক্লীং, কার্ত্তিকী শুক্লা একাদশী অবধি পূর্ণিমা পর্য্যন্ত এই পঞ্চতিথিতে কর্ত্তব্য ব্রতবিশেষ। ঐ পাঁচ তিথি।
ভীষ্মসূ, ভীষ্মজননী, (ভীষ্ম—সূ=মাতা, কিম্বা সূ=প্রসব করা+ক্বিপ্—ক, ৬ষ্ঠী—ষ, ২য়া—ষ্ণ। ভিষ্ম—জননী=মাতা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, ভীষ্মের মাতা, গঙ্গা, ভাগীরথী।
ভীষ্মাষ্টমী, সং, স্ত্রীং, মাঘ মাসের শুক্লা [অষ্টমী।
ভুঁড়ি, (দেশজ) সং, বৃহৎ উদর, বড় পেট।
ভুক্, (ভুজ্, ভুজ্=ভোজন করা+ক্বিপ্—ক) বিং, ত্রিং, ভোক্তা, যে ভোজন করে; যথা—বলিভুক্,নরভুক্ ইত্যাদি। স্ত্রীং, ক্ষুধা।
ভুক্ত, (ভুজ্=ভোজন করা+ক্ত—র্ম্ম, ভা) বিং, ত্রিং, ভক্ষিত। উপভুক্ত। অন্তর্গত, যথা রাজ্যভুক্ত, অধিকারভুক্ত ইত্যাদি। সং, ক্লীং, ভুক্তি, ভোজন।
ভুক্তি, (ভুক্ত দেখ, ক্তি—ভা) সং, স্ত্রীং, ভোজন। উপভোগ।
ভুগ্ন, (ভুজ্=কুটিল হওয়া+ক্ত—প্রং) বিং, ত্রিং, বক্র, বাঁকা। বেগাদি দ্বারা কুব্জীকৃত। নত। বিকলাঙ্গ। রোগাদি দ্বারা কুটিলীকৃত।
ভুজ, (ভুজ্=ভোজনকরা+অল্—ণ) সং, পুং, জা—স্ত্রীং, হস্ত, বাহু। ভূর্জ্জপত্র। ধনুকের আকৃতি, ত্রিকোণাদিক্ষেত্রের রেখাবিশেষ। গোলাকারদ্রব্য। কৌটিল্য। কুটিলতা। বক্রতা।
ভুজকোটর, (ভুজ=বাহু-কোটর=খোড়ল) সং, পুং, বাহুমূল, কক্ষ, বগল।
ভুজগ, (ভুজ=বক্রাকৃতি—গ=যে গমন করে) সং, পুং, সর্প, ফণী।
ভুজগদারণ, (ভুজগ=সর্প—দারণ=যে বিদারণ করে) সং, পুং, গরুড়।
ভুজগান্তক, (ভুজগাশন, (ভুজগ=সর্প—অন্তক=বিনাশক,৬ষ্ঠী—ষ। অশন=খাদ্য, ৬ষ্ঠী—হিং) সং, পুং, গরুড়। ময়ূর।
ভুজঙ্গ, (ভুজ=বক্রাকৃতি—গ=যে গমন করে) সং, পুং, সর্প। বিট। ষিড়্গ।
ভুজঙ্গপ্রয়াত, সং, ক্লীং, দ্বাদশাক্ষর পাদ ছন্দোবিশেষ, যাহার ১ম, ৪র্থ, ৭ম ও

১০ম বর্ণ লঘু।
ভুজঙ্গভুক্, (ভুজঙ্গভুজ্, ভুজঙ্গ=সর্প—ভুজ্ =যে ভোজন করে, ২য়া—ষ) সং, পুং, গরুড়। ময়ূর।
ভুজঙ্গম, (ভুজ=বক্রাকৃতি—গম্=গমন করা+খচ্) সং, পুং, সর্প, ফণী। মিড়্গা। বিট। ক্লীং, সীসক, সীসা।
ভুজঙ্গবিজৃম্ভিত, সং, ক্লীং, ছন্দোবিশেষ।
ভুজশিরঃ, (ভুজশিরস্, ভুজ=বাহু—শিরস্ =মস্তক) সং, ক্লীং, স্কন্ধ, কাঁধ।
ভুজাকণ্ট, (ভুজা=হস্ত—কণ্ট=কাঁটা) সং,পুং, হস্তনখর, হাতের নখ, কররুহ।
ভুজাদল, (ভুজা=বাহু—দল=পত্র) সং, পুং, কর, হস্ত।
ভুজান্তর, (ভুজ=বাহু—অন্তর=মধ্য, ৬ষ্ঠী —ষ) সং, ক্লীং, ক্রোড়, বক্ষঃস্থল। অন্য হস্ত। [সং, পুং, অগ্নি, বহ্নি।
ভুজি, (ভুজ্=ভোজনকরা+ই-সংজ্ঞার্থে)
ভুজিষ্য, (ভুজ্=ভোজনকরা+ইষ্য—প্রং) সং,পুং, স্ত্রীং, দাস, ভৃত্য। পুং,স্বাধীন ব্যক্তি। হস্তসূত্র। ষ্যা-স্ত্রীং, দাসী। গণিকা, বেশ্যা। [ত্রিং, ভোগকারী।
ভুগ্নান, (পূর্ব্বে দেখ, শান—ক) বিং,
ভুরিক্, (ভুরিজ্, ভৃ=পোষণকরা—ইজ =উর) সং, স্ত্রীং, পৃথিবী।
ভুবন, (ভূ=হওয়া+কন—উ, নিপাতন) সং, ক্লীং, জগৎ, সলিল, জল। আকাশ, মনুষ্য। মানবজাতি। চতুর্দ্দশ ভুবন। যথা—ভূ, ভুব, স্বর্, মহ, জন, তপ, সত্য, অতল, সুতল, বিতল, গভস্তিমৎ, মহাতল, রসাতল, পাতাল।
ভুবন্যু, (ভূ=হওয়া+কন্যু—উ, নিপাতন) সং,পুং, চন্দ্র। সূর্য্য। প্রভু। অগ্নি।
ভুবঃ, (ভুবর্, ভুবস, ভূ=হওয়া+অরুক্, অসুন্—প্রং) অং, আকাশ, অন্তরীক্ষ।
ভুবর্লোক, (ভুবস্=আকাশ-লোক=ভুবন) সং, পুং, পৃথিবী ও সূর্য্যের মধ্যপ্রদেশ। ভূবাদি সপ্তলোকান্তর্গত দ্বিতীয় লোক।
ভুবিঃ, (ভুবিস্, ভূ=হওয়া+ইস্—সংজ্ঞার্থে। উ=উ) সং, ক্লীং, সমুদ্র।
ভুল, (দেশজ) সং, বিস্মরণ। ভ্রান্তি, ভ্রম।
ভুলন, (দেশজ) সং, বিস্মৃত হওয়া, ভ্রম-হওন।
ভুশুণ্ডি, সং, স্ত্রীং, আগ্নেয়াস্ত্রবিশেষ।
ভুষী, ভুসী, (দেশজ) সং, যবগোধূমাদির ধান্যাদির তুঁষ। খোসা।
ভূ, (ভূ=হওয়া+ক্বিপ্—প্রং) সং, স্ত্রীং, স্থান, প্রদেশ। যজ্ঞাগ্নি। পৃথিবী। আধার। অং, পাতাল, রসাতল।
ভূঁই, (ভূমি শব্দজ) সং, ক্ষেত্র, ক্ষেত।
ভূক, (ভূ=হওয়া+কক্—প্রং) সং, ক্লীং, ছিদ্র, গর্ত্ত। কাল, সময়। পুং, অন্ধকার, তমঃ।
ভূকন্ধরা, (Isthmus) সং, স্ত্রীং, যোজক, যে সঙ্কীর্ণ ভূমিখণ্ড অপর দুই প্রশস্ত ভূমিখণ্ডকে পরস্পর সংযোজিত করে।
ভূকম্প, (ভূ=পৃথিবী—কম্প=কম্পন) সং, পুং, ভূমিকম্প, পৃথিবীর কম্পন।
ভূকর্ণ, (ভূ=পৃথিবী—কর্ণ=Sine) সং, পুং, জ্যোতিঃশাস্ত্রে নিরক্ষমণ্ডলের ব্যাসার্দ্ধ। (The radius of the equator)
ভূকল, সং, পুং, দুষ্ট অশ্ব, অদম্য ঘোটক।
ভূকশ্যপ, (ভূ=পৃথিবী—কশ্যপ) সং, পুং, বসুদেব, কৃষ্ণের পিতা।
ভূকাক, (ভূ=পৃথিবী—কাক) সং, পুং, কোঁচবক। নীলবর্ণ কপোত।
ভূকেশ, (ভূ=পৃথিবী—কেশ=চুল) সং, পুং, শৈবাল। বটবৃক্ষ। শা-স্ত্রীং, রাক্ষসী।
ভূক্ষিৎ, (ভূ=পৃথিবী—ক্ষি=ক্ষয় করা+ক্বিপ্—প্রং, ৎ—আগম) সং, পুং, শূকর। বরাহ। [বিষ।
ভূগর, (ভূ—গর=বিষ) সং, ক্লীং, গরল,
ভূগর্ভ, (ভূ=পৃথিবী—গর্ভ) সং, পুং, মালতীমাধবাদি নাটকপ্রণেতা ভবভূতি কবি। ভূমির অভ্যন্তর ভাগ।
ভূগোল, (ভূ=পৃথিবী—গোল—মণ্ডল) সং, পুং, ভূমণ্ডল, পৃথিবীমণ্ডল।
ভূগোলবিদ্যা, (Geography) যে বিদ্যা

দ্বারা পৃথিবীর আকৃতি বিভাগ, গতি ও পৃথিবীর কোন্ স্থানে কি আছে তৎসমুদায়ের বিবরণ জ্ঞাত হওয়া যায়। ভূপৃষ্ঠবিষয়ক জ্ঞান।

ভূচর, (ভূ—চর=যে চরে, ৭মী—ষ) বিং, ত্রিং, স্থলচর, যাহারা ভূমিতে বাস করে, মনুষ্য গো অশ্ব ইত্যাদি।

ভূচিত্র, (ভূ=পৃথিবী—চিত্র) সং, ক্লীং, পৃথিবীর মানচিত্র, ম্যাপ্।

ভূচ্ছায়া, (ভূ=পৃথিবী—ছায়া) সং, স্ত্রীং, ক্লীং, অন্ধকার।

ভূজম্বু, (ভূ=পৃথিবী—জম্বু=জাম) সং, স্ত্রীং, গম, গোধূম। বিকঙ্কত ফল, বঁইচ।

ভূত, (ভূ=হওয়া ইত্যাদি+ক্ত—ভূতকালার্থে) সং, পুং, ক্লীং, পিশাচ। চেতন-পদার্থ, প্রাণী। পুং, শিব। দেবযোনিবিশেষ, শিবের অনুচর। সন্তান। বালক। ক্লীং, পৃথিবী জল অগ্নি বায়ু আকাশ এই পঞ্চ। জন্তু। সত্য। তত্ত্বানুসন্ধান। বিং, ত্রিং, বর্ত্তমান। বিদ্যমান। উৎপন্ন। অতীত। লব্ধ। প্রাপ্ত। জ্ঞাত। ন্যায্য। সত্য। উপযুক্ত। তুল্য, সদৃশ। স্বরূপ। উচিত। তা-স্ত্রীং, কৃষ্ণচতুর্দ্দশী।

ভূতক্রান্তি, (ভূত=পিশাচাদি—ক্রান্তি=গমন) সং,স্ত্রীং, ভূতাবেশ, ভূতেপাওয়া।

ভূতঘ্ন, (ভূত=পিশাচাদি—ঘ্ন=যে নাশ করে) সং, পুং, উষ্ট্র, উট। লশুন। ভূর্জ্জবৃক্ষ। বিং, ত্রিং, ভূতনাশক। ঘ্নী—স্ত্রীং, তুলসী।

ভূতচতুর্দ্দশী, সং, স্ত্রীং, গৌণ কার্ত্তিকী কৃষ্ণাচতুর্দ্দশী, ইহাকেই যমচতুর্দ্দশী বলে।

ভূতজটা, সং,স্ত্রীং, জটামাংসী, গন্ধমাংসী।

ভূতত্ত্ববিদ্যা, (Geology) পৃথিবীর অভ্যন্তরে কোথায় কি পদার্থ নিহিত আছে, তৎসমুদায়ের নির্ণায়ক শাস্ত্র।

ভূতধাত্রী, (ভূত=প্রাণী—ধাত্রী=উপমাতা) সং, স্ত্রীং, ধরিত্রী, পৃথিবী।

ভূতনাথ, ভূতেশ, (ভূত=পিশাচাদি—নাথ=ঈশ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শিব।

ভূতনায়িকা, (ভূত=পিশাচাদি—নায়িকা=যে লইয়া যায়) সং,স্ত্রীং, দুর্গা, পার্ব্বতী।

ভূতপূর্ণিমা, (ভূত—পূর্ণিমা। এই পূর্ণিমাতে ভূতগণেরা পূজিত হয়) সং, স্ত্রীং, আশ্বিনী পূর্ণিমা, কোজাগর পূর্ণিমা।

ভূতপূর্ব্ব, বিং, ত্রিং, যাহা পূর্ব্বে ছিল, পূর্ব্বাতীত। অং, অতীতকালে। পূর্ব্বে।

ভূতভাবন, (ভূত=পৃথিব্যাদি-ভাবি=হওয়ান+অন-ক্ত) সং,পুং, সৃষ্টিকর্ত্তা। ব্রহ্মা।

ভূতভৃৎ, (ভূত—ভৃ=পোষণ করা+ক্বিপ্—প্রং। ৎ—আগম) সং, পুং, পালনকর্ত্তা।

ভূতযজ্ঞ, (ভূত—যজ্ঞ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, জীবদিগকে খাদ্যদান। ভূতযোনি দিগকে পূজাকরণ। পঞ্চমহাযজ্ঞান্তর্গত বলি বৈশ্বদেব কর্ম্ম।

ভূতল, (ভূ—তল—নিম্ন) সং, ক্লীং, পাতাল। পৃথিবী, ধরাতল, পৃথিবীর উপরিভাগ। ভূমি।

ভূতবিক্রিয়া, (ভূত—বিক্রিয়া=বিকার) সং স্ত্রীং, অপস্মার রোগ।

ভূতশুদ্ধি, (ভূত=পৃথিব্যাদি—শুদ্ধি=শোধন, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, শরীরস্থ পাপ পুরুষ দহনপূর্ব্বক শরীর শোধন।

ভূতসঞ্চার, (ভূত=পিশাচাদি—সম্=সহিত—চর=গমন করা+ঘঞ্—প্রং) সং, পুং, ভূতাবেশ, ভূতে পাওয়া। রী—স্ত্রীং, দাবানল, বনাগ্নি।

ভূতসর্গ, (ভূত—সর্গ=সৃষ্টি) সং, ক্লীং, ভূতসৃষ্টি, তাহা চতুর্দ্দশবিধ—ব্রাহ্ম, প্রাজাপত্য, সৌম্য, ঐন্দ্র, গান্ধর্ব্ব, কৌবের, রাক্ষস, পৈশাচ, মানুষ, স্থাবর, পাশব, মার্গ, শাকুনিক, সার্প।

ভূতাত্মা, (ভূতাত্মন্, ভূত=পৃথিব্যাদি—আত্মন্, ৬ষ্ঠী—হিং) সং, পুং, দেহ। শিব। ব্রহ্মা। বিষ্ণু। পরব্রহ্ম। জীবাত্মা। যুদ্ধ, বিগ্রহ।

ভূতাবিষ্ট, (ভূত=পিশাচ-আবিষ্ট=প্রবিষ্ট, ৩য়া—ষ) বিং, ত্রিং, পিশাচগ্রস্ত,

তাক্রান্ত। [হিন্দু, হিং।
ভূতারি, (ভূত—অরি=শত্রু) সং, ক্লীং,
ভূতার্ত্ত, (ভূত—আর্ত্ত=পীড়িত) বিং, ত্রিং, ভূতাবিষ্ট, ভূতগ্রস্ত, ভূতাশ্রিত।
ভূতার্থ, (ভূত=সত্য—অর্থ) বিং, ত্রিং, যথার্থ, সত্য। অকৃত্রিম।
ভূতাবাস, (ভূত—আবাস=বাসস্থান) সং, পুং, শরীর, দেহ। বিষ্ণু। বিভীতকবৃক্ষ।
ভূতাবেশ, (ভূত—আবেশ=প্রবেশ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ভূতসঞ্চার, ভূতে পাওয়া।
ভূতি, (ভূ=হওয়া+ক্তি—প্রং,) সং, স্ত্রীং, শিবের অণিমাদি অষ্ট-বিধ ঐশ্বর্য্য। মাহিমা। ভস্ম। হস্তিশৃঙ্গার। সম্পত্তি। সিদ্ধি। সত্তা। উৎপত্তি। জাতি। অভ্যুদয়, উন্নতি। মঙ্গল। উৎকর্ষ। মাতঙ্গের সিন্দূরাদি সজ্জা। ভর্জ্জিত মাংস।
ভূতিকীল, সং, পুং, ভূপাত, খানা।
ভূতিগর্ভ, (ভূতি=অলৌকিক শক্তি—গর্ভ=অভ্যন্তর ৭মী—হিং) সং, পুং, ভবভূতি।
ভূতিনিধান, (ভূতি=সিদ্ধি—নিধান=আধার) সং, ক্লীং, ধনিষ্ঠা নক্ষত্র।
ভূতেশ, (ভূত=পিশাচ—ঈশ=প্রভু) সং, পুং, মহাদেব। ভূতনাথ।
ভূতোপহত, (ভূত—উপহত—অভিভূত, আক্রান্ত) বিং, ত্রিং, ভূতাক্রান্ত, ভূতাবিষ্ট। প্রেতবাহিত।
ভূত্তম, (ভূ=পৃথিবী—উত্তম) সং, ক্লীং, কাঞ্চন, স্বর্ণ।
ভূদার, (ভূ=পৃথিবী—দৃ=বিদারণ করা+অন্—প্রং) সং, পুং, বরাহ, শূকর।
ভূদেব, ভূসুর, (ভূ=পৃথিবী—দেব, সুর=দেবতা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ব্রাহ্মণ।
ভূদোষ, সং, পুং, হিংসা, প্রবঞ্চনা, মিথ্যা কথন, চৌর্য্য, পরদারাভিগমন প্রভৃতি।
ভূধর, (ভূ=পৃথিবী—ধর=যে ধরে, ২য়া—ষ) সং, পুং, পর্ব্বত। অনন্তদেব। পুষ।
ভূধ্র, (ভূ=পৃথিবী—ধৃ=ধারণ করা+অপ্—প্রং। ==) সং, পুং, পর্ব্বত। ভূধর। [সং, পুং, চিরাতা।
ভূনিম্ব, (ভূ=পৃথিবী—নিম্ব=নিমগাছ)
ভূপ, ভূপতি, ভূপাল, ভূভুজ্, (ভূ=পৃথিবী—প=যে পালন করে, দ্বিতীয়া ষ।—পতি, ৬ষ্ঠী—ষ।—পাল=যে পালন করে, দ্বিতীয়া—ষ।—ভুজ্=যে ভোগ করে, দ্বিতীয়া—ষ) সং, পুং, রাজা, মহীপাল।
ভূপদ, (ভূ=পৃথিবীতে—পদ [পা] মূল, ৭মী=হিং) সং, পুং, তরু, বৃক্ষ। ভূরুহ। দী—স্ত্রীং, মল্লিকা।
ভূপুত্রী, (ভূ=পৃথিবী—পুত্রী=কন্যা। ক্ষেত্রকর্ষণকালীন লাঙ্গলদ্বারা উত্থিত হইয়াছিলেন বলিয়া) সং, স্ত্রীং, সীতা, জানকী।
ভূভৃৎ, ভূমিভৃৎ, (ভূ—ভৃ=ধারণকরা, পোষণ করা+ক্বিপ্—ক, ৎ—আগম) সং, পুং, পর্ব্বত। ভূপতি।
ভূময়, (ভূ=পৃথিবী+ময়—প্রং) বিং, ত্রিং, মৃদাত্মক, মৃণ্ময়, মৃত্তিকানির্ম্মিত। য়ী—স্ত্রীং, ছায়া, সূর্য্যপত্নী।
ভূমা, (ভূমন্, ভূ=বহুশব্দজ+মন্—প্রং) বিং, ত্রিং, প্রচুর, ভূয়িষ্ঠ, বহুল, অধিক। বহু। সং, পুং, সর্ব্বব্যাপী পুরুষ। (বহু+ইমন্—ভাবে, নিপাতন) বহুত্ব।
ভূমি, (ভূ=হওয়া+মি—প্রং) সং, পুং,—স্ত্রীং, পৃথিবী। স্থান মাত্র। জিহ্বা। ক্ষেত্র। আধার। আকর। যোগিদিগের অবস্থাবিশেষ। ক্ষেত্রতত্ত্বে কোন ক্ষেত্রের নিম্নস্থরেখা (Base)
ভূমিকা, (ভূমি স্থান+ক—স্বার্থে, আ—প্রং) সং, স্ত্রীং, বেশধারণ, রূপান্তর পরিগ্রহ। সাজান। রচনা। গ্রন্থের আভাস, প্রস্তাবনা। বক্তব্য বিষয়ের সূচনা। কক্ষা। বেদান্তমতে চিত্তের ব্যবস্থাবিশেষ।
ভূমিচম্পক, (ভূমি=পৃথিবী—চম্পক চাঁপাগাছ) সং, পুং, পুষ্পবৃক্ষবিশেষ,

ভূঁই চাঁপার গাছ।

ভূমিজ, (ভূমি=পৃথিবী—জ=জাত) সং. পুং, মঙ্গলগ্রহ। নরকরাজ, নরকাসুর। ভূমিকদম্ব। বিং,ত্রিং,পৃথিবীজাত। ক্ষেত্রোৎপন্ন। ভূমি সম্ভূত। জা—স্ত্রীং, সীতা, জানকী।

ভূমিজীবী, (ভূমিজীবিন্, ভূমি=পৃথিবী —জীবিন্=যে জীবনযাত্রা নির্ব্বাহ করে) সং, পুং, বৈশ্য। কৃষিজীবী।

ভূমিদেব, (ভূমি=পৃথিবী—দেব=দেবতা ৬ষ্ঠী—ষ) সং, পুং, ভূদেব, ব্রাহ্মণ।

ভূমিপ, ভূমিপতি, (ভূমি—প=যে পালনকরে, দ্বিতীয়া—ষ।—পতি, ৬ষ্ঠী-ষ) সং, পুং, ভূপতি, রাজা, মহীপাল।

ভূমিপাল, (ভূমি=পৃথিবী—পাল=যে পালন করে, ২য়া—ষ) সং,পুং, ভূপতি, রাজা।

ভূমিভুজ, (ভূমি=পৃথিবী—ভুজ=যে উপভোগ করে, ২য়া—ষ) সং, পুং, রাজা, ভূপতি।

ভূমিরুহ, (ভূমি=পৃথিবী—রুহ=যে জন্মে, ৭মী—ষ) সং, পুং, বৃক্ষ, গাছ।

ভূমিলেপন, (ভূমি=পৃথিবী—লেপন= লেপনোপকরণ। যে দ্রব্যদ্বারা মৃণ্ময় গৃহ সর্ব্বদা লেপিয়া থাকে) সং, ক্লীং, গোময়, গোবর।

ভূমিবর্দ্ধন, (ভূমি—বর্দ্ধন=বৃদ্ধি, ৫মী— হিং) সং, পুং,—ক্লীং, মৃতশরীর, শব, মড়া।

ভূমিষ্ঠ, (ভূমি—ষ্ঠ [স্থা ধাতুজ] যে থাকে, সপ্তমী—ষ) বিং, ত্রিং, প্রণত, ভূমি পতিত। ভূমিতে স্থিত। জাত, উৎপন্ন।

ভূমিসম্ভবা, (ভূমি=পৃথিবী—সম্ভবা= কন্যা, ভূপুত্রী দেখ) সং, স্ত্রীং, সীতা,

ভূমিস্পৃক্, (ভূমিস্পৃশ্, ভূমি=পৃথিবী, মাটী—স্পৃশ্ [স্পৃশ্=স্পর্শকরা+ক্বিপ্ ক] যে স্পর্শ করে) সং, পুং, ব্যক্তি মনুষ্যজাতি। বৈশ্য। চৌরবিশেষ, যে মাটীর সঙ্গে মিশাইয়া অর্থাৎ হামাগুড়ি দিয়া দ্রব্যাদি অপহরণ করিয়া লইয়া যায়। অন্ধ। খঞ্জ। বিং, ত্রিং, ভূমিস্পর্শকারী। [সং, পুং, ভূপতি, রাজা।

ভূমীন্দ্র, (ভূমি=পৃথিবী—ইন্দ্র=প্রধান)

ভূয়ঃ, (ভূয়স্, বহু+ঈয়স্—অত্যর্থে, বহু স্থানে ভূ, ঈ—লোপ) বিং, ত্রিং, প্রচুর, অধিক। সং, ক্লীং, প্রাচুর্য্য, আধিক্য। অং, পুনঃ পুনঃ, প্রতিনিয়ত, বারম্বার।

ভূয়িষ্ঠ, (বহু+ইষ্ঠ—অত্যর্থে) বিং, ত্রিং, প্রচুর, বহুল. অধিক, অনেক।

ভূরি, (ভূ=হওয়া+রি—প্রং) বিং, ত্রিং, অং, বহু, অধিক, অনেক। পুং, শিব। বিষ্ণু। ব্রহ্মা। সং, ক্লীং, স্বর্ণ।

ভূরিগম, (ভূরি—গম্=গমন করা+অল্ প্রং) সং, পুং, রাসভ, গর্দ্দভ। [পক্ষী।

ভূরিপ্রেমা, (—মন্) সং,পুং, চক্রবাক-

ভূরিমায়, (ভূরি=প্রচুর—মায়া=কাপট্য, শঠতা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শৃগাল।

ভূরিশঃ, (ভূরিশস্ ভূরি+শস্—বারার্থে। ক্রিং,—বিং, ভূরি২, বহুশঃ। অনেকবার।

ভূরিশ্রবাঃ, (—বস্) সং, পুং, চন্দ্রবংশীয় সোমদত্ত রাজারপুত্র; অর্জ্জুন তাঁহাকে বিনাশ করিয়াছিলেন।

ভূরুণ্ড, সং, পুং, প্রাণীবিশেষ।

ভূরুহ, (ভূ=ভূমি—রুহ=যে জন্মে, ৫মী —ব) সং, পুং, বৃক্ষ, গাছ।

ভূর্জ্জ, ভূর্জ্জপত্র, (ভূ=পৃথিবী—উর্জ্জ্= জীবিত হওয়া ইত্যাদি+অল্—প্রং) সং,পুং, ভূর্জ্জপত্রেরগাছ, এইবৃক্ষেরত্বক।

ভূর্জ্জকণ্ঠক, (ভূর্জ্জ=কণ্ঠ+ক—যোগ) সং, পুং, বর্ণসঙ্কর জাতিবিশেষ।

ভূর্ণি, (ভূ=পোষণ করা+নি—প্রং, নিপাতন) সং, স্ত্রীং, পৃথিবী। মরুভূমি।

ভূর্, (ভূ=হওয়া+র্—প্রং) অং,পৃথিবী।

ভূর্লোক, (ভূর=পৃথিবী—লোক=ভুবন)

সং, পুং, মর্ত্ত্যলোক, পৃথিবী।

ভূলতা, (ভূ=পৃথিবী—লতা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, কিঞ্চুলুক, কেঁচো।

ভূল্লেখী (ভূল্লেখিন্, ভূ=পৃথিবী—উৎ—লিখ্ [লেখা] বিলিখনকরা, চাঁচা, আচড়ান ইত্যাদি+ণিন্—ক) বিং, ত্রিং, যে সকল পক্ষী মৃত্তিকা আঁচড়াইয়া খাদ্য দ্রব্য অনুসন্ধান করে।

ভূশক্র, (ভূ=পৃথিবী—শক্র=ইন্দ্র) সং, পুং, ভূমীন্দ্র, রাজা।

ভূষণ—ক্লীং, ভূষা—স্ত্রীং, } (ভূষ্=ভূষিতকরা+অনট্,অ,আপ্-ণ) সং, অলঙ্কার, আভরণ। সজ্জা, প্রসাধন। মণ্ডন, অলঙ্করণ। শোভা। "কচধার্য্যং দেহধার্য্যং পরিধেয়ং বিলেপনম্। চতুর্থা ভূষণম্ প্রাহুঃ স্ত্রীণামন্যচ্চ দৈশিকম্"॥ রসাকর।

ভূষিত, (পূর্ব্বে দেখ+ক্ত—র্ম্ম) বিং.ত্রিং, অলঙ্কৃত, সজ্জিত, শোভিত। মণ্ডিত।

ভূষ্ণু, (ভূ=হওয়া+স্নু—ক, শীলাদ্যর্থে) বিং, ত্রিং, ভবিষ্যৎ। উৎপত্তিশীল।

ভূষ্য, (ভূষণ দেখ+য—র্ম্ম) বিং, ত্রিং, ভূলঙ্করণ যোগ্য, ভূষণার্হ।

ভূসুত, (ভূ=পৃথিবী—সুত=পুত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মঙ্গলগ্রহ। নরকাসুর। তা-স্ত্রীং, সীতা, জানকী।

ভূস্পৃক্, (ভূস্পৃশ্, ভূ=পৃথিবী—স্পৃশ্=যে স্পর্শ করে) সং, পুং, মনুষ্য, মানুষ। মানবজাতি। বিং, ত্রিং, ভূমিস্পর্শকারী।

ভূস্বর্গ, (ভূ=পৃথিবী-স্বর্গ=পৃথিবীতে স্বগস্বরূপ) সং, পুং, সুমেরু পর্ব্বত।

ভূস্বামী, (ভূস্বামিন্, ভূ=পৃথিবী—স্বামিন্=পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, রাজা, ভূম্যধিকারী, জমিদার।

ভৃকুংস—শ, (ভ্রূ—কুন্স্ [শ্] বলা, দীপ্তি পাওয়া+অল্—প্রং। রূ=ঋ) সং, পুং, স্ত্রীবেশধারী নট।

ভৃকুটি, (ভ্রূ—কুট্=কুটিলহওয়া+কি—প্রং, ভ্রূ=ভৃ) সং, স্ত্রীং, ভ্রূভঙ্গি, ভ্রূকুটি ভ্রূসংকোচ।

ভৃগু, (ভ্রস্জ্=ভর্জ্জনকরা+কু—প্রং) সং, পুং, মুনিবিশেষ, শুক্রাচার্য্য। শুক্রগ্রহ। শিব। বংশবিশেষ। অত্যুচ্চস্থান। পর্ব্বতের উচ্চসানু, পর্ব্বতাদির ঢালু নিরবলম্বন পার্শ্বপ্রদেশ। গড়ানিয়াজায়গা।

ভৃগুপতি, (ভৃগু=ভৃগুবংশ বা জামদগ্নিবংশ—পতি=প্রভু, প্রধান) সং, পুং, পরশুরাম।

ভৃগুসুত, (ভৃগু=ভৃগুবংশীয় জামদগ্নি—সুত=পুত্র) সং, পুং, শুক্রাচার্য্য। পরশুরাম।

ভৃঙ্গ, (ভৃ=পোষণকরা+গ—প্রং, ন্—আগম) সং, পুং, ভ্রমর। লম্পট। স্বর্ণপাত্র। ফিঙ্গাপাখী। বৃক্ষবিশেষ। সং, ক্লীং, ত্বক্। গুড়ত্বক্। অভ্রক।

ভৃঙ্গজ, সং,পুং, অগুরু,সুগন্ধ কাষ্ঠবিশেষ।

ভৃঙ্গরাজ, (ভৃঙ্গ=ভ্রমর—রাজ=দীপ্তিপাওয়া+অল্—প্রং) সং, পুং, ভ্রমর। পক্ষীবিশেষ। যজ্ঞবিশেষ।

ভৃঙ্গরিট, ভৃঙ্গরীট, ভৃঙ্গরিটি, ভৃঙ্গরীটি, } (ভৃঙ্গ=ভ্রমর-রট্ [বলা]=শব্দকরা +অ, ই—প্রং। অ=ই বা ঈ) সং, পুং, শিবানুচর, মহাদেবের দ্বারপাল, ভৃঙ্গী।

ভৃঙ্গরোল, (ভৃঙ্গ=ভ্রমর—রু=শব্দকরা+ল—প্রং) সং, পুং, ভীমরুল। বোল্‌তা।

ভৃঙ্গার, (ভৃ [জল] ধারণকরা+আর—প্রং) সং, পুং, স্বর্ণনির্ম্মিত জলপাত্রবিশেষ। ক্লীং, লবঙ্গ। সুবর্ণ।

ভৃঙ্গারিকা, ভৃঙ্গারী (ভৃঙ্গ=ভ্রমর—অরি=শক্র+ক—প্রং) সং, স্ত্রীং, ঝিল্লী, ঝিঁঝিঁ পোকা।[সং,পুং, শিবের অনুচর।

ভৃঙ্গী, (ভৃঙ্গিন্, ভৃঙ্গ=ভ্রমর+ইন্—প্রং)

ভৃঙ্গীশ, (ভৃঙ্গী=শিবানুচর—ঈশ=প্রভু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শিব, মহাদেব।

ভৃজ্জন, (ভ্রস্জ্=ভর্জ্জন করা—অনট্—প্রং। ভ্রস্জ্=ভৃজ্জ্) সং, পুং, ভাজনাখোলা।

ণ করা, ধারণ করা+

ক্বিপ্—প্রং। ৎ—আগম) বিং, ত্রিং, পালনকর্ত্তা। ধারণকর্ত্তা। বাহক। এই শব্দটী সচরাচর অন্য শব্দের পর প্রযুক্ত হইয়া থাকে। যথা—ক্ষমাভৃৎ, ধনুর্ভৃৎ, ইত্যাদি।

ভৃত, (ভৃ=পালনকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, পালিত, পুষ্ট। পরিপূর্ণ। অধিকারী। সং, প্রং, ভৃত্য। ঠিকামজুর।

ভৃতক, (পূর্ব্বে দেখ; ক—যোগ) বিং, ত্রিং, বেতনগ্রাহী, ভৃত্য। সং, ক্লীং, বেতন। পুং, মাস।

ভৃতভূতি, (ভৃত=অধিকৃত—ভূতি=ক্ষমতা ইত্যাদি—৬ষ্ঠী—হিং) বিং,ত্রিং, ক্ষমতাশালী। উন্নত। বর্দ্ধনশীল।

ভৃতি, (ভৃ=পোষণ করা+ক্তি—প্রং) সং, ক্লীং, বেতন। মূলধন, পুঁজি। পালন। মূল্য। ভরণ। পূরণ।

ভৃতিজীবী, (ভৃতিজীবিন্, ভৃতি=বেতন—জীব্=বাঁচা+ণিন্—ক) বিং, ত্রিং, বেতনভোগী, বেতনগ্রাহী,দাস,সেবক।

ভৃতিভুক্, (ভৃতিভুজ্, ভৃতি=বেতন—ভুজ্=ভোজনকরা+ক্বিপ্—ক) বিং, ত্রিং, বেতনভোগী, বেতনগ্রাহী।

ভৃত্য, (ভৃ=পোষণকরা+ক্যপ্—র্ম্ম) সং, পুং, দাস। অধীনস্থ ব্যক্তি। ত্যা—স্ত্রীং, দাসী। বেতন। ভাড়া। চিকিৎসা। বিং, ত্রিং, পাল্য।

ভৃত্যধ্যাপন, (ভৃতি=বেতন—অধ্যাপন=শিক্ষাদেওয়া) সং, ক্লীং, অর্থগ্রহণপূর্ব্বক বেদাদি শিক্ষাদান।

ভৃমি, (ভ্রম্=ভ্রমনকরা, ঘোরা+ই—প্রং। র=ঋ) সং, পুং, বায়ুবিশেষ, ঘূর্ণাবাতাস। আবর্ত্ত, জলের পাক। ভ্রমণ।

ভৃশ, (ভৃশ্=পতিতহওয়া+ক—প্রং) বিং, ত্রিং, প্রচুর, অনেক। ক্লীং, অং, অত্যর্থ, সাতিশয়। বারবার, পুনঃপুনঃ। প্রধানরূপে। উৎকৃষ্টরূপে।

ভৃষদ, সং, পুং, পাষাণ, প্রস্তর।

ভৃষ্ট, (ভ্রস্জ্=ভাজা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ভর্জ্জিত, ভাজা।

ভৃষ্টান্ন, (ভৃষ্ট=ভর্জ্জিত—অন্ন=তণ্ডুল) সং, ক্লীং, চালভাজা, মুড়ি।

ভৃষ্টি, (ভৃষ্ট, দেখ ক্তি—ভা) সং, স্ত্রীং, ভর্জ্জন, ভাজা। জনশূন্য নিভৃত উদ্যান।

ভেক, (ভী=ভীতহওয়া+ক—প্রং) সং, পুং, কী-স্ত্রীং, মণ্ডূক, ব্যাঙ্। পুং, মেঘ।

ভেক।

ভেকভুক্, (—জ্, ভেক—ভুজ্=যে ভোজন করে, ২য়া—ষ) সং, পুং, সর্প, ভুজঙ্গম। [ঢৌকন, সওগাদ।

ভেট, ভেটী, (দেশজ) সং, উপহার, উপ-

ভেড়, (ভিল্ [সৌত্রধাতু] পৃথক্ করা+ঘঞ্—প্রং, ল=ড) সং, পুং, ড়ী—স্ত্রীং, মেষ, ভেড়া।

ভেত্তা, (ভেত্তৃ, ভিদ্=বিদীর্ণকরা+তৃন্—ক) বিং, ত্রিং, ভেদকর্ত্তা, বেধক। বিরোধী, বিবাদজনক। বিশ্বাসঘাতক।

ভেদ, (ভেত্ত, দেখ, ঘঞ্—ভা) সং, পুং, শত্রুবশীকরণোপায় চতুষ্টয়ান্তর্গত তৃতীয় উপায়। বিচ্ছেদ, অনৈক্য। বিদারণ, বেধন। ভঙ্গ। বিশেষ, ভিন্নতা। মনোভঙ্গ। বৈলক্ষণ্য। বিভাগ। ছেদন। উপাধি। প্রভেদ। জাতি। প্রকাশ। অন্যান্যাভাব। রেচন। বিরেক, উদরভঙ্গ। উন্মেষ।

ভেদক, (ভেত্তা, দেখ, ণক—ক) বিং, ত্রিং, বিদারক। পৃথক্ কারক। বিশেষকারক। বিরেচক ঔষধাদি।

ভেদন, (ভেত্তা দেখ, অনট্—ভা) সং, ক্লীং, বিদারণ, বেধন। ভঙ্গকরণ। বিচ্ছেদকরণ। অনৈক্যকরণ, বিরেচন।

ভেদপ্রত্যয়, সং, পুং, জগতের সকল পদার্থকে ঈশ্বর হইতে ভিন্ন জ্ঞানকরণ।

ভেদিত, (ভেত্তা দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বিদারিত। বিভক্ত। পৃথক্‌কৃত। ছেদিত। ভগ্ন।

ভেদী, (ভেদিন্, ভেত্তা দেখ, ণিন্—ক, বা ভেদ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ভেদকারী, ভেদবিশিষ্ট।

ভেদুর, ভেদির, (ভিদ্ [পর্ব্বত] ভেদকরা ঘুর, ইর—প্রং) সং, ক্লীং, ভিদুর, বজ্র।

ভেদ্য, (ভেত্তা, দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, ভেদনীয়। বিদার্য্য। বিয়োজনীয়। বিশেষ্য। বিভাজ্য।

ভেন, (ভ=নক্ষত্র, গ্রহ ইত্যাদি—ইন=অধিপতি, ৬ষ্ঠী—ষ)সং, পুং, চন্দ্র। সূর্য্য।

ভেরি, (ভী=ভীতহওয়া+ই—প্রং) সং, পুং, রী—স্ত্রীং, ঢক্কা। বাদ্যযন্ত্রবিশেষ, আনক দুন্দুভি।

ভেরুণ্ড, (ভী=ভয়পাওয়া, নিপাতন) বিং, ত্রিং, ভয়াবহ। সং, ক্লীং, গর্ভধারণ। ণ্ডা—স্ত্রী, দেবীবিশেষ। যক্ষিণীবিশেষ। সং, পুং, তন্ত্রমতে শিবের মূর্ত্তিবিশেষ।

ভেরেণ্ডা, (এরণ্ডশব্দজ) সং, পুং, ভেরেণ্ডাগাছ।

ভেল, (ভী=ভীতহওয়া+র—প্রং, র=ল) সং, পুং, উড়ুপ, ভেলা। মুনিবিশেষ। বিং, ত্রিং, ভীরু। নির্ব্বোধ। চঞ্চল, চপল।

ভেলক, (ভেল+ক—যোগ) সং, পুং—ক্লীং, নদ্যাদিতরণসাধন বস্তুবিশেষ, উড়ুপ, ভেলা।

ভেষজ, (ভেষ [ভয়] এখানে পীড়া—জি=জয়করা+ড—প্রং) সং, ক্লীং, ভৈষজ্য, ঔষধ।

ভেষজাঙ্গ, (ভেষজ=ঔষধ—অঙ্গ [অবয়ব] অংশ) সং, ক্লীং, অনুপান, ঔষধের সহিত পানীয় রসাদি।

ভৈক্ষ, (ভিক্ষা+ষ্ণ—কৃতার্থে) সং, ক্লীং, ভিক্ষালব্ধ বস্তু। ভিক্ষা, যাচ্ঞা।

ভৈক্ষজীবী-বিন্, ভৈক্ষভুক্—জ্, ভৈক্ষাশী—শিন্ } ভৈক্ষ = ভিক্ষালব্ধ বস্তু—জীবিন্ = যে জীবনযাত্রা নির্ব্বাহ করে, ২য়া—ষ।—ভুজ্, আশিন্—যে ভোজন করে, ২য়া—ষ) বিং, ত্রিং, ভিক্ষাজীবী, ভিক্ষালব্ধ বস্তু দ্বারা যে জীবিকা নির্ব্বাহ করে।

ভৈমী, (ভীম+ষ্ণ, ঈপ্—প্রং) সং, স্ত্রীং, দময়ন্তী। মাঘ-শুক্লৈকাদশী, ভীম একাদশী।

ভৈরব, (ভীরু+ষ্ণ—প্রং) সং, পুং, শিব, মহাদেব। মহাদেবের ভয়ঙ্কর মূর্ত্তি—অসিতাঙ্গ, রুরু, দণ্ড, ক্রোধ, উন্মত্ত, কুপিত, ভীষণ, সংহার এই অষ্টমূর্ত্তি। ভয়ানকরস। রাগবিশেষ। নদবিশেষ। বী—স্ত্রীং, দুর্গা। রাগিণীবিশেষ। শৈবস্ত্রীবিশেষ। বিং, ত্রিং, ভয়ঙ্কর। দারুণ।

ভৈরবীচক্র—তান্ত্রিক মতাবলম্বী মদ্যপায়ীদিগের চক্রবিশেষ। অবধূতা স্ত্রীগণের সম্প্রদায়।

ভৈষজ, ভৈষজ্য, (ভেষজ=ঔষধ+ষ্ণ, ষ্ণ্য—নিষ্প্রয়োজনার্থে) সং, ক্লীং, ভেষজ, ঔষধ। লাবকপক্ষী।

ভো, ভোঃ (ভোস্, ভা=দীপ্তিপাওয়া+ডো, ডোস্—প্রং) অং, সম্বোধনসূচক-শব্দ। [স্থূলাগ্র।

ভোঁতা, (দেশজ) অং, অতীক্ষ্ণ, ধাররহিত,

ভোক্তব্য, (ভোক্তা দেখ, তব্য—র্ম্ম) বিং, ত্রিং, ভোজনযোগ্য, খাদ্য। উপভোগ্য।

ভোক্তা, (ভুজ্=ভোজনকরা+তৃন্—ক) বিং, ত্রিং, ভোজনকর্ত্তা। "ন জানে-ভোক্তারং কমিহ সমুপস্থাস্যতি ভুবি" শকুন্তলা। ভোগী। স্বামী, পতি।

ভোগ, (ভোক্তা দেখ, ঘঞ্—ভা) সং, পুং, দেবোদ্দেশে দেয় অন্ন ব্যঞ্জনাদি। সুখ। সুখদুঃখানুভব। উপভোগ। ধন। ভোজন। সর্প। সর্পের শরীর। সর্প-ফণা। (অঙ্কশাস্ত্রে) লব (Numerator) পণ্যস্ত্রীর বেতন বা সম্ভোগমূল্য। পালন। দেহ।

ভোগগুচ্ছ, সং, ক্লীং, উপভোগার্থ বেশ্যাকে দেয় অর্থ। [বাসগৃহ, অন্তঃপুর।
ভোগগৃহ, (ভোগ—গৃহ=ঘর) সং, ক্লীং,
ভোগদেহ, সং, পুং, সূক্ষ্মশরীর, যে শরীরে সুখ দুঃখ ভোগ হয়।
ভোগপাল, (ভোগ—পাল=যে রক্ষা করে) সং, পুং, অশ্বরক্ষক, সহিস্।
ভোগপিশাচিকা, (ভোগ=ভোজন—পিশাচিকা=পিশাচী) সং, স্ত্রীং, বুভুক্ষা, ক্ষুধা।
ভোগভূমি, (ভোগ=সুখ—ভূমি=স্থান) সং, স্ত্রীং, সুখভোগের স্থান, স্বর্গ।
ভোগসদ্ম, (ভোগসদ্মন্, ভোগ—সদ্মন্=বাসস্থান) সং, ক্লীং, বাসগৃহ।
ভোগবান্, (ভোগবৎ, ভোগ+বতু—অস্ত্যর্থে) সং, পুং, সর্প। নৃত্য। গীত। বতী—স্ত্রীং, পাতাল গঙ্গা। নাগপুরী। বিং, ত্রিং, ভোগবিশিষ্ট। সুখজনক। মনোহর। [ক্লীং, ধন। সম্পত্তি। ধান্য।
ভোগার্হ, (ভোগ—অর্হ=যোগ্য) সং,
ভোগাবলী, (ভোগ—আবলী=শ্রেণী) সং, স্ত্রীং, স্তুতি, প্রশংসা। নাগপুরী।
ভোগিক, (ভোগ+ইক—প্রং) সং, পুং, অশ্বপালক, সহিস্।
ভোগিকান্ত, (ভোগিন্=সর্প—কান্ত=বন্ধু) সং, পুং, সমীরণ, বায়ু।
ভোগী, (ভোগিন্, ভোগ+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, সর্প। রাজা। গ্রামাধ্যক্ষ, মণ্ডল, মোড়ল। নাপিত। বিং, ত্রিং, ভোগবিশিষ্ট, ভোগকারী। সুখী। গিনী—স্ত্রীং, নাগপুরী। মহিষী ব্যতীত রাজার অন্যান্য স্ত্রী। রাজার উপপত্নী।
ভোগিবল্লভ, (ভোগী=সর্প—বল্লভ=প্রিয়, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, চন্দনকাষ্ঠ।
ভোগীন্দ্র, ভোগীশ, (ভোগিন্=সর্প—ইন্দ্র, ঈশ=রাজা) সং, পুং, সর্পরাজ, অনন্তদেব, বাসুকি।
ভোগ্য, (ভুজ্=ভোগকরা+ঘ্যণ্—র্ম্ম) বিং, ত্রিং, ভোগের যোগ্য বস্তু, ভোগার্হ। সং, ক্লীং, ধন। ধান্য। গ্যা—স্ত্রীং, গণিকা, বেশ্যা।
ভোজ, (ভোগ্য দেখ, অল্—প্রং) সং, পুং, ভোজপুর, অথবা অধুনাতন পাটনা ও ভাগলপুরের অন্তর্ব্বর্ত্তী ভূভাগ। ধারা নগরের রাজবিশেষ। যদুবংশ।
ভোজকট, (ভোজ—কট্=গমনকরা+অল্—প্রং) সং, পুং, ভোজদেশ, ভোজপুর।
ভোজন, (ভুজ্=ভোজনকরা+অনট্—ভা, র্ম্ম) সং, ক্লীং, ভক্ষণ। ভক্ষ্যদ্রব্য।
ভোজবিদ্যা, সং, স্ত্রীং, ঐন্দ্রজালিকবিদ্যা, ভেল্কী। [ভক্ষ্য বস্তু। ভোজবংশীয়।
ভোজ্য, (ভোজন দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং,
ভোজ্যসম্ভব, (ভোজ্য=ভক্ষ্য বস্তু—সম্ভব=উৎপত্তি) সং, পুং, শরীরস্থ রসধাতু প্রভৃতি।
ভোটাঙ্গ, সং, পুং, দেশবিশেষ, ভূটান।
ভোভো, অং, সম্বোধনসূচক বাক্য।
ভোর, (দেশজ) সং, প্রাতঃকাল, নিশাবসান। প্রত্যূষ।
ভোলি, (ভা=দীপ্তিপাওয়া+উলিচ্—প্রং) সং, পুং, উষ্ট্র, উট।
ভোস্, (ভা=দীপ্তিপাওয়া+ডোস্—প্রং) অং, সম্বোধন। প্রশ্ন।
ভৌত, (ভূত=পিশাচাদি ইত্যাদি+ষ্ণ—ইদমর্থে) বিং, ত্রিং, ভূতসম্বন্ধীয়। আসুর। পৈশাচ। সং, পুং, বলিকর্ম্ম। ভূতযজ্ঞ। তী—স্ত্রীং, রজনী, রাত্রি।
ভৌতিক, (ভূত+ষ্ণিক-সম্বন্ধার্থে) বিং, ত্রিং, ভূতসম্বন্ধীয়। ভূতকৃত। সং, পুং, মহাদেব
ভৌতিকনিয়ম—যে নিয়মে ভৌতিক পদার্থের কার্য্য নির্ব্বাহ হয়; যেমন অগ্নিতে দ্রব্য সকল দগ্ধ হয়, জলে অগ্নিনির্ব্বাণ হয়, উচ্চস্থান হইতে পতিত হইলে হস্ত পদাদি ভাঙ্গিয়া যায়। ইত্যাদি।
ভৌতিকপদার্থ—জল বায়ু স্বর্ণ রৌপ্য মৃত্তিকা প্রভৃতি অচেতন পদার্থ। যে

সকল বস্তু এক প্রাকৃতিক পরমাণুর যোগে উৎপন্ন হয়।

ভৌম, (ভূমি+ষ্ণ—অপত্যার্থে, জাতার্থে) সং, পুং, মঙ্গলগ্রহ। নরকাসুর। বিং, ত্রিং, ভূমিসম্পর্কীয়। ভূমিজাত। মী—স্ত্রীং, সীতা, জানকী।

ভৌমন, সং, পুং, বিশ্বকর্ম্মা।

ভৌমরত্ন, (ভৌম—রত্ন=মণি) সং, ক্লীং, প্রবাল, পলা।

ভৌমিক, (ভূমি+ষ্ণিক—প্রং) বিং,ত্রিং, ভূম্যধিকারী, ভূস্বামী, জমীদার।

ভৌরিক, (ভূরি=স্বর্ণ+ষ্ণিক—প্রং) সং, পুং, স্বর্ণ, কোষাধ্যক্ষ।

ভ্রংশ, (ভ্রন্‌শ্‌=পতিতহওয়া+অল্‌—ভা) সং, পুং, পতন, স্খলন। চ্যুতহওন। পলায়ন।

ভ্রকুংস—শ, (ভ্রূ—কুন্‌স্‌ [শ্‌] দীপ্তি পাওয়া+অল্‌—প্রং। ভ্রূ=র) সং, পুং, স্ত্রীবেশধারী নট।

ভ্রকুট—টী, (ভ্রূ—কুট্‌=কুটিল হওয়া+ই প্রং। ভ্রূ=র) সং, স্ত্রীং, ভ্রূকুটি, ক্রোধাদি দ্বারা ভ্রূর কৌটিল্য, ভ্রূভঙ্গী।

ভ্রম, (ভ্রম্‌=ভ্রমণকরা+অল্‌—ভা) সং, পুং, মিথ্যা জ্ঞান, এক বস্তুতে অন্য বস্তুর বোধ। ভ্রান্তি। অনবধানতা,ভ্রমণ। জলভ্রম, ঘূর্ণি। জলনির্গম স্থান, নর্দ্দমা। কুম্ভকারের চক্র। কুন্দযন্ত্র, কুঁদ।

ভ্রমণ, (ভ্রম দেখ, অনট্‌—ভা) সং, ক্লীং, পর্য্যটন, বেড়ান। ঘোরা।

ভ্রমৎকুটী, (ভ্রমৎ—কুটী=গৃহ) সং, স্ত্রীং, তৃণাদি নির্ম্মিত ছত্র।

ভ্রমর, (ভ্রম দেখ, অর—প্রং) সং, পুং, রী-স্ত্রীং, মধুকর, ভৃঙ্গ, অলি। কামুক। ক্লীং, অপস্মার রোগ। বিং, ত্রিং, যাহা ঘুরে।

ভ্রমরক, (ভ্রমর=মধুকর+ক—প্রং) সং, পুং, ললাটলম্বিত চূর্ণকুন্তল। ভৃঙ্গ। বালমূষিক, নেংটে ইঁদুর। শৃঙ্গ। বোর ভাঁটার বল।

ভ্রমরকীট,(ভ্রমর=মধুকর=কীট=পোকা) সং, পুং, কুমিরে পোকা।

ভ্রমরবিলসিতা, সং, স্ত্রীং, একাদশাক্ষর পাদচ্ছন্দোবিশেষ; যাহার প্রথম চারি ও শেষ অক্ষর গুরু। অলিক্রীড়া।

ভ্রমরালক, (ভ্রমর=মধুকর—অলক=চূর্ণকুন্তল) সং, পুং, ভ্রমরক, ললাটস্থিত চূর্ণকুন্তল।

ভ্রমাসক্ত, (ভ্রম=কুন্দযন্ত্র-আসক্ত=অনুরক্ত) সং, পুং, শস্ত্রমার্জ্জক, অস্ত্রপরিষ্কারক।

ভ্রমি, (ভ্রম দেখ, ই—প্রং) সং, স্ত্রীং, ঘূর্ণজল,জলাবর্ত্ত। ভ্রমণ। ভ্রান্তি। ঘূর্ণন।

ভ্রষ্ট, (ভ্রন্‌শ্‌=পতিতহওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, চলিত। চ্যুত, পতিত। অধার্ম্মিক। দোষবিশিষ্ট। নষ্ট। ষ্টা—স্ত্রীং, ব্যভিচারিণী নারী।

ভ্রাজক, (ভ্রাজ্‌=দীপ্তিপাওয়া+ণক—ক) সং, ক্লীং, দেহান্তর্গত ধাতুবিশেষ, পিত্ত। বিং, ত্রিং, দীপ্তিকারক।

ভ্রাজিষ্ণু, (ভ্রাজ্‌=দীপ্তিপাওয়া+ইষ্ণু—ক, শীলার্থে) বিং, ত্রিং, দীপ্তিশীল, উজ্জ্বল। শোভাযুক্ত।

ভ্রাজী, (ভ্রাজিন্‌, ভ্রাজক দেখ; গিন্‌—ক, শীলার্থে) বিং, ত্রিং, দীপ্তিশীল। শোভাবিশিষ্ট।

ভ্রাতা, (ভ্রাতৃ, ভ্রাজ্‌=দীপ্তিপাওয়া+তৃন্‌—প্রং) সং, পুং, সহোদর, বৈমাত্রেয়, ভাই। দ্বিং, ভ্রাতা ও ভগিনী। দুই ভাই। [সং, পুং, ভ্রাতার সন্তান।

ভ্রাতুষ্পুত্র, (ভ্রাতুঃ ষষ্ঠ্যন্ত ভ্রাতৃশব্দ—পুত্র)

ভ্রাতৃজ, (ভ্রাতৃ=ভাই—জ=জাত) সং, পুং, ভ্রাতার পুত্র, ভাইপো। জা—স্ত্রীং, ভ্রাতুষ্কন্যা, ভাইঝি।

ভ্রাতৃদ্বিতীয়া, সং, স্ত্রীং, ভাইদ্বিতীয়া, কার্ত্তিকী শুক্লাদ্বিতীয়া।

ভ্রাতৃব্য, (ভ্রাতৃ=ভাই+ব্য—অপত্যার্থে) সং, পুং, ভ্রাতুষ্পুত্র, ভ্রাতার পুত্র, ভাইপো। শত্রু।

ভ্রাতৃশ্বশুর, (স্বামী ভ্রাতা হইয়াও শ্বশুর

স্থানীয়) সং, পুং, পতির জ্যেষ্ঠ ভ্রাতা, ভাসুর।

ভ্রাত্রীয়, (ভ্রাতৃ=ভাই+ঈয়—প্রং) বিং, ত্রিং, ভ্রাতৃসম্বন্ধীয়। সং, পুং, ভ্রাতুষ্পুত্র। য়া—স্ত্রীং, ভ্রাতৃকন্যা।

ভ্রান্ত, (ভ্রম্=ভ্রমণকরা+ক্ত—ক) বিং, ত্রিং, ঘূর্ণায়মান। ভ্রমণযুক্ত। ভ্রান্তিযুক্ত। সং, ক্লীং, ভ্রমণ। পুং, রাজধুস্তূর। মত্ত হস্তী। [অনবস্থিত ভ্রমণ। ভ্রম, ভুল।

ভ্রান্তি, (ভ্রান্ত দেখ, ক্তি—ভা) সং,স্ত্রীং,

ভ্রান্তিমান্, (ভ্রান্তিমৎ, ভ্রান্তি+মতু—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ভ্রান্তিবিশিষ্ট। সং, পুং, কাব্যালঙ্কারবিশেষ, সাদৃশ্য নিমিত্তক প্রকৃত বিষয়ে কবিকল্পনাকৃত অন্য বস্তুর যে ভ্রম।

ভ্রান্তিহর, (ভ্রান্তি=ভ্রম—হর=যে হরণ করে) বিং, ত্রিং, ভ্রমবিনাশক। যে ভ্রম নষ্টকরে। সং, পুং, মন্ত্রী।

ভ্রামক, (ভ্রান্ত দেখ, ণক—ক) সং, পুং, ধূর্ত্ত। শৃগাল। চুম্বকপাথর। সূর্য্যাবর্ত্ত। বিং, ত্রিং, ভ্রমজনক।

ভ্রামর, (ভ্রমর=মধুকর ইত্যাদি+ষ্ণ—প্রং) সং, ক্লীং, ভ্রমরজ মধু। নৃত্যবিশেষ। পুং, গ্রাম। চুম্বক পাথর। বিং, ত্রিং, ভ্রমরসম্বন্ধীয়। রী—স্ত্রীং, পার্ব্বতী, দুর্গা। মহিষাসুর ছলনাকালীন পার্ব্বতী ভ্রমর রূপ ধারণ করিয়াছিলেন বলিয়া তাঁহাকে ভ্রামরী বলাযায়।

ভ্রাষ্ট্র, (ভ্রস্জ্=ভাজা+ত্র—প্রং) সং, পুং, ক্লীং, ভর্জ্জনপাত্র, ভাজনাখোলা। ক্লীং, আকাশ।

ভ্রূ, (ভ্রম=ভ্রমণকরা+ডূ—প্রং) সং, স্ত্রীং, চক্ষুর ঊর্দ্ধ ও ললাটের নিম্নস্থিত রোমরাজী। নয়নের ঊর্দ্ধভাগ।

ভ্রূকুংস—শ, }
ভ্রুকুংস—শ, } (ভ্রূ—কুংস্ [শ] দীপ্তি-পাওয়া+অল্—প্রং) সং, পুং, স্ত্রীবেশধারী নর্ত্তকপুরুষ।

ভ্রূকুটি, ভ্রুকুটি, (ভ্রূ—কুট্=কুটিলহওয়া+ই—প্রং) সং, স্ত্রীং, ক্রোধাদি বশতঃ ভ্রূর বক্রতা, ভ্রূভঙ্গ।

ভ্রূক্ষেপ, (ভ্রূ—ক্ষেপ=ক্ষেপণ) সং, পুং, ভ্রূচালন, ভ্রূভঙ্গ। ভ্রূ বলাস। বিকট দৃষ্টিপাত।

ভ্রূণ, (ভ্রূণ্=আকাঙ্ক্ষা করা+অল্—প্রং) সং, পুং, বালক। গর্ব্ভস্থ সন্তান, জরায়ুজ সন্তান।

ভ্রূণহত্যা, (ভ্রূণ—হত্যা=বধ) সং, স্ত্রীং, গর্ভস্থ সন্তানের বিনাশ, গর্ভনাশ করণ।

ভ্রূণহা, (ভ্রূণহন্, ভ্রূণ—হা=যে নষ্টকরে, ২য়া—ষ, অথবা ভ্রূণ=গর্ভস্থবালক—হন্=বধকরা+ক্বিপ্—ক, ভূতকাল) বিং, ত্রিং,ভ্রূণহত্যাকারক, গর্ভস্থ বালক হন্তা।

ভ্রূভঙ্গ, (ভ্রূ—ভঙ্গ=ভাঙা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ক্রোধবশতঃ ভ্রূর কৌটিল্য, ভ্রূকুটি "ভ্রূভঙ্গদুষ্প্রেক্ষ্যমুখস্য তস্য" কুমার। ভ্রূবিলাস।

ভ্রেষণ, (ভ্রেষ্=গমনকরা+অনট্—ভা) সং, ক্লীং, চলন, গমন।

ম, ব্যঞ্জনের পঞ্চবিংশবর্ণ। (মা—পরিমাণকরা+ড—প্রং) সং, পুং, শিব। ব্রহ্মা। সময়। বিষ্ণু। বিষ। মনুষ্য। যম। চন্দ্র। চতুর্থ রাগ। মায়া। ক্লীং, ভাগ্য। সলিল।

মই, (দেশজ) সং, বাঁশের সিঁড়ি।

মউ, (মধুশব্দজ) সং, মধু।

মউআলু, (দেশজ) সং, কন্দবিশেষ।

মউচাক, (মধুচক্রশব্দজ) সং, মধুক্রম।

মউড়, (মুকুটশব্দজ) সং, টুপী।

মকর, (ম=মুখশব্দজ—কৃ=করা+অল্—প্রং। অথবা ম=মনুষ্য—কৃ= হিংসা করা+অল্—প্রং) সং, পুং, শৃঙ্গবিশিষ্ট মৎস্য বিশেষ, কামদেবের ধ্বজ। মেষাদি দ্বাদশ রাশির অন্তর্গত দশম-রাশি। (মক=ভূষণ—রা+ড) কুবেরের নিধিবিশেষ।

মকরকেতন, (মকর=মকরচিহ্ন—কেতন =ধ্বজ, ষষ্ঠী—হিং) সং, পুং, কন্দর্প, মীনকেতন। সমুদ্র।
মকরক্রান্তি, (Tropic of Capricorn) নিরক্ষরেখা হইতে ২৩½ অংশ দক্ষিণে যে অক্ষরেখা আছে।
মকরকেতু, (মকর—কেতু=ধ্বজ, ৬ষ্ঠী হিং) সং, পুং, কন্দর্প।
মকরধ্বজ, (মকর—ধ্বজ=পতাকা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মদন, কন্দর্প। ঔষধবিশেষ।
মকরন্দ, (মকর—দো=ছেদনকরা+ড —প্রং) সং, পুং, পুষ্পরস, পুষ্পের মধু। কুঁদফুলের গাছ। ক্লীং, কিঞ্জল্ক, পুষ্পরেণু।
মকরাকর, মকরালয়, (মকর—আকর =আধার। মকর—আলয়=গৃহ) সং. পুং, সমুদ্র। [মকরধ্বজ, মদন। সমুদ্র।
মকরাঙ্ক, (মকর—অঙ্ক=চিহ্ন) সং, পুং,
মকরাশ্ব, (মকর=জলজন্তুবিশেষ—অশ্ব= ঘোটক) সং, পুং, বরুণ।
মকরিকা, (মকর+ইক—প্রং) সং, স্ত্রীং, মকরাকার পত্রাবলী।
মকরী, (মকরিন্, মকর+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, সমুদ্র।
মকার, ('ম' এই অক্ষর+কার—স্বার্থে) সং, পুং, ম অক্ষর। মৎস্য মাংস মদ্য মুদ্রা মৈথুন এই পাঁচ।
মকুট, (মনক্=ভূষিতকরা+উট—প্রং, নিপাতন) সং, ক্লীং, কিরিট। মুকুট, শিরোভূষণ।
মকুতি, সং, স্ত্রীং, শূদ্রশাসন।
মকুর, (মকুট দেখ, উর—সংজ্ঞার্থে, নিপাতন) সং, পুং, কুম্ভকারের দণ্ড। আদর্শ, দর্পণ। মুকুল, কুঁড়ি। বকুল বৃক্ষ।
মকুল, (মকুট দেখ, উল—প্রং। নিপাতন) সং, পুং, মুকুল, কলিকা। বকুল।
মকুষ্ঠ, (মকু [মনক=ভূষিতকরা+উ-প্রং]—স্থা=থাকা+ড—প্রং, অথবা ম [মা=পরিমাণকরা+ড—প্রং]—কুষ্ঠ [কু—স্থা=থাকা+ড—প্রং) বিং, ত্রিং, মন্থর, মন্দগামী। সং, পুং, শস্য-বিশেষ। [জনার।
মক্কা, (যবনভাষা) সং, দেশবিশেষ।
মক্কূল, (মক=গমনকরা, হওয়া+উলচ্) সং, ক্লীং, খনিজ পদার্থ বিশেষ। শিলাজতু। [সং, পুং, খড়ী।
মক্কোল, (মক্=গমনকরা+ওল—প্রং)
মক্ষ, (মক্ষ্=রাশিকরা ইত্যাদি+অল্—প্রং) সং, পুং, ক্রোধ। সমূহ। স্বীয়-দোষ গোপনকরা।
মক্ষিকা, মক্ষীকা, (মক্ষ্=ক্রুদ্ধহওয়া, রাশিকরা+ণক, আপ্, স্ত্রীলিঙ্গে—প্রং) সং, স্ত্রীং, কীটবিশেষ, মাছি।
মক্ষিকামল, সং, ক্লীং, সিক্থক, মোম।
মখ, (মখ্=গমনকরা+অল্—প্রং) সং, পুং, যাগ, যজ্ঞ, ক্রতু।
মখত্রাতা, (তৃ—মখ=যজ্ঞ—ত্রাতৃ=যে রক্ষা করে) সং, পুং, দশরথ তনয় রামচন্দ্র। রাক্ষসগণ বিশ্বামিত্রের যজ্ঞের অত্যন্ত বিঘ্ন করিয়াছিল, অবশেষে রামচন্দ্র তাহাদিগকে পরাজিত করিয়া যজ্ঞের প্রত্যূহ নিরাকরণ করেন বলিয়া এই নামে আখ্যাত হইতেন।
মখাসুহৃদ্, (মখ [দক্ষ] যজ্ঞ—অসুহৃদ্=শত্রু)সং,পুং, শিব, মহাদেব, ক্রতুধ্বংশী।
মগজ, (যবনভাষা) সং, পুং, মস্তিষ্ক, মজ্জা।
মগধ, (মগ [মনগ্=গমন করা+অল্-প্রং] দোষ বা পাপ—ধ 'ধা' ধাতুজ) সং,পুং, বন্দী, স্তুতিপাঠক। দক্ষিণ বেহারদেশ। বহুং, মগধদেশীয় লোক। ধা—স্ত্রীং, পিপ্পলী।
মগধেশ্বর, (মগধ—ঈশ্বর=স্বামী, ৬ষ্ঠী—ষ) সং,পুং, রাজা জরাসন্ধ। মগধদেশের অধিপতি। [অন্তঃপ্রবিষ্ট, ডোবা।
মগ্ন, (মস্জ্=ডুবা+ক্ত-প্রং) বিং, ত্রিং,

মগ্নগিরি, (Submarine Rock) যে পর্ব্বত সমুদ্রগর্ভে মগ্ন থাকে।
মঘ, (মহ্=পূজাকরা+অল্—প্রং, হ=ঘ) সং, পুং, দ্বীপবিশেষ। দেশবিশেষ, মগ্ নামক ম্লেচ্ছদের দেশ, আধুনিকবর্ম্মা। সুখ। পূজা। ক্লীং, পুষ্পবিশেষ।
মঘবা, (মঘবন্, মহ্=পূজাকরা+অন্—প্রং, ব—আগম) সং, পুং, ইন্দ্র। ঘোনী—স্ত্রীং, শচী, ইন্দ্রাণী।
মঘবান্, (মঘবৎ, মঘ [স্বর্গের] সুখ+বতু—অস্ত্যর্থে) সং, পুং, ইন্দ্র। বতী—স্ত্রীং, ইন্দ্রাণী। [নক্ষত্রবিশেষ।
মঘা, (মঘ দেখ, আ—প্রং) সং, স্ত্রীং,
মঘাভূ, (মঘা—ভূ=জাত) সং, শুক্রগ্রহ।
মঘী, সং, স্ত্রীং, ধান্যবিশেষ, আশুধান্য।
মঙ্কিল, (মক্=শোভিতকরা+ইলচ্) সং, পুং, দাবানল, বনাগ্নি।
মঙ্কুর, (মন্ক্=ভূষিতকরা+উর—প্রং) সং, পুং, মুকুর, দর্পণ।
মঙ্ক্ষ, মঙ্ক্ষু, (মস্জ্ [ডুবা] পবিত্রহওয়া এবং মন্থ্=গমনকরা+উ—প্রং) অং, দ্রুত, শীঘ্র। ভৃশ, অত্যন্ত, সাতিশয়।
মঙ্খ, (মঙ্খ=গমনকরা+অচ্) সন্ন্যাসীবিশেষ। পরিব্রাজক।
মঙ্গ, (মন্গ্=গমনকরা+অল্—প্রং) সং, পুং, নৌকার গলুই।
মঙ্গল, (মন্গ্=গমনকরা+অলচ্—প্রং) সং, ক্লীং, কুশল, ক্ষেম, শুভ। পুং, ক-জগ্রহ। লা—স্ত্রীং, উমা, পার্ব্বতী, দুর্গা। শুক্লদূর্ব্বা। হরিদ্রা। পতিব্রতা স্ত্রী। বিং, ত্রিং, শুভদায়ক।
মঙ্গলচণ্ডিকা, মঙ্গলচণ্ডী, (মঙ্গলবারে অর্চ্চনীয়া চণ্ডিকা) সং, স্ত্রীং, দুর্গা, ভগবতী।
মঙ্গলচ্ছায়, (মঙ্গল=শুভকর-চ্ছায়া—৬ষ্ঠী—হিং) সং, পুং, প্লক্ষবৃক্ষ। অশত্থগাছ।
মঙ্গলপাঠক, (মঙ্গল=কুশল—পাঠক=যে পাঠ করে, ৪র্থী—ষ) সং, পুং, বন্দী, স্তুতিপাঠক, মাগধী। "আঃ বৃথামঙ্গলপাঠক! শৈলূষাপসদ" বেণীসংহার।
মঙ্গলপ্রদা, সং, স্ত্রীং, হরিদ্রা।
মঙ্গলসন্বিধান—স্বস্তিক শ্রী প্রভৃতি, যাহা বরণডালায় দেয়।
মঙ্গলাচরণ, (মঙ্গল—আচরণ, য়ং—অ) সং, ক্লীং, কর্ম্মারম্ভে শুভজনক অনুষ্ঠান।
মঙ্গল্য, (মঙ্গল+য—প্রং) বিং, ত্রিং, শুভকর, শুভজনক। রুচির। সাধু। সুখদ। সুন্দর। সং, ক্লীং, চন্দন। দধি। বিল্ববৃক্ষ। স্বর্ণ। নারিকেলবৃক্ষ। সিন্দূর। অশ্বত্থবৃক্ষ। [মসুর, মসুরি কড়াই।
মঙ্গল্যক, (মঙ্গল্য+ক—যোগ) সং; পুং,
মঙ্গিনী, (মঙ্গ=নৌকার শিরোভাগ+ইন্—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, তরি, নৌকা।
মচকান, (দেশজ) বিং, মোড়ান, ঈষৎ ভগ্ন।
মচর্চ্চিকা, (ম=শিব—চর্চ্চ=অনুশীলনকরা+ণক—প্রং) সং, স্ত্রীং, (শব্দের পরবর্ত্তী হইলে) প্রশস্ত, উত্তম।
মচ্ছ, (মদ্ [জলে] হৃষ্টহওয়া ইত্যাদি+শ—প্রং) সং, পুং, মৎস্য, মাছ।
মজন, (মজ্জন শব্দজ) সং, মগ্নহওন, আসক্ত হওন। [গলিত। সং, সুখ।
মজা, (মগ্নার্থ মস্জ্ ধাতুজ) বিং, মগ্ন।
মজুমদার, (মজুম্—দার) উপাধিবিশেষ।
মজ্জকৃৎ, (মজ্জন্=অস্থি ও মাংসের মধ্যস্থ স্নেহ-বিশেষ—কৃৎ=যে করে) সং, ক্লীং, অস্থি, হাড়। [পুং, মজ্জন।
মজ্জথু, (মজ্জন দেখ, অথু—প্রং) সং,
মজ্জন, (মস্জ্=ডুবা+অনট্—প্রং) সং, ক্লীং, মগ্ন হওয়া। স্নান, অবগাহন। মজ্জা, অস্থিসার।
মজ্জসমুদ্ভব, (মজ্জন্—মর্জ্জা—সমুদ্ভব=উৎপত্তি) সং, ক্লীং, শুক্র, রেতঃ।
মজ্জা—পুং, মজ্জা—স্ত্রীং, (মজ্জন্, মসজ্ [অস্থি প্রভৃতির মধ্যে] ডুবা+অন্—প্রং) সং, অস্থি ও মাংসের মধ্যস্থ স্নেহবিশেষ। বৃক্ষসার। "অস্থিবৎ স্বাগ্নিনা পক্বং তস্য সারো দ্রবো ঘনঃ। যঃ স্বেদবৎ পৃথক্‌ভূতঃ স মজ্জেত্যভিধীয়তে"।
মজ্জারজঃ,

নরকবিশেষ। গুগ্‌গুল।
মজ্জারস, সং, পুং, শুক্র, রেতঃ।
মজ্জিকা, সং, স্ত্রীং, পক্ষিবিশেষ, সারসী।
মঞ্চ, মঞ্চক, (মন্‌চ্‌=উচ্চহওয়া ইত্যাদি +অল্‌—প্রং। ক—যোগে মঞ্চক) সং, পুং, পর্য্যঙ্ক, খট্টা, খাট। মাচা। বেদি। উন্নত স্থান। "স তত্র মঞ্চেষু মনোজ্ঞ বেশান্‌" রঘুবংশ।
মঞ্চকাশ্রয়, (মঞ্চক=পর্য্যঙ্ক, শয্যা—আশ্রয় =বাসস্থান)সং,পুং, মৎকুণ, ছারপোকা।
মঞ্চমণ্ডপ, (মঞ্চ=মাচা—মণ্ডপ=গৃহ) সং, পুং, শস্য রাখিবার স্থান, গোলা।
মঞ্জর, (মঞ্জু=মনোজ্ঞতা—রা=দানকরা +ড—প্রং, উ=অ, দ্বিতীয়া—ষ) সং, ক্লীং, রি, রী—স্ত্রীং, মুকুল। অঙ্কুর। বৃন্ত, বোঁটা। শীষ। ঝাড়। মুক্তা। তিলক-বৃক্ষ। [অঙ্কুরিত। মুকুলিত।
মঞ্জরিত, (মঞ্জর+ইত—প্রং) বিং, ত্রিং,
মঞ্জা, (মন্‌জ্‌=শব্দকরা+অল্‌—প্রং) সং, স্ত্রীং, মঞ্জরী। ছাগী।
মঞ্জি, মঞ্জী, (মন্‌জ্‌=মার্জ্জনকরা+ই—প্রং) সং, স্ত্রীং, মঞ্জরী।
মঞ্জিকা, সং, স্ত্রীং, গণিকা, বেশ্যা।
মঞ্জিফলা, সং, স্ত্রী, কদলী বৃক্ষ। কলা।
মঞ্জিম, (—মন্‌—মঞ্জু=সুন্দর—ইমন্‌) সং, ক্লীং সৌন্দর্য্য, শোভা, চারুতা।
মঞ্জিষ্ঠা, (মঞ্জু=মনোহর—স্থা=থাকা+ ড, আপ্‌) সং, স্ত্রীং, স্বনামখ্যাত রক্ত-বর্ণ লতাবিশেষ।
মঞ্জীর, (মন্‌জ্‌=শব্দকরা+ঈর—প্রং) সং,পুং—ক্লীং, চরণাভরণবিশেষ, নূপুর। "মুখরমধীরং ত্যজমঞ্জীরং রিপুমিব কে-লিষু লোলং" গীতগোবিন্দ। পুং, মন্থন-দণ্ডবন্ধন স্তম্ভ।
মঞ্জীল, (মঞ্জ=শব্দকরা—ঈরন্‌, র=ল) সং, পুং, গ্রাম। রজকদিগের কার্য্য স্থান অর্থাৎ যে স্থানে অর্জ্জন অপরিষ্কৃত বস্ত্র পরিষ্করণ জন্য শব্দ উদ্ভূত হয়।
মঞ্জু, (মন্‌জ্‌=মার্জ্জনকরা+উ—প্রং) বিং, ত্রিং, মনোহর, সুন্দর, মধুর।
মঞ্জুকেশী, (মঞ্জুকেশিন্‌, মঞ্জু=মনোহর—কেশ=চুল+ইন্‌—অস্ত্যর্থে) সং, পুং, শ্রীকৃষ্ণ। বিং,ত্রিং, মনোহর কেশবিশিষ্ট।
মঞ্জুগমনা, (মঞ্জু=মনোহর—গমন=চলন) সং, স্ত্রীং, হংসী। সুন্দরগামিনী।
মঞ্জুঘোষ, (মঞ্জু=মনোহর—ঘোষ=শব্দ) বিং, ত্রিং, সুস্বরশালী। সং, পুং, বুদ্ধ-জিনবিশেষ, মঞ্জুভদ্র। ষা—স্ত্রীং, অপ্সরা বিশেষ। [সং, পুং, ব্রহ্মা, স্বয়ম্ভু।
মঞ্জুপ্রাণ, (মঞ্জু=মনোজ্ঞ—প্রাণ=জীবন)
মঞ্জুল, (মঞ্জু দেখ, উল—প্রং। অথবা মঞ্জু=মনোহর—লা=হওয়া+ড—প্রং, কিম্বা মঞ্জু+ল—অস্ত্যর্থে) বিং, ত্রিং, মনোহর, সুন্দর। সমীচীন। মধুর। সং, ক্লীং, নিকুঞ্জ। পুং, শৈবাল। জলরঙ্ক পক্ষী।
মঞ্জুষা, (মন্‌জ্‌=পরিষ্কার করা+উষ—প্রং) সং, স্ত্রীং, পেটরা। সিন্দুক। ম-ঞ্জিষ্ঠা। পাষাণ, প্রস্তর।
মটতী, সং, স্ত্রীং, তুষারবৃষ্টি। [কলাই।
মটর, (দেশজ) সং, কলাই-বিশেষ, মটর
মটম্ফটি, সং, পুং, দর্পারম্ভ, দম্ভপ্রকাশ।
মটুক, (মুকুট শব্দজ) সং, কিরীট, শিরোভূষণ। [ময় গৃহের অগ্রভাগ।
মট্টকা, (মুকুট বা মট্টক শব্দজ) সং, তৃণ-
মট্‌কি, (দেশজ) সং, ঘৃতাদিরক্ষণার্থ নির্ম্মিত মৃণ্ময় পাত্রবিশেষ।
মট্টক, সং,ক্লীং, গৃহের শিরোভাগ,মট্‌কা।
মঠ, (মঠ্‌=বাসকরা+অল্‌—ঘি, যেখানে ছাত্রেরা বাস করে) সং,পুং,টোল, পাঠ-শালা। মন্দির,দেবালয়। গন্ত্রীরথ, গাড়ি। আখড়া, সন্ন্যাসীদিগের বাসভবন ।
মঠর, মন্‌=[illegible]+[illegible]—[illegible]। ন্‌=ঠ্‌) সং, পুং, মুনিবিশেষ। মত্ত।
মড়ক, (মরক শব্দজ) সং, মারীভয়, বহু, মনুষ্যের মৃত্যুসময়।
মড়ল, (মণ্ডল শব্দজ) সং, গ্রামের প্রধান ব্যক্তি।

মড়া, (বাঙ্গলা মরা শব্দজ) সং, মৃতদেহ, শব।

মড্ডু, (মস্জ্ [ডুবা] পবিত্র হওয়া+উ —প্রং) সং, পুং, বাদ্যযন্ত্র-বিশেষ।

মণি, (মণ্—শব্দকরা+ই—প্রং) সং, পুং, স্ত্রীং, রত্নবিশেষ, বহুমূল্য প্রস্তরবিশেষ, মুক্তা প্রভৃতি। অলিঞ্জর, জালা। মণিবন্ধ, কব্জা। অজাগলস্তন। পুং, নাগবিশেষ। লিঙ্গের অগ্রভাগ। যোনির অগ্রভাগ।

মণিক, (মণি+ক—যোগ) সং, ক্লীং, অলিঞ্জর, মাটীর জালা, কলসী ইত্যাদি।

মণিকর্ণিকা, (মণিকর্ণিকা=মহাদেবের কর্ণভূষণ। বিষ্ণুর তপস্যা দর্শনে বিস্মিত হওয়াতে শিবের কর্ণভূষণ এই স্থানে পতিত হইয়াছিল) সং, স্ত্রীং, কাশীস্থ তীর্থবিশেষ। "মম কর্ণাৎ পপাতেয়ং যদা চ মণিকর্ণিকা। তদা প্রভৃতি লোকেহত্র খ্যাতাস্তু মণিকর্ণিকা"।

মণিকার, সং, পুং, বাণের পুচ্ছদেশ, যাহা পালক দ্বারা আবৃত থাকে।

মণিকানন, (মণি=বহুমূল্যরত্ন—কানন =বন) সং, ক্লীং, কণ্ঠ, গলা। গলদেশে বহুমূল্য রত্নালঙ্কার ধারণ করা যায় বলিয়া ইহাকে মণিকানন বলা যায়।

মণিকার, (মণি—কার=যে করে, ২য়া—ষ) সং, পুং, মণিপরিষ্কারক, মণিপরীক্ষক, জহরী। গ্রন্থকার-বিশেষ।

মণিকূট, সং, পুং, পর্ব্বতবিশেষ।

মণিগ্রীব, (মণি—রত্ন—গ্রীবা) সং, পুং, কুবেরপুত্র।

মণিত, (মণ্ দেখ, ক্ত—প্রং) সং, ক্লীং, চুম্বনাদি ধ্বনি। রতিকূজিত, স্ত্রীসংসর্গকালীন শীৎকারবিশিষ্ট বাক্য।

মণিদ্বীপ, সং, পুং, অনন্তনাগের ফণা।

মণিধনুঃ, (—ধ্—মণি—ধনুঃ=ধনুক) সং, ক্লীং, শক্রধনু, রামধনু।

মণিপুর, (মণি=রত্ন—পুর=পূর্ণ) সং, পুং, নাভিস্থল। ক্লীং, ষট চক্রের অন্তর্গত নাভির মধ্যস্থিত তৃতীয় চক্র, নাভিপদ্ম। বাঙ্গালার পূর্ব্বস্থিত স্বনামপ্রসিদ্ধ দেশ।

মণিবন্ধ, (মণি=কব্জা—বন্ধ, ষং—স) সং, পুং, করগ্রন্থি, হাতের কব্জা। পর্ব্বতবিশেষ।

মণিভদ্র, সং, পুং, যক্ষবিশেষ।

মণিভিত্তি, (মণি=ভিত্তি—দেওয়াল) সং, স্ত্রীং, সর্পরাজ শেষ নাগের প্রাসাদ।

মণিমণ্ডপ, (মণি—মণ্ডপ=প্রাসাদ) সং, পুং, শেষ নাগের পুরী। নৈঋতের বাসস্থান।

মণিমন্থ, (মণি=রত্ন—মন্থ=যে মন্থন করে) সং, ক্লীং, সৈন্ধবলবণ। স্বনামপ্রসিদ্ধপর্ব্বতবিশেষ। [বিশেষ।

মণিমধ্য, সং, ক্লীং, বৃহতীচ্ছন্দের জাতি-

মণিমান্, (মণিমৎ, মণি=রত্নবিশেষ+মতু, অস্ত্যর্থে) বিং, ত্রিং, মণিবিশিষ্ট, রত্নভূষিত। সং, পুং, সূর্য্য।

মণিমালা, (মণি=রত্ন—মালা=হার ইত্যাদি) সং, স্ত্রীং, মণিময় হার। লক্ষ্মী। দন্তক্ষতবিশেষ। দীপ্তি। প্রভা।

মণিবীজ, (মণি=রত্ন—বীজ=বিচি) সং, পুং, দাড়িম্ব বৃক্ষ।

মণিসর, (মণি—সর=যে গমন করে) সং, পুং, মণিময়হার, মুক্তাহার, মুক্তারমালা।

মণীচক, সং, ক্লীং, চন্দ্রকান্তমণি। পুং, মাছরাঙ্গা পাখী। [ক্লীং, স্বনামখ্যাত পুষ্প।

মণীবক, (মন্=শব্দকরা, নিপাতন) সং,

মণ্ড, (মণ্ড্=ভূষিতকরা+অল্—প্রং) সং, পুং—ক্লীং, গাদ। অন্নাদিভব রস, মাড়, ফেন। পিচ্ছ। সার। শাকবিশেষ। পুং, ভূষণ। এরণ্ডবৃক্ষ। ক্লীং, দধির মাত। ণ্ডা—স্ত্রীং, সুরা, মদিরা।

মণ্ডন, (মণ্ড দেখ, অনট্—ণ, ক) সং, ক্লীং, অলঙ্করণ, ভূষণ। বিং, ত্রিং, সাজান। অলঙ্কারক। সং, পুং, পণ্ডিতবিশেষ।

মণ্ডপ, (মণ্ড=ভূষণ—পা=পালনকরা +ড—প্রং) সং, পুং, ক্লীং, গৃহ, দালান, দেবাদির বাসভবন। (মণ্ড—পঁ

—যে পানকরে) বিং, ত্রিং, মণ্ডপায়ী।

মণ্ডয়ন্ত, (মণ্ডি—ভূষিতকরা+অন্ত—প্রং) সং, পুং, নট। ভূষণ। অন্ন। স্ত্রী—স্ত্রীং, নারী, যোষিৎ।

মণ্ডরী, সং, স্ত্রীং, ঘুরঘুরে পোকা।

মণ্ডল, (মণ্ড দেখ, অল—প্রং, কিম্বা মণ্ড +ল—অস্ত্যর্থে) সং, ত্রিং, চন্দ্রসূর্য্যাদির বেষ্টন, পরিধি। ক্লীং, সূর্য্যাদির বিম্ব। বিভাগ। দেশ। স্থান। সমূহ। গোল। প্রদেশ, রাজ্য। চক্র। অরি মিত্রাদি দ্বাদশবিধ রাজা। ধনুর্দ্ধরদিগের স্থানবিশেষ। কৃত্রিম রেখাদি দ্বারা নির্ম্মিত আসনবিশেষ। পুং, কুক্কুর। সর্প-বিশেষ। (দেশজ) গ্রামের প্রধান ব্যক্তি, মড়ল।

মণ্ডলক, (মণ্ডল+ক—যোগ) সং, ক্লীং, চন্দ্র ও সূর্য্যের মণ্ডল, বিম্ব। দর্পণ, আয়না, আর্শি। কুষ্ঠরোগভেদ। মণ্ডলাকার ব্যূহ। পুং, কুক্কুর।

মণ্ডলনৃত্য, সং, ক্লীং, মণ্ডলাকারে নৃত্য। পূর্ব্বকালে গোপীগণ রাধিকা ও শ্রীকৃষ্ণের চতুঃপার্শ্বে যেরূপ মণ্ডলাকারে নৃত্য করিত সেইরূপ নৃত্য।

মণ্ডলাগ্র, (মণ্ডল=গোল—অগ্র=অগ্রভাগ) সং, পুং, অসি, খড়্গ, তরবার।

মণ্ডলাধীশ, (মণ্ডল=সাম্রাজ্য—অধীশ=অধিপতি) সং, পুং, মণ্ডলেশ্বর, চতুঃশতযোজন পরিমিত দেশের অধীশ্বর।

মণ্ডলায়িত, (মণ্ডলায় নামধাতু+ক্ত) বিং, ত্রিং, বর্ত্তুল, গোলাকার।

মণ্ডলী, (মণ্ডলিন্, মণ্ডল+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, বিড়াল। সর্প। খট্টাশ। বটবৃক্ষ। বিং, ত্রিং, মণ্ডলবিশিষ্ট, চক্রাকারে সঙ্কুচিত।

মণ্ডলেশ, মণ্ডলেশ্বর, (মণ্ডল=দেশ—ঈশ, ঈশ্বর=প্রভু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, রাজা। সম্রাট।

মণ্ডহারক, (মণ্ড=অন্নাদির অগ্ররস—হৃ =লওয়া+ণক—প্রং) সং, পুং, শৌণ্ডিক, শুঁড়ি।

মণ্ডিত, (মণ্ড দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, সুশোভিত, ভূষিত, সজ্জিত (মোড়া, বেষ্টিত। [ঢালের ধরিবার স্থান।

মণ্ডুক, (মণ্ড দেখ, উক—প্রং) সং, ক্লীং, মণ্ডুকবাদ্য, সং, ক্লীং, বাদ্যবিশেষ।

মণ্ডূক, (মণ্ড দেখ, ঊক—প্রং) সং,পুং, কী —স্ত্রীং, ভেক, ব্যাঙ। পুং, মুনিবিশেষ।

মণ্ডূকপ্লুতন্যায়—ন্যায় দেখ।

মণ্ডূর, (মণ্ড দেখ, উর—প্রং) সং, পুং, ক্লীং, লোহমল, লোহার মরিচা।

মণ্ডোদক, (মণ্ড—উদক=জল) সং, ক্লীং, আলিপনা, পিষ্টতণ্ডুলমিশ্রজল। নানাবর্ণ।

মত, (মন্=বোধকরা+ক্ত—প্রং) বিং, ত্রিং, অভিপ্রেত, সম্মত। সম্মানিত। জ্ঞাত। সং, ক্লীং, অভিপ্রায়, মনস্থ। সম্মতি। বাঞ্ছা।

মতঙ্গ, (মদ্=প্রীতহওয়া+অঙ্গ—প্রং, নিপাতন) সং, পুং, মুনিবিশেষ। মেঘ। হস্তী।

মতঙ্গজ, (মতঙ্গ=মুনিবিশেষ—জ=যে জন্মে, পঞ্চমী—ষ) সং, পুং, হস্তী, মাতঙ্গ, কুঞ্জর, গজ, করী।

মতল্লিকা, সং, স্ত্রীং, প্রশস্ত, উত্তম। এই শব্দটী সচরাচর অন্য শব্দের পর প্রযুক্ত হইয়া থাকে, যথা— গোতমল্লিকা ইত্যাদি।

মতি, (মন্=বোধকরা+ক্তি—প্রং) সং, স্ত্রীং, বুদ্ধি, জ্ঞান। মন, অন্তঃকরণ। ইচ্ছা। স্মৃতি। প্রবৃত্তি। (দেশজ) মুক্তা।

মতিভ্রংশ, মতিভ্রম—পুং, } (মতি=বুদ্ধি
মতিভ্রান্তি—স্ত্রীং, } —ভ্রংশ, ভ্রম, ভ্রান্তি) সং, বুদ্ধিভ্রংশ, ভুল। "স্বপ্নো নু মায়া নু মতিভ্রমো নু, কৢপ্তং নু তাবৎ ফলমেব পুণ্যৈঃ" শকুন্তলা।

মতিমান্, (মতিমৎ, মতি+মতু—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বুদ্ধিমান্, সুধী।

মতিষ্ঠ, (মতিমৎ+ইষ্ঠ-অত্যর্থে) বিং, ত্রিং, অতিশয় বুদ্ধিমান্, ধীমান্। বিবেকী।

মৎ, (ষষ্ঠ্যন্ত অস্মদ্ শব্দজ) সং, মদীয়, আমার। এই শব্দটী অন্যশব্দের সহিত প্রযুক্ত হইয়া থাকে যথা—মৎপুত্র, মদগ্রজ ইত্যাদি।

মৎক, (মৎ+ক—যোগ) বিং, ত্রিং, মদীয়, মৎসম্বন্ধীয়। (মদ্=সন্তুষ্ট+ক—যোগ) সং, পুং, মৎকুণ।

মৎকুণ, (মদ্=সন্তুষ্ট—কণ্=শব্দকরা+অ—প্রং, নিপাতন) সং, পুং, ছারপোকা। শ্মশ্রুবিহীন, খোসা। নির্ব্বিষাণ হস্তী। ণা—স্ত্রীং, অজাতকেশ যোনি।

মত্ত, (মদ্=মত্তহওয়া ইত্যাদি+ক্ত—প্রং) সং, পুং, ক্রোধান্ধ হস্তী। বিং, ত্রিং, আহ্লাদিত,আনন্দিত। বিহ্বল। মাতাল। উন্মত্ত। ক্রুদ্ধ। ত্তা—স্ত্রীং, মদিরা, মদ্য।

মত্তকাশিনী—ষ, স, (মত্ত=উন্মত্ত—কাশ্=দীপ্তিপাওয়া+ইন্, ঈপ্—প্রং) সং, স্ত্রীং, উত্তমা স্ত্রী, সুন্দরী রমণী, সুভগা।

মত্তকীশ, (মত্তক [মত্ত=ক্রুদ্ধ+ক—যোগ] —ঈশ=প্রভু) সং,পুং,হস্তী, করী, গজ।

মত্তময়ুর, (মত্ত—ময়ুর, ষং—স) সং, পুং,উন্মত্ত ময়ুর। "মদমত্ত ময়ূরস্য গিরের্মাল্যবতস্তটে। সীতাবিরহিনং রামং মুহুর্মুহুরমোহয়ৎ॥" মেঘ। ত্রয়োদশাক্ষরপাদচ্ছন্দোবিশেষ; যাহার ৬ষ্ঠ, ৭ম, ১০ম ও১১শবর্ণ লঘু, অবশিষ্টগুরু।

মত্তর,(মৎ=আমার, ডতরচ্, অপেক্ষাকৃত উৎকৃষ্টার্থে) বিং, ত্রিং,আমার অপেক্ষা অপেক্ষাকৃত উৎকৃষ্ট বা অধিক।

মত্তবারণ, (মত্ত—বারণ=হস্তী) সং, পুং, মত্তহস্তী। ক্লীং, গৃহের বারাণ্ডা। পূগচূর্ণ। ঘেরা জায়গা, গৃহপ্রাঙ্গণাদি।

মত্তাক্রীড়, সং,ক্লীং, বিকৃতিচ্ছন্দের জাতিবিশেষ।

মত্তালম্ব,(মত্ত=উন্মত্ত [শক্র ইত্যাদি] —আলম্ব=বিলম্ব) সং, পুং, অপাশ্রয়, ঘেরা জায়গা।

মত্য, (মতি+য—প্রং) সং, ক্লীং, কাটারি প্রভৃতির বাঁট। জ্ঞানানুশীলন।

মৎস, (মদ্ [জলে] হৃষ্টহওয়া+স—প্রং) সং, পুং, মৎস্য, মাছ।

মৎসর, (মদ্ [হৃষ্টহওয়া] দ্বেষ করা ইত্যাদি+সর—প্রং) সং, পুং, বৈর, শত্রুতা, হিংসা, দ্বেষ, অসূয়া। পরশ্রীকাতরতা। ক্রোধ। বিং, ত্রিং, ক্রুদ্ধ। কৃপণ। পর-শ্রীকাতর। রা—স্ত্রীং, মক্ষিকা।

মৎসরী, (মৎসরিন্, মৎসর+ইন্—অস্ত্যর্থে) বিং,ত্রিং, পরশ্রীকাতর, দ্বেষকারী। দুর্জ্জন, খল। ক্রোধী।

মৎস্য, (মদ্ [জলে] হৃষ্টহওয়া+স্য—প্রং) সং, পুং, স্যী—স্ত্রীং, মীন, মাছ। পুং, অবতারবিশেষ, বিষ্ণুর প্রথম অবতার। পুরাণবিশেষ। দেশবিশেষ, বিরাটদেশ, আধুনিক জয়পুর। বঙ্গদেশের অন্তর্গত রঙ্গপুর, দিনাজপুর, এবং কুচবেহারকেও মৎস্য দেশ বলা যায়। দ্বাদশ রাশি।

মৎস্যকরণ্ডিকা, (মৎস্য=মাছ—করণ্ড =চুপড়ী+ক—যোগ) সং, স্ত্রীং, মৎস্যধানী, মাছ রাখা খালুই।

মৎস্যগন্ধা, (মৎস্য—গন্ধ, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং,ব্যাসদেবের জননী, সত্যবতী। ইনি মৎস্যের উদরে জন্মগ্রহণ করাতে ইহার নাম মৎস্যগন্ধা হইয়াছে। পরে পরাশরমুনি মৎস্যগন্ধার অসীম রূপলাবণ্যে বিমুগ্ধ হইয়া, সংসর্গ লালসায়, স্বকীয় যোগ প্রভাবে ইঁহার গাত্রের মৎস্যগন্ধ পদ্মের সুগন্ধে পরিণত করেন। এইজন্য সত্যবতী কখন কখন পদ্মগন্ধা নামেও অভিহিত হইয়া থাকেন।

মৎস্যজীবী, (মৎস্যজীবিন্,মৎস্য=মাছ—জীবী=যে জীবিকা নির্ব্বাহ করে) সং, পুং, ধীবর, জেলে।

মৎস্যণ্ডী, মৎস্যণ্ডিকা, (মন্দ=মৃদু—স্যন্দ্ =ক্ষরা+অল্—প্রং, নিপাতন। ক—যোগে মৎস্যণ্ডিকা) সং, স্ত্রীং, খণ্ড-

বিকার, মিছরি নবাত মঠ প্রভৃতি।
মৎস্যধানী, (মৎস্য=মাছ-ধা=ধারণকরা+অন—ধি) সং, স্ত্রীং, মাছ রাখা খালুই।
মৎস্যবন্ধী, (মৎস্যবন্ধীন্, মৎস্য=মাছ—বন্ধ=বন্ধন+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, ধীবর, জেলে। ন্ধিনী—স্ত্রীং, মৎস্যধানী, খালুই। [হি) সং, পুং, মাছরাঙ্গা পাখী।
মৎস্যরঙ্গ, (মৎস্য—রঙ্গ=অনুরাগ, ৬ষ্ঠী—
মৎস্যরাজ, (মৎস্য=মাছ—রাজ=শ্রেষ্ঠ) সং, পুং, রোহিত মৎস্য, রুইমাছ। (মৎস্য=দেশবিশেষ—রাজন্=রাজা, ৬ষ্ঠী—ষ) বিরাটরাজা। কর্ণরাজা।
মৎস্যবেধন, (মৎস্য—বিধ্=বিদ্ধকরা+অনট্—প্রং) সং, ক্লীং, নী—স্ত্রীং, বড়িশ, বঁড়শী। নী—স্ত্রীং, পক্ষিবিশেষ, মদ্গু পক্ষী।
মৎস্যসন্তানিক, (মৎস্য=মাছ—সন্তান=ফল—ষ্ণিক) সং, পুং, মাছগোড়া। মৎস্যের ব্যঞ্জনবিশেষ।
মৎস্যাশন, (মৎস্য=মাছ—অশন=ভোজন) সং, পুং, মাছরাঙ্গা পাখী। বিং, ত্রিং, মৎস্যভক্ষক।
মৎস্যোদরী, (মৎস্য=মাছ—উদর, ৭মী—ঙিং) সং, স্ত্রীং, সত্যবতী, ব্যাসদেবের মাতা। প্রথিত আছে, সত্যবতী মৎস্যের উদরে জন্মগ্রহণ করিয়াছিলেন এবং কোন ধীবর কর্তৃক প্রতিপালিত হন। মৎস্যগন্ধা দেখ। কাশীস্থ তীর্থবিশেষ।
মথন, (মথ্=মন্থনকরা+অনট্—ভা) সং, ক্লীং, মন্থন, বিলোড়ন, মওয়া। বিনাশ। ক্লেশ।
মথিত, (মথন দেখ+ক্ত—র্ম) বিং, ত্রিং, বিলোড়িত, ঘোঁটা, নাড়াচাড়া। পীড়িত। বিনাশিত, হত। সং, ক্লীং, তক্র, নির্জ্জল ঘোল।
মথী, (মথিন্, মথন দেখ+ণিন্—প্রং) সং, পুং, মন্থন-দণ্ড।
মথুরা, মথূরা, মধুরা, (মথ্=বধ করা+উর, উর—প্রং, এইস্থানে শত্রুঘ্ন মধু নামক অসুরকে বধ করেন) সং, স্ত্রীং, আগরা প্রদেশের অন্তর্গত প্রসিদ্ধ নগরী, কৃষ্ণের রাজধানী।
মথুরেশ, (মথুরা=নগরীবিশেষ—ঈশ=অধিপতি) সং, পুং, কৃষ্ণ।
মদ, (মদ্=হৃষ্ট হওয়া, মত্ত হওয়া+অল্—প্রং) সং, পুং, আনন্দজনিত সম্মোহ। আনন্দ। মদিরাকৃত মনোবিকার। মত্ততা। উন্মাদ। মদরাগ। রেতঃ, বীর্য্য। অহঙ্কার, গর্ব্ব। "অহং মহাত্মা ধনবান্ মৎতুল্যঃ কোঽস্তি ভূতলে। ইতি যজ্জায়তে চিত্তং মদঃ প্রোক্তঃ স কোবিদৈঃ"। হস্তীর গণ্ডস্থলাদি হইতে ক্ষরিত দ্রব পদার্থবিশেষ। মদ্য। কস্তুরী।
মদকট, (মদ—কট্=বর্ষণ হওয়া+অল্—প্রং) সং, পুং, যণ্ড, ষাঁড়। মত্তহস্তী। বিং, ত্রিং, মদোৎকট।
মদকল, (মদ=মত্ততা—কল্=শব্দকরা+অল্—ক) বিং, ত্রিং, মত্ততা জন্য মধুরস্ফুট-বাদী "এতস্মিন্ মদকলমল্লিকাখ্যপক্ষব্যাধূতস্ফুরদুরুদণ্ডপুণ্ডরীকাঃ" উত্তরচরিত। সং, পুং, মত্তহস্তী।
মদকোহল, (মদ=ইচ্ছাক্রমে—কুহ্=শব্দকরা+অলচ্) বৃষোৎসর্গের ষাঁড়। ধর্ম্মের ষাঁড়।
মদগন্ধ, (মদ=মত্ততা—গন্ধ=ঘ্রাণ) সং, পুং, সপ্তচ্ছদবৃক্ষ, ছাতিমগাছ। ন্ধা—স্ত্রীং, সুরা, মদিরা।
মদন, (মদ্=মত্ত হওয়া+অন—ক) সং, পুং, কামদেব। "মদনেন বিনাকৃতা রতিঃ ক্ষণ মাত্রং কিল জীবিতেতি মে" কুমার। বসন্তকাল। ধুতুরা গাছ। বৃক্ষবিশেষ, ময়নাগাছ। ভ্রমর। না, নী—স্ত্রীং, সুরা, মদিরা। বিং, ত্রিং, মত্ততাজনক।
মদনপাঠক, (মদন=বসন্তকাল—পাঠক=যে পাঠ করে। যে এইকালে রব করে) সং, পুং, কোকিল।

মদনমোহন, (মদন—মোহন) সং, পুং, শ্রীকৃষ্ণ। বিং, ত্রিং, অতিসুন্দর।

মদনল্লেখ, সং, পুং, প্রণয়সূচক পত্রিকা।

মদনশলাকা, (মদন—শলাকা=শারিকা বা শল্য ইত্যাদি) সং, স্ত্রীং, কামোদ্দীপক ঔষধ। সারিকাপক্ষী। কোকিলা।

মদনসারিকা, (মদন—সারিকা=শারিকা) সং, স্ত্রীং শারিকাপক্ষী।

মদনাঙ্কুশ, (মদন=কাম—অঙ্কুশ=ডাঙ্গস) সং, পুং, লিঙ্গ, পুংচিহ্ন। নখর।

মদনায়ুধ, (মদন=কাম—আয়ুধ=অস্ত্র) সং. পুং, যোনি, স্ত্রীচিহ্ন।

মদনালয়, (মদন=কাম—আলয়=আধার, বাসস্থান) সং,পুং,যোনি,স্ত্রীচিহ্ন। রাজা। পদ্ম। জন্মের লগ্নহইতে সপ্তমস্থান, জায়াস্থান। [সং,স্ত্রীং,কামদশা,বিরহ।

মদনাবস্থা, (মদন=কাম—অবস্থা=দশা)

মদনোৎসব, (মদন=কাম, বসন্ত—উৎসব, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বসন্তোৎসব, হোলাকা। বা—স্ত্রীং, স্বর্গবেশ্যা।

মদপ্রয়োগ, (মদ=মত্ততা, হস্তীর গণ্ডস্থলাদিজনিত দ্রবপদর্থ-প্রয়োগ=যোগ, মিলন) সং, পুং, করিদিগের মদ জল ক্ষরণ। [সং, স্ত্রীং, বনমল্লিকা।

মদয়ন্তী, (মদি=হৃষ্ট হওয়ান+অন্ত—প্রং)

মদয়িতা, (মদয়িতৃ, মদি=মত্তহওয়ান+তৃন্—ক) বিং, ত্রিং, মদজনক, মাদক। কামোদ্দীপক।

মদয়িত্নু, (মদয়িতা দেখ, ইত্নু—প্রং) সং, পুং, কামদেব। শুঁড়ি। মত্তব্যক্তি। মেঘ। ক্লীং, মদ্য। বিং, ত্রিং, মদযুক্ত, মাদক।

মদরাগ, (মদ=রমণ, রতি—রাগ=অভিলাষ) সং, পুং,কাম, অনুরাগ। ভোগাভিলাষ সম্ভোগেচ্ছা। কুক্কুট, মোরগ।

মদবিক্ষিপ্ত, (মদ=মত্ততা—বিক্ষিপ্ত=মত্ত, ওয়া—ষ) সং, পুং, মত্তহস্তী।

মদস্রাবী, (মদস্রাবিন্, মদ—স্রু=ক্ষরিত হওয়া+ণিন্—ক) বিং, ত্রিং, মদবর্ষী, মদক্ষরণবিশিষ্ট।

মদাতঙ্ক, (মদ—আতঙ্ক=ভয়) সং, পুং, মদ্যপানজনিত পীড়াবিশেষ, উৎক্লেদ।

মদাত্যয়, (মদ=মত্ততা—অত্যয়=নাশ) সং, পুং, মদ্যপানজনিত রোগ বিশেষ, উৎক্লেশ।

মদাম্নাত, (মদ=গর্ব্ব—অম্নাত [আ—ম্না=অভ্যাস করা+ক্ত—প্রং] অভ্যস্ত, সম্মানিত) সং, পুং, গজঢক্কা, হস্তীর উপরিস্থিত ডঙ্কা।

মদাম্বর, (মদ—অম্বর=বস্ত্র) সং, পুং, মত্তহস্তী। ঐরাবত।

মদার, (মদ্=মত্তহওয়া+আর—প্রং) সং, পুং, হস্তী। মত্তহস্তী। ধূর্ত্ত, শঠ। শূকর। কামুক, লম্পট। স্বনামখ্যাত নৃপতি।

মদালাপী, (মদালাপিন্, মদ=আনন্দ—আ—লপ্—বলা+ণিন্-ক। বসন্তকালে, এই পক্ষীর গান সর্ব্বদা শুনা যায়) সং, পুং, কোকিল, পিক।

মদাহ্ব, (মদ=কস্তূরী—আহ্বা=নাম, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মৃগনাভি, কস্তূরী।

মদির, (মদ্=মত্তহওয়া+ইর—প্রং) সং, পুং,রক্ত খদির। বিং, ত্রিং,মত্ততাজনক। রা—স্ত্রীং,সুরা। পুং,রা-স্ত্রীং,খঞ্জনপক্ষী। "যদি সমর্থয়সে মদিরেক্ষণে মদনবানহতোপি হতঃ পুনঃ" শকুন্তলা।

মদিরাসখ, (মদিরা=মদ্য—সখা=বন্ধু, যাহা মদ্যপায়ীদিগের অত্যন্ত প্রিয়) সং, পুং, আম্র।

মদিষ্ঠা, (মদ=যে হৃষ্ট বা মত্ত করে—ইষ্ঠ—অত্যর্থে) সং,স্ত্রীং, সুরা, মদিরা, মদ।

মদীয়, (অস্মদ্+ঈয়—ইদমর্থে) বিং, ত্রিং, মৎসম্বন্ধীয়, আমার।

মদোৎকট, (মদ—উৎকট=যে মত্ত বা ক্রুদ্ধ হয়) সং, পুং, মত্তহস্তী। কপোত, পায়রা। বিং, ত্রিং, মত্ত। গর্ব্বিত। বাতুল, পাগল।

মদোদগ্র, মদোদ্ধত, (মদ-উদগ্র=উন্নত।

মদ=মত্ততা—উদ্ধত=আঘাতপ্রাপ্ত, পরাভূত) বিং,ত্রিং, মদমত্ত, প্রগল্ভ, ধৃষ্ট।

মদ্গু, (মদ্ [জলে] হৃষ্টহওয়া+গু—প্রং) সং, পুং, জলচর পক্ষিবিশেষ, পাণকৌড়ী। নীচজাতি, ধীবর। অর্ণব, জাহাজ।

মদ্গুর, মদ্গুরক, (মদ্=হৃষ্টহওয়া+উর—প্রং, গ্—আগম। মদ্গুর+ক—যোগ) সং,পুং, মৎস্যবিশেষ, মাগুরমাছ।

মদ্গুরসী, সং,স্ত্রীং, শৃঙ্গীমৎস্য, শিঙ্গিমাছ।

মদ্য, (মদ্=মত্ত হওয়া+য—ণ) সং, ক্লীং, সুরা, মদিরা।

মদ্যপ, (মদ্য—প=যে পান করে) বিং, ত্রিং, সুরাপায়ী, যে মদ্য পান করে, মাতাল।

মদ্র, (মদ্=হৃষ্টহওয়া+র—প্রং) সং, পুং, পঞ্জাবের অন্তর্গত স্বনামপ্রসিদ্ধ দেশবিশেষ। আহ্লাদ, হর্ষ। ভদ্র। মঙ্গল।

মদ্রক, (মদ্র=দেশবিশেষ+কৈ=শব্দকরা+ড) বিং, ত্রিং, মদ্রদেশোৎপন্ন, মদ্র দেশে জাত।

মদ্রঙ্কর, মদ্রকার, (মদ্র=হর্ষ, মঙ্গল-কর, কার=যে করে) বিং, ত্রিং, ক্ষেমঙ্কর, শুভকর, মঙ্গলকারক।

মদ্রসুতা, (মদ্র=দেশবিশেষ—সুতা=কন্যা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, মদ্রবরাজতনয়া, মাদ্রী, পাণ্ডুপত্নী, নকুল এবং সহদেবের মাতা।

মদ্বা, (-দ্বন্, মদ—বনিপ) সং,পুং, শিব।

মধু, (মন্=বোধকরা+উ—প্রং, ন=ধ) সং, পুং, ক্লীং, মদ্য, সুরা। পুষ্পরস, মকরন্দ। পৌত্তিক, ভ্রামর, ক্ষৌদ্র, মাক্ষিক, ছাত্র, অর্ঘ্য, ঔদ্দালক এবং দাল—এই অষ্টবিধ মধু। রসভেদ, মধুর-রস। জল। পুং, চৈত্রমাস। বসন্তকাল। "মধুনা সহ সস্মিতাং কথাং নয়নোপান্ত বিলোকিতঞ্চ যৎ" মৌ। দৈত্যবিশেষ। প্রথিত আছে যে বিষ্ণুর কর্ণমল হইতে এই দৈত্যের জন্ম হয়। "তৎ কর্ণমলচূর্ণভ্যো মধুনামাসুরোঽভবৎ।" অসুরস্তয়া ন্ববধি কোপি; মধুরিতি কথম্প্রতীয়তে। দন্তদলিতসরঘঃ প্রথসে, মধুসূদনস্ত্বমিতি সূদয়ন্মধু" শিশুপালবধ। বিং, ত্রিং, স্বাদু, মিষ্ট।

মধুকণ্ঠ, (মধু=মিষ্ট—কণ্ঠ=কণ্ঠধ্বনি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কোকিল।

মধুকর, (মধু—কর=যে করে, ২য়া—ষ) সং,পুং,ভ্রমর। প্রণয়ী, কামী, বল্লভ। "কমলবসতিমাত্রনির্বৃতো, মধুকর বিস্মৃতোঽসি নঃ কথম্" শকুন্তলা। ভৃঙ্গরাজ বৃক্ষ। ভিক্ষুক।

মধুকৃৎ, (মধু=মিষ্ট—কৃৎ=যে করে, ২য়া—ষ) সং, পুং, ভ্রমর, মধুমক্ষিকা।

মধুকেশট, (মধুকে=মধুতে—শট্=গমন করা+অল্—ক) সং, পুং, ভ্রমর

মধুকোষ—পুং মধু-জালক—ক্লীং, (মধু—কোষ=ভাণ্ডার, ৬ষ্ঠী—ষ, কিম্বা মধুমক্ষিকাকৃত কোষ) সং, পুং, মাক্ষিকাশ্রয়, মৌচাক।

মধুক্রম, (মধু-ক্রম, পুনঃপুনঃ মধুপানের ক্রম যাহতে, ৭মী—হিং) সং, পুং, মৌচাক, মধুকোষ।

মধুক্ষীর, (মধু—ক্ষীর=দুগ্ধ) সং, পুং, খর্জ্জুরবৃক্ষ, খেজুরগাছ।

মধুগায়ন, মধুঘোষ, (মধু=মিষ্ট—গায়ন=গায়ক।—ঘোষ=রব—৬ষ্ঠী—হিং) সং, পুং, কোকিল।

মধুচক্র, সং, ক্লীং, মৌচাক।

মধুজ, (মধু=মৌ—জ=জাত) সং, ক্লীং, শিক্থক, মোম।

মধুজা, (মধু=দৈত্যবিশেষ—জ=উৎপন্ন) সং, স্ত্রীং, পৃথিবী। পৌরাণিকেরা বলেন যে মধুদৈত্যের মেদ হইতে পৃথিবী উৎপন্ন হইয়াছে। মহাশ্বেতা।

মধুজিৎ, মধুভিদ্, মধুদ্বিষ্, মধুমথন, (মধু=দৈত্যবিশেষ—জিৎ=যে জয় করে, ভিদ্=যে ভেদকরে, দ্বিষ্=যে হিংসা করে, মথন=যে বধ করে,২য়া—ষ) সং,

পুং, বিষ্ণু, নারায়ণ। [ইক্ষু, আক।
মধুতৃণ, (মধু=মিষ্ট—তৃণ) সং, ক্লীং,
মধুত্রয়, (মধু—ত্রয়=তিন) সং, ক্লীং,
মধুরত্রয়, ঘৃত মধু এবং শর্করা।
মধুদীপ, (মধু=বসন্ত—দীপ=প্রজ্বলন) সং, পুং, মদন, কামদেব।
মধুদূত, (মধু=বসন্ত—দূত=বার্ত্তাবহ; বসন্তকালে মুকুলিত হয় বলিয়া) সং, পুং, আম্রবৃক্ষ।
মধুদ্র, (মধু=মৌ—দ্রু=লওয়া+ড—প্রং) সং, পুং, মধুকর, ভ্রমর।
মধুদ্রুম, (মধু—দ্রুম=বৃক্ষ) সং, পুং, বৃক্ষবিশেষ, মৌলগাছ। [খণ্ড,খাঁড়,গুড়।
মধুধূলি, (মধু=মিষ্ট—ধূলি) সং স্ত্রীং,
মধুনেতা, (মধুনেতৃ, মধু=মৌ—নী=পাওয়া+তৃন্—ক) সং, পুং, মধুকর, ভ্রমর।
মধুপ, (মধু—পা=যে পানকরে, ২য়া—ষ) সং, পুং, মধুকর, ভ্রমর। বিং, ত্রিং, মধুপায়ী।
মধুপর্ক, (মধু—পৃচ্=সম্পৃক্তহওয়া+ঘঞ্—প্রং) সং, ক্লীং, দধিসংযুক্ত মধু। পুং, ষোড়শোপচার পূজার অন্তর্গত ষষ্ঠ উপচার, ঘৃত, শর্করা, মধু, দধি, এবং দুগ্ধ।
মধুপর্ণিকা, } (মধু=পর্ণ—ক আগম)
মধুপর্ণী, } স্ত্রীলিঙ্গে, মধু-পর্ণ=পত্র—ঙীপ্) সং, স্ত্রীং, নীলীবৃক্ষ, নীলের গাছ। গম্ভারী। গুড়ূচি।
মধুপায়ী, (মধুপায়িন্, মধু—পা=পান করা+ণিন্—ক, য—আগম) সং, পুং, ভ্রমর। বিং, ত্রিং, মধুপানকর্ত্তা।
মধুপুরী, (মধু=অসুরবিশেষ—পুরী=নগরী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, মথুরা নগরী। মধু নামক দৈত্য কর্ত্তৃক এই পুরী নির্ম্মিত হইয়াছিল।
মধুপ্রিয়, (মধু=মদ্য ইত্যাদি—প্রিয়) সং, পুং, বলরাম। বৃক্ষবিশেষ, ভূমিজম্বু।
মধুভিদ্, (মধু=অসুরবিশেষ—ভিদ্=যে নাশকরে) সং, পুং, কৃষ্ণ, বিষ্ণু।
মধুভৃৎ, (মধু—ভৃৎ=যে ধারণকরে) সং, পুং, ভ্রমর। [স্ত্রীং, মৌমাছি।
মধুমক্ষিকা, (মধু—মক্ষিকা=মাছি) সং,
মধুমথন, (মধু=স্বনামখ্যাত অসুর—মথন=নাশক) সং, পুং, বিষ্ণু।
মধুমস্তক, (মধু—মস্তক=মাথা) সং, ক্লীং, ময়দা, ঘৃত, মধু প্রভৃতিতে প্রস্তুত পিষ্টকবিশেষ।
মধুমান্, (মধুমৎ, মধু+মতু—অস্ত্যর্থে) বিং, ত্রিং, মাধুর্য্যবিশিষ্ট। মতী—স্ত্রীং, নদীবিশেষ। সপ্তাক্ষরপাদচ্ছন্দোবিশেষ, যাহার প্রথম ছয় অক্ষর লঘু ও শেষ অক্ষর গুরু। দেবীবিশেষ।
মধুমাধ্বীক, (মধু=সুরা—মাধ্বীক=মধুজাত সুরা) সং, ক্লীং, পুষ্পাসব, সুরা, মদ্য। [+ণক—ক) সং, পুং, ভ্রমর।
মধুমারক, (মধু—মারি=প্রাণত্যাগকরান
মধুযষ্টি, (মধু=মিষ্ট—যষ্টি=লাঠি) সং, স্ত্রীং, ইক্ষু, আক্। যষ্টিমধু। [যষ্টিমধু।
মধুযষ্টিকা, (মধুযষ্টি+ক—প্রং) সং, স্ত্রীং,
মধুর, (মধু—রা=গ্রহণকরা+ড—প্রং, কিম্বা, মধু+র—অস্ত্যর্থে) সং; পুং, মিষ্টরস। রক্তবর্ণ ইক্ষু, বোম্বাইআক। গুড়। ক্লীং, রঙ্গ, রাং, টিন। বিং, ত্রিং, মিষ্টরসযুক্ত। সৌম্য, শান্ত। প্রীতিপ্রদ। মনোহর, সুন্দর। রা—স্ত্রীং মথুরানগরী।
মধুরিপু, মধুমথ্, (মধু—রিপু=শত্রু, ৬ষ্ঠী—ষ, মথ্=যে বধ করে, ২য়া—ষ) সং, পুং, বিষ্ণু।
মধুরোদক, (মধুর, মিষ্ট—উদক=জল) সং, পুং, জল সমুদ্র, স্বাদু জলপূর্ণ পুষ্করদ্বীপবেষ্টিত সপ্তসমুদ্রান্তর্গত শেষসমুদ্র।
মধুল, (মধু=মদ্য—লা=পাওয়া+ড—প্রং) সং, ক্লীং, দ্রাক্ষাফলোদ্ভব মদ্য
মধুলিট্, মধুলেহী, মধুব্রত, (মধুলিহ্, মধু—লিট্=যে আস্বাদন করে, ২য়া—ষ। মধুলেহিন্, মধু—লেহী=যে আস্বাদন করে, ২য়া—ষ। মধু—ব্রত=আসক্তি, নিয়ম, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মধুকর, ভ্রমর।

মধুবন, (মধু=মিষ্ট—বন=যে শব্দ করে) সং, ক্লীং, বৃন্দাবনস্থ বনবিশেষ। মথুরার অন্তর্গত বনবিশেষ। লঙ্কাস্থ বনবিশেষ। কিষ্কিন্ধ্যাস্থ সুগ্রীবের বনবিশেষ। সং, পুং, কোকিল। [অবিশ্রান্ত মদ্যপান।

মধুবার, (মধু=মদ্য—বার=রাশি) সং,পুং,।

মধুবীজ, (মধু=মিষ্ট—বীজ=বিচি) সং, পুং, দাড়িম্ব বৃক্ষ।

মধুব্রত, সং, পুং, ভ্রমর।

মধুসখ, মধুসহায়, মধুসারথি, মধুসুহৃদ্, } (মধু=বসন্ত—সখ [সখিশব্দজ] বন্ধু, ৬ষ্ঠী—হিং। মধু—সহায়, ৬ষ্ঠী—হিং,। মধু—সারথি, ৬ষ্ঠী—হিং। মধু—সুহৃদ্=বন্ধু, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কামদেব, মদন, রতিপতি।

মধুসিক্‌থক, (মধু—সিকথক=মোম) সং, পুং, স্থাবর বিষভেদ।

মধুসূদন, মধুহা, (মধু=দৈত্যবিশেষ—সূদন=যে বধ করে, ২য়া—ষ। মধুহন্, মধু—হন্=যে বধ করে, ২য়া—ষ) সং, পুং, বিষ্ণু। "সূদনং মধুদৈত্যস্য যস্মাৎ স মধুসূদনঃ। ইতি সন্তো বদন্তীশং বেদৈর্ভিন্নার্থমীপ্সিতং। মধু ক্লীবঞ্চ মাধ্বীকে কৃতকর্ম্মশুভাশুভে। ভক্তানাং কর্ম্মণাঞ্চৈব, সূদনং মধুসূদনং॥ পরিণামাশুভং কর্ম্ম ভ্রান্তানাং মধুরং মধু। করোতি সদনং যো হি স এব মধুসূদনঃ॥" [সং, পুং, কোকিল।

মধুস্বর,(মধু=মিষ্ট—স্বর=কণ্ঠধ্বনি, গান)

মধুহা, (—হন্, মধু=অসুর বিশেষ—হন্=বিনাশক) সং, পুং, কৃষ্ণ।

মধুক—ধু, (মন্=বোধকরা+উক—প্রং, ন=ধ) সং, পুং, মধুদ্রুম, মহুয়াগাছ। ক্লীং, যষ্টিমধু।

মধূচ্ছিষ্ট, (মধু—উচ্ছিষ্ট=ভুক্তাবশিষ্ট, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, মোম।

মধূত্থ, (মধু—উৎ=উপরি—স্থা=থাকা+ড—ক) সং, ক্লীং, সিক্‌থক, মোম।

মধূত্থবর্ত্তিকা, (মধূত্থ=মোম—বর্ত্তিকা, বাতি) সং, স্ত্রীং, মোমবাতি।

মধূৎসব, (মধু=বসন্ত—উৎসব, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বসন্তোৎসব। চৈত্রীপূর্ণিমা।

মধূপঘ্ন, (মধু—দৈত্যবিশেষ—উপঘ্ন=বিনাশ, আশ্রয়, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, লবণরাক্ষসের নগরী, মথুরা।

মধ্য, (মা=সৌন্দর্য্য—ধা=ধারণ করা+য—প্রং, নিপাতন) কিং, ত্রিং, মধ্যম। মধ্যবর্ত্তী।—উপযুক্ত, যোগ্য, ন্যায্য। পুং—ক্লীং, পশ্চিমদিক্। কটিদেশ, মাজা। লয়বিশেষ। অভ্যন্তর। মধ্যস্থান। ক্লীং, সংখ্যাবিশেষ। নৃত্যবিশেষ। অবসান, বিরাম। ধ্যা—স্ত্রীং, নবযৌবনা রমণী। মধ্যবর্ত্তী অঙ্গুলি। কটিদেশ। ছন্দোবিশেষ, ত্র্যক্ষরাবৃত্তি। গ্রহের গতিবিশেষ।

মধ্যগন্ধ, (মধ্য [ফল] মধ্যে—গন্ধ, ৭মী—হিং) সং, পুং, আম্রবৃক্ষ।

মধ্যতঃ, (মধ্যতস্, মধ্য+পঞ্চমী বা সপ্তমী স্থানে তস্) অং, মধ্যস্থান হইতে। মধ্যে।

মধ্যদেশ, (মধ্য—দেশ) সং, পুং, দেশবিশেষ; ইহার উত্তরে হিমালয়, দক্ষিণে বিন্ধ্য পর্ব্বত, পশ্চিমে কুরুক্ষেত্র এবং পূর্ব্বদিকে প্রয়াগ।

মধ্যন্দিন, (মধ্যং-দিনস্য) সং,ক্লীং, দিনের, মধ্যভাগ, মধ্যাহ্ন, দুইপ্রহর বেলা।

মধ্যম, (মধ্য+ম—ভবার্থে) সং, পুং, ক্লীং, শরীরের মধ্যভাগ, কটিদেশ। পুং, নিষাদ ঋষভ গন্ধার প্রভৃতি সপ্তস্বরান্তর্গত চতুর্থ স্বর। মৃগভেদ। রাগভেদ। গ্রহদিগের সামরিক সংজ্ঞাবিশেষ। মা—স্ত্রীং,নবযুবতী, দৃষ্টরজস্কানারী। মধ্যবর্ত্তী অঙ্গুলি। বাঙ্‌নিষ্পত্তিভেদ। ছন্দোবিশেষ। বিং, ত্রিং, মাঝারি। মেঝো। মধ্যস্থিত।

মধ্যমপাণ্ডব, (মধ্যম=মেঝো—পাণ্ডব=পাণ্ডুপুত্র,) সং, পুং, অর্জ্জুন।

মধ্যমভৃতক, (মধ্যম—ভৃতক—পরিশ্রমী।

যে স্বীয় ও ভূস্বামীর লাভের জন্য কর্ম্ম করে) সং, পুং, কৃষীবল ভৃত্য, কৃষাণ।
মধ্যমলোক, মধ্যলোক, (মধ্যম—লোক =ভুবন, যং—স) সং,পুং, পৃথিবী, মর্ত্ত্য-লোক।
মধ্যমসংগ্রহ, (মধ্যম—সংগ্রহ=সম্পর্ক) সং, পুং, অন্যের স্ত্রীর সহিত গোপনে প্রণয়। গন্ধদ্রব্য অলঙ্কার ও বস্ত্রাদি দ্বারা অন্যের স্ত্রীকে প্রলোভিত করা।
মধ্যমিকা, (মধ্যমা+ক—যোগ) সং, স্ত্রীং, নবযৌবনা কামিনী। [মধ্যম, মাঝারি।
মধ্যমীয়, (মধ্যম+ঈয়—প্রং) বিং, ত্রিং,
মধ্যমেশ্বর, (মধ্যম—ঈশ্বর) সং, পুং, কাশীস্থ শিবলিঙ্গ-বিশেষ।
মধ্যযব, (মধ্য—যব=শস্যবিশেষ) সং, পুং, ছয়টী শ্বেত সর্ষপ পরিমাণ, ওজনবিশেষ।
মধ্যরাত্র, (মধ্য—রাত্রি, ১মা—ষ, প্রাগ্‌ভাব) সং, পুং, অর্দ্ধরাত্র, নিশীথ।
মধ্যলোকেশ, (মধ্যলোক=পৃথিবী—ঈশ =অধিপতি) সং, পুং, রাজা, ভূপতি।
মধ্যবর্ত্তী, (মধ্যবর্ত্তিন্, মধ্য—বর্ত্তী=যে, বিদ্যমান থাকে, ৭মী—ষ) বিং, ত্রিং, মধ্যে স্থিত।
মধ্যস্থ, (মধ্য—স্থ=যে থাকে, ৭মী—ষ) বিং, ত্রিং, মধ্যবর্ত্তী, মধ্যে স্থিত। উদাসীন, যে কোন পক্ষেই লিপ্ত নয়। "মধ্যস্থঃ সততং ভীষ্মো দ্রোণপুত্রো ময়ি স্থিতঃ" মহাভারত। "তে তে সৎপুরুষাঃ পরার্থঘটকাঃ স্বার্থস্য বাধেন যে। মধ্যস্থাঃ, পরকীয়কার্য্যকুশলাঃ স্বার্থাবিরোধেন যে॥ তেঽমীমানুষরাক্ষসাঃ পরহিতং যৈঃ স্বার্থতো হন্যতে। যে তু ঘ্নন্তি নিরর্থকং পরহিতং তে কে ন জানীমহে"।
মধ্যাহ্ন, (মধ্য—অহ্ন=দিনসার্থ অহন্‌ শব্দজ, প্রথমা—ষ, প্রাগ্‌ভাব) সং, পুং, দিনের মধ্যভাগ।
মধ্বালুক, (মধু=মিষ্ট-আলু=মূলবিশেষ, ক—যোগ) সং, ক্লীং, মৌ আলু। [মধুজনিত মদ্য।
মধ্বাসব, (মধু—আসব=মদ্য) সং, পুং,
মধ্বাসবনিক, (মধ্বাসব=মদ্য—নী=গমন করা+ক—প্রং, নিপাতন) সং, পুং, শৌণ্ডিক, শুঁড়ী।
মধ্বিজা, সং, স্ত্রীং, সুরা, মদ্য, মদ।
মনঃ, (দেশজ) পরিমাণবিশেষ, চল্লিশসের।
মনঃ, (মনস্‌, মন্‌=বুঝা+অস্‌—প্রং) সং, ক্লীং, চিত্ত, অন্তঃকরণ। "অনিরূপ্যমদৃশ্যঞ্চ, জ্ঞানভেদং মনঃ স্মৃতম্‌"। "মনস্তু মে সংশয়মেব গাহতে" কুমার। অং, তৃপ্তি।
মনঃশিল, মনঃসিল, (মনস্‌=মন—শিলা =পাতর, ইহা অতি মনোহর) সং, পুং, লা-স্ত্রীং, রক্তবর্ণ পর্ব্বতময় ধাতুবিশেষ। নেপালিকা।
মনন, (মন্‌=বুঝা—অন—ভা) সং, ক্লীং, বুদ্ধি, চিন্তন। অনুমান। ধ্যান। মানস-করা। স্বীকরণ।
মনসা, (কশ্যপের মানসী কন্যা বলিয়া মনসা) সং, স্ত্রীং, সর্প-বংশীয় বিষহরী দেবীবিশেষ, জরৎকারু মুনির পত্নী। "কন্যা সা চ ভগবতী কশ্যপস্যচ মানসী। তেনেয়ং মনসাদেবী মনসা যা চ দীব্যতি॥ মনসা ধ্যায়তে যা বা পরমাত্মানমীশ্বরী। তেন সা মনসাদেবী লোকেস্মিন্‌ খলু কীর্ত্তিতা॥"
মনসিজ, (মনসি=মনেতে—জ=যে জন্মে) সং, পুং, কামদেব, কন্দর্প। "মনসিজেন সখে! প্রহরিষ্যতা ধনুষি চূতশরশ্চ নিবেশিতঃ" শকুন্তলা। বিং, ত্রিং, মনোজাত।
মনসিশয়, (মনসি=মনে—শয়=যে শয়ন করে) সং,পুং, মনোভব, মদন, কন্দর্প।
মনস্কাম, (মনস্‌—কাম=ইচ্ছা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মনের অভিলাষ, বাঞ্ছা।
মনস্কার, (মনস্‌=মনের—কার=কার্য্য, করণ) সং, পুং, মনের মধ্যে সুখদুঃখাদিবোধ। চিত্তভোগ, মনের সুখদুঃখাদি অনুভব।

মনস্তাপ, (মনস্—তাপ=ক্লেশ) সং, পুং, মনঃপীড়া, মানসিক যাতনা।

মনস্তাল, (মনস্=মন—তল=উৎসাহ ভগ্ন করা+ঘঞ্) সং, পুং, দুর্গার বাহন সিংহ।

মনস্থ, (মনস্—স্থ=যে থাকে) বিং, ত্রিং, মনঃস্থিত, অন্তঃকরণস্থ। (দেশজ) মানস, অভিপ্রায়, ইচ্ছা। বাঞ্ছা।

মনস্বিতা, (মনস্বী—দেখ—তা—ভাবে) সং, স্ত্রীং, আশা। অধীনতা। সংবাদ, সমাচার।

মনস্বী, (মনস্বিন্, মনস্+বিন্—প্রশংসার্থে) বিং, ত্রিং, মহামনাঃ, উদারচিত্ত। যাহার অন্তঃকরণ প্রশস্ত। মানী। ধীর, স্থিরচিত্ত। বীর। সং, পুং, শরভ।

মনাক্, (মন্=জানা+আক্—প্রং) অং, একবিন্দু। ঈষৎ, অল্প। আস্তে আস্তে, মন্দ মন্দ।

মনাকা, (মন্=জানা+আক—প্রং) সং, স্ত্রীং, করিণী, হস্তিনী।

মনায়ী, (মনু=মুনিবিশেষ+ঈ—স্ত্রীলিঙ্গে। উ—এ। মনাবীও হয়) সং, স্ত্রীং, মনুরপত্নী। [বিদিত, জ্ঞাত, অবগত।

মনিত, (মন্=জানা+ক্ত—র্ম্ম) বিং,ত্রিং,

মনীক, (মন্ [জানা] উপযুক্ত হওয়া +ইক—সংজ্ঞার্থে) সং, ক্লীং, অঞ্জন, কজ্জল, কাজল।

মনীব, (যবনভাষা) সং, প্রভু, কর্ত্তা।

মনীষা, (মনস্—ঈষা=গমন, নিপাতন) সং, স্ত্রীং, বুদ্ধি, প্রজ্ঞা। পাণ্ডিত্য।

মনীষিত, (মনীষা+ইত—সংজাতার্থে) বিং, ত্রিং, প্রীত। মনোভিলষিত, বাঞ্ছিত "মনীষিতাঃ সন্তি গৃহেষু দেবতা স্তপঃ ক্ব বৎসে ক্ব চ তাবকং বপুঃ"। কুমার।

মনীষী, (মনীষিন্, মনীষা+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ধীর, বুদ্ধিমান্। সং, পুং, পণ্ডিত, বিদ্বান্। "সংস্কারবত্যেব গিরা মনীষী তয়া স পূতশ্চ বিভূষিতশ্চ"। কুমার।

মনু, (মন্ [বেদসকল] জানা+উ—প্রং) সং, পুং, ব্রহ্মার পুত্র, মনুষ্য জাতির আদি পুরুষ, ধর্ম্মশাস্ত্র-প্রণেতা মুনিবিশেষ ;প্রতি কল্পে স্বায়ম্ভুব, স্বারোচিষ, উত্তম, তামস, রৈবত, চাক্ষুষ, বৈবস্বত, সাবর্ণি, দক্ষসাবর্ণি, ব্রহ্মসাবর্ণি, ধর্ম্মসাবর্ণি, রুদ্রসাবর্ণি, ও ইন্দ্রসাবর্ণি, এই চতুর্দ্দশ মনু হইয়া থাকেন, এক্ষণে বৈবস্বতমনু। সূর্য্যপুত্র, পৃথিবীর প্রথম রাজা। মন্ত্র।

মনুজ, (মনু=ব্রহ্মার পুত্র—জ=যে জন্মে, পঞ্চমী—ষ) সং, পুং, মনুর অপত্য, মানুষ, মানব।

মনুজেন্দ্র, (মনুজ—ইন্দ্র=শ্রেষ্ঠ) সং, পুং, নরপতি, রাজা।

মনুভূ, (মনু=মুনিবিশেষ—ভূ=জাত) সং, পুং, মনুষ্য, মানব।

মনুরাট্, (মনুরাজ্, মনু=মনুষ্য—রাজ্=দীপ্তি পাওয়া+কিপ্—প্রং) সং, পুং, কুবের।

মনুষী, (মনুষ্য=মানুষ+ঙীষ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, মানুষী, নারী।

মনুষ্য, (মনু—য অপত্যার্থে, ষু—আগম) সং, পুং, মনুর অপত্য, মানব।

মনুষ্যত্ব, (মনুষ্য—ত্ব ভাবে) সং, ক্লীং, মনুষ্যের অবস্থা। দয়া, বদান্যতা।

মনুষ্যধর্ম্মা, (মনুষ্যধর্ম্মন্, মনুষ্য—ধর্ম্ম, ৬ষ্ঠী—হিং, অন্—প্রং। নরবাহনপ্রযুক্ত কুবেরকে মনুষ্যধর্ম্মা বলে) সং, পুং, কুবের, ধনাধিপ।

মনুষ্যযজ্ঞ, (মনুষ্য=মানুষ—যজ্ঞ=যাগ) সং, পুং, নৃযজ্ঞ, অতিথিপূজন। অতিথিসৎকার।

মনোগত, (মনস্=মনে—গত) বিং, ত্রিং, মনস্থ, যাহা মনে রহিয়াছে, হৃদ্গত। সং, ক্লীং, চিন্তা, অনুভব।

মনোগবী, (মনস্—গবী—স্ত্রীগো) সং, স্ত্রীং, ইচ্ছা, অভিলাষ।

মনোগুপ্তা, (মনস্—গুপ্ত=রক্ষিত, পালি-

ত) সং, স্ত্রীং, মনঃশিলা।

মনোজ, (মনস্—জ=জাত) সং, পুং, কন্দর্প, মদন, মনসিজ।

মনোজন্মা, মনোভব, মনোভূ, মনোযোনি } (মনোজন্মন্, মনস্—জন্মন্ =উৎপত্তি, ৬ষ্ঠী—হিং।—ভব, ভূ=উৎপত্তি, ৬ষ্ঠী—হিং।—যোনি=উৎপত্তি-স্থান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কামদেব।

মনোজব, (মনস্—জু=বেগে চলা+অল্—প্রং, অথবা মনস্—জব=বেগ) বিং,ত্রিং, অতিশয় বেগবান্। পিতৃতুল্য। সং, পুং, বিষ্ণু, নারায়ণ। মনের বেগ।

মনোজ্ঞ, মনোরম, মনোহর, মনোহারী-রিন্, } (মনস্=মন—জ্ঞ=যে জানে, ২য়া—ষ। মনস্—রম=যে রমণ করে, ৭মী—ষ। মনস্—হর, হারিন্=যে হরণকরে, ২য়া—ষ) বিং, ত্রিং, সুন্দর, রমণীয়। জ্ঞা—স্ত্রীং, মনঃশিলা। স্থূলজিরক। রাজপুত্রী। মদিরা।

মনোনীত, (মনস্—নীত=লব্ধ, তৃতীয়া—ষ) বিং, ত্রিং, মনোমত, মনের ঈপ্সিত, অভিলষিত, পচন্দ।

মনোবৃত্তি, (মনস্—বৃত্তি=ব্যাপার, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, চিত্তবৃত্তি। ইচ্ছা। কল্পনাশক্তি। বুদ্ধি। সঙ্কল্প।

মনোরঞ্জন, (মনস্—রঞ্জন=সন্তুষ্টকরণ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, মনের প্রফুল্লতাকরণ, মানসিক তুষ্টিসম্পাদন।

মনোরথ, (মনস্—রথ=যান, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ইচ্ছা, মনের বাসনা। "মনোরথানাং যদ্বীজং তদ্দৈবেনাদিতো হতং" শকুন্তলা।

মনোরম, (মনস্=মন—রম=আনন্দিত করা+অল্) বিং, ত্রিং, সুন্দর, সন্তোষদায়ক। মা—স্ত্রীং, বৌদ্ধদিগের উপাস্য দেবতাবিশেষ। পঙ্‌ক্তি ছন্দোবিশেষ।

মনোলৌল্য, (মনস্—লৌল্য=চঞ্চলতা) সং, ক্লীং, মনের অস্থিরতা, স্বেচ্ছাচারিতা, খেয়াল।

মনোহত, (মনস্—হত=আঘাতপ্রাপ্ত) বিং, ত্রিং, প্রতিহত, ভগ্নমনোরথ।

মনোহ্বা, (মনস্—হ্বে=আহ্বান করা+ড—প্রং—আপ্—স্ত্রীলিঙ্গে)সং,স্ত্রীং, মনঃশিলা।

মন্তব্য, (মন্=জানা+তব্য—র্ম) বিং, ত্রিং, মননীয়, চিন্তনীয়। বিচার্য্য, বিবেচ্য। জ্ঞেয়। গ্রাহ্য।

মন্তা, (মন্তৃ, মন্=জানা+তৃন্—প্রং) সং, পুং, পরামর্শদাতা, মন্ত্রী। মুনি।

মন্তু, (মন্=জানা+তু—সংজ্ঞার্থে) সং, পুং, মনুষ্য। অপরাধ। প্রজাপতি। বুদ্ধি, মেধা, প্রজ্ঞা।

মন্ত্র, (মন্ত্র=মন্ত্রণাকরা+অল্—প্রং) সং, পুং, বেদের অংশবিশেষ, ঋক্, যজু আদি। গুরুপ্রণীত জপোদ্দেশ্য বাক্য। দেবতাবিশেষের উপাসনার উপযোগী বাক্য, শ্লোক, বা পদ। যে কোন জীবের বশীকরণ সাধন বাক্য, কুহক, যাদু। মন্ত্রণা, পরামর্শ। সন্ধিবিগ্রহাদি ষাড়্‌গুণ্যচিন্তা, গুপ্তিবাদ। বিচার।

মন্ত্রকৃৎ, (মন্ত্র=মন্ত্রণা—কৃৎ=যে করে, ২য়া—ষ) সং, পুং, মন্ত্রী। মন্ত্রণাকারক।

মন্ত্রগণ্ডক, সং,পুং, জ্ঞান। বিজ্ঞানশাস্ত্র।

মন্ত্রগূঢ়, (মন্ত্র=মন্ত্রণা—গূঢ়=গুপ্ত) সং, পুং, চর, গূঢ়দূত।

মন্ত্রগৃহ, মন্ত্রভবন, (মন্ত্র=মন্ত্রণা—গৃহ—ভবন, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, পরামর্শ করিবার গৃহ, মন্ত্রণাগার।

মন্ত্রজিহ্ব, (মন্ত্র—জিহ্বা=আস্বাদন-সাধন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অগ্নি, বহ্নি।

মন্ত্রজ্ঞ, (মন্ত্র=মন্ত্রণা—জ্ঞ=যে জানে) সং, পুং, চর, গুপ্তদূত। পরামর্শদাতা, মন্ত্রী। মন্ত্রজ্ঞাতা, কুহকী।

মন্ত্রণা, (মন্ত্র=মন্ত্রণাকরা+অন, আপ্—প্রং) সং, স্ত্রীং, গোপনে পরামর্শ। বিচার। মন্ত্র। যুক্তি।

মন্ত্রদাতা, (মন্ত্রদাতৃ, মন্ত্র—দাতৃ=যে দান করে) বিং, ত্রিং, মন্ত্রদানকর্ত্তা, গুরু

পরামর্শদায়ক, উপদেষ্টা।
মন্ত্রদীধিতি, (মন্ত্র=দেবাদির উপাসনার উপযোগী বাক্য, শ্লোক বা পদ—দীধিতি=আলোক) সং, পুং, অগ্নি, বহ্নি।
মন্ত্রপূতাত্মা, (মন্ত্রপূতাত্মন্, মন্ত্র—পূতাত্মন্=পবিত্রদেহ) সং, পুং, গরুড়।
মন্ত্রবিৎ, (মন্ত্রবিদ্, মন্ত্র=মন্ত্রণা, ঋক্—বিৎ=যে জানে, ২য়া—য) সং, পুং, মন্ত্রী। চর। মন্ত্রজ্ঞ, ঐন্দ্রজালিক।
মন্ত্রিত, (মন্ত্র দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহা মন্ত্রণা করা হইয়াছে, পরামৃষ্ট। মন্ত্রপূত।
মন্ত্রী, (মন্ত্রিন্, মন্ত্র=মন্ত্রণা+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, পরামর্শদাতা, অমাত্য, সচিব।
মন্থ, (মন্থ্=মন্থনকরা+অল্—ণ, ভা) সং, পুং, মন্থনদণ্ড। বিনাশ। মন্থন, সঞ্চালন, বিলোড়ন। সূর্য্য। নেত্রমল, পিচুটি। নেত্ররোগ। শক্তুমিশ্র পেয়বিশেষ। অংশু। [ক্লীং, নবনীত, ননি।
মন্থজ, (মন্থ=মন্থন—জ=উৎপন্ন) সং,
মন্থদণ্ডক, (মন্থ=মন্থন—দণ্ডক=যষ্টি) সং, পুং, মন্থনদণ্ড, তক্রাট, মউনি।
মন্থন, (মন্থ দেখ, অনট্—ভা) সং, ক্লীং, বিলোড়ন, মওয়া। কুন্থন, বিনাশ। পুং, মন্থনদণ্ড। [মওবার হাঁড়ি।
মন্থনঘটী, সং, স্ত্রীং, দধিমন্থনপাত্র। ঘোল
মন্থর, (মন্থ্=মন্থনকরা+অরন্—প্রং)বিং, ত্রিং, মন্দগামী, মৃদু। অলস। নিরুৎসাহ। জড়। অশীঘ্র। মূর্খ। পৃথু, প্রকাণ্ড, মহৎ। ভারি। নত। অসরল, বক্র। নীচ, বিনীত। সং, পুং, মন্দগামী যোদ্ধা। কোষ, ধনাগার। ফল। বাধ, প্রতিবন্ধক। মন্থনদণ্ড। যোদ্ধা। বৈশাখ মাস। সদ্যোজাত নবনীত। কোপ, ক্রোধ। মৃগ, হরিণ। দুর্গ। পর্ব্বতবিশেষ। রা—স্ত্রীং, কেকয়ীর দাসী। ক্লীং, কুসুম্ভী।
মন্থরু, (মন্থ দেখ, অরুন্—প্রং) সং, পুং, চামরের বাতাস।
মন্থশৈল, (মন্থ—মন্থনদণ্ড-শৈল=পর্ব্বত। যে পর্ব্বত দ্বারা সমুদ্র মন্থন হইয়াছিল) সং, পুং, মন্দর-পর্ব্বত।
মন্থাঃ, মন্থান, (মন্থিন্, মন্থ দেখ, ইন, আনচ্—প্রং) সং, পুং, মন্থনদণ্ড।
মন্থিনী, সং, স্ত্রীং, দধিমন্থনপাত্র।
মন্দ, (মন্দ=জড়ীভূতহওয়া+অল্—ক) হতভাগ্য। বিং, ত্রিং, জড়। নিরুৎসাহ। অলস। ধীর, মৃদু। "মন্দং মন্দং নুদতি পবনশ্চানুকূলো যথা ত্বাং বামশ্চায়ং নদতি মধুরং চাতকস্তে সগন্ধঃ" মেঘদূত। নির্ব্বোধ, মূর্খ। দুর্ভাগ্য। অসুস্থ, রোগাক্রান্ত। অল্প। মত্ত, মদ্যপানাসক্ত। উন্মত্ত। আত্মম্ভরি। নীচ, অধম, পাপিষ্ঠ। যথেচ্ছাচারী। অতীক্ষ্ণ, ভোঁতা। খল, ক্রূর। অপটু। নির্লজ্জ। ক্ষীণ, দুর্ব্বল। কদর্য্য, অপকৃষ্ট, জঘন্য। স্বাধীন। নির্দ্দয়। পুং, শনিগ্রহ। হস্তিবিশেষ। যম। প্রলয়। কাক।
মন্দগ, মন্দগামী—মিন্, (মন্দ=মৃদু—গ, গামী=যে গমন করে) বিং, ত্রিং, মৃদুগামী, মৃদুগমনশীল, মন্থর, অদ্রুত। সং, পুং, মৃদুগামী সৈনিক পুরুষ।
মন্দজননী, (মন্দ=শনি—জননী=মাতা) সং, স্ত্রীং, সূর্য্যপত্নী, শনৈশ্চর মাতা। কুমাতা। [পুং, প্রবালবৃক্ষ।
মন্দট, (মন্দ=প্রীত হওয়া+অটচ্) সং,
মন্দন, (মন্দ্=প্রীত হওয়া, স্তবকরা+অনট্) সং, ক্লীং, স্তব, স্তোত্র, গুণকীর্ত্তন, প্রশংসা।
মন্দতা—স্ত্রীং, } (মন্দ+তা, ত্ব—ভা-
মন্দত্ব—ক্লীং, } বে) সং, আলস্য। মান্দ্য। জড়তা। মৃদুতা। মূর্খতা।
মন্দফল, (মন্দ=অসৎ, অশুভ—ফল) সং, ক্লীং, অসৎফল, গ্রহফল। জ্যোতিঃশাস্ত্র প্রসিদ্ধ অঙ্কবিশেষ। (The anomatistic equation of a planet.)
মন্দবুদ্ধি, (মন্দ=অপকৃষ্ট—বুদ্ধি, ৬ষ্ঠী-হিং) বিং, ত্রিং, জড়বুদ্ধি, স্থূলধী, নির্ব্বোধ।

মন্দর, (মন্দ দেখ, অরন্—প্রং) সং, পুং, পর্ব্বতবিশেষ; এই পর্ব্বতকে মন্থনদণ্ড করিয়া দেবাসুরেরা প্রলয়াবসানে সমুদ্র মন্থন করিয়াছিলেন। মন্দারবৃক্ষ। দর্পণ, মুকুর, আর্শি। স্বর্গ। হারবিশেষ। বিং, ত্রিং, বহুল। মৃদু, মন্দ। জড়। অলস। স্থূলাকার।

মন্দসান, (মন্দ দেখ—অসানচ্) সং, পুং, অগ্নি; প্রাণ, জীবন। নিদ্রা।

মন্দা, সং, স্ত্রীং, সংক্রান্তিবিশেষ।

মন্দাক, (মন্দ্=স্তবকরা+আকন্—প্রং) সং, স্ত্রীং, স্তুতি, গুণানুবাদ, স্তব, প্রশংসা।

মন্দাকিনী, (মন্দ্=মৃদু—অক্=গমনকরা +ণিন্, ঈপ্—প্রং) সং, স্ত্রীং, স্বর্গগঙ্গা, সুরনদী। সংক্রান্তিবিশেষ। জগতীচ্ছন্দের জাতিবিশেষ।

মন্দাক্রান্তা, (মন্দ—আক্রান্ত) সং, স্ত্রীং, সপ্তদশাক্ষর পাদচ্ছন্দোবিশেষ, যাহার প্রথম চারিটী বর্ণ ও ১০ম, ১১শ, ১৩শ, ১৩শ, ১৬শ, ১৭শ বর্ণ গুরু, এতদ্ব্যতিরিক্ত যাবতীয় বর্ণ লঘু।

মন্দাক্ষ, (মন্দ—অক্ষ=ইন্দ্রিয়, ৫মী—হিং) সং, ক্লীং, লজ্জা, ত্রপা।

মন্দাগ্নি, (মন্দ—অগ্নি) সং, পুং, কফাদিপীড়া দ্বারা জঠরাগ্নির হ্রাস, ক্ষুধামান্দ্য। অপাক। অজীর্ণ।

মন্দার, (মন্দ্=প্রীত হওয়া+আরন্—প্রং) সং, পুং, স্বর্গীয় দেবতরুবিশেষ। পালতে মাদারগাছ। তীর্থবিশেষ।

মন্দাস্য, (মন্দ—আস্য=মুখ) সং, ক্লীং, ত্রপা, লজ্জা।

মন্দির, (মন্দ্=নিদ্রিত হওয়া+কিরচ্—প্রং, যেখানে নিদ্রা করা যায়) সং, ক্লীং, গৃহ, ভবন। দেবালয়। নগর। স্ত্রীং, ক্লীং, ভবন, গৃহ। পুং, সমুদ্র। জানুর পশ্চাদ্ভাগ। গন্ধর্ব্ববিশেষ। রা—স্ত্রীং, পশুশালা।

মন্দিরপশু, (মন্দির=গৃহ—পশু) সং, পুং, বিড়াল, মার্জ্জার।

মন্দীভূত, (মন্দ—ভূত+চ্বি—প্রং। অ—ঙ্গ) বিং, ত্রিং, অল্পীভূত, কম হইয়া আসা। জড়ীভূত। শিথিলীকৃত। মৃদু। "রশ্মিসংযমনাৎ রথস্য মন্দীভূতো বেগঃ" শকুন্তলা।

মন্দুরা, (মন্দির দেখ, উরচ্ আপ্—প্রং) সং, স্ত্রীং, অশ্বশালা। মাদুর।

মন্দোদরী, (মন্দ=অল্প—উদর=পেট, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, রাবণমহিষী, ময়দানবের কন্যা, ইন্দ্রজিতজননী। কৃশোদরী কামিনী। মাদুর।

মন্দোষ্ণ, (মন্দ=ঈষৎ—উষ্ণ=উত্তপ্ত) বিং, ত্রিং, ঈষৎ উষ্ণ, অল্পগরম। ক্লীং, ঈষৎ উষ্ণতা।

মন্দ্র, (মন্দ=প্রীতহওয়া+রক্—প্রং) বিং, ত্রিং, গম্ভীর। পুং, বাদ্যযন্ত্রবিশেষ, মৃদঙ্গক। গম্ভীরধ্বনি।

মন্মথ, (মনস্—মথ্=মন্থনকরা+অল্ ক) সং, পুং, কামদেব, কন্দর্প, মদন; "ঋষয় উচুঃ। যস্মাৎ প্রমথ্য চেতস্বং জাতোঽস্মাকং তথা বিধেঃ। তস্মান্মন্মথনাম্না ত্বং লোকে গেয়ো ভবিষ্যতি"। কপিত্থবৃক্ষ। কামচিন্তা।

মন্মন, (মৎ=মন, হৃদয়—মন্=বোধকরা, প্রকাশ করা+অল্—প্রং) সং, পুং, গদ্গদধ্বনি। অস্ফুটবাক্য।

মন্যা, মন্যকা, (মন্=বোধকরা, প্রকাশ করা+কাপ্, আপ্—প্রং। মন্যা+ক—যোগ) সং, স্ত্রীং, গ্রীবাদেশের পশ্চাদ্ভাগস্থ শিরাসমূহ। গায়ের শির, স্নায়ু।

মন্যু, (মন্=জানা+যুচ্—প্রং) সং, পুং, দুঃখ, শোক। দরিদ্রতা, দৈন্য। ক্রতু, যজ্ঞ। ক্রোধ। অহঙ্কার।

মন্বন্তর, (মনু=ব্রহ্মার পুত্র—অন্তর=অবকাশ, মধ্যবর্ত্তী সময়, সপ্তমী—হিং) সং, ক্লীং, মনুর রাজ্যশাসন-কাল, দেবতাদের পরিমাণে একাত্তর যুগ।

মম, (ষষ্ঠ্যন্ত অস্মদ শব্দজ) অং, মদীয়,

আমার। মমতা, মায়া।

মমতা—স্ত্রীং, মমত্ব-ক্লীং, (মম+তা, ত্ব—ভাবে) সং, দয়া। মায়া, আমার বলিয়া জ্ঞান। অত্যন্ত প্রণয়। স্নেহ। অহঙ্কার, দর্প। অভিমান।

মমতাযুক্ত, (মমতা=আত্মম্ভরিতা, পক্ষপাতিতা—যুক্ত) বিং, ত্রিং, আত্মম্ভরি। অভিমানাদিবিশিষ্ট। সং, পুং, কৃপণ।

মম্মাপতাল, (মব্য=বদ্ধকরা, সংশ্লিষ্ট রাখা+আল্, য লোপ, ব=ম, আপত—আগম) সং, পুং, ইন্দ্রিয়বিষয়।

ময়, (ময়্=গমনকরা, অথবা মি, মী—ছড়ান+অল্—প্রং) সং, পুং, উষ্ট্র। অশ্বতর। দৈত্যবিশেষ, দানবগণের সূত্রধর বা শিল্পী। য়া—স্ত্রীং, চিকিৎসা। প্রতীকার। শব্দের শেষে থাকিলে পূর্ণ, বিশিষ্ট, তদাত্মক, যথা—মৃণ্ময় হিরণ্ময়।

ময়ট, (ময়্=গমনকরা+অটচ্—প্রং) সং, পুং, তৃণনির্ম্মিত কুটীর। পর্ণশালা।

ময়দা, (যবনভাষা) সং, গোধূমচূর্ণ আটা।

ময়দান, (যবনভাষা) সং, ক্ষেত্র, মাঠ।

ময়না, (দেশজ) সং, পক্ষিবিশেষ, মদনা পাখী।

ময়রা, (মোদকশব্দের অপভ্রংশ) সং, বর্ণসঙ্কর জাতিবিশেষ, মোদক, মিষ্টান্নকার।

ময়লা, (মলশব্দজ) বিং, মলাযুক্ত, অপরিষ্কৃত। মলিন।

ময়ান, (দেশজ) লুচি কিম্বা রুটী প্রস্তুত করিবার পূর্ব্বে ময়দার সহিত ঘৃতমিশ্রণ।

ময়ু, (মি [সুমিষ্ট স্বর ইত্যাদি] ক্ষেপণ করা+উ—প্রং) সং, পুং, কিন্নর, কিম্পুরুষ। মৃগ, হরিণ।

ময়ুরাজ, (ময়ু=কিন্নর—রাজ=প্রধান) সং, পুং, কুবের, ধনাধিপ।

ময়ূখ, (মা [সময়] পরিমাণ করা+উখ—প্রং, মা=ময়্) সং, পুং, কিরণ, দীপ্তি, আলোক। জ্বালা। শোভা। কীলক, গোঁজ, পিন্।

ময়ূর, (মহী=পৃথিবী—রু=রবকরা+ড

ময়ূর।

নিপাতন, যে পৃথিবীতে রব করে অথবা মী=ক্ষেপণকরা+উরন্) সং, পুং, রী-স্ত্রীং, স্বনামখ্যাত পক্ষিবিশেষ, বর্হী।

ময়ূরক, (ময়ূর+ক—যোগ) সং, পুং, ময়ূর। অপামার্গ। ক্লীং, অঞ্জনবিশেষ। তুঁতে।

ময়ূরচটক, সং, পুং, গৃহকুক্কুট।

ময়ূরপদক, (ময়ূর—পদ+ক—সাদৃশ্যার্থে) সং, ক্লীং, নখাঘাত, নখের আঁচড়।

মরক, (মৃ=মরা+ণক—প্রং) সং, পুং, মারী, মড়ক। স্পর্শাক্রামক রোগনিবন্ধন মৃত্যু।

মরকত, মরক্ত, (মরক=মারিভয়—তৃ=পারহওয়া+ড—প্রং) সং, পুং, হরিদ্বর্ণ মণিবিশেষ, পান্না।

মরণ, (মৃ=মরা+অনট্—ভা) সং, ক্লীং, মৃত্যু, বিনাশ। লোকান্তরপ্রাপ্তি। "প্রিয়সখি বিষমং প্রেম মরণং শরণং ন পারংকাং" রত্নাবলী। [মরা।

মরত, সং, পুং, মৃত্যু, দেহ বিনাশ, মরণ,

মরন্দ, মরন্দক, (মকরন্দ, দ্বিতীয়বর্ণ লোপ, ক—যোগে মকরন্দক। অথবা মর [ভ্রমরাদির] মরণ—দো=খণ্ডন করা+ড—প্রং) সং, পুং, মকরন্দ, পুষ্পরস। মধু। [গতাসু, মড়া। শুষ্ক।

মরা, (মরণার্থ=মৃ—ধাতুজ) বিং, মৃত,

মরাই, (দেশজ) সং, ধান্যাদির গোলা।

মরার, সং, পুং, শস্যরক্ষণস্থান, মরাই।

মরাল, (মৃ=মরা+আল—প্রং) সং, পুং,

মরাল।

লোহিত রাজ-হংস। পাতিহাঁস। তুরঙ্গম, অশ্ব। ডালিমগাছের বন। বারিবাহ, মেঘ। খল, দুষ্ট, পাপাত্মা। বিং, ত্রিং, মসৃণ, স্নিগ্ধ।

মরিচ, মরীচ, (মৃ=[বিষ] এখানে নাশকরা+ইচ, ঈচ—প্রং) সং, ক্লীং, স্বনামখ্যাত বর্ত্তুলাকার কটু দ্রব্যবিশেষ, গোলমরিচ। পুং, মরুবক বৃক্ষ।

মরীচি, (মৃ=[অন্ধকার] এখানে নাশকরা+ঈচি—প্রং) সং, পুং—স্ত্রীং, প্রভা, কিরণ, রশ্মি। ষট্‌ত্রসরেণুপরিমাণ। পুং, ব্রহ্মার জ্যেষ্ঠ মানসপুত্র, সৃজনকর্ত্তা প্রজাপতিবিশেষ। কৃপণ।

মরীচিকা, (মরীচি=কিরণ+ক—স্বার্থে, আপ্—প্রং। অথবা—ক=জল, ঙীপ—হিং) সং, স্ত্রীং, মৃগতৃষ্ণা, সূর্য্য-কিরণে জলভ্রম।

মরীচিপ, (মরীচি=কিরণ—প=যে পান-করে) সং, পুং, যে মুনিগণ কেবল সূর্য্য-কিরণ সেবন করিয়া জীবনধারণ করেন। বালখিল্য মুনিগণ।

মরীচিমালী, (মরীচিমালিন্, মরীচিমালা+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, সূর্য্য। বিং, ত্রিং, কিরণজালবিশিষ্ট। তেজোময়। জ্যোতিষ্মান্।

মরু, (মৃ=[এখানে তৃণাদি] মরা+উ—প্রং) সং, পুং, জল ও বৃক্ষাদিবিরহিত প্রদেশ। অনুর্ব্বর দেশ। পর্ব্বত। মারওয়ার দেশ।

মরুটা, মরুণ্ডা, (ম=[এইরূপ স্ত্রীর প্রতি অনুরাগ] মরা অর্থাৎ বিনষ্ট হওয়া+উট, উণ্ড—প্রং) সং, স্ত্রীং, উচ্চললাট-যুক্তা কামিনী, যে স্ত্রীর কপাল অতি-শয় উচ্চ।

মরুৎ, মরুত, (মৃ=মরা+উৎ, উত—প্রং) সং, পুং, বায়ু। দেবতা। সং, ক্লীং, গন্ধ-দ্রব্যবিশেষ। [বাতবন্ধ।

মরুৎক্রিয়া, সং, স্ত্রীং, অপানোৎসর্গ,

মরুত্ত, (মরুৎ+ত—যোগ) সং, পুং, বায়ু, সমীরণ। চন্দ্রবংশীয় রাজাবিশেষ।

মরুৎপথ, (মরুৎ=বায়ু—পথ [পথিন্ শব্দজ] রাস্তা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, আকাশ।

মরুৎপুত্র, (মরুৎ=বায়ু—পুত্র) সং, পুং, ভীমসেন, পাণ্ডুরাজার দ্বিতীয় পুত্র। পবননন্দন, হনুমান।

মরুৎপ্লব, (মরুৎ=বায়ু—প্লব=যে লাফিয়া যায়) সং, পুং, সিংহ।

মরুৎফল, (মরুৎ=বায়ু—ফল) সং, ক্লীং, করকা, শিল, ঘনোপল।

মরুত্বান্, (মরুত্বৎ, মরুৎ=বায়ু+বতু—প্রং) সং, পুং, ইন্দ্র। হনূমান্। বারি-বাহ, মেঘ।

মরুৎসখ, (মরুৎ=বায়ু—সখি=বন্ধু, ৬ষ্ঠী—ষ, অ—প্রং) সং, পুং, বায়ুসখা, অগ্নি। ইন্দ্র, মঘবা।

মরুদান্দোল, (মরুৎ=বায়ু—আন্দোল=কম্পন) সং, পুং, তালবৃন্ত, ব্যজন, পাখা। [বুড়ীর সুতা।

মরুদ্ধ্বজ, সং, ক্লীং, বাততূল, আকাশ-

মরুদ্রথ, (মরুৎ=বায়ু—রথ) সং, পুং, অশ্ব, ঘোটক, দেবরথ, বিমান।

মরুদ্বর্ত্ম, (মরুদ্বর্ত্মন্, মরুৎ=বায়ু—বর্ত্মন্=পথ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, আকাশ, অন্তরীক্ষ।

মরুদ্বাহ, (মরুৎ=বায়ু—বাহ=যান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অগ্নি, ধূম, ধূঁয়া।

মরুদ্বিপ, মরুপ্রিয়, (মরু=জল ও বৃক্ষাদি

বিরচিত দেশ—দ্বিপ=হস্তী) সং, পুং, উষ্ট্র, উট।

মরুভূ, মরুভূমি, (মরু=বালুকাময়—ভূ, ভূমি) সং, স্ত্রীং, বৃক্ষ, লতা ও তৃণাদি-রহিত বালুকাময় ভূমি, অনুর্ব্বর ক্ষেত্র। মারওয়ার দেশ। [কারণ্ডব, হংসবিশেষ

মরুল, (মৃ=মরা+উলচ্—প্রং) সং, পুং,

মরুবক, (মরু=বালুকাপূর্ণ বা জলশূন্য ভূমি—বা [গমন করা], জন্মহওয়া+ড—প্রং। ক—যোগ) সং, পুং, কণ্টক বৃক্ষবিশেষ, ময়না গাছ। ব্যাঘ্র। রাহু। জম্বীরভেদ। স্বল্পপত্র তুলসীবৃক্ষ। সারসপক্ষী। [পুং, মৃগবিশেষ।

মরূক, (মৃ=মরা+উক—সংজ্ঞার্থে) সং,

মরোলি, (মৃ [ইহার দ্বারা] মরা+ওলি—প্রং। ক—যোগে মরোলিকও হয়) সং, পুং, জলজন্তুবিশেষ, মকর।

মর্ক, (মর্চ্চ্=শব্দকরা অথবা মর্ক্ [সৌত্রধাতু] গমনকরা+কন্—প্রং) সং, পুং, বায়ু। দেহ, শরীর। বানর।

মর্কক, (মর্ক=গমন+ক—প্রং) সং, পুং, গলগণ্ডপক্ষী,হাড়্গিলা। লূতা,মাকড়সা।

মর্কট, (মর্ক্ [সৌত্রধাতু] গমনকরা+অট—প্রং) সং,পুং, বানর। উর্ণনাভ, মাকড়সা। বিষবিশেষ। হাড়গিল-পক্ষী।

মর্কটবাস, মর্কটবাসাঃ, } মর্কটবাসস্ মর্কট=মাকড়্সা—বাস=বাসস্থান। —বাসস্=বস্ত্র) সং, পুং, লূতাতন্তু, মাকড়্সার জাল।

মর্কটশীর্ষ, সং, ক্লীং, হিঙ্গুল।

মর্কটাস্য, (মর্কট=বানর—আস্য=বদন) সং, ক্লীং, তাম্র, তাঁবা। বানরের মুখ।

মর্করা, সং, স্ত্রীং, দরী, কন্দর, গুহা। ভাণ্ড, ভাঁড়, পাত্র। বন্ধ্যা স্ত্রী।

মর্চ্চ্যে, (দেশজ) সং, মরিচা, লৌহমল, কলঙ্ক, মলা, খিট।

মর্জূ, (মৃজ্=শুদ্ধকরা, মার্জনকরা+উ-প্রং) সং,স্ত্রীং, শুদ্ধি, মার্জ্জনা, শোধন। পুং, রজক। পীঠমর্দ্দ।

মর্ত্ত্য, মর্ত্ত, (মর্ত্ত [মৃ=মরা+ক্ত—প্রং] মনুষ্য+ষ্ণ্য—স্বার্থে) সং, পুং, মনুষ্য, পঞ্চভূতাত্মা। মধ্যমলোক, পৃথিবী।

মর্ত্তলোক, (মর্ত্ত্য—লোক=ভুবন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পৃথিবী; মনুষ্যলোক।

মর্দ্দ, (পশ্চাৎ দেখ, অল্—প্রং) সং, পুং, মর্দ্দন, পোষণ।

মর্দ্দন, (মৃদ্=মর্দ্দনকরা+অনট্—ভা) সং, ক্লীং, পেষণ, চূর্ণন, দলন। ধারাভূতকরণ। অঙ্গ-মর্দ্দন, সংবাহন, গা-টেপা। মাথান।

মর্দ্দল, (মর্দ্দ=মর্দ্দন—লা=গ্রহণকরা+ড—প্রং) সং, পুং, বাদ্যযন্ত্রবিশেষ, মাদল। [চূর্ণিত। দলিত। পিষ্ট।

মর্দ্দিত, (মর্দ্দন দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং,

মর্ম্ম, (মর্ম্মন্, মৃ=মরা+মন্—প্রং) সং, ক্লীং, স্বরূপ, তাৎপর্য্য, তত্ত্ব। শরীরের সন্ধিস্থান। হৃদয়, অন্তঃকরণ। সারভাগ। গুপ্তকথা, রহস্য। অর্থ। অভিপ্রায়। প্রয়োগ। হেতু। প্রয়োজন। বিষয়।

মর্ম্মকীল, সং, পুং, ভর্ত্তা, পতি।

মর্ম্মজ্ঞ, মর্ম্মবিদ্, মর্ম্মবেদী-দিন্, (মর্ম্মন্=স্বরূপ (শাস্ত্রার্থ) জ্ঞ, বিদ্, বেদিন্=যিনি জানেন, দ্বিতীয়া—ষ) বিং, ত্রিং, স্বরূপ-গ্রাহী, পণ্ডিত, নিগূঢ় তত্ত্বজ্ঞ।

মর্ম্মভেদী, (মর্ম্মভেদিন্, মর্ম্মন্—ভেদিন্=যে ভেদকরে) বিং, ত্রিং, মর্ম্মপীড়ক, অন্তঃকরণে ব্যথাদায়ক। হৃদয়ভেদী।

মর্ম্মর, (মৃ=মরা+অর—প্রং, ম্—আগম) সং,পুং, নূতন বস্ত্র ও শুষ্কপত্রাদির ধ্বনি, মরমর্ শব্দ। বিং,ত্রিং, মর্ম্মর শব্দকারী।

মর্ম্মস্পৃক্, (মর্ম্মস্পৃশ্, মর্ম্মন্=অন্তর—স্পৃশ্=যে স্পর্শ করে, ২য়া—ষ) বিং, ত্রিং, আন্তরিক পীড়াদায়ক। অরুন্তুদ।

মর্ম্মান্তিক, (মর্ম্মন্=অন্তর-অন্তিক=সমীপস্থ, ৬ষ্ঠী—ষ) বিং, ত্রিং, হৃদয়ভেদী, আন্তরিক। নিদারুণ।

মর্ম্মাবিদ্,(মর্ম্মন্=সন্ধিস্থান—ব্যধ=বিদ্ধকরা, পীড়নকরা+ক্বিপ্-প্রং) বিং, ত্রিং,

মর্ম্মভেদী, হৃদয়-পীড়া দায়ক।

মর্ম্মিক, (মর্ম্মন্+ষ্ণিক—জ্ঞাতার্থে) বিং, ত্রিং, মর্ম্মজ্ঞ, তত্ত্ববিদ্, প্রাজ্ঞ। তাৎপর্য্য-গ্রাহক।

মর্য্যা, সং, স্ত্রীং, অং, সীমা, পর্য্যন্ত।

মর্য্যাদক, (মর্য্যাদা+ক—করোত্যর্থে, আ=অ) বিং ত্রিং, মর্য্যাদাকর্ত্তা। সমাদরকারী।

মর্য্যাদা, (পরি—আ—দা=দানকরা+অঙ্-ভা, প স্থানে ম, কিম্বা মর্য্যা=সীমা—দা=দানকরা+অঙ্—ভা) সং, স্ত্রীং, ন্যায়পথে স্থিতি। ধারণা। স্থিরতা। নিয়ম। সীমা, প্রান্ত। কূল। ধৈর্য্য। তীর, তট। মান, সম্ভ্রম। গৌরব, সমাদর, সম্মাননা।

মর্শ, (মৃশ=পরামর্শকরা+অল্) সং, পুং, পরামর্শ, যুক্তি, মন্ত্রণা।

মর্শন, (মর্শ—দেখ+অনট্—ভা) সং, ক্লীং, পরামর্শ দান, উপদেশ দেওয়া, মন্ত্রণা করা।

মর্ষ—পুং, মর্ষণ—ক্লীং, (মৃষ্=ক্ষমাকরা+অল্, অনট্—ভা) সং, ক্ষান্তি, ক্ষমা। সহন, সহিষ্ণুতা।

মর্ষিত, (মর্ষ দেখ, ক্ত—ক) বিং, ত্রিং, ক্ষান্ত, ক্ষমাশীল, ক্ষান্তিবিশিষ্ট। সং, ক্লীং, ক্ষমা, মর্ষণ।

মর্ষিতবান্, (মর্ষিতবৎ, মর্ষ দেখ, তবৎ-ক) বিং, ত্রিং, সহিষ্ণু, ক্ষমাশীল। যে ক্ষমা করিয়াছে।

মল, (মল্ [শরীরাভ্যন্তরে ধারণকরা+অল্—প্রং অথবা মৃজ্=পরিষ্কারকরা+কল, বন এবং জ লোপ) সং, পুং—ক্লীং, বিষ্ঠা, মূত্র, শ্লেষ্মা, রক্ত, পূঁজ ইত্যাদি শরীরের ময়লা। গাদ, কিট্ট, কাট, পচাবস্তু প্রভৃতি। বাত, পিত্ত, এবং কফ। "বসাশুক্রমসৃঙ্মজ্জা মূত্রং বিট্ কর্ণবিন্নখাঃ। শ্লেষ্মাশ্রু দূষিকাস্বেদো দ্বাদশৈতে নৃণাং মলাঃ"। দূষিত। পাপ। কলঙ্ক। কর্পূর। মৎস্যবিশেষের অস্থি। বিং, ত্রিং, মলযুক্ত। কৃপণ।

মলজ, (মল—জ=জাত) সং, ক্লীং, পূয়, পূঁজ। বিং, ত্রিং, মলসম্ভূত, মল হইতে জাত, কৃমি পোকা প্রভৃতি।

মলন, (মল্=ধারণকরা+অনট্—ভা) সং, ক্লীং, পেষণ, মর্দ্দন, ঘর্ষণ, মোচড়ান। পুং, পটবাস, তাঁবু, শিবির।

মলভুক্, (মলভুজ্, মল—ভুজ্=যে ভোজন করে) সং, পুং, বায়স, কাক।

মলম, (যবনভাষা) সং, ক্ষতাদি রোগে ব্যবহার্য্য লেপনীয় ঔষধ।

মলমাস, (মল—মাস) সং, পুং, অধিমাস, অমাবস্যাদ্বয়যুক্ত রবিসংক্রান্তি রহিত মাস। মাসবৃদ্ধি। অসংক্রান্ত মাস। অধিমাস শেষ।

মলয়, (মল্ [চন্দন বন] ধারণকরা+কয়ন্—প্রং) সং, পুং, স্বনামখ্যাত পর্ব্বতবিশেষ, চন্দনাদ্রি, পশ্চিমঘাট পর্ব্বত। দেশবিশেষ, মলবার। অষ্টাদশ দ্বীপান্তর্গত দ্বীপবিশেষ। আরাম, নন্দনবন, ইন্দ্রের উদ্যান। ঋষভদেবের পঞ্চম পুত্র।

মলয়জ, (মলয়—জ=যে জন্মে, ৫মী—ষ) সং, পুং—ক্লীং, গন্ধসার, চন্দনকাষ্ঠ। বিং, ত্রিং, মলয়পর্ব্বতসম্ভূত।

মলয়ানিল, (মলয়=পর্ব্বতবিশেষ-অনিল=বায়ু) সং, পুং, বসন্তকালীন বায়ু। দক্ষিণদিকের বায়ু।

মলয়োদ্ভব, (মলয়—উদ্ভব=যে জন্মে, পঞ্চমী—ষ) সং, ক্লীং, চন্দন।

মলাকর্ষী, (মলাকর্ষিন্, মল=ময়লা, বিষ্ঠা ইত্যাদি—আ-কৃষ্=আকর্ষণকরা+ণিন্—ক) সং, পুং, মলপরিষ্কারক। সম্মার্জ্জক। হাড়ি, মেতর।

মলাকা, সং, স্ত্রীং, কামিনী। বেশ্যা। অধমা স্ত্রী। হস্তিনী। দূতী।

মলাপহা, (মল—অপ—হন্=বধকরা+ড, আ) সং, স্ত্রীং, নদীবিশেষ।

মলিন, (মল+ইনচ্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, মলযুক্ত, দূষিত। পঙ্কিল। কৃষ্ণবর্ণ,

। পাপযুক্ত, পাপিষ্ঠ। ম্লান, বিষণ্ণ, দুঃখিত। "কমলিনী মলিনী দিবসাত্যয়ে, শশিকলা বিকলা ক্ষণদাক্ষয়ে" ক্লীং, তক্র, ঘোল। দোষ। টঙ্কণ।
মলিনতা—স্ত্রীং, } (মলিন+তা, ত্ব—
মলিনত্ব—ক্লীং, } ভাবে) সং, মালিন্য। অপ্রফুল্লতা। কৃষ্ণত্ব।
মলিনমুখ, (মলিন=কৃষ্ণবর্ণ—মুখ=আস্য) বিং, ত্রিং, ক্রূর, খল। অসভ্য। ভয়ঙ্কর। ম্লান-বদন। সং, পুং, অগ্নি। কৃষ্ণমুখ বানর, হনুমান্। ভূত, প্রেত।
মলিনাম্বু, (মলিন=মলযুক্ত—অম্বু=জল) সং, ক্লীং, মসী, কালী, সমল জল।
মলিনিমা, (মলিনিমন্, মলিন+ইমন্—ভাবে) সং, পুং, মলিনতা, অপ্রফুল্লতা, মালিন্য, বিষণ্ণতা।
মলিনী, মলিষ্ঠা, (মল=অপরিষ্কার+ইনচ্—অস্ত্যর্থে। মল+ইষ্ঠ—অত্যর্থে) সং, স্ত্রীং, ঋতুমতী নারী, রজস্বলা স্ত্রী।
মলিম্লুচ, (মলী=মলযুক্ত অর্থাৎ পাপযুক্ত হইয়া—ম্লুচ=গমনকরা+অল—প্রং। "মলী সন্ ম্লোচতি গচ্ছতীতি মলিম্লুচঃ" মলি=অধিকার—ম্লুচ্=অপহরণকরা+ক) সং, পুং, চোর, তস্কর। অগ্নি। বায়ু। মলমাস। তুষার। মশক, মশা।
মলী (মলিন্, মল+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, মলিন দেখ।
মলীমস, (মল=ময়লা+ঈমস্—প্রং, নিপাতন) বিং, ত্রিং, মলিন, অপরিষ্কৃত, পাপপঙ্কিল। পাপিষ্ঠ। খল, ক্রূর। সং, ক্লীং, লৌহ, লোহা।
মল্ল, (মল্ল্=ধারণকরা+অল্—প্রং) বিং, ত্রিং, বলিষ্ঠ, অতিশয় বলবান্। শ্রেষ্ঠ। উৎকৃষ্ট। সং, পুং, বাহু-যোদ্ধা, মাল। জাতিভ্রষ্ট ক্ষত্রিয়সন্তান। পাত্রবিশেষ। কপোলদেশ, গণ্ডস্থল। দেশবিশেষ। মৎস্যবিশেষ। ল্লা—স্ত্রীং, স্ত্রী, নারী। পত্রবল্লী। মল্লিকা।
মল্লক, (মল্ল দেখ, ণক—প্রং) সং, পুং, কা,—স্ত্রীং, তৈলাধার পাত্রবিশেষ, মালা। দীপাধার, প্রদীপ। পুং, দন্ত।
মল্লজ, (মল্ল=দেশবিশেষ—জ=উৎপন্ন) সং, ক্লীং, গোলমরিচ।
মল্লনাগ, (মল্ল=অতিশয় বলবান্—নাগ =হস্তী) সং, পুং, বাৎসায়ন মুনি। পত্রবাহক। ঐরাবতহস্তী। বাৎস্যায়নপ্রণীত অনুরাগগর্ভ প্রবন্ধবিশেষ।
মল্লভূ, মল্লভূমি, (মল্ল=বাহুযোদ্ধা—ভূ, ভূমি=স্থান) সং, স্ত্রীং, মল্লদিগের ক্রীড়াস্থান, ব্যায়ামশালা, কুস্তির আকড়া। রঙ্গভূমি।
মল্লযুদ্ধ, (মল্ল—যুদ্ধ, ৬ষ্ঠী –ষ) সং, ক্লীং, মল্লদিগের সংগ্রাম। বাহুযুদ্ধ, হাতাহাতি।
মল্লার, (মল্ল—ঋ=গমনকরা+ঘঞ্—প্রং) সং, পুং, দ্বিতীয় রাগ। রী—স্ত্রীং, রাগিণীবিশেষ, মেঘরাগের রাগিণী।
মল্লি, মল্লী, (মল্ল্=ধারণকরা+কি—সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, মল্লিকা, বেলফুল। সং, পুং, ঊনবিংশ জিন।
মল্লিক, (মল্লি=মল্লিকা-পুষ্পবৃক্ষ+কন্ যোগ—প্রং) সং, পুং, হংসবিশেষ। যে হংসের চঞ্চুপুট ও চরণদ্বয় ঈষৎ ধূসর ও লোহিত বর্ণ। উপাধিবিশেষ। মাঘমাস। সূত্রবেষ্টন। কা—স্ত্রীং, বেলফুল। মৎস্যবিশেষ। তৈলাধার মৃণ্ময় পাত্রবিশেষ। পানপাত্র, ঘটী গ্লাস ইত্যাদি। নদীবিশেষ।
মল্লিকাক্ষ, মল্লিকাখ্য, (মল্লিকা=বেলফুল —অক্ষ [অক্ষিশব্দজ] চক্ষুঃ, ৬ষ্ঠী—হিং। মল্লিক—আখ্যা=নাম, ৬ষ্ঠী—হিং) সং, পুং, হংসবিশেষ, ঈষৎ ধূসর ও রক্তবর্ণ চঞ্চু ও পাদদ্বয়বিশিষ্ট হংস।
মল্লিগন্ধি, (মল্লি=মল্লিক—গন্ধি=আঘ্রাণ) সং, ক্লীং, অগুরু, সুগন্ধিকাষ্ঠবিশেষ।
মল্লীকর, সং, পুং, চোর, তস্কর।
মল্লু, (মল্ল্=ধারণকরা+উ—প্রং) সং, পুং, ভল্লুক, ভালুক।
মবিত, (মব=বন্ধনকরা+ক্ত) বিং, ত্রিং, বদ্ধ।

মশ, মশক, (মশ =শব্দকরা, ক্রুদ্ধহওয়া +অল্,ণক—প্রং) সং, পুং, কীটবিশেষ, মশা ভিস্তী। রোগবিশেষ। আঁচিল।

মশহরী, (মশ=মশক—হৃ=হরণকরা+অল্, ঈপ্—প্রং) সং, স্ত্রীং, মশারি, মশকনিবারক প্রাবরণবিশেষ। [বিশেষ।

মশা. (মশকশব্দজ) সং, দংশক কীট

মশান, (শ্মশান শব্দজ) সং, সমাধিস্থান। প্রেতভূমি, শবদাহস্থল।

মশারি, (মশহরী শব্দজ) সং, মশক নিবারণার্থ বস্ত্রনির্ম্মিত চতুষ্কোণ প্রাবরণবিশেষ।

মশাল, (যবনভাষা) সং, আলোক, দীপ।

মশুন, সং, পুং, কুক্কুর, কুকুর।

মস, (মস্=পরিমাণকরা+অল্) সং, পুং, পরিমাণ। ওজন। ভার।

মসার, (মস, [মস্=পরিমাণকরা+অল্—প্রং] পরিমাণ—ঋ=গমনকরা, পাওয়া +ঘঞ—প্রং। ক-যোগে মসারক শব্দও হয়) সং, পুং, ইন্দ্রনীলমণি। [মাহিনা।

মসাহরা, (যবনভাষা) সং, মাসিক বেতন,

মসি—সী, শি, শী, (মস্=পরিমাণকরা+ইন্—প্রং) সং, পুং—স্ত্রীং, লিখিবার কালী। শেফালিকা বৃন্ত।

মসিক, সং, পুং, সাপের গর্ত্ত, ব্যালবিবর। লিখিবার কালি।

মসিকূপী, মসিকূপিকা, (মসি—কূপ=ক্ষুদ্রকূয়া। ক—যোগে মসিকূপিকা) সং, স্ত্রীং, দোয়াত, মস্যাধার।

মসিধান, (মসি—ধান=যে ধারণ করে, ২য়া—ষ) সং, ক্লীং, নী—স্ত্রীং, মস্যাধার, দোয়াত। (মশিধান, মষিধানও হয়)।

মসিপণ্য, (মসি—পণ্য) সং, পুং, লেখনোপজীবী, কেরাণী, মসীজীবী।

মসীপথ্য, সং, পুং, লেখনী, কলম।

মসিপ্রসূ, মসিমণি, (মসি—প্রসূ=পিতা বা মাতা।—মণি=রত্ন) সং, স্ত্রীং, মস্যাধার, দোয়াত। লেখনী। পেন্সিল।

মসীজীবী, (মসীজীবিন্, মসী—জীবী=যে প্রাণধারণ করে, তৃতীয়া—ষ) সং, পুং, লেখক, লিপিকর। লেখ্যোপজীবী।

মসীনা, (মসি দেখ, ঈন, আপ্—প্রং) সং, স্ত্রীং, শস্যবিশেষ, তিসী।

মসুর, মসূর, (মসি দেখ, উরচ্ উরন্—প্রং) সং, পুং, রা—স্ত্রীং,মসুরি কড়াই। রা—স্ত্রীং, বেশ্যা। [গোল বালিশ।

মসূরক, (মসূর+ক—যোগ) সং. পুং,

মসূরি, মসূরী, (মসূর দেখ, ই, ঈ—প্রং) সং,স্ত্রীং,ইচ্ছাবসন্ত। কুট্টিনী। বালিশ।

মসূরিকা, (মসূরা=বেশ্যা+ক—প্রং) স্ত্রীং, ইচ্ছাবসন্ত। কুট্টিনী। মশহরী, মশারি।

মসৃণ, (মস=ওজনকরা+ঋণ, নিপাতন অথবা সম=সমানরূপে—ঋণ্=গমন করা, হওয়া+ক, সম=মস) বিং, ত্রিং, কোমল, মৃদু, নরম। স্নিগ্ধ, উজ্জ্বল, চক্‌চকে। যাহার উপরিভাগ এরূপ সমতল যে কিছুমাত্র উচ্চনীচ বলিয়া বোধ হয় না। ণা—স্ত্রীং,মসীনা,তিসী।

মস্কর, (মস্ক্=গমন করা অথবা মনক্=অলঙ্কৃত করা+অর—প্রং। ন—লোপ, স্—আগম) সং, পুং, বংশ,বাঁশ। বংশযষ্টি। রন্ধ্রযুক্ত বংশ।

মস্করা, (দেশজ) সং, কৌতুক, পরিহাস

মস্করী, (মস্করিন্, মস্কর=বংশ [দণ্ড]+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, ভিক্ষু; চতুর্থাশ্রমী। চন্দ্র।

মস্ত, (মস্=পরিমাণ করা+ক্ত—প্রং) সং, ক্লীং, শিরঃ, মস্তক, মাথা। উপরিভাগ, শিরোদেশ, অগ্রভাগ। বিং,ত্রিং, উচ্চ, উন্নত।

মস্তক, (মস্ত+ক—যোগ) সং, পুং—ক্লীং, শিরঃ, মস্তক, মাথা। শিরোদেশ, অগ্রভাগ। বিং, ত্রিং, উচ্চ, উন্নত।

মস্তকস্নেহ, (মস্তক—স্নেহ=তরল সং,পুং, শিরোমজ্জা,মাথার ঘি, মস্তিষ্ক।

মস্তকাখ্য, (মস্তক—আখ্যা=নাম) সং, পুং, বৃক্ষশিরঃ, গাছের আগা।

মস্তমূলক, (মস্ত=মস্তক—মূল+ক—যোগ) সং, ক্লীং, মস্তকের অধঃপ্রদেশ, গ্রীবা, ঘাড়।

মস্তি, (মস্=ওজনকরা+ক্তি) সং, স্ত্রীং, ওজন, পরিমাণ।

মস্তিষ্ক, (মস্ক্=গমনকরা,পাওয়া+অল্—প্রং, নিপাতন) সং, ক্লীং, মস্তকের অভ্যন্তরস্থ ঘৃতবৎ কোমল পদার্থ, মাথার ঘি, মগজ (Brain) অধুনাতন ইউরোপীয় বৈজ্ঞানিকগণের মতে মস্তিষ্কই বুদ্ধির স্থান।

মস্তু (মস্=ওজনকরা+তু-প্রং)সং,ক্লীং,দধি প্রভৃতির জলীয়াংশ, ঘোল বা দধির মাৎ

মস্তুলুঙ্গ, সং, পুং, মস্তিষ্ক।

মস্যাধার, (মসী=কালী—আধার=পাত্র, ৬ষ্ঠী-ষ) সং, ক্লীং, দোয়াত।

মহ, (মহ্=পূজাকরা+অল্—প্রং) সং, পুং, উৎসব। দীপ্তি, আলোক। মহিষ। যজ্ঞ।

মহক, (মহ্=পূজাকরা+ণক) সং, পুং, মহৎব্যক্তি। কচ্ছপ, কূর্ম্ম। বিষ্ণু।

মহক্ক, সং, পুং, বহুস্থান ব্যাপী আমোদ, বহুদূর বিস্তৃত গন্ধ।

মহৎ, (মহ দেখ, শতৃ—প্রং) বিং, ত্রিং, বৃহৎ, স্থূল, বিশাল, বড়। পরাক্রান্ত, প্রবল। ভয়ানক। অধিক, বহুল, অনেক। বিস্তীর্ণ। প্রধান, উৎকৃষ্ট, শ্রেষ্ঠ। উদার, মনস্বী। সং, ক্লীং, রাজত্ব, সাম্রাজ্য। তী—স্ত্রীং, নারদের সপ্তগুণময়ী বীণাযন্ত্র।

মহত্তত্ত্ব, (মহৎ=উৎকৃষ্ট—তত্ত্ব) সং, ক্লীং, সাঙ্খ্যমতোক্ত চতুর্বিংশতি তত্ত্বান্তর্ভূত দ্বিতীয় তত্ত্ব।

মহত্তর, (মহৎ+তর—দুয়ের মধ্যে একের আতিশয্যার্থে) সং, পুং—স্ত্রীং, শূদ্র। বিং, ত্রিং, দুইয়ের মধ্যে অপেক্ষাকৃত মহৎ।

মহত্ত্ব, (মহৎ+ত্ব—ভাবে) সং, ক্লীং, বৃহত্ত্ব। বিশালতা। প্রাধান্য। উৎকর্ষ। মহিমা, আধিক্য। উদারতা।

মহনীয়, (মহ দেখ, অনীয়—র্ম্ম) বিং,ত্রিং, পূজনীয়, মান্য। মহৎ। [মহর্লোক।

মহর্, (মহ দেখ,অর্—প্রং) অং, ঊর্দ্ধস্থ

মহর্লোক, (মহস্=যজ্ঞ—লোক=ভূবন) সং, পুং, ভূলোকাদি সপ্তলোকান্তর্গত চতুর্থলোক। পারত্রিক সুখস্থান।

মহর্ষি, (মহা=মহৎশব্দজ—ঋষি, য়ং—স) সং, পুং, ব্যাসাদি মুনি, প্রধান ঋষি।

মহল্লক, মহল্লিক, (মহল্ল [আরবীয় ভাষা] অন্তঃপুর+ক—যোগ, দ্বিতীয় পক্ষে—ষ্ণিক—রক্ষার্থে) সং, পুং কঞ্চুকী, অন্তঃপুর-রক্ষক, খোজা।

মহস্, (মহ দেখ, অস্—প্রং) সং, ক্লীং, তেজঃ "কপিলমহসামর্ষাদপ্লুষ্টান্ পিতৃঃ প্রপিতামহান্" উত্তরচরিত। উৎসব। যজ্ঞ। উৎসাহ। আভা, দীপ্তি।

মহস,(মহ্=পূজাকরা+অসচ্) সং,ক্লীং, জ্ঞান। প্রকার। প্রভেদ।

মহা, (মহ্=পূজাকরা+অল্, আপ্—প্রং) সং, স্ত্রীং, স্ত্রীগবী, গাভি।

মহাকচ্ছ, (মহৎ—কচ্ছ=উপকূল) সং,পুং, মহাসাগর, সমুদ্র, জলাধিপ। পর্ব্বত। বরুণ। [পুং, বিল্ববৃক্ষ, বৈলগাছ।

মহাকপিত্থ, (মহৎ—কপিত্থ=কৎবেল)সং,

মহাকায়, (মহৎ—কায়=শরীর) সং, পুং, নন্দী, শিবের দ্বারপাল। হস্তী। বিং, ত্রিং, প্রকাণ্ড শরীরবিশিষ্ট।

মহাকাল, (মহৎ—কাল=কৃষ্ণবর্ণ, সময়। শিব প্রলয়কালে জগৎ ভক্ষণ করেন অর্থাৎ সকল সৃষ্টবস্তুই সময়ে কালের উদরে নিহিত হয়) সং, পুং, রুদ্র,শিব। শিবের সংহার মূর্ত্তি। প্রথমগণবিশেষ। আম্রবৃক্ষ। অনবচ্ছিন্ন অনন্তকাল। ক্লীং, স্থানবিশেষ। লী—স্ত্রীং, মহাকালপত্নী, ভৈরবী, রুদ্রাণী, দুর্গা। জৈনদেবতাবিশেষ।

মহাকাব্য, (মহৎ—কাব্য=কবিতা, য়ং—স) সং, ক্লীং, দেবতাবিশেষের অথবা

সৎকুলপ্রসূত বহুগুণযুক্ত ক্ষত্রিয়বিশেষের কিম্বা এক বংশোদ্ভব বহু নৃপতিগণের ইতিবৃত্ত লইয়া যে কাব্য রচিত হয়; মহাকাব্য নানা সর্গে বিভক্ত, তাহাতে অষ্টাধিক সর্গ থাকা আবশ্যক। "সর্গবন্ধো মহাকাব্যং তত্রৈকো নায়কো সুরঃ। সদ্বংশঃ ক্ষত্রিয়োবাপি ধীরোদাত্তগুণান্বিতঃ॥ একবংশভবা-ভূপাঃ কুলজা বহবোঽপিবা। শৃঙ্গার-বীরশান্তানামেকোঽঙ্গীরস ইষ্যতে॥ অঙ্গানি সর্ব্বেঽপি রসাঃ সর্ব্বে নাটকসন্ধয়ঃ। ইতিহাসোদ্ভবং বৃত্তমন্যদ্বা সজ্জনাশ্রয়ম্॥ চত্বারস্তস্য বর্গাঃস্যুস্তেষ্বেকঞ্চ ফলং ভবেৎ। আদৌ নমস্ক্রিয়াশীর্ব্বা বস্তু নির্দ্দেশ এব বা॥ ক্বচিন্নিন্দা খলাদীনাং সতাঞ্চ গুণকীর্ত্তনম্। এক বৃত্তময়ৈঃ পদ্যৈরবসানেঽন্যবৃত্তকৈঃ॥ নাতিস্বল্পা নাতিদীর্ঘাঃ সর্গা অষ্টাধিকা ইহ। নানাবৃত্তময়ঃ ক্বাপি সর্গঃ কশ্চন দৃশ্যতে" ইত্যাদি। কালিদাসকৃত রঘুবংশ, ভারবিকৃত কিরাতার্জ্জুনীয়, শ্রীহর্ষপ্রণীত নৈষধচরিত, মাঘরচিত শিশুপাল বধ এবং ভর্ত্তৃহরি প্রণীত ভট্টিকাব্য এই কয়খানি কাব্য সচরাচর মহাকাব্য নামে অভিহিত হইয়া থাকে।

মহাকুল, (মহৎ—কুল=বংশ) বিং, ত্রিং, কুলীন, উত্তম কুলজাত, অভিজাত। সং, ক্লীং, মহৎবংশ। [গবয়, গোসদৃশ পশু।

মহাগব, (মহৎ—গো=গোরু) সং, পুং,

মহাগুরু, (মহৎ—গুরু) সং, পুং, শ্রেষ্ঠগুরু। পুরুষের পিতা, মাতা, আচার্য্য। স্ত্রীলোকের পতি। অদত্তা কন্যার পিতা এবং মাতা।

মহাগ্রীব, (মহৎ—গ্রীবা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, উষ্ট্র, উট। বিং, ত্রিং, বৃহৎ গ্রীবাবিশিষ্ট।

মহাঘূর্ণা, (মহৎ=অধিক—ঘূর্ণ=ঘোরা+অঙ—প্রং) সং, স্ত্রীং, সুরা, মদিরা।

মহাঘোষ, (মহৎ—ঘোষ=শব্দ) সং, ক্লীং, হট্ট, হাট, বাজার ইত্যাদি। পুং, উচ্চশব্দ। [সং, পুং, উষ্ট্র, উট।

মহাঙ্গ, (মহৎ—অঙ্গ=শরীর, ৬ষ্ঠী—হিং)

মহাচণ্ড, (মহৎ=অতিশয়—চণ্ড=উগ্র, ক্রুদ্ধ) সং, যমভৃত্য, যমদূত। বিং, ত্রিং, প্রচণ্ড, উগ্রস্বভাব।

মহাজন, (মহৎ—জন, য়ং—স) সং, পুং, সাধু, ধার্ম্মিক ব্যক্তি। মম্বাদি। উত্তমলোক। "বেদা বিভিন্না স্মৃতয়োবিভিন্না নাসৌ মুনির্যস্য মতং ন ভিন্নং। ধর্ম্মস্য তত্ত্বং নিহিতং গুহায়াং মহাজনো যেন গতঃ স পন্থাঃ"॥ মহাভারত। "মহাজনঃ স্মেরমুখো ভবিষ্যতি" কুমার। ব্যবসায়ী, বাণিজ্যকারী। উত্তমর্ণ।

মহাজ্বাল, (মহৎ—জ্বালা=অগ্নিরশিখা) সং, পুং, হোমাগ্নি, যজ্ঞাগ্নি। বিদ্যাদেবীবিশেষ। জৈনদেবতা।

মহাজ্যৈষ্ঠী, সং, স্ত্রীং, নক্ষত্রবিশেষ যুক্ত জ্যৈষ্ঠী পূর্ণিমা।

মহাতমঃপ্রভা, (মহা—তমঃ=অন্ধকার—প্রভা—আলোক) সং, স্ত্রীং, নরকের নিম্নভাগ।

মহাতল, (মহৎ—তল=নিম্নভাগ, য়ং—স) সং, ক্লীং, সপ্ত পাতালান্তর্গত পঞ্চম পাতাল, নাগলোক।

মহাতেজাঃ, (মহাতেজস্, মহৎ—তেজস্=দীপ্তি, বিক্রম ইত্যাদি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কার্ত্তিকেয়। অগ্নি। পরাক্রান্ত যোদ্ধা। ক্লীং, পারদ, পারা। বিং, ত্রিং, অতিশয় তেজস্বী। ভাস্বর।

মহাত্মা, (মহাত্মন্, মহৎ—আত্মন্=স্বভাব, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, উদার। মহামনাঃ, মনস্বী, মহাশয়। দানশীল, বদান্য।

মহাদেব, (মহৎ—ব্রহ্মাদি—দেব, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শিব। বী—স্ত্রীং, দুর্গা। প্রধানা মহিষী, রাজ্ঞী, পাটরাণী। "ব্রহ্মাদীনাং সুরাণাঞ্চ মুনীনাং ব্রহ্মবাদিনাং। তেষাঞ্চ মহতাং দেবো মহাদেবঃ প্রকীর্ত্তিতঃ॥ মহতী পূজিতা

বিশ্বে মূলপ্রকৃতিরীশ্বরী। 'তস্যা দেবঃ পূজিতশ্চ মহাদেবঃ স চ স্মৃতঃ'' ॥

মহাদেশ, সং, পুং, এক অতি বিস্তীর্ণ ভূভাগ, যাহাতে নানাজাতীয় লোক বাস করে। [অতিশয় কলহ।

মহাদ্বন্দ্ব, সং পুং, যুদ্ধবাদ্য, রণঢক্কা।

মহাদ্রুম, (মহৎ—দ্রুম=বৃক্ষ) সং, পুং, অশ্বত্থ বৃক্ষ। বৃহৎ বৃক্ষ।

মহাধন, (মহৎ—ধন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, ধনসম্পন্ন, ধনাঢ্য, ধনশালী। বহুমূল্য। সং, ক্লীং, বহুমূল্য বস্তু। মনোহর বস্ত্র। সুগন্ধদ্রব্য। সুবর্ণ। কৃষিকার্য্য।

মহাধাতু, (মহৎ=প্রধান—ধাতু=খনিজ) সং, পুং, সুবর্ণ, কাঞ্চন।

মহানট, (মহৎ—নট=নর্ত্তক) সং, পুং, শিব, মহাদেব।

মহানদী, সং, স্ত্রীং, উড়িষ্যাদেশান্তর্গত কটকের উত্তরদিক্ দিয়া বহমান নদীবিশেষ। বৃহৎ নদী।

মহানন্দ, (মহৎ—আনন্দ=সুখ) সং, পুং, মোক্ষ, মুক্তি। নির্ব্বাণ। অতিশয় আহ্লাদ। বিং, ত্রিং, অতিশয় আনন্দিত। ন্দা—স্ত্রীং, সুরা, মদিরা। মাঘমাসের শুক্লানবমী। নদীবিশেষ।

মহানবমী, সং, স্ত্রীং, আশ্বিন মাসের শুক্লানবমী।

মহানস, (মহৎ—অনস=অন্ন, ৭মী—হিং, টচ্—প্রং) সং, পুং—ক্লীং, রন্ধনগৃহ। রান্নাঘর। পাকস্থান।

মহানাটক, সং, ক্লীং, দশ অঙ্কযুক্ত নাটকবিশেষ, যথা বালরামায়ণ প্রভৃতি। স্বনামপ্রসিদ্ধ হনুমদ্রচিত রামচরিতখ্যাপক নাটকবিশেষ।

মহানাদ, (মহৎ—নাদ=শব্দ) সং, পুং, মহা শব্দ, উচ্চধ্বনি। বর্ষণকারী কৃষ্ণবর্ণ মেঘ। কর্ণ। সিংহ। উষ্ট্র। শঙ্খ। হস্তী। ক্লীং, বাদ্যযন্ত্রবিশেষ।

মহানিদ্রা, (মহৎ—নিদ্রা, য়ং—স) সং, স্ত্রীং, মৃত্যু, মরণ, অনন্তনিদ্রা, প্রাণবিয়োগ।

মহানিশা, (মহৎ—নিশা=রাত্রি, য়ং—স) সং, স্ত্রীং, মধ্যরাত্র, নিশীথ সময়, নিশামধ্যভাগ।

মহানীচ, (মহৎ=অধিক—নীচ=অধম) সং, পুং, রজক, ধোপা। অতিশয় হীনজাতি।

মহানীল, (মহৎ—নীল=নীলবর্ণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, নীলকান্ত মণি। নাগবিশেষ। ভৃঙ্গরাজ।

মহানুভব, মহানুভাব, (মহৎ—অনুভব, অনুভাব=প্রভাব, মহত্ব, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, উদারস্বভাব, মহাত্মা, মহাপ্রকৃতি।

মহানেমি, সং, পুং, কাক, বায়স।

মহাপক্ষ, (মহা=বৃহৎ—পক্ষ=ডানা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, রাজহংসবিশেষ। ক্ষী—স্ত্রীং, পেচক, পেঁচা।

মহাপথ, (মহৎ=প্রধান—পথ=পথিন্-শব্দজ) সং, পুং, প্রধানপথ, রাজবর্ত্ম, রাজপথ। হিমালয়োত্তরদিগস্থ স্বর্গারোহণ পথ। মহাপ্রস্থান। মরণ, মৃত্যু।

মহাপদ্ম, (মহৎ—পদ্ম=পঙ্কজ) সং, পুং, নাগবিশেষ। কুবেরের নিধিবিশেষ। কুবেরের অনুচর। সংখ্যাবিশেষ, লক্ষকোটি। ক্লীং, শ্বেতপদ্ম।

মহাপাতক, মহাপাপ, (মহৎ—পাতক=পাপ, য়ং—স) সং, ক্লীং, মহৎপাপ। ব্রহ্মহত্যা, ব্রাহ্মণের স্বর্ণাপহরণ, সুরাপান, গুরুপত্নীগমন ও এই চতুর্ব্বিধ পাপের অন্যতম পাপাসক্ত ব্যক্তির সহিত সহবাস, এই পঞ্চবিধ পাপ।

মহাপাসক, সং, পুং, বুদ্ধভিক্ষুক, বৌদ্ধধর্ম্মাবলম্বী সন্ন্যাসী, চেলুক, শ্রামনের, প্রব্রজিত, গোমীন।

মহাপুরুষ, (মহৎ—পুরুষ=ব্যক্তি) সং, পুং, সাধু পুরুষ, শ্রেষ্ঠব্যক্তি। নারায়ণ। "বন্দে মহাপুরুষ তে চরণারবিন্দং"।

মহাপ্রভু, (মহৎ=প্রধান—প্রভু) সং,

পুং, পরমেশ্বর। মহাদেব, শিব। ইন্দ্র, শচীপতি। রাজা, নরপতি। মুনি। বৈষ্ণব ধর্ম্মপ্রবর্ত্তক, চৈতন্য।

মহাপ্রলয়, (মহৎ—প্রলয়=নাশ, য়ং—স) সং, পুং, ত্রিলোকনাশ, ব্রহ্মার সহিত ব্রহ্মাণ্ডের ধ্বংস, কল্পান্ত।

মহাপ্রসাদ, (মহৎ—প্রসাদ=প্রসন্নতা) সং,পুং,দেবোদ্দেশে প্রদত্ত নৈবেদ্যাদি। অতি প্রসন্নতা। পাদোদক, নির্ম্মাল্য, নৈবেদ্য—এই ত্রিবিধ।

মহাপ্রাণ, সং পুং, দ্রোণকাক, দাঁড়কাক। বর্গের দ্বিতীয় ও চতুর্থ বর্ণ এবং শ ষ স হ।

মহাবল, (মহৎ=অধিক—বল, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অতিশয় বলশালী। সং, পুং, বাতাস,বায়ু। বুদ্ধ। ক্লীং, সীসক, সীসা।

মহাবোধি, (মহৎ—বোধি=শিক্ষক) সং, পুং, বুদ্ধ।

মহাব্রাহ্মণ, (মহৎ—ব্রাহ্মণ, য়ং—স) সং, পুং, নিন্দিত ব্রাহ্মণ। শবদাহকালে যে ব্রাহ্মণ মন্ত্র পাঠ করে। অগ্রদানী, মোড়িপড়া ব্রাহ্মণ। ভাট।

মহাভদ্রা, (মহৎ=অধিক—ভদ্রা) সং, স্ত্রীং, গঙ্গা, ভাগীরথী।

মহাভাগ, (মহৎ—ভাগ=ভাগ্য, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অতিশয় সৌভাগ্যশালী। মহাশয়, সাধু, ধার্ম্মিক। নিপুণ, শ্রেষ্ঠ।

মহাভারত, (মহৎ—ভারত, য়ং—স। মহত্ত্ব এবং ভারতবংশের ইতিবৃত্ত বর্ণন নিবন্ধন ইহার নাম মহাভারত) সং, ক্লীং, ব্যাসদেবরচিত ইতিহাস শাস্ত্র। 'একতশ্চতুরোবেদা ভারতঞ্চৈতদেকতঃ। পুরা কিল সুরৈঃ সর্ব্বৈঃ সমস্য তুলয়া ধৃতং॥ চতুর্ভ্যঃ সরহস্যেভ্যো বেদেভ্যোহভ্যধিকং যদা। তদা প্রভৃতি লোকেহস্মিন্ মহাভারতমুচ্যতে॥ মহত্ত্বাদ্ভারতত্বাচ্চ মহাভারতমুচ্যতে"। আদিপর্ব্ব।

মহাভীম, (মহৎ=অধিক—ভীম=ভয়ঙ্কর) সং, পুং, শান্তনুরাজা। ভৃঙ্গি নামে শিবের দ্বারপাল। বিং, ত্রিং, ভয়ানক।

মহাভীষ্ম, (মহৎ=অধিক—ভীষ্ম=ভয়ঙ্কর) সং, পুং, শান্তনুরাজা।

মহাভূত, (মহৎ—ভূত=পৃথিব্যাদি, য়ং—স) সং, ক্লীং, প্রধান ভূত, ক্ষিতি, অপ্, তেজঃ, মরুৎ, ব্যোম—এই পঞ্চবিধ। প্রধান জীব।

মহামণ্ডূক, সং, পুং, পীতবর্ণ মণ্ডূক, [সোণাব্যাঙ্।

মহামদ, (মহৎ—মদ=মত্ততা বা হস্তিগণ্ডনির্গত জল) সং, পুং, মত্তহস্তী। অতিশয় মত্ততা, সাতিশয় হর্ষ।

মহামনাঃ, (মহামনস্, মহৎ=উদার—মনস্=মন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, মহাত্মা, মনস্বী, উদারস্বভাব, মহাশয়।

মহামহিম, (মহামহিমন্, মহৎ—মহিমন্=মহিমা, মাহাত্ম্য, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং,অতিশয় মহিমান্বিত। প্রতাপশালী।

মহামাংস, সং, ক্লীং, নরমাংস।

মহামাত্র, (মহৎ—মাত্রা=ধন, বা হস্ত্যশ্বাদি বাহন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, রাজার অমাত্য। রাজ্যের প্রধান ২ কর্ম্মচারী। প্রধান কর্ম্মকর্ত্তা। হস্তিপক, মাহুত। সমৃদ্ধ,ধনাঢ্যব্যক্তি। ত্রী—স্ত্রীং, আচার্য্য পত্নী।

মহামায়া, (মহৎ—মায়া, য়ং—স) সং, স্ত্রীং, দুর্গা। অবিদ্যা, সংসারের মমতা।

মহামারী, (মহৎ—মারী) সং, স্ত্রীং, মহাকালী। অতিশয় মারিভয়, মড়ক।

মহামুখ, (মহৎ=বৃহৎ—মুখ=বদন) সং, পুং, কুম্ভীর, কুমীর।

মহামুনি, (মহৎ=মুনি) সং, পুং, অগস্ত্য। বুদ্ধদেব। কৃপাচার্য্য। মহর্ষি।

মহামৃগ, (মহৎ—মৃগ=পশু) সং, পুং, হস্তী, গজ। শরভ।

মহামোহ, সং, পুং, ভোগেচ্ছারূপ অজ্ঞানতা। [তেঁতুল।

মহাম্ল, (মহৎ=অধিক—অম্ল=টক্) সং, ক্লীং, তিন্তিড়ীক,

মহাযজ্ঞ, (মহৎ—যজ্ঞ=যাগ) সং, পুং, বেদাধ্যয়ন, হোম, অতিথিপরিচর্য্যা, ত-

র্পণ ও জীবগণ দেবতাকেও ভূতাদিকে আহারদান—এই পঞ্চবিধ যজ্ঞ।

মহারজত, (মহৎ—রজত=রৌপ্য, য়ং—স) সং, ক্লীং, সুবর্ণ। ধুস্তূর, ধুতুরা।

মহারজন, (মহৎ—রন্জ্=রংকরা+অনট্—ভা) সং. ক্লীং, স্বর্ণ। কুসুমফুল।

মহারথ, (মহৎ—রথ, ৬ষ্ঠী—হিং) সং পুং, দশসহস্র ধনুর্দ্ধারিদের সহিত যুদ্ধ করিতে সক্ষম যোদ্ধা। "একোদশসহস্রাণি যোধয়েৎ যস্তু ধন্বিনাম্। শস্ত্রশাস্ত্রপ্রবীণশ্চ স মহারথ উচ্যতে॥ আত্মানং সারথিঞ্চাশ্বান্ রক্ষন্ যুধ্যেত যো নরঃ। স মহারথসংজ্ঞঃ স্যাদিত্যাহুর্নীতিকোবিদাঃ" ॥

মহারাজ, (মহৎ—রাজন্=রাজা, য়ং—স, অ—প্রং) সং, পুং, সম্রাট্. প্রধানরাজা, চক্রবর্ত্তী। পূর্ব্বজিনবিশেষ। নখ, কররুঃ

মহারাজাধিরাজ, (মহারাজ—অধিরাজ =প্রধান রাজা) সং, পুং, সর্ব্বপ্রধান রাজা, সর্ব্বভৌম, চক্রবর্ত্তী।

মহারাজিক, (মহারাজ+ষ্ণিক—প্রং) সং, পুং. ২২৬ প্রকার গণদেবতাবিশেষ।

মহারাত্রি, সং, স্ত্রীং, মহাপ্রলয় রাত্রি। অর্দ্ধ রাত্রের পর মুহূর্ত্তদ্বয়। আশ্বিনশুক্লাষ্টমী। নবরাত্রি।

মহারাষ্ট্র, (মহৎ—রাষ্ট্র=রাজ্য) সং, পুং, মারহাট্টাদেশ। স্ত্রী—স্ত্রীং, মহারাষ্ট্রদেশীয় ভাষা।

মহারূপক, (মহৎ=প্রধান-রূপক=নাট্যগ্রন্থের অলঙ্কারবিশেষ) সং, ক্লীং, নাট্যগ্রন্থবিশেষ।

মহারোগ, (মহৎ—রোগ=পীড়া) সং,পুং, রাজযক্ষ্মা প্রভৃতি দুশ্চিকিৎস্য রোগ।

মহারৌরব, (মহৎ—রুরু=দৈত্যবিশেষ+অণ্—প্রং) সং, পুং, নরকবিশেষ।

মহার্ঘ, মহার্হ, (মহৎ—অর্ঘ, অর্হ=মূল্য, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, মহামূল্য, অতিশয় মূল্যবান্। সং, পুং, লাবক পক্ষী।

[মহারা]ষ্ট্র, (মহা—রাষ্ট্র=রাজ্য) সং,ক্লীং, ভারতবর্ষের পশ্চিমস্থ দেশবিশেষ। স্ত্রী—স্ত্রীং, মহারাষ্ট্রদেশীয় ভাষা।

মহালক্ষ্মী, (মহৎ—লক্ষ্মী=দেবীবিশেষ) সং, স্ত্রীং, দেবীবিশেষ। ব্রহ্মার কন্যা, সরস্বতী।

মহালয়, (মহৎ—আলয়=আশ্রয়) সং, পুং, পরমেশ্বর, পরমাত্মা। তীর্থ। বৃক্ষবিশেষ। ব্রহ্মলোক। আশ্বিন মাসের কৃষ্ণপক্ষ, অপর পক্ষ। [illegible] পান্থনিবাস। বৃহদালয়। ধর্ম্মশালা। য়া—স্ত্রীং, আশ্বিন কৃষ্ণপক্ষের অমাবস্যা।

মহালোল, (মহৎ—লোল=চঞ্চল) সং, পুং, বায়স, কাক। বিং, ত্রিং, অতিশয় চঞ্চল, অস্থির। [ক্লীং. চুম্বক পাথর।

মহালোহ, (মহৎ—লোহ=লৌহ) সং,

মহাবরা, (মহৎ—বর=শ্রেষ্ঠ) সং, স্ত্রীং, দূর্ব্বা, তৃণবিশেষ।

মহাবরাহ, (মহৎ—বরাহ=শূকর) সং,পুং, বিষ্ণুর অবতার বিশেষ। বিষ্ণু বরাহমূর্ত্তি পরিগ্রহ করিয়া জলমগ্ন পৃথিবীকে দন্ত দ্বারা উত্তোলন করেন।

মহাবরোহ, (মহৎ—অবরোহ) সং, পুং, প্লক্ষবৃক্ষ, পাকুড়গাছ।

মহাবস, (মহৎ—বস=যে বাস করে। অথবা মহৎ—বসা=মেদঃ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিশুমার শুশুক।

মহাবাক্য, (মহৎ—বাক্য) সং, ক্লীং, যোগ্যতা, আকাঙ্ক্ষা, আসক্তিযুক্ত বাক্যসমূহ। প্রণব, ওঙ্কার। মন্ত্রবিশেষ। প্রতিষ্ঠাদিতে উৎসর্গবাক্য। ব্রহ্মপ্রতিপাদক বাক্য।

মহাবিদ্যা, (মহৎ—বিদ্যা=দুর্গা) সং, স্ত্রীং, দেবীবিশেষ; কালীতারা, মহাবিদ্যা, ষোড়শী, ভুবনেশ্বরী, ভৈরবী, ছিন্নমস্তা, বিদ্যাধূমাবতী, বগলা, মাতঙ্গী, কমলা—এই দশ মহাবিদ্যা।

মহাবিল, (মহৎ—বিল=ছিদ্র) সং, ক্লীং, আকাশ। মহৎ ছিদ্র, গহ্বর। জলের জালা। অন্তঃকরণ, মনঃ।

মহাবিষ, (মহৎ-বিষ) সং,পুং, দ্বিমুখ সর্প।

মহাবিষুব, (মহৎ—বিষুব=মেষসংক্রান্তি, যং—স) সং, ক্লীং, সূর্য্যের মেষরাশিতে সংক্রমণ।

মহাবীচি, (মহৎ—বীচি=তরঙ্গ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, নরকবিশেষ।

মহাবীজ্য, (মহৎ=প্রধান—বীজ+যৎ—প্রং) সং, ক্লীং, মুষ্ক ও বজ্ঞণের মধ্যভাগ।

মহাবীর, (মহৎ—বীর=শূর) সং, পুং, মহাবল পরাক্রান্ত ব্যক্তি। গরুড়। বিষ্ণুর রথ। যোদ্ধা। সিংহ। শ্বেতাশ্ব। যজ্ঞাগ্নি। হনূমান্। বজ্র। পক্ষিবিশেষ, কোকিল। খৃঃ ষোড়শশতাব্দীতে প্রাদুর্ভূত জৈনাচার্য্য। যজ্ঞীয় পাত্র। বিষ্ণু। অগ্নি।

মহাবীর্য্য, (মহৎ—বীর্য্য=সারাংশ) বিং, ত্রিং, অতিশয় বলবান্। সং, পুং, জৈনসন্ন্যাসী। র্য্যা—স্ত্রীং, সংজ্ঞা, সূর্য্যপত্নী। শিমুলতুলা। [পুং, কুষ্ঠ প্রভৃতি রোগ।

মহাব্যাধি, (মহৎ—ব্যাধি=রোগ) সং,

মহাব্যাহৃতি, (মহৎ—ব্যাহৃতি=উক্তি, যং—স) সং, স্ত্রীং, ওঁভূঃ, ওঁভুবঃ, ওঁস্বঃ, এই তিনটী বাক্য।

মহাব্রণ, (মহৎ—ব্রণ=স্ফোটক) সং,ক্লীং, দুষ্টক্ষত, নালী ঘা।

মহাব্রতী, (মহাব্রতিন্, মহৎ—ব্রত+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, শিব, মহাদেব। বিং, ত্রিং, মহৎব্রতবিশিষ্ট।

মহাশক্তি, (মহৎ—শক্তি=ক্ষমতা) বিং, ত্রিং, অতিশয় পরাক্রমসম্পন্ন। সং, পুং, কার্ত্তিকেয়।

মহাশঙ্খ, (মহৎ—শঙ্খ=শাঁখ, সংখ্যা ইত্যাদি) সং, পুং, মনুষ্যাস্থি, মানুষের হাড়। ললাটদেশ। সঙ্খ্যাবিশেষ। কুবেরের নিধিবিশেষ। "শঙ্খে তৈলে তথা মাংসে বৈদ্যে জ্যোতিষিকে দ্বিজে যাত্রায়াং পথি নিদ্রায়াং মহচ্ছব্দো ন দীয়তে"।

মহাশয়, (মহৎ—আশয়=মন বা অভিপ্রায়, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, মনস্বী, মহাত্মা। উদারচেতা। বদান্য, দাতা। গৌরবান্বিত। ভদ্রলোক। সং, পুং, সমুদ্র।

মহাশয্যা, (মহৎ—শয্যা=শয়নীয়, খট্টা) সং, স্ত্রীং, সিংহাসন। রাজাসন।

মহাশল্ক, (মহৎ—শল্ক=আঁইস) সং, পুং, চিঙ্গড়ীমাছ।

মহাশুক্তি, (মহৎ—প্রধান=শুক্তি-ঝিনুক) সং, স্ত্রীং, যে শুক্তিতে মুক্তা জন্মে।

মহাশুক্ল, (মহৎ=অধিক, অত্যন্ত—শুক্ল=শুভ্রবর্ণ) বিং, ত্রিং, অতিশয় শ্বেতবর্ণ। ক্লা—স্ত্রীং, সরস্বতী।

মহাশুভ্র, (মহৎ=অধিক—শুভ্র=শ্বেতবর্ণ) সং, ক্লীং, রজত, রৌপ্য।

মহাশূদ্র, (মহৎ—শূদ্র=চতুর্থবর্ণ) সং, পুং, আভীর, গোপ, গোয়ালা। দ্রী—স্ত্রীং, আভীরী, গোয়ালিনী।

মহাশ্বেতা, (মহৎ=অধিক—শ্বেত=শুক্লবর্ণ, যং—স) সং, স্ত্রীং, সরস্বতী।

মহাশ্মশান, (মহৎ—শ্মশান=প্রেতভূমি। যে স্থলে লোকেরা মরিবার জন্য যায়) সং, ক্লীং, বারাণসী, কাশী।

মহাশ্রমণ, (মহৎ=অধিক—শ্রমণ [জগদীশ্বরের উপাসনায়] শ্রম) সং, পুং, বুদ্ধবিশেষ, শাক্যমুনি।

মহাষ্টমী, (মহৎ—অষ্টমী) সং, স্ত্রীং, আশ্বিনী শুক্লাষ্টমী।

মহাসন্ন, সং, পুং, কুবের।

মহাসাগর—যে অতি বিস্তীর্ণ লবণময় জলভাগ পৃথিবীকে বেষ্টন করিয়া আছে।

মহাসান্তপন, (মহৎ—সান্তপন=ব্রতবিশেষ) সং, ক্লীং, ছয় দিবস কৃচ্ছ্রসাধ্য ব্রতবিশেষ।

মহাসুখ, (মহৎ—সুখ=আনন্দ) সং, ক্লীং, অতিশয় আহ্লাদ। শৃঙ্গার, মৈথুন। পুং, বুদ্ধ। [সং, স্ত্রীং, বালুকা, বালি।

মহাসূক্ষ্মা, (মহৎ=অত্যন্ত—সূক্ষ্ম=সরু)

মহাসেন, (মহৎ—সেনা, ৬ষ্ঠী—হিং) সং,

পুং, কার্ত্তিকেয়। শিব। বিং, ত্রিং, প্রধান সেনাপতি।

মহাস্থলী, (মহৎ—স্থলী=রাশি, স্থান) সং, স্ত্রীং, পৃথিবী। শ্রেষ্ঠ-স্থান।

মহাস্থান—বগুড়ার তিন ক্রোশ উত্তরস্থিত প্রদেশ, অনেকে বলেন এই স্থানে পরশুরাম বাস করিতেন।

মহাস্বন, (মহৎ—স্বন=শব্দ) সং, পুং, রণবাদ্য। মল্লতূর্য্য। মহৎশব্দ।

মহিকা, (মহিত দেখ, কন্—প্রং) সং, স্ত্রীং, তুষার, হিম, নীহার।

মহিত, (মহ্=পূজাকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, পূজিত, সম্মানিত, আদৃত। সং, ক্লীং, মহাদেবের ত্রিশূল।

মহিন, (মহ্=পূজাকরা বা পূজিতহওয়া +ইন—সংজ্ঞার্থে) সং, ক্লীং, রাজ্য।

মহিমা, (মহিমন্, মহৎ=বৃহৎ+ইমন্—ভাবে) সং, পুং, শিবের বিভূতি-বিশেষ, স্বেচ্ছাক্রমে স্বীয় শরীর পরিবর্ত্তন করিবার ক্ষমতা। উৎকর্ষ। শক্তি। মাহাত্ম্য, গৌরব। ঐশ্বর্য্য। [সং, পুং, সূর্য্য।

মহির, (মহ্=পূজিত হওয়া+ইর—প্রং)

মহিলা, (মহ্=পূজাকরা বা পূজিত হওয়া+ইল—প্রং) সং, স্ত্রীং, নারী, যোষিৎ, স্ত্রী। মদমত্তা কামিনী। প্রিয়ঙ্গুলতা। রেণুকা নামক গন্ধ-দ্রব্য।

মহিষ, (মহিলা দেখ, ইষ—প্রং) সং, পুং, পশুবিশেষ, লুলাপ। অসুরবিশেষ, মহিষাসুর। যমের বাহন। শ্মশ্রুধারী ম্লেচ্ছজাতিবিশেষ। ষী—স্ত্রীং,স্ত্রীমহিষ। ব্যভিচারিণী নারী। কৃতাভিষেকা রাজ্ঞী

মহিষঘ্নী, (মহিষ=স্বনামখ্যাত অসুর—ঘ্নী=যিনি বিনাশ করেন) সং, স্ত্রীং, মহিষমর্দ্দিনী, দুর্গা।

মহিষধ্বজ, মহিষবাহন, (মহিষ—ধ্বজ=চিহ্ন, পতাকা, ৬ষ্ঠী—হিং। মহিষ—বাহন=যান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অন্তক, যম।

মহিষমর্দ্দিনী, (মহিষ=অসুরবিশেষ—মর্দ্দিনী=বিনাশকর্ত্রী) সং, স্ত্রীং, মহিষাসুর-বিনাশিনী, দুর্গা। [অত্যন্ত মহৎ।

মহিষ্ঠ, (মহৎ+ইষ্ঠ—অত্যর্থে) বিং, ত্রিং,

মহী, মহি, (মহ্=পূজাকরা+অ, ঈপ্—প্রং) সং, স্ত্রীং, পৃথিবী। হী-নদীবিশেষ। গৌ। হিলমোচিকা।

মহীক্ষিৎ, (মহী—ক্ষি=প্রভুত্বকরা+ক্বিপ্—ক) সং, পুং, নৃপতি, রাজা।

মহীজ, (মহী=পৃথিবী—জ=জাত) সং, পুং, ভৌম,মঙ্গলগ্রহ। নরকাসুর। ক্লীং, আর্দ্রক, আদা। বিং, ত্রিং, ভূমিজাত।

মহীধর, মহীধ্র, (মহী=পৃথিবী—ধর, ধ্র =যে ধারণ করে, দ্বিতীয়া—ষ) সং,পুং, পর্ব্বত, পৃথিবীধর।

মহীপ, মহীপাল, (মহী—প, পাল=যে রক্ষা করে) সং, পুং নৃপতি, ভূস্বামী, রাজা। [রাজা, নৃপ।

মহীপতি, (মহী=পতি, ৬ষ্ঠী—ষ) সং,পুং,

মহীপ্রাচীর, (মহী—প্রাচীর=প্রান্তভাগে আবৃতি। পৃথিবীকে সম্পূর্ণরূপে বেষ্টন করিয়া আছে বলিয়া) সং, ক্লীং, জলধি, সমুদ্র।

মহীভুক্, মহীভুজ, (মহীভুজ্, মহী—ভুজ্, ভুজ=যে ভোগকরে) সং, পুং, ভূভুজ্, রাজা।

মহীভৃৎ, (মহী—ভৃ=ধারণকরা, পোষণ করা+ক্বিপ্—ক, ৎ—আগম) সং, পুং, পর্ব্বত। "মহীভৃতস্তস্য——তস্মিন্নপত্যে ন জগাম তৃপ্তিম্" কুমার। রাজা।

মহীময়, (মহী+ময়—প্রং) বিং, ত্রিং, মৃণ্ময়, মৃত্তিকানির্ম্মিত।

মহীয়ান্, (মহীয়স্, মহৎ+ঈয়স্—অতিশয়ার্থে) বিং, ত্রিং, অতিবৃহৎ, অত্যন্ত মহৎ। উত্তম। মহাত্মা। য়সী—স্ত্রীং, অতিমহতী।

মহীয্যমান, (মহ্=পূজাকরা+শান—প্রং। য, ম—আগম) বিং, ত্রিং, পূজ্যমান।

মহীরুহ, মহীরুহ্, (মহী—রুহ, রুহ্=

যে জন্মে, ৭মী—য) সং, পুং, বৃক্ষ,গাছ।
মহীলতা, (মহী—লতা, ৬ষ্ঠী—য)সং,স্ত্রীং, কিঞ্চুলুক, কেঁচো।
মহীসুত, (মহী—সুত=পুত্র, ৬ষ্ঠী—য) সং, পুং, মঙ্গলগ্রহ।। নরকাসুর। তা—স্ত্রীং, সীতা, জনককন্যা।
মহেচ্ছ, (মহৎ—ইচ্ছা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, মহাশয়, উন্নতেচ্ছ, উদারপ্রকৃতি। প্রতাপশালী। দাতা।
মহেন্দ্র, (মহৎ—ইন্দ্র, য়ং—স) সং, পুং, ইন্দ্র, স্বর্গের অধীশ্বর। বিষ্ণু। পর্ব্বত-বিশেষ, উড়িষ্যা ও উত্তরসরকার অবধি গণ্ডোয়ানা পর্য্যন্ত বিস্তৃত পর্ব্বত শ্রেণী।
মহেন্দ্রাণী, (মহেন্দ্র+ঈ. আন্—আগম) সং, স্ত্রীং, ইন্দ্রপত্নী, শচী।
মহেলা, মহেলিকা, (মহ্=উৎসব—ইলা [পৃথিবী] স্থান, অথবা মহ্=পূজাকরা +ইল—প্রং। ক—যোগে মহেলিকা) সং, স্ত্রীং, নারী, রমণী, যোষিৎ।
মহেশ, মহেশ্বর, (মহৎ—ঈশ, ঈশ্বর, য়ং—স) সং, পুং, মহাদেব, শিব। "বিশ্বস্থানাঞ্চ সর্ব্বেষাং মহতামীশ্বরঃ স্বয়ং। মহেশ্বরঞ্চ তেনেমং প্রবদন্তি মনীষিণঃ"॥
মহেশবন্ধু, (মহেশ—বন্ধু, ৬ষ্ঠী—য) সং, পুং, শ্রীফলবৃক্ষ, বেলগাছ।
মহেশ্বরী, (মহেশ্বর+ঈপ্—প্রং) সং, স্ত্রীং, পার্ব্বতী, মহেশ্বর-পত্নী। অপরাজিতা-লতা। রাজরীতি। কাংস্য, কাঁসা।
মহেষাস, (মহেষু [মহৎ—ইষু=বাণ] বৃহৎবাণ—আস=যে নিক্ষেপ করে, ২য়া—য। অথবা মহৎ—ইষাস=ধনুর্ধর, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মহাধনুর্ধর। উৎকৃষ্টযোদ্ধা।
মহৈলা, (মহৎ=বৃহৎ—এলা=এলাচ) সং, স্ত্রীং, স্থূলৈলা, বড় এলাচ।
মহোক্ষ, (মহৎ—উক্ষন্=বৃষ, য়ং—স, অ—প্রং) সং, পুং, বৃহৎ বৃষ, মহাবৃষভ, গোপতি। [বড় পদ্ম।
মহোটী, সং, স্ত্রীং, বৃহতী। বৃহৎ উৎপল,
মহোৎকা, (মহৎ [বৃহৎ] পুনঃ পুনঃ—উৎক=সুযোগ, অভ্যন্তরকাল) সং, স্ত্রীং, বিদ্যুৎ।
মহোৎপল, (মহৎ—উৎপল=জলপুষ্প, য়ং—স) সং, ক্লীং, বৃহৎ পদ্ম। পক্ষি-বিশেষ, সারসপক্ষী।
মহোৎসব, (মহৎ—উৎসব, য়ং—স) সং, অতিশয় সুখজনক কর্ম্ম। বৈষ্ণবদিগের উৎসব।
মহোদধি-ধী, (মহৎ-উদধি=সমুদ্র, য়ং-স) সং, পুং, সমুদ্র, মহাসমুদ্র। ভারতবর্ষ।
মহোদয়, (মহৎ—উদয়=উত্থান) সং, পুং, কান্যকুব্জদেশ, স্বনামখ্যাত কান্যকুব্জ দেশস্থ প্রধান নগর। আধিপত্য,কর্তৃত্ব। মুক্তি, অপবর্গ, স্বামী। অহঙ্কার। বিং, ত্রিং, অতিসমৃদ্ধ। অত্যুন্নত।
মহোন্মদ, (মহৎ—উন্মদ=উন্মত্ত) সং,পুং, মৎস্যবিশেষ, ফলুই মাছ। বিং, ত্রিং, অতিশয় উন্মত্ত. অহঙ্কারী।
মহোরগ, (মহৎ—উরগ=সর্প) সং, পুং, বৃহৎ সর্প। সর্পগণবিশেষ। ক্লীং তগরমূল
মহোল্কা, (মহৎ—উল্কা=আকাশাগ্নি, য়ং—স) সং, স্ত্রীং, বিদ্যুৎ।
মহৌষধ, (মহৎ—ঔষধ) সং, ক্লীং, উত্তম ঔষধ। রসুন। শুঁঠ। পিপ্পলী, পিঁপুল। অতিবিষ।
মহৌষধি—ধী, (মহৎ—ওষধি=ফল পাকান্ত লতা, য়ং—স) সং, স্ত্রীং, দূর্ব্বা। মহাস্নানীয় দ্রব্যবিশেষ। রাত্রিকালে দীপ্তিশীল তৃণ-লতাদি।
মা, (মা=পরিমাণকরা+ক্বিপ—প্রং) অং, বিকল্প। নিন্দা। নিষেধ। (নিষেধার্থ মা শব্দ ক্রিয়া যোগেই প্রয়োগ হয়)। স্ত্রীং, কমলা, লক্ষ্মী। মাতা। দীপ্তি। জ্ঞান। পরিমাণ।
মাই, (দেশজ) সং, স্তন, পয়োধর।
মাংস, (মন্=বোধকরা+স—প্রং) সং, ক্লীং, পিশিত, শরীরাংশ-বিশেষ। পুং, কাল। কীট

মাংসজ, মাংসতেজঃ, (মাংস—জ=উৎপন্ন। মাংসতেজস্, মাংস—তেজস্=দীপ্তি) সং, ক্লীং, মেদ, ভুঁড়ি।

মাংসপেশী, (Muscle) সং, স্ত্রীং, যদ্দ্বারা শরীরের ভিন্ন ভিন্ন অবয়ব সমূহ ইচ্ছানুসারে সঞ্চালন করা যায়।

মাংসভক্ষ (মাংস—ভক্ষ=যে ভক্ষণ করে, ২য়া—ষ) বিং, ত্রিং, মাংসাশী. মাংসভক্ষণকারী, যে মাংস ভক্ষণ করে।

মাংসল, (মাংস+ল—অস্ত্যর্থে, বিদ্যমানার্থে) বিং, ত্রিং, স্থূল, মোটা। বলবান্! কাব্যের গৌড়ীরীত্যন্তর্গতের ওজোগুণের অঙ্গবিশেষ।

মাংসসার, মাংসস্নেহ, (মাংস—সার=সারাংশ। মাংস—স্নেহ=তৈলাদি দ্রববস্তু) সং, পুং, মেদ, ভুঁড়ি।

মাংসহাসা, (মাংস—হাস=হাস্য) সং, স্ত্রীং, চর্ম্ম, চামড়া।

মাংসাদ, (মাংস—অদ=যে খায়, ২য়া—ষ) বিং, ত্রিং, মাংসভক্ষক, মাংসাশী।

মাংসাশী, (মাংসাশিন্, মাংস—আশী যে খায়, ২য়া—ষ) বিং, ত্রিং, মাংসভক্ষক, যে মাংসভক্ষণ করে।

মাংসিক, (মাংস+ইক—জীবিত্যর্থে) বিং, ত্রিং, মাংসবিক্রয়ী, কসাই।

মাঁজন, (মার্জ্জনশব্দজ) সং, রগড়ান, ঘর্ষণ।

মাকড়, মাকড়সা, (মর্কট শব্দজ) সং, লূতা, ঊর্ণনাভ।

মাকন্দ, (মা=সৌন্দর্য্য, পরিমিত—কন্দ্=মূল) সং, পুং, আম্রবৃক্ষ। চন্দনবৃক্ষ। "মাকন্দক্রন্দ কান্তাধর ধরণিতলং গচ্ছ যচ্ছন্তি যাবৎ" জয়দেব। ন্দী—স্ত্রীং, আমলকী। নগরীবিশেষ। পীতচন্দন।

মাকরী, (মকর=দশমরাশি+ষ্ণ, ঈ) সং, স্ত্রীং, মাঘমাসের শুক্ল-সপ্তমী। মকররাশিসম্বন্ধীয়।

মাকলি—সং, পুং, ইন্দ্রের সারথি, চন্দ্র।

মাকাটী, (দেশজ) সং, কার্পাসের বীজ।

মাকাল, (মহাকালশব্দজ) সং, মৎস্যের দেবতা। মহাকাল বৃক্ষ।

মাকু, (দেশজ) সং, তন্তুবায়ের বস্ত্রবয়নের যন্ত্রবিশেষ, তুরী।

মাক্ষিক, (মক্ষিকা=মাছি+অণ্-কৃতার্থে) সং, ক্লীং, মধু। খনিজধাতুবিশেষ। স্বর্ণরৌপ্য। [সং, ক্লীং, শিক্‌থক, মোম।

মাক্ষিকজ, (মাক্ষিক=মধু—জ=জাত)

মাক্ষিকাশ্রয়, (মাক্ষিক=মধু—আশ্রয়=আধার) সং, ক্লীং, মধুচক্র, মৌচাক। শিক্‌থক, মোম। [লেপন, মর্দ্দন।

মাখন, (দেশজ) সং, নবনীত, ননী।

মাগধ, (মগধ্ [কণ্ড্বাদি] বাচ্ঞাকরা +অণ্—প্রং, কিম্বা মগধ দেশবিশেষ +অণ্—জাতার্থে) সং, পুং, রাজা কিম্বা বংশমর্য্যাদাসম্পন্ন ব্যক্তিগণের অগ্রে স্তুতিপাঠকারী; বন্দী। সঙ্করজাতিবিশেষ, বৈশ্যের ঔরসে ক্ষত্রিয়াগর্ভসম্ভূত জাতি, ভাট। বিং, ত্রিং, মগধদেশোদ্ভব। ধী—স্ত্রীং, মগধদেশজাতা বেশ্যা। যূথিকাপুষ্প, জুঁইফুল। পরিষ্কৃত শর্করা। ভাষাবিশেষ, মগধদেশের ভাষা। গুজরাটী এলাইচ্। শুক্লজীরক। পিপ্পলী। [বৃদ্ধা স্ত্রী, বুড়ী।

মাগী, (দেশজ) সং, অধিক বয়স্কা স্ত্রী,

মাগ, মাগু, (দেশজ) সং, স্ত্রী, ভার্য্যা।

মাগুর, (মদ্‌গুরশব্দজ) সং, মৎস্য বিশেষ।

মাঘ, (মাঘী=মঘানক্ষত্রযুক্তা পৌর্ণমাসী +অণ্—তদ্যুক্তকালার্থে) সং, পুং, দশম মাস। শ্রীদত্তপুত্র শিশুপালবধকাব্যপ্রণেতা। নৃপ-বিশেষ, শিশুপাল বধ কাব্য। ঘী-স্ত্রীং, মাঘমাসসম্বন্ধীয়া। মঘা নক্ষত্রযুক্ত পৌর্ণমাসী।

মাঘবতী, মাঘোনী, (মঘবৎ, মঘবন্+অ, ঈপ্—প্রং। দ্বিতীয়পক্ষে, ব=উ এবং অ+উ=ও) সং, স্ত্রীং, পূর্ব্বদিক্। প্রাচী। [বিং, ত্রিং, ইন্দ্রসম্বন্ধীয়।

মাঘবন, (মঘবন্=ইন্দ্র+ষ্ণ—ইদমর্থে)

মাঘ্য, (মাঘ=দশমমাস+ষ্ণ্য—জাতার্থে, মাঘমাসে যাহা জন্মে) সং, ক্লীং, কুন্দ-

পুষ্প, কুঁদফুল। [ভিক্ষাকরণ।
মাঙ্গন, (দেশজ) সং, যাচন, চাওয়া,
মাঙ্গলিক, মাঙ্গল, মাঙ্গল্য, (মঙ্গল+ষ্ণিক্, ষ্ণ, ষ্ণ্য—প্রং) বিং, ত্রিং, শুভকর, কল্যাণজনক।
মাঙ্গল্য, (মঙ্গল+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, মঙ্গল। বিং, ত্রিং, শুভজনক, মঙ্গলকর। মঙ্গলার্থ।
মাচ, সং, পুং, বর্ত্ম, পথ, রাস্তা।
মাচল, (মা=অদৃষ্ট, ধন—চল্ [এইরূপ উপায় দ্বারা] গমনকরা+অল্—প্রং) সং, পুং, চোর, তস্কর। বন্দী, কয়েদী। রোগ, পীড়া। গ্রহ। জলজন্তুবিশেষ, কুম্ভীর। [উচ্চ স্থান।
মাচা, (মঞ্চশব্দজ) সং, টং, কাষ্ঠাদিরচিত
মাচিকা, (মচ্=কল্কনকরা+ণক—প্রং) সং, স্ত্রীং, মক্ষিকা, মাছি।
মাচির, (মা=নিষেধ, না—চির=চিরম্ শব্দজ) অং, অবিলম্বে, শীঘ্র, অচিরে।
মাছ, (মচ্ছশব্দজ) সং, মীন, মৎস্য।
মাছি, মাচি, (মাচিকা শব্দজ) সং, কীটবিশেষ, মাচি। [সার।
মাজ, (মধ্যশব্দজ) সং, অভ্যন্তর, ভিতর।
মাজল, সং, পুং, পক্ষিবিশেষ, চাসপক্ষী।
মাজী, (দেশজ) সং, নাবিক, কর্ণধার।
মাজীবৎ, (মা=নিন্দিত—জীব্=বাঁচা+শতৃ—ক) বিং, ত্রিং, নিন্দনীয় জীবনবিশিষ্ট। ঘৃণার্হ।
মাঝ, (মধ্যশব্দজ) সং, মধ্যস্থল, ভিতর।
মাঝী, (দেশজ) সং, নাবিক, কর্ণধার।
মাঞ্জিষ্ঠ, (মঞ্জিষ্ঠা=রক্তবর্ণলতা+ষ্ণ—রক্তার্থে) বিং, ত্রিং, লোহিতবর্ণ, রাঙ্গা। সং, ক্লীং, রাঙ্গা রঙ।
মাটি, (মৃত্তিকা শব্দজ) সং, মৃত্তিকা, ভূমি।
মাটো, (দেশজ) বিং, অলস, মৃদু, ধীর, মন্দ, কর্ম্মে শিথিল, ঢিলা।
মাঠ, সং, পুং, পথ, বর্ত্ম। [গোচরণভূমি।
মাঠ, (দেশজ) সং, প্রান্তর, ময়দান।
মাঠর, (মন=পূজাকরা—অরন্; ন=ঠ, অ=আ, কিম্বা মঠর+ষ্ণ—অপত্যার্থে) সং, পুং, সূর্য্যের পার্শ্বপরবর্ত্তীবিশেষ। ব্যাসদেব। মুনিবিশেষ। শৌণ্ডিক, শুঁড়ী। সং, পুং; সূর্য্যের কিরণ।
মাঠা, (দেশজ) সং, নবনীত, তক্র, ঘোল।
মাড়, (মণ্ডশব্দজ) সং, তণ্ডুলাদির ক্বাথ, ফেণ। [পেষণ, দলন।
মাড়ন, (মর্দ্দন শব্দজ) সং, শস্য মর্দ্দন,
মাঢ়ি, (মহ্=পূজাকরা+ক্তি—প্রং। হ, ত=ঢ়, অ=া) সং, স্ত্রীং, পত্রশিরা, পাতার শির। পত্রভঙ্গ। দৈন্য, দারিদ্র্য। ক্লেশ। শোকোক্তি। দন্তবিশেষ। পরিচ্ছদের প্রান্তভাগ, কাপড়ের পাড়। ক্রোধ, রাগ। স্ত্রীং, দন্তমূল, দাঁতেরমেড়ে।
মাঢ়ী, (মহ্=পূজাকরা+ক্তি—প্রং) সং,
মাণক, সং, ক্লীং, মূলবিশেষ, মাণকচু। পুং, মাণকচুর গাছ।
মাণব, মাণবক, (মনু=মনুষ্য+ষ্ণ—অল্পার্থে, ণত্ব। পক্ষে ক—যোগ) সং, পুং, উপনয়নযোগ্য মনুষ্য। বালক, শিশু। ব্রাহ্মণতনয়। ষোল নর হার। —ক, বিংশতি নর হার। অনুষ্টুভ ছন্দোবিশেষ। [ত্রিং, মনুষ্য সম্বন্ধীয়।
মাণবীন, (মানব+ঈন—ইদমর্থে) বিং,
মাণব্য, (মাণব=বালক+ষ্ণ্য—ভাবে, সমূহার্থে) সং, ক্লীং, শিশু-সমূহ। বাল্যাবস্থা।
মাণিকা, সং, স্ত্রীং, অষ্টপল পরিমাণ।
মাণিক, (মণি=রত্ন—কৈ=শব্দকরা+ষ—প্রং) সং, ক্লীং, রত্নবিশেষ, মণি, মাণিক্য। ক্যা—স্ত্রীং, *গৃহগোধিকা, জেঠী, টিকটিকী।
মাণিবন্ধ, (মণিবন্ধ=পর্ব্বতবিশেষ+ষ্ণ—প্রং। যাহা এই স্থানে পাওয়া যায়) সং, ক্লীং, সৈন্ধব-লবণ।
মাণিমন্থ, (মণিমন্থ [ইহা হইতে এই লবণ উৎপন্ন হয় বলিয়া] পর্ব্বত-বিশেষ +ষ্ণ—প্রং) সং, ক্লীং, সৈন্ধব-লবণ, সিন্ধুজ-লবণ। [রথপুত্র ভরতেরভার্য্যা।

মাণ্ডবী, সং, স্ত্রীং, কুশধ্বজ-তনয়া, দশ-
মাণ্ডব্য, সং, পুং, ঋষিবিশেষ।
মাত, মাথ, (মস্ত শব্দজ) সং, পুং, কোন বস্তুর অসার ভাগ, অসার গুড়, পাতলা গুড়।
মাতঙ্গ, (মতঙ্গ=মুনিবিশেষ, হস্তী+ষ্ণ—প্রং) সং, পুং, হস্তী। অশ্বত্থবৃক্ষ। কিরাত, চণ্ডাল। ঙ্গী—স্ত্রীং, পার্ব্বতী। হস্তিনী।
মাতঙ্গনক্র, (মাতঙ্গ=হস্তী—নক্র=কুম্ভীর) সং, পুং, মাতঙ্গাকৃতি জল জন্তুবিশেষ, জলহস্তী। [হওয়া, মত্তহওয়া।
মাতন, (মত্তহওনশব্দজ) সং, মাতওয়াল্‌া
মাতরপিতৃ, (মাতৃ=মাতা-পিতৃ=পিতা) সং, পুং, দ্বিং, মাতাপিতাদ্বয়। জনকজননী।
মাতরিশ্বা, (মাতরিশ্বন্, মাতরি=আকাশেতে—শ্বি=বৃদ্ধিপাওয়া+অন্—প্রং) সং, পুং, বায়ু, পবন, অনিল।
মাতলি, মাতুলি, (মতল+ষ্ণি—অপত্যর্থে) সং, পুং, ইন্দ্রের সারথি।
মাতা, (মাতৃ, মান্=পূজাকরা+তৃন্—প্রং, যিনি পূজিত হন) সং, স্ত্রীং, জননী, মা; সপ্তমাতা; যথা—জননী, গুরুপত্নী, ব্রাহ্মণী, রাজপত্নী, গাভি, ধাত্রী, পৃথিবী। ব্রাহ্মী, মাহেশ্বরী, ঐন্দ্রী, বারাহী, বৈষ্ণবী, কৌমারী, চামুণ্ডা, চর্চ্চিকা—এই অষ্ট শক্তি। বিভূতি। ভূমি। গৌ। লক্ষ্মী। রেবতী। ধাত্রী। পুং, জীব। আকাশ। বিং, ত্রিং, প্রমাণকর্ত্তা। পরিমাণকর্ত্তা। "জনকো জন্মদানত্বাৎ পালনাচ্চ পিতা স্মৃতঃ। গরীয়ান্ জন্মদাতুশ্চ সোঽন্নদাতা পিতা মুনে। বিনান্নান্নশ্বরো দেহো ন নিত্যঃ পিতুরুদ্ভবঃ। তয়োঃ শতগুণে মাতা পূজ্যা মান্যা চ বন্দিতা। গর্ভধারণপোষাভ্যাং সা চ তাভ্যাং গরীয়সী"। ইতি ব্রহ্মবৈবর্ত্ত পুরাণম্।
মাতামহ, (মাতৃ=মাতা+ডামহ—তৎপিতার্থে) সং, পুং, মাতার পিতা। হী—স্ত্রীং, মাতার মাতা।

মাতাল, (মত্তশব্দজ) বিং, সুরাপায়ী, মত্ত। মত্ততাবিশিষ্ট, মদবিহ্বল।
মাতুল, (মাতৃ=মাতা+ডুল—তদ্ভ্রাত্রর্থে) সং, পুং, পিতৃশ্যালক মাতার ভ্রাতা, মামা। শস্যবিশেষ। ধুস্তুর। সর্পবিশেষ। লানী, লী, লা—স্ত্রীং, মাতুলের ভার্য্যা, মামী। শণ প্রিয়ঙ্গু বৃক্ষ।
মাতুলাহি, (মাতুল—অহি=সর্প) সং, পুং, সর্পবিশেষ, মালয়সর্প।
মাতুলুঙ্গ, (মা=নিষেধ—তুল=নিক্তি—গম্=গমনকরা+অ—প্রং। ক—যোগে মাতুলাঙ্গকও হয়। সং, পুং, বীজপূর, দাড়িম্ব। ঙ্গা—স্ত্রীং, উত্তম চূর্ণ।
মাতৃক, (মাতা দেখ, ক—যোগ) বিং, ত্রিং, মাতৃসম্বন্ধীয়, মাতা হইতে আগত।
মাতৃকা, (মাতা দেখ, ক—যোগ, আ) সং, স্ত্রীং, উপমাতা ধাত্রী। মাতা। বর্ণমালা অ আ ক খ প্রভৃতি। গৌরী, পদ্মা, শচী, মেধা, সাবিত্রী, বিজয়া, জয়া, দেবসেনা, স্বধা, স্বাহা, শান্তি, পুষ্টি, ধৃতি, তুষ্টি, আত্মদেবতা, স্বর। কুলদেবতা—এই ষোড়শ দেবী। করণ।
মাতৃকেশট, (মাতৃ=মাতা—কেশট=ভ্রাতা) সং, পুং, মাতুল, মামা।
মাতৃনন্দন, সং, পুং, কার্ত্তিকেয়।
মাতৃবন্ধু, মাতৃবান্ধব, (মাতৃ=মাতা—বন্ধু, বান্ধব—জ্ঞাতি, ৬ষ্ঠী—স) সং, পুং, মাতার মামাতো ভাই, মাতার মাস্তুতো ভাই এবং মাতার পিস্তুতো ভাই।
মাতৃমুখ, মাতৃশাসিত, (মাতৃ=মাতা—=মুখ=প্রধান। মাতৃ—শাসিত=দমিত) সং, পুং, মূর্খ, জড়, স্থূলবুদ্ধি, অজ্ঞব্যক্তি।
মাতৃষসা—সৃ, মাতুঃষসা—সৃ, মাতুঃস্বসা—সৃ, (মাতৃ=মাতা—স্বসৃ=ভগিনী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, মাতার ভগিনী, মাসী।
মাতৃষস্রীয়, মাতৃষস্রেয়, (মাতৃষসৃ=মাতার ভগিনী+ঈয়, ঢেয়—অপত্যার্থে সং, পুং, য়ী—স্ত্রীং, মাতার ভগিনীরপুত্র

বা কন্যা। মাস্‌তুতো ভাই বা ভগ্নী।

মাত্র, (মা=পরিমাণকরা+ত্র—প্রং) সং, ক্লীং, কাৎর্স্ন্য। কেবল। অল্প, কিঞ্চিৎ। নিমেষ, ক্ষণ। তৎক্ষণাৎ। অবধারণ। সাকল্য।

মাত্রা, (মাত্র দেখ, আ—প্রং) সং, স্ত্রীং, পরিচ্ছদ। অশ্বযানাদি। অল্প পরিমাণ। কর্ণভূষণ। অক্ষরাবয়ব। অক্ষরের উপরস্থিত রেখা। বর্ণের উচ্চারণ কালবিশেষ। ইন্দ্রিয়বৃত্তি। ছন্দের উচ্চারিত ধ্বনি।[সং, ক্লীং,অল্পপান, পরিমিত পান

মাত্রাপান, (মাত্রা=অল্প পরিমাণ—পান)

মাত্রাবৃত্ত, সং, ক্লীং, আর্য্যাদি ছন্দোবিশেষ।

মাত্রাসংজ্ঞক, সং,ক্লীং, ছন্দের উপলক্ষণ।

মাত্রিক, (মাত্রা—ষ্ণিক)বিং, ত্রিং, প্রাকৃতিক, ভূতাত্মক।

মাৎসর্য্য, (মৎসর=শুভদ্বেষী+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, পর শুভদ্বেষ, অসূয়া, ঈর্ষা, পরশ্রীকাতরতা।

মাৎসিক,(মৎস্য+ষ্ণিক—জীবত্যর্থে) বিং, ত্রিং, জালোপজীবী, ধীবর, জেলে।

মাথ, (মথ্=বধকরা বা মথ্=মন্থনকরা +ঘঞ্—প্রং) সং,পুং, বর্ত্ম,রাস্তা, পথ। মন্থন। বিনাশ, হত্যা, বধ।

মাথট, (দেশজ) সং, বহুলোকের দান দ্বারা অর্থ সংগ্রহ, চাঁদা।

মাথা, (মস্তক শব্দজ) সং, মস্তক, শিরঃ।

মাথুর, (মথুরা+ষ্ণ—ইদমর্থে) বিং, ত্রিং, মথুরা-সম্বন্ধীয়। মথুরা হইতে আগত। সঙ্কীর্ত্তনবিশেষ।

মাদ, (মদ্=হৃষ্টহওয়া, গর্ব্বিতহওয়া, মত্তহওয়া+ঘঞ্—প্রং) সং, পুং, হর্ষ। দর্প, অহঙ্কার, মত্ততা।

মাদক, (মদ্=মত্তহওয়া+ণক—প্রং)বিং, ত্রিং, মত্ততাজনক। বিহ্বলকারী। পুং, দাত্যূহপক্ষী।

মাদন, (মদ=মত্তহওয়া—ণিচ্+অনট্)সং, ক্লীং, লবঙ্গ। বিং, ত্রিং, হর্ষোৎপাদক সং, পুং, কামদেব। মদনবৃক্ষ। ধুস্তুর।

মাদল, (মর্দ্দল শব্দজ) সং, মৃদঙ্গ। খঞ্জরী, মুরজ।

মাদার, (মন্দার শব্দজ) সং, বৃক্ষ-বিশেষ।

মাদুর, (মন্দুরা শব্দজ) সং, তৃণাদিনির্ম্মিত আসন-বিশেষ। পাটী। [ভরণবিশেষ।

মাদুলী, (মর্দ্দল শব্দজ) সং, কবচ, কণ্ঠা-

মাদৃক, মাদৃশ, (মাদৃশ,অস্মৎ—দৃশ্=দেখা +ক্বিপ্, অ—র্থ্ম। যে আমার মত দৃষ্ট হয় অর্থাৎ যাহাকে আমার মত দেখা যায়) বিং, ত্রিং, মৎসদৃশ,আমার তুল্য।

মাদ্রী, (মদ্র=দেশবিশেষ+ষ্ণ—নিবাসার্থে, ঈপ্—প্রং) সং, স্ত্রীং, পাণ্ডুরাজপত্নী, নকুল সহদেবের জননী। অতিবিষা।

মাধব, (মা=লক্ষ্মী—ধব=পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বিষ্ণু। (মধু+ষ্ণ—প্রং) বৈশাখ মাস। বসন্তকাল, মধুকবৃক্ষ। কৃষ্ণমুদ্গ। বিং, ত্রিং, মধুসম্বন্ধীয়। বী, বিকা—স্ত্রীং, স্বনামখ্যাত লতাবিশেষ, অতিমুক্তা লতা। মিসি। মধুশর্করা। কুষ্ঠ। মদিরা। তুলসী। দুর্গা। মাধবের পত্নী। "মাচ ব্রহ্মস্বরূপা যা মূলপ্রকৃতিরীশ্বরী। নারায়ণেতি বিখ্যাতা বিষ্ণুমায়া সনাতনী। মহালক্ষ্মী স্বরূপা চ বেদমাতা সরস্বতী। রাধা বসুন্ধরা গঙ্গা তাসাং স্বামী চ মাধবঃ"।

মাধুকরী, সং, স্ত্রীং, ভিক্ষোপজীবীর পঞ্চ স্থান হইতে ভিক্ষা হরণ।

মাধুরী, (মধুর=মিষ্ট+ষ্ণ—ভাবে, ঈপ্) সং, স্ত্রীং, মধুরতা। শোভা, সৌন্দর্য্য, উৎকর্ষ। মদ্য। হৃদয়-গ্রাহিতা।

মাধুর্য্য, (মধুর=মিষ্ট+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, মধুরতা, মিষ্টতা। সৌন্দর্য্য। লাবণ্য। কাব্যের গুণবিশেষ "চিত্তদ্রবীভাবময়োহহ্লাদো-মাধুর্য্যমুচ্যতে" সাহিত্যদর্পণ। কেহ কেহ বলেন "মাধুর্য্যং দ্রুতি কারণং" যে গুণ থাকিলে কাব্য শ্রবণমাত্র মনকে দ্রবীভূত করে: ই-

স্থাতে রচনা মধুর হইবে এবং সমাস-রহিত বা অল্পসমাসযুক্ত পদাদি থাকিবে। "মূর্দ্ধি বর্গান্ত্যবর্ণেন যুক্তাষ্ট ঠড ঢান্ বিনা। রণৌ লঘূ চ তদ্বক্তৌ বর্ণাঃ কারণতাং গতা॥ অবৃত্তিরল্পবৃত্তির্ব্বা-মধুরা রচনা তথা॥ সাহিত্যদর্পণ।

মাধ্যন্দিন, (মধ্যন্দিন+ষ্ণ—প্রং) সং, ক্লীং, মধ্যাহ্ন। শুক্ল-যজুর্বেদীয় শাখা-বিশেষ।

মাধ্যস্থ্য, (মধ্যস্থ+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, মধ্যে স্থিতি, মধ্যস্থতা। ঔদাসীন্য। "অভ্যর্থনা ভঙ্গভয়েন সাধুর্মাধ্যস্থ্যমিষ্টে-প্যলম্বতেঽর্থে"। কুমারসম্ভব।

মাধ্যাকর্ষণ, (Gravitation) পৃথিবীর যে আকর্ষণ-শক্তি প্রভাবে ঊর্দ্ধক্ষিপ্ত বস্তু মাত্রেই ভূতলে পতিত হয়, প্রত্যেক বস্তুতেই উক্ত শক্তি আছে এবং তদ্দ্বারা তাহারা পরস্পর পরস্পরকে আকর্ষণকরে।

মাধ্যাহ্নিক, (মধ্যাহ্ন+ষ্ণিক) বিং, ত্রিং, মধ্যাহ্নকাল সম্বন্ধীয়, মধ্যাহ্নকালীন ব্যাপার।

মাধ্বী, (মধু+ষ্ণ, ঈপ্) সং, স্ত্রীং, মধু প্রভৃতি হইতে উৎপন্ন মদিরা। মৎস্যবিশেষ

মাধ্বীক, (মাধ্বী দেখ, ক—যোগ) সং, ক্লীং, মধু। মধুজাতমদ্য, মধ্বাসব। দ্রাক্ষাফল।

মান, (মা=পরিমাণ করা+অনট্—ভা, কিম্বা মন্=গর্ব্বিত হওয়া+ঘঞ্—ভা) সং, ক্লীং, পরিমাণ, হস্তাদিদ্বারা পরিচ্ছেদ, মাপ। পরিমাণসাধন পাত্র-দণ্ডাদি। মাপকারী। পুং, অহঙ্কার, চিত্তের সমুন্নতি, অনুরক্ত দম্পতির ভাব-বিশেষ। "মানং মা কুরু তন্বঙ্গি জ্ঞাত্বা যৌবনমস্থিরং"। ক্রোধ। অভিমান। সমাদর, সম্ভ্রম। সম্মান,পূজা। মর্য্যাদা। আমি সকলের পূজ্য ও মান্য এইরূপ বোধ থাকা, আত্মাভিমান।

মানগ্রন্থি, (মান=অহঙ্কার—গ্রন্থি) সং, পুং, অপরাধ, দোষ। অভিমান।

মানদণ্ড, (মান=পরিমাণ—দণ্ড, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পরিমাণদণ্ড, মাপবাড়ী। "পূর্ব্বাপরৌ তোয়নিধী বগাহ্য স্থিতঃ পৃথিব্যা ইব মানদণ্ডঃ" কুমারসম্ভব।

মানন, (মান্=পূজাকরা+অনট্—) সং, ক্লীং, না—স্ত্রীং, সম্মান] করণ, সমাদর করণ। স্বীকার করণ।

মাননীয়, (মানন দেখ, অনীয় কর্ম্ম) বিং, বিং, ত্রিং, পূজ্য, মান্য।

মানব, (মনু=ব্রহ্মার পুত্র+ষ্ণ—অপত্যার্থে বা উক্তার্থে) সং, পুং, মনুর অপত্য। মনুষ্য,পুরুষ। বী—স্ত্রীং,নারী। শাসন দেবতাদিবিশেষ। স্বায়ম্ভুব মনুর কন্যা। বিং, ত্রিং, মনুসম্বন্ধীয়।

মানবৌঘ, (মানব+ওঘ) সং, পুং, তন্ত্রোক্ত পূজ্য-গুরু পঙ্‌ক্তি বিশেষ।

মানব্য (মানব+ষ্ণ্য) সং,ক্লীং,মানবসমূহ।

মানমন্দির, (Observatory) যে স্থান হইতে গ্রহ নক্ষত্রাদির পর্য্যবেক্ষণ করা যায়।

মানরন্ধ্রী, (মান=পরিমাণ—রন্ধ্র=ছিদ্র) সং, স্ত্রীং, সময় নিরূপক যন্ত্রবিশেষ, তাম্রী, তাঁবী।

মানস, (মনস্+ষ্ণ—স্বার্থে, ভবার্থে) সং, ক্লীং, মনঃ, চিত্তবোধ, ইচ্ছা, অভি-প্রায়। সরোবরবিশেষ। "কৈলাশ পর্ব্বতে রামমনসা নির্ম্মিতং পরং। ব্রহ্মণা নরশার্দূল তেনেদং মানসং সরঃ"॥ রামায়ণ॥ বিং, ত্রিং, মনঃসম্বন্ধীয়।

মানসজন্মা, (মানসজন্মন্, মানস=চিত্ত, সরোবর—জন্মন্, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মনোভব, কন্দর্প। হংস। বিং, ত্রিং, মানস সরোবরজাত। মনোজাত।

মানসব্রত, সং,ক্লীং, অহিংসা, দান, সত্য, ব্রহ্মচর্য্যাদি।

মানসালয়, (মানস=স্বনামখ্যাত সরোবর—আলয়=বাসস্থান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, হংস, হাঁস।

মানসিক, (মনস্+ষ্ণিক—কর্ত্তার্থে, ভ-

বার্থে) বিং, ত্রিং, মনস্থ, মনোগত, আন্তরিক।

মানসূত্র, (মান=অহঙ্কার—সূত্র) সং, ক্লীং, স্বর্ণাদি নির্ম্মিত কটিসূত্র, গোট, চন্দ্রহার প্রভৃতি।

মানসৌকাঃ, (মানসৌকস্, মানস=সরোবর—ওকস্=বাসস্থান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, হংস, হাঁস।

মানা, (দেশজ) পুং, নিষেধ, বারণ। স্বীকার। মনোযোগ। আদর।[পরিমাণ।

মানিকা, সং, স্ত্রীং, মদ্য, সুরা। এক সের

মানিত, (মান্=পূজাকরা, গর্ব্বকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং পূজিত, আদৃত, সম্মানিত। তা—স্ত্রীং, অহঙ্কার, গর্ব্ব।

মানী, (মানিন্, মান=অহঙ্কার+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, অভিমানী। অহঙ্কারী। মনস্বী, উদারচেতাঃ, সম্ভ্রান্ত। নিনী—স্ত্রীং, অভিমানবিশিষ্টা।

মানুষ, (মনু+ষ্ণ-অপত্যার্থে, ষ্—আগম) সং, পুং, মনুষ্য। ষী—স্ত্রীং, নারী।

মানুষিক, (মনুষ্য+ষ্ণিক—কৃতার্থে) বিং, ত্রিং, মনুষ্যকৃত। মনুষ্যসম্বন্ধীয়।

মানুষ্য, (মানুষ+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, মনুষ্যের ভাব, মনুষ্যত্ব, মানুষের ধর্ম্ম। মনুষ্য-দেহ। [ক্লীং, মনুষ্য-সমূহ।

মানুষ্যক, (মানুষ্য+ক—সমূহার্থে) সং,

মান্ত্রিক, (মন্ত্র+ষ্ণিক—জ্ঞাতার্থে) বিং, ত্রিং, মন্ত্রবিদ্। মন্ত্রকারক।

মান্দ্য, (মন্দ=অলস+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং,মন্দতা। আলস্য, জড়তা। ন্যূনতা। হানি। হ্রাস, অল্পতা। রোগ, পীড়া।

মান্ধাতা, (মান্ধাতৃ, মাম্=আমাকে—ধে=পানকরা+তৃন্—ক) সং, পুং, প্রাচীন নৃপ-বিশেষ, যুবনাশ্ব রাজার পুত্র। রাজা যুবনাশ্ব সন্তানার্থ যজ্ঞানুষ্ঠান করেন, যজ্ঞ সমাপনান্তে ঋত্বিক্‌গণ যুবনাশ্বকে কহিলেন যে এই মন্ত্রপূত যজ্ঞীয় বারি পান করাইলেই মহিষী গর্ভবতী হইবেন, অনন্তর রাত্রিতে রাজা অতিশয় পিপাসার্ত্ত হইয়া অন্য জল না পাইয়া সেই জল পান করেন, তাহাতে মহারাজের গর্ভসঞ্চার হয়, সন্তান যথাকালে মহারাজের বামকুক্ষি ভেদ করিয়া ভূমিষ্ঠ হইল। সন্তান ভূমিষ্ঠ হইবামাত্র মুণিগণ কহিলেন যে শিশু কি পান করিবে? তাহাতে দেবরাজ ইন্দ্র বৃদ্ধাঙ্গুষ্ঠ বাড়াইয়া দিয় কহিলেন যে "মাং ধাস্যতি" আমাকে পান করিবে। এই জন্য বালকের নাম মান্ধাতা হইল। "জাতো নামৈষ কং ধাস্যতীতি তে মুনয়ঃ প্রোচুঃ। অথাগম্য দেবরাড়ব্রবীং। মাময়ং ধাস্যতি। ততোসৌ মান্ধাতা নামতোঽভবৎ। বক্তে্রচাস্য প্রদেশিনী দেবেন্দ্রেণ ন্যস্তা। স তাং পপৌ"।

মান্য, (মান+ষ্ণ্য—অর্হার্থে বা সাধ্বর্থে। অথবা মানন দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, পূজ্য, মাননীয়। "মান্যঃ স মে স্থাবরজঙ্গমানাং" রঘুবংশ। আদরণীয়।

মাপত্য, সং,পুং, মদন, রতিপতি, কন্দর্প।

মাপন, (মাপি=পরিমাণ পাওয়ান+অন—ভা) সং,ক্লীং, পরিমাণকরণ, ওজনকরণ, তৌলকরণ।[বিং, ত্রিং, মৎসম্বন্ধীয়।

মাম, (মম+ষ্ণ—প্রং) সং, পুং, মাতুল।

মামক, (মম+ক—যোগ) সং, পুং, মাতুল। কৃপণ। বিং, ত্রিং, মদীয়, আমার সম্বন্ধীয়। মমতাবিশিষ্ট।

মামকীন, (মম+ঈন—প্রং, একবচনে) বিং, ত্রিং, মৎসম্বন্ধীয়, মদীয়।

মামা, (মামশব্দজ) সং,মাতুল,মার ভ্রাতা।

মায়া, (মা=পরিমাণ করা+ক্যপ—প্রং, যাহাতে বিশ্ব পরিমাণ করে) সং, স্ত্রীং, শঠতা, চাতুরী। ইন্দ্রজাল, কুহক। "মায়াং ময়োদ্ভাব্য পরীক্ষিতোসি" রঘুবংশ। প্রকৃতি, অবিদ্যা। অজ্ঞান বিশেষ। মমতা, মোহ। ভ্রান্তি। "মায়াময়মিদমখিলং হিত্বা, ব্রহ্মপদং প্রবিশাশু বিদিত্বা"। লক্ষ্মী। কৃপা। দয়া, অনুগ্রহ। বুদ্ধের জননী

মায়াকর, মায়াকৃৎ, (মায়া—কর, কৃৎ= যে করে) বিং, ত্রিং, মায়াকারী, ঐন্দ্রজালিক, বাজীকর।
মায়াতি, সং, পুং, নরবলি।
মায়াদ, (মায়া—দ=যে দেয়) সং, পুং, কুম্ভীর, কুমীর। [সং, পুং, বুদ্ধ।
মায়াদেবীসুত, (মায়াদেবী—সুত=পুত্র)
মায়াপটু, (মায়া=ইন্দ্রজাল—পটু=দক্ষ, ৭মী—ষ) বিং, ত্রিং, ঐন্দ্রজালিক, কুহকী। ভ্রান্তিকর, ভ্রান্তিজনক।
মায়াফল, সং,ক্লীং, ফলবিশেষ, মাইফল।
মায়ামোহ, সং, পুং, বিষ্ণুর দেহ হইতে নির্গত অসুরমোহক পুরুষবিশেষ।
মায়াবসিক, (মায়া=চাতুরী—বস্=বাসকরা+ণক—ক) বিং, ত্রিং, প্রতারক, ধূর্ত্ত, প্রবঞ্চক।
মায়াবান্,(মায়াবৎ, মায়া+বতু-অস্ত্যর্থে) বিং, ত্রিং, কুহকী, ঐন্দ্রজালিক। কপটাচারী। বতী—স্ত্রীং, কন্দর্পপত্নী, রতি।
মায়াবী, মায়ী, মায়িক, (মায়াবিন্, মায়িন্, মায়া+বিন্, ইন্, ষ্ণিক—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ঐন্দ্রজালিক, কুহকী। কপটাচারী। বিড়াল।
মায়ু, (মি [দেহ মধ্য দিয়া] ক্ষেপণ করা +উ—সংজ্ঞার্থে) সং, পুং, শরীরস্থ ধাতুবিশেষ, পিত্ত।
মায়ুরাজ, সং, পুং, কুবেরের পুত্র।
মায়ূর, (ময়ূর+ষ্ণ—সমূহার্থে) সং,ক্লীং, ময়ূরসমূহ। বিং, ত্রিং, ময়ূরসম্বন্ধীয়।
মার, (মৃ=মরা কিম্বা মারি=মরান+ঘঞ —ভা, ক) সং, পুং, মৃত্যু, মরণ। হত্যা, মারণ, বধ। কন্দর্প, কামদেব। বিঘ্ন। ধুস্তূর, ধুতুরা।
মারক, (মারি=মরান+ণক—ক, অথবা মার+ক—যোগ) সং, পুং, মারী, মড়ক। পক্ষিবিশেষ, বাজপক্ষী। বিং, ত্রিং, হত্যাকারক, বিনাশকারী।
মারকত, (মরকত+ষ্ণ—ইদমর্থে) বিং, ত্রিং, মরকতসম্বন্ধীয়।
মারজাতক, সং, পুং, বিড়াল।
মারজিৎ, (মার=কাম—জিৎ=যে জয় করে, ২য়া—ষ) সং, পুং, বুদ্ধদেব। শিব, মহাদেব।
মারণ, (মারি=মরান+অনট্—ভা) সং, ক্লীং, হনন, বধ, বিনাশ। [করণ।
মারা, (মৃ ধাতুজ)সং, প্রহার করা, আঘাত
মারাত্মক, (মার—আত্মন্, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সংঘাতিক, প্রাণবিনাশক, বধকারী, জীবান্তক।
মারি, মারী, (মারি=মরান+ই—প্রং) সং, স্ত্রীং, জনক্ষয়, মরক।
মারিত, (মারি=মরান+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বিনাশিত, ব্যাপাদিত। ভস্মীকৃত। নষ্টীকৃত।
মারিষ, (মৃষ্=ক্ষমাকরা, নিপাতন। অথবা মা=নিষেধ—রিষ্=হিংসাকরা+ অল্—প্রং) সং, পুং, নাট্যোক্তিতে—মান্য ব্যক্তি। তণ্ডুলীয় শাক। ষা, ষী—স্ত্রীং, দক্ষের মাতা।
মারীচ, (মরীচ=মুনিবিশেষ+ষ্ণ—প্রং) সং,পুং, কশ্যপ। রাক্ষসবিশেষ, তাড়কা রাক্ষসীর পুত্র। মরীচ বন, গোলমরীচের গাছ। যাজক ব্রাহ্মণ। রাজহস্তী। বিং, ত্রিং, মরীচসম্বন্ধীয়। চী—স্ত্রীং, স্বনামপ্রসিদ্ধ দেবতাবিশেষ।
মারুণ্ড, সং, পুং, সর্পের ডিম্ব। পথ। গোময়মণ্ডল।
মারুত, (মরুৎ [মৃ=মরা+উৎ—প্রং, ক্রুদ্ধ হইলে যাহার দ্বারা মরে] বায়ু+ ষ্ণ—স্বার্থে। কেহ কেহ বলেন যে ইন্দ্র বজ্র দ্বারা দিতির গর্ভ সপ্তভাগে বিভক্ত করিয়া গর্ভস্থিত বালককে বলিলেন "মারোদীঃ" তুমি রোদন করিও না। এই নিমিত্ত ইহার নাম মারুত হইল) সং, পুং, পবন, ৪৯প্রকার বায়ু।
মারুতব্রত, সং, ক্লীং, রাজধর্ম্মবিশেষ।
মারুতাত্মজ, (মারুত=বায়ু—আত্মজ—পুত্র) সং, পুং, হনুমান। ভীম।

মারুতাশন, (মারুত=বায়ু—অশন=যে ভক্ষণ করে) সং, পুং, সর্প, পবনাশন। বিং, ত্রিং, বায়ুমাত্রভোজী।

মারুতি, (মরুৎ=বায়ু+ষ্ণি অপত্যার্থে) সং, পুং, হনুমান্। ভীম।

মার্কণ্ড, মার্কণ্ডেয়, (মৃকণ্ডু=মুনিবিশেষ +ষ্ণ, ষ্ণেয়—অপত্যার্থে, উ—লোপ) সং, পুং, মুনিবিশেষ।

মার্গ, (মার্গ্=গমনকরা+অল্—ণ) সং, পুং, পথ, রাস্তা। পায়ু, গুহ্য। (মার্গ্= অন্বেষণ করা+অল্—ভা) অন্বেষণ। বিষ্ণু। (মার্গী=মৃগশীর্ষা নক্ষত্রযুক্তা পৌর্ণমাসী+ষ্ণ-তদ্যুক্তকালার্থে) অগ্রহায়ণমাস। মৃগশিরা নক্ষত্র। (মৃগ= হরিণ+ষ্ণ—ইদমর্থে) মৃগমদ, কস্তূরী। বিং, ত্রিং, মৃগসম্বন্ধীয়। [অগ্রহায়ণমাস।

মার্গক, (মার্গ+ক—যোগ) সং, পুং,

মার্গণ, (মার্গ্=অন্বেষণ করা + অনট্— ভা) সং, ক্লীং, প্রার্থনা, যাচ্ঞা। অনুসন্ধান, অন্বেষণ। প্রণয়। পুং, বাণ, শর। যাচক। বিং,ত্রিং, যাচিত, প্রার্থিত।

মার্গধেনু, সং, পুং, যোজন-পরিমাণ, চারিক্রোশ।

মার্গর, সং, পুং, চণ্ডাল জাতি।

মার্গবিদ্যা, সং, স্ত্রীং, সঙ্গীতবিদ্যা।

মার্গশির, মার্গশীর্ষ, (মার্গশিরী, মার্গশীর্ষী =মৃগশীর্ষানক্ষত্রযুক্তা পূর্ণিমা+ষ্ণ—তদ্যুক্তকালার্থে) সং, পুং, অগ্রহায়ণমাস।

মার্গিক, (মৃগ=হরিণ+ষ্ণিক—হননার্থে) বিং, ত্রিং, মৃগহত্যাকারী। মার্গ=পথ +ষ্ণিক—প্রং) পথিক, পান্থ।

মার্গিত, (মার্গ=অন্বেষণকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অন্বিষ্ট। গবেষিত, অন্বেষিত, যাহা অনুসন্ধান করা গিয়াছে।

মার্গ্য, (মৃজ্=পরিষ্কারকরা + ঘ্যণ্—র্ম্ম) বিং, ত্রিং, মার্জ্জনীয়। (মার্গ্=অন্বেষণ করা+য—র্ম্ম) অন্বেষণীয়, গবেষণীয়।

মার্জ্জ, (মৃজ্=পরিষ্কার করা+ঘঞ্—প্রং) সং,পুং, রজক, ধোপা। বিষ্ণু। মার্জ্জন।

মার্জ্জন, (মৃজ্=পরিষ্কার করা+অনট্— ভা, ণ) সং, ক্লীং, নী—স্ত্রীং, পরিষ্করণ, প্রক্ষালন, মাজা, পোঁছা। দোষক্ষালন, পুং, ক্ষমা। লোধ্রবৃক্ষ। ধ্বনি। নী— স্ত্রীং, খিঙ্করী, খেঙরা। ত্রাস্।

মার্জ্জনীয়, (মার্জ্জন=দেখ, অনীয়—র্ম্ম) বিং,ত্রিং,মার্জ্জনের যোগ্য। অগ্নিশোধন।

মার্জ্জার, (মৃজ্[মুখ] পরিষ্কারকরা+আর —প্রং), সং,পুং, বিড়াল। খট্টাস। রক্তচিত্রক, রাংচিত্তে। রী—স্ত্রীং, বিড়ালী। খট্টাসী। কস্তূরী।

মার্জ্জারক, মার্জ্জারকণ্ঠ, সং, পুং, ময়ূর, শিখী।

মার্জ্জারকর্ণী, মার্জ্জারকর্ণিকা, } (মার্জ্জার=বিড়াল —কর্ণ=কান, যাহার কর্ণ বিড়ালের কর্ণের ন্যায়) সং, স্ত্রীং, দেবীবিশেষ, চামুণ্ডাদেবী।

মার্জ্জারীয়, মার্জ্জালীয়, (মার্জ্জন দেখ, আলীয়—সংজ্ঞার্থে, ল=র। অথবা মার্জ্জার+ঈয়—প্রং) সং, পুং, বিড়াল। কায়শোধন, শরীর পরিষ্করণ। শূদ্র।

মার্জ্জিত, (মৃজ্=পরিষ্কারকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রক্ষালিত, পরিষ্কৃত, মাজা। পবিত্র, নির্দ্দোষীকৃত। তা—স্ত্রীং, শর্করাদিমিশ্রিত দধি।

মার্ত্তণ্ড, (মৃতণ্ড+ষ্ণ—অপত্যার্থে, অথবা শাম্বপুরাণে-পুত্র দ্বিধাকৃত হইলে পিতা বলিতেছেন "হে অণ্ড! ত্বং আর্ত্তো মা ভব" হে পুত্র তুমি পীড়িত হইও না। পিতার এই বচনহেতু মার্ত্তণ্ড নাম হইল, কিম্বা মৃত—অণ্ড+ষ্ণ—প্রং, মৃত অণ্ডে জন্ম বলিয়া মার্ত্তণ্ড) সং, পুং, সূর্য্য। শূকর। অর্কবৃক্ষ, আকন্দগাছ।

মার্ত্তিক, (মৃত্তিকা+ষ্ণ—প্রং) সং, পুং, শরাব, শরা। বিং, ত্রিং, মৃত্তিকা-নির্ম্মিত, মৃণ্ময়।

মার্দ্দঙ্গ, (মৃদঙ্গ=বাদ্যযন্ত্রবিশেষ+ষ্ণ— প্রং। নগরের মধ্যে বাদিত হয় বলিয়া) সং, ক্লীং, পত্তন, নগর, সহর। (যাহার

দ্বারা বাদিত হয়) বিং,ত্রিং, মৃদঙ্গবাদক।
মার্দ্দঙ্গিক, (মৃদঙ্গ+ষ্ণিক—বাদনার্থে) বিং, ত্রিং, মৃদঙ্গবাদক।
মার্দ্দব, (মৃদু+ষ্ণ—ভাবে) সং, ক্লীং,পরের দুঃখ দেখিয়া যে মানসিক পীড়া জন্মায়। মৃদুত্ব, কোমলত্ব। পুং, বর্ণসঙ্কর জাতিবিশেষ। [মারিষ, মান্যব্যক্তি।
মার্য, (মৃষ্=ক্ষমাকরা+ঘঞ্-প্রঃ) সং,পুং,
মার্ষ্টি, (মৃজ্=পরিষ্কারকরা+ক্তি—ভা) সং, স্ত্রীং, মার্জ্জন, পরিষ্করণ। তৈলাদি ম্রক্ষণ, মাখা।
মাল, (মা=লক্ষ্মী—লা=গ্রহণকরা+ড-প্রং, কিম্বা মা=পরিমাণকরা+র—প্র, র স্থানে ল) সং, পুং, বিষ্ণু। মনুষ্য। অসভ্য জাতিবিশেষ। দেশবিশেষ। পুং—ক্লীং, উন্নত ক্ষেত্র। ক্লীং, কাপট্য, ছলনা, চাতুরী। বন, কানন।
মালক, (মালা+ক—প্রং। অ—লোপ) সং, পুং, নিম্ববৃক্ষ, নিমগাছ। ক্লীং, স্থলপদ্ম। নারিকেলের মালা। কা, লিকা—স্ত্রীং, মাল্য।
মালকোশ, সং, পুং, রাগবিশেষ, কৌশিকরাগ। [লাই চাকী।
মালচক্রক, সং, ক্লীং, উরুপর্ব্বসন্ধি, মা-
মালঞ্চ, (দেশজ) সং, পুষ্পোদ্যান, পুষ্পবাটিকা।
মালতী, (মাল=বিষ্ণু—অৎ=গমন করা +অল্, ঈপ্, কিম্বা মা=লক্ষ্মী বা শোভা —লত্=বেষ্টন করা+অল্—প্রং) সং, স্ত্রীং, স্বনামখ্যাত পুষ্পলতাবিশেষ, মালতীপুষ্প, জাতীলতা। নদীবিশেষ। ছন্দোবিশেষ। চন্দ্রিকা, জ্যোৎস্না। যুবতী। নিশা, রজনী। [জৈত্রী।
মালতীপত্রিকা, সং, স্ত্রীং, জাতীপত্রী,
মালতীমাধব, সং, পুং, ভবভূতিপ্রণীত নাটকবিশেষ।
মালয়, (মলয়=পর্ব্বতবিশেষ [এই স্থান হইতে এই কাষ্ঠ আনীত হয়] ষ্ণ—প্রং) সং,পুং,চন্দনবৃক্ষ। বিং,ত্রিং,মলয়সম্বন্ধীয়

মালব, সং, পুং, অবন্তিদেশ, মালোয়া। রাগবিশেষ। ষড়্রাগের অন্তর্গত প্রথম রাগ। [পাত্রবিশেষ।
মালসা, মাল্সা, (দেশজ) সং, মৃণ্ময়
মালা, (মা=দীপ্তি—লা=গ্রহণকরা+ড, আপ্) সং, স্ত্রীং, শ্রেণী, সার। মাল্য। ছন্দোবিশেষ। সমূহ। (দেশজ) সং, পাত্রবিশেষ, নারিকেলের খোল। বর্ণসঙ্করজাতিবিশেষ।
মালাকা, (মালা+ক—নিষ্প্রয়োজনার্থে) সং, স্ত্রীং, মালা, মাল্য।
মালাকর, (মালা=শ্রেণী—কর=যে করে) সং, পুং. বেত্র, বেত। (মালা=পুষ্পমালা —কর=যে করে) মালাকার, মালী।
মালাকার, (মালা—কার=যে করে, ২য়া —ষ) সং, পুং, জাতিবিশেষ, মালী। "তৈলিক্যাং কর্ম্মকারাচ্চ মালাকারস্য সম্ভবঃ"। বিং, ত্রিং, মাল্যকার।
মালাদূর্ব্বা, (মালা—দূর্ব্বা) সং, স্ত্রীং, দূর্ব্বাবিশেষ, গেঁটে দূর্ব্বা। [রাক্ষসপুত্র।
মালি, সং, পুং, রাক্ষসবিশেষ, সুকেশ-
মালিক, (মালা+ইক—প্রং) সং, পুং, মালাকার জাতি, মালী। পক্ষিবিশেষ। রঞ্জক। বিং, ত্রিং, মাল্যকার। কা—স্ত্রীং, মাল্য। সুরা, মদিরা। গ্রীবাভূষণ। মল্লিকা। নদীবিশেষ। [মলিনতা,ময়লা।
মালিন্য, (মলিন+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং,
মালী, (মালিন্, মালা+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, মালাকার, পুষ্পাজীব। বিং, ত্রিং, মালাযুক্ত। মাল্যকার। লিনী—স্ত্রীং,মন্দাকিনী,স্বর্গগঙ্গা। দুর্গা। নদীবিশেষ। চম্পানগরী, ভাগলপুরপ্রদেশ। অগ্নিশিখাবৃক্ষ। মাতৃকাভেদ। মালাকারপত্নী। পঞ্চদশাক্ষরপাদচ্ছন্দোবিশেষ ; যাহার ১ম ছয় ১০ম ও ১৩শ বর্ণ লঘু। দুরালভা।
মালু, (মল্=ধারণকরা+উ—সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, পত্রলতা। নারী।
মালুধান, (মালু=পত্র লতা—ধান=ধারণ)

সং, পুং, সর্পবিশেষ, মালুয়া সাপ। অষ্ট নাগের অন্তর্গত নাগবিশেষ। নী—স্ত্রীং, লতাবিশেষ।

মালূর, (মা=লক্ষ্মী—লা=গ্রহণকরা+ঊর—প্রং কিম্বা লূ=ছেদনকরা+র—প্রং) সং,পুং,বিল্ববৃক্ষ,বেলগাছ। কপিত্থবৃক্ষ, কয়েদ্‌ বেলেরগাছ। ক্লীং, শ্রীফল।

মালেয়া, সং,স্ত্রীং, স্থূল এলা, বড় এলাচ।

মালো, (মাল্লশব্দজ) সং, ধীবর, জেলিয়া।

মালোপমা, (মালা—উপমা) সং, স্ত্রীং, যেখানে এক উপমেয়ের বহু উপমান দেখা যায়।

মাল্য, (মালা+ষ্ণ্য—প্রং) সং,ক্লীং, পুষ্প। পুষ্পমালা। মালা। শিরোমালা।

মাল্যবান্‌, (মালাবৎ, মাল্য=মালাকারতা+বতু—অস্ত্যর্থে) সং, পুং, পর্ব্বতবিশেষ। রাক্ষসবিশেষ। বিং, ত্রিং, মালাবিশিষ্ট। হারযুক্ত। বতী-স্ত্রীং, নদীবিশেষ।

মাল্ল, (মল্ল+ষ্ণ—প্রং) সং, পুং, বর্ণসঙ্কর অসভ্যজাতি বিশেষ, মালে।

মাশব্দিক, (মা=নিষেধ—শব্দ=ধ্বনি, বাক্য+ষ্ণিক—কৃতার্থে) বিং, ত্রিং, নিষেধকর্ত্তা, প্রতিষেদ্ধা, নিবারক।

মাষ, মাস, (মষ্‌=বধকরা+ঘঞ্‌—নামার্থে) সং,পুং, ব্রীহিভেদ, মাষকলাই। স্বর্ণাদির পরিমাণবিশেষ, মাষা। মূর্খ। ত্বগ্‌দোষবিশেষ।

মাষক, (মাষ+ক—যোগ) সং, পুং, স্বর্ণাদির পরিমাণবিশেষ, পাঁচরতি।

মাষকলায়, সং, পুং, স্বনামপ্রসিদ্ধ শস্যবিশেষ।

মাষভক্তবলি, সং পুং, মাষকলায় মিশ্রিত ভক্ত্যোপহার। মাষ, দধি, এবং তণ্ডুলমিশ্রিত পূজোপহারবিশেষ।

মাষবর্দ্ধক, (মাষ=তৎপরিমিতস্বর্ণ—বর্দ্ধ্‌=ছেদনকরা+ণক—ক) সং, পুং, স্বর্ণকার, সেকরা।

মাষাদ, (মাষ=মাষকলায়—অদ=যে খায়) সং, পুং, কচ্ছপ, কাছিম। বিং, ত্রিং, মাষকলায়ভক্ষণকারী।

মাষীণ, মাষ্য, (মাষকলায়+ঈন, ষ্ণ্য—তৎক্ষেত্রার্থে) সং, ক্লীং, মাষক্ষেত্র, মাষকলায়ের ক্ষেত।

মাস্‌, (মা=দীপ্তি—অস্‌=হওয়া+ক্বিপ—প্রং) সং, পুং, চন্দ্র। মাস।

মাস, (মাস্‌=চন্দ্র+ষ্ণ্য—অয়মর্থে, চান্দ্রমাসের এই ব্যুৎপত্তি। সৌরমাস পক্ষে মস্‌=পরিমাণকরা+ঘঞ্‌—ণ) সং, পুং, শুক্ল কৃষ্ণ উভয় পক্ষাত্মক কাল, বৈশাখাদি দ্বাদশ। (মস্‌=পরিমাণকরা+ষ্ণ—প্রং) পরিমাণবিশেষ, মাষা।

মাসজ্ঞ, (মাস—জ্ঞ=যে জানে) সং, পুং, দাত্যূহপক্ষী। বিং, ত্রিং, মাসজ্ঞাতা।

মাসপ্রমিত, (মাস—প্রমিত=পরিমাণকৃত, যাহার দ্বারা মাস পরিমাণ করা যায়) সং, পুং, অমাবস্যা।

মাসমান, (মাস—মান=পরিমাণ) সং, পুং, সংবৎসর, বছর।

মাসর, (মস্‌=পরিমাণকরা+অর—প্রং। অ—া) সং, পুং, ভক্তসমুদ্ভব মণ্ড, ভাতের মাড়।

মাসবৃদ্ধি, (মাস—বৃদ্ধি, ৬ষ্ঠী—য) সং, স্ত্রীং, মলিম্লুচ, অধিমাস, মলমাস।

মাসান্ত, (মাস—অন্ত=শেষ, ৬ষ্ঠী—য) সং, পুং, অমাবস্যা। সংক্রান্তি দিবস।

মাসিক, (মাস+ষ্ণিক—নিরন্তরার্থে, দেয়ার্থে) বিং, ত্রিং, মাসে ২ কর্ত্তব্য বা দেয়। ক্লীং, প্রেতের সম্বৎসরাভ্যন্তরে প্রতিমাসীয় মৃতস্বজাতীয়তিথিকর্ত্তব্য শ্রাদ্ধ। প্রতিমাসকর্ত্তব্য কৃষ্ণ পক্ষনিমিত্তক শ্রাদ্ধ, অন্বাহার্য্য।

মাসী, (মাতৃষ্বসৃশব্দজ) সং, মাতার ভগিনী। [প্রং) সং, স্ত্রীং, শ্মশ্রু, দাড়ি।

মাসুরী, (মস্‌=পরিমাণকরা+উরন্‌—

মাস্তুল, (যবনভাষা) সং, রাজস্ব, কর।

মাস্তুল, (যবনভাষা) সং, জাহাজের উপরিস্থ উচ্চস্তম্ভ।

মাস্ম, (মা=নিষেধ+স্ম—যোগ) অং, নিষেধ,নিবারণ, বারণ।

মাহাত্ম্য, (মহাত্মন্+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, মহত্ত্ব, মহিমা। কীর্ত্তি, গৌরব।

মাহিন, (মহিন=রাজ্য—ষ্ণ—স্বার্থে) সং, ক্লীং, রাজ্য। আধিপত্য। পুণ্যক্ষেত্রদর্শনাদির ফল, যথা—গয়ামাহাত্ম্য, প্রয়াগমাহাত্ম্য ইত্যাদি। [মাসিক বেতন

মাহিনা, মাহিয়ানা, (যবনভাষা) সং,

মাহির, সং, পুং, ইন্দ্র, দেবরাজ।

মাহিষ, (মহিষ+ষ্ণ—ইদমর্থে) বিং, ত্রিং, মহিষসম্বন্ধীয় (দুগ্ধাদি)।

মাহিষিক, (মহিষী+ষ্ণিক—প্রং) সং, পুং, মহিষীপতি, ব্যভিচারিণীর স্বামী। যে ব্যক্তি ব্যভিচারোপার্জ্জিত স্ত্রীধনে আপনার জীবিকা নির্ব্বাহ করে। মহিষোপজীবী।

মাহিষ্মতী, সং, স্ত্রীং, শিশুপালের পুরী, নর্ম্মদানদীর তীরবর্ত্তী নগরবিশেষ। ইহার বর্ত্তমান নাম চুলিমহেশ্বর।

মাহিষ্য, (মহিষ+ষ্ণ্য—প্রং) সং, পুং, বর্ণসঙ্করজাতিবিশেষ, বৈশ্যার গর্ভে এবং ক্ষত্রিয়ের ঔরসে জাত জাতি।

মাহেন্দ্র, (মহেন্দ্র=ইন্দ্র+ষ্ণ—ইদমর্থে) বিং, ত্রিং, ইন্দ্রসম্বন্ধীয়। সং, পুং, শুভযোগবিশেষ। ন্দ্রী—স্ত্রীং, ইন্দ্রাণী। পূর্ব্বদিক্। গবী।

মাহেয়, (মহী=পৃথিবী+ষ্ণেয়—অপত্যার্থে সম্বন্ধার্থে) সং, পুং, মঙ্গলগ্রহ। প্রবাল। নরকাসুর। বিং,ত্রিং, মহীসম্বন্ধীয়, মৃণ্ময়। য়ী—স্ত্রীং, গবী।

মাহেশ্বর, (মহেশ্বর=শিব+ষ্ণ=সম্বন্ধার্থে) বিং, ত্রিং, মহেশ্বরসম্বন্ধীয়। সং, পুং, শিবোপাসক। রী—স্ত্রীং, দুর্গা। মাতৃবিশেষ। [বিশেষ।

মিছরী, মিসরী, (দেশজ) সং, গুড়বিকার-

মিছা, (মিথ্যাশব্দজ) বিং,অসত্য, অনৃত।

মিটন, (দেশজ) সং, নিষ্পাদন, থামান।

মিঠাই, (মিষ্টশব্দজ) সং, মিষ্টান্ন, মিষ্টদ্রব্য।

মিত, (মা=পরিমাণকরা কিম্বা মি=ক্ষেপণকরা + ক্ত—প্রং) বিং,ত্রিং, অল্প। পরিমিত। জ্ঞাত। নিক্ষিপ্ত। অনুমিত। সঞ্চিত। পরিচ্ছন্ন। শব্দিত।

মিতঙ্গম, (মিত=পরিমিত—গম্=গমন করা+খ—প্রং) সং, পুং, মা—স্ত্রীং, হস্তী, হস্তিনী। বিং, ত্রিং, মৃদুগামী, পরিমিতগামী।

মিতদ্রু, (মিত=যে [পৃথিবী] পরিমিত —দ্রু=গমনকরা+উ—প্রং) সং, পুং, সমুদ্র, জলধি।

মিতভাষী. (মিতভাষিন্, মিত—ভাষী =যে বলে) বিং, ত্রিং, যে ব্যক্তি অল্প কথা কয়।

মিতম্পচ, (মিত=পরিমিত—পচ=যে পাক করে) বিং, ত্রিং, ব্যয়কুণ্ঠ, কৃপণ। পরিমিত পাককর্ত্তা।

মিতব্যয়ী, (মিতব্যয়িন্, মিত=পরিমিতব্যয়ী=যে ব্যয় করে, ২য়া—ষ) বিং, ত্রিং, অল্পব্যয়ী।

মিতা, (মিত্রশব্দজ) সং, সুহৃৎ, সখা, বন্ধু।

মিতার্থ, (মিত—অর্থ=বোধ) সং, পুং, সংগুপ্তচার, পরিমিতভাষী কার্য্যনির্ব্বাহক দূত।

মিতাশন, (মিত=পরিমিত—অশন=যে ভোজন করে) বিং, ত্রিং, পরিমিতভোজী। অল্পাহারী।

মিতাক্ষরা, সং, স্ত্রীং, স্বনামপ্রসিদ্ধ স্মৃতিগ্রন্থবিশেষ। বঙ্গদেশ ভিন্ন ভারতবর্ষের সমস্ত প্রদেশেই এই গ্রন্থের মতানুসারে হিন্দুদিগের দায়ভাগ হইয়া থাকে।

মিতি, (মা=পরিমাণকরা+ক্তি—প্রং) সং, স্ত্রীং, মাণ, পরিমাণ। অবচ্ছেদ। পরিচ্ছেদ। জ্ঞান। (মি=ক্ষেপণকরা+ক্তি—ভা) ক্ষেপণ।

মিত্র, (মিদ্=স্নেহকরা+ত্র—প্রং, অথবা মী [গমনকরা] জানা+ইত্র—প্রং, যে সমস্ত বিষয় জানে) সং, ক্লীং, সুহৃদ, বন্ধু, সখা। পুং, সূর্য্য। ত্রা—স্ত্রীং, সুমি-

ত্র। বিশেষণ হইলে স্ত্রী-পুংলিঙ্গও হয়।
মিত্রতা—স্ত্রীং, মিত্রত্ব—ক্লীং, (মিত্র+তা, ত্ব—ভাবে) সং, সৌহার্দ্দ, বন্ধুত্ব। সন্ধি।
মিত্রয়ু, (মিত্র=বন্ধু—যা=পাওয়া+ডু—প্রং) বিং, ত্রিং, মিত্রবৎসল, মিত্রপ্রিয়। সং, পুং, লোকযাত্রিক। বন্ধু।
মিত্রাক্ষর—পদ্যবিশেষ, যে পদ্যের প্রতি চরণের অন্তে অভিন্ন বর্ণ থাকে।
মিথঃ, (মিথস্, মিথ্=বধকরা+অস্-প্রং) অং, অন্যোন্য, পরস্পর। গোপনে, রহঃ।
মিথি, সং,পুং, নিমিরাজপুত্র, জনকরাজ।
মিথিলা, (নিমির পুত্র মিথিরাজা স্বীয় এই নগরী নির্ম্মাণ করিয়াছিলেন বলিয়া মিথিলা নাম হইয়াছে) সং, স্ত্রীং, জনকরাজার পুরী, আধুনিক ত্রিহুত। "নিমেঃ পুত্রস্তু তত্রৈব মিথির্নাম মহান্ স্মৃতঃ। প্রথমং ভুজবলৈর্যেন তৈরহুতস্য পার্শ্বতঃ। নির্ম্মিতঃ স্বীয় নাম্না চ মিথিলাপুরমুত্তমং। পুরীজননসামর্থ্যাৎ জনকঃ স চ কীর্ত্তিতঃ"। ভবিষ্যপুরাণ।
মিথুন, (মিথ্=বধকরা+উন—প্রং) সং, ক্লীং, স্ত্রীপুরুষের যুগল, জোড়। পুং, মেষাদি দ্বাদশ রাশির অন্তর্গত তৃতীয় রাশি। স্ত্রীসংসর্গ। মিলন, সংযোগ।
মিথ্যা, (মিথ্=বধকরা, নিপাতন) অং, অসত্য, অলীক, মিছা। কাল্পনিক। বৃথা, নিরর্থক। কৃত্রিম।
মিথ্যাদৃষ্টি, (মিথ্যা=অসত্য—দৃষ্টি=দর্শন, জ্ঞান) সং, স্ত্রীং, যজ্ঞাদি সৎকর্ম্মানুষ্ঠানজনিত স্বর্গাদির সুখভোগ অস্বীকরণ। নাস্তিকতা। অসত্যদর্শন।
মিথ্যানিরসন, সং, ক্লীং, শপথ, দিব্য।
মিথ্যাভিশংসন, (মিথ্যা=অসত্য—অভিশংসন=অপবাদ) সং, ক্লীং, অভিশাপ, মিথ্যা দোষারোপ।
মিথ্যামতি, (মিথ্যা=অসত্য—মতি=বুদ্ধি) সং,স্ত্রীং, মিথ্যাজ্ঞান, ভ্রান্তি, অসত্যবুদ্ধি।
মিথ্যাবাদী, (মিথ্যাবাদিন্, মিথ্যা—বদ্=বলা+ণিন্—ক, পৌনঃপুন্যার্থে) বিং, ত্রিং, যে পুনঃ পুনঃ মিথ্যা বলে।
মিথ্যোত্তর, (মিথ্যা—উত্তর) সং, ক্লীং, চারি প্রকার উত্তরের অন্তর্গত উত্তরবিশেষ। [জড়তা।
মিদ্ধ, সং,ক্লীং, আলস্য। তন্দ্রা, নিদ্রালুতা।
মিম্মিন, বিং, ত্রিং, সানুনাসিক বাক্যবিশিষ্ট, খোনা।
মিমজ্জা, (মিমজ্জ [মস্জ্=ডুবা+সন্—ইচ্ছার্থে] মজ্জন করিতে ইচ্ছা করা+আপ্—ভা) সং, স্ত্রীং, অবগাহনেচ্ছা, মজ্জন করিতে ইচ্ছা।
মিমজ্জু, (মিমজ্জা দেখ, উ—ক) বিং, ত্রিং, অবগাহন করিতে ইচ্ছুক, মজ্জনেচ্ছু।
মিমন্থিষা, (মিমন্থিষ [মন্থ্=মন্থনকরা+সন্-ইচ্ছার্থে] মন্থন করিতে ইচ্ছাকরা+আপ্—ভা) সং, স্ত্রীং, মন্থন করিতে ইচ্ছা। হননেচ্ছা।
মিমন্থিষু, (মিমন্থিষা দেখ, উ—ক) বিং, ত্রিং, মন্থন করিতে ইচ্ছুক। আলোচনেচ্ছু, নষ্টকরণেচ্ছু, ধ্বংসেচ্ছু।
মিমিক্ষা, (মিহ্=সেচনকরা+সন্-ইচ্ছার্থে, আপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রী প্রস্রাব করণেচ্ছা, মূত্র ত্যাগেচ্ছা।
মিলন, (মিল্=সংলগ্ন হওয়া+অনট্—ভা) সং,ক্লীং, মিশ্রণ। সংযোগ। ঐক্য। সন্ধিকরণ। স্পর্শন। ঘটন। সাদৃশ্য, ঔপম্য। মিত্রাক্ষর। সাক্ষাৎ।
মিলিত, (মিলন দেখ, ক্ত—ক) বিং,ত্রিং, একত্রিত, শ্লিষ্ট, সংযুক্ত, মিশ্রিত। সম্বন্ধবিশিষ্ট। প্রাপ্ত।
মিলিন্দ, সং, পুং, ভ্রমর। [করণ।
মিশন, (মিশ্রণশব্দজ) সং, মিলন, একত্র-
মিশ্র, (মিশ্র্=মিশ্রিতকরা+অল্—প্রং) বিং, ত্রিং, মিলিত, সংযুক্ত। পুং, গজজাতিবিশেষ। উদগ্রাদি সপ্ত গণান্তর্গত সপ্তমগণ। উপাধিবিশেষ। মান্য,পূজ্য (শব্দের পরবর্ত্তী হইলে) শ্রেষ্ঠ।
মিশ্রক, (মিশ্র [পুষ্প ইত্যাদি] সংযুক্ত+

ক—প্রং) সং, ক্লীং, দেবোদ্যান, দেবতাদিগের উপবন। সঙ্গীতবিশেষ। বিং, ত্রিং, মিশ্রকারী।

মিশ্রকবন, (মিশ্রক=স্বর্গীয় উদ্যান—বন) সং, ক্লীং, ইন্দ্রের উপবন, নন্দনকানন। [মিলন, ঐক্য। সংযোজন।

মিশ্রণ, (মিশ্র দেখ, অনট্—ভা) সং, ক্লীং, মিশ্রপদার্থ—যে সমস্ত পদার্থ ভিন্ন ভিন্ন প্রকৃতির পরমাণুর যোগে উৎপন্ন হয়।

মিশ্রিত, (মিশ্র দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, মিলিত, সংযুক্ত, একত্রিত। তা—স্ত্রীং, মন্দাদি সপ্তপ্রকার সংক্রান্তির অন্তর্গত সংক্রান্তিবিশেষ।

মিশ্রেয়া, (মিশ্র=মিশ্রণ—ই=গমনকরা+য—প্রং) সং, স্ত্রীং, মধুরিকা, মৌরী। শতপুষ্পা, শলুকা।

মিষ, (মিষ্=স্পর্দ্ধাকরা+অল্—প্রং) সং, ক্লীং, ছল, কপটতা। ঈর্ষা। দর্শন। পুং, স্পর্দ্ধন, প্রতিযোগিতা। (মিষ্=সেচনকরা+ অল্—প্রং) সেচন।

মিষন্ (মিষধ, মিষ্=স্পর্দ্ধাকরা+শতৃ—প্রং) ধিপ্স্, বঞ্চক। অধীন। মুষিত।

মিষ্ট, (মিষ্=জলসেক করা+ক্ত—প্রং) বিং, ত্রিং, সুস্বাদ, সুমধুর। স্পর্দ্ধাযুক্ত। সময়োচিত। সিক্ত, আর্দ্র। সং, পুং, মধুর রস। [মাধুর্য্য, মধুরতা।

মিষ্টতা, (মিষ্ট+তা—ভাবে) সং, স্ত্রীং,

মিষ্টান্ন, (মিষ্ট—অন্ন=ভক্ষণীয় দ্রব্য) সং, ক্লীং, মধুরদ্রব্য, সুস্বাদুবস্তু, মিঠাই।

মিসরদেশ—আফ্রিকা মহাদেশের অন্তর্গত ইজিপ্ট দেশ।

মিসি, মিশি, মিষি, (মস্=পরিমাণ করা+ই—প্রং, অ=ই) সং, স্ত্রীং, মৌরী। নিরাশ্রয়। শতপুষ্পা। মধুরিকা। জটামাংসী। (দেশজ) দন্ত-শোধনার্থ দ্রব্যবিশেষ, মঞ্জম।

মিহিকা, (মিহ্=সেচনকরা+ণক, আপ্) সং, স্ত্রীং, নীহার, হিম, তুষার।

মিহির, (মিহ্[কিরণ] সেচনকরা+ইর প্রং) সং, পুং, সূর্য্য। অর্কবৃক্ষ। মেঘ। বায়ু। বৃদ্ধ। চন্দ্র। মুনিবিশেষ। বররুচিপুত্র। বিক্রমাদিত্যের নবরত্নান্তর্গত রত্নবিশেষ, বরাহমিহির।

মিহিরাণ, (মিহির=সূর্য্য—অন্=জীবিত থাকা+অল্—প্রং) সং, পুং, শিব, মহাদেব। [ত্রিং, মুত্রিত, কৃতপ্রস্রাব।

মীঢ়, (মিহ্=সেচনকরা+ক্ত—প্রং) বিং,

মীঢ়ুষ্টম, সং, পুং, মহাদেব, শিব। সূর্য্য। চৌর, তস্কর।

মীঢ়্বান্, (মীঢ়ুস্, মিহ্=সেচনকরা+বস্—প্রং) সং, পুং, শিব, মহাদেব।

মীন, (মী=বধকরা+ন—প্রং) সং, পুং, মৎস্য। রাশিবিশেষ। বিষ্ণুর অবতারবিশেষ।

মীনকেতন, (মীন=মৎস্য—কেতন=ধ্বজাচিহ্ন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মদন, কন্দর্প। সমুদ্র, জলধি।

মীনগোধিকা, (মীন=মৎস্য—গোধিকা=গোসাপ) সং, স্ত্রীং, জলাশয়, সরোবর।

মীনঘাতী, (মীনঘাতিন্, মীন=মৎস্য—হন্=বধকরা+ণিন্—ক) সং, পুং, বকপক্ষী। বিং, ত্রিং, মৎস্যঘাতক।

মীনধ্বজ, (মীন=মৎস্য—ধ্বজ=পতাকা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সমুদ্র। কন্দর্প।

মীনর, (মীন=মৎস্য—রা [গ্রহণকরা] আক্রমণকরা+ড—প্রং) সং, পুং, জলজন্তুবিশেষ, হাঙ্গর।

মীনরঙ্গ, (মীন=মৎস্য—রন্জ্ [অনুরক্ত হওয়া] বধকরা+ঘঞ্—প্রং) সং, পুং, মাছরাঙ্গা পাখী।

মীনাক্ষী, (মীন=মৎস্য—অক্ষি=চক্ষুঃ, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, কুবেরের কন্যা। গণ্ডদূর্ব্বা।

মীনাণ্ডী, (মীন=মৎস্য—অণ্ড=ডিম্ব, মৎস্যের অণ্ডের ন্যায় বলিয়া) সং, স্ত্রীং, শর্করা, চিনি।

মীনাঘাতী, (মীনাঘাতিন্, মীন=মৎস্য—আঘাতী=যে বধকরে) সং, পুং, বক-

পক্ষী। জেলে।
মীনাঘ্রীণ, (মীন=মৎস্য—আঘ্র=আঘ্রা-ঈন—প্রং) সং, পুং, খঞ্জনপক্ষী। দর্দ্দুরাঘ্র। [সং, পুং, সমুদ্র
মীনালয়, (মীন=মৎস্য-আলয়=বাসস্থান
মীমাংসক, (মান্=বিচারকরা+সন্, ণ—ক, কিম্বা মীমাংসা+ক—জ্ঞাতার্থে সং, পুং, মীমাংসা-শাস্ত্রবেত্তা। নিষ্পত্তিকারক।
মীমাংসা, (মীমাংসক দেখ, সন্, আপ্—ভা) সং, স্ত্রীং, ষড়দর্শনের অন্তর্গত জৈমিনিমুনি প্রণীত দর্শনশাস্ত্র। সিদ্ধান্ত নিষ্পত্তি, পূর্ব্বাপর বিরোধ পরিহার।
মীর, (মি=ক্ষেপণকরা+র—সংজ্ঞার্থে ই=ঈ) সং, পুং, সমুদ্র। পর্ব্বতের একদেশ। সীমা। পানীয়।
মীল, সং, ক্লীং, বন, কানন।
মীলন, (মীল্=চক্ষুমুদ্রিত হওয়া+অনট—ভা) সং, ক্লীং, চক্ষুমুদ্রিতকরণ পক্ষাবরণ, সঙ্কোচন।
মীলিত, (মীলন দেখ, ক্ত—ক) বিং, ত্রিং অপ্রফুল,মুদিত, অবিকাসিত, সঙ্কুচিত।
মীবর, (মী=বধকরা+বর-প্রং) বিং,ত্রিং, হিংস্র, হিংসক। পূজ্য। সেনানী।
মীবন্, (মীবন্, মী=গমনকরা+বন্—সংজ্ঞার্থে) সং, পুং, বায়ু।
মীবা, (মী=বধকরা+বা—সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, উদর কৃমি। শীকর। সার।
মু, (মূ=বন্ধনকরা+ক্বিপ্—প্রং, অথবা মুচ=মোচনকরা+ড—প্রং) সং, পুং, বন্ধন। মহেশ্বর। পিঙ্গলবর্ণ। পিণ্ড। মুক্তি।
মুকন্দক, } সং,পুং, পলাণ্ডু, পেঁয়াজ।
মুকুন্দক, }
মুকু, (মুচ=মোচনকরা+কু—প্রং) সং, স্ত্রীং, মুক্তি, মোক্ষ। উৎসর্গ। শিব।
মুকুট, (মনক=ভূষিতকরা+উট—প্রং, নিপাতন) সং, ক্লীং, কিরীট, শিরোভূষণ। টী—স্ত্রীং, আঙুল মটকান।
মুকুন্দ, (মুকু=মোক্ষ, মুক্তি—দ=যে দান করে) সং, পুং, মুক্তিদাতা, বিষ্ণু "মুকুমব্যয়মাস্তঞ্চ নির্ব্বাণমোক্ষবাচকং তদ্দদাতি চ যো দেবো মুকুন্দস্তেন কীর্ত্তিতঃ॥ মুকুং ভক্তিরসপ্রেমবচনং বেদসম্মতং। য স্তদ্দদাতি বিপ্রেভ্যো মুকুন্দস্তেন কীর্ত্তিতঃ"॥ কুবেরের নিধিবিশেষ। পারদ, পারা।
মুকুম্, (মনক্=ভূষিত করা+উম্—প্রং অং, নির্ব্বাণ, মুক্তি।
মুকুর, (মনক্=ভূষিত করা+উর—প্রং নিপাতন) সং, পুং, দর্পণ, আর্শি। বকুলবৃক্ষ। মুকুল। কুলালদণ্ড। মল্লিকা পুষ্পবৃক্ষ। কুলগাছ।
মুকুল, (মুচ্=[পুষ্পাদি] মোচনকরা+উল—প্রং, চ=ক) সং, পুং—ক্লীং, কলিকা, কুঁড়ি। শরীর, দেহ। আত্মা।
মুকুলিত, (মুকুল+ইত—প্রং) বিং, ত্রিং, কলিকাসম্পন্ন, জাতমুকুল। মুদ্রিত, অবিকশিত। ঈষৎ বিকশিত।
মুকুষ্ট, } সং, পুং, বনমুদ্গ, মুগানি।
মুকুষ্টক, }
মুক্ত, (মুচ=মোচনকরা+ক্ত—র্ম্ম) বিং ত্রিং, মোক্ষপ্রাপ্ত। বিস্পষ্ট। পরিত্যক্ত বিরত। উদ্ধৃত। উন্মুক্ত। নিন্দিত নির্ম্মল। [বর্শা, বল্লম ইত্যাদি
মুক্তক, সং, ক্লীং, ক্ষেপনীয় অস্ত্রবিশেষ
মুক্তকঞ্চুক, (মুক্ত—কঞ্চুক=সাপের খোলস, ওয়া—হিং) সং, পুং, নির্ম্মুক্ত খোলস ছাড়া সর্প।
মুক্তকচ্ছ, সং, পুং, বুদ্ধমতাবলম্বী।
মুক্তকণ্ঠ, ক্রিং—বিং, উচ্চৈঃস্বরে, গল ছাড়িয়া দেওয়া।
মুক্তচক্ষুঃ, (মুক্তচক্ষুস্,মুক্ত—চক্ষুস্=নয়ন বিং,ত্রিং, উন্মীলিতনয়ন। সং,পুং,সিংহ
মুক্তসঙ্গ, (মুক্ত—সঙ্গ=আসক্তি) বিং, ত্রিং বিষয়াসক্তিবিবর্জ্জিত, বিষয়সঙ্গত্যাগী সং, পুং, পরিব্রাজক।
মুক্তহস্ত, (মুক্ত—দানের নিমিত্ত প্রস

রিত—হস্ত, ৩য়া—হিং) বিং, ত্রিং, দানশীল, দাতা, বদান্য।

মুক্তা, (মুক্ত দেখ+আ—প্রং) সং, স্ত্রীং, মৌক্তিক, মোতী। পুংশ্চলী। গণিকা, অসতী নারী।

মুক্তাকলাপ, মুক্তাপ্রালম্ব, (মুক্তা—কলাপ =সমূহ, ভূষণ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মুক্তার মালা। "মুক্তাকলাপীকৃতসিন্ধুবারং" কুমার।

মুক্তাগার—ক্লীং, } (মুক্তা—আগার
মুক্তাপ্রসূ—স্ত্রীং, } =নিবাসস্থান।
মুক্তা—প্রসূ=জননী, ৬ষ্ঠী—ষ) সং, যে শুক্তিতে মুক্তা উৎপন্ন হয়।

মুক্তাফল, (মুক্তা—ফল, রং—স) সং, ক্লীং, মৌক্তিক, মুক্তা। "করীন্দ্র জীমূত বরাহ শঙ্খ মৎস্যাদি শুক্ত্যুদ্ভবেণুজানি। মুক্তাফলানি প্রথিতানি লোকে তেষাস্তু শুক্ত্যুদ্ভবমেব ভূরি"। "মুক্তাফলং বা স্ফুট বিদ্রুমস্থং" কুমার। কর্পূর।

মুক্তালতা, মুক্তাবলী, (মুক্তা—লতা, আবলী=শ্রেণী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, মুক্তারমালা, মুক্তার হার।

মুক্তাস্ফোট, (মুক্তা—স্ফুট্=ভেদ করা +ঘঞ্—প্রং) সং, পুং, টা—স্ত্রীং, শুক্তি, ঝিনুক।

মুক্তি, (মুচ্=মোচনকরা+ক্তি—ভা) সং, স্ত্রীং, চিরসুখপ্রাপ্তি, অত্যন্ত দুঃখ নিবৃত্তি, অপবর্গ, মোক্ষ। মোচন। পরিত্রাণ।

মুখ, (খন্=খননকরা+ড—প্রং, মু—আগম) সং, ক্লীং, আনন, বদন। (প্রজাসৃজা যতঃখাতং তস্মাদাহুর্মুখং বুধা) গৃহাদির দ্বার, দরজা। আরম্ভ। অগ্রভাগ। উপায়। নাটকাদির সন্ধিবিশেষ। শব্দ। বিং, ত্রিং, আদিম, আদ্য। প্রধান, শ্রেষ্ঠ।

মুখগন্ধক, } (মুখ—গন্ধক=গন্ধ। মুখ
মুখদূষণ, } —দূষণ=দোষ) সং, পুং, পলাণ্ডু, পেঁয়াজ। পলাণ্ডু ভক্ষণ করিলে মুখে অত্যন্ত দুর্গন্ধ হয় বলিয়া ইহাকে মুখদূষণ বলা যায়।

মুখঘণ্টা, সং, স্ত্রীং, বিবাহাদি মঙ্গলসময়ে হুলু হুলু ধ্বনি। [জিহ্বা।

মুখচীরী, (মুখ—চীরী) সং, স্ত্রীং, রসনা,

মুখচোরা, (দেশজ) সং, লজ্জাশীল, লাজুক, সলজ্জ।

মুখজ, (মুখ—জ=যে জন্মে, ৫মী—ষ) সং, পুং, ব্রাহ্মণ, ব্রহ্মার মুখজাত বর্ণ। দন্ত। বিং, ত্রিং; বদন হইতে উৎপন্ন।

মুখনিরীক্ষক, (মুখ—নিরীক্ষক=যে নিরীক্ষণ করে) সং, পুং, অলস ব্যক্তি। মুখদর্শী। পক্ষপাতী, অযথার্থদর্শী।

মুখপূরণ, (মুখ—পূরণ=পূর্ণ হওয়া) সং, ক্লীং, গণ্ডূষ, এককোষ। বিং, ত্রিং, গ্রাস।

মুখবন্ধ, সং, পুং, গ্রন্থাদি রচনার পূর্ব্বে প্রকৃত বিষয় ঘটিত অন্যান্য বিষয়ের উল্লেখ, প্রস্তাবনা। [তাম্বুল, পান।

মুখভূষণ, (মুখ—ভূষণ=আভরণ) সং, ক্লীং,

মুখযন্ত্রণ, (মুখ—যন্ত্রণ=বন্ধন) সং, ক্লীং, কবিকা, মুখবন্ধন, লাগাম।

মুখর, (মুখ=মুখনির্গত বাক্য+র—অস্ত্যর্থে, কিম্বা রা=গ্রহণকরা+ড—প্রং) বিং, ত্রিং, নিরন্তরভাষী, অতিশয় বক্তা, বাচাল। অপ্রিয়বাদী। অগ্রভাষী, যে অগ্রে কথা বলে। শব্দায়মান। সং, পুং, শঙ্খ। কাক।

মুখরিত, (মুখর+ইত—প্রং) বিং, ত্রিং, শব্দায়মান, ধ্বনিত। [শূকর।

মুখলাঙ্গল (মুখ—লাঙ্গল) সং, পুং, বরাহ,

মুখবাসন, (মুখ—বাসন=সুগন্ধিকরণ) সং, পুং, মুখসদ্গন্ধকারক দ্রব্য, আমোদী, কর্পূরাদি।

মুখবিলুণ্ঠিকা, সং, স্ত্রীং, অজা, ছাগী।

মুখবিষ্ঠা, (মুখ—বিষ্ঠা=মল) সং, স্ত্রীং, তৈলপায়িকা, তেলাপোকা, আরশুলা।

মুখশফ, মুখক্ষীল, (মুখ—শফ=খুর) বিং, ত্রিং, দুর্ম্মুখ, কটুবাদী, যে কটুবাক্য

উচ্চারণ করে।
মুখসম্ভব, (মুখ [ব্রহ্মার] আনন—সম্ভব =জাত) সং, পুং, ব্রাহ্মণ, ব্রহ্মার মুখজাত বর্ণ।
মুখসিদ্ধ, সং. পুং, অশ্ববিশেষ।
মুখসুর, (মুখ—সুরা=মদ্য) সং, ক্লীং, তালসুরা, তাড়ী।
মুখস্রাব, (মুখ—স্রু=ক্ষরিতহওয়া+ঘঞ্—প্রং) সং, পুং, মুখামৃত, লালা, থুথু।
মুখাগ্নি, (মুখ=বদন বা প্রধান—অগ্নি =আগুণ) সং, পুং, দাবানল। ব্রাহ্মণ। শবমুখে দত্ত অগ্নি, শবাগ্নি। [কাঁকড়া।
মুখাস্ত্র, (মুখ-অস্ত্র ৬ষ্ঠী-হিং) সং,পুং,কর্কট,
মুখোল্কা, (মুখ—উল্কা=অগ্নিশিখা) সং, স্ত্রীং, দাবানল।
মুখ্য, (মুখ=প্রধান+ষ্য—ইবার্থে) বিং, ত্রিং, প্রধান, শ্রেষ্ঠ। প্রথম। আদিম, আদ্য। [কলাই।
মুগ, (মুদ্গ শব্দজ) সং, শস্যবিশেষ,
মুগুর, (মুদ্গর শব্দজ) সং, গদা, যষ্টি। ব্যায়ামার্থ ব্যবহৃত কাষ্ঠনির্ম্মিত দ্রব্যবিশেষ।
মুগ্ধ, (মুহ্=অচৈতন্য হওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, মূঢ, মূর্খ। সুন্দর, রম্য, মনোহর। নূতন। বিমোহিত। গ্ধা—স্ত্রীং, সরলস্বভাবা নবযৌবনা নায়িকা। নবোঢ়া, মোহিতা, বিহ্বলা।
মুগ্ধবোধ,(মুগ্ধ—বোধি=বুঝান+ঘঞ্—প্রং) সং, ক্লীং, বোপদেবপ্রণীত ব্যাকরণ বিশেষ।
মুচির, (মুচ্ [মোচন করা] ধনাংশ করা+ইর—ক, শীলার্থে) বিং, ত্রিং, দানশীল, বদান্য। সং, পুং, ধর্ম্ম। বায়ু। দেবতা।
মুচী, (দেশজ) সং, চর্ম্মকার, চামার।
মুচুকুন্দ, (মুচু [মুচ্+উ—প্রং]—কুন্দ) সং, পুং, পুষ্পবৃক্ষবিশেষ। মান্ধাতা রাজার পুত্র। মুচ্কুন্দ শব্দও হয়।
মুচুটী, সং, স্ত্রীং, অঙ্গুলিমোটন, আঙ্গুল মট্কান। মুষ্টি, মুঠা।
মুচ্ড়ন, (দেশজ) সং, ঈষৎ ভাঙ্গন, অল্প ভগ্ন হওন। [তৃণবিশেষ, শর।
মুঞ্জ, (মুঞ্জ্=শব্দকরা+অল্—প্রং) সং,
মুঞ্জকেশী, (মুঞ্জকেশিন্, মুঞ্জ=শর, তৃণ—কেশ=চুল+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, বিষ্ণু, নারায়ণ।
মুঞ্জরণ, (মঞ্জর শব্দজ) সং, নবপল্লবোদ্গম, কলিকোদ্গম, গজান।
মুঞ্জাতক, সং, পুং, বৃক্ষবিশেষ।
মুটে, (দেশজ) সং, ভারবাহক, ভারী।
মুঠা, মুঠি, (মুষ্টি শব্দজ) সং, কুঞ্চিতকরতল। খড়্গাদির বাঁট।
মুড়্কী, (দেশজ) সং, খাদ্যদ্রব্যবিশেষ, গুড় মিশ্রিত খৈ।
মুড়ন, (মুণ্ডন শব্দজ) সং, কেশকর্ত্তন, কামান, বৃক্ষাদির শাখাচ্ছেদন।
মুড়ী, (দেশজ) সং, ছাগাদির ছিন্নমস্তক, ভৃষ্টতণ্ডুল, ভাজা চাউল।
মুণ্ড, (মুণ্ড্=ছেদনকরা+অল্—নামার্থে সং, পুং-ক্লীং,শিরঃ, মস্তক। পুং, দৈত্যবিশেষ। স্থানুবৃক্ষ। রাহুগ্রহ। নাপিত। ক্লীং, মুণ্ডায়স। বিং, ত্রিং, মুণ্ডিত।
মুণ্ডক, (মুণ্ড্=মুণ্ডনকরা, মুড়াকরা+ণক—ক। অথবা মুণ্ড+ক—নিষ্প্রয়োজনার্থে) সং, ক্লীং, মস্তক, শিরঃ। পুং, নাপিত। [ক্লীং, মাথা মুড়ন, কামান।
মুণ্ডন, (মুণ্ড দেখ+অনট্—ভা) সং
মুণ্ডায়স, (মুণ্ড—অয়স্=লৌহ) সং ক্লীং, লৌহ, লোহা। [বাপিত, মুড়ান
মুণ্ডিত, (মুণ্ড দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং
মুণ্ডী, (মুণ্ডিন্, মুণ্ডি=মুণ্ডনকরান+ইন—ক) সং, পুং, মুণ্ডনকারী, নাপিত (দেশজ) গোলাকৃতি ক্ষুদ্র সন্দেশবিশে
মুদ্, মুদা, (মুদ্=হৃষ্টহওয়া+ক্বিপ্, আ—ভা) সং, স্ত্রীং, প্রীতি, হর্ষ, সন্তোষ আনন্দ। ভার্য্যা।
মুদিত, (মুদ্ দেখ+ক্ত—ক) বিং, ত্রিং প্রীত, হৃষ্ট, আহ্লাদিত, আনন্দযুক্ত

মুদির, (মুদ্ দেখ+ইর—নামার্থে) সং, পুং, মেঘ, জলদ। ভেক। বিং, ত্রিং, কামুক, লম্পট। [দ্রব্যব্যবসায়ী।
মুদী, (দেশজ) সং, দোকানী, নানা
মুদ্গ, (মুদ্ দেখ+গ—প্রং) সং, পুং, শস্যবিশেষ, মুগকলাই। জলবায়স, পানিকৌড়ি।
মুদ্গভুক্, } (—জ্—জিন্, মুদ্গ= মুদ্গভোজী, } মুগকলাই-ভুজ, ভোজিন্=যে খায়) সং, পুং, অশ্ব, ঘোটক।
মুদ্গর, (মুদ্=হর্ষ—গৃ=ভক্ষণকরা+অল্ প্রং) সং, পুং, যষ্টিবিশেষ, গদা, মুগুর। ক্লীং, কাঠমল্লিকা ফুল।
মুদ্গল, (মদ্গর দেখ, র=ল) সং, পুং, গোত্রপ্রবর্ত্তক মুনিবিশেষ। হর্য্যশ্ব রাজারপুত্র। ক্লীং, তৃণবিশেষ,রোহিসতৃণ।
মুদ্গষ্ট, মুদ্গষ্টক, (মুদ্গ=মুগকলাই—স্তক্ =প্রতীঘাত করা+ড, অল্—প্রং) সং, পুং, বনমুদ্গ, বন্যমুগ।
মুদ্গাষ্ঠ, মুদ্গাষ্ঠক, (মুদ্গ=মুগকলাই—স্থা [থাকা] তুলনা করা+ড—প্রং। ক —যোগে মুদ্গাষ্ঠক) সং, পুং, বন্যমুগ।
মুদ্রণ, (মুদ্রা=মুদ্রিতকরা+ণিচ্+অনট্— ভা) সং, ক্লীং, ণা—স্ত্রীং, মুদ্রিতকরণ। নিয়মন।
মুদ্রা, (মুদ্ [ইহার দ্বারা] হৃষ্ট হওয়া+ র—প্রং) সং, স্ত্রীং, প্রত্যয়কারক নামাঙ্কিত মোহর। অঙ্গুলিমুদ্রা, হাতের আংটী। স্বর্ণ রৌপ্যাদি মুদ্রিকা, মোহর টাকা, পয়সা ইত্যাদি। পঞ্চপ্রকার লিপির অন্তর্ভূ্ত লিপিবিশেষ, ছাপার অক্ষর। পঞ্চমকারের অন্তর্গত ভ্রষ্টদ্রব্যবিশেষ। শরীরে ধার্য্য ভগবন্নামাদি চিহ্ন ছাপ। অঙ্গুলির ভঙ্গিমাবিশেষ।
মুদ্রাঙ্কিত, (মুদ্রা—অঙ্কিত=চিহ্নিত, ৩য়া —ষ) বিং, ত্রিং, মুদ্রাচিহ্নিত, ছাপা। মোহরকরা। [স্তকাদি ছাপিবার কল।
মুদ্রাযন্ত্র, সং, ক্লীং, মুদ্রাকরণের যন্ত্র, পু-
মুদ্রিকা, (মুদ্রা+ক—প্রং) সং, স্ত্রীং, স্বর্ণরৌপ্যাদি নির্ম্মিত মুদ্রা,ছাপা পয়সা মোহর প্রভৃতি।
মুদ্রিত, (মুদ্রা+ইত—প্রং) বিং, ত্রিং, সঙ্কুচিত, [অবিকশিত, নিমীলিত। মুদ্রা-চিহ্নিত।
মুধা, (মুহ্=অচৈতন্যহওয়া+আ—প্রং, হ=ধ) অং, বৃথা, ব্যর্থক, নিষ্ফল।
মুনি, (মন্=জানা+ই—প্রং, অ স্থানে উ। যিনি ধর্ম্মশাস্ত্রাদি জানেন) সং, পুং, ঋষি, তপস্বী। জ্ঞানী। "দুঃখেষনুদ্বিগ্নমনাঃ সুখেষু বিগতস্পৃহঃ বীতরাগভয়ক্রোধঃ স্থিরধীর্মুনিরুচ্যতে" ॥
মুনিদ্রুম, (মুনি=অগস্ত্য—দ্রুম=বৃক্ষ) সং, পুং, বকপুষ্পবৃক্ষ, শ্যোনাকবৃক্ষ।
মুনিপিত্তল, (মুনি=তপস্বী—পিত্তল) সং, ক্লীং, তাম্র, তাঁবা।
মুনিপুঙ্গব, (মুনি—পুঙ্গব [বৃষভ] শ্রেষ্ঠ, ৭ং—স) সং, পুং, মুনিশ্রেষ্ঠ।
মুনিপুত্রক, (মুনি=ঋষি—পুত্র=বালক +ক—তুলনার্থে) সং, পুং, খঞ্জন পক্ষী।
মুনিভেষজ, (মুনি=ঋষি—ভেষজ=ঔষধ) সং, ক্লীং, হরিতকী। লঙ্ঘন। অগস্ত্য।
মুনীন্দ্র, (মুনি—ইন্দ্র [দেবরাজ] শ্রেষ্ঠ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বুদ্ধদেব। ঋষিশ্রেষ্ঠ।
মুমুক্ষু, (মুচ্=ত্যাগকরা+সন্—ইচ্ছার্থে, উ—ক) বিং, ত্রিং, মুক্তি করিতে ইচ্ছুক। সং, পুং, যতি, ভিক্ষু।
মুমুচান, (মুচ্=মোচনকরা+কান— প্রং) সং, পুং, মেঘ। বিং, ত্রিং, মুক্ত।
মুমূর্ষু, (মৃ=মরা+সন্—ইচ্ছার্থে, উ— ক) বিং, ত্রিং, আসন্নমৃত্যু, মৃতপ্রায়। মরিতে অভিলাষী।
মুর, (মুর্=বেষ্টনকরা+অল্—নামার্থে) সং, পুং, দৈত্যবিশেষ। বৃতি, বেষ্টন। রা—স্ত্রীং, গন্ধদ্রব্যবিশেষ। নন্দরাজার দাসী-বিশেষ।
মুরজ, (মুর [কাষ্ঠাদির] বেষ্টন—জ= যে জন্মে,৩য়া—ষ) সং, পুং, জা—স্ত্রীং, মৃদঙ্গ। জা—স্ত্রীং, কুবেরের পত্নী।

মুরজফল, সং, পুং, পনশবৃক্ষ, কাঁঠাল গাছ। [নদী।

মুরন্দলা, সং, স্ত্রীং, নদীবিশেষ, নর্ম্মদা।

মুরমর্দ্দন, (মুর=দৈত্যবিশেষ—মর্দ্দন=যে বধ করে, ২য়া—ষ) সং,পুং, শ্রীকৃষ্ণ,

মুররিপু, (মুর=স্বনামখ্যাত দৈত্যবিশেষ—রিপু=শত্রু, ৬ষ্ঠী—ষ) সং,পুং, শ্রীকৃষ্ণ, বিষ্ণু।

মুরলা, (মুর=বেষ্টন—লা=গ্রহণ করা+ড, আপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, কেরলদেশের নদীবিশেষ।

মুরলী, (মুর=বেষ্টন—লা=গ্রহণকরা+ড, ঈপ্—প্রং) সং, স্ত্রীং, বংশী, বাঁশী। কেরলদেশের নদী-বিশেষ।

মুরলীধর, (মুরলী—ধর=যে ধরে, ২য়া—ষ) সং, পুং, শ্রীকৃষ্ণ, বংশীধারী।

মুরহা, (মুরহন্, মুর=দৈত্যবিশেষ—হন্=যে বধ করে, ২য়া—ষ) সং, পুং, শ্রীকৃষ্ণ, বিষ্ণু।

মুরারি, (মুর=দৈত্য ইত্যাদি—অরি=শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কৃষ্ণ। "মুর ক্লেশে চ সন্তাপে কর্ম্মভোগে চ কর্ম্মণাম্। দৈত্যভেদেঽপ্যরিস্তেষাং মুরারিস্তেন কীর্ত্তিতঃ"

মুর্ভিণী, সং,স্ত্রীং,অঙ্গারধানিকা, আঙ্গটা।

মুর্ম্মুর, সং, পুং, তুষাগ্নি, তুষের আগুন। কামদেব। সূর্য্যের অশ্ব। [শেষ।

মুলতান, সং, দেশ-বিশেষ রাগিণীবি-

মুশলী, মুষলী, মুসলী, সং, স্ত্রীং, পল্লী তালমূলী। গোধিকা, টিকটিকী।

মুষল—শ, স, সং, পুং—ক্লীং, অয়োগ্র কাষ্ঠখণ্ড,ঢেঁকীর মোনা প্রভৃতি। মুদ্গর।

মুষলামুষলী, (মুষল—মুষল, ই—প্রং, মুষল দ্বারা ২প্রহার করিয়া যে যুদ্ধ করাযায়) অং, গদা-যুদ্ধ, লাঠালাঠি।

মুষলী, (মুষলিন্, মুষল+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, বলরাম, বলরামের মুষল অস্ত্র বলিয়া ইঁহার নাম মুষলী হইয়াছে।

মুষল্য—স, (মুষল+ষ্যু—প্রং) বিং, ত্রিং, মুষলেরদ্বারা বধ্য।

মুষা, (মুষ্=চুরিকরা+ঙ—প্রং) সং, স্ত্রীং, ধাতুদ্রব্য গলাইবার পাত্র, মুচী।

মুষিত, মুষ্ট, (মুষ্=চুরিকরা+ক্ত—ম্ম) বিং, ত্রিং, অপহৃত, চোরিত। বঞ্চিত।

মুষ্ক, (মুষ্[রেতঃ, বীর্য্য] চুরিকরা+ক—প্রং) সং, পুং, অণ্ডকোষ। তস্কর। মোক্ষকবৃক্ষ। মাংসল। সংহাত।

মুষ্কর, (মুষ্ক+র—প্রং) সং, পুং, প্রলম্বাণ্ড, লম্বমান অণ্ডকোষ।

মুষ্টি, (মুষ্—চুরিকরা+ক্তি—প্রং) সং, পুং—স্ত্রীং, কুঞ্চিতপাণি, মুঠা। মেরু, খড়্গাদির বাট। পরিমাণ-বিশেষ, ছটাক, চারিতোলা। পলপরিমাণ। কীল, ঘুষি। স্ত্রীং, মোষণ।

মুষ্টিক, (মুষ্টি=মোষণ+কৃ=করা+ড—প্রং) সং, পুং, কংসরাজের মল্লবিশেষ। স্বর্ণকার, সেকরা।

মুষ্টিকান্তক, (মুষ্টিক—অন্তক=বিনাশকারী) সং, পুং, বলরাম। প্রথিত আছে যে বলরাম কংশরাজের মল্ল মুষ্টিককে বিনাশ করিয়াছিলেন।

মুষ্টিন্ধয়, (মুষ্টি=মুঠা—ধে[স্তন্য] পানকরা+খশ্—প্রং) সং, পুং, বালক, শিশু।

মুষ্টিমেয়, (মুষ্টি—মেয়=পরিমেয়) বিং, ত্রিং, মুষ্টিদ্বারা পরিমেয়, অল্পপরিমাণ, অল্পসঙ্খ্যক।

মুষ্টীমুষ্টি, মুষ্টামুষ্টী, (মুষ্টি—মুষ্টি, মুষ্টি দ্বারা প্রহার করিয়া যে যুদ্ধ করা হয় ১মা—হিং) অং, কীলাকীলি, ঘুষোঘুষি।

মুস্ত—পুং,
মুস্তা—স্ত্রীং,
মুস্তক—পুং, ক্লীং,
(মুস্ত্—সংহত হওয়া+অন্, ক—প্রং,) সং, মূল-বিশেষ, মুতো। (ষ) সং, পুং, শূকর, বরাহ।

মুস্তাদ, (মুস্ত—আদ=যে খায়, ২য়া—

মুস্তাভ, (মুস্তা—ভা=দীপ্তিপাওয়া+ড—প্রং) সং, ক্লীং, মুস্তক-বিশেষ, নাগরমুতো।

মুস্ত, (মুস্=ছেদন করা+তু—প্রং) সং, পুং, মুষ্টি, মুঠা।

মুস্র, (মুস্=ছেদন করা+র—প্রং) সং, ক্লীং, মুষল।

মুহির, (মুহ্=মুগ্ধ হওয়া+ইর্-সংজ্ঞার্থে) সং, পুং, কামদেব, মদন। মূর্খ, অপণ্ডিত। প্রেম, প্রণয়।

মুহুঃ, (মুহুস্, মুহ্=মুগ্ধ হওয়া+উস্—প্রং) অং, পুনঃপুনঃ,বারম্বার। অত্যন্ত, অতিশয়। সদ্যঃ, তৎক্ষণাৎ।

মুহূর্ত্ত, (হুর্চ্ছ্=বক্র হওয়া+ক্ত—প্রং; মু—আগম) সং, পুং—ক্লীং, দ্বাদশক্ষণ পরিমিত কাল। ঘটিকাদ্বয়। দিবসের পঞ্চদশ ভাগের একভাগ, আটচল্লিস মিনিট। একঘণ্টা আটচল্লিস মিনিট। পুং, জ্যোতিঃশাস্ত্রবেত্তা, জ্যোতির্বিজ্ঞ।

মুহের, (মুহ্=মুগ্ধ হওয়া+এর—প্রং) সং, পুং, মূর্খ। [বন্ধন। মূর্চ্ছা।

মূ, (মূ=বন্ধনকরা+ক্বিপ্—ভা)সং, স্ত্রীং,

মূক, (মূ=বন্ধনকরা+ক—প্রং) বিং, ত্রিং, বাক্‌শক্তি-রহিত, বোবা। দীন, দরিদ্র। সং, পুং, দৈত্যবিশেষ। মৎস্য।

মূঢ়, (মুহ=মুগ্ধহওয়া+ক্ত—ক) বিং,ত্রিং, মূর্খ, অজ্ঞান, নির্বিবেক। অসভ্য। অনভিজ্ঞ। বালক। ভ্রান্ত। অব্যাপৃত। অলস, জড়। তন্দ্রাযুক্ত।

মূঢ়গর্ভ, (মূঢ়—গর্ভ=গর্ভস্থশিশু) সং, পুং, মৃতভ্রূণ, মৃত-গর্ভস্থশিশু। অলক্ষণ শিশু-সন্তানের জন্ম। [বদ্ধ।

মূত, (মূ=বন্ধনকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং,

মূত্র, (মূত্র্=প্রস্রাব করা+ঘঞ্—প্রং) সং, ক্লীং, প্রস্রাব, মূত।

মূত্রকৃচ্ছ্র, (মূত্র—কৃচ্ছ্র=কষ্ট, ৫মী—হিং) সং, ক্লীং,প্রস্রাবরোধঘটিত রোগবিশেষ, মূত্ররোধ। পাথরি, মুদা প্রভৃতি রোগ।

মূত্রগ্রন্থি, (মূত্র—গ্রন্থ=গাঁট্) সং, পুং, মূত্রাশয়ের মুখ-প্রদেশে মূত্র নিরোধ, ক্লোম, বিষ্টম্ভ।

মূত্রদোষ, (মূত্র=প্রস্রাব—দোষ) সং, পুং, মেহ। মূত্রের সহিত রেতঃক্ষরণ। (Gonorrhoea.)

মূত্রপথ, (মূত্র=প্রস্রাব—পথ=রাস্তা) সং, ক্লীং, মূত্র=প্রণালী (The urethra.)

মূত্রপুট—ক্লীং, } মূত্র-পুট=পাত্র, আ-
মূত্রাশয়—পুং, } শয়=আধার, ৬ষ্ঠী—ষ) বস্তিদেশ, সং, নাভির অধঃপ্রদেশ, তলপেট, মূত্রধার।

মূত্রল, (মূত্র+ল) সং, ক্লীং, রঙ্গ, রাং। বিং, ত্রিং, মূত্রবর্দ্ধক।

মূত্রিত, (মূত্র দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, কৃতমূত্রোৎসর্গ, মোতা। মীঢ়।

মূর্খ, (মুহ্=মুগ্ধহওয়া+খ র—আগম) বিং, ত্রিং, অজ্ঞ, মূঢ়, জড়মতি, বর্ব্বর, নির্ব্বোধ। সং পুং, মাষ। গায়ত্রীরহিত।

মূর্খতা, (মূর্খ+তা—ভাবে) সং, স্ত্রীং, মূঢ়ত্ব, অজ্ঞতা, নির্ব্বুদ্ধিতা।

মূর্চ্ছন, (মূর্চ্ছ্=মূর্চ্ছিত হওয়া+অনট্—ভা) সং, ক্লীং, না—স্ত্রীং, মূর্চ্ছা, মূঢ়তা, অচৈতন্য। গীতের অঙ্গবিশেষ, গ্রামের সপ্তম ভাগ, স্বরের আরোহ অবরোহের ক্রম। প্রতিফলন। পক্ক তৈলের প্রথম সংস্কারবিশেষ। মিশ্রণ। সাক্ষাৎকরণ।

মূর্চ্ছা, (মূর্চ্ছন দেখ, ঙ—ভা) সং, স্ত্রীং, মোহ, অচৈতন্য।

মূর্চ্ছাল, মূর্চ্ছাবান্, (মূর্চ্ছাবতু, মূর্চ্ছা+ল, বতু—অস্ত্যর্থে) বিং, ত্রিং, মূর্চ্ছাবিশিষ্ট, মোহপ্রাপ্ত, অভিভূত, বিহ্বল।

মূর্চ্ছিত, (মূর্চ্ছন দেখ, ক্ত—প্রং, কিম্বা মূর্চ্ছা+ইত—জাতার্থে) বিং, ত্রিং, মূর্চ্ছাগত। মূর্খ। মূঢ়। বর্দ্ধিত। বৃদ্ধ। উন্নত। দীর্ঘ। [বিং, ত্রিং, বদ্ধ।

মূর্ণ, (মূর্ব্ব=বন্ধনকরা+ক্ত—নিপাতন)

মূর্ত্ত, (মূর্চ্ছন দেখ, ক্ত—প্র, নিপাতন) বিং, ত্রিং, মূর্চ্ছিত। কঠিন। মূর্ত্তিমান্, সাকার, পঞ্চভূতাত্মক। পঞ্চভূতাত্মক দ্রব্য।

মূর্ত্তি, (মূর্চ্ছন দেখ, ক্তি—প্রং, নিপাতন)

সং, স্ত্রীং, কাঠিন্য। অঙ্গ, অবয়ব, শরীর। প্রতিমা। আকৃতি, রূপ, ছবি। স্বরূপ। দ্রব্য। পঞ্চভূত।

মূর্ত্তিমান্, (মূর্ত্তিমৎ, মূর্ত্তি+মতু—অস্ত্যর্থে) বিং, ত্রিং, মূর্ত্ত, মূর্ত্তিবিশিষ্ট, সাকার, শরীরী। কঠিন। সং, ক্লীং, শরীর।

মূর্দ্ধক, (মূর্দ্ধন্=মস্তক+ক—প্রং) সং, পুং, ক্ষত্রিয়।

মূর্দ্ধকর্প্পরী—স্ত্রীং, মূর্দ্ধখোল—ক্লীং, } (মূর্দ্ধন্=মস্তক—কর্প্পর=পাত্রবিশেষ। এবং খোল, মুকুট, মস্তকাবরণ) সং, আতপত্র, ছত্র, ছাতি।

মূর্দ্ধজ, (মূর্দ্ধন্=মস্তক—জ=যে জন্মে, ৫মী—ষ) সং, পুং, শিরোরুহ, কেশ, চুল।

মূর্দ্ধন্য, (মূর্দ্ধন্=মস্তক+ষ্ণ্য—ভবার্থে) বিং, ত্রিং, মূর্দ্ধা হইতে উচ্চার্য্যমান বর্ণ; যথা—ঋ ৠ ট ঠ ড ঢ ণ র ষ। মূর্দ্ধজ, মস্তকোৎপন্ন।

মূর্দ্ধপুষ্প, (মূর্দ্ধ=অগ্রভাগ—পুষ্প, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিরীষবৃক্ষ।

মূর্দ্ধরস, (মূর্দ্ধন্ [মস্তক] উপরিভাগ—রস) সং, পুং, ভাতের মাড়। কেশ।

মূর্দ্ধবেষ্টন, (মূর্দ্ধন্=মস্তক—বেষ্টন) সং, ক্লীং, শিরোবেষ্টন, উষ্ণীষ, পাগ্ড়ী।

মূর্দ্ধা, মূর্দ্ধা, (মূর্দ্ধন্, মূর্দ্দ্=বন্ধন করা+অন্—প্রং, ব্=ধ্) সং, পুং, মস্তক। জ্যামিতিতে কোন ক্ষেত্রের ভূমি, (Base)

মূর্দ্ধাভিষিক্ত, (মূর্দ্ধন্=মস্তক—অভিষিক্ত, সপ্তমী—ষ, ক্ষত্রিয়দিগের এইরূপ প্রথা ছিল যে রাজসিংহাসনে উপবেশন করিবার পূর্ব্বে মন্ত্রপূত সপ্ত নদীর জল, মধু, নবনীত, মদ্য প্রভৃতি দ্বারা স্নাত হইতে হয়) সং, পুং, ক্ষত্রিয়। রাজা, নরপতি। মন্ত্রী। ব্রাহ্মণের ঔরসে ও ক্ষত্রিয়ার গর্ভজাত জাতিবিশেষ।

মূর্ব্বা, (মূর্ব্ব্=বন্ধনকরা+ঙ, আপ্—প্রং) সং, স্ত্রীং, মুরগা গাছ, যাহার সূত্রে ধনুকের ছিলা হয়।

মূল, (মূল্=দৃঢ়ভাবে অবস্থান করা+ক অথবামু=দৃঢ়রূপে বদ্ধ থাকা+ক্ত-প্রং) সং, ক্লীং, গাছের গোড়া। মূল, মূলা আলু গাজোর প্রভৃতি। নিদান, উৎপত্তিকারণ। উৎপত্তি। আদ্য, প্রথম। পুঁজি, মূলধন, আসল। বিশেষ ধর্ম্ম বা গুণ। প্রধান নিবাস বাটী। স্বনগর। সমীপ, নিকট। প্রথম গ্রন্থ, যে গ্রন্থ অবলম্বন করিয়া টীকাদি লিখিত হয়। কোন রাশি আপনার দ্বারা এক বার বা বহুবার গুণিত হইলে একটী রাশি উৎপন্ন হয়, প্রথমোক্ত রাশিটী সেই উৎপন্ন রাশির মূল। ত্রিং, ঊনবিংশতি মিত্র।

মূলক, (মূল=গোড়া+ক—যোগ) সং, পুং—ক্লীং, কন্দবিশেষ, মূলা। পুং, স্থাবরবিশেষ।

মূলকর্ম্মন্, সং, ক্লীং, অভিচারার্থ মন্ত্রতন্ত্রাদির যোজন। মন্ত্রৌষধি দ্বারা বশীকরণ, যাদুকরা। উপপাতক-বিশেষ।

মূলকার, (মূল=প্রথমগ্রন্থ-কার=যে করে) সং, পুং, মূলগ্রন্থকর্ত্তা।

মূলকারিকা, (মূল=প্রথম [কার্য্য]—কারিকা=কর্ম্মচারী) সং, স্ত্রীং, মূলগ্রন্থার্থপ্রকাশক পদ্য। চুল্লী, উনান।

মূলকৃচ্ছ্র, (মূল=গোড়া—কৃচ্ছ্র=ব্রতবিশেষ) সং, ক্লীং, ব্রতবিশেষ, যাহাতে কেবল মূল ভক্ষণ করিয়া প্রাণধারণ করিতে হয়।

মূলজ, (মূল=গোড়া—জ=জাত) বিং, ত্রিং, মূল হইতে জাত, পদ্ম প্রভৃতি। আর্দ্রক, আদা।

মূলদেব, মূলভদ্র, (মূল=আদি—দেব=দেবতা। মূল=আদ্য—ভদ্র=শুভকর) সং, পুং, কংসরাজ, কংসাসুর।

মূলবিভুজ, (মূল—বিভুজ=যে নত হয়) সং, পুং, শকট, গাড়ী।

মূলদ্রব্য, মূলধন, (মূল=আসল—দ্রব্য=ধন) সং, ক্লীং, আসল ধন, পুঁজি।

মূলপ্রকৃতি, সং, স্ত্রীং, ত্রিগুণাত্মিকা আদ্যাশক্তি, যাহা দ্বারা এই নিখিল জগৎ সৃষ্ট হইয়াছে।

মূলশাকট, } (মূল=গোড়া+শাকট,
মূলশাকিন, } শাকিন—তৎক্ষেত্রার্থে) বিং,ত্রিং, মূলক্ষেত্র, মূলাপ্রভৃতির ক্ষেত।

মূলাধার, (মূল—আধার) সং, পুং, গুহ্য ও লিঙ্গের দুই অঙ্গুলি পরিমিত স্থান।

মূলিক, (মূল=গোড়া+ষ্ণিক—প্রং) বিং, ত্রিং, মূলভোজী।

মূলী, (মূলিন্. মূল+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, মূলযুক্ত। সং, পুং, বৃক্ষ, গাছ।

মূলীভূত, (মূল—ভূত=হইয়াছে, ঈ—আগম) বিং, ত্রিং, আদিকরণ। হেতুভূত। নিদান। [সং, পুং, জটা, গাছের ঝুরি।

মূলের, (মূল্=রোপনকরা+রক্—প্রং)

মূল্য, (মূল্=প্রধান অর্থ, মূলধন+য—প্রং, যাহা দ্বারা দ্রব্যাদি ক্রীত হয়) সং, ক্লীং, দ্রব্যের পণ, দাম। বেতন। ভাড়া। বিং, ত্রিং, রোপণযোগ্য। প্রতিষ্ঠাযোগ্য।

মূষ, মূষক, মূষিক, মূষীক, (মূষ্=চুরিকরা+অল্—প্রং, দ্বিতীয় পক্ষে,ক—যোগ, তৃতীয় পক্ষে ষ্ণিক—প্রং, চতুর্থ পক্ষে ঈক—প্রং) সং, পুং, ষী, ষিকা—স্ত্রীং, ইন্দুর,ইন্দুরী। চোর,তস্কর। লুণ্ঠনকারী।

মূষ্যায়ন, (অমূষ্যায়ন=কোন ব্যক্তির পুত্র, অলোপ) সং, পুং, অজ্ঞাত পিতৃক ব্যক্তি. যাহার জন্মেরবিষয় জানা যায়না

মূষকারাতি, } (মূষক, মূষিক=ইন্দুর
মূষিকারাতি, } —অরাতি=শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বিড়াল, মার্জ্জার

মূষা, মূষী, (মূষ্=লুঠিয়া লওয়া + অল্-প্রং) সং, স্ত্রীং, স্বর্ণাদি গলাইবার পাত্র, মুচী।

মূষিকাঙ্ক, } (মূষিক=ইন্দুর—অঙ্ক=
মূষিকাঞ্চন, } চিহ্ন, ৬ষ্ঠী—হিং। মূষিক =ইন্দুর—অঞ্চন=গমন, ৬ষ্ঠী—হিং) সং পুং, গণেশ।

মৃকণ্ড, সং, পুং, মার্কণ্ডেয় মনির

মৃগ, (মৃগ্=যাচ্ঞাকরা+অল্—প্রং) সং, পুং, হরিণ। পশু। কপোলদেশে শ্বেতচিহ্নযুক্ত গজবিশেষ। অনুসন্ধান, অন্বেষণ। প্রার্থনা, যাচ্ঞা। নক্ষত্রবিশেষ। অগ্রহায়ণমাস। যজ্ঞবিশেষ। মৃগনাভি। শীকার। মকররাশি। গী—স্ত্রীং, হরিণী। ত্র্যক্ষরচ্ছন্দোবিশেষ। অপস্মার রোগ।

মৃগচেটক, সং, পুং, খট্টাস, খটাস।

মৃগজালিকা, (মৃগ=হরিণ—জালিকা=জাল) সং, স্ত্রীং, বাগুরা, ফাঁদ, মৃগবন্ধনার্থ যন্ত্র।

মৃগজীবন, (মৃগ=হরিণ-জীবন=জীবনোপায় ৬ষ্ঠী—হিং) সং, পুং, ব্যাধ, শিকারী।

মৃগণা, (মৃগ=অন্বেষণ করা+অনট্—ভা) সং,স্ত্রীং,অপহৃত দ্রব্যের অন্বেষণ।

মৃগতৃট্—ষ্, } (মৃগ=হরিণ—তৃষ্,
মৃগতৃষা, } তৃষা, তৃষ্ণা, তৃষ্ণিকা,
মৃগতৃষ্ণা, } সপ্তমী—হিং) সং,স্ত্রীং,
মৃগতৃষ্ণিকা, } মরীচিকা, উৎকট রৌদ্রজন্য সূর্য্যকিরণে জলভ্রম। "স্রোতোবহাং পথি নিকামজলামতীত্য জাতঃ সখে! প্রণয়বান্ মৃগতৃষ্ণিকায়াম্" শকুন্তলা।

মৃগদংশক, (মৃগ=হরিণ—দংশক=যে দংশন করে) সং, পুং, কুক্কুর, শ্বা।

মৃগধূর্ত্ত, মৃগধূর্ত্তক, (মৃগ=পশু—ধূর্ত্ত, ধূর্ত্তক=প্রতারক, সপ্তমী—ষ) সং, পুং, শৃগাল।

মৃগনাভি, (মৃগ=হরিণ—নাভি, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, মৃগমদ, কস্তূরী।

মৃগনাভিজ, (মৃগ=হরিণ—নাভি—জ=উৎপন্ন) সং, ক্লীং, জা—স্ত্রীং, মৃগনাভি।

মৃগনেত্র, (মৃগ=মৃগশিরা নক্ষত্র—নী=পাওয়া+তৃচ্—ক, অপ্—প্রং। ৬ষ্ঠী—হিং। অথবা মৃগ=হরিণ—নেত্র=চক্ষু, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, মৃগশিরা নক্ষত্রগত সময়। ত্রী—স্ত্রীং. করঙ্গনয়না স্ত্রী।

মৃগপতি, (মৃগ=পশু—পতি=ভর্ত্তা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সিংহ।

মৃগপিপ্লু, (মৃগ=হরিণ—পিপ্লু=চিহ্ন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চন্দ্র, শশাঙ্ক।

মৃগবধাজীব, (মৃগ=হরিণ—বধ=হনন—আজীব=যে জীবিকা নির্ব্বাহ করে) সং, পুং, মৃগয়াজীবী, ব্যাধ, শিকারী।

মৃগবন্ধিনী, (মৃগ=হরিণ—বন্ধিনী=বন্ধন) সং, স্ত্রীং, ফাঁদ, মৃগবন্ধনজন্য বাগুরা, জাল।

মৃগমদ, (মৃগ=হরিণ—মদ=গর্ব্ব, ৫মী—হিং) সং, পুং, কস্তুরী, মৃগনাভি, মৃগের নাভিদেশোৎপন্ন সুগন্ধ দ্রব্যবিশেষ।

মৃগয়া, (মৃগ্=অন্বেষণকরা+য—ধি কিম্বা ভা,নিপাতন, যাহাতে মৃগদিগকে অন্বেষণ করা যায়) সং, স্ত্রীং, বন পর্য্যটনপূর্ব্বক মৃগবধ, শিকার। "মৃগয়া ন বিগীয়তে নৃপৈঃ" নৈষধ।

মৃগয়ু, (মৃগ=হরিণ—যা=গমনকরা+উ—প্রং) সং, পুং, ব্রহ্মা। শৃগাল। শিকারী, ব্যাধ। মৃগয়াকারী।

মৃগরাজ, মৃগরাট্, (মগরাজ্, মৃগ=পশু—রাজ্, রাজ্=যে দীপ্তি পায়, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পশুরাজ, সিংহ।

মৃগরোমজ, (মৃগ=পশু—রোমন্=লোম—জ=উৎপন্ন) বিং, ত্রিং, পশুলোমজাত বস্ত্রাদি, পশমি কাপড়।

মৃগলাঞ্ছন, (মৃগ=হরিণ—লাঞ্ছন=চিহ্ন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চন্দ্র, শশাঙ্ক।

মৃগলেখা, (মৃগ—লেখা=চিহ্ন, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, মৃগাকৃতি চিহ্ন।

মৃগবাহন, (মৃগ=হরিণ—বাহন=যান) সং, পুং, বায়ু, সমীরণ।

মৃগব্য, (মৃগ=পশু—ব্যথ্=ব্যথিত হওয়া+ড—প্রং) সং, ক্লীং, মৃগয়া, শিকার।

মৃগশিরাঃ—ত্রিং, } (মৃগশিরস্, মৃগ=
মৃগশীর্ষ—ক্লীং, } হরিণ-শিরস্, শীর্ষ=মস্তক, যং—স) সং, নক্ষত্রবিশেষ

মৃগহা, (মৃগহন, মৃগ=হরিণ—হন্=যে বধ করে) সং, পুং, ব্যাধ, মৃগয়াকারী।

মৃগাক্ষী, (মৃগ=হরিণ—অক্ষি=চক্ষুঃ, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, কুরঙ্গনয়না স্ত্রী। হরিণলোচনা।

মৃগাঙ্ক, (মৃগ=হরিণ—অঙ্ক=চিহ্ন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চন্দ্র। কর্পূর। বায়ু। মৃগচিহ্ন।

মৃগাজীব, মৃগাবিধ্, (মৃগ=পশু—আজীব=জীবিকা, ৬ষ্ঠী—হিং। মৃগ—আ—ব্যধ্=বিদ্ধকরা+ক্বিপ্—ক) সং, পুং, মৃগয়াজীবী, ব্যাধ, শিকারী।

মৃগাণ্ডজা, (মৃগ—অণ্ড=মুষ্ক—জ=জাত—আ) সং, স্ত্রীং, কস্তূরী। [ব্যাঘ্র।

মৃগাদ্, (মৃগ—অদ্+ক্বিপ্) সং, পুং,

মৃগাদন, (মৃগ=হরিণ—অদন=ভক্ষণ) সং, পুং, তরক্ষু,নেকড়িয়া বাঘ। চিতাবাঘ।

মৃগান্তক, (মৃগ=হরিণ—অন্তক=নাশকারী) সং, পুং, চিত্রব্যাঘ্র, চিতাবাঘ।

মৃগারাতি, মৃগারি, (মৃগ=হরিণ-অরাতি, অরি=শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কুক্কুর। সিংহ। ব্যাঘ্র।

মৃগিত, (মৃগ্=অন্বেষণকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অন্বেষিত। অন্বিষ্ট। যাচিত।

মৃগেন্দ্র, (মৃগ=পশু—ইন্দ্র [দেবরাজ] প্রভু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মৃগরাজ, সিংহ।

মৃগের্ব্বারু, সং, পুং, শ্বেত হরিণ।

মৃগ্য, (মৃগ্=অন্বেষণকরা+য—র্ম্ম) বিং, ত্রিং, অন্বেষণীয়।

মৃজ, (মৃজ্=শব্দকরা+ক—প্রং) সং, পুং, বাদ্যবিশেষ, মাদল।

মৃজা, (মৃজ্=পরিষ্কারকরা+ঙ—ভা) সং, স্ত্রীং, পরিষ্কার, মার্জ্জন।

মৃড়, (মৃড়্=হৃষ্ট হওয়া+অল্—ক) সং, পুং, শিব,মহাদেব। ড়ানী—স্ত্রীং, দুর্গা।

মৃড়ঙ্কণ, (মৃড় দেখ+অঙ্কণ—প্রং) সং, পুং, অর্ভক, বালক, শিশু।

মৃড়ীক, (মৃড় দেখ+ঈক—সংজ্ঞার্থে) সং, পুং, মৃগ, হরিণ।

মৃণাল, (মৃণ্=বধকরা+আল -প্রং

যাহা ভক্ষণাদর জন্য বিনষ্ট হয়) সং, ত্রিং, পদ্ম প্রভৃতির নাল, ডাঁটা। ক্লীং, বেণার মূল। "মৃণালসূত্রান্তরমপ্যলভ্যং" কুমারসম্ভব।

মৃণালী, (মৃণালিন্, মৃণাল+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, পদ্ম। লিনী—স্ত্রীং, পদ্মিনী। "মৃণালিনী হৈমমিবোপরাগং" রঘুবংশ।

মৃণ্ময়, (মৃদ্=মৃত্তিকা+ময়—স্বরূপার্থে) বিং, ত্রিং, মৃদ্বিকার, মৃত্তিকা-নির্ম্মিত। মেটে।

মৃত, (মৃ=মরা+ক্ত—ক, র্ম্ম) বিং, ত্রিং, পরাসু, গতপ্রাণ, পঞ্চত্বপ্রাপ্ত। যাচিত। সং, ক্লীং, মরণ। ভিক্ষাবৃত্তি।

মৃতক, (মৃত+ক—যোগ) সং, ক্লীং, শব, মৃতদেহ। মরণাশৌচ।

মৃতকল্প, (মৃত+কল্প—ঈষদূনার্থে) বিং, ত্রিং, মৃতপ্রায়, মৃততুল্য। মুমূর্ষু।

মৃতকান্তক, মৃতমত্ত, (মৃত=মরা—কান্তক =প্রিয়। মৃত=শব—মত্ত=প্রিয়, উন্মত্ত, সং, পুং, শৃগাল।

মৃতণ্ড, সং, পুং, সূর্য্য।

মৃতপা, (মৃত—পা=পালনকরে, যে ব্যক্তি শবের বস্ত্রাদি দ্বারা আপন জীবিকা নির্ব্বাহ করে) সং, পুং, মুদ্দারফরাস। ঘাতক।

মৃতবৎসা, (মৃত—বৎস=সন্তান) সং, স্ত্রীং, মৃতাপত্যা, যে স্ত্রীর সন্তান জীবিত থাকে না, হইয়াই মরিয়া যায়।

মৃতসঞ্জীবনী, (মৃত—সঞ্জীবনী=জীবনদায়িনী) সং, স্ত্রীং, যে বিদ্যাপ্রভাবে মৃতব্যক্তি পুনর্জীবনপ্রাপ্ত হয়। [সূর্য্য।

মৃতাণ্ড, (মৃত—অণ্ড=ডিম্ব) সং, পুং,

মৃতি, (মৃত দেখ+ক্তি—ভা) সং, স্ত্রীং, মরণ, মৃত্যু। বিনাশ।

মৃৎকর, (মৃদ্=মৃত্তিকা—কর=যে কার্য্য করে) সং, পুং, কুম্ভকার, কুমার।

মৃৎকাংস্য, (মৃদ্=মৃত্তিকা—কাংস্য=পানপাত্র) সং, ক্লীং, মৃণ্ময় পাত্রবিশেষ।

মৃৎকিরা, (মৃদ্=মৃত্তিকা—কির=যে খননকরে) সং, স্ত্রীং, কীটবিশেষ। ঘুর্ঘুরে পোকা।

মৃত্তিকা, (মৃদ্=মৃত্তিকা+তিক—স্বার্থে, আ—প্রং) সং, স্ত্রীং, মাটি। ভূমি।

মৃত্যু, (মৃ=মরা+ত্যুক্—প্রং) সং, ত্রিং, পঞ্চত্ব, মরণ। পুং, যম।

মৃত্যুঞ্জয়, (মৃত্যু=মরণ, নাশ—জি=জয় করা+খ) সং, পুং, শিব, মহাদেব।

মৃত্যুনাশক, (মৃত্যু=মরণ—নাশক=নাশ করে) সং, পুং, পারদ, পারা।

মৃত্যুপুষ্প, (মৃত্যু—পুষ্প, ফুল হইয়াই যে মরিয়া যায়) সং, পুং, ইক্ষু, আক।

মৃত্যুভঙ্গুরক, (মৃত্যু=মরণ—ভঙ্গুর=বক্র +কন্—প্রং) সং,পুং, প্রেতপটহ, মৃত্যুকালে পটহবাদ্য। [পুং, রোগ, পীড়া।

মৃত্যুভৃত্য, (মৃত্যু=মরণ—ভৃত্য=দাস,)সং,

মৃত্যুবঞ্চন, (মৃত্যু=মরণ—বঞ্চন=প্রতারণ) সং, পুং, শিব, মহাদেব। দাঁড়কাক। বিল্ববৃক্ষ।

মৃৎসা, মৎস্না, (মৃদ্=মৃত্তিকা+স, স্ন—প্রশস্তার্থে) সং, স্ত্রীং, প্রশস্ত মৃত্তিকা, উত্তমমাটী।

মৃদ্, মৃদা, (মৃদ্=চূর্ণহওয়া+ক্বিপ্—অল্—আ—প্রং) সং, স্ত্রং, মৃত্তিকা, মাটি।

মৃদঙ্কুর, সং, পুং, হারীত পক্ষী। পারাবতবিশেষ।

মৃদঙ্গ, (মৃৎ=মৃত্তিকা—অঙ্গ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মুরজ, পাখোয়াজ। পটহ। শব্দ। বংশ, বাঁশ।

মৃদঙ্গফল, (মৃদঙ্গ=মুরজ—ফল, মৃদঙ্গের ন্যায় ফল যাহার, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কাঁঠাল গাছ।

মৃদাকার, (মৃদা=মৃত্তিকা-কার=যে করে) সং, পুং, অশনি, বজ্র, কুলিশ।

মৃদিত, (মৃদ্=চূর্ণকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, পিষ্ট,মর্দ্দিত, চূর্ণীকৃত,গুঁড়া করা।

মৃদিনী, (মৃদা=মৃত্তিকা+ইন্-প্রশস্তার্থে) সং, স্ত্রীং, প্রশস্ত মৃত্তিকা। উত্তম মাটি।

মৃদু, (মৃদ্=চূর্ণ হওয়া+উ—প্রং) বিং, ত্রিং, অতীক্ষ্ণ, কোমল, নরম, সুকুমার। আর্দ্র। স্নিগ্ধ, মন্দ। নক্ষত্রবিশেষ।

মৃদুগণ, সং, পুং, চিত্রা অনুরাধা মৃগশিরা এবং রেবতী নক্ষত্র।

মৃদুগমনা, (মৃদু=কোমল, মন্দ—গমন=গতি) সং, স্ত্রীং, হংসী। মন্দগমনা স্ত্রী।

মৃদুচর্ম্মী, মৃদুচ্ছদ, মৃদুত্বক্, মৃদুত্বচ, } (মৃদুচর্ম্মিন্, মৃদু=কোমল—চর্ম্ম=ত্বক্+ইন্—অস্ত্যর্থে। মৃদু=কোমল—ছদ [আচ্ছাদন] বল্কল। মৃদুত্বচ্, মৃদু কোমল—ত্বচ্, ত্বচ=ছাল) সং, পুং, ভূর্জ্জবৃক্ষ, ভোজপাতার গাছ।

মৃদুনক, সং, ক্লীং, দ্রবিণ, স্বর্ণ, সোণা।

মৃদুল, (মৃদু+ল—প্রং) বিং, ত্রিং, অকঠিন, কোমল, নরম। সং, ক্লীং, জল।

মৃদুলোমক, (মৃদু=কোমল—লোমন্=রোম+ক—যোগ) সং, পুং, শশক, খরগোস।

মৃদূৎপল, (মৃদু=কোমল—উৎপল=পদ্ম) সং, ক্লীং, নীলপদ্ম।

মৃদ্বী, (মৃদু=কোমল+ঈপ্—স্ত্রীলিঙ্গে)সং, স্ত্রীং, কোমলাঙ্গী স্ত্রী। দ্রাক্ষাবিশেষ।

মৃদ্বীকা, (মৃদ্=চূর্ণকরা+ঈক—প্রং। উ—আগম) সং, স্ত্রীং, দ্রাক্ষা, আঙুর।

মৃধ, (মৃধ্, [আর্দ্র হওয়া] বধকরা+ঘঞ্—ধি) সং, ক্লীং, যুদ্ধ, সংগ্রাম, লড়াই।

মৃষা, (মৃষ=সহ্যকরা+আ—প্রং) অং, মিথ্যা, নিষ্ফল, অনর্থক।

মৃষাবাদী, (মৃষাবাদিন্, মৃষা=মিথ্যা—বাদী=যে বলে) বিং, ত্রিং, মিথ্যাবাদী।

মৃষোদ্য,(মৃষা=মিথ্যা—বদ্=বলা+য—ভা, র্ম্ম) সং, ক্লীং, মিথ্যা কথন। বিং, ত্রিং, মিথ্যাবাদী।

মৃষ্ট, (মৃজ্=পরিষ্কার করা+ক্ত—র্ম্ম)বিং, ত্রিং, মার্জ্জিত। বিশোধিত। পরিষ্কৃত।

মৃষ্টেরুক, সং, পুং, বদান্য। মিষ্টদ্রব্যভোজী। অতিথিদ্বেষ্টা। কৃপণ।

মেকল, মেখল, (মি=ক্ষেপণকরা+কল, খল—প্রং) সং, পুং, পর্ব্বতবিশেষ।

মেকলকন্যকা, মেখলকন্যকা, মেকলাদ্রিজা, } (মেকল, মেখল পর্ব্বতবিশেষ—কন্যকা=কন্যা। মেকলাদ্রি=মেকলপর্ব্বত—জ=জাত) সং, স্ত্রীং, নর্ম্মদা নদী।

মেক্ষণ, সং, ক্লীং, যজ্ঞীয় পাত্রবিশেষ।

মেখলা, (মি=ক্ষেপণ করা+খল, আ—প্রং) সং, স্ত্রীং, স্ত্রীলোকের কটীভূষণ, কাঞ্চী, চন্দ্রহার। খড়্গাবন্ধ। খড়্গমুষ্টি সংলগ্ন শৃঙ্খল। উপনয়নকালে ধারণীয় মুঞ্জনির্ম্মিত সূত্র-ত্রয়। হোম-কুণ্ডের উপরিভাগস্থ মৃত্তিকা-নির্ম্মিত বেষ্টনবিশেষ।

মেঘ, (মিহ্=জলসিক্ত করা+ঘঞ্—ক) সং, পুং, জীমূত, পয়োধর। দৈত্যবিশেষ। রাক্ষসবিশেষ। মুস্তক, মুতো। রাগবিশেষ।

মেঘকফ, সং, পুং, করকা, শিল।

মেঘচিন্তক, মেঘজীবন, } (মেঘ—চিন্তক=যে চিন্তা করে। মেঘ—জীবন=প্রাণ, ৬ষ্ঠী—হিং। সং, পুং, চাতক পক্ষী। প্রসিদ্ধি আছে যে, চাতকেরা বৃষ্টির জলভিন্ন অন্য কোন জল-পান করে না,এই নিমিত্ত ইহারা বর্ষাকালের নিমিত্ত স্বভাবতঃ চিন্তিত থাকে।

মেঘজ্যোতিঃ, (মেঘজ্যোতিস্, মেঘ—জ্যোতিস্=দীপ্তি) সং, পুং, ইরম্মদ, বজ্রাগ্নি।

মেঘডম্বর, (মেঘ—ডম্বর=আড়ম্বর, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মেঘাড়ম্বর। মেঘগর্জ্জন।

মেঘদীপ, (মেঘ—দীপ=যে উজ্জ্বল করে) সং, পুং, তড়িৎ, বিদ্যুৎ।

মেঘনাদ, (মেঘ—নাদ=শব্দ, ৬ষ্ঠী—হিং +৬ষ্ঠী—ব) সং, পুং, ইন্দ্রজিৎ, রাবণের পুত্র। বরুণদেব। মেঘধ্বনি। পলাশবৃক্ষ। তণ্ডুলীয় শাক।

মেঘনাদানুলাসক, মেঘনাদানুলাসী, } (মেঘনাদানুলাসিন্, মেঘনাদ=মেঘের শব্দ—অনুলস্=উল্লাসিত হওয়া

ণক, ণিন্—ক) সং, পুং, ময়ূর।
মেঘনামা, (মেঘনামন্, মেঘ—নামন্=নাম। মেঘের নামে নাম যাহার, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মুস্তক, মুতো।
মেঘপুষ্প—ক্লীং, মেঘপ্রসব—পুং, } (মেঘ-পুষ্প=ফুল। মেঘ—প্রসব=উৎপত্তিস্থান) সং, ঘনরস, জল।
মেঘভূতি, (মেঘ—ভূতি=হওন) সং, পুং, অশনি, বজ্র। মেঘনাদ। সং, পুং, ধূম, ধূঁয়া। [সং, পুং, ধূম, ধূঁয়া।
মেঘযোনি,(মেঘ—যোনি=উৎপত্তি স্থান)
মেঘবর্ত্ম—ত্মন্, মেঘবেশ্ম—শ্মন্, } মেঘ-বর্ত্মন্=পথ। মেঘ-বেশ্মন্=বাসস্থান) সং, ক্লীং, আকাশ, অন্তরীক্ষ, মেঘভবন।
মেঘবাহন, (মেঘ—বাহন=যান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ইন্দ্র, দেবরাজ। শিব, মহাদেব।
মেঘসুহৃদ্, মেঘানন্দী, } (মেঘ—সুহৃদ্=বন্ধু। মেঘানন্দিন্, মেঘ—আনন্দিন্=যে আনন্দিতহয়) সং, পুং, ময়ূর
মেঘাগম, (মেঘ—আগম=আগমন, ৭মী—হিং) সং, পুং, বর্ষাকাল।
মেঘাত্যয় মেঘান্ত, (মেঘ—অত্যয়=নাশ, অন্ত=শেষ,৭মী—হিং)সং,পুং,শরৎকাল।
মেঘাস্থি, (মেঘ—অস্থি=হাড়) সং, ক্লীং, করকা, শিল। [ক্লীং, আকাশ, গগন।
মেঘাস্পদ, (মেঘ—আস্পদ=স্থান) সং,
মেচক, (মচ্=মিশ্রিত করা+ণক—প্রং, ম=মে) সং, পুং, ময়ূরপুচ্ছস্থ চন্দ্রক। ধূম। মেঘ। শ্যামল,কৃষ্ণবর্ণ। ক্লীং, অন্ধকার। শ্বেতাঞ্জন। নীলাঞ্জন। বিং, ত্রিং, কৃষ্ণবর্ণ, কাল। [ঘরের মাঝ।
মেজে, (মধ্য শব্দজ) সং, গৃহের মধ্যস্থল,
মেড়া, (ভেড় শব্দজ) সং, ভেড়া, মেষ।
মেঠ, মেণ্ট, মেণ্ড, সং, পুং, হস্তিপক, মাহুত। [শিশ্ন, পুরুষোপস্থ। মেষ, ভেড়া
মেঢ্র, (মেঘ=দেখ, ত্র—ণ) সং, পুং, [মেঘ দেখ] প্রস্রাবত্যাগ করা+অ—প্রং। ন্—আগম। হ=ঢ) সং, পুং, মেষ, ভেড়া। [পরিষ্কারক।
মেতর, (যবনভাষা) সং, পায়খানা-
মেঁথি, মেধি, (মেধ, মেথ্=মনেরাখা, সংসর্গকরা+ই—প্রং) সং, পুং, ধান্য মাড়িবার সময় যে কাষ্ঠদণ্ডে গো মহিষাদি বদ্ধ থাকে, মেইকাট।
মেদ—পুং, মেদস্—ক্লীং, } (মিদ্=স্নিগ্ধ হওয়া +ঘঞ্,অস্—প্রং) সং, অস্থির মজ্জা, বসা।
মেদস্কৃৎ, (মেদস্=অস্থির মজ্জা—কৃৎ=কৃত) সং, ক্লীং, মাংস।
মেদিনী, (মেদ+ইন্—অস্ত্যর্থে) সং,স্ত্রীং, পৃথিবী। মধুকৈটভ দৈত্যদ্বয়ের মেদে পরিপ্লুত হওয়াতে ইহার নাম মেদিনী হইয়াছে “মধুকৈটভয়োরাসীন্মেদসৈব পরিপ্লুতা। তেনেয়ংমেদিনী দেবি প্রোচ্যতে ব্রহ্মবাদিভিঃ”।
মেদিনীদ্রব, (মেদিনী=পৃথিবী—দ্রু=পাওয়া+অল্—প্রং) সং, পুং, ধূলি, ধূলা। বৃক্ষবিশেষ, কাশ্মরীবৃক্ষ।
মেদুর, (মিদ্=স্নিগ্ধ হওয়া+ঘুর—ক, শীলার্থে) বিং, ত্রিং, স্নিগ্ধ। চিক্কণ। কোমল, মৃদু।
মেদোজ, (মেদস্=মজ্জা—জ=জাত) সং, ক্লীং, অস্থি,হাড়। [পুং, যজ্ঞ, যাগ।
মেধ, (মেধ্=সঙ্গকরা+অল্—প্রং) সং,
মেধা, (মেধ্=সঙ্গকরা+আ—ভা) সং, স্ত্রীং, ধারণাবতী বুদ্ধি, স্মৃতিশক্তি। বুদ্ধি। মেধাকরঔষধ।
মেধাঃ (মেধস্, পূর্ব্বে দেখ+অস্—প্রং) সং, পুং, স্বায়ম্ভুবমনুপুত্র।
মেধাজিৎ, (মেধা=বুদ্ধি—জিৎ=জয়ী) সং, পুং, মুনিবিশেষ, কাত্যায়ন মুনি।
মেধাবান্, (মেধাবৎ, মেধা+বতু—অস্ত্যর্থে) বিং, ত্রিং,মেধাবিশিষ্ট। জ্ঞানী, বুদ্ধিমান্। স্মরণশক্তিবিশিষ্ট।
মেধাবী, মেধাবিন্, (মেধা+বিন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, মেধাবিশিষ্ট। জ্ঞানী।

পণ্ডিত। সং, পুং, শুকপক্ষী। মদিরা, মদ্য। বিনী—স্ত্রীং, শারিকা।

মেধির, (মেধা+কিরচ্—অস্ত্যর্থে) ধিং ত্রিং, ধীমান্,মেধাবী, স্মরণশক্তিবিশিষ্ট।

মেধিষ্ঠ, মেধীয়ান্, (মেধীয়স্, মেধাবৎ +ইষ্ঠ, ঈয়স্—অত্যর্থে) বিং, ত্রিং, অতিশয় মেধাবিশিষ্ট।

মেধ্য, (মেধ্=সঙ্গকরা+য—প্রং, বা মেধ যজ্ঞ+ঞ্য—প্রং) বিং, ত্রিং, শুদ্ধ, পবিত্র। "ত্বচং সমেধ্যাং পরিধায় রৌরবী মশিক্ষিতাস্ত্রং পিতুরেব মন্ত্রবৎ"। রঘুবংশ। যজ্ঞীয়। সং, পুং, ছাগ। যব। খদির, খয়ের। ধ্যা—স্ত্রীং,নাড়ীবিশেষ।

মেনকা, মেনা, (মে=আমার—ন=না—কা=কোন স্ত্রী, আমার সদৃশ কোন স্ত্রী নাই এমন যে বোধ করে) সং, স্ত্রীং, হিমালয়-পত্নী। পার্ব্বতীর মাতা স্বর্বেশ্যাবিশেষ।

মেনকাত্মজা, মেনাজা, (মেনকা—আত্ম-জা—কন্যা, ৬ষ্ঠী—ষ। মেনা—জ=জাত, ৫মী—ষ) সং, স্ত্রীং, পার্ব্বতী, উমা। কাত্যায়নী।

মেনাদ, (মে=অনুকরণ শব্দ, মিউ২—নাদ=শব্দ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ময়ূর। বিড়াল। ছাগ।

মেন্ধী, সং, স্ত্রীং, মেধীবৃক্ষ, মেহদিগাছ।

মেয়, (মা=পরিমাণ করা+য—র্ম্ম) বিং, ত্রিং, পরিমেয়, পরিমাণের উপযুক্ত। জ্ঞেয়। প্রমেয়, প্রমাণযোগ্য।

মেয়ে, (দেশজ) সং, স্ত্রীলোক। কন্যা। দুহিতা।

মেরু, (মি=ক্ষেপণকরা+রু—প্রং, উচ্চত্বহেতু সূর্য্যদেব অস্তগমনকালে যাহাতে কিরণ সকল নিক্ষেপ করেন) সং, পুং, সমন্বয়, ঐক্য। সং, পুং, হেমাদ্রি, সুমেরুপর্ব্বত। পৃথিবীর উত্তর-দক্ষিণ প্রান্ত; উত্তর-প্রান্ত উত্তর-মেরু, আর দক্ষিণ-প্রান্ত দক্ষিণমেরু। জপমালার উপরিস্থ প্রধান বীজ। খড়্গাদির মুষ্টিপ্রদেশ। ৎসরু।

মেরুক, (মেরু=পর্ব্বতবিশেষ+ক—প্রং) সং, পুং, যজ্ঞধূপ, ধুনা।

মেরুদণ্ড, (Axis) ভূ-গোলকের অন্তর্গত উভয় মেরুভেদী কাল্পনিক সরল রেখা; এইরেখা অবলম্বন করিয়া পৃথিবী পশ্চিম হইতে পূর্ব্বাভিমুখে দৈনন্দিন পরিভ্রমণ করে। কশেরু, পৃষ্ঠবংশ, পিঠের শিরদাঁড়া।

মেল, (মিল্=মিলিত হওয়া+ঘঞ্—প্রং) সং, পুং, সমন্বয়, ঐক্য। আলাপ, সম্প্রীতি। সাদৃশ্য।

মেলক, (মেল+ক—যোগ) সং, পুং, সঙ্গ, সহবাস। (মেল দেখ+ণক—ক) যে ব্যক্তি মিলিত করে, ঐক্যকারক।

মেলন, (মেল দেখ+অনট্—ভা) সং, ক্লীং, একত্রিত হওন, মিলিত হওয়া।

মেলা, (মেল দেখ+আপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, মসী, কালী। অঞ্জন, কাজল। (দেশজ) অনেক, প্রশস্ত। তীর্থাদি স্থলে বহুলোকের সমাগম। সমাজ,সভা।

মেলানন্দা—স্ত্রীং, মেলান্ধু—স্ত্রীং, মেলাম্বু—পুং, (মেলা—মসী—আনন্দ। মেলা—অন্ধু=কূপ। মেলা—অম্বু=জল) সং, মস্যাধার, দোয়াত।

মেষ, (মিষ্=স্পর্দ্ধাকরা+ঘঞ্—প্রং) সং, পুং, মেড়া, ভেড়া। প্রথমরাশি। লগ্নবিশেষ। ঔষধবিশেষ। ষা—স্ত্রীং, ছোটএলাচ, গুজরাটী এলাচ।

মেষাণ্ড, সং, পুং, ইন্দ্র।

মেষিকা, মেষী, (মেষী=ভেড়ী+ক—প্রং। মেষ=ভেড়া+ঈপ—প্রং) সং, স্ত্রীং, স্ত্রীমেষ, ভেড়ী। তিনীশবৃক্ষ। জটামাংসী।

মেহ, (মিহ্=সিক্তকরা+ঘঞ্—প্রং) সং, পুং, মূত্ররোগবিশেষ, ধাতুক্ষরণ, প্রস্রাবদোষ। মূত্র, প্রস্রাব। মেষ।

মেহন, (মেহ দেখ+অনট্—ণ) সং, ক্লীং, পুং, চিহ্ন, শিশ্ন। মূত্র। মূত্রত্যাগ

পুং, মুষ্কক বৃক্ষ। [পরিশ্রম।
মেহনৎ, (যবনভাষা) সং, আয়াস,
মৈত্র, (মিত্র=বন্ধু+ষ্ণ—ভাবে) সং, ক্লীং, মিত্রতা, বন্ধুতা, সৌহার্দ্দ। সংসর্গ। অনুরাধানক্ষত্র। পুরীষোৎসর্গ, বিষ্ঠাত্যাগ। পুং, মিত্র। ব্রাহ্মণ। বারেন্দ্র ব্রাহ্মণের উপাধিবিশেষ। বিং, ত্রিং, মিত্রসম্বন্ধীয়।
মৈত্রাবরুণ, মৈত্রাবরুণি, (মিত্র=সূর্য্য—বরুণ+ষ্ণ, ষ্ণি—প্রং) সং, পুং, অগস্ত্য, কুম্ভসম্ভব। বশিষ্ঠমুনি।
মৈত্রী—স্ত্রীং, } (মিত্র=বন্ধু+ষ্ণ, ষ্ণ্য
মৈত্র্য—ক্লীং, } —ভাবে) সং, বন্ধুতা, সখ্য, সৌহার্দ্দ। সংসর্গ, সহযোগ।
মৈত্রেয়, (মিত্রা, মিত্র+ষ্ণেয়—প্রং) সং, পুং, স্বনামপ্রসিদ্ধ মুনিবিশেষ। বুদ্ধদেব। বিং, ত্রিং, মিত্রসম্বন্ধীয়।
মৈত্রেরিকা, (মৈত্রেয়=মিত্রসম্বন্ধীয়+ষ্ণিক—বৈরিতার্থে) সং, স্ত্রীং, মিত্রযুদ্ধ, বন্ধুগণের পরস্পর সংগ্রাম।
মৈথিল, (মিথিলা+ষ্ণ—প্রং) সং, পুং, মিথিলা দেশের অধিপতি, জনকরাজা। বিং, ত্রিং, মিথিলাদেশসম্বন্ধীয়।
মৈথিলী, (মিথিলা=দেশবিশেষ+ষ্ণ—জাতার্থে, ঈপ্—প্রং) সং, স্ত্রীং, সীতা, শ্রীরামপত্নী।
মৈথুন, (মিথুন=স্ত্রীপুরুষ+ষ্ণ—ইদমর্থে) সং, ক্লীং, বিবাহ। স্ত্রীপুরুষের স্মরণ, কীর্ত্তন, কেলি, প্রেক্ষণ, গুহ্যভাষণ, সংকল্প, অধ্যবসায়, এবং ক্রিয়ানিষ্পত্তি, এই অষ্টাঙ্গযুক্ত ব্যাপার। রমণ, স্ত্রীসংসর্গ, কামকেলী।
মৈনাক, (মেনকা+ষ্ণ—অপত্যার্থে) সং, পুং, পর্ব্বতবিশেষ, মেনকাপুত্র। "মৈনাকমম্ভোনিধিবদ্ধ সখ্যং"। কুমার।
মৈনিক, (মীন=মৎস্য+ষ্ণিক—জীবত্যর্থে) সং, পুং, জালিক, ধীবর, জেলে।
মৈন্দ, সং, পুং, অসুরবিশেষ। এই অসুরকে বিষ্ণু বধ করিয়াছিলেন। বানরবিশেষ।
মৈন্দহা, (মৈন্দহন্, মৈন্দ=অসুরবিশেষ—হন্=যে বধকরে, ২য়া—ষ) সং, পুং, বিষ্ণু।
মৈরেয়, (মিরা=নগরবিশেষ+ষ্ণেয়—জাতার্থে। অথবা মার=কাম+ষ্ণেয়—জননার্থে) যাহা পান করিলে কামের উদ্রেক হয়। সং, ক্লীং, মদ্যবিশেষ।
মৈস্মরতত্ত্ব, (Mesmerism) কোন ব্যক্তি অন্যের শরীর স্পর্শ করিয়া বা তাহাতে হাত বুলাইয়া, তাহার চিত্তকে স্বাভিমত পথের অনুবর্ত্তী করিতে সমর্থ হয়, যে শাস্ত্র দ্বারা এই কার্য্য করা যায় তাহার নাম মৈস্মরতত্ত্ব।
মোক্তা, (মোক্তৃ, মুচ্=মোচনকরা+তৃন্—ক) বিং, ত্রিং, উদ্ধারকর্ত্তা, মোচনকর্ত্তা, পরিত্রাণকর্ত্তা।
মোক্ষ, (মোক্ষ্=[ক্ষেপণকরা] মুক্তহওয়া+অল্—প্রং) সং, পুং, ভববন্ধন হইতে মুক্তি, নিত্যসুখপ্রাপ্তি, অপবর্গ। মোচন। পরিত্রাণ। মৃত্যু [illegible]রণ।
মোক্ষণ, (মোক্ষ দে[illegible] অনট্—ভা) সং, [illegible] ক্লী[illegible] মোচন, উদ্ধারকরণ, পরি-
মূলীভূ[illegible]
[illegible]ন্ধীয়। (দেশজ[illegible] হওয়া+ঘঞ্—প্রং)
মোষল, (মুষ[illegible] নরর্থক, বন্ধ্য, বিফল, ব্যর্থ।
মুষলসদৃশ[illegible] প্রাচীর, দুর্গাদির বেষ্টন।
সং, [illegible]
মোবো[illegible], সং, পুং প্রাচীর, বেষ্টন।
মোচ, (মুচ=ত্যাগ করা+ঘঞ্—প্রং) সং, [illegible]ং, কদলীফল। পুং, শোভাঞ্জন বৃক্ষ। (দেশজ) অগ্রভাগ। ওষ্ঠোপরিজা[illegible] কেশ, গোঁফ। চা—স্ত্রীং, কদলীবৃক্ষ। [illegible]ল্মলীবৃক্ষ। নীলীবৃক্ষ। (দেশজ) ([illegible]) কদলী[illegible]।
মোচক, (পূর্ব্বে দেখ, ণক—প্রং) সং, পুং, কদলীবৃক্ষ, কলাগাছ। শোভাঞ্জনবৃক্ষ। মোক্ষক। বিং, ত্রিং, পরিত্রাণকারক। মুক্ত। বৈরাগ্যযুক্ত।
মোচন, (মুচ্=ত্যাগকরা+অনট্—ভা) সং, ক্লীং, মুক্তকরা। পরিত্রাণকরণ।

পরিত্যাগকরণ। মুক্তি।

মোট, (দেশজ) সং, মস্তক দ্বারা বহনীয় বস্তু, ভার। একুন, সমষ্টি, সমুদায়।

মোটক, (মুট=চূর্ণকরা, ণক—প্রং) সং, ক্লীং, শ্রাদ্ধাদি সময়ে ব্যবহার্য্য কুশরচিত মুকুট।

মোটকী, সং, স্ত্রীং; রাগিণী-বিশেষ।

মোটন, (মুট্=চূর্ণকরা+অনট্—ভা) সং, ক্লীং, চূর্ণন, পেষণ, গুঁড়াকরা। মোচড়ান। মট্কান। পুং, বায়ু। অনিল।

মোটনক, সং, ক্লীং, একাদশাক্ষরপাদবিশিষ্ট ছন্দোবিশেষ, যাহাতে ১ম, ২য়, ৫ম, ৮ম, ও ১১শ বর্ণ গুরু, অবশিষ্ট সমস্ত বর্ণ লঘু।

মোটা, (দেশজ) বিং, স্থূল, মাংসল, পীবর।

মোট্টায়িত, সং, ক্লীং, নায়িকার ভাববিশেষ, নায়ক-বিষয়ক স্তুতিবাদাদি উপা[illegible]ত হইলে তাহা নিবিষ্টমনে শ্রবণ করত ন[illegible]িকার কর্ণকণ্ডূয়ন ও কামব্যঞ্জক অঙ্গভঙ্গ[illegible]করণ।

মোড়ন, (দেশজ) সং, আবরণ, আচ্ছাদন। বক্রকরণ, বাঁ[illegible]ন।

মোড়া, (দেশজ) স[illegible] নির্ম্মিত আসনবিশেষ। শব্দ, সিউ২-[illegible]

মোণ, (মুণ্=প্রতিজ্ঞাকরা+[illegible] পুং, ময়ূর সং, পুং, [illegible] শুষ্কফ[illegible]ল, [illegible] [illegible]সফল। কুম্ভীর, কুমির। মক্ষিকা।

মোদ, (মুদ্=হৃষ্টহওয়া+ঘঞ্—[illegible]) সং, পুং, আমোদ, আহ্লাদ, হর্ষ, অ[illegible]নন্দ।

মোদক, (মোদি=হৃষ্টকরান+ণ[illegible]—ক) সং, পুং—ক্লীং, মিষ্টান্নবিশেষ, [illegible] নাড়ু। পুং, ময়রা। বিং, [illegible]মায়া, [illegible]ং, হর্ষকারক, আহ্লাদজনক।

মোদন, (মোদ দেখ, অনট্-ভা) সং, ক্লীং, হর্ষ, আহ্লাদ, আন[illegible]।

মোদয়ন্তী, (মোদক দে[illegible] অন্ত—প্রং) সং, স্ত্রীং, বনমল্লিকা, [illegible]ঠমল্লিকা।

মোদিত, (মোদ দে[illegible] ক্ত—ক) বিং, ত্রিং, আমোদিত, [illegible]।

মোদী, (মোদিন্=মোদ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, হর্ষবিশিষ্ট, আমোদকারী, আহ্লাদিত।

মোম, সং, শিক্থক, মৌচাকজাত বস্তু।

মোরট, (মুর্=বেষ্টনকরা+অট—প্রং) সং, ক্লীং, অঙ্কোঠপুষ্প। ইক্ষুমূল, আকের গোড়া। সাত দিনের দোওয়া দুগ্ধ। টা—স্ত্রীং, মূর্ব্বা-লতা।

মোষ—পুং, মোষণ—ক্লীং, (মুষ্=চুরিকরা+ঘঞ্, অনট—ভা) সং প্রত্যাহরণ। চুরি, চৌর্য্য। লুণ্ঠন। কর্ত্তন, ছেদন। বিনাশ, বধ। আচ্ছেদ। প্রতারণা, শঠতা।

মোষক, মোষ্টা, (মোষ্টৃ, মোষ, দেখ, ণক, তৃন্—ক) সং, পুং, তস্কর, চোর, অপহারক।

মোহ, (মুহ্=মুগ্ধ হওয়া+অনট্—ভা) সং, পুং, অচৈতন্য, মূর্চ্ছা। "অথ মোহপরায়ণা সতী, বিবশা কামবধূর্ব্বিবোধিতা" কুমার। অজ্ঞান। মূর্খতা, অজ্ঞতা। ক্লেশ, দুঃখ। অবিদ্যা। "মম মাতা মম পিতা মমেয়ং গৃহিণী গৃহং। এতদন্যং মমত্বং যৎ স মোহ ইতি কীর্ত্তিতঃ"।

মোহন, (মোহ দেখ, অনট্—ক, ভা) সং, পুং, কন্দর্পের পঞ্চবাণান্তর্গত বাণবিশেষ। ক্লীং, মুগ্ধকরণ। রমণ, সুরত। বিং, ত্রিং, মোহজনক।

মোহরাত্রি, সং, স্ত্রীং, প্রলয়রাত্রি।

মোহিত, (মোহ+ইত—প্রং) বিং, ত্রিং, সঞ্জাতমোহ, মোহপ্রাপ্ত। (মোহি=মুগ্ধ হওয়া+ক্ত—ম্ম) মোহপ্রাপিত, মোহজন্মান।

মোহিনী, (মোহ+ইন্—অস্ত্যর্থে, অথবা মোহি=মুগ্ধহওয়া+ইন্—ক) সং, স্ত্রীং, সমুদ্র মন্থনকালে অসুরগণকে বিমোহিত করিবার নিমিত্ত নারায়ণ যে রমণী মূর্ত্তি ধারণ করিয়াছিলেন। স্বর্বেশ্যাবিশেষ। মোহকারিণী, যে মন মুগ্ধ করে।

মৌ, (মধুশব্দজ) সং, পুষ্পরস, মকরন্দ

মৌকুলি, (মুকুল+ই—প্রং) সং, পুং, বায়স, কাক।

মৌক্তিক, (মুক্তা+ষ্ণিক—স্বার্থে) সং, ক্লীং, মুক্তা, মতি। "জীমূতকরিমৎস্যাদিবংশশঙ্খবরাহজাঃ। শুক্ত্যুদ্ভবাশ্চ বিজ্ঞেয়া অষ্টৌ মৌক্তিকযোনয়ঃ"।

মৌক্তিকসর, সং, পুং, মুক্তাহার, মুক্তার মালা। [বাগ্মিতা, মুখরতা, বাচালতা।

মৌখর্য্য, (মুখর+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং,

মৌখিক, (মুখ+ষ্ণিক—স্বার্থে) বিং, ত্রিং, মুখসম্বন্ধীয়। কাল্পনিক, অসত্য। বাহ্য, যাহা আন্তরিক নয়।

মৌচাক, (মৌ = মধুশব্দজ—চাক=চক্র-শব্দজ) সং, মধুক্রম, মধুচক্র।

মৌঞ্জী, (মুঞ্জ=শর+ষ্ণ, ঈপ্—প্রং) সং, স্ত্রীং, মুঞ্জ তৃণ-নির্ম্মিত মেখলা।

মৌঞ্জীবন্ধ, (মৌঞ্জী—বন্ধ=বন্ধন) সং, পুং, উপনয়নকালে মুঞ্জময়ী মেখলা-বন্ধন

মৌঢ্য, (মূঢ+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, মূর্খতা, মূঢ়তা। বাল্য। [কাক, বায়স।

মৌদ্গলি, (মুদ্গল+ষ্ণি—প্রং) সং, পুং,

মৌদ্গল্য, (মুদ্গল+ষ্ণ্য—অপত্যার্থে) সং, পুং, মুদ্গল মুনির পুত্র, গোত্রপ্রবর্ত্তক ঋষিবিশেষ।

মৌদ্গীন, (মুদ্গ=মুগকলাই+ঈন—তৎ-ক্ষেত্রার্থে) সং, ক্লীং, মুদ্গোৎপাদক ক্ষেত্র। মুগকলাই জন্মিবার উপযুক্ত ক্ষেত্র।

মৌন, (মুনি+ষ্ণ্য—ভাবে, কর্ম্মণি) সং, ক্লীং, অভাষণ, তূষ্ণীম্ভাব, চুপ্। "উচ্চারে মৈথুনে চৈব প্রস্রাবে দন্তধাবনে। স্নানে ভোজনকালে চ ষট্সু মৌনং সমাচরেৎ" মনু।

মৌনব্রত, (মৌন—ব্রত=নিয়ম) সং, পুং, নীরব থাকার নিয়ম।

মৌনি, (মৌনিন্, মৌন+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, তপস্বী, মুনি। বিং, ত্রিং, মৌনব্রতধারী। "স চ মৌনব্রতোপেতো ন চৈনং প্রত্যভাষত"। মহাভারত।

মৌরজিক, (মুরজ+ষ্ণিক—প্রং) সং, পুং, মুরজ-বাদ্যকারী, মৃদঙ্গবাদক।

মৌরী, (দেশজ) সং, স্বনামপ্রসিদ্ধ মসলাবিশেষ। [মূর্খতা, অজ্ঞতা, মূঢ়তা।

মৌর্খ্য, (মূর্খ+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং,

মৌর্য্য, (মুরা+ষ্ণ্য—অপত্যার্থে) সং, পুং, চন্দ্রগুপ্ত রাজা।

মৌর্ব্বী, (মূর্ব্বা=মুরগা গাছ+ষ্ণ, ইদমর্থে, ঈপ্—প্রং) সং, স্ত্রীং, ধনুর্গুণ, ধনুকের ছিলা।

মৌল, (মূল+ষ্ণ—জাতার্থে) বিং, ত্রিং, বিশ্বস্ত, আপ্ত। ভূম্যাদির মূল-বেত্তা, মোড়ল। মূলাগত। সং, পুং, সচিব। "যে তত্র পূর্ব্বং সামন্তাঃ পশ্চাদ্দেশান্তরং গতাঃ। তন্মূলত্বাৎ তু তে মৌলা ঋষিভিঃ পরিকীর্ত্তিতাঃ"।

মৌলি, (মূ=বন্ধনকরা+লি-প্রং, উ=ঔ) সং, পুং—স্ত্রীং, শিখা, চূড়া। মুকুট, কিরীট। খোঁপা, সংযতকেশ। মস্তক। অগ্রভাগ। পুং, অশোকবৃক্ষ। স্ত্রীং, ভূমি, পৃথিবী।

মৌলিক, (মূল+ষ্ণিক—জাতার্থে) বিং, ত্রিং, মূলীভূত, প্রধানস্বরূপ। মূলসম্বন্ধীয়। (দেশজ) কুলীন নয়, বংশজ।

মৌষল, (মুষল+ষ্ণ—ইদমর্থে) বিং, ত্রিং, মুষলসদৃশ। মুষলসম্বন্ধীয়।

মৌষ্টা (মুষ্টি+ষ্ণ, আপ্—প্রং) সং, স্ত্রীং, মুষ্টিপ্রহরণক্রীড়া, খেলায় কীলোকীলি।

মৌহূর্ত্ত, মৌহূর্ত্তিক, (মুহূর্ত্ত+ষ্ণ, ষ্ণিক—জ্ঞাতার্থে) সং, পুং, জ্যোতিঃশাস্ত্রজ্ঞ, দৈবজ্ঞ।

ম্রক্ষ, (ম্রক্ষ্+অল্—প্রং) সং, পুং, নিজ-দোষ গোপন। ম্রক্ষণ দেখ।

ম্রক্ষণ, (ম্রক্ষ=মাখা+অনট্—ভা) সং, ক্লীং, মর্দ্দন, লেপন, মাখা। সংযোজন, মিলন। মিশ্রণ, মিশান। তৈল।

ম্রদিমা, (ম্রদিমন্, মৃদু=কোমল+ইমন্—ভাবে) সং, পুং, নম্রতা, কোমলত্ব, মৃদুতা।

ম্রদিষ্ঠ, ম্রদীয়ান্, (মৃদু=কোমল+ইষ্ঠ—অতিশয়ার্থে। ম্রদীয়স্, মৃদু+ঈয়স্—

অতিশয়ার্থে) বিং, ত্রিং, অতিশয়, সু-কোমল।

ম্রিয়মাণ, (মৃ=মরা+শান—ক) বিং, ত্রিং; মৃতকল্প, মৃতপ্রায়। অবসন্ন। দুঃখিত। ম্লান।

ম্লান, (ম্লৈ=কান্তিক্ষয়পাওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, কান্তিহীন। বিষণ্ণ, দুঃখিত, অপ্রসন্ন। বিশীর্ণ, ক্ষীণ। শ্রান্ত, ক্লান্ত। দুর্ব্বল। নির্লজ্জ। লজ্জাশূন্য।

ম্লানি, (ম্লান দেখ, ক্তি—ভা) সং, স্ত্রীং, অপ্রসন্নতা, বিষাদ, কান্তিক্ষয়, মালিন্য। গ্লানি।

ম্লিষ্ট, (ম্লেচ্ছ্=অস্পষ্ট কথা বলা+ক্ত—প্রং) বিং, ত্রিং, অস্ফুট, অস্পষ্ট, অব্যক্ত। ম্লান। সং, ক্লীং, অস্পষ্ট বাক্য।

ম্লেচ্ছ, (ম্লেচ্ছ্=অসংস্কৃত কথা বলা+অল্—ক) সং, পুং, অসভ্য জাতিবিশেষ, কিরাত শবর পুলিন্দাদি জাতি। অপশব্দ। বিং, ত্রিং, পাপিষ্ঠ। পাপরত।

ম্লেচ্ছকন্দ, (ম্লেচ্ছ=অসভ্য জাতি—কন্দ=মূল) সং, পুং, লশুন, রশুন।

ম্লেচ্ছদেশ, (ম্লেচ্ছ্=কুৎসিতাচারী ব্যক্তি, নীচজাতি—দেশ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, চাতুর্বর্ণ্য-ব্যবস্থাদিরহিত দেশ, যবনাদি নীচদিগের বসতিস্থান। "চাতুর্বর্ণ্যব্যবস্থানং যস্মিন্ দেশে ন বিদ্যতে। ম্লেচ্ছদেশঃ স বিজ্ঞেয়ঃ আর্য্যাবর্ত্তস্ততঃ পরম্" ॥

ম্লেচ্ছমণ্ডল, (পূর্ব্বে দেখ—মণ্ডল=দেশ, য়ং—স) সং, ক্লীং, ম্লেচ্ছদেশ।

ম্লেচ্ছমুখ, ম্লেচ্ছাস্য, (ম্লেচ্ছ্=নীচজাতি—মুখ, আস্য=বদন) সং, ক্লীং, তাম্র, তাঁবা।

ম্লেচ্ছিত, (ম্লেচ্ছ+ইত—প্রং, অথবা ম্লেচ্ছ দেখ, ক্ত—প্রং) সং, ক্লীং, ম্লেচ্ছ-ভাষা, অপশব্দ। অসংস্কৃত বাক্য।

—**—

য।

য, ব্যঞ্জনের ষড়বিংশবর্ণ। যজ্=পূজা-করা, কিম্বা যা=যাওয়া+ড—প্রং) সং, পুং, বায়ু। যশঃ। মিলন, যোগ। যান। গমনকর্ত্তা, যে গমন করে। সংযমন। পরিত্যাগ। দীপ্তি, আলোক। যম। যা—স্ত্রীং গতি, অগ্রসর হওয়া। যাত্রা। ত্যাগ। রথ, শকট। নিষেধ। ঈশ্বরধ্যান। যোগ প্রাপ্তি। বিং, ত্রিং, গমনকর্ত্তা।

যকৃৎ, (য [শরীরের অংশ সমূহের] যোগ—কৃ=করা+ক্বিপ্—প্রং) সং, পুং, কুক্ষি-দক্ষিণভাগস্থ মাংসখণ্ড। পিত্তাশয়।

যকৃদাত্মিকা, (যকৃৎ—আত্মন্—আপনি+ক—প্রং। বর্ণবিষয়ে যকৃতের সদৃশ বলিয়া) সং, স্ত্রীং, তৈলপায়িকা, তে-লাপোকা।

যক্ষ, (যক্ষ্=পূজাকরা+ঘঞ্—প্রং) সং, পুং, কুবেরের অনুচর। কুবের। কুবেরেরধন। উদ্যানাদি রক্ষক। ইন্দ্রা-লয়। পূজা। ক্ষী—স্ত্রীং, কুবেরের ভার্য্যা। যক্ষের স্ত্রী।

যক্ষকর্দ্দম, (যক্ষ=দেবযোনি—কর্দ্দম=কাদা। যক্ষেরা ইহার গন্ধ অতিশয় ভাল বাসে বলিয়া) সং, পুং, সমভাগ মিশ্রিত কর্পূর, অগুরু, কস্তূরী, কুঙ্কুম এবং কক্কোল।

যক্ষতরু, যক্ষাবাস, (যক্ষ=দেবযোনি—তরু=বৃক্ষ—আবাস=বাসস্থান, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বটবৃক্ষ।

যক্ষধূপ, (যক্ষ=দেবযোনিবিশেষ—ধূপ্=সুগন্ধ+অল্—প্রং) সং, পুং, ধুনা। টারপিন্ তৈল। [পুং, পুষ্পমদ্য, মধ্বাসব।

যক্ষরস, (যক্ষ—রস=আস্বাদ, স্নেহ) সং,

যক্ষরাজ, যক্ষরাজ, (যক্ষ-রাজ্=যে দীপ্তি পায়, সপ্তমী—ষ। যক্ষ—রাজ [রাজন্ শব্দজ] ৬ষ্ঠী—ষ) সং, পুং, কুবের।

যক্ষরাট্পুরী, (যক্ষরাজ=কুবের—পুরী=ভুবন) সং, স্ত্রীং, কৈলাসপর্ব্বতোপরি

কুবেরের রাজধানী, অলকা।
যক্ষরাত্রি, (যক্ষ=দেবযোনি—রাত্রি, যে সময়ে যক্ষগণ ইতস্ততঃ পর্য্যটন করিয়া বেড়ায়) সং, স্ত্রীং, কার্ত্তিকী পূর্ণিমা দীপালী।
যক্ষিণী, (যক্ষিন্=কুবের+ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, কুবেরের ভার্য্যা। যক্ষপত্নী। অপ্সরী, বিদ্যাধরী। পিশাচী।
যক্ষেন্দ্র, যক্ষেশ, (যক্ষ—ইন্দ্র, ঈশ=প্রভু) সং, পুং, কুবের। [সং, স্ত্রীং, দ্রাক্ষা, আঙুর।
যক্ষ্মঘ্নী, (যক্ষ্মন্=ক্ষয়রোগ—ঘ্ন=নাশকারী)
যক্ষ্মা, (যক্ষ্মন্, যক্ষ্=পূজাকরা+মন্—প্রং) সং, পুং, রোগবিশেষ, ক্ষয়কাশ। "বৈদ্যো ব্যাধিমতাং যস্মাৎ ব্যাধের্যত্নেন যক্ষ্যতে। স যক্ষ্মা প্রোচ্যতে লোকে শব্দশাস্ত্রবিশারদৈঃ"।
যখন, (যৎক্ষণশব্দের অপভ্রংশ) ক্রিং—বিং, যে সময়ে, যৎকালে, যদা।
যজত, (যজন দেখ, অত—প্রং) সং, পুং, ঋত্বিক্, পুরোহিত।
যজত্র, (যজন দেখ, অত্র—সংজ্ঞার্থে) সং, পুং, অগ্নিহোত্রী, নিত্যহোমকারী।
যজন, (যজ্=পূজাকরা+অনট্—ভা) সং, ক্লীং, যজ্ঞকরণ। পূজন।
যজমান, (যজন দেখ, শান—ক, ম্—আগম) সং, পুং, যজ্ঞাদির অনুষ্ঠাপক, ব্রতী। যষ্টা, যজ্ঞকারক। যে ব্যক্তি দক্ষিণা দিয়া কর্ম্ম করায়।
যজাক, (যজ্=দানকরা+আকন্—ক) বিং, ত্রিং, দাতা, দানকর্ত্তা। উপহারদাতা। [ঋত্বিক্। যজ্ঞকারী। যষ্টা।
যজি, (যজন দেখ, ইন্—প্রং) সং, পুং,
যজুঃ, (যজুস্, যজ্=পূজাকরা+উস্—প্রং) সং, ক্লীং, দ্বিতীয় বেদ, এই বেদ দুই ভাগে বিভক্ত—কৃষ্ণযজুঃ ও শুক্লযজুঃ। [শাখাযুক্ত বেদবিশেষ।
যজুর্ব্বেদ, (যজুস্—বেদ) সং, পুং, শত-
যজুর্ব্বেদী, (যজুর্ব্বেদিন্, যজুস্—বিদ্=জানা+ইন্—ক) সং, পুং, যজুর্ব্বেদবেত্তা। যজুর্ব্বেদানুযায়ী কর্ম্মকারক ব্রাহ্মণবিশেষ
যজ্ঞ, (যজন দেখ, ন—ভা) সং, পুং, যাগ, ক্রতু, আহব। হোম।
যজ্ঞকৃৎ, (যজ্ঞ—কৃৎ=যে করে, দ্বিতীয়া—ষ) সং, পুং, যাগকর্ত্তা। হোমকর্ত্তা।
যজ্ঞদত্ত, (যজ্ঞ—দত্ত=যাহা দেওয়া হইয়াছে) সং, পুং, একজনের নাম।
যজ্ঞপশু, (যজ্ঞ=যাগ—পশু=জন্তু, ৪র্থ—ষ) সং, পুং, ঘোটক। ছাগ।
যজ্ঞপুরুষ, (যজ্ঞ—পুরুষ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বিষ্ণু, নারায়ণ।
যজ্ঞবাট, (যজ্ঞ—বাট=আবৃতস্থান, ৬ষ্ঠী—ষ) সং, পুং, যজ্ঞস্থান, যজ্ঞভূমি।
যজ্ঞসার, (যজ্ঞ=যাগ—সার=সারাংশ সং, পুং যজ্ঞডুমুর গাছ।
যজ্ঞসূত্র, (যজ্ঞ—সূত্র=সুতা, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, যজ্ঞোপবীত, পৈতা। "ঊর্দ্ধন্তু ত্রিবৃতং সূত্রং সধবানির্ম্মিতং শনৈঃ। তন্তুত্রয়মধো বৃত্তং যজ্ঞসূত্রংবিদুর্বুধাঃ"।
যজ্ঞসেন, (যজ্ঞ—সেনা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, দ্রুপদরাজা।
যজ্ঞাংশভুক্, (যজ্ঞাংশভুজ্, যজ্ঞ=যাগ—অংশ=ভাগ—ভুজ্=যে ভোজন করে) সং, পুং, দেবতাগণ।
যজ্ঞাঙ্গ, (যজ্ঞ=যাগ—অঙ্গ=অবয়বীভূত) সং, পুং, যজ্ঞের উপকরণ, সোমলতাদি। উডুম্বরবৃক্ষ। খদিরবৃক্ষ। ব্রাহ্মণ যষ্টিকা। ক্লীং, যজ্ঞের অবয়ব। "যজ্ঞাঙ্গযোনিত্বমবেক্ষ্য তস্য সারং ধরিত্রীধারণক্ষমঞ্চ" কুমারসম্ভব।
যজ্ঞারি, (যজ্ঞ=যাগ—অরি=শত্রু) সং, পুং, শিব। রাক্ষস, দৈত্য।
যজ্ঞান্ত, (যজ্ঞ—অন্ত=শেষ) সং, পুং, যাগশেষ। অবভৃথ। দীক্ষান্ত।
যজ্ঞিয়, (যজ্ঞ+ইয়—হিতার্থে, অর্হার্থে) বিং, ত্রিং, যজ্ঞকর্ম্মের উপযুক্ত। যজ্ঞের শুভকারী। সং, পুং, দ্বাপরযুগ।
যজ্ঞীয়, (যজ্ঞ+ঈয়—ইদমর্থে) বিং, ত্রিং, যজ্ঞসম্বন্ধীয়। সং, পুং, উডুম্বর বৃক্ষ।

যজ্ঞেশ্বর, (যজ্ঞ—ঈশ্বর, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বিষ্ণু, নারায়ণ। [প্রসিদ্ধ বৃক্ষ।
যজ্ঞোডুম্বর, (যজ্ঞ—উডুম্বর) সং,পুং,সনাম-
যজ্ঞোপবীত, (যজ্ঞ—উপবীত=সূত্র ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, যজ্ঞসূত্র, পৈতা।
যজ্যু, (যজ্=পূজাকরা+যু—প্রং) সং, পুং, যজুর্ব্বেদবেত্তা ব্রাহ্মণ।
যজ্বা, (যজ্বন্, যজ্=পূজাকরা+বন্—ক) সং, পুং, বিধিপূর্ব্বক যজ্ঞকারী। যথা-বেদবিধানে যাগকর্ত্তা।
যৎ, (যম্=নিবৃত্তকরা+ক্বিপ্—প্রং) অং, কারণ, যেমন। যেহেতু।
যত, (যম্=নিবৃত্তকরা+ক্ত—প্রং) বিং, ত্রিং, সংযত, বদ্ধ, নিয়ন্ত্রিত। নিয়মিত। নিগৃহীত। অনুষ্ঠিত। সং, ক্লীং, সংযম।
যতঃ, (যতস্, যদ্+ [পঞ্চমী স্থানে] তস্) অং, কারণ,যেহেতু। যেমন। যাহাতে। যেখান হইতে।
যতন, (যৎ=যত্নকরা+অনট্—ভা) সং, ক্লীং, যত্ন, চেষ্টা, প্রয়াস, উদ্যোগ।
যতমান, (পূর্ব্ব দেখ, শান—ক, ম—আগম) বিং,ত্রিং, যত্নকারী,চেষ্টাবিশিষ্ট।
যতব্রত, (যত—ব্রত) বিং, ত্রিং, দৃঢ়ব্রত, সংশিতব্রত। যথাবিধানে নিত্য নৈমিত্তিক কর্ম্মকারী।
যতাত্মা, (যতাত্মন্, যত—আত্মন্=আত্মা—৬ষ্ঠী—ষ) বিং, ত্রিং, সংযতচিত্ত, দমিতচিত্ত। যাহার মনোবৃত্তি বশীভূত আছে।
যতি, (যৎ=চেষ্টাকরা+ই—প্রং, অথবা যম্=নিবৃত্তকরা+ক্তি—প্রং) সং, পুং, তপস্বী, মুনি, জিতেন্দ্রিয়। ভিক্ষু, পরিব্রাজক, সন্ন্যাসী। স্ত্রীং, শ্লোকাদির স্বরবিরাম স্থান, সম্মিলন। ক্রোধ। অনুভূতি। বিধবা। ত্রিং, (বহুবচনান্ত) যতগুলিন।
যতিচান্দ্রায়ণ, সং, ক্লীং, ব্রতবিশেষ।
যতী, (যতিন্, যৎ [যম্=নিবৃত্তকরা+ক্ত—ভা]+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, জিতেন্দ্রিয়, (মুনি। পরিব্রাজক সন্ন্যাসী। তিনী—স্ত্রীং, বিধবা।
যৎকিঞ্চিৎ, (যৎ=যে—কিঞ্চিৎ=কিছু) অং, অল্পপরিমাণ, যাহা কিছু।
যত্ত, (যত্ন দেখ, ক্ত—ক) বিং, ত্রিং, যত্নবিশিষ্ট। "ইহ যত্তৈর্নিরাকারৈর্বস্তব্যমিতি রোচয়ে" মহাভারত।
যত্ন, (যৎ=যত্নকরা+ন—ভা) সং, পুং, রূপাদি চতুর্ব্বিংশতি গুণান্তর্গত গুণবিশেষ। প্রয়াস। প্রবৃত্তি। চেষ্টা, উদ্যোগ। পরিশ্রম। উদ্যম। অধ্যবসায়।
যত্র, (যদ্—যে+[সপ্তমী স্থানে] ত্র—প্রং) অং, যেখানে, যথায়, যে স্থানে। যে বিষয়ে।
যত্রসায়ংগৃহ—যে স্থানে সন্ধ্যা উপস্থিত হয় সেই স্থানেই যাহারা অবস্থানকরে।
যথা, (যদ্=যে+থা—প্রকারার্থে) অং, যেমন, যে প্রকার। সাদৃশ্য, যেরূপ। সাম্য। যোগ্যতা। বীপ্সা। সত্য। স্বার্থ। অনতিক্রম। যৎপরিমাণ। ইহা অন্যান্য শব্দের পূর্ব্বে সংযুক্ত হয় যথা, যথাক্রমং, যথাশাস্ত্রং, যথাকালং ইত্যাদি।
যথাকথঞ্চিৎ—যে কোনপ্রকারে, কষ্টসৃষ্টে
যথাকাম,(যথা—কাম=অভিলাষ। কামকে অতিক্রম না করিয়া, ব্যাং—স) ক্লীং, ক্রিং—বিং, যেমন ইচ্ছা, সেচ্ছানুসারে, যথাভিলাষ।
যথাকাল, (যথা—কাল=সময়। কালকে অতিক্রম না করিয়া, ব্যং— স)ক্লীং, ক্রিং—বিং, যথাসময়ে, উপযুক্ত সময়ে। দিবসের শেষভাগ।
যথাক্রম, (যথা=যেমন—ক্রম=পর্য্যায়। ক্রম অতিক্রম না করিয়া,ব্যং—স)ক্লীং, ক্রিং—বিং, ক্রমানুরূপ, আনুপূর্ব্বিক, ক্রমে ক্রমে।
যথাগত, (যথা—আগত=আসিয়াছে, ব্যং—স) বিং, ত্রিং, যেরূপে আগত। উৎপন্ন।
যথাজাত, (যথা=যেমন—জাত=উৎপন্ন)

বিং, ত্রিং· মূর্খ। নীচ, অধম।

যথাতথম্—ক্লীং, ক্রিং—বিং, } (যথা=যেমন—
যথাতথ—বিং, ত্রিং, }
তথা=তেমন, ব্যং—স) যথাযোগ্য, যথার্থ, সত্য। সং, ক্লীং, ইতিহাস, পুরাবৃত্ত। [যেমন তেমন।

যথাতথা—যেখানে সেখানে, সর্ব্বস্থানে।

যথাপূর্ব্বক, (যথা=যেমন—পূর্ব্ব, ব্যং—স) ক্লীং, ক্রিং—বিং পূর্ব্বানুরূপ, পূর্ব্বমত, পূর্ব্বদিক্‌দেশকালানুরূপ।

যথাযথম্—ক্লীং, ক্রিং—বিং, } (যথা—যথা ব্যং
যথাযথ—বিং, ত্রিং, }
—স) যেমন, যথাযোগ্য, উপযুক্ত। যথার্থ।

যথার্থ, (যথা—অর্থ, ৭মী—হিং, মধ্যপদলোপ) বিং, ত্রিং, যথাযথ। সত্য। যোগ্য। ন্যায্য।

যথার্থম্—ক্লীং, ক্রিং—বিং, } (যথা=যেমন—অর্থ
যথার্থ—বিং, ত্রিং, }
=স্বরূপ অর্থাৎ যাহার অর্থ স্বরূপকে অতিক্রম করে না, স্বরূপানুযায়ী, ব্যং—স) সত্য। যথাযোগ্য, উপযুক্ত।

যথার্হম্—ক্লীং, ক্রিং—বিং, } (যথা—অর্হ =
যথার্হ—বিং, ত্রিং, }
যোগ্য, ব্যং—স) যথোপযুক্ত, যেমন উচিত।

যথাবৎ, (যথা+বৎ—প্রং) অং, বিধিপূর্ব্বক, বিধানানুযায়ী। যথার্থ। সমীচীন।

যথাবস্থিত, (যথা—অবস্থিত) বিং, ত্রিং, যেমন আছে সেইরূপ।

যথাশক্তি, (যথা—শক্তি। শক্তিকে অতিক্রম না করিয়া, ব্যং—স) ক্লীং, ক্রিং—বিং, শক্ত্যনুসারে, সাধ্যানুযায়ী। যথাসাধ্য। [অং, শাস্ত্র অনুসারে, শাস্ত্রসম্মত।

যথাশাস্ত্র, (যথা=যেমন—শাস্ত্র, ব্যং—স)

যথাস্থিত, (যথা=যেমন-স্থিত=অবস্থিত, আছে) বিং, ত্রিং, যথার্থ, সত্য। উপযুক্ত, ন্যায্য।

যথাস্ব, (যথা=যেমন—স্ব=নিজ) অং, যথোচিতরূপে। বিং, ত্রিং, প্রকৃত।

যথাস্বম্, (যথা=যেমন—স্ব=নিজ, ব্যংস) ক্লীং, ক্রিং—বিং, যথাযথ, যথোচিত।

যথেচ্ছাচার, (যথা=যেমন—ইচ্ছা—আচার=আচরণ) সং, পুং, স্বেচ্ছাচার, আপনার ইচ্ছানুসারে কার্য্য করা।

যথেপ্সিতম্—ক্লী, ক্রি—বিং, } (যথা—ঈপ্সিত
যথেপ্সিত—বিং, ত্রিং, }
=অভিলষিত, ব্যং—স) ক্লীং, অভিলাষানুরূপ, যথাকাম।

যথেষ্ট, (যথা=যেমন—ইষ্ট=অভিলষিত, ব্যং—স) ক্লীং, ক্রিং—বিং, যথাভিলষিত, যথেপ্সিত, ইচ্ছানুযায়ী। প্রচুর, বহুতর, অনেক।

যথেষ্টাচারী, (যথেষ্টাচারিন্, যথা=যেমন ইষ্ট=অভিলষিত—চারিন্=যে আচরণ করে) সং, পুং, পক্ষী। বিং, ত্রিং, স্বেচ্ছাচারী। [যুক্ত) ক্লীং, ন্যায়সঙ্গত।

যথোচিত, (যথা=যেমন—উচিত=উপ-

যথোদিত, (যথা=যেমন—উদিত=কথিত) বিং, ত্রিং, যথোক্ত, যেমন বলা যায় তদনুরূপ।

যদ্, (যজ্=পূজাকরা+অদ্—প্রং) সর্ব্বং, ত্রিং, যে, যাহা। অং, যেহেতু।

যদা, (যদ্=যে+দা—কালার্থে) অং, যৎকালে, যেক্ষণে, যখন। যেহেতু।

যদি, (যৎ=যত্নকরা+ই—প্রং, ৎ=দ্) অং, এক ক্রিয়াতে অন্যের অপেক্ষাসূচক সম্ভাবনা, অবধারণ। সংশয়। পক্ষান্তর।

যদিবা, (যদি=সংশয়—বা=বিকল্পে) অং, পক্ষান্তর, অথবা।

যদু, সং, পুং, দেবযানীর গর্ভে যযাতির জ্যেষ্ঠ পুত্র। যদুর বংশ। শ্রীকৃষ্ণের পূর্ব্ব পুরুষ। দশার্হ দেশ।

যদুনাথ, যদুপতি, (যদু—নাথ, পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শ্রীকৃষ্ণ, নারায়ণ।

যদৃচ্ছা, (যদ্=যে—ঋচ্ছ্=গমনকরা+অল্ আ—প্রং) সং, স্ত্রীং, স্বাতন্ত্র্য, স্বেচ্ছাচার। অনায়াস। স্বৈরিতা।

যদ্ভবিষ্য, (যদ্=যে—ভবিষ্য=ভবিষ্যৎ)

বিং, ত্রিং, অবশ্যম্ভাবী, ভাগ্যাপেক্ষী।
যদ্যপি, (যদি—অপি=নিশ্চয়) ক্রিং—বিং, যদিও। [অং, পক্ষান্তরে।
যদ্বা, (যদ্=যে—বা=বিকল্পে, দ্বং—স)
যন্তা, (যন্তৃ, যম্=নিবৃত্তকরা+তৃন্—ক) সং, পুং, হস্তিপক, মাহুত। সারথি। বিং, ত্রিং, দমনকারক। নিয়ামক। বিরতিকারক।
যন্ত্র, (যন্ত্র্=সঙ্কুচিত করা+অল্—প্রং) সং, ক্লীং, কল, কোন কর্ম্ম নির্ব্বাহার্থ বুদ্ধিপূর্ব্বক প্রস্তুত পদার্থ। যাঁতা। অগ্নি-যন্ত্র, কামান বন্দুক প্রভৃতি। দেবাদির অধিষ্ঠান। পাত্রবিশেষ। গুপ্তার্থ রেখা-ময় চিহ্ন। যন্ত্রণ, নিযন্ত্রণ।
যন্ত্রক, (যন্ত্র=কল, দমন ইত্যাদি+ক—যোগ) সং, ক্লীং, যন্ত্রকাষ্ঠ, চক্রযন্ত্র। কুঁদ। যাঁতা। ভ্রমী। ন্ত্রিকা—স্ত্রীং, পত্নীর কনিষ্ঠা ভগিনী। যাঁতি।
যন্ত্রগৃহ, (যন্ত্র এস্থলে তৈল যন্ত্র—গৃহ=ঘর) সং, ক্লীং, ঘানিঘর।
যন্ত্রগোল, (যন্ত্র=যাঁতা—গোল) সং, পুং, কলাই বিশেষ, মটর।
যন্ত্রণ, (যন্ত্র্=পীড়া দেওয়া ইত্যাদি+অনট্—ভা) সং, ক্লীং, বন্ধন। ধারণ। রক্ষণ। নিযমন, দমন, শাসন। সঙ্কোচন। ণা—স্ত্রীং, ক্লেশ, বেদনা।
যন্ত্রপেষণী, (যন্ত্র=কল—পেষণী=যাঁতা) সং,স্ত্রীং, পেষণসাধন যন্ত্রবিশেষ, যাঁতা।
যন্ত্রিত, (যন্ত্র+ইত—প্রং) বিং,ত্রিং, বদ্ধ। রুদ্ধ। প্রতিবদ্ধ। সংযমিত। শাসিত, দমিত, নিবারিত।
যন্ত্রী, (যন্ত্রিন্, যন্ত্র+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, যন্ত্রবিশিষ্ট, যন্ত্রযুক্ত। সং, পুং, শিল্পকার। বাদ্যকর। গুণী। ধূর্ত্ত।
যম, (যম্=নিবৃত্ত করা ইত্যাদি+অল্—প্রং) সং, পুং, দক্ষিণ-দিক্‌পাল, ধর্ম্মরাজ, শমন, কৃতান্ত। মৃত্যু, মরণ। কাক, বায়স। সংযম, দমন। নিবৃত্তি। সমাধি। বহিরিন্দ্রিয় সকল দমন করিয়া পরমাত্মাতে চিত্তসংযোগ। শরীরসাধনাপেক্ষ নিত্যকর্ম্ম, অহিংসা ইত্যাদি। সহিষ্ণুতা। উৎসববিশেষ। যোগ। শনি। দ্বিং, যমজ, যুগ্মজাত। মী—স্ত্রীং, যমুনানদী। "অহিংসা সত্যবচনং ব্রহ্মচর্য্যমকল্কতা। অস্তেয়মিতি পঞ্চৈতে যমাশ্চৈব ব্রতানি চ"॥ ইতি মনুঃ।
যমক, (যম দেখ, ক—যোগ) সং, ক্লীং, শব্দালঙ্কারবিশেষ, ভিন্নার্থক স্বরব্যঞ্জনসমূহের তাদৃশ ক্রমে পুনরাবৃত্তি। পুং, সংযম। ত্রিং, দ্বিং, এক গর্ভে যুগপৎ উৎপন্ন সন্তানদ্বয়, যুগ্মজাত, যমজ।
যমকীট, (যম—কীট=পোকা) সং, পুং, ঘুর্ঘুরিয়া পোকা।
যমজ, (যম—জ=উৎপন্ন) ত্রিং, দ্বিং, একসময়ে একগর্ভে জাত সন্তানদ্বয়। সহজাত।
যমদগ্নি, সং, পুং, পরশুরামের জনক।
যমদূতক, (যম—দূত, ৬ষ্ঠী-ষ, ক—যোগ) সং, পুং, কাক, বায়স। যমের পরিচারক। তিকা-স্ত্রীং, তিন্তিড়ীবৃক্ষ, তেঁতুল।
যমদ্রুম, (যম—দ্রুম=বৃক্ষ) সং, পুং, শাল্মলীবৃক্ষ, শিমুলগাছ।
যমদ্বিতীয়া, সং, স্ত্রীং, কার্ত্তিকী শুক্লা দ্বিতীয়া, ভ্রাতৃদ্বিতীয়া।
যমধার, (যম—ধারা=অস্ত্রের নিশিত প্রান্তভাগ) সং, পুং, দুই পার্শ্বে ধারযুক্ত অস্ত্রাদি, কিরীচ প্রভৃতি।
যমন, (যম্=নিবৃত্তকরা+অনট্—ভা) সং, ক্লীং, সংযমন, নিরোধ, দমন। বন্ধন। ছেদন। উপরতি। বিনাশ। পুং, যম।
যমনিকা, (যম্ [নিবৃত্তকরা] থামা+অন—প্রং, ক—যোগ) সং, স্ত্রীং, যবনিকা, কানাৎ, পর্দ্দা।
যমরাট্, যমরাজ, (যমরাজ্, যম—রাজ্=যে দীপ্তি পায়) সং, পুং, যম, কৃতান্ত, কালান্তক। শমন।
যমল, (যম=যুগ্ম—ল [+ড] অথবা যম দেখ, অল—প্রং) সং, ক্লীং, যুগ্ম,

ঘোড়া। পুং, বৃন্দাবন বৃক্ষবিশেষ। লী—স্ত্রীং, পরিচ্ছদবিশেষ।

যমলার্জ্জুনহা, (যমলার্জ্জুনহন্, যমলার্জ্জুন=বৃন্দাবনস্থ বৃক্ষরূপী দৈত্য—হন্=যে বধ করে, ২য়া—ষ) সং, পুং, শ্রীকৃষ্ণ।

যমবান্, (যমবৎ, যম=সংযম+বৎ—অস্ত্যর্থে) বিং, ত্রিং, সংযমবিশিষ্ট, জিতেন্দ্রিয়, সংযমী। [পুং, মহিষ।

যমবাহন, (যম—বাহন, ৬ষ্ঠী—ষ) সং,

যমস্বসা, (যমস্বসৃ, যম—স্বসৃ=ভগিনী) সং, স্ত্রীং, যমুনানদী। দুর্গা, পার্ব্বতী।

যমানী, যমানিকা, (যম—আ-নী=পাওয়া+অ, ঈ—প্রং। যমানী+ক—যোগ) সং, স্ত্রীং, যবানী, যোয়ান।

যমান্তক, (যম—অন্তক=বিনাশকারী) সং, পুং, শিব, মহাদেব।

যমালয়, (যম—আলয়=গৃহ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, যমের বাড়ী।

যমিত, (যমি=নিবৃত্তকরান+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বদ্ধ। ছেদিত। খণ্ডিত। সংযমিত।

যমী, (যমিন্, যম+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, জিতেন্দ্রিয়, সংযমবিশিষ্ট। "অহিংসা সত্যমস্তেয়ং ব্রহ্মচর্য্যমকল্মষং। ইতি পঞ্চযমা যেষাং সন্তীতি যমিনঃ স্মৃতাঃ"॥

যমুনা, (যম্=বিরত হওয়া+উন, আ) সং, স্ত্রীং, দুর্গা, কলিন্দী নদী, সূর্য্যতনয়া। "যমস্য ভগিনী যাতা যমুনা তেন সা মতা"। দেবীপুরাণম্।

যমুনাজনক, (যমুনা=কালিন্দীনদী—জনক=পিতা) সং, পুং, সূর্য্য।

যমুনাভিদ্, (যমুনা—ভিদ্=ভেদকর্ত্তা। যিনি লাঙ্গলের ফাল দ্বারা যমুনাকে দুই ভাগে বিভক্ত করিয়াছিলেন) সং, পুং, বলরাম। [ভাই) সং, পুং, যম।

যমুনাভ্রাতা, (যমুনাভ্রাতৃ, যমুনা—ভ্রাতৃ=

যযাতি, (য=বায়ু তুল্য—যাতি=গমন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, নহুষ রাজার পুত্র। নাহুষ। (যিনি শুক্রাচার্য্যের শাপে অকালে জরাগ্রস্ত হইয়াছিলেন)।

যযী, (যা=গমন করা+ঈ—সংজ্ঞার্থে, দ্বিত্ব) সং, পুং, শিব, মহাদেব। বর্ত্ম, পথ, রাস্তা।

যযু, (যা=গমন করা+উ—প্রং, দ্বিত্ব, নিপাতন) সং, পুং, অশ্বমেধীয় অশ্ব। ঘোটক।

যব, (যু=মিশ্রিত করা+অল—প্রং) সং, পুং, স্বনামখ্যাত শস্যবিশেষ। পরিমাণবিশেষ, চারি ধান-পরিমাণ। অঙ্গুলিস্থিত যবাকৃতি রেখাবিশেষ। বেগ, শীঘ্র।

যবক, (যব+ক—স্বার্থে) সং, পুং, শূকধান্যবিশেষ, যব

যবক্য, (যবক+ষ্ণ্য—তৎক্ষেত্রার্থে) সং, ক্লীং, যবোৎপাদক ভূমি, যবশস্য জন্মিবার উপযুক্ত ক্ষেত্র।

যবক্ষার, (যব—ক্ষার=লবণরস) সং, পুং, ক্ষারবিশেষ, সোরা।

যবগণ্ড, (যুবন্=যবা—গণ্ড=ফোড়া। যুবন্=যব) সং, পুং, বয়সফোড়া।

যবজ, (যব—জ=জাত) সং, ক্ষারবিশেষ। যবক্ষার।

যবন, (যু=মিশ্রিত করা কিম্বা জু=বেগে চলা+অনট্—প্রং, জ=য) সং, পুং, দেশবিশেষ, আরবদেশ। তুরস্কদেশ। বেগ। (যোনি+ষ্ণ—জাতার্থে) জাতিবিশেষ, মুসলমান বা ম্লেচ্ছজাতি। বিধর্ম্মী, অসদাচারী। প্রথিত আছে যে বিশ্বামিত্রের সমস্ত সৈন্য পরাভব করিবার মানসে বশিষ্ঠের গাভীর যোনিদ্বার হইতে কতকগুলি লোক নির্গত হয়। তাহারাই পরে যবন নামে খ্যাত হইয়াছিল। কিন্তু বিষ্ণুপুরাণে যবন জাতির উৎপত্তি বিষয় অন্য প্রকার বর্ণিত আছে, সগররাজা বিশেষ অপরাধ নিবন্ধন কতকগুলি লোককে তাহাদিগের মস্তক মুণ্ডন করিয়া ভারতবর্ষ হইতে বহিষ্কৃত করিয়াছেন, তাহারাই

পরে যবননামে খ্যাত হইয়াছে। প্রসিদ্ধ উইলসন সাহেব অনুমান করেন যে বক্ত্রিয়া হইতে আয়োনা বা গ্রীস্ পর্য্যন্ত সমস্ত গ্রীক উপনিবেশের অধিবাসী গ্রীক্ দিগকে হিন্দুরা যবন বলিতেন। সং, পুং, বেগবান্ ঘোটক। বিং,ত্রিং, বেগবান্। নী-স্ত্রীং, যবনস্ত্রী। পর্দ্দা। যবানী ঔষধ।

যবনাচার্য্য, (যবন—আচার্য্য=শিক্ষাগুরু) সং,পুং, তাজকগ্রন্থকার পণ্ডিতবিশেষ।

যবনানী, (যবন+ঈ—প্রং) সং, স্ত্রীং, যবনের লিপিবিশেষ।

যবনাল, (যব=যবসদৃশ—নাল=নাড়া, ৬ষ্ঠী—হিং, সং,পুং, ধান্যবিশেষ, দেধান।

যবনিকা, (জু=বেগে চলা+অন, ক, আ। জ=য। সং, স্ত্রীং, তিরস্করণী, কানাৎ। যবনস্ত্রী।

যবনেষ্ট, (যবন—ইষ্ট=বাঞ্ছিত) সং, ক্লীং, ধাতুবিশেষ, সীসক, সীসা। পুং, নিম্ব। পলাণ্ডু, পেঁয়াজ। লশুন।

যবময়, (যব+ময়ট্—বিকারার্থে) বিং, ত্রিং, যব দ্বারা প্রস্তুত।

যবলাস, যবশূক, (যব—লস্=ইচ্ছা করা +ঘঞ্—প্রং। যব—শূক=শস্যাদির সূক্ষ্ম অগ্রভাগ) সং, পুং, যবক্ষার।

যবস, (যু=মিশ্রিত করা+অস্—প্রং) সং, পুং, তৃণ, ঘাস।

যবাগূ, (যু=মিশ্রিত করা+আগূ—প্রং, যাহা মিশ্রিত করা যায়) সং, স্ত্রীং, যবমণ্ড, যাউ।

যবাগ্রজ, (যব—অগ্র [অগ্রভাগ] শীর্ষ— জ=জাত) সং, পুং, যবক্ষার, সোরা।

যবান, (যব=বেগ—আ—নী পাওয়া+ উ—প্রং) বিং, ত্রিং, শীঘ্রগামী, বেগবান্, দ্রুতগামী।

যবানী, যবানিকা, (যব—আ-নী=পাওয়া +উ, ঈপ্ যবানী+ক—প্রং) সং, স্ত্রীং, ওষধিবিশেষ, যোয়ান।

যবিষ্ঠ, যবীয়ান্, (যবীয়স্, যুবন্=যুবা+ ইষ্ঠ, ঈয়স্=অত্যর্থে) বিং, ত্রিং, অতিযুবা। কনিষ্ঠ।

যব্য, (যব+য্য—তৎক্ষেত্রার্থে) সং,ক্লীং যবশস্য জন্মিবার উপযুক্ত ক্ষেত্র। মাস

যশঃ (যশস্, যশ্=ব্যাপা+অস—প্রং, ব—আগম) সং, ক্লীং, শৌর্য্যাদিপ্রভব সুখ্যাতি। "দানাদিপ্রভবা কীর্ত্তিঃ শৌর্য্যাদিপ্রভবং যশঃ"। [ঢক্কা, ঢাক

যশঃপটহ, (যশস্—পটহ=ঢাক) সং, পুং,

যশঃশেষ, (যশস্—শেষ=অন্ত, ৬ষ্ঠী—ব) সং,পুং,মৃত্যু, কীর্ত্তিশেষ। বিং, ত্রিং,মৃত

যশদ, সং, ক্লীং, ধাতুবিশেষ, দস্তা।

যশস্য, (যশস্+য্য—প্রং) বিং, ত্রিং, যশস্কর, সুখ্যাতিজনক, কীর্ত্তিপ্রদ।

যশস্বান্, (যশস্বৎ, যশস্+বতু—অস্ত্যর্থে) বিং,ত্রিং, কীর্ত্তিমান্, যাহার যশঃ আছে

যশস্বী, (যশস্বিন্, যশস্+বিন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, কীর্ত্তিমান্, বিখ্যাত।

যশোদ, (যশস্-দা=দানকরা+উ-প্রং বিং, ত্রিং, কীর্ত্তিদাতা। সং,পুং, পারদ,পারা।

যশোদা, (যশস্—দা=দান করা+উ, আপ্) সং, স্ত্রীং, নন্দগোপ পত্নী।

যশোর, যশোহর—বঙ্গদেশের পূর্ব্বভাগে অবস্থিত প্রসিদ্ধ নগরবিশেষ।

যষ্টা, (যষ্টৃ, যজ=পূজাকরা+তৃন্—ক) সং, পুং, যাগকর্ত্তা, যজমান, যাজ্ঞিক।

যষ্টি, (যজ্=পূজাকরা+ক্তি—প্রং, ক্—লোপ) সং, পুং স্ত্রীং, লাঠি। ধ্বজাদির দণ্ড। শাখা। "চূতযষ্টিরিবাভ্যাসে বভৌ পরভৃতোন্মুখী"। কুমার। ছড়া হারের নর। পুং, ভুজদণ্ড।

যষ্টিকা, (যষ্টি+ক—যোগ) সং, স্ত্রীং, যষ্টি, লাঠি। একনর হার। যষ্টিমধু। দীর্ঘিকা, সরোবর।

যষ্টিগ্রহ, (যষ্টি=লাঠি—গ্রহ=যে গ্রহণকরে) সং, পুং, লগুড়ধারী, যষ্টিধারী।

যষ্টিমধু, (যষ্টি—মধু=মৌ) সং, ক্লীং, মিষ্ট মূলবিশেষ।

যহ্ব, (যা=গমন করা+ব—প্রং। হ্—আগম) সং, পুং, যজমান, যাজ্ঞিক।

া, (যাতৃশব্দজ) সং, পতির ভ্রাতৃজায়া।

াউ, (যবাগূ শব্দজ) মাড়। যবমণ্ড।

াওন, যাওয়া, (গমনার্থ যাধাতুজ) সং, গমন, চলন।

যাঁতা, (যন্ত্র শব্দজ) সং, পেষণ-যন্ত্র। ভস্ত্রা, অগ্নিসন্ধানণনির্ম্মিত যন্ত্রবিশেষ।

যাঁতি, (যন্ত্রশব্দজ) সং, সুপারি প্রভৃতি ছেদনার্থ অস্ত্র বিশেষ।

যাগ, (যজ্=পূজাকরা+ঘঞ্—ভা) সং, পুং,যজ্ঞ, হোম।

যাচক, যাচনক, যাচিতা, (যাচিতৃ, যাচ্=যাচ্ঞা করা+ণক, অন, তৃন্—ক) বিং, ত্রিং, ভিক্ষু, যাচ্ঞাকারী। প্রার্থী, আকাঙ্ক্ষাকারক।

যাচন, (যাচ্=যাচ্ঞা করা+অনট্—ভা) সং, ক্লীং, না—স্ত্রীং, প্রার্থনা, যাচ্ঞা, ভিক্ষা।

যাচনীয়, (যাচক দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, প্রার্থনীয়, ভিক্ষণীয়।

যাচমান, (যাচক দেখ, শান—ক) বিং, ত্রিং, প্রার্থয়মান, যাচ্ঞাকারী। যে ব্যক্তি যাচ্ঞা করিতেছে।

যাচিত, (যাচ্=যাচ্ঞা করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রার্থিত। ভিক্ষিত। মৃত, পরলোকগত, উপরত। সং, ক্লীং, প্রার্থনা। "যাচিতা তেন তন্বঙ্গী মালা বিদ্যাধরাঙ্গনা" বিষ্ণুপুরাণ।

যাচিতক, (যাচিত দেখ, ক—নির্বৃত্তার্থে) সং, ক্লীং, প্রার্থিত বস্তু। হাওলাৎ।

যাচ্ঞা, (যাচিত দেখ, ন—ভা, আপ) সং,স্ত্রীং, ভিক্ষা, প্রার্থনা। "ইত্যৌৎসুক্যাদপরিগণয়ন্ গুহ্যকস্তং যযাচে যাচ্ঞা মোঘা বরমধিগুণে নাধমে লব্ধকামা" মেঘদূত।

যাচ্য, (যাচিত দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, প্রার্থনীয়, যাচিতব্য।

যাজ, (যজ্=দানকরা+ঘঞ্—প্রং) সং, পুং, ভক্ত, অন্ন, ভাত।

যাজক, (যজ্=পূজাকরা+ণক—ক) সং, পুং, ঋত্বিক্, পুরোহিত, পুরোধা। মদমত্তহস্তী।

যাজন, (যাজি=যাগকরান+অনট্—ভা) সং, ক্লীং, যজ্ঞক্রিয়া করান, যাগকরান। পুরোহিতের কার্য্য, পৌরোহিত্য।

যাজি, যাজী, (যাজিন্ যজ্=যাগকরা+ণি, ণিন্—ক) সং, পুং, যাগকর্ত্তা। যে ব্যক্তি যাগের অনুষ্ঠান করে, যজমান।

যাজুষ, (যজুস্=বেদ+ষ্ণ—ইদমর্থে) বিং, ত্রিং, যজুর্ব্বেদসম্বন্ধীয়।

যাজ্ঞবল্ক্য, (যজ্ঞবল্ক=স্বনামপ্রসিদ্ধ মুনি+ষ্ণ্য—অপত্যার্থে) সং, পুং, ধর্ম্মশাস্ত্র প্রণেতা মুনিবিশেষ। "মন্বত্রিবিষ্ণুহারীতযাজ্ঞবল্ক্যোশনোঙ্গিরাঃ ... ধর্ম্মশাস্ত্রপ্রযোজকাঃ"।

যাজ্ঞসেনী,(যজ্ঞসেন=দ্রুপদরাজা+ষ্ণ্য—অপত্যার্থে, ঈপ্) সং, স্ত্রীং, দ্রৌপদী। কৃষ্ণা,পাণ্ডবললনা।

যাজ্ঞিক, (যজ্ঞ+ষ্ণিক—প্রং) সং, পুং, যজ্ঞকর্ত্তা। যাজক, পুরোহিত।

যাজ্য, (যজ্=পূজাকরা+ঘ্যণ্—র্ম্ম) বিং, ত্রিং, যাজনের যোগ্য। যজনীয়, যজ্ঞক্রিয়ার উপযুক্ত। সং, ক্লীং, যজ্ঞস্থান। দেবতা। জ্যা—স্ত্রীং, যাগমন্ত্র।

যাত, (যা=গমনকরা+ক্ত—ক) বিং, ত্রিং, অতীত, গত। প্রাপ্ত, লব্ধ। জ্ঞাত। সং, ক্লীং, গমন। প্রাপণ। জ্ঞান। অঙ্কুশাঘাত দ্বারা নিবারণ।

যাতনা, (যাতি=যন্ত্রণা দেওয়া+অন, আপ্) সং, স্ত্রীং, অসহ্য ক্লেশ, তীব্রবেদনা, যন্ত্রণা।

যাতযাম, (যাত=গত—যাম=কান্তি, সহন, উচিত সময়, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, জীর্ণ, বৃদ্ধ। শীর্ণ, কৃশ। হ্রাসপ্রাপ্ত। ভুক্ত। পর্য্যুষিত। উচ্ছিষ্ট। বর্জ্জিত। পরিত্যক্ত।

যাতব্য, (যা=যাওয়া+তব্য—র্ম্ম) বিং, ত্রিং, গন্তব্য, গমনীয়, গমনযোগ্য।

আক্রমণীয়।

যাতায়াত, (যাত=গমন—আয়াত=আগমন, দ্বং—স) সং, ক্লীং, গমনাগমন। গতায়াত, যাওয়া আসা।

যাতিক, যাতৃক সং, পুং, পান্থ, পথিক। অধ্বগ। রাহাগীর।

যাতু, (যা=গমনকরা+তু-প্রং) সং, পুং, অধ্বগ, পথিক। কাল, সময়। ক্লীং, রাক্ষস। বিং, ত্রিং, গমনকারী।

যাতুধান, (যাতু=রাক্ষস—ধা=ধারণকরা+অন—প্রং) সং, পুং, রাক্ষস, নিশাচর।

যাতা, (যাতৃ, যৎ=যত্নকরা+ঋ—প্রং, অ=আ) সং, স্ত্রীং, পতির ভ্রাতৃপত্নী, বা। (যা=গমনকরা+তৃন্—ক) বিং, ত্রিং, গমনকর্ত্তা। সারথি। সূত, যন্তা, মাতলি, রথচালক।

যাত্রা, (যা=গমনকরা+ত্র, আপ্) সং, স্ত্রীং, প্রস্থান, পর্য্যটন, গমন। অভিনির্য্যাণ যুদ্ধার্থ বহির্গমন। কালক্ষেপ। দেশভ্রমণ। তীর্থগমন। উৎসব। উপায়, সাধন।

যাত্রিক, (যাত্রা+ষ্ণিক—অর্হার্থে) বিং, ত্রিং, যাত্রাসম্বন্ধীয়। যাত্রাযোগ্য। যথায় বা যাহাতে যাওয়া যাইতে পারে। সং, ক্লীং, পাথেয়, পথখরচ। পুং, উৎসব। উপায়। তীর্থসেবক, পথিক, অধ্বগ, পান্থ, রাহাগীর। পর্য্যটক।

যাত্রী, (যাত্রিন্, যাত্রা+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, যাত্রাকারী।

যাথাতথ্য, (যথাতথ+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, যথৌচিত্য, যথার্থতা, প্রকৃতত্ব, অব্যভিচার।

যাথার্থিক, (যথার্থ+ষ্ণিক—ভবার্থে) বিং, ত্রিং, বাস্তবিক, প্রকৃত, সত্য। অভ্রান্ত।

যাথার্থ্য, (যথার্থ+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, স্বরূপতা, যথার্থতা, তথ্য।

যাদঃ, (যাদস্, যা [শীঘ্র] গমনকরা+অস্—প্রং, দ—আগম) সং, ক্লীং, জলজন্তু, জলচর জীব, কুম্ভীরাদি "অধ্যাস্য চাভিগমাশ্চ যাদোরত্নৈরিবার্ণবঃ" রঘুবংশ

যাদঃপতি, (যাদস্=জলজন্তু—পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সমুদ্র, সাগর, বারিধি, রত্নাকর, পারাবার। বরুণ।

যাদব, (যদু=ইহাঁর পূর্ব্ব পুরুষ+ষ্ণ—অপত্যার্থে) সং, পুং, শ্রীকৃষ্ণ। বিং, ত্রিং, যদুসম্বন্ধীয়। যদুবংশীয়। ক্লীং, গোমহিষাদি রূপ ধন। পুং, বহুং, যদুবংশীয় ব্যক্তি। বী—স্ত্রীং, দুর্গা, পার্ব্বতী, ভবানী, অম্বিকা, অপর্ণা।

যাদু, (দেশজ) সং, বশীকরণ বিদ্যা, মোহিনী, মায়া, কুহক।

যাদৃক, যাদৃশ, (যাদৃশ, যদ্—যে—দৃশ্ দেখা+কিপ্, ঘঞ্—র্ম্ম। যাহার ন্যায় দৃষ্ট হয়) বিং, ত্রিং, যেমন, যেপ্রকার, যেরূপ।

যাদৃচ্ছিক, (যদৃচ্ছা+ষ্ণিক—প্রং) বিং, ত্রিং, স্বতন্ত্র। অবাধ্য। স্বেচ্ছাকৃত, স্বেচ্ছাচারী।

যাদোনাথ, (যাদস্=জলজন্তু—নাথ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সমুদ্র, অম্বুধি, পাথার, সাগর। বরুণ।

যাদোনিবাসঃ, (যাদোনিবাসস্, যাদস্=জলজন্তু—নিবাসস্=আবাসস্থান) সং, ক্লীং, জল, বারি। সলিল, নীর, নার, অম্বু, পয়ঃ।

যান, (যা=গমনকরা+অনট্—ণ) সং, ক্লীং, হস্ত্যশ্ব রথাদি বাহন। গমন। অগ্রসর হওয়া। শত্রুরবিরুদ্ধে যাত্রা। আক্রমণ।

যানপাত্র, (যান [জলদ্বারা] গমন—পাত্র। ক—যোগে যানপাত্রকও হয়) সং, ক্লীং, সমুদ্রযান অর্ণবপোত, জাহাজ।

যাপন, (যাপি=যাওয়ান+অনট্—ভা) সং, ক্লীং, অতিবাহন কালক্ষেপণ, সময়াতিপাত অবস্থান। নিরসন।

যাপিত, (যাপন দেখ+ক্ত—র্ম্ম) বিং,

ত্রিং, অতিবাহিত, কাটান। নিবসিত, অধ্যুষিত।

যাপ্য, (যাপন দেখ+য—র্ম্ম) বিং, ত্রিং, অধম, নিন্দিত। যাপনীয়, ক্ষেপণীয়। আবরণীয়। অপ্রতিবিধেয়। গোপনীয়। গুপ্ত।

যাপ্যযান, (যাপ্য=নিন্দনীয়, ক্ষেপণীয়, —যান=বাহন) সং, ক্লীং, শিবিকা, মহাপায়া, পাল্কী।

যাভ, (যভ্=স্ত্রীসংসর্গ করা+ঘঞ্—প্রং) সং, ক্লীং, জম্ভন, মৈথুন, নিধুবন, রমণ, রতিক্রীড়া।

যাম, (যা [দিনের মধ্যদিয়া] যাওয়া +ম—প্রং, কিম্বা যম=নিবৃত্তকরা+ ঘঞ্—প্রং) সং, পুং, দিবারাত্রির চতুর্থভাগৈক কাল, প্রহর পরিমিত সময়। সংযম, নিয়মন।

যামঘোষ, (যাম=প্রহর—ঘোষ=শব্দ) সং, পুং, কুক্কুট, কুঁকুড়া। যা—স্ত্রীং, ঘটিকাযন্ত্র, ঘড়ী। পটহবিশেষ।

যামনেমি, সং, পুং, ইন্দ্র, শচীপতি।

যামল, (যমল=যুগ্ম+ষ্ণ—স্বার্থে) সং, ক্লীং, যুগ্ম, যোড়া। তন্ত্রশাস্ত্রবিশেষ, ইহা ষড়্বিধ যথা আদি. ব্রহ্মা. বিষ্ণু, রুদ্র, গণেশ এবং আদিত্যযামল।

যামবতী, (যাম=প্রহর+বতু—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, রজনী, রাত্রি। যামিনী, ত্রিযামা, ক্ষপা, বিভাবরী।

যামাতা, (যামাতৃ, জামাতা দেখ+জ=য) সং, পুং, জামাতা।

যামি, (যা=গমনকরা+মি—প্রং, অথবা জামি দেখ, জ=য) সং, স্ত্রীং, ভগিনী। কুলস্ত্রী। রজনী। ধর্ম্মপত্নী। দক্ষিণদিক্।

যামিকভট, সং, পুং, প্রহরী, চৌকিদার।

যামিকা, (যাম=প্রহর+ষ্ণিক—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, রাত্রি, রজনী, বিভাবরী, ত্রিযামা, ক্ষপা।

যামিত্র, (যামি—ত্র=ত্রৈধাতুজ) সং, ক্লীং, লগ্ন হইতে সপ্তম রাশি।

যামিত্রবেধ, সং, পুং, লগ্নহইতে সপ্তমস্থানে প্রতিকূল অবস্থান।

যামিনী, (যাম=প্রহর+ইন্—অস্ত্যর্থে, ঈপ্) সং, স্ত্রীং, রাত্রি, যামবতী। হরিদ্রা।

যামিনীপতি, (যামিনী—পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, চন্দ্র, নিশানাথ।

যামী, (যম+ষ্ণ—সম্বন্ধার্থে, ঈপ্) সং, স্ত্রীং, দক্ষিণদিক্। (যামি=কুলস্ত্রী+ ঈপ্—প্রং) কুলবধূ।

যামুন, (যমুনা+ষ্ণ—সম্বন্ধার্থে) বিং, ত্রিং. যমুনাসম্বন্ধীয়। সং, ক্লীং, রসাঞ্জন। সীসক, সীসা।

যামুনেষ্টক, সং, ক্লীং, সীসক, সীসা।

যামেয়, (যামি=ভগিনী+ষ্ণেয়-অপত্যার্থে) সং, পুং, ভাগিনেয়, ভগিনীপুত্র।

যাম্য, (যম+ষ্ণ্য, যমদ্বারাশাসিত) সং, পুং, চন্দনবৃক্ষ। অগস্ত্যমুনি। বিং, ত্রিং, দক্ষীণদেশীয়। যমসম্বন্ধীয়।

যাম্যা, (যম=ধর্ম্মরাজ+ষ্ণ্য—সম্বন্ধার্থে) সং, স্ত্রীং, দক্ষিণদিক্। ভরণীনক্ষত্র।

যাম্যায়ন, (যাম্যা=দক্ষিণদিক্—অয়ন= গমন, ৭মী—ষ) সং, ক্লীং, দক্ষিণায়ন, সূর্য্যের দক্ষিণদিকে গমন।

যাযজূক, (যাযজ্ [যঙ্লুগন্ত] পুনঃ২ যাগকরা+উক=শীলাদ্যর্থে) সং, পুং, সর্ব্বদা যাগকর্ত্তা।

যাযাবর, (যাযা [যঙ্লুগন্ত] পুনঃ২ যাওয়া +বর—ক, শীলাদ্যর্থে) সং, পুং, অশ্বমেধীয় অশ্ব। জরৎকারু মুনি। পুনঃ২ গমনশীল। যে তপস্বী দিগের নির্দ্ধারিত গৃহাদিনাই। ব্রাহ্মণ। পর্য্যটক। সন্ন্যাসী। বিং, ত্রিং, নিরন্তর ভ্রমণশীল।

যাব, (যু=মিশ্রিতকরা+ঘঞ্—প্রং) সং, পুং, অলক্তক, আলতা।

যাবক, (যাব দেখ+ক—যোগ) সং, পুং, অলক্তক, আলতা। (যবক+ ষ্ণ—স্বার্থে) কুল্মাস। কুলথ। যাবান্ন।

অর্দ্ধপক্ব যব। বোরোধান।

যাবজ্জীবন, (যাবৎ=অবধি—জীবন) সং, ক্লীং, জীবিতকালপর্য্যন্ত, যতকাল জীবিত থাকা যায়। আমরণ।

যাবৎ (যদ্=যে+বৎ—পরিমাণার্থে) অং, সাকল্য। অবধি। পরিমাণ। পর্য্যন্ত। অবধারণ। সমুদয়। হেতু। যতদিন। যে পর্য্যন্ত, পক্ষান্তর। বিং, ত্রিং, যত, যৎসঙ্খ্যক।

যাবতিথ, (যাবৎ=যত পরিমাণ+তিথ—প্রং) বিং, ত্রিং, যাবৎপরিমাণ।

যাবতীয়, (যাবৎ+ঈয়—প্রং) বিং, ত্রিং, সমুদায়।

যাবন, (যবন=যবনদেশ+ষ্ণ—ভবার্থে) সং, পুং, গন্ধদ্রব্যবিশেষ। বিং, ত্রিং, যবনসম্বন্ধীয়।

যাবনাল, (যবনাল+ষ্ণ—স্বার্থে) সং, পুং, শস্যবিশেষ, দেধান।

যাবশূক, (যবশূক+ষ্ণ—স্বার্থে) সং,পুং, যবক্ষার, সোরা।

যাব্য, (যু=মিশ্রিতকরা+ঘ্যণ্—র্ম্ম) বিং, ত্রিং, মিশ্রণীয়, মিশান, যোজনীয়।

যাষ্টীক, (যষ্টি=লাঠি+ষ্ণিক—প্রহরণার্থে, উভয় স্বরের দীর্ঘ) সং, পুং, যষ্টিধারী যোদ্ধা, লাঠিয়াল, লেঠেরা।

যিনি, (যদ্ শব্দজ) সর্ব্বং, যে ব্যক্তি, যে লোক।

যিযক্ষু, যিযক্ষমাণ, (যজ্=পূজাকরা+সন্—ইচ্ছার্থে, উ, শান—প্রং) বিং, ত্রিং, যজ্ঞকরণাভিলাষী।

যিযবিষা, (যু=মিশ্রিতকরা+সন্—ইচ্ছার্থে, আ—ভা) সং, স্ত্রীং, মিশ্রিত করিতে অভিলাষ।

যিযবিষু, (পূর্ব্বে দেখ, উ—ক) বিং, ত্রিং, মিশ্রিত করিতে অভিলাষী।

যিযাসু, (যা=গমন করা+সন্—ইচ্ছার্থে, উ—প্রং) বিং, ত্রিং, গমনাভিলাষী। যে গমন করিতে ইচ্ছা করিতেছে।

যুক্ত, (যুজ্=যোগকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, উপযুক্ত, ন্যায্য, উচিত। মিলিত, সঙ্গত, সংলগ্ন। অবশিষ্ট। আসক্ত। সিদ্ধ। ব্যাপৃত। নিযুক্ত। পুং, অভ্যস্তযোগ তাপস। সং, ক্লীং, হস্তচতুষ্টয়, চারিহাত।

যুক্তি, (যুক্ত দেখ, ক্তি—ভা) সং, স্ত্রীং, ন্যায়। লোকব্যবহার। রীতি। নাট্যালঙ্কারবিশেষ। মিলন। তর্ক, বিবেচনা, সিদ্ধান্ত। অনুমান। মন্ত্রণা,পরামর্শ। উপায়। ব্যবহার। কারণ।

যুগ, (যুক্ত দেখ, অল্—প্রং) সং, ক্লীং, যুগ্ম, দ্বন্দ্ব, যোড়া। সত্য, ত্রেতা, দ্বাপর, কলি, এই কাল চতুষ্টয়। চারিহাত পরিমাণ। পুং, শকট লাঙ্গল প্রভৃতির অঙ্গবিশেষ, জোল।

যুগকীলক, সং, পুং, জোয়ালের খিল।

যুগন্ধর, (যুগ=যোয়ালি—ধৃ=ধরা+খ—প্রং) সং, পুং, কূবর। শকট লাঙ্গলাদির জোয়ালধারী পশু। যুগকাষ্ঠে যে কাষ্ঠ সম্বদ্ধ থাকে, লাঙ্গলের ঈষ, গাড়ির বোম প্রভৃতি। পর্ব্বতবিশেষ।

যুগপৎ, (যু=যোগকরা+গপৎ—প্রং কিম্বা যুগ=যোড়া—পদ্=গমনকরা+ক্বিপ্—প্রং) অং, একদা, এক সময়ে।

যুগপার্শ্বগ, (যুগ=যোয়ালি—পার্শ্ব=পাশ—গ=যে গমন করে) সং, পুং, ক[র্ষণ] অভ্যাসার্থ লাঙ্গল-পার্শ্ববদ্ধ গোরু যে গোরু দোয়ান হইতেছে।

যুগল, (যুগ=যোড়া+ল—অস্ত্যর্থে) সং, ক্লীং, যুগ্ম, যোড়া।

যুগাংশক, (যুগ—অংশক=বিভাজক) সং, পুং, বৎসর। যুগের বিভাজক।

যুগান্ত, যুগ—অন্ত=শেষ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, প্রলয়কাল, কল্পান্ত। যুগশেষ।

যুগ্ম, (যুজ্=যোগকরা+ম—প্রং) সং, ক্লীং, যুগল, যোড়া, দ্বন্দ্ব। ছন্দের মি[লিত] দুই শ্লোকের সম্বন্ধ।

যুগ্য, (যুগ+ষ্য—বহত্যর্থে) সং, ক্লীং, [ব]হন, যান। পুং, যুগবাহী পশু।

যুগ্গান, (যুজ্=যোগকরা+শান—প্রং, না—আগম) সং, পুং, সারথি, চালক। বিপ্র, ব্রাহ্মণ। বিং, ত্রিং, যোগাভ্যাসকারী।

যুত, (যু=যোগকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যুক্ত। মিলিত। সংশ্লিষ্ট। অপৃথক্‌ভূত। সং, পুং, চতুর্হস্ত পরিমাণ।

যুতক, (যুত দেখ, ক—যোগ) সং, ক্লীং, সংশয় সন্দেহ। যুগ্ম। যৌতুক। স্ত্রীলোকের বস্ত্রাঞ্চল। বন্ধু। বন্ধুতাকরণ শূর্পাগ্র। বিং, বিং, যুক্ত, সম্মিলিত।

যুতি, (যু=যুক্তকরা+ক্তি—ভা) সং, স্ত্রীং, যোগ। মিলন।

যুদ্ধ, (যুধ্=যুদ্ধকরা+ক্ত—ভা) সং, ক্লীং, সংগ্রাম, সমর। বিবাদ। গ্রহের গতিবিশেষ।

যুদ্ধবীর, সং, পুং. যে ব্যক্তির যুদ্ধ-বিষয়ে অত্যন্ত অনুরাগ ও উৎসাহ আছে।

যুদ্ধরঙ্গ, (যুদ্ধ—রঙ্গ=আনন্দ) সং, পুং, কার্ত্তিকেয়, ষড়ানন। সেনানী, স্কন্দ, কুমার, শিখিবাহন।

যুদ্ধসার, (যুদ্ধ—সৃ=গমনকরা+ঘঞ্—প্রং) সং, পুং, অশ্ব, ঘোটক, হয়, বাজী, তুরগ, তুরঙ্গ, সপ্তি।

যুধ, যুধা, (যুধ্=যুদ্ধকরা+ক্বিপ্, আপ্—ভা) সং, স্ত্রীং, যুদ্ধ, সংগ্রাম, রণ, আহব, সম্প্রহার, সমর।

যুধাজিৎ, (যুধা=যুদ্ধ—জিৎ=যে জয়করে) সং, পুং, ভরতের মাতুল।

যুধান, (যুধ্=যুদ্ধকরা+শান—প্রং) সং, কুং, ক্ষত্রিয়। যোদ্ধা।

যুধিষ্ঠির, (যুধি=যুদ্ধে—স্থির, স্থ=ষ্ঠ) সং, পুং, পঞ্চপাণ্ডবের জ্যেষ্ঠ ভ্রাতা। ধর্ম্মপুত্র অজাতশত্রু।

যুধ্য, (যুধ্=যুদ্ধকরা+ম—সংজ্ঞার্থে) সং, পুং, সংগ্রাম। ধনুক। বাণ। যোদ্ধা। শেষ যুদ্ধ। শরভ।

যুধ্যমান, (যুধ্=যুদ্ধকরা+শান—ক) বিং, ত্রিং, যুদ্ধকারী, যে যুদ্ধ করিতেছে। যুদ্ধে প্রবৃত্ত।

যুযু, সং, পুং, অশ্ব, ঘোটক, বাজী, তুরঙ্গ, তুরগ, হরি, সপ্তি।

যুযুক্‌খুর, (যুযুক্=যুক্ত—খুর) সং, পুং, ক্ষুদ্রকায় ব্যাঘ্র।

যুযুক্ষমাণ, (যুজ্=যুক্তকরা, সন্-ইচ্ছার্থে, শান—প্রং) বিং, ত্রিং, যোগ করিতে ইচ্ছুক, মোক্ষাভিলাষী।

যুযুৎসু, (যুধ্=যুদ্ধকরা+সন্—ইচ্ছার্থে, উ—প্রং) বিং, ত্রিং, যাহার যুদ্ধ করিতে ইচ্ছা জন্মিয়াছে।

যুযুধান, (যুধ্=যুদ্ধকরা+শান—প্রং) সং, পুং, যোদ্ধা, যুদ্ধকারী। সাত্যকি। ক্ষত্রিয়। ইন্দ্র, দেবরাজ, আখণ্ডল, পুরন্দর, বাসব, পাকশাসন, বজ্রী।

যুবক, (যুবন্+ক—যোগ) সং, পুং, যুব, তরুণ, প্রাপ্তযৌবন, বয়ঃক্রমপ্রাপ্ত, পৌঢ়।

যুবগণ্ড, (যুবন্=যুবা—গণ্ড=যে বদনের একঅংশভূত হয়) সং, পুং, যুবা ব্যক্তির গণ্ডস্থ ব্রণবিশেষ, বয়সফোড়া।

যুবযানি, (যুবতী—জায়া, ৬ষ্ঠী—হিং, জায়া=জানি) সং. পুং, যুবতীর পতি, যাহার ভার্য্যা যুবতী।

যুবতী, যুবতি, (যুবন্=যুবা+ঈপ্—প্রং) সং, স্ত্রীং, প্রাপ্তযৌবনা, তরুণী, ষোড়শ বর্ষ হইতে ত্রিংশৎ বর্ষ বয়স্কা রমণী, "আষোড়শাদ্ভবেদ্বালা তরুণী ত্রিংশকান্মতা"। নবযৌবনা। হরিদ্রা।

যুবনাশ্ব, সং, পুং, সূর্য্যবংশীয় নৃপতিবিশেষ, মান্ধাতার পিতা।

যুবনাশ্বজ, (যুবনাশ্ব=ইঁহারপিতা—জ=উৎপন্ন, ৫মী—হিং) সং, পুং, সূর্য্যবংশীয় নৃপতিবিশেষ, মান্ধাতা।

যুবরাজ, (যুবন্=যুবা—রাজন্=রাজা, য়ং—স) সং, পুং, ভাবি বুদ্ধবিশেষ। অজিত। রাজপুত্র। রাজা যে ভবিষ্য দুত্তরাধিকারী পুত্রের উপর রাজ্যভার সমর্পণ করিয়া স্বয়ং অপসৃত হয়েন।

যুবা, (যুবন্. যু=যোগকরা+অন্—প্রং) বিং, ত্রিং, তরুণ, বয়স্থ। ষোড়শ হইতে ত্রিংসদ্বর্ষ পর্য্যন্তবয়স্ক স্ত্রী। বলশালী।

যুষ্মদ্. (যুষ্=সেবাকরা+মদ্—প্রং) সর্ব্বং, ত্রিং, তুমি, মধ্যমপুরুষ।

যুষ্মদীয়, (যুষ্মদ্=তুমি+ঈয়—ইদমর্থে) বিং, ত্রিং, তোমাদের সম্বন্ধীয়, তোমাদের।

যূঁই. (যূথিকাশব্দজ) সং, যূথিকা পুষ্প।

যূক, (যু [কেশের সহিত] যুক্ত হওয়া +ক, উ=ঊ) সা, পুং, কা—স্ত্রীং, কেশকীট, উকুণ।

যূতি. (যু=মিশ্রিতকরা+ক্তি—প্রং। উ=ঊ, নিপাতন) সং, স্ত্রীং, মিশ্রণ, মিশান।

যূথ, (যু=যুক্তহওয়া+থ—প্রং, উ=ঊ) সং, ক্লীং, পশুপক্ষীর পাল, সমূহ।

যূথনাথ, যূথপ, (যূথ=পাল—নাথ, ৬ষ্ঠী—ষ। যূথ=পাল—প=যে পালনকরে, ২য়া—ষ) সং, পুং, অরণ্যহস্তীসমূহের দলপতি অর্থাৎ প্রধান হস্তী।

যূথিকা, (যূথী=যূঁইফুল+ক, ঈ=ই, আ—প্রং) সং, স্ত্রীং, মাগধী কুসুম। যুঁইফুল।

যূথীন, (যূথ+ঈন—প্রং) সং,পুং, যূথপ, আরণ্য গজসমূহের শ্রেষ্ঠ।

যূনি, (যূতি দেখ, ত=ন) সং, স্ত্রীং, সংযোগ, মিশ্রণ। নী—স্ত্রীং, (যুবন্+ঈ—প্রং) তরুণী, যুবতী।

যূপ, (যু [বলি] বন্ধনকরা+প—প্রং) সং, পুং—ক্লীং, যজ্ঞীয় পশু বন্ধনার্থ কাষ্ঠস্তম্ভ। জয়স্তম্ভ। যজ্ঞস্তম্ভ।

যূপকটক, (যূপ=কাষ্ঠস্তম্ভ—কটক=বলয় ইত্যাদি) সং, পুং, ক্লীং, চষাল, যজ্ঞার্থ যূপের উপরিস্থ বলয়াকৃতি কাষ্ঠবিশেষ।

যূপদ্রু, যূপদ্রুম, } (যূপ=যজ্ঞস্তম্ভ—দ্রু, দ্রুম—বৃক্ষ। এই বৃক্ষের কাষ্ঠই সর্ব্বপ্রকার যূপ কাষ্ঠাপেক্ষা কার্য্যপ্রশস্ত) সং, পুং, খদির বৃক্ষ। রক্তখদির।

যূপলক্ষ্য, (যূপ=যজ্ঞস্তম্ভ, স্কন্ধমাত্র—লক্ষ্য। স্তম্ভোপরি একপ্রকার জাল নির্ম্মিত হয় যাহাতে পক্ষিরা আসিয়া বসে) সং, পুং, বিহঙ্গম, পক্ষী।

যূষ, (যূষ্=আঘাতকরা+অল্—প্রং) সং, পুং,—ক্লীং,দ্বিদলাদির ক্বাথ, ঝোল। পুং, তুঁতগাছ। ব্রহ্মদারুবৃক্ষ।

যূপোচ্ছ্রয়, (যূপ=যজ্ঞস্তম্ভ উচ্ছ্রয়=উন্নতি, উত্তোলন) সং, পুং, যজ্ঞস্তম্ভোত্থাপন মহোৎসব।

যে ,(যদ্‌শব্দজ) সর্ব্বং, বিশেষ ব্যক্তি বা বস্তু যাহা।

যেখানে, (যে—খানে=স্থানে) ক্রিং,—বিং, যে স্থানে, যথায়, যত্র।

যেন, (দেশজ) ক্রি, বিং, যথা, যাহাতে, যেরূপ, অনুমত্যর্থ।

যেমন, (দেশজ) ক্রিং—বিং, যেমত, যে প্রকার, যদ্রূপ, যথা।

যো, (যোত্র শব্দের অপভ্রংশ) সং, উপায় সুবিধা। মূলধন,পুঁজি।

যোআলী—য়া, (দেশজ) সং, যুড়িবার। কাষ্ঠ। যোক্ত্র।

যোক্ত্র, (যুজ্=যোগকরা+ত্র—ণ) সং, ক্লীং, হলবন্ধন-রজ্জু, যোতদড়ি। যোয়ালি।

যোগ, (যুজ্=যোগকরা+ঘঞ্—ভা) সং, পুং, সঙ্গতি, যুক্তি। মিলন, ঐক্য। জীবাত্মা ও পরমাত্মার সংযোগ। সম্বন্ধ। সদ্ভাব। প্রয়োগ। সন্নহন। উপায়। ধ্যান। দেহস্থৈর্য্য। প্রতারণা, ছল। সামাদি চতুর্ব্বিধ উপায়। চিত্তবৃত্তিনিরোধ। মনের বিষয়ান্তরনিবৃত্তি। বিষ্কুম্ভ মাহেন্দ্র প্রভৃতি সময়াংশ। বর্ম্মবন্ধন। যুক্তি। অপূর্ব্ব অর্থপ্রাপ্তি। ধনসম্পত্তির উপার্জ্জন ও বর্দ্ধন। লাভ। শুভকাল। পাতঞ্জলিপ্রণীত দর্শনশাস্ত্রবিশেষ। ভেষজ, ঔষধ। দ্রব্য বশীকরণোপায়। নৈয়ায়িক। প্রণিধি, চর। বিশ্বাসঘাত-

ক। শকট। নৌকাদি যান। কৌশল বর্ম্ম,সাজোয়া। বর্ম্মপরিধান। (অঙ্কশাস্ত্রে) দুই বা ততোধিক রাশির সমষ্টিকরণ সঙ্কলন। (জ্যোতিঃশাস্ত্রে) প্রধান নক্ষত্র। ফল, পরিণাম। নিয়ম। উপযুক্ততা।

যোগক্ষেম, (যোগ=লাভ—ক্ষেম=নিরাপদ, পালন, অথবা যোগ=একত্রাবস্থান—ক্ষেম=সহিষ্ণুতা। দ্বং—স) সং, ক্লীং, অনাগতের আনয়ন এবং আগতের রক্ষণ, প্রাপ্ত ধনরক্ষণ এবং উপার্জ্জন। দ্রব্যের মূল্য নির্দ্ধারণ। লভ্য। মঙ্গল। উত্তরাধিকারীর অবিভাজ্য ধন

যোগচর, (যোগ=শক্তির অধিকার—চর [গমন] অধিকার করণ) সং, পুং, হনুমান্।

যোগজ, (যোগ—জ=জাত) বিং, ত্রিং, যোগজাত, যৌগিক। সং,পুং, যোগাভ্যাসজনিত ধর্ম্মবিশেষ। অলৌকিক সন্নিকর্ষ বিশেষ। ক্লীং, অগুরু।

যোগনিদ্রা, (যোগ=চিত্তের একাগ্রতা—নিদ্রা) সং, স্ত্রীং, দুর্গা, মহামায়া, শঙ্করী, ভবানী, অম্বিকা। যোগরূপ নিদ্রা। চিত্তের বিষয়ান্তর নিবৃত্তি।

যোগপট্টিকা, (যোগ—পট্ট=বস্ত্র+ক—যোগ) সং, স্ত্রীং,যোগিদের বস্ত্রবিশেষ

যোগপদক, সং, ক্লীং, যোগপাটা। পূজাকালে ধারণীয় উত্তরীয়বিশেষ।

যোগপীঠ, (যোগ—পীঠ=আসন) সং, ক্লীং,যোগাসন।

যোগমায়া, সং স্ত্রীং, ভগবতী, মহামায়া, দুর্গা। সংসারমায়া।

যোগরূঢ়, সং, পুং অবয়বশক্তি ও অর্থশক্তিদ্বারা অর্থবোধক, যৌগিক অথচ রূঢ়শব্দ ; যেমন পঙ্কজাদি।

যোগবাহ, (যোগ—বহ্=বহনকরা+ঘঞ্—ণ) সং, পুং, অনুস্বার। বিসর্গ জিহ্বামূলীয়। উপাধ্মানীয়।

যোগবাহী, (যোগবাহিন্, যোগ—বাহিন্=বাহক) বিং,ত্রিং,যোগদ্বারা যে বাহন করে। সং, পুং, পারদ, পারা। ক্ষারবিশেষ। ভেষজাঙ্গ।

যোগবাহী, (যোগ ধাতুর সংযোগ—বাহ=বহনীয়) সং, স্ত্রীং, পারদ, পারা, রস। ক্ষার।

যোগবিদ্, (যোগ—বিদ্=যে জানে) সং, পুং, দণ্ডী, সন্ন্যাসী, যোগী, তপস্বী।

যোগসার, সং, পুং, সর্ব্বরোগনাশক অমোঘ উপায়।

যোগাকর্ষণ, (Cohesion, যোগ—আকর্ষণ) যে গুণ দ্বারা একাধিক পরমাণু পরস্পর দৃঢ়সম্বন্ধ থাকে।

যোগাড়, (যোগশব্দজ) সং, কর্ম্ম নির্ব্বাহের উপায়, কার্য্যের উদ্যোগ।

যোগাচার, সং,পুং, বৌদ্ধ পণ্ডিতবিশেষ।

যোগাধমন, (যোগ=ছল—অধিমন=বন্ধক দেওয়া) সং, ক্লীং, ছলদ্বারা বন্ধক দেওয়া।

যোগাসন, (যোগ—আসন=উপবেশন স্থান) সং, ক্লীং, ধ্যানাসন, যোগ-সাধনার্থ উপবেশনীয় পীঠাদি।

যোগী, (যোগিন্, যুজ্=যোগকরা+ণিন্—ক, শীলার্থে, অথবা যোগ+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, তপস্বী। দণ্ডী, সন্ন্যাসী। ব্রহ্মবিদ্। গিনী—স্ত্রীং, যোগকারিণী নারী। ৬৪ সংখ্যক দেবী-বিশেষ। তিথিবিশেষ। "স্বর্ণে লোষ্ট্রে গৃহেঽরণ্যে সুস্নিগ্ধে চন্দনে তথা। সমতা ভাবনা যস্য স যোগী পরিকীর্ত্তিতঃ"।

যোগীশ, যোগীশ্বর, (যোগিন্—ঈশ,ঈশ্বর, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শিব। যাজ্ঞবল্ক্য।

যোগেশ, যোগেশ্বর, (যোগ—ঈশ, ঈশ্বর, ৬ষ্টি—ষ) সং, পুং, বিষ্ণু। মহাদেব। যাজ্ঞবল্ক্য মুনি।

যোগেষ্ট, (যোগ [ধাতুর] সম্বন্ধ, সংশ্লেষ বা সংযোগার্থ—ইষ্ট=অভিলষিত) সং, ক্লীং, সীসক, সীসা।

যোগ্য, (যুজ=যোগ করা+ঘ্যণ্—প্রং,

বা যোগ+ষ্ণ্য—প্রভবার্থে) বিং, ত্রিং, শক্ত, সমর্থ। উপযুক্ত। নিপুণ। পবিত্র। প্রত্যক্ষ। যোগার্হ। সং,পুং,পুষ্যনক্ষত্র। গ্যা—স্ত্রীং, অভ্যাস, ব্যায়াম, সূর্য্যপত্নী। সং, ক্লীং, ঋদ্ধিনামক ঔষধ। পিষ্টক-বিশেষ। শকটাদির বাহন। চন্দন।

যোগ্যতা, (যোগ্য+তা—ভাবে) সং, স্ত্রীং, ক্ষমতা। উপযুক্ততা। পদার্থ সমূহের পরস্পর সম্বন্ধে বাধ না থাকা; "বহ্নিদ্বারা সেক করিতেছে" এস্থলে বহ্নিদ্বারা সেকের অসম্ভব প্রযুক্ত পরস্পর সম্বন্ধে বাধ হইল, সুতরাং এস্থলে যোগ্যতা হইল না।

যোগ্যানুপলব্ধি, (যোগ্য—অনু পলব্ধি) সং, স্ত্রীং, অভাব-জ্ঞান-সাধনবিশেষ।

যোজক, (যুজ্=যোগ করা+ণক—ক) বিং, ত্রিং, সংযোগকারক, সন্ধিকারক। (Isthmus) যে সঙ্কীর্ণ ভূভাগ দুই বৃহৎ ভূভাগকে পরস্পর সংযুক্তকরে।

যোজন, (যুজ্=যোগ করা+অনট্—প্রং) সং, ক্লীং, চারিক্রোশ পরিমাণ। পরমাত্মা। যোগ। ক্লীং, না—স্ত্রীং, একত্রীকরণ, সংঘটন।

যোজনগন্ধা, (যোজন=চারিক্রোশ পরিমাণ—গন্ধ, যাহার গন্ধ যোজন পর্য্যন্তও যায়, ষ্ঠী—হিং) সং, স্ত্রীং,মৃগনাভি, কস্তূরী। সীতা। সত্যবতী, ব্যাসদেবের জননী। ইহাঁর গাত্রে পূর্ব্বে মৎস্যগন্ধ বাহির হইত। শেষে পরাশরের বরে ইহাঁর গাত্রে স্বাভাবিক যোজনব্যাপী পদ্মগন্ধ জন্মে। নিয়মিত।

যোজিত, (যুজ্=যোগ করা+ণিচ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যুক্তকৃত, মিলিত, মিশ্রিত। নিয়মিত। রচিত।

যোটক, সং, পুং, যোটন, মেলন। কার্য্যকারক, ঘটক। যোজক।

যোড়, (দেশজ) সং, যুগ্ম, দ্বন্দ্ব। মিলন।

যোত্র, যোক্ত্র (যু=যোগ করা+ত্র—ণ। যুজ্=যোগ করা+ত্র—ণ) সং, ক্লীং যুগাদিবন্ধন সাধন রজ্জু,যোতদড়ি। লাঙ্গলাদি বহনকারী পশুর স্কন্ধস্থিত কাষ্ঠবিশেষ, যোয়াল।

যোদ্ধা, যোধ, (যোদ্ধৃ, যুধ্=যুদ্ধকরা+তৃন্, অল্—ক) সং, পুং, যুদ্ধকারক, বীর। প্রহর্ত্তা।

যোধন, (যুধ্=যুদ্ধকরা+অনট্—ভা, ক) সং, ক্লীং, যুদ্ধ। অস্ত্র। পুং, যোদ্ধা।

যোধসংরাব, (যোধ=যোদ্ধা—সংরাব=শব্দ, ধ্বনি; ৪র্থী—ষ) সং,পুং, যোদ্ধাদিগের পরস্পর পরস্পরকে যুদ্ধের জন্য আহ্বান। পরস্পর স্পর্দ্ধা করা।

যোধী, যোধেয়, যৌধেয়, (যোধিন্, যুধ্=যুদ্ধকরা+ণিন্—ক। যোধ+ঢ়েয়, অ—স্বার্থে) সং, পুং, যোদ্ধা, যুদ্ধকারী।

যোনল, (যব—নল=নাড়া, ৬ষ্ঠী—হিং। ব=উ, অ+উ=ও) সং, পুং, শস্যবিশেষ, যবনাল, দেধান।

যোনি, (যু=যোগকরা+নি+প্রং) সং, পুং—স্ত্রীং, আকর, উৎপত্তিস্থান। নিদান, কারণ। ভগ, স্ত্রীচিহ্ন। জল। বারি, নীর, নার, সলিল, অম্বু, পয়ঃ।

যোনিজ, (যোনি—জ=জাত) বিং, ত্রিং, যোনি হইতে উৎপন্ন, জরায়ুজ এবং অণ্ডজ জীবমাত্র।

যোষা, যোষিৎ, যোষিতা, (যুষ্=সেবা করা, ঘঞ্ আ। ২য় পক্ষে, ইৎ—প্রং) সং, স্ত্রীং, নারী, রমণী। "পত্যৌ কৃতপদবাতশ্চুলুকিততাতঃ স পত্রিকাসেবী। ইতি দোষাদিবরোষান্মাধব যোষাস্বিজ্ঞান্ ত্যজতি"।

যৌ, (দেশজ) সং, লাক্ষা, লা।

যৌক্তিক, (যুক্তি+ষ্ণিক—প্রং) বিং, ত্রিং, যুক্তিসিদ্ধ। প্রামাণিক। যুক্তিসঙ্গত। সং, পুং, নর্ম্মসচিব।

যৌগিক, (যোগ+ষ্ণিক—ভবার্থে) বিং, ত্রিং, যোগজাত। প্রকৃতি প্রত্যয় যোগলভ্য, ব্যুৎপত্তিলব্ধ। অর্থবাচক।

যৌজনিক, (যোজন+ষ্ণিক—প্রং) বিং,

ত্রিং, যে এক যোজন পথ গমন করিতে পারে।

যৌতক, যৌতুক, (যুতক=যোনিসম্বন্ধ+ষ্ণ—ভবার্থে, কিম্বা যুত=বধূবর+ষ্ণ-ইদমর্থে, ক—যোগ। ২য় পক্ষে, অ=উ) সং, ক্লীং, বিবাহকালে দম্পতীর লব্ধধন, ঔদ্বাহিক। অন্নপ্রাসনাদি সংস্কারকালে প্রাপ্ত ধন।

যৌতব, (যোতু+ষ্ণ্য—প্রং) সং, ক্লীং, পরিমাণ।

যৌন, (যোনি+ষ্ণ—ইদমর্থে) বিং, ত্রিং, যোনিসম্বন্ধীয়। বৈবাহিক।

যৌবত, (যুবতী+ষ্ণ—সমূহার্থে) সং, ক্লীং, যুবতীসমূহ।

যৌবন, (যুবন্+ষ্ণ—ভাবে) সং, ক্লীং, তারুণ্য, তরুণাবস্থা, ১৬ বৎসর অবধি ৩০ বৎসর পর্য্যন্ত বয়স। "আষোড়শাৎ ভবেদ্বালস্তরুণস্তত উচ্যতে। বৃদ্ধঃস্যাৎ সপ্ততেরূর্দ্ধং বর্ষীয়ান্ নবতেঃ পরম্"।

যৌবনকণ্টক, (যৌবন=তারুণ্য—কণ্টক =কাঁটা, প্রতিবন্ধক) সং, পুং, ক্লীং, ব্রণবিশেষ, যুবগণ্ড, বয়স্‌ফোড়া।

যৌবনাশ্ব, (যুবনাশ্ব=নৃপবিশেষ+ষ্ণ—অপত্যার্থে) সং, পুং, যুবনাশ্ব রাজার তনয়, মান্ধাতা।

যৌবরাজ্য, (যুবরাজ+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, যুবরাজের পদ, পিতৃসত্বে পুত্রের রাজ্যপদ প্রাপ্তি।

যৌষ্মাক, যৌষ্মাকীণ, } (যুষ্মাক=যুষ্মদ্‌শব্দজ+ষ্ণ, ঈন—ইদমর্থে) বিং, ত্রিং, যুষ্মৎসম্বন্ধীয়, ভবদীয়।

র

র, ব্যঞ্জনের সপ্তবিংশ বর্ণ, ইহার উচ্চারণ মূর্দ্ধা হইতে হয়। (রা=দান করা, বা রম্=ক্রীড়া করা+ড—প্রং) সং, পুং, অগ্নি, অনল, পাবক, দহন, জ্বলন। কামানল। রঙ্গ, বর্ণ। বেগ। সুবর্ণ। উত্তাপ। বিং, ত্রিং, তীক্ষ্ণ, প্রচণ্ড।

রং, (রঙ্গশব্দজ) সং, বর্ণ, রঙ্গ।

রংহঃ, (রংহস্, রম্=ক্রীড়াকরা+অস্—প্রং, হ্—আগম) সং, ক্লীং, বেগ।

রকম, (যবনভাষা) সং, প্রকার, মত, সদৃশ।

রক্ত, (রন্‌জ্=রংকরা ইত্যাদি+ক্ত—প্রং) বিং, ত্রিং, নীল্যাদি দ্বারা রঞ্জিত, রংকরা। অনুরক্ত, আসক্ত। ক্রীড়ারত। মধুর, মিষ্ট। সুশ্রাব্য। লোহিত, রাঙা। সং, পুং, লোহিত বর্ণ। কুসুম্ভ। হিজ্জল। ক্লীং, শোণিত, রুধির। কুঙ্কুম। তাম্র, তাঁবা। প্রাচীনামলক। পদ্মক। সিন্দূর। হিঙ্গুল। ক্তা-স্ত্রীং, গুঞ্জা, কুঁচ। লাক্ষা, লা

রক্তক, (রক্ত+ক—যোগ) সং, পুং, অম্লানবৃক্ষ। বন্ধূকবৃক্ষ। ক্লীং, রুধির, শোণিত। রক্তবস্ত্র। বিং, ত্রিং, অনুরাগী, আসক্ত, রত।

রক্তকণ্ঠ, (রক্ত=মধুর, শ্রোত্রসুখকর—কণ্ঠ=কণ্ঠশব্দ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সুস্বরকণ্ঠ, যাহার স্বর শ্রোত্রসুখদ।

রক্তকন্দ, রক্তকন্দল, } (রক্ত=লোহিতবর্ণ-কন্দ =মূল। রক্তকন্দ+ল—প্রং) সং, পুং, বিদ্রুম, প্রবাল, পলা।

রক্তকমল, রক্তকম্বল, } (রক্ত=লোহিতবর্ণ-কমল, কম্বল=পদ্ম) সং, ক্লীং, রক্তবর্ণ পদ্ম।

রক্তকুমুদ, রক্তকৈরব, রক্তকোকনদ, } (রক্ত=লোহিতবর্ণ—কুমুদ, কৈরব, কোকনদ=পদ্ম) সং, ক্লীং, রক্তোৎপল।

রক্তচিত্রক, সং, পুং, রাংচিতার গাছ।

রক্তচূর্ণ, (রক্ত=লোহিতবর্ণ—চূর্ণ=গুঁড়া) সং, ক্লীং, সিন্দূর। রক্তবর্ণ চূর্ণমাত্র।

রক্তজিহ্ব, (রক্ত=লোহিতবর্ণ—জিহ্বা=জিভ্, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সিংহ। বিং, ত্রিং, রক্তবর্ণ জিহ্বাযুক্ত।

রক্ততুণ্ড, (রক্ত=লোহিতবর্ণ—তুণ্ড=মুখ, চঞ্চু) সং, পুং, শুকপক্ষী। বিং ত্রিং,

লোহিতবর্ণমুখযুক্ত, লোহিতাস্য।

রক্তদন্তী, রক্তদন্তিকা, (রক্ত=লোহিতবর্ণ—দন্ত, ৬ষ্ঠী—হিং। রক্তদন্তী+ক-প্র-যোগ) সং, স্ত্রীং, ভগবতীর রূপবিশেষ। চণ্ডিকা।

রক্তধাতু, (রক্ত=লোহিতবর্ণ+ধাতু=খনিজ) সং, পুং, গৈরিক, গিরিমাটী। তাম্র, তাঁবা। লোহিতবর্ণ ধাতুমাত্র।

রক্তনাসিক, (রক্ত=লোহিতবর্ণ—নাসিকা=নাক, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পেচক, পেঁচা। বিং, ত্রিং, লোহিতবর্ণ নাসিকা-বিশিষ্ট।

রক্তপ, (রক্ত=রুধির—প [পা=পান-করা+ড—ক] যে পানকরে) সং, পুং, পিশাচ, রাক্ষস। বিং, ত্রিং, শোণিত পায়ী। পা—স্ত্রীং, জলোকা, জোঁক। পিশাচী, রাক্ষসী।

রক্তপাদ, (রক্ত=লোহিতবর্ণ—পাদ=চরণ) সং, পুং, শুকপক্ষী। বিং, ত্রিং, যাহার পদদেশ লোহিতবর্ণ।

রক্তপাতা, (রক্ত=রুধির—পাত=পুষ্ট, বর্দ্ধিত, ৩য়া—হিং) সং, স্ত্রীং, জলোকা, জোঁক।

রক্তপায়ী, (—য়িন্, রক্ত=রুধির—পায়িন্=যে পানকরে) সং, পুং, মৎকুণ, ছার-পোকা, যে সকল কীট রক্ত পান করে। য়িনী—স্ত্রীং, জলোকা, জোঁক।

রক্তপিণ্ড, (রক্ত=লোহিতবর্ণ—পিণ্ড=গোলাকার পদার্থ) সং, ক্লীং, জবাপুষ্প।

রক্তপিত্ত, (রক্ত=রুধির—পিত্ত=শরীরস্থ ধাতুবিশেষ) সং, পুং, রক্তাধিক্য রোগবিশেষ। মুখ হইতে অকস্মাৎ রক্তবমন।

রক্তফল, (রক্ত=লোহিতবর্ণ—ফল) সং, পুং, বটবৃক্ষ। লা—স্ত্রীং, বিম্বিকা, স্বর্ণ-বল্লী, তেলাকুচার গাছ।

রক্তফেনজ, (রক্ত=রুধির—ফেন=ফেণা—জ=উৎপন্ন) সং, পুং, বামপার্শ্বস্থ ক্লোম, ফুসফুস।

রক্তবালুক, (রক্ত=লোহিতবর্ণ—বালুকা=বালি) সং, ক্লীং, সিন্দূর, সিঁদুর।

রক্তবীজ, (রক্ত=রুধির—বীজ=বীচি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, দাড়িম। অসুর-বিশেষ, শুম্ভনিশুম্ভের সেনাপতি। "যোদ্ধুমভ্যাযযৌ ক্রুদ্ধা রক্তবীজো মহাসুরঃ। রক্তবিন্দুর্যদা ভূমৌ পতত্যস্য শরীরতঃ। সমুৎপততি মেদিন্যাস্তৎ প্র-মাণস্তদাসুরঃ"।

রক্তমোক্ষণ, (রক্ত—মোক্ষণ=মোচন) সং, ক্লীং, শোণিতস্রাব।

রক্তরেণু, (রক্ত=লোহিতবর্ণ—রেণু=ধূলা) সং, পুং, সিন্দূর। পলাশপুষ্পকলিকা। পুন্নাগবৃক্ষ।

রক্তলোচন, (রক্ত—লোচন=চক্ষু) সং, পুং, কপোত, পায়রা। বিং, ত্রিং, লো-হিতবর্ণ চক্ষুবিশিষ্ট।

রক্তবটী, রক্তবরটী, (রক্ত=লোহিতবর্ণ—বটী, বরটী=ফুস্কুড়ী, ব্রণ) সং, স্ত্রীং, মসূরী, ইচ্ছাবসন্ত।

রক্তবর্দ্ধন, (রক্ত=রুধির—বর্দ্ধন=বৃদ্ধি) সং, পুং, বার্ত্তাকু, বেগুন।

রক্তশাসন, (রক্ত=লোহিতবর্ণ—শাসন=রাজআজ্ঞা, দলিল ও অন্যান্য আজ্ঞা-পত্রে যে সকল মোহর থাকে তাহা এই পদার্থ তুল্য বা ইহা হইতে প্রস্তুত বলিয়া) সং, ক্লীং, সিন্দূর, সিঁদুর।

রক্তসংজ্ঞ, (রক্ত=লোহিতবর্ণ বা রুধির সংজ্ঞা=নাম) সং, ক্লীং, কুঙ্কুম।

রক্তসন্ধ্যক, (রক্ত=লোহিতবর্ণ—সন্ধ্যা=সায়ংকাল+ক—সাদৃশ্যার্থে) সং, ক্লীং রক্তকহ্লার, রাঙা সুঁদি।

রক্তসার, সং, ক্লীং, রক্তচন্দন। রক্তখদির পুং, অম্লবেতস।

রক্তাক্ত, (রক্ত—অক্ত বা আক্ত=লেপিত) বিং, ত্রিং, শোণিত মিশ্রিত। রুধির র-ঞ্জিত। সং, ক্লীং, রক্তচন্দন।

রক্তাক্ষ, (রক্ত=লোহিতবর্ণ—অক্ষি=নেত্র ৬ষ্ঠী—হিং, অ—প্রং) সং, পুং, মহিষ

পারাবত। সারস। চকোর পক্ষী। ক্রূর ব্যক্তি। বিং, ত্রিং, রক্তবর্ণ চক্ষুর্বিশিষ্ট।

রক্তাঙ্গ, (রক্ত=লোহিতবর্ণ—অঙ্গ=শরীর ৬ষ্ঠী—হিং) সং, পুং, মঙ্গলগ্রহ। মৎকুণ। মণ্ডল। ক্লীং, বিদ্রুম, প্রবাল, পলা। কুঙ্কুম। বিং, ত্রিং, রক্তদেহ।

রক্তাতিসার, (রক্ত—অতিসার=উদরাময়) সং, পুং, রোগবিশেষ।

রক্তাধার, (রক্ত=শোণিত—আধার=আশ্রয়) সং, পুং, গাত্রাবরক চর্ম্ম।

রক্তাশয়, (Heart, রক্ত-আশয়=আধার-স্থান) সং, রক্তের আধার-স্থান, হৃৎপিণ্ড।

রক্তিকা, (রক্ত=লোহিতবর্ণ+ক—প্রং) সং, স্ত্রীং, রত্তিকা পরিমাণ, গুঞ্জা।

রক্তিমা, (রক্ত=রুধির+ইমন্—ভাবে) সং, পুং, রক্তবর্ণ, রাঙারঙ।

রক্তোৎপল, (রক্ত=লোহিতবর্ণ—উৎপল=পদ্ম) সং, ক্লীং, কোকনদ। পুং, শাল্মলীবৃক্ষ।

রক্তোপল, (রক্ত=লোহিতবর্ণ—উপল [প্রস্তর] খড়ী মাটী ইত্যাদি) সং, ক্লীং, গিরিমাটী, গৈরিক।

রক্ষ—পুং, রক্ষা—স্ত্রীং, (রক্ষ্=রক্ষাকরা+ঘঞ,অ-ভা) সং, পুং, স্ত্রীং, রক্ষাকরণ, আশ্রয়দান। লাক্ষা। স্ত্রীং, ভস্ম। বলয়বিশেষ। বিং, ত্রিং, রক্ষাকর্ত্তা।

রক্ষক, (রক্ষ দেখ, ণক—ক) বিং, ত্রিং, রক্ষাকর্ত্তা, পালক। ত্রাণকর্ত্তা।

রক্ষণ, (রক্ষ দেখ, অনট্—ভা, ক) সং, ক্লীং, পালন, পরিত্রাণ। বিং, ত্রিং, রক্ষক।

রক্ষণীয়, (রক্ষ দেখ, অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, রক্ষা করিবার উপযুক্ত, রক্ষণোচিত। আশ্রয়ার্হ।

রক্ষঃ, (রক্ষস্, রক্ষ্ [কুবেরের ধন] রক্ষা করা+অস্—প্রং। কিম্বা যাহা হইতে যজ্ঞীয় হবি রক্ষিত হয়) সং, ক্লী, রাক্ষস।

রক্ষঃসভ, (রক্ষস্=রাক্ষস—সভা=জনতা, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, রাক্ষসসমূহ। রাক্ষসের দল।

রক্ষাকাণ্ড, সং, পুং—ক্লীং, অমঙ্গল পরিহারার্থ অঙ্গধৃত দূর্ব্বাদি ঔষধ।

রক্ষাগৃহ, (রক্ষা—গৃহ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, সূতিকাগার।

রক্ষাপত্র, সং, পুং, ভূর্জ্জবৃক্ষ। ক্লীং, ভূর্জ্জত্বক্।

রক্ষিকা, (রক্ষা+ক—প্রং) সং, স্ত্রীং, রক্ষা। আশ্রয়।

রক্ষিত, (রক্ষ্=রক্ষাকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, পরিত্রাত, আশ্রিত, প্রতিপালিত। সং, পুং, উপাধিবিশেষ। বৈদ্যক গ্রন্থবিশেষ।

রক্ষী, রক্ষক, রক্ষিতা, (রক্ষিন্, রক্ষিত দেখ, ণিন্, ণক। রক্ষিতৃ, রক্ষিত দেখ, তৃন্—ক) বিং, ত্রিং, রক্ষাকর্ত্তা।

রক্ষোঘ্ন, রক্ষোহা, (রক্ষোহন্, রক্ষস্=রাক্ষস—ঘ্ন, হন্=নাশক) সং, ক্লীং, কাঞ্জিক, কাঁজী। হিঙ্গু, হিং। শ্বেতসর্ষপ। ভল্লাতকবৃক্ষ। বিং, ত্রিং, রাক্ষসনাশক, রাক্ষসঘাতক বস্তু।

রাক্ষোজননী, (রক্ষস্=রাক্ষস—জননী=মাতা) সং, স্ত্রীং, রাত্রি। রাক্ষসমাতা।

রক্ষ্য, (রক্ষিত দেখ, ন—প্রং, পুং, পরিত্রাণ, প্রতিপালন। আশ্রয়দান। রক্ষণ।

রক্ষ্য, (রক্ষিত দেখ, য—র্ম্ম) বিং, ত্রিং, রক্ষণীয়, রক্ষাকরিবার উপযুক্ত। আশ্রয়াই।

রগ, (যবনভাষা) সং. কপালের দুই পার্শ্বের শির।

রঘু, (রঘ্=গমনকরা+উ—প্রং) সং, পুং, সূর্য্যবংশীয় রাজা দিলীপের পুত্র, রামচন্দ্রের প্রপিতামহ। "শ্রুতস্য জায়াদয়মন্তমর্ব্ভকস্তথাপরেষাং যুধি চেতি পার্থিবঃ। অবেক্ষ্য ধাতোর্গমনার্থমর্থবিচ্চকার নাম্না রঘুমাত্মসম্ভবং"। পুং, বহুং, রঘুবংশীয় অজ প্রভৃতি ক্ষত্রিয়।

রঘুনন্দন, রঘুনাথ, রঘুপতি, রঘুবর, রঘূদ্বহ, রঘুবংশ-তিলক } (রঘু=নন্দন পুত্র, ৬ষ্ঠী—ঘুষ। রঘু=রঘু-

বংশ—নাথ=পতি।—বর, উদ্বহ=শ্রেষ্ঠ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, রামচন্দ্র।

রঘুবংশ, (রঘু—বংশ, ৬ষ্ঠী—ষ+৭মী—হিং) সং, পুং, রঘুরাজ বংশ। ক্লীং, কালিদাসপ্রণীত মহাকাব্যবিশেষ। এই কাব্যে রঘুর পিতা দিলীপ রাজা অবধি অগ্নিবর্ণ পর্য্যন্ত সূর্য্যবংশীয় নৃপতিগণের জীবনবৃত্তান্ত বর্ণিত আছে।

রঙ্ক, (রন্‌ক্=গমনকরা+অল্—প্রং) বিং, ত্রিং, বায়কুণ্ঠ, কৃপণ। দরিদ্র, গরিব। নীচ, ক্ষুদ্র, অপদার্থ।

রঙ্কু, (রম্—ক্রীড়াকরা+উ—প্রং, নিপাতন) সং,পুং, স্বনামপ্রসিদ্ধ মৃগজাতিবিশেষ, যে হরিণের পৃষ্ঠদেশ কর্ব্বুর বর্ণ।

রঙ্গ, (রন্‌জ্=গমনকরা+ঘঞ্—প্রং,কিম্বা রন্‌জ্=রংকরা+ঘঞ্—প্রং) সং, পুং, রঞ্জক দ্রব্য,রাঙ্। বর্ণ, রঙ্। নাট্য, নৃত্য গীত অভিনয়াদি। রঙ্গভূমি, নাট্যশালা। যুদ্ধক্ষেত্র। ক্লীং, রাঙ্‌ধাতু।

রঙ্গজ, (রঙ্গ=রাঙ, রঙ্—জ=উৎপন্ন) সং, ক্লীং, সিন্দূর, সিঁদুর।

রঙ্গজীবক, (রঙ্গ=নাট্যশালা, রঙ্—জীবক=যে জীবিকা নির্ব্বাহ করে) সং, পুং, নাট্যকারক। অভিনেতৃবর্গ। চিত্রকর।

রঙ্গভূতি, (রঙ্গ=নৃত্যগীত অভিনয়াদি—ভূতি=হওন। যে রাত্রি দ্যূতাদি ক্রীড়া দ্বারা অতিবাহিত করা যায়) সং, স্ত্রীং, কোজাগর পূর্ণিমা।

রঙ্গভূমি, (রঙ্গ=নৃত্যগীত অভিনয়াদি—ভূমি=স্থান) সং, স্ত্রীং, নাট্যশালা। রণস্থল, যুদ্ধক্ষেত্র। মল্লভূমি, কুস্তির আকড়া।

রঙ্গমল্লী, (রঙ্গ=গীতাদি—মল্ল্=ধারণকরা+অ, ঈপ্) সং, স্ত্রীং, বাদ্যযন্ত্রবিশেষ, বীণা।

রঙ্গমাতা, (রঙ্গমাতৃ, রঙ্গ=অনুরাগ, বর্ণ মাতৃ=মাতা। ক—যোগে রঙ্গমাতৃকাও হয়) সং, স্ত্রীং, দূতী, কুট্‌নী। লাক্ষা,লা

রঙ্গবীজ, (রঙ্গ=রাঙ্—বীজ [বীচি] সারাংশ) সং, ক্লীং, রৌপ্য, রূপা।

রঙ্গাজীব, (রঙ্গ=রঞ্জন, নাট্যশালা—আজীব=যে জীবিকা নির্ব্বাহ করে) সং, পুং, চিত্রকর। নট, নাট্যকারক।

রঙ্গাবতারক, রঙ্গাবতারী,(রঙ্গাবতারিন্, রঙ্গ=নাট্য—অবতারক, অবতারী যে অবতীর্ণ হয়, ৭মী—ষ) সং,পুং, নট, নাট্যকারক। রিকা, রিণী—স্ত্রীং, নটী।

রঙ্গী, (রঙ্গিন্, রঙ্গ=রঙ্, অনুরাগ+ইন্ অস্ত্যর্থে) বিং, ত্রিং, রঙ্গবিশিষ্ট,রঞ্জিত। অনুরাগী।

রজ্যঃ, (রজ্যস্, রংহঃ দেখ, হ স্থানে য) সং, ক্লীং, বেগ, দ্রুততা।

রচক, (রচ্=পুষ্টিকরা, রচনাকরা+ণক—ক) বিং, ত্রিং, যে রচনা করে রচনাকারক।

রচন, (রচক দেখ,+অনট্—প্রং) সং, ক্লীং, না—স্ত্রীং, শ্রেণী পূর্ব্বক বিন্যাস, সাজান, অর্পণ। মাল্যাদি গ্রন্থন। কেশবিন্যাস। গদ্য বা পদ্যময় বাক্যবিন্যাস। নির্ম্মাণ, গঠন, প্রস্তুতকরণ।

রচয়িতা, (রচয়িতৃ, রচক দেখ, তৃন্—ক) বিং, ত্রিং, রচনাকর্ত্তা, নির্ম্মাণকারক।

রচিত, (রচক দেখ,+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, নির্ম্মিত, গঠিত। শোভিত। গ্রথিত, গুম্ফিত। অর্পিত। বিন্যস্ত। পরিষ্কৃত। কৃত।

রজ—পুং, ক্লীং; রজঃ—ক্লীং, (রজস্, রন্‌জ্=রংকরা, ইত্যাদি+অল্, অস্—প্রং) সং, ধূলি। পুষ্পরেণু। স্ত্রী-কুসুম, ঋতু। অভিলাষ, ইচ্ছা। দ্বেষ। অহঙ্কারাদির কারণ গুণবিশেষ। "রজোজুষে জন্মনি সত্ত্ববৃত্তয়ে স্থিতৌ প্রজানাং প্রলয়ে তমস্পৃসে" বাণভট্ট

রজঃশয়, (রজস্=ধূলি—শয়=যে শয়ন করে) সং, পুং, কুক্কুর, কুকুর. সারমেয়, গ্রামসিংহ, শ্বা।

রজঃসারথি, (রজস=ধূলি—সারথি=

দিচালক) সং, পুং, বায়ু, পবন, অনিল, প্রাণ, সমীর।

রজক, রন্‌জ্, [বস্ত্র] রং করা+ষক—ক, শিল্পী অর্থে) সং, পুং, বস্ত্রাদি পরিষ্কারক, ধোপা, রঙ্গকারক। কী—স্ত্রীং, ধোপানী। রঙ্গকারিণী।

রজত, (রজ দেখ, অত—প্রং) সং, ক্লীং, স্বর্ণ, সুবর্ণ, হিরণ্য, চামীকর, হেম। রৌপ্য। হার। রক্ত, শোণিত। হ্রদ। হস্তিদন্ত। বিং, ত্রিং, শুভ্রবর্ণ।

রজতগিরি, রজতাচল, রজতাদ্রি, (রজত=রৌপ্য-গিরি, অচল, অদ্রি=পর্ব্বত) সং, পুং, কৈলাসপর্ব্বত "ধ্যায়েন্নিত্যং মহেশং রজতগিরিনিভং চারু চন্দ্রাবতংসং"।

রজতদ্যুতি, (রজত=রৌপা, দ্যুতি=দীপ্তি) সং,পুং, হনূমান্, মারুতি।

রজতপ্রস্থ, (রজত=শুভ্রবর্ণ [বা রৌপ্য] —প্রস্থ=পর্ব্বতের উপরিস্থ সমান ভূমি) সং, পুং, কৈলাসপর্ব্বত।

রজন, (রজ দেখ, অনট্—ভা) সং, ক্লীং, রঙ্‌করা। ন্ (দেশজ) বণিক্ দ্রব্যবিশেষ।

রজনি, রজনী, (রজ দেখ, অনি—প্রং) সং, স্ত্রীং, নিশা, রাত্রি, বিভাবরী, ত্রিযামা, ক্ষপা। "রজনীতিমিরাবগুণ্ঠিতে পুরমার্গে ঘনশব্দবিক্লবাঃ"। বসতিং কিলকামিনাং প্রিয় ত্বদৃতে প্রাপয়িতুং ক ঈশ্বরঃ"। কুমার। লাক্ষা, লা। নীলীবৃক্ষ। হরিদ্রা।

রজনীকর, (রজনী=রাত্রি—কর=কিরণ, ৬ষ্ঠী—হিং, অথবা রজনী—[illegible]করা অল্, ২য়া—ষ) সং,পুং,নিশাকর,চন্দ্র।

রজনীচর, (রজনী=রাত্রি—চর=যে চরে) সং, পুং,রাক্ষস, রাত্রিচর। তস্কর, চোর। প্রহরী, নগররক্ষক।

রজনীজল, (রজনী=রাত্রি-জল। রাত্রিতে পতন হয় বলিয়া) সং, ক্লীং, নীহার, শিশির।

রজনীমুখ, (রজনী=রাত্রি—মুখ=আনন, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, নিশামুখ। প্রদোষ, সায়ংকাল।

রজপুত, (দেশজ) সং, বর্ণসঙ্কর জাতিবিশেষ।

রজসানু, (রনজ্=অনুরক্ত হওয়া, রঙ্ করা+সানু সংজ্ঞার্থে) সং, পুং, জলদ, মেঘ, বারিদ, অম্বুদ, পয়োধর, ঘন, জীমূত, বারিবাহ। চিত্ত, মানস।

রজস্বল, (রজস্=ধূলি ইত্যাদি+বল—অস্ত্যর্থে,) সং, পুং, মহিষ। বিং, ত্রিং, ধূলিবিশিষ্ট, রজোযুক্ত। লা—স্ত্রীং, ঋতুমতী স্ত্রী।

রজোবল, রজোরস, (রজস্=ধূলি—বল, রস=সার) সং, ক্লীং, অন্ধকার।

রজোহর, (রজস্=ধূলি, ময়লা—হর=যে হরণ করে) সং, পুং, রজক, ধোপা।

রজ্জু, (সৃজ্=সৃষ্টিকরা+উ—প্রং, নি—পাতন) সং, স্ত্রীং, বন্ধনী, দড়ি। বেণী, চুলের বিউনি।

রঞ্জক, (রন্‌জ্=রং করা+ণিচ্, ণক—ক) সং, পুং, বস্ত্রাদির রঙ্‌কারক। প্রীতিকারক, অনুরাগজনক।

রঞ্জন, (রন্‌জ্=রংকরা, অনুরক্ত হওয়া +অনট্-ভা) সং, ক্লীং, রঙ্‌করা। অন্তঃকরণে অনুরাগ উৎপাদন, সন্তুষ্টকরণ, সন্তোষ উৎপাদন। রক্তচন্দন। বিং, ত্রিং, প্রীতি বা রাগজনক। নী—স্ত্রীং, নীলী। হরিদ্রা। মঞ্জিষ্ঠা।

রঞ্জনদ্রু, সং, পুং অচ্ছুকবৃক্ষ, আচ্‌গাছ।

রঞ্জিত, (রঞ্জক দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, রাঙ্গন, যাহা রংকরা হইয়াছে, ছোবান। সন্তোষিত, যাহার অনুরাগ জন্মাইয়া দেওয়া হইয়াছে।

রটন, (রট্=বলা+অনট্—ভা) সং, ক্লীং, না—স্ত্রীং, প্রকাশ,ঘোষণা, প্রচার, বিবরণ, খ্যাতি। কথন।

রটন্তী, (রটন দেখ, অন্ত—প্রং) সং, স্ত্রীং, মাঘ মাসের কৃষ্ণা চতুর্দ্দশী।

রটিত, (রটন দেখ, ক্ত—র্ম্ম) বিং, ত্রিং,

ঘোষিত, প্রকাশিত, প্রচারিত। কথিত। খ্যাত।

রণ, (রণ্=শব্দকরা+অল্—প্রং) সং, পুং; —ক্লীং, সংগ্রাম, সমর, যুদ্ধ, আহব, সংপ্রহার, সম্পরায়, লড়াই।

রণৎ, (রণ দেখ, শতৃ—ক) বিং, ত্রিং, শব্দায়মান।

রণতরি, (রণ=যুদ্ধ—তরি=পোত) সং, স্ত্রীং, যুদ্ধজাহাজ।

রণরঙ্ক, (রণ=যুদ্ধ—রঙ্ক=নীচ) সং, পুং, রণকাতর হস্তী।

রণরণ, (রণ=যুদ্ধ, শব্দ, দ্বিত্ব) সং, ক্লীং, অপহৃত বা নষ্ট বস্তুর নিমিত্ত অনুশোচনা। পুং, মশক, মশা।

রণরণক, (রণ্=শব্দকরা [দ্বিত্ব] +ক —প্রং) সং, পুং, উৎকণ্ঠা, দুর্ভাবনা। "অয়ে সৈবেয়ং রণরণকদায়িনী চিত্রদর্শনাৎ বিরহভাবনা দেব্যাঃ স্বপ্নোদ্বেগং করোতি" উত্তর চরিত। অতিশয়।

রণসঙ্কুল, (রণ=যুদ্ধ—সঙ্কুল=মিশ্রিত) সং, ক্লীং, ঘোরতর যুদ্ধ, তুমুল সংগ্রাম, হুড়াহুড়ি।

রণাঙ্গন, রণাজির, } (রণ—অঙ্গন, অজির= উঠান) সং, ক্লীং, সমরভূমি, যুদ্ধক্ষেত্র।

রণিত, (রণ্ দেখ, ক্ত—প্রং) বিং, ত্রিং, শব্দিত, শব্দকরা।

রণ্ড, (রনদেখ, ড—প্রং) বিং, ত্রিং, ধূর্ত্ত শঠ। বন্ধ্য। অর্দ্ধচর্ম্মাবচ্ছিন্ন অবয়ব। আশ্রমবিহীন। ধর্ম্মহীন, অধার্ম্মিক। বন্ধ্যা, যে ব্যক্তির সন্তান হয় নাই। বন্ধ্য বৃক্ষাদি, যে বৃক্ষের বা লতার ফল বা পুষ্প হয় না।

রণ্ডক, (রণ্ডা=রাঁড়+ক—প্রং) সং, পুং, ফলহীন বৃক্ষ, রাঁড়া গাছ।

রণ্ডা, (রম্=ক্রীড়াকরা+ড, আপ্—প্রং) সং, স্ত্রীং, বিধবা, রাঁড়। লতাবিশেষ, মূষিকপর্ণী। স্বনামপ্রসিদ্ধ ছন্দোবিশেষ

রণ্ডাশ্রমী, (রণ্ডাশ্রমিন্, রণ্ড=বিফল—আশ্রম+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, আটচল্লিস বৎসর বয়সের পর যে ব্যক্তির স্ত্রীবিয়োগ হয়।

রত, (রম্=ক্রীড়াকরা+ক্ত—ভা, ক) সং, ক্লীং, রতি, স্ত্রীসম্ভোগ, রমণ। বিং, ত্রিং, আসক্ত অনুরক্ত।

রতকীল, রতব্রণ, (রত=রমণ—কীল [শঙ্কু] বন্ধন। রত=রমণ—ব্রণ—ঘা। রতশায়িন্, রত=রমণ—শায়িন্=যে শয়নকরে) সং পুং, কুকুর, সারমেয়, শ্বা।

রতকূজিত, (রত=রমণ—কূজিত=অব্যক্ত ধ্বনি) সং, ক্লীং, স্ত্রীসংসর্গকালীন সুখব্যঞ্জক অব্যক্ত ধ্বনিবিশেষ, শীৎকার, মণিত।

রতগুরু, (রত=রমণ—গুরু=শিক্ষক) সং, পুং, পতি, স্বামী। [কাক, বায়স।

রতজ্বর, (রত=রতি—জ্বর) সং, পুং,

রততালী, (রততালিন্, রত=রমণ—তল্ প্রতিষ্ঠিত হওয়া, উন্নত হওয়া+ণিন্—প্রং,) সং, পুং, কামুক, লম্পট। রাঁড়খোর। লী—স্ত্রীং, দূতী, কুট্নী।

রতনারীচ, (রত=রতি—নারী—স্ত্রীলোক —চি=একত্রকরা বা চর্=গমনকরা+ ড—প্রং) সং, পুং, সম্ভোগকালে স্ত্রী বা পুরুষদিগের সুখব্যঞ্জক শীৎকার শব্দ। কন্দর্প। কুকুর। লম্পট।

রতনিধি, (রত=রমণ—নিধি=ধন) সং, পুং, খঞ্জনপক্ষী।

রতর্দ্ধিক, (রত=রমণ—ঋদ্ধি=বিভব, ধন, ৬ষ্ঠী—হিং, ক—যোগে) সং, পুং, কুক্কুর। সুখস্নান। অষ্টমঙ্গল। দিবস, দিন।

রতহিণ্ডক, (রত=রতি—হিন্ড্=গমনকরা+ণক—প্রং) সং, পুং, স্ত্রীচোর। কামুক, লম্পট।

রতান্দুক, রতামর্দ্দ, } (রত=রমণ—অন্দুক=শৃঙ্খল। রত=রতি—আ—মৃদ্=মর্দ্দনকরা+অল্—প্রং) সং, পুং, কুক্কুর, কুকুর।

রতান্ধ্রী, সং, স্ত্রীং, কুজ্ঝটিকা, কোয়াসা।
রতায়নী, (রত=রমণ—অয়ন=গমন) সং, স্ত্রীং, বেশ্যা, গণিকা। স্বৈরিণী।
রতি, (রত=মেথ+ক্তি—প্রং) সং, স্ত্রীং, মদনজায়া। কামকামিনী। "রতিস্মরৌ নূনমিবাববভূতাং" রং। অনুরাগ, আবেশ, আসক্তি। ক্রীড়া। রমণ "আময়স্তু রতিরাগসম্ভবঃ" রং। তুষ্টি।
রতিকুহর, রতিগৃহ, রতিমন্দির, (রতি=রমণ—কুহর=গর্ত্ত। রতি=রমণ—গৃহ=মন্দির, আবাস) সং, ক্লীং, যোনি, স্ত্রীচিহ্ন। ভগ।
রতিপতি, রতিপ্রিয়, রতিরমণ, (রতি—পতি=স্বামী, ৬ষ্ঠী—ষ। রতি—প্রিয়, ৬ষ্ঠী—ষ। রতি—রমণ—রমণ-কর্ত্তা, ২য়া—ষ) সং, পুং, কাম, মদন।
রতিমদা, (রতি=রমণ—মদ্=আনন্দিত হওয়া+অচ্, আপ্) সং, স্ত্রীং, স্বর্গ-বিদ্যাধরী, স্বর্বেশ্যা। অপ্সরা।
রতিলক্ষ, সং, ক্লীং, রমণ। রতিক্রীড়া।
রতোদ্বহ, (রত=রমণ—উদ্বহ=উস্কাইয়া দেওয়া) সং, পুং, কোকিল। পরভৃত।
রত্তি, রত্তিকা, (রম্=ক্রীড়াকরা+ক্তি কণ্—প্রং, ম্=ৎ) সং, স্ত্রীং, পরিমাণ-বিশেষ, এক কুঁচ পরিমাণ, গুঞ্জা, রতি।
রত্ন, (রম্=ক্রীড়াকরা+ন—প্রং, ম্=ৎ) সং, ক্লীং, মণি, মুক্তা। বহুমূল্য বস্তু। "মহার্হরত্নপ্রভবস্য যস্য হিমং ন সৌভাগ্য বিলোপি জাতং" কুং। শ্রেষ্ঠবস্তু। যে কোনবস্তুর মধ্যে উৎকৃষ্ট। স্বজাতিশ্রেষ্ঠ। "হা বিদগ্ধসভান্তররত্ন"।
রত্নকন্দল, (রত্ন—কন্দল=অঙ্কুর) সং, পুং, প্রবাল, পলা।
রত্নগর্ভ, (রত্ন—গর্ভ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, যক্ষরাজ, কুবের। সমুদ্র, রত্নাকর। র্ভা—স্ত্রীং, পৃথিবী, ধরা, রসা। গুণবান্ পুত্রবতী রমণী।
রত্নজীবী, রত্নবণিক্, (রত্নজীবিন্, রত্ন—জীবী=জীবিকা নির্ব্বাহ কারক। রত্নবণিজ্, রত্ন—বণিজ্=যে ক্রয়বিক্রয় করে) সং, পুং, রত্নবিক্রেতা, মণিকার, জহুরি।
রত্ননিধি, সং, পুং, খঞ্জন পক্ষী। [কর।
রত্নপারায়ণ, সং, ক্লীং, সকল রত্নের আ-
রত্নময়, (রত্ন+ময়ট=বিকারার্থে) বিং, ত্রিং, রত্ননির্ম্মিত, মণিময়, রত্নখচিত।
রত্নমুখ্য, (রত্ন—মুখ্য=প্রধান) সং, ক্লীং, হীরক, হীরা। [বসুন্ধরা, পৃথিবী।
রত্নবতী, (রত্ন+বৎ=অস্ত্যর্থ) সং, স্ত্রীং,
রত্নবর্ষুক, (রত্ন—বর্ষুক=বর্ষণশীল) সং, ক্লীং, পুষ্পকরথ, বিমান। বিং, ত্রিং, রত্নবর্ষণশীল।
রত্নসানু, (রত্ন—সানু=পর্ব্বতের উপরিস্থ সমান ভূমি) সং, পুং, সুমেরু পর্ব্বত।
রত্নসূ, (রত্ন—সূ=যে প্রসব করে, ২য়া—ষ) সং, স্ত্রীং, পৃথিবী। রত্নপ্রসবিনী।
রত্নাকর, (রত্ন—আকর=উৎপত্তি স্থান ৬ষ্ঠী—ষ) সং, পুং, সমুদ্র, জলনিধি, সাগর। রত্নের খনি। [নারায়ণের রথ।
রত্নাঙ্ক, (রত্ন—অঙ্ক=চিহ্ন) সং, পুং,
রত্নাবলী, (রত্ন—আবলী=শ্রেণী) সং, স্ত্রীং, রত্নহার। রত্নশ্রেণী। বৎসরাজনায়িকা নাটিকাবিশেষ।
রত্নি, (ঋ=গমনকরা+কত্নি—প্রং, অর-ত্নিও হয়) সং, পুং,—স্ত্রীং, কনুই হইতে বদ্ধমুষ্টি হস্তের অগ্রপর্য্যন্ত পরিমাণ। মুটুম্ হাত। [সং, ক্লীং, স্ত্রীচিহ্ন। যোনি।
রত্যঙ্গ, (রতি=রমণ—অঙ্গ=অবয়ব)
রথ, (রম্=ক্রীড়াকরা+থক্—প্রং) সং, পুং, চক্রযুক্ত যুদ্ধযান। স্যন্দন। যান। শকট। "রথবর্ত্ম রজোপ্যস্য" রং। বাহন। চরণ। দেহ, কায়। শরীর। বেতস বৃক্ষ। বঞ্জুল লতা। বানীর।
রথকড্যা, (রথ+কড্য = সমূহার্থ) সং, স্ত্রীং, রথসমূহ।
রথকর, রথকার (রথ—কর, কার=যে করে) সং, পুং, রথনির্ম্মাণ-কর্ত্তা। সূত্রধার, ছুতার।

রথকুটুম্বী, (রথকুটুম্বিন্, রথ—কুটুম্বিন - পোষ্যবর্গের কিয়দংশ পোষণকারী) সং,পুং, রথপরিচালক, সারথি।

রথগর্ভক, (রথ—গর্ভ=ভ্রূণ+ক—প্রং) সং, পুং, মনুষ্যবাহ্য যান। শিবিকা, পাল্‌কী। ডুলি প্রভৃতি।

রথগুপ্তি, (রথ—গুপ্তি=রক্ষা করণ) সং, স্ত্রীং, বরূথ। শস্ত্রাদি রাখিবার নিমিত্ত রথের গুপ্তস্থানবিশেষ।

রথচরণ, রথপাদ (রথ—চরণ=পাদ, পা, ৬ষ্ঠী—ষ) সং,পুং, চক্র। চাকা, রথাঙ্গ, চক্রবাক পক্ষী।

রথদ্রু, (রথ—দ্রু=দ্রুম) সং, পুং, তিনিশ বৃক্ষ, ইহার বৃক্ষের কাষ্ঠ চক্রাদির নিমিত্ত ব্যবহৃত হয়।

রথন্তর, (রথ—তৄ=পার হওয়া+খচ্-প্রং) সং, ক্লীং, সামবেদ, ইহার দ্বারা জগৎ পার হওয়া যায়। ত্রিং, রথসারথি। যন্তা। সূত।

রথপর্য্যায়, রথাভ্র (রথ—পর্য্যায়=ক্রম। রথ—অভ্র=মেঘ বা জল) সং, পুং, বেতসবৃক্ষ। বেতগাছ। বানীর, বঞ্জুল।

রথযাত্রা, (রথ—যাত্রা=মেলা) সং, স্ত্রীং, প্রসিদ্ধ উৎসববিশেষ, আষাঢ়ী শুক্ল-দ্বিতীয়াতে হইয়া থাকে।

রথযুক্, (রথযুজ, রথ—যুজ্=যোজন কর্ত্তা, ২য়া—ষ) সং, পুং, সারথি, রথ-চালক। সূত। যন্তা।

রথাঙ্গ, (রথ—অঙ্গ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, চক্র, চাকা। রথচরণ। পুং, চক্রবাক্ পক্ষী।

রথাঙ্গনামা (রথাঙ্গনামন্, রথাঙ্গ=চক্র—নামন্=নাম, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চক্র বাক পক্ষী। "অত্রাবিযুক্তানি রথাঙ্গ-নাম্নামন্যোন্যদত্তোৎপলকেশরানি। দ্ব-ন্দ্বানি" রং।

রথাঙ্গপাণি, (রথাঙ্গ=চক্র—পাণি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চক্রপাণি, নারায়ণ, জিষ্ণু, বিষ্ণু।

রথাঙ্গী, (রথাঙ্গিন্, রথাঙ্গ=চক্র+ইন্ - অস্ত্যর্থ) সং, পুং, চক্রধর, বিষ্ণু।

রথারোহী, (রথারোহিন্, রথ—আরোহী আরোহণকারী) বিং, ত্রিং, রথারূঢ়। সং, পুং, রথস্থ যোদ্ধা।

রথিক, রথিন, রথির, রথী, (রথিন্, রথ+ঞ্চিক ইন্, ইর্, ইন্—সঞ্চরণার্থ) সং, পুং, রথস্বামী। রথারূঢ় ব্যক্তি। রথস্থ যোদ্ধা।

রথোদ্ধতা, সং, স্ত্রীং, একাদশাক্ষর ছন্দো-বিশেষ, যাহাতে ১ম, ৩য়, ৭ম, ৯ম,ও ১১শ বর্ণ গুরু, তদ্ভিন্ন সমুদায় বর্ণ লঘু।

রথ্য, (রথ+য্য—যোগ্যার্থ) সং, পুং, রথবাহক অশ্ব। ক্লীং, চক্র। বিং, ত্রিং, রথসম্বন্ধীয়। থ্যা—স্ত্রীং, মার্গ, পথ, বর্ত্ম, রাস্তা রথসমূহ। রথকড্যা

রথ্যাবাহী, (রথ্যাবাহিন্, রথ্যা=পথ -বহন করা+ইন্—ক) বিং, ত্রিং, পথিক

রদ, (রদ্=ভেদকরা+অন্) সং, পুং, দন্ত, দাঁত। উৎখাত, খনন।

রদন, (রদ দেখ+অন্—ভা) সং, পুং, দন্ত, দাঁত। ক্লীং, খনন। ছেদন, খণ্ডন।

রদচ্ছদ, রদনচ্ছদ (রদ, রদন=দাঁত—ছদ =আচ্ছাদন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, দন্তচ্ছদ, অধর। ওষ্ঠ।

রদ্ধ, (রধ্+ক্ত) সং, ত্রিং, আহত, আঘাত প্রাপ্ত। ক্ষতি গ্রস্ত।

রদ্ধা, (দ্ধৃন্। রধ্+তৃচ্) সং, ত্রিং, আঘাতকারী, ক্ষতিকারক।

রদনী, রদী (রদনিন্, রদিন্, রদন্, রদ =দন্ত+ইন্—অস্ত্যর্থ) সং, পুং, দন্তী, হস্তী। দ্বিরদ। দ্বিপ। গজ।

রন্তিদেব, (রম=রমণ+তিক্—দেব-দেবতা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বিষ্ণু। চন্দ্র-বংশীয় রাজাবিশেষ। "রন্তিদেবস্য কীর্ত্তিং" (মেঘদূত) কুক্কুর,সারমেয়,গ্রামসিংহ। শ্বা।

রন্তু, (রম্=ক্রীড়া করণ+তু—প্রং) সং, স্ত্রীং, বর্ত্ম, মার্গ, পথ। নদী। তটিনী। তরঙ্গিনী। স্রোতোবহা

রন্ধক, (রুধ+ণ্বুল্) সং, ত্রিং আঘাতকারী, ক্ষতিকারক।

রন্ধন, (রধ্=পাক করা+অনট্—ভা) সং, ক্লীং, রান্না, পাক।

রন্ধ্র, (রম্=ক্রীড়া করা+কিপ্—প্রং+ধৃ =ধারণ করা+ক—প্রং।) সং, ক্লীং, গর্ত্ত, ছিদ্র,বিবর। কুক্ষি, কোঁক। উদর। জরায়ু। ছল। দোষ। "আবৃণোদাত্মনোরন্ধ্রং রন্ধ্রেষু প্রহরন্ রিপূন্" রং।

রন্ধ্রবন্ধু, (রন্ধ্র+বন্ধু) সং, পুং, মূষিক। ইঁদুর। [পুং, ইঁদুর, মূষিক।

রন্ধ্রবভ্রু, (রন্ধ্র=ছিদ্র—বভ্রু=নকুল) সং,

রভস, (রভ্=উৎসুক হওয়া+অস—প্রং) সং, পুং, বেগ, তীব্রতা, শীঘ্রতা। হর্ষ। আনন্দ। ঔৎসুক্য। "স্ফুরতি রভসাৎ পাণিঃ পাদোপসংগ্রহণায় চ" (ভবভূতি) শোক। কার্য্যকারণ গবেষণা। পূর্ব্বাপর বিবেচনা। অভিধানবিশেষ।

রম, (রম=ক্রীড়াকরা+ণি+অন্—প্রং) সং,পুং, কান্ত, স্বামী। কামদেব। মকরধ্বজ। মীনকেতন। বিং, ত্রিং, আনন্দজনক। [জার।

রমক, (রম+কুণ্) সং, পুং, উপপতি।

রমঠ, (রম্+অটন্) সং. ক্লীং, হিঙ্গু।

রমঠধ্বনি, (রমঠ+ধ্বনি) সং, পুং, হিঙ্গু।

রমণ, (রম্=ক্রীড়া করা+ণি+অন—ক) সং, পুং, কন্দর্প। পতি। প্রিয়। বল্লভ। গর্দ্দভ। (রম=ক্রীড়াকরা+অন-ভা)ক্লীং, সুরত, মৈথুন, রতি। জঘন। ক্রীড়া। ণী—স্ত্রীং, রূপগুণ দ্বারা কান্তের মনোমুগ্ধকরী পত্নী। প্রিয়া। স্ত্রীং, ললনা।

রমণক, (রমণ+কণ্—প্রং) সং, ক্লীং, জম্বুদ্বীপান্তর্গত বর্ষবিশেষ, রম্যকবর্ষ।

রমণীয়, (রম+অনীয়—প্রং) বিং, ত্রিং, সুন্দর, রম্য, মনোরম। কমনীয়। মনোজ্ঞ। মঞ্জুল।

রমতি, (রম্=ক্রীড়া করা বা নিবৃত্তহওয়া +অতি—প্রং) সং, পুং, নায়ক। স্বর্গ। কাক। কাল।

রমা, (রম+ণি+অন্+আপ্—প্রং) সং, স্ত্রীং, লক্ষ্মী। পদ্মা। পদ্মালয়া। কমলা। উপপত্নী।

রমাধব, রমানাথ, রমাপতি, (রমা—ধব, নাথ, পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, নারায়ণ, বিষ্ণু, লক্ষ্মীকান্ত।

রমাপ্রিয়, (রমা=লক্ষ্মী—প্রিয়) সং,ক্লীং, পদ্ম। পুং, লক্ষ্মীকান্ত। নারায়ণ, কমলাপতি, বিষ্ণু।

রমেশ, রমেশ্বর, (রমা=লক্ষ্মী—ঈশ, ঈশ্বর, ৬ষ্ঠী—ষ) সং, পুং, লক্ষ্মীপতি। রমানাথ। রমাপতি, বিষ্ণু।

রম্ভ, (রন্ভ্=শব্দ করা+অন্—প্রং) সং, পুং, বেণু। কীচক। বংশ, বাঁশ। বানরবিশেষ। মহিষাসুরের পিতা রম্ভাসুর।

রম্ভা,(রন্ভ্=শব্দকরা+অন্,আ পৃ—প্রং) সং, স্ত্রীং, কদলী,কলা। অপ্সরাবিশেষ। দেবীবিশেষ। বেশ্যা। গোশব্দ।

রম্য, (রম্=ক্রীড়া করা+যৎ—প্রং) বিং, ত্রিং, সুন্দর, রমণীয়, মনোজ্ঞ। চিত্তরঞ্জক। সুশ্রী। সং, পুং, চম্পক। চাঁপাফুল। ম্যা-স্ত্রীং, রাত্রি, বিভাবরী, শর্ব্বরী

রম্যক, (রম্য=রমণীয়+কণ্—যোগ) সং, ক্লীং, জম্বুদ্বীপের বর্ষবিশেষ।

রম্র, (রম্=হৃষ্ট হওয়া+র—প্রং) সং, পুং, অরুণবর্ণ,লালরঙ। শোভা। সুষমা, চাকচিক্য।

রয়, (রয়্=গমন করা+অল্—প্রং) সং, পুং, বেগ, তীব্রগতি। স্রোতঃ, নদীপ্রবাহ।

রল্লক, (রম্=হৃষ্টহওয়া+কিপ্, ৎ—আগম, ম—লোপ=রৎ=সুখ+লা=দেওয়া +ড+কণ্—যোগ) সং, পুং, কম্বল। নেত্রলোম। পক্ষ্ম। মৃগবিশেষ।

রব, (রু=শব্দ করা+অল্—ভা) সং,পুং, ধ্বনি, শব্দ। গোলমাল। কোলাহল।

রবণ, (রব=দেখ+অন—প্রং) সং, পুং, উষ্ট্র, উট। কোকিল, পিক, পরভৃত। গর্দ্দভ, রাসভ। ক্লীং, দাসেরক। কাংস্য,

কাঁসা । শব্দকরণ । বিং, ত্রিং, শব্দায়মান । তীক্ষ্ণ, তীব্র । চঞ্চল, চপল, ব্যস্ত ।
রবথ, (রব দেখ+অথ—সংজ্ঞার্থ) সং, পুং, কোকিল । পরভৃত ।
রবাব—বাদ্যযন্ত্র-বিশেষ ।
রবি, (রু=শব্দকরা+ই—প্রং) সং, পুং, সূর্য্য । "নো সন্ধ্যাং ভজতে রবিঃ" উং । অর্ক, তুর্ত্তা । নায়ক । রক্ত অশোকবৃক্ষ ।
রবিকান্ত, (রবি=সূর্য্য—কান্ত=কমনীয়, ১মা—হিং, কিম্বা ৬ষ্ঠী—ষ) সং, পুং, সূর্য্যকান্ত মণি ।
রবিজ, রবিতনয়, রবিনন্দন, রবিসুত, (রবি—জ+ড=জাত । রবি—তনয়, নন্দন, সুত=পুত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সূর্য্যপুত্র, শনি, যম, সুগ্রীব । সাবর্ণি ও বৈবস্বত মনু । জা, য়া, ন্দিনী, তা—স্ত্রীং, যমুনা । কালিন্দী ।
রবিনাথ, (রবি=সূর্য্য—নাথ=প্রভু) সং, ক্লীং, পদ্ম, জলজ । পুং, পুষ্প । কুসুম, সুমন।
রবিন্দ, (রবি=সূর্য্য—দা=দান করা+খচ্-প্রং) সং, ক্লীং, পদ্ম, জলজ । কমল ।
রবিপ্রিয়, (রবি=সূর্য্য—প্রিয়) সং, ক্লীং, রক্তকম্বল । তাম্র । পুং, করবীর ।
রবিলোহ, রবিসংজ্ঞক, (রবি= সূর্য্য—লোহ=লোহ । রবি = সূর্য্য—সংজ্ঞক=নাম) সং, ক্লীং, তাম্র, তাঁবা ।
রশনা, (রশ্=শব্দকরা+যুচ্—প্রং) সং, স্ত্রীং, চন্দ্রহার প্রভৃতি । স্ত্রীলোকের কটিভূষণ । জিহ্বা, রসনা ।
রশ্মি, (রশ্+মি—প্রং, শ=র) সং, পুং, কিরণ । "গ্রথ্নাতি কাব্যশশিনং বিততার্থরশ্মিং" । প্রভা । রজ্জু । লাগাম । বল্গা । পক্ষ্ম ।
রস, (রস=আস্বাদন করা+অচ্-প্রং)সং, পুং, রসনেন্দ্রিয়গ্রাহ্য বস্তু, কটু তিক্ত কষায় লবণ অম্ল মধুর—এই ছয় প্রকার আস্বাদ । কাব্যশাস্ত্রের সারভূত সহৃদয় জনগণের চিত্ত তোষকর আস্বাদন । রস নয় প্রকার যথা—শৃঙ্গার বীর করুণ অদ্ভুত হাস্য ভয়ানক বীভৎস রৌদ্র শান্ত । কোন কোন মতে বাৎসল্যও রস । অভিপ্রায় । অনুরাগ । "রামস্য বিষমো রসঃ" উং চং । ভোগ্যবস্তু । যুষ । জল । দ্রববস্তু । বিষ । স্বর্ণ । মাধুর্য্যাদি গুণ । পারদ । দেহস্থ ধাতুবিশেষ । শুক্র ।
রসক, (রস+কণ্—প্রং) সং, পুং, যুষরহিত সিদ্ধ মাংস ।
রসকলা, (রস—কলা) মৃদু মিষ্ট স্বর । মদমত্তের গীতি ।
রসকেশর, (রস—কেশর=কিঞ্জল্ক) সং, ক্লীং, কর্পূর ।
রসগর্ভ, (রস=পারদ—গর্ভ = অভ্যন্তর) সং, ক্লীং, রসাঞ্জন । হিঙ্গুল ।
রসঘ্ন, (রস—ঘ্ন=নাশক) সং, পুং, টঙ্কণ, সোহাগা । বিং, ত্রিং, রসনাশক ।
রসজ, (রস—জ=জাত) সং, ক্লীং, রক্ত । পুং, গুড় । মদ্যকীট ।
রসজ্ঞ, (রস—জ্ঞ=যে জানে, ২য়া—ষ)বিং, ত্রিং, স্বাদগ্রাহী, ভাবুক, রসিক, সহৃদয়, সামাজিক । জ্ঞা—স্ত্রীং, জিহ্বা, রসনা ।
রসজ্যেষ্ঠ, (রস=আস্বাদ, ভাব—জ্যেষ্ঠ=অগ্রজ, উৎকৃষ্ট) সং, পুং, মধুররস । শৃঙ্গাররস ।
রসতেজঃ,(রসতেজস্, রস—তেজস্=দীপ্তি শক্তি) সং, ক্লীং, রক্ত, রুধির, শোণিত।
রসদালিকা, (রস=রসের জন্য—দল্=মাড়া +অ, ঈ, কণ—প্রং) সং, স্ত্রীং, ইক্ষুবিশেষ, পুঁড়ি আক ।
রসধাতু, রসনাথ, (রস—ধাতু = খনিজ, নাথ=প্রধান) সং, পুং, পারদ, পারা ।
রসন, (রস্=আস্বাদন করা, শব্দকরা +অনট্—ভা, ণ) সং, ক্লীং, আস্বাদন, রসগ্রহণ । শব্দ, ধ্বনি । ধ্বনন । জিহ্বা । না—স্ত্রীং, জিহ্বা । কাঞ্চী, মেখলা রজ্জু । গুণ । পাশ ।
রসনায়ক, (রস=পারদ—নায়ক=যে লইয়া যায়) সং, পুং, শিব, মহাদেব । ধূর্জ্জটী ।

সনালিট্, (রসনালিহ্, রসনা=জিহ্বা—লিহ্=আস্বাদন করা, চাটা+কিপ্—প্রং) সং, পুং, কুক্কুর। শ্বা, সারমেয়, রসনালেহনকারী।

সনেত্রিকা, (রস=পারা—নেত্র=চক্ষুঃ+কণ—যোগ) সং, স্ত্রীং, মনঃশিলা।

সনেন্দ্রিয়, (রসন=আস্বাদন—ইন্দ্রিয়, ষষ্ঠী—ষ) সং, ক্লীং, জিহ্বা। রসনা।

সফল, (রস—ফল) নারিকেল বৃক্ষ।

সভব, (রস=উদরস্থ বস্তর রস—ভব=উৎপন্ন) সং, ক্লীং, রক্ত, রুধির, শোণিত।

সরাজ, (রস=আকরিক—রাজ=রাজন্-শব্দজ) সং, পুং, পারদ। রসাঞ্জন।

সবান্, (রসবৎ, রস+বৎ—অস্ত্যর্থ) বিং, ত্রিং, রসবিশিষ্ট। সৎকার্য্য। সরস। মধুর। তী—স্ত্রীং, রন্ধনগৃহ, রান্নাঘর।

সসিন্দুর, সং, ক্লীং, ঔষধবিশেষ।

সা, (রস+অচ্—অস্ত্যর্থে, আপ্—প্রং) সং, স্ত্রীং, ধরা, ধরিত্রী, পৃথিবী। রসনা। দ্রাক্ষা।

সাখন, (রসা=পৃথিবী—খন্=খনন-কারী) সং, পুং, কুক্কুট, কুঁকুড়া।

সাঞ্জন, (রস=পারা—অঞ্জন=কজ্জল, তৃতীয়া—য) সং, ক্লীং, পারদজাত কজ্জলবিশেষ। ধাতুবিশেষ।

সাতল, (রসা=পৃথিবী—তল=অধোভাগ, ষষ্ঠী—ষ) সং, ক্লীং, পাতাল। সপ্তবিধ অধোভুবনের মধ্যে সর্ব্বনিম্নস্থ ভুবন। "রসাতলাদিবোন্মগ্নং শেষং স্বপ্নায় শার্ঙ্গিণঃ" রং। ভূতল।

সাধার, (রস=জল—আধার) সং, পুং, দিবাকর। সবিতা। সূর্য্য।

রসাভাস, (রস—আভাস=সদৃশ, ষষ্ঠী—ষ) সং, পুং, রসতুল্য, অনুচিত বিষয়ের রসবর্ণন। নীচ প্রকৃতিগত রস, নীচরস

রসায়ন, (রস=দ্রববস্তু, পারা—অয়ন=পথ, গমন) সং, ক্লীং, বিষবিশেষ। জরা ও ব্যাধিনাশক ঔষধবিশেষ। পক্ষী। জরা। রোগবিশেষ। তক্র, ঘোল। ভিন্ন ভিন্ন পদার্থের পরস্পর সংযোগ জন্য ভিন্ন ভিন্ন বস্তু এবং গুণ উৎপন্ন হয়, যাহা দ্বারা এই বিষয়ের জ্ঞান জন্মে তাহাকে রসায়ন কহে। পুং, গরুড়।

রসায়নবিদ্যা, শাস্ত্রবিশেষ, যে শাস্ত্র শিক্ষা করিলে রূঢ় পদার্থ সকলের গুণ এবং উহাদের পরস্পর সংযোগ ও বিয়োগের বিষয় জানিতে পারা যায়।

রসায়নফলা, (রসায়ন=রস, রসিকরণ—ফল) সং, স্ত্রীং, হরীতকী।

রসাল, (রস—আ—লা=গ্রহণ করা+ড—প্রং,) সং, পুং, আম্রবৃক্ষ। ইক্ষু। পনসবৃক্ষ। কাঁটালগাছ। গোধূম। ধূনা। লা—স্ত্রীং, রসনা। দূর্ব্বা। পুষ্পবিশেষ। দ্রাক্ষা। পেয়বিশেষ।

রসালসা, সং, স্ত্রীং, ধমনী, নাড়ী।

রসাস্বাদী, (রসাস্বাদিন্, রস—আস্বাদিন্=আস্বাদনকারী-বিং, ত্রিং, রসের আস্বাদনকারী। সং, পুং, ভ্রমর। রোলম্ব। ষট্পদ

রসাহ্ব, (রস—আহ্ব) টারপিনতেল। রজন

রসিক, (রস+ষ্ণিক—জ্ঞানার্থ) বিং, ত্রিং, রসজ্ঞ, যাহার রসবোধ আছে। স্বাদগ্রাহী। সং, পুং, ঘোটক, অশ্ব। হস্তী। লম্পট, ইন্দ্রিয়পরায়ণ। কা—স্ত্রীং, রসনা। কাঞ্চী। গুড়, ইক্ষুরস।

রসিত, (রস্=শব্দকরা+ক্ত—প্রং,) সং, পুং, মেঘের গর্জ্জন, ধ্বনি, শব্দ। মদ্য, মদিরা। (রস্=আস্বাদন করা+ক্ত—প্রং) আস্বাদ। বিং, ত্রিং, স্বাদিত। স্বর্ণাদিদ্বারা খচিত। শব্দিত।

রসুন, রসোন, রসোনক (রস্=আস্বাদন করা+উন, ওন, কণ—প্রং) সং, পুং, মূলবিশেষ। রসুন। [পুং, পারদ, পারা।

রসেন্দ্র, (রস=খনিজ—ইন্দ্র=শ্রেষ্ঠ) সং,

রসোদ্ভব, (রস—উদ্ভব=জাত) সং, ক্লীং, হিঙ্গুল। বিং, ত্রিং, রসজাত।

রসোন, রসোনক (রস+উন+অচ্, কণ্) রসুন, লসুন।

রসোপল, রস=জল—উপল=প্রস্তর) সং

ক্লীং, মুক্তা, মৌক্তিক। [দ্রব্য,বস্তু।
রস্ম, (রস=দেখান—সংজ্ঞার্থে) সং, ক্লীং,
রস্য, (রস=দেখ+যৎ—র্ম্ম)সং, ক্লীং, রুধির, শোণিত,রক্ত। বিং, ত্রিং, আস্বাদ্য।
রহঃ, (রহস্, রহ্=ত্যাগ করা+অস্—প্রং) সং, ক্লীং, গোপন। শৃঙ্গার।গোপনীয় ধর্ম্মতত্ত্ব। ব্যং,-নির্জ্জনে।
রহণ, (রহ্+ল্যুট্) ত্যাগ করণ।
রহস্য, (রহস্=গোপন+যৎ—ভবার্থে) বিং, ত্রিং, গোপনীয়। 'দুর্ব্বোধ স্বরূপ। নির্জ্জন প্রবৃত্ত। সং, ক্লীং, মর্ম্ম। গুপ্তবিষয়,গূঢ়তত্ত্ব,ধর্ম্মরহস্য, অর্থরহস্য,ও কামরহস্য, রহস্য এই তিনপ্রকার "অরসিকেষু রহস্যনিবেদনং শিরসি মালিখ মালিখ মালিখ" উং। স্যা-নদীবিশেষ, স্বরস্বতী নদী। [ত্রিং, বর্জ্জিত, ত্যক্ত, বিহীন।
রহিত, (রহ্=ত্যাগ করা+ক্ত—র্ম্ম) বিং,
রা, (রা=দানকরা, গ্রহণ করা+ক্বিপ্—প্রং,) সং, স্ত্রীং, দান , গ্রহণ। বিভ্রম। স্বুবর্ণ।
রাং, (রঙ্গ শব্দজ) সং, ধাতুবিশেষ, রাঙ্গ।
রাঁড়,(রণ্ডা শব্দজ)সং, রণ্ডা, বিধবা। বেশ্যা
রাঁধন, (রন্ধনশব্দজ) সং, রন্ধন, পাককরণ
রাকা,(রা=দানকরা+কণ্,আপ্)সং,স্ত্রীং, পুর্ণিমা তিথি। নব ঋতুমতী স্ত্রী। নদীবিশেষ। কণ্ডুরোগ। কচ্ছুরোগ।
রাক্ষস, (রক্ষ্ =রক্ষাকরা+অস—প্রং, কিম্বা রক্ষস্+ষ্ণ—স্বার্থ) সং, পুং, সী—স্ত্রীং, নিশাচর, যাতুধান। কুবেরের ধনরক্ষক। পুং, বিবাহবিশেষ, বলপূর্ব্বক বিবাহ। বিং,ত্রিং, রাক্ষসসম্বন্ধীয়। ক্লীং, —অস্ত্রচিকিৎসা।
রাক্ষসেন্দ্র, (রাক্ষস—ইন্দ্র—রাজা, ৬ষ্ঠী —ষ) সং, পুং, রাবণ। দশকন্ধর, কুবের।
রাক্ষা, (রক্ষ্=রক্ষা করা+অ—প্রং, অ= আ) সং, স্ত্রীং, লাক্ষা, গালা, রক্তকীট।
রাখন, (রক্ষক শব্দ হইতে) সং, রক্ষণ, স্থাপন। [রক্ষক, গোচারক।
রাখাল, (রক্ষক শব্দজ হইতে) সং, গো-

রাগ, (রন্জ্=রংকরা+ঘঞ্—ভা ইত্যাদি) সং, পুং, রক্তবর্ণ। "ধৌতরাগপরিপাটলাধরৈঃ" রং। অনুরাগ। "রাগবন্ধপ্রবালম্" রং। ইচ্ছা। বিষয়েচ্ছা। "তং রাগবন্ধিষবিতৃপ্তমেব" রং। উৎসাহ। ষড়্বিধ স্বর; ভৈরব মালব সারঙ্গ হিন্দোল দীপক ও মেঘ। রঞ্জন, রংকরা। রজোগুণ, দ্বেষ, মাৎসর্য্য। রঞ্জক দ্রব্য। সন্তোষ। "ইত্থং জনিত রাগাসু, প্রকৃতিষনুবাসরম্" রং। চন্দ্র। রাজা। শস্যবিশেষ।
রাগচূর্ণ, (রাগ=রক্তবর্ণ—চূর্ণ, রং—ন) সং, পুং, রক্তবর্ণচূর্ণ, ফাগ। কাম, কন্দর্প, স্মর। খদির বৃক্ষ।
রাগচ্ছন্ন, রাগরজ্জু, রাগবৃন্ত, } (রাগ-চ্ছন্ন=আবৃত। রাগ =অনুরাগ, ইচ্ছা—রজ্জু =দড়ি। রাগ-বৃন্ত=বোঁটা, আধার) সং, পুং, কামদেব, মদন। মীনকেতন। মকরধ্বজ।
রাগলতা, (রাগ=অনুরাগ, ইচ্ছা—লতা) সং, স্ত্রীং, রতি, কামপত্নী।
রাগবাঢ়ব, সং, পুং, গুড় এবং তৈলে পাককরা অপক অম্লের আচার।
রাগসূত্র, (রাগ=রঞ্জন—সূত্র=সূতা)সং, ক্লীং, তুলাসূত্র, নিক্তি বা ডাঁড়ির সুতা। পট্টসূত্র।রংকরা সূতামাত্র।
রাগরু, সং, পুং, যে ব্যক্তি আশা দিয়া আশা পূর্ণ করে না।
রাগার্হ, সং, বিং, ত্রিং, যে ব্যক্তি আশা দিয়া নিরাশ করে।
রাগী, (রাগিন্, রাগ=অনুরাগ+ঘিনুণ্ অস্ত্যর্থ কিম্বা রন্জ্—রংকরা ইত্যাদি +ইন শীলার্থে—ক) বিং, ত্রিং, রাগযুক্ত, অনুরক্ত। কামুক। রঞ্জনকারী গিণী—স্ত্রীং, স্বরবিশেষ, ৬ রাগের পত্নী স্বরূপ ৩৬ স্বর। অনুরক্তা স্ত্রী।
রাঘব, (রঘু=রঘুবংশ+ষ্ণ—সন্ততি অর্থে সং, পুং, রামচন্দ্রং। "তা রাঘবং দৃষ্টিভিরাপিবন্ত্যঃ" রং। রঘুবংশীয় রাজা

"বঞ্চয়িত্বা স রাঘবৌ। জহার সীতাং" রং। সাগর, সমুদ্র। মৎস্যবিশেষ রাঘব বোয়াল। বিং,ত্রিং, রঘুবংশীয়। [কাঁটা।

রাঙ্কল, সং. পুং, বৃক্ষের কণ্টক, গাছের

রাঙ্কব, (রঙ্কু=মৃগবিশেষ+ষ্ণ—ইদমর্থ) বিং, ত্রিং, রঙ্কুলোমনির্ম্মিত, পশুরোম নির্ম্মিত বস্ত্রাদি। বিং, ত্রিং, রঙ্কুসম্বন্ধীয়।

রাঙ্গণ, সং, ক্লীং, পুষ্পবিশেষ, রঙ্গণফুল।

রাঙ্গা, (রঙ্গ শব্দ হইতে) বিং, রক্তবর্ণ, লাল।

রাজ্, (রাজ্—দীপ্তি পাওয়া+ক্বিপ্) সং, পুং, রাজা, প্রভু। বিং, ত্রিং, **শোভমান**। দীপ্ত।

রাজক, (রাজন্+কণ—সমূহার্থ, কিম্বা রাজ = দীপ্তিপাওয়া+ণক—ক) সং, পুং, রাজা। ক্লীং, রাজসমূহ। বিং,ত্রিং, শাসনকর্ত্তা। দীপ্তিশালী, দীপ্তিপ্রদ।

রাজকীয়, (রাজক=শাসনকর্ত্তা+অনীয় সম্বন্ধার্থ) বিং, ত্রিং, রাজসম্পর্কীয়।

রাজকুষ্মাণ্ড, সং, পুং, তরমুজ গাছ।

রাজগ্রীব, (রাজ=দীপ্তি—গ্রীবা) সং, পুং, মৎস্যবিশেষ, ফলুই মাছ।

রাজঘ, (রাজন্=রাজা—হন্=বধকারী+ক) বিং,ত্রিং, তীব্র, তীক্ষ্ণ, উগ্র, প্রচণ্ড। রাজহন্তা। রাজার নাশক। রাজশ্রেষ্ঠ।

রাজচিহ্নক, (রাজ=প্রধান—চিহ্ন+ক—প্রং) সং,ক্লীং, শিশ্ন। উপস্থ, স্ত্রীপুংচিহ্ন।

রাজজম্বু, সং, পুং, গোলাব জাম। খর্জ্জূর বিশেষ।

রাজত, (রজত = রৌপ্য+ষ্ণ—ইদমর্থ) বিং, ত্রিং, রৌপ্যময়। রজতনির্ম্মিত। ক্লীং, রৌপ্য।

রাজতন্ত্র, সং, ক্লীং, রাজ্যশাসন প্রণালী বিশেষ,ইহাতে রাজারই সর্ব্বতঃ প্রভুতা।

রাজতাল, (রাজ=শোভমান—তাল)সং, পুং,লী—স্ত্রীং,গুবাক বৃক্ষ,সুপারিগাছ। বৃহৎ তালবৃক্ষ।

রাজতিমিষ,সং, পুং, কাঁকুড়, ফুটী। শশা

রাজত্ব, (রাজন+ণ—ভাবে) সং, ক্লীং, রাজ্য, রাজপদ। [হস্তস্থিত লগুড়।

রাজদণ্ড, সং, ক্লীং, রাজদত্ত দণ্ড। রাজার

রাজদন্ত, (রাজ=শোভমান—দন্ত) সং, পুং, উপরি শ্রেণীস্থ সম্মুখবর্ত্তী দন্তদ্বয়।

রাজধর্ম্ম, (রাজন্=রাজা—ধর্ম্ম) সং,পুং, রাজার কর্ত্তব্য, প্রজাপালনাদিকর্ম্ম।

রাজধান, (রাজন্=রাজা+ধা=ধারণকরা+অন—ক) সং, ক্লীং, নী—স্ত্রীং, প্রধান নগরী। যে স্থানে রাজা বা রাজপ্রতিনিধি বাস করেন।

রাজধানক—ক্লীং, } (রাজধান, রাজ-
রাজধানিকা—স্ত্রীং } ধানী+কণ্-যোগ) সং, রাজার প্রধান নগরী, যে স্থানে রাজা বা রাজপ্রতিনিধি বাস করেন।

রাজনয়, সং, পুং, রাজনীতি।

রাজনীতি, (রাজন্=রাজা—নীতি=হিতাহিত বিবেচনার শাস্ত্র) সং, স্ত্রীং, দণ্ডনীতি। রাজ্যশাসননীতিশাস্ত্র, যাহা দ্বারা রাজকার্য্য নির্ব্বাহ হয়। সামদানাদি চতুর্ব্বিধ উপায়।"ইতিক্রমাৎ প্রযুঞ্জানঃ রাজনীতিং চতুর্ব্বিধাং" রং।

রাজনীল, (রাজ=শোভমান—নীল=নীলবর্ণ) সং, ক্লীং, মরকত মণি। ইন্দ্রনীল মণি।

রাজন্য, (রাজ্, রাজন্=রাজা+ষ্য—সাধ্বার্থ) সং, পুং, ক্ষত্রিয়। "রাজন্যোপনিমন্ত্রণায় রসতি স্ফীতং যশোদুন্দুভিঃ।" (ভট্টনারায়ণ)। অগ্নি। ক্ষীরিকাবৃক্ষ।

রাজন্যক, (রাজন্য+কণ্—সমূহার্থ) সং, ক্লীং, ক্ষত্রিয়সমূহ। রাজক।

রাজন্বান্, (রাজন্বৎ, রাজন্+বতু—অস্ত্যর্থ) বিং, ত্রিং, সুরাজযুক্ত দেশ, যে দেশে উত্তম রাজা আছে। ন্বতী—স্ত্রীং, সুরাজযুক্তা। [কপ্রকার কাঁকুড়।

রাজপটোল, সং, পুং, কর্কটীবিশেষ। এ-

রাজপট্ট, (রাজন্=রাজা—পট্ট=পাগড়ি) সং,পুং,মণিবিশেষ। কিরীট। রাজসনন্দ

রাজপট্টিকা, সং, স্ত্রীং, চাতকপক্ষিণী।

রাজপথ, (রাজন্=রাজা, প্রধান—পথ

=রাস্তা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, রাজমার্গ, অতি প্রশস্ত রাস্তা।

রাজপুত্র, (রাজন্=রাজা বা চন্দ্র—পুত্র =সন্তান) সং, পুং, যুবরাজ, রাজকুমার। বুধগ্রহ। অম্বষ্ঠ কন্যাতে ক্ষত্রিয় জাত জাতিবিশেষ, রজপুত।

রাজপুত্রিকা (রাজন্=রাজা—পুত্র=সন্তান+কা—প্রং) সং, স্ত্রীং, রাজকন্যা। শরারিপক্ষিণী, শরালি পাখী। তিক্ত অলাবুবিশেষ।

রাজপুরুষ, (রাজন্=রাজা—পুরুষ=মানুষ) সং, পুং, রাজকর্ম্মচারী। শান্তিরক্ষক।

রাজফণিঞ্জক, সং, পুং, কমলালেবুর গাছ

রাজফল, সং, ক্লীং, কর্কটী, শশা।

রাজভূয়, (রাজন্=রাজা—ভূ=হওন+ক্যপ্—ভাবে) সং, ক্লীং, রাজ্য, রাজত্ব।

রাজমণ্ডল, (রাজন্=রাজা—মণ্ডল=সমূহ, ৬ষ্ঠী—ষ) বিং, ত্রিং, দ্বাদশবিধ রাজা ;-অরি, মিত্র, অরির মিত্র, মিত্রের মিত্র, অরিমিত্রের মিত্র, বিজগীষুর পুরঃসর ; পার্ষ্ণিগ্রাহ, আক্রন্দ, পার্ষ্ণিগ্রাহাসারি, আক্রন্দাসার, বিজিগীষুর পশ্চাদ্বর্ত্তী ; এই এবং বিজিগীষু, মধ্যম ও উদাসীন। [বিশেষ।

রাজমণ্ডূক, সং, পুং, বৃহৎজাতীয় ভেক-

রাজমার্গ, (রাজন্=রাজা—মার্গ=পথ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ৪০ হস্ত বিস্তার অতিপ্রশস্ত সাধারণ রাস্তা।

রাজমাষ, (রাজ=দীপ্তিশীল—মাষ=মাষকলাই) সং, পুং, বর্ব্বট, বরবটী কলাই।

রাজযক্ষ্মা, (রাজযক্ষ্মন্, রাজন্=রাজা—যক্ষ্মা=ক্ষয়রোগ, ৬ষ্ঠী—ষ কিম্বা রাজন্—যক্ষ=পূজাকরা+মন্—প্রং, রোগের রাজা বলিয়া যে পূজিত) সং,পুং, যক্ষ্মা, ক্ষয়রোগ। "রাজযক্ষ্মপরিহানিরাযযৌ কাময়ানসমবস্থয়া তুলাম্" রং। "রাজ্ঞশ্চন্দ্রমসো যস্মাদভূদেব কিলাময়ঃ। তস্মাত্তং রাজযক্ষ্মেতি কেচিদাহুর্ম্মনীষিণঃ

রাজযুধ্বা, (ধ্বন্, রাজ+যুধ+কনিপ্) সং, পুং, বিদ্রোহী।

রাজরঙ্গ, (রাজ=দীপ্তিশীল—রঙ্গ=রাং) সং, ক্লীং, রৌপ্য। রজত।

রাজরাজ, (রাজন্=রাজা, যজ্ঞ—রাজ=রাজন্ শব্দ হইতে ৬ষ্ঠী—ষ) সং, পুং, কুবের। সম্রাট্। একচ্ছত্র রাজা, চন্দ্র।

রাজর্ষি, (রাজ=রাজন্শব্দজ—ঋষি, রং—স) সং, পুং, রাজা অথচ ঋষি, যে রাজা ঋষির ন্যায় আচরণ করেন। রাজশ্রেষ্ঠ।

রাজলক্ষ্মা, (রাজলক্ষ্মন্, রাজ=রাজকীয়—লক্ষ্মন্=চিহ্ন) সং,পুং,রাজা যুধিষ্ঠির।

রাজলক্ষ্মী, (রাজন্+লক্ষ্মী) রাজ শোভা, রাজশ্রী। [সনন্দ।

রাজলেখ, সং পুং, রাজদত্ত আজ্ঞাপত্র।

রাজবংশ্য, (রাজবংশ+ষ্য—ভবার্থে) বিং, ত্রিং, রাজবংশোদ্ভব। সং, পুং, জাতিবিশেষ।

রাজবর্ত্ম, (রাজবর্ত্মন্, রাজন্=রাজা—বর্ত্মন=পথ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, রাজপথ।

রাজবলা, (রাজন্=রাজা—বল=বেষ্টন) সং, স্ত্রীং, গন্ধভাদুলিয়া। গাঁধাল।

রাজবল্লী, (রাজ=দীপ্তিশীল—বল্লী=লতা) সং, স্ত্রীং, তিক্ত ফলবিশেষ। উচ্ছে।

রাজবসতি,সং, স্ত্রীং,সিংহাসন। প্রাসাদ।

রাজবান্, (রাজবৎ, রাজন্+বৎ—অস্ত্যর্থে) বিং, ত্রিং, রাজযুক্তদেশ, যে দেশে রাজা আছে।

রাজবাহ, (রাজন্=রাজা—বাহ=বাহন) সং, পুং, ঘোটক। অশ্ব, তুরঙ্গ।

রাজবাহ্য, (রাজন্=রাজা—বাহ্য=বহনীয়) সং, পুং, রাজার বহনকারী হস্তী। বিং, ত্রিং, রাজার বহন যোগ্য।

রাজবিপ্লব, সং, পুং,প্রচলিত রাজ্যশাসন প্রণালীর পরিবর্ত্তন। রাজদ্রোহ।

রাজবীজী, (রাজবীজিন্, রাজন্=রাজা—বীজ+ইন্—বীজিন্=কারণ, ৬ষ্ঠী—

হিং) বিং, ত্রিং, রাজবংশীয়, রাজবংশ্য।
রাজবৃক্ষ, (রাজ=দীপ্তিশালী—বৃক্ষ) সং, পুং, পিয়ালবৃক্ষ। সোঁদালির গাছ। লঙ্কাসিজের গাছ।
রাজবৃত্ত, (রাজন্—বৃত্ত=চরিত্র, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, রাজার আচরণ, ন্যায়পূর্ব্বক অর্থের উপার্জ্জন বৃদ্ধি ও রক্ষা এবং সৎপাত্রে দান করা।
রাজশণ, (রাজ=দীপ্তিশালী—শণ) সং, পুং, পট্ট, পাট।
রাজশফর, (রাজন্=রাজা—শফর=পুঁটিমাছ) সং, পুং, ইলিশমাছ।
রাজশয্যা, সং, স্ত্রীং, সিংহাসন।
রাজশৃঙ্গ—ক্লীং, } (রাজ=রাজকীয়—
রাজচ্ছত্র—পুং, } শৃঙ্গ=শিং) সং, মদ্গুরমৎস্য, মাগুরমাছ।
রাজস, রাজসিক (রজস্+ষ্ণ+ইক—ইদমর্থ) বিং, ত্রিং, রজোগুণপ্রধান। মান, পূজা ও সম্ভ্রমের জন্য দম্ভবশতঃ যে কার্য্য করা হয়। খ্যাতিজনক কর্ম্ম।
রাজসদন, সং, ক্লীং, রাজভবন। প্রাসাদ। রাজার বাড়ী।
রাজসর্ষপ, (রাজ=রাজকীয়-সর্ষপ=সরিষা) সং, পুং, রাইসরিষা। পরিমাণবিশেষ।
রাজসাযুজ্য, (রাজন্—রাজা—সাযুজ্য=বিষয়) সং, ক্লীং, রাজত্ব, রাজ্য।
রাজসারস, (রাজ=রাজকীয়—সারস=পক্ষিবিশেষ) সং, পুং, ময়ূর। শিখী। শিখণ্ডী। বর্হী।
রাজসূয়, (রাজ=রাজন্শব্দজ—সূ=প্রসব করা+ক্যপ্—র্ম্ম, ৩য়া—ষ) সং, ক্লীং, রাজার কর্ত্তব্য যজ্ঞবিশেষ, অধীন রাজগণকে জয় করিয়া করগ্রহণ করত ঐ অর্থ দ্বারা রাজা এই যজ্ঞ করিবেন। পথ। পর্ব্বতবিং। ধান্য বিং।
রাজস্কন্ধ, (রাজন্=রাজা—স্কন্ধ=কাঁধ) সং, পুং, অশ্ব, ঘোটক। বাজী। তুরঙ্গ।
রাজস্ব, (রাজন্=রাজা—স্ব=ধন, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, রাজকর, রাজপ্রাপ্যধন।
রাজহংস,(রাজন্=রাজা-হংস,৬ষ্ঠী—ষ) সং, পুং,মরাল। শুক্লবর্ণ হংস। ইহার চঞ্চু ও চরণ রক্তবর্ণ। রাজশ্রেষ্ঠ। 'রাজহংস তবৈব শুভ্রতা চীয়তে ন চ নচাবচীয়তে' উং
রাজহাসক,(রাজন=রাজা-হাসক=হসনীয়) সং, পুং, কাতল মৎস্য, কাতলা মাছ।
রাজা, (রাজন্, রন্জ্, প্রীতকরা+অন—প্রং। কিম্বা রাজ্=দীপ্তি পাওয়া+অন্—প্রং) সং, পুং, প্রকৃতির্ঞ্জক দীপ্তিশীল নৃপতি। ক্ষত্রিয়। প্রভু। ইন্দ্র। চন্দ্র। যক্ষ। (শব্দের পূর্ব্বে বা পরে থাকিলে) শ্রেষ্ঠ। আদিতে পৃথুরই রাজা নাম ছিল। যথা,—"দেবৈর্ব্বিপ্রৈস্তথা সর্ব্বৈরভিষিক্তো মহামনাঃ। রাজ্ঞশ্চৈবাধিকারে বৈ পৃথুর্ব্বৈণ্যঃ প্রতাপবান্। তদা পিত্রা প্রজাঃ সর্ব্বাঃ কদা নৈবানুরঞ্জিতাঃ তেনানুরঞ্জিতাঃ সর্ব্বাঃ সুখৈর্মুমুদিরে তদা॥ অনুরাগাত্তস্য বীরস্য নাম রাজেত্যভাষত"॥
রাজাদন, (রাজন্=রাজা—অদন=ভক্ষণ) সং, পুং, পিয়ালবৃক্ষ। কিংশুকবৃক্ষ। পলাশগাছ।
রাজাধিরাজ, (রাজন্=রাজা—অধিরাজ=সম্রাট্) সং, পুং, সার্ব্বভৌম, সম্রাট্।
রাজান্ন, সং, পুং, অন্ধ্রদেশজাত উৎকৃষ্ট ধান্যবিশেষ। এই অন্ন খাইতে বৈষ্ণব শাস্ত্রে বিশেষ নিষেধ আছে।
রাজালুক, সং,পুং, জম্বুবিশেষ, মুলবিশেষ
রাজাবর্ত্ত, (রাজান্=রাজা—আবর্ত্ত=ঘূর্ণন) সং, পুং, রত্নবিশেষ।
রাজার্হ, (রাজন্=রাজা—অর্হ=যোগ্য) সং, ক্লীং, অগুরু। বিং, ত্রিং, রাজযোগ্য
রাজাহি, (রাজন্—অহি=সর্প) সং, পুং, দ্বিমুখ সর্প, দুমুখোসাপ।
রাজি, রাজী, (রাজ্=দীপ্তিপাওয়া+ই—প্রং) সং, স্ত্রীং, শ্রেণী, রেখা, সারি। শরীরস্থ ক্ষুদ্র আধার বিশেষ।
রাজিকা, (রাজ্=দীপ্তিপাওয়া+ণক—প্রং, অথবা রাজি+কণ্—যোগ) সং,

স্ত্রীং, শ্রেণী। রেখা, ক্ষেত্র। রাইসর্ষা।
রাজিত, (রাজ=দীপ্তিপাওয়া+ক্ত—প্রং) বিং, ত্রিং, শোভিত, ভূষিত,প্রদীপিত।
রাজিল, (রাজি=শ্রেণি+ল—প্রং) সং, পুং, জলসর্প, ঢোঁড়া সাপ।
রাজীব, (রাজী শ্রেণী+ব—অস্ত্যর্থ) সং, ক্লীং, পদ্ম। পুং, হস্তী। বৃহৎ মৎস্য। হরিণবিশেষ। সারস।
রাজেন্দ্র, (রাজন্=রাজা—ইন্দ্র=প্রধান) সম্রাট্। প্রধানরাজা, শ্রেষ্ঠরাজা।
রাজ্ঞী, (রাজন্+ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, রাজমহিষী, রাণী। সূর্য্যপত্নী।
রাজ্য, (রাজন্+ষ্ণ্য—ভাবে, কর্ম্মণি)সং, ক্লীং, দেশ। রাজত্ব। রাজকার্য্য।
রাজ্যতন্ত্র, সং, ক্লীং, রাজ্যশাসনপ্রণালী।
রাজ্যসংস্থিতি, সং,স্ত্রীং, রাজ্যের সুশৃঙ্খলা
রাজ্যাঙ্গ, (রাজ্য—অঙ্গ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, রাজ্যের আবশ্যক অঙ্গ। রাজ্যাঙ্গ নয়, যথা—রাজা, মন্ত্রী, সুহৃৎ, ধন, দেশ, দুর্গ, ও সৈন্য—এই সাত; এবং প্রকৃতি ও গুরু।
রাটি, (রট্=বলা, শব্দকরা+ই—প্রং) সং, স্ত্রীং, সংগ্রাম, যুদ্ধ। রণ। সঙ্গর। শরাল পাখী।
রাঢ়, (রহ্=ত্যাগকরা+ঘঞ্—প্রং, হ=ঢ়) সং, পুং, ঢ়া—স্ত্রীং, দেশবিশেষ, বাঙ্গালার মধ্যে গঙ্গার পশ্চিমদিকস্থ দেশ। সৌন্দর্য্য। আভা। লাবণ্য। কান্তি।
রাঢ়ীয়, (রাঢ়=দেশবিশেষ+অণীয়—সম্বন্ধার্থ) বিং, ত্রিং, রাঢ়দেশীয়।
রাণ, (রণ+ঘঞ্) সং, ক্লীং, পত্রবিশেষ। ময়ূরপিচ্ছ। বর্হ। [ণী, রাজ্ঞী।
রাণী, (রাজ্ঞীশব্দহইতে) সং, স্ত্রীং, মহিরাত্রিক, (রাত্রি+কণ্—প্রং) সং, ক্লীং, পঞ্চরাত্র। পুং,এক বৎসর বেশ্যাগৃহবাসী
রাত্রি, রাত্রী, (রা=দানকরা+ত্রি—প্রং) সং, স্ত্রীং, রজনী, ক্ষপা। ত্রিযামা। নিশা। "রাত্রির্গতা মতিমতাংবর মুঞ্চ শয্যাং" রং।
রাত্রিকর, (রাত্রি—কর=যে করে, ২য়া—ষ, অথবা রাত্রি—কর=কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শশী। নিশাকর, চন্দ্র।
রাত্রিচর, রাত্রিঞ্চর, (রাত্রি—চর=যে চরে সপ্তমী—ষ) সং, পুং, নিশাচর, রাক্ষস। চোর। প্রহরী। রী—স্ত্রীং, নিশাচরী, রাক্ষসী। [ক্লীং, তারা।
রাত্রিজ, সং, বিং, ত্রিং, রাত্রিতে উৎপন্ন।
রাত্রিজল, (রাত্রি—জল) সং, ক্লীং, শিশির। কুয়াসা। কুজ্ঝটিকা।
রাত্রিমট, (রাত্রি—অট্=গমন করা+অচ্—প্রং। ম্—আগম) সং, পুং, রাক্ষস, রাত্রিচর। কুণপ। যাতুধান।
রাত্রিমণি, (রাত্রি—মণি=রত্ন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, চন্দ্র, নিশাকর।
রাত্রিবাসঃ, (রাত্রিবাসস্, রাত্রি—বাসস্=বস্ত্র) সং, ক্লীং, অন্ধকার। তমঃ। রাত্রিকালে পরিধেয় বস্ত্র।
রাত্রিবেদ, রাত্রিবেদী, } (রাত্রিবেদিন্, রাত্রি—বেদ,বেদিন=যে জানে, যে রাত্রির পরিমাণ জ্ঞাত আছে, ২য়া—ষ) সং, পুং, কুক্কুট, কুঁকুড়া।
রাত্রিহাস, (রাত্রি—হাস=হাস্য করে, অর্থাৎ রাত্রিতে প্রস্ফুটিত হয়) সং, পুং, শ্বেতোৎপল, সুঁদি।
রাত্রিহিণ্ডক, (রাত্রি—হিনড়=গমনকরা +ণ্বুল—প্রং) সং, পুং, অন্তঃপুররক্ষক।
রাত্র্যাট, সং, পুং, নিশাচর। চোর।
রাত্র্যান্ধ, (রাত্রি—অন্ধ, ৭মী—ষ) বিং, ত্রিং, রাতিকাণা। কাকাদি।
রাদ্ধ, (রাধ্=নিষ্পন্নকরা বা নিষ্পন্নহওয়া +ক্ত—প্রং) বিং, ত্রিং, নিষ্পন্ন। সিদ্ধ, সম্পন্ন। পক্ব, ফলিত।
রাদ্ধান্ত, (রাদ্ধ=সিদ্ধ, নিষ্পন্ন—অন্ত=শেষ, নির্ণয়, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মীমাংসা, সিদ্ধান্ত। ফলস্থিতি।
রাধ, (রাধী=বিশাখা নক্ষত্রযুক্তা পূর্ণিমা +ষ্ণ—যুক্তার্থ) সং, পুং, বৈশাখমাস। (রাধ্=সিদ্ধকরা+ঘঞ—প্রং) ধা—স্ত্রীং,

নক্ষত্র-বিশেষ। কৃষ্ণপ্রেয়সী গোপীবিশেষ। কর্ণমাতা। বিদ্যুৎ। বাণমোক্ষণ কালীন ভঙ্গীবিশেষ; দুইপদ পরস্পর এক বিঘত অন্তরে থাকিবে। ধা, ধিকা —বৃষভানু-নন্দিনী গোপীবিশেষ। ধী— বৈশাখী-পূর্ণিমা। "রাধেত্যেবঞ্চ সংসিদ্ধা রাকারো দানবাচকঃ। স্বয়ং নির্ব্বাণ-ধাত্রী যা সা রাধা পরিকীর্ত্তিতা॥ রা চ রাসে চ ভবনাদ্ধা এব ধারণাদহো। হ-রেরালিঙ্গনাধারাত্তেন রাধা প্রকীর্ত্তিতা"

রাধন, (রাধ্ = সিদ্ধকরা+অনট্—ভা.) সং, ক্লীং, প্রাপ্তি। সাধন। সন্তোষণ। পূজা। না—স্ত্রীং, উক্তি, কথন, ভাষণ।

রাধরঙ্ক, সং, পুং, লাঙ্গল। মন্দ মন্দ বৃষ্টি। শিলাবৃষ্টি।

রাধাকান্ত, রাধানাথ, রাধাবল্লভ, (রাধা—কান্ত = প্রিয়। রাধা—নাথ=প্রভু, ৬ষ্ঠী —ষ। রাধা—বল্লভ = প্রিয়) সং, পুং, শ্রীকৃষ্ণ।

রাধাতনয়, রাধাপুত্র, রাধাসুত, (রাধা=ধৃতরাষ্ট্রের সারথিপত্নী—তনয়, পুত্র,সুত =নন্দন। সং, পুং, কর্ণ। কর্ণ,কুন্তীর কন্যা দশায় জন্মগ্রহণ করেন, এই জন্য প্রসবের পর কুন্তী পরিত্যাগ করিলে সূতপত্নী রাধা ইহাকে পাইয়া প্রতিপালন করিয়াছিলেন।

রাধাভেদী, রাধাবেধী, (রাধাভেদিন্, রাধা= কৃষ্ণপ্রেয়সী—ভেদিন্=ভেদকারী। রাধাবেধিন্, রাধা = কৃষ্ণপ্রেয়সী—বেধিন্= যে আঘাত করে) সং, পুং, অর্জ্জুন, জিষ্ণু।

রাধেয়, (রাধা+ষ্ণেয়—অপত্যার্থ) সং, পুং, রাধার পালিত পুত্র। কর্ণ।

রান্না, (রন্ধন শব্দ হইতে) সং, অন্নাদি পাককরণ। [কথনীয়।

রাপ্য, (রপ্—বলা+ণ্যৎ—র্ম্ম) বিং, ত্রিং,

রাভসিক, (রভস+ষ্ণিক-প্রং) বিং, ত্রিং, অকস্মাৎ কর্ম্ম কারী, অবিমৃষ্যকারী। গোঁয়ার।

রাম, (রম্—ক্রীড়াকরা+ঞি—ণ—প্রং বা ণ, অথবা রা=বিশ্ব—ম=ঈশ্বর, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বিষ্ণুর তিন অবতার—পরশু-রাম, রামচন্দ্র, বলরাম। বরুণ। ঘোটক। বিং, ত্রিং, শুভ্র। কৃষ্ণ। মনোহর, রমণীয়। হরিণ বিং। মা—স্ত্রী, সুন্দরী নারী। প্রিয়া। নদী। হিঙ্গুল। "রমতে রময়া সার্দ্ধং তেন রামং বিদুর্ব্বুধাঃ"। "রা শব্দো বিশ্ববচনো মশ্চাপীশ্বর-বাচকঃ। বিশ্বানামীশ্বরো যো হি তেন রামঃ প্রকীর্ত্তিতঃ।

রামকরী, (রাম=রমণীয়—কর=যে করে —ঈপ্) সং, স্ত্রীং, রাগিণীবিশেষ, রামকেলীরাগিণী।

রামকর্পূর,সং,পুং, সদ্গন্ধযুক্ত তৃণবিশেষ।

রামগিরি, (রাম—গিরি=পর্ব্বত, ৬ষ্ঠী—ষ, রামের বিশ্রামস্থান) সং, পুং, চিত্রকূট পর্ব্বত, বুন্দেলখণ্ডের অন্তর্গত। "রামগির্য্যাশ্রমেষু" (মেঘদূত)।

রামচন্দ্র, রামভদ্র, (রাম—চন্দ্র=চন্দ্রের ন্যায় আহ্লাদজনক। রাম—ভদ্র=ভাগ্যবন্ত, য়ং—স) সং, পুং, দশরথের পুত্র, শ্রীরাম।

রামঠ, (রম্=ক্রীড়করা+অট—সংজ্ঞার্থ। অ=া) সং, ক্লীং, হিঙ্গু, হিং। পুং, আকোঠ গাছ।

রামণীয়ক, (রমণীয়+কণ—প্রং) সং,ক্লীং, শোভা। রমণীয়তা। সৌন্দর্য্য।

রামনবমী, সং, স্ত্রং, চৈত্রমাসের শুক্লা নবমী, এই দিনে শ্রীরামচন্দ্র জন্মিয়াছিলেন।

রামসখ, (রাম—সখ=বন্ধু,৬ষ্ঠী—ষ) সং, পুং, রামের মিত্র, সুগ্রীব বানর। সীতা-বিরহে কাতর হইয়া ভ্রমণ করিতে করিতে ঋষ্যমুখ পর্ব্বতে রাম ইহাঁর সাক্ষাৎপান। ইনি সীতা উদ্ধার করিতে প্রতিজ্ঞা করিলে রামের সহিত মিত্রতা করেন। রামও বানররাজ বালিকে বধ করিয়া ইহাঁকে সিংহাসনে স্থাপন করিতে প্রতিজ্ঞা করেন

রামায়ণ, (রাম+আয়ন—অধিকার করিল,রচিল এই অর্থে। অথবা রাম—অয়ন =বাসস্থান, আশ্রয়, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, বাল্মীকি প্রণীত রামচন্দ্রের উপাখ্যান ঘটিত মহাকাব্য।

রামিল, (রাম=রমণীয়+ইল—প্রং) সং, পুং, কামদেব। রমণ। স্বামী। নায়ক।

রাম্ভ, (রম্ভ=বেণু+অণ—প্রং) সং, পুং, ব্রতের জন্য গৃহীত বেণুযষ্টি।

রায়ণ, (রৈ=শব্দ করা+অনট্—ভা) সং, ক্লীং, আর্ত্তি, ক্লেশ, পীড়া। যাতনা। শব্দকরণ। [আওড়।

রায়ভাটী, সং, স্ত্রীং,নদীর স্রোতোবিশেষ,

রাল, (রা=দান করা বা পাওয়া+অন —প্রং) সং,পুং,সর্জ্জরস, ধুনা। রঞ্জন।

রাব, (রু=শব্দকরা+ঘঞ—প্রং) সং, পুং, রব, শব্দ, ধ্বনি। চীৎকার।

রাবণ, (রু+ণিচ+অন—প্রং) সং, পুং, লঙ্কাধিপতি। দশানন। [বিশেষ।

রাবণগঙ্গা, সং, স্ত্রীং, সিংহলদ্বীপস্থ নদী-

রাবণারি, (রাবণ—অরি=শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, রাবণহন্তা। রামচন্দ্র। "বন্দে লোকাভিরামং রঘুকুলতিলকং রাঘবং রাবণারিং" রাং।

রাবণি, (রাবণ+ঞি—অপত্যার্থ) সং, পুং, রাবণপুত্র। মেঘনাদ ইন্দ্রজিৎ।

রাশি, (রশ্=শব্দকরা+ইণ্—প্রং) সং, পুং, পুঞ্জ, স্তূপ, গাদা "রাশয়ঃ পর্ব্বতোপমাঃ" রাং। মেষাদি দ্বাদশ।

রাশিচক্র, (রাশি=চিহ্ন—চক্র=চাকা বা বৃত্ত) সং, ক্লীং, জ্যোতিশ্চক্র, মেষাদি দ্বাদশ রাশিযুক্ত বৃত্ত, মেষাদি দ্বাদশ রাশি লইয়া কল্পিত চক্র। অঙ্কশাস্ত্রের সংখ্যা। ভাজ্য বা ভাজক।

রাশীকৃত, (রাশি—কৃত=করা হইয়াছে, ঈ—আগম) বিং, ত্রিং, পুঞ্জীকৃত, স্তূপাকার করা। একত্র জড়করা।

রাষ্ট্র, (রাজ=দীপ্তি পাওয়া+ষ্ট্রন্—প্রং) সং, পুং,—ক্লীং, রাজ্য। জনপদ। দেশ। লোকের আবাসভূমি। মড়ক প্রভৃতি উপদ্রব। [লীর পরিবর্ত্তন।

রাষ্ট্রবিপ্লব, রাজ্য শাসনের প্রচলিত প্রণা-

রাষ্ট্রিক, (রাষ্ট্র=জনপদ+ষ্ণিক—ইদমর্থে) বিং, ত্রিং, রাষ্ট্রসম্বন্ধীয়। কা—স্ত্রীং, কণ্টকারী।

রাষ্ট্রিয়, রাষ্ট্রীয়, (রাষ্ট্র=রাজ্য+ইয়, ঈয়—সম্বন্ধার্থে) সং, পুং, নাটকে—রাজশ্যালক। বিং, ত্রিং, রাজ্যসম্বন্ধীয়।

রাস, (রস্=শব্দকরা+ঘঞ—প্রং) সং, পুং, কার্ত্তিকী পূর্ণিমায় কৃত শ্রীকৃষ্ণের লীলাবিশেষোৎসব। কোলাহল। গোলমাল। শব্দ। শৃঙ্খল। ক্রীড়াবিশেষ। উষ্ট্রবিশেষ।

রাসক, সং, ক্লীং, নাট্যগ্রন্থবিশেষ।

রাসন, (রসনা+অ—প্রং) সং, ক্লীং, রসনেন্দ্রিয় জাত জ্ঞান। বিং, ত্রিং, রসনাসম্বন্ধীয়। জিহ্বাসম্পর্কীয়।

রাসভ, (রাস+অভচ্—প্রং) সং, পুং, ভী —স্ত্রীং, গর্দ্দভ, গাধা গর্দ্দভী, খর।

রাসমণ্ডপ, রাসমণ্ডল; সং, ক্লীং, উচ্চগৃহ বা মন্দির,যথায় শ্রীকৃষ্ণবিগ্রহের রাসোৎসব হয়।

রাসায়নিক, (রসায়ন+ষ্ণিক—ইদমর্থে) বিং, ত্রিং, রসায়ন বিদ্যাসম্বন্ধীয়।

রাসায়নিক-আকর্ষণ—যে গুণ থাকাতে পরস্পর বিভিন্ন পরমাণু সকল একত্রিত হইয়া একটী স্বতন্ত্র গুণবিশিষ্ট পদার্থে পরিণত হয়।

রাসেরস, (রাস=কোলাহল ইত্যাদি—রস=স্বাদ, আস্বাদ) সং, পুং, গোষ্ঠী, সভা। মণ্ডলী। উৎসব। শৃঙ্গার। পরিহাস। রসায়নবিদ্যা। প্রসবদিন হইতে ষষ্ঠদিবস। ক্রীড়া।

রাসেশ্বরী, (রাস—ঈশ্বরী) সং,স্ত্রীং, রাধা, রাধিকা। বৃকভানু সুতা।

রাস্তা, (দেশি) সং, পথ, মার্গ, বর্ত্ম।

রাস্না, (রস্+নণ্+আপ্—প্রং) সং, স্ত্রীং, ঔষধিবিশেষ। লতাবিশেষ। গন্ধ-

দ্রব্যবিশেষ।

রাহু, (রহ্=ত্যাগকরা+উন্—প্রং) সং, পুং, সিংহিকার পুত্র। অষ্টমগ্রহ। ত্যাগ।

রাহুগ্রাস, (রাহু—গ্রাস) সং, পুং, চন্দ্র সূর্য্যের গ্রহণ। [চন্দ্র সূর্য্যের গ্রহণ।

রাহুগ্রাহ, (রাহু—গ্রাহ=গ্রহণ) সং, পুং,

রাহুভেদী, (রাহুভেদিন্, রাহু—ভেদিন্=খণ্ডকারী) সং, পুং, বিষ্ণু।

রাহুমূর্দ্ধভিদ্, (রাহু=দৈত্যবিশেষ—মূর্দ্ধন=মস্তক — ভিদ্ = খণ্ডকারী। যিনি রাহুর শিরশ্ছেদন করিয়াছিলেন, ৬ষ্ঠী—ষ+২য়া—ষ) সং, পুং, বিষ্ণু।

রাহুহা, (রাহুহন্, রাহু=দৈত্যবিশেষ—হন্=যে বধ করে, ২য়া—ষ) সং, পুং, বিষ্ণু। [পুং, চন্দ্রসূর্য্যগ্রহণ। উপরাগ।

রাহুসংস্পর্শ, (রাহু—সংস্পর্শ=স্পর্শ) সং,

রাহূচ্ছিষ্ট, } সং, পুং, রশুন।
রাহুৎসৃষ্ট, }

রিক্ত, (বিচ=বিযুক্ত হওয়া+ক্ত—প্রং) বিং, ত্রিং, শূন্য। খালি। রেচিত। নিস্ফল। দরিদ্র। সং,ক্লীং,বন। অবকাশ। শূন্য। ক্তা—স্ত্রীং, চতুর্থী নবমী চতুর্দ্দশী তিথি।

রিক্তহস্ত, (রিক্ত=শূন্য—হস্ত) বিং, ত্রিং, শূন্যহস্ত, নির্দ্ধন। অকিঞ্চন।

রিক্থ, (রিচ=সম্পৃক্ত হওয়া+থ—প্রং) সং, ক্লীং, স্থাবর অস্থাবর সম্পত্তি। ধন, গোত্র।

রিক্থহারী, (রিক্থহারিন্, রিক্থ=ধন—হারিন্=যে হরণ করে) বিং, ত্রং, দায়াদ, উত্তরাধিকারী। মাতুল। ডুম্বুরবীজ।

রিক্থী, (রিক্থিন্, রিক্থ=ধন+ইন্—অস্ত্যর্থ) বিং,ত্রিং,ধনী। উত্তরাধিকারী।

রিক্ষা, (লক্ষ=চিহ্নকরা+অ—প্রং। অ=ই। ল=র) সং, পুং, লিক্ষা, নিকি। সূর্য্যকিরণগত অণু।

রিঙ্খণ, } (রিন্খ্, রিন্গ্=গমন করা
রিঙ্গণ, } +অনট্—ভা) সং, ক্লীং, স্খলন, পতন। গমন। ভ্রংশ। সন্মার্গচ্যুতি। সৎপথত্যাগ। হামাগুড়ি।

রিধ্নম, সং, পুং, কন্দর্প। বসন্ত।

রিপু, (রপ্=বলা+উ—প্রং, অ=ই) সং, পুং, শত্রু, বিপক্ষ। "অথোপশল্যে রিপুমগ্নশল্যঃ" রং। কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ, ও মাৎসর্য্য—এই ছয়টী শরীরস্থ সহজ রিপু।

রিপ্র, (রী=বধকরা+র—প্রং। প্—আগম) বিং, ত্রিং; অধম, নীচ। দুষ্ট।

রিম্ফ, সং, ক্লীং, রাশিচক্র।

রিরংসা,(রম্=রমণকরা+সন্—ইচ্ছার্থে, আপ্—ভা) সং, স্ত্রীং, রমণেচ্ছা। ক্রীড়ার ইচ্ছা।

রিরংসু, (রম্+সন্+উ—প্রং) বিং, ত্রিং, রমণেচ্ছু। ক্রীড়া করিতে ইচ্ছুক।

রিরী, (রি=গমন করা+রী—প্রং) সং, স্ত্রীং, পিত্তল, পিতল।

রিশ্য, রিষ্য (রিশ্, রিষ্=বধকরা+যৎ—প্রং) সং, পুং, হরিণ, মৃগ।

রিষি, (ঋষ্=গমনকরা+ই—প্রং) সং, পুং, মুনি, ঋষি, তপস্বী। যিনি জ্ঞানের এবং সংসারের পারে গমন করিয়াছেন "বিদ্যাবিদগ্ধমতয়ো রিষয়ঃ প্রসিদ্ধাঃ"।

রিষ্ট, (রিষ্=বধকরা+ক্ত—প্রং) সং, ক্লীং, কল্যাণ, মঙ্গল। শুভ। অশুভ। পাপ। নাশ। অভাব। পারদ। পুং, খড়্গ। বৃক্ষবিশেষ। দৈত্যবিশেষ। বিং, ত্রিং, পাপজনক। অশুভদায়ক। অশুভযুক্ত।

রিষ্টি, (রিষ+ক্তি—প্রং) সং, স্ত্রীং, অশুভ। অসৌভাগ্য। পুং, খড়্গ। অমঙ্গল

রীজ্যা, (হ্রী=লজ্জিত হওয়া, নিপাতন) সং, স্ত্রীং, লজ্জা। ঘৃণা। ত্রপা।

রীঢ়ক, (রিহ্=বধকরা+ক্ত—প্রং, কণ—যোগ। ই=ঈপ) সং, পুং, মেরুদণ্ড। পৃষ্ঠবংশ। শিরদাঁড়া।

রীঢ়া, (রিহ্=বধকরা+ক্ত+আপ, ই=ঈ) সং, স্ত্রীং, অবজ্ঞা অসম্মান।

অনাদর। ঘৃণা।
রীণ, (রী=ক্ষরিত হওয়া, গমন করা+ক্ত—প্রং) বিং, ত্রিং, ক্ষরিত। ছেঁকা। চোয়ান। বিগত।
রীতি, (রী=গমনকরা+ক্তি—প্রং) সং, স্ত্রীং, ধারা। ক্রম। পদ্ধতি। দেশবিশেষীয় আচার ব্যবহার। ক্ষরণ, চোঁয়ান। ছুঁচুলি। পিত্তল। স্বভাব। লৌহমল। লোহার মড়িচা। ধাতুমাত্রের মড়িচা। সীমা। গমন। গতি। স্বাভাবিক ধর্ম্ম, গুণ বা প্রবৃত্তি। কাব্যে রসাদির উপকারক পদসংঘটনাবিশেষ। কাব্যরীতি যথা-বৈদর্ভী, গৌড়ী, পাঞ্চালী, লাটিকা।
রীতিক, (রীতি=পিত্তল+কণ্—প্রং) সং, ক্লীং, কা—স্ত্রীং, পুষ্পাঞ্জন। ক্লীং, পিত্তল। [কারী।
রুক, বিং, ত্রিং, অতিশয় দাতা। বহুদান
রুক্, (রুচ্, রুচ্=দীপ্তি পাওয়া+ক্বিপ্—প্রং) সং, স্ত্রীং, লাবণ্য, কান্তি, শোভা। দীপ্তি, বাসনা, স্পৃহা, ইচ্ছা।
• (রুজ্, রুজ্=পীড়িত হওয়া+ক্বিপ্—প্রং) রোগ। আময়। গদ। পীড়া। ময়নাপাখীর কপচান। বিদ্যুৎ। ঋগ্‌বেদ।
রুক্‌প্রতিক্রিয়া, (রুজ্=রোগ—প্রতিক্রিয়া=প্রতীকার, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, চিকিৎসা। রোগের প্রতীকার।
রুক্ম, (রুচ্=দীপ্তি পাওয়া+মন্—প্রং) সং, ক্লীং, সুবর্ণ, কাঞ্চন। লৌহ। ধুস্তূর।
রুক্মকারক, (রুক্ম=স্বর্ণ—কারক=যে করে) সং, পুং, স্বর্ণকার।
রুক্মাঙ্গদ, সং, পুং, রাজাবিশেষ।
রুক্মিদর্প, রুক্মিদারী, রুক্মিভিদ্, (রুক্মিন্=নৃপবিশেষ—দর্প=অহঙ্কার, যিনি রুক্মিকে পরাজয় করিয়া অহঙ্কারী হইয়াছিলেন। রুক্মিদারিন্, রুক্মিন্—দারিন্=নাশকারী। রুক্মিন্=রুক্মিণীর জ্যেষ্ঠ ভ্রাতা—ভিদ্=ভেদকারী, [illegible]) সং, পুং, বলরাম।
রুক্মিন্, রুক্ম=স্বর্ণ+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, নৃপবিশেষ, বলরাম ইহাকে বধ করিয়াছিলেন। ণী—স্ত্রীং, কৃষ্ণের পট্ট মহিষী। ভীষ্মকদুহিতা। লক্ষ্মী কমলা। বিং, ত্রিং, যাহার স্বর্ণ আছে স্বর্ণস্বামী।
রুক্ষ, রূক্ষ (রুহ্=উৎপন্ন হওয়া+স—প্রং) বিং, ত্রিং, কঠিন। কর্কশ অচিক্কণ। খস খসে। উস্‌কো খুস্‌কো বন্ধুর। উগ্র, নিষ্ঠুর। তীব্র।
রুগ্ন, (রুজ্=পীড়িত হওয়া+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, পীড়িত। বক্র। ভগ্ন। আহত আঘাতজন্য কার্য্যাক্ষম।
রুচক, (রুচ্=দীপ্তি পাওয়া+ণুল্—প্রং সং, ক্লীং, অশ্বাভরণ। মাঙ্গল্যদ্রব্য। মাল্য। লবণ। গন্ধদ্রব্য। গোরোচনা। বলকারক ঔষধ। বিড়ঙ্গ। পুং, দন্ত। কপোত। কণ্ঠভূষণ। বিং, ত্রিং, তীব্র, তীক্ষ্ণ। উৎকট।
রুচা, (রুচক দেখ+ক্বিপ্+আপ্‌.প্রং) সং, স্ত্রীং, শোভা। কান্তি। ইচ্ছা।
রুচি, (রুচ+কি—প্রং) সং, স্ত্রীং, প্রীতি, অনুরাগ। শোভা। স্পৃহা, অভিলাষ দীপ্তি, কিরণ। আস্বাদ। ক্ষুধা।
রুচিত, (রুচক দেখ+ইত—প্রং) বিং, ত্রিং, সুস্বাদু, মিষ্ট। উজ্জ্বল। পরিপক্ক
রুচির, (রুচি+রা+ড—প্রং) বিং, ত্রিং মনোহর, সুন্দর। মিষ্ট, মধুর। উজ্জ্বল। রা—স্ত্রীং, গোরোচনা।
রুচিরাশ্ব, সং, পুং, নৃপতিবিশেষ।
রুচিষ্য, (রুচক দেখ+ইষ্য—প্রং) বিং, ত্রিং, মধুর। মিষ্ট। অভিপ্রেত।
রুচ্য, (রুচি+য্য=র্ম্ম) বিং, ত্রিং, রুচির, সুন্দর। সং, পুং, কান্ত, পতি।
রুজ্, রুজা (রুজ্+ক্বিপ্+আপ্—প্রং) সং, স্ত্রীং, আধি, ব্যাধি। পীড়া। ভঙ্গ। ক্ষতি, হানি।
রুটী, (রোটি বা রোটিকা শব্দহইতে) সং, স্বনামখ্যাত গোধূমচূর্ণনির্ম্মিত খাদ্য বিশেষ, সং, স্ত্রীং, যে গাভির দুগ্ধ দোহ

করিতে কিছুই কষ্ট হয় না।

রুণ্ড, (রুন্ট্=লুণ্ঠনকরা, চুরিকরা+অন্—প্রং, ট স্থানে ড) সং, পুং, কবন্ধ। মস্তকহীন কলেবর।

রুণ্ডিকা, (রুণ্ড+কণ্—প্রং) সং, স্ত্রীং, দ্বারের সম্মুখ। রণস্থল। বিভূতি। চৌকাট। কুট্টিনী। দৈবশক্তি।

রুত, রুৎ (রু=রবকরা, কাঁদা+ক্ত—ভা রু+ক্বিপ্) সং,ক্লীং,রোদন। পশু পক্ষির শব্দ। "আকর্ণ্য সম্প্রতিরুতং চরণাযুধানাং" সাং, দং। রব। শব্দ। বিং, ত্রিং, রোদনকারী।

রুদথ, (রুদ্=ক্রন্দন করা+অথ—প্রং) সং, পুং, কুকুর। ছাত্র, বিদ্যার্থী।

[illegible] ক্রন্দন করা+ক্ত=ভা) সং, রোদন, ক্রন্দন,। বিং, ত্রিং, রোদনকারী।

রুদ্ধ, (রুধ্=আবরণ করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রতিবদ্ধ, আচ্ছন্ন, আবৃত। অবরুদ্ধ। বেষ্টিত। বাধিত। বদ্ধ। নিবারিত। ব্যাপ্ত।

রুদ্র, (রুদ+রক্ প্রং) সং, পুং, শিব। একাদশবিধ গণদেতাবিশেষ। যথা অজ, একপাদ্, অহিব্রধ্ন, পিণাকী,অপরাজিত, ত্র্যম্বক, মহেশ্বর, বৃষাকপি, শম্ভু, হর, ঈশ্বর—"রুরোদ সম্বরং ঘোরং দেব দেবঃ স্বয়ং শিবঃ। রোদমানং তদা ব্রহ্মা মারোদীরিত্যভাষত॥ রোদনাদ্রুদ্র ইত্যেবং লোকে খ্যাতিং গমিষ্যতি"।

রুদ্রজ, (রুদ্র=শিব—জ=জাত) সং, পুং, পারদ, পারা। প্রসিদ্ধ আছে ইহা শিববীর্য্য হইতে জন্মিয়াছে। রুদ্রপত্নীং। সং, স্ত্রীং, তিশি, মসিনা।

রুদ্রপ্রিয়া, (রুদ্র=শিব ইত্যাদি—প্রিয়) সং, স্ত্রীং, পার্ব্বতী। হরীতকী।

রুদ্রসাবর্ণি, সং, পুং, দ্বাদশ মনু।

রুদ্রাক্রীড়, (রুদ্র=শিব-আক্রীড়=ক্রীড়াস্থান) সং, পুং, প্রেতভূমি, শ্মশান। সমাধি স্থান। সায়ংকালে শিব এই স্থানে নৃত্য এবং ক্রীড়া করেন, এইরূপ প্রসিদ্ধি আছে।

রুদ্রাক্ষ, (রুদ্র—অক্ষ=অক্ষিশব্দহইতে) সং, পুং, বৃক্ষবিশেষ। ক্লীং, রুদ্রাক্ষ বৃক্ষের ফল; এই ফলে জপমালা প্রস্তুত হয়। "ত্রিপুরস্য বধে কালে রুদ্রস্যাক্ষ্ণোঽপতংস্তু যে। অশ্রুণো বিন্দবস্তে তু রুদ্রাক্ষা অভবন্ ভুবি"।

রুদ্রাণী, (রুদ্র=শিব+ঈপ্—প্রং, আন্—আগম) সং, স্ত্রীং,। রুদ্রপত্নী, দুর্গা।

রুদ্রারি, (রুদ্র=শিব—অরি=শত্রু) সং, পুং, মদন, কামদেব।

রুদ্রাবাস, (রুদ্র=শিব—আবাস=বাসস্থান, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কাশী। বারাণসী, শ্মশান। কৈলাস।

রুধির, (রুধ্=আবরণ করা+কির—প্রং) সং, ক্লীং, রক্ত, শোণিত। কুঙ্কুম। পুং, রক্তবর্ণ। মঙ্গলগ্রহ। বিং, ত্রিং, রক্তবর্ণবিশিষ্ট।

রুমা, (রু=রবকরা+ম—প্রং, নিপাতন) সং, স্ত্রীং, সুগ্রীবের ভার্য্যা। রাজপূতানার অন্তর্গত সাম্বর প্রদেশের লবণের খনি। [গামছা।

রুমাল, (ম্লেচ্ছভাষা) সং, গাত্রমার্জ্জনী,

রুম্র, (রুম্=ক্রীড়া করা+রক্—প্রং। র=রু) সং, পুং, অরুণ, সূর্য্যসারথি।

রুরু, (রু=রবকরা+ক্রু—প্রং) সং, পুং, মৃগবিশেষ। মহাকৃষ্ণসার। দৈত্যবিশেষ।

রুরুদিষু, (রুদ্=ক্রন্দন করা+স—ইচ্ছার্থ, উ—প্রং) বিং, ত্রিং, রোদন করিতে অভিলাষী। [ত্রিং, শব্দায়মান, শব্দকারী।

রুবৎ, (রু=শব্দকরা+শতৃ—ক) বিং,

রুবথু, সং, পুং, শব্দকরা। কুক্কুট।

রুবু, রুবুক, রুবূক (রু=শব্দকরা+উ—প্রং, উ=উব। কণযোগে রুবুক। ১ম ও ২য় বর্ণের স্বর দীর্ঘ হয়, যথা—রূবুক, রুবূক) সং, পুং, ভেরেন্দা গাছ, এরণ্ড বৃক্ষ।

রুষ্,রুষা,(রুষ্=ক্রুদ্ধ হওয়া+ক্বিপ্, আপ্

—প্রং) সং, স্ত্রীং, রোষ, ক্রোধ। রাগ।
রুষিত, রুষ্ট (রুষ্+ক্ত—ক) বিং, ত্রিং, কুপিত। ক্রুদ্ধ। [রোষ।
রুষ্টি, (রুষ্+ক্তি—ভা) সং, স্ত্রীং,ক্রোধ,
রুহ, (রুহ্=উৎপন্ন হওয়া+ক—প্রং) বিং, ত্রিং, জাত। শব্দের পরে থাকিলে, তদুৎপন্ন,যথা—মহীরুহ,ভূরুহ, ইত্যাদি। আরূঢ়। হা—স্ত্রীং, দূর্ব্বা।
রুহক, (রুহ্=গমনকরা বা উপরে উঠা +ণ্বুল্—প্রং) সং, ক্লীং, গহ্বর, গর্ত্ত, ছিদ্র, ছেঁদা। বিবর। বিল।
রুহিরুহিকা, সং,স্ত্রীং,উৎকণ্ঠা ঔৎসুক্য।
রুহ্বা, (রুহ্বন্, রুহ্=উৎপন্ন হওয়া+বন্—প্রং) সং, পুং, মহীরুহ। পাদপ। বৃক্ষ। গাছ।
রূংষিত, (রূষ্=ভূষিত করা+ক্ত—র্ম্ম, ং—আগম) বিং, ত্রিং, রঞ্জিত, রংকরা। চর্চ্চিত। ছুরিত। মাখানা।
রূক্ষ, (রূক্ষ্=কর্কশ হওয়া+অন—প্রং) বিং, ত্রিং, কঠিন। কর্কশ। নির্দ্দয়। অচিক্কণ। কঠোর ব্রতধারী। বন্ধুর। অননুকূল। সং, পুং, বৃক্ষ। [গাছ।
রূক্ষপত্র, সং, পুং, শাখোটবৃক্ষ। শেওড়া
রূঢ়, (রুহ্=উৎপন্ন হওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, জাত। উৎপন্ন, খ্যাত। প্রসিদ্ধ। ব্যুৎপত্তি লভ্য অর্থের অর্থাৎ প্রকৃতি প্রত্যয়ের অর্থ অপেক্ষা না করিয়া প্রসিদ্ধ অন্যার্থ প্রকাশক শব্দ, যথা —গো বৃক্ষাদি। "মুখ্যো লাক্ষণিকো গৌণঃ শব্দঃস্যাদৌপচারিকঃ। যৌগিকো যোগরূঢ়ো বা রূঢ়ো বা মুখ্য এব সঃ"।
রূঢ়পদার্থ, যে সকল বস্তু অন্য পদার্থের পরমাণু যোগে উৎপন্ন না হয়, যথা—স্বর্ণ রৌপ্য গন্ধক প্রভৃতি।
রূঢ়মূল, বিং, ত্রিং, যাহার মূল বদ্ধ হইয়াছে। বদ্ধমূল।
রূঢ়ি, (রূঢ় দেখ+ক্তি—প্রং) সং, স্ত্রীং, প্রসিদ্ধি। উৎপত্তি। প্রকৃতি প্রত্যয়ের অর্থ অপেক্ষা না করিয়া শব্দের অর্থবোধনশক্তি।
রূপ, (রূপ্=রূপযুক্ত করা+অল্—প্রং সং,ক্লীং, স্বরূপ। যাথার্থ্য,স্বভাব। দেহ আকৃতি। প্রকার। সৌন্দর্য্য। বর্ণ, রঙ আবৃত্তি। বিভক্তিযুক্ত শব্দ বা ধাতু। প ঠাভ্যাস। নাম। পশু। শ্লোক। দৃশ্যকাব্য বিং, ত্রিং, (শব্দের পরে থাকিলে) সদৃশ, তুল্য। ক্লীং, একসংখ্যান্বিত
রূপক, (রূপ্+ণিচ্+ণক্—যোগ) সং ক্লীং, আকৃতি, গঠন। নাট্য গ্রন্থের অলঙ্কারবিশেষ,কাব্যের অলঙ্কারবিশেষ, উপমানের সহিত উপমেয়ের অভেদ-জ্ঞান ;—"রূপকং রূপিতারোপো বিষ নিরপহ্নবে"। "সৌন্দর্য্যস্য তরঙ্গিনী তর ণিমোৎকর্ষস্য হর্ষোদ্গমঃ কান্তেঃ কার্ম্ম কর্ম্মনর্ম্মরহসামুল্লাসনাবাসভূঃ। বিদ্যা বক্রগিরাং বিধেরনবধি প্রাবিণ্যসাক্ষাৎ-ক্রিয়া বালা পঞ্চশিলীমুখস্য ললনাচূড়া-মণিঃ সাপ্রিয়া"। সংখ্যাবিশেষ। রৌপ্য (রূপ্+কণ) বিং, ত্রিং, মূর্ত্ত।
রূপতত্ত্ব, সং,ক্লীং, স্বভাব। স্বাভাবিকধর্ম্ম
রূপনাশন, (রূপ=আকৃতি—নাশন=বিনাশন) সং, পুং, উলূক। পেচক পেঁচা। বিং, ত্রিং, সৌন্দর্য্যের নাশক।
রূপভাগ,—লঘুকরণ দেখ।
রূপরাশি,—যে রাশির ঠিক মূল বাহির হইতে পারে।
রূপবান্, (রূপবৎ, রূপ+বতুপ্=অস্ত্যর্থ, বিং, ত্রিং, সৌন্দর্য্যশালী, সুন্দর। আকারবিশিষ্ট,সাকার। শুক্লাদিবর্ণযুক্ত
রূপাজীবা, (রূপ=সৌন্দর্য্য—আজীব=জীবিকা, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, গণিকা, বেশ্যা।
রূপান্তর, (রূপ—অন্তর) সং, ক্লীং, ভিন্ন রূপ, বিভিন্ন আকার। অবস্থান্তর।
রূপাস্ত্র, (রূপ=সৌন্দর্য্য—অস্ত্র) সং, পুং কন্দর্প, মদন। কামদেব।
রূপী, (রূপিন্,রূপ+ইন্-অস্ত্যর্থ) বিং,ত্রি সাকার,রূপবিশিষ্ট,সৌন্দর্য্যশালী। সুশ্রী

রূপ্য, (রূপ+ষ্য—তাড়নঅর্থ। বিবিধ-রূপ প্রকাশ করিবার জন্য ইহা তাড়িত হয়) সং, ক্লীং, রজত, রৌপ্য, স্বর্ণ। অলঙ্কারাদি নির্ম্মাণার্থ আহত স্বর্ণ বা রৌপ্য। বিং, ত্রিং, সুন্দর।

রূপ্যাধ্যক্ষ, (রূপ্য=রৌপ্য—অধ্যক্ষ=তত্ত্বাবধায়ক) সং, পুং, টাকশালের অধ্যক্ষ।

রুবুক, (রুবু দেখ) সং, পুং, ভেরেন্দা-গাছ। এরণ্ডবৃক্ষ।

রূষিত, (রূষ্=ভূষিত করা ইত্যাদি+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ভূষিত। অচিকনীকৃত। বন্ধুরীকৃত। ছুরিত। ম্রক্ষিত। চূর্ণিত

রে, অং, নীচ সম্বোধন।

রেঁদা, (দেশি) সং, কাষ্ঠ পরিষ্কার করণার্থ ব্যবহৃত অস্ত্রবিশেষ।

রেক, (রেক্=শঙ্কাকরা+অল্—প্রং) সং, পুং,—স্ত্রীং, সন্দেহ, সংশয়। পুং, শঙ্কা। নীচ, ইতর। ভেক, ব্যাঙ্। (রিচ্+ঘঞ্-প্রং)বিরেচন, ভেদ। (দেশি) সং, তণ্ডুলাদি মাপিবার পাত্রবিশেষ।

রেখা, (লিখ্=লেখা+অল্ আপ্—প্রং, ল স্থানে র) সং, স্ত্রীং, বিস্তৃতি-হীন দৈর্ঘ্য। লম্বাকৃতি চিহ্ন—দাঁড়ী কসী, প্রভৃতি। "নিকষেহেমরেখেব" কালিদাস। শ্রেণী, রাজি, সারি। অল্পমাত্র। সন্তোষ। সম্পূর্ণতা। কপট,ছল।

রেখাগণিত,(ক্রি+ণক)ক্ষেত্রতত্ত্ব,জ্যামিতি

রেচক, (রিচ=নিঃসারণ করা+ক) বিং, ত্রিং, ভেদকারক। জোলাপ। পুং, প্রাণায়ামকালে অন্তর হইতে প্রাণ বায়ুর নিঃস্বারণ। যবক্ষার। জয়পালের গাছ। পিচকারী। [বিরেচন। ভেদ।

রেচন, (রিচ্+অনট্—ভা) সং, ক্লীং,

রেচিত, (রিচ্=বিযুক্ত করা+ক্ত—র্ম্ম) বিং,ত্রিং, ত্যক্ত, বিবর্জ্জিত। বিক্রীকৃত।

রেণু, (রি=বধ করা+নু—প্রং) সং, পুং,—স্ত্রীং, ধূলি, পাংশু "রেণুঃপ্রপেদে পথিপঙ্কভাবং" রঘুং। গুঁড়া। পরাগ।

রেণুকা, (রেণু+কৈ+ড+আপ—প্রং) সং, স্ত্রীং, পরশুরামের মাতা।

রেণুবাস, (রেণু=পুষ্পরেণু—বাস=বাসস্থান) সং, পুং, মধুমক্ষিকা। ভ্রমর। অলি। ষট্পদ। রোলম্ব।

রেণুরূষিত, (রেণু=ধূলি—রূষিত=অচিক্কণীকৃত) বিং, ত্রিং, ধূলিম্রক্ষিত, ধূলা-মাখা। সং,পুং,গর্দ্দভ।[সং,পুং,কর্পূর।

রেণুসার, (রেণু=ধূলি—সার=স্থায়াংশ)

রেতঃ, (রেতস্, রী=ক্ষরিতহওয়া+অস্—প্রং, ৎ—আগম) সং, ক্লীং, বীর্য্য। শুক্র। পারদ, পারা।

রেতজা, সং, ক্লীং, বালুকা, বালি।

রেতন, সং, ক্লীং, বীর্য্য। শুক্র। রেতঃ।

রেত্য, (রী=গমন করা+ণ্যৎ—প্রং, ৎ—আগম) সং, ক্লীং, পিত্তল, পিতল।

রেত্র, (রী=গমন করা+র—প্রং, ৎ—আগম) সং, ক্লীং, বীর্য্য, শুক্র, রেতঃ। পীযূষ, সুধা, অমৃত। পটবাস। পারদ।

রেপ, (রেপ+অল—প্রং) বিং, ত্রিং, নীচ। অপকৃষ্ট। নিন্দিত। অসভ্য। নির্দ্দয়। কৃপণ।

রেফ, (র+ইফ—প্রং) সং, পুং, র্ । (রিফ্=নিন্দাকরা+অন্—প্রং) বিং, ত্রিং, নীচ। ক্রূর। কৃপণ। কুৎসিত। নিন্দিত। অধম। ঘৃণ্য। পুং, স্নেহ। রাগ। সমাজ পরিত্যক্ত।

রেফাঃ, (রেফস্, রিফ্=নিন্দা করা+অস্—প্রং) বিং, ত্রিং, অধম। নীচ। কৃপণ। ক্রূর। দুষ্ট। দুঃস্থ। নিরবলম্ব।

রেভণ, (রেভ্=শব্দকরা+অনট্—ভা) সং, ক্লীং, গোধ্বনি। গোরুর শব্দ।

রেরিহাণ,সং,পুং, শিব। অসুর। রাক্ষস। চৌর। অধিনায়ক।

রেবট, (রেব্=গমন করা+অট—প্রং) সং, ক্লীং. দক্ষিণাবর্ত্ত শঙ্খ। পুং, শূকর। মোরঙ্গতৈল। কদলীবৃক্ষ। কদলী ফল। ধূলি। বাত্যা। ঐন্দ্রজালিক। সর্পক্রীড়ক, মাল। বাতুল। বিষবৈদ্য।

রেবত, সং, পুং, রেবতীর পিতা, বলরামের শ্বশুর।

রেবতি, সং, স্ত্রীং, রতি, কামপত্নী।

রেবতী, (রেবত+ষ্ণ+ঈপ—প্রং) সং, স্ত্রীং, বলরামের সহধর্ম্মিণী। নক্ষত্রবিশেষ দুর্গা। মাতৃকাবিশেষ। গাভি। নদীবিশেষ।

রেবতীভব, (রেবতী=নক্ষত্রবিশেষ—ভব=জাত) সং, পুং, শনিগ্রহ। শনৈশ্চর।

রেবতীরমণ, রেবতীশ, } (রেবতী—জায়া, ৬ষ্ঠী-ষ। রেবতী=বলরামপত্নী—রমণ=পতি। —ঈশ=প্রভু বা স্বামী) সং, পুং, বলরাম। রেবতীজানি।

রেবত, সং,পুং, বর্ত্তমান কল্পের পঞ্চম মনু। রৈবত মনু।

রেবা, (রেব্=গমনকরা+অন+আপ—প্রং) সং, স্ত্রীং, নর্ম্মদানদী। "রেবাং দ্রক্ষ্যস্যুপলবিষমে বিন্ধ্যপাদে বিশীর্ণাং" (মেঘদূত।) রতি, কামপত্নী। নীলগাছ।

রেষণ, (রেষ্=অশ্ব বা বৃকের শব্দ করা+অনট্—ভা) সং,ক্লীং, হ্রেষারব। গর্জ্জন, ব্যাঘ্র।

রেসম, (ম্লেচ্ছভাষা) সং, ঊর্ণা, পশম।

রৈ, (রা=দানকরা+ডৈ—প্রং) সং, পুং, ধন। স্বর্ণ। ধ্বনি।

রৈত্য, (রীতি=পিত্তল+ষ্ণ্য—প্রং) বিং, ত্রিং, পিত্তলনির্ম্মিত। রীতি হইতে উৎপন্ন।

রৈবত, (রেবতী+ষ্ণ—প্রং) সং, পুং, বিন্ধ্যের পশ্চিমভাগস্থ পর্ব্বতবিশেষ। বৃক্ষবিশেষ। দৈত্যবিশেষ। শিব। বর্ত্তমান কল্পের পঞ্চম মনু।

রোক, (রুচ=দীপ্তিপাওয়া+ঘঞ্—ভা) সং, পুং, প্রকাশ। নগদ ক্রয়। (রুচ+কণ্) ক্লীং, গহ্বর। বিল, গর্ত্ত, ছিদ্র। নৌকা। কম্প।

রোগ, (রুজ=রুগ্নহওয়া+ঘঞ্—ভা) সং, পুং আধি। ব্যাধি, পীড়া। অসুস্থতা। আর্ত্তি।

রোগঘ্ন, রোগহৃৎ, (রোগ—ঘ্ন=যে নাশ করে—হৃৎ=যে ত্যাগকরে—প্রং) বিং, ত্রিং, রোগনাশক। সং, ক্লীং, ঔষধ।

রোগভূ, (রোগ—ভূ=ভূমি) সং, স্ত্রীং, দেহ, শরীর। কায়।

রোগরাজ, (রোগ—রাজ=প্রধান) সং, পুং, ক্ষয়রোগ। রাজযক্ষ্মা।

রোগশান্তক, রোগহারী, } (রোগ—শান্তক=যে উপশম করে—হারিন্=যে হরণ করে) বিং, ত্রিং, রোগনাশক, চিকিৎসক, বৈদ্য। ঔষধ।

রোগহা, (রোগহন্, রোগ—হন্=যে নাশ করে) সং পুং, চিকিৎসক। বৈদ্য। বিং, ত্রিং, রোগনাশক।

রোগী, (রোগিন্, রোগ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ব্যাধিত। রুগ্ন, পীড়িত, অসুস্থ।

রোগ্য, (রুজ্+ঘ্যণ্—প্রং) বিং, ত্রিং, রোগসম্বন্ধীয়। কুপথ্য, অহিত।

রোচক, (রুচ্=রোচক হওয়া+ণিচ্+ণক—ক) বিং, ত্রিং, রুচিকারক, বলকারক। দীপ্তিপ্রদ। সং, পুং, ক্ষুধা। কদলী। পলাণ্ডুবিশেষ।

রোচন, (রোচি=দীপ্তি পাওয়া, রোচক হওয়া+অনট্—প্রং) বিং, ত্রিং, রোচক রুচিকারক। দীপ্তিপ্রদ। বলকারক। পুং, কার্পাস বৃক্ষবিশেষ। পলাণ্ডু। বৃক্ষবিশেষ। দাড়িম্ব। কলম্বলেবু। বায়ুরেচক ঔষধ।

রোচনা, (রুচ্=দীপ্তি পাওয়া+অন—আপ) সং, স্ত্রীং, গোরোচনা। বর্ণ দ্রব্যবিশেষ। পদ্মদ্রব্য। রক্তকহ্লার। উত্তমা স্ত্রী।

রোচমান, (রুচ্=দীপ্তিপাওয়া+শান—ক, ম—আগম) সং, পুং, অশ্বের কণ্ঠস্থলস্থ আবর্ত্তবিশেষ। বিং, ত্রিং, দীপ্যমান।

রোচিঃ, (রোচিস্, রুচ্=দীপ্তিপাওয়া+ইস্—প্রং) সং, ক্লীং, কান্তি, দীপ্তি, ছবি

রোচিষ্ণু, রোচী, (রোচিন্, রুচ+ইষ্ণু, ইন্—ক, শীলার্থ) বিং, ত্রিং, ভূষাদি দ্বারা দীপ্তিশীল, কান্তিযুক্ত, শোভিত।
রোচ্য, (রুচ+ঘ্যণ—র্ম্ম) বিং, ত্রিং, প্রীতিকর বিষয়। রুচিকর। দীপ্তিযোগ্য।
রোজ, (ম্লেচ্ছভাষা) সং, দিবস, তারিখ।
রোটি, রোটিকা, (রুট্=দীপ্তিপাওয়া+ই—প্রং, পক্ষে কণ্—যোগ) সং, স্ত্রীং, গোধূমচূর্ণ দ্বারা প্রস্তুত পিষ্টকবিশেষ, রুটী। "শুষ্ক গোধূমচূর্ণেন কিঞ্চিৎ পুষ্টাঞ্চ পোলিকাম্। তপ্তকে স্বেদয়েৎ কৃত্বা ভূয়োঽঙ্গারেঽপিতাং পচেৎ। সিদ্ধৈষা রোটিকা প্রোক্তা"। [ক্রন্দন।
রোদ, (রুদ্+ঘঞ্) সং, পুং, রোদন,
রোদঃ, (রোদস্, রুদ্=রোদন করা+অস্—প্রং) সং, ক্লীং, স্বর্গ। পৃথিবী।
রোদন, (রুদ্=রোদনকরা+অনট্—ভা) সং, ক্লীং, ক্রন্দন। মৃতব্যক্তিকে উদ্দেশ করিয়া ক্রন্দন করিতে শাস্ত্রে নিষেধ আছে, যথা—"শ্লেষ্মাশ্রু বান্ধবৈর্মুক্তং প্রেতো ভুঙ্‌ক্তে যতোঽবশঃ। অতো ন রোদিতব্যং হি ক্রিয়া কার্য্যা বিধানতঃ"
রোদসী, (রুদ্+অস্+ঈপ্—প্রং) সং, স্ত্রীং, পৃথিবী। স্বর্গ। দ্বিং, স্বর্গ ও পৃথিবী উভয়। "রবঃ শ্রবণভৈরবঃ স্থগিতরোদসীকন্দর"। (ভট্টনারায়ণ।)
রোদ্ধা, (দ্ধৃন্, রুধ্+তৃণ) সং, ত্রিং, রোধকর্ত্তা।
রোধ, (রুধ্=আবরণকরা+ঘঞ্—প্রং) সং, পুং, কূল, তীর। তট। বপ্র। বাধা, অবরোধ।
রোধঃ, (রোধস্, রুধ=আবরণকরা+অস্—প্রং) সং, ক্লীং, তীর, কূল, "তথাপি মুগ্ধস্মরতব্যাপারলীলাবিধৌ রেবারোধসি বেতসীতরুতলে চেতঃ সমুৎকণ্ঠতে" উং। রোধ।
রোধক, (রুধ+ণক—ক) বিং, ত্রিং, নিবারণকর্ত্তা।
রোধন, (রুধ+অনট্—ভা) সং, ক্লীং, অবরোধ, বাধা, আটক। (রুধ্+অন) বিং, ত্রিং, রোধকর্ত্তা।
রোধবক্রা, রোধোবক্রা, রোধবতী, } (রোধ, রোধস্=তীর+বক্র = নদীর বাঁক। বোধ=তীর+বতু—অ, স্বার্থ) সং, স্ত্রীং, তটিনী, নদী। শ্রোতস্বতী। [ত্রিং, রোদ্ধা। রোধকর্ত্তা।
রোধী, (রোধিন্, রুধ+ণিন্—ক) বিং,
রোধ্র, (রুধ্+র—প্রং) সং, ক্লীং, অপরাধ। আগঃ। পাপ। পুং, লোধ্রবৃক্ষ।
রোপ, (রুপ্=মূর্চ্ছাপন্ন হওয়া+ণিচ্+অল্—প্রং) সং, পুং, শর, বাণ। শিলীমুখ। রোপণ। ক্লীং, ছিদ্র, গর্ত্ত।
রোপণ, (রুহ+ণিচ্+অনট্—ভা) সং, ক্লীং, বীজাদিবপন, বুনন। উৎপাদন। জনন। স্থাপন, অর্পণ। (রুপ=মুগ্ধহওয়া+অনট্—প্রং) মুগ্ধকরণ। বিমোহন।
রোপিত, (রুহ+ণিচ্+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অর্পিত। দত্ত। প্রোত, নিহিত। উপ্ত, বপনকরা। প্রোথিত, পোঁতা। মোহিত।
রোম, (রোমন্, রু=শব্দকরা+মন্—প্রং) সং, ক্লীং, লোম, রোঁয়া। তনুরুহ। জল।
রোমক, (রোমন্+কৈ+ড) সং, ক্লীং, রুমনগর, কনস্টান্টিনোপল্। পাংশুলবণ, পাঙ্গালুণ। অয়স্কান্ত মণিবিশেষ। পুং, বহু; রুমনগরবাসী। [দেশ।
রোমকপত্তন, সং, ক্লীং, রুমরাজ্য, রুম-
রোমকূপ, (রোমন্=লোম—কূপ=গর্ত্ত, বিবর) সং, পুং, রোমবিবর।
রোমকেশর, রোমগুচ্ছ, } (রোমন্ = লোম—কেশর=তন্তু-সদৃশ পদার্থ। —গুচ্ছ=গোছা) সং, ক্লীং, চামর। বালব্যজন।
রোমজ, (রোমন্=লোম—জ=উৎপন্ন) বিং, ত্রিং, রোমদ্বারা প্রস্তুত। পশমি।
রোমন্থ, (রোগ—মন্থ=বধকরা+অন্—প্রং, নিপাতন) সং, পুং, উদ্গীরণ ক-

রিয়া চর্ব্বণ। চর্ব্বিত চর্ব্বণ। জাওর কাটা

রোমন্থক, রোমন্থিক, (রোমন্থ+ক, ইক —প্রং) সং, পুং, যে সকল পশু ভুক্ত বস্তু উদ্গীরণ করিয়া তাহা পুনর্ব্বার চর্ব্বণ করে ; যথা—উষ্ট্র, গো, হরিণ, মেষ, ছাগ, মহিষ ইত্যাদি।

রোমভূমি, সং, স্ত্রীং, চর্ম্ম।

রোমরাজি, রোমলতা, } (রোমন্—রাজি=রেখা, শ্রেণী। রোমন্—লতা =লতাসদৃশ বিস্তৃত রেখা) সং, স্ত্রীং, রোমাবলী।

রোমবান্, (রোমবৎ, রোমন্=লোম+বতু—অস্ত্যর্থ) বিং, ত্রিং, লোমযুক্ত। রোমবিশিষ্ট।

রোমবিকার—পুং, রোমবিক্রিয়া-স্ত্রীং, } (রোমন্—বিকার, বিক্রিয়া=বিকৃতি) সং, রোমাঞ্চ। রোমোদ্গম। রোমভঙ্গ।

রোমবিধ্বংস, সং, পুং, গাত্র উকুণবিশেষ

রোমশ, (রোমন্=লোম+শ—অস্ত্যর্থ) বিং, ত্রিং, অধিক রোমযুক্ত। সং, পুং, শূকর। মেষ।

রোমহর্ষ—পুং, রোমহর্ষণ—ক্লীং, রোমাঞ্চ, রোমোদ্গম, রোমোদ্ভেদ-পুং, } (রোমন্=লোম—হর্ষ, হর্ষণ, ৬ষ্ঠী—ষ। রোমন্—অনচ্=গমনকরা+অল্—ভা রোমন্—উদ্গম, উদ্ভেদ=উর্দ্ধগতি, ৬ষ্ঠী—ষ) সং, লোমস্ফুরণ। গায়ে কাঁটা দেওয়া।

রোমহর্ষণ, (রোম—হর্ষণ) সং, পুং, সূত, মুনিবিশেষ। "অস্ত তে সর্ব্বরোমাণি বচসা হৃষিতানি যৎ। দ্বৈপায়নস্য ভগবং ততো বৈ রোমহর্ষণঃ। ভবস্তমেব ভগবান্ ব্যাজহার স্বয়ং প্রভুঃ"।

রোমাঞ্চিত, (রোমাঞ্চ+ইত—জাতার্থ) বিং, ত্রিং, পুলকিত, রোমাঞ্চযুক্ত।

রোমাবলী, রোমালী (রোমন—আবলী, আলী=শ্রেণী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, নাভির উর্দ্ধভাগে উদরমধ্যস্থ রোমশ্রেণী।

রোমীয়সম্প্রদায়, গুরু পোপের মতানুযায়ী খৃষ্টধর্ম্মাবলম্বী কাথলিক সম্প্রদায়।

রোরুদা, (রুদ্+যঙ্=পুনঃপুনঃ রোদন করা+অ—আপ্ প্রং) সং, স্ত্রীং, অতিশয় রোদন।

রোরুদ্যমান, (রোরুদা দেখ+শান—ক) বিং, ত্রিং, অতিশয় রোদনশীল।

রোল, সং, পুং, ফলবিশেষ। আদ্রক।

রোলম্ব, (রোড়্=উন্মত্ত হওয়া+অম্ব—প্রং, ড=ল। অথবা রো=শব্দকারী—লম্ব=গমন করা+অচ্—প্রং) সং, পুং, ভ্রমর,যে শব্দ করিতে করিতে গমন করে। শুষ্কভূমি, টানজমি। বিং, ত্রিং, অবিশ্বাসী, যে বিশ্বাস করে না।

রোমংসা, সং, স্ত্রীং, ইচ্ছা, বাসনা।

রোষ, (রুষ্=ক্রোধকরা+ঘঞ্—ভা) সং, পুং, ক্রোধ, রাগ। "স পূর্ব্বজানাং কপিলেন রোষাৎ" রং।

রোষণ, (রুষ+অন—ক) বিং, ত্রিং, ক্রোধশীল, রাগী, ক্রোধন। সং, পুং, পারদ। কষণপ্রস্তর। স্পর্শমণি। চুম্বকপাথর। কষ্টিপাথর। উষর ভূমি।

রোষিত, (রুষ্+ণিচ্+ক্ত—সংজাতার্থে) বিং, ত্রিং, ক্রোধিত, কোপিত, রাগান।

রোহ, (রুহ্=উৎপন্ন হওয়া ইত্যাদি+অল্—প্রং) সং, পুং, প্ররোহ, অঙ্কুর। আরোহণ। বিং, ত্রিং, আরোহী।

রোহক, (রুহ্=উঠা+ণক—ক) বিং, ত্রিং, আরোহণকর্ত্তা। সং, পুং, প্রেতবিশেষ।

রোহণ, (রুহ্=উৎপন্ন হওয়া ইত্যাদি+অনট্—ভা) সং, ক্লীং, আরোহণ। উৎপত্তি, উদ্ভব। জন্ম, প্রাদুর্ভাব। শুক্র, রেতঃ। পুং, বিদূর পর্ব্বত।

রোহন্ত, (রোহণ দেখ,+অন্ত—প্রং) সং, পুং, বৃক্ষ। স্ত্রী—স্ত্রীং, লতা।

রোহিণ, রৌহিণ (রোহিণী+ষ্ণ—দেবতার্থে) সং, পুং, ন্যগ্রোধ, বটবৃক্ষ। (রুহ+ইন+ষ্ণ) ক্লীং, দিবসের নবম মুহূর্ত্ত।

রোহিণিকা, } (রোহিত=রক্তবর্ণ+
রোহিতিকা, } কণ—যোগ। রোহিত শব্দের স্ত্রীলিঙ্গে রোহিণী হয়) সং, স্ত্রীং, ক্রোধাদি হেতুক যে স্ত্রীর শরীর লোহিত বর্ণ হয়।

রোহিণী, (রুহ্=উৎপন্ন হওয়া+ইন+, ঈপ্—প্রং,) সং, স্ত্রীং, নক্ষত্রবিশেষ। চন্দ্রের পত্নী, দক্ষ প্রজাপতির এক কন্যা। বলরামের মাতা। বিদ্যাধরীবিশেষ। নববর্ষবয়স্কা কন্যা। গাভি। বিদ্যুৎ।

রোহিণীপতি, } (রোহিণী—পতি=
রোহিণীবল্লভ, } স্বামী। রোহিণী—বল্লভ=প্রিয়) সং, পুং, চন্দ্র। বসুদেব।

রোহিত, (রুহ+ইত—প্রং) সং, পুং, রুইমাছ। হরিণবিশেষ। রক্তবর্ণ। পদ্মরাগমণি। ক্লীং, কুঙ্কুম। ইন্দ্রধনুঃ। শোণিত। বিং, ত্রিং, রক্তবর্ণবিশিষ্ট।

রোহিতাশ্ব, (রোহিত=রক্তবর্ণ—অশ্ব, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অগ্নি। হরিশ্চন্দ্র পুত্র।

রোহিৎ, (রুহ্=গমনকরা বা উৎপন্ন হওয়া+ইৎ—প্রং) সং, পুং, সূর্য্য। বর্ণবিশেষ। স্ত্রীং, মৃগীবিশেষ।

রোহী, (রোহিন্, রুহ্=উৎপন্ন হওয়া ইত্যাদি+ণিন্—ক) বিং, ত্রিং, উৎপত্তিশীল। আরোহী।

রৌক্ম, (রুক্ম=স্বর্ণ+ষ্ণ—ইদমর্থ) বিং, ত্রিং, সুবর্ণময়। স্বর্ণনির্ম্মিত।

রৌক্ষ্য, (রুক্ষ+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, কার্কশ্য, রুক্ষতা, কাঠিন্য।

রৌচ্য, সং, পুং, বিল্বদণ্ডধারী যতিবিশেষ।

রৌদ্র, (রুদ্র=শিব ইত্যাদি+ষ্ণ—প্রং) সং, পুং,—ক্লীং, ক্রোধ। শৃঙ্গাদির নব রসের মধ্যে এক রস, ক্রোধ এই রসে স্থায়ীভাব, শত্রু আলম্বন বিভাব, শত্রুর চেষ্টা, এবং প্রহারাদি উদ্দীপন বিভাব সূর্য্যরশ্মি। পুং, ক্রোধ। সূর্য্যতেজঃ। আতপ, উত্তাপ। যম। হেমন্ত ঋতু। বিং, ত্রিং, প্রচণ্ড, উগ্র। ভয়ানক। রুদ্র সম্বন্ধীয়। দ্রী—স্ত্রীং, চণ্ডী, দুর্গা।

রৌপ্য, (রূপ্য+ষ্ণ—স্বার্থে) সং, ক্লীং, রূপা, রজত। [শম্বরলবণ।

রৌম, সং, ক্লীং, খনিজলবণ বিশেষ।

রৌরব, (রুদ্=রোদনকরা, নিপাতন বা রোরু+ষ্ণ—প্রং) সং, পুং, নরকবিশেষ বিং, ত্রিং, ভয়ঙ্কর। চঞ্চল। ধূর্ত্ত। (রুরু +ষ্ণ) রুরুসম্বন্ধীয়।

রৌহিণ, (রোহিণী+ষ্ণ, রুহ্+ইন্+ষ্ণ) সং, পুং, চন্দনবৃক্ষ। ক্লীং, দিবসের নবম মুহূর্ত্ত।

রৌহিণেয়, (রোহিণী+এয়—অপত্যার্থ) সং, পুং, রোহিণীনন্দন, বলরাম। বুধগ্রহ। ক্লীং, মরকতমণি। পুং—স্ত্রীং, গোবৎস।

রৌহিষ, (রুহ্=উৎপন্ন হওয়া+ইষ—প্রং। উ=ঔ) সং, পুং, রুইমাছ। মৃগবিশেষ। তৃণবিশেষ।

ল

ল, ব্যঞ্জনের অষ্টাবিংশ বর্ণ। (লা=দান করা+ড—প্রং) সং, পুং, শক্র, ইন্দ্র, দেবরাজ। ক্লীং, পৃথ্বীবীজ। লা—স্ত্রীং, দান। গ্রহণ। লী—স্ত্রীং, আশ্লেষ।

লওন, (নয়ন শব্দহইতে) সং, লওয়া গ্রহণ, ধারণ।

লকচ, লকুচ (লক্=আস্বাদন করা+অচ, উচ—প্রং) সং, পুং, বৃক্ষবিশেষ, মাদার গাছ।

লক্তক, (লক্, আস্বাদনকরা+ক্ত—র্ম= কণ—স্বার্থে) সং, পুং, জীর্ণ বস্ত্রখণ্ড। নেকড়া। অলক্তক। আল্‌তা।

লক্ষ, (লক্ষ্=দর্শনকরা, চিহ্নকরা+অল্—প্রং) সং, ক্লীং, ক্ষা—স্ত্রীং, শতসহস্র সংখ্যা। ক্লীং, প্রবঞ্চনা, চাতুরী। লক্ষ্য, শরব্য,। দৃষ্টি।

লক্ষক, (লক্ষ+ণিচ্+ণক—প্রং) বিং, ত্রিং, লক্ষণা দ্বারা অর্থবোধক।

লক্ষণ, (লক্ষ+অনট্—প্রং) সং, পুং, রামের ভ্রাতা, লক্ষ্মণ। সারসপক্ষী। ক্লীং, স্বরূপ। চিহ্ন। নাম। দর্শন। ব্যাকরণ সূত্র। নিয়ম। বিং,ত্রিং, শ্রীমান্।

লক্ষণা, (লক্ষ+অনট্—আপ্) সং, স্ত্রীং, সারসী। হংসী। শক্যসম্বন্ধ, অধ্যাহার। শব্দের শক্তিবিশেষ, রূঢ়ি বা যৌগিক শক্তি দ্বারা প্রকৃত অর্থের বোধ হইলে পর যে শক্তি দ্বারা প্রয়োজন বা বহু প্রযোগবশতঃ প্রকৃত অর্থসম্বন্ধীয় অন্য অর্থের বোধ হয়, যথা—"গঙ্গায় গোপগণ বাস করিয়া আছে"। এস্থলে গঙ্গা শব্দের খাতাবচ্ছিন্ন জল রূপ প্রকৃত অর্থ না বুঝাইয়া গঙ্গার বা গঙ্গাসম্বন্ধীয়, তীর অর্থ বুঝাইতেছে। হংসী। সারসী। "লক্ষণা শক্যসম্বন্ধস্তাৎপর্য্যানুপপত্তিতঃ। গঙ্গায়াং ঘোষ ইত্যাদৌ গঙ্গাপদস্য শক্যার্থে প্রবাহরূপে ঘোষস্যান্বয়ানুপপত্তিস্তাৎপর্য্যানুপপত্তি র্বা যত্র প্রতিসম্বন্ধীয়তে তত্র লক্ষণয়া তীরস্য বোধঃ"।

লক্ষণীয়, (লক্ষ্+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, দর্শনীয়। অনুভবযোগ্য, অনুভবনীয়।

লক্ষিত, (লক্ষ্+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, দৃষ্ট। জ্ঞাত। উদ্দিষ্ট। লক্ষণাবৃত্তি দ্বারা জ্ঞাত অনুভূত। অনুমিত। লক্ষ্যীকৃত, বেধনার্থ চিহ্ন। [সং, ক্লীং, চিহ্ন। প্রধান।

লক্ষ্ম, (লক্ষ্মন্, লক্ষ্=চিহ্নকরা+মন্—প্রং)

লক্ষ্মণ, (লক্ষন্+ষ্ণ) সং, পুং, রামের ভ্রাতা, সুমিত্রার পুত্র। সারসপক্ষী। ক্লীং, চিহ্ন। স্বরূপ। নাম। বিং, ত্রিং, সৌভাগ্যশালী। ণা—স্ত্রীং. সারসী,হংসী দুর্য্যোধনের কন্যা,কৃষ্ণপুত্র শাম্বের ভার্য্যা

লক্ষ্মণপ্রসূ, (লক্ষ্মণ—প্রসূ=জননী) সং, স্ত্রীং, লক্ষ্মণের মাতা, সুমিত্রা। ঔষধ বিশেষ।

লক্ষ্মী, (লক্ষ=দর্শনকরা ইত্যাদি+মী—প্রং) সং, স্ত্রীং, কমলা, পদ্মা। রামজায়া সীতা। রোগঘ্নমূলবিশেষ। প্রিয়ঙ্গুবৃক্ষ। বীরপত্নী। হরিদ্রা। বিষ্ণুরপত্নী। রাজশ্রী সম্পত্তি। শ্রী, শোভা। সৌন্দর্য্য। মুক্তা।

লক্ষ্মীকান্ত, (লক্ষ্মী—কান্ত=স্বামী) সং, পুং, বিষ্ণু। নারায়ণ, রাজা।

লক্ষ্মীগৃহ, সং, ক্লীং, রক্তোৎপল।

লক্ষ্মীপতি, (লক্ষ্মী—পতি=প্রভু, স্বামী, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বিষ্ণু। নরপতি। লবঙ্গলতা। গুবাকবৃক্ষ।

লক্ষ্মীপুত্র, (লক্ষ্মী=দেবীবিশেষ বা সীতা—পুত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কামদেব। রাম বা সীতারপুত্র—কুশ ও লব। অশ্ব

লক্ষ্মীপুষ্প, (লক্ষ্মী—পুষ্প) সং, পুং, পদ্মরাগমণি।

লক্ষ্মীবান্, (লক্ষ্মীবৎ, লক্ষ্মী+বতু—অস্ত্যর্থে) বিং, ত্রিং, শ্রীমান। সম্পত্তিশালী। সৌভাগ্যশালী।

লক্ষ্মীশ, (লক্ষ্মী—ঈশ=প্রভু, পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, রমাপতি, বিষ্ণু। আম্রবৃক্ষ,সহকার। সৌভাগ্যশালী ব্যক্তি।

লক্ষ্মীসমাহ্বয়া, সং, স্ত্রীং, জানকী, সীতা

লক্ষ্মীসহজ, (লক্ষ্মী—সহ=সহিত—জ=জাত) সং, পুং, চন্দ্র। দেবতা ও অসুর কর্তৃক সমুদ্র মথিত হইবার সময়, সমুদ্র হইতে লক্ষ্মীর সহিত চন্দ্র উত্থিত হইয়াছিলেন।

লক্ষ্য, (লক্ষ+ঘ্যণ—প্রং) সং, ক্লীং, শরব্য, বেধ্য, বেধনার্থ লক্ষিত। চিহ্ন। চাতুরী। শতসহস্র সংখ্যা। বিং, ত্রিং, দ্রষ্টব্য, দর্শনযোগ্য। উদ্দেশ্য। লক্ষণাশক্তি দ্বারা বোধ্য। জ্ঞেয়। অনুমেয়।

লগড়, বিং, ত্রিং, মনোহর, সুন্দর। মনোজ্ঞ।

লগিত, (লগ=লাগিয়া যাওয়া+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যুক্ত। সংলগ্ন, লাগা।

লগুড়, লগুর, (লগ+উল—প্রং, ল—ড) সং, পুং, যষ্টি, লাঠি, ঠেঙ্গা। গদা। লৌহ মুদ্গর।

লগ্ন, (লসজ্, লজ্জিত হওয়া+ক্ত—প্রং) বিং, ত্রিং, যুক্ত। আসক্ত, সংলগ্ন, ল

জ্জিত। সং, ক্লীং, মেষাদি রাশির উদয়কাল। সূর্য্যের রাশি সংক্রমণ মুহূর্ত্ত। পুং, স্তুতিপাঠক। [প্রতিভূ, জামিন।
লগ্নক, (লগ্ন+কণ — যোগ) সং, পুং,
লগ্নিকা, (লগ্ন+কণ—প্রং, নিপাতন) সং, স্ত্রীং, অপ্রাপ্তবয়স্ক, নগ্নিকা। দশবর্ষদেশীয়া। কন্যকা।
লঘট, (লনঘ=গমন করা+অট—প্রং। ন—লোপ) সং, পুং, বায়ু, অনিল।
লঘিমা, (লঘিমন্, লঘু=হালকা+ইমন্—ভাবে) সং, পুং, ভারহীনতা। লঘুত্ব অগৌরব। সার হীনতা। ঐশ্বর্য্যবিশেষ, স্বীয় শরীরকে লঘু করিবার ক্ষমতা।
লঘিষ্ঠ, লঘীয়ান, (লঘু=হালকা+ইষ্ঠ—অত্যর্থে। লঘীয়স্, লঘু=হাল্কা—ঈয়স্—অত্যর্থে) বিং, ত্রিং, অতি লঘু।
লঘু, (লনঘ=উপবাস করা, শুষ্ক হওয়া+কু—প্রং) বিং, ত্রিং, ভারহীন, অসার। হাল্কা। নিস্তেজঃ। নিষ্পৌরুষ। অল্প। শুস্ক। বিশুদ্ধ। পরিষ্কৃত। শীঘ্র। ক্ষুদ্র। হ্রস্ব। সঙ্ক্ষিপ্ত। "শ্রুত্বা রামঃ প্রিয়োদন্তং মেনে তৎসঙ্গমোৎসুকঃ। মহার্ণবপরিক্ষেপং লঙ্কায়াঃ পরিখালঘুম্" রঘুবংশ। সুন্দর, মনোজ্ঞ। ইষ্ট, বাঞ্ছিত। সূক্ষ্ম। সং, পুং, কৃষ্ণ অগুরু। পুষ্যাদি নক্ষত্র। ব্যাকরণে—হ্রস্ববর্ণ।
লঘুকায়, (লঘু=ক্ষুদ্র—কায়=দেহ) সং, পুং, অজ, ছাগল। বিং, ত্রিং, ক্ষুদ্রদেহ।
লঘুতা—স্ত্রীং, } (লঘু+তা, ত্ব—ভাবে)
লঘুত্ব—ক্লীং, } সং, ক্লীং, ভারহীনতা, লাঘব।
লঘুলয়, (লঘু=হালকা—লয় = সংশ্লেষ, অথবা লঘু ও লয় ধাতুর একার্থ) সং, ক্লীং, উষীর, বেণার মূল, খশখশিয়া।
লঘুহস্ত, (লঘু=শীঘ্র—হস্ত=হাত, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, ক্ষিপ্রহস্ত, শীঘ্রকারী। পটু। দক্ষ। শীঘ্রবাণত্যাগ।
লঘূকরণ, যে উপায়ে নিম্ন শ্রেণীস্থ রাশিকে উচ্চশ্রেণীতে ও উচ্চ শ্রেণীস্থ রাশিকে নিম্ন শ্রেণীতে পরিবর্ত্তন করা যায়। হ্রাসকরণ, কমান।
লঘূকৃত, (লঘু—কৃত=করা হইয়াছে, ঈ—আগম) বিং, ত্রিং, যাহা লঘু করা গিয়াছে। যাহা কমান গিয়াছে।
লঘ্বী, (লঘু+ঈ—প্রং) সং, স্ত্রীং, লাঘবযুক্তা। অতি কোমল প্রকৃতি কৃশাঙ্গী কামিনী। রথবিশেষ। স্ত্রীবাহন শকটবিশেষ।
লঙ্কা, (লক্—পাওয়া+অল—ধি, আ) সং, স্ত্রীং, রাবণের পুরী। সিংহলদ্বীপ। কুলটা। শাখা। শাকিনী, স্ত্রীভূত।
লঙ্কাদাহী, (লঙ্কাদাহিন্, লঙ্কা=নগরীবিশেষ—দাহিন্=যে দগ্ধ করে) সং, পুং, লঙ্কাদাহকারী, হনুমান। জ্বলন্ত লেজ দ্বারা যে এই নগরী দগ্ধ করে।
লঙ্কাধিপতি, } (লঙ্কা—অধিপতি, পতি
লঙ্কাপতি, } প্রভু, শাসনকর্ত্তা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, রাবণ, দশানন। [রাবণ।
লঙ্কেশ, (লঙ্কা—ঈশ, ৬ষ্ঠী—ষ) সং, পুং,
লঙ্গ, (লনগ=লাগিয়া যাওয়া+অচ্-প্রং) সং, পুং, সঙ্গ, মিলন। উপপতি। খঞ্জতা।
লঙ্গুল, (লন্‌গ=গমনকরা+উল—প্রং) সং, ক্লীং, লাঙ্গূল, লেজ।
লঙ্ঘন, (লন্‌ঘ=উপবাসকরা, গমন করা+অনট—ভা) সং, ক্লীং, উপবাস। অতিক্রম। অতিবাহন, যাপন। অভিঘাত। আক্রমণ। লাফান, ডিঙ্গান।
লজ্জমান, (লস্‌জ+শান—ক) বিং, ত্রিং, লজ্জাশীল। লাজুক।
লজ্জা, (লস্‌জ=লজ্জিত হওয়া+অ+আপ—ভা) সং, স্ত্রীং, ব্রীড়া, অন্তঃকরণের বৃত্তিবিশেষ। লাজ। ত্রপা।
লজ্জালু, (লস্‌জ+আলু—অস্ত্যর্থে) বিং, ত্রিং, লজ্জাশীল। সং, স্ত্রীং, লতাবিশেষ
লজ্জাবান্, (লজ্জাবৎ, লজ্জা+বতু—অস্ত্যর্থে) বিং, ত্রিং, লজ্জাশীল, লজ্জাযুক্ত
লজ্জিত, (লজ্জা দেখ, ক্ত—ক) বিং, ত্রিং, লজ্জাশীল, লজ্জাযুক্ত।

লজ্জ্যা, (লজ্জা দেখ+যৎ-প্রং) সং, স্ত্রীং, লজ্জা, ত্রপা। ব্রীড়া।

লঞ্জ, (লনজ=বলিষ্ঠ হওয়া+অচ্—প্রং) সং,পুং, চরণ,পাদ। কচ্ছ, কাছা। পুচ্ছ, লেজ। অনিদ্রা। লাম্পট্য। লক্ষ্মী। স্রোত।

লঞ্জিকা, (লনজ=ভৎর্সনা করা+ণ্বুল্—প্রং) সং, স্ত্রীং, বেশ্যা। গণিকা।

লট, (লৈট=চপলাদি বালভাব প্রকাশ করা, বলা+অচ—প্রং) সং, পুং, প্রমাদবাচী, অনবহিত। পাগল। নির্ব্বোধ। দোষ। চৌর।

লটক, লট্ট, লড্ড, (লট দেখ+ণক—প্রং) সং, পুং, দুর্জ্জন, অসাধু ব্যক্তি। ঘৃণিত ব্যক্তি।

লট্ব, (লট=চপলাদি বালভাব প্রকাশ-করা+ব—প্রং) সং, পুং, বর্ণসঙ্করজাতিবিশেষ। অশ্ব। রাগবিশেষ। ট্বা—স্ত্রীং, নাটকরঞ্চা। গ্রাম্যচটকপক্ষী। দুশ্চরিত্রা স্ত্রী। চূর্ণকুন্তল। কুসুমফুল। মিষ্টখাদ্যদ্রব্য বিশেষ।

লড়ন, (স্পন্দনার্থ লড় ধাতু হইতে) সং, ক্লীং, স্পন্দন, দোলন। কম্পন। চালন।

লড়হ, বিং, ত্রিং, সুন্দর, মনোজ্ঞ।

লড়াই, (দেশি) সং, যুদ্ধ, রণ, সংগ্রাম।

লড্ডু, সং, পুং, হতভাগ্য, দুশ্চরিত্র। নীচব্যক্তি। লাড়ু।

লড্ডুক, সং, ক্লীং, মোদকবিশেষ, লাড়ু।

লণ্ড, সং, ক্লীং, বিষ্ঠা, ল্যাড়।

লণ্ডভণ্ড, (দেশি) সং, উচ্ছিন্ন, প্রচ্ছিন্ন। ব্যতিব্যস্ত।

লতা, লতিকা, (লৎ=বেষ্টন করা+অল, লতা+কণ—স্বার্থে, আকারের পূর্ব্বে ইক, আপ—প্রং) সং, স্ত্রীং, ব্রততী, লতানিয়া গাছ। শাখা। প্রিয়ঙ্গুলতা। তৃণময় গুল্ম। সূত্র।

লতাজিহ্ব, লতারসন, } (লতা—জিহ্বা, রসনা =জিহ্বা) সং, পুং, ভুজগ, সর্প, সাপ। ভোগী। পবনাশন।

লতাতরু, সং, পুং, কমলালেবুর গাছ। তালাদিবৃক্ষ।

লতান্ত, সং, ক্লীং, পুষ্প।

লতাপনস, (লতা—পনস=কাঁটাল) পুং, সং, তরমুজ গাছ। ইহার সহিত কাঁটালের তুলনা করা যাইতে পারে।

লতাপ্রতানিনী, (লতা—প্রতানিনী=বিস্তৃত হওন) সং, স্ত্রীং, গুল্মিনী, শাখাদি দ্বারা বিস্তৃত লতা।

লতামণি—পুং, লতাযাবক—স্ত্রীং, } (লতা—মণি=রত্ন লতা—যাবক=বর্ণ বা তত্তুল্য শস্য) সং, প্রবাল, পলা।

লতামৃগ, সং, পুং, বানর।

লতার্ক, (লতা—অর্ক=উপতপ্ত করা+অচ্—প্রং) সং, পুং, হরিদ্বর্ণ পলাণ্ডু।

লতালক, (লতা—অলক=চূর্ণকুন্তল) সং, পুং, হস্তী, গজ। দ্বিরদ।

লতাশঙ্খ, সং, পুং, শালবৃক্ষ, শালগাছ।

লত্তিকা, সং, স্ত্রীং, টিকটিকী। জ্যেষ্ঠী। গিরগিটা।

লপন, (লপ=বলা+অনট—ণ, ভা) সং, ক্লীং, বদন, মুখ। ভাষণ, কথন।

লপিত, (লপ+ক্ত—ভা, র্ম্ম) বিং, ত্রিং, কথিত। সং, ক্লীং, বাক্য, কথন, বচন।

লব্ধ, (লভ=পাওয়া+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, উপার্জ্জিত। প্রাপ্ত। গৃহীত।

লব্ধবর্ণ, (লব্ধ=প্রাপ্ত—বর্ণ=যশঃ, প্রশংসা, ৩য়া—হিং) বিং, ত্রিং, বিচক্ষণ। পণ্ডিত, জ্ঞানী।

লব্ধি, (লভ+ক্তি—ভা) সং, স্ত্রীং, লাভ। প্রাপ্তি। গ্রহণ।

লব্ধোদয়, (লব্ধ—উদয়=উৎপত্তি, ৩য়া—হিং) বিং, ত্রিং, জাত, উৎপন্ন।

লমক, সং, পুং, জার। উপপতি।

লভস, (লব্ধ দেখ+অস—প্রং) সং, পুং, অশ্বের পাদবন্ধন রজ্জু। যাচক। ধন।

লভ্য (লভ+ক্যপ—র্ম্ম) বিং, ত্রিং, প্রাপ্য লাভযোগ্য। ন্যায্য, উপযুক্ত।

লম্পট, (রম্=অনুরক্ত হওয়া+অটন্-প্রং

প—আগম, র স্থানে ল) সং, পুং, কামুক, লোচ্চা। আসক্ত, লোলুপ। বকুল বৃক্ষ। [ন্তর্গত দেশবিশেষ।
লম্পাক, সং, পুং, লম্পট। কাবুলের অ-
লম্ফ, (রন্‌ফ্‌=লাফ দেওয়া+ঘঞ্‌—প্রং, র স্থানে ল) সং, পুং, উল্লম্ফন, লাফান।
লম্ব, (লম্ব্‌=লম্বিত হওয়া+অল্‌—প্রং) বিং, ত্রিং, দোলায়মান। স্রস্ত,ঝোলান। বিস্তৃত, দীর্ঘ,প্রসারিত, লম্বা। সং. পুং, অবলম্ব। কান্ত। নর্ত্তক। উৎকোচ,ঘুস। উর্দ্ধ রেখা। ত্রিভুজ ক্ষেত্রের লম্বমান রেখা। সরল রেখার উপরে ঠিক খাড়া হইয়া যে সরল রেখা থাকে।
লম্বকর্ণ, (লম্ব=দীর্ঘ, দোলায়মান—কর্ণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ছাগল। হস্তী। রাক্ষস। বৃক্ষবিশেষ। শশক। গণেশ।
লম্বন, (লম্ব+অনট্‌—ভা) সং, ক্লীং, অবলম্বন, আশ্রয়। দোলন। ঝোলান। মাল্যবিশেষ। নাভি লম্বিত হার। আশ্রয়গ্রহণ। পুং, সর্দ্দি, কফ।
লম্বমান, (লম্ব+শান—ক, ম—আগম) বিং, ত্রিং, দোলায়মান, ঝোলান।
লম্বা, (লন্‌ব্‌=লম্বিত হওয়া, শব্দকরা+অ, আ—প্রং) সং, স্ত্রীং, লক্ষ্মী। দুর্গা, গৌরী,হিমালয়ের কন্যা। তিক্ত অলাবু।
লম্বিকা, (লম্ব দেখ+ণক—প্রং) সং, স্ত্রীং, অলিজিহ্বা, আলজিভ।
লম্বিত, (লম্ব+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অবলম্বিত, আশ্রিত। লম্বমান। দোলিত। ঝুলিত। পতমান।
লম্বোদর, (লম্ব=বিস্তৃত—উদর, ৬ষ্ঠী—হিং) সং, পুং, গণেশ। ঔদরিক,পেটুক। বিং, ত্রিং, দীর্ঘোদর।
লম্বোষ্ঠ, (লম্ব=দীর্ঘ—ওষ্ঠ,৬ষ্ঠী—হিং) সং, পুং, উষ্ট্র, উট। দাসেরক।
লম্ভন, (লন্‌ভ্‌=শব্দকরা ইত্যাদি+অনট ভা) সং, ক্লীং,ধ্বনি। প্রাপণ। লাঞ্ছনা। তিরস্কার। নিন্দা।
লম্ভিত, (লভি=পাওয়া বা লন্‌ভ্‌ শব্দকরা +ক্ত—প্রং) বিং, ত্রিং, প্রলপিত। শব্দিত। নিযুক্ত। বর্দ্ধিত। তিরস্কৃত, নিন্দিত। উচ্চীকৃত। যোগ্যকৃত।
লয়, (লী=সংশ্লিষ্ট হওয়া+অল্‌-ণ। কিম্বা লী=গমনকরা+অ—ধি, যেখানে গীতাদি সমতা পায়) সং, পুং, গীতবাদ্যাদির তাল বা সমান সময়। লীনহওয়া, মিশিয়া যাওয়া। প্রলয়, বিনাশ। গৃহ, আবাস। ক্রীড়া। ঈশ্বর। [ভবন।
লয়ন, (লয় দেখ+অনট্‌—ভা) সং, ক্লীং,
লয়পুত্রী, (লয়=গীতবাদ্যাদির তাল বা সমান সময়—পুত্রী=কন্যা) সং, স্ত্রীং, নটী, নর্ত্তকী।
লয়ারম্ভ, লয়ালম্ভ (লয়=সমান সময় ইত্যাদি—আরম্ভ, আলম্ভ=যে গমনকরে) সং, পুং, নট, নর্ত্তক।
ললজিহ্ব, (ললৎ=দোলায়মান, লেহনকারী—জিহ্বা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, উষ্ট্র। দাসেরক। সারমেয়। কুক্কুর। বিং, ত্রিং, হিংস্র।
ললৎ, (লড়্‌=উৎকণ্ঠিত হওয়া ইত্যাদি +শতৃ—ক) বিং, ত্রিং. লেহনকারী। কম্পমান। দোলায়মান। বিলাসযুক্ত।
ললন, (লল্‌ বা লড়্‌=কটাক্ষাদি। ভঙ্গী প্রদর্শনকরা+অনট্‌—ভা, ড=ল) সং, ক্লীং, ক্রীড়া, কেলি। চালন, কম্পন।
ললনা, (লল্‌=কটাক্ষাদি ভঙ্গী প্রদর্শন করা+অনট্‌, আপ—প্রং) সং, স্ত্রীং, পত্নী, কান্তা, স্ত্রী। কামিনী। দুশ্চরিত্রা স্ত্রী। জিহ্বা।
ললন্তিকা, (লল্‌+অন্ত+কণ+আপ) সং, স্ত্রীং, নাভি লম্বিত হার। গোধা। গিরগিটি।
ললাট, (লল+অ—ইচ্ছা—অট্‌=গমনকরা +অল্‌—প্র) সং, ক্লীং, কপাল, ভাল।
ললাটক, (ললাট+কণ্‌—প্রশস্তার্থে) সং, ক্লীং, প্রশস্ত ললাট। ললাট। ভাল।
ললাটন্তপ, (ললাট—তপ্‌=উত্তপ্তকরা, দাহকরা+খ—প্রং) সং, পুং, সূর্য্য।

"ললাটন্তপসপ্তসপ্তিঃ" রঘু। বিং, ত্রিং, ললাটতাপকারী।

ললাটিকা, (ললাট+কণ আপ—প্রং) সং, স্ত্রীং, ললাটের ভূষণবিশেষ, টিকা। চন্দনাদি রচিত তিলক।

ললাম—পুং ক্লীং, } (লল্=ক্রীড়া—অম্
ললামন্—ক্লীং, } =গমনকরা+অল্ অন্—প্রং) সং, ভূষণ। ললাটের ভূষণ। চিহ্ন। শোভা। ললাটস্থ চিহ্ন। শৃঙ্গ। পুচ্ছ। শুণ্ড। শ্রেষ্ঠ। প্রধান। ধ্বজ। পুণ্ড্র। প্রভাব। অশ্ব। অশ্বভূষণ। অশ্ব বা বৃষের ললাটস্থ রঞ্জিত চিহ্ন। নাম। শ্রেণী।

ললামক, (ললাম=ললাট বা চিহ্ন+কণ—তুল্যার্থ) সং, ক্লীং, ললাটে পরি—লম্বমান মাল্য। ললাম।

ললিত, (লল্=ইচ্ছাকরা ইত্যাদি, কিম্বা লড্ বিলাসকরা+ক্ত—প্রং) সং, ক্লীং, বিলাস, স্ত্রীজাতির শৃঙ্গার-ভাবজন্য চেষ্টাবিশেষ। স্ত্রীনৃত্য। চলন। ক্রীড়া। পুং, রাগবিশেষ। আমোদ, ইচ্ছা। বিং, ত্রিং, কোমল। সুন্দর, মনোজ্ঞ, প্রিয়। ক্রীড়াশীল। চঞ্চল। অভিলষিত। ঈপ্সিত, বাঞ্ছিত। তা—স্ত্রীং, গোপীবিশেষ। নদীবিশেষ। কস্তুরী। নারী। কুলটা। [শুক্লা সপ্তমী।

ললিতাসপ্তমী, সং, স্ত্রীং, ভাদ্র মাসের

লব, (লূ=ছেদনকরা+অল্—ভা) সং, পুং, বিনাশ। রেণু, পুষ্পরেণু। গোপুচ্ছের লোম। কণা। "আচামতি স্বেদলবান্ মুখেতে" (কালিদাস)। চূর্ণ ছেদন। লেশ, কিঞ্চিৎ মাত্র। সময়ের সূক্ষ্মাংশ। বিলাস। রামচন্দ্রের দ্বিতীয় পুত্র। পক্ষ। লবণ। বিভাজ্য রাশি। ভগ্নাংশের সমান অংশে বিভক্ত রাশির যে কয় অংশ লওয়া যায়। ক্লীং, জায়ফল। লবঙ্গ।

লবঙ্গ, (লূ+অঙ্গ—প্রং) সং, পুং, বৃক্ষবিশেষ। জার, উপপতি। ভুজঙ্গ। ক্লীং, দেবপুষ্প। লঙ্গ।

লবণ, (লূ=ছেদনকরা+অনট্—প্রং) সং, ক্লীং, ক্ষার দ্রব্যবিশেষ, লুণ। লুণ পাঁচ প্রকার; সৌবর্চ্চল, সৈন্ধব, বিট, ঔদ্ভিদ সামুদ্র। (লূ+অন) পুং, ক্ষাররস। লবণ সমুদ্র, ইহা জম্বুদ্বীপ বেষ্টন করিয়া আছে; "আভাতি বেলা লবণাম্বুরাশের্ধারানিবদ্ধেব কলঙ্করেখা" রং কুম্ভীনসী রাক্ষসীর পুত্র; যাহাকে শত্রুঘ্ন বিনাশ করেন। বিং, ত্রিং, ক্ষার রসযুক্ত, লোণা। লাবণ্যযুক্ত। ণা—স্ত্রীং, নদীবিশেষ। উজ্জ্বলশ্রী, কান্তি দীপ্তি।

লবণোত্তম, (লবণ—উত্তম=শ্রেষ্ঠ) সং ক্লীং, সৈন্ধবলবণ, সিন্ধুদেশজাত খনি লবণ।

লবণোদ, (লবণ—উদ=জল, ৬ষ্ঠী—হি উদক স্থানে উদ) সং, পুং, লবণসমুদ্র লবণসাগর। [ক্লীং, কর্ত্তন, ছেদন, কাটা

লবন, (লূ=ছেদনকরা+অনট—ভা) সং

লবলী, (লব=লেশ—লা=পাওয়া+ড-ঈপ্—প্রং) সং, স্ত্রীং, বৃক্ষবিশেষ নোয়াড়গাছ।

লবাণক, (লূ=ছেদন করা+আণক-প্রং) সং, পুং, ছেদন করিবার অস্ত্র ছুরিকা, দাত্র প্রভৃতি। [ত্রিং, ছিন্ন, ছেঁড়া

লবি, (লূ=ছেদন করা+ই—প্রং) বি

লবিত্র, (লূ=ছেদনকরা+ইত্র—ণ) সং ক্লীং, কাটিবার অস্ত্রবিশেষ, কাটারি দাত্র, দা।

লশুন, (অশ্=ভোজনকরা+উন—প্রং অ=ল) সং, পুং, রশুন, মূলবিশেষ।

লষিত, (লষ্=অভিলাষকরা+ক্ত—র্ম) বিং, ত্রিং, অভিলষিত, ঈপ্সিত, প্রার্থিত বাঞ্ছিত।

লষ, (লষ্=নৃত্যবিষয়ে পটুতা প্রদর্শন করা+ব—প্রং) সং, পুং, নর্ত্তক, নট নৃত্যকার, নৃত্যজীবী।

লসৎ, (লস্=ক্রীড়াকরা+শতৃ—ক) বিং ত্রিং, শোভমান, উল্লসমান, বিকাশ-

মান, উজ্জ্বল। "নখকিরণলসৎকেশরালী-করালঃ"। চেষ্টমান।

লসা, (লস্=ক্রীড়াকরা+অ-আ, প্রং) সং, স্ত্রীং. হরিদ্রা, হলুদ।

লসিকা, (রস্=আস্বাদন করা ইত্যাদি +ইক—প্রং, র=ল) সং, স্ত্রীং, লালা, মুখ হইতে যে ক্লেদ জল নির্গত হয়।

লসিত, (লস্+ক্ত—প্রং) সং, ক্লীং, বিলাস। উল্লাস, স্ফূর্ত্তি। চেষ্টা। বিং, ত্রিং, শোভিত। চেষ্টিত।

লসীকা, (লসিকা, দেখ+ঈক-প্রং) সং, স্ত্রীং, ইহা জলের ন্যায় এক প্রকার তরল পদার্থ, বর্ণবিহীন ও সর্ব্বশরীরব্যাপী, দুষ্ট রক্ত শিরামার্গে হৃদয় মধ্যে প্রবেশ করিবার পূর্ব্বে এই পদার্থের সহিত মিলিত হয়। ইক্ষুরস।

লস্কর, (ম্লেচ্ছভাষা) সং, সৈন্য। ফৌজ।

লস্ত, (লস্=আলিঙ্গন করা+ক্ত—প্রং) বিং, ত্রিং, আলিঙ্গিত। পরিষ্বক্ত। ক্রীড়িত। যাহাতে শিল্পনৈপুণ্য দেখান গিয়াছে। [সং. পুং, ধনুকের মধ্যভাগ।

লস্তক, (লস্ত=আলিঙ্গিত+কণ্—প্রং)

লস্তকী, (লস্তকিন্, লস্তক+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, ধনুক, নারাসঙ্ক, কার্ম্মুক।

লহরি—রী, সং, স্ত্রীং, ঊর্ম্মি, তরঙ্গ, ঢেউ। ভঙ্গি, চুনাট।

লা, লাহা, (লাক্ষাশব্দ হইতে) সং, লাক্ষা, জতু। [কতুফল।

লাউ, (লাবুশব্দ হইতে) সং তুম্বী, অলাবু,

লাক, (লক্ষশব্দ হইতে) বিং, শতসহস্র সংখ্যা, দশ অযুত। একশ হাজার।

লাক্ষকী, সং, স্ত্রীং, মৈথিলী, সীতা, জানকী

লাক্ষণিক, (লক্ষণ+ষ্ণিক—জ্ঞানার্থে) বিং, ত্রিং, লক্ষণাজ্ঞ, দৈবজ্ঞ। লক্ষণযুক্ত। (লক্ষণা+ষ্ণিক—প্রং) লক্ষণাদ্বারা অর্থ-প্রতিপাদক।

লাক্ষণ্য, (লক্ষণ+ষ্ণ্য জ্ঞানার্থে) বিং, ত্রিং, লক্ষণজ্ঞ। লক্ষণযুক্ত।

লাক্ষা, (লক্ষ্=চিহ্নকরা+অ, আপ্—প্রং) সং, স্ত্রীং, লোহিতবর্ণক, জৌ, লা, গালা।

লাক্ষারস, সং, পুং, অলক্তকরস। আলতা।

লাক্ষিক, (লক্ষ বা লাক্ষা+ইক—প্রং) বিং, ত্রিং, লক্ষসংখ্যা-পরিমিত। লাক্ষা-নির্ম্মিত।

লাগন, (লগ্ধাতু হইতে) সং, সংযোগ হওয়া। ক্লেশন। বেদনা পাওয়া।

লাঘব, (লঘু+ষ্ণ ভাবে) সং, ক্লীং, লঘুত্ব ভাররাহিত্য। হালকা। অগৌরব ক্লৈব্য। আরোগ্য, স্বাস্থ্য। শীঘ্রতা।

লাঙ্গল, (লন্গ=গমন করা+কল—প্রং) সং, ক্লীং, ভূমিকর্ষণযন্ত্রবিশেষ, হল গৃহদারু।

লাঙ্গলগ্রহ, (লাঙ্গল—গ্রহ=যে গ্রহণ করে) সং, পুং, লাঙ্গলধারী, কৃষক

লাঙ্গলদণ্ড, সং, পুং, লাঙ্গলের মধ্যস্থ কাষ্ঠ, লাঙ্গলের ঈশ।

লাঙ্গলপদ্ধতি, (লাঙ্গল—পদ্ধতি=রেখা সং, স্ত্রীং, লাঙ্গলের রেখা।

লাঙ্গলিক, (লাঙ্গল+ষ্ণিক—প্রং) অথবা লাঙ্গলী=কতকগুলি বৃক্ষের মধ্যে একটি +ক—প্রং) সং, পুং, বিষবিশেষ। লাঙ্গল্ধারী, লাঙ্গলা।

লাঙ্গলী, (লাঙ্গলিন্, লাঙ্গল+ইন্—অস্ত্যর্থ সং, পুং, বলরাম। সর্প। নারিকেল বৃক্ষ

লাঙ্গুল, লাঙ্গূল (লন্গ+ উল, ঊল—প্রং সং, ক্লীং, বালধি, পুচ্ছ, লেজ। "লাঙ্গুল বিক্ষেপবিসর্পিশোভৈঃ" (কুমারসম্ভব)

লাঙ্গূলী, (লাঙ্গূলিন্, লাঙ্গূল+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, বানর। বিং, ত্রিং পুচ্ছবিশিষ্ট। লেজওয়ালা।

লাজ, (লাজ=ভর্জনকরা+ঘঞ্—প্রং সং, পুং, বহুবচনান্ত, জা—স্ত্রীং, শস্য আতপতণ্ডুল। আর্দ্র তণ্ডুল, ভিজাচাউল ভৃষ্টধান্য, খৈ "চকার সা মত্তচকোর নেত্রা লজ্জাবতী লাজবিসর্গমগ্নৌ" বং ক্লীং, উষীর, বেণারমূল। (লজ্জা শ হইতে) সং, লজ্জা।

লাজুক, (লাজশব্দ হইতে) বিং, লজ্জাশীল, লজ্জাযুক্ত। মুখচোরা।

লাঞ্ছন, (লান্‌ছ্‌=চিহ্নকরা+অনট্‌—প্রং) সং, ক্লীং, চিহ্ন। ধ্বজ। কলঙ্ক। নাম। অঙ্কন।

লাঞ্ছিত, (লাঞ্ছন দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, চিহ্নিত। কলঙ্কিত। ধ্বজযুক্ত। নামযুক্ত।

লাট, (লট্‌=বলা ইত্যাদি+ঘঞ্‌—প্রং) সং, পুং, দেশবিশেষ। দোষ। বৃথাবাক্য বস্ত্র। জীর্ণবস্ত্রাদি। রসিক ব্যক্তি। বিং, ত্রিং, ব্যবহৃত, পুরাতন, মলিন, বিশ্রী, জীর্ণ।

লাটানুপ্রাস, (লাট—অনুপ্রাস তুল্যবর্ণ-বিন্যাস) সং, পুং, শব্দালঙ্কারবিশেষ। একার্থ একশব্দের পৌনরুক্তি। এই অলঙ্কারে কেবল অন্বয় ব্যতিরেক দ্বারা তাৎপর্য্যার্থের বিভিন্নতা হইয়া থাকে, যথা;-"যস্য ন সবিধে দয়িতা দবদহনস্তু-হিনদীধিতিস্তস্য। যস্য চ সবিধে দয়িতা দবদহনস্তুহিনদীধিতিস্তস্য।"

লাটিম, (দেশি) সং, স্বনামখ্যাত বর্ত্তু-লাকার খেলিবার বস্তু। [দণ্ড, বাড়ি।

লাঠি, লাঠী (লগুড় শব্দ হইতে, সং, যষ্টি,

লাড়ন, (ক্ষেপণার্থ লাড়্‌ ধাতুহইতে) সং, স্থানান্তরকরণ, চঞ্চলকরণ।

লাড়ু, (লড্ডুক শব্দহইতে) সং, মিষ্ট-গোলাকার খাদ্যদ্রব্যবিশেষ। [প্রহার।

লাথী, (দেশি) সং, পদাঘাত, পদ-

লাপ, (লপ্‌=বলা+ঘঞ্‌—প্রং) সং, পুং, ভাষণ, কথন।

লাফ, (লম্ফশব্দহইতে) সং, উৎপ্লব, লম্ফ।

লাফান, (লাফশব্দহইতে) সং, লম্ফপ্র-দান, উৎপ্লবন।

লাভ, (লভ্‌=পাওয়া+ঘঞ্‌—ভা) সং, পুং, প্রাপ্তি। উপার্জ্জন। উপলব্ধ। পাওয়া।

লামজ্জক, (লা=যে গ্রহণ করে বা সরা-ইয়া দেয়—মজ্জা=সার+কণ্‌—যোগ) সং, ক্লীং, বেণার মূল, উষীর, খস্‌খসিয়া

লাম্পট্য, (লম্পট+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, লম্পটতা, কামুকতা, পরস্ত্রী প্রবৃত্তি।

লাল, (লালাশব্দহইতে) সং, থুথু, মুখামৃত

লালন, (লাড়ি=যত্নে পালনকরা+অনট্‌ —ভা, ড়=ল) সং, ক্লীং, স্নেহের সহিত পালন করা, অতিশয় যত্নের সহিত পালন।

লালপ্যমান, (লপ্‌=পুনঃ পুনঃ বলা+শান—র্ম্ম) বিং, ত্রিং, বার বার উল্লি-খিত। যাহা পুনঃ পুনঃ কহা যায়।

লালস, (লালি=ইচ্ছাকরা+অস—প্রং) সং, ত্রিং, ইচ্ছুক, কামুক, লোলুপ, লোভী। সা—স্ত্রীং, (লস্‌+ঘঞ্‌+অ +আপ্‌) লিপ্সা। আশা। ঔৎসুক্য স্পৃহা। চঞ্চলতা।

লালা, (লল্‌+ণিচ্‌+অ+আপ—প্রং) সং, স্ত্রীং, মুখজাত ক্লেদ জল, লাল। "মুখং লালাক্লিন্নং পিবতি চষকং সাসব-মিব" (শান্তিশতক)।

লালাটিক, (ললাট+ষ্ণিক—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, ললাটসম্বন্ধীয়। ভাগ্যলব্ধ। ললাটভূষণ। কার্য্যাক্ষম, অলস কুঁড়ে। ভাগ্যাপেক্ষী, অদৃষ্ট সাপেক্ষ, দৈষ্টিক।

লালাবিষ, } (লালা=লাল—বিষ।
লালাস্রাব } লালা লাল—স্রু=ক্ষরিত হওয়া+ঘঞ—প্রং) সং, পুং, লূতা, মা-কড়সা প্রভৃতি। [লুলাপ, মহিষ।

লালিক, (লালা+ষ্ণিক—প্রং) সং, পুং,

লালিত, (লল+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রতি-পালিত, পুষ্ট, বর্দ্ধিত।

লালিত্য, (ললিত=কোমল+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, কমনীয়তা, কোমলতা, মনো-জ্ঞতা। সুরসতা, রম্যতা। সৌন্দর্য্য। মধুরতা। মনোহারিতা।

লাব, (লাবি=ছেদন করা, ভক্ষণ করা +ঘঞ—প্রং। কণ—যোগে লাবকও হয়) সং, পুং,—স্ত্রীং, পক্ষিবিশেষ, পুং, কর্ত্তন, ছেদন।

লাবণ, (লবণ+ষ্ণ—ইদমর্থে) বিং, ত্রিং, লবণসংস্কৃত। লবণমিশ্রিত, লবণযুক্ত। লোণা, লবণসম্বন্ধীয়। সং, ক্লীং, নস্য। ণ, ণক—পুং, লঙ্কাদি দেশ।

লাবণিক, (লবণ+ষ্ণিক—ইদমর্থে) সং, পুং, লবণবিক্রেতা। বিং, ত্রিং, লবণ-সংস্কৃত। লবণমিশ্রিত। লবণসম্বন্ধীয়, লোণা।

লাবণ্য, (লবণ=+ষ্ণ্য—প্রং) সং, ক্লীং, লবণত্ব। দীপ্তি। সৌন্দর্য্য। দেহ, কান্তি, চাকচিক্য। "মুক্তাফলেষু চ্ছায়ায়াস্তর-লত্ব মিবান্তরা। প্রতিভাতি যদঙ্গেষু তল্লাবণ্যমিহোচ্যতে"। "লহরী লাবণ্য বাবাংনিধেঃ" উং।

লাবণ্যার্জ্জিত, (লাবণ্য=সৌন্দর্য্য—অর্জ্জিত=উপার্জ্জিত লব্ধ) সং. ক্লীং, বিবাহকালীন শ্বশুর ও শাশুড়ী প্রীত হইয়া বধূকে যে ধন দান করেন।

লাবিক, (লব=ছেদন+ষ্ণিক—প্রং) সং, পুং, মহিষ। লুলাপ।

লাবু, লাবূ (লূ=ছেদন করা+উ—প্রং) সং, ক্লীং, লাউ, তুম্বী। কদ্রু।

লাব্য, (লূ=ছেদন করা+ঘ্যণ্—র্ম্ম) বিং, ত্রিং, ছেদনযোগ্য। কাটিবার উপযুক্ত।

লাস, (লস্=ক্রীড়াকরা+ঘঞ—প্রং) সং, পুং, নৃত্য। স্ত্রীলোকের নৃত্য।

লাসক, (লস্+ণক—প্রং) সং, পুং, নৃত্যকারী, নর্ত্তক, নট। ময়ূর, শিখী। ক্লীং, ঘরের মটকা।

লাসিকা, (লাসি=নৃত্যে পটুতা প্রদর্শন করা+ণক, আপ) সং, স্ত্রীং, নর্ত্তকী, লাস্যকারিণী, নটী।

লাস্ফোটনী, (ললন=গমন—আস্ফোটন =ভেদন, নিপাতন) সং, স্ত্রীং, বেধনী। সূচাদি বিঁধিবার যন্ত্র।

লাস্য, (লস্—ঘ্যণ্—প্রং) সং, ক্লীং, নৃত্য, নাচ। স্ত্রীলোকের নৃত্য। তৌর্য্য-ত্রিক। পুং, নর্ত্তক, নট। স্যা—স্ত্রীং, নর্ত্তকী নটী। "পুংনৃত্যং তাণ্ডবং প্রাহুঃ স্ত্রীনৃত্যং লাস্যমুচ্যতে"। "প্রেমতনোতু এবো লাস্যায় বেণুস্বনঃ" উং।

লিকুচ, (লকচ দেখ+অ= নিপাতন) সং, পুং, বৃক্ষবিশেষ, লকুচবৃক্ষ, ডেহুয়া গাছ।

লিক্ষা, লিক্ষা (লক্ষ=চিহ্নকরা+অল্—প্রং অ=ই, নিপাতন। ক্ষ=ক্কও হয়) সং, স্ত্রীং, ক্ষুদ্র উকুণ, নিকি।

লিখন, (লিখ্=লেখা+অনট্—ভা) সং, ক্লীং, লেখন, অক্ষরবিন্যাস। চিত্রকরণ। লিপি। পত্র। চিঠি।

লিখিত, (লিখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, পত্রাদি, যাহা লেখা হইয়াছে। চিত্রিত, অঙ্কিত। সং, পুং, ধর্ম্মশাস্ত্রপ্রণেতা মুনি-বিশেষ। শঙ্খনামক ধর্ম্মশাস্ত্রকার ও লিখিত, উভয়েরই একমত, উভয়েই এক বচন প্রণয়ন করিয়াছেন। ক্লীং, লিখন। লেখ্যপত্রাদি। চিঠি।

লিঙ্গ, (লিন্গ=গমনকরা ইত্যাদি+অল —প্রং) সং, ক্লীং, চিহ্ন। পুংস্ত্বাদি। হেতু, কারণ। শিশ্ন, উপস্থ। শিবের মূর্ত্তিবিশেষ। অনুমান। অনুমানসাধন। প্রকৃতি। সামর্থ্য। অর্থপ্রকাশক শক্তি।

লিঙ্গবৃত্তি. (লিঙ্গ=সন্ন্যাসী প্রভৃতির বেশ ধারণ- বৃত্তি=জীবিকা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, জীবিকারজন্য জটাদি-চিহ্নধারী, ধর্ম্মধ্বজী। কপটসন্ন্যাসী, পাষণ্ডী।

লিঙ্গালিকা, সং, স্ত্রীং, ক্ষুদ্র মূষিক, নেংটিয়া ইঁদুর।

লিঙ্গী, (লিঙ্গিন্, লিঙ্গ=চিহ্ন+ইন্-অস্ত্যর্থে বিং, ত্রিং, জীবিকার্থ জটাদিধারী, লিঙ্গ-বৃত্তি, পাষণ্ডী। সং, পুং, হস্তী।

লিপি, লিপী, লিবি, লিবী, (লিপি= লেপনকরা+ই—প্রং) সং, স্ত্রীং, পঞ্চা শদ্বর্ণাত্মিকা মাতৃকা। লিখিত পত্রাদি লেখন, অক্ষরবিন্যাস। চিঠি। পত্র চিত্রকরণ।

লিপিকর, লিবিকর (লিপি—কর=করে, ২য়া—ষ) সং, পুং, লেখক

চিত্রকার।

লিপিবদ্ধ, (লিপি—বদ্ধ. ৩য়া—ষ) বিং, ত্রিং, অক্ষরদ্বারা বিন্যস্ত, লিখিত। লেখা।

লিপ্ত, (লিপ=লেপনকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, চর্চ্চিত, চন্দনাদি ম্রক্ষিত। বিষাক্ত, বিষদিগ্ধ। মিলিত, সংযুক্ত। সং, পুং, সূক্ষ্মকালাংশবিশেষ।

লিপ্তক, (লিপ্ত=বিষাক্ত+কণ—কুৎসিতার্থে) সং, পুং, বিষাক্ত বাণ।

লিপ্তপাদ, বিং, ত্রিং, যে সকল জীবের অঙ্গুলি চর্ম্মদ্বারা লিপ্ত। হংসাদি।

লিপ্সা, (লভ্=পাওয়া+সন্—অ+আপ্ ইচ্ছার্থে—ভা, লভ্=লিপ্) সং, স্ত্রীং, লাভেচ্ছা, স্পৃহা, বাঞ্ছা। কামনা। বাসনা। লোভ।

লিপ্সু, (লভ্+সন্+উ—ক) বিং, ত্রিং, লাভেচ্ছু, গৃধ্নু, লোভী। কামী।

লিম্পট, (লিপ্=প্রলেপদ্বারা লেপনকরা +অট—প্রং) সং, পুং, লম্পট, কামুক।

লিম্পাক, (লিপ্=লেপন করা+আক—প্রং) সং, পুং, লেবু গাছ। গর্দ্দভ।

লিম্ব, (লষ্=নৃত্যবিষয়ে পটুত্ব প্রদর্শন করা+ব—প্রং, অ=ই) সং, পুং, নট, নর্ত্তক। নৃত্যব্যবসায়ী। নৃত্যকারী।

লীকা, লীক্ষা (লক্ষ=চিহ্নকরা+অল্—প্রং। অ=ঈ, নিপাতন। ক্ষ=ক্ক ও হয়) সং, স্ত্রীং, লিক্ষা, নিকি।

লীঢ়, (লিহ্=আস্বাদনকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, লেহনকরা, চাটা। ভক্ষিত। আস্বাদিত। স্পৃষ্ট।

লীন, (লী=লীন হওয়া+ক্ত—প্রং, ত=ন) বিং, ত্রিং, নিমজ্জিত। লয়প্রাপ্ত, মিলিত। মগ্ন। সংসক্ত।

লীলা, (লী=ক্বিপ্+ড+আপ্—প্রং) সং, স্ত্রীং, ভঙ্গী, বিলাস। শোভা। ক্রীড়া। কেলি। শৃঙ্গার-ভাবজাত চেষ্টাবিশেষ, "লীলাতামরসাহতোঽন্য বনিতা নিঃশঙ্কদষ্টাধরঃ"। অঙ্গবেশ, অলঙ্কার ও প্রীতি বাক্যাদি দ্বারা প্রিয়তমের অনুকরণ।

লীলাখেল, বিং, ত্রিং, বিলাসসম্ভোগ। ক্রীড়াশীল।

লীলাবতী, (লীলা+বতু—অস্ত্যর্থে+ঈপ) সং, স্ত্রীং, বিলাসবতী স্ত্রী। ভাস্করাচার্য্যের কন্যা। ঐ আচার্য্যকৃত অঙ্ক গ্রন্থবিশেষ। ন্যায় শাস্ত্রের গ্রন্থবিশেষ।

লুই, (লোমন্ শব্দহইতে) সং, পশু লোমনির্ম্মিত শীত বস্ত্রবিশেষ।

লুকন, (লুক্কায়ন্ শব্দ হইতে) সং, প্রচ্ছন্নভাবে থাকন। লুকাইয়া থাকা।

লুক্কায়িত, (লুক্+কায়+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, গুপ্ত, অন্তর্হিত। অদৃষ্ট। প্রচ্ছন্ন।

লুচি, (দেশি) সং, ঘৃতপক্ক গোধূমচূর্ণের পিষ্টকবিশেষ।

লুঞ্চিত, (লুন্চ=ছিঁড়িয়া ফেলা, ত্যাগ করা, দূরীকরণ করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ছিন্ন, ছিঁড়িয়া ফেলা। পরিত্যক্ত। দূরীকৃত। লূন। ভিন্ন।

লুট, (চৌর্য্যার্থ লুট্ ধাতুজ) সং, বলপূর্ব্বক অপহরণ করা বা কাড়িয়া লওয়া

লুঠন, (লুঠ=গড়াগড়ি দেওয়া+অনট—ভা) সং, ক্লীং, ভূমিতে লোটা, গড়াগড়ি দেওয়া। লুটপাটি খাওয়া।

লুঠিত, লুণ্ঠিত (লুঠ, লুণ্ঠ গড়াগড়ি দেওয়া +ক্ত—ক) বিং, ত্রিং, ভূমিতে ঘূর্ণিত, গড়াগড়ি দেওয়া। পৃথিবীতে পরিবৃত।

লুণ্টক, (লুন্ট=গড়াগড়ি দেওয়া ইত্যাদি +ণক—প্রং) সং, পুং, শাকবিশেষ, নটিয়া শাক।

লুণ্টাক, (লুন্ট্=লুটিয়া লওয়া, হরণ করা+ষাক—প্রং) সং, পুং, স্ত্রীং, চৌর, তস্কর। চোর।

লুণ্ঠক, (লুন্ঠ্=চোরি করা, লুটিয়া লওয়া +ণক—ক) বিং, ত্রিং, অপহারক। স্তেয়কারক, লুঠকারী। ডাকাইত। দস্যু। চোর।

লুণ্ঠন, (লুণ্ঠক দেখ+অনট্—ভা) সং, ক্লীং, অপহরণ, লুঠ। (লুন্ঠ্=গড়াগড়ি দেওয়া+অনট্ ভা) ভূমিতে লোটা, লুণ্ঠন

লুণ্ঠাক, (লুন্ঠ=গড়াগড়ি দেওয়া+ণক—প্রং) সং, পুং,বায়স, কাক। বলিভুক্

লুণ্ঠিত, (লুন্ঠ=চোরি করা, গড়াগড়ি দেওয়া+ক্ত-প্রং) বিং, ত্রিং, অপহৃত। লুঠিত। বলাৎগৃহীত।

লুণ্ঠী, (লুণ্ঠ=গড়াগড়ি দেওয়া+অ—ঈপ, প্রং) সং, স্ত্রীং, লুঠন,গড়াগড়ি দেওয়া।

লুপ, (লুপ্ত—দেখ,ক্বিপ—প্রং) সং, পুং, লোপ, অভাব, নাশ। তিরোভাব।

লুপ্ত, (লুপ=লোপকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অন্তর্হিত নষ্ট,লোপপ্রাপ্ত। তিরোভূত। ছিন্ন। আচ্ছিন্ন। অপহৃত। ক্লীং, অপহৃত ধন, চুরিকরা বস্তু। লোপ্ত্র।

লুব্ধ—ত্রিং, লুব্ধক—পুং, (লুভ=লাভাকাঙ্ক্ষী হওয়া+ক্ত—ক) সং, ব্যাধ। মৃগয়াদন। "তেঽপি ক্রূরচমূরুচর্ম্মবসনৈর্নীতাঃ ক্ষয়ং লুব্ধকৈঃ" উং। লোভী। কামুক। লম্পট। নক্ষত্রবিশেষ।

লুলাপ, (লুল=বিলোড়ন+কণ—আপ=পাওয়া+অল্—প্রং, যে পঙ্কের বিলোড়নকে পায়) সং. পুং, কাসর, মহিষ।

লুলিত, (লুল=পীড়নকরা+ক্ত—প্রং)বিং, ত্রিং, বিচালিত। আন্দোলিত, কম্পিত। দোলিত, মর্দ্দিত। রম্য।

লুষভ, (রুষ=ক্রুদ্ধ হওয়া+অভ—প্রং। রুষ=লুষ) সং,পুং,মত্তহস্তী। মদশ্রাবী গজ

লূতা, লূতিকা (লূ=ছেদনকরা+তক্+আপ—প্রং। লূতা+কণ+আপ—প্রং) সং, স্ত্রীং,মাকড়সা। পিপীলিকা।"মূর্চ্ছাপন্নশিশূনস্থূন্ বিজহতঃ সংলক্ষ্যঝিল্লীরবৈর্লূতাতন্তুবিতানসম্বৃতমুখীচুল্লীচিরং রোদিতি" উং।

লূতাতন্তু, সং, পুং, মাকড়সার জাল।

লূন, (লূ=ছেদনকরা+ক্ত—র্ম্ম, ত=ন) বিং, ত্রিং, কর্ত্তিত, ছিন্ন। "গৃধ্রংলূনপক্ষমপশ্যতাং" রঘু। ক্রটিত।

লূনক, (লূন=কর্ত্তিত+কণ—যোগ) সং, পুং, পশু, চতুষ্পদ জন্তু। বিং, ত্রিং, ছেদিত। ক্রটিত। কর্ত্তিত। ভিন্ন।

লূনি, (লূ+ক্তি—ভা) সং, স্ত্রীং,ছেদ, কর্ত্তন, কাটা।

লূম, (লূ+মক্ প্রং) সং, পুং, লাঙ্গূল, লেজ।

লূমবিষ, (লূম=লাঙ্গূল—বিষ, ৬ষ্ঠী—হিং) সং,পুং, যে সকল জীবের লাঙ্গূলে বিষ আছে, বৃশ্চিক প্রভৃতি।

লেই, (দেশি) সং, মণ্ড, কাই, মাড়।

লেখ, (লিখ=লেখা+ঘঞ—ধি, র্ম্ম) সং, পুং, লিপি,পত্র,চিঠি। দেবতা। লিখন। বিং, ত্রিং, লেখনীয়। খা-স্ত্রীং, চিহ্ন রেখা। কলা। লিখন, চিত্রকরণ। লিপি শ্রেণী। স্থলী। [কর। চিত্রকারক। পটুয়া

লেখক, (লিখ+ণক—ক) সং, পুং, লিপি-

লেখন, (লিখ+অনট—ভা, ণ) সং,ক্লীং. লিখন, লেখা,অক্ষরবিন্যাস। চিত্রকরণ। অঙ্কন। ভূর্জ্জত্বক্। জিভ আঁচড়ান। নী—স্ত্রীং, কলম। তূলি।

লেখনিক, (লেখন+ষ্ণিক—প্রং) সং, পুং, পত্রবাহক,লেখহারক। যে স্বহস্তে লেখে। যে পরহস্তে লেখাইয়া স্বয়ং কোন চিহ্নদ্বারা তাহাতে স্বাক্ষর করে। বিং, ত্রিং, লিপিকর। চিত্রকর।

লেখনীয়, (লেখ দেখ+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, লিখিতব্য,লিখনযোগ্য। লিখিবার উপযুক্ত।

লেখর্ষভ, (লেখ=দেবতা—ঋষভ=শ্রেষ্ঠ, ৭মী—য) সং, পুং,ইন্দ্র, দেবরাজ। শক্র

লেখহার, লেখহারক, (লেখ=পত্র—হৃ [হরণ করা] লইয়া যাওয়া+অ, অক—প্রং) সং, পুং, পত্রবাহক।

লেখিত, (লেখি=লেখান+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহা লেখান হইয়াছে, লিপিবদ্ধ করান। চিত্রিত, অঙ্কিত।

লেখ্য, (লিখ+ঘ্যণ—র্ম্ম)সং, ক্লীং,অক্ষর। লিখিত। পত্রাদি বা চিত্রাদি। পট। "লেখ্যার্পিতারম্ভ ইবাবভাসে"(কালিদাস) দলিল দস্তাবেজ। বিং, ত্রিং, লেখনীয়,

লিখন-যোগ্য।
লেখ্যচূর্ণিকা (লেখ্য=লিখিত চিত্রাদি—চূর্ণ=পেষণকরা, গুঁড়াকরা+অক—প্রং) সং, স্ত্রীং, তূলিকা, তুলি।
লেখ্যপত্র,(লেখ্য—পত্র=পাতা) সং,ক্লীং, লিখিত পত্রাদি লিখিবার উপযুক্ত তাল পত্রাদি। দলিল দস্তাবেজ।
লেখ্যস্থান, (লেখ্য লেখন বা লেখনীয় —স্থান) সং, ক্লীং,আফিস,দপ্তরখানা।
লেজ, (দেশি) সং, লাঙ্গুল, পুচ্ছ।
লেঠা, (দেশি) সং, উৎপাত। গোলযোগ ঝঞ্ঝাট। মুস্কিল। শঙ্কট।
লেণ্ড, সং, ক্লীং, বিষ্ঠা, ঝাড়।
লেপ, (লিপ=লেপন করা+ঘঞ—ভা, ণ) সং, পুং, লেপন, লেপা। প্রলেপ, লেপন সামগ্রী। ভক্ষ্যদ্রব্য। বিলেপন। চূর্ণ, চুণ। ভোজন।
লেপক, লেপী (লেপিন্, লেপ দেখ, +ণক, ইন্—ক) বিং, ত্রিং, লেপকর্ত্তা, লেপনকারক। সং, পুং, জাতিবিশেস, রাজমিস্ত্রী, স্থপতি।
লেপন, (লিপ+অনট—ভা, ণ) সং,ক্লীং, বিলেপন। লেপা। ম্রক্ষণ। ম্রক্ষণসাধন বস্তু, মাখিবার দ্রব্য। [লেপনযোগ্য।
লেপ্য, (লিপ+ঘ্যণ—র্ম্ম) বিং, ত্রিং,
লেপ্যময়ী,(লেপ্য=লেপন ময়ট—প্রং) =কাষ্ঠাদিতে নির্ম্মিত হইয়া যাহা লেপিত হয়) সং, স্ত্রীং, কাষ্ঠাদি নির্ম্মিত পুত্তলিকা, কাঠের পুতুল প্রভৃতি। বিগ্রহ।
লেপ্যস্ত্রী, (লেপ্য=লেপন—স্ত্রী=স্ত্রীলোক) সং, স্ত্রীং, যে স্ত্রীর গাত্র সুগন্ধি দ্রব্যদ্বারা সুবাসিত।
লেফাফা, (যবনভাষা) সং, পত্রাদির আবরক কাগজবিশেষ, মোড়ক। থাম।
লেয়, (লী=গমনকরা+ণ্যৎ—প্রং) সং,পুং, সিংহরাশি।
লেলিহান, (লিহ+যঙ=পুনঃপুনঃ আস্বাদনকরা+শাণ—ক) সং, পুং, শিব। সর্প। বিং, ত্রিং, বারম্বার। লেহনকারী। না—স্ত্রীং, অঙ্গুল্যাদি মুদ্রাবিশেষ।
লেশ, (লিশ=অল্পহওয়া+ঘঞ—প্রং)সং, পুং, কণা, বিন্দু। অল্প, কিঞ্চিৎ। শ্লেষ।
লেষ্টু, (লিশ+তু—প্রং)সং, পুং, লোষ্ট্র, ঢিল ঢেলা।
লেষ্টুঘ্ন, লেষ্টুভেদন } লেষ্টু=লোষ্ট্র—ঘ্ন=নাশ, ভেদন, ভঙ্গন) সং, পুং, লোষ্ট্র-ভঙ্গসাধন মুদ্গর, ডেলা-ভাঙ্গা মুগুর। মই।
লৈসিক, সং, পুং, হস্ত্যারোহী।
লেহ, (লিহ্=আস্বাদনকরা+ঘঞ্—ভা, র্ম্ম) সং, পুং, লেহন, আস্বাদন, চাটা। ভক্ষণ। বিং, ত্রিং, আস্বাদ্য, ভক্ষ্য, খাদ্য।
লেহন, (লিহ+অনট্—ভা) সং, ক্লীং, জিহ্বাদ্বারা রসগ্রহণ, আস্বাদন, চাটন, ভক্ষণ।
লেহী, (লেহিন্, লেহ দেখ+ইন্—ক) বিং, ত্রিং, লেহনকারী, আস্বাদনকারী।
লেহিন্, (লেহ দেখ+ইন্—প্রং) সং, পুং, টঙ্কণ, সোহাগা।
লেহ্য, (লিহ+ঘ্যণ—র্ম্ম) বিং, ত্রিং, জিহ্বা দ্বারা আস্বাদ্য, লেহনীয়। সং, ক্লীং, অমৃত।
লৈঙ্গ, (লিঙ্গ+ষ্ণ—ইদমর্থে) সং, ক্লীং, লিঙ্গপুরাণ। বিং, ত্রিং, লিঙ্গসম্পর্কীয়।
লোক, (লোক্=দেখা+ঘঞ্—র্ম্ম, ভা) সং, পুং, মনুষ্য। ভুবন, জগৎ, স্বর্গ, মর্ত্ত্য, পাতাল—ভূঃ, ভুবঃ, স্বঃ, মহঃ, জনঃ, তপঃ, সত্য। দৃষ্টি। সমূহ।
লোকচক্ষুঃ, লোকলোচন, } (লোকচক্ষুস্, লোক =জগৎ—চক্ষুস্, লোচন=নেত্র) সং, পুং, দিবাকর, সূর্য্য।
লোকজিৎ, (লোক=জগৎ—জিৎ=যে জয় করে) সং, পুং, বুদ্ধদেব।
লোকন, (লোক=দেখ+অনট্—ভা) সং, ক্লীং, অবলোকন, দর্শন। দেখা। দৃষ্টিকর।

লোকনাথ, (লোক=জগৎ—নাথ=প্রভু) সং, পুং, ব্রহ্মা। বিষ্ণু। শিব। রাজা।

লোকপাল, (লোক—পাল=যে পালন করে, ২য়া—ষ) সং, পুং, নৃপ, রাজা। অষ্টদিক্‌পাল। "ইন্দ্র, অগ্নি, যম, বরুণ, নৈঋত, বায়ু, কুবের, শিব।,

লোকপ্রবাদ, লোকবাদ, (লোক—প্রবাদ=সংবাদ=কথন) সং, পুং, কিংবদন্তী। জনশ্রুতি, যাহা সচরাচর লোকে বলিয়া থাকে।

লোকবান্ধব, (লোক=জগৎ—বান্ধব=বন্ধু) সং,পুং সূর্য্য। দিবাকর। সবিতা। তপন।

লোকমাতা, (লোকমাতৃ, লোক=জগৎ—মাতৃ=মা) সং, স্ত্রীং, লক্ষ্মী, কমলা। পদ্মা।

লোকযাত্রা, (লোক=ভুবন—যাত্রা=গমন, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, সংসারযাত্রা, জীবন।

লোকযাত্রাবিধান নীতিশাস্ত্রবিশেষ, যদ্দ্বারা সংসারযাত্রা নির্ব্বাহের উপায় শিক্ষা হয়।

লোকরঞ্জন, (লোক—রঞ্জন=প্রীতিসম্পাদন) সং.ক্লীং, লোকের প্রীতি সম্পাদন, লোককে সন্তুষ্ট করা।

লোকবাহ্য, (লোক=মনুষ্য—বাহ্য=বহির্ভূত) বিং, ত্রিং, আচারভ্রষ্ট। লোকবহির্ভূত, সমাজচ্যুত। লোকবহনীয়।

লোকস্থিতি, সং, স্ত্রীং, জনসমাজ। লোকমর্য্যাদা।

লোকান্তর, (লোক—অন্তর=অন্য) সং, ক্লীং, পরলোক, অন্যলোক। স্বর্গ।

লোকান্তরিত, (লোকান্তর—ইত=গত) বিং, ত্রিং, পরলোকগত, মৃত।

লোকায়ত, (লোক=ভুবন—আ—যৎ=যত্নকরা+অচ্—প্রং, অথবা লোক—আয়ত=বিস্তীর্ণ, ৭মী—ষ) সং, ক্লীং, নাস্তিকদর্শন শাস্ত্র, চার্ব্বাক মত। নাস্তিকতা।

লোকায়তিক, (লোকায়ত+ষ্ণিক—প্রং) বিং, ত্রিং, চার্ব্বাকমতাবলম্বী। নাস্তিক।

লোকারণ্য, (লোক—অরণ্য=বন, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, লোকসমূহ, জনতা। ভিড়।

লোকালোক, (লোক+আলোক) সং, পুং, ব্রহ্মাণ্ড-বেষ্টন পর্ব্বতবিশেষ। সূর্য্যকিরণ থাকাতে ইহার একদিকে আলোক ও তদভাবে অন্যদিকে অন্ধকার।

লোকেশ, (লোক=ভুবন—ঈশ=ঈশ্বর, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ব্রহ্মা। রাজা।

লোকোত্তর, (লোক—উত্তর) বিং, ত্রিং, অলৌকিক, লোকাতীত। অসামান্য। অসাধারণ।

লোচ,(লোচ্=দীপ্তিপাওয়া+অচ্—প্রং) সং, ক্লীং, অশ্রু, রোদন, বারি।

লোচক, (লোচ্+ণক—প্রং) সং, পুং, নয়নগোলক, চক্ষুর তারা। কজ্জল। মাংসপিণ্ড। ভ্রূভঙ্গ। স্ত্রীলোকের ললাটভূষণ। নির্ম্মোক। নীলবস্ত্র। নির্ব্বুদ্ধিতা। কর্ণভূষণ। ধনুর্জ্যা। কদলী। ভ্রূশ্লথচর্ম্ম।

লোচন, (লোচ্=দর্শনকরা+অনট—ণ, ভা) সং, ক্লীং,অক্ষি, চক্ষুঃ, নয়ন। দৃষ্টি। দর্শন। আলোচনা। "হ্রীযন্ত্রণামানশিরে মনোজ্ঞাং অন্যোন্যলোলানি হি লোচনানি" রং।

লোচ্চা, (দেশি) সং, লম্পট, কামুক। পরস্ত্রী পরায়ণ। বেশ্যাসক্ত।

লোণা, (লবণশব্দহইতে) বিং, লবণাক্ত।

লোত, লোত্র (লূ=ছেদন করা+ক্ত, ত্র—প্রং) সং, ক্লীং, লোপ্ত্র, স্তেয়ধন। অপহৃত বস্তু, চোরাই জিনিষ। লুঠ। পুং,—ক্লীং, অশ্রু, নেত্রজল। চিহ্ন।

লোধ, লোধ্র (রুধ্=আবরণ করা+অল্, রণ—প্রং। র=ল) সং, পুং, শ্বেতবর্ণ বৃক্ষবিশেষ, লোধগাছ।

লোপ, (লুপ্+ঘঞ্—ভা) সং, পুং, অপচয়,ভ্রংশ, নাশ। অভাব, তিরোভাব, অন্তর্দ্ধান। অদর্শন। গুপ্তি।

লোপা, লোপামুদ্রা (লোপ—অমুদ্রা=

[অ—মুদ্=হর্ষ—রা=দান বা গ্রহণকরা +অ, আপ্]) সং, স্ত্রীং, অগস্ত্য-পত্নী। যিনি পতি শুশ্রূষার লোপে অমুদ্রা, অর্থাৎ পতির সেবা না করিলে যাঁহার আনন্দ জন্মে না।)

লোপাক, লোপাপক, লোপাশক, } (লুপ =ছেদন করা+ আক—প্রং। লোপ নষ্ট মাংস বা খাদ্য—আপ্ =পাওয়া+ণক—প্রং। লোপ—অশ্= ভক্ষণ করা+ণক—প্রং) সং, পুং, গোমায়ু, শৃগাল, শিয়াল, শিবা। পিকা, শিকা—স্ত্রীং, শৃগালী। খেঁকশিয়ালী।

লোপ্তৃ, (লুপ্=লোপকরা+ত্র—প্রং) সং, ক্লীং, প্ত্রী—স্ত্রীং, অপহৃত দ্রব্য, স্তেয়-ধন, চোরা বস্তু।

লোভ, (লুভ্=লাভাকাঙ্ক্ষী হওয়া+ঘঞ্— ভা) সং, পুং, লিপ্সা, আকাঙ্ক্ষা, পর-দ্রব্যগ্রহণে অভিলাষ।

লোভনীয়, (লোভ দেখ,+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, লোভজনক, স্পৃহণীয়। কাম্য। প্রার্থ্য।

লোভী, (লোভিন্, লোভ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, লোলুপ, লুব্ধ। লোভবিশিষ্ট, আকাঙ্ক্ষী।

লোভ্যমান, (লোভ দেখ+শানচ্—র্ম্ম। য, ম—আগম) বিং, ত্রিং, আকৃষ্যমাণ। যে লুব্ধ হয়, বা যাহাকে লুব্ধ করিতে পারা যায়।

লোম, (লোমন্, লূ=ছেদনকরা+মন্— প্রং) সং, পুং, শরীরজাত কেশ, রোঁয়া ক্লীং, পুচ্ছ, লেজ। লাঙ্গুল।

লোমকর্ণ, (লোমন্=লোমবহুল—কর্ণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শশক, খরগোশ।

লোমঘ্ন, (লোমন্=কেশ—ঘ্ন=নাশক) সং, ক্লীং, ইন্দ্রলুপ্তক, টাক। বিং, ত্রিং, লোমনাশক।

লোমজ, (লোমন্=লোম-জ=উৎপন্ন) বিং, ত্রিং, পশমি কাপড় প্রভৃতি। [বিশেষ।

লোমপাদ, সং, পুং, অঙ্গদেশীয় রাজা-

লোমবিষ, (লোমন্=লোম—বিষ) সং, পুং, যে জন্তুর লোম বিষাক্ত, বিড়াল ব্যাঘ্র প্রভৃতি।

লোমশ, (লোমন্+শ—অস্ত্যর্থে) বিং, ত্রিং, লোমবিশিষ্ট। সং, পুং, মুনিবিশেষ। মেষ।

লোমশমার্জ্জার, (লোমশ=অতিশয় লোম-যুক্ত—মার্জ্জার=বিড়াল) সং, পুং, গন্ধ-বিড়াল। গন্ধগোকুলা।

লোমহর্ষণ—ক্লীং, লোমাঞ্চ পুং, (লোম—হর্ষণ=হৃষ্টহওয়া—৬ষ্ঠী—ষ) সং, পুং, রোমাঞ্চ। পুং, পুরাণবক্তা মুনিবিশেষ, সূত। বিং, ত্রিং, রোমাঞ্চকারক।

লোমহৃৎ, (লোমন্, লোম—হৃৎ=হরণ-কারী) সং, পুং, হরিতাল।

লোমালিকা, (লোমন্=লোম—আলী= শ্রেণী+কণ—যোগ) সং, স্ত্রীং, জম্বুকী, শৃগালী, খেঁকশিয়ালী।

লোল, (লোড্=উন্মত্তহওয়া+অল—প্রং) বিং, ত্রিং, চঞ্চল। চালিত। "লোলাল-কস্ফুরিতং" কালিদাস। ইচ্ছুক, অভি-লাষী। সতৃষ্ণ, লোভী, লোলুপ। লা— স্ত্রীং, জিহ্বা, রসনা। লক্ষ্মী, কমলা, পদ্মা।

লোলায়মান, (লোল+আয়, শান—ক, ম—আগম) বিং, ত্রিং, দোলায়মান। দোদুল্যমান। আন্দোলিত।

লোলিত, (লুল্+ণিচ্+ক্ত—প্রং) বিং, ত্রিং, চালিত, চঞ্চল, কম্পমান। বেপ-মান। আলগা, শ্লথ। ঝোলা।

লোলুপ, লোলুভ, (লুভ্+যঙ্+অল্— প্রং) সং, পুং, অভিলাষী, ইচ্ছুক। অতি লোভী। আসক্ত। রত। প্রবণ।

লোষ্ট, লোষ্ট্র—পুং—ক্লীং, লোষ্টু—পুং, (লোষ্ট=রাশিকরা+ঘঞ্—র, উ—প্রং) সং, মৃৎখণ্ড, ডেলা, ঢিল, পাটখেল। ক্লীং, লোহময়। মরিচা।

লোহ, (লূ=ছেদন করা+বিচ্+ড—প্রং) সং, পুং—ক্লীং, লৌহ, লোহা। ধাতু।

অস্ত্রবিশেষ। রুধির, রক্ত। ক্লীং, অগুরু চন্দন, কৃষ্ণচন্দন।

লোহকান্ত, (লোহ=লোহা—কান্ত=প্রিয়, আকর্ষক) সং, ক্লীং, অয়স্কান্তমণি, চুম্বক

লোহকার, (লোহ—কার যে করে, ২য়া—ষ) সং, পুং, কর্ম্মকার, কামার।

লোহকিট্ট, } (লোহ=লোহা-কিট্ট=কা-
লোহচূর্ণ, } ইট বা মল।-চূর্ণ=গুঁড়া) সং, ক্লীং, লৌহমল, লোহার মরিচা।

লোহজ, (লোহ=লোহা—জ=উৎপন্ন) সং, ক্লীং, কাংস্য, কাঁসা।

লোহদ্রাবী, } (লোহদ্রাবিন্, লোহ=
লোহশ্লেষণ, } ধাতু—দ্রাবিন্=যে দ্রব করে। লোহ=ধাতু—শ্লিষ্=সংযুক্ত হওয়া, দগ্ধ করা ইত্যাদি+অনট্—প্রং) সং, পুং, টঙ্কণ, সোহাগা।

লোহনাল, (লোহ=লোহা—নাল) সং, পুং, লৌহময় বাণ, নারাচ।

লোহপৃষ্ঠ, (লোহ=লোহবৎ কঠিন—পৃষ্ঠ=পিঠ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পক্ষিবিশেষ কঙ্কপক্ষী, কাঁকপাখী।

লোহময়, (লোহ+ময়ট্—বিকারার্থে) বিং, ত্রিং, লৌহনির্ম্মিত। লৌহদ্বারা প্রস্তুত।

লোহল, (লোহ=লোহা—লা পাওয়া+ড—প্রং) বিং, ত্রিং, যে ব্যক্তির কথা স্পষ্ট বুঝা যায় না। অস্ফুটভাষী। অব্যক্তবাক্।

লোহবর, (লোহ=ধাতু—বর=শ্রেষ্ঠ) সং, ক্লীং, স্বর্ণ, সোণা, সুবর্ণ। চামীকর। কনক।

লোহাভিসার, } (লোহ=শস্ত্র—অভি
লোহাভিহার, } =চতুর্দ্দিকে-সৃ=গমন করা. হৃ=লওয়া+ড—পুং) সং, পুং, যুদ্ধগমন করিবার পূর্ব্বে শস্ত্রধারী রাজগণকে দীপাদি দান দ্বারা অভ্যর্থনা করা। অস্ত্রশস্ত্র মার্জ্জনা করা।

লোহিকা, (লোহ=লোহা+কণ—প্রং) সং, স্ত্রীং, কটাহ প্রভৃতি লোহপাত্র।

লোহিত, (রুহ=উৎপন্ন হওয়া+ইত—প্রং, র=ল) বিং, ত্রিং, রক্তবর্ণযুক্ত। সং, পুং, রক্তবর্ণ, রাঙা, রং, বর্ণ। রোহিত মৎস্য, রুইমাছ। মৃগবিশেষ। সর্প। মঙ্গলগ্রহ। ক্লীং, শোণিত, রুধির। কুঙ্কুম। রক্তচন্দন। সংগ্রাম, যুদ্ধ।

লোহিতক, (লোহিত+কণ—যোগ) সং, পুং, পদ্মরাগমণি। মঙ্গলগ্রহ। ক্লীং, পিত্তল, পিতল।

লোহিতচন্দন, (লোহিত=রক্তবর্ণ—চন্দন) সং, ক্লীং, রক্তচন্দন। কুঙ্কুম।

লোহিতাক্ষ, (লোহিত=রক্তবর্ণ—অক্ষি=চক্ষুঃ, ৬ষ্ঠী—হিং, অ—প্রং) সং, পুং, বিষ্ণু। কোকিল। বিং, ত্রিং, যাহার রক্তবর্ণ চক্ষুঃ।

লোহিতাঙ্গ, (লোহিত=রক্তবর্ণ—অঙ্গ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মঙ্গলগ্রহ।

লোহিতায়স্, } (লোহিত=রক্তবর্ণ—
লোহিতায়স, } অয়স্—লৌহ। লোহিত+অয়স্+অ—প্রং) সং, ক্লীং, তাম্র, তাঁবা।

লোহিনী, (লোহিত=রক্তবর্ণ+ঈপ্—প্রং। ত=ন) সং, স্ত্রীং, রক্তাঙ্গী কামিনী। রক্তবর্ণা স্ত্রী।

লোহোত্তম, (লোহ=ধাতু—উত্তম=শ্রেষ্ঠ) সং, ক্লীং, কাঞ্চন। সুবর্ণ। সোণা।

লৌ, (লোহিত শব্দজ) সং, লৌহ, লোহা। ঔষধিবিশেষ।

লৌকায়তিক, (লোকায়ত+ষ্ণিক—প্রং) সং, পুং, নাস্তিক। চার্ব্বাক মতাবলম্বী।

লৌকিক, (লোক+ষ্ণিক—হওয়া অর্থে, জ্ঞাতার্থ) বিং, ত্রিং, লোক প্রসিদ্ধ। লোকসম্বন্ধীয়, মানুষিক। সাংসারিক। পার্থিব। লোকব্যবহারসিদ্ধ।

লৌতেয়, লূতাবর্গ। মাকড়সা সমূহ।

লৌল্য, (লোল+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, চাঞ্চল্য। স্পৃহা। লোভ, ইচ্ছা, কামনা, বাসনা। চাপল্য।

লৌহ, (লোহ+ষ্ণ—স্বার্থে) সং, পুং,

—ক্লীং, ধাতুবিশেষ, লোহা। অয়ঃ।

লৌহবর্ত্ম, (লৌবর্ত্মন্, লৌহ=লোহা—বর্ত্মন্=পথ) সং, ক্লীং, লৌহনির্ম্মিত পথ, রেলওয়ে। কলের গাড়ীর রাস্তা।

লৌহভাণ্ড, (লৌহ—ভাণ্ড=পাত্র) সং, পুং, হামামদিস্তা।

লৌহিত্য, (লোহিত+ণ্যৎ—ভাবে) সং, ক্লীং, রক্তবর্ণ। পুং, নদবিশেষ। সমুদ্র।

লৌহিত্যা, (লোহিত+ষ্ণ্য, আপ—প্রং) সং, স্ত্রীং, কামরূপদেশের উত্তরদিক্প্রবাহিনী নদীবিশেষ।

ব

ব, ব্যঞ্জনের ঊনত্রিংশ অক্ষর। (বা=বধকরা+ড—প্রং) সং, পুং, পবন, বায়ু। বরুণ। রাহু। বরুণালয়। সান্ত্বনাকর। ক্লীং, মন্ত্রবিশেষ। বস্ত্র। অং, সাদৃশ্য।

বউনি, (বহনশব্দজ) সং, বহনের বেতন। ব্যবসায়ী লোকে সর্ব্বপ্রথমে বিক্রেয়দ্রব্য বিক্রয় করিয়া যে মূল্য পায়।

বংশ, (বম্=বমনকরা+শ—নামার্থে। যে পূর্ব্বপুরুষদিগকে বমন করে) সং, পুং, অন্বয়, কুল, গোত্র। সমান গোত্রোৎপন্ন, পূর্ব্বপুরুষ বা সন্ততি। (বম্=উদ্গীরণকরা বা বন্=শব্দকরা+শ—নামার্থে। যে বমন করে বা যে বায়ুদ্বারা শব্দ করে। কিম্বা বন—শী=শয়নকরা+ড—প্রং। যে বনে শয়ন, বাসকরে) বাঁশ। বাঁশী। ইক্ষু। স্বরবিশেষ। সমূহ। ঝাড়। বর্গ। গৃহের উর্দ্ধকাষ্ঠ। মেরুদণ্ড। পৃষ্ঠদণ্ড, পিঠের দাঁড়া।

বংশক, (বংশ+কণ—যোগ) সং, পুং, মৎস্যবিশেষ, বাঁশপাতা মাছ। ইক্ষুবিশেষ। ক্লীং, অগুরু চন্দন।

বংশকফ, (বংশ=বাঁশ—কফ) সং, ক্লীং, আকাশে উড্ডীয়মান সূত্র, বুড়ীর সুতা।

বংশক্ষীরী, (বংশ=বাঁশ—ক্ষীর=গাঢ় দুগ্ধ) সং, স্ত্রীং, বংশলোচনা।

বংশজ, (বংশ—জ=যে জন্মে, পঞ্চমী—ষ) বিং, ত্রিং, সৎকুলোৎপন্ন, সৎবংশজাত। জা—স্ত্রীং, বংশলোচনা।

বংশধর, (বংশ—ধৃ=যে ধারণ করে) বিং, ত্রিং, সন্তান। কুলরক্ষক, বংশপ্রবর্ত্তক, কুলবর্দ্ধন, কুলোদ্বহ। বংশের স্থাপয়িতা।

বংশনালিকা, (বংশ=বাঁশী—নাল=চোঙ্গা+কণ—প্রং) সং, স্ত্রীং, বংশী, বাঁশী।

বংশপত্রক, (বংশ=বাঁশ—পত্র=পাতা) সং, পুং, বাঁশপাতা মাছ। ইহার আকার বাঁশের পাতার ন্যায়। নল, খাগড়া। সাদা ইক্ষু। পুড়ি আক্। ক্লীং, হরিতাল।

বংশপত্রপতিত, সং, ক্লীং, ছন্দোবিশেষ।

বংশমর্য্যাদা, সং, স্ত্রীং, বংশপরম্পরায় প্রাপ্ত গৌরব, কুলক্রমাগতমর্য্যাদা। রাজদত্ত উপাধি, খেতাব।

বংশরোচনা, বংশলোচনা, বংশশর্করা, (বংশ—রুচ্=দীপ্তিপাওয়া অনট্, আপ্-প্রং, সপ্তমী—ষ) সং, স্ত্রীং, বাঁশের পর্ব্বের অভ্যন্তরে উৎপন্ন শ্বেতবর্ণ ঔষধবিশেষ, বংশলোচনা; ইহা ঔষধে ব্যবহার হয়।

বংশস্থ, (বংশ—স্থ=যে থাকে) সং, ক্লীং, ছন্দোবিশেষ। বিং, ত্রিং, বংশে স্থিত।

বংশস্থবিল, সং, ক্লীং, দ্বাদশাক্ষরচ্ছন্দোবিশেষ, যাহার ১ম ৩য় ৬ষ্ঠ ৭ম ৯ম ১২শ বর্ণ লঘু, অবশিষ্ট গুরু।

বংশাগ্র—ক্লীং, বংশাঙ্কুর—পুং (বংশ—অগ্র=অঙ্কুর, ৬ষ্ঠী—ষ) সং, বংশপ্ররোহ। বাঁশের কোঁড়া।

বংশানুচরিত, (বংশ—অনু=অনুক্রম—চরিত=কৃতব্যবহার) সং, ক্লীং, বংশের চরিত্র বর্ণনা।

বংশাবলী, (বংশ—আবলী=শ্রেণী) সং, স্ত্রীং, পূর্ব্বপুরুষদের নামাবলী। কুলজী।

বংশিক, (বংশ+ষ্কিক—সংজাতার্থে) সং, ক্লীং—স্ত্রীং, অগুরু চন্দন। কৃষ্ণচন্দন। বিং, ত্রিং, বংশোৎপন্ন, কুলজাত। কা—

স্ত্রীং, মুরলী, বংশী। বেণু, বাঁশী।

বংশী, (বংশ+ঈপ্—প্রং) সং, স্ত্রীং, বাঁশী, বেণু, মুরলী।

বংশীধর, (বংশী—ধর=যে ধরে৷ দ্বিতীয়া—ষ) সং, পুং, কৃষ্ণ, বংশীধারী।

বংশীয়, বংশ্য, (বংশ+অনীয়, ষ্য—ভ-বার্থে) বিং, ত্রিং, বংশোদ্ভব। সদ্বংশজাত। সৎকুলোৎপন্ন। সম্ভ্রান্ত। ছদ্মবেশী।

বক, (বচ্=বলা+অল্—র্ম্ম) সং, পুং, স্বনামপ্রসিদ্ধ জলচর পক্ষিবিশেষ। পুষ্পবৃক্ষবিশেষ, বকফুলের গাছ। বাক্সানা গাছ, দৈত্যবিশেষ, বকাসুর; রাক্ষসবিশেষ। যন্ত্রবিশেষ। কুবের। "হংসসারসকাচাক্ষবকক্রৌঞ্চসরারিকাঃ। নন্দীমুখী সকাদম্বা বলাকাদ্যাঃ প্লবাঃ স্মৃতাঃ। প্লবন্তে সলিলে যস্মাৎ এতে তস্মাৎ প্লবাঃ স্মৃতাঃ"।

বকজিৎ, বকনিসূদন, বকবৈরী, (বক=দৈত্যবিশেষ—জিৎ=যে জয় করে। নিসূদন=যে বধ করে, ২য়া—ষ। বকবৈরিন্, বক=দৈত্যবিশেষ—বৈরিন্=শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ভীম। কৃষ্ণ। ভীম বক নামক রাক্ষসকে এবং শ্রীকৃষ্ণ বক নামক দৈত্যকে সংহার করিয়া ছিলেন।

বকন, (বাক্শব্দ হইতে) সং, অনর্থক ভাষণ, জল্পন। বক্ বক্ করা। নিষ্প্রয়োজনে অধিক কথা কওয়া।

বকনা, (দেশি) সং, অল্পবয়স্কা গবী। যে বাছুরের এখনও গর্ভ হয় নাই বা বাছুর হয় নাই।

বকপঞ্চক, সং, ক্লীং, কার্ত্তিক শুক্লপক্ষের একাদশী অবধি পূর্ণিমা পর্য্যন্ত পাঁচ তিথি।

বকবৃত্তি, বকব্রতী, (বক—বৃত্তি=জীবিকা। বকব্রতিন্, বক—ব্রত+ইন্—অস্ত্যর্থে। যে বকের ন্যায় গাম্ভীর্য্যাদি ভাণ করিয়া জীবিকা নির্ব্বাহ করে) বিং, ত্রিং, বঞ্চক, শঠ। প্রতারক। বধাধার্ম্মিক। সং, পুং, ভণ্ড ধূর্ত্ত ও স্বার্থপর ব্যক্তি, ছদ্মবেশী।

বর্করী, (বর্করী শব্দ হইতে) সং, ছাগী, স্ত্রীছাগ। ধাড়ীছাগল। [মৃগতৃষ্ণিকা।

বকাণ্ডপ্রত্যাশা, সং, স্ত্রীং, বৃথা আশা।

বকুল, (বচ = বলা+উল—সংজ্ঞার্থে, কবিগণ যাহা বর্ণনা করিয়াছেন) সং, পুং, পুষ্পবৃক্ষবিশেষ, বকুল গাছ। ক্লীং, বকুল পুষ্প।

বকেয়া, (যবনভাষা) সং, অবশেষ, বাকি, বক্রী। পুরাতন। আদিম।

বকেরুকা, (বক—পক্ষিবিশেষ, বা বক্র—ঈর্ গমন করা বা হওয়া+উক—প্রং) সং, স্ত্রীং, বলাকা, বকশ্রেণী, বকপঙক্তি। বায়ুদ্বারা নত শাখা।

বকোট, (বক্=বক্রহওয়া+ওট—প্রং) সং, পুং, বকপক্ষী। ক্রৌঞ্চ।

বক্তব্য, (বচ=বলা+তব্য—র্ম্ম) বিং, ত্রিং, বচনীয়, কথনীয়, নিন্দনীয়। বলিবার উপযুক্ত। সং, ক্লীং, কথন। নিন্দা।

বক্তা, (বচ+শতৃ—ক) বিং, ত্রিং, কথক। বাক্পটু, বক্তৃতাশক্তিযুক্ত।

বক্তৃতা, (বক্তৃ+তা—ভাবে) সং, স্ত্রীং, বাগ্মিতা, বাক্পটুতা, বলিবার শক্তি। বাগবিন্যাস।

বক্ত্র, (বচ+ত্র—প্রং) সং, ক্লীং, আনন বদন, মুখ, আস্য। ছন্দোবিশেষ।

বক্ত্রখুর, (বক্ত্র=মুখ—খুর) সং, পুং দন্ত, দাঁত। বদন।

বক্ত্রজ, (বক্ত্র=মুখ—জ=জাত) সং, পুং ব্রাহ্মণ; ব্রাহ্মণ ব্রহ্মার মুখ হইতে জন্মিয়াছিলেন। বিং, ত্রিং, মুখজাত।

বক্ত্রপট্ট, (বক্ত্র=মুখ—পট্ট= বস্ত্র) সং, পুং, মুখবদ্ধ থালি। অশ্বাদির মুখবদ্ধ শস্যপূর্ণ থলিয়া। তোবড়া।

বক্ত্রভেদী, (বক্ত্রভেদিন্, বক্ত্র=মুখ—ভেদিন্=যে ভেদ করে) সং, পুং, তিক্তরস। বিং, ত্রিং, মুখবিদারক।

বক্ত্রাসব, (বক্ত্র=মুখ—আসব = মদ্য, মধু) সং, পুং, মুখামৃত, লালা।

বক্র, (বন্‌ক্=কুটিল হওয়া+রক্—প্রং) সং, পুং, নদীর বাঁক, তেঁক। পুং, শনিগ্রহ। মঙ্গলগ্রহ। বিং, ত্রিং, অনৃজু, কুটিল, ক্রূর। বাঁকা। টেরা।

বক্রগ্রীব, (বক্র=বাঁকা—গ্রীবা, ৬ষ্ঠী—হিং),সং, পুং, উষ্ট্র, উট। বিং, ত্রিং, যাহার গলা বাঁকা।

বক্রচঞ্চু, বক্রতুণ্ড, (বক্র=বাঁকা—চঞ্চু=ঠোঁট, তুণ্ড=মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শুকপক্ষী।

বক্রদংষ্ট্র, (বক্র=বাঁকা—দ্রংষ্ট্রা=বড় দাঁত ৬ষ্ঠী—হিং) সং, পুং, শূকর, বরাহ। কোল।

বক্রনক্র, (বক্র=বাঁকা—নক্র =নাসিকা ইত্যাদি) সং, পুং, পিশুন, খল। শুকপক্ষী।

বক্রনাসিক, (বক্র = বাঁকা—নাসিকা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পেচক। উলূক। বিং, ত্রিং, যাহার নাসিকা বাঁকা।

বক্রপুচ্ছ, বক্রবালধি, (বক্র=বাঁকা—পুচ্ছ, বালধি=লেজ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কুক্কুর, সারমেয়। বক্রলাঙ্গুল, বাঁকা লেজ।

বক্রভণিত,(বক্র=বাঁকা—ভণিত=কথিত) সং, ক্লীং, শব্দালঙ্কার বিশেষ, বক্রোক্তি, শ্লেষবাক্য, যথা,—"অহো কেনেদৃশী বুদ্ধির্দারুণাতবনির্ম্মিতা। ত্রিগুণা শ্রূয়তে বুদ্ধির্নতু দারুময়ী কচিৎ"॥

বক্রম, (অব=বিপরীত—ক্রম্=গমনকরা +অল্—প্রং। অ—লোপ) সং, পুং, পলায়ন, প্রস্থান।

বক্রলাঙ্গুল,(বক্র—বাঁকা—লাঙ্গুল=লেজ) সং, পুং, কুক্কুর,শ্বা। ক্লীং, বক্রপুচ্ছ। বাঁকালেজ।

বক্রবক্ত্র, (বক্র =বাঁকা—বক্ত্র=মুখ, ৬ষ্ঠী —হিং) সং, পুং, শূকর বিং, ত্রিং, যাহার মুখ বাঁকা।

বক্রাঙ্গ, (বক্র=বাঁকা—অঙ্গ = অবয়ব) সং, পুং, হংস। ক্লীং, বাঁকা অঙ্গ।

বক্রি, (বচ=বলা+ক্রি—প্রং) বিং, ত্রিং, মিথ্যাবাদী। অনৃতভাষী।

বক্রিম, বক্রিমন্ (বক্র =কুটিল+ইমন্—ভাবে),সং, পুং, বক্রতা। কৌটিল্য, শঠতা। অসারল্য।

বক্রোক্তি, (বক্র=বাঁকা—উক্তি, যং—স) সং,স্ত্রীং, দ্ব্যর্থ উক্তি। শব্দের অলঙ্কারবিশেষ, শ্লেষবাক্য, ব্যঙ্গোক্তি।

বক্রোষ্ঠিকা, (বক্র=বাঁকা—ওষ্ঠ=ঠোঁট+কণ—প্রং) সং, স্ত্রীং, মৃদু মৃদু হাসি। স্মের। মুচকি হাসি। স্মিত,ঈষৎ হাস্য।

বক্ষঃ, (বক্ষস্, বক্ষ্=সংহত হওয়া+অস্ —প্রং) সং.ক্লীং,বুক। উরঃস্থল। হৃদয়।

বক্ষস্পর্দ্ধিনী, সং, স্ত্রীং, অতিপ্রিয়া পত্নী। বেদে,—বৃষ। [বক্ষঃ। বুক। উরঃ।

বক্ষণ, (বক্ষঃ দেখ+অন—প্রং) সং, ক্লীং,

বক্ষোজ, বক্ষোরুহ (বক্ষস্—জ=যে জন্মে, রুহ=যে জন্মে, ৫মী—ষ) সং, পুং, পয়োধর, স্তন, কুচ।

বক্ষ্যমাণ, (বচ্=বলা+স্যমান—র্ম্ম),বিং, বিং,যাহা বলা যাইবে। বক্তব্য। বাচ্য।

বগল,(ম্লেচ্ছভাষা) সং,কক্ষদেশ,বাহুমূল।

বগাহ, (অব—গাহ্=স্নানকরা+ঘঞ্—ভা, অ—লোপ) সং, পুং, স্নান। অবগাহন। মজ্জন, জলাবতরণ। "পূর্ব্বাপরৌ তোয়নিধী বগাহ্য" কুমারসম্ভব।

বগ্নু, (বচ্=বলা+নু—প্রং। ব=গ) সং, পুং, বক্তা। কথক। বাগ্মী।

বঙ্ক, (বন্‌ক+ঘঞ্—প্রং) সং, পুং, নদীর বাঁক, টেক্। বিং, ত্রিং, বক্র, বাঁকা। ঙ্কা—স্ত্রীং,অশ্বাদির পৃষ্ঠাসন। পালান। পালানের প্রান্ত। [পুং, কণ্টক, কাঁটা

বঙ্কিল, (বঙ্ক=বক্রতা+ইল—প্রং) সং,

বঙ্ক্য, (বক্র দেখ+যৎ-র্ম্ম) বিং, ত্রিং,বক্র, বাঁকা। টেড়া। বাঁকান।

বঙ্কি, (বক্র দেখ+ক্রি—প্রং) সং, ক্লীং, পাঁজরা, পার্শ্বাস্থি, গৃহদারু। মুহুরি।

বাদ্যযন্ত্র বিশেষ।
বঙ্ক্ষণ, (বান্‌ছ=আকাঙ্ক্ষাকরা+অন—প্রং, নিপাতন,কিম্বা বক্ষঃ+অন—প্রং, ন—আগম) সং, ক্লীং, কুচকি,উরুসন্ধি।
বঙ্ক্ষু, (বক্ষ=সংহত হওয়া+উ—প্রং) সং, স্ত্রীং, গঙ্গার শাখাবিশেষ।
বঙ্গ, (বন্‌গ=খঞ্জ হওয়া+অল্—সংজ্ঞার্থে) সং, পুং, বাঙ্গালাদেশ। চন্দ্রবংশীয় বলিরাজার পুত্র। বেগুণ। কার্পাস। বহুবচনান্ত, হইলে,-বঙ্গদেশবাসী লোকসমূহ। ক্লীং, সীসক, সীসা। রঙ্গ, রাং। "রত্নাকরং সমারভ্য ব্রহ্মপুত্রান্তগং শিবে। বঙ্গদেশো ময়া প্রোক্তঃ সর্ব্বসিদ্ধিপ্রদর্শকঃ"।
বঙ্গজ, (বঙ্গ—জ=জাত) সং,ক্লীং,সিন্দুর। বিং, ত্রিং, বঙ্গদেশোৎপন্ন। বাঙ্গালি।
বঙ্গন, (বঙ্গ দেখ+অন—প্রং) সং, পুং, বেগুণ, বার্ত্তাকু।
বঙ্গশুল্বজ, (বঙ্গ=রাং—শুল্ব=তাম্র—জ =উৎপন্ন) সং, ক্লীং, পিত্তল। কাংস্য, কাঁসা।
বঙ্গসেন, (বঙ্গ=বাঙ্গালাদেশ—সি=বন্ধন করা+ন—প্রং) সং, বকফুলের গাছ। মুনিপুষ্প। [পুং, হরিতাল।
বঙ্গারি, (বঙ্গ=সীসক—অরি=শত্রু) সং,
বচ, (বচ=বলা+ড—প্রং) সং, পুং, শুকপক্ষী। চা—স্ত্রী, শারিকা। ঔষধবিশেষ, বচ্।
বচক্রু, (বচ দেখ+অক্রু—প্রং) বিং, ত্রিং, বহুভাষী, বাচাল। বৃথাজল্পনকারী। সদ্বক্তা। বাগ্মী। সং, পুং,ব্রাহ্মণ।
বচন, (বচ=বলা+অনট্—ভা, র্ম্ম),সং, ক্লীং, বাক্য, উক্তি। কথন। ঋষি প্রণীত ব্যবস্থাপ্রতিপাদক ধর্ম্মশাস্ত্রাদির পদ্য। সূত্র, কারিকা। ব্যাকরণে—সুপতিঙাদি বিভক্তি। পদের সংখ্যা। বিভক্তির একত্বাদি,একবচন দ্বিবচন ও বহুবচন।
বচনগ্রাহী, (বচনগ্রাহিন্,বচন—বাক্য—গ্রাহিন্=গ্রাহ্য, বাধ্য) বিং, ত্রিং, বচনেস্থিত। কথার বাধ্য। যে কথা শুনে।
বচনবদ্ধ, (বচন—বদ্ধ, ৭মী—ষ) বিং, ত্রিং, সত্যবদ্ধ, প্রতিশ্রুত। প্রতিজ্ঞাবদ্ধ।
বচনীয়, (বচ=বলা+অনীয়—প্রং) সং, ক্লীং, নিন্দা। বিং, ত্রিং, নিন্দনীয়। কথনীয়। বাচ্য।
বচনীয়তা, (বচনীয়+তা—ভাবে) সং, স্ত্রীং, অপবাদ। নিন্দা, কুৎসা।
বচনেস্থিত, (বচনে=বাক্যে—স্থিত যে থাকে) বিং, ত্রিং, কথার বাধ্য, বশ্য। সমঞ্জস।
বচর, সং, পুং, কুক্কুট। ধূর্ত্ত। শঠ, ঠক্।
বচলু, (বচ=বলা+অলু—প্রং) সং, পুং, অরি,শত্রু, রিপু। অপরাধ,আগঃ,দোষ।
বচঃ, (বচস্, বচ্=বলা+অস্—ভা) সং, ক্লীং, বচন, বাক্য, উক্তি, কথা।
বচসা, (বচস্ শব্দজ) সং, বাক্যব্যয়, বকাবকি। বাক্‌যুদ্ধ। বাগ্‌বিতণ্ডা।
বচসাম্পতি, সং, পুং,দেবগুরু, বৃহস্পতি।
বচোগ্রহ, (বচস্=বাক্য—গ্রহ=যে গ্রহণ করে) সং, পুং, কর্ণ, শ্রোত্র।
বজ্র, (বজ্=গমনকরা+রক্—সংজ্ঞার্থে) সং, পুং,—ক্লীং, কুলিশ, ইন্দ্রের অস্ত্রবিশেষ। বাজ। হীরক। অস্ত্র। বজ্রাকৃতিকচিহ্ন। শিশু। শিষ্য, ছাত্র। অম্ল অলাবু। তিল-কোরক। স্ফটিক। পুং, যোগবিশেষ, বিষ্কুম্ভাদি সপ্তবিংশতি যোগের একযোগ। যদুবংশীয়নৃপবিশেষ কৃষ্ণের প্রপৌত্র। কুশ। বিং, ত্রিং, কঠিন, কঠোর। অশ্মসার। বজ্রাকৃতি। হৃদ্বিদারক। অসহ্য।
বজ্রকঙ্কট, (বজ্র=বজ্রের ন্যায় কঠিন—কঙ্কট=বর্ম্ম) সং, পুং, হনূমান্। পবননন্দন। অঞ্জনাতনয়।
বজ্রচর্ম্মা, (র্ম্মন্) সং, পুং, খড়্গী, গণ্ডার।
বজ্রজিৎ, (বজ্র—জিৎ=যে জয় করে) সং, পুং, গরুড়, মুহুর্মুহুঃ বজ্রাঘাতেও ইহার শরীর ক্ষত বিক্ষত হয় নাই।
বজ্রজ্বালা, (বজ্র—জ্বালা=অগ্নিশিখা) সং,

স্ত্রীং, বিদ্যুৎ। বজ্রাগ্নি, বৈদ্যুতাগ্নি।
বজ্রতুণ্ড, (বজ্র=বজ্রের ন্যায় কঠিন—তুণ্ড =মুখ, ওষ্ঠাধর) সং, পুং, গরুড়। গৃধ্র। গণেশ। মশক। মৎকুণ।
বজ্রদন্ত, } (বজ্র বজ্রের ন্যায় কঠিন
বজ্রদশন, } —দন্ত, দশন=দাঁত) সং, পুং, শূকর। মূষিক।
বজ্রধর, বজ্রপাণি, বজ্রী, (বজ্র—ধর=যে ধরে, দ্বিতীয়া—ষ। বজ্র—পাণি=হস্ত, ৬ষ্ঠী—হিং। বজ্রিন্,বজ্র+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, ইন্দ্র, দেবরাজ। শক্র।
বজ্রনির্ঘোষ, } (বজ্র—নির্ঘোষ=শব্দ।
বজ্রনিষ্পেষ, } বজ্রনিষ্পেষ = পেষণ বা দুই বস্তুর পরস্পর প্রচণ্ড আঘাতের শব্দ) সং, পুং, বজ্রধ্বনি, বজ্রোৎপন্নশব্দ
বজ্রপুষ্প, (বজ্র=হীবক—পুষ্প) সং, ক্লীং, তিলপুষ্প, তিলফুল।
বজ্ররথ, সং, পুং, ক্ষত্রিয় জাতি। রাজন্য।
বজ্ররদ, (বজ্র=বজ্রের ন্যায় কঠিন—রদ =দন্ত) সং, পুং, শূকর।
বজ্রবল্লী, সং, স্ত্রীং, সূর্য্যমুখী ফুল।
বজ্রবরাহী, সং, স্ত্রীং, মায়া।
বজ্রাঙ্গ, (বজ্রের ন্যায় কঠিন—অঙ্গ=দেহ বা বস্তু) সং, পুং, ভুজঙ্গ। ভোগী। সর্প। ঙ্গী—স্ত্রীং, শস্যবিশেষ। বিং, ত্রিং, যাহার অঙ্গ বজ্রতুল্য কঠিন।
বজ্রী, (বজ্রিন্, বজ্র+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, বজ্রধারী,ইন্দ্র। জৈনমুনি। মহিষ।
বঞ্চক, (বন্চ=বঞ্চনাকরা+ণিচ্+ণক্) —ক) সং, পুং, শৃগাল, জম্বুক। বিং, ত্রিং, ধূর্ত্ত, শঠ, প্রতারক।
বঞ্চন, (বন্চ+অনট—ভা) সং, ক্লীং, না—স্ত্রীং, প্রতারণা, ছলনা। ঠকান। ঠকা। "বঞ্চনঞ্চাবমানঞ্চ মতিমান্ ন প্রকাশয়েৎ"। ছলনা "সদ্ভাবপ্রতিপন্নানাং বঞ্চনে কাবিকত্থনা"।
বঞ্চিত, (বন্চ+ণিচ্+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রতারিত, যে ঠকিয়াছে বর্জ্জিত। ত্যক্ত।

বঞ্চুক, (বন্চ+উক—ক) বিং, ত্রি বঞ্চক, প্রতারক।
বঞ্জুল, (বন্চ=গমনকরা+উল—সংজ্ঞ র্থে, চ=জ) সং, পুং, অশোকবৃক্ষ বেতসবৃক্ষ, বেতগাছ। পক্ষিবিশেষ লা—স্ত্রীং, পয়স্বিনী, দুগ্ধবতী গাভি বিং, ত্রিং, বক্র। বাঁকা।
বট, (বট্=বেষ্টনকরা+অল—ক, র্ম্ম সং, পুং, বৃক্ষবিশেষ, বড়গাছ। ন্যগ্রো কপর্দ্দক, কড়ি। পিষ্টকবিশেষ, বড়া বর্ত্তুলাকার বস্তু, গোল। সাদৃশ্য। ত্রি বৃহৎরজ্জু। গুণ,বেটে,দড়ী। টী-স্ত্রীং,ব
বটক, (বট+কণ—প্রং) সং, পুং, পি কবিশেষ, বড়া। অষ্ট মাস পরিমাণ টিকা—স্ত্রীং, গুটিকা, বড়ী।
বটর, (বট দেখ+অর—প্রং) সং, পু কুক্কুট। ধূর্ত্ত,শঠ। চৌর,তস্কর। মলিম্লু উষ্ণীষ, পাগড়ি। মাদুরি। তৃণ বিং বিং, ত্রিং চঞ্চল।
বটবাসী, (বটবাসিন্, বট=বড়গাছ-বাসিন্=যে বাস করে, সপ্তমী—স সং, পুং, সিনী—স্ত্রীং,উপদেবতাবিশে যক্ষ, যক্ষিণী। বিং, ত্রিং, যে বটবৃক্ষে বাস করে।
বটাকর, (বট=বেষ্টন—আকর যে ক সং, পুং,—স্ত্রীং, রজ্জু, দড়ী। গুণ।
বটাবীক, সং, পুং, প্রসিদ্ধ চোর।
বটি, বটী, (বট, বট্+ঈপ—প্রং) স স্ত্রীং, উপজিহ্বিকা, আলজিভ।
বটু, বটুক (বট্ বেষ্টনকরা, কিম্বা বট্ বলা+উ—সংজ্ঞার্থে। কণ্—স্বার্থে) স পুং, বালক। বালকব্রহ্মচারী। অজ্ঞ নির্ব্বোধব্যক্তি। ব্রাহ্মণকুমার। ব্রহ্মচারি ছাত্র, "নিবার্য্যতামালি কিমপ্যয়ং ব পুনর্ব্বিবক্ষুঃ স্ফুরিতোত্তরাধরঃ" কুমার সম্ভব। ভৈরব। ব্রহ্মচারিছাত্র।
বটুকরণ, (বটু=ব্রহ্মচারীছাত্র—কৃ=ক +অনট্—ভা, ঈ—আগম) সং, ক্লী যজ্ঞোপবীত, উপনয়নসংস্কার।

বঠর, (বচ=বলা+অর—প্রং। চ=ঠ) বিং, ত্রিং, শঠ। ধূর্ত্ত, বঞ্চক। মন্দ, জড়। সং, পুং, অম্বষ্ঠ, খচর, বৈদ্য। মূর্খ। অজ্ঞ।

বড়, (বড্রশব্দজ) বিং, বৃহৎ। শ্রেষ্ঠ।

বড়ভি—ভী (বল=আচ্ছাদন করা+অভি ই, ঈপ—প্রং, ল=ড) সং, স্ত্রীং, তৃণনির্ম্মিত গৃহের পাইড় প্রভৃতি। ছাদের উপরি কিছুদিনের জন্য গৃহ, চন্দ্রশালা।

বড়বা, (বর্গীয় ব দেখ) সং, স্ত্রীং, ঘোটকী। সমুদ্রস্থা ঘোটকী। অশ্বিনী।

বড়া, (বল=আচ্ছাদনকরা+অল্—সংজ্ঞার্থে, ল=ড) সং, স্ত্রীং, গোলাকার পিষ্টকবিশেষ, বটক। "কদলেনাথবা তালৈর্যুক্তং যত্তাণ্ডুলং পিড়ং। পিড়ং চূর্ণং বটো বড়া"। [অহঙ্কার।

বড়াই, (বড় শব্দজ) সং, গৌরব, গর্ব্ব,

বড়িশ, (বলি=মৎস্যখাদ্য—শো=গ্রন্থন করা+ড—ক) সং, ক্লীং, শী—স্ত্রীং, মৎস্যবেধনী যন্ত্র বিশেষ। বড়শী।

বড়ী, (বটিকা শব্দজ) সং, বটী। গুলি।

বড্র, (বল্=আচ্ছাদনকরা+রক্—প্রং, ল স্থানে ড) বিং, ত্রিং, বিপুল, বৃহৎ, বড়। প্রকাণ্ড।

বণ্ট, (বন্ট্=বাঁটা+অল্—ভা) সং, পুং, ভাগ, অংশ, বণ্টন। দাত্রাদির মুষ্টি, বাঁট। বিং, ত্রিং, অবিবাহিত। অনূঢ়।

বণ্টক, (বণ্ট দেখ,+ণক—ক, ভা) বিং, ত্রিং, বিভাজক। ভাগকর্ত্তা। সং, পুং, বিভাগ, অংশ।

বণ্টন, (বণ্ট+অনট্—ভা) সং, ক্লীং, বিভাগকরণ। বাঁটন। অংশীকরণ।

বণ্ঠ, (বন্ঠ্=একাকী ঘুরিয়া বেড়ান+ঠ—প্রং) বিং, ত্রিং, অবিবাহিত, অনূঢ়, অকৃতদার। খর্ব্ব, বামন, বেঁটে। সং, পুং, কুন্ত, প্রাস-অস্ত্র।

বণ্ঠর, (বণ্ঠ দেখ,+অর—প্রং) সং, পুং, তালগাছের নূতন পাতা। কুকুরের লেজ। শ্বপুচ্ছ। বাঁশের কোঁড়। আচ্ছাদক। কাঁচুলী। অজাবন্ধন রজ্জু। বক্ষঃস্থল। কুকুর। মেঘ।

বণ্ড, (বন্=বন্ড+অল্—প্রং) বিং, ত্রিং, হস্তাদি-রহিত। বেঁড়ে। "কাণকুটবণ্ডা মধ্যস্থানেকাশ্চেৎ" স্মৃং। অবিবাহিত। সং, পুং, অনাবৃতমেঢ্র। ধ্বজভঙ্গ। পুরুষত্বহীন। বৃষ। ণ্ডা—স্ত্রীং, অসতী, পাংশুলা, পুংশ্চলী।

বণ্ডাল, (বন্ড্=ভাগ করা+আল—প্রং) সং, পুং, শূরযুদ্ধ। কোদালি। খনিত্র, খন্তা। নৌকা, তরী।

বৎ, (বা=বায়ুচলা+ডৎ—প্রং) অং, সদৃশ, তুল্য। (এই শব্দ অন্য শব্দের পরেই প্রয়োগ হয়, ইহার স্বতন্ত্র প্রয়োগ প্রায় নাই, যথা—মৃতবৎ, জলবৎ, তদ্বৎ ইত্যাদি)।

বত, (বন্=যাচ্ঞা করা, ইত্যাদি+ক্ত—প্রং) অং, সম্বোধন। খেদ। দুঃখ। হর্ষ। করুণা। বিস্ময়। "চিত্রং চিত্রং বত বত মহচ্চিত্রমেতদ্বিচিত্রং" উং।

বতোকা, সং, স্ত্রীং, যে গাভীর দৈববশতঃ গর্ভস্রাব হইয়াছে।

বতংস—পুং, বতংসক—ক্লীং, (অব—তন্স্=ভূষিতকরা+ঘঞ্—ণ। কন্—স্বার্থে। অ—লোপ) সং, কর্ণভূষণ। শিরোভূষণ। ভূষণ। "চারুচন্দ্রাবতংসং" (শিবধ্যান)।

বত্রিশ, (দ্বাত্রিংশৎশব্দজ) বিং, সংখ্যাবিশেষ, দ্ব্যধিকত্রিংশৎ সংখ্যা, ৩২বত্রিশ।

বৎস, (বদ্=প্রকাশকরা+স—প্রং। যে বল প্রকাশ করে) সং, ক্লীং, বক্ষঃস্থল। (বদ্=বলা, স্নেহ পূর্ব্বক বলা+স—প্রং) পুং, সা—স্ত্রীং, স্নেহ ব্যঞ্জক সম্বোধন, বাছা। (বস্=বাসকরা+স—প্রং। যাহাতে ঋতু সকল বাস করে) সং, পুং, সংবৎসর। গো-শিশু, বাছুর। পশুমাত্রের শিশু।

বৎসকামা, (বৎস—কাম্=ইচ্ছাকরা+অ—আপ্—প্রং) সং, স্ত্রীং, বৎসাভিলাষিণী, যে স্ত্রী সন্তান কামনা করে।

বৎসতন্ত্রী, সং, স্ত্রীং, বৎসবন্ধন রজ্জু।
বৎসতর, (বৎস+তর—হ্রস্বার্থে) সং, পুং, রী—স্ত্রীং, দমা, বাছুর। "সংগোপ্যতে বৎসতরী" উঃ চং।
বৎসনাভ, (বৎস—নভ্=হিংসাকরা+ণ—ক। যে প্রায় বৎসদিগকে নষ্ট করে, ২য়া—ষ) সং, পুং, স্থাবরবিষবিশেষ।
বৎসপত্তন, (বৎস—বৎসরাজ—পত্তন =নগর) সং,ক্লীং, কৌশাম্বী, বৎসরাজনগরী।
বৎসর, (বস্=বাসকরা+সরন্—প্রং। যাঁহাতে ঋতু সকল বাস করে) সং, পুং, দ্বাদশ মাস পরিমিত কাল। হায়ন,বছর
বৎসরাজ, সং, পুং, চন্দ্রবংশীয় নৃপবিশেষ
বৎসল, (বৎস=বৎসস্থস্নেহ+লা+ড) বিং, ত্রিং, স্নেহযুক্ত, অনুরক্ত, ভক্ত। অভিরত। সং, ক্লীং, বাৎসল্য, স্নেহ, অনুরাগ। পুং, রসবিশেষ। লা—স্ত্রীং, বৎসাভিলাষিণী।
বৎসলতা, (বৎসল+তা—ভাবে) সং, স্ত্রীং, স্নেহ, বাৎসল্য, অনুরাগ।
বৎসাদন, (বৎস=গবাদি শিশু—অদন ভক্ষণীয়) সং, পুং, বৃক। নেকৃড়িয়া বাঘ। তরক্ষু। না—স্ত্রীং, বৃক্ষবিশেষ।
বদ, (বদ্=বলা+অল্—ক) বিং, ত্রিং, বক্তা। বাগ্মী। [আস্য,আনন। কথন।
বদন, (বদ+অনট্—ণ) সং, ক্লীং, মুখ,
বদনামৃত, (বদন—অমৃত=সুধা, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, মুখামৃত, অধরমধু, থুথু।
বদনাসব, (বদন—আসব=মধু,৬ষ্ঠী—ষ) সং, পুং, মুখামৃত, অধরমধু, থুথু।
বদমান, (বদ+শানচ—ক) বিং, ত্রিং, কথনশীল, যে বলিতেছে, বক্তা।
বদর, (বর্গ্য ব দেখ) সং, পুং, রিকা, রী—স্ত্রীং, বর্গী ব দেখ।
বদল,(যবনভাষা) সং,বিনিময়। প্রতিদান
বদান্য, বদন্ত (বদ্=বলা+অন্ত—প্রং) বিং, ত্রিং, দাতা, দানশীল। সবক্তা, মিষ্টভাষী।
বদাম, সং, ক্লীং, ফলবিশেষ, বাদাম।
বদাল, (বদ্=বলা+আল—প্রং) সং, পুং, পাঠীন মৎস্য, বোয়াল মাছ।
বদাবদ, (বদ্=বলা+অল্—প্রং, দ্বিত্ব, আ—আগম) বিং, ত্রিং, বাগ্মী,বহুবক্তা, জল্পনকারী। [নিন্দা
বদ্নাম, (যবনভাষা) সং, কুনাম, কুযশঃ
বধূ, (বর্গীয় ব দেখ) সং, স্ত্রীং, নবোঢ়া, নূতন বিবাহিতা। স্নুষা, পুত্রবধূ, বৌ। স্ত্রী, যোষিৎ। পত্নী, ভার্য্যা।
বধূজন,(বধূ=স্ত্রী—জন লোক) সং, স্ত্রীং, যুবতী স্ত্রীলোক। বৌ।
বধূটশয়ন, সং, ক্লীং, গবাক্ষ, বাতায়ন।
বধূটী, (বধূ+টী—অল্পার্থে) সং, স্ত্রীং, ক্ষুদ্র বধূ। বালিকা বৌ। যুবতী স্ত্রী।
বন, (বন্=ব্যাপা, শব্দকরা, সেবাকরা ইত্যাদি+অল্—ক।) সং, ক্লীং, নী—স্ত্রীং, বহুবৃক্ষাদিযুক্ত স্থান, অটবী। অরণ্য। "বনান্তরাদুপাবৃত্তৈঃ" রং। ক্লীং, প্রস্রবণ। জল। নিবাস, আলয়। কানন। বিপিন। কুঞ্জ।
বনগহন, ক্লীং, নিবিড় বন।
বনগুপ্ত, সং, পুং, চর।
বনগো, (বন—গো=গোরু) সং,স্ত্রীং, গবয়। গোসদৃশ পশু, কেবল গলদেশে গলকম্বল নাই।
বনগোচর, সং, ত্রিং, যে সর্ব্বদা বনে গমন করে। পুং,—ব্যাধ। অসভ্য জাতীয় বন্য মনুষ্য। ক্লীং, বন। কানন।
বনচন্দন, সং, ক্লীং, দেবদারু। অগুরু।
বনচন্দ্রিকা, সং, স্ত্রীং, মল্লিকাপুষ্প।
বনচর, বনচারী, } (বনচারীন্,=বন—চর, চারিন্=যে গমন করে, ৭মী—ষ) বিং,ত্রিং, যে বনে বাস করে, বনবাসী। কিরাত।
বনজ, (বন=জল, অরণ্য—জ=যে জন্মে, ৫মী—ষ) সং, ক্লীং, পদ্ম, কমল। গন্ধতৃণ বিশেষ। পুং,হস্তী। বিং,ত্রিং,বনজাত।
বনদ, (বন=জল—দ=যে দান করে,

২য়া—ষ) সং, পুং, মেঘ। জলদ। জীমূত। ঘন।

বনদীপ, সং, পুং, চম্পক।

বনদেবতা, (বন—দেবতা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, বনের অধিষ্ঠাত্রী দেবতা।

বনপাংশুল, (বন—পাংশুল=নীচ লোক) সং, পুং, ব্যাধ। কিরাত।

বনপ্রিয়, (বন—প্রিয়, ৬ষ্ঠী=হিং) সং, পুং, কোকিল।

বনভুক্, সং, পুং, ঔষধ মূল বিশেষ, ঋষভ।

বনমক্ষিকা, (বন—মক্ষিকা মাছী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, দংশ, ডাঁশ।

বনমালা, (বন—মালা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং,মালা বিশেষ। কৃষ্ণের মালা।"আজানুলম্বিনী মালা সর্ব্বর্ত্তু কুসুমোজ্বলা। মধ্যে স্থূলকদম্বাঢ্যা বনমালেতি কীর্ত্তিতা"।

বনমালী, (বনমালিন্, বনমালা+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, কৃষ্ণ। লিনী—স্ত্রীং, দ্বারকাপুরী।

বনমুক্, (বনমুচ্, বন=জল—মুচ্=মোচন করা+ক্বিপ্=প্রং) সং,পুং, মেঘ,জলদ।

বনরাজ, (বন—রাজন্= রাজা) সং, পুং, সিংহ। কেশরী।

বনবহ্নি, (বন—বহ্নি=আগুন) সং, পুং, দাবানল, বনাগ্নি। দাবদাহ।

বনবাসন, (বন—বস্=বাস করা+অন—প্রং) সং, পুং, গন্ধগোকুলা। খট্টাশ।

বনশোভন, (বন=জল—শোভন=মনোহর) সং, ক্লীং, পদ্ম। বিং, ত্রিং, বনের শোভাকারক।

বনশ্বা, (বনশ্বন্, বন—শ্বন্ কুকুর) সং, পুং, গন্ধমার্জ্জার। শৃগাল। ব্যাঘ্র। শার্দ্দূল।

বনস্পতি, (বন—পতি, ৬ষ্ঠী—ষ, স্—আগম) সং, পুং,অশ্বথাদি বৃক্ষ। পুষ্প ব্যতিরেকে ফলজনকবৃক্ষ।

বনাখু, (বন—আখু ইঁদুর) সং, পুং, শশক, খরগোশ।

বনাখুক, সং, পুং, শিম্বী বিশেষ।

বনাজ, সং, পুং, বনছাগল।

বনাটু, সং, পুং, নীলবর্ণ মক্ষিকা বিশেষ।

বনাত, (যবন ভাষা) সং, ঊর্ণা নির্ম্মিত স্থূল বস্ত্রবিশেষ। [কুউন।

বনান, (দেশজ) সং, নির্ম্মাণ, গঠন।

বনান্ত, (বন—অন্ত শেষ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বনভূমি। বনপ্রান্ত। বনপ্রদেশ।

বনায়ু, সং, পুং,দেশবিশেষ, পারস্যদেশ।

বনায়ুজ, (বনায়ু=দেশবিশেষ—জ—যে জন্মে, ৫মী—ষ) সং, পুং, বনায়ুদেশজাত অশ্ব।

বনার্চ্চক, (বন—অর্চ্চ্ গমনকরা+ণক—প্রং) সং, পুং, পুষ্পজীবী, মালাকার। মালী।

বনাশ্রয়, (বন—আশ্রয়=বাসস্থান) সং, পুং, দাঁড়কাক। বিং, ত্রিং, বনবাসী।

বনিত, (বন্=যাচঞা করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রার্থিত, যাচিত। সেবিত।

বনিতা, (বন্=যাচ্ঞা করা+ক্ত—প্রং) সং, স্ত্রীং,স্ত্রী, নারী। অনুরক্তা ভার্য্যা। প্রিয়া।

বনীক, বনীয়ক (বন্=যাচ্ঞা করা+ই+ণক প্রং, বিকল্পে য—লোপ) সং, পুং,যাচক, যাচ্ঞাকারী, ভিক্ষুক।

বনেচর, (বনে=বনেতে—চর=যে চরে) সং, পুং, ব্যাধ। বনচর। কিরাত।

বনৌকাঃ, (বনৌকস্, বন—ওকস্=বাসস্থান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বানর,কপি। বিং, ত্রিং, বনবাসী।

বন্দক, (বন্দ্=স্তবকরা+ণক—ক) বিং, ত্রিং, স্তুতিপাঠক। বন্দনকারী।

বন্দন, (বন্দ্=স্তবকরা+অনট্—ভা) সং, ক্লীং,না—স্ত্রীং,প্রণাম। অভিবাদন, স্তব।

বন্দনমালা, বন্দনমালিকা, } (বন্দন=স্তব—মালা পক্ষে কণ্=যোগ) সং, স্ত্রীং,বহির্দ্বারোপরিস্থ মঙ্গলসূচক মাল্য।

বন্দনীয়, বন্দ্য (বন্দন দেখ+অনীয়, য—র্ম্ম) বিং, ত্রিং,নমস্য,পূজনীয়,স্তবনীয়।

বন্দর—সমুদ্র প্রভৃতির কূলে জাহাজাদি দ্বারা বাণিজ্য করিবার স্থান।

বন্দা, বন্দাকা—স্ত্রীং, } (বন্দন দেখ, বন্দাক—পুং,— } অ—আ, প্রং। কণ্—যোগে বন্দাক, বন্দাকা) সং, বৃক্ষোপরিজাত বৃক্ষ, পরগাছা।

বন্দারু, (বন্দন দেখ,+আরু—প্রং) বিং, ত্রিং, বন্দনশীল। অভিবাদক, স্তুতিপাঠক।

বন্দি—ন্দী, (বন্দ্=স্তবকরা+ই—প্রং) সং, স্ত্রীং, কারারুদ্ধ, কয়েদী। মই, সিঁড়ী। বন্দনা।

বন্দিগ্রাহ, } (বন্দি=যে রুদ্ধ বা বন্দিচোর, } বদ্ধ থাকে, কয়েদী—গ্রাহ—যে গ্রহণ করে। বন্দি—চোর =চোর) সং, পুং, সিঁদেল চোর।

বন্দী, (বন্দিন্, বন্দন দেখ,—ইন্-ক) সং, পুং, স্তুতিপাঠক। বিং, ত্রিং, বন্দনাকারী। [বন্দিগ্রাহ।

বন্দীকার, সং, পুং, সিঁদেল চোর।

বন্য, (বন+যৎ—সম্বন্ধার্থে, জাতার্থে) বিং, ত্রিং, বনসম্বন্ধীয়। বনোৎপন্ন।

বন্যা, (বন=জল, অরণ্য+যৎ—সমূহার্থে) সং,স্ত্রীং,জলপ্লাবন। বান। অরণ্যসমূহ।

বপ—পুং, } (বপ্=বীজবুনা, মুণ্ডন বপন—ক্লীং, } করা+অচ্, অনট্—ভা)সং, বীজরোপণ। তন্তু বয়ন। ক্ষৌর কামান। অস্থি মজ্জা। শুক্র।

বপনী, (বপন দেখ,+অন—ঈপ্ প্রং) সং, স্ত্রীং, তাঁতঘর। মাকু। নাপিতাস্ত্রবিশেষ।

বপা, (বপ দেখ,+অ, আপ্—প্রং) সং, স্ত্রীং, রন্ধ্র, ছিদ্র। মেদঃ, চর্ব্বি।

বপিল, (বপ্=বীজবুনা+ইল—সংজ্ঞার্থে) সং, পুং, জনক। পিতা।

বপুঃ, (বপুস্, বপন দেখ+উস্—প্রং) সং, ক্লীং, শরীর, দেহ। প্রশস্ত আকৃতি।

বপুন, (বপ=বপনকরা+উন—প্রং) সং, পুং, সুর, দেবতা। ক্লীং, জ্ঞান।

বপ্তা, (বপ্তৃ, বপন দেখ,+তৃচ—ক) বিং, ত্রিং, বপনকারী। সং, পুং, পিতা, বাপ। কবি।

বপ্র, (বপন দেখ+র—প্রং=যাহাতে বীজবুনে) সং, পুং,—ক্লীং, ক্ষেত্র। কেদার, ক্ষেত্রের আলি। তীর, তট। মৃৎস্তূপ, প্রাচীর। রেণু। সানু। পুং, পিতা,বাপ। প্রজাপতি। ক্লীং, সীসক।

বপ্রক্রিয়া, বপ্রক্রীড়া, (বপ্র=ক্ষেত্র—ক্রিয়া, ক্রীড়া, ৭মী—ষ) সং, স্ত্রীং, শৃঙ্গদন্তাদি দ্বারা খনন। উৎখাতকেলি। "বপ্রক্রীড়াপরিণতগজপ্রেক্ষণীয়ং দদর্শ"। (মেঘদূত)।

বপ্রী, সং, স্ত্রীং, বল্মীক, উইয়ের ঢিপি।

বম, (বম্=নেকারকরা+অচ্—ভা) সং, পুং, বমন, উদ্গীরণ। নিঃসারণ।

বমথু, (বম দেখ,+অথু—ভা) সং, পুং, বমন। নিঃসারণ। হস্তিশুণ্ডনির্গত জলকণা, করশীকর।

বমন, (বম দেখ+অনট্—ভা) সং,ক্লীং, উদ্গীরণ, নেকার। পীড়া, ক্লেশ। আহুতি। নী—স্ত্রীং, জলৌকা, জোঁক।

বমনীয়, (বম দেখ,+অনীয়-র্ম্ম) বিং,ত্রিং, বমনযোগ্য। য়া—স্ত্রীং, মক্ষিকা, মাছি।

বমি, (বম দেখ,+ই-ভা) সং, স্ত্রীং, বমন। পুং, অগ্নি। ধূর্ত্ত।

বমিত, (বমি=নেকার করান+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, উদ্গীর্ণ. বান্ত। বমি।

বম্ভ, সং, পুং, বংশ, বাঁশ।

বম্রীকূট, (বম্রী=পিপীলিকাবিশেষ—কূট =রাশি) সং, পুং, বল্মীক। উইয়ের ঢিপি।

বয়ঃসন্ধি, সং, পুং, যৌবনাবস্থা। যৌবন।

বয়ঃস্থ, বয়স্থ (বয়স্—স্থ=যে থাকে। ৭মী—ষ) বিং, ত্রিং, যুবা, মধ্যবয়স্ক। স্থা—স্ত্রীং, বয়স্যা।

বয়ঃ, (বয়স্, অজ=গমনকরা+অস্—প্রং) সং, ক্লীং, পক্ষী। আয়ুঃ, বাল্যাদি জীবনকাল, যৌবন।

য়স্য, (বয়স্+ষ্য—তুল্যার্থে) সং. পুং, সখা, সমানবয়স্ক। স্যা—স্ত্রীং, সখী, সহচরী।

র, (বৃ=প্রার্থনা করা, বরণকরা+অল্—র্ম্ম, ভা) সং, পুং, আশীর্ব্বাদ। প্রার্থনা। ইচ্ছা। কোন কর্ম্ম নির্ব্বাহার্থ নিয়োগ বা প্রার্থনাকরা। আবরণ। জামাতা, বিবাহকর্ত্তা। পতি। ষিড়্গ, লম্পট। বিং, ত্রিং, শ্রেষ্ঠ। জ্যেষ্ঠ। উৎকৃষ্ট। "বাচমাদদে বদতাংবরঃ" রং। অভীষ্ট। ক্লীং, কুঙ্কুম, গন্ধদ্রব্যবিশেষ, বেণুক। অপেক্ষাকৃত উত্তম। (বর্গ্য বও হয়)।

রক, (বৃ=আবরণকরা+ণক—প্রং) সং, ক্লীং, বস্ত্র। পোতাচ্ছাদন। [পেয়াদা।

রকন্দাজ, (যবনভাষা) সং, চাপরাশী,

রক্রতু, (বর=শ্রেষ্ঠ—ক্রতু=যজ্ঞ) সং, পুং, ইন্দ্র। বাসব।

রগা, (দেশজ) সং, ইষ্টকময় গৃহের আচ্ছাদনার্থ ক্ষুদ্র কাষ্ঠবিশেষ।

রচন্দন, সং ক্লীং অগুরু, দেবদারু।

রট, (বৃ=সেবা করা+অট—প্রং, অথবা বর=উৎকৃষ্ট—অট=গমন, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, কুন্দপুষ্প। পুং, টা, টী—স্ত্রীং রাজহংস, রাজহংসী। বোল্‌তা।

বরণ, (বৃ=বরণ করা, আবরণ করা+অনট্—ভা, ণ) সং, ক্লীং, নিযুক্তকরণ। বেষ্টন। পেষণ করা। আচ্ছাদন। প্রার্থনা। ইচ্ছা। পুং, প্রাচীর। বৃক্ষবিশেষ। সেতু। বরুণবৃক্ষ। পূজনাদি বৃক্ষমাত্র। উষ্ট্র। সংক্রম, সাঁকো। ণা—স্ত্রীং, বারাণসীর উত্তরে স্থিত নদীবিশেষ।

বরণসী, বরাণসী, } (বরণা—অসী=কাশীর উত্তরস্থ ও দক্ষিণস্থ নদীদ্বয় নিপাতন, অথবা বর অত্যুত্তম—অনস্=জল+অ, ঈ। যে গঙ্গার উপরে আছে) সং, স্ত্রীং, বারাণসী, কাশী।

বরণীয়, (বর দেখ,+অনীয়-র্ম্ম) বিং, ত্রিং, প্রার্থনীয়। বরণযোগ্য। শ্রেষ্ঠ।

বরণ্ড, (বৃ=আবরণ করা ইত্যাদি+অণ্ড—প্রং) সং, পুং, বারাণ্ডা। ব্রণ, বয়ঃফোড়া। সমূহ। বড়িশ সূত্র। গাঁঠরী।

বরণ্ডক, (বরণ্ড+কণ্—যোগ) সং, পুং, ব্রণ, বরণ্ড। হাতীর হাওদা। ভিত্তি, দেওয়াল। বর্ত্তুল, গোল। বিং, ত্রিং, ভীত। কৃপণ। বিশাল, বড়।

বরণ্ডালু, সং, পুং, এরণ্ডবৃক্ষ।

বরত্রা, (বৃ—আবরণ করা+অত্র=প্রং) সং, স্ত্রীং, হস্তীর কক্ষরজ্জু, কাছদড়ি।

বরত্বচ, সং, পুং, নিম্ববৃক্ষ।

বরদ, (বর—দ=যে দান করে, ২য়া—য) বিং, ত্রিং, অভীষ্টদাতা। প্রসন্ন। দা—স্ত্রীং, কন্যা। দুর্গা। অভীষ্টদাত্রী। মাঘ-শুক্ল-চতুর্থী।

বরপ্রদ, (বর—প্রদ=যে প্রদান করে, ২য়া—ষ) বিং, ত্রিং, অভীষ্টদাতা। দা—স্ত্রীং, অগস্ত্যপত্নী। লোপামুদ্রা।

বরফ, (যবনভাষা) সং, হিমানী, তুষার।

বরফল, সং, পুং, নারিকেল বৃক্ষ।

বরম্, (বর দেখ,+অম্-প্রং) অং, অপেক্ষাকৃত উৎকৃষ্ট।

বরয়িতা, (বরয়িতৃ, বরি=বরণ করান+তৃচ্—ক) সং, পুং, স্বামী, পাণিগ্রাহক। যাহারা প্রতিনিধি বাছিয়া লয়। ত্রী—স্ত্রীং, পত্নী, স্বয়ংবরা।

বররুচি, (বর=উৎকৃষ্ট—রুচি=দীপ্তি, স্পৃহা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কবিবিশেষ, বিক্রমাদিত্যের সভাস্থ নবরত্নের একরত্ন। কাত্যায়ন মুনি। "ধন্বন্তরিঃ ক্ষপণকামরসিংহশঙ্কুবেতালভট্ট ঘটকর্পরকালিদাসাঃ। খ্যাতো বরাহমিহিরো নৃপতেঃ সভায়াং রত্নানি বৈ বররুচির্নব বিক্রমস্য"।

বরল, (বর—লা=গ্রহণকরা+ক—প্রং অথবা বরট দেখ, ট স্থানে ল) সং, পুং —স্ত্রীং, বোল্‌তা। লা—স্ত্রীং, রাজহংসী

বরবৎসলা, (বর=বিবাহকর্ত্তা—বৎসল=স্নেহবিশিষ্ট, ৭মী—ষ) সং, স্ত্রীং শাশুড়ী। শ্বশ্রু।

বরবর্ণিনী, (বর=স্বামী—বর্ণ=স্তবকরা +ইন্—ক কিম্বা বর উৎকৃষ্ট—বর্ণ স্বং +ইন্—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, অত্যুত্তমা স্ত্রী। গৌরী। সাধ্বী স্ত্রী। শ্যামা। লক্ষ্মী সরস্বতী। লাক্ষা। হরিদ্রা। গোরোচনা প্রিয়ঙ্গু বৃক্ষ।

বরবাহ্লীক, (বর—বাহ্লীক এই দুই শব্দের এক অর্থ) সং, ক্লীং, কুঙ্কুম।

বরবৃদ্ধ, (বর=শ্রেষ্ঠ—বৃদ্ধ=বুড়া) সং, পুং, শিব।

বরাক, (বৃ=আচ্ছাদন করা ইত্যাদি+ ষাকণ্—প্রং) বিং, ত্রিং, নীচ, জঘন্য ব্যক্তি। দীন, শোচনীয়। সং, পুং, শিব

বরাঙ্গ, (বর=শ্রেষ্ঠ—অঙ্গ, য়ং—স) সং, ক্লীং, মস্তক। স্ত্রীপুং চিহ্ন। গুহ্যদেশ। পুং, হস্তী। বিষ্ণু। কন্দর্প। বিং, ত্রিং, উত্তম অঙ্গযুক্ত। [স্ত্রীং, উত্তমা স্ত্রী।

বরাঙ্গনা, (বর=শ্রেষ্ঠ—অঙ্গনা=স্ত্রী) সং,

বরাট, (বৃ=আবরণ করা+আট—সং-জ্ঞার্থে, অথবা বর=অল্প—অট্=গমন করা+অ—প্রং) সং, পুং, টী—স্ত্রীং, কপর্দ্দক, কড়ি।

বরাটক, (বর—অট্ গমন করা+অ—প্রং) সং, পুং, পদ্মবীজকোষ। রজ্জু। (বরাট+কণ্—স্বার্থে) পুং, টিকা—স্ত্রীং, কপর্দ্দক, কড়ি। "চক্ষুর্দ্দগ্ধবরাটক কল্পং" (মোহমুদ্গর)।

বরাণ, (বর=শ্রেষ্ঠ—আ—নী পাওয়া+ ড—প্রং) সং, পুং, বরুণবৃক্ষ। ইন্দ্র।

বরারক, (বর=শ্রেষ্ঠ—ঋ=গমন করা বা হওয়া+অক—প্রং) সং, ক্লীং, হীরক, হীরা।

বরারোহ, (বর শ্রেষ্ঠ—আরোহ=যে আরোহণ করে, য়ং—স) সং, পুং, হস্তিপক। হস্ত্যারোহ। (অতি গুরুত্ব হেতু শ্রেষ্ঠ আরোহ অর্থাৎ শ্রোণি যাহার, ষষ্ঠী—হিং) হা—স্ত্রীং, পরম সুন্দরী স্ত্রী। কটিদেশ।

বরালিকা, (বর=শ্রেষ্ঠ, অত্যুত্তম—আলি সখী, সহচরী) সং, স্ত্রীং, দুর্গা। [সমীপ।

বরাবর, (যবন ভাষা) ক্রিং—বিং, সম্মুখ,

বরাশি—শি, (বর=আবরণ-অশ=ব্যাপ্যা, অশ=ওয়া+ই—প্রং) সং, পুং, স্থূলবস্ত্র, মোটা কাপড়।

বরাসন, (বর=শ্রেষ্ঠ ইত্যাদি—আসন= বসিবার স্থান) সং, ক্লীং, উত্তম আসন। (বর=পতি, শ্রেষ্ঠব্যক্তি—অস্+অন— প্রং) সং, পুং, ষিড়্গা, লম্পট। দ্বারপাল।

বরাহ, (বর=শ্রেষ্ঠ, কিম্বা অভীষ্ট অর্থাৎ মুস্তাদিলাভ—আহ, [আ—হন্=আ-ঘাত করা+ড—ক] যে ভূমিতে পোত্র আঘাত করে) সং, পুং, শূকর। বিষ্ণুর অবতারবিশেষ। যিনি বরাহ-রূপে জলমগ্ন পৃথিবীকে উদ্ধার করিয়া-ছিলেন। অথবা যিনি বর নামক অসু-রকে নষ্ট করিয়াছিলেন। দ্বীপবিশেষ। পর্ব্বতবিশেষ। পরিমাণবিশেষ।

বরিবস্, (বৃ=সেবা করা ইত্যাদি+ইবস্ —প্রং) সং, ক্লীং, পূজা। সেবা। অর্চ্চনা।

বরিবসিত, বরিবস্থিত, (বরিবস্যা=পরি-চর্য্যা+ইত—প্রং, য—লোপ) বিং, ত্রিং, সেবিত। পূজিত। অর্চ্চিত।

বরিবস্যা, (রবিবস্=পরিচর্য্যা+ক্য+অ +আপ্ আ—ভা) সং, স্ত্রীং, শুশ্রূষা, সেবা, পূজা। অর্চ্চনা [বড়িশ। বড়্শী।

বরিশী, (বড়িশী দেখ, ল=র) সং, স্ত্রীং,

বরিষ, (বৃষ্=বর্ষণ করা+ইষন্—প্রং) সং, ক্লীং, বর্ষ। সংবৎসর। পুং, বহু, বর্ষা। প্রাবৃটকাল, বৃষ্টি।

বরিষাপ্রিয়, (বরিষা=বর্ষাকাল—প্রিয়) সং, পুং, চাতকপক্ষী। কেবল বৃষ্টির জল পান করে বলিয়া।

বরিষণ, (বর্ষণ শব্দজ) সং, বৃষ্টি পতন।

বরিষ্ঠ, বরীয়ান্, (উরু=মহৎ+ইষ্ঠ—অ ত্যর্থে। বরীয়স্=উরু মহৎ+ঈয়সু-অ ত্যর্থে) বিং, ত্রিং, শ্রেষ্ঠতম, প্রধানতম। ক্লীং, তাম্র। মরিচ। সং, পুং, যোগ-বিশেষ। তিত্তিরি।

বধ্রী, সং, স্ত্রীং, সূর্য্যপত্নী।
বলীবর্দ্দ, (বল=শক্তি—বদ্ধ=বর্দ্ধন, ল=রী, ধ স্থানে দ) সং, পুং, বৃষভ, বলীবর্দ্দ। মহোক্ষ।
বরীষু, (বৃ=বরণ করা+ঈষু—প্রং) সং, পুং, কন্দর্প, মদন। কামদেব।
বরুট, সং, পুং, ম্লেচ্ছ জাতিবিশেষ।
বরুড, সং, পুং, নীচজাতিবিশেষ।
বরুণ, (বৃ=বেষ্টনকরা+উনন—সংজ্ঞার্থে) সং,পুং, জলাধিপতি, পশ্চিম দিক্‌পাল। সূর্য্য। বৃক্ষবিশেষ। জল। সমুদ্র।
বরুণাত্মজা, (বরুণ=সমুদ্র-আত্মজা=কন্যা) সং, স্ত্রীং, সুরা, সমুদ্র-মন্থনকালে ইহাও উৎপন্না হইয়াছিল। মদিরা।
বরুণানী, (বরুণ+ঈপ্—প্রং, আন—আগম) সং, স্ত্রীং, বরুণের পত্নী।
বরুত্র, (বৃ=আবরণ করা+উত্র—সংজ্ঞার্থে) সং, ক্লীং, উত্তরীয় বস্ত্র।
বরূথ, (বৃ=আবরণ করা+উথ—সংজ্ঞার্থে) সং, পুং, রথস্থ গুপ্তস্থানবিশেষ। রথগুপ্তি। ক্লীং, বর্ম্ম, তনুত্রাণ, সাঁজোয়া। গৃহ। চর্ম্ম।
বরূথী, (বরূথিন্, বরূথ=রথগুপ্তি+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, রথ। থিনী—স্ত্রীং, সেনা। "অপ্রবোধায় সুষ্বাপ গৃধ্রচ্ছায়ে বরূথিনী" রং। বরূথবিশিষ্ঠ।
বরেণ, সং, পুং, বোল্‌তা।
বরেণ্য, (বৃ=বরণ করা+এণ্য—প্রং) বিং, ত্রিং, প্রধান, শ্রেষ্ঠ, প্রার্থনীয়। বরণীয়। উৎকৃষ্ট। সং, ক্লীং, কুঙ্কুম।
বরেন্দ্র, (বর=শ্রেষ্ঠ—ইন্দ্র, যং—স) সং, পুং, রাজা। ইন্দ্র। ন্দ্রী—স্ত্রীং, গৌড়দেশের রাজধানী। প্রাচীন গৌড়।
বরেশ্বর, (বর=শ্রেষ্ঠ, প্রধান—ঈশ্বর প্রভু) সং, পুং, শিব। ধূর্জ্জটি।
বরোল, (বৃ=আচ্ছাদন করা+ওল—প্রং) সং, পুং—স্ত্রীং, বোল্‌তা। রাজহংস।
বর্ক্কর, (বৃক্=গ্রহণ করা+অরন্—প্রং) সং, পুং, ছাগল। যুবপশু। মেষশাবক। পরিহাস। ক্রীড়া।
বর্ক্করাট, (বর্ক্কর=যুবাপশু—অট্ তুল্য হওয়া+অচ্—প্রং) সং, পুং, কটাক্ষ, অপাঙ্গদর্শন। বালার্কতেজঃ। নায়িকার স্তনে নায়ককৃত নখক্ষত।
বর্কুট, সং, পুং, অর্গল। খিল। আলপিন্। পিন্।
বর্গ, (বৃজ্=বর্জ্জন করা+ঘঞ্—র্ম্ম। যে বিজাতীয়দের হইতে পৃথক্‌কৃত হয়) সং, পুং, সজাতীয়সমূহ, শ্রেণী, দল। বর্জ্জন। ত্যাগ। পক্ষ। গ্রন্থের পরিচ্ছেদ। সমান অঙ্কদ্বয়ের পূরণ।
বর্গক্ষেত্র, সং, ক্লীং, যে ভূমির দৈর্ঘ্য প্রস্থ পরস্পর সমান।
বর্গমূল, সং, ক্লীং, যে রাশি আপনার দ্বারা গুণিত হয় তাহা সেই গুণনফলের বর্গমূল; পাঁচ পাঁচের দ্বারা গুণিত হইয়া ২৫ হয়, অতএব ৫ পঁচিশের বর্গমূল।
বর্গীয়, বর্গ্য, (বর্গ+নীয়, ঞ্য—সম্বন্ধার্থে, স্থিতার্থে) বিং, ত্রিং, বর্গসম্বন্ধীয়।
বর্চ্চঃ, (বর্চ্চস্, বর্চ্চ্=দীপ্তি পাওয়া+অস্—প্রং) সং, ক্লীং, রূপ। আকার। তেজঃ। কান্তি। শুক্র। পুরীষ।
বর্চ্চস্ক, (বর্চ্চস্+ক—হ্রস্বার্থে) সং, পুং, ক্লীং, বিষ্ঠা, পুরীষ।
বর্চ্চস্বী, (বর্চ্চস্বিন্, বর্চ্চস্+বিন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, রূপবান্। তেজস্বী। সং, পুং, চন্দ্র।
বর্জ্জন, (বৃজ্=ত্যাগকরা+অনট্—ভা) সং, ক্লীং, পরিত্যাগ, রহিতকরণ। বধ।
বর্জ্জনীয়, (বর্জ্জন দেখ,+অনীয়-র্ম্ম) বিং, ত্রিং, বর্জ্জনের যোগ্য, ত্যাজ্য। মারণীয়।
বর্জ্জিত, (বর্জ্জন দেখ,+ক্ত-র্ম্ম) বিং,ত্রিং, পরিত্যক্ত, নিরাকৃত, রহিত। হত
বর্ণ, (বর্ণ্=প্রেরণ করা+ঘঞ—র্ম্ম। যে বেদবাক্যদ্বারা আচারাদিতে প্রেরিত হয়) সং, পুং, ব্রাহ্মণাদি জাতি। (বর্ণ

=বিস্তার করা, স্তবকরা, রং করা, বাড়াইয়া বলা, দীপ্তি করা, উদ্যোগ করা+অ—প্রং) শুক্লাদি রং। হস্তীর পৃষ্ঠস্থিত চিত্রিত কম্বলাদি। গুণ। স্তব, প্রশংসা। কীর্ত্তি। ব্রত। সুবর্ণ। বর্ণনা। রূপ। অঙ্গরাগ। উৎকর্ষ। প্রসিদ্ধি। খ্যাতি, যশঃ। নাট্যবেশ। সৌন্দর্য্য। পুং—ক্লীং, অ আ ক খ প্রভৃতি অক্ষর। ভেদ। আকৃতি। জাতি। কষ্টি পাথরে স্বর্ণ রেখা। বিলেপন। প্রশস্তি, অষ্টবিধ মৈথুনাভাব-রূপ-ব্রত। ক্লীং, কুঙ্কুম।

বর্ণক, (বর্ণ্=রং করা ইত্যাদি+ণক—প্রং, অথবা=বর্ণ+কণ্—যোগ) সং, পুং—ক্লীং, বিলেপনদ্রব্য, অঙ্গরাগ। চন্দন। গাত্রানুলেপনী। যে দ্রব্যদ্বারা কাচ বা মৃৎপাত্রের উজ্জ্বলতা উৎপন্ন হয়। হরিতাল। ক্লীং, ভূষণ। ব্যাখ্যান গ্রন্থবিশেষ। পুং, স্তুতিপাঠক, গুণকীর্ত্তনকারী। পুং, র্ণিকা—স্ত্রীং, নীলী প্রভৃতি রং। বেশবিন্যাস।

বর্ণকবি, (বর্ণ=স্তুতি—কবি=কাব্যকর্ত্তা) সং, পুং, কুবের-পুত্র।

বর্ণকূপিকা, (বর্ণ=অক্ষর—কূপ=কুয়া+কণ—তুল্যার্থে) সং, স্ত্রীং, মস্যাধার। দোয়াত।

বর্ণচারক, (বর্ণ=রং—চর=গমন করা+ণ্বুল্—প্রং) সং, পুং, চিত্রকর। পটুয়া।

বর্ণজ্যেষ্ঠ, (বর্ণ=ব্রাহ্মণাদিজাতি—জ্যেষ্ঠ=অগ্রজ, ৭মী—ষ) সং, পুং, ব্রাহ্মণ।

বর্ণতুলি—লী, বর্ণতূলিকা, (বর্ণ=অক্ষর—তূলি, তূলী। কণ্—যোগে বর্ণতূলিকা) সং, স্ত্রীং, লেখনী। কলম।

বর্ণদাতা, (বর্ণদাতৃ, বর্ণ—দাতৃ=যে দান করে) সং, পুং, ত্রী—স্ত্রীং, হরিদ্রা।

বর্ণদারু, (বর্ণ=রং-দারু=কাষ্ঠবিশেষ) সং, ক্লীং, যে সকল কাষ্ঠে রঙ্ প্রস্তুত হয়।

বর্ণদূত, (বর্ণ=বর্ণমালার অক্ষর ইত্যাদি—দূত=প্রেরিত) সং, পুং, লিপি। লিখিত পত্রাদি।

বর্ণধর্ম্ম, (বর্ণ—ব্রাহ্মণাদি জাতি—ধর্ম্ম) সং, পুং, ব্রাহ্মণক্ষত্রিয়াদির কর্ত্তব্য কর্ম্ম।

বর্ণন, (বর্ণ=স্তব করা+অনট্—ভা) সং, ক্লীং, না—স্ত্রীং, গুণকথন। স্তুতি বিবরণ। প্রশস্তি। রঞ্জন।

বর্ণনীয়, (বর্ণন দেখ+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, বর্ণনযোগ্য।

বর্ণমাতা, (বর্ণমাতৃ, বর্ণ=অক্ষর—মাতৃ=মা) সং, স্ত্রীং, লেখনী। কলম।

বর্ণমাতৃকা, (বর্ণ=অক্ষর—মাতৃকা=স্বর্গীয় মাতা) সং,স্ত্রীং,সরস্বতী, বাগ্দেবী।

বর্ণমালা, (বর্ণ—মালা=শ্রেণি, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, বর্ণাবলী।

বর্ণরেখা, বর্ণলেখা, (বর্ণ=রং—রেখা, লেখা=শ্রেণী। সং, স্ত্রীং, কঠিনী। খড়ী

বর্ণবতী, (বর্ণ=রং+বৎ—অস্ত্যার্থে সং, স্ত্রীং, হরিদ্রা।

বর্ণবিলোড়ক, (বর্ণ=স্তুতি—বি—লোড় উন্মত্ত হওয়া+ণ্বুল—প্রং) সং, পুং, যে ব্যক্তি অন্যের লিখিত বিষয়কে স্বকৃত বলিয়া পরিচয় দেয়। সিঁদেল চোর

বর্ণসঙ্কর, (বর্ণ—সঙ্কর=মিশ্রণ) সং, পুং সঙ্কীর্ণজাতি, মিশ্রজাতি। ব্রাহ্মণাদি জাতির অনুলোম বা প্রতিলোম জাতবর্ণ

বর্ণাঙ্কা, (বর্ণ=অক্ষর—অন্ক্=গমন করা, আঁকা+অচ্—ণ) সং, স্ত্রীং লেখনী, কলম।

বর্ণাট, (বর্ণ=রং ইত্যাদি—অট্=গমন করা বা হওয়া+অচ্—প্রং) সং, পুং গায়ক। চিত্রকর। নট।

বর্ণাত্মা, (বর্ণাত্মন্, বর্ণ=অক্ষর—আত্মন্ স্বরূপ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শব্দ বাচকবর্ণ।

বর্ণানুভাবকতা, (বর্ণ—অনুভাবকতা সং, স্ত্রীং, যে বৃত্তি দ্বারা শুক্লপীতাদি বর্ণের উপলব্ধি হয়। [ক্লীং, সুবর্ণ

বর্ণি, (বর্ণ্=রংকরা+ইন্—প্রং) সং

বর্ণিক, (বর্ণ=অক্ষর+ঠক্—প্রং) সং, পুং লেখক, লিপিকর। কা—স্ত্রীং, কঠিনী

খড়ী। লেখনী। কলম। মসি, লিখিবার কালি। তুলি। স্বর্ণোৎকর্ষ।
বর্ণিত, (বর্ণন দেখ,+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ব্যাখ্যাত। প্রশংসিত, স্তত। বিবৃত। রঞ্জিত।
বর্ণী, (বর্ণিন্, বর্ণ=রং ইত্যাদি+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, লেখক, চিত্রকর। ব্রহ্মচারী। বিপ্রাদিজাতি। র্ণিনী—স্ত্রীং, নারী, যোষিৎ। হরিদ্রা।
বর্ণিলিঙ্গী, সং, পুং, ব্রহ্মচারী। যতি। "স বর্ণিলিঙ্গী বিদিতঃ সমাযযৌ" ভারবি। [বর্ণনযোগ্য। বর্ণনীয়।
বর্ণ্য, (বর্ণন দেখ+যৎ—র্ম্ম) বিং, ত্রিং,
বর্ত্তক, (বর্ত্তন দেখ+ণক—প্রং) সং, পুং, র্ত্তিকা—স্ত্রীং, পক্ষিবিশেষ, ভারই পক্ষী। পুং, অশ্বের খুর। ক্লীং, লৌহবিশেষ। [জন্মন্=জন্ম) সং, পুং, মেঘ।
বর্ত্তজন্মা, (বর্ত্তজন্মন্, বর্ত্ত=অবস্থান—
বর্ত্তন, (বৃৎ=বিদ্যমান থাকা+অনট্—ণ, ভা) সং, ক্লীং, জীবিকা, বৃত্তি। স্থাপন। স্থিতি। অবস্থিতি। বেতন। তুলার পাঁইজ। বর্ত্তুল। নিয়োগ। ক্লীং,স্ত্রীং,চরকার টেকো। পেষণকরা। পুং, বায়স। কাক। বামন, খর্ব্ব। বিং, ত্রিং, বর্ত্তিষ্ণু, স্থিতিশীল। বৃত্তিযুক্ত। বর্ত্তমান।
বর্ত্তনি, (বর্ত্তন দেখ,+অনি—সংজ্ঞার্থে) সং, পুং, পূর্ব্বদেশ। নী—স্ত্রীং, বর্ত্ম। পথ। পন্থা।
বর্ত্তমান, (বর্ত্তন দেখ,+শানচ্—ক, ম—আগম) সং, পুং, প্রারব্ধ ও অসমাপ্তকাল। বিং, ত্রিং, উপস্থিত, বিদ্যমান, যাহা চলিতেছে। সাক্ষাৎ। স্থিতিশীল।
বর্ত্তরূক, সং, পুং, নদবিশেষ। আবিলজলাশয়। কাকের বাসা। দ্বারপাল।
বর্ত্তি—র্ত্তী, (বর্ত্তি=দীপ্তি পাওয়া+ই—ক) সং, স্ত্রীং, প্রদীপ। দীপের দশা। প্রদীপের শলিতা, বাতি। তুলি। বনপ্রান্ত। পক্ষিবিশেষ।
বর্ত্তিকা, (বর্ত্তি=দেখ+কন্, আপ্—প্রং) সং, স্ত্রীং, দীপদশা। বাতি। পক্ষিণীবিশেষ।
বর্ত্তিত, (বর্ত্তি=বর্ত্তান+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, সম্পাদিত। নিষ্পাদিত। কৃত। সম্পন্ন। [ত্রিং, স্থাতব্য। স্থিতিশীল।
বর্ত্তিতব্য, (বর্ত্তন দেখ+তব্য—র্ম্ম) বিং,
বর্ত্তিষ্যমাণ, (বর্ত্তন দেখ+স্যমান—র্ম্ম) বিং, ত্রিং, ভাবি। সং, পুং, ভবিষ্যৎকাল
বর্ত্তী, বর্ত্তিষ্ণু, (বর্ত্তিন্, বৃৎ = বিদ্যমান থাকা+ইন্, ইষ্ণু—ক, শীলার্থে) বিং, ত্রিং, স্থিতিশীল। বর্ত্তনশীল।
বর্ত্তুল, (বর্ত্তন দেখ+উল—প্রং) বিং, ত্রিং, গোলাকার বৃত্ত। স্থূল। সং, পুং, কলায়বিশেষ। বাঁটুলা কলাই। লা—স্ত্রীং, টেকোর বাঁটুল।
বর্ত্ম, (বর্ত্মন্, বৃৎ=থাকা+মন্—প্রং) সং, ক্লীং, পন্থা, পথ; রাস্তা। রথ্যা। আচার। নেত্রচ্ছদ। চক্ষুর পাতা।
বর্ত্মনি, (বর্ত্ত দেখ+অনি—প্রং, ম্—আগম) সং, স্ত্রীং, বর্ত্ম। পথ। রথ্যা।
বর্দ্ধ, (বৃধ=বৃদ্ধি পাওয়া বা বর্দ্ধ্=ছেদ করা, পূরণ করা+অচ্—প্রং) সং, পুং, পূরণ। বৃদ্ধি, বর্দ্ধন। ছেদন। বামুনহাটির গাছ। ক্লীং, সীসক, সীসা।
বর্দ্ধক, (বর্দ্ধ দেখ+ণুল্—ক) বিং, ত্রিং, বৃদ্ধিকারক। পূরক। ছেদক। ছেদনকারী।
বর্দ্ধকি, (বর্দ্ধ=ছেদন করা+ক—প্রং= বর্দ্ধ+কি [কষ—বধকরা+ই—প্রং]) সং, পুং, সূত্রধার। ছুতার।
বর্দ্ধকী, (বর্দ্ধকিন, বর্দ্ধক=ছেদক+ইন—প্রং) সং, পুং, সূত্রধর। ছুতার।
বর্দ্ধন, (বৃধ্=বৃদ্ধি পাওয়া+অনট্—ভা) সং, ক্লীং, বৃদ্ধি। উন্নতি। বাইড়। বাড়ান। ছেদন। পূরণ। বিং, ত্রিং, বৃদ্ধিকারক। নী—স্ত্রীং, ক্ষুদ্র জলপাত্র, ঘটী। সম্মার্জ্জনী, খেঙরা।
বর্দ্ধমান, (বৃধ্=বৃদ্ধিপাওয়া+শানচ্-ক) সং, পুং, শরাব। শরা। নগরবিশেষ।

পণ্ডিতবিশেষ। ধনীদিগের গৃহবিশেষ। বিষ্ণু। এরণ্ডবৃক্ষ। বিং, ত্রিং, বৃদ্ধিশীল।
বর্দ্ধমানক, (বর্দ্ধমান+কন্—যোগ) সং, পুং, শরাব। শরা। বিং, ত্রিং, বৃদ্ধিশীল।
বর্দ্ধাপন, (বর্দ্ধ=ছেদন করান+ল্যুট্—ভা) সং, ক্লীং, নাড়ীচ্ছেদনসংস্কার-বিশেষ।
বর্দ্ধিত, (বৃধ্=বৃদ্ধিপাওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, পূর্ণ, পূরিত। পোষিত, বৃদ্ধি প্রাপিত, বাড়ান। ছেদিত, ছিন্ন।
বর্দ্ধিষ্ণু, (পূর্ব্বে দেখ+ইষ্ণু—ক, শীলার্থে) বিং, ত্রিং, বর্দ্ধনশীল। বৃদ্ধিযুক্ত।
বর্দ্ধ্র, (বর্দ্ধন দেখ+রক্—প্রং) সং, ক্লীং, দ্ধ্রী—স্ত্রীং, চর্ম্মরজ্জু।
বর্ম্ম, (বর্ম্মন্, বৃ=আবরণ করা+মন্—প্রং) সং, ক্লীং, তনুত্রাণ। কবচ, সাঁজোয়া। পুং, ক্ষত্রিয়ের উপাধি।
বর্ম্মহর, (বর্ম্মন্—হর=যে হরণ করে, ২য়া—ষ) বিং, ত্রিং, কবচধারী। পুং, তরুণ।
বর্ম্মিত, বর্ম্মী, (বর্ম্মিন্, বর্ম্মন্+ইত, ইন—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বর্ম্মযুক্ত। কবচধারী, সাঁজোয়া পরা।
বর্য্য, (বৃ=প্রার্থনা করা+য—র্ম্ম) বিং, ত্রিং, প্রধান, শ্রেষ্ঠ। সং, পুং, মদন, কন্দর্প। র্য্যা—স্ত্রীং, পতিম্বরা। কন্যা।
বর্ব্বণা, (বর্=অনুকরণ শব্দ—বন্=শব্দ করা+অচ্—আপ্, প্রং। বর্ণীয়ও হয়) সং, স্ত্রীং, নীলমক্ষিকা।
বর্ব্বর, (বর্ব্=পুনঃপুনঃ প্রার্থনা করা+অচ্—প্রং) সং, পুং, নীচজাতি। পামর। দেশবিশেষ। মূর্খ। "ভূতে পশ্যন্তি বর্ব্বরাঃ"। বাউরিচুল। কীটবিশেষ। অস্ত্রের শব্দ। নৃত্যপ্রকার বিশেষ। রা—রী—ক্ষুদ্রজাতীয় মধুমক্ষিকা। ক্লীং, সিন্দূর। হিঙ্গুল। পীতচন্দন।
বর্ব্বরীক, (বৃ=বরণকরা, দ্বিত্ব+ঈক—প্রং) সং, পুং, বাউরিচুল। বাবুই তুলসী। বামনহাটী। শিব।
বর্ষ, (বৃষ্=বর্ষণ করা+অণ্—প্রং) সং, পুং—ক্লীং, বৃষ্টি। সেচন। বৎসর। মেঘ। জম্বুদ্বীপ। জম্বুদ্বীপের নয় অংশ—কুরু, হিরণ্ময়, রম্যক, ইলাবৃত, হরি, কেতুমান, ভদ্রাশ্ব, কিন্নর, ভারত। ষা—স্ত্রীং, বহুং, প্রাবৃট্কাল।
বর্ষকরী, (বর্ষ=বৃষ্টি—কৃ=চিহ্ন করা+অপ্, ঈ, প্রং) সং, স্ত্রীং, ঝিল্লিকা, উইচিংড়া। বর্ষাকালে শব্দ করে বলিয়া।
বর্ষকোষ, (বর্ষ=বৎসর—কোষ=শব্দাদি। সংগ্রহ। সং, পুং, দৈবজ্ঞ। গণক। মাস।
বর্ষজ, (বর্ষ=বৃষ্টি—জ=জাত) বিং, ত্রিং, বৃষ্টিজাত। মেঘোৎপন্ন। বৎসরজাত।
বর্ষণ, (বর্ষদেখ+অনট্—ভা) সং, ক্লীং, বৃষ্টি।
বর্ষধর, বর্ষবর (বর্ষ=রেতঃ, সেক—ধর=যে ধারণ করে, বর=যে নিরাকরণ করে, ২য়া—ষ) সং, পুং, নপুংসক, খোজা। [অন্তঃপুর রক্ষক।
বর্ষধর্ষ, সং, পুং, নপুংসক। খোজা।
বর্ষপর্ব্বত, (বর্ষ=জম্বুদ্বীপের নয় অংশ—পর্ব্বত, ৬ষ্ঠী—ষ) সং, পুং, হেমকূটাদি সপ্ত কুলাচল। "হিমবান্ হেমকূটশ্চ নিষধো মেরুরেব চ। চৈত্রঃ কর্ণীচ শৃঙ্গীচ সপ্তৈতে বর্ষ-পর্ব্বতাঃ"।
বর্ষপাকী, (বর্ষপাকিন্, বর্ষ=বৃষ্টি—পাক=পক্ব+ইন্—প্রং) সং, পুং, আমড়াগাছ
বর্ষপ্রিয়, (বর্ষ=বৃষ্টি—প্রিয়) সং, পুং, চাতকপক্ষী।
বর্ষবর, সং, পুং, নপুংসক। খোজা। "নষ্টংবর্ষবরৈর্ম্মনুষ্যগণনা ভাবাদপাস্ত্রপাঃ" শ্রীহর্ষঃ।
বর্ষবৃদ্ধি, (বর্ষ—বৃদ্ধি) সং, স্ত্রীং, জন্মতিথি।
বর্ষাংশ, বর্ষাঙ্গ (বর্ষ=বৎসর—অংশ=ভাগ এবং অঙ্গ=অবয়ব) সং, পুং, মাস।
বর্ষাঘোষ, (বর্ষা—ঘোষ=শব্দ) সং, পুং, মণ্ডূক, ভেক।
বর্ষাত্যয়, বর্ষাবসান, } (বর্ষা—অত্যয়=নাশ, অবসান=শেষ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শরৎকাল।

বর্ষাভূ, (বর্ষা—ভূ=যে হয়, ৭মী—ষ) সং, পুং, ভূী—স্ত্রীং, মণ্ডূক, ভেক, ব্যাঙ্। পুং, ইন্দ্রগোপকীট। কিঞ্চুলুক। বিং, ত্রিং, বর্ষাজাত।

বর্ষামদ, (বর্ষ=বৃষ্টি—আমদ=যে আমোদ করে, অথবা বর্ষা—মদ=যে উন্মত্ত হয়) সং, পুং, ময়ূর। শিখী।

বর্ষারাত্র, (বর্ষা—রাত্রি) সং, পুং, বর্ষাকালীন রাত্রি।

বর্ষার্চ্চিঃ (বর্ষার্চ্চিস্, বর্ষা—অর্চ্চিস্=দীপ্তি) সং,পুং,মঙ্গলগ্রহ,যে বর্ষাকালে দৃশ্য হয়।

বর্ষিক, (বর্ষ বা বর্ষা+ইক—ইদমর্থে) বিং, ত্রিং, বর্ষসম্বন্ধীয়। বর্ষাসম্বন্ধীয়।

বর্ষিষ্ঠ, বর্ষীয়ান্ (বৃদ্ধ+ইষ্ঠ—অতিশয়ার্থে বর্ষীয়স্, বৃদ্ধ + ঈয়স্ — অতিশয়ার্থে, বৃদ্ধ স্থানে বর্ষ) বিং, ত্রিং, অতিশয়বৃদ্ধ, সর্ব্বজ্যেষ্ঠ।

বর্ষিন্, বর্ষুক, (বর্ষ=দেখ+ইন্, উক—ক, শীলার্থে) বিং, ত্রিং, বর্ষণশীল, বর্ষণকারী।

বর্ষুকাব্দ, (বর্ষুক=বর্ষণশীল—অব্দ=মেঘ) সং, পুং, বর্ষণশীল মেঘ, যে মেঘ হইতে বারি পতিত হইতেছে।

বর্ষোপল, (বর্ষ=বৃষ্টি—উপল=প্রস্তর, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মেঘভব শিলা, শিল, করকা।

বর্ষ্ম, (বর্ষ্মন্, বর্ষণ দেখ,+মন্—প্রং) সং, ক্লীং, শরীর। পরিমাণ। উচ্চতা। সুন্দর আকৃতি।

বর্হ, (বৃহ্=বৃদ্ধি পাওয়া, কিম্বা বর্হ্=দীপ্তি পাওয়া+অচ্—প্রং) সং, ক্লীং, ময়ূরপুচ্ছ। পুং—ক্লীং, পত্র। পুং, সঙ্গী, অনুচর। [পত্র, পাতা। দল।

বর্হণ, (বর্হ দেখ,+ল্যুট—প্রং) সং, ক্লীং,

বর্হি, (বর্হ দেখ+ই—প্রং) সং, পুং, অগ্নি। কৃশানু। অনল। দব। দাহ। দহন।

বর্হিণ, বর্হী, (বর্হ=ময়ূরপুচ্ছ+ইন্—অস্ত্যর্থে। বর্হিন্, বর্হ+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, ময়ূর। শিখী। বর্হবিশিষ্ট।

বর্হিণবাহন, বর্হিবাহন, } বর্হিণ, বর্হি=ময়ূর—বাহন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ময়ূরবাহন, কার্ত্তিকেয়। স্কন্দ। সেনানী। ষড়ানন।

বর্হিধ্বজা, (বর্হিন্=ময়ূর—ধ্বজ=পতাকা) সং, স্ত্রীং, দুর্গা, চণ্ডী।

বর্হিপত্র, সং, ক্লীং, ময়ূরপুচ্ছ।

বর্হির্জ্যোতিঃ, (বর্হির্জ্যোতিস্, বর্হিস্=কুশ+জ্যোতিস্=দীপ্তি, ২য়া—হিং) সং, পুং, অনল, অগ্নি। জ্বলন। [দেবতা।

বর্হিমুখ, (বর্হিস্=অগ্নি—মুখ) সং, পুং,

বর্হিষদ্, (বর্হিস্=কুশ বা অগ্নিতে—অদ্=ভক্ষণকরা+কিপ্—প্রং) সং, পুং, পিতৃপুরুষ বিশেষ।

বর্হিঃ, (বর্হিস্, বর্হ দেখ+ইস্—প্রং) সং, পুং,অগ্নি। যজ্ঞ। দীপ্তি। পুং-ক্লীং,কুশ।

বর্হিঃশুষ্মা, (বর্হিঃশুষ্মন্, বর্হিস্=যজ্ঞ—শুষ্মন্=যে শুষ্ক করে, ২য়া—ষ। অথবা বর্হিস্=কুশ—শুষ্মন্=বল, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অগ্নি। অনল। দহন।

বল, (বল্=বেষ্টন করা+অচ্—প্রং। বর্গ্য ব দেখ) সং, ক্লীং, সৈন্য, সেনা। বর্গ্য ব দেখ।

বলক্ষ, (অব—লক্ষ্=দর্শন করা+অচ্—প্রং) বিং, ত্রিং, শুক্লবর্ণ, শাদা। পুং—শ্বেতবর্ণ, শাদা রঙ।

বলক্ষগু, সং, পুং, চন্দ্র।

বলজ, (বর্গ্য ব দেখ) সং, পুং, ধান্যরাশি।

বলদ, (বল—দ=যে দান করে, ২য়া—ষ) বিং, ত্রিং, বলদাতা। (বলীবর্দ্দ শব্দজ) সং, বৃষ। ষাঁড়। দামড়া।

বলন, (দেশজ) সং, কথন, বাক্যপ্রয়োগ।

বলভি—ভী (বল্=আচ্ছাদন করা+অভচ্,ই—প্রং) সং, পুং—স্ত্রীং, গৃহের কাঠাম। ছাদের উপরিস্থ গৃহ। ছাদ। গৃহচূড়া,মুড়নি। চাল ও ছাদের পাইড়।

বলয়, (বল্=বেষ্টন করা+কয়ন্—প্রং) সং, পুং—ক্লীং, করভূষণ। বালা।

"দিব্যেন শূন্যং বলয়েন বাহুং"রং। মণ্ডল, বেষ্টন। পুং, গলরোগবিশেষ।

বলয়িত, (বলয়+ইত—সংজ্ঞাতার্থে) বিং, ত্রিং, বেষ্টিত। ঘেরা। পরিবৃত।

বলাকা, (বল—অক্=গমন করা+অচ্—প্রং, যে বলদ্বারা অতি উর্দ্ধে গমন করে। কিম্বা বল্=আচ্ছাদনকরা+আকন্ আপ্—প্রং) সং, স্ত্রীং, ক্ষুদ্রজাতীয় বকশ্রেণী। "খে ভবন্তং বলাকা" কালীদাস।

বলাসক, সং, পুং, কোকিল। ভেক।

বলাহক, (বারি—বাহক=যে বহন করে নিপাতন) সং, পুং, মেঘ। সর্পবিশেষ। পর্ব্বত। দৈত্য। (বর্গ্য বও হয়)। "বলাহকাশ্চাশনিশব্দ-পূরিতাঃ" কালিদাস।

বলি, সং, ক্লীং, বগ্য ব দেখ।

বলির, বিং, ত্রিং, কেকর. টেরা।

বলিশ, (বল=মৎস্যখাদ্য—শো=গ্রন্থন করা+ড—ক। যে টোপ গাঁথে) সং, ক্লীং, শি, শী—স্ত্রীং, বড়িশ, বড়শী।

বলীক, (বল্=আবরণ করা+ঈক—প্রং) সং, ক্লীং, নীধ্র, ঘরের চালের ছাঁইচ।

বলুক, (বল্=বেষ্টন করা+উক—প্রং) সং, ক্লীং, পদ্মমূল। পুং, পক্ষিবিশেষ।

বল্ক—ক্লীং, বল্কল—পুং—ক্লীং, (বল্=আবরণ করা+কক্, কলচ্—প্রং) সং, বৃক্ষত্বক্, গাছের ছাল। শল্ক, মাছের আঁস। ক্লীং, বল্কল শব্দে দারুচিনি।

বল্কবান্, (বল্কবৎ, বল্ক=আঁস+বৎ—অস্ত্যর্থে) সং, পুং, মৎস্য। বিং, ত্রিং, বল্কবিশিষ্ট। [পুং, কণ্টক। কাঁটা।

বল্কিল, (বল্ক=বৃক্ষত্বক্+ইল—প্রং) সং,

বল্কুত, (বল্=আচ্ছাদন করা+ক্কুত—প্রং) সং, ক্লীং, বল্কল, গাছের ছাল।

বল্গ, (বল্গ=গমন করা+অচ্—প্রং) সং, ক্লীং, গতি। ভোজন।

বল্গা, (বল্গ=দৌড়িয়া যাওয়া, লাফমারা+অচ্—ণ, আপ্) সং, স্ত্রীং, রশ্মি, মুখরজ্জু, লাগাম

বল্গাহরিণ, সুমেরু সন্নিহিত দেশস্থ হরিণবিশেষ, ঐ দেশের লোক ঐ হরিণ জাতির মুখে লাগাম দিয়া শকটাদি টানায়।

বল্গিত, বল্গন (বল্গা দেখ+ক্ত, অনট্—ভা) সং, ক্লীং, অশ্বের গতিবিশেষ। প্লুত গতি। হস্তপদাদির আস্ফালন। গমন, লম্ফন। বহুভাষণ, জল্পন।

বল্গু (বল=আবরণ করা+গুক্—প্রং) সং, পুং, ছাগল। বিং, ত্রিং, মধুর, সুন্দর, মনোহর।

বল্গুক, (বল্গু+কন্ যোগ) বিং, ত্রিং রুচির, মনোহর। সং, ক্লীং, চন্দন বন। পণ, বাজি।

বল্গুলিকা, সং, স্ত্রীং, তৈলপায়িক তেলাপোকা। আরশোলা।

বল্ভন, (বল্ভ=ভোজন করা+অনট্ ভা) সং, ক্লীং, ভোজন, ভক্ষণ, আহার।

বল্মিক, বল্মিকি, বল্মীক, বল্মীকি (বল =আচ্ছাদন করা, বৃদ্ধি পাওয়া+ইক ইকি, ঈক, ঈকি—প্রং, ম—আগম) সং, পুং,—ক্লীং, উইয়ের ঢিপি। পুং বাল্মীকি মুনি। গোদ। গলগণ্ড শোথরোগ।

বল্মীকুট, সং, ক্লীং, বল্মীক, উইয়ের ঢিপি

বল্ল, (বল্ল=আচ্ছাদন করা, সঞ্চলন করা +অচ্—প্রং) সং, পুং, ধান্যাদি শস্য পাছড়ান। গুঞ্জাত্রয় পরিমাণ, ৩ কুঁচ পরিমাণ। ক্লীং, ভক্ষ্যবস্তু। সংবরণ।

বল্লকী, (বল্ল্=আচ্ছাদন করা+কুন্-প্রং) সং, স্ত্রীং, বাদ্যযন্ত্রবিশেষ, বীণা শল্লকীবৃক্ষ।

বল্লভ, (বল্ল=আচ্ছাদন করা+অভ প্রং) বিং, ত্রিং, প্রিয়। দয়িত। কান্ত প্রণয়ী। পতি। অধ্যক্ষ। পুং, প্রশস্ত কুলোৎপন্ন লক্ষণাক্রান্ত অশ্ব। নায়ক পতি। বন্ধু। ভা—স্ত্রীং, দয়িতা, প্রিয়া প্রণয়িনী। গোপরাজ

বল্লভপালক, (বল্লভ=উত্তম অশ্ব—পালক =যে পালন করে) বিং, ত্রিং, অশ্বরক্ষক।
বল্লর,(বল্ল্=আচ্ছাদন করা+অরন্ প্রং) সং, ক্লীং বন। কুঞ্জ। মঞ্জরী। কৃষ্ণাগুরু।
বল্লরি—রী, (বল্লর দেখ,+অরন্, ই—প্রং) সং, স্ত্রীং, ব্রততী, লতা। মঞ্জরী।
বল্লব, (বল্ল=ভক্ষ্যদ্রব্য+ব—অস্ত্যর্থে) বিং, ত্রিং, পাচক। সং, পুং, সূপকার। ভীমসেন। (বল্ল=আচ্ছাদন+ব—প্রং) গোপ। বী—স্ত্রীং, গোপী।
বল্লি, বল্লী, (বল্ল=আচ্ছাদন করা+ইন্, ঈপ্ প্রং) সং, স্ত্রীং, লতা, ব্রততী। পৃথিবী।
বল্লূর, (বল্লি দেখ,+উর—প্রং) সং, ক্লীং, ক্ষেত্র। মঞ্জরী। কুঞ্জ। নির্জ্জনস্থান। বন। অকৃষ্ট ক্ষেত্র। ক্লীং, রা—স্ত্রীং, গহন। ঊষর। ত্রিং, শুষ্ক মাংস। শূকরমাংস।
বল্লূর, (বল্লি দেখ+উর—প্রং) সং, ত্রিং, রৌদ্রাদিদ্বারা শুষ্ক মাংস। শূকরমাংস। পতিত ভূমি। ক্লীং, রা—স্ত্রীং, গহন। ঊষর।
বল্বজ, সং, পুং, উলুখড়।
বব, (ব, বাধাতুজ, দ্বিত্ব) সং, পুং, একাদশ করণের অন্তর্গত প্রথম করণ।
বশ, (বশ্=অভিলাষ করা+অল্-ভা) সং, পুং—ক্লীং, অভিলাষ, ইচ্ছা। ক্লীং, স্বাধীনতা। প্রভুত্ব, কর্ত্তৃত্ব। অধীনতা, আয়ত্ততা। পুং, বেশ্যাগৃহ। শা—স্ত্রীং, বন্ধ্যাস্ত্রী। বন্ধ্যাগবী। হস্তিনী। নারী। কন্যা। বিং, ত্রিং, আয়ত্ত, অধীন। মন্ত্রাদিদ্বারা মুগ্ধ। অনুকূল।
বশকা, (বশ=আয়ত্ততা+কন্, যোগ) সং, স্ত্রীং, বশীভূতা স্ত্রী।
বশক্রিয়া, (বশ=অধীনতা—ক্রিয়া=কার্য্য) সং, স্ত্রীং, বশীকরণ, বশবর্ত্তীকরা।
বশগ, (বশ=আয়ত্ততা—গ=যে গমন করে, দ্বিতীয়া—ষ) বিং, ত্রিং, বশবর্ত্তী, বশীভূত, আয়ত্ত।
বশতঃ, (বশ+তস্ [পঞ্চমীস্থানে]—প্রং) অং, অধীনতাহেতু, বশীভূততা প্রযুক্ত।
বশতা, (বশ=অধীন+তা—ভাবে) সং, স্ত্রীং, অধীনতা। আয়ত্ততা।
বশম্বদ, (বশ=অধীনতা—বদ=যে বলে) বিং, ত্রিং, প্রিয়বাদী, মিষ্টবক্তা। যে বাক্য দ্বারা বশীভূত করে, বশীভূত।
বশবর্ত্তী, (বশবর্ত্তিন্, বশ—বর্ত্তিন্=যে বিদ্যমান থাকে) বিং, ত্রিং, বশীভূত।
বশাঢ্যক, সং, পুং, শিশুমার, শুশুক।
বশিক, (বশ+ইক—প্রং) বিং, ত্রিং, শূন্য, খালি। কা—স্ত্রীং, অগুরু।
বশিত্ব—ক্লীং, বশিতা—স্ত্রীং, (বশিন্+ত্ব, তা—ভাবে) সং, শিবের ঐশ্বর্য্যবিশেষ। সকলকে বশ করিবার ক্ষমতা। স্বাধীনতা।
বশিষ্ঠ, বসিষ্ঠ (অব—শাস্=শাসন করা +ক্ত প্রং, অ—লোপ, অথবা বশিন্+ইষ্ঠ=প্রং, বিকল্পে শ স্থানে স, কিম্বা বস্=বাসকরা+ইষ্ঠ—প্রং) সং, পুং, মুনিবিশেষ।
বশী, (বশিন্, বশ=স্বাধীনতা+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, জিতেন্দ্রিয়, যে ব্যক্তি ইন্দ্রিয়গণকে জয় করিয়াছে। স্বাধীন।
বশীকরণ, (বশ=আয়ত্ত—করণ, মধ্যে ঈ—আগম) সং, ক্লীং, আয়ত্তকরণ, অধীনে রাখা। বশ্যতা-জনক মণিমন্ত্রৌষধাদি।
বশীকৃত, (বশ=আয়ত্ত—কৃত, মধ্যে ঈ—আগম) বিং, ত্রিং, যাহাকে বশ করা হইয়াছে, আয়ত্তীকৃত।
বশীভূত, (বশ=আয়ত্ত—ভূত=যে হইয়াছে, অবশ যে সে বশ হয়, মধ্যে ঈ—আগম) বিং, ত্রিং, বশবর্ত্তী বশ্যতা প্রাপ্ত, আজ্ঞাবহ।
বশ্য, (বশ=আয়ত্ততা+যৎ-গতার্থে) বিং, ত্রিং, বশবর্ত্তী, আজ্ঞাকারী। পোষা।
বশ্যকা, বশ্যা, (বশ্যা+কন্ যোগ, বশ্য+

আপ্—প্রং) সং, স্ত্রীং, বশীভূতা স্ত্রী।
বশ্যতা, (বশ্য+তা—ভাবে) সং, স্ত্রীং, অধীনতা। আয়ত্ততা।
বষট্, (বহ্=বহন করা+অষট্-প্রং) অং, অগ্নিতে আহুতি দান প্রভৃতির মন্ত্র।
বষট্কার, (বষট্—কার=করণ) সং, পুং, দেবোদ্দেশে অগ্নিতে আহুতি প্রদান, হোম।
বষট্কৃত, (বষট্—কৃত=করা হইয়াছে) বিং, ত্রিং, বষট্ এই মন্ত্র দ্বারা হুত।
বষ্কয়, (বষ্ক্=গমন করা+অয়—প্রং) সং, পুং, একবর্ষ-বয়স্ক বৎস। এক বছরের বাছুর।
বষ্কয়ণী, } (বষ্কয়=বাছুর—নী=পাওয়া+ক্বিপ্—প্রং।
বষ্কয়িণী, } বষ্কয়=বাছুর+ইন্—অস্ত্যর্থে, ঈপ্, সং, স্ত্রীং, চিরপ্রসূতা গবী। যে গাভীর অনেক বাছু হইয়াছে।
বসতি—তী, (বস্=বাসকরা+অতি, ঈপ্ প্রং) সং, স্ত্রীং, বাসস্থান; "বসন্ স তস্যাং বসতৌ রঘূণাং" রং। বাস, স্থিতি। রাত্রি।
বসন্, (বসৎ, বস্=বাসকরা+অৎ—ক) বিং, ত্রিং, বাসকারী। স্থিতিকারী। বাসিন্দা।
বসন, (বস্=আচ্ছাদন করা+ল্যুট্—ণ) সং, ক্লীং, বস্ত্র। কাপড়। বাস, বাসস্থান আচ্ছাদন। স্ত্রীলোকের কটিভূষণ।
বসন্ত, (বস্=বাসকরা+অন্ত—প্রং) সং, পুং, ঋতুবিশেষ, ফাল্গুন, চৈত্রমাস। স্বনাম প্রসিদ্ধ রোগ। রাগবিশেষ। অতিসাররোগ।
বসন্তঘোষী, (বসন্তঘোষিন্, বসন্ত—ঘোষিন্=যে গান করে) সং, পুং, কোকিল।
বসন্ততিলক, ক্লীং, কা—স্ত্রীং, চতুর্দ্দশাক্ষরপাদ ছন্দোবিশেষ, যাহার ৩য় ৫ম ৬ষ্ঠ ৭ম ৯ম ১০ম ১২শ বর্ণ লঘু, অবশিষ্ট বর্ণ গুরু
বসন্তদূত, (বসন্ত—দূত=বার্ত্তাবহ) সং, পুং, কোকিল। পঞ্চমস্বর। আম্রবৃক্ষ। তী—স্ত্রীং, কোকিলা। মাধবীলতা।
বসন্তসখ, (বসন্ত—সখি=বন্ধু, ৬ষ্ঠী—হিং, অ—প্রং) সং, পুং, কন্দর্প। কামদেব, মদন।
বসন্তোৎসব, সং, ক্লীং, দোলযাত্রা।
বসা, (বস্=বাসকরা+অঙ্, আপ্ প্রং) সং, স্ত্রীং, মজ্জা। মেদঃ। চর্ব্বি।
বসাঢ্য, (বসা—আঢ্য) সং, পুং, শিশুমার, শুশুক।
বসান, (বস্—আচ্ছাদনকরা+শানচ্-প্রং) বিং, ত্রিং, পরিধানকর্ত্তা। আচ্ছাদয়িতা।
বসাপায়ী, (বসাপায়িন্, বসা—পায়িন্=যে পান করে) সং, পুং, কুক্কুর। সারমেয়।
বসায়, সং, ক্লীং, ইচ্ছা। অভিপ্রায়।
বসাস্তর, (বসা—আস্তর=আস্তরণ) সং, পুং, চর্ব্বির আচ্ছাদন।
বসি, সং, পুং, গৃহ। আবাস।
বসির, সং, ক্লীং, সাগরলবণ।
বসু, (বস্=বাসকরা+উ—প্রং) বিং, ত্রিং, মধুর। শুষ্ক। সং, পুং, গণদেবতাবিশেষ; ভব, ধ্রুব, সোম, বিষ্ণু, অনিল, প্রত্যূষ, প্রভব, এই অষ্ট। কুবের। রশ্মি, কিরণ। সূর্য্য। অগ্নি। দীপ্তি। রাজা। চেদিরাজ। ধনিষ্ঠা নক্ষত্র। বৃক্ষ। হ্রদ। জলাশয়, বিল। বল্গা। মৎস্যবিশেষ। যোক্ত্র। বকবৃক্ষ। কায়স্থের পদবীবিশেষ। অষ্ট সংখ্যা। ক্লীং, লবণ। ধন। রত্ন। স্বর্ণ। জল। স্ত্রীং, দীপ্তি।
বসুকীট, (বসু=ধন—কীট=পোকা) সং, পুং, যাচক, ভিক্ষু। অর্থী।
বসুদ, (বসু=ধন—দ=যে দান করে) বিং, ত্রিং, ধনদাতা। সং, পুং, কুবের। ধনদ। দা—স্ত্রীং, পৃথিবী।

বসুদেব, (বসু—রত্ন—দেব=যে দীপ্তি পায়, ৩য়া—ষ) সং, পুং, কৃষ্ণের পিতা।
বসুদেবতা, (বসু—দেবতা) সং, স্ত্রীং, ধনিষ্ঠা নক্ষত্র। [পুং, কৃষ্ণ। বাসুদেব।
বসুদেবভূ, (বসুদেব—ভূ=জাত) সং,
বসুধা, বসুন্ধরা, বসুমতী, (বসু=ধন—ধা যে ধারণ করে, ২য়া—ষ। বসু=ধন—ধর=যে ধারণ করে। বসু=ধন+মৎ—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, পৃথিবী।
বসুধাধর, (বসুধা—ধর=যে ধরে, ২য়া—ষ) সং, পুং, ভূধর। পর্ব্বত। অচল।
বসুধাধিপ, (বসুধা—অধিপ=রাজা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ভূপতি। রাজা। নৃপতি
বসুধারা, (বসু=ধন—ধৃ=ধারণ করা+ণিচ্—প্রং) সং, স্ত্রীং, আভ্যুদয়িক শ্রাদ্ধের পূর্ব্বে ভিত্তিতে দত্ত ঘৃতধারা। কুবের-পুরী। জৈন শক্তিগণের মধ্যে এক শক্তি।
বসুপ্রাণ, (বসু—প্রাণ=জীবন) সং, পুং, অগ্নি। অনল। জাতবেদা। হবির্ভুজ।
বসুল, (বসু=ধন—লা = পাওয়া+ক—প্রং) সং, পুং, দেবতা। অমর।
বসুষেণ, (বসু=ধন—সেনা=সৈন্য, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অঙ্গরাজ, কর্ণ, কুন্তীর জারজ পুত্র; যিনি দরিদ্রদিগকে দান করিতেন। [স্ত্রীং, কুবেরপুরী।
বসুস্থলী, (বসু=ধন—স্থল=স্থান) সং,
বস্ক-রাটিকা, সং, স্ত্রীং, বৃশ্চিক। বিছা।
বসুরা, সং, স্ত্রীং, বেশ্যা।
বস্ত, (বস্ত্=বধকরা+অচ্—প্রং) সং, পুং, ছাগল, ছাগ। অজা। [ত্রিং,বাসযোগ্য।
বস্তব্য, (বস্=বাস করা+তব্য—র্ম্ম) বিং,
বস্তি—স্তী, (বস্=আচ্ছাদনকরা+ক্তি—প্রং) সং, স্ত্রীং, নাভির অধোভাগ, তলপেট। যে মূত্রাশয় পুটকে আচ্ছাদন-করে। বাস। বহুং, বস্ত্রের দশী।
বস্তিমল, (বস্তি=তলপেট—মল) সং, ক্লীং, মূত্র, প্রস্রাব।
বস্তু, (বস্ = বাসকরা+তু—সংজ্ঞার্থে) সং,ক্লীং,পদার্থ, দ্রব্য, সামগ্রী। বৃত্তান্ত।
বস্তুক, (বস্=বাসকরা+উক—প্রং, ৎ—আগম) সং, ক্লীং, বেতোশাক।
বস্তুতঃ, (বস্তুতস্, বস্তু+তস্—প্রং) অং, বাস্তবিক, ফলতঃ। যথার্থতঃ। সত্যতঃ
বস্ত্য, (বস্ = বাসকরা+ক্তি+ যৎ—প্রং, যাহাতে বাস করে। অথবা অব—স্ত্যৈ=মিলিত হওয়া+ড—ধি) সং, ক্লীং, গৃহ। সদন। আলয়। আবাস।
বস্ত্র, (বস্=আচ্ছাদনকরা+ষ্ট্রন্—প্রং) সং, ক্লীং, বসন। কাপড়। পট। বাস। অচ্ছাদন।
বস্ত্রকুট্টিম, (বস্ত্র=কাপড়—কুট্টিম=কুঁড়ে ঘর) সং,ক্লীং, আতপত্র। ছত্র। বস্ত্রগৃহ। বস্ত্রাবাস। তাম্বু। [ক্লীং, পটগৃহ, তাঁবু।
বস্ত্রগৃহ, (বস্ত্র=কাপড়—গৃহ=ঘর) সং,
বস্ত্রগ্রন্থি, (বস্ত্র=কাপড়—গ্রন্থি=গাঁইট) সং, পুং, পরিধান বস্ত্রের গ্রন্থি, নীবী।
বস্ত্রনির্ণেজক, সং, পুং, রজক, ধোপা।
বস্ত্রপুত্রিকা, (বস্ত্র=কাপড়—পুত্রী=পুতলি+কন্—প্রং) সং, স্ত্রীং, বস্ত্রনির্ম্মিত পুতুল। [সং, স্ত্রীং, অবস্থা। দশা।
বস্থা, (অব—স্থা—থাকা+অচ্—আপ্)
বস্ন, (বস্=বাস করা+ন—প্রং) সং, পুং, মূল্য, দাম। ক্রয়। ক্লীং, বেতন, ভাড়া। ত্বক্। ধন। মৃত্যু। বস্তু। বস্ত্র। বাসকরণ।
বস্নন, সং, ক্লীং, স্ত্রীলোকের কটিভূষণ।
বস্নসা, (বস্ন = ত্বক্—সো=নাশকরা+ক—প্রং) সং, স্ত্রীং, স্নায়ু, শরীরান্তর্গত সূত্রবৎ সূক্ষ্মনাড়ী।
বস্বোকসারা, (বসু = ধন—ওকস্=স্থান—আ—রা+কন্—প্রং, ইহা দেবতাদিগের আবাসস্থান) সং, স্ত্রীং, ইন্দ্রের রাজধানী। অলকাপুরী। অমরাবতী। ইন্দ্রনদী। অযোধ্যা।
বহ, (বহ্=বহা+ঘ—ণ, ক, ধি) সং, পুং, ঘোটক। বায়ু। যান, বাহন। বৃষের স্কন্ধদেশ। পন্থা। পরিমাণবিশেষ,

চারিদ্রোণ পরিমাণ। নদ। বাহু। বিং, ত্রিং, বহনকারী, যথা—আজ্ঞাবহ ই-ত্যাদি। হা—স্ত্রীং, নদী।

বহতু, (বহ্ = বহন করা+অতু—প্রং) সং, পুং, বৃষভ। পথিক।

বহন, (বহ=দেখ, + অনট—ভা) সং, ক্লীং, ধারণ। বহিয়া যাওয়া। লইয়া যাওন। তরণী। নৌকা। বহিত্র। জলযান।

বহন্ত, সং, পুং, বায়ু। শিশু।

বহনীয়, (বহ্=বহন করা+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, বহনযোগ্য। ধারণযোগ্য।

বহমান, (বহ=বহনকরা+শানচ্—প্রং) বিং, ত্রিং, বহনশীল। যাহা প্রবাহিত হইতেছে।

বহল, (বহ্=বহন করা+কলচ্—প্রং) বিং, ত্রিং, কঠিন। দৃঢ়, বহুল, অনেক। সং, পুং, পোত। নৌকা। ক্লীং, উড়ূপ, ভেলা। ক্লীং, নৌকা। জলযান। দাঁড়।

বহিত্র, (বহ্=বহনকরা+ইত্র—ণ) সং,

বহিঃ, (বহিস্, বহ্=বহা+ইস্—প্রং) সং, অং, বাহ্যদেশ। বাহির। সীমার শেষ।

বহিঃকুটীচর, (বহিস্=বাহির—কুটী=বক্র—চর=যে গমন করে) সং, পুং, কর্ক্কট। কুলীর। কাঁকড়া।

বহিঃস্থ, (বহিস্=বাহির—স্থা=থাকা+ড—প্রং) বিং, ত্রিং, বাহিরে স্থিত। বাহ্য।

বহিরঙ্গ, (বহিস্=বাহির—অঙ্গ) সং, পুং, অনাত্মীয়। অন্য, পর, বাহ্য অঙ্গ। ব্যাকরণে—প্রত্যয়-ঘটিত কার্য্য।

বহিরিন্দ্রিয়, (বহিস্—ইন্দ্রিয়) সং, ক্লীং, জ্ঞানেন্দ্রিয়, চক্ষুকর্ণাদি পাঁচ। কর্ম্মেন্দ্রিয়, হস্তপদাদি পাঁচ। [বিক্রয়।

বহির্ব্বাণিজ্য, সং, ক্লীং, ভিন্নদেশে ক্রয়

বহির্ব্বাহ, সং, পুং, যে প্রবাহ দ্বারা কোন বস্তুর অভ্যন্তরস্থ জল বাহিরে আইসে।

বহির্ভূত, (বহিস্=বাহির—ভূ=পাওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, বহির্গত। নিষ্ক্রান্ত।

বহির্ম্মুখ, (বহিস্—মুখ) বিং, ত্রিং, বিমুখ, পরাঙ্মুখ। বাহ্যবিষয়াসক্ত। দেবতা

বহিশ্চর, (বহিস্=বাহির—চর=যে গমন করে) সং, পুং, কুলীর, কর্ক্কট।

বহিষ্করণ, (বহিস্=বাহির—করণ) সং, ক্লীং, দূরীকরণ, বাহির করিয়া দেওয়া।

বহিষ্কৃত, (বহিস্=বাহির—কৃত) বিং, ত্রিং, যাহাকে বাহির করিয়া দেওয়া হইয়াছে।

বহীরু, সং, পুং, শিরা, ধমনী। মাংসপেশী

বহুতৃণ, (তৃণ—বহু) সং, ক্লীং, তৃণতুল্য।

বহেড়ুক, (বহ্=বহনকরা+এড়ুক—প্রং,) সং, পুং, বহেড়াগাছ।

বহ্নি, (বহ্=বহন করা+নি—সংজ্ঞার্থে যিনি দেবতাদের জন্যে হবনীয় বহন করেন) সং, পুং, অগ্নি। জাতবেদা। জ্বলন। অনল। পাবক। দহন। দাহ।

বহ্নিগন্ধ, সং, পুং, ধুনা।

বহ্নিগর্ভ, (বহ্নি=অগ্নি-গর্ভ=ভ্রূণ) সং, পুং, বংশ, বাঁশ, ঘর্ষণ দ্বারা অগ্নি উৎপন্ন হয় বলিয়া বেণু। কীচক। তা—স্ত্রীং, শমীবৃক্ষ, শাঁই গাছ।

বহ্নিদীপক, সং, পুং, কুসুম্ভপুষ্প।

বহ্নিমারক, (বহ্নি=অগ্নি—মারক=নাশক) সং, ক্লীং, জল। বারি।

বহ্নিমিত্র, বহ্নিসখ, } (বহ্নি=অগ্নি—মিত্র=বন্ধু। বহ্নি—সখ = সখিশব্দজ) সং, পুং, বায়ু। পবন। মাতরিশ্বা।

বহ্নিমুখ, (বহ্নি=অগ্নি—মুখ) সং, পুং, দেবতা। অগ্নিমুখ।

বহ্নিরেতাঃ, (বহ্নিরেতস্, বহ্নি=অগ্নিতে নিষিক্ত—রেতস্=শুক্র, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিব। মহাদেব। রুদ্র।

বহ্নিশিখ, (বহ্নি=অগ্নি—শিখা=কেশর ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, কুসুম্ভপুষ্প। কুঙ্কুম

বহ্য, (বহ্=বহন করা+যৎ—প্রং) সং, ক্লীং, যান। বাহন। শকট, গাড়ি। হ্যা ;—মুনিপত্নী।

বা, (বা=গমনকরা+ক্বিপ্—প্রং) অং, বিতর্ক। নিশ্চয়। বিকল্প। সমুচ্চয়। উপমা। সাদৃশ্য। নানার্থ। বিশ্বাস। অতীত। বাক্য শোভার্থক ও পাদপূরণার্থক শব্দ। [নর্ত্তকীবিশেষ।

বাই, (বায়ুশব্দজ) সং, বায়ুরোগ, উন্মাদ।

বাইশ।

বাইশ, (বাশিশব্দজ) সং, কুঠারবিশেষ। (দেশজ) দ্বাবিংশতি, ২২।

বাউল, (বাতুলশব্দজ) সং ক্ষিপ্ত। পাগল। গৌরাঙ্গভক্ত, বৈষ্ণব সম্প্রদায় বিশেষ।

বাংশ, (বংশ = বাঁশ+অণ্—ইদমর্থে) বিং, ত্রিং, বংশসম্বন্ধীয়। শী—স্ত্রীং, বংশলোচন।

বাংশিক, (বংশ+ঠক্—প্রং) সং, পুং, বংশীবাদক, যে বাঁশী বাজায়।

বাঁ, (বামশব্দজ) বিং, বাম, সব্য। [দণ্ড।

বাঁক, (বক্রশব্দজ) সং, বক্রতা। বহন-

বাঁকা, (বক্র শব্দজ) বিং, বক্র।

বাঁচন, (দেশজ) সং, জীবনধারণ, প্রাণরক্ষাকরণ। [দির মুষ্টি।

বাঁট, (দেশজ) সং, পশুর স্তন। খড়্গা-

বাঁটন, (বণ্টন শব্দজ) সং, বিভাগকরণ।

বাঁটুল, (বর্ত্তুলশব্দজ) সং, গুলি।

বাঁদর, (বানরশব্দজ) সং, কপি। মর্কট। শাখামৃগ। [আলবাল। ভেড়ী।

বাঁধ, (বন্ধনশব্দজ) সং, সেতু। আলি।

বাঁধন, (বন্ধন শব্দজ) সং, বাঁধা। অবরোধন

বাঁশ, (বংশশব্দজ) সং, বেণু। বংশ।

বাঁশী, (বংশশব্দজ) সং, মুরলী। বংশী। বেণু

বাক্, বাচা, (বাচ্, বচ্ = বলা+ক্বিপ্ আপ্—ভা) সং, স্ত্রীং, বাকা, কথা। উক্তি। বচন। শব্দ। বিদ্যা। বাগিন্দ্রিয়

বাক, (বচ্=বলা+অল্—প্রং) সং, পুং, বাক্য, বচন। (বক+ষঞ্—ইদমর্থে) বিং, ত্রিং, বকসম্বন্ধীয়।

বাকল, (বল্কল শব্দজ) সং, বল্কল। বৃক্ষত্বক্। ছাগ। [অবশেষ। বকেয়া।

বাকী, (যবনভাষা কিম্বা বক্রীশব্দজ) সং,

বাকোবাক্য, (বাকঃ=বাক্যের—বাক্য—উক্তি) সং, ক্লীং, উত্তর প্রত্যুক্তি। কথা কাটাকাটি। সওয়াল জবাব।

বাক্কলহ, (বাচ্—কলহ=ঝকড়া) সং, পুং, বাক্যদ্বারা বিবাদ, কথায় ঝগড়াকরা বাগ্ বিতণ্ডা বাগ্‌যুদ্ধ।

বাক্কীর, (বাচ্—বাক্য—কীর=শুকপক্ষী) সং, পুং, শ্যালক। পত্নীর ভ্রাতা।

বাক্‌পটু, (বাচ্—পটু=নিপুণ) বিং, ত্রিং, উত্তমবক্তা, বাগ্মী।

বাক্‌পতি, (বাক্ = বাক্য—পতি = প্রভু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বৃহস্পতি। উত্তমবক্তা

বাক্‌পথ, (বাচ্—পথ=পথিন্‌শব্দজ) সং, পুং, বাক্যের বিষয়—কথনযোগ্য।

বাক্‌পারুষ্য, (বাচ্=বাক্য—পারুষ্য = কটুতা) সং, ক্লীং, অপ্রিয় বাক্যের উচ্চারণ। কুৎসিত বাক্যপ্রয়োগ। রূঢ় কথা। গালাগালি। তিরস্কার।

বাক্‌প্রণালী, সং, স্ত্রীং, কথা কহিবার রীতি। [কার চর্ম্ম।

বাক্‌সূত্র, সং, ক্লীং, স্বরোৎপাদক সূত্র-

বাক্য, (বচ্=বলা+ণ্যৎ—প্রং) সং, ক্লীং, কথা, বচন, বিভক্ত্যন্ত পদসমূহ, ক্রিয়া পদসমূহ, কারকযুক্ত ক্রিয়াপদসমূহ, এই তিন প্রকার। আদ্য—"প্রকৃতিসিদ্ধমিদং মহাত্মনাং" মহাত্মাদের ইহা প্রকৃতিসিদ্ধ। দ্বিতীয় —"পচতি পঠতি" পাক করিতেছে, পাঠ করিতেছে। তৃতীয়—"দেবদত্তোগ্রামং গচ্ছতি" দেবদত্ত গ্রামে গমন করিতেছে। সূত্র।

বাক্যস্থ, (বাক্য—স্থ=যে থাকে) বিং, ত্রিং, বাক্যেতে স্থিত। কথার বাধ্য।

বাখারী, (দেশজ) সং, বংশোদ্ভব শলাকা।

বাগান, (দেশজ) সং, উদ্যান। আয়ত্তকরণ।

বাগর, (বাচ্=বাক্য—ঋ=গমনকরা+অব্—প্রং) সং, পুং, প্রতিবন্ধ। বাধা।

শাণ। নিশ্চয়। বৃক। বাড়বাগ্নি। পণ্ডিত। মুমুক্ষু। সাহসিক। বীর।

বাগা, বল্গা।

বাগারু, (বাচ্=বাক্য—ঋ=গমনকরা+উণ্—প্রং) বিং, ত্রিং, যে ব্যক্তি আশা দিয়া হতাশ করে, আশাহন্তা।

বাগিচা, (যবনভাষা) সং, আরাম। উদ্যান। বাগান।

বাগীশ, বাগীশ্বর, (বাক্=বাক্য—ঈশ, =ঈশ্বর, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বৃহস্পতি। ব্রহ্মা। বাক্‌পতি, উত্তম বক্তা। শী, রী—স্ত্রীং, বাগ্দেবী, স্বরস্বতী।

বাগুরা, (বা=হিংসাকরা+উর—প্রং, গ—আগম) সং, স্ত্রীং, পাশ, মৃগবন্ধনী, জাল, ফাঁদ। [সং, পুং, ব্যাধ,জালিক।

বাগুরিক, (বাগুরা+ঠক্—জীবত্যর্থে)

বাগ্‌গুলি, বাগ্‌গুলিক, (বাচ্=আজ্ঞা—গুর্=বাধ্যহওয়া+কি—প্রং। র=ল। অথবা গৃ=গ্রাস করা, নিপাতন। বাগগুলি+কণ্—স্বার্থে) সং, পুং, রাজাদের তাম্বুলবাহক।

বাগ্‌জাল—ক্লীং, } সং, বাগাড়ম্বর,
বাগডম্বর—পুং, } কথায় জাঁক্‌জমক করা।

বাগ্দণ্ড, (বাক্—দণ্ড=শাসন) সং, পুং, বাক্য-সংযম। তিরস্কার, ভর্ৎসনা।

বাগ্দত্তা, (বাক্—দত্ত, ৩য়া—ষ) সং, স্ত্রীং, বিবাহের পূর্ব্বে—যে কন্যাকে বাক্যে দান করা হইয়াছে।

বাগ্দরিদ্র, (বাক্=বাক্য—দরিদ্র, ৩য়া—ষ) বিং, ত্রিং, মিতভাষী। যে অল্প কথা কয়। যে বিনীত ভাবে কথা কয়। যে বিবেচনা করিয়া কথা কয়।

বাগ্দল, (বাক্=বাক্য—দল=পত্র) সং, ক্লীং, ওষ্ঠাধর। [দান করা।

বাগ্দান, (বাক্—দান) সং, ক্লীং, বাক্যে

বাগ্দেবী, বাগ্দেবতা, (বাক্=বাক্য—দেবী, দেবতা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, সরস্বতী। বাগীশ্বরী।

বাগ্বৈদগ্ধ্য, (বাক্—বৈদগ্ধ্য=দক্ষতা) সং, ক্লীং, বাক্‌চাতুর্য্য,বাক্যবিষয়ে পাণ্ডিত্য।

বাগ্মী, (বাগ্মিন্, বাক্=বাক্য+মিন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বক্তা। বাক্‌পটু। বাচাল। সং, পুং, বৃহস্পতি। সুরাচার্য্য।

বাগ্য, (বাক্=বাক্য+যৎ—প্রং) বিং, ত্রিং, মিতভাষী। বাগ্দরিদ্র।

বাগ্যত, (বাক্—যত=যে সংযম করে) বিং, ত্রিং, মৌনী। সংযত বাক্য।

বাঘ, (ব্যাঘ্রশব্দজ) সং, শার্দ্দূল।

বাঙ্ক, (বঙ্ক+অল্—প্রং) সং, পুং, সমুদ্র, সাগর। রত্নাকর। [সং,স্ত্রীং, নদীবিশেষ।

বাঙ্মতী, (বাক্=বাক্য+মৎ—অস্ত্যর্থে)

বাঙ্ময়, (বাক্+ময়ট্—অপৃথগ্‌ভাবার্থে) বিং, ত্রিং বাক্যাত্মক। বাক্যময়। শব্দজাত। বক্তৃতা। অলঙ্কার শাস্ত্র। সাহিত্য, কাব্যশাস্ত্র। য়ী—স্ত্রীং, সরস্বতী।

বাঙ্মুখ, (বাক্=বাক্য—মুখ=আরম্ভ) সং,ক্লীং, উপন্যাস। বাক্যারম্ভ। মুখবন্ধ।

বাচংযম, (বাচং=বাক্যকে—যম=যে সংযম করে, অথবা বাচং=বাক্যকে—যম্=সংযমকরা+খচ্—ক, ব্রতার্থে) সং, পুং, মৌনব্রতাবলম্বী মুনি। বিং, ত্রিং, মিতভাষী।

বাচক, (বচ্=বলা+ণক—ক) বিং, ত্রিং, অর্থপ্রকাশক। বোধক। কথক। পুরাণাদি পাঠক। সং, পুং, অভিধাশক্তিদ্বারা অর্থপ্রকাশক শব্দ।

বাচন, (বাচি=বলা+অনট—ভা) সং, ক্লীং,না—স্ত্রীং,কথন। পঠন। ব্যাখ্যান।

বাচনক, (বাচন+কণ্—যোগ) সং, ক্লীং, প্রহেলিকা, হিঁয়ালী।

বাচনিক, (বচন+ঠক্—প্রং) বিং, ত্রিং, মৌখিক, বচন-নিষ্পন্ন, যাহা বাক্যে বলিয়া দেওয়া যায়।

বাচঃপতি, বাচস্পতি, (বাচন্=বাক্যের—পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, দেবগুরু। বৃহস্পতি। বাগ্মী। বাক্‌পটু। সদ্‌বক্তা। বিদ্বান।

বাচস্পত্য, (বাচস্পতি=বাগ্মী+ষ্ণ্য—ভাবে) সং, ক্লীং, বাগ্মিতা। উত্তম-বক্তৃতা।

বাচাট, বাচাল (বাচ্+আটচ্—আলচ্—প্রং) বিং, ত্রিং, বহুকুৎসিত ভাষী। অসম্বদ্ধ প্রলাপী।

বাচিক, (বাচ্=বাক্য+ষ্ণিক—কৃতার্থে) সং, ক্লীং, সংবাদ। সন্দেশবাক্য, খবর। বিং,ত্রিং.বাক্যদ্বারা কৃত,বাক্যনিষ্পাদিত

বাচিকপত্র, (বাচিক=সংবাদ—পত্র) সং, ক্লীং, লিপি, চিঠি। লিখন।সংবাদপত্র।

বাচিকহারক,(বাচিক=সংবাদ—হৃ=লইয়া যাওয়া+ণক—ক) সং, পুং, দূত। সন্দেশহারক, যে সংবাদ লইয়া যায়।

বাচোযুক্তি, বাচোযুক্তিপটু, } (বাচস্=বাক্যের—যুক্তি=মিলন, ন্যায়। বাচোযুক্তি—পটু=নিপুণ) বিং, ত্রিং, বক্তা, বাগ্মী।

বাচ্য, (বচ্=বলা+ঘ্যণ—র্ম্ম, ভা) সং, ক্লীং,নিন্দা। ধাতুর উত্তর যে বিশেষ বিশেষ অর্থে বিশেষ বিশেষ প্রত্যয় হয়, বাচ্য আট প্রকার—কর্তৃ, কর্ম্ম, করণ, সম্প্রদান, অপাদান, অধিকরণ, ভাব ও কর্ম্মকর্তৃ। বিং, ত্রিং, নিন্দনীয়, বচনীয়। কুৎসিত। ঘৃণিত। জাতিভ্রষ্ট। দুষ্ট। বক্তব্য, কথনীয়। "বাচ্যস্ত্বয়া মদ্বচনাৎ সরাজা" রং। অভিধেয়, অর্থ, বোধ্য। প্রতিপাদ্য। "অর্থোবাচ্যশ্চ লক্ষ্যশ্চ ব্যঙ্গশ্চেতি ত্রিধা মতঃ। এষাংস্বরূপমাহ" "বাচ্যোঽর্থোঽভিধয়া বোধ্যো লক্ষ্যো লক্ষণয়া মতঃ। ব্যঙ্গো ব্যঞ্জনয়া তাঃ স্যুস্তিস্রঃ শব্দস্য শক্তয়ঃ"॥

বাচ্যতা, (বাচ্য+তা—ভাবে) সং, স্ত্রীং, নিন্দা, বচনীয়তা।

বাচ্যমান,(বাচি=বলা+শানচ্-প্রং) বিং ত্রিং, উচ্চার্য্যমাণ। পঠ্যমান। [চন।

বাছন, (দেশজ) সং, পৃথক্‌করণ, নির্ব্বা-

বাছা,(বৎসশব্দজ) সং, স্নেহপাত্র। শিশু। বিং, পৃথককরা।

বাছ্ছা, (বৎসশব্দ হইতে) শিশু। শাবক।

বাছুর, (বৎসশব্দজ) সং, গোবৎস।

বাজ, (বজ=গমনকরা+ঘঞ্—প্রং)সং, ক্লীং, ঘৃত। জল। পূজা বা যপাদির সমাপক মন্ত্র। শ্রাদ্ধান্ন। অন্ন। মদ্যবিশেষ। পুং, বাণের পক্ষ। শব্দ। বেগ। মুনিবিশেষ। পক্ষিবিশেষ। পুং,ক্লীং,পক্ষ,ডানা।

বাজপেয়, (বাজ=মদ্যবিশেষ, কিম্বা অন্ন বা ঘৃত—পেয়=যাহা পান করা যায়, ৭মী—হিং) সং, পুং, যজ্ঞবিশেষ।

বাজপেয়ী, (বাজপেয়িন্, বাজপেয়+ইন্—প্রং) সং, পুং, বাজপেয় যাগকর্ত্তা।

বাজসনেয়ী, (বাজসনেয়িন্, বাজসনেয়+ইন্—প্রং) সং,পুং,যজুর্ব্বেদশাখাধ্যেতা।

বাজিতা, (বাজিন্=অশ্ব+তা—ভাবে) সং, স্ত্রীং, অশ্বত্ব। পক্ষতা। শব্দবত্তা।

বাজান, (বাদনশব্দজ) সং, বাদ্য-বাদন। শব্দকরণ।

বাজিন, (বজ্=তৈয়ার করা+ইনন্—প্রং) অথবা বাজিন্+ষ্ণ—দেয়ার্থে) সং, ক্লীং, ছানার জল।

বাজিমেধ, সং, পুং, অশ্বমেধযজ্ঞ।

বাজী, (বাজিন্, বাজ=যে গমন করায়, পক্ষ+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, পক্ষী। বাণ। অশ্ব। পূর্ব্বে অশ্বগণের পক্ষ ছিল। পরে ইন্দ্র তাহাদিগের পক্ষ ছেদন করেন। গুল্মবিশেষ। অশ্বগন্ধা। বিং, ত্রিং, বেগবান্। জিনী—স্ত্রীং, ঘোটকী। (দেশজ) কুহক, ভেল্কী।

বাজীকরণ, (বাজিন্=অশ্ব—করণ, মধ্যে ঈ—আগম) সং, ক্লীং, বাজিবৎ সুরত শক্তিকারী ঔষধাদি।

বাজু, (দেশজ) সং, হস্তালঙ্কারবিশেষ।

বাঞ্ছন—ক্লীং, বাঞ্ছা—স্ত্রীং, } (বান্‌ছ্=অভিলাষকরা +অনট্,আপ্—ভা।) সং, স্ত্রীং,ইচ্ছা, স্পৃহা। কামনা। অভিলাষ। [ত্রিং, অভিলষণীয়।

বাঞ্ছনীয়, (বাঞ্ছন দেখ+অনীয়—র্ম্ম) বিং,

বাঞ্ছিত, (বাঞ্ছন দেখ+ক্ত—র্ম্ম) বিং,

ত্রিং, অভীষ্ট। অভিলষিত। কাঙ্ক্ষিত। মৃগ্য।

বাট, (বট=বেষ্টনকরা+ঘঞ্—র্ম) সং, পুং, পথ, রথ্যা। রাস্তা। মার্গ। আবৃতস্থান, বাড়ী। টিকা, টী—স্ত্রীং, বাড়ী, গৃহ,বাস্তু। আবৃতস্থান।

বাটন, (দেশজ) সং, মর্দ্দন। পেষণ।

বাটা, বাট্টা, (দেশজ) সং, তাম্বুলপাত্র। দর কস্তুরী।

বাটালী।

বাটালী, বাট্টালী, (দেশজ) সং, কাষ্ঠ-ছেদনার্থ অস্ত্রবিশেষ। রাস্তা। বাড়ী।

বাটপাড়, (দেশজ) সং, ডাকাইত। ব-ম্বেটিয়া। নাবিক তস্কর। জুয়াচোর।

বাট্টক, সং, ক্লীং, ভৃষ্টযব। ভাজাযব।

বাট্যাল, বাট্যালক, (বাটী—উদ্যান+অল্+অন্—কণ্—প্রং=ভূষণ। যাহা উদ্যানের আভরণ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বেড়েলা, বৃক্ষবিশেষ।

বাড়ব, বাড়বেয়, বাড়ব্য, (বর্গ্য ব দেখ)।

বাড়া, (দেশজ) বিং, অধিক, উদ্বৃত্ত।

বাঁড়ী, (বাটীশব্দজ) সং, গৃহ। বসতিস্থান

বাড়তি, (দেশজ) সং, বৃদ্ধি, উন্নতি।

বাঢ়, (বহ্=বহনকরা, পাওয়া+ক্ত—প্রং) ক্রিং—বিং, ক্লীং, সত্য। যথার্থ। অতিশয়। স্বীকার, হাঁ। বিং, ত্রিং,অধিক, অতিশয়। দৃঢ়। কঠিন।

বাণ, (বণ্=শব্দকরা, গমনকরা+ঘঞ্—প্রং) সং, পুং, শর, তীর। শায়ক। ধ্বনি, শব্দ। বলিরাজার জ্যেষ্ঠ পুত্র, বাণরাজা। গোস্তন। অগ্নি। কবিবিশেষ। ণা—স্ত্রীং, বাণমূল। পুং,ণা-স্ত্রীং, নীলঝিণ্টী বৃক্ষ। ক্লীং, নীলঝিণ্টী পুষ্প।

বাণদণ্ড, (বাণ—দণ্ড=যষ্টি) সং, পুং, বাপদণ্ড। বেমা।

বাণভট্ট, সং, পুং, কাদম্বরী-গ্রন্থকার।

বাণলিঙ্গ, সং, ক্লীং, নর্ম্মদা-নদী-সম্ভূত শিবলিঙ্গবিশেষ।

বাণবার, (বাণ—বৃ=আবরণ করা+ঘঞ্—প্রং) সং, পুং, বর্ম্ম, বারবাণ। সাঁজোয়া। [উষা, অনিরুদ্ধ-পত্নী।

বাণসুতা, (বাণ—সুতা=কন্যা) সং, স্ত্রীং,

বাণহা, } (বাণহন্, বাণ=বাণরাজা—হন্=যে বধ করে, ২য়া—ষ। বাণ=বাণরাজা—অরি=শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বিষ্ণু, কৃষ্ণ।
বাণারি,

বাণাশ্রয়—পুং, } (বাণ=শর—আশ্রয়=আধার। বাণ=শর—অস্=নিক্ষেপ করা+অন—ং) সং, শরাসন, ধনুক।
বাণাসন—ক্লীং,

বাণি, (বণ্=শব্দকরা+ইণি—প্রং) সং, স্ত্রীং, বস্ত্রাদি বপন, বোনা। বাপদণ্ড। ছন্দোবিশেষ।

বাণিজ্য, (বণিজ্+ষ্ণ্য—ভাবে, কর্ম্মণি) সং, ক্লীং, বণিগ্‌বৃত্তি, ক্রয়বিক্রয়। ব্যবসায়। সওদাগরি। কারবার।

বাণিনী, (বাণ=শর কিম্বা বাণি=বাক+ণিন্+ঈপ্—প্রং)সং,স্ত্রীং, মত্তা-স্ত্রী নর্ত্তকী। বিদগ্ধা নায়িকা।

বাণী, (বণ্=শব্দকরা+ইণ্+ঈপ্—প্রং) সং, স্ত্রীং, বাক্য, শব্দ। বাগ্দেবী সরস্বতী।

বাত, (বা=বহা+ক্ত—প্রং) সং, পুং বায়ু। বাতাস। রোগবিশেষ। জার বিং, ত্রিং, গত। অতীত।

বাতকী, (বাতকিন্, বাত+ইনি—রোগার্থে, ক—আগম) বিং, ত্রিং, বাত রোগযুক্ত। বেতোরোগী।

বাতকুম্ভ, (বাত=বায়ু—কুম্ভ=আধার সং, পুং, গজকুম্ভের অধোভাগ।

বাতকেতু, (বাত=বায়ু—কেতু=চিহ্ন) সং পুং, ধূলি। ধুলা। রেণু।

বাতকেলি, (বাত=বায়ু—কেলি=ক্রীড় সং, পুং, মধুরালাপ, ইষ্টালাপ। প্রেমলাপ। নায়কের নখক্ষত চিহ্ন।

বাতগামী, (বাতগামিন্, বাত=বায়ু

গামিন্=যে গমন করে) সং, পুং, পক্ষী, বিহঙ্গ। খগ।

বাতগুল্ম, (বাত=বায়ু—গুল্ম=গুচ্ছ, পরিমাণ) সং, পুং, প্রচণ্ড বাত্যা, ঝড়। বাতুল। রোগবিশেষ।

বাততূল, (বাত=বায়ু—তূল=তুলা) সং, ক্লীং, আকাশে উড্ডীয়মান সূত্র। আকাশ বুড়ীর সুতা।

বাতথুড়া, (বাত+হুড়+ক+আপ্) প্রচণ্ড বাত্যা। বাতরোগ। সুন্দরী ললনা। বসন্ত রোগবিশেষ।

বাতধ্বজ, (বাত=বায়ু—ধ্বজা=পতাকা) সং, পুং, মেঘ।

বাতপুত্র, (বাত=বায়ু—পুত্র) সং, পুং, ভীমসেন। পবননন্দন। হনূমান্। অতিশয় ধূর্ত্ত।

বাতপোথ, (বাত=বাতরোগ—পুথ্=বধ করা+অণ্—প্রং) সং, পুং, পলাশবৃক্ষ।

বাতপ্রমী, বাতমজ, বাতমৃগ (বাত=বায়ু+প্র+মা+ ঈপ্—ক যে অভিমুখে গমনকরে, যে বাতাসের আগে দৌড়ে। বাতং=বায়ুকে—অজ্=গমনকরা, ক্ষেপণকরা+অল্-ক। যে বায়ুকে ক্ষেপণ করে। বাত—মৃগ=হরিণ) সং, পুং, বেগগামী মৃগবিশেষ। বাওটা হরিণ।

বাতমণ্ডলী, (বাত=বায়ু—মণ্ডল=দেশ) সং, স্ত্রীং, বাত্যা। ঘূর্ণাবাতাস।

বাতরক্ত, (বাত=বায়ু—রক্ত) সং, ক্লীং, রোগবিশেষ। [চলদল।

বাতরঙ্গ, সং, পুং, অশ্বত্থবৃক্ষ। পিপ্পল।

বাতরথ, (বাত=বায়ু—রথ) সং, পুং, মেঘ।

বাতরায়ণ, (বাতর=বায়ুর ন্যায় বেগগামী, বাতযুক্ত—অয়ন=গমন) সং, পুং, উন্মত্ত ব্যক্তি। অলস ব্যক্তি। বাণ। বাণনিক্ষেপ। ক্রকচ, করাত। পর্ব্বত শৃঙ্গ। বাতুল। মত্ত। মত্ততাভাণকারী। দেবদারুবৃক্ষবিশেষ, সরাল গাছ।

বাতরূষ, (বাত=বায়ু—রূষ্=ক্রুদ্ধহওয়া+ক—প্রং) সং, পুং, বাতুল। উৎকোচ ঘুষ। শক্রধনু।

বাতরোগী, (বাতরোগিন্, বাতরোগ+ইন্-অস্ত্যর্থে) বিং, ত্রিং, বাতরোগযুক্ত।

বাতর্দ্ধি, (বাত=বায়ু—ঋদ্ধি=বৃদ্ধি) সং, পুং, কাষ্ঠ ও লৌহ-নির্ম্মিত পাত্র।

বাতবস্তি, সং, স্ত্রীং, মূত্রকৃচ্ছ্ররোগ।

বাতবৈরী, সং, পুং, এরণ্ড বৃক্ষ।

বাতশীর্ষ, (বাত=বায়ু—শীর্ষ=মস্তক বা উৎপত্তি) সং, ক্লীং, বস্তি। নাভির অধোভাগ। তলপেট।

বাতশোণিত, (বাত=বায়ু—শোণিত=রক্ত, এই দুয়ের দূষিতাবস্থাতে উৎপন্ন) সং, ক্লীং, বাতরক্তরোগ।

বাতসহ, (বাত=রোগবিশেষ-সহ=সহন) বিং, ত্রিং, বাতরোগী। উন্মত্ত। বায়ুগ্রস্ত।

বাতাট, (বাত=বায়ু—অট=যে গমন করে) সং, পুং, সূর্য্যের অশ্ব। বাতমৃগ। বাতপ্রমী।

বাতাদ, (বাত—অদ=ভোজন করা+অচ্—প্রং) সং, পুং, বাদাম গাছ।

বাতাপি, (বাত=বায়ু—আ—পা=পান করা+কি—প্রং) সং, পুং, অসুরবিশেষ, যাহাকে অগস্ত্যমুনি গ্রাস করিয়াছিলেন

বাতাপিদ্বিট্, বাতাপিসূদন, } (বাতাপিদ্বিষ্, বাতাপি—দ্বিষ্=যে দ্বেষ করে এবং সূদন=যে বধ করে, ২য়া—ষ) সং, পুং, অগস্ত্য মুনি। "আতাপির্ভক্ষিতো যেন বাতাপিশ্চ মহাবলঃ। সমুদ্রঃ শোষিতো যেন, স মেঽগস্ত্যঃ প্রসীদতু" ॥

বাতামোদা, (বাত=বায়ু—আমোদ=দূরগামী, সুগন্ধি) সং, স্ত্রীং, কস্তূরী, মৃগনাভি।

বাতায়ন, (বাত=বায়ু—অয়ন=গমন। যাহার দ্বারা বায়ুর গমন হয় অথবা অয়ন পথ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, গবাক্ষ, জানালা। "বাতায়নদত্তদৃষ্টিঃ" কাং। পুং, (বাত=বায়ুর ন্যায়-অয়ন=গমন, ৬ষ্ঠী—হিং) অশ্ব। ঘোটক। বাজী। তুরঙ্গ।

বাতায়ু, (বাত=বায়ুর ন্যায়—অয়=গমন-করা+উ—প্রং,অথবা বাত—অয় গতি +উণ—প্রং) সং,পুং, হরিণ। মৃগ।

বাতালী, (বাত=বায়ু—আলী=শ্রেণী) সং, স্ত্রীং, বাত্যা। প্রবলবায়ু।

বাতাশ্ব, (বাত=বায়ুর ন্যায় শীঘ্রগামী—অশ্ব=ঘোটক) সং, পুং, উত্তম ঘোটক। কুলীনাশ্ব।

বাতি, (বা=বহা, গমনকরা+অতি—প্রং) সং, পুং, বায়ু। সূর্য্য। চন্দ্র।

বাতিক, (বাত=বায়ু+ঠক্—কোপনার্থে) বিং, ত্রিং, বাতোৎপন্ন, বায়ুজনিত (ব্যাধি)। সং, পুং, রোগবিশেষ।

বাতিগ, } (বাতি=বায়ু—গণ্=গণনাকরা+ড—কং=যে
বাতিঙ্গণ, }
গণনা করে। বাতি=বায়ু—গণ্=গণনা-করা+খচ—প্রং; যে বাতরোগ উপশম করে) সং, পুং, বার্ত্তাকু, বেগুণ।

বাতিল, (যবনভাষা) বিং,মিথ্যা। নিষ্ফল, রদ। ঝুঁটা।

বাতুল, বাতূল, (বাত=বায়ু+উলচ—প্রং) বিং, ত্রিং, বাতরোগী। বায়ুগ্রস্ত। উন্মত্ত,পাগল। সং,পুং,বাত্যা,বাতসমূহ

বাতুলি, (বাত=বায়ু+উলি—প্রং, নিপাতন) সং, স্ত্রীং, বাদুড়।

বাত্যা, (বাত+ষ্ণ্য+আপ—সমূহার্থে) সং, স্ত্রীং, বলবান বায়ু। বাতসমূহ।

বাৎসল্য, (বৎসল+ষ্ণ্য—ভাবে) সং, পুং, স্নেহ। রসবিশেষ, কারুণ্য।

বাৎসীপুত্র, (বাৎসী=ব্রাহ্মণের ঔরসে শূদ্রাণীর গর্ভজাত বালিকা—পুত্র, ৬ষ্ঠী—য) সং, পুং, নাপিত।

বাৎস্য, (বৎস+ষ্ণ্য—অপত্যার্থে) সং, পুং, মুনিবিশেষ।

বাৎস্যায়ন, (বাৎস্য=মুনিবিশেষ+আয়ন—অপত্যার্থে) সং, পুং, বাৎস্যমুনির পুত্র। বাৎস্যগোত্র।

বাদ, (বদ্=বলা+ঘঞ্—ভা) সং, পুং, যথার্থ বিচার। পরস্পর জিগীষু না হইয়া কেবল প্রকৃত বিষয়ের তত্ত্ব নির্ণয়ার্থ বাদী প্রতিবাদীর যে বিচার। বাক্য উক্তি, কথন। বিতর্ক। বাদ্য। প্রবাদ

বাদক, (বাদি=বাজান বা বদ্ বলা-ণক—ক) বিং, ত্রিং, বাদ্যকর। বক্তা

বাদন, (বাদি=বাজান+অনট্—ভা) সং ক্লীং, বাদ্য। বাজান।

বাদভূমি, যেখানে বাদানুবাদ হয়।

বাদরঙ্গ, সং, পুং, অশ্বত্থ বৃক্ষ। ন্যগ্রোধ

বাদরায়ণ, বাদরায়ণি (বাদর=তীর্থস্থা—অয়ন=গমন, ৬ষ্ঠী—হিং। বাদরায়+ই—স্বার্থে) সং, পুং, দ্বৈপায়ন বেদব্যাস,ধ্যাসদেব, বদরিকাশ্রমে নিত বাসপ্রযুক্ত এই নামে অভিহিত হইয় থাকেন।

বাদল, (বাত=বায়ু—দল্=ছিন্নভি করা+অচ্—প্রং। ত—লোপ) স ক্লীং, যষ্টিমধু। (বার্দ্দল শব্দজ) সং দুর্দ্দিন, বর্ষা। বাদলা। মেঘলা।—লা বর্ষা। জরী, তার।

বাদবাদী, (বাদবাদিন্,=বাদ=যথার্থ বিচার—বাদিন্-যে বলে) সং, পুং জৈন। আর্হত। [জলা

বাদা, (যবন ভাষা) সং, জলময় স্থান

বাদানুবাদ, (বাদ=বিতর্ক—অনুবাদ পশ্চাৎতর্ক) সং, পুং, বাক্‌বিতণ্ডা উক্তি প্রত্যুক্তি। বাক্য,কলহ, ঝকড়া তর্কবিতর্ক।

বাদাম, বদাম, সং, পুং, স্বনামখ্যাত বৃক্ষ। ক্লীং, তৎফল। (দেশজ) সং নৌকার পাইল। [বোয়ালমাছ

বাদাল, (বদাল+অল্ স্বার্থে) সং, পুং

বাদি, (বদ্=বলা+ইঞ—প্রং) বিং ত্রিং, বিদ্বান্। পণ্ডিত।

বাদিত, (বাদি—বাজান+ক্ত—র্ম্ম) বিং ত্রিং, শব্দিত, ধ্বনিত, বাজান।

বাদিত্র, (বাদি=বাজান+ইত্র—প্রং) সং, ক্লীং, বাদ্যযন্ত্র। বাজনা।

বাদী, (বাদিন্, বদ্—বলা+ইন্—ক

বিং, ত্রিং, বক্তা, বলে যে। অর্থপ্রকাশকারী। অর্থী, ফরিয়াদী।

বাদ্য, (বাদন দেখ,+ণ্যৎ=ণ্যং, যাহাকে বাজায়) সং, ক্লীং, বাজনা। বাজনার যন্ত্র।

বাদ্যভাণ্ড, (বাদ্য=বাজনার যন্ত্র—ভাণ্ড—পাত্র, সমূহ) সং, ক্লীং, মৃদঙ্গাদি, বাদ্যযন্ত্র।

বাধ,—পুং, বাধন—ক্লীং, (বর্গ্য ব দেখ)।

বান, (বন্=শব্দকরা, উপতপ্ত করা+ঘঞ—প্রং) সং, ক্লীং, শুষ্কফল। বিং, ত্রিং, শুষ্ক। জীবিত। জঙ্গম। (বা=গমন করা+অনট্—ভা) সং, ক্লীং, গমন। ভিত্তির গর্ত্ত, গোঁজলা। সুগন্ধ (বন=অরণ্য, জল+ষ্ণ—সমূহার্থে) বনসমূহ। বন্যা, বৃহৎ প্রবাহ। মাদুরী। বিং, ত্রিং, বন্য।

বানপ্রস্থ, (বন=অরণ্য+ষঞ—প্রং, বান বনৈক দেশ—প্রস্থ=যে প্রস্থান করে) সং, পুং, তৃতীয় আশ্রমী, ব্রহ্মচর্য্য ও গার্হস্থাশ্রমের পর বনবাসী। তৃতীয় আশ্রম। পলাশবৃক্ষ।

বানর।

বানর, (বন+রম্=ক্রীড়া করা+ড—ক=যে বনে ক্রীড়া করে+অণ্ স্বার্থে। রায়মুকুট বলেন, বনের অপত্য বলিয়া বানর। অথবা বা= তুল্য—নর =মনুষ্য, যে নর তুল্য। কিম্বা বান= বনভব ফল+রা=গ্রহণ করা+ড—ক= যে গ্রহণ করে যে বনভব ফল গ্রহণ করে, ২য়া—ষ) সং, পুং, রী—স্ত্রীং, জন্তুবিশেষ। প্লবঙ্গ। শাখামৃগ। কপি। বাঁদর। "দ্বিতীয়ং হেমপ্রাকারং কুর্ব্বদ্ভিরিববানরৈঃ" রং।

বানরেন্দ্র, (বানর—ইন্দ্র=প্রধান) সং, পুং, সুগ্রীব। বানরশ্রেষ্ঠ।

বানল, সং, পুং, কৃষ্ণতুলসী।

বানস্পত্য, (বনস্পতি=পুষ্পবিনা ফলধারি বৃক্ষ+ণ্যৎ—প্রং) সং, পুং, যে সকল বৃক্ষে পুষ্প না হইয়া অর্থাৎ মুকুল হইতেই ফল হয়, আম্রবৃক্ষ প্রভৃতি।

বানা, (মেঢ্রার্থ বণ্ড শব্দজ) সং, শিশ্ন, মেঢ্র

বানান, (দেশজ) সং, ব্যঞ্জন এবং স্বরবর্ণে সংযোগ করিয়া উচ্চারণ।

বানায়ু, সং, পুং, ভারতবর্ষের উত্তর পশ্চিমস্থ দেশবিশেষ।

বানায়ুজ, (বানায়ু=দেশবিশেষ—জ=যে জন্মে, ৭মী—ষ) সং, পুং, বানায়ুদেশীয় অশ্ব

বানীর, (বন=জল+ঈর—প্রং) সং, পুং, বেতসলতা। বেতগাছ। বঞ্জুল।

বানীরক, (বানীর+কণ্—প্রং) সং, পুং, মুঞ্জ-তৃণ, শর।

বান্ত, (বম্=বমনকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বমিকরা বস্তু। যাহা বমিকরা হইয়াছে। উদ্গীর্ণ।

বান্তাদ, (বান্ত=বমিকরা বস্তু—অদ= যে ভোজন করে, ২য়া—ষ) সং, পুং, কুক্কুর। যে বমিকরা বস্তু ভোজন করে।

বান্তি, (বান্ত দেখ, +ক্তিন্—ভা) সং, স্ত্রীং, বমন। উদ্গীরণ।

বান্যা, (বন+যঞ—সমূহার্থে, আপ্) সং, স্ত্রীং, বনসমূহ।

বাপ, (বপ্=ক্ষৌরী করা বা বপনকরা +ঘঞ্—ভা, ধি) সং, পুং, ক্ষৌর, কামান। ক্ষেত্র। বপন, বয়ন, বীজরোপণ।

বাপদণ্ড, (বাপ=বয়ন—দণ্ড=যষ্টি) পুং, বেমা। কাপড় বুনিবার তাঁত।

বাপন, (বাপি=রোপণ করান+অনট্ ভা) সং, ক্লীং, রোপণাদি করান।

বাপি, বাপী (বপ্= বপনকরা+ইঞ

প্রং, যাহাতে পদ্মাদি বপন করা যায়) সং, স্ত্রীং, বৃহৎ পুষ্করিণী; দীঘী। "শতেন ধনুর্ভিঃ পুষ্করিণী। ত্রিভিঃ শতৈর্দীর্ঘিকা। চতুর্ভির্দ্রোণঃ। পঞ্চভিস্তড়াগঃ। দ্রোণাদ্দশগুণা বাপী"।

বাপিত, (বাপ+ইত—প্রং, অথবা বাপন দেখ+ক্ত-র্ম্ম) বিং,ত্রিং,মুণ্ডিত। রোপিত, যাহা বোনা হইয়াছে।

বাপীহ, (বাপী=জলাশয়—হা=ত্যাগকরা+ক—ক, যে কেবল বৃষ্টির জল পান করে) সং, পুং, চাতকপক্ষী।

বাপু, (বপি শব্দজ) সং, বাছা, স্নেহ প্রকাশক সম্বোধন।

বাবই, (বাবয় শব্দজ) সং, বৃক্ষবিশেষ, বাবুই তুলসী।

বাবা, (বপি বা বপ্তৃ শব্দজ) সং, পিতা, জনক, তাত।

বাবু, (দেশজ) বিং, ধনি ব্যক্তিদিগের উপাধি। সুখভোগী।

বাম, (বম্ = বমনকরা+অল্—প্রং, কিম্বা বা গমনকরা+মন্=প্রং) বিং, ত্রিং, বিমুখ। প্রতিকূল, বিপরীত দক্ষিণেতর, বাঁ। বামদিকস্থ। সুন্দর, মনোহর। বক্র। অধম, নীচ। কুব্জ শ্রেষ্ঠ। সং, পুং, শিব। কামদেব। বক্ষঃ। জীব। ক্লীং, ধন। (বাম=সুন্দর +আপ্—প্রং) মা—স্ত্রীং, নারী, যোষিৎ। লক্ষ্মী, দুর্গা। "বামং বিরুদ্ধরূপস্তু বিপরীতস্তু গীয়তে। বামেন সুখদা দেবী বামা তেন মতা বুধৈঃ"। মী—স্ত্রীং,ঘোটকী। করিণী। গর্দ্দভী। শৃগালী

বামণ, (ব্রাহ্মণ শব্দজ) সং, দ্বিজ, বিপ্র।

বামদেব, (বাম=বিরুদ্ধরূপ, বিপরীত—দেব=দেবতা, য়ং—স) সং, পুং, শিব, মহাদেব। মুনিবিশেষ।

বামন, (বামি=বিপরীত বলা+অন—কণ্, অন্যান্ত প্রাণীর প্রমাণ হইতে বিপরীত) বিং, ত্রিং, খর্ব্ব, হ্রস্ব, ক্ষুদ্র। অল্প,"বামনার্চ্চিরিব প্রদীপঃ"কালিদাস নীচ। (বাম=বিপত্তি—ন=ছেদক) সং, পুং, বিষ্ণুর অবতার বিশেষ, বিষ্ণুর পঞ্চম অবতার। "বামো বিপত্তৌ নঃ শ্ছেদে সাক্ষাদ্‌বেদেষু, বর্ত্ততে সুরাণাং বিপদাং ছেত্তা বামনস্তেন কীর্ত্তিতঃ"। দক্ষিণদিকের হস্তী। পণ্ডিতবিশেষ।

বামলূর, (বাম=বিপরীত—লূ=ছেদনকরা+র—প্রং) সং,পুং, বল্মীক। উইয়ের ঢিপি।

বামলোচনা, বামাক্ষী, (বাম=সুন্দর—লোচন=চক্ষু, অক্ষ=অক্ষিশব্দজ, ৬ষ্ঠী—হিং) সং,স্ত্রীং,চারুনেত্রা। সুন্দরী স্ত্রী।

বামাচার, (বাম=বাঁ—আচার=আচরণ) সং, পুং, বাম হস্তদ্বারা মদ্যমাংসাদি সেবন বিধেয় বলিয়া তন্ত্রশাস্ত্রোক্ত মদ্যমাংসাদি সেবনরূপ আচার বিশেষ।

বামিল, (বম্=বমন করা+ইল—প্রং) বিং, ত্রিং, অহঙ্কারী, দাম্ভিক। বাম, প্রতিকূল।

বামোরূ, (বাম=সুন্দর—উরু, ৬ষ্ঠী—হিং, উ—প্রং) সং, স্ত্রীং, সুন্দর উরুযুক্তা স্ত্রী।

বায়,(বে=বস্ত্রাদি বুনা+ঘঞ্—প্রং,) সং, পুং, বপন।

বায়ক, (বয়=গমনকরা অথবা বে=বুনা +ণ্বুল্—ক) বিং, ত্রিং, বপনকারী। সং, পুং, সমূহ। রাশি।

বায়দণ্ড, (বায়=বপন—দণ্ড=যষ্টি) সং, পুং, বাপদণ্ড। বেমা। তাঁত।

বায়ন, (বায়ি=সেবাকরা+অনট্—ভা) সং, ক্লীং, পূজন। পিষ্টকবিশেষ।

বায়বী, (বায়ু+অণ্—ঈপ, প্রং) সং, স্ত্রীং, বায়ুকোণ। উত্তর পশ্চিমদিক্।

বায়ব্য, বায়বীয়, (বায়ু+ষ্ণ, ঈয়—সম্বন্ধার্থে, তদ্দেবতার্থে) বিং, ত্রিং, বায়ুসম্বন্ধীয়। বায়ুদৈবত। বায়ুকোণ।

বায়ব্যবায়ু, যে বাণিজ্যবায়ু ছয়মাস নৈঋর্তকোণ ও ছয়মাস ঈশানকোণ হইতে ভারতসমুদ্রে বহমান হয়

বায়লেট বর্ণবিশেষ, ঈষৎ লালের আভা-যুক্ত গাঢ় নীল।
বায়স, (বয়্ গমনকরা+অস্—সংজ্ঞার্থে, কিম্বা বয়স্+ষ্ণ—প্রং) সং, পুং, সী—স্ত্রীং, কাক।
বায়সারাতি, বায়সারি, } (বায়স্=কাক—অরাতি, অরি=শত্রু, ৬ষ্ঠী—ষ)সং,পুং, পেচক, পেঁচা, উলূক।
বায়ু, (বা=বায়ুচলা+উ—প্রং, যে বহে) সং,পুং, পবন। বাতাস। প্রাণ। সমীর। সমীরণ। প্রভঞ্জন। মাতরিশ্বা। শ্বসন।
বায়ুকেতু, (বায়ু—কেতু=ধ্বজা, চিহ্ন) সং, পুং, ধূলি। ধূলা।
বায়ুকোণ, সং, পুং, উত্তরপশ্চিমকোণ।
বায়ুকোষ, শরীরান্তর্গত যে চর্ম্মময় কোষে বায়ু থাকে, যেমন মাছের পটকা।
বায়ুগণ্ড, (বায়ু—গনড্=বদনৈক দেশ হওয়া+অচ—প্রং) সং, পুং, অজীর্ণ রোগ। [জলের পাক। ঘূর্ণাজল।
বায়ুগুল্ম, (বায়ু—গুল্ম=গুচ্ছ) সং, পুং,
বায়ুঘরট্ট, (বায়ু দ্বারা যে ঘরট্টের কার্য্য সম্পাদিত হয়।
বায়ুদারু, বায়ু—দৃ=বিস্তৃত হওয়া+উ—প্রং) সং, পুং, মেঘ। জলধর। জীমূত। বারিদ। ঘন।
বায়ুনির্য্যাণযন্ত্র, যে যন্ত্র দ্বারা কোন বস্তুর অভ্যন্তরস্থ বায়ু বাহির করা যায়।
বায়ুপরিণাম, যে দ্রব্য অনায়াসে বায়ু-রূপে পরিণত হইয়া উড়িয়া যায়; যেমন কর্পূর। [ভীম। হনূমান্।
বায়ুপুত্র, (বায়ু—পুত্র, ৬ষ্ঠী—ষ) সং,পুং,
বায়ুফল, (বায়ু—ফল) সং, ক্লীং, শক্রধনু, রামধনুক। করকা, শিল।
বায়ুভক্ষ,বায়ুভক্ষ্য,(বায়ু—ভক্ষ=ভক্ষণ-করা+অল্—ক, বায়ু—ভক্ষ্য=ভক্ষ-ণীয়, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বায়ু ভক্ষণ-কারী। সং, পুং, সর্প। ব্যাল। ভোগী। পবনাশন। ভুজঙ্গ। [নিরূপিত হয়।
বায়ুমানযন্ত্র, যে যন্ত্রে বায়ুর পরিমাণ
বায়ুরোষা, (বায়ু—রুষ্=ক্রুদ্ধ হওয়া+অচ—আপ—প্রং) সং, স্ত্রীং, রাত্রি, রজনী। নিশা। যামিনী। ত্রিযামা।
বায়ুবর্ত্ম, (বায়ুবর্ত্মন্, বায়ু—বর্ত্মন্—পথ) সং, ক্লীং,আকাশ। ব্যোম। নভঃ।
বায়ুবাহ, (বায়ু—বহ=বাহন) সং, পুং, ধূম। বাষ্প।
বায়ুবাহিনী, (বায়ু—বাহি=বহন করান +ইন্—ঈপ্, প্রং) সং, স্ত্রীং, বায়ু-সঞ্চারণী শিরা। [পোনা।
বায়ুষ; সং, পুং, মৎস্যবিশেষ, কালবাউস
বায়ুসখ, বায়ুসখি, (বায়ু—সখি=বন্ধু, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অগ্নি। বহ্নি। কৃ-শানু। অনল। পাবক।
বায়ুসম্ভব, (বায়ু—সম্ভব—জাত) সং, পুং, বায়ুপুত্র—হনূমান্। ভীম।
বায়্বাস্পদ, (বায়ু—আস্পদ=স্থান) সং, ক্লীং, আকাশ। নভস্তল।
বার্, (বারি=আবরণকরা+ক্বিপ—কণ্ যে নিম্নোন্নত আবরণ করে) সং, ক্লীং, জল। নীর। জীবন। নার।
বার, (বৃ+ঘঞ্—প্রং) সং, পুং, বাসর, রবি সোম প্রভৃতি। সমূহ। অবসর। জল। পর্য্যায়, পালা। নিবারণ। দ্বারি। শিব। ক্ষণ, মুহূর্ত্ত। ক্লীং, মদিরাপাত্র। বিং, ত্রিং, নিবারণীয়।
বারক, (বারণ দেশ+ণক—ক) ক্লীং, ক্লেশের স্থান। বিং ত্রিং, নিবারক, নি-ষেধক, প্রতিরোধক। প্রতিবন্ধক। সং, পুং, অশ্ববিশেষ। অশ্বের গতিবিশেষ।
বারকী, (বারকিন্, বারক=প্রতিবন্ধক ইত্যাদি+ইন্—প্রং) সং, পুং, সমুদ্র। রত্নাকর। পারাবার। সাগর। উত্তম ঘোটক। তাম্বূল-বিক্রয়ী, বারুই। শত্রু।
বারকীর, (বার=প্রতিবন্ধক—কৄ=ক্ষেপণ করা+অচ—প্রং) সং, পুং, শ্যালক, পত্নীর ভ্রাতা। বাড়বানল। উকুণ। ক্ষুদ্রচিরুণী। যুদ্ধঘোটক। ভারবাহক, মুটিয়া।

বারক, (বার্=জল—অন্ক্=গমনকরা+অচ্—প্রং) সং, পুং, পক্ষী, বিহঙ্গ।

বারঙ্গ, (বৃ=আবরণ করা+অঙ্গ—প্রং। স্বরের বৃদ্ধি) সং, পুং, খড়্গাদির মুষ্টি, খড়্গ প্রভৃতির বাঁট।

বারট, (বার=জল—অট্=গমনকরা+অচ্—প্রং) সং, ক্লীং, ক্ষেত্র। ক্ষেত্রসমূহ। টা—স্ত্রীং, রাজহংসী।

বারণ, (বারি=নিবারণকরা+অনট্—ভা, ক) সং, ক্লীং, নিবারণ, নিষেধ। পুং, হস্তী। পুং, ক্লীং, বর্ম্ম। সাঁজোয়া। তনুত্রাণ। [ত্রিং, নিবারণযোগ্য।

বারণীয়, (বারণ দেখ+অনীয়—র্ম্ম) বিং,

বারণবল্লভা, বারণবুষা—সা, } (বারণ=হস্তী—বল্লভা=প্রিয়া।—বুষ, বুস্=ত্যাগকরা+অচ্—আপ্—প্রং) সং, স্ত্রীং, কদলীবৃক্ষ। কলাগাছ। রম্ভা। অংশুমৎফলা।

বারনারী, বারমুখ্যা, বারবধূ, বারবনিতা, বারবাণী, বারবিলাসিনী, বারযোষা, বারযোষিৎ, বারসুন্দরী, বারস্ত্রী, } (বার=অনেক—নারী। যে অনেকের নারী, ৬ষ্ঠী—ষ। অথবা বার=বেশ্যা—নারী, য়ং—স। বার=বেশ্যা—মুখ্যা=প্রধানা। বারবধূ,বারস্ত্রী ইত্যাদি—বারনারীবৎ) সং,স্ত্রীং,বেশ্যা,গণিকা।

বারম্বারম্, (বার=সময়,দ্বিত্ব) অং,পুনঃপুনঃ, মুহুর্মুহুঃ। বার বার।

বারয়িতা, (বারয়িতৃ, বারি=নিবারণকরা+তৃণ—ক) বিং, ত্রিং, বারণকারী নিবারক।

বারলা, বার্=জল—অল্=ভূষিতকরা+অচ্—প্রং, অথবা বার=ঝাঁক—লা পাওয়া+ক—প্রং) সং, স্ত্রীং,রাজহংসী। বোল্‌তা।

বারবাণ, (বার=যে বারণ করে—বাণ, যে বাণ বারণ করে) সং, পুং—ক্লীং, কঞ্চুক। সাঁজোয়া। বর্ম্ম।

বারবাণি,(বার=সমূহ—বাণি,বাক্য) সং, পুং, বংশীবাদক। উত্তম গায়ক। সম্বৎসর। বিচারক, জজ। স্ত্রীং, বেশ্যা।

বারবেলা, (বার=নিবারণ—বেলা=সময়) সং, স্ত্রীং, সর্ব্বকর্ম্ম-বারণকাল, যে সময় কোন কর্ম্ম করা বিহিত নয়।

বারাংনিধি, (বারাম্=জলের—নিধি=আধার) সং, পুং, সমুদ্র। বারিধি।

বারাঙ্গনা, (বার=জনসমূহ—অঙ্গনা স্ত্রীং, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং,বেশ্যা। গণিকা।

বারাণসী, (বার=যে বারণ করে—অনস্ জন্ম। যে পুনর্জন্ম বারণ করে, কিম্বা বর=শ্রেষ্ঠ—অনস্=জল+অল, ঈপ্, যে গঙ্গার উপর আছে) সং, স্ত্রীং, কাশী, শিবপুরী।

বারাণ্ডা, (দ্বার=পিণ্ডার্থ বারণ্ডী শব্দজ) সং, উপরিস্থ গৃহের বহিঃ প্রকোষ্ঠ।

বারান্তর, (বার=সময়—অন্তর=অন্য, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, অন্য সময়। আর একবার।

বারাসন, (বার্=জল—আসন=থাকিবার স্থান)সং,ক্লীং,জলাধার। জলপাত্র।

বারাহ, (বরাহ=শূকর বা বিষ্ণু ইত্যাদি+অণ্—প্রং) বিং, ত্রিং, বরাহসম্বন্ধীয়। শূকর সম্পর্কীয়।

বারাহী, (বরাহ=শূকর কিম্বা বিষ্ণু+অণ্+ঈপ্) সং, স্ত্রীং,বরাহরূপিণীমাতৃকাবিশেষ। যোগিনীবিশেষ। তীর্থবিশেষ। পরিমাণবিশেষ। পৃথিবী। শূকরী।

বারি (বৃ=আবরণকরা+ইঞ্—প্রং) সং, ক্লীং, জল। গন্ধগুল্ম, বালা। রি, রী—স্ত্রীং, সরস্বতী। হস্তিরজ্জু। হস্তিবন্ধন স্থান। জলপাত্র,কলসী। বন্দী, কয়েদী। হস্তী ধরিবার ফাঁদ।

বারিকর্পূর, (বারি=জল—কর্পূর,যাহার বর্ণের সহিত ইহা তুলনা করা যায়) সং, পুং, ইলিশমাছ।

বারিকৃমি, সং, পুং, জলৌকা, জোঁক।

বারিঘরট্ট, বারি দ্বারা যে ঘরট্টের কার্য্য সম্পাদিত হয়।

বারিচর, (বারি—চর=যে চরে, ৫মী—ষ) সং, পুং, মৎস্য, মীন। বিং, ত্রিং, জলচর।
বারিচামর, (বারি=জল—চামর=চমরী-পুচ্ছ) সং, ক্লীং, শৈবাল, শেওলা।
বারিজ, (বারি—জ=যে জন্মে ৫মী—ষ) সং, পুং, শঙ্খ, শম্বূক প্রভৃতি জলজাত বস্তু। ক্লীং, পদ্মপুষ্প, জলজ। লবঙ্গ। বিং, ত্রিং, যাহা বারিতে জন্মায়।
বারিত, (বারি=নিবারণকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, নিষিদ্ধ, নিবারিত।
বারিতস্কর, (বারি=জল—তস্কর=চোর) সং, পুং, মেঘ। সূর্য্য।
বারিত্রা, (বারি=জল—ত্রৈ=রক্ষাকরা+ক—আপ্—প্রং) সং, স্ত্রীং, আতপত্র, ছত্র, ছাতা।
বারিদ, বারিমুচ, বারিবাহ, বারিবাহন, (বারি=জল—দ=যে দান করে। মুচ্=যে ত্যাগ করে, বাহ=যে বহন করে, দ্বিতীয়া—ষ। বাহন=যান, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মেঘ, জলদ, অম্বুদ। জীমূত।
বারিধি, বারিনিধি, বারিরাশি, বার্দ্ধি, (বারি—ধি=যে ধারণ করে, দ্বিতীয়া—ষ। নিধি=আধার, ৬ষ্ঠী—ষ, অথবা বারি—ধা=ধারণ করা, নি—ধা=ধারণ করা+ই—ধি। রাশি=সমূহ, ৬ষ্ঠী—ষ কিংবা সপ্তমী—হিং। বার্=জল ধি=যে ধারণ করে, ২য়া—ষ, অথবা বার্—ধা=ধারণ করা+ই—ধি) সং, পুং, সমুদ্র, জলধি, সাগর, পারাবার।
বারিনাথ, (বারি=জল—নাথ=প্রভু) সং, পুং, বরুণ। মেঘ। সমুদ্র।
বারিপর্ণী, বারিপৃশ্নী (বারি—পর্ণ=পাতা, বারি—পৃশ্নী=পাণা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, কুম্ভিকা, জলের পাণা।
বারিপ্রবাহ, (বারি=জল—প্রবাহ=ক্রমাগত চলন) সং, পুং, জলপ্রবাহ, নির্ঝর, ঝরণা, স্রোত।
বারিমসি, (বারি=জল—মসি, মসির ন্যায় বলিয়া, ৬ষ্ঠী—হিং) সং, মেঘ, জলদ।
বারিমূলী, (বারি=জল—মূল=গোড়া, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, কুম্ভিকা, পাণা।
বারিরথ, (বারি=জল-রথ=শকটাদি) সং, পুং, ভেলা, মাড়, উড়ূপ।
বারিরুহ, (বারি—রুহ=যে জন্মে, সপ্তমী—ষ) সং, ক্লীং, পদ্ম, জলরুহ, কমল। বিং, ত্রিং, জলজাত।
বারিলোম, (বারিলোমন্, বারি=জল—লোমন্=লোম) সং, পুং, বরুণ, জলাধিপতি।
বারিবাস, (বারি=জল—বাস=বাসস্থান) সং, পুং, শৌণ্ডিক, শুঁড়ী।
বারিবার্হ, সং, পুং, মেঘ।
বারিশ, (বারি=জল—শী=শয়নকরা+ড প্রং) সং, পুং, জলশায়ী, বিষ্ণু।
বারীট, (বারি=হস্তিবন্ধনস্থান—অট্=গমন করা+অচ্—প্রং, নিপাতন) সং, পুং, হস্তী, গজ, দ্বিরদ, দন্তী।
বারীন্দ্র, বারীশ, (বারি=জল—ইন্দ্র=প্রধান, ঈশ=প্রভু) সং, পুং, সমুদ্র।
বারু, (বৃ=আবরণ করা+উণ্—প্রং) সং, পুং, বিজয়কুঞ্জর, বিজয়ী হস্তী।
বারুঠ, সং, পুং, শব বহিবার খট্টা।
বারুণ, (বরুণ+অণ্—প্রং) বিং, ত্রিং, বরুণসম্বন্ধীয়। সং, ক্লীং, জল।
বারুণকর্ম্ম, (বারুণকর্ম্মন্, বারুণ—কর্ম্মন্=কার্য্য) সং, ক্লীং, জলাশয় পুষ্করিণী খননাদি।
বারুণি, (বরুণ+ইঞ্—অপত্যার্থে) সং, পুং, অগস্ত্যমুনি।
বারুণী, (বরুণ+অণ্+ঈপ্—জাতার্থে, ইদমর্থে) সং, স্ত্রীং, মদ্যবিশেষ। পশ্চিমদিক্। শতভিষা নক্ষত্র। ঐ নক্ষত্রযুক্তা চৈত্রকৃষ্ণত্রয়োদশী। দূর্ব্বা। বরুণের স্ত্রী।
বারুণীবল্লভ, (বারুণী=শতভিষানক্ষত্র—বল্লভ=প্রিয়) সং, পুং, বরুণ। পাশী। পাশহস্ত।
বারুণ্ড, (বৃ=আবরণকরা+উণ্ড—প্রং)

সং, পুং, সর্পরাজ, অনন্ত। পুং—ক্লীং, নৌকার জলসেচন-পাত্র। কর্ণমল, কাণের খইল। নেত্রমল, চক্ষুর পিচুটি।
বারুদ, (দেশজ) সং, সোরা গন্ধকাদি মিশ্রিত চূর্ণবিশেষ।
বারেন্দ্র, (বরেন্দ্র+অণ্—প্রং) সং, পুং, বরেন্দ্রদেশীয় ব্রাহ্মণ।
বারেন্দ্রী, (বরেন্দ্র=এক রাজার নাম+অণ্, ঈপ্—প্রং) সং, স্ত্রীং, বঙ্গদেশের অন্তঃপাতি দেশবিশেষ, রাজশাহীদেশের একদেশ।
বারো, (দেশজ) বিং, দ্বাদশ, সংখ্যাবিশেষ; ১২।
বার্ক্ষ, (বৃক্ষ=গাছ+অণ্—প্রং) সং, ক্লীং, বন, অরণ্য, অটবী। বিং, ত্রিং, বৃক্ষসম্বন্ধীয়
বার্চ্চ, (বার্=জল—চর্=গমনকরা+অচ্—প্রং) সং, পুং, বারিচর, হংস প্রভৃতি। [পুং, লিপিকর, লেখক।
বার্ণিক, (বর্ণ=অক্ষর+ষ্ণিক—প্রং) সং,
বার্ত্ত, (বৃত্তি=জীবন ইত্যাদি+অণ্—প্রং) সং, ক্লীং, আরোগ্য, স্বাস্থ্য। কুশল, মঙ্গল। পাটব, পটুতা। ভুসি। বিং, ত্রিং, নিরাময়, নীরোগ, সুস্থ। মনোহর। পটু। বৃত্তিশালী।
বার্ত্তা, (বৃত্ত=লোকবৃত্ত অর্থাৎ লোকচরিত্র+অণ্—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, বৃত্তান্ত, সংবাদ। জনশ্রুতি। (বৃত্তি প্রাণধারণা+ঘঞ্—অস্ত্যর্থে) বৃত্তি। কৃষিগোরক্ষণাদি। দুর্গা। বেগুণ।
বার্ত্তাক, বার্ত্তাকিন্—পুং, বার্ত্তাকি, বার্ত্তাকু-পুং-স্ত্রীং } (বার্ত্তাকু, উ=অ। বৃৎ=বর্ত্তান+আকিন্, আকি, আকু—প্রং) সং, ফলবিশেষ, বেগুণ।
বার্ত্তাবহ, বার্ত্তায়ন, (বার্ত্তা—বহ=যে বহনকরে, হয়া—ষ, বার্ত্তা+অয়ন—প্রং) সং, পুং, দূত, চর, সন্দেশহারক। বার্ত্তাশাস্ত্র। আয় ব্যয় বিষয়ক বিধিদর্শক নীতিশাস্ত্রবিশেষ।
বার্ত্তিক, (বার্ত্তা=সংবাদ+ষ্ণিক—প্রং) সং, পুং, চর, দূত। (বৃত্তি+ঠক্—প্রং) বৈশ্যজাতি। ক্লীং, গ্রন্থের টীকাবিশেষ।
বার্ত্রঘ্ন, (বৃত্রঘ্ন+ঘঞ্—প্রং) সং, পুং, অর্জ্জুন। জয়ন্ত। বিং, ত্রিং, বৃত্রঘ্নসম্বন্ধীয়
বার্দ্দর, (বার্=জল—দৃ=বিদারণ করা+ক—প্রং) সং, ক্লীং, দক্ষিণাবর্ত্ত শঙ্খ। রেশম। জল।
বার্দ্দল, (বার্=জল—দ=যে দান করে, বার্দ্দ=মেঘ—লা=গ্রহণকরা+ক—প্রং) সং, ক্লীং, দুর্দ্দিন, বাদল। পুং, মস্যাধার, দোয়াত।
বার্দ্ধক, (বৃদ্ধ+কুঞ্—প্রং) সং, ক্লীং, বৃদ্ধাবস্থা। বৃদ্ধসমূহ। বৃদ্ধের কর্ম্ম।
বার্দ্ধক্য, (বৃদ্ধ+ক্য—প্রং) সং, ক্লীং, বৃদ্ধাবস্থা। বৃদ্ধত্ব।
বার্দ্ধুষি, বার্দ্ধুষিক, (বৃদ্ধি+ই, ঠক্—তেন জীবত্যর্থে। ই=উষ্। যে বৃদ্ধি দ্বারা বাঁচে) সং, পুং, বৃদ্ধিজীবী, সুদখোর
বার্দ্ধুষ্য, (বার্দ্ধুষি+ষ্যঞ্—প্রং, নিপাতন) সং, ক্লীং, সুদ লইয়া টাকা কর্জ্জ দেওয়া, ধান্যাদি বাড়ী দেওয়া।
বার্দ্ধ্র, (বৃধ্=বৃদ্ধিপাওয়া+র, অঞ্—প্রং) সং, স্ত্রীং, দ্ধ্রী—স্ত্রীং, চামড়ারদড়ি।
বার্দ্ধ্রীণস, (বার্দ্ধ্রী=চর্ম্মরজ্জু—নাসিকা। নাসিকা-স্থানে নস) সং, পুং, লম্বকর্ণবিশিষ্ট ও শ্বেতবর্ণযুক্ত বৃদ্ধছাগ। গণ্ডার। নাসিকা-প্রোতরজ্জু পশু।
বার্ভট, (বার্=জল—ভট্=পোষণ করা+অচ্—প্রং) সং, পুং, কুম্ভীর। নক্র। গ্রাহ। বর্ম্মসমূহ, কবচসমূহ।
বার্ম্মণ, (বর্ম্মন্+অণ্—প্রং) সং, ক্লীং,
বার্ম্মুক্, (বার্ম্মুচ্, বার্=জল—মুচ্=ত্যাগ করা+ক্বিপ্—ক) সং, পুং, মেঘ। জলমুচ্। বারিবাহ। বারিদ। জীমূত। ঘন।
বার্য্য, (বারি=নিবারণ করা+ণ্যৎ—র্ম্ম) বিং, ত্রিং, বারণযোগ্য, বারণীয়। (বারি জল+যৎ—ইদমর্থে) বারিসম্বন্ধীয়।
বার্য্যমাণ, (বারি=নিবারণকরা+শানচ

—র্ম্ম) বিং, ত্রিং, যাহা নিবারণ করা যাইতেছে। প্রতিবধ্যমান।

বার্য্যুদ্ভব, (বারি=জল—উদ্ভব=জাত) সং, ক্লীং, পদ্ম, জলজ, কমল, শতদল, কুবলয়, ইন্দীবর।

বারাশি, (বার্=জল—রাশি), সং, পুং, সমুদ্র। বারিরাশি। পারাবার। সাগর। জলনিধি। রত্নাকর।

বার্ব্বট, (বার্=জল—বট্=বেষ্টন করা +অচ্—প্রং) সং, পুং, নৌকা প্রভৃতি জলযান। বহিত্র। তরণী। তরী। পোত।

বার্ষভানবী, (বৃষভানু+ষ্ণ—অপত্যার্থে) সং, স্ত্রীং, রাধিকা, বৃষভানুর কন্যা, কৃষ্ণ-প্রিয়া। রাধা।

বার্ষিক, (বর্ষ=বৎসর, বৃষ্টি+ঠক্—ভবার্থে দেয়ার্থে, নির্বৃত্যর্থে) বিং, ত্রিং, বৎসর সম্বন্ধীয়, সাংবৎসরিক। প্রতিবর্ষে দেয়। বর্ষাকালীন।

বার্ষিলা, (বার্ষ, [বর্ষা+যঞ্—ইদমর্থে] =বর্ষাসম্বন্ধীয়+ইল—যোগ) সং, স্ত্রীং, করকা, শিল।

বর্ষুক, (বৃষ=বর্ষণ করা+উকঞ্—প্রং) বিং, ত্রিং, বর্ষুক, বর্ষণশীল।

বার্হদ্রথ, বার্হদ্রথি, } (বৃহদ্রথ=ইঁহার পিতা+ ষ্ণ, ই—অপত্যার্থে) সং, পুং, বৃহদ্রথের পুত্র, জরাসন্ধ।

বার্হস্পত্য, (বৃহস্পতি+ণ্য—উক্তার্থে) সং, ক্লীং, বৃহস্পতি প্রণীত শাস্ত্র। নীতি শাস্ত্র। বৌদ্ধশাস্ত্র। পুং, চার্ব্বাক। বিং, ত্রিং, বৃহস্পতিসম্বন্ধীয়।

বালক, (বল্=বেষ্টনকরা+ণ্বুল—প্রং) সং, পুং, বলয়, বালা। অঙ্গুরীয়ক।

বালব, (বল্=সঞ্চালন করা+ঘঞ্—প্রং) বাল+ব—অস্ত্যর্থে) সং, পুং, একাদশ করণের অন্তর্গত করণবিশেষ।

বালবায়জ, (বালবায়=দেশবিশেষ—জ =উৎপন্ন) সং, পুং, বৈদূর্য্য মণি। বালবায় দেশোৎপন্ন মণি।

বালাই, (দেশজ) সং, বিপত্তি, আপদ্।

বালাম, (দেশজ) সং. তণ্ডুলবিশেষ।

বাল্ক, বাল্কল, (বল্ক, বল্কল+অণ্—ইদমর্থে) বিং, ত্রিং, বল্কলনির্ম্মিত, বৃক্ষত্বক্ দ্বারা নির্ম্মিত। সং, পুং. দৈত্যবিশেষ।

বাল্কলী, (বল্কল+অণ্—ঈপ্, প্রং) সং, স্ত্রীং, মদিরা, মদ্য।

বাল্তী, (দেশজ) সং, দুঃখিনী, অনাথা জলবহন পাত্রবিশেষ।

বাল্মিক, বাল্মিকি, বাল্মীক, বাল্মীকি, } (বল্মিক, বল্মীক =উইয়ের ঢিপি +অণ্, ই, অণ্, ই—প্রং) সং, পুং, রামায়ণ গ্রন্থকার মুনি, আদ্যকবি, রত্নাকর।

বাবদূক, (বদ্+যঙ, বদ=অতিশয় বলা +উক—ক, শীলার্থে) বিং, ত্রিং, বাচাল, যে অধিক কথা কয়।

বাবয়, (বাবয়্, [যঙ্লুগন্ত]=অতিশয় গমন করা+অচ্—প্রং) সং, পুং, বাবুই তুলসী।

বাবুট, সং, পুং, বহিত্র, নৌকা প্রভৃতি।

বাবৃত্ত, (বাবৃৎ=সেবাকরা, বারণকরা +ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, সেবিত। কর্ম্ম-করণার্থ নিযুক্ত, বরণকরা।

বাশি, (বাশ্=শব্দ করা+ই—সংজ্ঞার্থে) সং, পুং, অগ্নি, অনল, পাবক, দহন, জ্বলন, হবির্ভুক্, কৃশানু।

বাশিত, বাশন, (বাশ্=শব্দকরা+ক্ত, অনট্—ভা) সং, ক্লীং, আহ্বান। পশু পক্ষ্যাদির শব্দ।

বাশিতা—স, (বাশ্=শব্দকরা+ক্ত, আপ্ —প্রং) সং, স্ত্রীং, করিণী, হস্তিনী, করেণু। স্ত্রী, নারী।

বাশিষ্ঠ, বাসিষ্ঠ, (বশিষ্ঠ=মুনিবিশেষ+ অণ্—কৃতার্থে) বিং, ত্রিং, বশিষ্ঠসম্বন্ধীয়। সং, ক্লীং, বশিষ্ঠ প্রণীত যোগশাস্ত্র। ষ্ঠী —স্ত্রীং, গোমতী নদী।

বাশুরা, (বাশ্=শব্দকরা+উর—সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, রজনী, রাত্রি, নিশা, যামিনী, ত্রিযামা।

বাশ্র, (বাশ্=শব্দকরা+র—প্রং) সং,

ক্লীং, গৃহ। মন্দির। ভবন। আবাস। আবসথ। চতুষ্পথ, চৌরাস্তা। পুং, দিবস, দিবা, দিন।

বাস্কল, সং, পুং, যোদ্ধা, বীর, শূর। অসুরবিশেষ। বিং, ত্রিং, বৃহৎ, বড়।

বাষ্প, বাস্প, (বা=গমনকরা+প—প্রং, নিপাতন) সং, পুং, নেত্রজল, অশ্রু। কণ্ঠবারি। উষ্মা। সূক্ষ্মজল বিন্দু। ধূম। লৌহ। ষ্পী—ঔষধ।

বাস, (বস্=বাসকরা+ঘঞ্—ধি) সং, পুং, বাসস্থান। মন্দির। ভবন। গৃহ। স্থিতি। বস্ত্র। (বাস্=বাসিত করা+অচ্—ভা) সুগন্ধ।

বাসক, (বাস্=বাসিতকরা+ণ্বুল—ক) সং, পুং—স্ত্রীং, বৃক্ষবিশেষ, বাকস্ গাছ। বিং, ত্রিং, সুগন্ধকারক।

বাসকর্ণী, (বাস = গৃহ—কর্ণ=কাণ+ঈপ্—প্রং) সং, স্ত্রীং, যজ্ঞশালা।

বাসকসজ্জা, বাসসজ্জা, (বাসক, বাস=বস্ত্র—সজ্জা, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, বেশভূষা যুক্তা হইয়া নায়কাকাঙ্ক্ষিণী স্ত্রী। যে নায়িকা বেশভূষা করিয়া ও বাসগৃহ সাজাইয়া নায়কের আগমন প্রতীক্ষা করিয়া থাকে।

বাসগৃহ, (বাস—গৃহ=ঘর, ৬ষ্ঠী—ষ কিম্বা চতুর্থী—ষ) সং, ক্লীং, শয্যাগৃহ, শয়নাগার। মধ্যগৃহ। অন্তঃপুর গৃহ।

বাসত, সং, পুং, গর্দ্দভ, গাধা, রাসভ।

বাসতেয়, (বসতি=বাসস্থান বা রাত্রি+এয়—প্রং) বিং, ত্রিং, বাসযোগ্য। য়ী—স্ত্রীং, রাত্রি, রজনী, নিশা, যামিনী,

বাসন, (বাসি=বাসিতকরা+অনট্—বা বসন+অণ্) সং, ত্রিং, বসন বা বাসের যোগ্য। ক্লীং, বসন, বস্ত্র, পরিচ্ছদ। জ্ঞান। গৃহ। জলাদির পাত্র। বাস, বসতি। কলসী। জালা। পাত্র। বাক্স। মোড়ক। মিশ্রকরণ। না—স্ত্রীং, মনোবৃত্তি সংস্কারবিশেষ, স্মারক শক্তিবিশেষ। কল্পনা। বিশ্বাস। অজ্ঞান। দুর্গা। "বসত্যদৃষ্ট। সর্ব্বেষু ভূতেষন্তর্হিতার চ। ধাতুর্ব্বসনিবাসেতি বাসনা তেন সা স্মৃতা" ॥

বাসন্ত, (বসন্ত+অণ্—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, বসন্ত ঋতুসম্বন্ধীয়। সং, পুং, উষ্ট্র। কোকিল। মলয়বায়ু।

বাসন্তিক, (বসন্ত+ষ্ণিক—প্রং। বসন্ত কালই এই উৎসবের সময়) সং, পুং, নট, নর্ত্তক, বিদূষক, ভাঁড়। মস্করা।

বাসন্তী, (বাসন্ত+ঈ—প্রং) সং, স্ত্রীং, নবমল্লিকা। মাধবীলতা। মদনোৎসব। বনদেবতাবিশেষ। দুর্গা।

বাসযোগ, (বাস=সুগন্ধ—যোগ) সং, পুং, গন্ধদ্রব্য চূর্ণ।

বাসর, (বাসি=বাসকরান+অর—সংজ্ঞার্থে) সং, পুং—ক্লীং, দিবস। পুং, নাগবিশেষ।

বাসব, (বসু=ধন+অণ্-প্রং। অথবা বস্=বাসকরা+অব-সংজ্ঞার্থে। যিনি স্বর্গে বাস করেন) সং, পুং, ইন্দ্র। বী—স্ত্রীং, ব্যাসের মাতা, সত্যবতী, মৎস্যগন্ধা।

বাসবদত্তা, সং, স্ত্রীং, কথা গ্রন্থবিশেষ।

বাসঃ, (বাসস্, বস্=আচ্ছাদন করা+অস্—সংজ্ঞার্থে) সং, ক্লীং, বস্ত্র।

বাসসম্বিধান—বাসস্থাননির্ম্মাণ।

বাসি—পুং, বাসী—স্ত্রীং, (বস্=বাসকরা+ইঞ্—প্রং) সং, কুঠারবিশেষ, বাইস।

বাসিত, (বাসি=বাসিত করা+ক্ত—ম্ম) বিং, ত্রিং, সুগন্ধীকৃত। সুরভিত। বিখ্যাত। (বস্=আচ্ছাদন করা+ক্ত—প্রং) কাপড়পরা। বস্ত্রাচ্ছাদিত। বসনপিহিত। পুরাতন, পুরাণ। আর্দ্রীকৃত। পর্য্যুষিত। (বাস=শব্দ করা+ক্ত—ভা) সং, ক্লীং, পক্ষির শব্দ। তা—স্ত্রীং, করিণী, করেণু। নারী।

বাসিষ্ঠ, সং, ক্লীং, রুধির, রক্ত।

বাসী, (বাসিন্, বস্=বাসকরা+ইন্—ক) বিং, ত্রিং, বাসকারী। বাসিন্দা।

বাস্তু, (বস্=বাসকরা+উণ্—প্রং) সং

পুং, বিষ্ণু, নারায়ণ। পুনর্বসুনক্ষত্র। পরমাত্মা।

বাসুকি, বাসুকেয়, (বসু+ক+ইঞ। বাসুকি+ঠক্) সং, পুং, সর্পরাজ। অনন্ত।

বাসুকেয়স্বসা, (বাসুকেয়স্বসৃ, বাসুকি =সর্পরাজ—স্বসৃ=ভগিনী) সং, স্ত্রীং, মনসাদেবী, জরৎকারু।

বাসুদেব, (বসুদেব+ষ্ণ—অপত্যার্থে, অথবা বসু=সর্ব্বনিবাস—নিপাতন)সং, পুং, বসুদেবসূনু, কৃষ্ণ। "বসুঃসর্ব্বনিবাসশ্চ বিশ্বানি যস্য লোমসু। স চ দেবঃ পরং ব্রহ্ম বাসুদেব ইতি স্মৃতঃ"॥

বাসুভদ্র, (বাসু=পরমাত্মা—ভদ্র=শ্রেষ্ঠ) সং, ক্লীং, কৃষ্ণ।

বাসুরা, (বাসি=বাসিত করান বা বাস করান+উর—প্রং) সং, স্ত্রীং, রাত্রি। হস্তিনী। স্ত্রী। পৃথিবী।

বাসূ, (বাসি=বাস করান+উ—সংজ্ঞার্থে) সং, স্ত্রীং, নাট্যোক্তিতে—বালিকা।

বাসৌকঃ, (বাসৌকস্, বাস—ওকস্=গৃহ) সং, ক্লীং, শয়নাগার। বাসগৃহ।

বাস্তব, বাস্তবিক, (বস্তু+অণ্—ইদমর্থে, বস্তুর অংশ জীব, বস্তুর শক্তি মায়া এবং বস্তুর কার্য্য জগৎ এই সকল বস্তুই বাস্তব+ঠক্—স্বার্থে) বিং, ত্রিং, যথার্থ, প্রকৃত, পরমার্থভূত বস্তু।

বাস্তবোষা, (বাস্তব=সঙ্কেতস্থান—উষা =কামুকা স্ত্রী। যে সময়ে নায়িকা সঙ্কেতস্থানে নায়ক আগমন প্রতীক্ষা করিয়া থাকে) সং, স্ত্রীং, রজনী, রাত্রি। যামিনী, ক্ষপা, নিশা, ত্রিযামা।

বাস্তব্য, (বস্=বাসকরা+তব্য—ধি, ক) বিং, ত্রিং, বাস্তযোগ্য, বাসযোগ্য। বাসকারী, বাসকর্ত্তা। প্রতিবাসী। সং, পুং, বসতি।

বাস্তু, (বস্=বাসকরা+তু—প্রং) সং, পুং—ক্লীং, বসতি বাটী। ভবন। গৃহ। আবাস। আবসথ। নিবাস। বেশ্ম। ক্লীং, বেতুয়াশাক।

বাস্তুক, বাস্তূক, (বস্তু+কণ্—ভবার্থে। যে বাস্তু ভূমিতে হয়। অথবা বস্=বাসকরা+তুক—প্রং। যাহাতে দোষহর রস বা স্বাদুরস বাস করে) সং, ক্লীং, বেতুয়াশাক।

বাস্তোষ্পতি, } বাস্তোস্পতি, } (বাস্তোস্=বসতিবাটীর—পতি=স্বামী) সং, পুং, সুরপতি, ইন্দ্র, শতক্রতু, শক্র, সহস্রলোচন,বজ্রী, হরি।

বাস্ত্র, (বস্ত্র=কাপড়+অণ্—ইদমর্থে)বিং, ত্রিং, বস্ত্রাবৃত। বস্ত্র-সম্বন্ধীয়। সং, পুং, বস্ত্রাবৃত রথ।

বাহ, (বহ্=বহন করা, বায়ু চলা+ঘঞ্ —কৃ) সং, পুং, অশ্ব, বাজী, ঘোটক। বৃষ। বায়ু। বাহু। পরিমাণবিশেষ। বিং, ত্রিং, বাহক।

বাহক, (বাহি=বহন করান কিম্বা বহ্ বহনকরা+ণ্বুল—ক) সং, পুং, সারথি, যন্তা, সূত। বিং, ত্রিং, বহনকর্ত্তা।

বাহদ্বিষৎ, (বাহ=অশ্ব—দ্বিষৎ=শত্রু, ৬ষ্ঠী =ষ) সং, পুং, মহিষ।

বাহন, (বাহি=পাওয়ান+অনট্—ণ। যাহার দ্বারা দ্রব্যাদি দেশান্তর পাওয়ায়) "প্রাপং আশ্রমং শ্রান্তবাহনঃ" রং। সং, ক্লীং, যান, যদ্দ্বারা বহন হয়, হস্ত্যশ্ব নৌকা শিবিকা প্রভৃতি।

বাহশ্রেষ্ঠ,সং,পুং, অশ্ব। ঘোটক। বাজী। তুরঙ্গ। হয়।

বাহস, (বাহি=বহন করান+অস—প্রং) সং,পুং,বৃহৎসর্প, অজগর। বারিনির্গম।

বাহার, (যবনভাষা) সং, সৌন্দর্য্য, সৌষ্ঠব।

বাহাবাহবি, (বাহু—বাহু, সমাসে ই—প্রত্যয়) অং, বাহুযুদ্ধ, হাতাহাতি।

বাহিক, (বাহ=বহনীয়+ঠক্—প্রং) সং, পুং, ঢক্কা। গোবাহ্য শকটাদি। বিং, ত্রিং, ভারবাহক।

বাহিত, (বাহি=বহান+ক্ত—র্ম্ম) বিং,

ত্রিং, চালিত। প্রাপিত। প্রবাহিত। প্রতারিত, বঞ্চিত। "বাহিতা বয়মনেন ভুষ্টসিংহেন" (বিষ্ণুশর্ম্মা)।
বাহিথ, (বাহিন্—স্থা=থাকা+ক—প্রং। স=ৎ) সং, ক্লীং, গজকুম্ভের অধোভাগ।
বাহিনী, (বাহ+ইন্—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, সেনাবিশেষ, ৮১ হস্তী, ৮১ শকট, ২৪৩ অশ্ব, এবং ৪০৫ পদাতি—এতাবৎ সংখ্যক সৈন্য। (বহ্=বহা+ইন্—ক, ঈপ্) নদী। (অক্ষৌহিণী দেখ)।
বাহিনীপতি, (বাহিনী=সেনা, বা নদী—পতি=প্রভু) সং,পুং, সেনাপতি, সেনানী। সরিৎপতি। সমুদ্র। সাগর। রত্নাকর। [বহির্দেশ।
বাহির, (বহিস্ শব্দজ) সং, বহির্ভাগ,
বাহী, (বাহিন্—বহ্=বহনকরা+ইন্—ক) বিং, ত্রিং, বহনকারী।
বাহীক, (বাহ=বহন+ঈক—প্রং) সং, পুং, শকট। জাতিবিশেষ। দেশবিশেষ, পঞ্জাব। বিং, ত্রিং, বাহক, ভারী। (বহিস্+ঠক্—প্রং) বহিঃস্থিত।
বাহু, (বহ্=বহনকরা+উ—প্রং) সং, পুং, ভুজ, কক্ষ অবধি অঙ্গুলির অগ্রভাগ পর্য্যন্ত অবয়ব। অঙ্কশাস্ত্রে—রেখাবিশেষ।
বাহ্য, (বহ্=বহনকরা+ণ্যৎ—র্ম্ম কিম্বা বহিস্=বাহিরে+যঞ্—ভবার্থে) বিং, ত্রিং, বহনীয়। বহিঃস্থ। সং, ক্লীং, যান, বাহন।
বাহ্যমান, (বাহি=বহান+শানচ্—র্ম্ম) বিং, ত্রিং, প্রাপ্যমান। যাহা বাহিত হইতেছে।
বাহ্যসন্ধিত—যে সকল জীবের অবয়বের সন্ধি বাহিরে থাকে।
বাহ্যেন্দ্রিয়, (বাহ্য = বাহির—ইন্দ্রিয়) সং,ক্লীং,বহিরিন্দ্রিয়, চক্ষুঃ কর্ণ নাসিকা প্রভৃতি।
বাহ্লিক—হ্লী, (বল্হ্=দীপ্তি পাওয়া+ইক, ঈক—প্রং) সং, পুং, দেশবিশেষ, তাতার দেশের অন্তঃপাতী বল্খ। তদ্দেশজ অশ্ব। গন্ধর্ব্ববিশেষ। ক্লীং, কুঙ্কুম। হিঙ্গু, হিং।
বি, (বে=বিস্তার করা+ই—সংজ্ঞার্থে। যে পক্ষদ্বয় বিস্তার করে) সং,পুং—স্ত্রীং, পক্ষী। পুং, চক্ষুঃ। আকাশ। স্বর্গ।
বি, (বা=গমন করা+ই—প্রং) অং, উপং, বিপরীত। বিরুদ্ধ। বিষম। বিরক্তি। নিশ্চয়। নিন্দা। অসম্মতি। অসহন। প্রভেদ। পরিভব। কারণ, হেতু। অভাব। গতি। আলম্বন, অবলম্বন। বিশেষ। নিগ্রহ। অব্যাপ্তি। ঈষৎ। শুদ্ধি। জ্ঞান। নিষেধ। দান। পাদপূরণ। নিয়োগ। বৈপরীত্য। বিরোধ। [বন্ধনবিশেষ।
বিউনী, (বেণীশব্দজ) সং, বেণী, কেশ-
বিংশ, (বিংশতি+ডট্—পূরণার্থে) বিং, ত্রিং, বিংশতির পূরণ।
বিংশক, (বিংশতি+ড্বুণ্—অবয়বার্থে) বিং, ত্রিং, বিংশতি, কুড়ি, ২০।
বিংশতি, সং, স্ত্রীং, একবং, কুড়ি, বিশ-সংখ্যা। "বিংশত্যাদ্যাঃ সদৈকত্বে সর্ব্বাঃ সঙ্খ্যেয় সঙ্খ্যয়োঃ। সঙ্খ্যার্থে দ্বিবহুত্বে-কস্তাসু চানবতেঃ স্ত্রিয়ঃ"।
বিংশতিতম, (বিংশতি+তম—পূরণার্থে) বিং, ত্রিং, বিংশতির পূরণ।
বিধ, (বিধ্ধাতুজ) সং, ছিদ্রকরণ, বেধন।
বিক,সং,ক্লীং, সদ্যঃ প্রসূতা গাভীর দুগ্ধ।
বিকঙ্কত, (বি—কন্ক্=গমনকরা+অতচ্—সংজ্ঞার্থে) সং, পুং, বঁইচগাছ। স্রুবাবৃক্ষ।
বিকচ, (বি=না—কচ্=বন্ধনকরা+অচ—ভা, বন্ধন, কেশ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বিকসিত। প্রস্ফুটিত। উন্মীলিত। কেশরহিত। নেড়া। সং, পুং, কেতু গ্রহ। ক্ষপণক। উলঙ্গ।
বিকচ্ছ, (বি=না—কচ্ছ=কাছা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, কচ্ছরহিত, কাছাহীন।
বিকট, (বি—কট্=বড় হওয়া ইত্যাদি

+অচ্—ক) বিং, ত্রিং, বৃহৎ, বিশাল, বিপুল, বড়। ভয়ঙ্কর, ভয়াত্মক। দন্তী, দন্তুর। বিকৃত। সং, পুং, বিস্ফোটক।

বিকথন, (বি=বিপরীত—কথন=প্রশংসা) সং, ক্লীং, আত্মশ্লাঘা, মিথ্যা-শ্লাঘা, বৃথা-স্তুতি। বিং, ত্রিং, আত্মশ্লাঘী। "বিকথনাশ্চ সন্ত্যাজ্যাস্তথাস্যুঃ স্তুতিকারকাঃ" (জৈমিনি)।

বিকম্পিত, (বি=বিশেষরূপে—কম্প=কাঁপা+ক্ত—ক, বিং, ত্রিং বিশেষরূপে কম্পিত, অতিশয় চঞ্চল।

বিকর, (বি=প্রভেদ—কর=করণ) সং, পুং, রোগ। পীড়া। আময়। গদ। অস্বাস্থ্য। [ত্রিং, ভয়ানক। অতিভয়ঙ্কর।

বিকরাল, (বি—করাল=ভয়ানক) বিং,

বিকর্ণ, (বি=না—কর্ণ=কাণ) সং, পুং, দুর্য্যোধনের ভ্রাতা। বিং, ত্রিং, কর্ণরহিত।

বিকর্ণিক, (বি=অভাব, না—কর্ণ+ঠক্—প্রং যে দেশ হইতে কর্ণ নির্ব্বাসিত হইয়াছিলেন) সং, পুং, পঞ্জাবের অন্তর্গত সারস্বত দেশ।

বিকর্ত্তন, (বি—কৃৎ=ছেদন করা+ল্যুট্—প্রং। পৌরাণিকেরা বলেন, সূর্য্যপত্নী সংজ্ঞা সূর্য্যের তেজ সহ্য করিতে না পারাতে বিশ্বকর্ম্মা কুন্দদ্বারা তাঁহার তেজ খণ্ড খণ্ড করিয়া কর্ত্তন করেন) সং, পুং, সূর্য্য। অর্কবৃক্ষ। বিং, ত্রিং, ছেদনকারী, বিনাশক।

বিকর্ম্মকৃৎ, বিকর্ম্মস্থ, (বিকর্ম্মন্=নিষিদ্ধকর্ম্ম—কৃৎ=যে করে এবং স্থ=যে থাকে) বিং, ত্রিং, নিষিদ্ধকর্ম্মকারী।

বিকর্ষ, (বি= প্রভিন্ন—কৃষ্=আকর্ষণকরা+অচ্—প্রং) সং, পুং,শর। বাণ। শিলীমুখ। মার্গণ।

বিকর্ষণ, (বি—কৃষ্=আকর্ষণকরা+অনট্—ভা) সং, ক্লীং, আকর্ষণ, টানা।

বিকল, (বি=না—কলা=চন্দ্রের ষোড়শাংশ ইত্যাদি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অসম্পূর্ণ, অসমগ্র। হ্রাসপ্রাপ্ত। কলাহীন। অপ্রতিভ। বিহ্বল,অবশ। অস্বাভাবিক, অনৈসর্গিক। অসমর্থ। রহিত। লা, লী—স্ত্রীং, ঋতুহীনা, নিবৃত্তরজস্কা স্ত্রী। ক্লীং, কলার ষোড়শাংশ।

বিকলাঙ্গ, (বিকল=অবশ—অঙ্গ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, হীনাঙ্গ, খঞ্জপ্রভৃতি।

বিকলেন্দ্রিয়, (বিকল=অবশ—ইন্দ্রিয়, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যাহার ইন্দ্রিয় অবশ। যাহার হস্ত পদাদি ইন্দ্রিয়ের ন্যূনতা আছে।

বিকল্প, (বি=প্রভিন্ন—কল্প=বিধান ইত্যাদি) সং, পুং,সন্দেহ। ভ্রান্তি। ভ্রম। সংশয়। বিপরীত কল্প। বিবিধ কল্পনা। বিভিন্ন কল্পনা। ইচ্ছানুযায়ী কল্পনা। বিশেষণ।

বিকল্পিত, (বিকল্প+ইত—প্রং) বিং, ত্রিং, অনিয়মিত। বিবিধরূপে কল্পিত। সন্দিগ্ধ। বিভাষিত। [প্রস্ফুটিত।

বিকস্বর (বি+কশ্+বরচ্) সং, ত্রিং,

বিকস, (বি—কস্=গমনকরা+অচ্—প্রং) সং,পুং, চন্দ্র। সা—স্ত্রীং, মঞ্জিষ্ঠা।

বিকসিত, বিকশিত,(বি—কস্=বিকস্তিত হওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, প্রফুল্ল, প্রস্ফুটিত। প্রকাশিত।

বিকস্বর,—শ্ব, স্ব, (বিকসিত দেখ+বরচ, কণ, শীলার্থে) বিং, ত্রিং, বিকাসশীল, প্রকাশশীল। বিসরণশীল।

বিকার, (বি=বিরুদ্ধ—কৃ=করা+ঘঞ্—ভা) সং, পুং, প্রকৃতির অন্যথাভাব, বিকৃতি। অস্বাস্থ্য, রোগ। স্খলন।

বিকার্য্য, (বি=বিরুদ্ধ—কৃ=করা+ণ্যৎ—র্ম্ম) বিং, ত্রিং, বিক্রিয়ার যোগ্য। বিকারযোগ্য।

বিকাল, বিকালক, (বি=বিরুদ্ধ—কাল=সময়) সং, পুং, বৈকাল, অপরাহ্ন।

বিকালিকা, (বিকাল+ঠক্—প্রং) সং, স্ত্রীং, জলঘড়ী, তাম্রী, তাঁবী।

বিকাশ, বিকাস, বীকাশ, (বি—কাশ=

দীপ্তি পাওয়া+অচ্—ভা) সং, পুং, প্রকাশ। উল্লাস। প্রসার, বিস্তার।আকাশ। গোপন, বিজন। বিষমগতি।
বিকাশন, বিকাসন, (বিকাশ দেখ,+অনট্—ভা) সং,ক্লীং, প্রকাশ। প্রস্ফুটন
বিকাশী, বিকাসী, (বিকাশিন্, বিকাশ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বিকস্বর। বিকাশশীল। প্রসরণশীল। হৃষ্ট। হর্ষযুক্ত, প্রফুল্ল।
বিকির, (বি=প্রভিন্ন=কৃ=বিক্ষেপকরা+ক—প্রং) সং, পুং, পক্ষী। বিহঙ্গ। খগ। খেচর। কুশ। পূজাকালীন বিঘ্ন নিবারণার্থ ক্ষেপণীয় তণ্ডুলাদি। বিকীরণ।
বিকিরণ, (বি—কৃ=বিক্ষেপ করা+অনট্—ভা) সং, ক্লীং, বিক্ষেপণ। জ্ঞান। হিংসন। বিং, ত্রিং, কিরণ-রহিত।
বিকীর্ণ, (বি—কৃ=বিক্ষেপ করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বিক্ষিপ্ত। বিস্তৃত। বিস্তারিত, ছড়ান। বিখ্যাত। [জার পুত্র।
বিকুক্ষি, সং, পুং, সূর্য্যবংশীয় ইক্ষ্বাকু রা-
দিকুণ্ঠ, সং, ক্লীং, বৈকুণ্ঠ দেখ।
বিকুণ্ঠিত, (বি—কুন্ঠ্=খোঁড়ান, বিকল হওয়া+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, কুণ্ঠীকৃত, আবড়া খাবড়া, ভোঁতা।
বিকুর্ব্বাণ, (বি—কৃ=করা+শানচ্ প্রং) বিং, ত্রিং, সুখী। হৃষ্ট, সন্তুষ্ট। বিকৃতিপ্রাপ্ত।
বিকুস্র, (বি—কস্=বিকসিত হওয়া+র—প্রং। অ=উ) সং, পুং, চন্দ্র।নিশাকর। নিশানাথ। শশী। মৃগাঙ্ক। হিমাংশু
বিকুণিকা, (বি—কুণ্=শব্দ করা+ণ্বুল্—প্রং) সং, স্ত্রীং, নাসিকা, নাক।
বিকূণিত, (বি—কূণ্=সঙ্কুচিত হওয়া+ক্ত—ভা) সং, ক্লীং, মুদ্রা। সঙ্কোচ। বিং, ত্রিং, সঙ্কুচিত। মুদ্রিত।
বিকৃত, (বিকার দেখ,+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বিকারপ্রাপ্ত। বিরূপকৃত। অন্যথাকৃত। ঘৃণিত। রুগ্ন, পীড়িত। মায়াবী। বিকট। অসম্পূর্ণ। বিকল। বীভৎস। সং, ক্লীং, বিকার।
বিকৃতি, (বিকার দেখ,+ক্তি—ভা) সং, স্ত্রীং, বিকার, প্রকৃতির অন্যথাভাব। রোগ। পীড়া। আময়। আর্ত্তি। আধি। ব্যাধি। [র্ম্ম)বিং,ত্রিং, আকৃষ্ট। উদ্ধৃত।
বিকৃষ্ট, (বি—কৃষ্=আকর্ষণকরা+ক্ত—
বিকোষ, বিকোষিত, (বি=না—কোষ=খাপ, আবরণ) বিং, ত্রিং, কোষ হইতে নিষ্কাশিত, খাপ হইতে বাহির করা।
বিক্ক, (বিক্=অনুকরণ শব্দ—ক=যে শব্দ করে) সং, পুং, হস্তিশাবক, করভ।
বিক্রম, (বি—ক্রম্ বলবান্ হওয়া ইত্যাদি +অচ্—ভা) সং, পুং, পরাক্রম। শৌর্য্য, বীরত্ব। সামর্থ্য, শক্তি। সাহস। চরণ। চলন। আক্রমণ। বিক্রমাদিত্য রাজা। ত্রিবিক্রম, বিষ্ণু। বৎসরবিশেষ। পক্ষীর গতি।
বিক্রমাদিত্য, বিক্রমার্ক, (বিক্রম=সামর্থ্য—আদিত্য, অর্ক=সূর্য্য, সপ্তমী—ষ) সং, পুং, উজ্জয়িনীর রাজা, সংবৎনামে বর্ষগণনার প্রবর্ত্তক।
বিক্রমী, (বিক্রমিন্, বিক্রম=শক্তি, সাহস+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, সিংহ, কেশরী, মৃগরাজ। বীর, শূর। বিষ্ণু। বিং, ত্রিং, পরাক্রমশালী। বিক্রান্ত। পরাক্রান্ত। প্রভাবশালী।
বিক্রয়, (বি—ক্রী=দ্রব্যবদলকরা+অল্, ভা) সং, পুং, মূল্যগ্রহণ করিয়া কোন বস্তু অর্পণ করা। বেচা।
বিক্রয়ী, বিক্রয়িক, (বিক্রয়িন্, বিক্রয়+ইন্, ঠক্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, যে বিক্রয় করে, বিক্রয়কারী, বিক্রেতা।
বিক্রান্ত, (বিক্রম দেখ,+ক্ত—ক) বিং, ত্রিং, পরাক্রান্ত, বিক্রমশালী। বীর, শূর। সং, পুং, সিংহ। ক্লীং, বিক্রম। বৈক্রান্তমণি।
বিক্রান্তি, (বিক্রম দেখ,+ক্তি—ভা) সং, স্ত্রীং,বিক্রম। প্রভা। অশ্বের গতিবিশেষ।

বিক্রিয়া, (বিকার দেখ,+য+আপ্—প্রং) সং, স্ত্রীং, বিকার, বিকৃতি।

বিক্রীড়িত, (বি=নানাবিধ—ক্রীড়্=খেলা করা+ক্ত—ভা•) সং, ক্লীং, নানাপ্রকার খেলা, বিবিধ ক্রীড়া।

বিক্রীত, (বিক্রয় দেখ,+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বিক্রয়করা বস্তু, যাহা বিক্রয় করা হইয়াছে, যাহা বেচা হইয়াছে।

বিক্রুষ্ট, (বি—ক্রুশ্=রোদন করা, কঠিন হওয়া ইত্যাদি+ক্ত—ক) বিং, ত্রিং, নির্দ্দয়, কঠিন,নিষ্ঠুর। আহূত। আক্রোশকারী। আক্রোশবিশিষ্ট।

বিক্রেতা, (বিক্রেতৃ, বিক্রয় দেখ,+তৃণ-ক) সং, পুং, যে বেচে। বিক্রয়কারক, বিক্রিওয়ালা। দোকানদার। ব্যাপারী।

বিক্রেয়, (বিক্রয় দেখ,+যৎ—র্ম্ম) বিং, ত্রিং, পণ্য। বিক্রয়যোগ্য, যাহা বিক্রয় করা যাইতে পারে।

বিক্লব, (বি—ক্লব্=ভীতহওয়া+অল্-ক) বিং, ত্রিং, বিহ্বল, বিবশ। চঞ্চলচিত্ত। উদ্‌ভ্রান্ত। কাতর, ভীত। ভীরু। উপহত। অবধারণাসমর্থ। ইতিকর্ত্তব্যতাবিমূঢ়। সং, পুং, ব্যাকুলতা। জড়তা। ঔদাস্য। ভ্রান্তি।

বিক্লিত্তি, (বিক্লিন্ন দেখ,+ক্তি—ভা) সং, স্ত্রীং, অন্নাদির পাক। আর্দ্রতা। দ্রবীভাব।

বিক্লিন্ন, (বি—ক্লিদ্=আর্দ্রহওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, জীর্ণ। দ্রবীভূত। আর্দ্র।

বিক্ষত, (বি—ক্ষত=আহত, বিদারিত) বিং, ত্রিং, আঘাতপ্রাপ্ত, আহত। ক্ষয়প্রাপ্ত।

বিক্ষাব, (বি—ক্ষু=হাঁচা, শব্দ করা+ঘঞ্—প্রং) সং,পুং, শব্দ, ধ্বনি। কাশী, কাশ রোগ।

বিক্ষিপ্ত, (বি=বিশেষরূপে, অধিকরূপে—ক্ষিপ্ত=নিক্ষিপ্ত) বিং,ত্রিং, ত্যক্ত। বিস্তারিত। যাহার প্রতি ক্ষেপণ করা যায়। প্রেরিত।

বিক্ষিপ্তগতি, সং, স্ত্রীং, কোনবস্তু নিক্ষেপ করিলে সেই বস্তুর যে গতি জন্মে। বিক্ষিপ্ত দ্রব্যের গতি।

বিক্ষেপ, (বিক্ষিপ্তদেখ,—ক্ষেপ=নিক্ষেপ) সং, পুং, ক্ষেপণ। ত্যাগ। নিক্ষেপ, প্রসারণ। সঞ্চালন। ভয়। প্রেরণ।

বিক্ষেপশক্তি, সং, স্ত্রীং, মায়ার শক্তিবিশেষ, যদ্ দ্বারা বিশ্ব প্রকাশ হয়। লৌকিক দৃষ্টান্ত—যথা,রজ্জুতে সর্প ভ্রম। এস্থলে আবরণ শক্তি রজ্জুকে রজ্জু বলিয়া জানিতে দিলনা, আর বিক্ষেপ শক্তি উহাতে সর্পবুদ্ধি উৎপাদন করিল।

বিক্ষোভ, (বি—ক্ষুভ্=চঞ্চল হওয়া, কাতর হওয়া+ঘঞ—ভা) সং, পুং, ক্ষোভ, দুঃখ। বিদারণ। সংঘট্টন। কম্প, চাঞ্চল্য। ভয়। চিত্তোদ্‌ভ্রান্তি। উদ্রেক। ঔদাস্য। ঔৎকণ্ঠ্য।

বিখ, বিখু, বিখ্য, (বি=না—খ, খু, খ্য=নস বা নাসিকা শব্দজ, ৬ষ্ঠী—হিং) বিং,ত্রিং, খাঁদা। যাহার নাসিকা নাই।

বিখনাঃ, (বিখনস্) সং, পুং, ব্রহ্মা।

বিখণ্ডিত, (বি—খণ্ডিত=কর্ত্তিত) বিং, ত্রিং,বিদীর্ণ। ভগ্ন। অংশীকৃত। কর্ত্তিত, ছেদিত।

বিখুর, (বি-খুর্=ছেদ করা+অচ্—প্রং) সং, পুং, রাক্ষস,নিশাচর। চৌর,তস্কর।

বিখ্যাত, (বি=বিশেষরূপে—খ্যা=বলা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, খ্যাতাপন্ন, প্রসিদ্ধ, যশস্বী।

বিখ্যাতি, (বিখ্যাত দেখ+ক্তি ভা) সং, পুং, যশঃ। প্রসিদ্ধি, সুখ্যাতি।

বিখ্যাপন, (বি—খ্যাপি=বলান+অনট্—ভা) সং, ক্লীং, প্রশংসা। কীর্ত্তি। ব্যাখ্যা। বিবরণ। বিজ্ঞাপন।

বিখ্র, বিখ্রু (বি=না—খ্র, খ্রু=নাসিকাশব্দজ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, খাঁদা। ছিন্ননাসিক। নাসিকাহীন।

বিগণন, (বি—গণ=সংখ্যাকরা+অনট্—ভা) সং, ক্লীং, না—স্ত্রীং, ঋণমো-

চন। ঋণাদি পরিশোধ, গণনা। সংখ্যাকরণ, অবজ্ঞা।
বিগণিত, (পূর্ব্বোদেখ,+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ঋণমুক্ত। সংখ্যাত। গণিত। মত, মান্য।
বিগত, (বি—গম্=গমনকরা+ক্ত—ক) বিং, ত্রিং, অতীত। সম্পাদিত। ভূত। নষ্ট। প্রস্থিত। নিষ্প্রভ। মলিন।
বিগতার্ত্তবা, (বিগত—আর্ত্তব=স্ত্রীরজঃ, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, নিবৃত্তরজস্কা স্ত্রী। বৃদ্ধা।
বিগম, (বি—গম্=গমনকরা+অচ্-ভা) সং, পুং, নাশ। অপগম, নিবৃত্তি। প্রস্থিতি। নিষ্পত্তি। ক্ষান্তি।
বিগর্হণ, (বি—গর্হি=নিন্দাকরা+অনট্—ভা) সং, ক্লীং, ণা—স্ত্রীং, নিন্দা। ভৎসনা। তিরস্কার। কুৎসা। অপবাদ। কলঙ্ক।
বিগর্হিত, (বিগর্হণ দেখ,+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, নিন্দিত, ভৎসিত, নিষিদ্ধ দূষিত। সং, ক্লীং, নিন্দা।
বিগলিত, (বি—গল্=ক্ষরিত হওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, পতিত। স্খলিত। ক্ষরিত। ভ্রষ্ট। স্থানচলিত।
বিগাঢ়, (বি—গাহ্=বিলোড়ন করা, অবগাহন করা+ক্ত—ক) বিং, ত্রিং, মগ্ন। স্নাত, প্রৌঢ়, প্রবৃদ্ধ। কঠিন, ঘন।
বিগান, (বি=বিরুদ্ধ—গৈ=গানকরা+ল্যুট্—ভা) সং, স্ত্রীং, অপযশ। নিন্দা।
বিগাহ, (বিগাঢ় দেখ,+অচ্—ভা) সং, পুং, স্নান, অবগাহন। বিলোড়ন।
বিগাহমান, (বিগাঢ় দেখ,+শানচ্—ক) বিং, ত্রিং, অবগাহনকারী। বিলোড়নকারী।
বিগীত, (বি=বিরুদ্ধ—গীত) বিং, ত্রিং, নিন্দিত, ভৎসিত। গর্হিত,অপবাদিত।
বিগুণ, (বি=বিরুদ্ধ—গুণ=উৎকর্ষ, ৬ষ্ঠী—হিং) বিং,ত্রিং, গুণরহিত। বিকৃত।
বিগূঢ়, (বি—গুহ্=গোপনকরা+ক্ত র্ম্ম) বিং, ত্রিং, গুপ্ত। গর্হিত। নিন্দিত।
বিগ্ন, (বিজ্=ভীত বা কম্পিত হওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, উদ্বিগ্ন। ভীত।
বিগ্র, (বি=না—গ্র=নাসিকাশব্দজ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, খাঁদা। ছিন্ননাসিক, নাসিকাবিকল।
বিগ্রহ, (বি=নানাবিধ সুখাদি+গ্রহ্=গ্রহণকরা+অল্—প্রং) সং, পুং, দেহ, মূর্ত্তি, শরীর। সমাসের বাক্য। বিস্তার। বিভাগ। বিশেষজ্ঞান। পুং—ক্লীং, যুদ্ধ। বিবাদ, কলহ। "বিগ্রাহচ্চ শয়নে পরাঙ্মুখীঃ নানুনেতুমবলাঃসতত্বরে" রং
বিগ্রহাবর, (বিগ্রহ=শরীর—অবর=পশ্চাদ্ভাগ) সং, ক্লীং, পৃষ্ঠ, পিঠ।
বিঘটন, (বি—ঘট্=বিভিন্ন হওয়া ইত্যাদি+অনট্—ভা) সং, ক্লীং, বিশ্লেষ,অসংযোগ, ভাগকরণ। বিয়োগ। ব্যাঘাত। বিরোধ।
বিঘটিকা, (বি=বিভাগ—ঘটিকা=ঘড়ী) সং, স্ত্রীং, পল, ২৪ সেকেণ্ড।
বিঘটিত, (বিঘটন দেখ,+ক্ত—প্রং) বিং, ত্রিং, বিশ্লিষ্ট, বিচ্ছিন্ন, অংশীকৃত, পৃথক্কৃত। ব্যাহত। বিশেষরূপে রচিত
বিঘট্টন, (বি—ঘট্ট=অভিহত হওয়া+অনট্—ভা) সং,ক্লীং,বিশ্লেষ,বিস্রংসন। অভিঘাত, আঘাত। সঞ্চালন নাড়াচাড়া।
বিঘট্টিত, (বিঘট্টন দেখ, +ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, সঞ্চালিত, নাড়াচাড়া। বিশ্লেষিত। মথিত। অভিহত।
বিঘস, (বি=বিশেষরূপে—অদ্=ভোজন করা+অল্—র্ম্ম। অদ্ স্থানে ঘস্) সং, পুং, ভোজন। আহার। ভোজনাবশিষ্ট ক্লীং, মোম। [কুড়া, ২০ কাঠা।
বিঘা, (দেশজ) সং, ভূমির পরিমাণবিশেষ
বিঘাত, (বি—হন্=নাশকরা ইত্যাদি+ঘঞ্—ভা) সং, পুং, বাধা, বিঘ্ন, ব্যাঘাত। বারণ। আঘাত। বিনাশ,ধ্বংস।
বিঘাতক, (বিঘাত দেখ,+ণক—ক)

বিং, ত্রিং, বিনাশক। ব্যাঘাতক। প্রতিবন্ধক। আঘাতকারী।

বিঘাতী, (বিঘাতিন্, বিঘাত+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বাধাদায়ক, ব্যাঘাতক। বিনাশকারী। ঘাতক। নিবারক। নষ্ট। ব্যাহত। ধ্বস্ত।

বিঘোষণ, (বি—ঘুষ=ঘোষণা করা+অনট্—ভা) সং, ক্লীং, ইতস্ততঃ জানান, ঘোষণা করা।

বিঘ্ন, (বি—হন্=বধকরা+ঠক্—ণ=যাহার দ্বারা কার্য্য সিদ্ধির নাশ হয়) সং, পুং, প্রতিবন্ধ, বাধা, ব্যাঘাত, প্রত্যূহ।

বিঘ্ননায়ক, বিঘ্নবিনায়ক, বিঘ্ননাশক, বিঘ্ননাশন, বিঘ্নরাজ, বিঘ্নেশ, বিঘ্নহারী } (বিঘ্ন—নী=লওয়া+অকক্=যে লয়, ২য়া—ষ। বিঘ্ন-বি+নী="অশুদ্ধ" শোধন করা+ণক—ক=শাস্তা, ৬ষ্ঠী—ষ। বিঘ্ন—নাশক, নাশন=যে নাশ করে, ২য়া—ষ। বিঘ্ন—রাজ=রাজন্-শব্দজ, যিনি বিঘ্নের রাজা অর্থাৎ শাস্তা ৬ষ্ঠী—ষ। বিঘ্ন—ঈশ=যিনি বিঘ্ন সকলের ঈশ অর্থাৎ শাস্তা, ৬ষ্ঠী—ষ। বিঘ্ন-হারিন্, বিঘ্ন—হারিন্=যে হরণ করে, ২য়া—ষ) সং, পুং, গণেশ।

বিঘ্নিত, (বিঘ্ন+ইত—জাতার্থে) বিং, ত্রিং, ব্যাহত। প্রতিহত।

বিঘ্ন, সং, পুং, অশ্বের খুর।

বিচক্ষণ, (বি—চক্ষ্=বলা+অনট্—ক)বিং, ত্রিং, বিদ্বান্, জ্ঞানী। পণ্ডিত। বুদ্ধিমান্। বক্তা। দক্ষ, নিপুণ। কুশল। পটু।

বিচক্ষুঃ, (বিচক্ষুস্, বি=না—চক্ষুস্—নেত্র, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, চক্ষুর্হীন। উদ্বিগ্ন। বিমনাঃ।

বিচয়—পুং, বিচয়ন—ক্লীং, } (বি—চি=একত্রকরা +অল্, অনট্—ভা) সং, চয়ন, অন্বেষণ, অনুসন্ধান। মার্গণ, তল্লাস।

বিচর্চ্চিকা, (বি—চর্চ্চ=বলা+ণক—আপ্ প্রং) সং, স্ত্রীং, কচ্ছুরোগ, পাঁচড়া প্রভৃতি।

বিচল, বিচলিত (বি—চল্=গমনকরা +অচ্, ক্ত—ক) বিং, ত্রিং, চ্যুত। ভ্রষ্ট। স্থান বহির্গত। স্খলিত। চঞ্চল। অস্থির, কম্পিত, চলিত।

বিচার, (বি—চর্=নির্ণয়করা+ঘঞ্—ভা) সং, পুং, বিবেচনা। তত্ত্বনির্ণয়, যাথার্থ্যনির্ণয়। নিষ্পত্তি, মীমাংসা।

বিচারক, (বিচার দেখ,+ণক—ক) সং, পুং, নিষ্পত্তিকারক, মীমাংসাকারক, বিচারকর্ত্তা। প্রাড্‌বিবাক, জজ্, মাজিষ্ট্রেট্ প্রভৃতি।

বিচারণ, (বি—চারি=বিবেচনাকরা+অনট্—ভা) সং, ক্লীং, ণা—স্ত্রীং, বিচার। বিবেচনা। ণা—স্ত্রীং, মীমাংসা শাস্ত্র।

বিচারণীয়, (বিচারণ দেখ,+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, বিচারযোগ্য, বিচার্য্য। শাস্ত্র।

বিচারিত, (বিচার+ইত—সংজাতার্থে) বিং, ত্রিং, বিবেচিত। মীমাংসিত। নির্ণীত। কল্পিত।

বিচারী, (বিচারিন্, বিচার দেখ,+ইন্—ক) বিং, ত্রিং, বিচারকারক। বিচারকর্ত্তা। বিবেচক। হিতাহিত বা কর্ত্তব্যাকর্ত্তব্য নির্দ্ধারণ কর্ত্তা।

বিচার্য্য, (বিচারণ দেখ+ল্যপ্—র্ম্ম) বিং, ত্রিং, বিবেচ্য, বিচার করিবার যোগ্য।

বিচাল, (বি—চল্+গমন করা+অণ্—প্রং) বিং, ত্রিং, মধ্যবর্ত্তী, অভ্যন্তরস্থ।

বিচিকিৎসা, (বি—কিৎ=সংশয়করা+স-স্বার্থে, আপ্) সং, স্ত্রীং, সংশয়, সন্দেহ।

বিচিত, (বিচয় দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অন্বিষ্ট, যাহা অন্বেষণ করা যায়, মৃগ্য।

বিচিত্র, (বি—বিত্র=বিচিত্রকরা, বিস্ময়াপন্ন করা+অচ্—প্রং, সং, ক্লীং, নানাবর্ণ। বিং, ত্রিং, আশ্চর্য্য, বিস্ময়কর। নানাবর্ণবিশিষ্ট। রম্য, সুন্দর। "চিত্রং চিত্রং বত বত মহৎ চিত্রমেতদ্‌বিচিত্রং" উদ্ভট।

বিচিত্রদেহ, (বিচিত্র=চিত্রিত, সুন্দর—

দেহ=শরীর, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নানাবর্ণ বা সুন্দর দেহবিশিষ্ট। সং, পুং, মেঘ। বারিবাহ। ঘন।

বিচিত্রবীর্য্য, (বিচিত্র=বিস্ময়কর—বীর্য্য =শৌর্য্য, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শান্তনু রাজার পুত্র।

বিচিত্রবীর্য্যসূ, (বিচিত্রবীর্য্য=শান্তনুরাজপুত্র—সূ=জননী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, বিচিত্রবীর্য্যের মাতা, সত্যবতী।

বিচিত্রাঙ্গ, (বিচিত্র=চিত্রিত, সুন্দর—অঙ্গ=দেহ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ময়ূর, শিখণ্ডী, বর্হী। ব্যাঘ্র, শার্দ্দূল। বিং, ত্রিং, মনোহরদেহ।

বিচিত্রিত, (বিচিত্র+ইত—অস্ত্যর্থে) বিং, ত্রিং, নানাবর্ণবিশিষ্ট।

বিচিন্ত্যমান, (বি—চিন্তি ভাবনাকরা+শানচ্—র্ম্ম) বিং, ত্রিং, যাহা চিন্তিত হইতেছে।

বিচেতন, (বি=না—চেতনা=জ্ঞান, ৬ষ্ঠী—হিং) বিং,ত্রিং,চৈতন্যশূন্য, অচেতন। অবিবেকী, অবিমৃশ্যকারী। অজ্ঞান।

বিচেতাঃ, (বিচেতস্, বি=বিপরীত, বিরক্ত—চেতস্=মনঃ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, উদ্বিগ্নচিত্ত। বিমনাঃ। অসুখী। উদ্‌ভ্রান্ত। উন্মনা। চিন্তাকুল।

বিচেয়, (বিচয় দেখ—র্ম্ম) বিং, ত্রিং, অন্বেষণযোগ্য। অন্বেষণীয় অল্প।

বিচেষ্টিত, (বি—চেষ্টিত=অন্বেষিত) সং,ক্লীং,বিশেষ চেষ্টা। ব্যাপার,ক্রিয়া। বিবর্ত্তন, অঙ্গপরিবর্ত্তন, লুঠন। বিং, ত্রিং, অন্বেষিত। চেষ্টারহিত।

বিচ্ছন্দক, বিচ্ছর্দ্দক, (বি—ছন্দ=অভিলাষ +কণ্—যোগ। বি—ছৃদ্=দীপ্তিপাওয়া +ণক—প্রং) সং, পুং, দেবালয়বিশেষ, উপরি উপরি নির্ম্মিত দেবগৃহ।

বিচ্ছায়, বি=পক্ষী, অভাব—ছায়া ৬ষ্ঠী—ষ+ ষ্যং—স) পুং, ক্লীং, পক্ষিচ্ছায়া। ছায়াভাব। পুং, মণি। বিং, ত্রিং, ছায়ারহিত।

বিচ্ছিত্তি, (বি—ছিদ্=ছেদনকরা+ক্তি—ভা) সং, স্ত্রীং, অঙ্গরাগ। বিচ্ছেদ। বৈশিষ্ট্য। চমৎকার। বিনাশ। বৈচিত্র্য, বিচিত্রতা। স্ত্রীলোকের হারবিশেষ,স্ত্রীলোকের শোভাজনক অল্পভূষণরচনা।

বিচ্ছিন্ন, (বি—ছিদ্=ছেদনকরা+ক্ত—র্ম্ম) বিং,ত্রিং,বিভিন্ন, বিভক্ত। বিযুক্ত। ছিন্নভিন্ন। বিনষ্ট। সমালব্ধ।

বিচ্ছুরিত, (বি—ছুর্=রঞ্জিতকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অনুরঞ্জিত। ম্রক্ষিত। অনুলিপ্ত।

বিচ্ছেদ, (বি—ছিদ্=ছেদকরা+ঘঞ্—ভা) সং, পুং,বিভিন্নতা,পার্থক্য। বিরহ, বিয়োগ। বিভাগ। খণ্ড। অভাব। সন্ততিরাহিত্য।

বিচ্যুত, (বি—চ্যুৎ=পতিত হওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, পতিত, স্খলিত। ভ্রষ্ট, বিশ্লিষ্ট। ক্ষরিত।

বিচ্যুতি, (বিচ্যুত=দেখ, ই—প্রং) সং, স্ত্রীং, পতন, স্খলন, ভ্রংশ, বিশ্লেষ, ক্ষরণ। [কীটবিশেষ।

বিছা, (বৃশ্চিক শব্দজ) সং, অলি,

বিছানা, (দেশজ) সং, শয্যা, আস্তরণ।

বিজন,(বি=না—জন,সপ্তমী—হিং) বিং, ত্রিং,নির্জ্জন,বিবিক্ত,গুপ্ত, নিভৃত, রহঃ।

বিজনন, (বি—জন্=জন্মান+অনট্—ভা) সং,ক্লীং,জন্ম, উৎপত্তি, উদ্ভব, প্রসব,

বিজন্মা, (বিজন্মন্, বি—বিরুদ্ধ—জন্মন্, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, জারজ, অসুজাত, বিজাত।

বিজপিল, সং, ক্লীং, কর্দ্দম, পঙ্ক।

বিজয়, (বি—জি=জয়করা+অল্—ভা) সং, পুং, জয়, জিৎ। যম। অর্জ্জুন। বিমান। কল্কিপুত্র। য়া—স্ত্রীং, দুর্গা। দুর্গার সখীবিশেষ। তিথিবিশেষ, শ্রবণা নক্ষত্রযুক্তা শুক্লাদ্বাদশী। বিজয়া দশমী। বিশ্বামিত্র মুনির বিদ্যাবিশেষ। যমের ভার্য্যা। হরিতকী। সিদ্ধি, ভাঙ্।

বিজয়কুঞ্জর, (বিজয়=জয়—কুঞ্জর=হস্তী,

৪র্থা—য) সং, পুং, রাজবাহ্য হস্তী।
বিজয়মর্দ্দল, (বিজয় = জয়—মর্দ্দল = ঢক্কা) সং, পুং, জয়ঢাক।
বিজয়াধূম, সং, পুং, গাঁজা।
বিজয়াবহ, (বিজয় = জয়—আবহ, [আ—বহ "বহ্" জন্মান + অচ্-ক] = উৎপাদক) বিং, ত্রিং, জয়সূচক।
বিজয়াসপ্তমী, সং, স্ত্রীং, শুক্ল পক্ষের সপ্তমীতে যদি রবিবার হয়।
বিজয়ী, (বিজয়িন্, বিজয় + ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, জয়যুক্ত, জয়প্রাপ্ত।
বিজর, (বি=না—জরা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, জরারহিত। [সৌদামিনী।
বিজলী, (বিদ্যুৎ শব্দজ সং, তড়িৎ,
বিজাত, (বি=বিরুদ্ধ—জাত=[অপর কর্ত্তৃক] উৎপন্ন) বিং, ত্রিং, জারজ, বিরুদ্ধজন্মা, বিজন্মা, অসুজাত। তা—স্ত্রীং, যে স্ত্রীর সন্তান হইয়াছে।
বিজাতীয়, (বি = ভিন্ন-জাতি + ঈয়—প্রং) বিং, ত্রিং, বিভিন্ন ধর্ম্মাক্রান্ত। বেদল।
বিজিগীষা, (বি—জি=জয়করা + স—ইচ্ছার্থে, আপ্—ভা) সং, স্ত্রীং, জয়েচ্ছা।
বিজিগীষু, (বিজিগীষা দেখ, + উ—ক) বিং, ত্রিং, জয়েচ্ছু, যে ব্যক্তি জয় করিতে ইচ্ছা করে। "জেতুমেষণশীলশ্চ বিজিগীষুরিতি স্মৃতঃ"।
বিজিঘৃক্ষু, (বিজিঘৃক্ষ, [বি—গৃহ্=গ্রহণ করা + স—ইচ্ছার্থে, অ—প্রং]=বিগ্রহ করিতে ইচ্ছাকরা + উ—ক) বিং, ত্রিং, বিগ্রহ করিতে ইচ্ছুক, যুদ্ধ করিতে অভিলাষী।
বিজিত, (বি—জি জয়করা + ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, পরাভূত, যাহাকে জয় করা হইয়াছে, পরাজিত।
বিজিন, বিজিল, বিজিবিল, (বিজ্=কম্পিত হওয়া + ইন, ইল—প্রং) বিং, ত্রিং, রসযুক্ত ব্যঞ্জনাদি।
বিজিহীর্ষা, (বি—হৃ=হরণ করা, বিহার করা ইত্যাদি + স—ইচ্ছার্থে, আপ—ভা) সং, স্ত্রীং, বিহার করিবার ইচ্ছা।
বিজিহীর্ষু, (পূর্ব্বে দেখ, + উ—ক) বিং, ত্রিং, বিহার করিতে ইচ্ছুক।
বিজিহ্ম, (বি—জিহ্ম=বক্র) বিং, ত্রিং, বক্র, কুটিল, বাঁকা। শূন্য। অপ্রসন্ন।
বিজৃম্ভণ, (বি—জৃম্ভ=হাইতোলা + অনট্—ভা) সং, ক্লীং, বাসনা, ইচ্ছা। বিকাশ। বিস্তার। হাইতোলা।
বিজৃম্ভমাণ, (বিজৃম্ভণ দেখ, + শানচ্—প্রং) বিং, ত্রিং, প্রকাশশীল, বিকাশমান।
বিজৃম্ভিত, (বিজৃম্ভণ দেখ + ক্ত—র্ম্ম, ভা) বিং, ত্রিং, বিকসিত। বিকাশিত। বিস্তারিত। ব্যাপ্ত। সং, ক্লীং, বিজৃম্ভণ।
বিজেতা, (বিজেতৃ, বি—জি=জয়করা + তৃণ্—ক) সং, পুং, জয়ী, জয়কর্ত্তা।
বিজেয়, (বিজেতা দেখ, + য—র্ম্ম) বিং, ত্রিং, জয় করিবার যোগ্য।
বিজ্জল, সং, ক্লীং, শর, বাণ, শায়ক, পতত্রী। বিং, ত্রিং, সরস-ব্যঞ্জনাদি।
বিজ্ঞ, (বি=বিশেষরূপে—জ্ঞা=জানা + ক—ক) বিং, ত্রিং, বিচক্ষণ, পণ্ডিত। জ্ঞানী। নিপুণ। প্রবীণ।
বিজ্ঞপ্তি, বিজ্ঞাপ্তি, (বি=বিশেষরূপে—জ্ঞাপি=জানান + ক্তি—ভা) সং, স্ত্রীং, নিবেদন, বিশেষজ্ঞাপন, বৃত্তান্ত কথন।
বিজ্ঞব্রুব, (বিজ্ঞ—ব্রূ=বলা + অচ্—প্রং) বিং, ত্রিং, যে ব্যক্তি বিজ্ঞ না হইয়াও বিজ্ঞ বলিয়া আপনার পরিচয় দেয়।
বিজ্ঞাত, (বি—জ্ঞা জানা + ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, জানিত, পরিচিত, খ্যাত, বিখ্যাত। বিদিত, অবগত
বিজ্ঞান, (বি=বিশেষ, সমাপ্ত। কিম্বা বিবাধ, বিরূপ—জ্ঞান=অবরোধ) সং, ক্লীং, পদার্থের তত্ত্ব নির্ণায়ক শাস্ত্র, যথা—জ্যোতির্ব্বিদ্যা। জ্ঞান। তত্ত্বজ্ঞান শিল্পাদি জ্ঞান, চিত্রাদি এবং ব্যাকরণাদি জ্ঞান, ঘটপটাদি জ্ঞান। মায়াবৃত্তিবিশেষ। (Science -) [সহিত বুদ্ধি।
বিজ্ঞানময়কোষ, সং, পুং, পঞ্চজ্ঞানেন্দ্রিয়

বিজ্ঞানিক, (বিজ্ঞান+ঠক্—জ্ঞাতার্থে) বিং, ত্রিং, বিজ্ঞানশাস্ত্রে নিপুণ। বিজ্ঞ, বিচক্ষণ, পণ্ডিত। বিদ্বান্।

বিজ্ঞাপন, (বি—জ্ঞাপি=জানান+অনট্—ভা) সং, ক্লীং, না—স্ত্রীং, জানান, নিবেদন। দরখাস্ত।

বিজ্ঞাপনী, সং, স্ত্রীং, বাচিক অথবা লিপি-দ্বারা কোন বিষয় আবেদন করা, রিপোর্ট। দরখাস্ত, জ্ঞাপনপত্রী। (Report)

বিজ্ঞাপিত, (বিজ্ঞাপন দেখ,+ক্ত-র্ম্ম)বিং, ত্রিং, নিবেদিত, যাহা জানান হইয়াছে।

বিজ্ঞেয়, (বি—জ্ঞা=জানা+যৎ—র্ম্ম) বিং, ত্রিং, জানিবার যোগ্য, জ্ঞাতব্য।

বিঞ্জোলী, সং,স্ত্রীং, শ্রেণী, পঙক্তি, সারি।

বিট, (বিট্=গালি দেওয়া, শব্দকরা+ক—প্রং) সং, পুং, ধূর্ত্ত। কামুক, লম্পট। লবণবিশেষ। পর্ব্বতবিশেষ। খদির-বিশেষ। আখু, মূষিক। বিস্তার।

বিটঙ্ক, (বি=পক্ষী বা বিশেষরূপে—টঙ্ক=বন্ধনকরা+ঘঞ্—ক,ধি) সং,পুং, ক্লীং, কপোতপালিকা, পায়রার খোপ। পক্ষীর উপবেশনযোগ্য স্থান।

বিটপ, (বিট্=শব্দকরা+অপ—সংজ্ঞার্থে) সং, পুং, ক্লীং, শাখা, ডাল, পল্লব, ছোট ডাল, ফেক্ড়ি। বিস্তার। স্তম্ব, গুচ্ছ। পুং, ষিড়্গা, অতিশয় লম্পট। বিং, ত্রিং, বিটপালক।

বিটপী, (বিটপিন্, বিটপ=শাখা+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, বৃক্ষ, শাখী, তরু। বটবৃক্ষ।

বিটি, সং, স্ত্রীং, পীতবর্ণ চন্দন।

বিটল, (দেশজ) বিং, দুষ্ট, প্রতারক।

বিট্খদির, (বিষ্=বিষ্ঠা—খদির=খয়ের-গাছ) সং, পুং, গুয়ে বাবলার গাছ।

বিট্চর, (বিষ্=বিষ্ঠা—চর=যে চরে)সং, পুং, গ্রাম্যশূকর।

বিট্পতি, (বিশ্=কন্যা, বৈশ্য—পতি=প্রভু,৬ষ্ঠী—ষ)সং, পুং, জামাতা, কন্যার পতি। প্রধান বাণিজ্য ব্যবসায়ী।

বিটসারিকা, (বিষ=বিষ্ঠা—সারিকা=পক্ষিণীবিশেষ) সং, স্ত্রীং, গুয়েসালিক।

বিড়, (বিড়্=ভেদ করা+ক—প্রং) সং, ক্লীং, লবণবিশেষ, বিট্লবণ।

বিড়ঙ্গ, (বিড়্=ভেদকরা+অঙ্গ—সংজ্ঞার্থে) সং, পুং—ক্লীং, ঔষধিবিশেষ। বিং, ত্রিং, অভিজ্ঞ, বিজ্ঞ।

বিড়ম্বন, (বি—ডম্বি=ক্লেশ দেওয়া ইত্যাদি+অনট্—ভা) সং, ক্লীং, না—স্ত্রীং, অনুকরণ, সদৃশীকরণ। বঞ্চনা, প্রতারণা। যন্ত্রণা, ক্লেশ।

বিড়ম্বিত, (বিড়ম্ব দেখ,+ক্ত—ক) বিং, ত্রিং, অনুকৃত, সদৃশীকৃত। দুঃখিত, ক্লেশিত। বঞ্চিত, প্রতারিত।

বিড়াল, বিড়ালক, (বিড়্=ভেদকরা+আলক—প্রং। কণ্—যোগে বিড়ালক) সং, পুং, লী—স্ত্রীং, মার্জ্জার, বিড়াল নেত্রপিণ্ড। নেত্রৌষধবিশেষ।

বিড়ালপদ, সং,পুং, দুই তোলা পরিমাণ

বিড়ীন, (বি—ডীন=উড়ন) সং, ক্লীং পক্ষির গতিবিশেষ।

বিড়ুল, সং, পুং, বেতসলতা, বেতগাছ।

বিড়োজাঃ, বিড়ৌজাঃ, (বিড়োজস্, বিড়ৌজস্, বিড়=[বজ্রদ্বারা বিদীর্ণ পর্ব্বতের] খণ্ড—ওজস্=তেজঃ)সং,পুং,ইন্দ্র

বিড়্জ, (বিষ্=বিষ্ঠা—জ=জাত) বিং, ত্রিং, বিষ্ঠাজাত। [সং,পুং, গ্রাম্য শূকর

বিড়্বরাহ, (বিষ্=বিষ্ঠা—বরাহ=শূকর

বিতংস, (বি—তন্স্=ভূষিত করা, অচ—প্রং) সং, পুং, পক্ষিবন্ধনরজ্জু প্রভৃতি।

বিতণ্ডা, (বি—তণ্ড্=[আঘাতকরা তর্ক করা+আ—ভা) সং,স্ত্রীং, কলহ বিতর্ক, মিথ্যা বিচার, স্বমত ব্যবস্থাপন হউক বা না হউক কেবল পরমত খণ্ডনার্থ যে বাগাড়ম্বর। দর্ব্বী, হাতা।

বিতত, (বি—তত=বিস্তৃত) বিং, ত্রিং ব্যাপ্ত, বিস্তৃত, প্রসারিত।

বিততি, (বি—তন্=বিস্তৃতহওয়া+ক্তি

—ভা) সং, স্ত্রীং, বিস্তার, ব্যাপ্তি।
বিতথ, (বি=গত—তথ্য, সত্য, ৫মী —হিং, য—লোপ) বিং, ত্রিং, বিফল। মিথ্যা, অসত্য, অলীক।
বিতদ্রু, (বি—তম্=ইচ্ছাকরা+রু—প্রং, দ্—আগম) সং, স্ত্রীং, পঞ্জাব-দেশীয় নদীবিশেষ।
বিতন্বৎ, (বি—তন্=বিস্তারকরা+অৎ —ক) বিং, ত্রিং, বিস্তারক। উৎপাদক।
বিতরণ, (বি—তৃ, [পারহওয়া],=দান-করা+অনট্—ভা) সং, ক্লীং, দান, অর্পণ। বণ্টন, বাঁটিয়া দেওন।
বিতর্ক, (বি—তর্ক্=তর্ককরা+অক্—ভা) সং, পুং, বাদানুবাদ, তর্ক, বিচার। আলোচনা। সন্দেহ,সংশয়। অনুমান।
বিতর্দ্দি, বিতর্দ্দী, (বি—তর্দ্দ্,[হিংসাকরা] =উপবেশন করা+ই—সংজ্ঞার্থে। যে অশুভ নাশ করে) সং, স্ত্রীং, বেদিকা, বেদী। মঞ্চ। চৌকী।
বিতল, (বি—তল্, [প্রতিষ্ঠিত হওয়া],= নিম্নহওয়া+অচ্—প্রং) সং, ক্লীং, সপ্ত-পাতালের দ্বিতীয় পাতাল।
বিতস্তা, (পশ্চাৎ দেখ,+ক্ত—আপ্,প্রং) সং, স্ত্রীং, পঞ্জাবের অন্তর্গত নদীবিশেষ, ঝিলম্।
বিতস্তি, (বি—তস্=উৎক্ষেপণকরা+ক্তি —প্রং.) সং, দ্বাদশাঙ্গুলি পরিমাণ। স্ত্রীং, বিঘৎ, আধহাত।
বিতান, (বি—তন্=বিস্তারকরা+ঘঞ্— প্রং) সং, পুং—ক্লীং, চন্দ্রাতপ, চাঁদো-য়া। পটমণ্ডপ। বিস্তার। সমূহ। যজ্ঞ। ক্লীং, ছন্দোবিশেষ। অবসর, অবকাশ। বিং, ত্রিং, শূন্য। তুচ্ছ। জড়, মন্দ।
বিতীর্ণ (বি—তৃ, [পার হওয়া],=ব্যাপা ইত্যাদি+ক্ত—র্ম) বিং,ত্রিং, অবগাঢ়। ব্যাপ্ত। দত্ত, অর্পিত। উত্তীর্ণ।
বিতুন্ন, (বি=না—তুন্ন=ব্যথিত। যে ব্যথা উপশম করে) সং, ক্লীং, সুনিষণ্ণক, সুষুণীশাক। শৈবাল, শেওলা।
বিতুন্নক, (বিতুন্ন+রুণ—যোগ) সং, ক্লীং ধনিয়া। তুঁতে।
বিতৃষ্ণ, (বি=না—তৃষ্ণা, ৬ষ্ঠী—হিং) বিং ত্রিং, নিস্পৃহ, তৃষ্ণারহিত। উদাসীন।
বিতৃষ্ণা, (বি=না—তৃষ্ণা) সং, স্ত্রীং তৃষ্ণাভাব, অনিচ্ছা, অরুচি। ঔদাস্য।
বিত্ত, (বিদ্=লাভকরা+ক্ত—ণ। যাহার দ্বারা সুখলাভ হয়) সং, ক্লীং, ধন, সম্পত্তি। (বিদ্=জানা+ক্ত—র্ম) বিং, ত্রিং, বিচারিত। বিদিত, জ্ঞাত। খ্যাত, বিখ্যাত। লব্ধ।
বিত্তশাঠ্য,সং,ক্লীং, কৃপণতা, ব্যয়কুণ্ঠতা।
বিত্তি, (বিদ্=জানা, লাভকরা, তর্ককরা +ক্তি—ভা) সং, স্ত্রীং, বিচার। লাভ। খ্যাতি। জ্ঞান। সম্ভাবনা।
বিত্তেশ, (বিত্ত=ধন—ঈশ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ধনী। প্রভু। কুবের। যক্ষ।
বিত্রস্ত, (বি—ত্রস্=ভীতহওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, অতিশয় ত্রাসযুক্ত; অতি ভীত। [পুং,অতিশয় ত্রাস, অত্যন্ত ভয়।
বিত্রাস, (বিত্রস্ত দেখ,+ঘঞ্—ভা) সং, বিৎসন, সং, পুং, বৃষ, বৃষভ।
বিথুর,(ব্যথ্=ভীতহওয়া+উর—প্রং,া=ি) সং, পুং, চৌর,তস্কর। রাক্ষস। যাতুধান
বিদ্, (বিদ্=জানা+ক্বিপ্—ক) বিং, ত্রিং, বেত্তা, জানে যে; ইহা শব্দের পরে ব্যবহৃত হয়। যথা—শাস্ত্রবিদ্, বিধিবিদ্, ইত্যাদি। সং, স্ত্রীং, জ্ঞান।
বিদ, বিদ্, (বিদ্=জানা+অচ্,ক্বিপ্—প্রং) সং, পুং, পণ্ডিত। বুধগ্রহ।
বিদংশ, (বি—দন্শ্=দংশনকরা+অচ্— প্রং) সং, পুং, অবদংশ, সুস্বাদু বস্তু।
বিদগ্ধ, (বি—দহ্, [দাহকরা],=নিপুণ হওয়া ইত্যাদি+ক্ত—ক) বিং, ত্রিং, রসিক, রসজ্ঞ। পণ্ডিত। চতুর, নিপুণ। গ্ধা—স্ত্রীং, নায়িকাবিশেষ, রসিকা স্ত্রী।
বিদগ্ধতা, (বিদগ্ধ+তা—ভাবে) সং, স্ত্রীং, রসিকতা। নৈপুণ্য। পাণ্ডিত্য।
বিদথ, (বিদ্=জানা+অথ—সংজ্ঞার্থে)

সং, পুং, জ্ঞানী ব্যক্তি। তপস্বী।

বিদন্, (বিদৎ, বিদ্ জানা+অৎ—ক্ত) বিং, ত্রিং, বেত্তা, জ্ঞানী, পণ্ডিত।

বিদর, (বি—দৃ=বিদারণকরা+অপ্—ভা) সং, পুং, বিদারণ, ভেদন। ক্লীং, ফণী মনসার গাছ।

বিদর্ভ, (বি=না—দর্ভ=কুশ, ৭মী—হিং, কুশাঘাতে স্বীয় পুত্রের মরণ হওয়াতে এক মুনি অভিশাপ দেন যে, এই দেশে যেন কুশ না জন্মে। কেহ বলেন—বিদর্ভ দেশের নাম বিরার। বিদর বিরারের অন্তর্গত। বিদর উহার মধ্যে আছে বলিয়া সমস্ত দেশকে বিদর্ভ বলে) সং, পুং, র্ভা—স্ত্রীং, বিরার দেশ, যাহাতে কুণ্ডিন-নগর আছে, বড় নাগপুর।

বিদর্ভজা, (বিদর্ভ—জা=যে জন্মে, ৫মী—ষ) সং, স্ত্রীং, দময়ন্তী, নলরাজার পত্নী। অগস্ত্যমুনির পত্নী, লোপামুদ্রা। রুক্মিণী।

বিদল, (বি—দল=বিদারণ, খণ্ডন) সং, ক্লীং, দ্বিধাকৃত, কলায় প্রভৃতি, ডালি। বংশাদি-নির্ম্মিত পাত্রবিশেষ। ডালিমের ছাল। পুং, কলায়। রুটি। বিং, ত্রিং, বিকসিত। দলহীন, দলশূন্য। পাত্রশূন্য।

বিদলিত, (বি—দল্=মাড়া, ছিন্নভিন্ন করা, ভেদকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, মর্দ্দিত, চূর্ণীকৃত। বিদারিত। বিকসিত।

বিদা, (বিদ্=জানা+আপ্—ভা) সং, স্ত্রীং, জ্ঞান। বুদ্ধি।

বিদায়, (বি—দা=ত্যাগকরা ইত্যাদি+অচ্—প্রং, য়—আগম) সং, পুং, গমনানুমতি। বিসর্জ্জন। দান। "বিদায়ং দেহি সম্প্রীত্যা ক্ষণং মাং প্রাণবল্লভে"।

বিদার, (বি—দৃ=বিদারণকরা+ঘঞ্—ভা) সং, পুং, বিদারণ, ভেদকরণ। জলোচ্ছাস। রী—স্ত্রীং, ভূমিকুষ্মাণ্ড। শালপর্ণী।

বিদারক, (বি—দৃ=বিদারণকরা+ণক—ক) বিং, ত্রিং, বিদারণকর্ত্তা, বিদীর্ণকারক। সং, পুং, শুষ্কনদ্যাদিস্থকূপ। জলমধ্যস্থ বৃক্ষ বা পর্ব্বত।

বিদারণ, (বি—দারি=বিদারণকরা+অনট্—ভা) সং, ক্লীং, বিদীর্ণকরণ, ফাড়িয়া ফেলা। ভেদন। মারণ, হনন। পুং—স্ত্রীং, সংগ্রাম, যুদ্ধ, সঙ্গর, রণ।

বিদারিত, (বিদারণ দেখ,+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ভেদিত, যাহা বিদীর্ণকরা হইয়াছে।

বিদারু, (বিদার দেখ,+উ—প্রং) সং, পুং, কৃকলাস, কাঁকলাস।

বিদিক্, (বিদিশ্, বি=প্রভেদ—দিশ্। যে দুই দিক্‌কে ভিন্ন করে) সং, স্ত্রীং, দুই দিগের মধ্যভাগ, দিকের কোণ। অগ্নি, নৈঋর্ত, বায়ু, ঈশান—এই চারিকোণ।

বিদিত, (বিদ্ জানা+ক্ত—র্ম্ম, ভা) বিং, ত্রিং, অবগত, জ্ঞাত। প্রার্থিত। জ্ঞাতা। সং, ক্লীং, জ্ঞান। খ্যাতি। যশলাভ।

বিদিশা, (বিদিশ্+আপ্—প্রং) সং স্ত্রীং, মালব দেশান্তর্গত বেত্রবতী নদী তীরস্থ নগরীবিশেষ।

বিদীর্ণ, (বি—দৃ=বিদারণকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বিভক্ত। ভিন্ন, চেরা, ফাড়া। ভগ্ন। বিস্তৃত। খোলা। হত।

বিদু, (বিদ্=জানা+কু—প্রং) সং, পুং, হস্তীর কুম্ভদ্বয়ের মধ্য-ভাগ। নদ্যশ্ব। জলহস্তী।

বিদুর, (বিদ্=জানা+কুরচ্—ক, শীলার্থে) বিং, ত্রিং, জ্ঞানী, ধীর, পণ্ডিত। বেত্তা, জ্ঞাতা। বুদ্ধিমান্। লম্পট। চক্রান্তকারী। সং, পুং, যুধিষ্ঠিরের পিতৃব্য। ধৃতরাষ্ট্রের ভ্রাতা ও মন্ত্রী।

বিদুল, (বিদ্=জানা=ইত্যাদি+উলচ্—প্রং) সং, পুং, বেতগাছ। বেতস। বানীর। বঞ্জুল। জলবেতস।

বিদুষী, (বিদ্বস্+ঈপ্—প্রং) সং, স্ত্রীং, বিদ্যাবতী স্ত্রী। পণ্ডিতা।

বিদুষ্মতী, (বিদ্বস্+মতুপ্ — অস্ত্যর্থে, ঈপ্) সং, স্ত্রীং, পণ্ডিতবতী। [দুস্থ।

বিদূন, সং, ত্রিং, দুঃখিত। বিপদ্‌গ্রস্ত।

বিদূর, (বি=অধিক—দূর) বিং, ত্রিং,

অতি দূরবর্ত্তী, অনেক অন্তরিত। সং, ক্লীং, অতিদূর। পুং, দেশবিশেষ। প-র্ব্বতবিশেষ। মণিবিশেষ, বৈদূর্য্য মণি।

বিদূরগ, (বিদূর—গ=যে গমন করে, ২য়া—ষ) বিং, ত্রিং, অতিশয়দূরগামী।

বিদূরজ, (বিদূর—জ=জাত) সং, ক্লীং, বৈদূর্য্যমণি।

বিদূষক, (বি—দূষ্=মন্দকর্ম্মকরা+ক্ ণ্—ক) সং, পুং, নাট্যে—নায়কের সহায়বিশেষ। নাট্যের নটবিশেষ। অঙ্গ-ভঙ্গী প্রভৃতি দ্বারা যে ব্যক্তি সকলকে হাসায়, ভাঁড়, মস্করা। বিং, ত্রিং, নিন্দক, নিন্দাকারী। কামুক, লম্পট।

বিদূষণ, (বিদূষক দেখ+অনট্—ভা) সং, ক্লীং, দোষার্পণ, নিন্দা।

বিদেশ, (বি—নানাবিধ, ভিন্ন—দেশ) সং, পুং, দেশান্তর, ভিন্নদেশ। স্বদেশ ভিন্ন দেশ।

বিদেশী, বিদেশীয়, } (বিদেশিন্, বিদেশ+ইনি ঈয়—নিবাসার্থে) বিং, ত্রিং, ভিন্নদেশবাসী।

বিদেহ, (বি=না—দেহ=শরীর) সং, পুং, হা—স্ত্রীং, মিথিলা, ত্রিহুত। পুং, বিহার দেশ। জনকবংশীয় রাজা। বিং, ত্রিং, দেহরহিত। অশরীরী। অনঙ্গ।

বিদেহকৈবল্য, সং, ক্লীং, পরমমুক্তি, ভোগদ্বারা প্রারব্ধ কর্ম্মের ক্ষয় হইলে জীবন্মুক্ত ব্যক্তির বর্ত্তমান শরীর ধ্বংসের পর যে পরব্রহ্ম লাভ হয়।

বিদ্ধ, (ব্যধ্=বিদ্ধকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ছিদ্রিত, সমুৎকীর্ণ, বেঁধা। আহত নিক্ষিপ্ত। তাড়িত। সদৃশ। বাধিত।

বিদ্যমান, (বিদ্=বর্ত্তমান থাকা+শানচ্—ক) বিং, ত্রিং, বর্ত্তমান, উপস্থিত কালীন। উপস্থিত, স্থিতিশীল।

বিদ্যা, (বিদ্=জানা+ক্যপ্—ণ, আপ্ যাহার দ্বারা ধর্ম্মাধর্ম্ম জানা যায়) সং, স্ত্রীং, জ্ঞান, অধ্যয়নাদি জন্য বোধ। দর্শনশাস্ত্র। তত্ত্বজ্ঞান। মন্ত্র। ৪ বেদ, ৬ বেদাঙ্গ, পুরাণ, মীমাংসা, ন্যায়, ধর্ম্ম-শাস্ত্র—এই চতুর্দ্দশবিধ। দুর্গা। বৃক্ষ-বিশেষ। ঐন্দ্রজালিক বটিকা বিশেষ, যাহা মুখে রাখিলে মনুষ্য স্বর্গে আরোহণ করিবার ক্ষমতা লাভ করে।

বিদ্যাচণ, বিদ্যাচুঞ্চু, (বিদ্যা—জ্ঞান+চণপ্, চুঞ্চুপ্—খ্যাতার্থে) বিং, ত্রিং, বিদ্যা হেতুক প্রসিদ্ধ বিদ্যাদ্বারা খ্যাত।

বিদ্যাদেবী, (বিদ্যা—দেবী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, সরস্বতী। জৈনদেবীবিশেষ।

বিদ্যাধন, (বিদ্যা=জ্ঞান—ধন) সং, ক্লীং, বিদ্যা দ্বারা উপার্জ্জিত ধন। বিদ্যা ধন স্বরূপ।

বিদ্যাধর, (বিদ্যা = ইন্দ্রজাল—ধর=যে ধরে, ২য়া—ষ) সং, পুং, দেবযোনি-বিশেষ, গন্ধর্ব্ব। কিম্পুরুষ, হয়গ্রীব, কিন্নর।

বিদ্যার্থী, (বিদ্যার্থিন্, বিদ্যা—অর্থিন্=যে প্রার্থনা করে, ২য়া—ষ। বিদ্যা—অর্থ প্রয়োজন+ইনি—অস্ত্যর্থে). বিং, ত্রিং, ছাত্র, পড়ুয়া, শিষ্য, যে বিদ্যা-শিক্ষা করিবার প্রার্থনা রাখে।

বিদ্যালয়, (বিদ্যা—আলয়=গৃহ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, চতুষ্পাঠী। টোল। বিদ্যা-শিক্ষার স্থান, স্কুল, কলেজ প্রভৃতি।

বিদ্যাবান্, (বিদ্যাবৎ, বিদ্যা+বতুপ্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বিদ্বান্, পণ্ডিত।

বিদ্যাস্নাতক, (বিদ্যা—স্নাতক—আপ্লুতব্রতী গৃহস্থ) সং, পুং, অধ্যয়ন সমাপ-নানন্তর গৃহস্থাশ্রমে প্রবিষ্ট ব্যক্তি।

বিদ্যুজ্জিহ্ব, (বিদ্যুৎ—জিহ্বা) সং, পুং, রাক্ষসবিশেষ।

বিদ্যুৎ, (বি=না—দ্যুৎ=দীপ্তি, যাহার অধিকক্ষণ দীপ্তি নাই, বহ্রী—হিং, কিম্বা যে দীপ্তি পায়) সং, স্ত্রীং, তড়িৎ। সৌ-দামিনী। চপলা। চঞ্চলা। ক্ষণপ্রভা। দামিনী। চলা। প্রদোষ; রজনীমুখ। সন্ধ্যা। কান্তি। অর্চ্চি। উজ্জ্বলতা। বিং, ত্রিং, নিষ্প্রভ। দ্যুতিহীন।

বিদ্যুৎকেশ, সং, পুং, রাক্ষসবিশেষ।
বিদ্যুৎপ্রিয়, সং, ক্লীং, কাংশ্য, কাঁসা।
বিদ্যুত্বান্, (বিদ্যুত্বৎ, বিদ্যুৎ+বতুপ্—অস্ত্যর্থে) সং, পুং, তড়িত্বান্, মেঘ।
বিদ্যুন্মালা, (বিদ্যুৎ—মালা, য়ং—স) সং, স্ত্রীং, অষ্টাক্ষরপাদচ্ছন্দোবিশেষ, যে ছন্দে সমুদায় বর্ণ গুরু। বিদ্যুৎসমূহ।
বিদ্যুন্মালী, (বিদ্যুন্মালিন্, বিদ্যুন্মালা+ইনি—প্রং) সং, পুং, রাক্ষসবিশেষ।
বিদ্যুল্লতা, (বিদ্যুৎ—লতা; য়ং—স) সং, স্ত্রীং, মেঘজ্যোতিঃ, তড়িৎ।
বিদ্যোত, (বি—দ্যুৎ=দীপ্তি পাওয়া+ঘঞ্—ভা) সং, পুং, দ্যুতি। কান্তি। অর্চ্চি। উজ্জ্বলতা। প্রভা, দীপ্তি।
বিদ্র, (বিধ্—বিদ্ধ করা+রক্—প্রং; অথবা বি—দ্রা=নিদ্রা যাওয়া+ক—প্রং) সং, ক্লীং, গর্ত্ত, বিল, গহ্বর, ছিদ্র, রন্ধ্র, বিবর।
বিদ্রধি, (বিদ্র=বেধন—ধা=ধারণ করা+কি—প্রং) সং, পুং, রোগবিশেষ। ব্রণ।
বিদ্রব, বিদ্রাব, (বি—দ্রু=পলায়নকরা ইত্যাদি+অপ, ঘঞ্—ভা) সং, পুং, দ্রবীভাব। পলায়ন। গলন, ক্ষরণ। নিন্দা। যুদ্ধ। বুদ্ধি। প্রত্যাবর্ত্তন। ভয়
বিদ্রাবিত, (বি—দ্রাবি=পলায়ন করান, দ্রব করান+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, তাড়িত। দ্রবীকৃত। তরলীকৃত। গলান।
বিদ্রুত, (বিদ্রব দেখ,+ক্ত—ক) বিং, ত্রিং, পলায়িত। দ্রবীভূত। ভীত। প্রধাবিত। দ্রুতগামী।
বিদ্রুম, (বি=নিশ্চিত—দ্রুম=বৃক্ষ) সং, পুং, পদ্মরাগমণি, প্রবাল, পলা। কিশলয়, নবপল্লব। মুক্তাফল বৃক্ষ। [তামাসা।
বিদ্রূপ, (দেশজ) সং, ব্যঙ্গ, পরিহাস,
বিদ্রোহ, (বি—দ্রুহ=হিংসাকরা+ঘঞ—ভা) সং, পুং, অনিষ্টাচরণ। বিদ্বেষ। যুদ্ধ। কলহ। ঝগড়া।
বিদ্রোহী, (বিদ্রোহিন্, বিদ্রোহ+ইন্-অস্ত্যর্থে) বিং, ত্রিং, অনিষ্টাচরণকারী, বিদ্রোহকারক। যোদ্ধা। রাজপ্রতিকূলে অস্ত্রধারী।
বিদ্বৎকল্প, বিদ্বদ্দেশ্য, বিদ্বদ্দেশীয়, (বিদ্বস্ = জ্ঞানী+কল্প, দেশ্য, দেশীয়—হ্রস্বার্থে) বিং, ত্রিং, পণ্ডিতসদৃশ। ঈষদূন বিদ্বান্।
বিদ্বত্তম, (বিদ্বস্+তম্—বহুর মধ্যে একের নির্দ্ধারণার্থে) বিং, ত্রিং, অনেকের মধ্যে অধিক বিদ্বান্। সর্ব্বশ্রেষ্ঠ বিদ্বান্। অদ্বিতীয় পণ্ডিত।
বিদ্বত্তর, (বিদ্বস্+তর— দুয়ের মধ্যে একের নির্দ্ধারণার্থে) বিং, ত্রিং, উভয়ের মধ্যে অধিক বিদ্বান্।
বিদ্বান্, (বিদ্বস্, বিদ্=জানা+বস্—ক) বিং, ত্রিং, পণ্ডিত। বিদ্যাবান্, জ্ঞানী। কৃতবিদ্য। শাস্ত্রদর্শী।
বিদ্বিট্, বিদ্বিষ, বিদ্বিষৎ, (বিদ্বিষ্, বি—দ্বিষ্=দ্বেষকরা+ক্বিপ, ক, অৎ—ক) বিং, ত্রিং, শত্রু। বৈরী। অরাতি। অরি। প্রতিদ্বন্দী।
বিদিষ্ট, (বিদ্বেষ দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে বিদ্বেষ করা যায়।
বিদ্বিষ্টপূর্ব্ব, বিং, ত্রিং, যাহার প্রতি পূর্ব্বে বিদ্বেষ করা হইয়াছে।
বিদ্বেষ-পুং, বিদ্বেষণ—ক্লীং, (বি—দ্বিষ্=দ্বেষকরা+ঘঞ্, অনট্—ভা) সং, শত্রুতা, বৈর। দ্বেষ, ঈর্ষা।
বিদ্বেষী, (বিদ্বেষিন্, বি—দ্বিষ্=দ্বেষকরা+ইনি—ক) বিং, ত্রিং, শত্রু। দ্বেষকারী।
বিধ, (বি—ধা=করা+ক—ভা, অথবা বিধ্=বিদ্ধকরা+ক—ভা) সং, পুং, ধা-স্ত্রীং, প্রকার। রীতি। ধারা। ধাঁচা। বিধান। বিধি, নিয়ম। বেতন। গজগ্রাস। গজ-ভক্ষ্য অন্ন। সমৃদ্ধি, বৃদ্ধি। কার্য্য। কর্ম্ম। বেধ। বিদ্ধকরণ, বেঁধা।
বিধন, (বেধন শব্দজ) সং, বেঁধা।
বিধবন, সং, ক্লীং, কম্প

বিধবা, (বি=না—ধব পতি, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, মৃতপতিকা, রণ্ডা, রাঁড়। বিবস্ত্রা।

বিধাঃ, (বিধস্, বিধাতা দেখ,+অস্—প্রং) সং, পুং, ব্রহ্মা। আত্মভূ। পদ্মযোনি। চতুরানন। পিতামহ। হংস, বাহন। বিধাতা। ধাতা।

বিধাতা, (বিধাতৃ, বি—ধা=ধারণকরা করা+তৃচ্—ক, যিনি সমুদয় সৃষ্টি করেন) সং, পুং, ব্রহ্মা। দক্ষ প্রভৃতি সৃষ্টিকর্ত্তা। কন্দর্প। বিং,ত্রিং, নির্ম্মাতা, কর্ত্তা। স্রষ্টা, বিধানকর্ত্তা।

বিধান, (বি—ধা=করা+অনট্—ভা) সং, ক্লীং, নিয়ম, বিধি, শাস্ত্রনিয়ম, ব্যবস্থা। সৃষ্টি, নির্ম্মাণ, করণ। জনন। প্রেরণ। আজ্ঞাকরণ। উপায়। ধন, সম্পত্তি। পূজা, অর্চ্চনা। শত্রুতাচরণ। গ্রহণ। উপার্জ্জন। বিষম অনুভব। হস্তিকবল, হস্তীর গ্রাস।

বিধানক, (বিধান+কণ্—যোগ) সং, ক্লীং, ব্যথা। ক্লেশ। যাতনা।

বিধানজ্ঞ, (বিধান—জ্ঞ=যে জানে) বিং, ত্রিং, বিধিজ্ঞ, বিধানবেত্তা।

বিধানশাস্ত্র,—ক্লীং,বিধানসংহিতা—স্ত্রীং, সং, ব্যবস্থাশাস্ত্র, আইন। স্মৃতিশাস্ত্র, ধর্ম্মশাস্ত্র।

বিধায়ক, বিধায়ী, (বিধায়িন্, বিধান দেখ,+ণ্বুল্, ইনি—ক। য্—আগম) বিং, ত্রিং, জনক, ব্যবস্থাপক, নিয়মকারক। কর্ম্মকারক। কর্ত্তা।

বিধি, (বি—ধা=করা+কি—ণ, ভা, ক) সং, পুং, শাস্ত্র। শাস্ত্রবিধান। নিয়ম। কাল। ক্রম। আচার। নিয়োগ। কর্ম্ম। প্রকার। যজ্ঞ। সৃষ্টি। বিধাতা। উপায়। ব্যাপার। ব্রহ্মা। বিষ্ণু। ভাগ্য। দৈব। অপ্রাপ্তপ্রাপক বাক্যবিশেষ। অনুষ্ঠান। লক্ষণ, সূত্র।

বিধিজ্ঞ, বিধিদর্শী, (বিধি—জ্ঞ=যে জানে, ২য়া—ষ। বিধিদর্শিন, বিধি—দর্শিন=যে দেখে, ২য়া—ষ) বিং, ত্রিং, শাস্ত্রজ্ঞ, নিয়মজ্ঞ, বিধানবেত্তা। সদস্য, যজ্ঞাদি কর্ম্মে কোন ব্যতিক্রম ঘটিলে যিনি কর্ম্মকরদেরভ্রম সংশোধন করেন।

বিধিৎসা, (বি+ধা+অঙ + টাপ্,—ইচ্ছার্থে,—ভা) সং, স্ত্রীং, বিধানকরণেচ্ছা। [বিং, ত্রিং, বিধানেচ্ছুক।

বিধিৎসু, (বিধিৎসা দেখ+উ—প্রং)

বিধিদেশক, (বিধি—দেশক=যে দেখায়, ২য়া—ষ, অথবা দেশক শব্দের অর্থ উপদেশক) সং,পুং, বিধির উপদেশক। সদস্য, যজ্ঞাদি কর্ম্মে কোন ব্যতিক্রম ঘটিলে যিনি কর্ম্মকরদের ভ্রম সংশোধন করেন।

বিধিপূর্ব্বক, (বিধি—পূর্ব্বক) ক্রিং—বিং, ত্রিং, বিধান অনুসারে। নিয়মপূর্ব্বক।

বিধিবদ্ধ, (বিধি—বদ্ধ,৩য়া—ষ) বিং, ত্রিং, নিয়মবদ্ধ, নিয়ম বলিয়া প্রচলিত।

বিধিবোধিত, (বিধি—বোধিত, ৩য়া—ষ) বিং, ত্রিং,শাস্ত্রসম্মত। বিধানোক্ত

বিধিবৎ, (বিধি+বতি—তুল্যার্থে) অং, যথাবিধি, যথাশাস্ত্র। শাস্ত্র অনুসারে, নিয়ম অনুসারে।

বিধিবিদ, (বিধি—বিদ্=যে জানে, ২য়া—ষ) বিং, ত্রিং, শাস্ত্রজ্ঞ, বিধিজ্ঞ, নিয়মজ্ঞ। [স্মৃতিশাস্ত্র। আচার শাস্ত্র।

বিধিশাস্ত্র, সং, ক্লীং,ব্যবস্থাশাস্ত্র,আইন।

বিধু, (বি—ধে=পান করা+উ—প্রং কিম্বা ব্যধ+কু—প্রং) সং, পুং, চন্দ্র। কর্পূর। ব্রহ্মা। বিষ্ণু। রাক্ষস। পাপক্ষালন জল স্নান।

বিধুত, বিধূত, বিধূনিত, (বি—ধু, ধূ কাঁপা+ক্ত—প্রং) বিং, ত্রিং,কম্পিত। চালিত। দূরীকৃত। অপসারিত। ত্যক্ত। প্রতিহত। নিঃসারিত।

বিধুনন, বিধূনন, বিধুবন (বি—ধু, ধূ কাঁপা+অনট্—ভা) সং, ক্লীং, কম্পন, কম্প, কাঁপনি। ত্যাগ।

(বিধু=চন্দ্র—তুদ্=ব্যথা

দেওয়া+খচ্—ক। যে বিধুকে ব্যথা দেয়) সং, পুং, রাহুগ্রহ।

বিধুপঞ্জর, সং, পুং, খড়্গ, খাঁড়া। অসি।

বিধুর, (বি=দুঃসহ—ধুর্=কার্য্যভার, ৬ষ্ঠী—হিং, অ—প্রং) বিং, ত্রিং, আর্ত্ত, পীড়িত। কাতর। দুঃখিত। অসমর্থ। বিকল। ভীত। বিযুক্ত। সং,ক্লীং, বিয়োগ। বিকলতা, বৈকল্য। কষ্ট।

বিধৃত, (বি—ধৃ=ধারণ করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ধৃত, অবলম্বিত, আক্রান্ত। আশ্রিত।

বিধেয়, (বিধান দেখ+যৎ—র্ম্ম) বিং, ত্রিং, বিধানযোগ্য। বশ্য, কথার বাধ্য। অধীন। কর্ত্তব্য, উচিত, বিধিসিদ্ধ।

বিধ্যমান, (ব্যধ্=পীড়নকরা, বিদ্ধকরা +শ্যমান—র্ম্ম) বিং, ত্রিং, পীড্যমান। যাহাকে বিদ্ধ করা যায়।

বিধ্বংস, (বি—ধ্বন্‌স্=বিনষ্ট হওয়া+ ঘঞ্—ভা) সং, পুং, বিনাশ। ক্ষয়। অপচিতি। বিলোপ। উচ্ছিন্নতা। অপকার।

বিধ্বংসিত, (বি—ধ্বন্‌সি—বিনষ্ট হওয়া +ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বিনাশিত। অপকারিত।

বিধ্বংসী, (বিধ্বংসিন্, বিধ্বংস দেখ +ইনি—ক) বিং, ত্রিং, বিনাশশীল। অপকারক।

বিধ্বস্ত, (বিধ্বংস দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বিনষ্ট। লুপ্ত। অপকৃত।

বিনত, (বি—নম্=নত হওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, অবনত, প্রণত। বিনীত, নম্র। শিক্ষিত। তা—স্ত্রীং, কশ্যপমুনিপত্নী, অরুণ ও গরুড়ের মাতা।

বিনতাসূনু, (বিনতা=কশ্যপপত্নী—সূনু পুত্র) সং, পুং, গরুড়। সুপর্ণ। খগরাজ। বৈনতেয়। অরুণ।

বিনতি—স্ত্রীং, } (বি—নম্=নত হওয়া+ক্তি—ভা
বিনয়—পুং, } বি—নী,=[লওয়া],নতহওয়া+অচ্—ভা) সং, শিষ্টতা। নম্রতা, নিবারণ। দমন, শাসন, দণ্ড। শিক্ষা। অনুনয়। বিনিয়োগ। পরিশোধ।

বিনয়গ্রাহী, } (বিনয়গ্রাহিন্, বিনয়-
বিনয়স্থ, } গ্রাহিন্=যে গ্রহণ করে। বিনয়—স্থ=যে থাকে) বিং, ত্রিং, কথার বাধ্য। বিনীত। বচনেস্থিত।

বিনয়ন, (বি—নী=নত হওয়া+অনট্—ভা) সং, ক্লীং, শিক্ষা। অপনোদন। অপনয়। মোচন।

বিনয়ী, (বিনয়িন্,বিনয়+ইনি—অস্ত্যর্থে) বিং, ত্রিং, নম্র, বিনীত, শিষ্ট, শান্ত। কথার বাধ্য। বশীভূত।

বিনশন, (বি—নশ্=নষ্টহওয়া+অনট্ বি, ভা) সং, ক্লীং, বিনাশ। কুরুক্ষেত্র।

বিনশ্বর, (বি—নশ্=নষ্টহওয়া+করপ্—ক, শীলার্থে) বিং, ত্রিং, অচিরস্থায়ী, অনিত্য, ধ্বংসশীল, ক্ষণবিধ্বংসী। অস্থির, অনিশ্চিত।

বিনষ্ট, (বিনশ্বর দেখ,+ক্ত—ক) বিং, ত্রিং, মৃত। গত। অতীত। ক্ষয়িত। বিধ্বস্ত। নষ্ট, নাশপ্রাপ্ত। পতিত।

বিনস, (বি=না—নাসিকা, ৬ষ্ঠী—হিং, নাসিকা স্থানে নস) বিং, ত্রিং, বিগত নাসিক, নাসিকাহীন। খাঁদা।

বিনা, (বি+না—প্রং) অং, ব্যতিরেকে, বর্জ্জন, অভাব।

বিনাকৃত, (বিনা—কৃ=করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ত্যক্ত, বিয়োজিত। রহিত।

বিনামা, (দেশজ) সং, জুতা, উপানৎ। পাপোষ।

বিনায়ক, (বি—নী লইয়া যাওয়া+ণ্বুল্—ক) সং, পুং, গণেশ। গরুড়। গুরু, শিক্ষক। বুদ্ধ। বিঘ্ন। য়িকা—স্ত্রীং, গরুড়পত্নী।

বিনাশ, (বি—নশ্=নষ্টহওয়া+ঘঞ্—ভা) সং, পুং, মৃত্যু। ক্ষয়। অপচয়। লোপ। অভাব। ধ্বংস,উচ্ছেদ। অদর্শন।

বিনাশক, বিনাশী, (বিনাশিন্, বি—নশ

—নষ্ট হওয়া+কৃঞ,ইনি-ক) বিং, ত্রিং, সংহারক, ধ্বংসকারক। ঘাতক। মৃত্যুজনক। হন্তা। অপকারক। উচ্ছেদক।

বিনাশিত, (বি—নাশি=নষ্ট হওয়ান—ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, মৃত। নিহত, নাশপ্রাপিত।

বিনাশোন্মুখ, (বিনাশ—উন্মুখ, ৪র্থী—য) বিং, ত্রিং, বিনষ্টপ্রায়। পক্ক। মৃতপ্রায়। মৃতকল্প। ম্রিয়মাণ।

বিনাহ, (বি—নহ্=বন্ধন করা+ঘঞ—প্রং) সং. পুং, কূপের মুখের আচ্ছাদন।

বিনিঃসৃত, (বি—নির্=বাহির—সৃত=গত) বিং, ত্রিং, বহির্গত। বিনির্গত। নিষ্ক্রান্ত।

বিনিগমক, (বি—নি—গমি=প্রতিপাদন করা ইত্যাদি+ণ্বুল্-ক) বিং, ত্রিং, প্রতিপাদক। ব্যবচ্ছেদক। সংশয়-নিবারক।

বিনিগমনা, (বিনিগমক দেখ,+অনট্, আপ্—প্রং) সং,স্ত্রীং, সিদ্ধান্ত, মীমাংসা। ব্যবচ্ছেদন। নিশ্চয়োপায়।

বিনিদ্র, (বি=না—নিদ্রা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, জাগরিত। নিদ্রারহিত। উন্মীলিত। বিকসিত। প্রকাশিত।

বিনিপাত, (বি—নি—পৎ=পতিতহওয়া +ঘঞ—ভা) সং, পুং, মৃত্যু। পতন। অপমান। ক্লেশ, দুঃখ।

বিনিময়, (বি—নি—মী=পরিবর্ত্ত করা +অচ্—ভা) সং, পুং, পরিবর্ত্ত, বদল। প্রতিদান, বন্ধক, গচ্ছিত।

বিনিয়ত, (বিনিয়ম দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, নিবারিত, নিরুদ্ধ। সংযত। আটককরা। বদ্ধ। শাসিত।

বিনিয়ম, (বি—নি—যম্=নিবৃত্ত করা +অচ্—ভা) সং, পুং, নিবারণ, নিরোধ, নিষেধ, নিয়ন।

বিনিযুক্ত, (বিনিয়োগ দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, নিযুক্ত। প্রেরিত। অর্পিত।

বিনিয়োগ, (বি—নি—যুজ্=যোগকরা +ঘঞ—ভা) সং, পুং, প্রয়োগ, কোন বিষয়ে নিয়োজিত করণ। নিয়োগ। প্রেষণ। প্রবেশন। অর্পণ।

বিনিযোজিত, (বিনিয়োগ দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, নিযুক্ত। প্রেরিত। প্রবর্ত্তিত। অর্পিত। স্থাপিত।

বিনির্গত, (বি—নির্গত=বহির্গত) বিং, ত্রিং, নিঃসৃত, বহির্গত। অপসৃত। নিষ্ক্রান্ত। প্রস্থিত। অতীত।

বিনির্জ্জিত, (বি—নির্—জি=জয়করা +ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, পরাজিত, পরাভূত।

বিনির্ণয়, (বি—নির্=নিশ্চয়—নী=লওয়া +অল্—ভা) সং, পুং,নিশ্চয়, অবধারণ স্থিরীকরণ। নিষ্পত্তি। নির্দ্ধারণ।

বিনির্ধূত, (বি—নির্ধূত=কম্পিত) বিং, ত্রিং, দুরবস্থা প্রযুক্ত ইতস্ততঃ চলিত। বিক্ষিপ্ত। বিশেষরূপে কম্পিত। চঞ্চল। অস্থির।

বিনির্ম্মুক্ত, (বি—নির্—মুচ্=মোচন করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, মুক্ত, বহির্গত, পৃথগ্‌ভূত। উদ্ধার প্রাপ্ত। উদ্ধৃত। উদ্‌ঘাটিত। অনাচ্ছন্ন।

বিনিবর্ত্তিত, (বি—নি—বর্ত্তি=বর্ত্তান+ক্ত—র্ম্ম) বিং,ত্রিং, প্রত্যাবর্ত্তিত, ফেরাণ

বিনিবৃত্ত, (বি—নির্—বৃত্=সিদ্ধ হওয়া +ক্ত—ক) বিং, ত্রিং, সমাপ্ত, সম্পন্ন, নিষ্পন্ন।

বিনিবৃত্ত, (বি—নি=না—বৃৎ=বর্ত্তমান থাকা+ক্ত—ক) বিং, ত্রিং, নিরস্ত। প্রত্যাগত।

বিনিবেশিত, (বি—নি—বেশি=প্রবেশ করান+ক্ত-র্ম্ম) বিং, ত্রিং, প্রবেশিত। অধিষ্ঠিত। প্রতিষ্ঠাপিত। সংক্রমিত।

বিনিষ্পেষ,(বি—নির্—পিষ্=চূর্ণকরা+ঘঞ-ভা) সং,পুং,পেষণ,চূর্ণন। বিনাশ।

বিনিহত, (বি—নি—হন্=বধকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, মৃত। বিধ্বস্ত। লুপ্ত। তিরোহিত। নাশিত। আহত।

বিনীত, (বি—নী=নত হওয়া ইত্যাদি

+ক্ত—ক) বিং, ত্রিং, নম্র, শান্ত, বিনয়ান্বিত। অনুদ্ধত, ধার্ম্মিক। জিতেন্দ্রিয়। দণ্ডিত, শাসিত। শিক্ষিত, অপনীত। নিক্ষিপ্ত। উপভুক্ত। নিভৃত। গৃহীত। প্রিয়দর্শন, সুন্দর। সং, পুং, শিক্ষিত অশ্ব। বণিক্।

বিনীয়, (বিনীত দেখ+ল্যপ্—প্রং) সং, পুং, কল্ক, খইল। পাপ। কপট।

বিনীয়মান, (বিনীত দেখ+শানচ্—র্ম্ম) বিং, ত্রিং, শিক্ষ্যমাণ, যাহাকে শিখান যায়।

বিনেতা, (বিনেতৃ, বিনীত দেখ+তৃচ্—ক) বিং, ত্রিং, শিক্ষক। নিয়মকর্ত্তা। বিনয়কর্ত্তা। সং, পুং, নৃপ, রাজা।

বিনেয়, (বিনীত দেখ+যৎ—র্ম্ম) বিং, ত্রিং, শিক্ষণীয়। গ্রাহ্য। দম্য। প্রাপণীয়।

বিনোক্তি, (বিনা+উক্তি=কথন) সং, স্ত্রীং, অর্থালঙ্কার বিশেষ। যথায় এক বিহনে আর এক সুন্দর বা অসুন্দর হয় না, যথা—"অরুচির্নিশয়া বিনা শশী শশিনা সাপি বিনা মহত্তমঃ।"

বিনোদ,—পুং, বিনোদন—ক্লীং, (বি—নুদ্=সন্তুষ্টকরা+ঘঞ্, অনট্—ভা) বিহার, আমোদ-প্রমোদ। সং, আমোদিতকরণ। ঔৎসুক্য। প্রবৃত্তি। অপনোদন। সান্ত্বনা, প্রবোধ দেওয়া। আমোদ। ব্যাপার। কালযাপনোপায়।

বিন্দু, (বিন্দ=অবয়বীভূত হওয়া+উ—সংজ্ঞার্থে) বিং, ত্রিং, বেত্তা, জ্ঞাতা। দাতা। সং, পুং, দ্রবদ্রব্যের কণা। ক্ষুদ্রচিহ্ন। অনুস্বার। দন্তক্ষত চিহ্ন। হস্তীর শুণ্ডে বিরচিত রঙ্গচিহ্ন। নাটকে, গুণীভূত কিন্তু পরস্পর সম্বন্ধ কারক ঘটনা। ভ্রূমধ্য। যাহার অবস্থিতি আছে কিন্তু বোধ নাই।

বিন্দুচিত্রক, (বিন্দু=ক্ষুদ্রচিহ্ন, দশা—চিত্রক=নানাবর্ণে চিত্রিত) সং, পুং, মৃগবিশেষ, যে মৃগের গাত্রে ক্ষুদ্র ক্ষুদ্র দাগ আছে।

বিন্দুজাল, বিন্দুজালক, (বিন্দু=ক্ষুদ্রচিহ্ন, দাগ-জাল=সমূহ। কণ—যোগে বিন্দুজালক) সং, ক্লীং, পদ্মক, হস্তিগণ্ডাদিস্থ বিন্দু বিন্দু চিহ্ন। [পাশার ছক্। অশ্ব।

বিন্দুতন্ত্র, (বিন্দু+তন্ত্র=প্রধান) সং, পুং,

বিন্দুসরঃ, (বিন্দুসরস্, বিন্দু—সরস্=সরোবর), সং, ক্লীং, তিব্বত দেশের অন্তর্গত সরোবরবিশেষ।

বিন্দুস, সং, পুং, চন্দ্র, শশী। বিধু। মৃগলাঞ্ছন। নিশাকর। চন্দ্রমা। সুধাংশু।

বিন্ধ্য, (বি=বিরুদ্ধ-ধ্যৈ=চিন্তাকরা+ক-প্রং, নিপাতন। এই পর্ব্বত সূর্য্যের গতিবাধক) সং, পুং, বিহার দেশ হইতে দক্ষিণ দেশগামী পর্ব্বতশ্রেণী। "বিন্ধ্যস্য পশ্চিমে ভাগে মৎস্যভুক্ পতিতোনরঃ।" স্মৃঃ। "পুরা হি বিন্ধ্যেন দিবাকরস্য গতির্নিরুদ্ধা গগনেচরস্য"। ব্যাধ।

বিন্ধ্যকূট, (বিন্ধ্য=পর্ব্বতবিশেষ—কূট্=অপ্রসন্ন হওয়া+অচ্—প্রং। অনট্—প্রত্যয়ে বিন্ধ্যকূটনও হয়) সং, পুং, অগস্ত্য মুনি।

বিন্ধ্যবাসী, (বিন্ধ্যবাসিন্, বিন্ধ্য—বাসী=যে বাস করে, ৭মী—ষ) সং, পুং, মুনিবিশেষ, ব্যাড়িমুনি। সিনী-স্ত্রীং, দুর্গা।

বিন্ধ্যাবলী, সং, স্ত্রীং, বাণরাজার মাতা।

বিন্ধ্যাবলীসুত, (বিন্ধ্যাবলী=এই নৃপের মাতা—সুত=পুত্র) সং, পুং, বাণরাজা।

বিন্ন, (বিদ্=জানা ইত্যাদি+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বিবাহিত। বিচারিত। প্রাপ্ত। জ্ঞাত। স্থিত।

বিন্যস্ত, (বি—নি—অস্=ক্ষেপণকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, স্থাপিত। যথাক্রমে অর্পিত, সাজন, রচিত। বিক্ষিপ্ত।

বিন্যাস, (বিন্যস্ত দেখ+ঘঞ্—ভা) সং, পুং, স্থাপন। রচনা। সজ্জা, সাজান। স্থান। মন্ত্রোচ্চারণ পূর্ব্বক হৃদয়াদিতে অঙ্গুলির অর্পণ।

বিপক্তিম, (বি—পচ্=পাককরা+ক্ত্রি+মপ্—জাতার্থে) বিং, ত্রিং, পরিপক্ব, পাক দ্বারা জাত।

বিপক্ষ, (বি=বিরুদ্ধ—পক্ষ=পার্শ্ব, সহায়) সং, পুং, ভিন্নপক্ষাশ্রিত। শত্রু। অরাতি। অরি। অনিষ্টাচারী। বিরুদ্ধ পক্ষ। বিং, ত্রিং, পক্ষহীন।

বিপক্ষতা, (বিপক্ষ+তা—ভাবে) সং, স্ত্রীং, শত্রুতা। বৈর। প্রতিকূলতা।

বিপঞ্চী,বিপঞ্চিকা, (বি—পন্চ্=বিস্তারকরা+অচ্, ঈপ্—প্রং। বিপঞ্চী+কণ্—যোগ) সং, স্ত্রীং, বীণা, বীণ। বাঁশী।

বিপণ, (বি—পণ্=ক্রয় বিক্রয়করা+ঘঞ্—ভা) সং, পুং, বিক্রয়, বেচা। বিক্রয়ের ফুরান।

বিপণি, (বি—পণ্=ক্রয়বিক্রয়করা+ইক্—প্রং) সং, পুং, স্ত্রীং, বিক্রয়গৃহ, পণ্যবীথিকা, শ্রেণীবদ্ধ দোকান। হট্ট, হাট বাজার প্রভৃতি। বাজারের রাস্তা। পণ্যদ্রব্য

বিপণী, বিপণিন্, বিপণ=বিক্রয়+ঈপ্ অস্ত্যর্থে) সং, পুং, ব্যবসায়ী, বণিক্।

বিপত্তি, (বি—পদ্=বিপন্ন হওয়া+ক্তি—ভা) সং, স্ত্রীং, আপদ্. বিপদ্। দুর্ভাগ্য। নাশ। মৃত্যু। ধ্বংস্।

বিপথ, (বি=বিরুদ্ধ—পথ=পথিন্‌শব্দজ) সং, পুং—ক্লীং, নিন্দিত পথ, কুপথ।

বিপদ্, বিপদা, (বি—পদ্=বিপন্ন হওয়া+ক্বিপ্, আপ্—ভা) সং, স্ত্রীং, আপদ্। মরণ। বিনাশ। দুর্ভাগ্য।

বিপন্ন, (বিপদ্ দেখ+ক্ত—ক) বিং, ত্রিং, বিপদ্গ্রস্ত। বিনষ্ট। দুরবস্থাগ্রস্ত। সং, পুং, সর্প।

বিপরিণত, (বি—পরি—নম্=বিপরীত হওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, বিপর্য্যস্ত। পরিবর্ত্তিত।

বিপরিণাম, (পূর্ব্বে দেখ+ঘঞ্—ভা) সং, পুং, বিপর্য্যাস। পরিবর্ত্তন।

বিপরিণামী, (বিপরিণামিন্, পূর্ব্বে দেখ, +ইন—ক) বিং, ত্রিং, পরিবর্ত্তনশীল। বৈপরীত্যবিশিষ্ট। [ফিরান-ঘুরান

বিপরিবর্ত্তন, (বি—পরিবর্ত্তন) সং, ক্লীং,

বিপরীত, (বি—পরি=প্রতিকূল, উল্টা—ইত=গত) বিং, ত্রিং, বিরুদ্ধ, উল্টা। প্রতিকূল। তা—স্ত্রীং, কামুকী স্ত্রী।

বিপর্ণক, (বি=প্রভিন্ন—পর্ণ=পাতা+কণ্—যোগ) সং, পুং, পলাশবৃক্ষ।

বিপর্য্যয়, বিপর্য্যায়, (বি—পরি=বিপরীত—ই=গমনকরা+ঘঞ্—ভা) সং, পুং, বৈপরীত্য, ব্যতিক্রম।

বিপর্য্যস্ত, (বি—পরি=বিপরীত—অস্=হওয়া+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বিপর্য্যয় প্রাপ্ত, ব্যতিক্রান্ত, পরাবৃত্ত, উল্টে পাল্টে যাওয়া। ছড়ভঙ্গ।

বিপর্য্যাস, (বি—পরি=বিপরীত—অস্=হওয়া+ঘঞ্—ভা) সং, পুং, ব্যতিক্রম, বিপর্য্যয়, বৈপরীত্য।

বিপল, (বি—পল= সূক্ষ্ম কালবিশেষ) সং, পুং, কালের সূক্ষ্ম অংশবিশেষ। পল-ষষ্টিভাগ।

বিপশ্চিৎ, (বি—প্র=বিপ্রকৃষ্ট—চি=সংগ্রহকরা+ক্বিপ—প্রং, নিপাতন। যিনি বিপ্রকৃষ্টকে অর্থাৎ দূরবর্ত্তিকে সংগ্রহ করেন) সং, পুং, বিদ্বান্, পণ্ডিত।

বিপাক, (বি—পচ=পাককরা+ঘঞ্—ভা) সং, পুং, পরিণাম। পক্কতা, পরিপাক। রন্ধন, পাক। সুস্বাদ। দুর্গতি। কর্ম্মের বিসদৃশ ফল ভোগ।

বিপাট, (বি—পট্=বিদীর্ণ করা+ঘঞ্—প্রং) সং, পুং, শর। বাণ। শিলীমুখ। মার্গণ। সায়ক।

বিপাটন, (বি—পাটি=বিদীর্ণকরা+অনট্—ভা) সং, ক্লীং, বিদারণ।

বিপাটিত, (বিপাটন দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বিদারিত।

বিপাঠ, সং, পুং, ইষু, বাণ, শর।

বিপাণ্ডুর, (বি—পাণ্ডুর=পীতশুক্লবর্ণ) বিং, ত্রিং, অতিশয় পাণ্ডুবর্ণ। ফেকাশে।

বিপাদন, (বি—পাদি = গমনকরান+অনট্—ভা) সং, ক্লীং, ব্যাপাদন, হত্যা, বধ

বিপাদিকা, (বি=বিরুদ্ধ—পদ্=গমনকরা +ণুল্—ণ) সং, স্ত্রীং, পাদস্ফোট, পা ফাটা। প্রহেলিকা, হেঁয়ালী।

বিপাদিত, (বিপাদন দেখ,+ক্তি—র্ম্ম) বিং, ত্রিং,ব্যাপাদিত, বিনাশিত। হত। নিহত। ধ্বস্ত।

বিপাশ্, বিপাশা, (বি=বিগত—পাশ= রজ্জু+ই—মোচনার্থ, ক্বিপ্,অচ,আপ্—প্রং) মহাভারতে—ভগবান্ বশিষ্ঠ ঋষি পুত্রশোকে স্বয়ং পাশবদ্ধ হইয়া ঐ নদীতে নিমগ্ন হন, পশ্চাৎ ঐ নদী তাঁহাকে বিপাশ করেন বলিয়া বিপাসা নাম হইল।) সং, স্ত্রীং, পঞ্জাবের নদী-বিশেষ, বেয়া।

বিপিন, (বেপ্=কাঁপা+ইনন্—নামার্থে) সং, ক্লীং, কানন, বন, অরণ্য, অটবী, অরণ্যানী, কান্তার, গহন।

বিপুল, বি—পুল্=বৃহৎওয়া+ক,ক) বিং, ত্রিং, বৃহৎ, মহৎ। বড়। অনেক। অগাধ, গভীর। প্রশস্ত। সং, পুং, সুমেরু। হিমালয়। সম্ভ্রান্ত ব্যক্তি। লা—ক্লীং, পৃথিবী। ছন্দোবিশেষ।

বিপূয়, (বি—পূ=পবিত্র করা+ক্যপ্—প্রং। পৈতানির্ম্মাণকালে ইহার দ্বারা পবিত্র করা যায় বলিয়া) সং, পুং, মুঞ্জতৃণ, শর।

বিপ্র, (বি—প্রা=পূরণকরা+ক—ক। যে ষট্ কর্ম্ম পুরণ করে+অথবা বপ্= বপনকরা+রন্—সংজ্ঞার্থে, নিপাতন। যেখানে ধর্ম্মবীজ বপন করা যায়) সং, পুং, দ্বিজোত্তম,ব্রাহ্মণ। দ্বিজন্মা। দ্বিজ।

বিপ্রকর্ষ—পুং, } (বি—প্র—কৃষ্=
বিপ্রকর্ষণ—ক্লীং, } অন্তরস্থ হওয়া+ অল্, অনট্—ভা) সং, দূরত্ব, দূরবর্ত্তী হওয়া।

বিপ্রকর্ষণশক্তি—যে শক্তি দ্বারা পরমাণু সকল পরস্পর দূরবর্ত্তী হয়।

বিপ্রকার, (বি—প্র=হানি, হৈর—কার =করণ) সং, পুং, অপকার, অনিষ্ট। উপদ্রব। তিরস্কার, ভর্ৎসনা।

বিপ্রকীর্ণ, (বি—প্র=সমন্তাৎ—কৃ=বি-ক্ষেপ করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ইতস্ততো বিক্ষিপ্ত। ছড়াইয়া পড়া। বিপর্য্যস্ত। ছড়ভঙ্গ।

বিপ্রকৃত, (বি—প্র=হেয়, হানি—কৃত) বিং,ত্রিং, তিরস্কৃত। অপকৃত। উপদ্রুত

বিপ্রকৃষ্ট, (বি—প্র—কৃষ্=অন্তরস্থ হওয়া +ক্ত—ক) বিং, ত্রিং, দূরস্থ, দূরবর্ত্তী, অনাসন্ন।

বিপ্রচিত্তি, (বি—প্র—চিৎ=বোধকরা+ ক্তি—প্রং) সং, পুং, অসুরবিশেষ, দনুর পুত্র।

বিপ্রতিপত্তি, (বি=না, বিরুদ্ধ—প্রতি-পত্তি=জ্ঞান) সং, স্ত্রীং, বিরুদ্ধ জ্ঞান। বিরোধ। অস্বীকার। সংশয়।

বিপ্রতিপন্ন, (বি=না, বিরুদ্ধ—প্রতিপন্ন =অবধারিত ইত্যাদি) বিং, ত্রিং, বিরুদ্ধ। অস্বীকৃত। সন্দিগ্ধ।

বিপ্রতিষিদ্ধ, (বি—প্রতিষিদ্ধ=নিষিদ্ধ) বিং, ত্রিং, বিরুদ্ধ। নিবারিত, নিষিদ্ধ

বিপ্রতিষেধ, (বি—প্রতিষেধ=নিষেধ) সং, পুং, তুল্যবল-বিরোধ। নিষেধ।

বিপ্রতিসার—তী, (বি=বিপরীত—প্রতি =অভিমুখে—সার=গমন) সং, পুং অনুতাপ, পশ্চাৎতাপ। রোষ, ক্রোধ

বিপ্রতীপ,বিং,ত্রিং, প্রতিকূল, বিপরীত

বিপ্রদহ, সং, পুং, শুষ্কফল মূলাদি।

বিপ্রবুদ্ধ, (বি—প্রবুদ্ধ=জাগরিত) বিং ত্রিং, জাগরিত। উন্নিদ্র। জাগরিত।

বিপ্রয়াণ, (বি—প্র—যা=গমনকরা+ অনট্—ভা) সং,ক্লীং, পলায়ন, প্রস্থান

বিপ্রযুক্ত, (বি=প্রভিন্ন—প্রযুক্ত=সংযুক্ত বিং, ত্রিং, বিযুক্ত, বিশ্লিষ্ট। পৃথক্কৃত বিরহিত। বিচ্ছেদপ্রাপ্ত।

বিপ্রয়োগ, (বি=প্রভিন্ন—প্রয়োগ=সংযোগ) সং, পুং, বিরহ, পৃথক্ভাব বিয়োগ। বিবাদ, বিরোধ।

বিপ্রলব্ধ, (বি—প্র—লভ্=বঞ্চনা কর

ইত্যাদি+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বঞ্চিত, প্রতারিত।

বিপ্রলব্ধা, সং, স্ত্রীং, নায়িকাবিশেষ, যে নায়িকা সঙ্কেতস্থানে নায়ককে দেখিতে না পাইয়া হতাশ হয়।

বিপ্রলম্ভ, (বিপ্রলব্ধ দেখ+ঘঞ্—ভা)সং, পুং,বঞ্চনা,প্রতারণা। ছলনা, ঠকান। বিবাদ, কলহ। বিয়োগ, বিচ্ছেদ। পৃথক্‌ভাব। বিরহ। শৃঙ্গার রসবিশেষ।

বিপ্রলাপ,(বি—প্র=বিরুদ্ধ—লাপ=কথন সং. পুং, বিরোধবচন, কলহ। বিরুদ্ধ বাক্য কথন, অনর্থক বিবাদ।

বিপ্রবাস, (বি—প্র=ভিন্ন—বাস=বাস-করা) সং, পুং, দেশান্তরে অবস্থিতি, দেশান্তরে বাস, বিদেশে বাস।

বিপ্রশ্নিকা, (বি=বিবিধরূপে—পৃচ্ছ্=জিজ্ঞাসা করা+ইঞ্ প্রং, ন্—আগম। কণ্—যোগ) সং,স্ত্রীং, দৈবজ্ঞা,গণকের স্ত্রী, ভাগ্যকথয়িত্রী।

বিপ্রসাৎ (বিপ্র+সাৎ—প্রং) অং, বিপ্রকে দেয়, বিপ্রায়ত্ত, ব্রাহ্মণাধীন। ব্রাহ্মণকে দত্ত।

বিপ্রিয়, (বি—না—প্রিয়) বিং, ত্রিং, অপ্রিয়। অবজ্ঞাত। ঘৃণিত। বিরক্তিজনক। সং, ক্লীং,অনিষ্ট। "নহি কিঞ্চিদযুক্তং বা বিপ্রিয়ং বা পুরা মম" রাং।

বিপ্রুষ্, বিপ্লুষ্, (বি=না—প্রুষ্=দগ্ধকরা+ক্বিপ্—প্রং) সং, স্ত্রীং, দ্রববস্তুর বিন্দু, জলাদির কণা। চিহ্ন। বিন্দু।

বিপ্রোষিত, (বি—প্র=ভিন্ন—বস্=বাস করা+ক্ত—ক, বস্ স্থানে উষ্) বিং, ত্রিং, প্রবাসিত, বিদেশস্থ।

বিপ্লব, (বি—প্লু=উপদ্রব করা ইত্যাদি+অপ্—ভা) সং, পুং, বিবাদ। বিনাশ। দেশলুণ্ঠন। ভয়প্রদর্শন। ভয়প্রাপ্তি। গোলমাল। কষ্ট। বিপদ্। পাপ। বদমায়েসি, দুষ্টতা। হঠযুদ্ধ। ভঙ্গি বা রব দ্বারা শত্রুকে ভয় প্রদর্শন করা।

বিপ্লাব, (বি—প্লু=লাফিয়া যাওয়া, জলে ভাসিয়া যাওয়া+ঘঞ্—প্রং,) সং, পু, জলপ্লাবন। অশ্বের প্লুতগতি। লুণ্ঠনাদিদ্বারা দেশ ধ্বংস করা। গোলমাল বা উপদ্রব দ্বারা সাধারণের শান্তিনাশ করা।

বিপ্লাবন, (বি না—প্লাবি=ব্যাঘাতকরা +অনট্—ভা) সং, ক্লীং, জলপ্লাবন। ব্যাঘাত, বিঘ্ন। হানি। বিপর্য্যাস।

বিপ্লাবিত, (পূর্ব্বে দেখ,+ক্ত—ক, র্ম্ম) বিং, ত্রিং, বিপর্য্যস্ত, উল্টেপাল্টে দেওয়া। ব্যাহত।

বিপ্লুত, (বিপ্লব দেখ,+ক্ত—ক, র্ম্ম) বিং, ত্রিং, ব্যসনার্ত্ত। দূষিত। বিগত। উপদ্রুত। বিহ্বল। ভ্রান্ত। অপরাধকারী। বিপর্য্যস্ত। প্রতিকূল। বিপরীত। বন্যায় মগ্ন। [বৃথা, নিরর্থক।

বিফল, (বি—ফল) বিং, ত্রিং, নিষ্ফল,

বিবন্ধ, (বি—বন্ধ্=বন্ধনকরা+অচ্—ক) সং, পুং, রোগবিশেষ,মূত্রপুরীষাবরোধ, কোষ্ঠ বদ্ধরোগ।

বিবুধ, (বি=বিবিধরূপে—বুধ=জানা+ক—ক) সং,পুং, দেবতা। পণ্ডিত। চন্দ্র।

বিবুধবনিতা, সং, স্ত্রীং, অপ্সরা।

বিবোধ, (বি—বোধ=বুদ্ধি) সং, পুং, জাগরণ। বিকাস। জ্ঞান।

বিবোধন, (বি—বোধি=বুঝান, বিজ্ঞাপন করান+অনট্—ভা) সং, ক্লীং, উদ্বোধ। বুঝান। জাগরণ। জ্ঞাপন। বিকাসিতকরা।

বিবোধিত, (পূর্ব্বে দেখ,+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, জাগরিত। জ্ঞাপিত। বিকাসিত।

বিব্রুবৎ, (বি=বিরুদ্ধ—ব্রূ=বলা+অৎ—ক) বিং, ত্রিং, বিরুদ্ধবক্তা। মৌনী।

বিভক্ত, (বি—ভজ্=ভাগকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বিভিন্ন, পৃথক্‌কৃত। সুশ্লিষ্ট। সংক্রমিত। সং, ক্লীং, বিভাগ।

বিভক্তকোষ্ঠী,যাহাদের দেহের মধ্যভাগে ব্যবধান আছে, যথা—নটিলস্ জীব।

বিভক্তজ, (বিভক্ত=বিভাগকরা হই-

তেছে বা হইয়াছে—জ=জাত) সং, পুং, পৈতৃকধন বিভাগ করিয়া লইবার পর যে সব জন্মিয়াছে।

বিভক্তি, (বি—ভজ্=ভাগকরা+ক্তি—ভা, ণ) সং, স্ত্রীং, বিভাগ, বণ্টন, অংশীকরণ। বকরা। রচনা। ভঙ্গী। ব্যাকরণে—শব্দ বা ধাতুর পরে যে সকল প্রত্যয় হয়, সুপাদি ও তিঙাদি। "সংখ্যাত্বব্যাপ্যসামান্যোঃশক্তিমান্ প্রত্যয়স্তু যঃ। সাবিভক্তিঃ দ্বিধা প্রোক্তা সুপ্ তিঙ্ চেতি প্রভেদতঃ"।

বিভঙ্গ, (বি—ভন্জ্=ভগ্নহওয়া+ঘঞ্—ভা) সং, পুং,বিন্যাস। ভঙ্গী। খণ্ড, ছেদ। সঙ্কোচ।

বিভজনীয়, (বিভক্ত দেখ,+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, বিভাজ্য। বিভাগযোগ্য,

বিভব, (বিভু দেখ,+অচ্—ভা) সং, পুং, ধন, সম্পত্তি। মোক্ষ, মুক্তি। বিভুত্ব,প্রভুত্ব। বৎসর বিশেষ। ঔদার্য্য। মহত্ব।

বিভা, (বি=বিশেষরূপে—ভা=দীপ্তিপাওয়া+ক্বিপ্) সং, স্ত্রীং. আলোক। কিরণ। প্রভা, দীপ্তি, শোভা।

বিভাকর, (বিভা—কর=যে করে, ২য়া—ষ) সং, পুং, সূর্য্য,প্রভাকর। অগ্নি।

বিভাগ, (বি—ভাগ=অংশ) সং, পুং, অংশ, ভাগ, খণ্ড, বণ্টন। দায় বা পৈতৃক সম্পত্তির অংশ বা অংশীকরণ। অঙ্কশাস্ত্রে—ভগ্নাংশের ভাজ্য।

বিভাজক, (বি—ভাজক=যে অংশকরে) বিং, ত্রিং, বিভাগকর্ত্তা।

বিভাজ্য, (বিভক্ত দেখ,+ণ্যৎ—র্ম্ম) বিভাগযোগ্য।

বিভাজ্যতা, (বিভাজ্য+তা—ভাবে) সং, স্ত্রীং, কোন প্রকার বল প্রয়োগ করিলে জড় পদার্থ যে গুণ দ্বারা নানাখণ্ডে বিভক্ত হইতে পারে, সেই গুণ। [শৃঙ্গেরীপিতা।

বিভাণ্ডক, সং, পুং, মুনিবিশেষ, ঋষ্য

বিভাত, (বি=ভা=দীপ্তিপাওয়া+ক্ত—ক) সং, ক্লীং, প্রভাত, প্রাতঃকাল। উষা।

বিভাব, (বি=বিবিধ—ভাব=স্বভাব) সং, পুং, কাব্যনাটকাদিতে বর্ণিত রতি হর্ষ ক্রোধ প্রভৃতি স্থায়িভাবের কারণকে বিভাগ কহে, যথা চুম্বনাদি রতির, পরুষ বাক্যাদি ক্রোধের, ইত্যাদি প্রকার বিভাব; বিভবের দুই প্রকার—উদ্দীপন ও আলম্বন। পরিচয়।

বিভাবন, (বি—ভাবি=বিবেচনা করা ইত্যাদি+অনট্—ভা) সং, ক্লীং, না· স্ত্রীং, অবধারণ। বিবেচন। চিন্তন অনুভব-করণ। দর্শন। কাব্যের অলঙ্কার বিশেষ, যেখানে কারণ ব্যতিরেকে কার্যোৎপত্তি হয়। "ক্রিয়ায়াঃ প্রতিষেধেঽপি ফলব্যক্তির্বিভাবনা"। যথা—"কুসুমিতলতাভিরহতাপ্যধত্তরুজমলিকুলৈরদষ্টাপি। পরিবর্ত্ততে স্ম নলিনী লহরীভিরলোলিতাপ্যঘূর্ণত সা।"

বিভাবনীয়, বিভাব্য (বিভাবন দেখ,+অনীয়, ণ্যৎ—র্ম্ম) বিং, ত্রিং, চিন্তনীয় অবধারণীয়। বিবেচনীয়। দর্শনীয়।

বিভাবরী,(বি-ভা=দীপ্তিপাওয়া+ক্বনিপ্+ঙীপ্, রচ্ আগম। সং, স্ত্রীং, রজনী রাত্রি; "বদ প্রদোষে স্ফুটচন্দ্রতারকা বিভাবরী যদ্যরুণায় কল্পতে" কাং কুট্টিনী। হরিদ্রা।

বিভাবসু, (বিভা=প্রভা—বসু=ধন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সূর্য্য। অগ্নি। চন্দ্র হারবিশেষ।

বিভাবিত,(বিভাবন দেখ,+ক্ত—র্ম্ম) বিং ত্রিং, দৃষ্ট। অনুভূত। বিবেচিত, বিমৃষ্ট বিচিন্তিত।

বিভাষা, (বি=বিভিন্ন—ভাষা=বচন সং, স্ত্রীং, বিকল্প, দ্বৈধভাব। ইচ্ছানুযায়ী কল্পনা।

বিভাসা, (বি—ভাস্=দীপ্তি পাওয়া-অঙ্, আপ্=ভা)সং, স্ত্রীং, দীপ্তি,প্রকা

বিভাসিত, (বি—ভাস্=দীপ্তিপাওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, দীপিত, প্রকাশিত। জলোপরি শোভিত।

বিভিন্ন, (বি—ভিদ্=ভেদকরা+ক্ত—র্ম্ম, ক) বিং, ত্রিং, মিশ্রিত। সংগৃহীত। বিঘট্টিত। বিভক্ত। পৃথক্‌ভূত। অন্যবিধ। বিদীর্ণ। বিদারিত। বিদলিত। বিকসিত। নানাবিধ। হতাশ, হতবুদ্ধি।

বিভীতক, (বি=না, বিশেষরূপে—ভীত=ভয়, কণ্—যোগ। যাহা হইতে রোগ ভয় নাই, অথবা ভূতাশ্রয়ত্ব হেতু বিশেষরূপে ভয় হয় যাহা হইতে, পঞ্চমী—হিং) সং, পুং, বয়ড়া গাছ।

বিভীষণ, (বি—ভী=ভয়পাওয়া+ণিচ, অনট্—পা। যাহা হইতে ভয় পাওয়া যায়) সং, পুং, রাবণের কনিষ্ঠ ভ্রাতা। বিং. ত্রিং, ভয়ঙ্কর। দৃঢ়, ঘন। ভৃত্য। আত্মা। কাল।

বিভীষিকা, (বিভীষণ দেখ+ণক, অপ্) সং, স্ত্রীং, ভয়েচ্ছা, ভয়প্রদর্শন, ভয়দেখান

বিভু, (বি=প্রধান, কারণ—ভূ=হওয়া+ডু—প্রং) সং, পুং, প্রভু। ব্রহ্মা। বিষ্ণু। শিব। পরমেশ্বর। বিং, ত্রিং, সর্ব্বব্যাপী। সর্ব্বমূর্ত্তসংযোগী। সমর্থ।

বিভূতি, (পূর্ব্বে দেখ+ক্তি—ণ) সং, স্ত্রীং, সম্পত্তি, ঐশ্বর্য্য। সমৃদ্ধি। অণিমা, লঘিমা, ব্যাপ্তি, প্রাকাম্য, মহিমা, ঈশিত্ব, বশিত্ব, কামাবসায়িত্ব—শিবের এই অষ্টবিধ ঐশ্বর্য্য। ভস্ম, ছাই।

বিভূষণ—ক্লীং, বিভূষা—স্ত্রীং, (বি—ভূষ্=ভূষিতকরা+অনট্) সং, আভরণ, অলঙ্কার। শোভা।

বিভূষিত (বিভূষণ দেখ, +ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অলঙ্কৃত। শোভিত।

বিভৃত (বি—ভৃ=ধারণকরা, পালনকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রতিপালিত। ধৃত। পুষ্ট।

বিভেদ (বি— ভিদ্=ভেদকরা+ঘঞ=ভা) সং, পুং, বিভিন্নতা, প্রভেদ, বৈলক্ষণ্য। অপগম। বিভাগ। মিশ্রণ। বিকাস। বিদলন।

বিভ্রৎ (বি—ভৃ=পোষণকরা+অৎ-ক) বিং, ত্রিং, ধারণকারী। পোষণকর্ত্তা।

বিভ্রম, (বি—ভ্রম্=ভ্রমণকরা ইত্যাদি+ঘঞ—ভা) সং পুং, স্ত্রীদিগের শৃঙ্গারভাবজাত ক্রিয়াবিশেষ, অকারণ আসন হইতে উঠিয়া অন্যত্র গমন, নায়কবিষয়ক কথাসক্ত সখীজনের সহিত আলাপ, উচ্চহাস্য, ক্রোধপ্রকাশ, পুষ্পাদি প্রার্থনা ও সহসা বস্ত্রাদি খণ্ডন ইত্যাদি। লীলা। বিলাস। সংশয়। ভ্রম। ভ্রমণ। ত্বরাপ্রযুক্ত ভূষণাদির অস্থানে বিন্যাস। শোভা। মা—স্ত্রীং, বার্দ্ধক্য, বৃদ্ধাবস্থা।

বিভ্রাট্, (বিভ্রাজ্, বি—ভ্রাজ্=দীপ্তিপাওয়া+ক্বিপ্—ক) বিং, ত্রিং, অলঙ্কারাদি দ্বারা দীপ্তিশীল। শোভমান, দীপ্তিমান্। ভ্রাজিষ্ণু।

বিভ্রান্ত, (বিভ্রম দেখ+ক্ত—ক) বিং, ত্রিং, ভ্রমযুক্ত, ভুলহওয়া। ত্বরান্বিত। দ্রুত।

বিভ্রান্তি, (বিভ্রম দেখ+ক্তি—ভা) সং, স্ত্রীং, ভ্রম, ভুল। ত্বরা।

বিমত, (বি=বিপরীত, বিরুদ্ধ—মন্=বোধ করা+ক্ত—প্রং) বিং, ত্রিং, অসম্মত, অনভিমত, বিরুদ্ধমতিযুক্ত। অগ্রাহ্য। অপ্রিয়। অনিষ্ট।

বিমতি, (বি=বিরুদ্ধ—মতি=মনঃ) সং, স্ত্রীং, অনিচ্ছা, অসম্মতি। অমত।

বিমথিত, (বি—মথ্=মন্থন করা+ক্ত—র্ম্ম) বিং. ত্রিং, বিনাশিত।

বিমনাঃ, বিমনস্ক, (বিমনস্, বি=বিচলিত—মনস্, ৬ষ্ঠী—হিং, মধ্যপদ লোপ) বিং, ত্রিং, অন্যমনস্ক। উদ্বিগ্ন। বিষণ্ণ, দুঃখিত। ব্যাকুল।

বিময়, (বি—মি=পরিবর্ত্ত করা+অচ্—ভা) সং. পুং, বদল। বিনিময়।

বিমর্দ্দ—পুং, বিমর্দ্দন—ক্লীং, (বি—মৃদ্=চূর্ণকরা+অচ্, অনট্—ভা) সং, ঘর্ষণ।

পেষণ, চূর্ণন। সম্পর্ক। মন্থন। পরিমল। বিনাশ। সম্বাধ। ঘাতক। গুল্মবিশেষ।

বিমর্দ্দিত, (বিমর্দ্দ দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, দলিত। ঘৃষ্ট। পিষ্ট। মন্থিত, নিলোড়িত। চূর্ণিত। সংঘট্টিত।

বিমর্দ্দোথ, (বিমর্দ্দ=মর্দ্দন—উথ=যে উঠে। সং, পুং, মর্দ্দন দ্বারা উৎপন্ন মনোহর গন্ধ।

বিমর্শ, বিমর্ষ—পুং, বিমর্শন—ক্লীং, (বি—মৃশ=বিবেচনা করা+ঘঞ্—ভা) সং, বিতর্ক, তর্ককরণ। তথ্যানুসন্ধান। বিচার। বিবেচনা। যুক্তি দ্বারা পরীক্ষা করণ। অসন্তোষ। অধৈর্য্য।

বিমল, (বি=না—মল, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, শুভ্র। স্বচ্ছ, নির্ম্মল। সুন্দর, মনোহর। নিষ্কলঙ্ক। নিষ্পাপ। সং, পুং, পর্ব্বতবিশেষ,শত্রুঞ্জয়পর্ব্বত। জৈন মুনি। ক্লীং, রূপার গিল্টি। লা—স্ত্রীং, দেবীবিশেষ। [পুং, স্ফটিকমণি।

বিমলমণি, (বিমল=নির্ম্মল—মণি) সং,

বিমাতা, (বিমাতৃ, বি=ভিন্ন—মাতৃ=মা) সং, স্ত্রীং, মাতৃসপত্নী, সৎমা।

বিমাতৃজ, (বিমাতৃ—জ=জাত) সং, পুং. বৈমাত্রেয় ভ্রাতা। মাতৃসপত্নীপুত্র। জা—স্ত্রীং, বৈমাত্রেয় ভগিনী। মাতৃসপ-

বিমান, (বি—মন্=বোধকরা+ঘঞ্—প্রং, কিম্বা মা=পরিমাণকরা+ল্যুট—প্রং, অথবা বি=না—মান=সম্ভ্রম) সং, পুং, ক্লীং, দেবরথ, ব্যোমযান; "অধ্যাস্থনঃ শব্দগুণং গুণজ্ঞঃ পদং বিমানেন বিগাহমানঃ" রং। যান। সিংহাসন। মণ্ডপ। সাততলা ঘর। রাজগৃহবিশেষ, রাজপ্রাসাদ। অশ্ব, ঘোটক। অসম্মান। পরিমাণ।

বিমাননা, (বি=না—মানি=পূজাকরা +অনট্—আপ্) সং, স্ত্রীং, অবমান, তিরস্কার।

বিমার, (যবনভাষা) সং, রোগ, পীড়া।

বিমার্গ, (বি—মৃজ্=মার্জ্জন করা+ঘঞ্—ণ, অথবা বি=না, বিরুদ্ধ—মার্গ=পথ) সং, পুং. কুপথ। কদাচার। সম্মার্জ্জনী, খেঙরা।

বিমিশ্র, (বি—মিশ্র্=মিশ্রিত করা+অচ্—প্রং) বিং, ত্রিং, মিশ্রিত, মিশান।

বিমিশ্রগণিত, অঙ্কশাস্ত্র, যাহাতে পদার্থ সম্বন্ধিরাশি নিরূপণকরা হয়।

বিমুক্ত, (বি—মুক্ত=মুক্তিপ্রাপ্ত) বিং, ত্রিং,মুক্তিপ্রাপ্ত। পরিত্যক্ত। বন্ধন হইতে মুক্ত। স্বাধীন।

বিমুক্তি, (বি—মুক্তি=মোচন) সং, স্ত্রীং, বিমোচন, বন্ধন হইতে মোচন। মোক্ষ। স্বাধীন ভাব।

বিমুখ, (বি=উল্টা, বিরুদ্ধ—মুখ=বদন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, পরাঙ্মুখ, অপ্রসন্ন। নিবৃত্ত। নিস্পৃহ।

বিমুগ্ধ, (বি—মুহ্=অচৈতন্য হওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, মুগ্ধ, মোহপ্রাপ্ত। স্বাভাবিক জ্ঞানশূন্য।

বিমুদ্র, (বি=না—মুদ্রা=মোহর, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, উন্নিদ্র। উন্মীলিত। অনাচ্ছন্ন, খোলা। বিকসিত, প্রফুল্ল। মুদ্রাহীন। মুদ্রারহিত,মোহর করা নয়।

বিমূঢ়, (বি—মুহ্=মুগ্ধ হওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, অজ্ঞান, মূর্খ। ইতিকর্ত্তব্যতাজ্ঞানশূন্য।

বিমৃষ্যকারী, বিমৃশ্যকারী, } (বিমৃষ্যকারিন্, বিমৃষ্য—কারিন্=যে করে) বিং, ত্রিং, যে ব্যক্তি বিবেচনা করিয়া কর্ম্ম করে।

বিমৃষ্যবাদী, বিমৃশ্যবাদী, } (বিমৃষ্যবাদিন্, বিমৃষ্য—বাদিন্=যে বলে) বিং, ত্রিং, যে ব্যক্তি বিবেচনা করিয়া কথা বলে।

বিমোক্ষণ, বিমোচন, } (বি—মোক্ষণ=মুক্তি। বি—মুচ্= ত্যাগকরা+অনট্—ভা) সং, ক্লীং, বিমুক্তি, উদ্ধার, পরিত্রাণ, বন্ধনমোচন।

বিমোহন, (বি—মোহি=মুগ্ধ হওয়ান+অনট্—ভা, ক) সং, ক্লীং, মুগ্ধকরণ, মোহ জন্মান, ভুলান। বিং, ত্রিং, মোহজনক, মায়াজনক।

বিমোহিত, (বি—মুহ্=মুগ্ধহওয়া+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, মোহপ্রাপিত। (বি-মোহ+ইত—প্রং) মোহপ্রাপ্ত, মুগ্ধ, অজ্ঞান, মূর্চ্ছিত। হিতাহিত সামান্য জ্ঞান শূন্য।

বিম্ব, (বী=গমনকরা, দীপ্তিপাওয়া+ব—প্রং, ম্—আগম। ঈ—হ্রস্ব। স্বামী বলেন, শোভার্থ বিম্ব্ ধাতুতেই নিষ্পন্ন) সং, পুং, ক্লীং, সূর্য্য ও চন্দ্রের মণ্ডল। মূর্ত্তি। প্রতিমূর্ত্তি। প্রতিকৃতি। আভাস। প্রতিবিম্ব, ছায়া। সং, পুং, কৃকলাশ। ক্লীং, তেলাকুচাফল। "উমামুখে বিম্বফলাধরোষ্ঠে ব্যাপারয়ামাস বিলোচনানি" কুং। জলবুদ্বুদ।

বিম্বক, (বিম্ব+কণ—যোগ) সং, ক্লীং, চন্দ্র ও সূর্য্যমণ্ডল। তেলাকুচা ফল।

বিম্বট, (বিম্ব—অট্=[তুল্যরূপে] জন্মান+অল্— প্রং) সং, পুং, সর্ষপ, সরিষা।

বিম্বিকা, বিম্বা, (বিম্ব দেখ,+কণ+আপ্—প্রং ; অ—আ, প্রং) সং, স্ত্রীং, তেলাকুচার গাছ। জলবুদ্বুদ। চন্দ্র ও সূর্য্যমণ্ডল।

বিম্বিত, (বিম্ব+ইত—প্রং) বিং, ত্রিং, প্রতিবিম্বিত, প্রতিফলিত। প্রতিভাত, আভাসিত।

বিম্বু, (বিম্ব দেখ+উ—প্রং) সং, পুং, [গুবাক, গুপারি।

বিম্বোষ্ঠ, বিম্বৌষ্ঠ, (বিম্ব=পাকা তেলাকুচা—ওষ্ঠ, ষষ্ঠী—হিং) বিং, ত্রিং, রক্তবর্ণ ওষ্ঠবিশিষ্ট। যাহার ওষ্ঠ বিম্বের ন্যায় রক্তবর্ণ।

বিয়চ্চারী, (বিয়চ্চারিন্, বিয়ৎ=আকাশ—চারিন্=যে চরে, ৭মী—ষ) বিং, ত্রিং, আকাশগামী। সং, পুং, চিল্পক্ষী।

বিয়ৎ, (বি=না—যম=বিরাম করা+ক্বিপ্—প্রং) সং, ক্লীং, আকাশ। গগন। নভ। ব্যোম। [স্বর্গগঙ্গা, মন্দাকিনী।

বিয়দ্গঙ্গা, (বিয়ৎ=স্বর্গ—গঙ্গা) সং, স্ত্রীং,

বিয়দ্ভূতি, (বিয়ৎ=আকাশ—ভূতি=অলৌকিক শক্তি) সং, স্ত্রীং, অন্ধকার। তমঃ। তমিস্রা। ধ্বান্ত। তিমির।

বিয়ন্মণি, (বিয়ৎ=আকাশ—মণি=রত্ন) সং, পুং, সূর্য্য। সবিতা। দিবাকর। দিনমণি। তপন।

বিযম, বিযাম, (বি--যম্=নিবৃত্তকরা+অপ, ঘঞ্—ভা) সং, পুং, সংযম, ইন্দ্রিয়দমন। নিবৃত্তি। যাতনা।

বিযাত, (বি=নিষেধ—যাত = ইচ্ছিত। নিষিদ্ধ বা অযোগ্য বিষয়ের নিমিত্ত যে ইচ্ছা করে) বিং, ত্রিং, নির্লজ্জ, ধৃষ্ট, প্রগল্ভ, অশিষ্ট।

বিয়াল্লিশ,(দেশজ)বিং, সংখ্যাবিশেষ,৪২।

বিযুক্ত, বিযুত, (বি=না—যুক্ত, যুত=সংযুক্ত) বিং, ত্রিং, বিরহিত, রহিত। ত্যক্ত। বিচ্ছিন্ন। বিশ্লিষ্ট। পৃথককৃত।

বিয়ে, (বিবাহ শব্দজ) সং,উদ্বাহ,পরিণয়।

বিয়োগ, (বি = না—যোগ=সংযোগ) সং, পুং, বিচ্ছেদ, বিরহ। অভাব। পৃথকভাব। বিশ্লেষ। চ্যুতি।

বিয়োগী, (বিয়োগিন্, বিয়োগ+ইন্—অস্ত্যর্থে, অথবা বি=না—যুজ্=যোগকরা+ইন্—ক, শীলার্থে) বিং, ত্রিং, রহিত, পৃথগ্ভূত। অসংযুক্ত, বিরহী, বিচ্ছেদযুক্ত। সং, পুং, চক্রবাকপক্ষী। রথাঙ্গ। রথাঙ্গনামা। গিনী—স্ত্রীং, বিরহিণী। ছন্দোবিশেষ।

বিয়োজিত, (বি=না—যোজিত=সংযুক্ত) বিং, ত্রিং, বিরহিত, পৃথক্কৃত, বিচ্ছেদপ্রাপিত। বিশ্লিষ্ট। শূন্যীকৃত।

বিরক্ত, (বি=না—রন্জ্=অনুরক্তহওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, বৈরাগ্যযুক্ত, উদাসীন। নিস্পৃহ। অনুরক্ত, বিরত। চটা, বিমুখ। বিশেষরূপে ভক্ত, প্রবণ।

বিরক্তভাব, (বিরক্ত—ভাব=গুণ) সং,

পুং, বিরাগ, বৈরাগ্য। অনিচ্ছা। অনমুরাগ, ঔদাস্য। প্রতিকূলতা। বৈমুখ্য।

বিরক্তি, (বিরক্ত দেখ+ক্তি—ভা) সং, স্ত্রীং, বিরাগ, অনিচ্ছা। বৈরাগ্য। অননুরাগ। ঔদাস্য।

বিরচিত, (বি—রচি=সৃষ্টিকরা, রচনাকরা+ক্ত—র্ম) বিং ত্রিং, নির্ম্মিত। গঠিত। প্রণীত, কৃত। গ্রথিত। বর্ণিত। লিখিত।

বিরজাঃ, (বিরজস্, বি=না—রজস্=স্ত্রীরজঃ, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, যে স্ত্রীর ঋতু নিবৃত্ত হইয়া গিয়াছে। বৃদ্ধা, বিগতার্ত্তবা, নিবৃত্তরজস্কা স্ত্রী। বিং, ত্রিং, ধূলিশূন্য। রজোগুণরহিত।

বিরজা, (বি—রন্জ্=রঞ্জিত করা+অচ্—আপ্, প্রং) সং, স্ত্রীং, দূর্ব্বা। যযাতি রাজার মাতা। রাধার সখীবিশেষ। কৃষ্ণের সখী। জগন্নাথ ক্ষেত্র। নদীবিশেষ বৃক্ষবিশেষ, কবিৎথানী।

বিরজীকৃত, (বি=না—রজস্=রজোগুণ ইত্যাদি—কৃত=করা হইয়াছে। মধ্যে ঈ—আগম) বিং, ত্রিং, নির্ধূলীকৃত, যাহা ধূলিশূন্য করা হইয়াছে। রজোগুণরহিত।

বিরঞ্চ, বিরঞ্চি; (বি=বিবিধ—রচ্=সৃষ্টিকরা+অচ্, ই—প্রং। ম্—আগম) সং, পুং, ব্রহ্মা। পিতামহ। চতুরানন। কমলযোনি।

বিরত, (বি=না—রতি=আসক্তি) বিং, ত্রিং, নিবৃত্ত, ক্ষান্ত, উপরত। বিশ্রান্ত। বিমুখ।

বিরতি, (বি=না—রতি=আসক্তি) সং, স্ত্রীং, বিশ্রাম। নিবৃত্তি। শান্তি। বিরাগ, "আহারে বিরতিঃ সমস্তবিষয়গ্রামে নিবৃত্তিঃ পরা"।

বিরল, (বি=পৃথক্—রা=হওয়া+অল্—প্রং) বিং, ত্রিং, অনিবিড়, ফাঁক্ ফাঁক্, ছাড়া ছাড়ি। শিথিল, আল্‌গা। ব্যবহিত। অল্প। স্বল্প। নির্জ্জন।

বিরস, (বি=না—রস=আস্বাদ) বিং, ত্রিং, রসহীন, বিস্বাদু। বিরক্তিজনক। অতৃপ্তিকর।

বিরহ, (বি—রহ্=ত্যাগকরা+অচ্—ভা) সং, পুং, বিচ্ছেদ, বিয়োগ; "সঙ্গে সৈব তথৈকা ত্রিভুবনমপি তন্ময়ং বিরহে" উং। ত্যাগ। অস্থিতি। অভাব।

বিরহিত, (বিরহ+ইত—সংজাতার্থে) বিং, ত্রিং, বিলীন, ত্যক্ত, রহিত, বিযুক্ত, পৃথক্‌কৃত, বিশ্লিষ্ট।

বিরোহী, (বিরোহিন্, বিরহ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বিয়োগী, বিচ্ছেদযুক্ত। হিণী—স্ত্রীং, বিয়োগিনী।

বিরাগ, (বিরক্ত দেখ+ঘঞ্—ভা) সং, পুং, বৈরাগ্য, বিবেক। ঔদাস্য। বিরক্তি, অননুরাগ। বিং, ত্রিং, রাগহীন; "বিষয়েষ্বতিসংরাগো মানসো মল উচ্যতে। তেষ্বেব হি বিরাগো হি নৈর্ম্মল্যং সমুদাহৃতম্"।

বিরাজমান, (বি—রাজ্=দীপ্তিপাওয়া+শানচ্—ক। ম—আগম) বিং, ত্রিং, দীপ্তিবিশিষ্ট, শোভমান। জাঁকজমক বিশিষ্ট।

বিরাজিত, (বি—রাজ্=দীপ্তিপাওয়া+ক্ত—প্রং) বিং, ত্রিং, শোভিত, প্রকাশিত।

বিরাট্, (বিরাজ্, বি=বিশেষরূপে—রাজ্=দীপ্তিপাওয়া+ক্বিপ্—ক। তেজস্বিতা বা ব্যাপকতা হেতু যিনি বিশেষরূপে দীপ্তি পান।) সং, পুং, সর্ব্বব্যাপী পুরুষ। পরমেশ্বর। স্বায়ম্ভুব মনু। ছন্দোবিশেষ। ক্ষত্রিয়। কান্তি। দীপ্তি। সৌন্দর্য্য। প্রভা।

বিরাট, (বি—রট্=বলা+অচ্—প্রং) সং, পুং, বগুড়ার অর্দ্ধ ক্রোশ উত্তরে স্থিত দেশবিশেষ। ঐ দেশের রাজা।

বিরাটজ, (বিরাট=দেশবিশেষ—জ=উৎপন্ন) সং, পুং, বিরাটদেশীয় হীরক। বিং, ত্রিং, বিরাটদেশজাত

বিরাণী, (বিরাণন্, বি—রণ=যুদ্ধ+অণ এবং ইন্—যোগ) সং, পুং, হস্তী। করী। মাতঙ্গ। দ্বিরদ। দন্তী।
বিরাদ্ধ, (বি—রাধ্=অপকারকরা ইত্যাদি+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অপকৃত। অপমানিত। উৎপীড়িত।
বিরাদ্ধা, (বিরাদ্ধৃ, বিরাদ্ধ দেখ+তৃচ্—ক) বিং, ত্রিং, অপমানকারক। অপকারক। উৎপীড়ক।
বিরাধ, (বি=রাধ্=সিদ্ধকরা+ঘঞ্—নামার্থে) সং, পুং, রাক্ষসবিশেষ। অপকার। পীড়া, ব্যথা। অপরাধ। রোধ। বাধা। বিরক্তি।
বিরাধন, (বি—রাধ্, [সিদ্ধকরা]=অপকার করা ইত্যাদি+অনট্—ভা) সং, ক্লীং, অপকার। পীড়া, ব্যথা। পীড়ন।
বিরানব্বই, (দ্বি—নব্বই=নবতিশব্দজ) বিং, সংখ্যাবিশেষ, ৯২।
বিরাম, (বি=না—রম্=অনুরক্ত হওয়া +ঘঞ্—ভা) সং, পুং, শান্তি। ক্ষান্তি বিশ্রাম। নিবৃত্তি, উপরম। অবসান ব্যাকরণে—পরবর্ণাভাব।
বিরাল, (বিড়াল দেখ। ড স্থানে র) সং, পুং, লী—স্ত্রীং, মার্জ্জার, বিড়াল।
বিরাব, (বি—রু=শব্দকরা+ঘঞ্—ভা) সং, পুং, শব্দ, ধ্বনি, গোলমাল। বিং, ত্রিং, রবহীন।
বিরাবী, (বিরাবিন্, বিরাব+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, শব্দকারী।
বিরিক্ত, (বি—রিচ্=পুনঃ পুনঃ বিষ্ঠা ক্ষরণ+ক্ত—প্রং) বিং, ত্রিং, বিরেচনবিশিষ্ট। যাহার উদর-ভঙ্গ হইয়াছে।
বিরিঞ্চ, বিরিঞ্চি, (বি=বিবিধ=রচ্= সৃষ্টিকরা+অচ্, ই—প্রং। ম্—আগম অ=ই) সং, পুং, ব্রহ্মা। বিষ্ণু। শিব।
বিরিব্ধ, (বি—রেভ্=শব্দকরা+ক্ত—প্রং। ই=আগম, নিপাতন) সং, পুং, স্বর, কণ্ঠধ্বনি।
বিরুত, (বি—রু=শব্দকরা+ক্ত—ভা) সং, ক্লীং, পক্ষীর শব্দ। কূজিত, অব্যক্তধ্বনি। রব।
বিরুদ্ধ, (বি—রুধ্=রোধকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বিপরীত, উল্টা। বিদ্বিষ্ট। বদ্ধ। আটক করা।
বিরূঢ়, (বি—রুহ্=উৎপন্ন হওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, উৎপন্ন, জাত। অঙ্কুরিত। বদ্ধমূল। গভীর রূপে নিমগ্ন।
বিরূপ, (বি=নিন্দিত—রূপ=আকৃতি) বিং, ত্রিং, কুরূপ, কুৎসিত। প্রতিকূল। বিমুখ।
বিরূপাক্ষ, (বিরূপ=কুৎসিত—অক্ষ= অক্ষিশব্দজ, ৬ষ্ঠী—হিং, যেহেতু ইঁহার তিন চক্ষু) সং, পুং, শিব, ত্রিলোচন। রুদ্রবিশেষ। যাহার চক্ষু বিকৃত। যাহার চক্ষু সাধারণ সংখ্যার অতীত। "বপুর্ব্বিরূপাক্ষমলক্ষ্যজন্মতা" কুং।
বিরূপিকা, (বিরূপ+কণ—যোগ) সং, স্ত্রীং, কুরূপা, কুৎসিতা।
বিরেক—পুং, বিরেচন—ক্লীং, } (বি — রিচ্=পুনঃ পুনঃ বিষ্ঠাক্ষরণ+ ল্যুট্, অনট—ভা) সং, ভেদ। মলচালন, উদরভঙ্গ।
বিরেচক, (বি—রেচি=নিঃসারণকরা+ণক—ক) বিং, ত্রিং, ভেদকারক, জোলাপ।
বিরেফ, (বি=না—রেফ "' এই বর্ণ ইত্যাদি) সং, পুং, নদ। বিং, ত্রিং, রেফশূন্য।
বিরেভিত, (বি—রেভ্=শব্দকরা+ক্ত—প্রং) বিং, ত্রিং, ধ্বনিত, শব্দিত। মুখরিত।
বিরোক, (বি—রুচ্=দীপ্তি পাওয়া+ ঘঞ্—প্রং) সং, ক্লীং, গর্ত্ত। ছিদ্র। বিবর। গহ্বর। পুং, সূর্য্যকিরণ।
বিরোচন, (বি—রুচ্=দীপ্তি পাওয়া+ ল্যুট—ক)সং, পুং, সূর্য্য। অগ্নি। চন্দ্র। প্রহ্লাদের পুত্র, বলিরাজার পিতা।
বিরোধ—পুং, বিরোধন—ক্লীং, (বি—

রুধ্=রুদ্ধকরা+ঘঞ—ভা) সং, বিপ্রক্ষতা, বৈর। রোধ,অবরোধ। অনৈক্য। বৈপরীত্য, বাধা,আটক। যুদ্ধ। বিপদ্। দুর্দ্দৈব। বিং, ত্রিং, বিরোধকারক।

বিরোধী, (বিরোধিন্, বিরোধ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বিরুদ্ধ, প্রতিকূল, বিপরীত। রিপু, শত্রু, বিরোধকারী, বিদ্বেষী। সং, পুং, বৎসরবিশেষ।

বিরোধোক্তি,(বিরোধ=বৈপরীত্য, বাদানুবাদ—উক্তি=কথন) সং, স্ত্রীং, বিপ্রলাপ। কাব্যালঙ্কারবিশেষ ;-বাস্তবিক বিরুদ্ধ নহে কিন্তু বিরুদ্ধের ন্যায় বলা। বিরোধ নানা প্রকার ; তন্মধ্যে। যথা, "সৃজতি চ জগদিদমবতিচ সংহরতি চ হেলয়ৈব যো নিয়তং। অবসরবশতঃ শফরো জনার্দ্দনঃ সোঽপি চিত্রমিদং"।

বিল, (বিল্=ভেদকরা+অচ্—প্রং) সং, ক্লীং, বিবর, ছিদ্র, গর্ত্ত। গুহা। পুং, উচ্চৈঃশ্রবা অশ্ব। বেতগাছ। বানীর। বঞ্জুল।

বিলক্ষ,(বি—লক্ষ্=দর্শনকরা+অচ্—প্রং বিং, ত্রিং, আশ্চর্য্যান্বিত। বিস্ময়াপন্ন, চমৎকৃত। লজ্জিত। অচিহ্নিত। অনুদ্দিষ্ট। প্রকৃতি বিরুদ্ধ। নির্গুণ।

বিলক্ষণ, (বি=না—লক্ষণ=চিহ্ন, স্বরূপ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অসাধারণ, অসামান্য। ভিন্ন, পৃথক্। দর্শক, পরীক্ষক।

বিলগ্ন, (বি—লগ্=লাগিয়া যাওয়া+ক্ত—প্রং) সং, ক্লীং, কটিদেশ। জন্মলগ্ন। বিং, ত্রিং, কৃশ, ক্ষীণ,"বিলগ্নমধ্যা" কাং সংলগ্ন। বদ্ধ। জনিত।

বিলঙ্ঘন, (বি—লন্‌ঘ্=ডিঙ্গিয়া যাওয়া +অনট্—ভা) সং, ক্লীং, উল্লঙ্ঘন, অতিক্রম। [ত্রিং,অতিক্রান্ত, উল্লঙ্ঘিত।

বিলঙ্ঘিত (বিলঙ্ঘন দেখ,+ক্তি—র্ম্ম) বিং,

বিলজ্জ, (বি=না—লজ্জা, ৬ষ্ঠী—হিং) বিং,ত্রিং, নির্লজ্জ, লজ্জারহিত,বেহায়া।

বিলন, (দেশজ) সং, দানকরণ। ব্যয়করণ। বণ্টন।

বিলপন, বিলপিত, (বি—লপ্=শোক করা +অনট্ ক্ত—ভা) সং, ক্লীং, বিলাপ, শোকবাক্য। মল.কাইট।

বিলম্ব—পুং, বিলম্বন—ক্লীং, (বি—লম্ব্ =লম্বমান হওয়া+অচ্—ভা) সং, পুং, দোলন, ঝুলন, লম্বন। অশীঘ্রতা, গৌণ, দেরি।

বিলম্বিত, (বিলম্ব+ইত—অস্ত্যর্থে) বিং ত্রিং, লম্বমান, যাহা ঝুলান হইয়াছে। অশীঘ্র, বিলম্বযুক্ত। সং, ক্লীং, মধ্যম নৃত্য।

বিলম্বী, (বিলম্বিন্, বিলম্ব+ইন্—অস্ত্যর্থে বিং, ত্রিং, বিলম্বকারী, অশীঘ্রকারী। অদ্রুত। লম্বনবিশিষ্ট। সংসক্ত। আলসে, কুঁড়ে।

বিলম্ভ, (বি=বিপরীত—লভ্=লাভকরা +অচ্—প্রং) সং, পুং, অতিদান, অতিসর্জ্জন, বিতরণ।

বিলয়, (বি—লী=লীনহওয়া+অচ্—ভা) সং, পুং, বিনাশ। ধ্বংস। লয়, প্রলয়, ব্রহ্মাণ্ডের নাশ। অন্তর্ধান।

বিলশয়, (বিল=গর্ত্ত—শয়=শয়নকরা+ শ—ক] যে শয়ন করে, ৭মী—ষ) সং, পুং, সর্প। ভুজগ। ভুজঙ্গ। ভোগী। চক্ষুঃশ্রবা। পবনাশন। সরীসৃপ। উরগ।

বিলসৎ, (বি—লস্=বিলাস করা ইত্যাদি +অৎ—ক) বিং, ত্রিং, শোভমান। বিলাসী। স্ফূর্ত্তিমান্। ক্রীড়াশীল।

বিলসন, বিলসিত (বি—লস্=বিলাস করা +অনট্, ক্ত—ভা) সং, ক্লীং, বিলাস। লীলা, দীপ্তি, শোভা, স্ফুরণ। ক্রীড়া। নর্ম্ম। প্রকাশ। আভা।

বিলাপ, (বি—লপ্=খেদকরা+ঘঞ—ভা) সং, পুং, খেদোক্তি, পরিদেবন।

বিলাল(বি—লল্=পাইতে ইচ্ছাকরা+ ঘঞ—প্রং। অথবা বিড়াল দেখ। ড়=ল)সং, পুং, মার্জ্জার। বিড়াল। যন্ত্র,কল।

বিলাস, (বি—লস্=বিলাস করা+ঘঞ—ভা) সং, পুং, অঙ্গভঙ্গীবিশেষ। স্ত্রীলো-

কদিগের শৃঙ্গার চেষ্টাবিশেষ, প্রিয় দর্শনাদি হইলে গমনোপবেশনাদির বৈচিত্র্য ও মুখ নেত্র-শরীরাদির ভাবভঙ্গী। নায়কের বিলাস,ধীরদর্শন বৃষভতুল্য গমন কিম্বা অদ্ভুত গমন ও সহাস্য কথন প্রভৃতি। ক্রীড়া, আমোদ প্রমোদ। শোভা। সুখভোগ।

বিলাসপরায়ণ, (বিলাস—পরায়ণ=আসক্ত, ৭মী—য) বিং, ত্রিং, সৌখীন, আমোদপ্রমোদেরত।

বিলাসভবন, বিলাসমন্দির, } (বিলাস=ক্রীড়া—ভবন, মন্দির=গৃহ,) সং, ক্লং, ক্রীড়াগৃহ, আমোদ প্রমোদের নিমিত্ত নির্ম্মিত গৃহ। বৈঠকখানা। নাচঘর।

বিলাসী, (বিলাসিন্, বিলাস+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বিলাসপরায়ণ, বিলাসযুক্ত, ক্রীড়াকৌতুকরত। বিলাসশালী। ভোগবান্। সং,পুং,কৃষ্ণ।অগ্নি। চন্দ্র। শিব। কন্দর্প। সর্প। নী—স্ত্রীং, রমণী, কামিনী, নারী। বেশ্যা।

বিলিখ, (বি—লিখ্=বিদীর্ণ করা ইত্যাদি +অনট্—ভা) সং, ক্লীং, খনন। আঁচড়ান।

বিলীন, (বি—লী=লীন হওয়া+ক্ত—ক) বিং,ত্রিং, মগ্ন। মিশ্রিত। লয়প্রাপ্ত, লীন হওয়া। নিবিষ্ট। দ্রবীভূত। গলিত ক্ষরিত। বিনষ্ট। অন্তর্হিত।

বিলুপ্ত, (বি=লুপ্—লোপকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, লোপপ্রাপ্ত, নষ্ট। লুণ্ঠিত। ছিন্ন। আক্রান্ত। গৃহীত। তীরোভূত।

বিলুলিত, (বি—লুল্=চঞ্চল হওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, চঞ্চল, কম্পিত। দোদুল্যমান। চালিত। বিদূরিত।

বিলেখন, (বি—লিখ্=বিদীর্ণ করা ইত্যাদি+অনট্—ভা) সং, ক্লীং, খনন, খোঁড়া। আঁচড়ান। বিদারণ। মূলোৎপাটন। কর্ষণ। বিভাগকরণ।

বিলেপ, (বি—লিপ্= লেপনকর্‌া+ঘঞ্—ণ, ভা) সং, পুং, প্রলেপদ্রব্য। লেপন, মাখান। চন্দন। পী—ভাতের মাড়।

বিলেপন, (বিলেপ দেখ,+অনট্—ণ, ভা) সং, ক্লীং, লেপন বস্তু। লেপনযোগ্য সুগন্ধি বস্তু। সুগন্ধি তৈলাদি মর্দ্দন। মাখান। চন্দন কুঙ্কুমাদি লেপন। নী = স্ত্রীং, সুগন্ধপ্রক্ষিতাঙ্গী। স্ত্রী। ভাতের মাড়।

বিলেবাসী, (বিলেবাসিন, বিলে=গর্ত্তে—বাসী=যে বাসকরে) সং, পুং, সর্প। ভুজঙ্গ। ভোগী। সরীসৃপ। পবনাশ। বিং, ত্রিং, যে গর্ত্তে বাসকরে।

বিলেশয়, (বিলে=গর্ত্তে—শয়=যে শয়ন করে) সং, পুং,সর্প, ভুজঙ্গ, চক্ষুঃশ্রবা। মূষিক, আখু। গোসাপ,গোধা। শশক। শজারু, শল্লকী। "গোধাশশভুজঙ্গাখুশল্লক্যাদ্যা বিলেশয়াঃ"। যে কোন জন্তু গর্ত্তে বাসকরে।

বিলোকন, (বি—লোক্=নিরীক্ষণকরা +অনট্—ভা) সং,ক্লীং,দৃষ্টি,নিরীক্ষণ। অবলোকন, দর্শন। নেত্র, নয়ন, চক্ষু।

বিলোকনীয়, (বিলোকন দেখ,+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, দেখিবার যোগ্য, দর্শনীয়, সুদৃশ্য, নয়নের তৃপ্তিকর।

বিলোকিত, (বিলোকন দেখ,+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অবলোকিত, দৃষ্ট। সং, ক্লীং, দর্শন, দৃষ্টি, নিরীক্ষণ।

বিলোচন, (বি—লোচ্=দর্শন করা+অনট্—ণ) সং, ক্লীং, চক্ষুঃ। লোচন।

বিলোড়ন, (বি—লুড়্=মন্থন করা+অনট্—ভা) সং, ক্লীং, ঘোঁটা। মন্থন। আলোড়ন।

বিলোড়িত, (বিলোড়ন দেখ,+ক্ত—র্ম্ম) বিং,ত্রিং,ঘোলান। মথিত। আলোড়িত। সং, ক্লীং, তক্র, ঘোল।

বিলোপ,—পুং,বিলোপন—ক্লীং, (বি—লোপি=লোপ করা, ছেদকরা+ঘঞ্ অনট—ভা) সং, ক্লীং,লোপ, বিনাশ।

তিরোভাব। মৃত্যু। ধ্বংস।

বিলোভন, (বি—লোভি=লাভাকাঙ্ক্ষী হওয়ান+অনট্—ভা) সং, ক্লীং, লোভদেখান। লোভ প্রদর্শন। লোভনীয় বস্তু।

বিলোম, (বি=ভিন্ন, উল্টা—লোমন্=শরীরের চুল, —প্রং) বিং, ত্রিং, বিপরীত, প্রতিকূল। ব্যুৎক্রম, উল্টা। সং, পুং, বরুণ। সর্প। কুক্কুর। ক্লীং, জল তুলিবার যন্ত্র বিশেষ।

বিলোমজ, (বিলোম=ব্যুৎক্রম—জ=জাত) বিং, ত্রিং, উৎকৃষ্ট বর্ণের ঔরসে ও নিকৃষ্ট বর্ণের গর্ভে জাত সন্তান। ক্ষত্রিয়ের ঔরসে ব্রাহ্মণীর গর্ভজাত বৈশ্যের ঔরসে ক্ষত্রিয়ার গর্ভজাত ইত্যাদি ক্রমে উৎপন্ন সন্তান।

বিলোমজিহ্ব, (বিলোম=বিপরীত—জিহ্বা, ৬ষ্ঠী—হিং,) সং, পুং, হস্তী। মাতঙ্গ। গজ। করী। দন্তী। দ্বিপ। কুঞ্জর। মাতঙ্গ।

বিলোমবর্ণ, (বিলোম=ক্রম বিপর্য্যয়—বর্ণ=জাতি) সং, পুং, বর্ণসঙ্কর জাতি।

বিলোল, (বি—লুল্=চঞ্চল হওয়া+ঘঞ্—ক) বিং, ত্রিং, কম্পমান। চঞ্চল, চপল। অতিলোভী।

বিল্ল, (বিল=গর্ত্ত+লচ্ প্রং) সং, ক্লীং, জলা। বিল, আলবাল, গর্ত্ত। হিংঙ্গু, হিং

বিল্ব, (বিল্=ভেদকরা+বন্—সংজ্ঞার্থে) সং, ক্লীং, বেল। শ্রীফল। একপল পরিমাণ। পুং, বেলগাছ।

বিবক্ষা, (বচ্=বলা+অচ্—ইচ্ছার্থে, আপ্—ভা) সং, স্ত্রীং, বলিবার ইচ্ছা। অভিলাষ, ইচ্ছা। বাসনা। কামনা।

বিবক্ষিত, (বিবক্ষা দেখ,+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহা বলিতে ইচ্ছা করা হইয়াছে। বলিতে ইচ্ছার বিষয়।

বিবক্ষু, (বিবক্ষা দেখ,+উ—ক) বিং, ত্রিং, বলিতে ইচ্ছুক "পুনর্ব্বিবক্ষুঃ স্ফুরিতোত্তরাধরঃ" কুং।

বিবৎসা, (বস্=বাসকরা+স—ইচ্ছার্থে, আপ্—ভা) সং, স্ত্রীং, বাস করিবার ইচ্ছা। বাসেচ্ছা। (বি=না—বৎস=বাছুর) মৃতবৎসা গবী।

বিবদমান, (বি=বিরুদ্ধ—বদ্=বলা+শানচ—র্ম্ম) বিং, ত্রিং, বিবাদী। বিরোধী, বিসংবাদী। মোকর্দ্দমাকারী।

বিবধ, (বীবধ দেখ) সং, পুং, বীবধ দেখ।

বিবর, (বি—বৃ=আবরণ করা+অচ্-প্রং) সং, ক্লীং, গর্ত্ত। রন্ধ্র। ছিদ্র। দোষ। বিচ্ছেদ। পৃথক্ ভাব।

বিবরণ, (বি—বৃ=অর্থ প্রকাশ করা ইত্যাদি+অনট্—ভা) সং, ক্লীং, ব্যাখ্যা। বর্ণনা। প্রকাশ। টীকা, অর্থপ্রকাশকরণ।

বিবরনালিকা, (বিবর=গর্ত্ত, ছিদ্র—নাল=চোঙ্গা+কণ্—যোগ) সং, স্ত্রীং, বংশী, বাঁশী। মুরলী। বেণু।

বিবর্জ্জন, (বি—বৃজ্=ত্যাগ করা+অনট্—ভা) সং, ক্লীং, পরিত্যাগ। বিসর্জ্জন।

বিবর্ণ, (বি+না—বর্ণ=জাতি, রং) বিং, ত্রিং, বিকৃতবর্ণ, মলিন। সং, পুং, নীচজাতি।

বিবর্ণভাব, (বিবর্ণ—ভাব=স্বরূপ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মালিন্য। দীপ্তিহীনতা। কান্তিশূন্যতা। নিষ্প্রভতা। বিবর্ণতা।

বিবর্ত্ত, (বি—বৃৎ=ঘোরা+অল্—ভা) সং, পুং, ঘূর্ণন। পরিবর্ত্তন। সমূহ। ভ্রান্তি, ভ্রম। ভ্রমণ। নৃত্য। পরিবর্ত্ত। পরিণাম।

বিবর্ত্তন, (বিবর্ত্ত দেখ,+অনট্—ভা) সং, ক্লীং, ভ্রমণ। পরিভ্রমণ। ঘূর্ণন। প্রত্যাবৃত্তি। প্রত্যাবর্ত্তন। পাশ ফিরিয়া শোয়া। নৃত্য। পরিবর্ত্তন। প্রদক্ষিণ করণ।

বিবর্ত্তিত, (বিবর্ত্ত দেখ,+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ঘূর্ণিত। প্রত্যাবর্ত্তিত।

বিবর্দ্ধন, (বি=বিশেষরূপে—বর্দ্ধি=বৃদ্ধি

পাওয়ান, ছেদকরান+অনট্—ভা) সং, ক্লীং, বিশেষরূপে বাড়ান। ছেদন, খণ্ডন।

বিবশ, (বি=বিরুদ্ধ—বশ্=ইচ্ছাকরা+অচ্—প্রং, অথবা বি=বিগত—বশ=অধীনতা,৬ষ্ঠী-হিং) বিং, ত্রিং, অবশ। অবশীভূত,অবাধ্য। অচেতন,নিশ্চেষ্ট। বিহ্বল। "তন্নাম বিবশোগৃণন্" ব্যাস। স্বাধীন। মৃত্যুভীত। মৃত্যুপ্রার্থী। মৃত্যুকালে নির্ভীক, প্রশান্তচেতা।

বিবস্বান্ (বিবস্বৎ,=প্রকার—বস্=আ-চ্ছাদন করা+ক্বিপ্—ক। বিবস্=আবরণ অর্থাৎতেজোরূপ আবরণ+ মতুপ্—অস্ত্যর্থে) সং, পুং, সূর্য্য, সবিতা, দিবাকর,প্রভাকর,দিনকর। দেবতা। অরুণ। বৈবস্বত মনু। স্বতী—স্ত্রীং, সূর্য্যনগরী।

বিবাদ, (বি=বিরুদ্ধ—বাদ= কথন) সং, পুং, বিরোধ, কলহ। ব্যবহার, মোকদ্দমা।

বিবাদপদ, সং, ক্লীং, বিবাদস্থানীয়, বিরোধীয়। বিবাদের স্থল।

বিবাদী, (বিবাদিন্, বিবাদ+ইনি—অস্ত্যর্থে, অথবা বি=বিরুদ্ধ—বদ্=বলা+ইনি—ক) বিং, ত্রিং, বিবাদ কারী, বিরোধী। মোকদ্দমাকারী।

বিবাসন, (বি=একদিকে -বাসি=বাস করান+অনট্—ভা) সং, ক্লীং, স্বদেশ হইতে দূরীকরণ, নির্ব্বাসন।

বিবাসিত, (বিবাসন দেখ,+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, স্বদেশ হইতে দূরীকৃত। নির্ব্বাসিত।

বিবাহ, (বি=পরস্পররূপে— বহ্=পাওয়া+ঘঞ্—ভা) সং, পুং, পরিণয় দ্বার পরিগ্রহ,পরিবেদন। বিবাহ অষ্টবিধ —ব্রাহ্ম,আর্ষ,প্রাজাপত্য, দৈব, আসুর, গান্ধর্ব্ব, রাক্ষস, পৈশাচ।

বিবাহিত, (বি=পরস্পররূপে—বাহি=পাওয়ান+ক্ত=র্ম্ম, অথবা বিবাহ+ইত—অস্ত্যর্থে) বিং, ত্রিং, কৃতদার। পরিবিন্ন। গৃহীতভার্য্য। কৃতবিবাহ, পরিণীত। সং, পুং, বিবাহকর্ত্তা, পরিণেতা।

বিবাহ্য, (বিবাহ দেখ,+যৎ—র্ম্ম, অথবা বি—বহ্=বহনকরা+যৎ—র্ম্ম) বিং, ত্রিং, বিবাহযোগ্য। বহনীয়। সং, পুং, জামাতা। বর।

বিবিক্ত, (বি—বিজ্=পৃথক্ হওয়া+ক্ত—ক, দ্বি) বিং, ত্রিং, নির্জ্জন, বিজন। একাগ্র। পবিত্র, বিশুদ্ধ। 'প্রত্যগ্রমজ্জন বিশেষবিবিক্তমূর্ত্তিঃ" কাং। পুং,—পৃথক্কৃত। অসম্পৃক্ত। বিবেকী।

বিবিক্ষা, (বিশ্=প্রবেশ করা+অঙ—ইচ্ছার্থে, আপ্—ভা) সং, স্ত্রীং, প্রবেশ করিবার ইচ্ছা।

বিবিক্ষু, (বিবিক্ষা দেখ+উ—ক) বিং, ত্রিং, প্রবেশ করিবার ইচ্ছুক।

বিবিগ্ন, (বি—বিজ্=ভীত হওয়া+ক্ত=ক) বিং, ত্রিং, শঙ্কিত। চকিত। তটস্থ। ভীত। উদ্বিগ্ন। উৎকণ্ঠিত।

বিবিধ, (বি=বহু—বিধ=প্রকার) বিং, ত্রিং, বহুপ্রকার। নানাবিধ। অনেক রকম।

বিবীত, (বি=না—বীত=গত) সং, পুং, গোমহিষাদির চরিবার প্রচুর তৃণাদি-বিশিষ্ট পরিরক্ষিত স্থান।

বিবৃক্ত, (বি=পূর্ব্ব -বৃচ্=পরিত্যাগ করা+ক্ত) সং, ত্রিং, পরিত্যক্ত। ক্তা —স্বামীকর্ত্তৃক পরিত্যক্তা স্ত্রী।

বিবৃত, (বিবরণ দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বিস্তৃত,প্রসারিত। মহৎ। স্পষ্টীকৃত। প্রমাণীকৃত। উন্মুক্ত, খোলা। প্রকটীকৃত। ব্যাখ্যাত, বর্ণিত। প্রকাশিত। প্রকটিত। তা—বাতরোগবিশেষ।

বিবৃতাক্ষ, (বিবৃত=বিস্তৃত, বৃহৎ—অক্ষ, অক্ষিশব্দজ, ৬ষ্ঠী=হিং) সং, পুং, কুক্কুট। বিং, ত্রিং, বিস্ফারিতলোচন।

বিবৃতাস্য, (বিবৃত=বিস্তৃত—আস্য=মুখ,

৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, যে মুখ ব্যাদান করিয়া থাকে, বিস্তৃতমুখ।

বিবৃতি, (বিবরণ দেখ+ক্তি—ভা) সং, স্ত্রীং, ব্যাখ্যা, টীকা, বিবরণ, বিস্তার, প্রকাশ, প্রকটন। বিজৃম্ভণ।

বিবৃত্ত, (বিবর্ত্ত দেখ+ক্ত—ক) বিং, ত্রিং, পরাবৃত্ত, ফেরান। ঘূর্ণিত। লুঠিত।

বিবৃত্তি, (বিবর্ত্ত দেখ+ক্তি—ভা) সং, স্ত্রীং, ঘূর্ণন, চক্রবৎ ভ্রমণ, ভ্রমি। প্রকটন, স্ফুরণ। [ত্রিং, বৃদ্ধিপ্রাপ্ত। প্রবৃদ্ধ।

বিবৃদ্ধ, (বি—বৃধ=বাড়া+ক্ত—ক) বিং,

বিবেক, (বি—বিশেষরূপে—বিচ্=বিচার করা, পৃথক্ করা+ঘঞ্—প্রং) সং, পুং, বিচার, বিবেচনা। ভেদ, বিভিন্নতা। বৈরাগ্য, সংসারে ঔদাস্য। তত্ত্বজ্ঞান, দেহ হইতে ব্রহ্মকে পৃথক্ বোধকরিবার ক্ষমতা। চৌবাচ্চা। স্নানাগার।

বিবেকী, (বিবেকিন্, বিবেক+ইনি—অস্ত্যর্থে, অথবা বি=বিশেষরূপে—বিচ্=বিচারকরা+ইন্—ক, শীলার্থে) ত্রিং, ত্রিং, বিবেকযুক্ত। বৈরাগ্যবিশিষ্ট, বিরাগী। বিবেচনাকারী। বিচারক।

বিবেচক, (বিবেক দেখ+ণক—ক) বিং, ত্রিং, বিচারক্ষম, বিচারশক্তিমান্, বিবেচনাকারী, বিচক্ষণ।

বিবেচন, (বিবেক দেখ+অনট—ভা) সং, ক্লীং, না—স্ত্রীং, বিচার, বিতর্ক, বিশেষ রূপে আলোচনা।

বিবেচনীয়, (বিবেক দেখ+অনীয়—র্ম্ম) বিং, ত্রিং, বিবেচনার যোগ্য। বিবেচ্য।

বিবেচিত, (বিবেক দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বিচারিত, নিরূপিত, তর্কিত। সিদ্ধ

বিবেচ্য, (বিবেক দেখ+ণ্যৎ—র্ম্ম) বিং, ত্রিং, বিবেচনাযোগ্য।

বিবোঢ়া, (বিবোঢ়ৃ, বিবাহ দেখ, ও তৃচ্—ক) সং, পুং, বিবাহকর্ত্তা, বর, পতি। জামাতা।

বিব্রুবৎ, (বি=না, বিরুদ্ধ—ব্রূ=বলা+অৎ—ক) বিং, ত্রিং, মৌনী। বিরুদ্ধবক্তা।

বিব্বোক, (বি—বা=গমন করা+কু—ভা=বিবু=গতি—ওক=স্থান। গর্ব্বিতা স্ত্রীর গতি বিশেষের স্থান, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ভাববিশেষ, প্রার্থিত বস্তু পাইলেও স্ত্রীগণ গর্ব্বজন্য তাহাতে যে অনাদর প্রকাশ করে। তদ্রূপ করাতে নায়কের প্রণয় বৃদ্ধি হয়।

বিশ্, (বিশ্=প্রবেশ করা+ক্বিপ্—প্রং) সং, পুং, বৈশ্য, বণিগ্জাতি। মনুষ্য। স্ত্রীং, কন্যা।

বিশ, (বিশ্=দেখ, +ক—প্রং) সং, ক্লীং, মৃণাল। পুং, বৈশ্যজাতি। মনুষ্য। শা—স্ত্রীং, কন্যা।

বিশকলিত, বিং, ত্রিং, বিবেচিত।

বিশঙ্ক, (বি=না—শঙ্কা=ভয়, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নির্ভয়, শঙ্কারহিত।

বিশঙ্কট,—স (বি=অব্যয় শব্দ+শঙ্কট—প্রং) বিং, ত্রিং, বিশাল, বৃহৎ, বড়।

বিশঙ্কমান, (বি—শঙ্ক্=আশঙ্কাকরা+শানচ্—ক) বিং, ত্রিং, আশঙ্কাকারী।

বিশদ, (বি—শদ্=নির্ম্মল হওয়া+অচ্—ক) বিং, ত্রিং, শুভ্র, শাদা। নির্ম্মল, পরিষ্কৃত। প্রসন্ন, অনুকূল। স্পষ্ট, স্ফুট। সুন্দর, মনোহর "মেঘমুক্তবিশদাং স চন্দ্রিকাং" রং। সং, পুং, শুভ্রবর্ণ।

বিশপ্তন্ত্র—বিশপ্ প্রভৃতি যাজক দ্বারা নির্ব্বাহিত ধর্ম্মপ্রণালী।

বিশয়, (বি—শী=সন্দেহ করা+অচ্—ভা) সং, পুং, সংশয়, সন্দেহ।

বিশর—পুং, বিশরণ—ক্লীং, (বি—শৄ=বধকরা+অপ, অনট্—ভা) সং, হত্যা, বধ।

বিশল্য, (বি=না—শল্য=শেল, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, শল্যরহিত, শেলশূন্য, শঙ্কুরহিত, শেলব্যথাশূন্য। যাতনাশূন্য। চিন্তাশূন্য।

বিশল্যকরণী, সং, স্ত্রীং, ঔষধবিশেষ।

বিশল্যা, (বিশল্য+আপ্—প্রং, ইহার দ্বারা অস্ত্রাদির ব্যথা নিবারণ হয়) সং,

স্ত্রীং, গুলঞ্চলতা। জুঁয়াতী শাক।

বিশস—পুং, } (বি—শস্=বধ করা
বিশসন—ক্লীং, } +অচ্, অনট্—ভা)
সং, বধ, হত্যা, মারণ, বিনাশ পুং, খড়্গ, ছোরা, ভোজালিয়া।।

বিশস্ত, (বিশস দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, হত, মারিত, নাশিত। কর্ত্তিত, ছিন্ন। সুসভ্য। অতীত।

বিশাখ, (বিশাখা=নক্ষত্রবিশেষ+অণ—প্রং, ইনি এই মূর্ত্তিমৎ নক্ষত্রদ্বারা প্রতিপালিত হইয়াছিলেন) সং, পুং, কার্ত্তিকেয়, স্কন্দ, ষড়ানন, সেনানী। যাচক, ভিক্ষু।

বিশাখা, (বি—শাখ্=ব্যাপ্ত হওয়া+অণ্, আপ্—প্রং) সং, স্ত্রীং, ষোড়শ নক্ষত্র।

বিশাম্পতি, (বিশাম্=মনুষ্যদের—পতি) সং, পুং, রাজা, মনুষ্যেশ্বর। নরনাথ, নৃপতি। "সংবেশায় বিশাম্পতিম্ বিসসর্জ্জ" রং।

বিশায়, (বি=পর্য্যায়ক্রমে—শী=শয়ন করা+ঘঞ্—প্রং) সং, পুং, প্রহরীদিগের পর্য্যায়ক্রমে জাগরণ ও শয়ন।

বিশরণ, (বি—শারি=বধকরা+অনট্—ভা) সং, ক্লীং, মারণ, হত্যা, বধ।

বিশারদ, (বিশাল=বৃহৎ—দা=দানকরা +ক—ক। ল স্থানে র) বিং, ত্রিং, নিপুণ, দক্ষ, পটু। নিজক্ষমতায় বিশ্বাসবান্। গর্ব্বিত। বিদ্বান্, পণ্ডিত। প্রসিদ্ধ বিখ্যাত। প্রগল্ভ। শ্রেষ্ঠ।

বিশাল, (বি+শাল—প্রং, কিম্বা বিশ্ =প্রবেশকরা+কালন্—প্রং) বিং, ত্রিং, বৃহৎ, বড়। বিস্তৃত, চৌড়া। বিস্তীর্ণ। বিখ্যাত, অদ্ভুতকর্ম্মা। সং, পুং, মৃগবিশেষ। পক্ষিবিশেষ। নৃপবিশেষ। লী—স্ত্রীং, গঙ্গা ও গণ্ডকী নদীর সঙ্গমস্থানের নিকটবর্ত্তী পুরীবিশেষ।

বিশালতা, (বিশাল+তা—ভাবে) সং, স্ত্রীং, বৃহত্ত্ব, প্রকাণ্ডতা। প্রস্থ, ওসার, বহর।

বিশালত্বক্, (বিশালত্বচ্, বিশাল=বড়—ত্বচ্=বল্কল,) সং, পুং, সপ্তচ্ছদ বৃক্ষ, সপ্তবর্ণ বৃক্ষ, ছাতিম গাছ

বিশালা, (বিশাল দেখ+আপ্—প্রং) সং, স্ত্রীং, উজ্জয়িনী নগরী। নদীবিশেষ।

বিশালাক্ষ, (বিশাল=বড়—অক্ষি=চক্ষু +টচ্—প্রং, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিব। গরুড়। বিং, ত্রিং, যাহার চক্ষুঃ বড়, বৃহৎ-নয়ন-যুক্ত, সুনেত্র, "অকরোস্তং বিশালাক্ষি তেন ন শ্রদ্ধধামি তে" রং। ক্ষী—স্ত্রীং, দুর্গা। সুলোচনা, যে স্ত্রীর চক্ষুঃ উত্তম।

বিশিখ, (বি=বিশিষ্ট—শিখা=অগ্রভাগ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বাণ, শর, ইষু, শিলীমুখ। শরগাছ। তোমরাস্ত্র। বিং, ত্রিং, শিখারহিত। খা—স্ত্রীং, রথ্যা, পথ। খনিত্র, খন্তা। চরকার টেকো। নাপিতের স্ত্রী, নাপতিনী। আতুরাগার, যে গৃহে রোগী থাকে।

বিশিষ্ট, (বি—শিষ্=বিশেষ করা+ক্ত—প্রং, কিম্বা শাস্=শাসনকরা+ক্ত—প্রং) বিং, ত্রিং, যুক্ত, মিলিত। বিলক্ষণ। অতিশিষ্ট। খ্যাত, যশস্বী।

বিশীর্ণ, (বি—শৄ=হিংসাকরা, ভেদকরা +ক্ত—প্রং) বিং, ত্রিং, শুষ্ক। কৃশ। জীর্ণ। বিঘট্টিত, ক্রটিত, বিশ্লিষ্ট, পতিত।

বিশীর্য্যমাণ, (বিশীর্ণ দেখ+শানচ্—প্রং) বিং, ত্রিং, যাহা বিশীর্ণ হইতেছে।

বিশুদ্ধ, (বি—শুদ্ধ=নির্ম্মল) বিং, ত্রিং, পবিত্র, শুচি, নির্ম্মল। নির্দ্দোষ।

বিশুদ্ধগণিত, যাহাতে পদার্থের সহিত কোন সম্বন্ধ না রাখিয়া কেবল রাশির নিরূপণমাত্র করা হয়। (Pure Mathematics)

বিশুদ্ধি, (বি—শুদ্ধি=শোধন) সং, স্ত্রীং, শোধন। সংশোধন। নির্ম্মলতা। পবিত্রতা। নির্দ্দোষতা। "হেম্নঃ সংলক্ষ্যতে হ্যগ্নৌ বিশুদ্ধিঃ শ্যামিকাপি বা" কাং। সাদৃশ্য। একতা। সংশয়। চ্ছেদ।

বিশুষ্ক, (বি—শুষ্ক=নীরস) বিং, ত্রিং, শুষ্ক, নীরস। ম্লান।

বিশৃঙ্খল, (বি=না—শৃঙ্খলা=শিকল, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, নিয়মবহির্ভূত, উল্টাপাল্টা, শৃঙ্খলারহিত, শৃঙ্খলাহীন, অনিয়মিত। অবাধ্য। দুর্দ্দান্ত।

বিশেষ, (বি—শিষ্=বিশেষকরা, গুণবলা+ঘঞ্—ভা) সং, পুং, প্রভেদ, বৈলক্ষণ্য। প্রকার, রকম। নিয়ম। বৈচিত্র্য। সার। আধিক্য। অবয়ব। দ্রব্য। তিলক। কণাদদর্শনোক্ত পদার্থবিশেষ। বৈশেষিকদর্শনোক্ত পদার্থবিশেষ। কাব্যের অলঙ্কারবিশেষ, যেখানে আধেয় আধারশূন্য হয় কিম্বা এক বস্তু অনেকের গোচর হয় অথবা সমর্থই হউক বা অসমর্থই হউক, কোন একটী কার্য্য করিতে গিয়া দৈবাৎ যেখানে এক ব্যক্তির সেই কার্য্য করা হয়। বিং, ত্রিং, অধিক। উৎকৃষ্ট। ভিন্ন।

বিশেষক, (বিশেষ দেখ+ণক—প্রং) সং, পুং—ক্লীং, ললাটের তিলক। পুং তিলক বৃক্ষ। ক্লীং, শ্লোকত্রয়ের সম্বন্ধ, এক ধাক্যতাপন্ন শ্লোকত্রয়। বিং, ত্রিং, প্রভেদকারক, বিশেষকারক।

বিশেষজ্ঞ, (বিশেষ—জ্ঞ=যে জানে) বিং, ত্রিং, যে ব্যক্তি সবিশেষ জানে, জ্ঞানী।

বিশেষণ, (বি—শিষ্=সম্যক্‌রূপে বোধকরা+অনট্—ণ। যথা ছত্রেণ ছাত্রমদ্রাক্ষীৎ।) সং, ক্লীং, প্রভেদকারক গুণ ক্রিয়াদি। বিশেষ্যের ধর্ম্ম, যাহা দ্বারা বিশেষ্যর গুণ বা অবস্থা প্রকাশ হয়; বিশেষণ ত্রিবিধ—বিশেষ্যবিশেষণ, বিশেষণবিশেষণ ও ক্রিয়াবিশেষণ; যথাক্রমে উদাহরণ—"নূতন গৃহ," "পরম দয়ালু," "শীঘ্র যাইতেছে"। অতিশয়করণ।

বিশেষিত, (বিশেষ=প্রভেদ+ইত—সংজাতার্থে) বিং, ত্রিং, ভিন্ন, পৃথক্‌কৃত, প্রভেদিত। বিশেষণদ্বারা নির্ণীত।

বিশেষোক্তি, (বিশেষ—উক্তি, যং—স) সং, স্ত্রীং, বাক্যের অলঙ্কারবিশেষ, যেখানে কারণ থাকিতেও কার্য্যের অভাব দেখিতে পাওয়া যায়; যথা—"যাঁহারা ধনবান্ হইয়াও নিরহঙ্কৃত হন, যুবা হইয়াও চিত্তচাঞ্চল্য নিবারণ করিতে পারেন, তাঁহারাই প্রকৃত মহাত্মা" অসাধারণ অবস্থাদি বর্ণন। প্রশংসা, গুণকীর্ত্তন।

বিশেষ্য, (বিশেষণ দেখ+ণ্যৎ—র্ম্ম) সং, পুং, ধর্ম্মী, যাহা দ্বারা কোন বস্তু বা ব্যক্তি বোধ হয়; যথা—বৃক্ষ, লতা, গো, মনুষ্য প্রভৃতি। গুণাদি দ্বারা প্রভেদ্য; অবচ্ছেদ্য। প্রধান, শ্রেষ্ঠ। আদিম, আদিকারণ।

বিশোক, (বি=না—শোক, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, শোকরহিত। সুখী। সং, পুং, অশোকবৃক্ষ। কা—স্ত্রীং, যোগশাস্ত্রে—চিত্তবৃত্তিবিশেষ।

বিশোধন, (বি—শোধন=শুদ্ধি) সং, ক্লীং, বিশুদ্ধকরণ। পবিত্রীকরণ। সংশোধন। নী-নাগদন্তিবৃক্ষ। ব্রহ্মার পুরী

বিশোধী, (বিশোধিন্, বি—শোধি=নির্ম্মল হওয়া বা করা+ইনি—ক) বিং, ত্রিং, শোধনকারক।

বিশোষণ, (বি—শুষ্=শুষ্ক করা বা হওয়া +অনট্—ভা) সং, ক্লীং, শোষণ, শুষ্ককরণ।

বিশ্ন, (বিচ্ছ্=দীপ্তি পাওয়া+নঙ্—প্রং) সং, পুং, দীপ্তি। কান্তি। প্রভা। স্ফূর্ত্তি

বিশ্রণন, (বি—শ্রণ=দান করা+অনট্—ভা) সং, ক্লীং, বিতরণ, দান। [illegible]সাৎকরণ।

বিশ্রব্ধ—স্র, (বি—শ্রন্ভ্=বিশ্বাস করা +ক্ত—ক) বিং, ত্রিং, বিশ্বস্ত। নিঃশঙ্ক। গাঢ়। শান্ত। ধৈর্য্যাবলম্বী, ধীর। নীচমনাঃ। অধিক। দৃঢ়। বিশ্রান্ত।

বিশ্রম্ভ—স্র, (বিশ্রব্ধ দেখ+ঘঞ্—ভা) সং, পুং, বিশ্বাস। প্রত্যয়। প্রণয়। স্বচ্ছন্দ বিহার। কেলি-কলহ

বিশ্রম্ভী—স্ত্র, (বিশ্রম্ভিন্, বিশ্রম্ভ+ই —অস্ত্যর্থে) বিং, ত্রিং, বিশ্বাসী। প্রণ

বিশ্রবাঃ, (বিশ্রবস্, বি—শ্রবস্=কর্ণ) স পুং, রাবণের পিতা, মুনিবিশেষ।

বিশ্রাণন, (বি—শ্রাণি=দানকরা+অন —ভা) সং, ক্লীং, দান, বিতরণ।

বিশ্রাণিত, (বিশ্রাণন দেখ+ক্ত—র্ম্ম) বি ত্রিং, দত্ত, যাহা বিতরণ করা হইয়াছে

বিশ্রান্ত, (বি—শ্রান্ত=ক্লান্ত) বিং, ত্রি শ্রান্তিযুক্ত। বিগতশ্রম। নিবৃত্ত, ক্ষান্ত

বিশ্রান্তি—স্ত্রীং, বিশ্রাম—পুং, } (বি—শ্রম্=ক্লা হওয়া+ক্তি, ঘঞ ভা) সং, বিরাম, নিবৃত্তি, ক্ষান্তি খেদাপনয়ন, শ্রমাপনয়ন, জিরন, অ রাম করা।

বিশ্রাব, (বি—শ্রু=শ্রবণ করা+ঘঞ-ভা) সং, পুং, খ্যাতি, প্রসিদ্ধি। ক্ষরণ স্রোত।

বিশ্রী, (বি=না—শ্রী=শোভা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, শ্রীভ্রষ্ট, শ্রীহীন। কুৎসিত, কদাকার।

বিশ্রুত, (বি—শ্রু=শ্রবণকরা+ক্ত—র্ম্ম বিং, ত্রিং, বিখ্যাত, প্রসিদ্ধি। জ্ঞাত হৃষ্ট। সুখী।

বিশ্রুতি, (বিশ্রুত দেখ+ক্তি—ভা) সং, স্ত্রীং, খ্যাতি, প্রসিদ্ধি। যশ। ক্ষরণ। স্রোত।

বিশ্লথ, (বি—শ্লথ্=শিথিল হওয়া+অচ্ —ক) বিং, ত্রিং, আল্গা। শিথিল। বন্ধনচ্যুত।

বিশ্লিষ্ট, (বি=না—শ্লিষ্=সংযুক্ত হওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, অসংযুক্ত, বিচ্ছিন্ন। বিযুক্ত। শিথিল। বিকসিত, প্রস্ফুটিত। প্রকাশিত।

বিশ্লেষ, (বিশ্লিষ্ট দেখ+ঘঞ—ভা) সং, পুং, অসংযোগ, বিভিন্ন হওয়া। শৈথিল্য। বিকাস। বিয়োগ, বিরহ।

বিশ্ব, (বিশ্=প্রবেশকরা+বন্—সংজ্ঞার্থে) সং, পুং, বহুং, গণদেবতা, বসু, সত্য, ক্রতু, দক্ষ, কাল, কাম, ধৃতি, কুরু, পুরুরব, মদ্রভ। ক্লীং, জগৎ, ব্রহ্মাণ্ড। বিং, ত্রিং, সকল, সমস্ত। শুঠ।

বিশ্বক্, (বিশ্বচ, বিশ্ব—অন্চ্=গমনকরা +ক্বিপ্—প্রং) অং, সমন্তাৎ, সর্ব্বতঃ, সর্ব্বত্র। বিং, ত্রিং, সর্ব্বব্যাপী।

বিশ্বকদ্রু, (বিশ্ব=সমস্ত+ক—স্বার্থে, নি-প্রয়োজনার্থে=বিশ্বক—দ্রু=পশ্চাদ্গমন করা+ক্বিপ্—প্রং। অথবা বিশ্ব—ক-ন্দ=শব্দকরা+ডু—প্রং। স্র—আগম) বিং, ত্রিং, ক্রূর খল। সং, পুং, শিকারী কুকুর। শব্দ, ধ্বনি।

বিশ্বকর্ম্মজা, বিশ্বকর্ম্মসুতা, } (বিশ্বকর্ম্মন্=দেবশিল্পী —জ=জাত, ৫মী—হিং, এবং সুতা=কন্যা, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, সূর্য্যপত্নী, ছায়া।

বিশ্বকর্ম্মা, (বিশ্বকর্ম্মন্, বিশ্ব=সর্ব্বব্যাপী—কর্ম্মন্=কার্য্য, ৬ষ্ঠী—হিং) সং, পুং, দেবশিল্পী, ব্রহ্মার পুত্র, ত্বষ্টা। সূর্য্য। মুনিবিশেষ। ঈশ্বর, পরমেশ্বর।

বিশ্বকা, (বিশ্ব=সমস্ত—ক=শব্দার্থ কৈ-ধাতুজ) সং, স্ত্রীং, গঙ্গাচিল্লী, গাংচিল্।

বিশ্বকৃৎ, (বিশ্ব—কৃৎ=যে করে) সং, পুং, দেবশিল্পী, বিশ্বকর্ম্মা। জগৎকর্ত্তা।

বিশ্বকেতু, (বিশ্ব=জগৎব্যাপী—কেতু=ধ্বজা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অনিরুদ্ধ, উষাপতি।

বিশ্বক্সেন, বিষ্বক্সেন, (বিশ্বক্=সর্ব্বব্যাপী—সেনা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিষ্ণু, "বিশ্বক্সেনকথাসু যঃ" ভাগবত।

বিশ্বগন্ধ, বিশ্ব=সমন্তাৎ—গন্ধ, ৬ষ্ঠী—হিং) পলাণ্ডু, পিঁয়াজ। ন্ধা—স্ত্রীং, পৃথিবী।

বিশ্বজনীন, (বিশ্বজন=সর্ব্বলোক+খ —হিতার্থে) বিং, ত্রিং, বিশ্বস্থ যাবদীয় জীবের হিতসাধক। সর্ব্বলোকের হিতজনক।

বিশ্বজিৎ, (বিশ্ব—জিৎ=যে জয় করে, ২য়া—ষ) সং, পুং, সর্ব্বস্বদক্ষিণযজ্ঞ-বিশেষ যে যজ্ঞে সর্ব্বস্ব দক্ষিণা দিতে

হয়, "স বিশ্বজিতমাজহ্রে যজ্ঞং, সর্ব্বস্ব দক্ষিণং" রং। বরুণের পাশ। বিং, ত্রিং, যে বিশ্ব জয় করিয়াছে।

বিশ্বতঃ, (বিশ্বতস্, বিশ্ব=সমস্ত+তস্—প্রং, সপ্তমী স্থানে তস্) অং, সর্ব্বত্র। সর্ব্ব প্রকারে।

বিশ্বদেব, (বিশ্ব=সকল—দিব্=ক্রীড়া করা+ঘঞ্—প্রং) সং, পুং, অগ্নি। অনল। কৃশাণু। পাবক। দহন। জ্বলন। পুং, বহুং, গণদেবতাবিশেষ।

বিশ্বদ্র্যঙ্, (বিশ্বদ্রাচ্, বিশ্বক্=সর্ব্বত্র—অন্চ্=গমনকরা+কিপ্=প্রং। ক=ত্রি) বিং, ত্রিং, সর্ব্বত্র গমনকারী। অপ্রতিহতগতি।

বিশ্বধারিণী, (বিশ্ব=সমস্ত—ধারিন্=যে ধারণ করে) সং, স্ত্রীং, পৃথিবী, ধরা। ধরণী। মেদনী। রসা। বসুধা।

বিশ্বনাথ, (বিশ্ব=জগৎ—নাথ=প্রভু, ৬ষ্ঠি—ষ) সং, পুং, শিব। মহাদেব। ত্রিলোচন। ধূর্জ্জটি। শঙ্কর। কৃত্তিবাস। শম্ভু। হর। ভব পিণাকী।

বিশ্বপা, (বিশ্ব—পা=যে পালন করে) সং, পুং, বিশ্বের পালনকর্ত্তা, পরমেশ্বর।

বিশ্বপ্সা, (বিশ্বপ্সন্, বিশ্ব=সমস্ত—প্সা=ভক্ষণকরা+অন্—প্রং) সং, পুং, অগ্নি, দহন, জ্বলন। চন্দ্র, নিশাকর, চন্দ্রমা, শশী। সূর্য্য, সবিতা, দিবাকর, উষ্ণরশ্মি।

বিশ্ববোধ, সং, পুং, বুদ্ধ বা বৌদ্ধ মুনি।

বিশ্বভূ, সং, পুং, তৃতীয় বুদ্ধ।

বিশ্বভোজাঃ, (বিশ্বভোজস্, বিশ্ব=সমস্ত—ভুজ্=ভোজন করা+অস্=প্রং) সং, পুং, সর্ব্বভুক্, যে সমুদায় বস্তু ভোজন করে। যে সমুদায় ভোগকরে।

বিশ্বম্ভর, (বিশ্বম্=জগৎকে—ভর=যে পোষণ করে) সং, পুং, বিশ্বত্রাতা, বিষ্ণু। ইন্দ্র, শক্র। বিং, ত্রিং, বিশ্বধারণকর্ত্তা।

বিশ্বম্ভরা, (বিশ্বম্ভর দখ,+আপ=প্রং) সং, স্ত্রীং, পৃথিবী, "বিশ্বম্ভরা তদ্ভরণাচ্চানন্তানন্তরূপতঃ। পৃথিবী পৃথুকন্যাত্বাদ্বিস্তৃতত্বান্মহামুনে"॥

বিশ্বরাজ্, (বিশ্ব=সমস্ত—রাজ্=যে [দীপ্তি পায়], শাসন করে) সং, পুং, পরমেশ্বর। [সং, পুং, বিষ্ণু। অনন্ত।

বিশ্বরূপ, (বিশ্ব=সমস্ত—রূপ=মূর্ত্তি)

বিশ্বরেতাঃ, (বিশ্বরেতস্, বিশ্ব=সমস্ত—রেতস্=বীজ) সং, পুং, ব্রহ্মা, প্রজাপতি। পদ্মযোনি। চতুরানন।

বিশ্ববলী, (বিশ্ববলিন্,=বিশ্ববল+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, সর্ব্বপ্রকার বিষয় বোধে সমর্থ।

বিশ্ববিদ্যালয়, যে বিদ্যালয়ে সর্ব্বপ্রকার বিদ্যার আলোচনা হয়। (University.)

বিশ্ববিধাতা } বিশ্ববিধায়ী, } (বিশ্ববিধাতৃ, বিশ্ববিধায়িন্, বিশ্ব—বিধাতৃ, বিধায়িন্=যে করে। যিনি সমুদায় সৃষ্টি করেন) সং, পুং, বিশ্বস্রষ্টা, সৃষ্টিকর্ত্তা।

বিশ্ববেদাঃ, (বিশ্ববেদস্, বিশ্ব=সমস্ত+বিদ্=জানা+অস্—প্রং) সং, পুং, সর্ব্বজ্ঞ। মুনি। দেবতা।

বিশ্বব্যাপি, বিশ্বব্যাপক (বিশ্বব্যাপিন্, বিশ্ব—ব্যাপিন্, ব্যাপক=যে ব্যাপে, হয়—ষ) বিং, ত্রিং, সর্ব্বব্যাপী, সকলস্থানে বিস্তৃত।

বিশ্বশ্রবাঃ, (বিশ্বশ্রবস্, বিশ্ব—শ্রবস=কর্ণ) সং, পুং, মুনিবিশেষ।

বিশ্বসন, (বি—শ্বস্=বিশ্বাস করা+অনট—ভা) সং, ক্লীং, বিশ্বাস, প্রত্যয়।

বিশ্বসার, (বিশ্ব—সার=সারাংশ) সং, ক্লীং, তন্ত্রশাস্ত্রবিশেষ।

বিশ্বসিত, বিশ্বস্ত (বি—শ্বস্=বিশ্বাস করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বিশ্বাসী। বিশ্বাসপাত্র, "ন বিশ্বসেদবিশ্বস্তে বিশ্বস্তে নাতি বিশ্বসেৎ। বিশ্বাসাদ্ভয়মুৎপন্নং মূলাদপি নিকৃন্ততি"।

বিশ্বসৃক্, (বিশ্বসৃজ্, বিশ্ব=সমস্ত—সৃজ্

=সৃষ্টিকরা+ক্বিপ্—ক, ২য়া—ষ) সং, পুং, ব্রহ্মা, সৃষ্টিকর্ত্তা।

বিশ্বস্তা, (বি=বিফল—শ্বস্ত = জীবন, যাহার বিফল জীবন, ৬ষ্ঠী—বিং) সং, স্ত্রীং, বিধবা, পতিহীনা নারী।

বিশ্বাচী, (বিশ্ব—অন্চ্=গমন করা+ক্বিপ্=প্রং) সং, স্ত্রীং, অপ্সরাবিশেষ।

বিশ্বাত্মা, (বিশ্বাত্মন্, বিশ্ব—আত্মন্=আত্মা, ৬ষ্ঠী—হিং, সং, পুং, শিব, মহাদেব, ভব। বিষ্ণু, হরি, নারায়ণ।

বিশ্বামিত্র, (বিশ্ব=সমস্ত—মিত্র=বন্ধু, ৬ষ্ঠী—ষ, অস্থানে আ) সং, পুং গাধিরাজপুত্র, মুনিবিশেষ; ইনি ক্ষত্রিয় হইয়াও তপোবলে ব্রাহ্মণ হইয়াছিলেন।

বিশ্বামিত্রপ্রিয়, সং, পুং, নারিকেল বৃক্ষ।

বিশ্বাবসু, (বিশ্ব—বসু। অ=আ) সং, পুং, গন্ধর্ব্ববিশেষ। স্ত্রীং,—রাত্রিবিশেষ।

বিশ্বাস, (বি—শ্বস্=বিশ্বাস করা+ঘঞ্—ভা) সং, পুং, প্রত্যয়, বিশ্রম্ভ। শ্রদ্ধা।

বিশ্বাসঘাতক, (বিশ্বাস—ঘাতক=যে নাশ করে) সং, পুং, অবিশ্বাসী। বিশ্বাসহন্তা। প্রতারক, বঞ্চক।

বিশ্বাসী, (বিশ্বাসিন্, বিশ্বাস+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, যে বিশ্বাস করে। যাহার বিশ্বাস আছে।

বিশ্বাস্য, (বিশ্বাস দেখ,+ণ্যং—র্ম) বিং, ত্রিং, বিশ্বাসযোগ্য, বিশ্বসনীয়।

বিশ্বেদেব, সং, পুং, বহুং, গণদেবতাবিশেষ। পুং, বহ্নি। অগ্নি। অনল। পাবক। দহন।

বিশ্বেশ, বিশ্বেশ্বর (বিশ্ব=জগৎ—ঈশ, ঈশ্বর, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শিব, বিশ্বনাথ, কাশিস্থ শিবলিঙ্গ।

বিট্, (বিষ্, বিষ্=ব্যাপা+ক্বিপ্—প্রং) সং, স্ত্রীং, বিষ্ঠা, মল, পুরীষ।

বিষ, (বিষ্=ব্যাপা+ক—ক) সং, পুং,—ক্লীং, প্রাণনাশক দ্রব্যবিশেষ। গরল, কালকূট, হলাহল, "বিষমপ্যামৃতং ক্বচিদ্ভবেদমৃতং বা বিষমীশ্বরেচ্ছয়া" কাং। ক্লীং, জল। পদ্মাদির মৃণাল।

বিষকণ্ঠ, সং, পুং, নীলকণ্ঠ, শিব।

বিষক্ত, (বি—সনজ্=আলিঙ্গন করা+ক্ত—ক) বিং, ত্রিং, আসক্ত, সংলগ্ন।

বিষঘ্ন, (বিষ—ঘ্ন=যে নাশ করে, ২য়া—ষ) বিং, ত্রিং, বিষনাশক।

বিষণ্ড, সং, ক্লীং, মৃণাল, পদ্মের ডাঁটা।

বিষণ্ণ, (বি—সদ্=অবসন্ন হওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, বিষাদযুক্ত, খিন্ন, ম্লান।

বিষণ্ণতা, (বিষণ্ণ+তা—ভাবে) সং, স্ত্রীং বিষাদ, গ্লানি, খেদ। মনোভঙ্গ। স্ফূর্ত্তিহীনতা।

বিষদ, (বি—সদ্=নির্ম্মল হওয়া+ক—ক) বিং, ত্রিং, শুভ্র, স্বচ্ছ। নির্ম্মল। স্পষ্ট। সং, পুং, শুক্লবর্ণ, "মেঘমুক্তবিষদাং স চন্দ্রিকাং" কাং।

বিষদন্ত, (বিষ=দন্ত=দাঁত, ৬ষ্ঠী—হিং,) সং, পুং, সর্প ভুজঙ্গ, ভোগী, পবনাশ। বিষদন্তবিশিষ্ট।

বিষধর, (বিষ—ধর=যে ধরে, ২য়া—ষ) সং, পুং, ভুজঙ্গ, সর্প, ভুজগ, চক্ষুঃশ্রবা, দ্বিজিহ্ব।

বিষধাত্রী, (বিষ—ধাত্রী=ধাই) সং, স্ত্রীং, মনসাদেবী। জরৎকারু।

বিষপুষ্প, সং, ক্লীং, নীলপদ্ম।

বিষভিষক্, (বিষভিষজ্, বিষ—ভিষজ্=চিকিৎসক) সং, পুং, বিষবৈদ্য, মাল। যে ব্যক্তি বিষবিদ্যা জানে, সাপুড়ে।

বিষম, (বি=না—সম=সমান) বিং, ত্রিং, অসমান, অযুগ্ম, বিযোড়। যাহার সমান নাই। দুঃসহ। সঙ্কট। দারুণ। কষ্টদ, ক্লেশকর। দুর্গম। উন্নতানত, বন্ধুর। উৎকট। সং, ক্লীং, পদ্য বিশেষ।

বিষমচ্ছদ, (বিশম=অযুগ্ম—ছদ=পত্র ৬ষ্ঠী—হিং) সং, পুং, সপ্তপর্ণ। সপ্তচ্ছদবৃক্ষ, ছাতিমগাছ।

বিষমদলক, যে সকল ঝিনুকের দুইদল তুল্য নহে, যথা —অইষ্টর ঝিনুক।

(Brachiopoda)

বিষমনয়ন, বিষমনেত্র, বিষমাক্ষ, বিষমেক্ষণ, (বিষম=অ-যুগ্ম,তিন—নয়ন, নেত্র, অক্ষি, ঈক্ষণ=চক্ষু, ৬ষ্ঠী—বিং) সং, পুং, ত্রিলোচন, শিব।

বিষমরাশি,—যে রাশি দুই সমান অংশে বিভক্ত হইতে পারে না, যথা—১, ৩, ৫, ৭, ইত্যাদি।

বিষমস্থ,(বিষম=অসমান—স্থ=যে থাকে) বিং, ত্রিং, বিপদগ্রস্থ। উন্নতানতপ্রদেশস্থ

বিষমশিষ্ট, সং, ক্লীং, অনুচিত শাসন, দোষবিশেষ।

বিষমায়ুধ, বিষমেষু, (বিষম=অযুগ্ম, অসম—আয়ুধ=অস্ত্র, ইষু=বাণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পঞ্চবাণ, মদন, মার, মীনকেতন, কন্দর্প।

বিষয়,(বি—সি=বন্ধনকরা+অচ্—প্রং) সং,পুং, ইন্দ্রিয়গ্রাহ্য পদার্থ,—রূপ, রস, গন্ধ, স্পর্শ, শব্দ প্রভৃতি। জ্ঞেয় বস্তু। স্থান। জনপদ, দেশ। আধার, পাত্র। ভোগ্যবস্তু, ভোগসাধন দ্রব্য। সম্পত্তি, ধন। বর্ণনীয় পদার্থ। কর্ম্ম কার্য্য, ব্যবসায়। আশ্রয়। গ্রামসমূহ। ভূত। গৃহ, আবাস। বিশেষপ্রদেশজাতবস্তু। ধর্ম্মরীতি। স্বামী, প্রিয়। শুক্র, বীর্য্য।

বিষয়কর্ম্ম,—সাংসারিক কার্য্য।

বিষয়ায়ী, (বিষয়ায়িন্, বিষয়=ইন্দ্রিয়গ্রাহ্য পদার্থ—অয়=পশ্চাদ্গমন করা +ইন্—প্রং) সং, পুং, বিষয়াসক্ত ব্যক্তি। কামদেব। মার।কন্দর্প, মীনকেতু রাজা,নৃপ,ভূপতি। ইন্দ্রিয়, হৃষীক

বিষয়ী, (বিষয়িন্, বিষয়+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বিষয়যুক্ত, বিষয়াসক্ত। সং, পুং, রাজা, নৃপ। কামদেব, কন্দর্প। মনসিজ। ধনী। ক্লীং, ইন্দ্রিয়।

বিষল, (বিষ+লট্—প্রং) সং, ক্লীং, গরল, গর, বিষ, হালাহল।

বিষবৎ (বিষ+বৎ—তুল্যার্থে) অং, বিষতুল্য, বিষসদৃশ।

বিষবিদ্যা, (বিষ—বিদ্যা) সং, স্ত্রীং, বিষঘ্ন মন্ত্র, বিষহারক মন্ত্র। বিষচিকিৎসা শাস্ত্র।

বিষবৈদ্য, (বিষ—বৈদ্য, ৬ষ্ঠী—ষ, কিম্বা বিষবিদ্যা+অণ—জ্ঞানার্থে,অধ্যয়নার্থে বা) সং, পুং, বিষহারকমন্ত্র-বেত্তা, যে ব্যক্তি বিষবিদ্যা জানে, সাপুড়ে, মাল

বিষসূচক, (বিষ—সূচক=জ্ঞাপক) সং, পুং, চকোর পক্ষী।

বিষহর, (বিষ—হর=যে নাশ করে ২য়া—ষ) বিং, ত্রিং, বিষনাশক গরলনাশক।

বিষহরা,বিষহরী (বিষহর দেখ,+আপ=ঈপ্—প্রং) সং, স্ত্রীং, মনসাদেবী বাসুকির ভগিনী,জরৎকারুপত্নী,জরৎক

বিষাক্ত, (বিষ—অক্ত=লেপিত) বিং,ত্রিং বিষযুক্ত। বিষমিশ্রিত। [শেল। শঙ্কু

বিষাঙ্কুর, (বিষ—অঙ্কুর) সং, পুং, শল্যাস্ত্র

বিষাণ, (বি—অস্=হওয়া+শানচ্—প্রং। বিং, ত্রিং, পশুর শৃঙ্গ বৃহৎ দন্ত। হস্তিদন্ত। শূকরদন্ত। মেষশৃঙ্গী বৃক্ষ, ইহার ফল শৃঙ্গের আকার ঔষধের গাছড়া। ক্ষীরকাকোলী।

বিষাণী, (বিষাণিন্, বিষাণ=পশুর শৃঙ্গ ও বৃহৎদন্ত+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং শৃঙ্গী। শৃঙ্গবিশিষ্ট। সং, পুং, হস্তী দ্বিরদ, দ্বিপ। কোল, শূকর, বরাহ।

বিষাদ, (বিষণ্ণ দেখ,+ঘঞ—ভা) সং পুং, খেদ, দুঃখ। ইষ্টনাশকৃত মনোভঙ্গ জড়তা। কার্য্যে অনুৎসাহ বা অনিচ্ছা নিশ্চেষ্টতা।

বিষানন, (বিষ—বিষযুক্ত—আনন=মুখ ৬ষ্ঠী—হিং) সং, পুং, সর্প, ব্যাল, আশী বিষ, নাগ, বিলেশয়।

বিষান্তক, (বিষ—অন্তক=নাশক। যিনি সমুদ্রমন্থনোত্থিত বিষ পান করিয়াছিলেন।) সং, পুং, শিব। বিং, ত্রিং বিষনাশক।

বিষায়ুধ, বিষার, বিষাস্ত্র (বিষ—আয়ুধ=

অস্ত্র, ৬ষ্ঠী—হিং। বিষ—অর=গমনার্থ ঋধাতুজ। বিষ—আস্য=মুখ, হিং) সং, পুং, সর্প, চক্ষুঃশ্রবা, উরগ, খল, বিষধর। [নানারূপতা।

বিষু, (বিষ+উ—প্রং) অং, সাম্য।

বিষুপ, বিষুব, বিষুবৎ (বিষু=সাম্য+প, ব—প্রং। বৃৎ—অস্ত্যর্থে) সং, ক্লীং, সমরাত্রিন্দিবকাল, যে সময়ে দিবামান ও রাত্রিমান সমান হয়। সূর্য্যের মেষ ও তুলাসংক্রান্তি, চৈত্রসংক্রান্তি, চড়ক সংক্রান্তি

বিষুবরেখা, সং, স্ত্রীং, উভয় মেরুর সম দূরবর্ত্তী স্থানে যে মণ্ডলাকার কল্পিত রেখা পূর্ব্বপশ্চিমে গোলকের চতুর্দ্দিকে ব্যাপিয়া আছে। সূর্য্য এই রেখায় উপস্থিত হইলে দিবারাত্রি সমান হয়। (Epuator)

বিষ্কম্ভ, (বি—স্কন্ভ্=স্তব্ধকরা+ঘঞ্—প্রং) সং, পুং, প্রথম যোগ। প্রতিবন্ধ, বাধা। বিস্তার। নাটকের অঙ্গবিশেষ। যোগীদিগের আসনবন্ধবিশেষ। অর্গলা, হুড়কা। বৃক্ষ। স্তম্ভ। খুঁটি। বৃত্তের ব্যাস।

বিষ্কম্ভক, (বিষ্কম্ভ+কন্—যোগ) সং, পুং, নাটকীয় ইতিবৃত্তের নীরস অংশ সকল প্রকৃত প্রস্তাবে বর্ণিত হইলে সমাজিকবর্গের বিরক্তিকর হইতে পারে, এইজন্য নাটককর্ত্তারা অপ্রধান ব্যক্তির মুখে সেই সেই অংশের সংক্ষেপে কীর্ত্তন করিয়া সরস অংশের অবতরণ করিয়া দেন। নাটকের এই অংশকে বিষ্কম্ভক বলে।

বিষ্কল, সং, পুং, গ্রাম্যশূকর।

বিষ্কির, (বি—কৄ=বিক্ষেপকরা+ক্ত—প্রং। স্—আগম) সং, পুং, পক্ষী বিহঙ্গম, খগ, পতত্রী। "কুলিঙ্গকুক্কুটাদ্যাশ্চ বিষ্কিরাঃ সমুদাহৃতাঃ। বিকীর্য্য ভক্ষয়ন্ত্যেতে যস্মাত্তস্মাদ্ধি বিষ্কিরাঃ'

বিষ্কম্ভ, (বি—স্কুন্ভ্=স্তব্ধকরা+ঘঞ্—প্রং) সং, পুং, প্রথম যোগ। প্রতিবন্ধ, বাধা। কীলক, হুড়কা। নাট্যাঙ্গ বিশেষ। যোগীদিগের আসনবন্ধবিশেষ।

বিষ্ট, (বিশ্=প্রবেশকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রি, প্রবিষ্ট। আবিষ্ট। আশ্রিত।

বিষ্টপ, (বিশ্=প্রবেশকরা+প—প্রং) সং, ক্লীং, লোক, ভুবন, জগৎ।

বিষ্টব্ধ, (বি—স্তন্ভ্=স্তব্ধ করা+ক্ত—ক) বিং, ত্রিং, রুদ্ধ, প্রতিরুদ্ধ। প্রতিবদ্ধ, বাধা-যুক্ত।

বিষ্টম্ভ, (বি—স্তন্ভ্=স্তব্ধকরা+ঘঞ্—প্রং) সং, পুং, বাধা, প্রতিবন্ধ। রোধ, আটক। মূত্রকৃচ্ছ, অনাহ রোগ। স্থিরীভাব।

বিষ্টর, (বি—স্তৄ=বিস্তারকরা+অপ্—প্রং) সং, পুং, কুশাসন। দর্ভমুষ্টি। উপবেশন বা শয়নের আসন। বৃক্ষ। দৈব পৈত্র কর্ম্মকালীন প্রকৃত বা কুশনির্ম্মিত ব্রাহ্মণের জন্য কল্পিত আসন।

বিষ্টরশ্রবাঃ (বিষ্টরশ্রবস্, বিষ্টর=বৃক্ষ—শ্রু=শ্রবণকরা+অস্—প্রং) সং, পুং, বিষ্ণু, নারায়ণ।

বিষ্টি, (বিশ্=প্রবেশকরা+ক্তি—প্রং) সং, স্ত্রীং, বিশেষ করণ। বিনা বেতনে পরিশ্রম, বেগার। নিক্ষেপ করণ। যন্ত্রণাদান। নরকে পাতন। বেতন। বিং, ত্রিং, কর্ম্মকর।

বিষ্ঠা, (বি=বিবিধ প্রকার—স্থা=থাকা+ঘঙ, আপ্—প্রং) সং, স্ত্রীং, মল, পুরীষ, গু।

বিষ্ণু, (বিষ্=ব্যাপা+ণু—প্রং। যিনি বিশ্ব ব্যাপেন। অথবা বিষ্ ধাতুর অর্থ সেচন, যিনি বিশ্ব সেচনকরেন, অর্থাৎ আপ্যায়িত করেন। অথবা, প্রবেশার্থ বিশ্ ধাতু। যাহাতে ভূত সকল প্রবেশ করে।) সং, পুং, হরি, নারায়ণ। সত্ত্বগুণময় ব্যাপক দেব। ধর্ম্মশাস্ত্রকর্ত্তা মুনিবিশেষ। "যস্মাদ্বিশ্বমিদং সর্ব্বং তস্য শক্ত্যা মহাত্মনঃ। তস্মাদেবোচ্যতে বিষ্ণু-

বিশধাতোঃ প্রবেশনাৎ” বস্তুবিশেষ। অগ্নি। ধার্ম্মিক ব্যক্তি।

বিষ্ণুঋক্ষ, সং, ক্লীং, শ্রবণানক্ষত্র।

বিষ্ণুক্রান্তা, (বিষ্ণু—ক্রান্ত=অতিক্রান্ত) সং, স্ত্রীং, অপরাজিতা পুষ্প।

বিষ্ণুগুপ্ত, (বিষ্ণু—গুপ্ত=রক্ষিত, ৩য়া—ষ) সং, পুং, চাণক্য পণ্ডিত। কৌণ্ডিল্য মুনি। [অধিষ্ঠাত্রী দেবতা।

বিষ্ণুদৈবত, বিং, ত্রিং, বিষ্ণু যাহার

বিষ্ণুপদ, (বিষ্ণু=ব্যাপক,—পদ=স্থান। যে সর্ব্বস্থান ব্যাপক। অথবা বিষ্ণু বামন অবতার হইয়া এক পাদ আকাশ পর্য্যন্ত দিয়াছিলেন বলিয়া বিষ্ণুপদ নাম হইল।) সং, ক্লীং আকাশ, নভঃ, গগন, ব্যোম। ক্ষীরোদসমুদ্র। কমল, তামরস, পদ্ম। দী. স্ত্রীং, গঙ্গানদী। “নির্গতা বিষ্ণুপাদাব্জাৎ তেন বিষ্ণুপদী স্মৃতা”। সংক্রান্তিবিশেষ। বিষুব রেখার সহিত অয়ন মণ্ডলের সংযোগস্থল। (Vernal Point)

বিষ্ণুরথ, (বিষ্ণু—রথ=বাহন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, গরুড়, বিষ্ণুর বাহন।

বিষ্ণুরাত, (বিষ্ণু—রা+ক্ত—প্রং) সং, পুং, রাজা পরীক্ষিৎ।

বিষ্ণুবল্লভা, (বিষ্ণু—বল্লভ=প্রিয়) সং, স্ত্রীং, লক্ষ্মী, কমলা, পদ্মা, পদ্মালয়া, রমা। তুলসী। [পুং গরুড়।

বিষ্ণুবাহন, (বিষ্ণু—বাহন=রথাদি) সং,

বিষ্বক্, (বিশ্ব—অনচ=গমনকরা+ক্বিপ্ প্রং) অং, সর্ব্বত্র, সমন্তাৎ, চতুর্দ্দিকে।

বিষ্বণন—ক্লীং, বিষ্বণ, বিষ্বাণ—পুং, } (বি—স্বন্=সশব্দ ভোজন করা+অনট্, ঘঞ্—ভা) সং, আহার, অশন, উপযোগ, ভোজন। (স্ব) শব্দকরা। [দ্বারা বধ্য

বিষ্য, (বিষ+যৎ=প্রং) বিং, ত্রিং, বিষ-

বিস—শ, ষ (বিস্=ক্ষেপণকরা+ক-প্রং) সং, ক্লীং, পদ্মাদির মৃণাল

বিসংবাদ, (বি—সম্—বদ্=চাতুরী করা ইত্যাদি+ঘঞ্—ভা) সং, পুং, বিরোধ। প্রতারণা। বৈলক্ষণ্য, বেমিল।

বিসকণ্ঠিকা, (বিস=মৃণাল=কণ্ঠ=গলা, ৬ষ্ঠী—হিং, কন্, আপ—প্রং) সং, স্ত্রীং, ক্ষুদ্রজাতীয় বক। বলাক।

বিসকুসুম, সং, স্ত্রীং, কমল, পদ্ম, জলজ, শতদল, উৎপল।

বিসঙ্কট, (বি=সম্=কট্=ভ্রমণকরা +অচ্—প্রং) সং, পুং, সিংহ, মৃগরাজ, কেশরী। (বি=অব্যয় শব্দ+সঙ্কট-প্রং) বিং, ত্রিং, বিশাল, বৃহৎ।

বিসঙ্কুল, বিং, ত্রিং, জটিল, গোলমেলে।

বিসজ, (বিস=মৃণাল=জ=জাত) সং ক্লীং, পদ্ম। বনজ। তামরস। কমল।

বিসদৃশ, বিং, ত্রিং. বিপরীত, বিরুদ্ধ

বিসনাভি, (বিস=মৃণাল—নাভি) সং, পুং, পদ্মিনী, পদ্মসমূহ।

বিসপ্রসূন, (বিস=মৃণাল—প্রসূন=পুষ্প, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, পদ্ম, তামরস, কমল, শতপত্র।

বিসম্বাদ, (বি—সম্—বদ্=[বলা], চাতুরী করা ইত্যাদি+ঘঞ্—ভা) সং, পুং, বিরোধ। প্রতারণা। বৈলক্ষণ্য, বেমিল।

বিসর, (বি—সৃ=গমনকরা+অল্—প্রং) সং, পুং, সমূহ, দল। বিস্তার।

বিসরণ, (বিসর দেখ,+অনট্—ভা) সং, ক্লীং, বিস্তার। প্রবাহ। উৎপত্তি।

বিসর্গ, (বি—সৃজ=ত্যাগকরা+ঘঞ্—ভা, ম্ম) সং, পুং, ত্যাগ, বিসর্জ্জন। গমন, প্রস্থান। বিয়োগ। দান। দক্ষিণায়ন। দীপ্তি। মলনির্গম। মোক্ষ। প্রলয়। দ্বিবিন্দুময় বর্ণ, ঃ।

বিসর্জ্জন, (বি-সৃজ=ত্যাগকরা+অনট্-ভা) সং, ক্লীং, ত্যাগ। দান। প্রেরণ। প্রতিমাদি জলসাৎ করণ।

বিসর্জ্জনীয়, (বিসর্জ্জন দেখ,+অনীয়র্ ম্ম) বিং, ত্রিং, ত্যাজ্য। সং, পুং, বিসর্গ।

বিসর্প—পুং, বিসর্পণ—ক্লীং, (বি—সৃপ্=ব্যাপা+ঘঞ্, অনট্—ভা) সং, প্রস-

রণ, ব্যাপন, বিস্তৃত হওয়া।
বিসল, (বি=নানা প্রকারে—সল=গমন করা+অচ—প্রং) সং, ক্লীং, পল্লব, ছোট ডাল।
বিসার, (বি—সৃ=বিস্তৃত হওয়া+ঘঞ—ভা) সং, পুং, মৎস্য। বিস্তার। প্রবাহ।
বিসারিত, (বি—সারি=গমনকরান+ক্ত—প্রং) বিং, ত্রিং, বিস্তারিত,প্রসারিত।
বিসারী, (বিসারিন্, বিসার+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, প্রসারী,বিস্তৃতিশীল। সং, পুং, মৎস্য, মীন, ঝষ।
বিসিনী, (বিস=মৃণাল+ইন্—অস্ত্যর্থে, ঈ—প্রং) সং, স্ত্রীং, পদ্মিনী, মৃণালিনী, "সরসাবিসিনীকাণ্ডসঞ্জাতশঙ্কাঃ" উং।
বিসূচিকা, বিসূচি, বিসূচী (বি—সূচি=খলতা করা+ণক, আপ—প্রং) সং স্ত্রীং, রোগবিশেষ, ওলাউঠা। রোগের লক্ষণ।
বিসূরিত, (বি-সূর্=বধকরা+ক্ত—প্রং) সং, ক্লীং, পশ্চাৎতাপ, অনুতাপ। তা—স্ত্রীং, জ্বর। [ত্রিং, ব্যাপ্ত। বিস্তৃত।।
বিসৃত, (বি—সৃ=ব্যাপা+ক্ত—ক) বিং, বিসৃতর, বিসৃমর, (বি—সৃ=ব্যাপা+করচ, ক্মরচ—ক, শীলার্থে) বিং, বিসারী, ব্যাপনশীল।
বিসৃষ্ট, (বি—সৃজ=ত্যাগকরা+ক্ত-র্ম) বিং, ত্রিং, প্রেরিত। ত্যক্ত, নিক্ষিপ্ত। "তদ্বিসৃষ্টা দিবং যযুঃ।" কাং।
বিস্ত, (বিস্=ক্ষেপণ করা+ক্ত—প্রং) সং, পুং,—ক্লীং, ১ তোলা। একভরি স্বর্ণ। মোহর।
বিস্তর, (বি—স্তৃ=বিস্তার করা+অপ—প্রং,) সং, পুং, সমূহ। প্রচুর। বিস্তার। প্রণয়। বাক্‌প্রপঞ্চ। বিশেষ বর্ণন। সংখ্যা। শয্যা। আসন।
বিস্তার, (বিস্তর দেখ,+ঘঞ—ভা) সং, পুং,বিবরণ,বিস্তৃতি,ব্যাপ্তি। বিশালতা। ব্যাস। ওসার, চৌড়া। সমাসবাক্য। বিটপ, শাখা। স্তম্ব, গুচ্ছ, গোছা।
বিস্তারিত, (বিস্তার+ইত—সংজাতার্থে) বিং, ত্রিং, প্রসারিত, ছড়ান।
বিস্তার্য্যতা, যে গুণ দ্বারা জড়পদার্থ পূর্ব্বাপেক্ষা অধিক স্থানে বিস্তৃত হয়। (Extension)
বিস্তীর্ণ, (বি—স্তৃ=আচ্ছাদনকরা+ক্ত—প্রং) বিং, ত্রিং,বিস্তৃত, ব্যাপ্ত। ছড়ান। বিশাল।
বিস্তৃত, (বিস্তর দেখ,+ক্ত—প্রং) বিং, ত্রিং, ব্যাপ্ত, ছড়াইয়া পড়া। বিশাল। লম্বাচৌড়া।
বিস্তৃতি, (বিস্তর দেখ,+ক্তি—ভা) সং, স্ত্রীং, স্থান ব্যাপিয়া থাকা। দৈর্ঘ্য প্রস্থ ও বেধের সাধারণ সংজ্ঞা। বৃত্তের ব্যাস।
বিস্পষ্ট, (বি—স্পষ্ট=ব্যক্ত) বিং, ত্রিং, ব্যক্ত, স্ফুট, প্রকাশিত।
বিস্ফার, বিস্ফার (বি—স্ফর্=স্ফূর্ত্তি পাওয়া, চঞ্চল হওয়া+ঘঞ—প্রং) সং, পুং, টঙ্কার-ধ্বনি, ধনুকের ছিলার শব্দ। জ্যা, ধনুর্গুণ। কম্প। বিস্তার। স্ফূর্ত্তি।
বিস্ফারিত, বিস্ফারিত (বি—স্ফারি=স্ফূর্ত্তি পাওয়া, চঞ্চল হওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, কম্পিত, চলিত। স্ফূর্ত্তিযুক্ত। বিস্তারিত। প্রকাশিত। শব্দিত।
বিস্ফূরিত, বিস্ফুরিত (বি—স্ফুর্=স্ফূর্ত্তি পাওয়া, চঞ্চল হওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, স্ফূর্ত্তিযুক্ত, কম্পিত, চঞ্চল। স্ফীত, বর্দ্ধিত। ধ্বনিত। সং, ক্লীং, স্ফুরণ। ধ্বনন।
বিস্ফুলিঙ্গ, (বি—স্ফু=অনুকরণ শব্দ—লিন্‌গ্=গমন করা+অচ—প্রং) সং, পুং, অগ্নিকণা। বিষবিশেষ।
বিস্ফূর্জথু, (বি—স্ফূর্জ্=বজ্র শব্দকরা+অথুস্=প্রং) সং, পুং, উদ্রেক। বজ্রনির্ঘোষ।
বিস্ফোট, বিস্ফোটক (বি—স্ফুট্=ভেদকরা+অচ্=প্রং,। ক—যোগে বিস্ফো-

টক) সং, পুং, টা—স্ত্রীং, ব্রণ, ফোড়া। "গণ্ডস্যোপরি বিস্ফোটকঃ" শকুং।

বিস্ময়, (বি—স্মি=আশ্চর্য্যান্বিত হওয়া +অচ্—ভা) সং, পুং, আশ্চর্য্য, অদ্ভুত। অহঙ্কার, গর্ব্ব। সংশয়। বিং, ত্রিং, গর্ব্বশূন্য।

বিস্মরণ, (বি=না—স্মৃ=স্মরণ করা+ অনট্—ভা) সং, ক্লীং, বিস্মৃতি, ভুল। ভ্রম, ভ্রান্তি। স্মৃতির অভাব।

বিস্মাপন, বিস্মায়ন (বি—স্মাপি, [বি— স্মি=বিস্ময়াপন্ন হওয়া+ই—প্রেরণে]। =বিস্ময় করান+অনট্=ক) সং, পুং, কুহক, মায়া। গন্ধর্ব্বনগর। কামদেব। ক্লীং, বিস্ময়জনন।

বিস্মিত, (বিস্ময় দেখ+ক্ত—ক) বিং, ত্রিং, বিস্ময়াপন্ন। আশ্চর্য্যাবিষ্ট।

বিস্মৃত, (বি—না—স্মৃ=স্মরণ করা+ক্ত —প্রং) বিং, ত্রিং স্মরণাতীত, বিস্মৃতি-বিশিষ্ট। বিস্মরণের বিষয়।

বিস্মৃতি, (বিস্মৃত দেখ+ক্তি—ভা) সং, স্ত্রীং, ভুল, বিস্মরণ।

বিস্র, (বিস্=ক্ষেপণকরা+রক্—প্রং) সং, ক্লীং, কাঁচামাংসের গন্ধ। চিতা-ধূমের গন্ধ। বিং, ত্রিং, কাঁচা গন্ধ-বিশিষ্ট।

বিস্রংস, (বি—স্রন্‌স্=পতিত হওয়া+ অঙ—প্রং) সং, পুং, পতন। ক্ষরণ।

বিস্রংসী, (বিস্রংসিন্, বিস্রংস দেখ,+ ইন্—ক) বিং, ত্রিং, পতনশীল। ক্ষরণশীল।

বিস্রগন্ধি, (বিস্র=কাঁচা মাংসের গন্ধ— গন্ধি=আঘ্রাণ) সং, পুং, হরিতাল।

বিস্রম্ভ, (বি—স্রন্‌ভ্=বিশ্বাস করা+ ঘঞ্—ভা) সং, পুং, বিশ্বাস, প্রত্যয়। পরিচয়। প্রণয়।

বিস্রম্ভী, (বিস্রম্ভিন্, বিস্রম্ভ দেখ,+ইন্— ক) বিং, ত্রিং, বিস্রম্ভযুক্ত। বিশ্বস্ত। পরিচিত। প্রিয়।

বিস্রসা, (বি—স্রন্‌স্=খুলিয়া পড়া+ অঙ—আপ্—প্রং) সং, স্ত্রীং, জরা, বার্দ্ধক্য।

বিস্রস্ত, (বি—স্রন্‌স্=পতিত হওয়া+ ক্ত—ক) বিং, ত্রিং, ক্ষরিত। পতিত। চ্যুত, ভ্রষ্ট।

বিস্রুত, (বি=প্রভিন্ন—স্রু=দৌড়িয়া যাওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, বিস্তৃত। প্রবাহিত ক্ষরিত, চ্যুত, ভ্রষ্ট।

বিস্বন, বিস্বান (বি—স্বন্=শব্দকরা+ ঘঞ্—ভা) সং, পুং, ধ্বনি, শব্দ।

বিহগ, বিহঙ্গ (বিহায়স্=আকাশ—গ =যে গমন করে, ৭মী—ষ। বিহায়স্ স্থানে বিহ) সং, পুং, পক্ষী, পতত্রী, খগ। মেঘ, ঘন, বারিবাহ। বাণ, ইষু। সূর্য্য,দিবাকর,মার্ত্তণ্ড। চন্দ্র,সোম, বিধু।

বিহঙ্গম, (বিহায়স্—গম=যে গমনকরে, ৭মী—ষ) সং, পুং, পক্ষী, পতত্রী, খগ। মা—স্ত্রীং, ভারযষ্টি, ভারবহনার্থ বাঁক।

বিহঙ্গরাজ, (বিহঙ্গ = পক্ষী—রাজ, রাজন্ শব্দজ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, গরুড়। পক্ষিরাজ।

বিহঙ্গিকা, (বিহঙ্গ=পক্ষী+কন্, আপ্ —সং, স্ত্রীং, ভারযষ্টি, বাঁক।

বিহত, (বি—হন্=ভগ্ন হওয়া ইত্যাদি +ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, হত, আহত, ব্যাঘাতপ্রাপ্ত,ব্যাহত, বিঘ্নিত। বিফল। ভগ্ন।

বিহতি, (বিহত দেখ + ক্তি—ভা) সং, স্ত্রীং, হত্যা। ভঙ্গ। বিঘ্ন, ব্যাঘাত।

বিহনন, (বিহত দেখ,+অনট্—ভা) সং, ক্লীং, হত্যা। বিঘ্ন,ব্যাঘাত। ভঙ্গ। হিংসা। ধুনখারা।

বিহর, (বি—হৃ=ক্রীড়াকরা ইত্যাদি+ অপ্—প্রং) সং, পুং, বিহার। বিয়োগ, বিচ্ছেদ।

বিহরণ, (বিহর, দেখ,+অনট্—ভা) সং,ক্লীং,বিহার,ক্রীড়া। ভ্রমণ, দৌড়ন। বিয়োগ, বিচ্ছেদ।

বিহসন, (পশ্চাৎ দেখ, + অনট্—ভা)

সং, ক্লীং, হাস্যকরণ, মুচ্‌কে হাসা।
বিহসিত, (বি—হস্‌=হাস্য করা+ক্ত—ভা) সং,ক্লীং, মধুর হাস্য। স্মিত, স্মের।
বিহস্ত, (বি=বিনা—হস্ত=হাত, অথবা বি=বিগত—হস্ত=হস্তাবলম্বন) বিং, ত্রিং, হস্তহীন। উদ্‌ভ্রান্তমতি, ভেবাচেকা। ব্যাকুল। অতি ব্যাপৃত। পুং, পণ্ডিত, বিজ্ঞ। [ত্রিং, ব্যাকুলিত।
বিহস্তিত, (বিহস্ত+ইত—প্রং) বিং,
বিহাপিত, (বি—হাপি=গমন করান+ক্ত—ভা) সং, ক্লীং, দান, বিতরণ। ত্যাগ। বিং, ত্রিং, ত্যাজিত। দত্ত। বলপূর্ব্বক গৃহীত।
বিহায়স, বিহায়স (বি—হা=গমন করা, ত্যাগ করা+অস্‌—সংজ্ঞার্থে, পক্ষে অ—যোগ) সং, পুং,—ক্লীং, আকাশ, নভস্তল, গগন, ব্যোম। পুং, পক্ষী, পতগ, খগ। [আ) অং,আকাশ, গগণ।
বিহায়সা, (বিহায়স্‌+তৃতীয়া স্থানে
বিহার, বীহার (বি—হৃ=ক্রীড়া করা ইত্যাদি+ঘঞ্‌—ভা, ধি) সং, পুং, ক্রীড়া। ভ্রমণ। বিহার-স্থান। বিক্ষেপ। বৌদ্ধদিগের মঠ। স্কন্ধ। পক্ষিবিশেষ।
বিহারী, (বিহারিন্‌=বিহার+ইন্‌—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বিহারকারী। ভ্রমণকারী।
বিহিত, (বি—ধা=বিধান করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, কৃত, অনুষ্ঠিত। দত্ত। বিধিবোধিত। কর্ত্তব্য, বিধেয়।
বিহিত্রিম, (বি—ধা=বিধান করা+ত্রিম—জাতার্থে) বিং, ত্রিং, বিধান দ্বারা জাত।
বিহীন, (বি—হা=ত্যাগ করা+ক্ত—র্ম্ম) বিং,ত্রিং,বিরহিত, শূন্য। অভাববিশিষ্ট। বর্জ্জিত, ত্যক্ত।
বিহৃতি, (বিহার দেখ,+ক্তি—ভা) সং, স্ত্রীং, বিহার, ক্রীড়া। বিশেষরূপে হরণ। উদ্‌ঘাটন, খোলা। বিস্তৃতি।
বিহেঠন, (বি—হেট্‌=পীড়ন করা, প্রতারণা করা ইত্যাদি+অনট্‌—ভা) সং, ক্লীং, হিংসা, আঘাত করণ, বধকরণ। পেষণ,মর্দ্দন। প্রতারণা। দুঃখদান। যাতনা, দুঃখ, কষ্ট।
বিহ্বল, (বি—হ্বল্‌=কাঁপা+অচ্‌—ক) বিং,ত্রিং, শোক জরাদি দ্বারা অভিভূত, বিক্লব। বিবশ। অচেতন। দ্রবীভূত, তরল।
বীক, (অজ্‌=গমনকরা+কন্‌—সংজ্ঞার্থে। অজ্‌—বী) সং, পুং, বায়ু। পক্ষী।
বিকাশ, (বি—কাশ্‌=দীপ্তিপাওয়া+অচ্‌—ভা। =ী) সং, পুং, প্রকাশ। গোপন। নির্জ্জনতা, নিভৃতি।
বীক্ষণ, (বি—ঈক্ষ্‌=দর্শন করা+অনট্‌—ভা) সং, ক্লীং, দর্শন, নিরীক্ষণ। দৃষ্টিকরণ,আলোচন,অবলোকন, দেখা।
বীক্ষণীয়, (বীক্ষণ দেখ+অনীয়র—র্ম্ম) বিং, ত্রিং, দেখিবার যোগ্য। দর্শনীয়।
বীক্ষিত, (বিক্ষণ দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, দৃষ্ট, অবলোকিত, নিরীক্ষিত। আলোচিত। সং, ক্লীং, দর্শন।
বীক্ষ্য, (বীক্ষণ দেখ,+যৎ—র্ম্ম) বিং, ত্রিং, দর্শনীয়। সং, ক্লীং, বিস্ময়। পুং, নৃত্যকারক। ঘোটক।
বীঙ্খা, (বি—ইন্‌খ্‌=গমনকরা+ঘঞ্‌—ভা) সং, স্ত্রীং, গমন, চলন, গতি, অগ্রগমন। নৃত্য। অশ্বের গতিবিশেষ।
বীচ, (বীজশব্দজ) সং, আঁঠি। ধান্যাদির চারা।
বীচালী, (বীচ—আলি=শ্রেণী) সং, ধান্যাদির শুষ্কতৃণসমূহ। খড়। বিচালী।
বীচি, (বে=বুনা+ঈচি—প্রং) সং, পুং, —স্ত্রীং, তরঙ্গ, ঢেউ। দীপ্তি, কিরণ। অবকাশ, বিশ্রাম,কান্তি। সুখ, আনন্দ। অল্প।
বীচিতরঙ্গন্যায়—ন্যায় (১৪) দেখ।
বীচিমালী, (বীচিমালিন্‌, বীচিমালা+ইন্‌—অস্ত্যর্থে) সং, পুং, সমুদ্র। সূর্য্য।

বীজ, ('বি=নানাবিধ—জন্=উৎপন্ন হওয়া+ড—পা, ই=ঈ।" কিম্বা বী, [ব্যে=আচ্ছাদন করা+কিপ্—প্রং] =আচ্ছাদন—জ=যে জন্মে) সং, ক্লীং, শস্যের বীজ। কারণ। শুক্র। তেজঃ। অব্যক্তগণিত, অঙ্কবিদ্যা। মন্ত্র। অঙ্কুর। শস্যাদির ফল। আধার, নিধি। তত্ত্ব।

বীজকোশ,—ষ (বীজ—কোষ=আধার) সং, পুং, পদ্মবীজাধার পাত্র, যাহাতে পদ্মবীজ থাকে।

বীজগণিত, সং, ক্লীং, যে শাস্ত্রে বর্ণমালার অক্ষরগুলিকে সংখ্যাস্বরূপ ধরিয়া এবং কতকগুলি সাঙ্কেতিক চিহ্ন ব্যবহার করিয়া রাশিবিষয়ক সিদ্ধান্ত সকল যুক্তিসহকারে সংস্থাপিত হয়। (Algebra)

বীজন, (বি—অজ্=ক্ষেপণ করা+অনট্—প্রং, অস্থানে ঈ) সং, ক্লীং, ব্যজন, পাখা। ব্যজনসাধন, চামরাদি। সঞ্চালন, বাতাস করা। বস্তু। পুং, চক্রবাক। চকোরপক্ষী। [প্রধান ব্যক্তি।

বীজপুরুষ, সং, পুং, আদিপুরুষ, বংশের

বীজপূর, (বীজ—পূর=যে পরিপূর্ণ হয়) সং, পুং, লেবুবিশেষ, ফলপূর।

বীজমাতৃকা, (বীজ—মাতৃকা=জননী) সং, স্ত্রীং, পদ্মবীজ। [পুং, ধান্যাদি শস্য।

বীজরুহ, (বিজ—রুহ=যে জন্মে) সং,

বীজসূ (বিজ—সূ=জননী) সং, স্ত্রীং, পৃথিবী, ধরা, ধরণী, রসা।

বীজাকৃত, (বীজ—কৃত, আ—আগম) বিং, ত্রিং, বীজবপনান্তর কৃষ্ট।

বীজাঙ্কুরন্যায়,———ন্যায় (২৮) দেখ।

বীজিত, (বীজ্=ব্যজন করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহাকে বাতাসকরা হইয়াছে।

বীজী, (বীজিন্, বীজ=শুক্র, বীর্য্য+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, মূলপুরুষ, বীজপুরুষ। পিতা। বিং, ত্রিং, বীজশালী।

বীজোদক, (বীজ=কারণ—উদক=জল) সং, ক্লীং, করকা, শিল।

বীজ্য, (বীজ+যৎ—জাতার্থে) বিং, ত্রিং, কুলোৎপন্ন, কোন বংশ হইতে উৎপন্ন। বীজসম্ভূত।

বীটিকা, বীটি, বীটী (বি—ইট=গমন-করা+ণক, আপ্) সং, স্ত্রীং, সজ্জিত তাম্বূল, পানের বীড়া, খিলী। বন্ধন।

বীণা, (বী=ক্ষেপণ করা ইত্যাদি+ন, আপ্—প্রং) সং, স্ত্রীং, সপ্ততন্ত্রীবিশিষ্ট বাদ্যযন্ত্র, বীণ। বিদ্যুৎ।

বীণাস্য, (বীণা—আস্য=মুখ, মূর্ত্তি) সং, পুং, নারদ মুনি, ইনি এই বাদ্যযন্ত্র সৃজন করিয়াছিলেন।

বীত, (বি—ই=ত্যাগকরা ইত্যাদি+ক্ত—প্রং) বিং, ত্রিং, পরিত্যক্ত। অতীত। অপগত। মুক্ত। বন্ধনযুক্ত। বিগত। নিবৃত্ত। সং, ক্লীং, অকর্ম্মণ্য হস্তী ও অশ্ব সৈন্য। পদ ও অঙ্কুশ দ্বারা আঘাত করিয়া হস্তীকে চালন। গোচারণস্থান।

বীতংস, বিতংস (বি—তন্স্=ভূষিত-করা+যঞ—প্রং। দীর্ঘ—বিকল্পে) সং, পুং, মৃগপক্ষিবন্ধনার্থ যন্ত্র, জাল, বাগুরা, পাশ, ফাঁদ।

বীতন, সং, পুং, দ্বিং, গলদেশের পার্শ্বদ্বয়।

বীতভয়, (বীত=বিগত—ভয়=শঙ্কা) বিং, ত্রিং, নির্ভয়, ভয়রহিত।

বীতমল, বিং, ত্রিং, নিষ্পাপ। নিষ্কলঙ্ক, নির্দোষ।

বীতরাগ, (বীত=বিগত—রাগ=অনুরাগ, স্পৃহা) বিং, ত্রিং, নিস্পৃহ, বিবেকী।

বীতি, (বীত দেখ,+ক্তি—ভা) সং, স্ত্রীং, নিবৃত্তি। মুক্তি। গতি। ভোজন। দীপ্তি। উৎপাদন। পরিষ্করণ। পুং, ঘোটক।

বীতিহোত্র, (বীতি=পুরোডাশাদি ভোজন নিমিত্ত—হোত্র=দেবগণ আহূত হন যে স্থানে) সং, পুং, অগ্নি, অনল। সূর্য্য, রবি।

বীথি, বীথী, বীথিকা (বিথ্—যাচ্ঞা করা+ই—প্রং, ই=ঈপ্। কণ্—যোগে

বীথিকা) সং, স্ত্রীং, শ্রেণী, সারি। উভয়পার্শ্বে বৃক্ষশ্রেণীযুক্ত পথ। নাটক-বিশেষ।

বীধ্র, (বি—ইন্ধ=দীপ্তিপাওয়া+রক্—প্রং। ন্—লোপ) বিং, ত্রিং, নির্ম্মল, পরিষ্কৃত। সং, পুং, বায়ু, সমীরণ। আকাশ, নভস্তল, গগণ।

বীনাহ, (বি-নহ্=বন্ধনকরা+ঘঞ্—প্রং) সং, পুং, কূপের মুখবন্ধন, কূপের আচ্ছাদন, মুখপাট।

বীপা, সং, স্ত্রীং, বিদ্যুৎ, চপলা, চঞ্চলা, তড়িৎ, সৌদামনী।

বীপ্সা, (বি—আপ্=ব্যাপা+স—ইচ্ছার্থে,+অপ্—ভা) সং, স্ত্রীং, যুগপৎ ব্যাপনেচ্ছা, এককালীন ব্যাপিয়া থাকিবার ইচ্ছা।

বীর, (বীর্=শৌর্য্য প্রকাশ করা+ক—ক) সং, পুং, শূর, বিক্রমশালী, বিক্রান্ত, পরাক্রান্ত। শৃঙ্গারাদি নয় রসের মধ্যে এক রস। ক্লীং, উশীর, বেণা। কুলাচারবিশেষ। অন্নের মণ্ড। বিং, ত্রিং, শ্রেষ্ঠ, প্রধান।

বীরজয়ন্তিকা, (বীর=শূর—জি=জয়করা+অন্ত—প্রং, কণ—যোগ) সং, স্ত্রীং, যুদ্ধস্থলে বীরদিগের নৃত্য।

বীরণ, (বি—ঈর্=গমনকরা+অনট্—নামার্থে) সং, ক্লীং, উশীরতৃণ, বেণাগাছ। ণী, স্ত্রীং, বক্রদৃষ্টি। গভীর স্থল।

বীরতরু, (বীর=শূর—তরু=বৃক্ষ) সং, পুং, অর্জ্জুন বৃক্ষ।

বীরপ্রসূ, বীরসূ (বীর=শূর—প্রসূ, সূ=যে প্রসব করে, ২য়া—ষ) সং, স্ত্রীং, বীরপ্রসবিনী, বীরজননী, বীরমাতা।

বীরভদ্র, (বীর=শূর—ভদ্র=শ্রেষ্ঠ, ৬ষ্ঠী—ষ) সং,পুং, অশ্বমেধের ঘোড়া। রুদ্রবিশেষ। শিবের অনুচরবিশেষ। বীরশ্রেষ্ঠ। শিব বলিতেছেন "মহাবীরোঽসি রে ভদ্র মম সর্ব্বগণেষ্বিহ বীরভদ্রাখ্যয়া হি ত্বং প্রথিতিং পরমাং ব্রজ। কুরু মে সত্বরং কার্য্যং দক্ষযজ্ঞক্ষয়ং নয়"।

বীররজস্, সং, ক্লীং, সিন্দূর।

বীররেণু, (বীর=শূর—রেণু=ধূলি) সং, পুং, ভীমসেন।

বীরবৎসা, (বীর=শূর—বৎস। বীর যাহার বৎস অর্থাৎ ছেলিয়া) সং, স্ত্রীং, বীরের মাতা।

বীরবাহু, সং, পুং, রাক্ষসবিশেষ, রাবণের পুত্র। বিষ্ণু।

বীরবিপ্লাবক, (বীর=যজ্ঞাগ্নি—বি—প্লু=গমনকরা+ণক—প্রং) সং, পুং, যে ব্রাহ্মণ শূদ্রদত্ত দ্রব্যাদি দ্বারা হোম করে। [সং, পুং, নলরাজার পিতা।

বীরসেন, (বীর=শূর—সেনা, ৬ষ্ঠী—হিং)

বীরহা, (বীরহন্, বীর=যজ্ঞাগ্নি—হন্=যে নাশ করে) বিং, ত্রিং, বীরনাশক। সং,পুং, নষ্টাগ্নি ব্রাহ্মণ, প্রমাদ বা কারণান্তরবশতঃ যে সাগ্নিক ব্রাহ্মণের যজ্ঞাগ্নি নির্ব্বাণ হইয়াছে।

বীরা, (বীর দেখ,+অচ্—আপ-প্রং) সং, স্ত্রীং, পতিপুত্রবতী নারী। মদিরা।

বীরাশংসন, (বীর=শূর—আ—শন্স্=স্তবকরা+অনট্—ভা) সং, ক্লীং, অতিশয় ভয়প্রদ যুদ্ধভূমি।

বীরাসন, (বীর=শূর—আসন, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, জয়সাধন উপবেশনবিশেষ, একপাদ উরুতে স্থাপন করিয়া অপর পাদ অন্য উরুতে সংস্থাপন।

বীরুধ, বীরুধা (বি—রুধ্=আবরণ করা+ক্বিপ্, আপ্—প্রং। ই স্থানে ঈ) সং, স্ত্রীং, বল্লী, লতা, বল্লরী।

বীরেশ্বর, (বীর—ঈশ্বর=প্রধান,প্রভু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বীরভদ্র। প্রধান বীর।

বীর্য্য, (বীর+যৎ-ভাবে,কর্ম্মণি) সং, ক্লীং, বীরত্ব, শৌর্য্য, বল। গৌরব। প্রতাপ, তেজঃ। প্রভাব। সার। শুক্র, রেতঃ। বীজ।

বীর্য্যবান্, (বীর্য্যবৎ, বীর্য্য=বল+বৎ—অস্ত্যর্থে) সং,ত্রিং,বীর্য্যবিশিষ্ট, বলবান্।

বীবধ, বিবধ (বি—বধ্=বন্ধনকরা+

অচ্—প্রং) সং, পুং, ধান্যাদি প্রাপ্তি। ধান্যাদি লইয়া যাওয়া। ক্ষীরাদির ভার। পথ, অধ্ব। বার্ত্তা, সংবাদ, সন্দেশ।
বীবর, সং, স্বনামপ্রসিদ্ধ জন্তুবিশেষ। (Beaver)
বীহার, (বিহার দেখ) সং, পুং, পবিত্র মন্দির, বিশেষতঃ বৌদ্ধ মন্দির। বিহার। ক্রীড়া
বুজন, (দেশজ) সং, মুদিত হওন। ছিদ্রাদি রোধকরণ। [য়ঙ্গম করণ।
বুঝন, (দেশজ) সং, জ্ঞাত হওন, হৃদ-
বুট (দেশজ) সং, কলাই-বিশেষ, ছোলা।
বুড়া, (দেশজ) বিং, বৃদ্ধ, প্রাচীন।
বুনন, (দেশজ) সং, বস্ত্রনির্ম্মাণ, বপন, বোনা। [তিন যব।
বুরুল, (দেশজ) সং, যবত্রয় পরিমাণ,
বুলি, (দেশজ) সং, কাকা, কথা, ভাষা
বুষ, বুস (বুস্=ত্যাগকরা+ক — প্রং) সং, ক্লীং, কুঁড়া, তুষ। তুচ্ছধান্য, আগড়া।
বৃংহণ, (বৃন্হ=সমৃদ্ধ হওয়া+অনট্—ভা) বিং, ত্রিং, পুষ্টিকারক।
বৃংহিত, (বৃন্হ=শব্দকরা, সমৃদ্ধ হওয়া+ক্ত—ভ) সং, ক্লীং, করিগর্জ্জন, হাতীর শব্দ বিং ত্রিং, পুষ্ট।
বৃক, (বৃক্=গ্রহণকরা+ক—প্রং, কিম্বা বৃ=আবরণকরা+কক্—প্রং) সং, পুং, নেকড়িয়া বাঘ। তরক্ষু, দ্বিপী। কাক, বায়স, বলিভুক্, ধাঙ্খ। জঠরাগ্নি।
বৃকদংশ, (বৃক=নেকড়িয়া বাঘ—দংশ= যে দংশন করে, ২য়া—ষ) সং, পুং, কুক্কুর, সারমেয়, শ্বা, গ্রামসিংহ।
বৃকধূপ, (বৃক=ব্যাঘ্র—ধূপ) সং, পুং, নানা সুগন্ধি দ্রব্যে প্রস্তুত ধূপ। সরল বৃক্ষের রস, টার্পিন্।
বৃকধূর্ত্ত, (বৃক=নেকড়িয়া বাঘ—ধূর্ত্ত) সং, পুং, শৃগাল, শিয়াল, গোমায়ু, বামরুত, যামঘোষ, শিবা।
বৃকারাতি, বৃকারি (বৃক—নেকড়িয়া বাঘ —অরাতি, অরি=শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কুক্কুর, কুকুর।
বৃকোদর, (বৃক=অগ্নি—উদর=পেট, ৬ষ্ঠী—হিং, 'বৃক নামে অগ্নি উদরে আছে বলিয়া ভীমের নাম বৃকোদর হইয়াছে) সং, পুং, ভীম, মধ্যম পাণ্ডব, "যস্য তীক্ষ্ণো বৃকোনাম জঠরে হব্যবাহনঃ। ময়া দত্তঃ স ধর্ম্মাত্মা তেন চাসৌ বৃকোদরঃ"।
বৃক্ন, (ব্রশ্চ্=ছেদনকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ছিন্ন, লূন। কাটা, ছেঁড়া।
বৃক্ষ, (বৃক্ষ=বেষ্টন করা+ঘঞ—প্রং, কিম্বা ব্রশ্চ্=ছেদনকরা+স—প্রং, ছেদন করিলেও যাহা জন্মে) সং, পুং, তরু, পাদপ, শাখী, বিটপী, দ্রুম, গাছ, মহীরুহ।
বৃক্ষক, (বৃক্ষ দেখ,+কন্=হ্রস্বার্থে) সং, পুং, ক্ষুদ্রবৃক্ষ, ছোট গাছ। গুল্ম। বৃক্ষমাত্র।
বৃক্ষচর, (বৃক্ষ=গাছ—চর=যে গমন করে) সং, পুং, কপি, বানর, শাখামৃগ, মর্কট, হরি, প্লবঙ্গ। [পুং, বৃক্ষের ছায়া।
বৃক্ষচ্ছায়, (বৃক্ষ=গাছ—ছায়া) সং,
বৃক্ষধূপ, (বৃক্ষ=গাছ—ধূপ) সং, পুং, শ্রীবেষ্ট, টার্পিন্।
বৃক্ষনাথ, বৃক্ষপাক, (বৃক্ষ—নাথ= প্রভু। বৃক্ষ—পাক=যে পরিপাক করে) সং, পুং, বটবৃক্ষ, পিপ্পল, ন্যগ্রোধ, চলদল, কুঞ্জরাশন, বটগাছ।
বৃক্ষবাটিকা, (বৃক্ষ—বাটিকা=আবৃতস্থান, ৬ষ্ঠী—ষ। বৃক্ষদ্বারা আবৃত থাকায় যাহা বাটীর ন্যায় বোধ হয়) সং, স্ত্রীং, উপবন, বাগানবাড়ী। নিকুঞ্জ; "বৃক্ষবাটিকায়ামালাপ ইব শ্রূয়তে" কাং।
বৃক্ষভবন, (বৃক্ষ—ভবন=বাসস্থান) সং, ক্লীং, বৃক্ষের কোটর।
বৃক্ষভিদ্, (বৃক্ষ—ভিদ্=যে ভেদ অর্থাৎ কর্ত্তন করে, ২য়া—ষ) সং, স্ত্রীং, অস্ত্রবিশেষ, বাইশ।
বৃক্ষভেদী, (বৃক্ষভেদিন্, বৃক্ষ—ভেদিন্= যে ভেদ অর্থাৎ কর্ত্তন করে) সং, পুং, অস্ত্রবিশেষ, বাটালি। টাঙ্গী।

বৃক্ষমর্কটিকা, (বৃক্ষ—মর্কট=বানর+কন্ —তুল্যার্থে) সং, স্ত্রীং, কাঠ্‌বিড়াল।

বৃক্ষাদন, (বৃক্ষ—আদন=ভক্ষণীয়) সং, পুং, কুঠার, বাইশ। অশ্বত্থ বৃক্ষ।

বৃক্ষাম্ল, (বৃক্ষ—অম্ল=টক) সং, ক্লীং, তেঁতুল, তিন্তিড়ী। পুং, আমড়াগাছ।

বৃক্ষালয়, (বৃক্ষ—আলয়=বাসস্থান) সং, পুং, পক্ষী, বিহঙ্গ, পতত্রী, বিষ্কির।

বৃজন, বৃজিন (বৃজ্=ত্যাগকরা+অনট্ =ইন্—প্রং) সং,ক্লীং, পাপ। অপরাধ। ক্লেশ। রাঙাচামড়া। আকাশ। পুং, কেশ, চুল, কচ। বিং,ত্রিং,কুটিল,বক্র।

বৃণ্বৎ, (বৃ=বরণ করা, প্রার্থনাকরা+অৎ—ক) বিং, ত্রিং, ব্যাপনশীল। গমনশীল। বরণশীল।

বৃত, (বৃ=বরণকরা, আচ্ছাদন করা, প্রার্থনাকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, কর্ম্ম করণার্থ নিযুক্ত। আচ্ছাদিত। প্রার্থিত।

বৃতি, (বৃ=আবরণকরা+ক্তি—ভা, ণ) সং, স্ত্রীং, নিয়োগ। আবরণ। বেষ্টন, বেড়া। বরণ, কর্ম্মকরণার্থ নিয়োগ।

বৃত্ত, (বৃৎ=বর্ত্তমান থাকা ইত্যাদি+ক্ত—প্রং) বিং,ত্রিং, জাত। অতীত। মৃত। দৃঢ়। বর্ত্তুল,গোলাকার। নিযুক্ত। আচ্ছাদিত। অভ্যস্ত। অধীত,সংখ্যাত। অপ্রতিহত। পুং, কচ্ছপ। ক্লীং,চরিত্র। ছন্দঃ। বর্ত্তন, থাকা; ন্যায়পূর্ব্বক অর্থোপার্জ্জন, অর্থপালন, অর্থবর্দ্ধন এবং সৎপাত্রে দান—এই চতুর্ব্বিধ। যে গোলাকার ক্ষেত্রের ঠিক মধ্যস্থল হইতে সীমাপর্য্যন্ত দুই বা অধিক সরল রেখা টানিলে সকলেই পরস্পর সমান হয়। (Circle .)

বৃত্তগন্ধি, সং, ক্লীং, গদ্যবিশেষ।

বৃত্তসূচী,—উপর্য্যুপরি স্থাপিত বৃত্তসমূহ।

বৃত্তস্থ, (বৃত্ত=চরিত্র—স্থ=যে থাকে) বিং, ত্রিং, সচ্চরিত্র। বৃত্তক্ষেত্রস্থিত।

বৃত্তাধ্যয়নর্দ্ধি, (বৃত্ত=আচরণ—অধ্যয়ন =পঠন—ঋদ্ধি=সমৃদ্ধি, সম্পত্তি) সং, স্ত্রীং, ব্রহ্মবর্চ্চস, বেদোক্ত আচারপালন ও বেদাধ্যয়নরূপ সম্পত্তি।

বৃত্তান্ত, (বৃত্ত=চরিত্র ইত্যাদি—অন্ত =শেষ, অথবা বৃত্ত=জাত—অন্ত=নির্ণয় ৫মী—হিং) সং, পুং, বার্ত্তা, সংবাদ। বিবরণ। সন্দেশ। ইতিবৃত্ত। প্রকার। অবকাশ। সম্পূর্ণ ঘটনা। সুবিধা। প্রস্তুত বিষয়। গল্প। গুণ। প্রকৃতি। নির্জ্জন।

বৃত্তাভাস,—বৃত্তের ন্যায় গোলাকার।

বৃত্তি, (বৃত্ত=বেষ্ট,+ক্তি—ভা) সং, স্ত্রীং, জীবিকা। আহার। ভোজন। জীবন। ব্যবসায়। দর্শনাদি ব্যাপার। প্রবৃত্তি। স্থিতি। স্বভাব। নাটকের ক্রিয়াবিশেষ। ব্যাখ্যান গ্রন্থ। গোলাকার ক্ষেত্রের পরিধি। আকারান্তর প্রাপ্তি। ব্যবহার। ব্যাপ্তি। বর্ণরচনা। মনোবৃত্তি। মানসিক শক্তি, মনোনিষ্ঠ ধর্ম্ম, (Faculty .)

বৃত্য, (বৃ=বরণকরা+ক্যপ্—র্ম্ম। ৎ —আগম) বিং, ত্রিং, বরণ করিবার যোগ্য। বরণীয়।

বৃত্র, (বৃৎ=বর্ত্তমান থাকা+রক্—নামার্থে) সং, পুং, অসুর বিশেষ। মন্ত্র। শব্দ। শত্রু। অন্ধকার। পর্ব্বতবিশেষ। ইন্দ্র। মেঘ।

বৃত্রদ্বিট্, বৃত্রারি, (বৃত্রদ্বিষ্, বৃত্র=অসুরবিশেষ—দ্বিষ্, অরি=শত্রু ৬ষ্ঠী—ষ) সং, পুং, ইন্দ্র, আখণ্ডল, শতক্রতু, সহস্রলোচন, পাকশাসন, দেবরাজ, বজ্রী।

বৃত্রহা, (বৃত্রহন্, বৃত্র=অসুরবিশেষ—হন্ =যে বধ করে, ২য়া—ষ। অথবা বৃত্র —হন্=বধকরা+ক্বিপ্—ক, ভূতকাল) সং, পুং, ইন্দ্র। দেবরাজ।

বৃথা, (বৃ=বরণকরা+থাক্—প্রং) অং, নিষ্ফল। নিরর্থক। "বৃথা বৃষ্টিঃ সমুদ্রস্য তৃপ্তস্য ভোজনং বৃথা। বৃথা দানং সমৃদ্ধস্য নীচস্য সুকৃতং বৃথা॥"

বৃদ্ধ, (বৃধ্=বর্দ্ধিত হওয়া+ক্ত—ক)

বিং, ত্রিং, প্রাচীন, বুড়া, স্থবির। জ্যেষ্ঠ। বৃহৎ। বৃদ্ধিযুক্ত। পণ্ডিত। দ্ধা—স্ত্রীং, গতযৌবনা, প্রাচীনা, বুড়ী। অঙ্গুষ্ঠ, বুড়ো আঙুল। "আশোড়শাদ্ভবেদ্বালা তরুণী ত্রিংশকাৎ মতা, পঞ্চপঞ্চাশতঃ প্রৌঢ়া ভবেদ্বৃদ্ধা ততঃ পরম্" ॥

বৃদ্ধত্ব, (বৃদ্ধ+ত্ব—ভাবে) সং, ক্লীং, বার্দ্ধক্য, বৃদ্ধাবস্থা, প্রাচীনতা, "বৃদ্ধত্বং জরসা বিনা" রং, ।

বৃদ্ধনাভি, (বৃদ্ধ=বৃহৎ—নাভি) বিং, ত্রিং, উন্নতনাভি, তুণ্ডিল।

বৃদ্ধপ্রপিতামহ, (বৃদ্ধ=বুড়া—প্রপিতামহ =পিতামহের পিতা) সং, পুং, হী—স্ত্রীং, প্রপিতামহের পিতা বা মাতা।

বৃদ্ধপ্রমাতামহ, (বৃদ্ধ=বুড়া—প্রমাতামহ =মাতামহের পিতা) সং, পুং, হী—স্ত্রীং, প্রমাতামহের পিতা বা মাতা।

বৃদ্ধভাব, (বৃদ্ধ—ভাব) সং, পুং, বৃদ্ধত্ব, বৃদ্ধাবস্থা, বার্দ্ধক্য, জরা।

বৃদ্ধশ্রবা, (বৃদ্ধশ্রবস্, বৃদ্ধ=বৃহৎ—শ্রবস্= কর্ণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ইন্দ্র, শক্র, দেবরাজ, আখণ্ডল।

বৃদ্ধসূত্রক, (বৃদ্ধা=বুড়ী—সূত্র=সুতা+ কন্—প্রং) সং, ক্লীং, ইন্দ্রতুল, বুড়ীর সুতা।

বৃদ্ধি, (বৃধ দেখ,+ক্তি—ভা) সং, স্ত্রীং, অভ্যুদয়, উন্নতি, বাড়। বিস্তার। যোগ-বিশেষ। সুদ। সম্পত্তি। আধিক্য।

বৃদ্ধিজীবী, (বৃদ্ধিজীবিন্, বৃদ্ধি=সুদ—জীবিন্=যে জীবিকা নির্ব্বাহ করে) সং, পুং, বৃদ্ধ্যাজীব, সুদখোর।

বৃদ্ধিশ্রাদ্ধ, (বৃদ্ধি=অভ্যুদয় নিমিত্ত—শ্রাদ্ধ) সং, ক্লীং, আভ্যুদয়িক শ্রাদ্ধ।

বৃদ্ধোক্ষ, (বৃদ্ধ=বুড়া—উক্ষ=বৃষ, সং—স) সং, পুং, বুড়ো ষাঁড়।

বৃদ্ধ্যাজীব, (বৃদ্ধি=সুদ—আজীব=জীবিকা, ৬ষ্ঠী—হিং,) সং, পুং, বার্দ্ধুষিক, বৃদ্ধিজীবী, সুদখোর।

বৃন্ত, (বৃ=আবরণকরা+ক্ত—প্রং, ন্—আগম) সং, ক্লীং, ফল পুষ্প পত্রাদির বোঁটা। কুচাগ্র, স্তনের বোঁটা। জল-পাত্র রাখিবার বিঁড়ে।

বৃন্তাক, (বৃন্ত=বোঁটা—অক্=গমনকরা +অচ্—প্রং) সং, পুং—স্ত্রীং, বার্ত্তাকু, বেগুণ।

বৃন্দ, (বৃণ্=প্রীতকরা+দ—প্রং) সং, ক্লীং, সমূহ। পুং, সংখ্যাবিশেষ, দশ অর্ব্বুদ। ন্দা—স্ত্রীং, রাধিকার সখী-বিশেষ। তুলসী বৃক্ষ। রাধা।

বৃন্দার, (বৃন্দ=সমূহ+আরক্—প্রং) বিং, ত্রিং, মনোজ্ঞ, সুন্দর। প্রীতিকর, আনন্দজনক। খ্যাত, যশস্বী।

বৃন্দারক, (বৃন্দ=সমূহ+আরকন্—প্রং) সং, পুং, দেবতা। দলপতি। বিং, ত্রিং, মনোজ্ঞ, সুন্দর। প্রধান, শ্রেষ্ঠ। আনন্দ-জনক, তৃপ্তিকর। উৎকৃষ্ট, সর্ব্বোত্তম। অধিক, বৃহৎ। খ্যাত, যশস্বী।

বৃন্দাবন, (বৃন্দা=কেদার নৃপতির কন্যা কিম্বা রাধা—বন=অরণ্য, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, স্বনামখ্যাত তীর্থবিশেষ, মথুরা-সমীপস্থ বনবিশেষ। "বৃন্দা যত্র তপস্তেপে তত্তু বৃন্দাবনং স্মৃতং। বৃন্দা যত্র কৃতা ক্রীড়া তেন বা মুনিপুঙ্গব। রাধা ষোড়ষনাম্নাঞ্চ বৃন্দা নামশ্রুতৌ শ্রুতং। তস্যাঃ ক্রীড়াবনং রম্যং তেন বৃন্দাবনং স্মৃতং। গোলকে প্রীতয়ে তস্যাঃ কৃষ্ণেণ নির্ম্মিতং পুরা। ক্রীড়ার্থং ভুবি তন্নাম্না বনং বৃন্দাবনং স্মৃতং"।

বৃন্দাবনেশ্বর, (বৃন্দাবন—ঈশ্বর=প্রভু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কৃষ্ণ, নন্দনন্দন, গোপাল, বংশীধর, গোপীনাথ, কংসারি, রী—স্ত্রীং, রাধা।

বৃন্দিষ্ঠ, বৃন্দীয়ান্, (বৃন্দীয়স্, বৃন্দারক= প্রধান, দেবতা+ইষ্ঠন্, ঈয়সুন্—অত্যর্থে। বৃন্দারক স্থানে বৃন্দ) বিং, ত্রিং, অতি সুন্দর। সর্ব্বশ্রেষ্ঠ। অতি মুগ্ধকর। অতি উত্তম। অতি উচ্চপদস্থ। অতি বিখ্যাত। অতি সম্ভ্রান্ত।

বৃশ, (বৃ=বরণকরা+শক্—প্রং) সং, পুং,মূষিক, ইঁন্দুর, আখু। পুষ্পবিশেষ। ঔষধ। ক্লীং, আদ্রক, আদা।

বৃশ্চিক, (ব্রশ্চ=ছেদনকরা+কিকন্—প্রং। ব্র=স্থানে বৃ) সং, পুং, বিছা। শুয়া পোকা। কর্কট। গুবরে পোকা। কাঁটা গাছ। অষ্টম রাশি। অগ্রহায়ণ মাস। [শ্রেণী) সং, স্ত্রীং, বিছুটীর গাছ।

বৃশ্চিকালী, (বৃশ্চিক=বিছা—আলী=

বৃষ, (বৃষ্=প্রভু হওয়া, বর্ষণকরা+ক—প্রং) সং, পুং, ষাঁড়, অনড্বান্, উক্ষ, বলীবর্দ্দ। রাধাতনয়, কর্ণ। কন্দর্প। বলবান্ মনুষ্য, মল্ল। ময়ুরপিচ্ছ। গৃহ-নির্ম্মাণোপযুক্ত নির্ণীত ভূমিখণ্ড। দ্বিতীয় রাশি। ধর্ম্ম। চতুর্ব্বিধ পুরুষের অন্তর্গত পুরুষবিশেষ, শুক্রল পুরুষ। ইন্দ্র। মূষিক। বিষ্ণু। শত্রু। (শব্দের পরবর্ত্তী হইলে) শ্রেষ্ঠ।

বৃষণ, (বৃষ্=বর্ষণকরা+অনট্—প্রং) সং, পুং, অণ্ডকোষ, মুষ্ক।

বৃষদংশক, (বৃষ=মূষিক—দংশক=দংশন-কারী) সং, পুং, বিড়াল, মার্জ্জার।

বৃষধ্বজ, (বৃষ=ষাঁড়, মূষিক ইত্যাদি—ধ্বজ=চিহ্ন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিব। গণেশ। পুণ্যবান্ ব্যক্তি।

বৃষপর্ব্বা, (বৃষপর্ব্বন্, বৃষ=ষাঁড়—পর্ব্বন্=গ্রন্থি) সং, পুং, শিব। দৈত্যবিশেষ। বোলতা। তৃণবিশেষ।

বৃষভ, (বৃষ দেখ+অভচ্—প্রং) সং, পুং, বৃষ, ষাঁড়, বলীবর্দ্দ, অনড্বান্, উক্ষ। (শব্দের পরবর্ত্তী হইলে) শ্রেষ্ঠ। ভী—বিধবা স্ত্রী। কর্ণশষ্কুলী। হস্তীর কর্ণ। ঔষধ। দ্রব্যবিশেষ, ঋষভ।

বৃষভগতি, বৃষভধ্বজ (বৃষভ=ষাঁড়—গতি=গমন; ধ্বজ=চিহ্ন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিব, মহাদেব।

বৃষভানু, সং, পুং, রাধিকার পিতা।

বৃষভাষা, (বৃষ=শিবের ষাঁড়—ভাস্=দীপ্তি+আ—যোগ) সং,স্ত্রীং, অমরা-বতী, ইন্দ্রপুরী, অলকা।

বৃষল, (বৃষ=বর্ষণকরা+কল—প্রং) সং, পুং, শূদ্র। অশ্ব। রাজা। চন্দ্রগুপ্ত। লশুন। পাপী। দুষ্কর্ম্মান্বিত। বিং, ত্রিং, অধার্ম্মিক, পাপিষ্ঠ।

বৃষলী, (বৃষল+ঈপ্—প্রং) সং, স্ত্রীং, নীচ স্ত্রী। শূদ্রা। দ্বাদশবর্ষবয়স্কা ঋতু-মতী অবিবাহিতা কন্যা। বন্ধ্যা। ঋতু-মতী স্ত্রী। মৃতসন্তানপ্রসবকারিণী স্ত্রী।

বৃষলোচন, (বৃষ=ষাঁড়—লোচন=নেত্র) সং, পুং, মূষিক, ইন্দুর, আখু।

বৃষবাহন, (বৃষ=ষাঁড়—বাহন=যান) সং, পুং, শিব। [পুং, বিষ্ণু।

বৃষশত্রু, (বৃষ=কর্ণ—শত্রু, ৬ষ্ঠী—ষ) (সং,

বৃষস্যন্তী, (বৃষস্য, [বৃষ=পুরুষবিশেষ, ষাঁড়+ক্যচ্—ইচ্ছার্থে; স—আগম]=বৃষে-চ্ছা করা+শতৃ—ক, ঈপ্—প্রং) সং, স্ত্রীং,কামুকী। বৃষার্থিনী গবী। "লক্ষণং সা বৃষস্যন্তী মহোক্ষং গৌরিবাগমৎ। মন্মথায়ুধসম্পাতব্যথ্যমানমতিঃ পুনঃ" ভট্টিঃ।

বৃষা, (বৃষন্, বৃষ্=বর্ষণকরা+কনিন্—প্রং) সং, পুং, ইন্দ্র। কর্ণ। দুঃখ। যাতনাজন্য অচৈতন্য। ষাঁড়। ঘোটক।

বৃষাকপায়ী, (বৃষাকপি=বিষ্ণু ইত্যাদি+ঈপ্। আনুক্, আগম—প্রং) সং, স্ত্রীং, লক্ষ্মী,কমলা,পদ্মা,রমা। গৌরী,গিরিজা, অপর্ণা,অম্বিকা,পার্ব্বতী। স্বাহা। শচী।

বৃষাকপি, (বৃষ=ধর্ম্ম—অ=না-কপ্=কাঁপা+ই—প্রং) সং, পুং, কৃষ্ণ, নারায়ণ, বিষ্ণু। শিব। অগ্নি। ইন্দ্র।

বৃষাঙ্ক, (বৃষ=ষাঁড়—অঙ্ক=চিহ্ন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বৃষধ্বজ, শিব। ধার্ম্মিক ব্যক্তি। নপুংসক, অন্তঃপুররক্ষক, বর্ষ-বর। ভেলার গাছ। শিখী, বর্হী, ময়ূর।

বৃষাঙ্কজ, (বৃষাঙ্ক=শিব—জ=জাত, কৃত) সং, পুং, ডমরুবাদ্য।

বৃষাঞ্চন, } (বৃষ=ষাঁড়—অঞ্চন=গতি।
বৃষাণক, } বৃষ=ষাঁড়—ন্=অহওয়া

এবং কন্‌—প্রং) সং, পুং, শিব।
বৃষান্তক, (বৃষ=ধর্ম্ম—অন্ত=শেষ+কণ্‌—প্রং) সং, পুং, বিষ্ণু, নারায়ণ।
বৃষায়ণ, সং, পুং, চটক, চড়ুই পাখী।
বৃষাহার, (বৃষ=মূষিক—আহার=ভক্ষ্য-বস্তু) সং, পুং, বিড়াল, মার্জ্জার।
বৃষি, বৃষী, (বৃষ দেখ+ইনি=প্রং,) স্ত্রীং, ব্রতীদিগের কুশাদি-নির্ম্মিত আসন।
(বৃষিন্‌, বৃষ=ময়ূরপুচ্ছ+ইনি—অস্ত্যর্থে) সং, পুং, ময়ূর। বৃদ্ধ।
বৃষ্ট, (বৃষ্‌=বর্ষণকরা+ক্ত—র্ম্ম, ক) বিং, ত্রিং, সিক্ত। যাহাতে বর্ষণ হয়। বর্ষণ-কারী, যাহা বর্ষণ করিয়াছে।
বৃষ্টি, (বৃষ্ট দেখ+ক্তি—ভা) সং, স্ত্রীং, বর্ষণ, মেঘ হইতে জল পতন। বৃষ্টজল।
বৃষ্টিজীবন, (বৃষ্টি=বর্ষণ—জীবন=বাঁচন) বিং, ত্রিং, বৃষ্টিজল দ্বারা উৎপন্ন শস্যে পালিত দেশ। [সং, পুং, ভেক, মণ্ডূক।
বৃষ্টিভু, (বৃষ্টি=বর্ষণ—ভূ=হওন, জাত) বৃষ্টিমানযন্ত্র, যে যন্ত্রে বৃষ্টির পরিমাণ নিরূপিত হয় (Pluviometer.)
বৃষ্ণি, (বৃষ্‌=বর্ষণকরা+নি—প্রং) সং, পুং, যদুবংশ। কৃষ্ণ। মেষ। জ্যোতিঃ। ইন্দ্র। অগ্নি। বায়ু। ক্রুদ্ধ।
বৃষ্ণিগর্ভ, সং, পুং, কৃষ্ণ।
বৃহচ্ছল্ক, (বৃহৎ=বড়—শল্ক=আঁইস) সং, পুং, চিঙ্গড়ী মাছ।
বৃহৎ, (বৃহ=বৃদ্ধিপাওয়া+অতি—প্রং) বিং, ত্রিং, বিপুল, বড়, প্রকাণ্ড।
বৃহতিকা, (বৃহতী দেখ+কন্‌—যোগ) সং, স্ত্রীং, উত্তরীয়বস্ত্র, চাদর। কণ্টকারীর গাছ।
বৃহতী, (বৃহ্‌=বৃদ্ধিপাওয়া+অতি, ঈপ্‌—প্রং) সং, স্ত্রীং, ক্ষুদ্রবার্ত্তাকী, ব্যাকুড়, কণ্টকারী। বিশ্বাবসুর বীণা। ছন্দো-বিশেষ। মহতী। উত্তরীয় বস্ত্র। বাক্য।
বৃহতীপতি, (বৃহতী=বাক্য—পতি=প্রভু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বাচস্পতি, বৃহস্পতি।
বৃহদ্গৃহ, (বৃহৎ=বড়—গৃহ=ঘর। বৃহদ্‌গুহ শব্দও হয়। গুহ শব্দের অর্থ গহ্বর। এই দেশ পর্ব্বতময় হওয়াতে ইহার লোকেরা পর্ব্বত গুহায় বাস করিত বলিয়া) সং, পুং, মালবদেশের নিকট বর্ত্তী দেশ, কারুষ দেশ।
বৃহদ্গোল, (বৃহৎ=বড়—গোল=গোলা-কৃতি বা বর্ত্তুল) সং, ক্লীং, তরমুজ, শীর্ণবৃন্ত।
বৃহদ্ভানু, (বৃহৎ=বড়—ভানু কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অগ্নি। সূর্য্য।
বৃহদ্রথ, (বৃহৎ=বড়—রথ) সং, পুং, ইন্দ্র। জরাসন্ধের পিতা। যজ্ঞপাত্র। মন্ত্রবিশেষ। সামবেদের অংশ।
বৃহদ্রাবী, (বৃহদ্রাবীন্‌, বৃহৎ=বড়, অতিশয়—রাব=ধ্বনি+ইন্‌—অস্ত্যর্থে) সং, পুং, ক্ষুদ্রপেচক।
বৃহন্নল, (বৃহৎ=বড়—নল=নলবৃক্ষ) সং, পুং, লা—স্ত্রীং, ক্লীবরূপী অর্জ্জুন। পুং, দীর্ঘ নলবৃক্ষ, বড় নলগাছ। বাহু।
বৃহস্পতি, (বৃহৎ=বড়—পতি=প্রভু, ৬ষ্ঠী—ষ, ৎ—লোপ, স্‌—আগম। অথবা বৃহতী=বাক্য—পতি, ৬ষ্ঠী—ষ, নিপাতন) সং, পুং, গুরু, সুরাচার্য্য, দেবগুরু। [ধর্ম্মশাস্ত্রবিশেষ।
বৃহস্পতিসূত্র, সং, ক্লীং, বৌদ্ধদিগের
বেআরাম, (যবনভাষা) সং, রোগ, অস্বাস্থ্য। [বিবরণ।
বেওরা, (বিবরণ শব্দজ) সং, বৃত্তান্ত,
বেঁকা, বাঁকা (বক্র শব্দজ) বিং, বক্র, বাঁকা, অসরল।
বেঁটে, বেঁটিয়া (দেশজ) বিং, খর্ব্ব, হ্রস্ব, খাট, বামন। [স্থূল রহিত।
বেঁড়ে, (বণ্ডশব্দজ) বিং, পুচ্ছহীন, লা-
বেকট, সং, পুং, তরুণ, যুবা। মণিবিক্রেতা, জহুরী। ভেটকিমাছ। বিদূষক।
বেগ, (বীজ্‌=গমন করা+ঘঞ্‌—ভা) সং, পুং, মূর্ত্তপদার্থে উৎপন্ন শীঘ্রতারূপ সংস্কারবিশেষ। ত্বরা, শীঘ্রতা। মূত্র বিষ্ঠাদির নির্গমপ্রবৃত্তি। প্রবাহ।

আনন্দ, আহ্লাদ। দৃঢ়প্রতিজ্ঞা, উদ্যম। প্রণয়। শুক্র। আম্র বিশেষ। বাণগতি।

বেগড়া, (দেশজ) বিং, নষ্ট, বিকৃত, দুষ্ট।

বেগনাশন, (বেগ=কার্য্যতৎপরতা—নাশন=যে নাশ করে [স্থূলত্ব হেতু]) সং, পুং, শ্লেষ্মা, কফ।

বেগবল, যে বস্তু যত বলে প্রযুক্ত হয় সেই বস্তুর তদনুরূপ বেগ।

বেগম, (যবনভাষা) সং, রাজ্ঞী, রাণী, রাজমহিষী।

বেগবান্, (বেগবৎ, বেগ+বৎ—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বেগবিশিষ্ট, ত্বরান্বিত। জঙ্গম।

বেগসর, (বেগ—সর=যে গমন করে) সং, পুং, খচর, অশ্বতর, বেসর।

বেগার, (দেশজ) সং, বেতনহীন কার্য্য, অনর্থক শ্রম।

বেগিত, বেগী (বেগিন্, বেগ+ইত, ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বেগবান্, ত্বরান্বিত। চলিত, চালিত।

বেগুণ, (বঙ্গন শব্দজ) সং, বার্ত্তাকু, বার্ত্তাকী।

বেচন, (দেশজ) সং, বিক্রয়করণ, মূল্য গ্রহণপূর্ব্বক অর্পণ। [স্ত্রীং, বেতন, ভাড়া।

বেচা, (বিচ্=প্রভেদ করণ+অঙ্ আপ্)

বেজিত, (বিজ্=ভীত হওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, ভীত, ত্রস্ত, চকিত। ভয়প্রাপিত। ভয়কম্পিত। ক্লেশিত।

বেজী, (দেশজ) সং, নকুল, নেউল, বেঁজী।

বেটা, (দেশজ) সং, পুত্র, সুত, সন্তান, আত্মজ। তনয়, তনুজ। [পাটের দড়ী।

বেট্যা, (বট শব্দজ) সং, রশি, রজ্জু,

বেড়, (বেষ্ট শব্দজ) সং, বেষ্টন, বৃত্তি, ঘেরা।—ড়ী, শৃঙ্খল, পাদবন্ধনীয় লৌহ পাশ। স্থালীধারণার্থ লৌহ যন্ত্রবিশেষ, বাউলী। কেশবিন্যাসবিশেষ, থর।

বেড়া, (বিড়্=অভিসম্পাত করা+অচ্—আপ্) সং, স্ত্রীং, নৌকা, তরণী।

বেড়ান, (দেশজ) সং, ভ্রমণ, চলন, পর্য্যটন

বেড়ে, (দেশজ) বিং, উত্তম, উৎকৃষ্ট, উপাদেয়।

বেণ, (বেণ্=গমনকরা ইত্যাদি+অচ্—প্রং) সং, পুং, পৃথুরাজার পিতা। সঙ্কর জাতিবিশেষ, বৈদ্য। [বীরণ।

বেণা, (দেশজ) সং, উশীর, তৃণবিশেষ,

বেণি. বেণী (বী=গমনকরা+নি—প্রং) সং, স্ত্রীং, বিন্যস্ত কেশপাশ, বিউনী। জলপ্রবাহ। স্রোতঃ। বয়ন বুনন স্ত্রীমেষ।

বেণিবেধনী, সং, স্ত্রীং, জলৌকা, জোঁক।

বেণিমাধব, সং, পুং, প্রয়াগস্থ পাষাণময় চতুর্ভুজ দেবতাবিশেষ।

বেণিসংহার, সং, পুং, ভট্টনারায়ণকৃত নাটকবিশেষ। বেণীবন্ধন।

বেণু, (অজ্=গমনকরা+ণু—প্রং, অজ্ স্থানে বী। কিম্বা বন্=শব্দকরা+উ—প্রং, নিপাতন) সং, পুং, বংশ; বাঁশ। বংশী, বাঁশি, মুরলী। নৃপবিশেষ।

বেণুক, বৈণুক (বেণু=বাঁশ+কন্—প্রং। বাঁকারীর মুট থাকে বলিয়া) সং, ক্লীং, গবাদি তাড়নদণ্ড, পাচনবাড়ী। হস্তিতাড়ন দণ্ড, ডাঙ্গশ।

বেণুধ্ম (বেণু—ধ্মা=বাজন+ক্ত—ক) সং, পুং, বেণুবাদক, বংশীবাদক।

বেণুযব, সং, পুং, বাঁশের চাউল।

বেণ্যা, বেণে, বেণিয়া (বণিক্ শব্দজ) সং, বণিক্, ব্যবসায়ী।

বেত, (বেত্র শব্দজ) সং, বেতস, বেত গাছ। বাণীর, বঞ্জুল। [ইভ, দ্বিপ।

বেতণ্ড, সং, পুং, হস্তী, গজ, করী, মাতঙ্গ,

বেতন, (বী=গমনকরা+তনন্—প্রং) সং, ক্লীং, কর্ম্মের মূল্য। মজুরি। মাহিয়ানা। ভাড়া। জীবিকা। রৌপ্য।

বেতস, (বে=বস্ত্রাদি বোনা+অসচ্—প্রং—তুক্ আগম। অথবা বী=গমনকরা+তস—নামার্থে) সং, পুং, বী—স্ত্রীং, বাণীর বৃক্ষ, বেত গাছ।

বেতস্বান্, (বেতস্বৎ, বেতস্+বৎ—

অস্ত্যর্থে) বিং, ত্রিং, বেতসবহুল প্রদেশ, যে প্রদেশে অনেক বেতস বৃক্ষ আছে।

বেতাল, (বে=বায়ুতে—[তল=স্থির হওয়া+ঘঞ—প্রং] = তাল=আবাস) সং, পুং, ভূতাবিষ্ট শব। শিবানুচর-বিশেষ। দ্বারপাল, দ্বারী।

বেতালভট্ট, সং, পুং, রাজা বিক্রমাদিত্যের সভাস্থ নবরত্নের একরত্ন।

বেত্তা, (বেত্তৃ, বিদ্=জানা+তৃচ্—ক) বিং, ত্রিং, জ্ঞাতা, যে জানে। ইহা কোন শব্দের পর প্রযুক্ত হয়, যথা—শাস্ত্রবেত্তা, নিয়মবেত্তা ইত্যাদি। পরিণেতা, ভর্ত্তা, স্বামী। লাভকর্ত্তা।

বেত্র, (বী=গমনকরা+ত্র—প্রং) সং, পুং, বেতগাছ। বেতের যষ্টি। অসুরবিশেষ।

বেত্রধর, (বেত্র—ধর=যে ধরে, দ্বিতীয়া—ষ) সং, পুং, দ্বারপাল। বিং, ত্রিং,

বেত্রবতী, বেত্রাবতী (বেত্র+বৎ—অস্ত্যর্থে, ঈপ্) সং, স্ত্রীং, মালব দেশের নদীবিশেষ, বেতুয়া নদী।

বেত্রাসন, (বেত্র—আসন= বসিবার স্থান) সং, ক্লীং, বেত্রনির্ম্মিত আসন, মোড়া প্রভৃতি।

বেত্রী, (বেত্রিন্, বেত্র+ইন্=অস্ত্যর্থে) সং, পুং, দ্বারপাল। বেত্রধারী।

বেদ, (বিদ্=জানা+ঘঞ—ণ) সং, পুং, ধর্ম্ম ও ব্রহ্মপ্রতিপাদক অপৌরুষের বাক্য, ব্রহ্ম-মুখ নির্গত ধর্ম্মজ্ঞাপক শাস্ত্র, শ্রুতি ; ঋক্, যজুঃ, সাম, অথর্ব্ব—এই চারি বেদ। জ্ঞান। শাস্ত্র। শাস্ত্রজ্ঞান। ছন্দঃ। টিপ্পনী। আখ্যা। বিষ্ণু। সৎচরিত্র। চারি সংখ্যা, ৪।

বেদগর্ভ, সং, পুং, ব্রহ্মা। ব্রাহ্মণ।

বেদগু, সং, পুং, হস্তী।

বেদন,—ক্লীং, বেদনা—স্ত্রীং, (বিদ্=জানা ইত্যাদি+অনট=ভা) সং, অনুভব, বোধ। জ্ঞান। যাতনা, ব্যথা। ক্লেশ, দুঃখানুভব। পরিণয়, বিবাহ। দান। উপঢৌকন। শূদ্রকামিনী উৎকৃষ্ট বর্ণকে বিবাহ করিতে হইলে বরের উত্তরীয় প্রান্ত ধারণ করিবে, এই আচার।

বেদনীয়, (বিদ্=জানা+অনীয়র্—র্ম্ম) বিং, ত্রিং, অনুভবনীয়, জ্ঞেয়।

বেদপারগ, বেদবিদ্, (বেদ—পারগ=যে পারে গমন করে, ৬ষ্ঠী—ষ। বেদ—বিদ্=যে জানে, দ্বিতীয়া—ষ) সং, পুং, বেদজ্ঞ ব্রাহ্মণ। [সং, স্ত্রীং, গায়ত্রী।

বেদমাতা, (বেদমাতৃ, বেদ—মাতৃ=মা)

বেদবদন, সং, ক্লীং, ব্যাকরণশাস্ত্র।

বেদবাস, (বেদ—বাস=বাসস্থান) সং, পুং, বিপ্র, ব্রাহ্মণ।

বেদবিদ্, (বেদ—বিদ্=যে জানে, ২য়া—ষ) বিং, ত্রিং, বেদজ্ঞ, বেদবেত্তা।

বেদব্যাস, (বেদ—বি—আ=বিশেষরূপে—অস্=স্থাপন করা+ঘঞ্—প্রং, দ্বিতীয়া—ষ) সং, পুং, বেদবিভাগকর্ত্তা মুনি, ব্যাসদেব, সত্যবতীতনয়, দ্বৈপায়ন। যুগেযুগে ধর্ম্মের পাদক্ষয় এবং মনুষ্যদিগের আয়ুঃ ও শক্তির হ্রাস দেখিয়া বেদের স্থায়িত্ব ও ব্রাহ্মণগণের প্রতি অনুকূলতা প্রযুক্ত বেদের বিভাগ করিয়াছিলেন, এই নিমিত্ত তাঁহার নাম বেদব্যাস হয়।

বেদঃ, (বেদস্, বিদ্=জানা+অস্—প্রং) সং, ক্লীং, বেদ সমূহ। হিরণ্য, সোণা, কাঞ্চন। বিং, ত্রিং, বেত্তা। [সরস্বতী।

বেদাগ্রণী, (বেদ—অগ্রণী) সং, স্ত্রীং,

বেদাঙ্গ, (বেদ—অঙ্গ=অবয়ব, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দঃ, জ্যোতিষ—এই ছয়প্রকার বেদের অবয়ব গ্রন্থ। [প্রণব, ওঁকার।

বেদাদি, (বেদ—আদি=প্রথম) সং, পুং,

বেদাধিপ, সং, পুং, বেদাধিষ্ঠাত্রী দেবতা, বৃহস্পতি, শুক্র, মঙ্গল, শনি। "ঋগ্বেদা-

ধিপতির্জীবো, যজুর্বেদাধিপোভৃগুঃ, সামবেদাধিপো ভৌমঃ, শশিজোঽথর্ব্ববেদপঃ।

বেদান্ত, (বেদ—অন্ত=শেষ) সং, পুং, ব্যাসপ্রণীত দর্শনশাস্ত্র, তাহাতে ব্রহ্মের স্বরূপাদি নিরূপিত আছে।

বেদান্তী, (বেদান্তিন্, বেদান্ত+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, বেদান্তমতাবলম্বী। বেদান্তবেত্তা।

বেদাভ্যাস, (বেদ—অভ্যাস) সং, পুং, অধ্যয়ন, বিচার, অনুশীলন,জপ, অধ্যাপন—এই পাঁচ।

বেদার, সং, পুং, কৃকলাস, কাঁকলাস।

বেদি, বেদিকা, বেদী (বিদ্=বিদ্যমান থাকা ইত্যাদি+ই—ধি। পক্ষে কন্—স্বার্থে) সং, স্ত্রীং, যজ্ঞাদিকরণ জন্য পরিষ্কৃত ভূমি, চতুরস্র ডমরু সদৃশাকৃতি প্রভৃতি। মঞ্চ। অঙ্গনাদির মধ্যবর্ত্তী চতুরস্র ভিত্তি। বেদির সদৃশ ভিত্তি। মৃত্তিকা স্তূপাকৃতি ভিত্তি। "বেদিবিলগ্ন মধ্যা" কাং। নামাঙ্কিত অঙ্গুরীয়ক, সিল আঙ্গটি। বোল্তা। দি—পুং, পণ্ডিত।

বেদিজা, (বদি=হোমবেদি হইতে—জ=জাত, ৫মী—হিং) সং, স্ত্রীং, দ্রৌপদী, কৃষ্ণা, যাজ্ঞসেনী, পাঞ্চালী, পাণ্ডবমহিষী, কৃষ্ণপ্রিয়া।

বেদিত, (বেদি=জানান+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, জ্ঞাপিত, জানান, নিবেদিত। সাক্ষাৎকৃত। দর্শিত।

বেদিতব্য, (বিদ্=জানা+তব্য—র্ম্ম) বিং, ত্রিং, জ্ঞাতব্য, জানিবার যোগ্য।

বেদিতা, (বেদিতৃ,বিদ্=জানা+তৃচ—ক, ই—আগম) বিং, ত্রিং, জ্ঞাতা, যে জানে। সাক্ষাৎকর্ত্তা।

বেদী, (বেদিন্, বিদ্=জানা+ইন্—ক) সং, পুং, পণ্ডিত। ব্রহ্মা। পরিণেতা। বিং, ত্রিং, বেত্তা, জ্ঞাতা।

বেদীশ, (বেদী=সরস্বতী—ঈপ্=প্রভু) সং, পুং, ব্রহ্মা, চতুরানন, পিতামহ, কমলযোনি, স্রষ্টা।

বেদোদয়, (বেদ=সামবেদ—উদয়=উত্থান। সং, পুং, সূর্য্য, সবিতা, দিনমণি, দিবাকর, প্রভাকর, উষ্ণরশ্মি। প্রসিদ্ধি আছে যে, সূর্য্য হইতে এই বেদ উদয় হইয়াছে। [বোধ্য,জ্ঞেয়। সাক্ষাৎকার্য্য।

বেদ্য, (বিদ্=জানা+ণ্যৎ—র্ম্ম) বিং, ত্রিং,

বেধ—পুং,বেধন—ক্লীং, (ব্যধ্=বিদ্ধকরা+ঘঞ্, অনট্—প্রং) সং, ছিদ্রকরণ, বেঁধা। গভীরতা। বস্তুর স্থূলতার পরিমাণ। বিবাহাদিনিষেধক গ্রহসংস্থাপনবিশেষ।

বেধক, (ব্যধ্=বিদ্ধ করা+ণক—ক) বিং, ত্রিং, বিদ্ধকারক, যে বেঁধে। সং, ক্লীং, কর্পূর। ধন্যাক।

বেধনী, বেধনিকা (বেধ দেখ+অনট্—ণ, ঈপ্। বেধনী+কণ্—যোগ) সং, স্ত্রীং,বেধনের অস্ত্র,সূচাদি। [অঙ্গুষ্ঠমূল।

বেধস (বেধস্+অণ্—প্রং) সং, ক্লীং,

বেধাঃ, (বেধস্, বিধ্=বিধানকরা+অসি—প্রং) সং, পুং, ব্রহ্মা। বিষ্ণু। সূর্য্য। পণ্ডিত। দক্ষ প্রভৃতি স্রষ্টা।

বেধিত,(ব্যধ্=বিদ্ধকরা+ক্ত—র্ম্ম। অথবা বেধ+ইত—প্রং) বিং, ত্রিং, বিদ্ধ, ছিদ্রিত।

বেধী, (বেধিন্, ব্যধ্=বিদ্ধকরা+ইন্—ক) বিং, ত্রিং, বেধক, ছিদ্রকারক। ধিনী—স্ত্রীং, জোঁক, জলৌকা।

বেধ্য, (ব্যধ্=বিদ্ধকরা+ণ্যৎ—র্ম্ম) সং, ক্লীং, বেধ করিবার বিষয়, শরব্য, লক্ষ্য। বিং, ত্রিং, বেধনীয়, বিঁধিবার যোগ্য।

বেন, (বী+ন) সং, পুং, ব্রহ্মা।

বেন্না,(বন্=শব্দকরা+ন) সং, স্ত্রীং, নদী।

বেপথু—পুং, বেপন—ক্লীং, (বেপ্=কম্পিত হওয়া+অথুচ্, অনট্—ভা) সং, কম্প, কাঁপনি। [সং, ক্লীং, কম্প।

বেপন, (বেপ্=কম্পিত হওয়া+ল্যুট্)

বেপমান, (বেপ্=কাঁপা+শানচ্—ক) বিং, ত্রিং, কম্পমান, যে কাঁপিতেছে।
বেম—পুং, বেমন্—পুং-ক্লী (বে=বোনা +মন্, মনিন্—প্রং) সং, বস্ত্রাদিবয়নের যন্ত্রবিশেষ, মাকু, তাঁত।
বের, (বী বা অজ=গমনকরা+রক্—প্রং,) সং, ক্লীং, দেহ, কায়, শরীর। বার্ত্তাকু। কুঙ্কুম।
বেরক, সং, ক্লং, কর্পূর।
বেরট, সং, পুং, নীচজাতি, বর্ণসঙ্কর।
বেল, (বল্=চঞ্চল হওয়া+অচ্—প্রং) সং, ক্লীং, আরাম, বৃক্ষবাটিকা, উপবন, উদ্যান।
বেলা, (বেল্=চঞ্চলহওয়া+অচ্, আপ্—প্রং) সং, স্ত্রীং, কাল, সময়, অবসর। "গ্রহণসময়বেলা 'বর্ত্ততে শীতবশ্মেঃ" কাং। স্রোত। সীমা। তীর তট। হঠাৎ মৃত্যু। অম্বু। জল। জোয়ার। মর্যাদা। পীড়া। শিবের খাদ্য, বিম্ব। বাক্য। সুযোগ। বুধের পত্নী। মেড়ে।
বেলাকূল, (বেলা=জোয়ার—কূল=তট) সং, স্ত্রী, তামলিপ্ত দেশ, তমলুক।
বেলামূল, সং, ক্লীং, সমুদ্রতট।
বেলাবোধন, (বেলা=সময়—বোধি=জানান+অনট্—ক) বিং, ত্রিং, সময়জ্ঞাপক, সময়নিরূপক।
বেল্ল, (বল্ল্=চঞ্চল হওয়া+অচ্—প্রং) সং, পুং,—ক্লীং, বিড়ঙ্গ। পুং, গমন। কম্পন চলন। [সং, ক্লীং, মরিচ।
বেল্লজ, (বেল্ল=সঞ্চালন—জ=জাত)
বেল্লন, (বেল্ল=চঞ্চল হওয়া+অনট্—ভা) সং,ক্লীং,চলন। দোলন, সঞ্চালন। লুণ্ঠন, গড়াগড়ি। রোটিকাদি নির্ম্মাণার্থ স্থূল বর্ত্তুল কাষ্ঠবিশেষ. বেলন্।
বেল্লহল, সং, পুং, লম্পট, লোচ্চা।
বেল্লি, (বেল্লন দেখ.+ই—প্রং) সং স্ত্রীং, বল্লী, লতা, বল্লরী।
বেল্লিত, (বেল্লন দেখ,+ক্ত—ক) বিং, ত্রিং, কম্পিত, দোলিত। লুণ্ঠিত। বক্র, কুটিল। সং,ক্লীং,চলন। দোলন। লুণ্ঠন।
বেল্যা, বেলে (বাঙ্গালা বালি শব্দজ) বিং, বালিযুক্ত। সং, মৎস্যবিশেষ।
বেশ, বেষ (বিশ্=প্রবেশকরা, বিষ্—ব্যাপা+ঘঞ্—প্রং) সং, পুং, সজ্জা, বস্ত্র অলঙ্কারাদি পরিধান। বেশ্যাপল্লী। বেশ্যালয়। গৃহ। প্রবেশ।
বেশক, (বিশ্=প্রবেশ করা+ণক—প্রং,) সং, পুং, গৃহ। বিং, ত্রিং, প্রবেশকারক।
বেশন্ত, (বিশ্=প্রবেশ করা+অন্ত—প্রং) সং, পুং, ক্ষুদ্র সরোবর। অগ্নি।
বেশর,—স; সং,পুং,অশ্বতর, ঘোটকীতে গর্দ্দভজাত বা গর্দ্দভীতে ঘোটকজাত অশ্ব। খচর।
বেশবার,—স ([বিশ্=প্রবেশকরা+ঘঞ্—প্রং,]=বেশ=প্রবেশ—বৃ=প্রার্থনা করা+অণ্—প্রং সং, পুং, ধন্যাকসর্ষপাদি পিষ্ট, বাটনা। ব্যঞ্জনবিশেষ। "নিরস্থি পিশিতং পিষ্টং সিদ্ধং গুড়ঘৃতান্বিতম্। কৃষ্ণামরিচসংযুক্তং বেসবার ইতি স্মৃতম্"।
বেশী, (বেশিন্, বেশ=সজ্জা+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বেশকারক, পরিচ্ছদযুক্ত। (দেশজ) বিং, অধিক, অতিরিক্ত।
বেশ্ম, (বেশ্মন্, বিশ্=প্রবেশ করা+মন্—প্রং) সং, ক্লীং, আলয়, আবাস, আবসথ। ভবন, গৃহ, বাটী। "তস্য বেশ্মসু মৃদঙ্গনাদিষু" রং।
বেশ্মনকুল, (বেশ্মন্=গৃহ—নকুল—বেঁজী) সং, পুং, গন্ধমূষিক, ছুঁচা।
বেশ্মভূ, (বেশ্মন্=গৃহ—ভূ=ভূমি) সং, স্ত্রীং, বাস্তুভূমি, বাসোপযুক্ত স্থান।
বেশ্য, (বিশ্=প্রবেশ করা, বা বেশ=সজ্জা+ণ্যৎ—প্রং) সং, ক্লীং,বেশ্যালয়।
বেশ্যা, (বিশ্=প্রবেশকরা, +ণ্যৎ—ভাবার্থে, আপ্—প্রং, কিম্বা বেশ=সজ্জা+যৎ, আপ্—প্রং) সং, স্ত্রীং,

সাধারণ স্ত্রী, বারনারী।

বেশ্যাচার্য্য, (বেশ্যা=গণিকা—আচার্য্য =শিক্ষাগুরু) সং, পুং, পীঠমর্দ্দ, নায়কের সহায়বিশেষ। বেশ্যা প্রভৃতির নৃত্য-শিক্ষাগুরু। [পুং, বেশ্যাসমূহ।

বেশ্যাবার, (বেশ্যা—বার=সমূহ) সং,

বেষ্ট, (বেষ্টন দেখ,+অচ—প্রং) সং, পুং, বেষ্টন, বেড়া। নির্য্যাস, আঠা। টার্পিন্।

বেষ্টক, (বেষ্ট+কন্—যোগ। অথবা বেষ্টন দেখ+ণক—প্রং) সং, ক্লীং, উষ্ণীষ, পাকড়ি। নির্য্যাস। টার্পিন্। পুং, কুষ্মাণ্ড। প্রাচীর। বিং, ত্রিং, বেষ্টনকারক।

বেষ্টন, (বেষ্ট=বেষ্টনকরা+অনট্—ভা) সং, ক্লীং, বৃতি, বেড়া, চতুর্দ্দিকে আবরণ। পরিধি, বেড়। প্রদক্ষিণ। উষ্ণীষ, পাকড়ি। মুকুট। কর্ণ। নৃত্যকালীন হস্তচালন প্রকার। কর্ণকূহর।

বেষ্টবংশ, (বেষ্ট=বেষ্টন—বংশ=বাঁশ) সং, পুং, বেউড় বাঁশ।

বেষ্টিত, (বেষ্টন দেখ,+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, আবৃত, ঘেরা, বেড়াদেওয়া। সং, ক্লীং, বেষ্টন।

বেষ্য, (বিষ্= ব্যাপা+ণ্যৎ—প্রং) সং, ক্লীং, পানীয়, জল, বারি, নীর, জীবন, কমল, নার, অম্বু।

বেসন, (বেস্=গমনকরা+অনট্—প্রং) সং, পুং, গুঁড়করা ডাইল, বেসম।

বেসেড়া, (দেশজ) বিং, বাসি, পর্য্যসিত।

বেহৎ, (বি—হন্=বধকরা+অতি—প্রং) সং, স্ত্রীং, গর্ব্তোপঘাতিনী গৌ।

বেয়াই, (বিবাহ শব্দজ) সং, বৈবাহিক, কন্যা বা পুত্রের শ্বশুর। [লজ্জাহীন।

বেহায়া, (যবনভাষা) বিং, নির্লজ্জ,

বেহার, সং, পুং, স্বনামপ্রসিদ্ধ দেশ।

বেহারা, (বাহক শব্দজ) সং, যানবাহক, কাহার।

বৈ (বা=গমনকরা+ডৈ—প্রং) অং, পাদপূরণার্থ। অনুনয়। সম্বোধন।

বৈকক্ষ, বৈকক্ষক (বি—কক্ষ=পার্শ্ব+অণ্—প্রং। পক্ষে কন্—যোগ) সং, ক্লীং, বক্ষঃস্থলে বক্রভাবে স্থাপিত মাল্য।

বৈকঙ্কত, (বিকঙ্কত+অণ্—স্বর্থে) সং, পুং, বৃক্ষবিশেষ, বঁইচ্ গাছ।

বৈকটিক, (বিকট=কঠিন কার্য্য+ঠক্ —প্রং) সং, পুং, মণিকার, জহরী।

বৈকর্ত্তন, (বিকর্ত্তন+ষ্ণ—প্রং) বিং, ত্রিং, সূর্য্যসম্বন্ধীয়। সূর্য্যবংশীয়।

বৈকল্পিক, (বিকল্প+ঠক্=প্রং) বিং, ত্রিং, যাহা বিকল্পে হয়। সন্দেহযোগ্য।

বৈকল্য, (বিকল+ষ্যঞ্—ভাবে) সং, ক্লীং, বিকলতা, কাতরতা। বিকৃতভাব। খঞ্জতা। অঙ্গহীনতা। ন্যূনতা। অভাব। অসম্পূর্ণতা।

বৈকাল, (বিকাল+অণ্—প্রং) সং, পুং, বিকাল, অপরাহ্ণ। শেষবেলা।

বৈকুণ্ঠ, (বিকুণ্ঠা=ইহাঁর মাতা+ষ্ণ—অপত্যার্থে। কিম্বা বি=বিবিধ—কুণ্ঠা=[কুণ্ঠতনয়া] মায়া; যাহার বিবিধ মায়া বিদ্যমান আছে, ৬ষ্ঠী—হিং, অ—স্বার্থে) সং, পুং, বিষ্ণু। ইন্দ্র। ক্লীং, (বি=বিগত -- কুণ্ঠ=প্রতিবন্ধক) বিষ্ণুর পুরী। "বিকুণ্ঠায়ামসৌ জজ্ঞে বৈকুণ্ঠৈ দৈবতৈঃ সহ" বিষ্ণুপুরাণম্। "বিষ্ণু সহস্রনামটীকায়াং শঙ্করাচার্য্যস্বাহ "বিবিধা কুণ্ঠা গতেঃ প্রতিহতিস্তস্যাঃ কর্ত্তা ইতি বৈকুণ্ঠঃ। জগদারম্ভে বিশিষ্টানি ভূতানি পরস্পরং সংশ্লেষয়ন্ তেষাংগতিংপ্রত্যবধ্নাদিতি বা বৈকুণ্ঠঃ।" "মায়া সংশ্লেষিতা ভূমিরদ্ভির্ব্যোম্না চ বায়ুনা। বায়ুশ্চ তেজসা সার্দ্ধং বৈকুণ্ঠত্বং ততো মমেতি শান্তিপর্ব্বণীতি ইত্যমরটীকায়াং ভরতঃ। অপিচ 'কুণ্ঠং জড়ঞ্চ বিশ্বৌঘং বিশিষ্টঞ্চ করোতি যা। বিকুণ্ঠাং প্রকৃতিং বেদাশ্চত্বারশ্চ বদন্তি তাং॥ গুণাশ্রয়েণ ভগবান্ তস্যাং যাতঃ স্বসৃষ্টয়ে। পরিপূর্ণতমং তেন বৈকুণ্ঠঞ্চ

বিদুর্ব্ধাঃ" ॥

বৈকৃত, (বিকৃত=বিকার প্রাপ্ত+অণ্— ভাবে) সং, ক্লীং. মানসিক বা কায়িক বিকার। বিকৃতত্ব,বিকার। বিরক্তি,ঘৃণা।

বৈক্রান্ত. (বিক্রান্ত+অণ্—প্রং) সং, ক্লীং,হীরকসদৃশ মণিবিশেষ। স্পর্শমণি, চুম্বকপাথর।

বৈক্লব্য, (বিক্লব=বিহ্বল+ষঞ্—ভাবে) সং, ক্লীং, কাতরতা। বিহ্বলতা। অধীরতা। চিত্তচাঞ্চল্য।

বৈখরী, (বি—খন্=খোঁড়া, নিপাতন। অথবা বি=বিশেষরূপে—খ=আকাশ —র, রাধাতুজ+অচ্—স্বার্থে. ঈপ্)সং. স্ত্রীং, কণ্ঠ হইতে শব্দোৎপত্তির ব্যাপার বিশেষ।

বৈখানস, (পূর্ব্বে দেখ, যাহাদের মুখাদিদ্বারা জীবিকা নির্ব্বাহ হয়) সং, পুং, বানপ্রস্থ, বনবাসী। বিং, ত্রিং, বানপ্রস্থসম্বন্ধীয়।

বৈগুণ্য, (বিগুণ=গুণরহিত+ষ্যঞ্— ভাবে) সং. ক্লীং, গুণরাহিত্য. বিকৃততা। অপরাধ. দোষ। গুণবিসম্বাদ। নিকৃষ্টত্ব, নীচতা।

বৈচক্ষণ্য, (বিচক্ষণ=দক্ষ+ষ্যঞ্—ভাবে) সং, ক্লীং, বিচক্ষণতা, নৈপুণ্য। দক্ষতা, পটুতা। [চিত্তভ্রান্তি, অতিভ্রম।

বৈচিত্ত্য, (বিচিত্তি=ভ্রমণ করা+ষ্যঞ্)

বৈচিত্র্য, (বিচিত্র+ষ্যঞ্—ভাবে) সং, ক্লীং, বিচিত্রতা, চমৎকারিত্ব। বিভিন্নতা। নানারূপতা। সৌন্দর্য্য।

বৈজনন, (বিজনন+লুট্-প্রং) সং,পুং, প্রসবমাস,যে মাসে সন্তান ভূমিষ্ঠ হয়।

বৈজয়ন্ত, (বি—জি=জয়করা+ঝঞ্ — প্রং) সং, পুং, ইন্দ্রপুরী। ইন্দ্রধ্বজ। ন্তী, ন্তিকা—স্ত্রীং, পতাকা। "স্বর্গারোহণবৈজয়ন্তি" বাল্মীকি। জানুপর্য্যন্ত লম্বিত পঞ্চবর্ণময়ী মালা। অধিরোহিণী, সিঁড়ি। জয়ন্তীবৃক্ষ।

বৈজয়ন্তিক, (বৈজয়ন্তী=পতাকা+ঠক্ —প্রং) বিং, ত্রিং, পতাকাধারী।

বৈজয়িক,(বিজয়+ঠক্—ইদমর্থে) বিং, ত্রিং, বিজয়সম্বন্ধীয়, জয়সূচক।

বৈজাত্য, (বিজাত+ষ্যঞ্—ভাবে) সং, ক্লীং, বিজাতীয়তা, বৈলক্ষণ্য। স্বভাবের প্রভেদ। লম্পটতা।

বৈজিক, (বীজ+ঠক্—ইদমর্থে) বিং, ত্রিং, বীজসম্বন্ধীয়। সং,ক্লীং, পরমাত্মা। হেতু। তৈলবিশেষ, মোরঙ্গ তৈল। পুং, সদ্যোজাত অঙ্কুর।

বৈজ্ঞানিক, (বিজ্ঞান+ঠক্—ইদমর্থে) বিং,ত্রিং,নিপুণ, দক্ষ। বিজ্ঞানসম্বন্ধীয়।

বৈড়ালব্রত, (বিড়াল+অণ্-প্রং=বৈড়াল —ব্রত) সং, ক্লীং, পাপকর্ম্ম গোপন করিয়া আপনাকে ধার্ম্মিক বলিয়া পরিচয় দেওয়া।

বৈড়ালব্রতিক, বৈড়ালব্রতী, } (বৈড়ালব্রতিন্, বৈড়ালব্রত+ঠক্, ইন্—অস্ত্যর্থে) সং, পুং. ভণ্ডতাপস, বিড়ালতপস্বী। [অধিবেশন।

বৈঠক. (দেশজ) সং, সভা, সমাজ,

বৈণ, (বেণু+অণ্—জীবিকার্থে। উ—লোপ) বিং, ত্রিং, বেণুজীবী। যে বাঁশ কাটে, বা বাঁশের দ্রব্যাদি নির্ম্মাণ করে, ডোম।

বৈণব, (বেণু=বংশ+অণ্—কৃতার্থে) বিং, ত্রিং, বংশনির্ম্মিত। বেণুসম্বন্ধীয়। ডোম, বাঁশের দ্রব্য প্রস্তুতকারী। সং. ক্লীং, বেণুফল। বী—স্ত্রীং বংশলোচন।

বৈণবিক (বেণু+ঠক্—বাদনার্থে) বিং, ত্রিং, বেণুবাদক, বংশীবাদক।

বৈণিক, (বীণা+ঠক্—বাদনার্থে) বিং, ত্রিং, বীণাবাদক, যে বীণা বাজায়।

বৈণুক, (বেণু+কঞ্—প্রং) সং, ক্লীং, হস্তীতাড়নার্থ লৌহময়াগ্রভাগ বংশদণ্ড। বিং, ত্রিং, বেণুবাদক।

বৈণ্য, (বেণ=এই নৃপের পিতা+যঞ্— অপত্যার্থে) সং, পুং, বেণভূপতির পুত্র, পৃথুরাজা।

বৈতংসিক, (বীতংস=ফাঁদ বা জাল+ঠক্—জীবত্যর্থে) বিং, ত্রিং, মাংসবিক্রয়ী, যে পশুপক্ষ্যাদির মাংস বিক্রয় করে।

বৈতনিক, (বেতন+ঠঞ্—জীবত্যর্থে) বিং, ত্রিং, বেতনভুক্। কর্ম্মকার। চাকর

বৈতরণি,—ণী (বিতরণ=দান+অণ্, ই—প্রং, যাহা দানদ্বারা পার হওয়া যায়। কিংবা বি=বিরুদ্ধ—তরণ+অণ্ অস্ত্যর্থে। বিম্বা [বি=না-তরণি=সূর্য্য]=বিতরণ=পাতাল+অণ্-ভবার্থে। কিম্বা বিতরণি=বিনৌকা অর্থাৎ তরণশূন্যা+অণ্—স্বার্থে) সং, স্ত্রীং, রাক্ষসমাতা। প্রেতনদী। কটকের অন্তর্গত নদীবিশেষ। উৎকল দেশীয় রাজগণের পূর্ব্বতন রাজধানী যাজ্পুর এই নদীতীরে অবস্থিত। "নদী বৈতরণী নাম দুর্গন্ধা রুধিরাবহা। উষ্ণতোয়া মহাবেগা অস্থিকেশতরঙ্গিণী"।

বৈতস, (বেতস্+অণ্—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, বেতসসম্বন্ধীয় (নম্রতাদি)। সং, পুং, অম্লবেতস বৃক্ষ।

বৈতানিক, (বিতান=উনান, যজ্ঞ+ঠক্—ইদমর্থে) সং,ক্লীং, হোমার্থ নৈবেদ্য। বেদবিহিত হোম। বহ্নি, অগ্নি। বিং, ত্রিং, যজ্ঞীয়, বিতানসম্বন্ধীয়।

বৈতালিক, (বি=বিবিধ—তাল+ঠক্—তদ্দ্বারা ব্যবহারার্থে) সং, পুং, স্তুতিপাঠক,বোধকর। বিং, ত্রিং.(বেতাল+ঠক্—ইদমর্থে) বেতালসম্বন্ধীয়।

বৈতালীয়, (বিতাল+ঈয়—প্রং) সং, ক্লীং, ছন্দোবিশেষ।

বৈত্রক, বৈত্রকেয় (বেত্র=বেত+ছ; কুক্ আগম। এয়—ইদমর্থে) বিং, ত্রিং, বেত্রসম্বন্ধীয়।

বৈদগ্ধ,বৈধগ্ধ্য (বিদগ্ধ=দক্ষ+অণ্, ষ্যঞ্—ভাবে) সং, ক্লীং, গ্ধী—স্ত্রীং, পটুতা। চতুরতা, দক্ষতা, নিপুণতা। রসিকতা। শোভা। পাণ্ডিত্য। ভঙ্গী।

বৈদর্ভ, (বিদর্ভ=দেশবিশেষ+অণ্—সম্বন্ধার্থে, ভববার্থে) বিং, ত্রিং, বিদর্ভদেশসম্বন্ধী। বিদর্ভদেশজাত। দন্তশূল, দাঁতেরগোড়াফোলা। সং, পুং, বিদর্ভরাজ। ক্লীং, বং বাক্‌চাতুর্য্য।

বৈদর্ভী, (বিদর্ভ=দেশবিশেষ+অণ্, ঈপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, কাব্যের রীতিবিশেষ। রচনা মধুর এবং সমাসহীন বা স্বল্পসমাসযুক্ত হইলে তাহাকে বৈদর্ভী রীতি কহে। অগস্ত্য-পত্নী। দময়ন্তী। রুক্মিণী।

বৈদল, (বিদল+অচ্—প্রং। সং, ক্লীং, ভিক্ষুকের মৃণ্ময়াদি পাত্র। পুং, পিষ্টক।

বৈদান্তিক, (বেদান্ত+ঠক্—জ্ঞানার্থে, ইদমর্থে) সং, পুং, যে ব্যক্তি বেদান্ত শাস্ত্র জানে। বিং, ত্রিং, বেদান্তসম্বন্ধীয়।

বৈদিক, (বেদ+ঠক্—জ্ঞানার্থে বা উক্তার্থে) সং পুং, বেদজ্ঞ ব্রাহ্মণ বিং, ত্রিং, বেদবিহিত, বেদোক্ত।

বৈদুষ্য,(বিদ্বস্=পণ্ডিত+ষ্যঞ্—ভাবে) সং, ক্লীং, পাণ্ডিত্য, বিচক্ষণতা।

বৈদূর্য্য, (বিদূর=পর্ব্বতবিশেষ+ঞ্য—প্রভবত্যর্থে) সং, ক্লীং, কৃষ্ণপীতবর্ণ মণিবিশেষ, নীলকান্তমণি।

বৈদেশিক, (বিদেশ+ঠক্—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, বিদেশাগত, বিদেশ হইতে আগত। অন্যদেশীয়, ভিন্নদেশীয়।

বৈদেহ, (বিদেহ=নগরবিশেষ+অণ্—ভবার্থে) সং, পুং, মিথিলার রাজা। সঙ্করজাতিবিশেষ, বণিক্। হী—স্ত্রীং, জনকনন্দনী, জানকী, সীতা। বণিক্‌পত্নী। গোরোচনা। পিপ্পলী। হরিদ্রা।

বৈদেহক (বৈদেহ+কণ্—প্রং। অথবা [বি=নানাবিধ--দিহ্=সংগ্রহকরা+ণ্বুল—প্রং]=বিদেহক+অণ—যোগ) সং, পুং, বণিক্, বাণিজ্যব্যবসায়ী। শূদ্রের ঔরসে বৈশ্যার গর্ভজাত সন্তান।

বৈদ্য, (বেদ=আয়ুর্ব্বেদ, বা=বিদ্যা+ষ্যঞ্—কুশলার্থে) সং, পুং, আয়ুর্ব্বেদ-

বেত্তা, ভিষক্, চিকিৎসক। ডাক্তার, হাকিম। বিদ্বান্, পণ্ডিত। বিং, ত্রিং, বেদসম্বন্ধীয়।

বৈদ্যক, (বৈদ্য+কণ্—স্বার্থে) সং,ক্লীং, আয়ুর্ব্বেদ. চিকিৎসাশাস্ত্র।

বৈদ্যনাথ, (বৈদ্য=চিকিৎসক—নাথ= প্রভু, ৬ষ্ঠী—ষ) সং,পুং, দেশবিশেষ। ঐ দেশপ্রতিষ্ঠিত শিবলিঙ্গ। "ঝারখণ্ডে বৈদ্যনাথো বক্রেশ্বরস্তথৈব চ। বীরভূমৌ সিদ্ধিনাথো রাঢ়ে চ তারকেশ্বরঃ"।

বৈদ্যবন্ধু, (বৈদ্য=চিকিৎসক—বন্ধু= মিত্র) সং পুং, আরগ্বধ বৃক্ষ, সোঁদালিগাছ। বৈদ্যের মিত্র।

বৈদ্যুত, (বিদ্যুৎ+অণ—ইদমর্থে) বিং, ত্রিং, বিদ্যুৎসম্বন্ধীয়। তড়িন্ময়।

বৈধ, (বিধি+অণ্—অনপেতার্থে) বিং, ত্রিং, বিধিসিদ্ধ, ধিবিবোধিত।

বৈধব্য, (বিধবা+ষ্যঞ্—ভাবে) সং ক্লীং, পতিহীনতা, বিধবাত্ব, রণ্ডাবস্থা।

বৈধর্ম্ম্য, (বিধর্ম্ম+ষ্যঞ্—ভাবে) সং, ক্লীং, নাস্তিকতা। বিভিন্নধর্ম্মবেত্তা।

বৈধাত্র, (বিধাতৃ=ব্রহ্মা+অণ্—অপত্যার্থে) সং, পুং, বিধাতার পুত্র, সনৎকুমার প্রভৃতি। বিং,ত্রিং, বিধাতৃ-সম্বন্ধী।

বৈধৃতি, (বি—ধৃত, ৬ষ্ঠী—হিং,নিং, বৃদ্ধি) সং, পুং, বিস্কুম্ভাদি যোগের অন্তর্গত যোগবিশেষ।

বৈধেয়, (বিধেয়=কর্ত্তব্য+অণ্—প্রং,) বিং, ত্রিং, মূর্খ, অজ্ঞান। বিধি+এয়—প্রং) বিধিসম্বন্ধীয়। বিধেয়সম্বন্ধীয়।

বৈধ্যোত, সং, পুং, যমের দ্বারপাল।

বৈনতেয়, (বিনতা=ইহার মাতা+ঢেয় —অপত্যার্থে) সং, পুং, বিনতার পুত্র, গরুড়, পক্ষিরাজ। অরুণ।

বৈনয়িক, (বিনয়+ঠক্—ইদমর্থে) সং, পুং, যুদ্ধরথ। বিং, ত্রিং, বিনয়সম্বন্ধীয়।

বৈনায়ক, (বিনায়ক=গণেশ+অণ্— সম্বন্ধার্থে) বিং, ত্রিং, বিনায়কসম্বন্ধীয়।

বৈনায়িক, (বিনায়=বগুর+ঠক্—প্রং) সং, পুং. বৌদ্ধ, বুদ্ধমতাবলম্বী।

বৈনাশিক, (বিনাশ+ঠঞ্—প্রং) বিং, ত্রিং, ক্ষণিক, ক্ষণমাত্রস্থায়ী। পরতন্ত্র। সং, পুং, লূতা,মাকড়্সা। ক্লীং, নক্ষত্রবিশেষ, নিধনতারা।

বৈনীতক, (বিনীত+কণ্—যোগ) সং, পুং, — ক্লীং, পরম্পরাবাহন, যথা— শকটাকর্ষণকারী অশ্ব শকটারূঢ় ব্যক্তির বাহন। সং, ক্লীং, বিপর্য্যয়, উল্টা।

বৈপরীত্য, (বিপরীত+ষ্যঞ্—ভাবে)

বৈভব, (বিভব+অণ্—ভাবে) সং, পুং, বিভুতা, সামর্থ্য। বিভব, সম্পত্তি, ঐশ্বর্য্য। মহিমা।

বৈভাষিক, (বিভাষা+ঠক্—প্রং) বিং, ত্রিং, বৈকল্পিক।

বৈভ্রাজ, (বি=বিবিধরূপে—ভ্রাজ্=দীপ্তি পাওয়া+অচ্=বিভ্রাজ+অণ্,—প্রং) সং, ক্লীং, কুবেরের উদ্যান।

বৈমাত্র,বৈমাত্রেয় (বিমাতৃ+অণ্, ঠক্— অপত্যার্থে) সং, পুং, ত্রী, য়ী—স্ত্রীং, বিমাতার পুত্রকন্যা।

বৈমানিক, (বিমান্=আকাশ+ঠক্— গমনার্থে) বিং, ত্রিং, বিমানচারী, খেচর। উড্ডয়নসমর্থ, আকাশবিহারী।

বৈমুখ্য, (বিমুখ+ষ্যঞ্—ভাবে) সং,ক্লীং, বিমুখতা, পরাঙ্মুখতা। অপ্রসন্নতা। নিরনুকূলতা। পলায়ন। হঠিয়া আসা।

বৈয়র্থ্য, (ব্যর্থ+ষ্যঞ্—ভাবে) সং,ক্লীং, বৃথাত্ব, বিফলতা। নিষ্প্রয়োজনতা। লাভশূন্যতা।

বৈয়াকরণ, (ব্যাকরণ+অণ্—জ্ঞানার্থে, অধ্যয়নার্থে বা। য=ঐয়) বিং, ত্রিং ব্যাকরণবেত্তা। ব্যাকরণাধ্যয়নকারী, ব্যাকরণ-অধ্যেতা। ব্যাকরণসম্বন্ধীয়।

বৈয়াঘ্র, (ব্যাঘ্র+অঞ্—ইদমর্থে) বিং, ত্রিং, ব্যাঘ্রের চর্ম্মে আচ্ছাদিত।

বৈয়াঘ্রপদ্য, (ব্যাঘ্রপদ+ষ্যঞ্—প্রং) সং, পুং, গোত্রকারক মুনিবিশেষ।

বৈযাত্য, (বিযাত=ধৃষ্ট+ষ্যঞ্—ভাবে)

সং, ক্লীং, ধৃষ্টতা, অবিনীতভাব। প্রাগল্‌ভ্য। নির্লজ্জতা। ঔদ্ধত্য।

বৈয়াসকি, (ব্যাস+ই—অপত্যার্থে) সং, পুং, ব্যাসের অপত্য, শুকদেব।

বৈয়াসিক, বৈয়াসক, (ব্যাস+ঠক্—ক—কৃতার্থে, পক্ষে অণ্, ক) বিং, ত্রিং, ব্যাসদেবপ্রণীত। ব্যাসসম্বন্ধীয়। সিকী, সকী—স্ত্রীং, ব্যাসপ্রণীত সংহিতা।

বৈয়ুষ্ট, (ব্যুষ্ট=প্রাতঃকাল+অণ্—ভবার্থে) বিং, ত্রিং, প্রাতঃকালীন।

বৈর, (বীর=শূর+অণ্—ইদমর্থে) সং, ক্লীং, বিরোধ, দ্বেষ, শত্রুতা।

বৈরক্ত্য, (বিরক্তি+ষ্যঞ্—ভাবে) সং, ক্লীং, বিরক্ত। ঘৃণা। বিরাগ, বৈরাগ্য।

বৈরঙ্গ, (বহিরঙ্গ শব্দজ) সং, অনাত্মীয়, শত্রু। অহিতকারী।

বৈরঙ্গিক, (বি—না—রঙ্গ=রাগ+ঠঞ্—স্বার্থে) বিং, ত্রিং, বিরাগার্হ, বিবেকী, মুনি, তপস্বী, সংসারত্যাগী। জিতেন্দ্রিয়।

বৈরনির্যাতন, (বৈর=শত্রুতা—নির্যাতন=প্রত্যর্পণ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, প্রতিফল, শত্রুতার প্রতিক্রিয়া, অপকারীর প্রত্যপকার করা, দাদতোলা।

বৈরপ্রতিক্রিয়া—স্ত্রীং, } বৈর=শত্রুতা
বৈরপ্রতীকার—পুং, } —প্রতিক্রিয়া=প্রতীকার, ৬ষ্ঠী—ষ) সং, বৈরশোধন, অপকারীর প্রত্যপকারকরণ।

বৈরশুদ্ধি, (বৈর=শত্রুতা—শুদ্ধি=শোধন ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, প্রতীকার, শত্রুতার প্রতিক্রিয়া, দাদতোলা।

বৈরাগী, (বৈরাগিন্, বিরাগ+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, বিবেকী, সংসারবাসনাশূন্য। বৈষ্ণব।

বৈরাগ্য, (বিরাগ+ণ্যৎ—স্বার্থে) সং, ক্লীং, বিবেক, সংসারে ঔদাস্য। অননুরাগ, বিরাগ। বৈষ্ণবধর্ম্ম।

বৈরাট, (বিরাট+অণ্—ইদমর্থে) সং, পুং, ইন্দ্রগোপ কীট। বিং, ত্রিং, বিরাটসম্বন্ধীয়।

বৈরাতঙ্ক, সং, পুং, অর্জ্জুন বৃক্ষ।

বৈরিতা, (বৈরিন্—শত্রু+তা—ভাবে) সং, স্ত্রীং, শত্রুতা, বিপক্ষতা। অহিতাচরণ, অনিষ্টকরণ।

বৈরী, (বৈরিন্, বৈর=শত্রুতা+ইনি—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বৈরযুক্ত, শত্রু, বিদ্বেষী, অরাতি, বিদ্বিট, অরি।

বৈরূপ্য, (বিরূপ+ষ্যঞ্—ভাবে) সং, ক্লীং, বিরূপতা, কদর্য্যতা। বিকৃতি।

বৈরোচন, বৈরোচনি (বিরোচন=ইহাঁর পিতা+অণ্, অনি—অপত্যার্থে) সং, পুং বলিরাজা। বুদ্ধ। সৌরি, সূর্য্যপুত্র।

বৈরোচননিকেতন, (বৈরোচন=বলিরাজা—নিকেতন=আলয়) সং, ক্লীং, বলিসদ্ম, পাতাল।

বৈরোদ্ধার, (বৈর=শত্রুতা—উদ্ধার=ঋণ) সং, পুং, বৈরনির্যাতন, বৈরশুদ্ধি।

বৈলক্ষণ্য, (বিলক্ষণ=ভিন্ন+ষ্যঞ্—ভাবে) সং, ক্লীং, প্রভেদ, বিশেষ, বিভিন্নতা। পৃথক্‌ভাব। অন্যপ্রকার।

বৈলক্ষ্য, (বিলক্ষ=লজ্জিত+ষ্যঞ্—ভাবে) সং, ক্লীং, লজ্জা, হ্রী, ত্রপা, ব্রীড়া। বিস্ময়। আশ্চর্য্য। বৈলক্ষণ্য, প্রভেদ।

বৈল্ব, (বিল্ব=বেলগাছ+অণ্—সম্বন্ধার্থে) সং, ক্লীং, বেল। বিং, ত্রিং, বিল্বসম্বন্ধীয়।

বৈবধিক, (বিবধ=ধান্যাদি প্রাপ্তি, বার্ত্তা ইত্যাদি+ঠক্—জীবত্যর্থে) বিং, ত্রিং, ধান্য তণ্ডুলাদি ব্যবসায়ী, পশারী, মুদী। দূত, সন্দেশহারক, বার্ত্তাবহ। নৈগমিক।

বৈবর্ণ্য, (বিবর্ণ=বিকৃতবর্ণ+ষ্যঞ্—ভাবে) সং, ক্লীং, বিবর্ণতা, মালিন্য। কালিমা, লাবণ্যহীনতা।

বৈবস্বত, (বিবস্বৎ=সূর্য্য+অণ্—অপত্যার্থে) সং, পুং, বিবস্বতের পুত্র, সপ্তম মনু। বর্ত্তমান কল্পের মনু। শনি। যম। রুদ্রবিশেষ। তী—স্ত্রীং, দক্ষিণদিক্।

বৈবাহিক, (বিবাহ+ঠক্—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, বিবাহসম্বন্ধীয়। বিবাহযোগ্য।

সং, পুং, কন্যা বা পুত্রের শ্বশুর, বেহাই।
বৈশদ্য, (বিশদ=শুভ্র ইত্যাদি+ষ্যঞ্‌ ভাবে) সং, ক্লীং, শুভ্রতা। নির্ম্মলতা। স্পষ্টতা। প্রসন্নতা। [শিষ্য মুনিবিশেষ।
বৈশম্পায়ন, সং পুং, ভারতবক্তা ব্যাস-
বৈশস, (বিশস=বধ+অণ্‌—প্রং) সং, ক্লীং, বিশসন, হত্যা, বধ। ঘাতন, হনন। বাধা, প্রতিরোধ।
বৈশস্ত্র, (বিশস্তৃ=শাসন+অণ্‌—ভাবে। কিম্বা বি=না—শস্ত্র=অস্ত্র, ৬ষ্ঠী—হিং, অণ্‌—ভাবে) সং, ক্লীং, শাসন, ক্ষমতা, প্রভাব। অধিকার। শস্ত্ররাহিত্য।
বৈশাখ, (বৈশাখী=বিশাখানক্ষত্রযুক্তা-পৌর্ণমাসী+অণ্‌— তদ্যুক্তকালার্থে) সং, পুং, প্রথম মাস। মন্থন দণ্ড। ক্লীং, ধনুর্দ্ধারীদিগের উপবেশনবিশেষ। খী—স্ত্রীং, বৈশাখমাসের পূর্ণিমা। "বিশাখা তারকাযুক্তা বৈশাখী পূর্ণিমা ভবেৎ। সা বৈশাখী যত্র মাসে স বৈশাখঃ প্রকীর্ত্তিতঃ"।
বৈশিক, (বেশ বা বেশ্যা+ঠক্‌—প্রং) সং, পুং, নায়কবিশেষ। ক্লীং, বেশ্যা-দিগের ছল। বেশ্যার কান।
বৈশিষ্ট্য, (বিশিষ্ট+ষ্যঞ্‌—ভাবে) সং, ক্লীং, বিশিষ্টত্ব। তদ্যুক্ত হওয়া। বৈলক্ষণ্য, প্রভেদ।
বৈশেষিক, (বিশেষ=বিশেষপদার্থ+ঠক্‌—নিরূপণার্থে, ইহার মত ন্যায় দর্শন মতের ন্যায়) সং, ক্লীং, কণাদমুনি প্রণীত দর্শনশাস্ত্র। বিং, ত্রিং, তৎশাস্ত্রজ্ঞ।
বৈশ্য, (বিশ্‌=প্রবেশ করা+ক্বিপ্‌—ষ্যঞ্‌—প্রং) সং, পুং, তৃতীয় বর্ণ, বণিক্‌। শ্যা—স্ত্রীং, বৈশ্যজাতির স্ত্রী। "বিশত্যাশু পশু-ভ্যশ্চকৃষ্যাদানরুচিঃ শুচিঃ। বেদাধ্যয়ন-সম্পন্নঃ স বৈশ্য ইতি সংজ্ঞিতঃ"।
বৈশ্রবণ, (বিশ্রবস্‌=ইহাঁর পিতা+অণ্‌—প্রং, নিপাতন, বিশ্রণাদেশ) সং, পুং, বিশ্রবার পুত্র, কুবের। রাবণ, লঙ্কেশ্বর, দশকন্ধর।

বৈশ্রবণালয়, বৈশ্রবণাবাস, বৈশ্রবণোদয়, } বৈশ্রবণ = কুবের—আলয়, আবাস = বাসস্থান, ৬ষ্ঠী—ষ)
বৈশ্রবণ=কুবের—উদয়=ফল, সিদ্ধি) সং, পুং, বটবৃক্ষ। কুবেরপুরী।
বৈশ্বদেব, (বিশ্বদেব+অণ্‌—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, বিশ্বদেব সম্বন্ধীয়, বিশ্বদেবের উদ্দেশে দত্ত।
বৈশ্বানর, (বিশ্বানর=মুনিবিশেষ কিম্বা বিশ্ব=সমূহ—নর = মনুষ্যজাতি +অণ্‌ প্রং। সমস্ত নরের কুক্ষিতে অবস্থান হেতুক অগ্নির নাম বৈশ্বানর হইল) সং, পুং, অগ্নি। বেদাংশবিশেষ।
বৈশ্বী, (বিশ্ব=বিশ্বদেব+অণ্‌-ঈপ্‌-প্রং। ঐ সকল দেবতারা যে নক্ষত্রের উপর আধিপত্য করে) সং, স্ত্রীং, উত্তরাষাঢ়া নক্ষত্র।
বৈষম্য, (বিষম=অসমান+ষ্যঞ্‌—ভাবে) সং, ক্লীং বিরুদ্ধভাব। সঙ্কট। সাম্যাভাব, বিষমত্ব। অসমতা। বিসদৃশতা। [বিং, ত্রিং, বিষয়সম্বন্ধীয়।
বৈষয়িক, (বিষয়+ঠক্‌—সম্বন্ধার্থে)
বৈষ্টুত, (বিষ্টুত, [বি—স্তু=স্তুতিকরা+ক্ত—প্রং,]+অণ্‌—যোগ) সং, ক্লীং, হোম ভস্ম, হোমের ছাই।
বৈষ্ট্র, (বিশ্‌=প্রবেশকরা+ষ্ট্রন্‌=সংজ্ঞার্থে) সং, ক্লীং, পৃথিবী, ধরা, ধরিত্রী, রসা, বসুধা, ভুবন, জগৎ।
বৈষ্ণব, (বিষ্ণু+ অণ্‌—তদ্দেবতার্থে) বিং, ত্রিং, বিষ্ণুসম্বন্ধীয়, বিষ্ণুভক্ত, বিষ্ণুর উপাসক। সং, ক্লীং, হোমভস্ম। বী—স্ত্রীং, বিষ্ণুশক্তি। তুলসী। দুর্গা। গঙ্গা। [পুং, মৎস্য মীন।
বৈসারিণ, (বিসারিন্‌+অণ্‌—প্রং) সং,
বৈসাদৃশ্য, (বিসদৃশ+ষ্যঞ্‌—ভাবে) সং, ক্লীং, বিসদৃশতা, বৈষম্য।
বৈসূচন, (বিসূচন, [বি—সূচি=জানান +অনট্‌-প্রং,]+অণ্‌—যোগ) সং, ক্লীং, নাটকাদিতে পুরুষের স্ত্রীবেশধারণ।

বৈহার্য্য, (বিহার+ষ্যঞ্—প্রং) সং, পুং, পরিহাসযোগ্য ব্যক্তি, শ্যালকাদি।
বৈহাসিক, (বি—হাস=মধুর হাস্য+ঠক্—প্রং)সং,পুং, নট, ভাঁড়, মস্করাকারক।
বোঁচা, (দেশজ) বিং, নাককাটা, বেহায়া, নির্লজ্জ।
বোঁট,—টা (বোণ্টশব্দজ) সং, বৃন্ত, ডাঁটা। চুচুক।
বোকা, (ছাগার্থ, বর্কর শব্দজ) বিং, অজ্ঞ, নির্ব্বোধ,নিবু দ্ধি,মূঢ়, জ্ঞানহীন।
বোঝা, (দেশজ) সং, ভার, মোট। জ্ঞান, বোধ।
বোটা, (পুট্=সংলগ্ন হওয়া+অচ্—প্রং। প=ব) সং, স্ত্রীং, চেটী, দাসী। কিঙ্করী, প্রেষ্যা।
বোড্,সং, পুং, গোনসসর্প, বোড়াসাপ। মৎস্য, মীন, ঝষ। ড্রী,—স্ত্রীং, পণচতুর্থাংশ, বুড়ি, পাঁচগণ্ডা।
বোঢ়ব্য, (বহ্=বহনকরা+তব্য—র্ম্ম) বিং, ত্রিং, বহনীয়, বহনযোগ্য।
বোঢ়া, (বোঢ়ৃ, পূর্ব্বে দেখ,+তৃচ্=ক) সং, পুং, বহনকর্ত্তা,মুটিয়া। "শীকরাণাং বোঢ়া মুহুঃ কম্পিতদেবদারুঃ" কাং। সারথি, যন্তা। বৃষভ। বলীবর্দ্দ, উক্ষ। পথদর্শক। বিবাহকর্ত্তা। [মুনিবিশেষ।
বোঢ়ৃ, (পূর্ব্বেদেখ,+ক্তৃ—প্রং) সং, পুং,
বোণ্ট, (বা—গমন করা+উণ্ট—প্রং) সং, পুং, বৃন্ত, বোঁটা। স্কন্দ, গুঁড়ি, ডাঁটা। [সেঁতা।
বোদ, বিং, ত্রিং, আর্দ্র, ভিজা। সিক্ত,
বোদাল, সং, পুং, মৎস্যবিশেষ, বোয়ালী মাছ। [হীন, মৌনী।
বোবা, (দেশজ) বিং,মূক, হাবা, বাক্য-
বোরক, বোলক (বা=গমন করা+উলচ্—প্রং কণ্—যোগ। ল=র, বিকল্পে) সং, পুং, লিপিকর, লেখক, কেরাণী।
বোরট, সং, পুং, কুন্দপুষ্প, কুঁদফুল।
বোরপট্টা, (বোর=শস্যবিশেষ—পট্টী=মোটা আচ্ছাদন। বোরতৃণে নির্ম্মিত রলিয়া) সং, স্ত্রীং, মাদুর, প্যাটী।
বোরব, (বোর, [বা=গমন করা+উর—প্রং]—ব, বা ধাতুজ) সং, পুং, ধান্য-বিশেষ, বোরধান। [ছালা।
বোরা, (দেশজ) সং, গুণ, থলিয়া,
বোরুখান, সং, পুং, পাটলবর্ণ অশ্ব।
বোল, (বা=গমন করা+উলচ্—প্রং) সং, পুং, গন্ধরস। ক্ষারজল। (দেশজ) বাক্য, কথা, উক্তি, বুলি। [কীটবিশেষ।
বোল্তা, (বরলাশব্দজ) সং, দংশক,
বোল্লাহ, সং, পুং, অশ্ববিশেষ।
বোহিথ, সং, ক্লীং, অর্ণবপোত, জাহাজ।
বৌষট্, (বহ্=বহনকরা+ডৌষট্—প্রং) অং, ঘৃতাদির নিবেদনের মন্ত্র।
ব্যংশক, (বি=নানাবিধ—অংশ=ভাগ+কন্—যোগ) সং, পুং, পর্ব্বত, গিরি,নগ, অচল, ভূধর, মহীধ্র, শৈল।
ব্যংসক, (বি—অংস্=ভাগকরা+ণক—প্রং) সং, পুং, ধূর্ত্ত, প্রতারক, বঞ্চক। ঐন্দ্রজালিক, বাজিকর।
ব্যংসিত, (ব্যংসক দেখ,+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রতারিত, প্রবঞ্চিত।
ব্যক্ত, (বি—অন্জ্=প্রকাশিত হওয়া+ক্ত—ক) বিং, ত্রিং,প্রকাশিত। বিকসিত। স্ফুট, স্পষ্ট। প্রকট। স্থূল। কার্য্য। দৃষ্ট। অনুমতি। ব্যক্তি বিশেষ। মনুষ্য। প্রাজ্ঞ। সং, পুং, বিষ্ণু।
ব্যক্তদৃষ্টার্থ, (ব্যক্ত=প্রকাশিত—দৃষ্ট=অবলোকিত—অর্থ=বর্ণনীয় বিষয়)সং, পুং,সাক্ষী,প্রত্যক্ষদর্শী। স্বচক্ষেদর্শনকারী
ব্যক্তি, (ব্যক্ত দেখ,+ক্তি—প্রং) সং, স্ত্রীং,লোক,জন। জীব। শরীরী। বস্তু। প্রকাশ।
ব্যক্তিগ্রাহিতা, সং, স্ত্রীং, যে বৃত্তিদ্বারা এক একটী বস্তুর সত্তা উপলব্ধ হয়।
ব্যক্তীকৃত, (ব্যক্ত=কৃত, ঈ—আগম) বিং, ত্রিং, প্রকাশিত, প্রকটিত। উদ্ঘাটিত, স্পষ্টীকৃত।
ব্যগ্র, (বি—অগ্র=প্রধান) বিং, ত্রিং,

ব্যাকুল, ব্যস্ত। ত্রস্ত, চকিত, ভীত। ত্বরিত। উৎসাহী,উদ্যমশীল। আগ্রহী। আসক্ত।

ব্যঙ্গ, (বি=হীন — অঙ্গ, ৬ষ্ঠী — হিং,) বিং, ত্রিং, অঙ্গহীন, বিকলাঙ্গ, শরীরহীন, অশরীরী, অনঙ্গ। সং, পুং, ভেক, বেঙ্। রোগবিশেষ, মুখ বিবর্ণহওয়া, মুখে বড় বড় কাল কাল দাগ হওয়া।

ব্যঙ্গ্য (বি—অন্জ্=ব্যক্তকরা+ঘঞ্ যৎ—প্রং) সং, পুং, ব্যঞ্জনাবৃত্তিবোধ্য অর্থ, তাৎপর্য্যার্থ, নিগূঢ়ভাব। "বাচ্যার্থোঽভিধয়া বোধ্যো লক্ষ্যো লক্ষণয়া মতঃ। ব্যঙ্গ্যো ব্যঞ্জনয়া তাঃ স্যুস্তিস্রঃ শব্দস্য শক্তয়ঃ"।

ব্যঙ্গ্যোক্তি (ব্যঙ্গ্য — উক্তি=বাক্য) সং, স্ত্রীং, বক্রোক্তি, শ্লেষবাক্য।

ব্যজ,—পুং, ব্যজন—ক্লীং, (বি—অজ্ =ক্ষেপণ করা,গমন করা+ঘ, অনট্—প্রং) সং, বায়ুসঞ্চালন, বাতাসকরণ। তালবৃন্ত, পাখা। "অযত্নবালব্যজনীবভূবুঃ" কাং।

ব্যঞ্জক, (বি—অন্জ্=প্রকাশকরা+ণক—ক) বিং, ত্রিং, প্রকাশক। সং, পুং,অভিনয়। ব্যঞ্জনাদ্বারা বোধক শব্দ।

ব্যঞ্জন, (পূর্ব্বে দেখ, +অনট্—প্রং) সং, ক্লীং, চিহ্ন। শ্মশ্রু প্রভৃতি চিহ্ন। স্ত্রীপুং চিহ্ন। ক খ ইত্যাদি হলবর্ণ। সূপশাকাদি, তরকারী। না—স্ত্রীং, কাব্যের ব্যঙ্গ্যার্থবোধক শক্তি, যে শক্তি দ্বারা তাৎপর্য্যার্থের বোধ হয়।"বিরতাস্বভিধাদ্যাসু যয়ার্থো বোধ্যতে পরঃ। সা বৃত্তির্ব্যঞ্জনা নাম শব্দস্যার্থাদিকস্য চ"॥

ব্যঞ্জিত, (ব্যঞ্জক দেখ, +ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রকটিত, ব্যক্তীকৃত, প্রকাশিত। ব্যঞ্জনাবোধিত।

ব্যড়ম্বক, (ব্যড়, [বি—অড়=উদ্যত হওয়া+অচ্—ভা]=এখানে বিরেচন —ডম্ব্ = [গমনকরা], ঘটাইয়া দেওয়া, উৎপন্ন হওয়া+ণক—প্রং) সং, পুং, এরণ্ডবৃক্ষ, ভেরাণ্ডা গাছ।

ব্যতিকর, (বি—অতি—কৃ=ব্যাপা- ইত্যাদি+অপ্—প্রং) সং, পুং, ব্যসন, বিপদ্। ব্যাপ্তি। সম্পর্ক, সম্বন্ধ। মিশ্রণ। পরস্পর কর্ম্মকরণ। সমূহ।

ব্যতিক্রম, (বি—অতি=বিরুদ্ধ—ক্রম =গতি, অনুক্রম) সং, পুং, ক্রমবিপর্য্যয়, বৈপরীত্য। উল্লঙ্ঘন। উলটান, বিপরীতকরণ।

ব্যতিক্রান্ত, (বি—অতি=বিরুদ্ধ—ক্রম্= গমন করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বিপর্য্যয়প্রাপ্ত, ব্যত্যস্ত, ক্রমবহির্ভূত।

ব্যতিরিক্ত, (পশ্চাৎ দেখ,+ক্ত—প্রং) বিং,ত্রিং,বিভিন্ন। অতিরিক্ত। বর্দ্ধিত। আকৃষ্ট পৃথক্কৃত।

ব্যতিরেক, (বি—অতি—রিচ্=বিযুক্তকরা +ঘঞ্—ভা) সং, পুং, প্রভেদ, বিভিন্নতা। বিনা,অভাব। বৃদ্ধি। অতিক্রম। বাক্যের অলঙ্কারবিশেষ, উপমান অপেক্ষা উপমেয়ের আধিক্য বা ন্যূনতা হইলে ব্যতিরেক অলঙ্কার হয়।

ব্যতিরেকী, (ব্যতিরেকিন্, ব্যতিরেক+ ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, অভাববিশিষ্ট। প্রভেদক।

ব্যতিষিক্ত, (পশ্চাৎ দেখ+ক্ত—ক) বিং, ত্রিং, আসক্ত। পরস্পর মিলিত। গ্রথিত।

ব্যতিষঙ্গ, (বি—অতি—সন্জ্=আসক্ত হওয়া+ড—ভা) সং, পুং, আসক্তি। পরস্পর মিলন। একত্রে বন্ধন।

ব্যতিহার,—তী (বি—অতি—হৃ, [হরণ করা], পরস্পরকরা ইত্যাদি+ঘঞ্—ভা) সং, পুং, পরস্পর একরূপ ক্রিয়াকরণ। পর্য্যায়করণ। পরিবর্ত্ত, বিনিময়, বদল। গালাগালি, মারামারি।

ব্যতীত, (বি—অতীত=গত) বিং, ত্রিং, অতিক্রান্ত। বিগত। লুপ্ত। সম্পন্ন। মৃত।

ব্যতীপাত, (বি—অতি—পত্=পড়া+

ঘঞ্ (প্রং) সং, পুং, অমঙ্গল। অমঙ্গলজনক উৎপাত, ধূমকেতু ভূকম্প ইত্যাদি। অসম্মান, অশ্রদ্ধা। সপ্তদশ যোগ।

ব্যত্যয়, ব্যত্যাস, (বি—অতি—ই=গমন-করা+অচ্—প্রং। বি—অতি—অস্=ক্ষেপণ করা+ঘ—প্রং) সং, পুং, ব্যতিক্রম। বিপর্য্যয়, বৈপরীত্য।

ব্যত্যস্ত, (বি—অতি—অস্=ক্ষেপণকরা+ক্ত—প্রং) বিং, ত্রিং, বিপরীতভাবে অবস্থিত, বিপর্য্যয়প্রাপ্ত উলটা পালটা। এলাগোছা।

ব্যথা, (ব্যথ্=ব্যথিত হওয়া ইত্যাদি +অঙ, আপ্—ভা) সং, স্ত্রী, যাতনা, যন্ত্রণা, কষ্ট, পীড়া, দুঃখ, ক্লেশ বেদনা শোক। ভয়।

ব্যথিত, (ব্যথা দেখ,+ক্ত—ক) বিং, ত্রিং, শোকপ্রাপ্ত। দুঃখিত। পীড়িত। ভীত।

ব্যধ, (ব্যধ=বিদ্ধকরা, পীড়নকরা+অপ্—প্রং) সং, পুং, বিদ্ধকরণ, বেঁধা। ভেদন। ব্যথা।

ব্যধ্য, (ব্যধ দেখ,+যৎ—প্রং) সং, পুং, ধনুর্গুণ, ধনুকের ছিলা। বিং, ত্রিং, বেধনার্হ, বিঁধিবার যোগ্য।

ব্যধ্ব, (বি=কুৎসিত, ঈষৎ—অধ্বন্=পথ +অচ্—প্রং) সং, পুং, কুপথ। কুৎসিত বর্ত্ম।

ব্যপদেশ, (বি—অপ — দিশ্=বলা ইত্যাদি+ঘঞ্—প্রং) সং, পুং, ছল, ব্যাজ। নাম। নামোল্লেখ। কুল, বংশ। কথন। বাক্যবিশেষ। "ব্যাজেনাত্মাভিলাষোক্তির্ব্যপদেশ ইতীর্য্যতে"।

ব্যপদেষ্টা, (ব্যপদেষ্টৃ, ব্যপদেশ দেখ,+তৃচ্—ক) বিং, ত্রিং, কপটী, ছলকারক। নামোল্লেখকারী।

ব্যপনয়ন, (বি—অপ=একস্থান হইতে—নী=লওয়া+অনট্—ভা) সং, ক্লীং, প্রত্যাখান।

ব্যপনীত, (পূর্ব্বেদেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অপসারিত, দূরীকৃত। তাড়িত, স্থানান্তরীকৃত।

ব্যপরোপণ, (বি—অপ—রোহি=অবরোহণ করান+অনট্—ভা) সং, ক্লীং, অবতারণ, নামান। ছেদন। মূলোচ্ছেদন। দূরীকরণ। অপসারণ।

ব্যপরোপিত, (পূর্ব্বে দেখ,+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অবতারিত। ছেদিত। মূলোৎপাটিত, দূরীকৃত, অপসারিত।

ব্যপবর্জ্জন, (পশ্চাৎ দেখ,+অনট্—ভা) সং, ক্লীং, ত্যাগ। দান। নিবারণ।

ব্যপবর্জ্জিত, (বি—অপ—বৃজ্=ত্যাগ-করা+ক্ত—র্ম্ম) বিং. ত্রিং, পরিত্যক্ত, বর্জ্জিত। দত্ত। নিরাকৃত, নিষিদ্ধ।

ব্যপাকৃত, (পশ্চাৎ দেখ,+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অস্বীকৃত। নিরস্ত। নিহ্নুত। দূরীকৃত, উৎসাদিত।

ব্যপাকৃতি (বি—অপ=বিরুদ্ধ—আ—কৃ=করা+ক্তি—ভা) সং, স্ত্রীং, অপহ্নব, অস্বীকার। নিহ্নব। নিবারণ। নিরাকরণ।

ব্যপায়, (বি—অপ—ই=[গমনকরা]। নাশকরা ইত্যাদি+ঘঞ্—ভা) সং, পুং, অপনয়ন। বিনাশ। ব্যপায়ত্রয় ধর্ম্ম, সমজাতীয় ধর্ম্ম।

ব্যপাশ্রয়, (বি—অপ—আ—শ্রি=[সেবাকরা], অবলম্বন করা ইত্যাদি+অচ্—প্রং) সং, পুং. আশ্রয়, অবলম্বন।

ব্যপেক্ষা, (বি—অপ—ঈক্ষ্=দেখা+আপ্—প্রং) সং, স্ত্রীং, আকাঙ্ক্ষা, স্পৃহা। বিশেষ অনুরোধ। অপেক্ষা।

ব্যপেত, (বি—অপ=স্থানান্তর—ই=গমন করা+ক্ত—ক) বিং, ত্রিং, অপগত, দূরীভূত। প্রতিরুদ্ধ, বিরুদ্ধ।

ব্যপোঢ়, (বি—অপ—বহ্= [বহন করা], ঘোরা ইত্যাদি+ক্ত—প্রং) বিং, ত্রিং, বিপরীত। ঘূর্ণিত। তাড়িত।

ব্যভিচার, (বি—অভি—চর্= [গমন করা], বিরুদ্ধাচরণ করা ইত্যাদি+ঘঞ্—ভা) সং, পুং; কুক্রিয়া, কদাচার।

অন্যথাচরণ স্খলন। অতিব্যাপ্তি। অব্যাপ্তি।

ব্যভিচারী, (ব্যভিচারিন্, ব্যভিচার+ইনি—অস্ত্যর্থে) বিং,ত্রিং,কুক্রিয়াসক্ত। অন্যথাচারী। অব্যাপ্ত। অতিব্যাপ্ত। সং, পুং, সঞ্চারী ভাব, নির্ব্বেদ, গ্লানি প্রভৃতি ৩৩ প্রকার শৃঙ্গারাদি রসের ভাববিশেষ। ণী—স্ত্রীং, অসতী, ভ্রষ্টা

ব্যয়, (ব্যয়্=খরচকরা+অচ্—ভা) সং পুং, অপচয়। খরচ। ক্ষয়, নাশ।

ব্যয়িত, (ব্যয় দেখ,+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং,যাহা ব্যয় করা হইয়াছে,অপচিত। বিগত। বিনষ্ট। ক্ষয়িত।

ব্যয়ী, (ব্যয়িন্, ব্যয়+ইনি—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ব্যয়শীল, যে ব্যয় করে।

ব্যর্থ, (বি=না, ধিগত—অর্থ=বিধেয়, প্রয়োজন, ৬ষ্ঠী—হিং। অথবা বি=বিগত—অর্থ,৫মী—হিং। মধ্যপদলোপ) বিং, ত্রিং, নিরর্থক, বৃথা, বিফল। নিষ্প্রয়োজন। অর্থশূন্য। লাভশূন্য।

ব্যলীক, (বি— অল্= নিবারণকরা ইত্যাদি+ঈকন্ — প্রং) সং, ক্লীং, পীড়া, মনোদুঃখ “দিগ্দক্ষিণা গন্ধবহং মুখেন ব্যলীকনিশ্বাসমিবোৎসসর্জ্জ’ কুং। লজ্জা। অপরাধ। প্রতারণা। পুং, লম্পট। বিং, ত্রিং, অপ্রিয়। অনৃত, মিথ্যা। অযুক্ত, অকর্ত্তব্য। কষ্টদায়ক, পীড়াদায়ক। অপরিচিত, আশ্চর্য্য, অদ্ভুত।

ব্যবকলন, (বি—অব—কল্=গণনা করা ইত্যাদি+অনট্—ভা) সং, ক্লীং, বিয়োগ, অন্তরকরণ, বাকিকাটা, বিয়োজন।

ব্যবকলিত, (ব্যবকলন দেখ,+ক্ত—র্ম্ম, ভা) বিং. ত্রিং, বিযোজিত, অন্তরিত। বাকি। সং, ক্লীং, ব্যবকলন, জমাখরচ।

ব্যবচ্ছিন্ন, (বি—অব—ছিদ্=ছেদনকরা +ক্ত—প্রং) বিং ত্রিং,বিভিন্ন,বিভক্ত। বিশেষিত। মোচিত। নির্দ্ধারিত।

ব্যবচ্ছেদ, (পূর্ব্বে দেখ,+ঘঞ্—ভা) সং, পুং বিভেদ। বিশেষকরণ। ভেদ, বিভাগ, খণ্ড। মোচন। বাণমোচন, শরবর্ষণ। নির্দ্ধারণ।

ব্যবধা—স্ত্রীং, ব্যবধান-ক্লীং, ব্যবধি—পুং, } (বি—অব—ধা=[ধারণকরা], আবরণকরা+অঙ+আপ্—ভা। ২য়—পক্ষে, অনট্—ভা। ৩য়—পক্ষে, কি—ভা) সং, আচ্ছাদন, তিরোধান,অন্তর। অন্তরাল। আড়াল।

ব্যবধায়ক, (পূর্ব্বে দেখ,+ণক—ক। য—আগম) বিং, ত্রিং, ব্যবধানকর্ত্তা। তিরোধায়ক, আচ্ছাদনকারক।

ব্যবসায়, (বি—অব—সো=উদ্যোগ করা ইত্যাদি+ঘঞ্—ভা) সং, পুং, যত্ন, উদ্যোগ, উদ্যম। অভিপ্রায়, অভিসন্ধি। কল্পনা। ইচ্ছা। বৃত্তি, জীবিকা। ব্যাপার। কার্য্য। নিশ্চয়। অনুষ্ঠান।

ব্যবসায়ী, (ব্যবসায়িন্, ব্যবসায়+ইনি—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বাণিজ্যকারী। উদ্‌যোগী। অনুষ্ঠানকারী। আরম্ভক।

ব্যবসিত, (ব্যবসায় দেখ,+ক্ত—প্রং) বিং, ত্রিং, চেষ্টিত। অনুষ্ঠিত। উদ্যত। অভিপ্রেত। প্রতারিত। স্থিরীকৃত, নিশ্চিত। সং, ক্লীং, অবধারণ. নিশ্চয়।

ব্যবস্থা, (বি— অব—স্থা= স্থিরকরা ইত্যাদি+অঙ+আপ্—ভা) সং, স্ত্রীং, পৃথক্ পৃথক্ স্থাপন। স্থিতি। স্থিরতা। শাস্ত্রীয় বিধি। নিয়ম। আইন।

ব্যবস্থাপক, (বি—অব—স্থাপি= স্থাপনকরান+ণক—ক) বিং, ত্রিং, বিধিদায়ক। নিয়ামক। সংস্থাপক।

ব্যবস্থাপদ্ধতি, সং, স্ত্রীং, নিয়মপ্রণালী।

ব্যবস্থাপন, (ব্যবস্থাপক দেখ,+অনট্—ভা) সং, ক্লীং, ব্যবস্থাপ্রণয়ন, আইন প্রস্তুত করণ। নির্দ্ধারণ, নিরূপণ, নিশ্চিত করণ।

ব্যবস্থাপিত, (ব্যবস্থাপক দেখ+ক্ত—র্ম্ম)

বিং, ত্রিং, স্থিরীকৃত। নির্দ্ধারিত। প্রকৃতিপ্রাপিত। নিয়মিত। নিয়ম পূর্ব্বক স্থাপিত। [আইন।

ব্যবস্থাসংহিতা, সং, স্ত্রীং, ব্যবস্থাশাস্ত্র,

ব্যবস্থিত, (ব্যবস্থা দেখ,+ক্ত—র্ম্ম)বিং, ত্রিং, স্থিরীকৃত। নিয়মিত। নির্দ্ধারিত। স্থিত। পৃথক্‌কৃত। নিযুক্ত। প্রচারিত।

ব্যবহর্ত্তা, (ব্যবহর্তৃ, বি—অব—হৃ=হরণ করা, বিচারকরা ইত্যাদি+তৃচ্—ক) সং, পুং, ব্যবহারকর্ত্তা, প্রাড়্‌বিবাক, বিচার কর্ত্তা, জজ, হাকিম।

ব্যবহার, (বি=নানা—অব=সন্দেহ—হৃ =হরণকরা+ঘঞ্—ণ) সং, পুং, ঋণদানাদি ১৮ বিবাদ, মোকদ্দমা। আচরণ। আচার। ব্যবসায়। চুক্তি। প্রথা, রীতি। কার্য্য। "বি নানার্থেঽব সন্দেহে হরণং হার উচ্যতে। নানাসন্দেহহরণাদ্ব্যবহার ইতি স্থিতিঃ"। "নানাবিবাদবিষয়ঃ সংশয়ো হ্রিয়তেঽনেনেতি ব্যবহারঃ"।

ব্যবহারজ্ঞ, (ব্যবহার=মোকদ্দমা—জ্ঞ =যে জানে) সং, পুং, প্রাপ্তব্যবহার, যাহার নাবালগতা গিয়াছে। বিং, ত্রিং, ব্যবহারবেত্তা।

ব্যবহারদর্শন, (ব্যবহার—দৃশ্=দেখা+অনট্—ভা) সং, ক্লীং, মোকদ্দমা সংক্রান্ত বিধিজ্ঞান। বিচারকরণ।

ব্যবহারদর্শক, ব্যবহারদর্শী (ব্যবহারদর্শিন্, ব্যবহার—দৃশ্=দেখা+ণক, ইন্ —ক) সং, পুং, বিচারক, জুরি।

ব্যবহারমাতৃকা, (ব্যবহার=ঋণ দানাদি বিবাদ— মাতৃকা = মাতা) সং, স্ত্রীং, ব্যবহারোপযোগিনী ক্রিয়া, মোকদ্দমা-সংক্রান্ত যাবদীয় কার্য্য।

ব্যবহারমার্গ, } (ব্যবহার=ঋণ দা-
ব্যবহারবিষয়, } নাদিবিবাদ —মার্গ =পথ) সং, পুং, ঋণদান প্রভৃতি অষ্টাদশবিধ বিবাদের স্থান। [রিপোর্ট।

ব্যবহারবিজ্ঞাপনী, সং, স্ত্রীং, মোকদ্দমার

ব্যবহারবিধি, (ব্যবহার=ঋণদানাদি বিবাদ—বিধি=শাস্ত্রবিধান, সং, পুং, ধর্ম্মশাস্ত্র। ব্যবস্থাশাস্ত্র, আইন।

ব্যবহারশাস্ত্র—ক্লীং, } সং, ব্যবস্থা-
ব্যবহারসংহিতা—স্ত্রীং, } শাস্ত্র, আইন (Law)

ব্যবহারাজীব, (ব্যবহার=মোকদ্দমা—আজীব=জীবিকা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, যাহারা বাদী প্রতিবাদীর প্রতিনিধিস্বরূপ হইয়া মোকদ্দমা সংক্রান্ত যাবদীয় কার্য্যনির্ব্বাহ করিয়া জীবিকা উপার্জ্জন করে, উকীল প্রভৃতি (Lawyer.)

ব্যবহারিক, (ব্যবহার+ঠক্—প্রং) বিং, ত্রিং, ব্যবহারসিদ্ধ। কা—স্ত্রীং, লোকযাত্রা। সম্মার্জ্জনী।

ব্যবহার্য্য, (ব্যবহর্ত্তা দেখ,+ণ্যৎ-র্ম্ম) বিং, ত্রিং, ব্যবহারযোগ্য, অনুষ্ঠেয়।

ব্যবহিত, (ব্যবধা দেখ;+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, আচ্ছাদিত। অন্তরিত। দূরীকৃত। অন্তর্হিত। পরস্পর অসংযুক্তভাবে অবস্থাপিত। অধঃকৃত, ধিক্কৃত।

ব্যবহৃত, (ব্যবহর্ত্তা দেখ,+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, আচরিত, অনুষ্ঠিত। বিচারিত। উপভুক্ত।

ব্যবায়, (বি—অব—ই=গমনকরা+ণ্যৎ —প্রং) সং, পুং, স্ত্রীসঙ্গ, মৈথুন। আচ্ছাদন। অন্তর্ধান। পবিত্রতা। ক্লীং, তেজঃ।

ব্যবায়ী, (ব্যবায়িন্, ব্যবায়=স্ত্রীসঙ্গ+ইনি—অস্ত্যর্থে) সং, পুং, কামুক, লম্পট।

ব্যষ্টি, (বি—অশ্=ব্যাপা+ক্তি—প্রং) সং, স্ত্রীং, পৃথক্, ভিন্ন ভিন্ন, অসম্ভাব।

ব্যসন, (বি—অস্=[শ্রেয়োমার্গ হইতে] ক্ষিপ্ত হওয়া+অনট্—ক, ভা) সং, ক্লীং, বিপদ্। দুর্ভাগ্য। অদৃষ্ট, দুরদৃষ্ট। অযোগ্যতা, অক্ষমতা। বায়ু, বাত। ব্যক্তিত্ব। পতন। ভ্রংশ, বিনাশ। দুঃখ। পাপ। অমঙ্গল, অশুভ। বৃথা চেষ্টা। বিষয়াসক্তি। নেসা। "ব্যসনং শাস্ত্রে ন যুবতিকামাস্ত্রে" উং। কাম ও কোপজনিত দোষ; মৃগয়া, দ্যূত, দিবানিদ্রা,

পরনিন্দা, বেশ্যাসক্তি, নৃত্য, গীত, ক্রীড়া, বৃথাভ্রমণ, মদ্যপান—এই দশ প্রকার কামজ দোষ এবং দুষ্টতা, দৌরাত্ম্য, ক্ষতি, দ্বেষ, ঈর্ষ্যা, প্রতারণা, কটূক্তি, নিষ্ঠুরাচরণ—এই আট প্রকার কোপজ দোষ।

ব্যসনী, (ব্যসনিন্, ব্যসন+ইনি—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ব্যসনযুক্ত। বিপদ্‌গ্রস্ত। দুর্ভগ। কুক্রিয়াসক্ত। আসক্ত।

ব্যসু, (বি=না—অসু=প্রাণ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, মৃত, পরলোকগত, উপরত, গতপ্রাণ, অচেতন, জীবনশূন্য।

ব্যস্ত, (বি—অস্=হওয়া, উৎকণ্ঠিত হওয়া ইত্যাদি+ক্ত—ক) বিং, ত্রিং, ব্যাকুল, ব্যতিব্যস্ত। বিভক্ত, পৃথক্ পৃথক্। অসমস্ত। একটা, কোনটা। "বরেষু যদ্‌বালমৃগাক্ষিমৃগ্যতে তদস্তি কিং ব্যস্তমপি ত্রিলোচনে" কুং। বিস্তৃত, ব্যাপ্ত। বিপরীত। উৎক্ষিপ্ত। বিপর্য্যস্ত।

ব্যাকরণ, (বি—আ-কৃ=ব্যুৎপন্ন হওয়া+অনট—ণ, কিংবা ধি। যাহার দ্বারা বা যাহাতে সাধু শব্দ সকল ব্যুৎপত্তিযুক্ত হয়) সং, ক্লীং, শব্দব্যুৎপাদক শাস্ত্র, যাহা দ্বারা কর্তৃ কর্ম্মক্রিয়া সমাসাদি নিরূপণ হয়। ব্যাখ্যান। বিকাসন

ব্যাকীর্ণ, (বি—আ—কৄ=বিক্ষেপ করা+ক্ত—ক। ত=ণ) বিং, ত্রিং, বিক্ষিপ্ত, ছড়ান। উৎক্ষিপ্ত, আছড়ান।

ব্যাকুল, (বি—আকুল) বিং, ত্রিং, ব্যস্ত। উৎকণ্ঠিত। কাতর, ইতিকর্ত্তব্যতাজ্ঞানশূন্য। ব্যাপৃত। ভয়বিধুর।

ব্যাকৃতি, (বি—আ—কৃ=শব্দকরা+ক্তিন্) সং, স্ত্রীং, ছল, বঞ্চনা।

ব্যাকৃত, (বি—আ—কৃ=ব্যক্ত করা+ক্ত—প্রং) বিং, ত্রিং, প্রকাশিত। ব্যাখ্যাত। পরিবর্ত্তিত, রূপান্তরীকৃত।

ব্যাকৃতি, (পূর্ব্বে দেখ+ক্তি—প্রং) সং, স্ত্রীং, প্রকাশন। ব্যাখ্যান। ভঙ্গী। ব্যাকরণ। পরিবর্ত্তন, রূপান্তরীকরণ।

ব্যাকোষ—শ (বি—আ=প্রভিন্ন—কোষ=কুঁড়ি, থাপ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, মুকুলিত, প্রফুল্ল, প্রস্ফুটিত, বিকসিত, উন্মিষিত।

ব্যাক্রোশ, (বি—আক্রোশ) সং, পুং, তিরস্কার। কটূক্তি। দুর্ব্বাক্য। গালাগালি।

ব্যাক্রোশী, (বি=পরস্পর—আ—ক্রুশ=ক্রোধ করা ইত্যাদি+ঘঞ্—ঈপ্—প্রং) সং, স্ত্রীং, পরস্পর কটূক্তি।

ব্যাক্ষেপ, (বি—আক্ষেপ) সং, পুং, বিলম্ব। অন্যাসঙ্গ।

ব্যাখ্যা—স্ত্রীং, ব্যাখ্যান—ক্লীং, (বি—আ—খ্যা=বর্ণনকরা+অঙ, আপ্, অনট্—ভা) সং, বর্ণন, কথন। ব্যাখ্যাকরণ, বিবরণ, টীকা, অর্থপ্রকাশন।

ব্যাখ্যাত, (পূর্ব্বে দেখ+ক্ত—ম্ম) বিং, ত্রিং, বর্ণিত, কথিত। বিবৃত, যাহা ব্যাখ্যা করা হইয়াছে।

ব্যাখ্যেয়, (ব্যাখ্যা দেখ,+ণ্যৎ—ম্ম) বিং, ত্রিং, বর্ণনীয়, ব্যাখ্যা করিবার যোগ্য।

ব্যাঘট্টন, (বি—আ—ঘট্ট=চঞ্চল হওয়া+অনট্—ভা) সং, ক্লীং, সঙ্ঘর্ষণ, সঙ্ঘট্টন। আলোড়ন। মন্থন।

ব্যাঘাত, (বি—আ—হন্=বধকরা, আঘাত করা+ঘঞ্—ভা) সং, পুং, বিঘ্ন, অন্তরায়, প্রহার, আঘাত। যোগবিশেষ। কাব্যের অলঙ্কারবিশেষ, যেখানে এক ব্যক্তি এক উপায় দ্বারা একবার এক কার্য্য করিল, আবার অন্য ব্যক্তি সেই উপায় দ্বারাই সেই কার্য্য অন্যথা করিল

ব্যাঘাতক, (ব্যাঘাত দেখ,+ণক—ক) বিং, ত্রিং, বিঘ্নকারী, প্রতিবন্ধক। প্রতিরোধক।

ব্যাঘ্র, (বি—আ—ঘ্রা=গন্ধগ্রহণকরা+ক—সংজ্ঞার্থে) সং, পুং, ঘ্রী—স্ত্রী, শ্বাপদ জন্তুবিশেষ, বাঘ, শার্দ্দুল। (কোন শব্দের অন্তে থাকিলে) শ্রেষ্ঠ;

যথা—পুরুষব্যাঘ্র ইত্যাদি। পুং, রক্ত এরণ্ড বৃক্ষ।

ব্যাঘ্রনখক, (ব্যাঘ্র=বাঘ—নখ+কণ—যোগ) সং, ক্লীং, নখক্ষত, নখের আঁচড়।

ব্যাঘ্রনায়ক, (ব্যাঘ্র=বাঘ—নায়ক=যে লইয়া যায়) সং, পুং, শৃগাল, জম্বুক, শিয়াল, শিবা, যামরুত, যামঘোষ।

ব্যাঘ্রপাদ, সং, পুং, স্মৃতিশাস্ত্রপ্রণেতা মুনিবিশেষ তাঁহার পদ ব্যাঘ্রের ন্যায় ছিল।

ব্যাঘ্রপুচ্ছ, সং, পুং, এরণ্ডবৃক্ষ।

ব্যাঘ্রাট, (ব্যাঘ্র=বাঘ—অট্=যে গমন করে) সং, পুং, ভরদ্বাজ পক্ষী, ভারুই পাখী।

ব্যাঘ্রাস্য, (ব্যাঘ্র=বাঘ—আস্য=মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মার্জ্জার, বিড়াল। ত্রিং, ব্যাঘ্রমুখ। যাহার ব্যাঘ্রের ন্যায় মুখ

ব্যাজ, (বি—অজ্=প্রতারণা করা ইত্যাদি+ঘঞ্—প্রং) সং, পুং, ছল, কপট, চাতুরী, ছদ্ম। দুষ্টতা, দুরাশয়তা। বাধা, ব্যাঘাত, বিঘ্ন। বিলম্ব।

ব্যাজস্তুতি, (ব্যাজ=কপট—স্তুতি=প্রশংসা) সং, স্ত্রীং, কপটস্তব, কপটপ্রশংসা। অলঙ্কারবিশেষ; নিন্দা দ্বারা স্তুতি ও স্তুতি দ্বারা নিন্দা করা।

ব্যাজোক্তি, (ব্যাজ=ছল—উক্তি=কথন) সং, স্ত্রীং, ছলে উক্তি। কাব্যালঙ্কারবিশেষ, স্ফুটরূপে প্রকাশিত বিষয়ের ছলদ্বারা গোপন।

ব্যাড়, (বি—অড়=উদ্যত হওয়া+ণ—প্রং) সং, পুং, ইন্দ্র। সর্প। মাংসাহারী পশু, শ্বাপদ। প্রতারক।

ব্যাড়ি, সং, পুং, প্রসিদ্ধ ব্যকরণকর্ত্তা ও কোষকর্ত্তা মুনিবিশেষ।

ব্যাত্ত, (বি—আ—অৎ=গমন করা, বিস্তৃত করা+ক্ত—প্রং কিম্বা ব্যাদান দেখ,+ক্ত—প্রং) বিং, ত্রিং, প্রসারিত, বিস্তৃত। মহান্, প্রশস্ত, বিপুল, লম্বাচৌড়া।

ব্যাত্যুক্ষী, (বি—আ—অতি—উক্ষ=সেচনকরা) সং, স্ত্রীং, জলক্রীড়া, কৌতুকার্থ স্নান।

ব্যাদান, (বি—আ—দা=দানকরা, বিস্তৃতকরা+অনট্—ভা) সং, ক্লীং, প্রসারণ, বিস্তার। উদ্ঘাটন, খোলা।

ব্যাধ, (ব্যধ=বিদ্ধ করা, পীড়ন করা+ণ—ক) সং, পুং, মৃগবধব্যবসায়ী জাতি, মৃগবধাজীব। শবর, নীচজাতি।

ব্যাধাম, ব্যাধাব, (বি—আ—ধা=ধারণ করা+মম্—প্রং) সং, পুং, বজ্র, অশনি।

ব্যাধি, (বি—আ—ধা=ধারণ করা পীড়িত হওয়া+কি,—প্রং) সং, পুং, রোগ, পীড়া, আর্ত্তি, গদ, ব্যারাম, অস্বাস্থ্য। কুষ্ঠরোগ।

ব্যাধিত, (ব্যাধি+ইতচ্—সংজাতার্থে) বিং, ত্রিং পীড়িত, আতুর, রোগী, "ব্যাধিতস্যৌষধং পথ্যং নীরুজস্য কিমৌষধৈঃ" প্রাং।

ব্যাধুত, ব্যাধূত (বি—আ—ধু, ধূ=কম্পিত হওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, কম্পিত। চালিত। ধুনিত, আন্দোলিত।

ব্যান, (বি—অন্=শ্বাসনেওয়া+ঘঞ্—ণ) সং, পুং, সর্ব্বশরীর-ব্যাপী বায়ু।

ব্যাপক, (বি=বিশেষরূপে+আপ=পাওয়া+ণক—ক) বিং, ত্রিং, বিস্তারিত, ব্যাপ্তিশীল। দীর্ঘ। আচ্ছাদক।

ব্যাপত্তি, ব্যাপদ্ (বি—আ—পদ্=গমনকরা+ক্তি, ক্বিপ্—ভা) সং, স্ত্রীং, মৃত্যু, উপরতি, বিনাশ, ধ্বংস, জীবনক্ষয়। বিপদ্।

ব্যাপন, (ব্যাপক দেখ+অনট্—ভা) সং, ক্লীং, ব্যাপ্তি, বিস্তার। আচ্ছাদন।

ব্যাপন্ন, (ব্যাপত্তি দেখ,+ক্ত—ক) বিং, ত্রিং, মৃত। উপরত। বিপন্ন। বিপদ্গ্রস্ত। সংসারে জড়িত।

ব্যাপাদ, (পশ্চাৎ দেখ,+ঘঞ্—ভা) সং, পুং, পরের অনিষ্ট চিন্তা। বধ। হত্যা, মারণ, ঘাতন, শাতন।

ব্যাপাদন, (বি—আ-পাদি=গমনকরান

+অনট্-ভা) সং, ক্লীং,মারণ, ঘাতন, শাতন, বিনাশ. বধ। পরের অনিষ্ট চিন্তনকরা।

ব্যাপাদিত, (পূর্ব্বে দেখ,+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, মারিত, বিনাশিত, হত, ঘাতিত, শাতিত।

ব্যাপার, (বি—আ—পৃ=পরিশ্রম করা+ঘঞ্—ভা) সং, পুং, ক্রিয়া, কর্ম্ম। ব্যবসায়। নিয়োগ। অভ্যাস, অনুশীলন।

ব্যাপারী, (ব্যাপারিন্, ব্যাপার+ইনি—অস্ত্যর্থে, অথবা ব্যাপার দেখ,+ইন—ক) বিং, ত্রিং. ব্যবসায়ী। ক্রয় বিক্রয়াজীব। ক্রিয়াসক্ত, কার্য্যাসক্ত।

ব্যাপী, (ব্যাপিন্, ব্যাপক দেখ+ইনি—ক, শীলার্থে) বিং, ত্রিং, আচ্ছাদক। ব্যাপক, ব্যাপনশীল, বিসরণশীল।

ব্যাপৃত, ব্যাপারিত (বি—আ—পৃ=পূর্ণকরা,কর্ম্মযুক্ত হওয়া+ক্ত—ক। ব্যাপার=কর্ম্ম+ইত—সংজাতার্থে) বিং, ত্রিং, ব্যাপারযুক্ত, কার্য্যেনিযুক্ত, কার্য্যাসক্ত, কার্য্যে ব্যস্ত। নিযুক্ত। নিয়োজিত। পুং—সচিব, মন্ত্রী। রাজকর্ম্মচারী।

ব্যাপ্ত, (ব্যাপক দেখ,+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বিস্তারিত। আচ্ছন্ন, আচ্ছাদিত। বেষ্টিত। পরিপূরিত। যোড়া, ঘেরা। পূর্ণ। ব্যাপ্তিযুক্ত।

ব্যাপ্তি, (ব্যাপক দেখ,+ক্তি—ভা) সং, স্ত্রীং, ব্যাপন, সর্ব্বত্র অব[illegible]ত্রিং, ঐশ্বর্য্যবিশেষ। সাধ্যবস্তিরে অ[illegible]ন। জ-গুণ বা ধর্ম্ম; যেমন অগ্নিতে[illegible]ত্রিং, বাতা, সর্ষপে স্নেহ ইত্যাদি। লাভ,[illegible]প্তি, শিবের অণিমাদি বিভূতির মধ্যে এক বিভূতি।

ব্যাপ্য, (ব্যাপক দেখ,+যৎ—র্ম্ম) বিং, ত্রিং, ব্যাপ্তিযোগ্য, ব্যাপনীয়, যাহাকে ব্যাপ্ত করা যায়। অল্পদেশবৃত্তি। সং, ক্লীং, সাধন, হেতু। অনুমেয়, সাধ্য; যেমন ধূম হইতে বহ্নি। কুষ্ঠৌষধ,কুড়। ব্যাপ্যবৃত্তি; বিং, ত্রিং, অল্পদেশবৃত্তি পদার্থে বিদ্যমান।

ব্যাপ্রিয়মাণ, (ব্যাপৃত দেখ,+শানচ্—ক) বিং. ত্রিং, ব্যাপৃত, নিযুক্ত। কার্য্যে ব্যাপৃত, যোড়াগাঁথা।

ব্যাভুক্ষী, (বি—অভি—উক্ষ=সিঞ্চনকরা+অচ, ঈপ্) সং, স্ত্রীং, জলবিহার।

ব্যাম—পুং, ব্যামন—ক্লীং, (বি—আ—মা=পরিমাণকরা+অচ্,অনট্—ণ) সং, দুইবাহু উভয়পার্শ্বে সম্পূর্ণ প্রসারণ করিলে এক বাহুর অঙ্গুলির অগ্রভাগ হইতে অপর বাহুর অঙ্গুলির অগ্রভাগ পর্য্যন্ত দীর্ঘপরিমাণ। বাঁও।

ব্যামর্ষ, (বি—আ—মৃষ=ঘর্ষণকরা+ঘঞ্) সং, পুং.ঘষিয়া তুলিয়া ফেলা। অধৈর্য্য, ব্যাকুলতা।

ব্যামোহ, (বি—আ—মুহ্=মুগ্ধ হওয়া+ঘঞ্—ভা) সং, পুং, অজ্ঞান। ভ্রম, মোহ।

ব্যায়ত, (বি—আ—যম্=দীর্ঘ হওয়া ইত্যাদি+ক্ত—ক) বিং, ত্রিং, বিস্তৃত, লম্বা, দীর্ঘ। ব্যাপৃত। দৃঢ়। অতিশয়। দূর। সং, ক্লীং, দৈর্ঘ্য, আয়াম। প্রসার, বিস্তার।

ব্যায়াম, (পূর্ব্বে দেখ,+ঘঞ্—প্রং) সং, পুং, শ্রম-সাধন ব্যাপার, মল্লক্রীড়া, কুস্তী। শারীরিকশ্রম। গমনাদি। ব্যাম, বাঁও। শঙ্কট। দুর্গম, দুরারোহ স্থান। দুর্গম স্থানে ভ্রমণ। পৌরুষ। ব্যাপার। দৈর্ঘ্য।

ব্যাযোগ, (বি—আ—যুজ্=যোগকরা+ঘঞ্—প্রং) সং, পুং, নাট্য-গ্রন্থবিশেষ।

ব্যাল, (বি—আ—অল=ভূষিতকরা+অচ্—প্রং) সং, পুং, লী—স্ত্রীং, সর্প, সর্পী, "ব্যালী তীক্ষ্ণবিষা যথা" রাং। শ্বাপদ,হিংস্র জন্তু। দুষ্টহস্তী। বিং, ত্রিং, ক্রূর। বঞ্চক, প্রতারক, দুঃশীল, পাজি। রাজা। ছন্দোবিশেষ। অপকারী,হিংস্র।

ব্যালগ্রাহ, ব্যালগ্রাহী (ব্যাল=সর্প—গ্রাহ=যে গ্রহণ করে,২য়া—ষ। ব্যালগ্রাহিন্,

ব্যাল-গ্রাহিন্=যে গ্রহণ করে, ২য়া—ষ) সং, পুং, আহিতুণ্ডিক, সাপুড়ে, মাল। [চিত্রব্যাঘ্র, চিতাবাঘ।
ব্যালমৃগ, (ব্যাল—মৃগ=হরিণ) সং, পুং,
ব্যালায়ুধ, ক্লীং, গন্ধবিশেষ, নখী।
ব্যাবক্রোশী, ব্যাবভাষী, } (বি=পরস্পর—অব=ক্রুশ=রোদনকরা, ক্রোধ করা ইত্যাদি+ঘঞ্—ঈপ্, প্রং। বি=পরস্পর—অব=বিরুদ্ধ—ভাষ্=বলা+অচ্, ঈপ্—প্রং) সং, স্ত্রীং, পরস্পর আক্রোশন,পরস্পর ক্রোধ প্রকাশকরণ,
ব্যাবর্ত্তন, (ব্যাবৃত্ত দেখ,+অনট্—ভা) সং, ক্লীং, পরাঙ্মুখ হওয়া, ফেরা। (বি—আ—বর্ত্তি=বর্ত্তান, নিষেধ করান ইত্যাদি+অনট্—ভা) পরাঙ্মুখীকরণ, ফেরান।
ব্যাবর্ত্তিত (বি—আ—বর্ত্তি=নিষেধকরান ইত্যাদি+ক্ত-র্ম্ম)বিং,ত্রিং,পরাঙ্মুখীকৃত।
ব্যাবহারী, (বি=পরস্পর—অব=সন্দেহ—হৃ=হরণ করা+ঘঞ্—ইন্—প্রং) সং, স্ত্রীং, পরস্পরব্যবহার। পরস্পরহরণ
ব্যাবহাসী, (বি=পরস্পর—অব—হস্=হাস্যকরা+অচ্, ঈপ্—প্রং) সং, স্ত্রীং, পরস্পর হাস্যকরণ
ব্যাবৃত্ত, (বি—আ—বৃৎ=থাকা, নিষেধ করা ইত্যাদি+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, নিবৃত্ত। নিষিদ্ধ। খণ্ডিত। পৃথক্‌কৃত। মনোনীত। বেষ্টিত। অংগীকৃত। স্তুত।
ব্যাবৃত্তি (পূর্ব্বে দেখ,+ক্তি—ভা) সং, স্ত্রীং,খণ্ডন। মনোনয়ন। বেষ্টন। স্তুতি। নিরাকরণ। নিষেধ। বাধা। নিবৃত্তি। নিয়োগ। বিপর্য্যাস।
ব্যাস, (বি—আ—অস্=হওয়া, বিভাগ করা ইত্যাদি+ঘঞ্—প্রং) সং, পুং, বেদবিভাগকর্ত্তা মুনিবিশেষ, সত্যবতী-তনয়। বিভাগ। বিস্তার। গোলবস্তুর মধ্যরেখা। পরিমাণবিশেষ। সমাস-বিগ্রহ বাক্য। পুরাণ-পাঠক ব্রাহ্মণ।
ব্যাসক্ত, (বি—আসক্ত=রত) বিং, ত্রিং, অতি আসক্ত। সংলগ্ন। উদ্‌ভ্রান্ত,অভিভূত। পৃথক্‌কৃত।
ব্যাসঙ্গ, (বি—আসঙ্গ=সংযোগ) সং, পুং,বিশেষ মনোযোগ। অতি আসক্তি, বিশেষ সংযোগ।
ব্যাসিদ্ধ, (বি—না—আসিদ্ধ=সম্পন্ন) বিং, ত্রিং, নিষিদ্ধ, নিবারিত। অবরুদ্ধ। বিশেষ স্থানে বা বিশেষ ব্যক্তিকে ভিন্ন অন্যস্থানে বা অন্য ব্যক্তিকে বিক্রয় করিতে নিষিদ্ধ।
ব্যাহত, (পশ্চাৎ দেখ,+ক্ত—র্ম্ম) বিং ত্রিং, প্রতিবদ্ধ। নিষিদ্ধ,প্রতিষিদ্ধ। নিবারিত। ত্রস্ত,ভীত। অভিভূত,উদ্‌ভ্রান্ত। প্রতিহত তাড়িত,দূরীকৃত। হতাশ। বিফলীকৃত।
ব্যাহন্যমান, (বি—আ—হন্=বধকরা, নিষেধ করা+শানচ্—র্ম্ম, য, ম—আগম) বিং, ত্রিং, প্রতিবিধামান।
ব্যাহার—পুং, ব্যাহরণ—ক্লীং, } (বি—আ—হৃ=হরণ করা, বলা+ঘঞ্, অনট্—ভা) সং, কথন। উক্তি। ভাষণ, জল্পন।
ব্যাহৃতি, (ব্যাহার দেখ,+ক্তি—ভা) সং, স্ত্রীং, উক্তি,কথন। ভাষণ, জল্পন। মন্ত্রাঙ্গবিশেষ, ভূঃ ভুবঃস্বঃ প্রভৃতি মন্ত্র।
ব্যুৎক্রম, (বি—উৎ=উল্টা—ক্রম=নিয়ম) সং, পুং, ব্যতিক্রম। ক্রমবিপর্য্যয়, অনিয়ম, "হস্তালম্বং বিতর হহহা ব্যুৎক্রমঃ কাসি যাসি" উং।
ব্যুত্থান, (বি—বিশেষরূপে—উৎ=উপরি—স্থা=থাকা+ অনট্—ভা। স্—লোপ) সং, ক্লীং, উদয়। বিশেষরূপে উত্থান। উত্থিতি। প্রতিরোধ। বিরোধাচরণ। স্বাধীন হইয়া কার্য্যকরণ। সমাধিভঙ্গের অবসর।
ব্যুৎপত্তি, (বি—উৎ—পদ্=গমনকরা, বোধকরা+ক্তি—ভা) সং, স্ত্রীং, শাস্ত্রে বিশেষ সংস্কার। জ্ঞানবিশেষ উৎপত্তি। শব্দের প্রকৃতি প্রত্যয়াদি বিভজন।
ব্যুৎপন্ন, (পূর্ব্বেদেখ,+ক্ত—ক) বিং,

ত্রিং, পণ্ডিত, কৃতবিদ্য, বিপশ্চিৎ। শাস্ত্র-জ্ঞানবান্। ব্যুৎপত্তিযুক্ত। প্রকৃতি প্রত্যয় সাহায্যে উৎপন্ন।

ব্যুৎপাদক, (বি—উৎ—পাদি=গমন করান, বোধ করান+ণক—ক) বিং, ত্রিং, ব্যুৎপত্তিজনক, সংস্কারজনক।

ব্যুৎপাদিত, (পূর্ব্বে দেখ,+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রকৃতি প্রত্যয় সাহায্যে সাধিত। [ত্রিং, ব্যুৎপত্তি-লভ্য।

ব্যুৎপাদ্য, (পূর্ব্বেদেখ,+ণ্যৎ—র্ম্ম) বিং,

ব্যুদস্ত, (পশ্চাৎ দেখ, +ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, নিরস্ত, নিবারিত। মর্দ্দিত। নিরাকৃত। পরিত্যক্ত, পরিক্ষিপ্ত। অবমত।

ব্যুদাস, (বি—উৎ— অস্=ক্ষেপণকরা, নিবারণ করা ইত্যাদি+ঘঞ্—ভা) সং, পুং, নিরাস, নিবারণ। মর্দ্দন। নিরাকরণ। ঔদাস্য, অবজ্ঞা। পরিত্যাগ, কোনবস্তুর সমুচিত ব্যবহার না করা।

ব্যুষ্ট, (ব্যুষ্=দগ্ধকরা কিম্বা বি—বস্=বাসকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, দগ্ধ, ঝলসান। পর্য্যুষিত, বাসি। সং, ক্লীং, প্রাতঃকাল, দিন। ফল।

ব্যুষ্টি,(বি-বস্=থাকা+ক্তিন্, ব=উ)ফল, পরিণাম। বৃদ্ধি,উন্নতি। প্রশংসা। স্তুতি।

ব্যূঢ়, (বি—বহ্=বহনকরা, বড় হওয়া ইত্যাদি+ক্ত—ক) বিং, ত্রিং, প্রশস্ত, চৌড়া। বিস্তৃত, প্রসারিত। বিপুল, পৃথুল। "ব্যূঢ়োরস্কো বৃষস্কন্ধঃ" রং। সংহত। স্থূল। স্ফীত। বিন্যস্ত। তুল্য। উত্তম, অত্যুত্তম। বিরোহিত। পরিহিত। দৃঢ়, সুসনদ্ধ। ঠাস।

ব্যূঢ়কঙ্কট, (ব্যূঢ়=বিন্যস্ত—কঙ্কট=সাঁজোয়া) বিং, ত্রিং, সন্নদ্ধ, সন্নাহবিশিষ্ট, বর্ম্মিত, কবচিত, সাঁজোয়াপরা।

ব্যূঢ়ি, (ব্যূহ—দেখ,+ক্তিন্—ভা) সং, স্ত্রীং, বিন্যাস, সাজান। স্থূলতা।

ব্যূত, (বি—বে=বস্ত্রাদি বোনা+ক্ত—র্ম্ম। ব=উ) বিং, ত্রিং, বোনা, তন্তু-দ্বারা নির্ম্মিত। তন্তুসন্তত।

ব্যূতি, (ব্যূত দেখ,+ক্তিন্—ভা, ব=উ) সং, স্ত্রীং, বস্ত্রাদি বয়ন।

ব্যূহ, (বি—উহ্=তর্ককরা, বিন্যাসকরা বিস্তারকরা ইত্যাদি+ঘঞ্—ভা) সং, পুং, সৈন্যরচনা। বলবিন্যাস,সৈন্যসমূহ। "সমগ্রস্য তু সৈন্যস্য বিন্যাসঃ স্থানভেদতঃ। স ব্যূহ ইতি বিখ্যাতো যুদ্ধেষু পৃথিবীভুজাম্"। সমূহ। বিস্তার। তর্ক নির্ম্মাণ, গঠন। দেহ

ব্যূহতন্তু, যে সকল মূলবস্তুতে যে অংশ বিরচিত, তাহা সেই অংশের ব্যূহতন্তু। (Tissue)

ব্যূহপার্ষ্ণি, (ব্যূহ=সৈন্যসমূহ—পার্ষ্ণি =গুল্ফ বা পশ্চাৎ ভাগ) সং, পুং, সৈন্যসমূহের পশ্চাৎভাগ বা পার্শ্ব।

ব্যোকার, (ব্যো=অনুকরণ শব্দ, লৌহ —কার=যে করে) সং, পুং, লৌহকার, লোহার। কর্ম্মকার, কামার।

ব্যোম, (ব্যোমন্, ব্যে=আচ্ছাদন করা +মন্—প্রং, নিপাতন) সং, ক্লীং, শূন্য, গগণ, আকাশ, নভোমণ্ডল। জল। অভ্রক। সূর্য্যদেবের উপাসনার্থ মন্দির।

ব্যোমকেশ, (ব্যোমন্=আকাশ—কেশ-চুল, গঙ্গাধারণকালে ব্যোমব্যাপী কেশ যাঁহার, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিব, মহাদেব, ধূর্জ্জটি, শঙ্কর, ভব, হর।

ব্যোমচারী, (ব্যোমচারিন্, ব্যোমন্=আকাশ-চারী=যে গমন করে,৭ম্যা—ষ) বিং,ত্রিং,পক্ষী। দেবতা। গ্রহনক্ষত্রাদি।

ব্যোমধূম, (ব্যোমন্=আকাশ—ধূম=ধূম্র) সং, পুং, মেঘ, জলধর, জীমূত। জলদ, অভ্র, বলাহক, বারিমুচ্।

ব্যোমমঞ্জর, (ব্যোমন্=আকাশ—মঞ্জর=ডাঁটা) সং,ক্লীং,ধ্বজা,পতাকা, কেতু।

ব্যোমমণ্ডল, (ব্যোমন্=আকাশ—মণ্ডল =স্থান) সং, ক্লীং, পতাকা। ধ্বজা। আকাশমণ্ডল, নভস্থল, গগন।

ব্যোমমুদ্গর, (ব্যোমন্=আকাশ—মুদ্গর =গদা) সং, পুং, বায়ুর শব্দ, নির্ঘাত

ব্যোমযান, (ব্যোমন্=আকাশ—যান =রথাদি, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, বিমান, দেবযান। বেলুন।

ব্যোমস্থলী, সং, স্ত্রীং, পৃথিবী, ধরণী।

ব্যোষ, (বি=নানা প্রকার-উষ্=দগ্ধকরা +অচ্—প্রং) সং, ক্লীং, ত্রিকটু—শুঠ, পিপুল, মরিচ।

ব্রজ, (ব্রজ্=গমনকরা+ঘ—প্রং) সং পুং, গোষ্ঠ। সমূহ। মথুরা সমীপস্থ গোকুল গ্রাম। পথ। ক্লীং, গমন।

ব্রজন, (ব্রজ দেখ,+অনট্—ভা) সং, ক্লীং, ভ্রমণ পর্য্যটন।

ব্রজনাথ, ব্রজমোহন, (ব্রজ=গোকুলগ্রাম—নাথ=প্রভু, মোহন =মুগ্ধকারী, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শ্রীকৃষ্ণ।

ব্রজবল্লভ, ব্রজেন্দ্র, (ব্রজ—গোকুলগ্রাম—বল্লভ, ৬ষ্ঠী—ষ। ব্রজ= গোকুল গ্রাম—ইন্দ্র=শ্রেষ্ঠ) সং পুং, শ্রীকৃষ্ণ, নন্দনন্দন, গোপাল।

ব্রজ্যা, (ব্রজ দেখ,+ক্যপ্—ভা, আ—প্রং) সং, স্ত্রীং, দেশভ্রমণ। পর্য্যটন। বিজিগীষুর প্রস্থান। গমন।

ব্রণ, (ব্রণ্—ক্ষতকরা+অচ্—প্রং) সং, পুং,—ক্লীং, ক্ষত, ঘা, ফোড়া।

ব্রণকৃৎ, (ব্রণ=ক্ষত—কৃৎ=যে করে) বিং, ত্রিং, ক্ষতিকারক, অপকারক।

ব্রণিত, (ব্রণ+ইত—সংজাতার্থে) বিং, ত্রিং, ক্ষতবিশিষ্ট, যাহাতে ব্রণ হইয়াছে, ব্রণযুক্ত।

ব্রত, (বৃ=প্রার্থনাকরা+অতচ্— প্রং, কিম্বা ব্রজ্=গমনকরা+ঘ—প্রং, নিপাতন) সং, পুং,—ক্লীং, পুণ্যজনক বা পাপক্ষয়-কর কর্ম্ম,চান্দ্রায়ণাদি। নিয়ম। ভক্ষণ।

ব্রততি,—তী, (বৃৎ=থাকা+অতি—প্রং, ঋ=র) সং, স্ত্রীং, লতা, বল্লী, বল্লরী, বিরুধ্। বিস্তার।

ব্রতস্নাতক, পুং, যে ব্রাহ্মণ ব্রহ্মচর্য্য আশ্রম সমাপন করিয়াছে।

ব্রতভিক্ষা, (ব্রত—ভিক্ষা) সং, স্ত্রীং, উপনয়নকালীন ভিক্ষা।

ব্রতাদেশ, (ব্রত—আদেশ=নির্দ্দেশ) সং, পুং, সংস্কারবিশেষ, উপনয়ন।

ব্রতী, (ব্রতিন্, ব্রত+ইনি—অস্ত্যর্থে)সং, পুং, ব্রতবিশিষ্ট, যজমান, নিয়মস্থ। তপস্বী। [পুত্র। শরীর। শিব। ব্রহ্মা।

ব্রধ্ন, সং, পুং, বৃক্ষমূল, শিকড়। সূর্য্য।

ব্রধ্নপাদ, যাহাদের দেহ কিঞ্চিৎ বৃক্ষমূলবৎ পদার্থে নিষ্পন্ন। তড়াগাদির তলে শ্লেষ্মাবৎ সূত্ররূপী যে অতি ক্ষুদ্র জীব দৃষ্ট হয়,তাহাই এই বর্গের প্রধান জীব। (Rhizopoda)

ব্রশ্চন, (ব্রশ্চ্=ছেদন করা+অনট্—ভা) সং,ক্লীং, কর্ত্তন, ছেদন। স্বর্ণাদি ছেদনসাধনঅস্ত্র,ছেনী, বাটালি, হাত করাত প্রভৃতি।

ব্রাজি, (ব্রজ্=গমন করা+ইঞ্—প্রং) সং, পুং, বায়ু, বাতাস, পবন, শ্বাস, মাতরিশ্বা, বাত, শ্বসন।

ব্রাত, (বৃ=প্রার্থনা করা+অতচ্—প্রং, অ=আ) সং, পুং, সমূহ, দল। পতিত ব্রাহ্মণেরসন্ততি। বরযাত্র বা কন্যাযাত্র। ক্লীং,— শারীরিক পরিশ্রম। মজুরি, দৈনিক শ্রম, ঠিকা কাজ।

ব্রাতীন, (ব্রাত=শারীরিক পরিশ্রম+খ —জীবত্যর্থে) সং, পুং, সজ্জজীবী, মজুর। ঠিকা চাকুরিয়া।

ব্রাত্য, (ব্রত=নিয়ম+ণ্যৎ—হীনার্থে)সং, পুং,সংস্কারহীন, সাবিত্রী পতিত ব্রাহ্মণ, অযোগ্যকালে উপনীত।

ব্রাত্যস্তোম, (ব্রাত্য=সংস্কারহীন—স্তোম=যজ্ঞ) সং, পুং, যজ্ঞবিশেষ।

ব্রীড়—পুং, ব্রীড়া—স্ত্রীং, ব্রীড়ন—ক্লীং, (ব্রীড্=লজ্জিত হওয়া +অণ্ড, আপ্,অনট্ —ভা) সং, ত্রপা, হ্রী, ব্রীড়া, হায়া।

ব্রীড়িত, (ব্রীড় দেখ,+ক্ত—ক,—ভা) বিং, ত্রিং, লজ্জিত। সং, ক্লীং, লজ্জা।

ব্রীহি, (ব্রূ=প্রার্থনা করা+হি — প্রং, নিপাতন) সং. পুং, ধান্য। "যৎ পৃথিব্যাং ব্রীহিযবং" ব্যাস।

ব্রীহিক, (ব্রীহি=ধান্য+ঠন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ধান্যবিশিষ্ট।

ব্রীহিকাঞ্চন, সং, পুং, মসুরি কলাই।

ব্রীহী, (ব্রীহিন্, ব্রীহি=ধান্য+ইনি—তৎক্ষেত্রার্থে) বিং, ত্রিং, ব্রীহিযুক্ত ক্ষেত্রাদি।

ব্রৈহ, (ব্রীহি=ধান্য+অণ্—প্রং) বিং, ত্রিং, ব্রীহিনির্ম্মিত, ধান্যে প্রস্তুত।

ব্রৈহেয়, (ব্রীহি=ধান্য+ঠক্— তৎক্ষেত্রার্থে) বিং, ত্রিং, ধান্য জন্মিবার উপযুক্ত ক্ষেত্রাদি।

শ।

শ, ব্যঞ্জনের ত্রিংশবর্ণ। (শী=শয়নকরা+ড—প্রং) সং, ক্লীং, শম্—অং, কল্যাণ, শুভ। সং, পুং, শিব। শস্ত্র।

শংযু, শংব (শম্=কল্যাণ+যুস্, ব—যুক্তার্থে) বিং, ত্রিং, কল্যাণযুক্ত, ভাগ্যবান্। পুং—সর্পবিশেষ। ইন্দ্রের বজ্র। ক্লীং সৌভাগ্য

শংবর, (শম্=কল্যাণ— বৃ= বরণকরা, আবরণকরা+অপ্—প্রং) সং, ক্লীং, সলিল, জল, জীবন, নীর, নার, বারি, কমল।

শংসন,—ক্লীং, শংসা—স্ত্রীং (শন্স্= বলা ইত্যাদি+অনট্, আপ্—ভা) সং, কথন, সূচন। ইচ্ছা। প্রশংসা।

শংসিত, (পূর্ব্বেদেখ,+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, নিশ্চিত। অভিলষিত, বাঞ্ছিত। নিন্দিত। কুৎসিত। প্রশংসিত। কথিত, সূচিত। গৃহীত। হিংসিত।

শংসী, (শংসিন্, শংসন দেখ, +ইনি—ক) বিং, ত্রিং, জ্ঞাপক। সূচক। কথক। জ্ঞাপনকারক।

শংস্থ, (শম্=কল্যাণ—স্থা=থাকা+ক—ক) বিং, ত্রিং, শুভান্বিত, কল্যাণযুক্ত

শংস্য, (শংসন দেখ,+ক্যপ্—র্ম্ম) বিং, ত্রিং, প্রশংসনীয়, স্তুত্য। গুণবান্। প্রসিদ্ধ কর্ম্মকারী। বাঞ্ছনীয়। কথনীয়। হিংসনীয়।

শক, (শক্=পারকহওয়া+অচ্—প্রং) সং, পুং, অব্দ-প্রবর্ত্তক রাজা, শালিবাহন রাজা। জাতিবিশেষ। দেশবিশেষ। অব্দ, সংবৎসর। কাং, বহুং, শকদেশীয় লোক। সীথীয় জাতি।

শকট, (পূর্ব্বে দেখ,+অটন্—প্রং) সং, ত্রিং, গাড়ি। পুং, অসুরবিশেষ, এই অসুর কৃষ্ণকর্ত্তৃক নিহত হয়। (স্ত্রীলিঙ্গে শকটী ও শকটিকা হয়)।

শকটহা, (শকটহন্, শকট=অসুরবিশেষ—হন্=যে বধ করে, ২য়া—ষ) সং, পুং, শকটাসুরের হন্তা, কৃষ্ণ।

শকটার, সং, পুং, নন্দরাজার মন্ত্রী।

শকটাহ্বা, (শকট=গাড়ি— আহ্বা=নাম) সং, স্ত্রীং, রোহিণীনক্ষত্র।

শকটিকা, (শকটী+কণ্—যোগ) সং, স্ত্রীং, কাষ্ঠাদি নির্ম্মিত খেলাইবার গাড়ি। ক্ষুদ্র শকট, ছোট গাড়ি।

শকল, (শকদেখ,+কলচ্— প্রং) সং, পুং,—ক্লীং, খণ্ড, অংশ, একদেশ। ক্লীং, ত্বক্, চর্ম্ম, ছাল। আঁইষ, শল্ক। রঙ বিশেষ।

শকলী, (শকলিন্, শকল=শল্ক+ইনি—অস্ত্যর্থে) সং, পুং, মৎস্য, মাছ, মীন, ঝষ

শকান্তক, সং, পুং, বিক্রমাদিত্য। শালিবাহন রাজা।

শকাব্দ, (শক—অব্দ=বৎসর, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শক নামক নৃপতির প্রচলিত বৎসর।

শকার, সং, পুং, মদমূর্খতা অভিমানবিশিষ্ট দুষ্কুলজাত এবং ঐশ্বর্য্যশালী রাজার রক্ষিতা স্ত্রীরভ্রাতা। শ এইবর্ণ।

শকারি, (শক=শকদেশীয় লোক—অরি=শত্রু) সং, পুং, রাজা বিক্রমাদিত্য।

শকুন, (শক দেখ, + উন্—প্রং) সং,পুং, গৃধ্র। চিল। পক্ষী। উৎসবাদি কালে গীয়মান মঙ্গল গীত। ক্লীং, শুভাশুভ সূচক চিহ্ন, নিমিত্ত।

শকুনজ্ঞ, (শকুন= নিমিত্ত — জ্ঞ = যে জানে) বিং, ত্রিং, নিমিত্তজ্ঞ, চিহ্নজ্ঞ। কাকচরিত্র। জ্ঞা—স্ত্রীং, (শকুন=পক্ষী জ্ঞ=যে জানে) জেঠী, টিকটিকী।

শকুনি (শক দেখ, +উনি — প্রং) সং, পুং, গৃধ্র। পক্ষী। চিল। দুর্য্যোধনাদির মাতুলের নাম, সৌবল। করণবিশেষ। বিকুক্ষি রাজার পুত্র। নী—স্ত্রীং, পক্ষিণীবিশেষ, শামাপাখী।

শকুনীশ্বর, (শকুনি=পক্ষী — ঈশ্বর = প্রধান) সং, পুং,গরুড়,পক্ষীন্দ্র,বৈনতেয়।

শকুন্ত, শকুন্তি, (শক — দেখ,+উন্ত, উন্তি—প্রং) সং, পুং, পক্ষী। পক্ষিবিশেষ, ভাসপক্ষী। কীটবিশেষ।

শকুন্তলা, (শকুন্ত=পক্ষী—লা = গ্রহণকরা বা লালনকরা+ক, আপ্—প্রং) সং, স্ত্রীং, দুষ্মন্ত রাজার মহিষী, ভরত-রাজার মাতা। "নির্জ্জনে তু বনে যস্মাৎ শকুন্তৈঃ পরিরক্ষিতা। শকুন্তলেতি নামাস্যাঃ কৃতঞ্চাপি ততো ময়া"॥

শকুল, (শক দেখ.+উলচ্-প্রং) সং, পুং, মৎস্য,মীন, ঝষ। মৎস্যবিশেষ, শালমাছ।

শকুলগণ্ড, সং, পুং, মৎস্যবিশেষ,শালমাছ

শকুলাক্ষক, (শকুল = মৎস্য-অক্ষ = অক্ষি-শব্দজ। যাহার মুকুল মৎস্যের চক্ষুর সহিত উপমিত) সং, পুং, শ্বেতদুর্ব্বা।

শকুলাদনী, (শকুল=মৎস্য—অদন=ভক্ষণীয়) সং, স্ত্রীং, কাঁচড়াদাম। কেঁচো। ভূমিলতা। [সং, পুং, গড়ুই মাছ।

শকুলার্ভক, (শকুল—অর্ভক=শাবক)

শকৃৎ, (শক্ = পারক হওয়া+ঋতন্—প্রং) সং, ক্লীং, পুরীষ, বিষ্ঠা, মল।

শকৃৎকরি,(শকৃৎ=বিষ্ঠা—কৃ=করা+ইন্—এই অর্থে) সং, পুং, স্ত্রীং, গোবৎস। বৎস, বাছুর

শক্বর, সং, পুং, বৃষ, ষাঁড়। রী—স্ত্রীং, ছন্দোবিশেষ। নদীবিশেষ। কটিবেষ্টন-রজ্জু। মেখলা, চন্দ্রহার। চণ্ডালী।

শক্ত, (শক দেখ,+ক্ত-ক) বিং,ত্রিং,শক্তিযুক্ত, সমর্থ, পারক, ক্ষমতাবান্। কঠিন।

শক্তি, (শক দেখ,+ক্তি—ভা) সং, ... ক্ষমতা, সামর্থ্য, বল, পরাক্রম। প্রভাবজ, উৎসাহজ, মন্ত্রজ—এই ত্রিবিধ রাজশক্তি। কাস্থ নামক অস্ত্র। তোমর অস্ত্র, লৌহশাবল। গৌরী। লক্ষ্মী। স্ত্রীদেবতা। প্রকৃতি। দেবীবিশেষ। শব্দাদির বৃত্তিবিশেষ। এই শব্দদ্বারা এইরূপ অর্থের প্রতীতি হউক, এই প্রকার ইচ্ছা; তাহা তিন প্রকার—অভিধা, লক্ষণা, ব্যঞ্জনা।

শক্তিগ্রহ, (শক্তি=অস্ত্রবিশেষ—গ্রহ=যে গ্রহণ করে) সং, পুং, শিব, মহাদেব, কৈলাশনাথ, ত্রিলোচন, ব্যোমকেশ। কার্ত্তিকেয়, স্কন্দ, সেনানী,ষড়ানন, শিখিবাহন। শব্দের অর্থবোধক বৃত্তির জ্ঞান।

শক্তিধর, শক্তিভৃৎ, (শক্তি=বল—ধর, ভৃৎ=যে ধারণ করে, দ্বিতীয়া—ষ) সং, পুং, কার্ত্তিকেয়। বিং. ত্রিং, শক্তিযুক্ত।

শক্তিপাণি, (শক্তি=বল—পাণি=হস্ত,৬ষ্ঠী—ষ) সং,পুং, কার্ত্তিকেয়,স্কন্দ,সেনানী।

শক্তিমান্. (শক্তিমৎ, শক্তি+মৎ—অস্ত্যর্থে) বিং, ত্রিং, বলবান, শক্তিবিশিষ্ট। সং, পুং, সপ্ত কুল-পর্ব্বতের এক পর্ব্বত

শক্তিহেতিক, (শক্তি=অস্ত্রবিশেষ—হেতি—প্রহরণাস্ত্র) সং, পুং, শক্তি-অস্ত্রধারী যোদ্ধা, শাক্তিক।

শক্তু, (শচ=বলা ইত্যাদি+তুন্—প্রং) সং, পুং,—ক্লীং, যবাদিচূর্ণ, ছাতু।

শক্তুফলা, (শক্তু=শস্যাদিচূর্ণ—ফল) সং, স্ত্রীং, শমীবৃক্ষ, শাঁইগাছ।

শক্ত্যর্দ্ধ, সং,পুং, শ্রমদ্বারা কুক্ষি ললাট ও গ্রীবাতে উৎপন্ন ঘর্ম্ম এবং দীর্ঘনিশ্বাস।

শক্তি, সং, পুং, বশিষ্টমুনির জ্যেষ্ঠপুত্র।

শক্র, শক্র, (শক্=পারক হওয়া,

বাক্যদ্বারা সন্তুষ্ট করা+ন, মু,—ষ) বিং. ত্রিং, মিষ্টালাপী, মধুরবাক্। প্রিয়-ভাষী, প্রিয়ম্বদ।

শক্য, (শক্—পারক হওয়া+যৎ—প্রং) বিং, ত্রিং, বাচ্য, অভিধাবৃত্তি দ্বারা বোধ্য। সম্ভব, শক্তির বিষয়, যাহা করিতে পারা যায়।

শক্যতাবচ্ছেদক, বিং, ত্রিং, শক্য-ধর্ম্ম।

শক্র, (শক্=সামর্থ্য প্রকাশ করা+রক্ প্রং) সং,পুং, ইন্দ্র, দেবরাজ, আখণ্ডল, হরি, বজ্রপাণি, সহস্রলোচন, পাক-শাসন, বৃষাকপি। "রাজবেশমতিশক্র-শোভিনং" রং। পেচক, উলুক, দিবা-ভীত। জ্যেষ্ঠানক্ষত্র।

শক্রক্রীড়াচল, (শক্র=ইন্দ্র-ক্রীড়া=বিহার —অচল=পর্ব্বত)সং,পুং, সুমেরুপর্ব্বত।

শক্রগোপ, (শক্র=ইন্দ্র—গো=দীপ্তি-পা=রক্ষাকরা+ক—প্রং) সং, পুং, ইন্দ্রগোপ, রক্তবর্ণ কীটবিশেষ।

শক্রজ, শক্রজাত (শক্র=ইন্দ্র—জ=জাত) সং, পুং, কাক, বায়স, ধাঙ্খ, বলিভুক্। বিং, ত্রিং; ইন্দ্র হইতে উৎপন্ন।

শক্রজিৎ, (শক্র=ইন্দ্র—জিৎ=যে জয় করে, ২য়া—ষ) সং, পুং, রাবণের পুত্র। ইন্দ্রজিৎ, মেঘনাদ। "ধিক্ ধিক্ শক্রজিতং" মং নাং। বিং, ত্রিং, ইন্দ্র-জেতা।

শক্রধনু, (শক্রধনুস্, শক্র=ইন্দ্র—ধনুস্= ধনুক) সং, ক্লীং, ইন্দ্রধনুঃ, রামধনুক।

শক্রধ্বজ, শক্রোৎসব, } (শক্র=ইন্দ্র—ধ্বজ = পতাকা।-উৎসব=পর্ব্ব, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শক্রোত্থান, ইন্দ্র-ধ্বজের উৎসব, ভাদ্র শুক্ল দ্বাদশীতে পূজ্য ধ্বজাকার স্তম্ভ।

শক্রপুষ্পী, স্ত্রীং, বিশল্যকরণী।

শক্রভিদ্, (শক্র=ইন্দ্র—ভিদ্ = এখানে পরাভবকারী) সং, পুং, রাবণের পুত্র। মেঘনাদ, ইন্দ্রজিৎ।

শক্রমূর্দ্ধা, (শক্রমূর্দ্ধন্, শক্র=ইন্দ্র—মূর্দ্ধন =মস্তক) সং, পুং, বল্মীক, উয়ের ঢিবি।

শক্রবাহন, (শক্র=ইন্দ্র—বাহন=যান) সং, পুং, ইন্দ্রবাহন, মেঘ, ঘন, জীমূত।

শক্রশরাসন, (শক্র=ইন্দ্র—শরাসন=ধনুক) সং, ক্লীং, ইন্দ্রধনুঃ, রামধনুক।

শক্রসানা, স্ত্রীং, যজ্ঞগৃহ, হোমগৃহ।

শক্রশিরঃ, (শক্রশিরস্, শক্র=ইন্দ্র—শিরস্ =মস্তক) সং, ক্লীং, বল্মীক, উয়ের ঢিবি।

শক্রসারথি, (শক্র—সারথি=রথাদিচালক সং, পুং, ইন্দ্রের রথচালক, মাতলি।

শক্রাখ্য, (শক্র—আখ্যা=নাম) সং, পুং, পেচক, পেঁচা, উলুক, দিবাভীত।

শক্রাণী, (শক্র=ইন্দ্র+ঙীপ—প্রং,আন্-আগম) সং, স্ত্রীং, ইন্দ্রপত্নী, শচী।

শক্রাশন, (শক্র=ইন্দ্র—অশন=ভক্ষণীয়। রাবণের সহিত যুদ্ধে হত বানরগণের শরীরে পতিত অমৃত ফোঁটা হইতে যাহা উৎপন্ন হইয়াছে) সং, পুং, কুটজ বৃক্ষ, কুড়চীগাছ। ক্লীং, ভঙ্গা, ভাং, সিদ্ধি।

শক্রোত্থান, (শক্র=ইন্দ্র—উত্থান) সং, ক্লীং, ভাদ্র মাসের শুক্লপক্ষে দ্বাদশী তিথিতে কৃত উৎসববিশেষ, ইন্দ্রধ্বজের উৎসব।

শক্লু, (শক্=সমর্থ হওয়া+ক্লু) বিং, ত্রিং, প্রণয়ালাপী, মধুরভাষী।

শক্বন্, (শক্=সমর্থ হওয়া+বনিন্) পুং, হস্তী।

শক্বর, (শক্=সমর্থ হওয়া+করপ্) পুং, বৃষ। বা স্ত্রীং, অঙ্গুলি। নদী। কটিবে-ষ্টন। ছন্দোবিশেষ।

শঙ্ক, (পশ্চাৎ দেখ+অচ্—প্রং) সং, পুং, শকটাদি বাহক বৃষ, গাড়িটানা বলদ।

শঙ্কনীয়, (শনক্=ভীতহওয়া, আশঙ্কা করা+অনীয়র—র্ম্ম) বিং, ত্রিং, আশ-ঙ্কারযোগ্য। ভয়েরবিষয়। সন্দেহ স্থল।

শঙ্কর, (শম্=কল্যাণ—কর=যে করে) বিং, ত্রিং, শুভকারক। সং, পুং, শিব।

বেদান্তভাষ্যকর্ত্তা, শঙ্করাচার্য্য।
শঙ্করী, (শঙ্কর=শিব+ঈপ্—জায়ার্থে) সং, স্ত্রীং শিবানী,ভবানী, দুর্গা, অম্বিকা, অপর্ণা, শক্তি। শুভদায়িনী।
শঙ্কা, (শঙ্কনীয় দেখ+আপ্—ভা) সং, স্ত্রীং, ত্রাস, ভয়, ভীতি, আশঙ্কা। সংশয়। সন্দেহ। বিতর্ক।
শঙ্কিত, (শঙ্কনীয় দেখ,+ক্ত—ক) বিং, ত্রিং, ভীত। ত্রস্ত। সন্দিগ্ধমনা, সন্দিগ্ধ। অবিশ্বস্ত। তর্কিত।
শঙ্কিতবর্ণক, (শঙ্কিত=ভীত—বর্ণ=জাতি +কণ্—প্রং) সং, পুং, তস্কর, চৌর, মলিম্লুচ, রাত্রিচর।
শঙ্কু, (শঙ্কনীয় দেখ+উ—প্রং) সং, পুং, অস্ত্রবিশেষ, শলা, শেল। কীলক, গোঁজ। বর্শা, সড়কি। লিঙ্গ,শিশ্ন, মেঢ্র, পুং চিহ্ন। গন্ধদ্রব্যবিশেষ, নখী। হংসী। ভূত। কন্দর্প। বল্মীক। শঙ্করমৎস্য। শিবের অনুচর গন্ধর্ব্ববিশেষ। ভয়,ত্রাস। স্থাণু, মুড়াগাছ। শিব। সংখ্যাবিশেষ। মৎস্যবিশেষ। কলুষ, পাপ। পত্রের শিরা সমূহ। দ্বাদশাঙ্গুল কাঠি। ঘড়ির কাঁটা। (Index)
শঙ্কুকর্ণ, (শঙ্কু=অস্ত্রবিশেষ—কর্ণ=কাণ) সং, পুং, রাসভ, গর্দ্দভ, খর, গাধা।
শঙ্কুচি, শঙ্কোচ; সং, পুং, শঙ্কুমৎস্য, শাঁকোট মাছ।
শঙ্কুপট্ট, দণ্ডপলাদি চিহ্নিত শঙ্কুদণ্ডের আধার। (Dial Plate)
শঙ্কুতরু, পুং, শালবৃক্ষ।
শঙ্কুর, (শঙ্কু=শঙ্কা—রা=দানকরা+ড —প্রং) বিং, ত্রিং, ভীষণ, ভয়ঙ্কর, ত্রাসজনক, ভীতিপ্রদ, করাল, ভীম।
শঙ্কুলা; সং, স্ত্রীং, পূগকর্ত্তনী, যাঁতি।
শঙ্কোচি, পুং, শঙ্করমৎস্য।
শঙ্খ, (শম্=শান্তহওয়া+খ—প্রং) সং, পুং—ক্লীং, সমুদ্রজাত জন্তুবিশেষ, শাঁখ, কম্বু। "মল্লিকামুকুলে চণ্ডি ভাতি গুঞ্জন্ মধুব্রতঃ। প্রয়াণে পঞ্চবাণস্য শঙ্খমাপূরয়ন্নিব" কাং। পুং, গলদেশ। ললাটের অস্থি। নাগবিশেষ। কুবেরের নিধিবিশেষ। ধর্ম্মশাস্ত্রপ্রণেতা মুনিবিশেষ। রণবাদ্যযন্ত্রবিশেষ। সংখ্যাবিশেষ, লক্ষকোটি, দশনিখর্ব্ব। যথা —"একং দশশতঞ্চৈব সহস্রমযুতং তথা। লক্ষঞ্চ নিযুতঞ্চৈব কোটিরর্ব্বুদমেব চ। বৃন্দঃ খর্ব্বো নিখর্ব্বশ্চ শঙ্খ পদ্মশ্চ সাগরঃ। অন্ত্যং মধ্যং পরার্দ্ধঞ্চ দশবৃদ্ধ্যা যথাক্রমম্"। নবরত্নের একরত্ন, গন্ধদ্রব্যবিশেষ। নখী। রণঢক্কা। হস্তিদন্তদ্বয়ের মধ্যভাগ।
শঙ্খক,(শঙ্খ+কণ্—যোগ) সং,ক্লীং,শঙ্খনির্ম্মিত বলয়। পুং,—ক্লীং, কম্বু, শাঁখ। পুং, শিরোরোগবিশেষ। কপাল,ললাট।
শঙ্খকার, (শঙ্খ—কার=যে করে, ২য়া —ষ) সং,পুং,শাঁখারি। শঙ্খব্যবসায়ী।
শঙ্খচরী, শঙ্খচর্চ্চী, (শঙ্খ=ললাটের অস্থি—চর্=গমনকরা, চর্চ্চ=অনুশীলন করা, লেপন করা+ টচ্, অচ্—প্রং) সং, স্ত্রীং, ললাটিকা,চন্দনাদিরচিত তিলক, বিশেষক।
শঙ্খচূর্ণী, সং, স্ত্রীং, উপদেবতাবিশেষ। শাঁখচুন্নী।
শঙ্খজ, (শঙ্খ—জন=জাত) সং, পুং, কপোত ডিম্বের ন্যায় বৃহৎ মুক্তা। বিং, ত্রিং, শঙ্খ হইতে জাত।
শঙ্খধ্মা, (শঙ্খ—ধ্মা=যে বাজায়) সং, পুং, শঙ্খবাদক, যে শাঁখ বাজায়।
শঙ্খনখ, (শঙ্খ—নখ) সং, পুং, খী— স্ত্রীং, ক্ষুদ্রশঙ্খ, ছোট শাঁখ, জোমড়া প্রভৃতি।
শঙ্খপ্রস্থ, (শঙ্খ—প্রস্থ) সং পুং, চন্দ্রস্থিত চিহ্ন, শশাঙ্ক।
শঙ্খবেলান্যায়,—(২৯) ন্যায় দেখ।
শঙ্খভৃৎ, (শঙ্খ—ভৃৎ=যে ধারণ করে) সং, পুং, শঙ্খধারী,বিষ্ণু।
শঙ্খমুখ, (শঙ্খ—মুখ) সং, পুং, নক্র, কুম্ভীর, কুমীর।
শঙ্খিনী (শঙ্খিন্+ঈপ্—প্রং) সং, স্ত্রীং, একপ্রকার স্ত্রীজাতি, দীর্ঘাকায়া,

দীর্ঘকেশা, নাতিস্থূলা, নাতিকৃশা, ব্যো-পনস্বভাবা, রতিসমুৎসুকা স্ত্রী। বুদ্ধদিগের উপাস্যা শক্তিবিশেষ। উপদেবতাবিশেষ, শাঁখচুন্নী। [গাছ।

শঙ্খিনীবাস সং, পুং, শাখোট বৃক্ষ, শেওড়া-

শঙ্খী, (শঙ্খিন্, শঙ্খ+ইনি—অস্ত্যর্থে) বিং, ত্রিং, শঙ্খবিশিষ্ট, শঙ্খযুক্ত। সং, পুং, বিষ্ণু। শঙ্খবাদক। সমুদ্র, সাগর, রত্নাকর, জলধি, বারাংনিধি। শাঁখারি।

শচি,—চী (শচ্=বলা+ই—প্রং) সং, স্ত্রীং, ইন্দ্রাণী, ইন্দ্রের পত্নী।

শচীপতি, (শচী=ইন্দ্রাণী—পতি=স্বামী) সং, পুং, ইন্দ্র, শক্র, আখণ্ডল, বাসব, দেবরাজ, পুরন্দর। [বিশেষ, শল্লকী।

শজারু, (দেশজ) সং, স্বনামপ্রসিদ্ধ জন্তু-

শটা, (শট্=গমন করা ইত্যাদি+অচ্, আপ্,—প্রং) সং, স্ত্রীং, জটা। কেশর।

শটী, স্ত্রীং সুগন্ধমূলবিশেষ। স্বনামপ্রসিদ্ধ দ্রব্যবিশেষ, আদার ন্যায়, এবং আম্রের ন্যায় গন্ধ।

শট্টক, সং, ক্লীং, ঘৃত জলমিশ্রিত শালিচূর্ণ।

শঠ, (শঠ্=বঞ্চনা করা+অচ্,—ক) বিং, ত্রিং, খল, ধূর্ত্ত, দুষ্ট। "প্রিয়ং বক্তি পুরোঽন্যত্র বিপ্রিয়ং কুরুতে ভৃশম্। ব্যক্তাপরাধচেষ্টশ্চ শঠোঽয়ং কথিতো বুধৈঃ"॥ উদাসীন ব্যক্তি। পুং, ধূর্ত্ত, পাজি। মূর্খ, নির্ব্বোধ। নিষ্কর্ম্মা। নায়ক বা স্বামী, যে একপত্নীকে বাহ্যিক প্রণয় প্রদর্শন করে, কিন্তু বাস্তবিক অন্যকে ভালবাসে। ধুস্তূর, ধুতুরা। ক্লীং, কুঙ্কুম। লৌহ।

শঠতা, (শঠ+তা—ভাবে) সং, স্ত্রীং, ধূর্ত্ততা, ক্রূরতা, খলতা, প্রতারণা, দুষ্টামি।

শণ, (শণ্=সূত্র দানকরা+অচ্—নামার্থে) সং, ক্লীং, ক্ষুদ্রবৃক্ষবিশেষ, শণগাছ। [ক্ষুদ্রদ্বীপ।

শণীর, সং, ক্লীং, শোণনদের মধ্যস্থিত

শণ্ড, (শণ দেখ,+ড—প্রং) সং, পুং, বৃষ, ষাঁড়, বলীবর্দ্দ, উক্ষ। নপুংসক, ক্লীব। ক্লীং, পদ্মসমূহ।

শণ্ডিল, (শণ্ড=নপুংসক+ইলচ্—প্রং সং, পুং, মুনিবিশেষ।

শণ্ঢ, (শণ দেখ,+ঢ—প্রং) সং, পুং, অন্তঃপুরস্ত্রীরক্ষক, বর্ষবর, খোজা, নপুংসক, হিজ্ড়ে। ষাঁড়। সন্তানোৎপাদনে অসমর্থ ব্যক্তি। উন্মত্ত ব্যক্তি। [মত্ত, মাতাল।

শত, সং, ক্লীং, দশগুণিত দশসংখ্যা, ১০০।

শতক, (শত+কণ্—পরিমাণার্থে) বিং, ত্রিং, শতসংখ্যাবিশিষ্ট। শতকবিতায় নিবদ্ধ কাব্য।

শতকোটি, (শত—কোটি=ধার, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বজ্র, অশনি। শতধারাবিশিষ্ট অস্ত্র। স্ত্রীং, ১০০ কোটিসংখ্যা।

শতক্রতু, (শত — ক্রতু=যজ্ঞ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শতাশ্বমেধযজ্ঞকারী, ইন্দ্র, আখণ্ডল, শচীপতি, বাসব, পুরন্দর, পাকশাসন।

শতখণ্ড, সং, ক্লীং, সুবর্ণ, সোণা, স্বর্ণ, হেম, জাম্বূনদ, চামীকর।

শতঘ্নী, (শত—হন্=বধকরা+অণ্, ঈপ্—প্রং) সং, স্ত্রীং, শত-পুরুষ-ঘাতক অস্ত্রবিশেষ, লৌহকণ্টকব্যাপ্ত যষ্ট্যাকার অস্ত্র। স্ত্রীবৃশ্চিক। গলরোগবিশেষ।

শতচ্ছদ, (শত—চ্ছদ=পালখ) সং, পুং, কাঠঠোকরা পাখী। শতদল পদ্ম।

শততম, (শত+তম—পূরণার্থে) বিং, ত্রিং, শতসঙ্খ্যার পূরক।

শততাপ, স্ত্রীং, শতভিষা নক্ষত্র।

শতদ্রু, -দ্রূ (শত—দ্রু=বেগে গমনকরা+উ—প্রং) সং, স্ত্রীং, নদীবিশেষ, পঞ্জাবের অন্তর্গত শতলজ্ নদী, বশিষ্ঠ কণ্ঠে শিলা বাঁধিয়া এই নদীতে প্রবেশ করিয়াছিলেন, সেই জন্য ভয়ে ইহা শতধা ধাবিত হইয়াছিল।

শতধা, (শত+ধাচ্—প্রকারার্থে) অং, শতপ্রকার। শতবার। (শত=১০০ গ্রন্থি —ধা=ধারণকরা+ক, আপ্—)

সং, স্ত্রীং, দূর্ব্বা।
শতধামা, (শতধামন্, শত=১০০সংখ্যা, অনেক — ধামন্=দেহ, তেজঃ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিষ্ণু, নারায়ণ।
শতধার, (শত—ধারা=প্রান্তভাগ, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, বজ্র, অশনি। বিং, ত্রিং, শতধারাবিশিষ্ট
শতধৃতি, (শত—ধৃতি=যজ্ঞ, ৬ষ্ঠী—হিং) সং,পুং,ইন্দ্র,শক্র,দেবরাজ। ব্রহ্মা,কমলযোনি, পিতামহ। স্বর্গ, নাক, ত্রিদিব।
শতপত্র, (শত—পত্র=পাতা, পক্ষ, ৬ষ্ঠী হিং) সং, ক্লীং, পদ্মপুষ্প, তামরস, জলজ, ইন্দীবর। পুং, যাহার একশত পালখ আছে। ময়ূর,শিখী,বর্হী। সারস। কাঠঠোকরা। শুকপক্ষী।
শতপত্রভেদ ন্যায়——(৩০) ন্যায় দেখ।
শতপথ, (শত—পথ=রাস্তা বা উপদেশ) সং, পুং, যজুর্ব্বেদাংশবিশেষ। বেদের অংশ ব্রাহ্মণবিশেষ।
শতপথিক,(শতপথ+ষিকণ্—প্রং) বিং, ত্রিং,নানাপথাবলম্বী। নানামতাবলম্বী।
শতপদ, (শত—পদ=পা, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, নামকরণার্থ প্রথম বর্ণসূচক চক্র চিহ্নবিশেষ। দী—স্ত্রীং, কর্ণকীটী, কাণকোটারী, কেন্নো। বৃশ্চিক,বিছা।
শতপর্ব্বা, (শতপর্ব্বন্) পুং, বংশ, কীচক, বেণু, বাঁশ। স্ত্রীং, দূর্ব্বা। শুক্রের পত্নী। ইক্ষুবিশেষ। পূর্ণিমা।
শতপর্ব্বিকা,স্ত্রীং, দূর্ব্বা। যব।
শতপাদ, শতপাদিকা (শত—পাদ্=পা, ৬ষ্ঠী—হিং, কণ্—যোগে শতপাদিকা) সং, স্ত্রীং, কর্ণকীটী, কাণকোটারি। কাকোলী।
শতপাদিক, বৃশ্চিকবর্গ (Myriapoda)
শতপদ্ম, (শত=একশত—পদ্ম) সং, ক্লীং, শ্বেতকমল, শুভ্রপদ্ম।
শতপুষ্প, (শত—পুষ্প=ফুল) সং, পুং, ভারবি, কিরাতার্জ্জুনীয়গ্রন্থকর্ত্তা। ষ্পা—স্ত্রীং, শাকবিশেষ।
শতপোন, পুং, চালুনী।
শতপোরক, পুং, ইক্ষুবিশেষ, পুড়ী আখ।
শতভিষক্, শতভিষা (শতভিষজ্,শত—ভিষজ্=স্বাস্থ্য করা+ক্বিপ্—ড, আপ্ প্রং) সং, স্ত্রীং, চতুর্ব্বিংশ নক্ষত্র।
শতভীরু, স্ত্রীং, মল্লিকা।
শতমখ, শতমন্যু (শত—মখ, মন্যু=যজ্ঞ ৬ষ্ঠী—হিং) সং, পুং, ইন্দ্র, শতক্রতু, সহস্রাক্ষ, বজ্রপাণি, হরি, বাসব, পুরন্দর।
শতমান, (শত—মান=পরিমাণ) সং, পুং, ক্লীং, একপলপরিমিত রৌপ্য। পরিমাণবিশেষ, আঢ়ক।
শতমারী, (শতমারিন্, শত—মারিন্=যে মারিয়া ফেলে) সং,পুং,উত্তম চিকিৎসক। যে শতবার পারা শোধন করিতে পারে।
শতমুখ, (শত—মুখ) বিং, ত্রিং, শত মুখ যুক্ত। খী—স্ত্রীং, সম্মার্জ্জনী,ঝাঁটা।
শতমূলী, (শত=একশত বা অনেক—মূল) সং,স্ত্রীং, স্বনামপ্রসিদ্ধ লতাবিশেষ।
শতযষ্টিক, (শত—যষ্টি=গুচ্ছ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, একশত নরবিশিষ্ট হার।
শতলুম্পক, পুং, কীরতার্জ্জুনীয় গ্রন্থকর্ত্তা, ভারবি কবি।
শতবীর্য্যা, (শত—বীর্য্য=বীজ) সং, স্ত্রীং, শ্বেতদূর্ব্বা।
শতরঞ্চ,শতরঞ্চি (দেশজ) সং, বিচিত্রসূত্রনির্ম্মিত আসনবিশেষ। ক্রীড়াবিশেষ।
শতবেধী,(শতবেধিন্) পুং, চুকপালমশাক।
শতশঃ, (শতশস্, শত+শস্—বারার্থে) অং, শতবার। শতশত। বহুবার, অনেকবার। [ক্লীং, লক্ষসঙ্খ্যা।
শতসহস্র, (শত—সহস্র=হাজার) সং,
শতসাহস্র, (শতসহস্র+অণ্—প্রং) বিং, ত্রিং, লক্ষসঙ্খ্যক।
শতহ্রদা, (শত—হ্রদ=আলোক,বা হ্রাদ=শব্দ,৬ষ্ঠী—হিং) সং,স্ত্রীং,বিদ্যুৎ, হ্লাদিনী, তড়িৎ,সৌদামিনী,চপলা,চঞ্চলা। বজ্র।
শতাক্ষী, (শত—অক্ষ=অক্ষিশব্দজ, +ঈপ্

—প্রং)। সং, স্ত্রীং, নিশা, ক্ষপা, রাত্রি, বিভাবরী, ত্রিযামা। পার্ব্বতী। "ভূয়শ্চ শতবার্ষিক্যামনাবৃষ্ট্যামনম্ভসি। মুনিভিঃ সংস্তুতা ভূমৌ সম্ভবিষ্যাম্যযোনিজা। ততঃ শতেন নেত্রাণাং নিরীক্ষিষ্যামিষ ন্মুনীন্। কীর্ত্তয়িষ্যন্তি মনুজাঃ শতাক্ষী-মিতি মাং ততঃ"।

শতাঙ্গ, (শত—অঙ্গ=অবয়ব, ৬ষ্ঠী—হিং) সং, পুং, স্যন্দন, রথ

শতানক, (শত—আনক,=ঢক্কা) সং, ক্লীং, শ্মশান, প্রেমভূমি।

শতানন্দ, (শত—আনন্দ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, গৌতমমুনি। জনকরাজার পুরোহিত। ব্রহ্মা। বিষ্ণুর রথ।

শতানীক, (শত—আ—নী=আনয়নকরা+কপ—প্রং। বা শত—অনীক=সৈন্য) সং, পুং, বৃদ্ধ, স্থবির, অন্তিমবয়স্ক, প্রাচীন, প্রবীণ, বুড়া। রাজবিশেষ. জনমেজয়ের পুত্র। ব্যাসের শিষ্য মুনিবিশেষ। বিং, ত্রিং, শতসৈন্যবান্।

শতায়ুঃ, (শতায়ুস্, শত—আয়ুস্=জীবন) বিং, ত্রিং, শতবর্ষজীবী।

শতার, (শত—ঋ=গমনকরা+অণ্-প্রং। অথবা শত—আর=কোটি, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, বজ্র, অশনি। বিশেষ।

শতারুঃ, (শতারুস্) স্ত্রীং, ক্লীং কুষ্ঠরোগ

শতাবরী, (শত=একশত—আ—বৃ=বরণকরা+অচ্—প্রং) সং, স্ত্রীং, শতমূলী। ইন্দ্রভার্য্যা, শচী।

শতাবর্ত্ত, শতাবর্ত্তী (শত—আবর্ত্ত=ঘূর্ণন। শতাবর্ত্তিন্, শত—আবর্ত্ত=ঘূর্ণন+ইনি—অস্ত্যর্থে) সং, পুং, বিষ্ণু, নারায়ণ।

শতাব্দী,(শত-অব্দ=সম্বৎসর,দ্বিগু-স)সং, স্ত্রীং, শতবৎসরাত্মক কাল। (Century)

শতিক, শত্য (শত+ঠক্,যৎ—প্রং) বিং, ত্রিং,শতসম্বন্ধীয়। শতদ্বারা ক্রীত। শতময় যাহাতে শতমুদ্রা কর ধার্য্য আছে।

শত্তের, (শদ্=নাশ করা, গমনকরা+এরচ্—প্রং। দ=ত) সং, পুং, শত্রু, অরি, অরাতি, বিদ্বিট্, বৈরী, রিপু। হিংসা, ক্ষতি, আঘাত।

শত্রি, (শদ=গমনকরা+ত্রিপ্) পুং, হস্তী, গজ, মাতঙ্গ, দন্তী, ইভ, কুঞ্জর।

শত্রু, (শদ্=গমনকরা+ত্রুন্—প্রং) সং, পুং, রিপু, বৈরী, অরি, অরাতি, বিপক্ষ, দ্বেষ্টা

শত্রুঘ্ন, (শত্রু=বিপক্ষ—ঘ্ন=যে নাশ করে, ক্রিয়া—ষ) সং, পুং, রামের ভ্রাতা, সুমিত্রাপুত্র। বিং, ত্রিং, শত্রুনাশক

শত্রুঞ্জয়, (শত্রু—জি=জয়করা+খচ্—প্রং) সং, পুং, বিমলাদ্রি, গুজরাটের অন্তর্গত গিরনার পর্ব্বত। বিং, ত্রিং, শত্রুজয়কারী।

শত্রুতা, (শত্রু+তা—ভাবে) সং, স্ত্রীং, বিপক্ষতা, বৈরিতা, বিদ্বেষ।

শত্রুমর্দ্দন, (শত্রু—মর্দ্দন=নাশক) সং, পুং, শত্রুনাশক। শত্রুঘ্ন।

শত্বরী, (শদ্=গমনকরা+করপ—প্রং) সং, স্ত্রীং, রজনী, রাত্রি, নিশা, ক্ষপা, ত্রিযামা, বিভাবরী।

শদ্রি,(শদ্=গমনকরা+ক্রিন্—প্রং) সং, পুং, মেঘ, ঘন, বলাহক, জীমূত, জলধর, বায়ুবাহন, বারিদ। অর্জ্জুন, সব্যসাচী, জিষ্ণু। হস্তী, মাতঙ্গ, ইভ, কুঞ্জর, দ্বিরদ, দ্বিপ, বারণ। স্ত্রীং, বিং, বিদ্যুৎ, সৌদামনী, চপলা, শতহ্রদা, তড়িৎ, ইরম্মদা। মিছরী।

শদ্রু, (শদ্=গমনকরা+ক্রু—প্রং) বিং, ত্রিং, ক্ষয়শীল। পতনশীল। গমনশীল।

শনি, শনৈশ্চর (শণ্=দানকরা+ই—সংজ্ঞার্থে। শনৈস্=অল্পে অল্পে—চর=যে গমন করে) সং, পুং, সপ্তমগ্রহ।

শনৈঃ, শনকৈঃ (শনৈস্, শনকৈস্, শণ্=দানকরা+ঐস্—প্রং। অকন্—যোগে শনকৈস্) অং, অল্পে অল্পে, ক্রমে ক্রমে, আস্তে আস্তে, ধীরে ধীরে।

শপ, শপথ—পুং, শপন—ক্লীং, (শপ্=দিব্যকরা+অথচ অচ, অনট—প্রং। সং, দিব্য, প্রতিজ্ঞা, সত্যাবধারণ।

তিরস্কার,ভর্ৎসনা,গালি। মৃতদেহ,মড়া।
শপমান, (শপ দেখ+শানচ্—ক) বিং, ত্রিং, শপথকারী, যে দিব্য করে।
শপ্ত, (শপ্=শাপ্ দেওয়া+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অভিশপ্ত, শাপগ্রস্ত। শপথকারী। সং,ক্লীং,অঙ্গীকার। পুং, তৃণবিশেষ, উলু
শফ, (শম্=শান্তহওয়া+অচ্—প্রং, ম্—ফ্) সং, পুং—ক্লীং, পশ্বাদির খুর। অশ্বের খুর। বৃক্ষমূল।
শফর, (শফ=খুর—রা=তুল্য হওয়া+ক—প্রং) সং, পুং, রী—স্ত্রীং, প্রোষ্ঠী, পুটিমাছ। "অবসরবশাৎ শফরোজ্ঝিতনঃ সোঽপি জাতঃ" উং।
শফরাধিপ, (শফর—অধিপ=প্রধান) সং, পুং, ইলিশমাছ।
শব্দ, (শব্দ্=শব্দকরা+অচ্—ভা) সং, পুং, শ্রবণেন্দ্রিয়গ্রাহ্য পদার্থ, ধ্বনি। বিভক্তিরহিত নাম। নামবাচক বর্ণ।
শব্দকোষ; সং, পুং, অভিধান, শব্দার্থ প্রকাশক গ্রন্থ। (Dictionary)
শব্দগ্রহ, (শব্দ—গ্রহ=যে গ্রহণ করে) সং, পুং, শ্রবণেন্দ্রিয়, কর্ণ। (৬ষ্ঠী—ষ) শব্দের জ্ঞান।
শব্দচোর, পুং, খোষামুদে, গোসাহেব।
শব্দন, (শব্দ দেখ+অনট্—ভা) সং, ক্লীং, শব্দ, রব, ধ্বনি। বিং, ত্রিং, রবমান, শব্দায়মান।
শব্দপ্রবৃত্তি, (শব্দ—প্রবৃত্তি=উৎপত্তি, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, চতুর্ব্বিধ বাঙ্‌নিষ্পত্তি, বৈখরী মধ্যমা পশ্যন্তী ও সূক্ষ্মা।
শব্দব্রহ্ম, (শব্দব্রহ্মন্, শব্দ—ব্রহ্মন্) সং, ক্লীং,শ্রুতি, বেদ,নিগম। শব্দাত্মক ব্রহ্ম।
শব্দভেদী, (শব্দভেদিন্, শব্দ—ভেদিন্=ভেদনকারী)সং,পুং,ধনঞ্জয়,পার্থ,অর্জ্জুন, শব্দানুসারে বিদ্ধকারী। বাণবিশেষ।
শব্দযোনি, (শব্দ—যোনি=উৎপত্তিস্থান) সং, স্ত্রীং, শব্দের আকর, যাহা হইতে শব্দের উৎপত্তি হয়, ধাতু প্রভৃতি।
শব্দবেধী, (শব্দবেধিন্, শব্দ—বেধিন্=বিদ্ধকারী। যাঁহার রবে তাঁহার শত্রুর ভয় প্রাপ্ত হয়) সং, পুং, পার্থ, জিষ্ণু, অর্জ্জুন,শব্দানুসারে বিদ্ধকারী। বাণবিশেষ।
শব্দশক্তি, (শব্দ—শক্তি=সামর্থ্য) সং, স্ত্রীং, শব্দের অর্থ বোধক বৃত্তি, অভিধা লক্ষণা ব্যঞ্জনা প্রভৃতি।
শব্দশাস্ত্র, সং, ক্লীং, ব্যাকরণাদি শাস্ত্র।
শব্দাধিষ্ঠান, (শব্দ—অধিষ্ঠান) সং, ক্লীং, কর্ণ, শ্রোত্র। [ব্যাকরণ শাস্ত্র।
শব্দানুশাসন, (শব্দ—অনুশাসন) সং,ক্লীং,
শব্দায়মান, (শব্দ্=শব্দকরা+শানচ্—প্রং) বিং, ত্রিং, শব্দকারী, যে শব্দ করিতেছে।
শব্দিত, (শব্দ্=শব্দকরা+ক্ত-প্রং। কিম্বা শব্দ+ইতচ্—প্রং) বিং, ত্রিং, ধ্বনিত, ধ্মাত, কৃতশব্দ। আহূত।
শম্, অং, কল্যাণ। মঙ্গল। সুখ।
শম, (শম্=শান্তহওয়া+ঘঞ্—ভা) সং, পুং, শান্তি, অন্তঃকরণের স্থিরতা। অন্তরিন্দ্রিয়ের নিগ্রহ। মনঃসংযম। ক্ষমা। মোক্ষ। নিবৃত্তি, নিরুপদ্রব, নিন্দা, তিরস্কার। হস্ত।
শমক, (শমদেখ+ণক—প্রং) বিং, ত্রিং, শময়িতা, শান্তিকারক।
শমতা, (শম+তা—ভাবে) সং, স্ত্রীং, শান্তি, ক্ষান্তি, উপরতি, উপশম, নিবৃত্তি।
শমথ, (শম দেখ,+অথ—প্রং) সং, পুং, শান্তি, অন্তঃকরণের স্থিরতা। মনঃসংযম। নিবৃত্তি।
শমন, (শম্=শান্তহওয়া+অনট্—ভা) সং,পুং, কৃতান্ত, যম। মৃগবিশেষ।ক্লীং, যজ্ঞার্থ পশুবধ। মনঃশান্তি, উপশম। হিংসা, দ্বেষ, দমন। তিরস্কার, শাপ। চর্ব্বণ। আঘাত, ক্ষতি। নী—স্ত্রীং, রাত্রি, বিভাবরী, ত্রিযামা,শর্ব্বরী,ক্ষপা।
শমনস্বসা, (শমনস্বসৃ, শমন=যম—স্বসৃ=ভগিনী) সং, স্ত্রীং, যমুনানদী। কালিন্দী।

শমনীষদ, (শমনী=রাত্রি—সদ=যে গমন করে) সং,পুং, নিশাচর, রাক্ষস, কূণপ, যাতুধান, রাত্র্যট।

শময়িতা, (শময়িতৃ, শমি=শান্তহওয়ান +তৃচ্—ক) বিং,ত্রিং, নিবারক, দমনকারক। বিনাশক।

শমল, (শম্=শান্তহওয়া+কল—প্রং) সং, ক্লীং, পুরীষ, বিষ্ঠা, মল, শকৃৎ। পাপ, অংহ, এণ।

শমান্তক, (শম্=অন্তঃকরণের স্থিরতা, মনঃসংযম—অন্তক=নাশক) সং, পুং, কামদেব, কন্দর্প, মীনকেতন, মনসিজ, মনোভব, কুসুমধন্বা।

শমার্থী, (শমার্থিন্, শম—অর্থিন্=যে যাচ্ঞা করে) বিং, ত্রিং, সন্ধিপ্রার্থী।

শমি, শমী (শম্=শান্তিকরা+ই—প্রং) সং, স্ত্রীং, বৃক্ষবিশেষ, শাঁইগাছ।

শমিত, (শম্=শান্তহওয়া+ক্ত—ক)বিং, ত্রিং, শান্তিপ্রাপ্ত, নিবারিত। নাশিত।

শমির, শমীর (শমি, শমী=শাঁইগাছ—রা=তুল্য হওয়া+ক—প্রং। কিম্বা শমী=বৃক্ষবিশেষ+র—হ্রস্বার্থে, ঈ=ই, বিকল্পে) সং, পুং, ক্ষুদ্র শমী, ছোট শাঁইগাছ।

শমিরোহ, শমীরোহ (শমী=বৃক্ষবিশেষ—রোহ=যে আরোহণ করে) সং,পুং, মহাদেব, শিব, ত্রিলোচন, হর শম্ভু, ভূতনাথ, পিণাকী, কৃত্তিবাস, দিগম্বর।

শমী, (শমিন্, শম্=শান্তহওয়া+ঘিনুণ্—ক, শীলার্থে) বিং, ত্রিং, শমগুণবিশিষ্ট, শান্ত, সংযমী। ধীর।

শমীক, (শম্=শান্তহওয়া+ঈক—প্রং) সং, পুং, মুনিবিশেষ, শৃঙ্গীর পিতা, রাজা পরীক্ষিৎ এই মুনির গলদেশে মৃত সর্প প্রদান করিয়াছিলেন।

শমীগর্ভ,(শমী=বৃক্ষবিশেষ,[কোন যজ্ঞাদির জন্য ইহার কাষ্ঠ প্রয়োজনীয় হয়]—গর্ভ) সং, পুং, ব্রাহ্মণ, দ্বিজ, বিপ্র। পাবক, জ্বলন, হুতভুক, জাতবেদা, অগ্নি।

শমীধান্য, (শমী=শিম্বী, মটর ইত্যাদির খোসা—ধান্য=শস্য) সং, ক্লীং, মাসকলাই প্রভৃতি শস্য।

শমীপত্রী, স্ত্রীং, লজ্জাবতী গাছ।

শম্পা, (শম্=সুখ—পা=পানকরা+ক—প্রং।) সং, স্ত্রীং, বিদ্যুৎ, তড়িৎ, ইরম্মদা, সৌদামনী, হ্লাদিনী, ইহা ভয়ঙ্কর আকৃতি দ্বারা সুখ নষ্ট করে।

শম্পাক, (শম্=হর্ষ—পাক=যে পক্ক করে) সং, পুং, আরগ্বধবৃক্ষ, সোঁদালি গাছ। রন্ধন। অলক্তক, আল্তা।

শম্ব, (শম্=সুখ+ব — অস্ত্যর্থে। কিম্বা শম্ব্=রাশি করা+অচ্—প্রং। সম্বও হয়) সং, পুং, বজ্র, অশনি। লৌহময়াগ্রভাগ মুদ্গর। মুষলাদির অগ্রলোহমণ্ডল, শাঁপি। লৌহনির্ম্মিত কাঞ্চী। দ্বিতীয়বার কর্ষণ। বিং, ত্রিং, ভাগ্যবান্, সৌভাগ্যশালী, শুভান্বিত।

শম্বর,(শম্ব্=গমনকরা+অরন্—সংজ্ঞার্থে) সং,পুং, অসুরবিশেষ। যুদ্ধ, রণ, সমর। মৃগবিশেষ। পর্ব্বতবিশেষ। মৎস্যবিশেষ। শ্রেষ্ঠ। বৌদ্ধবিশেষ। ক্লীং, জল, বারি, নীর। ধন, বসু। বৌদ্ধব্রতবিশেষ।

শম্বরসূদন, (শম্বর=দৈত্যবিশেষ—সূদন=যে বধ করে, ২য়া—ষ) সং,পুং, মদন, কামদেব, মীনকেতন, মার, মনসিজ, প্রদ্যুম্ন।

শম্বরারি, (শম্বর=দৈত্যবিশেষ—অরি=শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কন্দর্প, মদন মীনলাঞ্ছন, রতিপতি, বসন্তসখ।

শম্বল, (শম্বর দেখ,+অলচ্—প্রং) সং, পুং, — ক্লীং, পাথেয়, পথখরচ। কূল, তীর। মাৎসর্য্য। লী—কুট্টিনী।

শম্বাকৃত, (শম্ব=দ্বিতীয়বার কর্ষণ—কৃত। আ—আগম) বিং, ত্রিং, দুই বার কৃষ্ট ক্ষেত্র, দুইবার চসা ক্ষেত।

শম্বু, শম্বূ, শম্বুক, শম্বূক (শম্=শান্ত হওয়া +উ, ঊ, উক, ঊক—প্রং) সং, স্ত্রীং, জলজন্তু বিশেষ, শামুক। গজকুম্ভাগ্র।

পুং, শঙ্খ। ক্ষুদ্র শঙ্খ, কম্বু। শূদ্রতাপ-সবিশেষ। গজকুম্ভের অগ্রভাগ। দৈত্য-বিশেষ।
শস্ত, (শম্=কল্যাণ—ভা=দীপ্তি পাওয়া +ক—প্রং) বিং, ত্রিং, কল্যাণযুক্ত। বজ্র। শড়কীর ফলা।
শস্তল, (শস্ত—লা=গ্রহণকরা+ক—প্রং) সং, পুং, মোরাদাবাদের অন্তর্গত গ্রাম বিশেষ।
শস্তলী, (শম্=সুখ—ভল্=বর্ণনাকরা+অচ্—প্রং) সং, স্ত্রীং, দূতী, কুটনী।
শম্ভু, (শম্=কল্যাণ—ভূ= হওয়া +উ—প্রং। যাঁহা হইতে মঙ্গল হয়) সং, পুং, শিব, মহাদেব। ব্রহ্মা, চতুর্ম্মুখ।
শম্যা, (শম্=শান্তহওয়া+য, আপ্—প্রং) সং, স্ত্রীং, যুগকীলক, যুগ কাষ্ঠের খিল।
শয়, (শী=শয়নকরা+অচ্—প্রং)সং,পুং, হস্ত, কর। শয়ন, শয্যা, তল্প, খট্বা, নিদ্রা। সর্প। পণ। বিং,ত্রিং,শয়নকারী।
শয়চান (শ্যেনশব্দজ) সং, শ্যেনপক্ষী, শিক্‌রাপাখী।
শয়ণ্ড, (শী=শয়নকরা+অণ্ডচ্-প্রং) বিং, ত্রিং, নিদ্রালু, নিদ্রাশীল।
শয়তান, (যবনভাষা) সং, ভূতরাজ। দুষ্ট।
শয়থ, (শী=শয়নকরা+অথচ্—প্রং)সং, পুং, অজগর সর্প। মহোরগ। মৃত্যু। বিং, ত্রিং, নিদ্রালু।
শয়ন, (শী=শয়নকরা+অনট্—ভা, ধি) সং, ক্লীং, নিদ্রা। শয্যা। খট্বা। স্ত্রী-সঙ্গ, মৈথুন
শয়নীয়, শয়নীয়ক (শয়ন দেখ,+অনীয়র্ ধি,র্ম্ম। কণ্—যোগে শয়নীক) সং.ক্লীং, শয্যা, শয়নের স্থান. "যবনী নবনীত-কোমলাঙ্গী শয়নীয়ে যদি নীয়তে কথ-ঞ্চিৎ" উং। বিং, ত্রিং শয়নযোগ্য।
শয়নেকাদশী, (শয়ন—একাদশী) সং,স্ত্রীং, আষাঢ় মাসের শুক্লা একাদশী।
শয়ান, (শী=শয়নকরা+শানচ্—প্রং) বিং, ত্রিং, যে শয়ন করিয়া আছে। নিদ্রিত, নিদ্রাগত, সুপ্ত।
শয়ানক, (শী=শয়নকরা+আনক্—প্রং) সং, পুং. সর্প, ভুজগ, ভোগী, দ্বিজিহ্ব, আশীবিষ। কৃকলাস।
শয়ালু, (শয়ন=দেখ.+আলু—শীলার্থে) বিং, ত্রিং, সর্ব্বদা নিদ্রাশীল। নিদ্রালু। সং, পুং, অজগর সর্প। কুক্কুর, শ্বা, সার-মেয়, গ্রামসিংহ।
শয়িত, শয়িতবৎ (শয়ন দেখ,+ক্তবতু —ক) বিং, ত্রিং, যে শয়ন করিয়াছে। নিদ্রিত, সুপ্ত। সং, ক্লীং, শয়ন।
শয়ু, শয়ুন (শী=শয়ন করা+উ, উনন্—প্রং) সং, পুং, অজগর, বৃহৎসর্প।
শয্যা, (শী=শয়নকরা+ক্যপ্—ধি,আপ্—প্রং) সং, স্ত্রীং, বিছানা, শয়নীয়, তল্প।
শর, (শৃ=ভেদকরা+অপ্—প্রং)সং,পুং, বাণতৃণ, খাক্‌ড়া গাছ। ইষু, বাণ, শিলীমুখ, পত্রী, মার্গণ। দধি দুগ্ধের অগ্রভাগ। ক্লীং, জল, বারি, নীর, সলিল।
শরজ, (শর=দধিদুগ্ধের অগ্রভাগ—জ= জাত) সং, ক্লীং, সদ্যোজাত ঘৃত, হৈয়ঙ্গবীন। (শর=খাক্‌ড়াগাছ—জ= জাত, ৫মী—হিং) পুং, কার্ত্তিকেয়, স্কন্দ, সেনানী, কুমার, ষড়ানন।
শরজন্মা, (শরজন্মন্, শর=খাক্‌ড়াগাছ—জন্মন্=উৎপত্তি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কার্ত্তিকেয়, কুমার।
শরট, (শৃ =বধকরা+অটন্—প্রং,)সং, পুং, কৃকলাস, কাঁকলাস।
শরণ, (শৃ=হিংসাকরা+অনট—প্রং) সং, ক্লীং, গৃহ। আশ্রয়। রক্ষক। রক্ষা। "মরণং শরণং কেবলমেকং" শ্রীহর্ষ। বধ, বিনাশ।
শরণাগত, (শরণ—রক্ষা— আগত= যে আসিয়াছে, ২য়া—ষ) বিং ত্রিং, শরণা-পন্ন, রক্ষার্থী।
শরণাপন্ন, (শরণ—আপন্ন=প্রাপ্ত, ২য়া —ষ)বিং, ত্রিং, শরণাগত,অভয়দাপিত;

আশ্রিত। রক্ষার্থী।
শরণার্থী, (শরণার্থিন্, শরণ=রক্ষা—অর্থী =প্রার্থক, ২য়া—ষ) বিং, ত্রিং, রক্ষা-প্রার্থক। অভয়বাচক। আশ্রয়প্রার্থী।
শরণি, শরণী (শরণ দেখ+অনি—প্রং) সং, স্ত্রীং, বর্ত্ম, পন্থা, মার্গ, রথ্যা, পথ, রাস্তা।
শরণ্ড, (শৄ=ফলইত্যাদি হিংসাকরা+অণ্ডন্—প্রং) সং, পুং, পক্ষী, বিহঙ্গ, খগ, পতত্রী। কামুক, লম্পট ধূর্ত্ত। শরট, গিরগিটি, বহুরূপী। ভূষণবিশেষ।
শরণ্য, (শরণ দেখ+অন্য—প্রং। কিংবা শরণ+যৎ—প্রং) বিং, ত্রিং, রক্ষণীয়, নিরাশ্রয়, দরিদ্র, দীন, আশ্রয় দিবার পাত্র। আশ্রয় দাতা, রক্ষাকর্ত্তা। ক্লীং, —আশ্রয়। গৃহ, ভবন। রক্ষণ।

শরণ্য, (শরণদেখ+অন্য—প্রং) সং, পুং, মেঘ, জলধর। বায়ু, বাত, সমীরণ, পবন। রক্ষাকর্ত্তা আশ্রয়দাতা।
শরৎকামী, (শরৎকামিন্, শরদ্=ঋতু-বিশেষ—কামী=কামুক, ইচ্ছুক) সং, প্রং সং, পুং, পক্ষিবিশেষ, গুরেশালিক। বাণ দ্বারা যুদ্ধকারী।
শরৎপর্ব্ব, (শরৎপর্ব্বন্, শরদ্—পর্ব্বন্= উৎসব) সং, ক্লীং, কোজাগর পূর্ণিমা।
শরদ্, (শরণ দেখ+অদি—প্রং) সং, স্ত্রীং, বৎসর। ঋতুবিশেষ, আশ্বিন কার্ত্তিক—এই দুই মাস। "সুখিতমাস্ব ভতঃ শরদাং শতং" উং। [হেমন্ত ঋতু।
শরদন্ত, (শরদ্—অন্ত=শেষ) সং, পুং,
শরদা, সং, স্ত্রীং শরৎকাল। বৎসর।
শরদিজ, (শরদি, সপ্তম্যন্ত শরদ্‌শব্দজ= শরৎকালে—জ=জাত) বিং, ত্রিং, শরৎকালীন, শরৎকালে উৎপন্ন।
শরধি, (শর=বাণ—ধা=ধারণকরা+কি—প্রং, ২য়া—ষ, ধি বা) সং, পুং, শরাধার, তূণ, তূণীর, ইষুধি, কাঁড়।
শরভ, (শরণ দেখ+অভচ্—প্রং) সং, পুং, অষ্টপাদমৃগবিশেষ। উষ্ট্র, ক্রমেলক, দাসেরক। করিশাবক, করভ। বানর বিশেষ। শলভ, পতঙ্গ, ফড়িং।
শরভঙ্গ, সং, পুং, মুনিবিশেষ।
শরভূ, (শর=খাকড়া গাছ—ভূ=যে হয়, ৫মী—ষ) সং, পুং, কার্ত্তিকেয়, শরজন্মা, কুমার, স্কন্দ। সেনানী। [স্ত্রী, ত্রপা।
শরম, (যবনভাষা) সং, লজ্জা, ব্রীড়া,
শরমল্ল, (শর=খাকড়া গাছ, বাণ—মল্ =ধারণ করা বা ভোগকরা+অচ্—৬ষ্ঠী—ষ) সং, পুং, পক্ষীবিশেষ, গুরে-শালিক। বাণদ্বারা যুদ্ধ করা।
শরযু, শরয়ূ—স; সং, স্ত্রীং, নদীবিশেষ, যে নদী অযোধ্যা দিয়া প্রবাহিত হইয়া শোণ নদের পশ্চিমে গঙ্গার সহিত মিলিত হইয়াছে।
শরল, (সৃ=গমনকরা+কলচ্—প্রং, স শ) বিং, ত্রিং, অকপটহৃদয়, সজ্জন অবক্র। ক্রূর, বক্র। সং, পুং, দেবদারু গাছ। [নীর, জীবন, বারি।
শরলক, সং, ক্লীং, জল, সলিল, নীর,
শরবাণি, (শর=বাণ—বণ=শব্দকরা+ইন্—প্রং) সং, পুং, বাণের অগ্রভাগ। পদাতি সৈন্য। ধানুষ্ক। শরজীবী।
শরব্য, (শর=বাণ+যৎ—প্রং) সং, ক্লীং, লক্ষ্য, বাণের নিশানা।
শরা, (শরাবশব্দজ) সং, মৃৎপাত্রবিশেষ।
শরাটি, শরাড়ি, শরাতি, শরারি, শরালি, শরালী, } (শর=জল বা ক্ষতি, হিংসা—অট, অৎ=গমনকরা+ইন্—প্রং; শর=বাণ—অল=বেগে সমতুল্য হওয়া+ইন্—প্রং, ল, রও হয়, অথবা শর=জল বা হিংসা—ঋ=গমন করা+ইন্—প্রং; র=ল এবং ড়ও হয়) সং, স্ত্রীং, পক্ষিবিশেষ, শরালি পাখী।
শরারীমুখী, স্ত্রীং, কাঁচি।
শরারু, (শৄ=হিংসা করা+আরু—ক, শীলার্থে) বিং, ত্রিং, হিংস্র, ক্ষতিকারক।
শরারোপ, (শর=বাণ—আরোপ=আ

শ্রয়) সং, পুং, কার্ম্মুক, ধনুক, শরাসন, শার্ঙ্গ ।
শরাব, (শর=হানি, কিম্বা দধি প্রভৃতির সার-অব্=রক্ষাকরা+অচ্—প্রং) সং, পুং, মৃৎপাত্রবিশেষ, শরা। "দীনারমেকং শরাবে নিধায়" বিষ্ণুশর্ম্মা ।
শরাবতী, (শর=থাকড়া গাছ+বৎ—অস্ত্যর্থে, ঈপ্—প্রং, অ স্থানে আ) সং, স্ত্রীং, নদীবিশেষ ।
শরাশ্রয়, (শর=বাণ—আশ্রয়=আধার) পুং, কুক্কুর, সারমেয়, গ্রামসিংহ, শ্বা ।
শরাসন, (শর=বাণ—অস্=নিক্ষেপকরা+অন—ণ) সং, ক্লীং, ধনুক, কার্ম্মুক ।
শরীর, (শৃ=বধকরা বা নষ্ট হওয়া+ঈরন্—প্রং । যে রোগাদি দ্বারা শীর্ণ হয়) সং, ক্লীং, দেহ, কায়, বপু, বিগ্রহ, কলেবর ।
শরীরজ, (শরীর—জ=যে জন্মে, ৫মী—য) সং, পুং, কন্দর্প, কাম । পুত্র, তনয়, নন্দন, তনুজ। রোগ, গদ, পীড়া । বিং, ত্রিং, দেহজাত, শরীরোৎপন্ন ।
শরীরভাক্, (শরীরভাজ্, শরীর—ভাজ্=যে ভাগ করে) সং, ত্রিং, দেহী, জন্তু, মূর্ত্ত, মনুষ্য। জীবাত্মা ।
শরীরসংস্কার, (শরীর-সংস্কার=শুদ্ধিজনক কার্য্য) সং, পুং, দেহের পবিত্রতাজনক কর্ম্ম। শরীরের শোভা-সম্পাদন ও পরিষ্কারকরণ ।
শরীরী, (শরীরিন্, শরীর+ইনি-অস্ত্যর্থে) সং, পুং, আত্মা, জীবাত্মা । শরীরবিশিষ্ট, দেহী, প্রাণী, জীব । মনুষ্য । মূর্ত্ত, জন্তু ।
শরু, (শরীরদেখ+উ—প্রং) সং, পুং, বজ্র । বাণ । অস্ত্র । ক্রোধ ।
শর্করা, (শরীরদেখ,+করন্—প্রং, আপ্) সং, স্ত্রীং, চিনি, খাঁড় । খাব্রা, খোলামকুচি । কাঁকর, কুল্লুই । দানা । খণ্ড, টুকরা । রোগবিশেষ ।
শর্করিক, শর্করিল (শর্করা=কাঁকর+ঠঞ্, ইলচ্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, শর্করাযুক্ত, কাঁকরযুক্ত । নদী । লেখনী, কলম ।
শর্করী, সং, স্ত্রীং, ছন্দোবিশেষ । মেখলা ।
শর্দ্ধ—পুং, শর্দ্ধন—ক্লীং, (শৃধ্=অপান-বায়ু ত্যাগ করা, আর্দ্র হওয়া+অনট্—ভা) সং, অপান-বায়ু ত্যাগ, মরুৎ-ক্রিয়া, বাতকর্ম্ম । আর্দ্রতা ।
শর্দ্ধংজহ, শর্দ্ধঞ্জহ (শর্দ্ধ=অপান-বায়ু ত্যাগ—হা=ত্যাগকরা+খশ্—প্রং) বিং, ত্রিং, মরুৎক্রিয়াকারী, যে বাতকর্ম্ম করে । সং, পুং, মাষকলাই ।
শর্ম্মদ, (শর্ম্মন্—দ=যে দান করে) বিং, ত্রিং, সুখদায়ক । সং, পুং, বিষ্ণু ।
শর্ম্মর, (শর্ম্মন্=সুখ—রা=দানকরা+ক—প্রং) সং, পুং, বস্ত্রবিশেষ । বিং, ত্রিং, সুখদায়ক । রা—স্ত্রীং, দারুহরিদ্রা ।
শর্ম্মা, (শর্ম্মন্, শৃ=হিংসাকরা+মন্—প্রং) সং, পুং, ব্রাহ্মণ মাত্রের উপনাম । ত্রিং, সুখী । র্ম্ম—ক্লীং, কল্যাণ, সুখ, স্বচ্ছন্দ ।
শর্য্যা, (শৃ=হিংসা করা+যৎ—প্রং, আপ্) সং, স্ত্রীং, রজনী, রাত্রি, শর্ব্বরী, ত্রিযামা, ক্ষপা, বিভাবরী ।
শর্ব্ব, (শরীরদেখ+ব-প্রং । কিম্বা পশ্চাৎ দেখ+অচ্—প্রং) সং, পুং, মহাদেব, শিব, ধূর্জ্জটি, ভূতনাথ, মহেশ্বর, শঙ্কর ।
শর্ব্বর, (শর্ব্ব্=বধ করা+অরচ্—প্রং) সং, পুং, কামদেব, মীনকেতন, মার, কাম । ক্লীং, অন্ধকার ।
শর্ব্বরী, (পূর্ব্বে দেখ+অরচ্, ঈপ্—প্রং) সং, স্ত্রীং, রাত্রি, রজনী । স্ত্রী, কামিনী, মহিলা, রামা, নারী, যোষিৎ । হরিদ্রা ।
শর্ব্বলা, (শর্ব্ব=হিংসন+কলচ্,—আপ্) সং, স্ত্রীং, তোমরাস্ত্র, শাবল ।
শর্ব্বাণী, (শর্ব্ব=শিব+ঈপ্—প্রং । আন্—আগম) সং, স্ত্রীং, শিবানী, পার্ব্বতী, দুর্গা, মহামায়া, ভগবতী ।
শর্ব্বরীক, (শৃ=হিংসা করা+ঈকন্-প্রং, দ্বিত্ব) সং, পুং, হিংস্র, খল । অশ্ব । অগ্নি ।
শল, (শল্=গমন করা+অচ্—প্রং)

সং, পুং,—স্ত্রীং, শল্লকীলোম, শজারুর কাঁটা। পুং, ব্রহ্মা, পিতামহ, স্রষ্টা, কমলযোনি। ক্রমেলক, দাসেরক, উষ্ট্র। কুন্ত অস্ত্র।

শলক, (শল্=গমন করা+ণক—প্রং) সং, পুং, লূতা, মাকড়সা।

শলঙ্গ, (শল্=গমন করা+অঙ্গ—প্রং) সং, পুং, লোকপাল। লবণ-বিশেষ।

শলভ, (শল্=গমনকরা+অভচ্—প্রং) সং, পুং, পতঙ্গ, ফড়িং। পঙ্গপাল।

শলল, (শল্=গমনকরা+কলচ্—প্রং) সং, ক্লীং, লী—স্ত্রীং, শল্লকীলোম, শজারুর কাঁটা।

শলাকা, (পূর্ব্বে দেখ,+আকন্, আপ্—প্রং) সং, স্ত্রীং, শল্য, ক্ষুদ্রযষ্টি। কণ্টক, কাঁটা। অঙ্কুর। বাণ। তুলিপ্রভৃতি। শল্য, শেল। অস্থি, হাড়। শজারুর কাঁটা। ছাতার শিক, খাঁচার কাটি। শারিকা। দেশলাই। দন্তধাবন কাষ্ঠ, দাঁতন কাঠি। অস্থি, হাড়। খড়িকা। কুঁফনখেলার পাশা। বচ্।

শলাপুরুষ, পুং, বহুং ৬৩ জৈন মুনি, ২৪ জৈন, ১২ চক্রবর্ত্তী, ৯ বসুদেব, ৯ বলদেব, ৯ প্রতিবসুদেব।

শলাট, (শৄ=হিংসা করা+আটন্—প্রং) র=ল) সং, পুং, শকটপরিমাণ, এক গাড়ি পরিমিত দ্রব্য।

শলাটু, (শল্=গমন করা+আটু—প্রং) বিং, ত্রিং অপক্ক ফল। সং, পুং, মূলবিশেষ। [দাসেরক, উট।

শলাভোলি, সং, পুং, উষ্ট্র, ক্রমেলক,

শলালু, ক্লীং গন্ধদ্রব্যবিশেষ।

শল্ক, (শল্=গমনকরা+কন্—প্রং) সং, ক্লীং, খণ্ড। বল্কল। আঁইস।

শল্কদেহী, (শল্কদেহিন্, শল্ক=আইস—দেহ=শরীর+ইনি—অস্ত্যর্থে) বিং, ত্রিং, যে সকল জীবের শরীর আইস-বিশিষ্ট, দেখিতে বাইন মৎস্যের ন্যায়, কিন্তু ডানাহীন; যথা—লেপিডোসাইরেন জীব। (Lepidota)

শল্কল, (শল্=গমন করা+কলচ্—প্রং) সং, ক্লীং, মৎস্যত্বক, আইস। বৃক্ষত্বক্, বল্কল।

শল্কলী, শল্কী (শল্কলিন্, শল্কিন্, শল্কল, শল্ক=আইস+ইনি—অস্ত্যর্থে) সং, পুং, মৎস্য,মীন, ঝষ, মাছ। বিং, ত্রিং, ত্বক্‌শালী।

শল্য, (শল্=গমনকরা+যৎ—প্রং) সং, পুং, মদ্রদেশের নৃপবিশেষ, যুধিষ্ঠিরের মাতুল। শজারু পশু। শলাকা। গোঁজ, পেরেক। সীমা। পুং, ক্লীং, শঙ্কু, শেল। বাণ। তোমর,লৌহশাবল। বিষ। পাপ। দুর্ব্বাক্য। অস্থি। ভাগাড়। নিন্দা। অপবাদ। বিষ, গরল, হলাহল। কণ্টক। কষ্ট। নিন্দা।

শল্যক, (শল্য+কণ্—যোগ) সং, পুং, ময়নাগাছ। শজারু। বর্ম্ম। কণ্টকবৃক্ষ।

শল্যকণ্ঠ, (শল্য=শলাকা—কণ্ঠ) সং, পুং, শল্লকী, শজারু।

শল্যারি, (শল্য=যুধিষ্ঠিরের মাতুল—অরি=শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, রাজা যুধিষ্ঠির।

শল্যোদ্ধার, (শল্য—উদ্ধার=উত্তোলন) সং, পুং, বাস্তুভিটা হইতে মনুষ্যাদির অস্থি উঠাইয়া ফেলা। প্রোথিতবাণাদির উৎপাটন।

শল্ল, (শল্=গমন করা+ল—প্রং) সং, পুং, ভেক, মণ্ডূক, ব্যাঙ্। ক্লীং, ত্বক্। আঁইস।

শল্লক,—স (শল্=গমন করা+ণক—প্রং, নিপাতন। অথবা শল্ল+কুন্—যোগ) সং, পুং, বৃক্ষবিশেষ, শণগাছ। ক্লীং, শল্ক, আইস। ত্বক্।

শল্লকী, (শল্লক+ঈপ্—প্রং) সং, স্ত্রীং, শজারু। বাবলা গাছ।

শল্ব, (শল্=গমন করা+কন্—প্রং) সং, পুং, ভারতবর্ষের উত্তরস্থিত দেশবিশেষ, শাল্বদেশ।

শব, (শব্=গমনকরা +অচ্—প্রং) সং, পুং,—ক্লীং, মৃতশরীর, মড়া। ক্লীং, জল, নীর, নার, সলিল, অম্বু।

শবকাম্য, (শব=মড়া—কাম্য=বাঞ্ছনীয়) সং, পুং, কুক্কুর, কুকুর, শ্বা, সারমেয়।

শবযান, (শব=মড়া—যান=রথাদি) সং, ক্লীং, শবরথ। পুং, মড়াফেলা খাট।

শবর, (শব=মড়া—রা=গ্রহণ করা+ক —ক) সং, পুং, রী—স্ত্রীং, কিরাত, ব্যাধ, চণ্ডাল, পুকশ "কর্কন্ধুফলমুচ্চিনোতি শবরী মুক্তাফলাশঙ্কয়া" উং। শিব। শাস্ত্রবিশেষ। হস্ত। জল।

শবরথ, (শব=মড়া—রথ) সং, পুং, শববহনার্থ খট্বাদি।

শবরাল, পুং লোধ্রবৃক্ষবিশেষ।

শবল, (শব্=গমনকরা+কল—প্রং) বিং, ত্রিং, কর্ব্বুরবর্ণ, নানাবর্ণযুক্ত। পুং, নানাবর্ণ। লা, লী—স্ত্রীং, কর্ব্বুরবর্ণা গবী।

শবসাধন, (শব—সাধন=সিদ্ধি) সং, ক্লীং, শবের উপরি বসিয়া জপকরা।

শবসান, (শব্=গমনকরা+আনচ্) পুং, বেদে—পাঠক। ক্লীং, সমাধি স্থান।

শশ, শশক, (শশ্=লাফিয়া লাফিয়া যাওয়া+অচ্—ক। পক্ষে কণ্—যোগ) সং, পুং, জন্তুবিশেষ, খরগোশ। চন্দ্রের লাঞ্ছন। "নিত্যমসৌ অনেকান্ মৃগশশকাদীন্ ব্যাপাদয়তি" বিং শং। পুরুষ বিশেষ, চতুর্ব্বিধ পুরুষের অন্তর্গত এক পুরুষ। লোধগাছ। ধুনা, রজন।

শশধর,শশভৃৎ, শশাঙ্ক, শশী (শশ=খরগোশ—ধর, ভৃৎ=যে ধারণ করে. দ্বিতীয়া—ষ। শশ—অঙ্ক=চিহ্ন, ক্রোড়, ৬ষ্ঠী—হিং। শশিন্, শশ+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, চন্দ্র, মৃগাঙ্ক, মৃগলাঞ্ছন, শশী, শীতগু,হিমাংশু, নিশাকর, চন্দ্রমা, ইন্দু, বিধু।

শশপ্লুতক, (শশ=খরগোশ— প্লুতক=লম্ফন) সং, স্ত্রীং, নখাঘাত, নখেরআঁচড়।

শশলাঞ্ছন, (শশ খরগোশ—লাঞ্ছন=চিহ্ন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শশাঙ্ক, চন্দ্র। উড়ুপতি, নিশানাথ, কুমুদিনীবল্লভ।

শশবিন্দু, (শশ=খরগোশ—বিন্দু=চিহ্ন) সং, পুং, বিষ্ণু। নৃপবিশেষ। চন্দ্র, ইন্দু, বিধু।

শশবিষাণ, (শশ—বিষাণ=শৃঙ্গ) সং, ক্লীং, শশকের শৃঙ্গ ; অত্যন্ত অসম্ভব বা অলীক বিষয়ের উদাহরণ প্রদর্শন কালে ইহার প্রয়োগ হইয়া থাকে।

শশস্থলী, (শশ=খরগোশ—স্থল=স্থান) সং, স্ত্রীং, গঙ্গা যমুনার মধ্যবর্ত্তী দেশ, দোয়াব। [খায়) সং, পুং, শ্যেনপক্ষী।

শশাদ, শশাদন (শশ—অদ, অদন=যে

শশিকলা, সং, স্ত্রীং, পঞ্চদশাক্ষর পাদচ্ছন্দবিশেষ, যাহার শেষ অক্ষর গুরু, অবশিষ্ট সমুদায় বর্ণ লঘু। চন্দ্রের অংশ, "শশিকলা বিকলা ক্ষণদাক্ষয়ে" উং।

শশিকান্ত, সং, ক্লীং, কুমুদ। পুং, চন্দ্রকান্তমণি।

শশিদেব, পুং, রাজাবিশেষ, রন্তিদেব।

শশিপ্রভ, (শশিন্--চন্দ্র—প্রভ=যে প্রস্ফুটিত হয়। অথবা প্রভা=দীপ্তি) সং, ক্লীং, কুমুদ। মুক্তা।

শশিভূষণ, (শশিন্=চন্দ্র—ভূষণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিব, চন্দ্রচূড়, চন্দ্রশেখর, ত্রিলোচন।

শশিবদনা, (শশিন্—বদন=মুখ) সং, স্ত্রীং, চন্দ্রতুল্যমুখবিশিষ্ট স্ত্রীলোক। ষড়ক্ষর-পাদচ্ছন্দোবিশেষ, যাহার প্রথম চারি বর্ণ লঘু, ৫ম ও ৬ষ্ঠ গুরু।

শশিশেখর, শশিভৃৎ (শশিন্=চন্দ্র—শেখর=চূড়া, ৬ষ্ঠী—হিং। ভৃৎ=যে ধারণ করে, দ্বিতীয়া—ষ) সং, পুং, শিব, চন্দ্রচূড়, চন্দ্রনাথ, ত্রিলোচন।

শশী, (শশিন্, শশ+ইন্) সং, পুং, চন্দ্র, নিশানাথ, চন্দ্রমা, "শশী দিবসধূসরঃ" উং। কর্পূর। [বারম্বার। সর্ব্বদা।

শশ্বৎ, (শশ দেখ,+বতি—প্রং) অং,

শষ্কুল, শস্কুল, (শশ দেশ,+কুল—প্রং) সং, পুং, মৎস্যবিশেষ। বৃক্ষবিশেষ। অপূপবিশেষ, পিষ্টকবিশেষ। লী —স্ত্রীং, কর্ণচ্ছিদ্র, কাণের ছিদ্র। তিলতণ্ডুলাদি মিশ্রিত যবমণ্ড।

শষ্প, শস্প (শস্=বধকরা+প—প্রং, স স্থানে ষ) সং, ক্লীং, বালতৃণ,কচিঘাস। "শষ্পান্তত্তি" ভবভূতি। পুং, প্রতিভা-হানি, বুদ্ধিনাশ।

শসন, (শস্=বধকরা+অনট্—ভা) সং, ক্লীং, যজ্ঞার্থ পশুহনন। মারণ, বধ।

শস্ত, (শস্=সুখীকরা, আশীর্ব্বাদকরা, বধকরা+ক্ত—প্রং) বিং, ত্রিং, কল্যাণযুক্ত। প্রশস্ত। উৎকৃষ্ট। সুখী। স্তুত। হত। সং, ক্লীং, কল্যাণ। সুখ। শরীর, কায়, দেহ,বপু। [অঙ্গুলিত্রাণ, দস্তানা।

শস্তক, (শস্ত+কণ্—যোগ) সং, ক্লীং,

শস্তা, (দেশজ) বিং, সুমূল্য, সুক্রেয়। সম্ভব অপেক্ষা স্বল্পমূল্য।

শস্ত্র, (শস্=বধকরা+ষ্ট্রন্—ণ) সং, ক্লীং, অস্ত্র, আয়ুধ, প্রহরণ। (যাহা হস্তে ধারণ করিয়া প্রহার করা যায়, তাহার নাম শস্ত্র, যেমন খড়্গাদি। আর, যাহা ফেলিয়া মারা যায়, তাহার নাম অস্ত্র, যেমন বল্লম, খোঁচ প্রভৃতি। অস্ত্র ও শস্ত্রের এই প্রভেদ)। "শস্ত্রাস্ত্রৈর্ব্বহুধামুক্তৈরিত্যাদিদর্শনাৎ শস্ত্রাস্ত্রয়োঃ কশ্চিদ্ভেদমাহ। যেন করধৃতেন হন্যতে তৎশস্ত্রং খড়্গাদি। যেন ক্ষিপ্তেন হন্যতে তদস্ত্রং কাণ্ডাদি" ।লৌহ। ইস্পাত শব্দ খড়্গা, ছোট খাঁড়া।[ক্লীং, লৌহ, লোহা

শস্ত্রক, (শস্ত্র=লৌহ+কণ্—স্বার্থে) সং,

শস্ত্রভৃৎ, শস্ত্রধর (শস্ত্র—ভৃৎ, ধর=যে ধারণ করে, ২য়া—ষ) সং, পুং, শস্ত্রধারী পুরুষ। বিং, ত্রিং, অস্ত্রধারী, আয়ুধযুক্ত।

শস্ত্রমার্জ্জ, (শস্ত্র—মার্জ্জ=পরিষ্কারক) সং, পুং, শস্ত্রমার্জ্জনকারী, সিকলকর।

শস্ত্রজীবী, (শস্ত্রজীবিন্, শস্ত্র—জীবী= যে জীবিকা, নির্ব্বাহ করে) সং, পুং, শস্ত্রাজীব, সৈনিক।

শস্ত্রাজীব, (শস্ত্র—আজীব=জীবিকা) সং, পুং, শস্ত্রজীবী, সৈনিক।

শস্ত্রী, (শস্ত্র+ঈপ্—হ্রস্বার্থে) সং, স্ত্রীং, ক্ষুদ্র অস্ত্র, ছুরি। (শস্ত্রিন্, শস্ত্র+ইনি—অস্ত্যর্থে) বিং, ত্রিং, শস্ত্রধারী।

শস্য, (শস্=হিংসাকরা, কিংবা শন্স্=স্তবকরা+যৎ—প্রং) সং, ক্লীং, কৃষিকার্য্য দ্বারা উৎপন্ন ধান্যাদিফল। ফলের সারাংশ, শাঁস। সদ্‌গুণ। বিং, ত্রিং, প্রশংসনীয়। অত্যুৎকৃষ্ট। প্রার্থনীয়, কাম্য। [সং, পুং, শালবৃক্ষ।

শস্যসম্বর, (শস্য=ফল—সম্বর=বেষ্টনকারী

শস্যাৎ, (শস্য—অদ্=ভক্ষণকরা+ক্বিপ—ক) বিং, ত্রিং, শস্যভক্ষণকারী।

শহর, (যবনভাষা) সং, রাজধানী, মহানগর।

শাঁখ, (শঙ্খশব্দজ) সং, কম্বু।—খা, শঙ্খনির্ম্মিত করভূষণ।

শাঁখারি, (শঙ্খশব্দজ) সং, শঙ্খকার, শঙ্খবণিক্। [ভাগ।

শাঁস, (শস্য শব্দজ) সং, ফলাদির সার-

শাক, (শক্=[ভোজন করিতে] পারক হওয়া+ঘঞ্—ণ। কেহ বলেন, শো=সূক্ষ্মকরা+ক—প্রং) সং, পুং,—ক্লীং, বৃক্ষের পত্রাদি, পত্র পুষ্প মূল প্রভৃতি। পুং, ষষ্ঠদ্বীপ। শক্তি। বৃক্ষবিশেষ, সেগুণ গাছ, শিরীষ গাছ। গণনীয় বৎসর, কোন সুপ্রসিদ্ধ রাজার অধিকার অথবা কোন সুপ্রসিদ্ধ ঘটনা অবলম্বন করিয়া যে বৎসর গণনা করা যায়, তাহাকে শাক কহে; যথা—সম্বৎ শকাব্দা প্রভৃতি।

শাকট, (শকট=গাড়ি+অণ্—বহত্যর্থে বিং, ত্রিং, শকটসম্বন্ধীয়। যুগ্য, যুগবাহী পশু। [বিশেষ।

শাকটায়ন, সং, পুং, শাব্দিক পণ্ডিত-

শাকটিক, (শকট=গাড়ি+ঠক্—গম-

নার্থে) বিং, ত্রিং, শকটদ্বারা গমনকারী।
শাকটীন, (শকট=গাড়ি+খ—প্রং) সং, পুং, শলাট, এক গাড়ির বোঝা। বিং, ত্রিং, শকটসম্বন্ধীয়।
শাকম্ভরী, (শাক—ভৃ=পোষণকরা+খশ্, ঈপ্—প্রং) সং, স্ত্রীং, দুর্গা, পার্ব্বতী। "ততোঽহমখিলং লোকমাত্মদেহসমুদ্ভবৈঃ। ভবিষ্যামি সুরাঃ শাকৈরাবৃষ্টেঃ প্রাণধারকৈঃ। শাকম্ভরীতি বিখ্যাতিং তদা যাস্যাম্যহং ভুবি। তত্রৈব চ বিধাস্যামি দুর্গমাখ্যং মহাসুরম্"। আজমীরের অন্তর্গত নগরবিশেষ, শাম্ভরী।
শাকম্ভরীয়, (শাকম্ভরী=নগর-বিশেষ+ছ—ভবার্থে) সং, ক্লীং, লবণবিশেষ, শাকম্ভরিলবণ। [প্রাকৃতভাষা।
শাকরী, (শকার+অণ, ঈপ-প্রং) সং, স্ত্রীং,
শাকবালেয়, পুং, বামনহাটির গাছ।
শাকবিম্ব, শাকবিম্বক, (শাক+বিম্ব। পক্ষে কণ্—স্বার্থে) সং, পুং, ক্লীং, বার্ত্তাকুবৃক্ষ, বেগুণগাছ।
শাকবিল্ব, পুং, বার্ত্তাকু।
শাকবৃক্ষ, পুং, শেগুণগাছ।
শাকশাকট, শাকশাকিন, } শাক+শাকট, শাকিন—তৎক্ষেত্রার্থে) সং, ক্লীং, শাকক্ষেত্র, শাকের ক্ষেত।
শাকাঙ্গ, (শাক=শাকভক্ষণ—অঙ্গ=উপযোগী, অবয়ব) সং, ক্লীং, গোলমরিচ।
শাকিনী, সং, স্ত্রীং, দুর্গার অনুচরী, স্ত্রীভূত। শাকযুক্তা ভূমি।
শাকুণ, বিং, ত্রিং, পরপীড়ক, অন্যের ক্লেশদায়ক। পক্ষীসম্বন্ধীয়। শুভাদিসূচক
শাকুন, (শকুন+অণ্—প্রং) সং, পুং, পক্ষ্যাদিরূপ শকুন দ্বারা যে শাস্ত্রে মনুষ্যের শুভাশুভ নিরূপিত হয়, কাকচরিত্র-গ্রন্থ। বিং, ত্রিং, নিমিত্তজ্ঞ। কাকচরিত্র।
শাকুনিক, (শকুন=পক্ষী+ঠঞ্—হননার্থে) সং, পুং, পক্ষিমারক ব্যাধবিশেষ, পেখেড়া। নিমিত্তজ্ঞ। ক্লীং, শকুনিসমূহ
শাকুন্তলেয়, (শকুন্তলা+ঢেয়—অপত্যার্থে) সং, পুং, শকুন্তলার পুত্র, ভরত-রাজা।
শাকুলিক, (শকুল=মৎস্য+ঠক্—জীবত্যর্থে) সং, পুং, মৎস্যজীবী, ধীবর। জালুক, দাস।
শাক্কর, (শক্কর+ঘঞ্—প্রং) সং, পুং, বৃষভ, বলীবর্দ্দ, উক্ষ, ষাঁড়। ক্লীং, ছন্দোবিশেষ।
শাক্ত, (শক্তি=দুর্গা+অণ্,-তদ্দেবতার্থে) সং, পুং, শক্তির উপাসক, তান্ত্রিক।
শাক্তীক, (শক্তি=অস্ত্রবিশেষ+ইকক্—প্রহরণার্থে) সং, পুং, শক্তি-অস্ত্রধারী।
শাক্য, শাক্যমুনি, শাক্যসিংহ (শক্+ণ্যং। শাক্য—মুনি, রং—স। শাক্য—সিংহ=শ্রেষ্ঠ, ৬ষ্ঠী-ষ) সং, পুং, বুদ্ধ, বৌদ্ধমতপ্রবর্ত্তয়িতা মুনি। "শাকো বৃক্ষবিশেষঃ তত্রভবা বিদ্যমানাঃ শাক্যাঃ। পিতুঃ শাপেন কেচিদিক্ষ্বাকুবংশ্যা গৌতমবংশজকপিলমুনেরাশ্রমে শাকবৃক্ষকৃতবাসাশ্চ শাক্যা উচ্যন্তে। তদুক্তং। "শাকবৃক্ষপ্রতিচ্ছন্নং বাসং যস্মাৎ প্রচক্রিরে। তস্মাৎ ইক্ষ্বাকুবংশ্যাস্তে ভুবি শাক্যা ইতি শ্রুতাঃ"॥
শাখ, (শাখ্=ব্যাপা+অচ্—ক, আপ্ যোগে—শাখা) সং, পুং, কার্ত্তিকেয়। খা—স্ত্রীং, বৃক্ষের অঙ্গবিশেষ, ডাল। বিটপ। বেদের অংশ। এক দেশ। বাহু। গ্রন্থপরিচ্ছেদ।
শাখানগর, (শাখা=ডাল—নগর=পুরী, ৬ষ্ঠী—ষ, প্রাগ্ভাব) সং, ক্লীং, বৃহৎনগরের প্রান্তবর্ত্তী ক্ষুদ্রনগর, উপনগর।
শাখামৃগ, (শাখা—মৃগ=পশু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কপি, বানর, প্লবঙ্গ, মর্কট।
শাখারণ্ড, (শাখা=বেদের শাখা—রম্=ক্রীড়া করা+ড—প্রং। অথবা শাখা=বেদাংশ—রণ্ড=নিষ্ফল, ৭মী—ষ) সং, পুং, যে দ্বিজ স্বাবলম্বিত বেদাংশ পরি-

ত্যাগ করিয়া শাখান্তর অধ্যয়ন করে।
শাখারথ্যা, সং, স্ত্রীং, প্রস্থে ষোড়শ হস্ত পরিমিত পথ।
শাখারস, (শাখা—রস, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মধু, মকরন্দ, পুষ্পরস।
শাখী, (শাখিন্, শাখা+ইনি—অস্ত্যর্থে), সং, পুং, বৃক্ষ। গাছ, বিটপী, মহীরুহ, তরু, পাদপ। বেদ। নৃপবিশেষ। তুরুষ্কদেশীয় লোক। বিং, ত্রিং, শাখাযুক্ত।
শাখোট, (শাখা+ওট—প্রং) সং, পুং, বৃক্ষবিশেষ, শেওড়াগাছ।
শার্ঙ্কর, (শঙ্কর=শিব+অণ্—প্রং। শাঙ্কর শব্দও হয়) সং, পুং, বৃষভ, ষাঁড়। ক্লীং, ছন্দোবিশেষ। বিং, ত্রিং, শঙ্করসম্বন্ধীয়।
শাঙ্করি, (শঙ্কর=শিব+ইঞ্-অপত্যার্থে) সং,পুং, কার্ত্তিকেয়, স্কন্ধ। গণেশ,লম্বোদর
শাঙ্খিক, (শঙ্খ+ঠক্—জীবত্যর্থে) সং, পুং, শঙ্খবণিক্, শাঁখারি।
শাঙ্গুষ্ঠা, সং, স্ত্রীং, গুঞ্জা, কুঁচ।
শাট, (শট্=অঙ্গে গমনকরা+অণ্—প্রং) সং, পুং, টী—স্ত্রীং, পরিধেয় বস্ত্র। শাড়ী। ধুতি। "লম্বশাটপটাবৃতঃ" চাণক্য।
শাটক, (শট্=[অঙ্গের চারিদিকে] গমন করা+ণক—প্রং) সং, পুং,—ক্লীং, টিকা—স্ত্রীং, পরিধেয় বস্ত্র। ধুতি,শাড়ী। পুং,—ক্লীং, নাটকবিশেষ।
শাঠ্য, (শঠ=ধূর্ত্ত+ষ্যঞ্—ভাবে) সং, ক্লীং, শঠতা, ধূর্ত্ততা। খলতা, প্রতারকতা।
শাড়, (দেশজ) সং, শব্দ। স্পন্দ।
শাড়া,(দেশজ)সং,উত্তর। ধ্বনি। স্পন্দন।
শাড়ী, (শাটী শব্দজ) সং, স্ত্রীলোকের পরিধেয় বসন।
শাণ, শান (শো=তীক্ষ্ণকরা+ণ—প্রং) সং, পুং, ণী—স্ত্রীং, কষণ প্রস্তর, কষ্টিপাথর। ঘর্ষণপ্রস্তর, শাণপাথর। ক্রকচ, করাত। (শণ+অণ্—প্রং। বা শন্+ঘঞ্) ক্লীং, শণসূত্র নির্ম্মিত বস্ত্র।

শাণিত, (শাণ+ইত—সংজাতার্থে) বিং ত্রিং, তীক্ষ্ণীকৃত, ধারাল।
শাণী, (শণ্=দানকরা+ই—প্রং) সং স্ত্রীং, তাম্বু, পটবাস, বস্ত্রাবাস, শিবির তাঁবু। ছেঁড়া কাপড়। ইঙ্গিত, ইসারা
শাণ্ডিল্য, (শণ্ডিল=মুনিবিশেষ+যঞ্—অপত্যার্থে) সং, পুং, গোত্রকারক মুনিবিশেষ। বৃক্ষবিশেষ, বিল্ববৃক্ষ অগ্নির মূর্ত্তিবিশেষ।
শাত, (শো=তীক্ষ্ণকরা+ক্ত—র্ম্ম)বিং ত্রিং, দুর্ব্বল, কৃশ, সরু ক্ষীণ,। শাণিত। সুখী। সুন্দর, দীপ্তিমান্, প্রভাশালী সং, ক্লীং, সুখ। (শাদি=পতিত হওয়ান পড়া+অ—প্রং), পুং, পাতন। পতন
শাতর্ণি, সং, পুং, মুনিবিশেষ।
শাতকুম্ভ, (শতকুম্ভ=পর্ব্বতবিশেষ+অণ্ ভবার্থে) সং, ক্লীং, স্বর্ণ ,জাম্বূনদ চামীকর, হেম, সুবর্ণ, সোণা। পুং করবীরবৃক্ষ।
শাতন, (শাত=দেখ,+অনট্—ভা,নিপাতন) সং, ক্লীং, কৃশকরণ, চাঁচা। তক্ষণ, ছোলা। পতন। পাতন,ছেদন,বিনাশন।
শাতমন্তব, (শতমন্যু+ অণ্—প্রং) বিং, ত্রিং, শতমন্যুসম্বন্ধীয়, ইন্দ্রসম্বন্ধীয়।
শাত্রব, (শত্রু+অণ—স্বার্থে, ভাবে). সং, পুং, শত্রু, রিপু, অরি, অরাতি, বৈরী বিদ্বিট্। ক্লীং,শত্রুতা, দ্বেষ। শত্রুসমূহ।
শাদ, (শো=তীক্ষ্ণকরা+দ— প্রং) সং, পুং, পঙ্ক, কর্দ্দম, কাদা। নূতন ঘাস নবতৃণ, শষ্প। [শ্বেতবর্ণ।
শাদা, (শ্বেতশব্দজ) বিং, শুক্ল, শুভ্র,
শাদ্বল, শাদহরিত (শাদ=নবতৃণ+দ্বলচ অস্ত্যর্থে। শাদ—হরিত=হরিদ্বর্ণ) বিং ত্রিং, নবতৃণদ্বারা হরিদ্বর্ণ স্থান।
শান, (শো=তীক্ষ্ণকরা+অনট্ —প্রং) সং, ক্লীং, তীক্ষ্ণীকরণ। পুং, ঘর্ষণযন্ত্র কর্ষণ,প্রস্তর। [চন্দন-পিঁড়ি।
শানপাদ, সং, পুং, পারিযাত্র পর্ব্বত।
শান্ত, (.শম=শান্তহওয়া+ক্ত—ক) বিং,

ত্রিং, শমগুণবিশিষ্ট। সৌম্য। জিতেন্দ্রিয়। শিষ্ট। বিনীত। পরিষ্কৃত, বিশুদ্ধীকৃত, মলমুক্ত। শমতাপ্রাপ্ত, নিবৃত্ত। মৃত, বিনষ্ট, উপরত, বিগত, গতজীবন। শান্তিপ্রাপিত। দমিত, দান্ত, বশীভূত। সং, পুং, কাব্যের নবরসের এক রস, যেখানে সুখদুঃখ রাগ দ্বেষ প্রভৃতি কোন ইচ্ছা না থাকে এবং শম প্রধান হয়, তাহাকে শান্তরস বলে।

শান্তনব, (শান্তনু+অণ—অপত্যার্থে) সং, পুং, শান্তনুর পুত্র, ভীষ্ম, কৌরবপিতামহ, গাঙ্গেয়।

শান্তনু, (শং=মঙ্গল—তনু=শরীর, ৬ষ্ঠী হিং,অ স্থানে আ। কিংবা শান্তি শব্দজ) সং,পুং, চন্দ্রবংশীয় নৃপবিশেষ,প্রতীপের পুত্র, ভীষ্মের পিতা। "যং যং করাভ্যাং স্পৃশতি জীর্ণং যৌবনমেষ্যতি। শান্তিমাপ্নোতি চৈবাগ্র্যাং কর্ম্মণা তেন শান্তনুঃ" ॥ [শমতাপ্রাপ্ত। বারণ।

শান্তম্, (শান্ত+অম্—প্রং) অং, নিবৃত্ত।

শান্তা, (শান্ত+আপ্— প্রং) সং, স্ত্রীং, লোমপাদ রাজার কন্যা, কিম্বা দশরথ রাজার কন্যা, ঋষ্যশৃঙ্গ মুনির পত্নী।

শান্তি, (শান্ত দেখ,+ক্তি — ভা) সং, স্ত্রীং, চিত্তের স্থিরতা। শমগুণ। নিরুপদ্রব। সৌভাগ্য। মুক্তি। তৃষ্ণাক্ষয়। বিশ্রাম,নিবৃত্তি। বিষয়াদি হইতে ইন্দ্রিয়ের নিবৃত্তি। বিঘ্নাদি নিরাকরণ। মঙ্গল, বিঘ্ননাশ। বিধ্বংস, বিনাশ।"যৎকিঞ্চিৎ বস্তু সম্প্রাপ্য স্বল্পং বা যদি বা বহু। যা তুষ্টির্জ্জায়তে চিত্তে শান্তিঃ সা গদ্যতে বুধৈঃ" ॥

শান্ত্যুদকুম্ভ, (শান্ত্যুদ.[শান্তি—উদ=জল,]—শান্তি জল — কুম্ভ= কলস) সং, পুং, শান্তিজলের কলস।

শাপ, (শপ=দিব্যকরা, শাপদেওয়া+ঘঞ্—ভা) সং, পুং, অভিসম্পাত, শাপ দেওয়া। দিব্য, শপথ। নিন্দা।

শাপাস্ত্র, (শাপ=অভিসম্পাত— অস্ত্র, ৬ষ্ঠী- হিং। এইরূপ ব্যক্তি দ্বারা শাপ উচ্চারিত হইলে, দেবতাদের পক্ষেও ভয়ঙ্কর হইয়া উঠে বলিয়া) সং, পুং, ঋষি, মুনি।

শাবল, (শর্ব্বল-শব্দজ) সং, খনিত্র, খন্তা।

শারীরবিধান, যাবতীয় সজীব পদার্থ যে যে নিয়মে অবস্থিতি করে, উৎপন্ন ও বৃদ্ধিপ্রাপ্ত হয়,সেই সেই নিয়মবিধায়ক শাস্ত্র। (Physiology)

শারীরতত্ত্ব, শারীরস্থান, শরীরের তত্ত্বনির্ণায়কশাস্ত্র। (Anatony)

শারীরশাস্ত্র—সজীব পদার্থে সমুদায়ের শরীরগত রাসায়নিক কার্য্য যে শাস্ত্র দ্বারা জ্ঞাত হওয়া যায়।

শারীরিক, (শরীর+ঠক্—ইদমর্থে) বিং ত্রিং, শরীরসম্বন্ধীয়, কায়িক, দৈহিক সং, পুং, জীবাত্মা। ক্লীং, বেদান্ত সূত্র

শারুক, (শৄ=হিংসা করা+উকণ্—ক শীলার্থে) বিং, ত্রিং, হিংসক। হিংস্র

শার্ক, (পূর্ব্বে দেখ+ক—প্রং) সং, পুং শর্করা, চিনি। দলো। খাঁড়। মিছরী।

শার্কক, (শার্ক+কণ্—যোগ) সং, পুং, দুগ্ধফেন, দুধের ফেনা। চিনির তাল শর্করাপিণ্ড।

শার্কর, (শর্করা=চিনি, কাঁকর+অণ্—যুক্তার্থে) বিং, ত্রিং, শর্করাযুক্ত। শর্করাসম্বন্ধীয়। কাঁকর মিশ্রিত, কাঁকুরে দানাদার। সং, পুং, দুগ্ধফেন।

শার্ঙ্গ, (শৃঙ্গ=শিং+অণ্—সম্বন্ধার্থে বিং,ত্রিং,শৃঙ্গনির্ম্মিত। শৃঙ্গসম্বন্ধীয়। সং ক্লীং, ধনুক, শরাসন, চাপ। "স পীতবাসাঃ প্রগৃহীতশার্ঙ্গঃ" মাঘ। বিষ্ণুর ধনুক।

শার্ঙ্গী, শার্ঙ্গপাণি (শার্ঙ্গিন্, শার্ঙ্গ=ধনুক+ইনি—অস্ত্যর্থে। শার্ঙ্গ—পাণি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিষ্ণু। ধনুর্দ্ধারী।

শার্দ্দূল, (শৃ=হিংসাকরা+দূলচ্—প্রং) সং, পুং, ব্যাঘ্র, তরক্ষু। রাক্ষস, যাতুধান, কূণপ, নিশাচর। পক্ষীবিশেষ।

(কোন শব্দের পরে থাকিলে) শ্রেষ্ঠ।
শার্দ্দূলললিত, সং, ক্লীং, অষ্টাদশাক্ষর-পাদচ্ছন্দোবিশেষ।
শার্দ্দূলবিক্রীড়িত, সং, ক্লীং,উনবিংশত্যক্ষর-পাদচ্ছন্দোবিশেষ, যাহার ৪র্থ, ৫ম, ৭ম, ৯ম, ১০ম, ১১শ, ১৫, ও ১৮শ বর্ণ লঘু, অবশিষ্ট সমুদায় গুরু।
শার্ব্বর, (শর্ব্বরী=রাত্রি+অণ্—ইদমর্থে) সং, ক্লীং, অন্ধতমঃ, নিবিড় অন্ধকার, গাঢ় অন্ধকার। বিং, ত্রিং রাত্রিকালীন, শর্ব্বরীসম্বন্ধীয়। ঘাতুক। রী—স্ত্রীং, রাত্রি, নিশা, রজনী, বিভাবরী, ত্রিযামা, ক্ষপা, ক্ষণদা।
শাল, সাল (শল্=গমনকরা, কিম্বা শাল্ প্রশংসা করা+অচ্—প্রং) সং, পুং, মৎস্যবিশেষ। নৃপবিশেষ; শালিবাহন রাজা। প্রাচীর, প্রাকার। তরু, পাদপ,মহীরুহ,শাখী, বৃক্ষ। সর্জ্জবৃক্ষ। নদবিশেষ।
শালগ্রাম—সা (স=সহিত—অর=চক্র-গ্রাম=সমূহ, ১ম—হিং, স=শ। অথবা শাল=বৃক্ষ—গ্রাম=সমূহ, ৬ষ্ঠী—হিং। কিম্বা শালগ্রাম= দেশবিশেষ+ক—প্রং) সং, পুং, কীটচ্ছিদ্রিত চক্রযুক্ত গণ্ডকীস্থিত শিলাখণ্ডবিশেষ, বিষ্ণুর মূর্ত্তিবিশেষ। দেশবিশেষ।
শালঙ্কায়ন, সং, পুং, মুনিবিশেষ। নন্দী, শিবের প্রধান অনুচর।
শালজ, সং, পুং, শালমাছ।
শালনির্য্যাস, শালবেষ্ট, } শাল—নির্য্যাস, বেষ্ট=আটা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সর্জ্জরস, ধুনা।
শালভঞ্জী, শালভঞ্জি, শালভঞ্জিকা, } (শাল= বৃক্ষবিশেষ—ভন্জ্=ভাঙ্গা, রেঁদা করা+অচ্, ঈপ্—প্রং। পক্ষে ই—প্রং। যাহার জন্যে শাল কাষ্ঠকে চাঁচে। কণ্—যোগে শালভঞ্জিকা) সং, স্ত্রীং, কাঠের পুতুল, কাষ্ঠপুত্তলিকা। গণিকা, বারাঙ্গনা, বেশ্যা।
শালসার, সং, পুং, বৃক্ষশ্রেষ্ঠ। হিঙ্গু, হিং।
শালা, (শল্=গমনকরা+অচ্, আপ্ প্রং) সং, স্ত্রীং, গৃহ, ভবন, আলয়, আবাস, আবসথ। গৃহের একদেশ। বড় ডাল।
শালাকী, (শালাকিন্, শালক, [শলাকা+অণ্—সম্বন্ধার্থে]+ইনি—অস্ত্যর্থে) সং, পুং, অস্ত্রচিকিৎসক। নাপিত। শেলধারী।
শালাঙ্কী, (শালা = গৃহ—অন্ক্=গমন করা+অচ্, ঈপ্—প্রং) সং, স্ত্রীং, শালভঞ্জিকা, কাঠের পুতুল।
শালাজির, (শালা=গৃহ—জৄ=জীর্ণ হওয়া +অচ্—প্রং)সং, পুং, ক্লীং, শরা শরাব
শালামৃগ, (শালা=গৃহ—হরণ) সং, পুং, শৃগাল, শিয়াল, জম্বুক, শিবা, যামরুত, গোমায়ু, যামঘোষ।
শালার, (শালা=গৃহ—ঋ—গমন করা+অচ্—প্রং) সং, পুং, হস্তীর নখ। সিঁড়ি। পাখীর খাঁচা, পিঞ্জর, পিঁজরা।
শালাবৃক, (শালা=গৃহ—বৃক=নেকড়িয়া বাঘ) সং, পুং, বানর, শাখামৃগ, কপি, মর্কট। কুক্কুর,সারমেয়। শৃগাল,গোমায়ু। হরিণ, কুরঙ্গ, মৃগ। বিড়াল, মার্জ্জার। গন্ধগোকুলা।
শালি, (শাড়্=ভাসা+ইন্ — প্রং, ড স্থানে ল) সং, পুং,ধান্য। গন্ধ-মার্জ্জার।
শালিআনা, শালিয়ানা (যবনভাষা) বিং, বাৎসরিক, বার্ষিক।
শালিনী, (শালিন্+ঈপ্—প্রং) সং, স্ত্রীং, একাদশাক্ষর-পাদ ছন্দোবিশেষ, যাহার ৬ষ্ঠ ও ৯ম বর্ণ লঘু, অবশিষ্ট সমুদায় গুরু।
শালিনীকরণ, সং, ক্লীং, তিরস্কার, ভর্ৎসনা।
শালিপিষ্ট, (শালি=ধান্য—পিষ্ট=চূর্ণ) সং, ক্লীং, স্ফটিক মণি
শালিবাহন, (শালি=সিংহরূপী যক্ষ—বাহন, ৬ষ্ঠী—হিং। শাকপ্রবর্ত্তক নৃপ-

বিশেষ। এই রাজা শৈশবকালে এই বৃক্ষের উপরে আরোহণ করিয়া বেড়াইতেন।

শালিহোত্র, (শালি=ধান্য, শস্য—হোত্র =হোম) সং, পুং, অশ্ব, ঘোটক, বাজী, তুরঙ্গ, হয়।

শালী, (শালিন্, শালা=গৃহ+ইন্—অস্ত্যর্থে,কিম্বা শীল=একান্ত প্রবৃত্তহওয়া +ইন্—প্রং, ঈ স্থানে আ) বিং, ত্রিং, বিশিষ্ট, যুক্ত। শোভমান।

শালী, (শ্যালী বা শ্যালিকা শব্দজ) সং, ভার্য্যার ভগিনী।

শালীন, (শালা=গৃহ+খ—প্রং, যে গৃহ প্রবেশের যোগ্য) বিং, ত্রিং, শালা সম্বন্ধীয়। বিনীত, অপ্রগল্‌ভ। সলজ্জ, লাজুক। "শশাক শালীনতয়া ন গন্তুং" কাং। সদৃশ, তুল্য।

শালু, (শৃ=হিংসা করা+উ—প্রং, র=ল) সং,পুং,কষায় দ্রব্য। ভেক, মণ্ডুক, ব্যাঙ্। গন্ধ দ্রব্যবিশেষ। ক্লীং, শালুকের গেঁড়ো।

শালুক, শালূক (শল্=গমনকরা+উক —প্রং, পক্ষে উকারের হ্রস্ব) সং, ক্লীং, পদ্মাদির মূল

শালূর, (শল্=গমন করা+ঊরচ্— প্রং, শালুর শব্দও হয়) সং, পুং,মণ্ডুক, ভেক, ব্যাঙ্।

শালেয়, (শালি=ধান্য+ঠক্—তৎক্ষেত্রার্থে) বিং, ত্রিং, শালি জন্মিবার উপযুক্ত ক্ষেত্র। সং, পুং, মধুরিকা, মৌরি।

শালোত্তর, (শাল—উত্তর) সং, ক্লীং, পাণিনি মুনির আশ্রম।

শালোত্তরীয়, (শালা=গৃহ+উত্তরীয়) সং, পুং, পাণিনি, প্রসিদ্ধ বৈয়াকরণ। ইনিনির্বুদ্ধিতা হেতু গুরুগৃহহইতে তাড়িত হইয়া,শিবোপাসনায় এই বিদ্যা উপার্জ্জন করিয়াছিলেন।[নির্ম্মিত ক্ষুদ্রডোঙ্গা

শাল্‌তী, (শাল শব্দজ) সং, শালবৃক্ষ-

শাল্মল—পুং, শাল্মলি, পুং—স্ত্রীং, (শল গমন করা+মল, মলি—প্রং) সং, শিমুলগাছ। সপ্তদ্বীপের এক দ্বীপ।

শাল্মলী, (শাল্মলিন্) সং, পুং, পক্ষীন্দ্র, গরুড়, বৈনতেয়, সুপর্ণ। লিনী—স্ত্রীং, শিমুল গাছ।

শাল্মলীবেষ্ট, (শাল্মলী=শিমুলগাছ—বেষ্ট =নির্যাস) সং,পুং, শিমুল গাছের আটা।

শাল্ব, সং, পুং, দেশবিশেষ, মরুদেশ। রাজাবিশেষ।

শাব, শাবক, (শব্=গমনকরা+ঘঞ্— প্রং, পক্ষে কণ্—যোগ) সং, পুং, শিশু, বৎস, ছানা। বিং, ত্রিং, শবসম্বন্ধীয়।

শাবর (শবর=নীচ জাতি বা নীচ লোক+অণ্—প্রং) সং, পুং, দোষ। পাপ। অপরাধ। লোধ্রবৃক্ষ। ক্লীং, শবরকৃত ভাষ্যগ্রন্থ। চর্ম্ম। বিং, ত্রিং, শবরসম্বন্ধীয়। [স্ত্রী।

শাশুড়ী, (শ্বশ্রূ শব্দজ) সং, শ্বশুরের-

শাশ্বত, (শশ্বৎ=সর্ব্বদা+অণ্—ভবার্থে) বিং, ত্রিং, অবিনশ্বর, নিত্য। সং, পুং, বেদব্যাস।

শাস্কুল, (শস্কুলী=মাংস+ অণ্—ভক্ষণার্থে—নিপাতন) বিং, ত্রিং, মাংসভোজী, মাংসাহারী।

শাসন, (শাস্=শাসন করা+অনট্—ভা) সং, ক্লীং, আদেশ, আজ্ঞা। উপদেশ। আজ্ঞাপত্র। সনন্দ। লিখিতপত্র। কূটলিখিতাদি। শাস্ত্র, দেবতা বা মুনিপ্রণীত গ্রন্থ, বেদাদি। দণ্ড, দমন। প্রতিপালন, পরিপোষণ, ভরণ।

শাসনতন্ত্র, সং, ক্লীং, রাজ্যশাসনপ্রণালী।

শাসনপত্র, সং, ক্লীং, পরওয়ানা।

শাসনহর, শাসনহারী (শাসন=আজ্ঞা— হর=যে গ্রহণ করে। শাসনহারিন্, শাসন=আজ্ঞা—হারিন্=যে গ্রহণ করে, দ্বিতীয়া—ষ) সং, পুং, আজ্ঞাবাহক, সন্দেশহারক। দূত। রাজদূত। পেয়াদা।

শাসনীয়, (শাসন দেখ+অনীয়র্-র্ম্ম) বিং, ত্রিং, শিক্ষণীয়। শাসনের যোগ্য, দম্য।

শাসিত, (শাসন দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, শিক্ষিত। দণ্ডিত। প্রতিপালিত।

শাসিতা, (শাসিতৃ, শাস=শাসনকরা+তৃচ—ক) বিং, ত্রিং, শিক্ষক। শাসনকর্ত্তা। উপদেশক, গুরু।

শাস্তা, (শাস্তৃ, শাসিতা দেখ,+তৃচ—ক) বিং, ত্রিং, শিক্ষয়িতা। শাসনকর্ত্তা। উপদেষ্টা।

শাস্তি, (শাসিতা দেখ+ক্তি—ভা) সং, স্ত্রীং, শাসন, দণ্ড। নিয়মণ নিগ্রহ।

শাস্ত্র, (শাস্=শাসনকরা,শিক্ষা দেওয়া+ষ্ট্রন্—ভা,ণ) সং, ক্লীং, গ্রন্থ, পুস্তক। শাসন, আজ্ঞা। দেবতা বা মুনিপ্রণীত গ্রন্থ,বেদ তন্ত্র পুরাণ দর্শনাদি। "ব্যসনং, শাস্ত্রে ন যুবতিকামাস্ত্রে" উং৬।

শাস্ত্রকৃৎ, (শাস্ত্র—কৃৎ=যে করে, ২য়া—ষ) সং, পুং, শাস্ত্রকর্ত্তা ঋষ্যাদি।

শাস্ত্রগণ্ড, পুং, যে সকল শাস্ত্রই কিছু কিছু জানে।

শাস্ত্রজ্ঞ, শাস্ত্রতত্ত্বজ্ঞ, শাস্ত্রদর্শী, শাস্ত্রবিদ্, } শাস্ত্র—জ্ঞ=যে জানে, ২য়া—ষ। শাস্ত্র—তত্ত্ব=যাথার্থ্য-জ্ঞ=যে জানে ৬ষ্ঠী—ষ+২য়া—ষ। শাস্ত্রদর্শিন্, শাস্ত্র—দর্শিন্=যে দেখে,বিদ্=যে জানে,২য়া ষ) বিং,ত্রিং,যে শাস্ত্র জানে,শাস্ত্রে পারদর্শী।

শাস্ত্রশিল্পী, (শাস্ত্রশিল্পিন্, শাস্ত্র—শিল্পী=শিল্পকর্ম্মকারী) সং, পুং, কাশ্মীর দেশ। বহুং, তদ্দেশীয় লোক।

শাস্ত্রাচরণ, (শাস্ত্র—আচরণ=যে শিক্ষা জন্য গমন করে) বিং, ত্রিং, শাস্ত্র-পারদর্শী, যে শাস্ত্র জানে, বিদ্বান্, বিপশ্চিৎ

শাস্ত্রী, (শাস্ত্রিন, শাস্ত্র+ইন্—জ্ঞানার্থে) সং, পুং, বিদ্বান্, বিপশ্চিৎ, পণ্ডিত, শাস্ত্রদর্শী।

শাস্ত্রীয়, (শাস্ত্র+ছ—অনপেতার্থে) বিং, ত্রিং, শাস্ত্রসম্মত, শাস্ত্রসিদ্ধ।

শাস্য, (শাস্=শাসন করা+যৎ—র্ম্ম)বিং, ত্রিং, শাসনযোগ্য,শাসনীয়। উপদেষ্টব্য শিক্ষণীয়।

শিঁথী, (সীমন্ত.শব্দজ) সং, সীমন্তে ধারণ যোগ্য ভূষণ।

শিংশপা,(শীঘ্র বা শীর্ষ—পা=পালনকরা, +ড, আপ—প্রং, নিপাতন) সং, স্ত্রীং, শিশুগাছ, বৃক্ষবিশেষ। [বৃক্ষবিশেষ।

শিউলি, (শেফালিকা শব্দজ) সং, পুষ্প-

শিকড়, (দেশজ) সং,শিফা,বৃক্ষাদির মূল।

শিকল,(শৃঙ্খল শব্দজ) সং,জিঞ্জির,নিগড়।

শিকা, (শিক্যশব্দজ) সং, দ্রব্যাদি রক্ষণার্থ রজ্জুময় আধারবিশেষ।

শিক্, (দেশজ) সং, দীর্ঘলৌহশলাকা।

শিক্কু, ত্রিং, অলস, নিষ্কর্ম্মা।

শিক্থ, শিক্থক; সং, ক্লীং, মোম। পুং, একগ্রাস অন্ন।

শিক্য, (শক্=পারকহওয়া+যৎ—প্রং, শক্ স্থানে শিক্) সং, ক্লীং, ক্যা—স্ত্রীং, শিকা, রজ্জুবিকার।

শিক্যিত, (শিক্য=শিকা+ইত-প্রং) বিং, ত্রিং, শিক্যে স্থাপিত, শিকায় ঝুলান।

শিক্ষক, (শিক্ষ্=উপদেশদেওয়া+ণক—ক, অথবা শিক্ষা+ক—জ্ঞাতার্থে) বিং, ত্রিং, শিক্ষাদায়ক, অধ্যাপক। গুরু। শাসনকর্ত্তা।

শিক্ষণ, (পূর্ব্ব দেখ+অনট্—ভা) সং, ক্লীং, শিক্ষা, অভ্যাস। অধ্যয়ন।

শিক্ষণীয়, (শিক্ষক দেখ+অনীয়র্—র্ম্ম) বিং, ত্রিং, শিক্ষা করিবার যোগ্য। উপদেষ্টব্য।

শিক্ষয়িতা, (শিক্ষয়িতৃ, শিক্ষক দেখ,+তৃচ—ক) বিং, ত্রিং, শিক্ষক, অধ্যাপক, যে শিক্ষা দেয়।

শিক্ষা, (শিক্ষক দেখ,+আপ—ভা) সং, স্ত্রীং, অভ্যাস। বিনয়। উপদেশ। অধ্যয়ন। দমন। উচ্চারণ-বোধক বেদাঙ্গ গ্রন্থবিশেষ।

শিক্ষাকর, (শিক্ষা=উচ্চারণ নিয়ম বোধক শাস্ত্র—কর=করণ) বিং, ত্রিং, শিক্ষাকারক, যে শিখে। সং, পুং, বেদব্যাস।

শিক্ষাগুরু, সং, পুং, শিক্ষক। বিদ্যাদাতা গুরু।
শিক্ষিত, (শিক্ষক দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, শিক্ষাপ্রাপ্ত, কৃতবিদ্য। উপদিষ্ট।
শিক্ষিতাক্ষর, (শিক্ষিত=শিক্ষাপ্রাপ্ত—অক্ষর=বর্ণ, ৩য়া—ষ) সং, পুং, ছাত্র, শিষ্য, অন্তেবাসী, পড়ুয়া।
শিখণ্ড, শিখণ্ডক (শিখণ্ডিন্=ময়ূর—অম্ গমনকর+ড—প্রং, নিপাতন) সং, পুং, ময়ূরপুচ্ছ, বর্হ। কাকপক্ষ, জুল্পী। শিখা, চূড়া।
শিখণ্ডিক, (শিখণ্ড=শিখা, চূড়া+ঠক বা কন্—প্রং) সং, পুং, কুক্কুট, কুঁকুড়া। কা—স্ত্রীং, শিখা, চূড়া।
শিখণ্ডী, (শিখণ্ডিন্, শিখণ্ড+ইনি—অস্ত্যর্থে) সং, পুং, ময়ূর, শিখী, বর্হী। ময়ূরপুচ্ছ, বর্হ। দ্রুপদ রাজার পুত্র। কুক্কুট। সপ্তর্ষিমণ্ডলের যে কোন ঋষি। বাণ, শর, ইষু, শায়ক। বিং, ত্রিং, শিখণ্ডযুক্ত। নী—স্ত্রীং, দ্রুপদকন্যা। ময়ূরী। মল্লিকাবিশেষ। [উপদেশ।
শিখন, (শিক্ষণ শব্দজ) সং, অভ্যাস।
শিখর, (শিখা—চূড়া+রচ্—প্রং) সং, পুং,—ক্লীং, পর্ব্বতের শৃঙ্গ। অগ্রভাগ। বৃক্ষাগ্র। রোমাঞ্চ, পুলক। কোটি। কক্ষ, বগল। শুষ্কতৃণ। রত্নবিশেষ। যাহার বর্ণ দাড়িমীবীজের বর্ণসদৃশ। খড়্গের অগ্রভাগ
শিখরবাসিনী, (শিখর=হিমালয় পর্ব্বতের শৃঙ্গ—বাসিনী=বাসকারিণী) সং, স্ত্রীং, পার্ব্বতী, দুর্গা, গৌরী, ভবানী, অম্বিকা, শিবা।
শিখরী, (শিখরিন্, শিখর+ইনি—অস্ত্যর্থে) সং, পুং, পর্ব্বত, অচল, নগ, মহীধর। বৃক্ষ, তরু, পাদপ, শাখী, বিটপী, মহীরুহ। বিং, ত্রিং, অগ্রভাগবিশিষ্ট। পর্ব্বতদুর্গ। টিট্টিভ পক্ষী, টিটির পাখী। রিণী—স্ত্রীং, উত্তমা স্ত্রী। দুগ্ধের সর ও চিনি দ্বারা প্রস্তুত মিষ্টান্নবিশেষ। রোমাবলী। মল্লিকা। সপ্তদশাক্ষর পাদচ্ছন্দোবিশেষ, যাহার ২য় অবধি ৬ষ্ঠ পর্য্যন্ত এবং ১২শ ১৩শ ১৭শ বর্ণগুরু, অবশিষ্ট সমুদায় লঘু।
শিখা, (শী=শয়নকরা+খ—প্রং, আপ্) সং, স্ত্রীং, চূড়া, কিরীট। অগ্রভাগ, মস্তকস্থ কেশগুচ্ছ, টিকী। অর্চ্চিঃ, জ্বালা, আগুনের শীষ। শাখা। কামজ্বর। প্রধান। লাঙ্গলিয়া গাছ।
শিখাতরু, (শিখা=আগুনের শীষ—তরু=বৃক্ষ) সং, ক্লীং, পিল্‌সুজ।
শিখাধর, শিখাধার, শিখাধারক (শিখা—ধর, ধার, ধারক=যে ধারণ করে) সং, পুং. ময়ূর, শিখী, বর্হী।
শিখামূল, ক্লীং, মূলী, গাজর এবং তৎসদৃশ অন্যান্য মূল।
শিখাবর, সং, পুং, কাঁটালগাছ।
শিখাবল, (শিখা+বল—অস্ত্যর্থে) সং, পুং, ময়ূর, শিখী।
শিখাবান্, (শিখাবৎ, শিখা+বৎ—অস্ত্যর্থে) সং, পুং, অগ্নি, কৃশানু, জ্বলন, দহন, জাতবেদা, হুতভুক্। কেতু গ্রহ। বিং, ত্রিং, শিখাবিশিষ্ট।
শিখাবৃক্ষ, (শিখা=অগ্নিশিখা—বৃক্ষ=গাছ) সং, পুং, দীপাধার, পিল্‌সুজ, শামাদান।
শিখাবৃদ্ধি, (শিখা—টিকী—বৃদ্ধি [বর্দ্ধন] =সুদ, যাহা সর্ব্বদাই বৃদ্ধি হয়) সং, স্ত্রীং, মূলধন নষ্ট না করিয়া প্রত্যহ সুদ লওয়া।
শিখিকণ্ঠ, শিখিগ্রীব (শিখিন্=ময়ূর—কণ্ঠা, গ্রীবা+অচ্—তদ্বর্ণার্থে) সং, ক্লীং, তুত্থ, তুঁতিয়া।
শিখিধ্বজ, (শিখিন্—অগ্নি, ময়ূর—ধ্বজ=চিহ্ন) সং, পুং, ধূম, ধুঁয়া। কার্ত্তিকেয়, কুমার, সেনানী, স্কন্দ, ষড়ানন।
শিখিবাহন, (শিখিন্—ময়ূর—বাহন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কার্ত্তিকেয়, স্কন্দ, সেনানী, ষড়ানন, শরজন্মা।
শিখী, (শিখিন্, শিখা+ইন্—অস্ত্যর্থে)

সং, পুং, অগ্নি, পাবক, হিরণ্যরেতা, হুতবহ। ময়ূর, শিখণ্ডী, ধর্হী। গিরি, পর্ব্বত, অচল, নগ, মহীধ্র। শর, বাণ, ইষু, শায়ক, মার্গণ। বলীবর্দ্দ, ষণ্ড, উক্ষ। কেতুগ্রহ। কুক্কুট। ঘোটক, অশ্ব, বাজী, তুরঙ্গ, হয়। ব্রাহ্মণ, দ্বিজ, বিপ্র। তরু, পাদপ, বিটপী, বৃক্ষ। বিং, ত্রিং, শিখাযুক্ত।

শিগ্রু, (শি—তীক্ষ্ণকরা+রুক্—প্রং, গ্—আগম) সং, পুং, শজিনা গাছ। শাক। মোরঙ্গ বৃক্ষ।

শিঙ্গা, (শৃঙ্গশব্দজ) সং, বাদ্য-যন্ত্রবিশেষ।

শিঙ্ঘাণ, (শিন্ঘ্—আঘ্রাণকরা+আণক্—প্রং) সং, ক্লীং, লৌহমল, লোহার মরিচা। কাচপাত্র। শিকনি। নাসিকামল।

শিঙ্ঘাণক, (শিন্ঘ্—আঘ্রাণকরা+আণক—প্রং) সং, পুং, শ্লেষ্মা। পুং, ক্লীং, শিকনি, নাসিকামল, কফ, ছর্দ্দি, পোঁটা।

শিঙ্ঘিত, (শিন্ঘ্=আঘ্রাণকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ঘ্রাত, যাহা ঘ্রাণকরা হইয়াছে।

শিঞ্জ—পুং, শিঞ্জা—স্ত্রীং, শিঞ্জিত—ক্লীং, (শিন্জ্=অব্যক্তশব্দকরা+অণ্, আপ্—ভা। পক্ষে ক্ত—ভাবে) সং, ভূষণ-ধ্বনি। অব্যক্ত ধ্বনি। জ্যা, ধনুকের ছিলা। বিং, ত্রিং, মুখর, শব্দায়মান, শব্দকারী, রাবী।

শিঞ্জী, (শিঞ্জিন্, শিঞ্জ+ইনি—অস্ত্যর্থে) বিং, ত্রিং, অব্যক্তধ্বনিকারক। ভূষণধ্বনিবিশিষ্ট।

শিঞ্জিনী, (শিঞ্জিন্+ঈপ্—প্রং) সং, স্ত্রীং, নূপুর। ধনুর্গুণ, ধনুকের ছিলা। জ্যা।

শিটা, (দেশজ) সং, মলা, গাদ, কাইট।

শিত, (শি—কিংবা শো—তীক্ষ্ণকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ক্ষীণ, কৃশ, দুর্ব্বল। ক্ষয়প্রাপ্ত। তক্ষিত। শাণিত, তীক্ষ্ণ, ধারাল।

শিতদ্রু, (শিত=ক্ষীণ—দ্রু=বেগে গমনকরা+কু—প্রং) সং, স্ত্রীং, শতদ্রুনদী, শতলজ্।

শিতশূক, (শিত=তীক্ষ্ণ+শূক=শস্যাদির সূক্ষ্মাগ্রভাগ) সং, পুং, যব। গোধূম, গম। [বালিশ।

শিতাণ, (শিরস্ত্রাণ শব্দজ) সং, উপাধান,

শিতি, (শি=তীক্ষ্ণকরা+ক্তি-প্রং কিংবা শত্—গমনকরা+ই—প্রং) সং, পুং, কৃষ্ণবর্ণ, কাল, নীল। শুক্লবর্ণ, শুভ্র, সাদা। ভূর্জ্জপত্র, বৃক্ষ। বিং, ত্রিং, ঐ ঐ বর্ণবিশিষ্ট।

শিতিকণ্ঠ, (শিতি=কৃষ্ণবর্ণ—কণ্ঠ=গলা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, নীলকণ্ঠ। শিব, ময়ূর। দাত্যূহ পক্ষী।

শিতিচ্ছদ, শিতিপক্ষ (শিতি=শুক্লবর্ণ—ছদ, পক্ষ=পাখ্না, ডানা) সং, পুং, হংস, মরাল।

শিতিবাসাঃ, (শিতিবাসস্, শিতি=কৃষ্ণবর্ণ—বাসস্=বস্ত্র, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বলদেব, নীলাম্বর, হলী, লাঙ্গলী।

শিথিল, (শ্রথ্=মোচনকরা+কিলচ্—প্রং, নিপাতন) বিং, ত্রিং, শ্লথ, আল্গা, ঢিলা। অলস, জড়। ক্লান্ত, অবসন্ন। দুর্ব্বল, ক্ষীণ, ক্ষয়প্রাপ্ত। পরিত্যক্ত, যাহা ঝাড়িয়া ফেলা গিয়াছে।

শিনি, (শি=তীক্ষ্ণকরা, অস্ত্রে ধারদেওয়া+নি—প্রং) সং, পুং, যদুবংশীয় ক্ষত্রিয়বিশেষ।

শিনের্নপ্তা, (শিনের্নপ্তৃ, শিনি—নপ্তৃ=পৌত্র) সং, পু, সাত্যকি। [চামড়া।

শিপি, সং, পুং, রশ্মি, কিরণ। স্ত্রীং, চর্ম্ম,

শিপিবিষ্ট, (শিপি=রশ্মি—বিষ্ট=প্রবিষ্ট, ৭মী—ষ) সং, পুং, বিষ্ণু। "শৈত্যাং শয়যোগাচ্চ শিপি বারি প্রচক্ষতে। তৎপানাদ্রক্ষণাচ্চৈব শিপয়ো রশ্ময়ো মতাঃ। তেষু প্রবেশাৎ বিশ্বেশঃ শিপিবিষ্ট ইহোচ্যতে" ইতি ব্যাস। শিব। ছুশ্চর্ম্ম, অনাবৃত-মেঢ্র। টাক, ইন্দ্রলুপ্ত। কুষ্ঠরোগী।

শিপ্রা,—স, সং, স্ত্রীং, মহাকাল নগরীর নদীবিশেষ; যে নদী উজ্জয়িনী দিয়া প্রবাহিত হইয়া গিয়াছে।

শিফা, (শী=শয়নকরণ+ফ—পুং, নিপাতন) সং,স্ত্রীং,তন্তুবিশিষ্ট, শিকড়,নামনা, ঝুরি, ক্ষুদ্র ক্ষুদ্র শিকড়। নদী। বেগবতী, স্রোতস্বতী, তটিনী, তরঙ্গিনী। মাতা। মাংসপেশী। জটামাংসী। হরিদ্রা। পদ্মের মূল।

শিফাকন্দ, শিফাক, (শিফা=তন্তুবিশিষ্ট, শিকড়—কন্দ=মূল। কণ্ যোগে শিফাক) সং, পুং, পদ্মমূল, পদ্মের গেঁড়ো।

শিফাধর, (শিফা—ধর=যে ধরে, ২য়া—য) সং, পুং, শাখা, ডাল, বিটপ, পল্লব।

শিফারুহ, (শিফা—রুহ=যে জন্মে) সং, পুং, বটবৃক্ষ।

শিম, (শিম্বা, শব্দজ) সং, শিমগাছ।

শিমুল, (শাল্মলী শব্দজ) সং, বৃক্ষবিশেষ।

শিম্ব—পুং,শিম্বা, শিম্বি, শিম্বিকা, শিম্বী—স, স্ত্রী, (শি=তীক্ষ্ণ,করা, নিপাতন) সং,শিমগাছ, শিম।

শিয়র, (শীর্ষশব্দজ) সং, যে দিকে শয়নকারীর মস্তক থাকে।

শিয়াল, শেয়াল, (শৃগালশব্দজ) সং,ফেরু, শিবা, গোমায়ু, যামঘোষ।

শির, (শ্রি=সেবাকরা, মান্যকরা+ক—প্রং, নিপাতন) সং, ক্লীং, মস্তক, মাথা, উত্তমাঙ্গ।

শিরঃ, (শিরস্, শ্রি=সেবা বা মান্যকরা +অস্—প্রং, নিপাতন) সং, ক্লীং, মস্তক, উত্তমাঙ্গ, মাথা। অগ্রভাগ। সৈন্যের অগ্রবর্ত্তী দল। প্রধান অধ্যক্ষ, শয্যা, তল্প, কশিপু।

শিরঃপদী, যাহাদের পদ মস্তকের নিকট সংলগ্ন; যথা—কটল্‌ফিস্ নামক সমুদ্রজ জীব। Cephalopoda.

শিরঃফল, (শিরস্=মস্তক—ফল) সং,পুং, নারিকেল বৃক্ষ।

শিরজ, (শির=মস্তক—জ=যে জন্মে) সং, পুং, মূর্দ্ধজ, কেশ, কুন্তল, কচ, মাথার, চুল। [উপরি লিখিত নাম।

শিরনামা, (শিরোনামন্ শব্দজ) সং,পত্রের

শিরপা,(শিরঃপদশব্দজ)সং,পারিতোষিক, বক্‌শিস্। অশ্বের অগ্রপদ উত্তোলন।

শিরসিজ, শিরসিরুট্, শিরসিরুহ (শিরসিরুহ্, শিরসি=মস্তকে—জ, রুহ্, রুহ, =যে জন্মে) সং, পুং, কেশ, মূর্দ্ধজ, মাথার চুল।

শিরস্ত্র, শিরস্ত্রাণ, শিরস্ক, (শিরস্—ত্রৈ=রক্ষাকরা+অনট্ ক,—২য়া—ষ। পক্ষে কণ্ যোগ। কিম্বা প্রকাশার্থকৈ ধাতুজ) সং, ক্লীং, উষ্ণীষ, পাকড়ি, টুপি।

শিরস্য (শিরস্=মস্তক+যৎ—সম্বন্ধার্থে) বিং, ত্রিং,শিরঃসম্বন্ধীয়। শিরোজ। সং, পুং, নির্ম্মলকেশ, পরিষ্কৃত চুল।

শিরা,(শৄ=হিংসাকরা+অচ্, আপ্—প্রং) সং, স্ত্রীং, শরীরমধ্যস্থ রক্ত গমনাগমনের পথ, শির, নাড়ী, ধমনী, যে সকল নাড়ী দ্বারা সঞ্চলিত রক্ত পুনর্ব্বার হৃদয়ে আনীত হয়। Vein.

শিরাপত্র,পুং,বিল্ব, শ্রীফল, বেল। কপিত্থ, কয়েত বেল। [শিরাযুক্ত।

শিরাল, (শিরা+লচ্ অস্ত্যর্থে) বিং,ত্রিং,

শিরালক, (শিরাল+কণ্—যোগ)সং,পুং, অস্থিভঙ্গ বৃক্ষ, হাড় ভাঙ্গার গাছ।

শিরাবৃত্ত; সং, ক্লীং, সীসক, সীসা।

শিরি, (শৄ=হিংসাকরা বা বধকরা+ই —প্রং। ঋ=ইর্) সং, পুং, খড়্গ। অসি,কৃপাণ। ইষু,শায়ক, বাণ। হিংস্র-ব্যক্তি। শলভ, পঙ্গপাল।

শিরীষ, (শিরা দেখ+ঈষন্—পুং) সং, পুং, বৃক্ষবিশেষ। ক্লীং, কোমল পুষ্পবিশেষ। "শিরীষাদপি মৃদ্বঙ্গী, কেয়মায়তলোচনা" উং। "পদং সহেত ভ্রমরস্য পেলবং শিরীষপুষ্পং ন পুনঃ পতত্রিণঃ" কাং।

শিরোগৃহ (শিরস্=অগ্রভাগ—গৃহ, ৬ষ্ঠী, —ষ) সং, ক্লীং, অট্টালিকার সর্ব্বোপরিস্থ গৃহ। চন্দ্রশালা, চিলেঘর।

শিরোধরা, শিরোধি (শিরস্=মস্তক—

ধরা, ধি=যে ধরে, দ্বিতীয়া—ষ) সং স্ত্রীং, গ্রীবা, গলদেশ।

শিরোধার্য্য, (শিরস্=মস্তক—ধার্য্য, ৭মী—ষ) বিং, ত্রিং, মস্তকে ধারণীয়, অতিশয় মান্য।

শিরোমণি (শিরস্=মস্তক—মণি=রত্ন, ৬ষ্ঠী—ষ বা ৭মী—ষ) সং, পুং,—স্ত্রীং, শিরোরত্ন। মস্তকস্থ রত্ন-ভূষণ, কিরীট স্থিত রত্ন। পণ্ডিতের উপাধিবিশেষ। বাক্যের শেষে থাকিলে শ্রেষ্ঠ, প্রধান, যথা, শঠশিরোমণি, রমণীশিরোমণি।

শিরোমর্ম্মা, (শিরোমর্ম্মন্, শিরস্=মস্তক—মর্ম্মন্=সজীবস্থ) সং, পুং, শূকর। বরাহ, কোল।

শিরোরত্ন, (শিরস্=মস্তক—রত্ন=মণি, ৬ষ্ঠী—য বা ৭মী—ষ) সং, ক্লীং, কিরীটস্থিতরত্ন শিরোমণি। অধ্যাপকের উপাধিবিশেষ। বাক্যের শেষে থাকিলে প্রধান, শ্রেষ্ঠ।

শিরোরুট্, শিরোরুহ, (শিরোরুহ, শিরস্=মস্তক—রুহ, রুহ=যে জন্মে, ৫মী—ষ) সং, পুং, চিকুর, কুন্তল, কচ, মূর্দ্ধজ, কেশ, মাথার চুল।

শিরোবল্লী, (শিরস্=মস্তক—বল্লী=লতা) সং, স্ত্রীং, ময়ূরের শিখা।

শিরোবেষ্ট—পুং, শিরোবেষ্টন—ক্লীং, (শিরস্=মস্তক—বেষ্ট, বেষ্টন=যে বেষ্টন করে, দ্বিতীয়া—ষ) সং, উষ্ণীষ, পাকড়ী। [মাথার খুলি, করোটি।

শিরোস্থি, (শিরস্—অস্থি=হাড়) সং, ক্লীং,

শিল, (শিল্=গৃহীতশস্যশেষ আহরণকরা+ক—প্রং) সং, ক্লীং, উঞ্ছবৃত্তি, ক্ষেত্র হইতে শস্য লইয়া গেলে পর অবশিষ্ট পতিত ধান্যাদি খুঁটিয়া লওয়া। (এক একটী ধান্যাদি খুঁটিয়া লওয়াকে উঞ্ছ এবং ধান্যাদির শীষ খুঁটিয়া লওয়াকে শিল কহে)।

শিলা (পূর্ব্বে দেশ+আপ্=প্রং) সং, স্ত্রীং, প্রস্তর, পাষাণ, পাথর। "এষা কণ্ঠে কৃতা খলু শিলা সংসারবারাং নিধৌ" শান্তিশতক। দ্বারের অধঃস্থিত কাষ্ঠাদি, গোবরাট। দেহলী। স্তম্ভশীর্ষ, খুঁটি বা থামের মাথা। দুই থামের উপর স্থাপিত দীর্ঘ কাষ্ঠ, পাড়। মনঃশিলা। [গাছ।

শিলাকর্ণী, সং, স্ত্রীং, শল্লকীবৃক্ষ, বাবলা-

শিলাকুট্টক, (শিলা=প্রস্তর—কুট্ট=ছেদন করা+ণক—প্রং) সং, পুং, টঙ্ক, পাষাণ-ভেদনাস্ত্র।

শিলাজ, শিলাজতু, (শিলা=পর্ব্বত—জ=জাত। শিলা=পাষাণ—জতু=লাক্ষা। গ্রীষ্মকালে পর্ব্বত সকল উত্তপ্ত হইলে যে স্বর্ণাদি ধাতুসার তাহা হইতে ক্ষরিত হয়) সং, ক্লীং, পর্ব্বতজাত উপধাতুবিশেষ। শৈলেয় গন্ধ দ্রব্যবিশেষ।

শিলাটক, (শিলা=পাথর অট্=গমনকরা+ণক—প্রং) সং, পুং, অট্টালিকা। প্রাসাদ। বিল, বিবর গর্ত্ত। অট্টালিকার উপরিস্থ ক্ষুদ্রগৃহ, চিলের ছাদ। বেড়া।

শিলাত্মজ, শিলাসার (শিলা=পাথর—আত্মন্=আপনি—জ—জাত। শিলা=পাষাণ—সার=সারাংশ) সং, ক্লীং, লৌহ, লোহা, অয়ঃ।

শিলাত্মিকা, (শিলা=প্রস্তর—আত্মন্=বস্তু+কন্ প্রং) সং, পুং, স্বর্ণাদি গলাইবার পাত্র, মুচী।

শিলাদদ্রু, পুং, শৈলজ। মেট্যাতৈল।

শিলাধাতু, (শিলা=প্রস্তর বা পর্ব্বত—ধাতু=আকরজ) সং, পুং, খড়ী, সিতোপল, কঠিনী। পীতবর্ণ গিরিমাটী।

শিলাপট্ট, (শিলা=প্রস্তর—পট্ট=সমতল) সং, পুং, পেষণার্থ শিলা, শিল।

শিলাপুত্র, (শিলা=সমতলপ্রস্তর—পুত্র) সং, পুং, লোড়া, ঘর্ষণাল।

শিলাময়, (শিলা+ময়ট্—বিকারার্থে) বিং, ত্রিং, প্রস্তরনির্ম্মিত।

শিলাস্থি, যে অস্থিখণ্ডের উপরিভাগে মস্তিস্ক অবস্থিত। (Petrous bone)

শিলাসন, শিলাহ্ব (শিলা=প্রস্তর বা পর্ব্বত—অসন=বাসস্থান কিম্বা আসন

বসিবার স্থান, আত্মা=নাম্ন) সং, ক্লীং, শৈলেয়, শিলাজতু।

শিলি, (শিল্=গৃহীত শস্যশেষ আহরণ করা+ইন্ প্রং) সং, পুং, ভূর্জ্জপত্র বৃক্ষ। লি, লী—স্ত্রীং, দ্বারের অধঃস্থিত কাষ্ঠ গোবরাট, দেহলী। ছত্রাকপুষ্প। ভেকী।

শিলিন্দ, সং, পুং, মৎস্যবিশেষ।

শিলিন্ধ্র, সং, পুং, মৎস্যবিশেষ। কদলী বৃক্ষ। ক্লীং, কদলীপুষ্প, মোচা। ছত্রাক, বেঙের ছাতি; "উচ্ছিলীন্ধ্রাং" কাং। করকা, শিল।

শিলীন্ধ্রক, (শিলীন্ধ্র+কণ্-যোগ) সং, স্ত্রীং, ছত্রাক। গোময়চ্ছত্রিকা, গোবরের ছাতা।

শিলীন্ধ্রী, সং, স্ত্রী, পক্ষিণীবিশেষ। কেঁচো, ভূমিলতা। ভেকী। মৃত্তিকা। মাটি।

শিলীপদ, সং, পুং, পাদরোগ বিশেষ, গোদরোগ।

শিলীমুখ, (শিলী=হুল—মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ভ্রমর, ষট্পদ, ভৃঙ্গ। বাণ, শর, শায়ক, মার্গণ। যুদ্ধ, সংগ্রাম, সঙ্গর, রণ।

শিলেয়, (শিলা=পর্ব্বত+ঠক্—প্রং) সং, ক্লীং, শৈলজ, শিলাজতু। বিং, ত্রিং, শিলাসম্বন্ধীয়, পার্ব্বত্য।

শিলোচ্চয়, (শিলা—উৎ=উপরি—চি একত্রকরা+অচ্—প্রং। অথবা শিলা—উচ্চয়=রাশি) সং, পুং, অচল, মহীধর, নগ, শৈল, পর্ব্বত। উচ্চ পর্ব্বত। পর্ব্বতশৃঙ্গ। "শিলোচ্চয়েতস্য বিমার্গণং নয়ঃ" ভাং।

শিলোঞ্ছ, (শিল=গৃহীতশস্যশেষ আহরণ-উঞ্ছ=জীবিকার্থ ত্যক্ত ধান্যাদি খুঁটিয়া লওয়া+অচ্—প্রং) সং, পুং, উঞ্ছবৃত্তি, ক্ষেত্র হইতে শস্যাদি লইয়া গেলে পর অবশিষ্ট পতিতধান্যাদি খুঁটিয়া লওয়া।

শিলোত্থ, শিলোদ্ভব (শিলা=প্রস্তর—উত্থ=যে জন্মে। শিলা=প্রস্তর বা পর্ব্বত—উদ্ভব=উৎপন্ন) বিং, ত্রিং, শিলা হইতে বা শিলার উপরে উৎপন্ন। সং, ক্লীং, শৈলেয়, শিলাজতু।

শিলৌকাঃ (শিলৌকস, শিলা=পর্ব্বত—ওকস্=স্থান) সং, পুং, গরুড়, সুপর্ণ, বৈনতেয়, পক্ষিরাজ।

শিল্প, (শিল্=একান্ত রতহওয়া, নিপুণ হওয়া+প—প্রং) সং, ক্লীং, নির্ম্মাণাদি কর্ম্ম, কারিকুরি। বেণুবীণাদি বাদ্য, নৃত্যগীতবাদ্যাদি। স্রুব।

শিল্পকার, শিল্পকারী (শিল্পকারিন্, শিল্প—কার, কারিন্=যে করে, ২য়া—ষ) বিং, ত্রিং, শিল্পী, কারিকর, মিস্ত্রী।

শিল্পযন্ত্র, কল।

শিল্পলিপি, প্রস্তরাদিতেক্ষোদিত অক্ষর।

শিল্পশাল, শিল্পিশাল (শিল্প—শালা=গৃহ, ৬ষ্ঠী—ব) সং, ক্লীং, লা—স্ত্রীং, শিল্প-কর্ম্ম করিবার ঘর, কারখানা ঘর।

শিল্পিক, শিল্পী (শিল্পিন্, শিল্প+ঠক্ ইনি—অস্ত্যর্থে) বিং, ত্রিং, শিল্পকর্ম্ম-কারী, কারিকর।

শিব, (শিব= কল্যাণ+অ—অস্ত্যর্থে, কিংবা শো=নাশ করা+বন্—প্রং। অথবা শী=শয়ন করা অর্থাৎ অবস্থান করা+বন্—প্রং) সং, পুং, মহাদেব, শম্ভু, মহেশ, হর, ভব, ত্রিলোচন, কৈলাশপতি। পারদ, পারা। মুক্তি, মোক্ষ, নির্ব্বাণ। বেদ। বিষ্কম্ভাদি যোগের অন্তর্গতযোগবিশেষ। পশুবন্ধন কাষ্ঠ, বা স্তম্ভ। লিঙ্গ, মেঢ্র, শিশ্ন, পুং—চিহ্ন। শিবলিঙ্গ। ক্লীং, মঙ্গল, সুখ, ক্ষেম, কুশল। বারি, নীর, সলিল, জল বিং, ত্রিং, শুভদ। রম্য, রমণীয়। সুখদ।

শিবক, (শিব+কণ্—প্রং) সং, পুং কীলক, খোঁটা, গোঁজ।

শিবকর, শিবঙ্কর (শিব=মঙ্গল—কর=যে করে। শিব=মঙ্গল—কৃ=করা+খচ্ প্রং) বিং, ত্রিং, শুভদায়ক, মঙ্গলকারক, ক্ষেমঙ্কর, কুশলজনক।

শিবকীর্ত্তন, (শিব—কীর্ত্তন=গুণকথন সং, পুং, বিষ্ণু। শিবের উপাসক। শৈব ক্লীং, শিবের স্তুতি।

শিবঘর্ম্মজ, (শিব—ঘর্ম্ম=ঘাম—জ=

জাত) সং, পুং, মঙ্গলগ্রহ ভৌম, ভূমিতনয়। [কৃষ্ণা চতুর্দ্দশী।
শিবচতুর্দ্দশী, সং, স্ত্রীং, ফাল্গুন মাসের
শিবজ্ঞান, (শিব=মঙ্গল—জ্ঞান) সং, ক্লীং, শুভাশুভ কালবোধক শাস্ত্র।
শিবতাতি, (শিব=সুখ+তাতিল্—প্রং), বিং, ত্রিং, শুভজনক। ক্ষেমঙ্কর।
শিবদূতী, (শিব—দূতী, [দূত=বার্ত্তাবহ +ঈপ্—প্রং]=বার্ত্তাবাহিনী) সং, স্ত্রীং. দুর্গা। দেবীবিশেষ।
শিবদ্রুম, (শিব—দ্রুম=বৃক্ষ) সং, পুং, বিল্ববৃক্ষ, বেলগাছ।
শিবপুরী, (শিব—পুরী=নগরী) সং, স্ত্রীং, কাশী। বারাণসী।
শিবরাত্রি, (শিব—রাত্রি) সং, স্ত্রীং, শিবচতুর্দ্দশী। [কাদিময় লিঙ্গমূর্ত্তি।
শিবলিঙ্গ, সং, ক্লীং, শিবের প্রস্তরমূর্ত্তি
শিববাহন, (শিব—বাহন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বৃষ, ষাঁড়, বলীবর্দ্দ, উক্ষ, অনড্বান্।
শিববীজ, (শিব—বীজ) সং, ক্লীং, পারদ, পারা, রস।
শিবসাযুজ্য, সং, ক্লীং, শিবত্ব, শিবস্বরূপ।
শিবা, (শিব+আপ্—প্রং) সং, স্ত্রীং, শৃগালী। হরীতকী। আমলকী। নদীবিশেষ। হরিদ্রা। মুক্তি, মোক্ষ। দূর্ব্বা। শমীবৃক্ষ। দুর্গা, ভবানী। "শিবা কল্যাণরূপা চ শিবদা চ শিবপ্রিয়া প্রিয়ে দাতরি চা শব্দঃ শিবা তেন প্রকীর্ত্তিতা" "শিবো হি মোক্ষবচনশ্চাকারো দাতৃবাচকঃ। স্বয়ং নির্ব্বাণদাত্রী যা সা শিবা পরিকীর্ত্তিতা"॥ [রুদ্রাক্ষবীজ।
শিবাক্ষ, (শিব—অক্ষ=চক্ষু) সং, ক্লীং,
শিবানী, (শিব+ঈপ—প্রং, আন্—আগম) সং, স্ত্রীং, শিবপত্নী, দুর্গা, ভবানী, অম্বিকা, অপর্ণা। পুষ্পবিশেষ।
শিবাপ্রিয়, (শিবা=দুর্গা—প্রিয়) সং, পুং, ছাগল, ছাগ, অজ।
শিবারাতি, (শিবা=শিয়াল—অরাতি=শত্রু) সং, পুং, কুক্কুর, সারমেয়, শ্বা, গ্রামসিংহ।
শিবালয়, (শিব+আলয়=বাসস্থান) সং, পুং, রক্ততুলসী। ক্লীং,—শ্মশান, গোরস্থান। শিবের মন্দির।
শিবালু, সং, পুং, শৃগাল।
শিবি, সং, পুং, শরণাগতরক্ষক স্বনামপ্রসিদ্ধ নৃপবিশেষ, উশীনর রাজার পুত্র। হিংস্রজন্তু। ভূর্জ্জবৃক্ষ।
শিবিকা, (শিবি—[নামধাতু]=সুখদান করা+ণক, আপ্—প্রং) সং, স্ত্রীং, যানবিশেষ, পাল্কী, ডুলী।
শিবির, (শী=শয়নকরা বা বিশ্রামকরা+কিরক্—প্রং, ব্—আগম) সং, ক্লীং সেনানিবেশ, ছাউনি। পটাবাস, স্কন্ধাবার। রাজার বাসস্থান। শস্যবিশেষ।
শিবীরথ, (শিবী=শিবিকা শব্দজ—রথ সং, পুং, শিবিকা, পাল্কী, ডুলি।
শিবেতর, (শিব—ইতর) বিং, ত্রিং অমঙ্গল। অশিব।
শিশয়িষা, (শী=শয়নকরা+অ—ইচ্ছার্থে আপ্—ভা) সং, স্ত্রীং, শয়ন করিতে ইচ্ছা। [ত্রিং, শয়ন করিতে ইচ্ছুক
শিশয়িষু, (পূর্ব্বে দেখ+উ—ক) বিং
শিশি, (যবনভাষা) সং, কাচনির্ম্মিত পাত্রবিশেষ।
শিশির, (শশ্=গমনকরা+কিরচ্—প্রং অ স্থানে ই) সং, পুং, হিম, তুষার পুং,—ক্লীং, শীতকাল, মাঘ ফাল্গুন এই দুই মাস। "শিশিরবসন্তৌপুনরায়াতঃ" মোহমুদ্গর। বিং, ত্রিং, শীতল "আনন্দ হরিচন্দনেন্দুশিশিরঃ স্নিগ্ধো রুণদ্ধ ন্ত্যতঃ" ভবভূতি। জড়।
শিশু, (শশ্=গমনকরা+উ—প্রং) সং, পুং, বালক, শাবক, পোতি। ডিম্ব। বা ১৬ বৎসরের অনধিক বয়স্ক।
শিশুক, (শিশু+কণ্—যোগ) সং, পুং জলজন্তুবিশেষ, শিশুমার, শুশুক। বৃক্ষবিশেষ। শিশু, শাবক।
শিশুত্ব, (শিশু+ত্ব—ভাবে) সং, ক্লীং

শৈশব, বাল্যাবস্থা।

শিশুপাল, (শিশু—পাল=যে পালন করে) সং, পুং, চেদিবংশীয় নৃপবিশেষ, দমঘোষের পুত্র।

শিশুপালক, (শিশু—পাল=যে পালনকরে+কণ্—প্রং) সং, পুং, শিশুপাল। বিং, ত্রিং, শিশুরক্ষক।

শিশুপালহা, (শিশুপালহন্, শিশুপাল—হন্=যে বধ করে, দ্বিতীয়া—ষ) সং, পুং, কৃষ্ণ।

শিশুমার, (শিশু=শাবক—মার=যে মারে, দ্বিতীয়া—ষ) সং, পুং, জলজন্তুবিশেষ, শুশুক। তারকচক্রবিশেষ।

শিশুবাহক, (শিশু—বহ্=বহনকরা+ণক—প্রং) সং, পুং, বন্যগাছ। বিং, ত্রিং, বালকের বহনকারী।

শিশ্ন, (শশ্=গমনকরা+নক্—প্রং) সং, পুং, পুরুষ চিহ্ন, মেঢ্র, উপস্থ।

শিশ্বিদান, (শ্বিৎ=শুক্লবর্ণ হওয়া, ধার্ম্মিক বা পবিত্র হওয়া+আনচ্—প্রং, দ্বিত্ব, ত=দ) বিং, ত্রিং ধার্ম্মিক, নির্দ্দোষী। পাপকর্ম্মকারী। [শীর্ষ। শিখা। মঞ্জরী।

শিষ, শীষ, (শীর্ষ শব্দজ) সং, ধান্যাদির-

শিষ্ট, (শাস্=শাসনকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, সুশীল, শান্ত, ধীর, সুবোধ। বশতাপন্ন, পোষা। শিক্ষিত, বিনীত। প্রধান, বিখ্যাত। বিবিক্ত। আজ্ঞপ্ত। নীতিজ্ঞ। অবশিষ্ট। পুং,—মন্ত্রী, সভ্য। অধিনায়ক, সর্দ্দার।

শিষ্টতা, (শিষ্ট+তা—ভাবে) সং, স্ত্রীং; শিষ্টের ধর্ম্ম, ধীরতা, নম্রতা। বিনয়। বশীভূততা। শেষ, অবশিষ্টতা।

শিষ্টাচার, (শিষ্ট—আচার=আচরণ), সং, পুং, ভদ্রতা, সাধুব্যবহার।

শিষ্টি, (শাস্=শাসনকরা+ক্তিন্—প্রং, নিপাতন) সং, স্ত্রীং, শাসন। আজ্ঞা, আদেশ। শোধন। বিন্যাস।

শিষ্য, (শিষ্ট দেখ,+ক্যপ্—র্ম্ম) সং, পুং, ছাত্র, পড়ুয়া, অন্তেবাসী। বিং, ত্রিং, শাসনযোগ্য উপদেষ্টব্য। শিক্ষিতব্য, শিক্ষণীয়।

শিহ্ল, শিহ্লক (সিহ্=দ্রবহওয়া+লক্—প্রং। সি=শ। শিহ্ল+কণ্—যোগ) সং, পুং,গন্ধদ্রব্যবিশেষ।[স্ত্রীং,শয়ন। শান্তি

শী, (শী=শয়নকরা+কিপ্—প্রং) সং,

শীকর,—স, (শীক্=জলাদি সেক করা+অরন্—প্রং) সং, পুং, জলবিন্দু, জলকণা, "বাতাঃ শীকরিণঃ" হনুমান্। সূক্ষ্ম বৃষ্টি। বায়ু। বাত, পবন, শ্বসন।

শীঘ্র, (শিন্‌ঘ্=আঘ্রাণকরা+রক্—প্রং নিপাতন) ক্রিং—বিং, ক্লীং, দ্রুত, ত্বরা, অবিলম্ব। বিং, ত্রিং, শীঘ্রতাযুক্ত, সত্বর

শীঘ্রগ, (শীঘ্র—গ=যে গমন করে) বিং ত্রিং, দ্রুতগামী, ত্বরিতগতি।

শীঘ্রচেতন, (শীঘ্র—চিৎ=বোধকরা, জান +অনট্—ক) সং, পুং, কুকুর, সারমে

শীঘ্রতা, (শীঘ্র+তা—ভাবে) সং, স্ত্রীং ত্বরা, বেগ, দ্রুততা, সত্বরতা।

শীঘ্রবেধী, (শীঘ্রবেধিন্, শীঘ্র—বেধিন্=যে বিদ্ধকরে) সং, পুং, লঘুহস্ত, ক্ষিপ্র বিদ্ধকারী।

শীঘ্রায়মাণ, (শীঘ্র=নামধাতুজ=দ্রুত গমন করা+শানচ্—প্রং। য, ম—আগম) বিং, ত্রিং, শীঘ্রগমনকারী।

শীত, (শ্যৈ=গমনকরা+ক্ত—প্রং) সং, ক্লীং, শীতলতা, শৈত্যগুণ, জল। পুং, হিমঋতু, শীতকাল। বেতসবৃক্ষ। বিং, ত্রিং, শীতল, শৈত্যগুণযুক্ত। অলস। জড়। কাথিত, সিদ্ধ, ফোটান। পুং, নিম্ববৃক্ষ। কর্পূর।

শীতক, (শীত+কণ্—যোগ) সং, পুং শীতকাল। দীর্ঘসূত্রী। অলস, কুড়ে, বৃথাকালক্ষেপকারী। নিশ্চেষ্ট, নির্বৃত। সুখীমনুষ্য। বৃশ্চিক।

শীতকর, শীতকিরণ, শীতগু, শীতভানু, শীতময়ূখ, শীতমরীচি, শীতরশ্মি, শীতাংশু, } (শীত—শীতর —কর, কিরণ গো, ভানু ময়ূখ, মরীচি

রশ্মি, অংশু=কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চন্দ্র, হিমকর, চন্দ্রমা, নিশাকর, শশাঙ্ক। কর্পূর।

শীতচম্পক, (শীত=শীতল—চম্পক=ফুল) সং. পুং, দর্পণ, মুকুর। প্রদীপ।

শীতপাকিনী, (শীত+পাক+ইনি) সং, স্ত্রীং, ঔষধীয় মূলবিশেষ, কাকোলী।

শীতল, (শীত=শীতলতা—লা=দানকরা +ক—প্রং ; কিংবা শীত=শৈত্য+লচ্ —অস্ত্যার্থে) বিং, ত্রিং, শৈত্যগুণযুক্ত, ঠাণ্ডা। সং, ক্লীং, চন্দন। শৈলেয়। মৌক্তিক। বেণারমূল। পথ। পুং, চন্দ্র। লা—স্ত্রীং, দেবীবিশেষ, বসন্ত বিস্ফোটকাদির অধিষ্ঠাত্রী দেবতা।

শীতশিব, (শীত=শীতল—শিব=মঙ্গলকর) সং, ক্লীং, সৈন্ধবলবণ। শৈলেয় নামে গন্ধদ্রব্য। পুং, মধুরিকা, মৌরী। বা—স্ত্রীং, শমী বৃক্ষ।

শীতা, সীতা (শীত+আপ্—প্রং) সং, স্ত্রীং, রামচন্দ্রের গৃহিণী, জানকী। লাঙ্গলপদ্ধতি।

শীতাদ্রি, (শীত—অদ্রি=পর্ব্বত, যং—স) সং, পুং, হিমালয় পর্ব্বত, হিমবান্।

শীতাভ, শীতাভ্র (শীত=শীতল—আভা =দীপ্তি,৬ষ্ঠী—হিং) সং, পুং, চন্দ্র। কর্পূর

শীতার্ত্ত, শীতালু (শীত—ঋত, কিংবা আর্ত্ত=পীড়িত, তৃতীয়া—ষ। শীত+আলু—অস্ত্যার্থে) বিং, ত্রিং, শীতপীড়িত, শীতকাতর।

শীতাশ্মা, (শীতাশ্মন্, শীত=শীতল—অশ্মন্=প্রস্তর) সং, পুং, চন্দ্রকান্তমণি।

শীতীভাব, (শীত=শীতল—ভাব=স্বভাব, মধ্যে ঈ—আগম) মুক্তি, মোক্ষ। শীতলতা।

শীতোত্তম, (শীত=শীতল—উত্তম) সং, ক্লীং, বারি, জল, নীর, নার, কমল, সলিল। জীবন।

শীৎকার, (শীৎ=অনুকরণ শব্দ—কার =করণ) সং, পুং, শ্রেষ্ঠ স্ত্রীদের রতিকালীনঅস্ফুট ধ্বনি, শিহরণ।

শীৎকৃত, (শীৎ=অনুকরণ শব্দ—কৃত=করা হইয়াছে) সং, ক্লীং, রতিকালে স্ত্রীগণের মুখের অব্যক্ত ধ্বনিবিশেষ।

শীত্য, (শীত=শীতল বা শীতা=লাঙ্গলপদ্ধতি+ষ্যৎ—প্রং) বিং, ত্রিং, শীতযোগ্য। কৃষ্ট, চস।

শীধু, সীধু (শী=শয়নকরা+ধুক্—প্রং সং, পুং—ক্লীং, মদ্যবিশেষ। মধু।

শীধুগন্ধ, (শীধু=মদ্যবিশেষ—গন্ধ=আঘ্রাণ) সং, পুং, বকুলগাছ।

শীন, (শ্যৈ=গমনকরা+ক্ত—প্রং) বিং, ত্রিং, ঘনীভূত (ঘৃতাদি)। মূর্খ। সং, পুং, অজগর, মহোরগ। বৃহৎ সর্প।

শীভর, সং, পুং, শীকর, জলকণা।

শীভ্য, (শীভ্=প্রশংসাকরা+য—প্রং সং,পুং, শিব। বৃষ। [পুং, অজগর সর্প।

শীর, (শী=শয়নকরা+রক্—প্রং) সং,

শীর্ণ, (শৄ=হিংসাকরা+ক্ত—প্রং) বিং, ত্রিং, কৃশ, ক্ষীণ, কাহিল, রোগা। শুষ্ক। ছিন্ন। পতিত।

শীর্ণপাদ, শীর্ণাঙ্ঘ্রি (শীর্ণ=যাহা কুকড়িয়া গিয়াছে—পাদ, অঙ্ঘ্রি=পা। ইহার মাতার অভিশাপে কোঁকড়াইয়া গিয়াছিল) সং, পুং, যম, অন্তক। কৃতান্ত, শমন, বিরোচন, বৈকর্ত্তন, কাল।

শীর্ণবৃন্ত, (শীর্ণ=সরু অথচ লম্বা—বৃন্ত =বোঁটা) সং. ক্লীং, তরমুজ।

শীর্ব্বি, (শৄ=হিংসাকরা+ক্বিন্—প্রং) বিং, ত্রিং, অপহারক, চোর, মলিম্লুচ, তস্কর। হিংসক। অসভ্য, বন্য। ক্ষতিকারক।

শীর্ষ, (শিরস্=স্থানে ক্লীং, শিরস্, মস্তক, মাথা, উত্তমাঙ্গ।

শীর্ষক, (শীর্ষ—ক=সুখ, ৫মী—হিং) সং, ক্লীং, টোপর। পাগড়ী। শিরোবেষ্টন, উষ্ণীষ। শিরস্ত্রাণ। শিরোস্থি, মাথার খুলি। মস্তক। জয়পরাজয় নিদর্শন পত্র। পুং, রাহুগ্রহ।

শীর্ষচ্ছেদিক, (শীর্ষ—ছেদ=ছেদন+ঠক্ —প্রং) বিং, ত্রিং, শিরশ্ছেদনযোগ্য, বধ্য। [ত্রিং, শিরশ্ছেদনযোগ্য, বধ্য।
শীর্ষচ্ছেদ্য, (শীর্ষ—ছেদ্য=ছেদনীয়) বিং,
শীর্ষণ্য, (শিরস্=মস্তক+যৎ—আরোহণার্থে; শিরস্ স্থানে শীর্ষণ্) সং, ক্লীং, শিরস্ত্রাণ, পাগড়ী। পুং, বিশদ কেশ, পরিষ্কৃত চুল। বিং, ত্রিং, মস্তকস্থ। মস্তকজাত।
শীর্ষরক্ষ, (শীর্ষ=মস্তক—রক্ষ=রক্ষণ) সং, ক্লীং, শিরস্ত্রাণ, পাগড়ী।
শীল, (শীল্=একান্ত প্রবৃত্ত হওয়া+ঘঞ্ বা শী=নিদ্রাযাওয়া+লক্—প্রং) সং, পুং—ক্লীং, স্বভাব, চরিত্র। সচ্চরিত্র। পুং, বৃহৎ সর্প। বিং, ত্রিং,বিশিষ্ট, যুক্ত।
শীলন, (পূর্ব্বে দেখ+অনট্—ভা) সং, ক্লীং, আলোচনা। অভ্যাস। পরিদর্শন। প্রবর্ত্তন। অতিশায়ন।
শীলবান্, (শীলবৎ, শীল=স্বভাব+বৎ —অস্ত্যর্থে) বিং, ত্রিং, সুশীল। সুস্বভাবযুক্ত, সচ্চরিত্রশালী।
শীলা, সং, স্ত্রীং, কৌণ্ডিন্যমুনিপত্নী।
শীলিত, (শীল দেখ+ক্ত—প্রং) বিং, ত্রিং, অভ্যস্ত। আলোচিত। শিক্ষিত।
শীবল, (শী—শয়নকরা+বলচ্—প্রং) সং, ক্লীং, শৈবাল। শৈলেয়।
শীবা, (শীবন্, শী=শয়নকরা+বন্—প্রং) সং ,পুং, অজগর সর্প, বৃহৎ সর্প। বোড়াসাপ।
শুঁটী, (দেশজ) সং, কলায়শুটী, ফলত্বক্।
শুঁঠ, (শুণ্ঠিশব্দজ) সং, শুক্‌না আদা।
শুঁয়া, শুঙ্গা, (শূকশব্দজ) সং, ধান্যাদির অগ্রভাগ। [শুঁড়।
শুড়, (শুণ্ডশব্দজ) সং, করিকর, হাতির
শুঁড়ী, (শৌণ্ডিকশব্দজ) সং, মদ্যবিক্রেতা
শুক, (শুভ্=দীপ্তিপাওয়া+কক্—প্রং, ভ—লোপ) সং, পুং, পক্ষিবিশেষ, টিয়াপাখী। ব্যাসের পুত্র, ইনি পরীক্ষিতকে শ্রীমদ্ভাগবত শ্রবণ করাইয়াছিলেন। রাবণের মন্ত্রী। শিরীষবৃক্ষ। শিয়ালকাঁটার গাছ। ক্লীং, বস্ত্র,বসন,পরিচ্ছদ। বস্ত্রাঞ্চল। শিরস্ত্রাণ। উষ্ণীষ, পাগড়ী।
শুকনা, (শোষণার্থ শুষ্ ধাতুজ) বিং, শুষ্ক, নীরস। ম্লান, মলিন, নিষ্প্রভ।
শুকনাস, (শুক—নাসা=নাক, ৬ষ্ঠী—হিং) সং, পুং, তারাপীড় রাজার মন্ত্রী। শ্যোণাক বৃক্ষ। বিং, ত্রিং, শুকের ন্যায় নাসিকাবিশিষ্ট
শুকপুচ্ছ, (শুক=টিয়াপাখী—পুচ্ছ=লেজ। তুল্য বর্ণের বলিয়া) সং, পুং, গন্ধক।
শুকদান, (শুক=টিয়াপাখী—অদন=ভক্ষণীয়) সং,পুং, দাড়িম্ব, দালিম, দাড়িমী।
শুক্ত, (শুচ=শুচি হওয়া+ক্ত—প্রং) সং, ক্লীং, মাংস। কাঞ্জিক, আমানী। ব্যঞ্জনবিশেষের যুষ,সির্কা। দুর্ব্বাক্য,কটূক্তি। বিং, ত্রিং, অম্লযুক্ত। পবিত্র। পরিষ্কৃত। নিষ্ঠুর, নির্দ্দয়। শ্লিষ্ট, যুক্ত। নির্জ্জন।
শুক্তি, (শুচ=শোককরা ইত্যাদি+ক্তি —প্রং) সং, স্ত্রীং, ঝিনুক। শঙ্খ। অশ্বের বক্ষঃস্থলে লোমাবলীকৃত আবর্ত্তত্রয়। "বক্ষঃস্থাঃ শুক্তয়স্তিস্রঃ ঊর্দ্ধরোমা জয়াবহাঃ"। গন্ধদ্রব্যবিশেষ। শঙ্খনখ। কপালখণ্ড, মাথার খুলি। অর্শরোগ। চারিতোলা পরিমাণ।
শুক্তিকা, (শুক্তি+কণ্—যোগ) সং, স্ত্রীং, শুক্তি, ঝিনুক।
শুক্তিজ, শুক্তিবীজ (শুক্তি—জ=জাত। শুক্তি—বীজ=বীচি) সং; ক্লীং, মৌক্তিক মুক্তাফল।
শুক্র, (শুচ=শুচিহওয়া ইত্যাদি+রক্—প্রং) সং, পুং, দৈত্যগুরু, ভার্গব। গ্রহবিশেষ। বিষ্কুম্ভাদি যোগের অন্তর্গত যোগবিশেষ। অগ্নি। জ্যৈষ্ঠমাস। ক্লীং, তেজঃ। শরীরস্থ ধাতুবিশেষ, বীর্য্য, রেতঃ। চক্ষুর রোগবিশেষ। "যথা পয়সি সর্পিস্তু গূঢ়শ্চেক্ষৌ রসো যথা। এবং হি সকলে কায়ে শুক্রং তিষ্ঠতি দেহিনাং"॥

শুক্রকর, (শুক্র=বীর্য্য—কর্=যে করে) সং, পুং, মজ্জা। বিং, ত্রিং, বৃষ্য, বীর্য্যকারক।

শুক্রভুক, (শুক্রভুজ, শুক্র—ভুজ্=ভোজন করা+ক্বিপ্—প্রং) সং, পুং, ময়ূর, শিখী, বর্হী।

শুক্রভূ, (শুক্র—ভূ=হওন) সং, স্ত্রীং, মজ্জা।

শুক্রবার, (শুক্র=গ্রহবিশেষ—বার=দিন) সং, পুং, শুক্রগ্রহের ভোগ্যদিন, সপ্তাহের পঞ্চমদিন।

শুক্রশিষ্য, (শুক্র=শুক্রাচার্য্য—শিষ্য, ৬ষ্ঠী—ষ) সং, পুং, দৈত্য, অসুর, দানব।

শুক্রাঙ্গ, সং, পুং, ময়ূর, শিখী, শিখণ্ডী।

শুক্ল, (শুচ=নির্ম্মলহওয়া+রন্—প্রং, র স্থানে ল) বিং, ত্রিং, শুভ্র, শ্বেতবর্ণবিশিষ্ট, শাদা। শুদ্ধ। বিশুদ্ধ, পরিষ্কৃত, নির্ম্মল। সং, পুং, শ্বেতবর্ণ, শাদা রং। শুক্লপক্ষ। ক্লীং, রজত, রৌপ্য। নবনীত। চক্ষুর রোগবিশেষ।

শুক্লক, (শুক্ল+কণ্—যোগ) সং, পুং, শুক্লপক্ষ। শ্বেতবর্ণ।

শুক্লকর্ম্মা, (শুক্লকর্ম্মন্, শুক্ল=শাদা, নির্ম্মল—কর্ম্মন্=কার্য্য) বিং, ত্রিং, শুদ্ধচরিত্র অকৃষ্ণকর্ম্মা, সৎকর্ম্মের অনুষ্ঠাতা।

শুক্লধাতু, (শুক্ল=শ্বেতবর্ণ—ধাতু=আকরীয়) সং, পুং, কঠিনী, খড়ী।

শুক্লপক্ষ, (শুক্ল=শাদা—পক্ষ=মাসার্দ্ধ) সং, পুং, শুক্লপ্রতিপৎ অবধি পূর্ণিমা পর্য্যন্ত পঞ্চদশ তিথি।

শুক্লা, (শুক্ল+আপ্—প্রং) সং, স্ত্রীং, সরস্বতী। শর্করা, চিনি।

শুক্লাপাঙ্গ, (শুক্ল=শাদা—অপাঙ্গ=চক্ষুর প্রান্ত, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ময়ূর।

শুক্লিমা, (শুক্লিমন্, শুক্ল+ইমনিচ্—ভাবে) সং, পুং, শুক্লত্ব, শ্বেত রং।

শুক্লোপলা, (শুক্ল=শাদা—উপলা=প্রস্তর) সং, স্ত্রীং, শর্করা, চিনি। শাদা পাথর।

শুক্তি, (শুষ্=শুষ্ক হওয়া+কৃসি—প্রং) সং, পুং, বায়ু, বাতাস, বাত, সমীর, পবন, সমীরণ, শ্বসন, মাতরিশ্বা।

শুঙ্গ, (শম্=শান্ত হওয়া+গচ্—প্রং, নিপাতন) সং, পুং, বটবৃক্ষ। আমড়া গাছ। পুং, ঙ্গা—স্ত্রীং, ধান্যাদির শুঁয়া।

শুঙ্গাকর্ম্মা, (শুঙ্গাকর্ম্মন্, শুঙ্গা—কর্ম্মন্=কার্য্য) সং, ক্লীং, পুংসবন সংস্কার বিশেষ।

শুঙ্গী, (শুঙ্গ=ধান্যাদির শুঁয়া+ইনি—অস্ত্যর্থে) সং, পুং, বটগাছ। পাকুড় গাছ। বিং, ত্রিং, শুঙ্গবিশিষ্ট।

শুচ্, শুচা (শুচ্=শোককরা+ক্বিপ্, আপ্—প্রং) সং, স্ত্রীং, দুঃখ, শোক, মনস্তাপ।

শুচি, (শুচ্=নির্ম্মল হওয়া+ইন্—প্রং) সং, পুং, অগ্নি, অনল, জ্বলন, দহন, হুতভুক, কৃশাণু। জ্যৈষ্ঠমাস। আষাঢ়মাস। গ্রীষ্মকাল। নিদাঘ। শৃঙ্গাররস। সূর্য্য। চন্দ্র। মহাদেব। বৃহস্পতি। ব্রাহ্মণ। অন্নপ্রাশন কালীন হোম। শ্বেতবর্ণ, শুক্লরঙ। সদাচার। শুদ্ধমন্ত্রী। বিং, ত্রিং, নির্দ্দোষ। অনুপহত। শুদ্ধ, পবিত্র। নির্ম্মল। শ্বেতবর্ণযুক্ত, শুভ্র। অনুকূল। "গবাংপশ্চাৎ দ্বিজস্যাস্যং-র্যোগিনাং হৃৎ কবের্ব্বচঃ। পরং শুচিতমং বিদ্যাৎ মুখং স্ত্রীবহ্নিবাজিনাম"॥

শুচিতা, (শুচি+তা—ভাবে) সং, স্ত্রীং, শুদ্ধতা, পবিত্রতা, নির্ম্মলতা।

শুচিদ্রুম, সং, পুং, অশ্বত্থ বৃক্ষ, পিপ্পল, কুঞ্জরাশন, চলদল।

শুচিপ্রণী, (শুচি=শুদ্ধকরণ—প্রণী=সম্পাদন) সং, স্ত্রীং, আচমন।

শুটীরতা—স্ত্রীং, } শৌটীর্=বীর+তা,
শুটীর্য্য—ক্লীং, } ষৎ—ভাবে। ঔ=উ) সং, বীর্য্য, পরাক্রম।

শুণ্ঠি, শুণ্ঠী, (শুণ্ঠ্=পোষণকরা+ইন্—প্রং) সং, স্ত্রীং, শুষ্ক আর্দ্রক, শুঁঠ।

শুণ্ড, (শুণ্=গমনকরা+ড—প্রং) সং, পুং, করিহস্ত, হাতির শুঁড়। হস্তীর

গণ্ডস্থল হইতে মদক্ষরণ।

শুণ্ডক, (শুণ্ড+কণ্—যোগ) সং, পুং, শৌণ্ডিক, শুঁড়ি, মদ্যবিক্রেতা বা ব্যবসায়ী। যুদ্ধবেণু, রণশিঙ্গা।

শুণ্ডপাদ, যে সকল জীবের দেহ বহুখণ্ড চূর্ণময় আবরণে আচ্ছাদিত, এবং তদূর্দ্ধভাগ হইতে এক শুণ্ড নির্গত হয়, যথা—বার্ণাকল্ (Barnacles) (Cirrhofoda).

শুণ্ডা, (শুণ্ড+আপ্—প্রং) সং, স্ত্রীং, মদ্য, মদিরা, সুধা, আসব, মধু, কাদম্বরী। মদ্যশালা। বেশ্যা, গণিকা, বারাঙ্গনা। গর্ব্ব, অহঙ্কার। কুট্‌নী। জলহস্তিনী। হাতির শুঁড়।

শুণ্ডালদেহী, যাহাদের দেহে অতি সূক্ষ্ম সূক্ষ্ম শুণ্ড আছে, ইহারা দুই গণে বিভক্ত, এই গণের প্রধান জীব প্রবালকীট। (Polypi)

শুণ্ডার, (শুণ্ডা=মদ্য+র—প্রং) সং, পুং, সুরা প্রস্তুতকারী, শুঁড়ী। হস্তী, গজ, করী। অপকৃষ্টশুণ্ডা, দুষ্ট বা জঘন্যমদ্য।

শুণ্ডাল, (শুণ্ডা=হাতীর শুঁড়+লচ্—অস্ত্যর্থে) সং, পুং, করী, হস্তী। মাতঙ্গ, দ্বিরদ, দ্বিপ, দন্তী।

শুণ্ডিকা, (শুণ্ডা=হাতীর শুঁড়+কন্ আপ্) সং, স্ত্রীং, আল্‌জিভ্। শুণ্ডা, মদ্য, সুরা, সুধা।

শুণ্ডী, (শুণ্ডিন, শুণ্ডা+ইনি—অস্ত্যর্থে) সং, পুং, শুঁড়ী, সুরাপ্রস্তুতকারক। হস্তী, নাগ, মতঙ্গজ, বারণ।

শুতুদ্রি, শুতুদ্রু—দ্রূ (শতুদ্রু দেখ) সং, ক্লীং, শতদ্রুনদী।

শুদ্ধ, (শুধ্=শুদ্ধহওয়া+ক্ত ক) বিং, ত্রিং, পবিত্র। নির্দ্দোষ। স্বচ্ছ, নির্ম্মল। শুভ্র। উজ্জ্বল। অমিশ্রিত। উদ্ধৃত। কেবল। শাণিত। ক্ষমতাপ্রাপ্ত। সং, ক্লীং, সৈন্ধবলবণ।

শুদ্ধচারী, (শুদ্ধচারিন্, শুদ্ধ—চর্=গমনকরা+ইনি—ক) বিং, ত্রিং, নির্দ্দোষ। নির্ম্মলচরিত্র।

শুদ্ধজঙ্ঘ, (শুদ্ধ=নির্ম্মল, পবিত্র—জঙ্ঘা=ঠ্যাঙ্, সং, পুং, গর্দ্দভ, গাধা, রাসভ।

শুদ্ধান্ত, (শুদ্ধ=পবিত্র—অন্ত=শেষ, পর্য্যন্ত) সং, পুং, অন্তঃপুর। অন্তঃপুর স্ত্রী। অশৌচান্ত। ন্তা—স্ত্রীং, রাজ্ঞী, রাজপত্নী। রাজার রক্ষিতা স্ত্রী।

শুদ্ধি, (শুদ্ধ দেখ+ক্তি—ভা) সং, স্ত্রীং, শোধন, শুদ্ধতা। স্বচ্ছতা, নির্ম্মলতা। পবিত্রতা। মার্জ্জনা, পরিষ্কার। সংস্কার বিশেষ।

শুদ্ধোদনি, (শুদ্ধোদন+ইন্—অপত্যার্থে) সং, পুং, বৌদ্ধবিশেষ। শাক্যসিংহেরপিতা।

শুধরণ, (শুদ্ধার্থ শুধ্=ধাতুজ) সং, শুদ্ধীকরণ, সারণ। [শুদ্ধ।

শুধু, (পূর্ব্বেদেখ) ক্রিং—বিং, কেবল,

শুন,—পুং, শুনি—পুং, স্ত্রীং, (শুণ্=গমনকরা+অচ্, ই—প্রং) সং, কুকুর, সারমেয়, শ্বা।

শুনঃশেফ, সং, পুং, ঋচীক মুনিপুত্র; অম্বরীষ রাজা যজ্ঞার্থ তাঁহাকে ক্রয় করিয়াছিলেন এবং বিশ্বামিত্র মুনি রক্ষা করিয়াছিলেন।

শুনক, (শুন+কণ্—যোগ) সং, পুং, মুনিবিশেষ। কুক্কুর, সারমেয়, শ্বা।

শুনন, (বাঙ্গালা শুনধাতুজ) সং, শ্রবণ, শুনা। [বাসব।

শুনাসীর, সুনাসীর পুং, ইন্দ্র, পুরন্দর,

শুনীর, সং, পুং, কুক্কুরীসমূহ।

শুন্ধ্যু, (শুন্ধ=শুদ্ধকরা+যুচ্—প্রং) সং, পুং, অগ্নি, অনল, পাবক, দহন, হিরণ্যার্চ্চি, হুতবহ, কৃশাণু।

শুভ, (শুভ্=দীপ্তি পাওয়া+ক—প্রং) সং, ক্লীং, মঙ্গল, ক্ষেম, কুশল, শান্তি। "হেতুরেষ্যতঃ শুভস্য" কাং। সুখ। পুং, যোগবিশেষ। বিং, ত্রিং, সুখী। মঙ্গলদায়ক। কুশলী। সুন্দর, মনোহর।

শুভংযু, (শুভ=মঙ্গল+যুচ্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, কুশলী। শুভান্বিত।

শুভকর, শুভঙ্কর, (শুভ=মঙ্গল—কর= যে করে) বিং, ত্রিং, শুভজনক, মঙ্গল-কর। রী—স্ত্রীং, পার্ব্বতী, গৌরী, দুর্গা, শিবানী।

শুভদ, (শুভ=মঙ্গল—দ=যে দানকরে) বিং, ত্রিং, শুভদায়ক, শুভজনক।

শুভস্থলী, (শুভ=মঙ্গলদায়ক—স্থল=স্থান) সং, স্ত্রীং, যজ্ঞভূমি। মঙ্গলজনক স্থান।

শুভা, (শুভ' দেখ,+ক—আপ্—প্রং) সং, স্ত্রীং, শোভা। কান্তি। ইচ্ছা। পার্ব্বতীর সখীবিশেষ। দেবসভা।

শুভাঙ্গী, (শুভ=সুন্দর—অঙ্গ=অবয়ব, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, কুবের-পত্নী। কামদেবপত্নী, রতি, মারবধূ। সুন্দর-অবয়ববিশিষ্টা স্ত্রী।

শুভ্র, (শুভ দেখ,+রক্—প্রং) সং, পুং, শুক্লবর্ণ। চন্দন। ক্লীং, অভ্রক। রৌপ্য। বিং, ত্রিং, শুক্লবর্ণবিশিষ্ট। উদ্দীপ্ত।

শুভ্রদন্তী, শুভদন্তী (শুভ্র=শাদা, শুভ, সুন্দর—দন্ত,৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, বায়ু-কোণের দিক্ হস্তিনী. পুষ্পদন্তনামক দিগ্‌গজের স্ত্রী। সুদতী, উত্তম দন্ত-বিশিষ্টা স্ত্রী।

শুভ্ররশ্মি, শুভ্রাংশু (শুভ্র=শাদা—রশ্মি, অংশু=কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চন্দ্র, সুধাংশু, চন্দ্রমা, শশাঙ্ক, নিশানাথ। কর্পূর। [রের জ্যেষ্ঠ ভ্রাতা।

শুম্ভ, সং, পুং, দৈত্যবিশেষ, নিশুম্ভাসু-

শুম্ভঘাতিনী, } (শুম্ভ=অসুরবিশেষ—
শুম্ভমর্দ্দিনী, } ঘাতিনী, মর্দ্দিনী=নিহন্ত্রী) সং, স্ত্রীং, দুর্গা, কালী, শ্যামা, করালী।

শুল্ক, (শুল্=গমনকরা+কণ্—নামার্থে, যাহার দ্বারা প্রতিবন্ধ যায়, অ=উ বা শুল্ক্=পরিত্যাগ করা+ঘঞ্) সং, পুং—ক্লীং, মূল্য। করবিশেষ, মাসুল। বিহাহের পণ, যৌতুক, পণ, বাজী।

শুল্ল, সং, ক্লীং, রজ্জু, দড়ি, দাম, তাম্র, তাঁবা।

শুল্ব, (শুল্ব্=পরিমাণকরা+ক—প্রং, অথবা শুষ্=শুষ্কহওয়া ইত্যাদি+বন্ প্রং, ধ=ল) সং, ক্লীং,তাম্র। রজ্জু। যজ্ঞকর্ম্ম। আচার। [পুং, গন্ধক।

শুল্বারি, (শুল্ব=তাম্র—অরি=শত্রু) সং,

শুশ্রুবান্, (শুশ্রুবস্, শ্রু=শুনা+বস্-ক, ভূতকালে,দ্বিত্ব) বিং,ত্রিং,যে শুনিয়াছে।

শুশ্রূ, সং, স্ত্রীং, মাতা, জননী।

শুশ্রূষণ, (শ্রু=শুনা+স—উপাসনার্থে, ইচ্ছার্থে+অনট্—ভাঁ, দ্বিত্ব) সং, ক্লীং, উপাসনা, সেবা। শ্রবণেচ্ছা।

শুশ্রূষা, (শ্রু=শুনা+স—উপাসনার্থে, ইচ্ছার্থে, আপ্—ভা, দ্বিত্ব) সং, স্ত্রীং, সেবা। পরিচর্য্যা। কথন, শ্রবণেচ্ছা।

শুশ্রূষু, (শুশ্রূষা দেখ+স—ইচ্ছার্থে, উপাসনার্থে+উ—ক, দ্বিত্ব) বিং, ত্রিং, সেবক। শ্রবণেচ্ছু।

শুষ,—পুং, শুষি—স্ত্রীং, (শুষ্=শুষ্ক হওয়া +ক, ই—প্রং) সং, শোষণ, নীরস-করণ। বিবর, ছিদ্র, গর্ত্ত, বিল।

শুষি, (শুষ্=শুষ্ককরা+কি) সং, পুং। শুষ্ককরণ। বিবর, গর্ত্ত, ছিদ্র। সর্পের-কর্ণাবিবর।

শুষির, (শুষ্=শুষ্কহওয়া+কিরচ্—প্রং কিম্বা শুষি+র—অস্ত্যর্থে)সং,ক্লীং,গর্ত্ত, ছিদ্র, গর্ত্ত। অবকাশ। বংশাদিবাদ্য-যন্ত্র। যন্ত্র। পুং, অগ্নি। মূষিক। আগু। বিং, ত্রিং, সচ্ছিদ্র,ছিদ্রীকৃত। রন্ধ্রযুক্ত। রা—স্ত্রীং, নদীবিশেষ। গন্ধদ্রব্যবিশেষ।

শুষিল, (শুষ্=শুষ্ক হওয়া+কিরচ্—প্রং, র=ল) সং, পুং, বায়ু, পবন, বাত, সমীর, শ্বসন, মাতরিশ্বা, প্রাণ।

শুষ্ক, (শুষ্=শুষ্কহওয়া+ক্ত—ক, ত স্থানে ক) বিং, ত্রিং, নীরস, শুক্‌না অকারণ, হেতুশূন্য, নিরর্থক। শীর্ণ।

শুষ্কল, (শুষ্ক দেখ,+কলচ্—প্রং, অথবা শুষ্ক—লা=গ্রহণকরা+ক—প্রং) সং পুং—ক্লীং, মাংস, আমিষ। বিং, ত্রিং আমিষভোজী। [শুষ্কমাংস। মাংস

শুষ্কলী, (শুষ্কল+ঈপ্—প্রং) সং, স্ত্রীং

শুষ্কাঙ্গী, (শুষ্ক=শুক্‌না—অঙ্গ=অবয়ব) সং, স্ত্রীং, গোধা, গোধিকা, গোসাপ।
শুষ্কার্দ্র, (শুষ্ক=শুক্‌না—আর্দ্র=আদা) সং, ক্লীং, শুণ্ঠী, শুঠ।
শুষ্ণ, (শুষ্ক দেখ+ন—প্রং)সং, পুং, সূর্য্য, তপন, দিবাকর, মার্ত্তণ্ড, উষ্ণরশ্মি, সপ্তসপ্তি। অগ্নি, অনল, দাহ, কৃশানু, জ্বলন, দহন।
শুষ্ম, (শুষ্ক দেখ+মন্—প্রং) সং, পুং, সূর্য্য। প্রভাকর, বৈকর্ত্তন, দিনমণি, হেলি। অগ্নি। কৃশানু,হিরণ্যরেতা, হুতবহ। বায়ু, পবন। তেজঃ, শৌর্য্য, বল। দীপ্তি, প্রভা।
শুষ্মা,(শুষ্মন্, শুষ্ক দেখ+মনিন্—প্রং) সং, পুং, অগ্নি। ক্লীং, তেজঃ। শৌর্য্য, বল। প্রভা, দীপ্তি।
শূক, (শো=তীক্ষ্ণকরা+উক—প্রং, নিপাতন) সং, পুং—ক্লীং, শস্যাদির সূক্ষ্মাগ্রভাগ, শুঁয়া। দয়া, অনুকম্পা।
শূকক, (শূক+কণ্—যোগ) সং, পুং, শস্যবিশেষ, যব।
শূককীট, শূককীটক (শূক=শুয়া—কীট, তৃতীয়া—ষ) সং, পুং, শূয়াপোকা।
শূকধান্য, (শূক=শুঁয়া—ধান্য, ওয়া—ষ) সং, ক্লীং, সূক্ষ্মাগ্র শস্য, ধান্য যবাদি।
শূকর, সূকর (শূক=শুঁয়া+র—প্রং) কিংবা শূ=অনুকরণশব্দ—কর=যে করে) সং,পুং, রী—স্ত্রীং,বরাহ, শূয়ার, কোল
শূকল, সং, পুং, দুর্বিনীত অশ্ব, দুষ্টঘোড়া
শূকুল, সং, পুং, মৎস্য. মীন, ঝষ। মৎস্যবিশেষ। গন্ধতৃণবিশেষ।
শূক্ষ্ম, (সূক্ষ্ম দেখ, স=শ) বিং, ত্রিং, সরু, মিহি। অল্প। কুতর্ক, কৃত্রিম। পরমাত্মবিষয়ক।
শূতিপর্ণ, সং, পুং, আরগ্বধ বৃক্ষ।
শূদ্র, (শুচ্=পবিত্র হওয়া+রক্—প্রং, উ=ঊ, চ্ স্থানে দ) সং, পুং, ব্রাহ্মণাদি চতুর্ব্বর্ণের অন্তর্গত চতুর্থবর্ণ। দ্রা—স্ত্রীং, শূদ্রজাতীয়া স্ত্রী। দ্রাণী,দ্রী-শূদ্রের পত্নী।
শূদ্রাবেদী, (শূদ্রাবেদিন্. শূদ্রা—আবেদিন্=যে বিবাহ করে) সং, পুং, যে ব্যক্তি শূদ্রজাতীয়াস্ত্রীর পাণিগ্রহণকরে।
শূন, (শ্বি=বৃদ্ধি পাওয়া+ক্ত—প্রং, নিপাতন) বিং, ত্রিং, বৃদ্ধিপ্রাপ্ত, স্ফীত।
শূনা, (শ্বি=বৃদ্ধি পাওয়া+ক্ত, আপ্—প্রং) সং, স্ত্রীং, মাংসের হাট। বধ্যভূমি, প্রাণীবধ স্থান। আল্‌জিভ্। "পঞ্চশূনা গৃহস্থস্য চুল্লীপেষণ্যুপস্করঃ। কণ্ডনী চোদকুম্ভশ্চ বধ্যতে যাশ্চ বাহয়ন্।"
শূনাবান্. (শূনাবৎ, শূনা=মাংসবিক্রয়ের স্থান+বৎ—অস্ত্যর্থে) সং, পুং, কসাই।
শূন্য, (শু=অতিশয়-ঊন+যৎ-প্রং, স=শ, অথবা শূনা=প্রাণিবধ+যৎ—হিতার্থে) সং, ক্লীং, আকাশ, নভঃ গগন, বিয়ৎ, অম্বর। বিন্দু, রিক্ততা সূচক '০' এই চিহ্ন। অভাব। নির্জ্জন স্থান। বিং,ত্রিং, রিক্ত, খালি। রহিত। তুচ্ছ। নির্জ্জন।
শূন্যগর্ভ, শূন্যমধ্য (শূন্য=খালি—গর্ভ,মধ্য) বিং, ত্রিং, যাহার ভিতর খালি, ফাঁপা।
শূন্যবাদী, (শূন্যবাদিন্. শূন্য=আকাশ—বাদী=যে বলে, ২য়া—ষ) সং, পুং, নাস্তিকবিশেষ, বৌদ্ধ।
শূপকার, সং, পুং, শূদ্রের পাচক।
শূয়মান, (শ্বি=বৃদ্ধিপাওয়া+শানচ্—প্রং) বিং, ত্রিং, যাহা স্ফীত হইতেছে।
শূয়ার, (শূকর শব্দজ) সং, বরাহ, শূকর।
শূর, (শূর্=সাহসী হওয়া+অচ্—প্রং) সং, পুং, বীর, সাহসী। যাদববিশেষ, কৃষ্ণের পিতামহ। সূর্য্য, দিবাকর, হরি, তপন,মার্ত্তণ্ড। সিংহ, পশুরাজ, কেশরী, হরি। শূকর, বরাহ, কোল। শালবৃক্ষ। বিং, ত্রিং, বলবান্।
শূরণ, (শূর্=বধকরা+অনট্—ক) সং, পুং, খাদ্য মূল, ওলাদি। বৃক্ষবিশেষ, শ্যোনাক বৃক্ষ।
শূরতা—স্ত্রীং, শূরত্ব—ক্লীং, } (শূর+তা, ত্ব—ভাবে সং, পরাক্রম, শৌর্য্য, সাহস।

শূরসেন, (শূর=সাহসী—সেন=সৈন্য, ৬ষ্ঠী—হিং) সং, পুং, যদুবংশীয় নৃপবিশেষ। দেশবিশেষ, মথুরা।

শূর্প, সূর্প (শৃ=আঘাতকরা+প, প্রঃ) ধ্বং—উ) সং, পুং—ক্লীং, তণ্ডুলাদি পরিষ্কারণার্থ বংশাদি নির্ম্মিত পাত্রবিশেষ, কুলা। দ্রোণদ্বয় পরিমাণ।

শূর্পক, (শূর্প দেখ+ণক—প্রং) সং, পুং, অসুরবিশেষ, কন্দর্পের শত্রু।

শূর্পকর্ণ, শূর্পশ্রুতি (শূর্প=কুলা—কর্ণ, শ্রুতি। যাহার কর্ণ শূর্পের ন্যায় বৃহৎ) সং, পুং, হস্তী, গজ, মাতঙ্গ, বারণ, ইভ, দন্তী, করী।

শূর্পণখা, (শূর্প=কুলা—নখ, শূর্পের মত যাহার নখ, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, রাবণের ভগিনী।

শূর্পী, সূর্পী (শূর্প+ঈপ্—হ্রস্বার্থে) সং, পুং, ক্ষুদ্র শূর্প, ছোট কুলা। শূর্পণখা।

শূর্ম্ম—পুং, শূর্ম্মি, শূর্ম্মিকা, শূর্ম্মী-স্ত্রীং, } (শু=সৌন্দর্য্য—উর্ম্মি=ঢেউ, ই—লোপ, বিকল্পে। কিম্বা সু=সুন্দর—উর্ম্মি=ঢেউ, নিপাতন, স=শ) সং, লৌহ প্রতিমা। কর্ণিকবিশেষ।

শূল, (শূল্=রোগগ্রস্ত হওয়া+অচ্—প্রং) সং, পুং—ক্লীং, শলাকাকৃতি অস্ত্র। ত্রিশূল। উদরজাত বেদনা রোগবিশেষ। ধ্বজা। পুং, যোগবিশেষ। মৃত্যু। চিহ্ন। লা—স্ত্রীং, বেশ্যা, বারাঙ্গনা, গণিকা। শঙ্কু, কীলক।

শূলদ্বিট্, শূলহৃৎ (শূলদ্বিষ্, শূল—দ্বিষ্=দ্বেষকরা, হৃ=হরণকরা+ক্বিপ্—প্রং) সং, পুং, হিঙ্গু, হিং।

শূলধন্বা, (শূলধন্বন্, শূল—ধন্বন্=ধনুক, এখানে অস্ত্র, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিব, ত্রিপুরান্তক, রুদ্র, হর, প্রমথনাথ।

শূলধর, (শূল—ধর=যে ধরে, ২য়া—ষ) সং, পুং, শিব, মহাদেব, ত্রিলোচন, ধূর্জ্জটি। রা—স্ত্রীং, দুর্গা, শিবা, গৌরী, মায়া, ভবানী, অপর্ণা।

শূলধৃক্, (শূলধৃষ্, শূল—ধৃষ্=সাহসীহওয়া+ক্বিপ্—প্রং) সং, স্ত্রীং, দুর্গা, অম্বিকা, অম্বা। পুং, শিব, ত্রিশূলধারী, পিণাকী, কৃত্তিবাস।

শূলপাণি, শূলভৃৎ (শূল—পাণি=হস্ত, ৬ষ্ঠী—হিং। শূল—ভৃৎ=যে ধারণ করে, ২য়া—ষ) সং, পুং, শিব, ত্রিলোচন, দিগম্বর, ব্যোমকেশ। স্ত্রীং, দুর্গা, দিগম্বরী, দাক্ষায়ণী, কালী।

শূলাকৃত, শূল্য (শূল—কৃত=যাহা করা হইয়াছে, আ—আগম। শূল+যৎ—কৃতার্থে) বিং, ত্রিং, শলাকাগ্রে বিদ্ধ করিয়া পক্ক মাংস, শীক-কাবাব, "কালখণ্ডাদিমাংসানি গ্রথিতানি শলাকয়া। ঘৃতং সলবণং দত্ত্বা নির্ধূমে দহনে পচেৎ। তত্তু শূল্যমিতি প্রোক্তং পাককর্ম্মবিচক্ষণৈঃ"।

শূলিক, (শূল=লৌহ শলাকা, শীক+ঠক্—প্রং) সং, ক্লীং, শূলাকৃত মাংস। পুং, শশক। বিং, ত্রিং, শূলযুক্ত।

শূলী, (শূলিন্, শূল+ইনি—অস্ত্যর্থে) সং, পুং, শিব, মহাদেব, অন্তক, স্মরহর। বিং, ত্রিং, শূলধারী। শূলরোগী। লিনী—স্ত্রীং, দুর্গা, ভবানী, শঙ্করী, গিরিজা, শক্তি।

শৃকাল, শৃগাল—সৃ (সৃজ্=সৃষ্টি করা+কালন্—প্রং। কিংবা শৃঙ্গ=শিং—অ=না — লা = গ্রহণ করা+ক — প্রং, নিপাতন) সং, পুং, লী—স্ত্রীং, শিয়াল, গোমায়ু, শিবা, ফেরু, বামঘোষ। পুং, দৈত্যবিশেষ, কৃষ্ণ। খিট্‌খিটে, কটুভাষী ব্যক্তি, ভীতুব্যক্তি। এতন্নামীয় দৈত্যবিশেষ। বিং, ত্রিং, খল। নিষ্ঠুর।

শৃগালকণ্টক, (শৃগাল=শিয়াল—কণ্টক=কাঁটা) সং, পুং, শিয়ালকাঁটা গাছ।

শৃগালকোলি, (শৃগাল=শিয়াল—কোলি=কুলগাছ) সং, পুং, শেয়াকুল গাছ।

শৃগালিকা, শৃগালী, (শৃগালী+কণ্—যোগ শৃগাল+ঈ—প্রং) সং, স্ত্রীং, ভয়ে পলা-

য়ন। হঠিয়া আসা। খেঁকশিয়ালী। স্ত্রীশৃগাল।

শৃঙ্খল, (শৃঙ্গ=শিং, (এখানে শিকলির কড়া)—খল=সংগ্রহকরা+অচ্—প্রং, নিপাতন) সং, পুং—ক্লীং, লা—স্ত্রীং, পুরুষের কটিবস্ত্রবন্ধ। লৌহময় পাদবন্ধনী, শিকল, নিগড়। পুরুষের কটিভূষণ। বন্ধন। নিয়ম, রীতি, পদ্ধতি। বন্ধনী, ব্র্যাকেট চিহ্ন।

শৃঙ্খলক, (শৃঙ্খল+কণ—প্রং) সং, পুং, উষ্ট্রবিশেষ। শৃঙ্খল। কাষ্ঠনির্ম্মিত পাদবন্ধনী দ্বারা বদ্ধ হস্তিশাবক।

শৃঙ্খলিত, (শৃঙ্খল+ইতচ্—সংজাতার্থে) বিং, ত্রিং, শৃঙ্খলবদ্ধ, নিগড়িত।

শৃঙ্গ, (শৃ=হিংসাকরা+গন্—প্রং, নিপাতন) সং, ক্লীং, বিষাণ, শিং। শিখর, পর্ব্বতের অগ্রভাগ। ধনুকাদির অগ্র। চিহ্ন। প্রভুত্ব। প্রভাব। প্রাধান্য, উৎকর্ষ। পিচ্‌কিরী। পদ্ম। শৃঙ্গনির্ম্মিত বাদ্যযন্ত্রবিশেষ, শিঙা। তীক্ষ্ণ অগ্রভাগ। কামোদ্রেক। কৃত্রিম ফোয়ারা। অতি সূক্ষ্ম। পুং, মুনিবিশেষ। ঔষধীয় মূলবিশেষ, জীবক।

শৃঙ্গগ্রাহিতান্যায়—(৩১) ন্যায় দেখ।

শৃঙ্গজ, (শৃঙ্গ—জ=জাত)সং, ক্লীং,অগুরু। পুং, শর, বাণ। ইষু, শায়ক, শিলীমুখ, মার্গণ। বিং, ত্রিং, শৃঙ্গজাত।

শৃঙ্গধর, (শৃঙ্গ—ধর=যে ধরে) সং, পুং, পর্ব্বত, অচল, নগ, মহীধর।

শৃঙ্গবান্,(শৃঙ্গবৎ,শৃঙ্গ+বৎ—অস্ত্যর্থে) সং, পুং, পর্ব্বতবিশেষ। বিং, ত্রিং,শৃঙ্গবিশিষ্ট

শৃঙ্গবের,(শৃঙ্গ=শিং-বের=শরীর,আকার, ৬ষ্ঠী-হিং) সং, ক্লীং, আর্দ্রক, আদা। শুঁঠ। নগরবিশেষ, গুহচণ্ডালের পুরী, চণ্ডালগড়।

শৃঙ্গাট, শৃঙ্গাটক, শৃঙ্গাটিক (শৃঙ্গ=শিং—অট্=গমন করা + অচ্—প্রং, পক্ষে কণ্—যোগ) সং,ক্লীং,চতুষ্পথ,চৌরাস্তা। জলকণ্টক, পানিফল, শিঙ্গাড়া। পুং, জলকণ্টকলতা, পানিফলের গাছ। পর্ব্বতবিশেষ।

শৃঙ্গার, (শৃঙ্গ+আরন্—প্রং, কিম্বা শৃঙ্গ =প্রাধান্য—ঋ [গমনকরা] পাওয়া+ খচ্, অণ্—প্রং, ইহা কাব্যরসের মধ্যে প্রধান) সং, পুং, আদ্যরস ; ইহাতে রতি স্থায়ীভাব ; নায়ক নায়িকা আলম্বন, চন্দ্র চন্দনাদি উদ্দীপন, ভ্রূবিক্ষেপ কটাক্ষাদি অনুভাব ; ইহা দ্বিবিধ —বিপ্রলম্ভ ও সম্ভোগ। সুরত। রতিক্রীড়া। গজভূষণ,হস্তীর মস্তকে সিন্দূরাদিকৃত সজ্জা। নাট্য। নাট্যরস। ক্লীং, সিন্দূর। লবঙ্গ। সুগন্ধিচূর্ণ। আর্দ্রক।

শৃঙ্গারক, শৃঙ্গারভূষণ, } (শৃঙ্গ+আরকন্-অস্ত্যর্থে, শৃঙ্গার—ভূষণ=আভরণ) সং, ক্লীং, সিন্দূর।

শৃঙ্গারযোনি, (শৃঙ্গার—যোনি=উৎপত্তি) সং,পুং, মদন, কন্দর্প, কাম, মকরধ্বজ, মীনকেতন, মার, প্রদ্যুম্ন, মনসিজ।

শৃঙ্গারী, (শৃঙ্গারিন্, শৃঙ্গার+ইনি অস্ত্যর্থে) সং, পুং, হস্তী। ইভ, দ্বিপ, দ্বিরদ, মাতঙ্গ, করী। সুপারি গাছ। শৃঙ্গারবিশিষ্ট। উত্তম বেশ।

শৃঙ্গি—ঙ্গী ; সং, স্ত্রীং, মৎস্যবিশেষ, শিঙ্গী মাছ, শিংমাছ। [সং, ক্লীং, বিষবিশেষ।

শৃঙ্গিক, (শৃঙ্গ=মৎস্য ইত্যাদি+কণ—প্রং)

শৃঙ্গিণ, (শৃঙ্গ=শিং+ইনন্—প্রং) সং, পুং, মেষ, ভেড়া।

শৃঙ্গী, (শৃঙ্গিন্, শৃঙ্গ=শিং,অগ্রভাগ+ইনি —অস্ত্যর্থে) সং, পুং, হস্তী, বারণ, গজ, মতঙ্গজ। শিখরী, পর্ব্বত, মহীধ্র, গো। শাখী,বৃক্ষ, মহীরুহ, তরু,বিটপী। মুনিবিশেষ। বিং, ত্রিং, শৃঙ্গবিশিষ্ট। ঙ্গিনী—স্ত্রীং, গবী, গাই।

শৃঙ্গীকনক ; সং, ক্লীং, অলঙ্কারার্থ সুবর্ণ।

শৃণি, সৃণি (শৃ=হিংসাকরা+নি—প্রং, ঋ স্থানে ঋ। সৃ=গমনকরা+নি—প্রং) সং, পুং—স্ত্রীং, অঙ্কুশ, ডাঙশ।

শৃত, (শ্রা=পাককরা+ক্ত—র্ম) বিং,ত্রিং,

পক্বদুগ্ধ ঘৃত বা জল। পঙ্ক।
শৃধু, শৃধূ, (শৃধ্=অপান বায়ু ত্যাগ করা ইত্যাদি+কু—প্রং,) সং, পুং, অপান, গুহ্যদ্বার। বুদ্ধি।
শেখর, (শিখ্=গমনকরা+অরন্—প্রং) সং, পুং, চূড়া। কিরীট, শিরোভূষণ। কিরীটস্থ পুষ্প। শিখাস্থিত মাল্য।
শেণবী, স্ত্রীং, ধী, বুদ্ধি, মেধা।
শেণা, স্ত্রীং, বুদ্ধি। মন।
শেপ, শেফ—পুং, শেফঃ—ক্লীং, (শেফস্, শী=শয়নকরা + প, ফ, ফস্—প্রং, যে শুক্রপাতে শয়ন করে) সং, ক্লীং, শিশ্ন, লিঙ্গ, মেঢ়, উপস্থ। বিং, ত্রিং, শয়নকর্ত্তা। [শৈবাল, শেয়ালা।
শেপাল, (শেবাল দেখ+ব=প) সং, পুং,
শেফালি—লী, শেফালিকা, (শেফ,[শী=শয়ন-করা+ফ—প্রং]=যে শয়নকরে—অলি=ভ্রমর,৬ষ্ঠী—হিং। শেফালী+কন, আপ্—প্রং, ঈপ্ হ্রস্ব) সং, স্ত্রীং, শিউলিফুলেরগাছ। "শেফালিকাং বিদলিতামবলোক্য তন্বী" উং।
শেমুষী, (শে,[শী=শয়নকরা+ক্বিপ্-প্রং] =জড়তা, মোহ—মুষ্=চুরিকরা+ক, ঈপ্—প্রং। কিংবা শম্=শান্তকরা+বস্, ঈপ্—প্রং) সং, স্ত্রীং, বুদ্ধি, মতি, ধিষণা।
শেয়ান,(দেশজ) বিং,চতুর, চালাক, ধূর্ত্ত।
শেয়ালা, (শৈবাল শব্দজ) সং, শেওলা, জলঘাস।
শের, (দেশজ) সং, পরিমাণবিশেষ।
শেল, (শূলশব্দজ) সং, শূল, শল্যনামক অস্ত্রবিশেষ।
শেলু, (শিল্=গৃহীতশস্যশেষ আহরণ করা+উ—প্রং) সং, পুং, বহুবারক-বৃক্ষ, চালিতাগাছ।
শেব, (শী=শয়ন করা+বন্—প্রং) সং, পুং,শিশ্ন, মেঢ্র, উপস্থ, লিঙ্গ। উচ্চতা। সর্প। ভোগী,ভুজঙ্গ, চক্ষুশ্রবা, পবনাশ।
শেবধি—স, (শেব=সুখ—ধা=ধারণকরা +কি—প্রং,কিম্বা শে, [শী=শয়নকরা+ক্বিপ্—প্রং)=ধনাদি মোহ—অবধি) সং, পুং, কুবেরের নিধি।
শেবল, শেবাল (শী=শয়নকরা+বল, বাল —প্রং) সং, ক্লীং, শৈবাল,শেয়ালা।
শেবলিনী, (শেবল=শেয়ালা+ইন্—অস্ত্যর্থে, ঈপ্) সং, স্ত্রীং, নদী, স্রোতস্বতী, তরঙ্গিনী, তটিনী, বেগবতী।
শেশ্বীয়মান, (শ্বি [যঙ্লুগন্ত]=বৃদ্ধি পাওয়া,স্ফীত হওয়া+শানচ্—প্রং) বিং, ত্রিং, অতিশয় উচ্ছূন, অতিশয় স্ফীত।
শেষ, (শিষ্=বধকরা,শেষরাখা+ঘঞ্—প্রং) সং, পুং, সর্পরাজ, অনন্তদেব, বাসুকি। বলরাম। বিনাশ,ধ্বংস। নিষ্পত্তি। অন্ত। অবশেষ। ক্লীং, প্রসাদ, অনুগ্রহ। বিং, ত্রিং, অবশিষ্ট। পরিত্যক্ত, উচ্ছিষ্ট। ষা—স্ত্রীং. প্রসাদ-দত্ত মাল্য, অনুগ্রহপূর্ব্বক প্রদত্ত মালা।
শেষবৎসাধন, সং, ক্লীং, কার্য্য দেখিয়া কারণের অনুমান।
শৈক্ষ, (শিক্ষা=বেদের উচ্চারণ নিয়ম বোধক শাস্ত্র+অন্—অধ্যয়নার্থে) সং, পুং, প্রথম শিক্ষণীয় শাস্ত্রাধ্যয়নকারী ছাত্র, প্রাথমকল্পিক।
শৈক্ষিক, (শিক্ষা+ঠক্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, শিক্ষাশাস্ত্রবেত্তা, যে শিক্ষাশাস্ত্র জানে।
শৈখরিক (শিখর=চূড়া বা অগ্রভাগ+ঠক্—প্রং) সং, পুং, অপামার্গা, আপাংগাছ।
শৈঙ্ঘাণত্বক্, নাশারন্ধ্রের অভ্যন্তরস্থ সূক্ষ্মময় ত্বক্, যাহার উপরিভাগ সর্ব্বদা একপ্রকার রসসংযোগে আর্দ্র থাকে। (Pituitary membrane)
শৈত্য, (শীত=শীতল+ষ্যঞ—ভাবে) সং, ক্লীং, শীতগুণ, শীতলত্ব। ঠাণ্ডা,হীম
শৈথিল্য, (শিথিল+ষ্যঞ—ভাবে) সং, ক্লীং, শিথিলত্ব, অদৃঢ় সংযোগ। আল্‌গা, ঢিলে। অসত্বরতা। অবসন্নতা

আলগা দেওয়া।

শৈনেয়, (শিনি+ঢেয়—অপত্যার্থে) সং, পুং, সাত্যকি, কৃষ্ণের সারথি।

শৈরজ্ঞান, সং, ক্লীং, শিরাদ্বারা যে জ্ঞান জন্মে।

শৈল, (শিলা=প্রস্তর+অন্—সমূহার্থে ইত্যাদি) সং, পুং, অচল, নগ, ভূধর, পর্ব্বত। ক্লীং, শৈলেয় গন্ধদ্রব্য। বিং, ত্রিং, শিলাসম্বন্ধীয়, পার্ব্বতীয়। লী—স্ত্রীং, স্বভাব। কৌশল সঙ্ক্ষিপ্ত প্রণালী।

শৈলজ, শৈলক, (শৈল=পর্ব্বত—জ =যে জন্মে, পঞ্চমী—ষ। শৈল+কন্—যোগ) সং, ক্লীং, পার্ব্বতীয় গন্ধদ্রব্য-বিশেষ। জা—স্ত্রীং, পার্ব্বতী, দুর্গা, গৌরী, শিবানী, গিরিজা, নগনন্দিনী।

শৈলসুতা, (শৈল=পর্ব্বত, হিমালয়—সুতা=কন্যা, ৬ষ্ঠী-ষ) সং, স্ত্রীং, পার্ব্বতী, দুর্গা, নগবালা, গিরিজা, হৈমবতী।

শৈলধন্বা, (শৈলধন্বন্, শৈল=পর্ব্বত—ধন্বন্=ধনুক) সং, পুং, শিব, মহাদেব, হর, কৃত্তিবাস, পিণাকী, ত্র্যম্বক, ব্যোমকেশ।

শৈলধর, (শৈল=পর্ব্বত, গোবর্দ্ধনগিরি —ধর=যেধরে, ২য়া—ষ) সং, পুং, কৃষ্ণ, শ্যাম, নন্দনন্দন, রাখালরাজ। বিষ্ণু।

শৈলপত্র, সং, পুং, বিল্ববৃক্ষ, বেলগাছ।

শৈলভিত্তি, (শৈল=পর্ব্বত—ভিদ্=ভেদ করা, বিদারণকরা+ক্তি—প্রং) সং, পুং, টঙ্ক, পাষাণদারণাস্ত্র, পাথরকাটা ছেনি।

শৈলরাজ, শৈলপতি, (শৈল—রাজ= রাজন্ শব্দজ, পতি=প্রভু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, হিমালয় পর্ব্বত, হিমবাস, তুহিনাচল।

শৈলশিবির, (শৈল=পাহাড়— শিবির =তাঁবু বা স্থান) সং, ক্লীং, সমুদ্র, বারিরাশি, অম্ভোধি, পারাবার, সাগর।

শৈলাখ্য, শৈলজ, সং, ক্লীং, শৈলেয়, শিলাজতু, শৈলজ

শৈলাট, (শৈল=পর্ব্বত—অট্=গমনকরা+অচ্—প্রং) সং, পুং, সিংহ, মৃগরাজ, কেশরী, হরি। ব্যাধ, লুব্ধক, পাশিক। পার্ব্বতীয় জাতি, পুকশ, শ্বপচ। দেবসেবক। শুক্ল কাচ, স্ফটিক।

শৈলাদি, (শিলাদ+ঞি—অপত্যার্থে) সং, পুং, নন্দী, শিবের অনুচরবিশেষ।

শৈলালী, (শৈলালিন্, শিলালিন্ [শিলাল=ইঁহার শাস্ত্র+ইন্—জীবিত্যর্থে বা অনুশীলনার্থে] =নৃত্যাদি শাস্ত্রর-চয়িতা মুনিবিশেষ+অণ্—প্রং) সং, পুং, নট, নৃত্যকারক।

শৈলিক্য, সং, পুং, সর্ব্বলিঙ্গী, সর্ব্বপ্রকার বেশধারী, ধূর্ত্ত, শঠ, প্রবঞ্চক। বহুরূপী

শৈলী, (শিল+অণ্—স্বার্থে, ঈপ্) সং, স্ত্রীং, কৌশল, সংক্ষিপ্ত প্রণালী, ফিকির।

শৈলূষ, (শিলূষ=এক নৃত্যোপদেশক+অন্—অপত্যার্থে) সং, পুং, নর্ত্তক, নট। "রে রে শৈলূষাপসদ" কাং। ভিন্ন জাতি। ধূর্ত্ত। বিল্ববৃক্ষ। [ত্রিং, নট।

শৈলূষিক, (শৈলূষ+ঠক্—প্রং) বিং,

শৈলেন্দ্র, (শৈল=পর্ব্বত—ইন্দ্র=প্রধান, শ্রেষ্ঠ) সং, পুং, পর্ব্বতশ্রেষ্ঠ। হিমালয় পর্ব্বত।

শৈলেয়, (শৈল=পর্ব্বত+ঠক্—ভবার্থে) সং, ক্লীং, শৈলজ, গন্ধৌষধিবিশেষ। সৈন্ধব লবণ। পুং, সিংহ, কেশরী, মৃগরাজ। ভ্রমর, ষট্পদ, শিলিমুখ। বিং, ত্রিং, শৈলসম্ভূত, শৈলজাত। শৈলসম্বন্ধীয়। য়ী—স্ত্রীং, পার্ব্বতী, দুর্গা। গিরিজা, গৌরী, অপর্ণা। [শিলাসম্বন্ধীয়।

শৈল্য, (শিলা+ষ্যঞ্—প্রং) বিং, ত্রিং,

শৈব, (শিব+অণ্—তদ্দেবতার্থে) সং, পুং, শিবের উপাসক, শিবভক্ত। ক্লীং, শৈবাল। শিবপুরাণ। বিং, ত্রিং, শিবসম্বন্ধীয়।

শৈবল, শৈবাল—স, (শী=জলে শয়নকরা+বলচ্, বলন্—প্রং) সং, পুং, জলজাত উদ্ভিজ্জবিশেষ, শেয়ালা।

শৈবলিনী, (শৈবল=শেয়ালা+ইন্ অস্ত্যর্থে, ঈপ্—প্রং) সং, স্ত্রীং, তটিনী, নদী, স্রোতোবহা, সরিৎ, তরঙ্গিনী, কূলঙ্কশা।

শৈব্য, (শিব+য—প্রং) বিং, ত্রিং শিবসম্বন্ধীয়। (শিবি+ঘঞ্—প্রং) সং, পুং, কৃষ্ণের অশ্ববিশেষ। নৃপ এবং পাণ্ডবদিগের সেনাপতিবিশেষ। ব্যা—স্ত্রীং, হরিশ্চন্দ্ররাজার পত্নী।

শৈশব, (শিশু+অণ্—ভাবে) সং, ক্লীং, শিশুত্ব, বাল্যাবস্থা, ছেলেবেলা, বালককাল।

শৈশির, (শিশির + অণ্—প্রং) বিং, ত্রিং, শিশিরসম্বন্ধীয়। সং, পুং, শ্যামবর্ণ চটকপক্ষী।

শৈষ্যোপাধ্যায়িকা, ((শিষ্য—উপাধ্যায় =অধ্যাপক+ঠক্—প্রং) সং, স্ত্রীং, শিষ্যদের অধ্যাপনা। ছেলে পড়ান।

শোওন, (শয়নশব্দজ) সং, শয়ন করা. শয্যাগ্রহণ। [গ্রহণ।

শোঁকন, (দেশজ) সং, ঘ্রাণ লওন, গন্ধ

শোক, (শুচ=শোককরা+ঘঞ্—ভা) সং, পুং, ইষ্টবিয়োগজ মনোদুঃখ, প্রিয় ব্যক্তির মৃত্যু অথবা দুঃখাদি জন্য চিত্তের চঞ্চলতা।

শোকারি, (শোক=ইষ্টবিয়োগজ মনোদুঃখ— অরি =শত্রুবৎ) সং, পুং, কদম্ববৃক্ষ, নীপ।

শোচন, (শোক দেখ+অনট্—ভা) সং, ক্লীং, না—স্ত্রীং, শোককরা।

শোচিঃ, (শোচিস্, শুচ্=নির্ম্মলকরা+ইস্—প্রং) সং, স্ত্রীং, শিখা, প্রভা, জ্বালা, অর্চ্চি।

শোচিষ্কেশ, (শোচিস্=শিখা—কেশ=চুল, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অগ্নি, অনল, পাবক, কৃশাণু, হুতবহ, জাতবেদা।

শোচ্য, শোচনীয়, (শুচ্=শোককরা+যৎ, অনীয়র্—র্ম্ম) বিং, ত্রিং, শোকের বিষয়, যাহাকে উদ্দেশ করিয়া শোক করা যায়। অনুকম্প্য।

শোচ্যক, বিং, ত্রিং, নীচ, ক্ষুদ্র। কনিষ্ঠ

শোটীর্য্য, (শুটীর=বীর+ণ্যৎ—প্রং) সং, ক্লীং, পরাক্রম, বীর্য্য। গর্ব্ব, দম্ভ।

শোঠ, (শুঠ্=আলস্য করা+অচ্—প্রং) সং, পুং, অজগর। মূর্খ। কুড়ে, অলস। শঠ, ধূর্ত্ত। নীচ, অধম। পাপাত্মা। দুষ্ট

শোণ, (শোণ্=রক্তকর্ণকরা বা হওয়া+অচ্—প্রং) সং, পুং, রক্তবর্ণ। পাটনার নিকটস্থ নদবিশেষ। মঙ্গলগ্রহ। রক্তবর্ণ ঘোটক। সমুদ্র। রক্তবর্ণ ইক্ষুবিশেষ। অগ্নি। ক্লীং, রুধির, শোণিত, কুণ। সিন্দূর। বিং, ত্রিং, রক্তবর্ণবিশিষ্ট, লোহিত বর্ণযুক্ত।

শোণরত্ন, (শোণ=গাঢ় রক্তবর্ণ—রত্ন =মণি) সং, ক্লীং, পদ্মরাগমণি।

শোণাক, শোণক, (শোণ=রক্তবর্ণ—অক্ =গমনকরা বা হওয়া+অচ্—প্রং। শোণ+কণ্—যোগ) সং, পুং, বৃক্ষবিশেষ, শোণাগাছ।

শোণিত, (শোণ=রক্তবর্ণ+ইতচ্—জাতার্থে) সং, ক্লীং, রক্ত, রুধির, কুণ। কুঙ্কুম। বিং, ত্রিং, রক্তবর্ণযুক্ত লোহিত।

শোণিতপুর, (শোণিত=রক্তবর্ণ—পুর=নগর) সং, ক্লীং, বাণপুর, বাণরাজারপুরী।

শোণিতাহ্বয়, সং, ক্লীং, কুঙ্কুম।

শোণিমা, (শোণিমন্, শোণ+ইমন্—ভাবে) সং, পুং, রক্তিমা, রক্তত্ব।

শোথ, শোফ, শোথক, (শু, [বৃদ্ধি] গমনকরা, পাওয়া+থ, ফ—প্রং। কন্—যোগে শোথক) সং, পুং, স্ফীততা রোগ, ফুলারোগ, গোদ।

শোধক, (শুধ্=নির্ম্মল হওয়া, বা করা+ণক-ক) বিং, ত্রিং, শোধনকারক, পাবন।

শোধন, (শুধ্=শুদ্ধকরা+অনট্—ভা ণ, ক) সং, ক্লীং, শুদ্ধি, পরিষ্করণ। নির্দ্দোষকরণ, ভুল শুধরান। হরণ, ভাগকরণ। পরিশোধ, প্রতিদান। বিরেচন। অপনয়ন। মল, বিষ্ঠা। তুতিয়া, তুতে

নী—স্ত্রীং, সম্মার্জ্জনী, ঝাঁটা বিং, ত্রিং, পরিষ্কারক, শুদ্ধিকারক।

শোধনীয়, শোধ্য, (পূর্ব্বে দেখ+অনীয়র্, যৎ—র্ম্ম) বিং, ত্রিং, শোধনের যোগ্য।

শোধিত, (শোধন দেখ,+ক্ত—র্ম্ম) বিং,ত্রিং,পরিস্কৃত, মার্জ্জিত। অপনীত। কেশকীটাদিরহিত (ব্যঞ্জনাদি)।

শোফ, পুং, শোথরোগ।

শোভন, (শোভি=দীপ্তিপাওয়া+অনট্—ক) বিং, ত্রিং, সুন্দর, মনোজ্ঞ। শোভাযুক্ত, শোভাজনক। সং, পুং, যোগবিশেষ। গ্রহ। ক্লীং, পদ্ম, জলজ, কমল, শতপত্র,। না—স্ত্রীং, হরিদ্রা। গোরোচনা।

শোভনক, (শোভন+কন্—যোগ, কিম্বা প্রকাশার্থ কৈ ধাতুজ) সং,পুং, শোভাঞ্জনবৃক্ষ, শজিনাগাছ।

শোভা, (শোভনদেখ+আপ্—ভা) সং, স্ত্রীং, কান্তি, দীপ্তি, প্রভা, আভা, স্ফূর্ত্তি। সৌন্দর্য্য।

শোভাঞ্জন,—স, শৌভাঞ্জন, (শোভা=সৌন্দর্য্য—অঞ্জ=ম্রক্ষিত করা+অনট্—প্রং) সং, পুং, শজিনাগাছ।

শোভানুভাবকতা—যে বৃত্তিদ্বারা শোভার অনুভব করিতে পারা যায়।

শোভিত, (শোভন দেখ+ক্ত—প্রং) বিং, ত্রিং, শোভাযুক্ত,ভূষিত। অলঙ্কৃত, সজ্জিত। [যাওয়া।

শোয়া, (শয়ন শব্দজ) সং, শয়ন, নিদ্রা

শোরা, (যবন ভাষা) সং, যবক্ষার, ক্ষারবিশেষ।

শোলা, (দেশজ) সং, জলতৃণ বিশেষ।

শোশুচ্যমান, (শুচ্, [যঙ্ লুগন্ত]=শোককরা+শানচ্—প্রং) বিং, ত্রিং, অতিশয় শোককারী।

শোষ, (পশ্চাৎ দেখ+অচ্—ভা) সং, পুং, শোষণ, জলাকর্ষণ, শুষ্ক হওয়া, "শোষমুপয়াস্তুতি" (বিষ্ণুশর্ম্মা)। নীরসকরণ,রসাকর্ষণ। যক্ষ্মারোগ।

শোষক, (শুষ্ শুষ্ককরা বা হওয়া+ণক—ক) বিং, ত্রিং, শোষণকর্ত্তা, রসাকর্ষক।

শোষণ, (পূর্ব্বে দেখ+অনট্—ভা) সং, ক্লীং, রসাকর্ষণ, শুষ্ককরা। পুং, মদনের বাণবিশেষ। বিং, ত্রিং, শোষণকর্ত্তা।

শোষিত, (শোষক দেখ,+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, নীরসকৃত, যাহা শুষ্ক করা হয়।

শৌক, (শুক=টিয়াপাখী+অঞ্—সমূহার্থে) সং,ক্লীং, শুকপক্ষিসমূহ।

শৌকর, (শূকর+অণ্—সম্বন্ধার্থে) সং, পুং, শূকরসম্বন্ধীয়। সং, ক্লীং, তীর্থবিশেষ।

শৌক্তিকেয়, শৌক্তেয় (শুক্তিকা, শুক্তি+ঠক্—সম্বন্ধার্থে) সং, ক্লীং, মুক্তা। বিং, ত্রিং, শুক্তিসম্বন্ধীয়।

শৌক্ল্য, (শুক্ল+ষ্যঞ্—ভাবে) সং, ক্লীং, শ্বেতগুণ, শুক্লতা, শুভ্রত্ব, শুভ্রবর্ণ।

শৌচ, (শুচি=পবিত্র+অন্—ভাবে, কর্ম্মণি) সং, ক্লীং, শুদ্ধি, পবিত্রতা। শুচিতা, নির্ম্মলতা। "অভক্ষ্যপরিহারশ্চ সংসর্গশ্চাপ্যনিন্দিতৈঃ। স্বধর্ম্মে চ ব্যবস্থানং শৌচমিত্যভিধীয়তে"।

শৌচিক, (শুচি+ঠক্—প্রং) সং, পুং, বর্ণসঙ্কর জাতিবিশেষ, শৌণ্ডিকের ঔরসে কৈবর্ত্ত-কন্যার গর্ভজাত জাতি।

শৌচেয়, (শুচি=নির্ম্মলীকরণ+ঠক্—প্রং) সং, পুং, রজক, ধোপা।

শৌটীর, (শৌট্=অহঙ্কার করা+ঈরন্ প্রং) বিং, ত্রিং, অহঙ্কৃত, গর্ব্বিত। সং,পুং,প্রব্রাজক,তপস্বী,সংসারত্যাগী। বীর, শূর। দাতা, মুক্তহস্ত।

শৌটীর্য্য, (শৌটীর=বীর+যৎ—ভাবে) সং,ক্লীং, শৌর্য্য। বীর্য্য, পরাক্রম। গর্ব্ব। অহঙ্কার।

শৌণ্ড, (শুণ্ডা=মদ্য+অণ্—প্রং) বিং, ত্রিং,মত্ত, মাতাল। অত্যাসক্ত। খ্যাত। "দানশৌণ্ডঃ" কাং।

শৌণ্ডিক, শৌণ্ডী, (শৌণ্ডিন্, শুণ্ডা=মদ্য +ঠক্, ইন্—জীবত্যর্থে) সং,পুং,জাতি-বিশেষ,শুঁড়ি। "এহি শৌণ্ডিকালয়ং গচ্ছামঃ" কাং।

শৌণ্ডির, শৌণ্ডীর, (শুণ্ডা=মদ্য+ইর, ঈর—প্রং) বিং, ত্রিং, দর্পী, অহঙ্কারী, গর্ব্বিত।

শৌদ্ধোদনি, (শুদ্ধোদনঃ ক্ষাকুবংশীয় নৃপবিশেষ+ইঞ্—বংশার্থে) সং, পুং, বৌদ্ধবিশেষ।

শৌদ্র, (শূদ্রা+অণ্—প্রং) সং, পুং, দ্বাদশবিধ পুত্রের অন্তর্গত পুত্রবিশেষ, ব্রাহ্মণাদির ঔরসে শূদ্রাগর্ভজাত পুত্র। (শূদ্র+অণ্, সম্বন্ধার্থে) বিং, ত্রিং, শূদ্র-সম্বন্ধীয়। [বিজ্ঞ।

শৌনক, সং, পুং, মুনিবিশেষ। পুরাণ-

শৌনিক, (শূনা=প্রাণিবধ স্থান+ঠক—প্রং) সং, পুং, মাংসবিক্রেতা, যে ব্যক্তি মাংস বিক্রয় করে, কসাই। মৃগয়া। বিং, ত্রিং, মৃগয়াশীল।

শৌভ, (শুভ=মঙ্গলদায়ক+অণ্—প্রং) সং, ক্লীং, হরিশ্চন্দ্র রাজার পুরী। পুং, দেবতা। সুপারিগাছ।

শৌভিক, (শোভা+ঠক—প্রং) সং,পুং, ইন্দ্র জালিক, কুহকী, মায়াবী। বদন, আস্য।

শৌরি,—স (শূর=একনাম কিম্বা বীর +ইঞ্—প্রং) সং, পুং, কৃষ্ণ, যাদব, বাসুদেব। শনিগ্রহ।

শৌর্পিক, শৌর্প্য(শূর্প=কুলা+ঠক্, ষ্যঞ্—পরিমিতার্থে) বিং, ত্রিং, শূর্পপরিমিত, কুলাপরিমাণ।

শৌর্য্য,(শূর=বীর+ষ্যঞ্—ভাবে,কর্ম্মণি) সং, ক্লীং, বীর্য্য, সাহস, বীরত্ব, বল। নাট্যক্রীড়াবিশেষ।

শৌল্ক,শৌল্কক, (শুল্ক+অণ্, ঠক্—প্রং) সং, পুং, শুল্কাধ্যক্ষ, টোল্ কলেক্টর।

শৌল্কিক, (শুল্ক=তামা+ঠক—প্রং) সং, পুং, কংসকার, কাঁসারি।

শৌবন, (শ্বন্+অণ্—অপত্যার্থে, সম্বন্ধার্থে) সং,ক্লীং;কুক্কুর শাবক, কুক্কুরসম্বন্ধীয়

শৌবদন্ত, যে দন্ত কুক্কুরের দন্তের ন্যায় সূচাল, ইহা দ্বারা আহারীয় দ্রব্য ছেদন ও ধারণ করিয়া রাখা যায়। (Canine tooth)।

শৌবস্তিক, (শ্বস্=কল্য+ঠক্—ভবার্থে, তি—আগম) বিং, ত্রিং, ভাবিদিনস্থায়ী, পরদিনের, কালিকার।

শৌবাপদ, (শ্বাপদ=শিকারী জন্তু+অণ্—প্রং,ঔ—আগম) বিং, শ্বাপদসম্বন্ধীয়, হিংস্রজন্তুসম্বন্ধীয়।

শৌষ্কল,(শুষ্কলী=শুষ্কমাংস+অণ্—প্রং) বিং,ত্রিং, আমিষাশী, মৎস্যমাংসভোজী। সং, পুং, শুষ্কমাংসের মূল্য।

শ্চোত, শ্চ্যোত (শ্চুৎ, শ্চ্যুৎ=ক্ষরিত হওয়া,+ঘঞ্—ভা) সং, পুং, চ্যুতি। ক্ষরণ। প্রোক্ষণ।[ত্রিং,ক্ষরণশীল গলৎ।

শ্চ্যোতৎ, (পূর্ব্বে দেখ,+অৎ—ক) বিং,

শ্মন্, (শী=শয়নকরা+মন্—প্রং) সং, ক্লীং, মুখ। পুং, শব, মৃতদেহ, মড়া।

শ্মশান, (শব=মড়া—শয়ন=স্থান, ষ, শব স্থানে শ্ম,শয়ন স্থানে শান। কিম্বা শ্মন্=শব—শী=শয়নকরা+শানচ্—বি) সং,ক্লীং, শবদাহ স্থান, প্রেতভূমি, "শ্মশব্দেন শবঃ প্রোক্তঃ শানং শয়নমুচ্যতে। নির্ব্বচন্তি শ্মশানার্থং মুনে শব্দার্থকোবিদাঃ। মহান্ত্যপি চ ভূতানি প্রলয়ে সমুপস্থিতে। শেরতেঽত্র শবোভূত্বা শ্মশানন্ত ততো ভবেৎ"।

শ্মশানবাসী, শ্মশানবেশ্মা, } (শ্মশানবাসিন্, শ্মশান=শবদাহস্থান—বাসিন্=যে বাসকরে। শ্মশান—বেশ্মন্=বাসস্থান) সং, পুং, শিব, মহাদেব, কপালী, ভূতনাথ, প্রেতবাস। বিং, ত্রিং, যে শ্মশানে বাস করে।

শ্মশ্রু, (শ্মন্=মুখ—শ্রি=আশ্রয় করা+ডুন্=প্রং, কিম্বা উপলক্ষ্যার্থ শ্রু ধাতু) সং, ক্লীং, মুখরোম, গোঁপদাড়ী।

শ্মশ্রুল, (শ্মশ্রু+লচ্ অস্ত্যর্থে) বিং, ত্রিং, শ্মশ্রুবিশিষ্ট, যাহার গোঁপদাড়ী আছে।

শ্মশ্রুবর্দ্ধক, (শ্মশ্রু—বর্দ্ধক=যে ছেদন করে) সং, পুং, নাপিত, ক্ষৌরিক।

শ্মীলন, (শ্মীল্—নয়ন মুদ্রিত করা+অনট্—ভা) সং, ক্লীং, চক্ষুঃমুদ্রিতকরণ, চোখবুজা।

শ্যাকুল, (শৃগালকোলি শব্দজ) সং, কণ্টকময় লতাবিশেষ।

শ্যান, (শ্যৈ=গমনকরা+ক্ত—ক) বিং, ত্রিং, প্রাপ্ত, গত। ঘনীভূত, গাঢ়। শুষ্ক, নীরদ, "আশ্যানকর্দ্দমঃ।" কাং। সং, ক্লীং, ধূম, ধূঁয়া।

শ্যাম, (শ্যৈ=গমন করা+মক্—প্রং) বিং, ত্রিং, কৃষ্ণবর্ণবিশিষ্ট। হরিৎবর্ণবিশিষ্ট। সং, পুং, প্রয়াগস্থ পবিত্র বটবৃক্ষবিশেষ। কোকিল। কৃষ্ণবর্ণ। হরিৎবর্ণ। মেঘ। শ্যামাকতৃণ। ক্লীং, সামুদ্রলবণ। মরিচ।

শ্যামকণ্ঠ, (শ্যাম=কৃষ্ণবর্ণ বা নীলবর্ণ-কণ্ঠ) সং, পুং, ময়ূর, শিখী, বর্হী। শিব, হর, ত্রিলোচন, মহাদেব, ভূতনাথ, ভুজঙ্গভূষণ। পক্ষিবিশেষ।

শ্যামপত্র, (শ্যাম=কৃষ্ণবর্ণ—পত্র=পাতা) সং, পুং, তমালবৃক্ষ।

শ্যামল, (শ্যাম=কৃষ্ণবর্ণ—লা=গ্রহণকরা+ক—প্রং। কিম্বা শ্যাম+লচ্—অস্ত্যর্থে) সং, পুং, কৃষ্ণবর্ণ। হরিৎবর্ণ। বিং, ত্রিং, কৃষ্ণবর্ণবিশিষ্ট। হরিৎবর্ণবিশিষ্ট। লা স্ত্রীং, পার্ব্বতী, দুর্গা, ভবানী, শিবা, অম্বিকা, অম্বা, অপর্ণা, ঈশানী, উমা, মাতঙ্গী, তারা।

শ্যামলতা, (শ্যাম—লতা) সং, স্ত্রীং, শ্যামবর্ণ লতা। (শ্যামল+তা—ভাবে) শ্যামত্ব।

শ্যামা, (শ্যাম+আপ্—প্রং) সং, স্ত্রীং, কালিকা, দেবীবিশেষ। প্রিয়ঙ্গুলতা। তুলসী। নীলদূর্ব্বা। রাত্রি, নিশা, বিভাবরী, শর্ব্বরী, ত্রিযামা। হরিদ্রা। যমুনা নদী, কালিন্দী। পক্ষিণী বিশেষ, শ্যামাপাখী। কৃষ্ণবর্ণা স্ত্রী। সর্ব্বাঙ্গসুন্দরী যুবতী স্ত্রী। "শীতকালেভবেদুষ্ণা গ্রীষ্মকালে চ শীতলা। তপ্তকাঞ্চনবর্ণাভা সা শ্যামা পরিকীর্ত্তিতা।

শ্যামক, শ্যামাক, (শ্যামা+কণ্—যোগ) সং, পুং, ধান্যবিশেষ।

শ্যামাঙ্গ, (শ্যাম=কৃষ্ণবর্ণ—অঙ্গ=দেহ) সং, পুং, বুধগ্রহ। বিং, ত্রিং, যাহার শরীর কৃষ্ণবর্ণ।

শ্যামিকা, (শ্যাম+কন্, আপ্—প্রং) সং, স্ত্রীং, শ্যামবর্ণ, কালিমা। মালিন্য। "হেম্নঃ সংলক্ষ্যতে হ্যগ্নৌ বিশুদ্ধি শ্যামিকা পি বা" কাং। লৌহান্তর সংসর্গ, খাদ।

শ্যাল, শ্যালক—স, (শ্যৈ=গমনকরা+কালন্—প্রং। পক্ষে কন্—যোগ) সং, পুং, পত্নীর ভ্রাতা। লী, লিকা—স্ত্রীং, স্ত্রীর ভগ্নী।

শ্যাব, (শ্যৈ=গমন করা+ব—প্রং) সং, পুং, পিঙ্গলবর্ণ, কপিশবর্ণ, কৃষ্ণপীতমিশ্রবর্ণ। বিং, ত্রিং, তদ্বর্ণযুক্ত।

শ্যেত, শ্যৈ=গমনকরা+ইতচ্—প্রং) সং, পুং, শুক্ল, শ্বেত, শুভ্রবর্ণ, শাদা রং। বিং, ত্রিং, শ্বেতবর্ণযুক্ত, শুভ্র, শাদা।

শ্যেতকোলক, সং, পুং, মৎস্যবিশেষ, পুটিমাছ। শফর, প্রোষ্ঠী।

শ্যেন, (শ্যৈ=গমনকরা+ইণ্—প্রং) সং, পুং, বাজপক্ষী। যজ্ঞবিশেষ। পাণ্ডুরবর্ণ। নী—স্ত্রীং, শ্বেতবর্ণা। বাজপক্ষিণী।

শ্যৈনম্পাতা, (শ্যেন=বাজপক্ষী—পাত=পতন+ঞ,আপ্। ম্ আগম) সং, স্ত্রীং, মৃগয়া, শিকার। শ্যেন দ্বারা মৃগয়া।

শ্যোণাক, (শ্যৈ=গমন করা+ডুণাক—প্রং) সং, পুং, বৃক্ষবিশেষ, শোণাগাছ।

শ্রৎ, (এই অব্যয় শব্দ প্রায় ধা ধাতুর পূর্ব্বেই থাকে) অং, ভক্তি, বিশ্বাস।

শ্রথন, (শ্রথ্=বন্ধনকরা ইত্যাদি+অনট্।

—ভা) সং, ক্লীং, বন্ধন। মোচন। মোক্ষ, মুক্তি। শৈথিল্য। মারণ, বধ। যত্ন।

শ্রদ্দধান, (শ্রৎ=ভক্তি—ধা=ধারণকরা +শানচ্—ক, দ্বিত্ব) বিং, ত্রিং, ভক্তিমান্, শ্রদ্ধাযুক্ত।

শ্রদ্ধা, (শ্রৎ=ভক্তি—ধা=ধারণকরা+ অঙ্, স্ত্রাপ্) সং, স্ত্রীং, ভক্তি। ধর্ম্মকার্য্যে দৃঢ় বিশ্বাস। স্পৃহা, ইচ্ছা, বাসনা, কামনা, আকাঙ্ক্ষা। বিশ্বাস, প্রত্যয়। আদর। চিত্তপ্রসাদ, মনের নির্ম্মলতা।

শ্রদ্ধালু, (শ্রদ্ধা+আলু—প্রং, বা শ্রৎ—ধা =ধারণকরা+আলু—ক, শীলার্থে) বিং ত্রিং, ভক্তিমান্, শ্রদ্ধাবিশিষ্ট। সং, স্ত্রীং, কোন দ্রব্যে অভিলাষকারিণী গর্ভিণী।

শ্রদ্ধাবান্, (শ্রদ্ধাবৎ,শ্রদ্ধা+বৎ—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ভক্তিমান্, আদরকারী, আদর বিশিষ্ট, শ্রদ্ধাযুক্ত।

শ্রন্থ, (শ্রন্থ=গ্রন্থনকরা+আপ্—প্রং) সং, পুং, বিষ্ণু, নারায়ণ, শৌরি, হরি, জিষ্ণু। শ্রন্থন, মোচন, শিথীলিকরণ। বন্ধন।

শ্রন্থন, (শ্রন্থ=গ্রন্থন করা বা মোচনকরা, ইত্যাদি+অনট্—ভা) সং, ক্লীং, গ্রন্থন, গাঁথা। হত্যা, বধ। বন্ধন। মোচন। পুনর্ব্বার হৃষ্টকরণ। শিথিলী করণ।

শ্রন্থিত, (শ্রন্থ=বন্ধন করা, বা শ্রন্থ্ =বধকরা ইত্যাদি+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বদ্ধ। গুম্ফিত। মুক্ত। হত। অধঃকৃত। ব্যাহত।

শ্রপিত,(শ্রপি,[শ্রৈ=পাক করা+ই—প্রেরণার্থে]=পাককরণ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, দুগ্ধ ঘৃত জল ভিন্ন পক্ব। অন্নের মণ্ড।

শ্রম, (শ্রম্=পরিশ্রমকরা, ক্লান্ত হওয়া+ অচ্—ভা) সং, পুং, পরিশ্রম, শ্রান্তি, খেদ। "শ্রম এব হি কেবলং" ভাগবত। তপঃ। শাস্ত্রাভ্যাস।

শ্রমণ, (শ্রম্=ক্লান্ত হওয়া+অনট্—ক) সং, পুং, ভিক্ষু। সন্ন্যাসী। বিং, ত্রিং, নীচকর্ম্মজীবী, নীচব্যবসায়ী। নীচ, ঘৃণীত, অপকৃষ্ট। ণা—স্ত্রীং, শবরীবিশেষ। সন্ন্যাসিনী।

শ্রমবারি, শ্রমজল, (শ্রম—বারি। জল, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, ঘর্ম্ম, স্বেদ, ঘাম।

শ্রমবিভাগ—একটি কর্ম্ম সম্পাদনার্থ কেবল এক ব্যক্তি শ্রম না করিয়া ভিন্ন ভিন্ন ব্যক্তি দ্বারা তাহার এক এক অংশ সম্পাদিত হইলে তাঁহাকে শ্রমবিভাগ কহে। (Division of labour)

শ্রমী, (শ্রমিন্, শ্রম+ইনি—অস্ত্যর্থে। অথবা শ্রম্=পরিশ্রমকরা+ইনি-ক, শীলার্থে) বিং, ত্রিং, যাহারা পরিশ্রমদ্বারা জীবিকা নির্ব্বাহ করে। শ্রমশীল, পরিশ্রমকারী।

শ্রমোপজীবী, (শ্রমোপজীবিন্, শ্রম—উপজীবী=যে জীবিকা নির্ব্বাহ করে) বিং, ত্রিং, পরিশ্রমকারী, যাহারা পরিশ্রম দ্বারা জীবিকা নির্ব্বাহ করে।

শ্রয়—পুং, শ্রয়ণ—ক্লীং, (শ্রি=আশ্রয়করা +অচ্, অনট্—ভা) সং, অবলম্বন, আশ্রয়।

শ্রব—পুং, শ্রবঃ—ক্লীং, (শ্রবস্, শ্রু=শুনা +অল্, অস্—প্রং) সং, কর্ণ,শ্রবণেন্দ্রিয়। আকর্ণন, শ্রবণ। প্রসিদ্ধি, খ্যাতি। কীর্ত্তি। ক্ষরণ, চ্যুতি।

শ্রবণ, (শ্রু=শুনা+অনট্—ণ, ভা) সং, ক্লীং, কর্ণ, শ্রবণেন্দ্রিয়, আকর্ণন, শুনা। পুং, ণা—স্ত্রীং, দ্বাবিংশ নক্ষত্র।

শ্রবণপথ—পুং, শ্রবণেন্দ্রিয়—ক্লীং } (শ্রবণ—পথ, [পথিন্‌শব্দজ]=রাস্তা। শ্রবণ—ইন্দ্রিয়) সং, কাণ, কর্ণ, শ্রোত্র।

শ্রবায্য, (শ্রু=বিন্দু বিন্দু পড়া, ঝরা+ আয্য—প্রং) সং, পুং, বলিযোগ্যপশু, যজ্ঞীয় পশু।

শ্রবিষ্ঠা, (শ্রববৎ, [শ্রব=কর্ণ, খ্যাতি+ বৎ—অস্ত্যর্থে] =খ্যাতিবিশিষ্ট+ইষ্ট— অত্যর্থে। বৎ—লোপ) সং, স্ত্রীং,

ধনিষ্ঠা নক্ষত্র।

শ্রবিষ্ঠাজ, (শ্রবিষ্ঠা=নক্ষত্রবিশেষ—জ =জাত) সং, পুং, বুধগ্রহ।

শ্রব্য, শ্রবণীয়, (শ্রু=শুনা+যৎ, অনীয়র্ —র্ম্ম) বিং, ত্রিং, শ্রোতব্য, শুনিবার যোগ্য।

শ্রব্যকাব্য, সং, ক্লীং, যে কাব্য শ্রবণের যোগ্য, অভিনেতব্য নহে; নাটক ভিন্ন কাব্য।

শ্রাণ, (শ্রৈ=পাককরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং,পাককরা দ্রব্য, পাকবস্তু। ঘর্ম্মাক্ত। সিক্ত, ভিজা। ণা—স্ত্রীং, যবাগূ, যাউ।

শ্রাণন, (শ্রণি=দানকরা+অনট্—ভা) সং ক্লীং, দান, বিতরণ। ণা, ভাতের মণ্ড।

শ্রাদ্ধ, (শ্রদ্ধা+অণ্—দানার্থে)সং, ক্লীং, পিতৃকৃত্য, একোদ্দিষ্ট পার্ব্বণাদি। বিং, ত্রিং, শ্রদ্ধাপ্রযুক্ত, শ্রদ্ধাপ্রযুক্ত যাহা দেওয়া হয়। "সংস্কৃতব্যঞ্জনাঢ্যঞ্চ পয়োদধিঘৃতান্বিতম। শ্রদ্ধয়া দীয়তে যস্মাৎ শ্রাদ্ধং তেন নিগদ্যতে"॥"শ্রদ্ধয়া অন্নাদের্দ্দানং শ্রাদ্ধং"।"সম্বোধনপদোপনীতান্ পিত্রাদীন্ চতুর্থ্যান্তপদৈনোদ্দিশ্য হবিস্ত্যাগঃ শ্রাদ্ধম"।

শ্রাদ্ধদেব, (শ্রাদ্ধ—দেব=দেবতা, ৬ষ্ঠী—ষ) সং,পুং, যম, শমন, অন্তক, বৈরোচণ। পিতৃলোক।

শ্রাদ্ধিক, (শ্রাদ্ধ=শ্রাদ্ধে দেয়বস্তু+ঠক্—ভোজনার্থে) বিং, ত্রিং, শ্রাদ্ধভোজী, শ্রাদ্ধভোক্তা। শ্রাদ্ধসম্বন্ধীয় দ্রব্য।

শ্রান্ত, (শ্রম্=ক্লান্তহওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, ক্লান্ত, শ্রমযুক্ত। খিন্ন। শান্ত, নিবৃত্ত। ভোগতৃপ্ত।

শ্রান্তি, (পূর্ব্বে দেখ+ক্তি—ভা) সং, স্ত্রীং, ক্লেশ। খেদ। শ্রম। বিশ্রাম, নিবৃত্তি।

শ্রাম, (শ্রম্=ক্লান্তহওয়া+অণ্-প্রং) সং, পুং, মণ্ডপ, গৃহ। মাস। কাল, সময়।

শ্রামণের, সং,পুং, জৈনভিক্ষু, প্রব্রজিত।

শ্রায়, (শ্রি=আশ্রয়করা+অণ্—প্রং) সং, পুং, অবলম্বন, আশ্রয়,। (শ্রী=লক্ষ্মী+ঘঞ্—সম্বন্ধার্থে। ঈ=অয়, অ=আ) বিং, ত্রিং, শ্রীসম্বন্ধীয়। লক্ষ্মীসম্বন্ধীয়।

শ্রাব, (শ্রু=শুনা+ঘঞ্—প্রং) সং, পুং, শ্রবণ, আকর্ণন।

শ্রাবক, (শ্রু=শুনা+ণক—ক) সং, পুং, শাক্যমুনির শিষ্যবিশেষ। কাক, বায়স, ধাঙ্খ, বলিভুক্। বিং, ত্রিং, শ্রবণকর্ত্তা, শ্রোতা, যে শ্রবণ করিতেছে।

শ্রাবণ, (শ্রাবণী=শ্রবণানক্ষত্রযুক্ত পৌর্ণমাসী+অণ্—তদ্যুক্তমাসার্থে) সং,পুং, বৈশাখাদি দ্বাদশ মাসের অন্তর্গত চতুর্থ মাস। বিং, ত্রিং,পামর, পাষণ্ড। শ্রবণেন্দ্রিয় জন্য (জ্ঞান)। শ্রবণানক্ষত্র-সম্বন্ধীয়। ণী—স্ত্রীং, শ্রাবণ মাসের পূর্ণিমা।

শ্রাবণিক, (শ্রাবণী=শ্রবণানক্ষত্রযুক্ত পৌর্ণমাসী+ঠক্—তদ্যুক্তমাসার্থে) সং, পুং, শ্রাবণমাস।

শ্রাবস্তী, (শ্রাবি=ঝরা+অন্ত, বা শ্রু=ক্ষরিত হওয়া+ঝচ্-প্রং, নিপাতন) সং, স্ত্রীং,নগরীবিশেষ, ধর্ম্মপত্তন নামে পুরী।

শ্রাবিত, (শ্রাবি=শুনান+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহা শ্রবণ করান হইয়াছে। আকর্ণিত।

শ্রাব্য, (শ্রু=শুনা+যৎ—র্ম্ম) বিং, ত্রিং, শ্রবণযোগ্য, শ্রোতব্য। শুনিবার উপযুক্ত। শুনাইবার যোগ্য।

শ্রিত, (শ্রি=আশ্রয়করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, আশ্রিত, সেবিত। উপজীবিত।

শ্রিতবান্, (পূর্ব্বে দেখ+ক্তবৎ—ক) বিং, ত্রিং,আশ্রয়কারী, যে আশ্রয় করিয়াছে।

শ্রী, (শ্রি=সেবাকরা+ক্বিপ্—প্রং, ই=ঈ। যাঁহাকে সমস্ত লোক সেবা করে) সং, স্ত্রীং,লক্ষ্মী, কমলা, রমা, পদ্মা, নারায়ণী। সম্পত্তি, বিষয়, ধন, ঐশ্বর্য্য। শোভা। দীপ্তি, আলোক। বেশবিন্যাস।সৌন্দর্য্য। কীর্ত্তি, খ্যাতি, প্রশংসা। সরস্বতী। ত্রিবর্গ। প্রকার। উপকরণ। বিভূতি। বুদ্ধি। বৃদ্ধি। সিদ্ধি। বিল্ববৃক্ষ। সরলবৃক্ষ। লবঙ্গ। (জীবিত ব্যক্তির নামের

পূর্ব্বে ইহার প্রয়োগ হয়) "দেবাদি-নাম্নঃ পূর্ব্বং শ্রীশব্দপ্রয়োগঃ কর্ত্তব্যঃ"। যথা—"দেবং গুরুং গুরুস্থানং ক্ষেত্রং ক্ষেত্রাধিদেবতাম্। সিদ্ধং সিদ্ধাধিকারাংশ্চ শ্রীপূর্ব্বং সমুদীরয়েৎ"॥ নামের উপাধিবিশেষ। পুং, রাগবিশেষ।

শ্রীকণ্ঠ, (শ্রী=[নীলবর্ণের] শোভা—কণ্ঠ=গলা ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিব, নীলকণ্ঠ, ত্রিলোচন, শূলী, কপালী। ভবভূতি কবির উপনাম। হস্তিনার উত্তরপশ্চিমস্থ-কুরুজাঙ্গল দেশ।

শ্রীকণ্ঠপদলাঞ্ছন, (শ্রীকণ্ঠ—পদ=উপনাম বা খেতাব—লাঞ্ছন=চিহ্ন। "শ্রীকণ্ঠ" এই আখ্যা দ্বারা যিনি বিদিত হইয়াছেন) সং, পুং, ভবভূতি, উত্তরচরিত ও বীরচরিত ও মালতীমাধব নাটককর্ত্তা।

শ্রীকণ্ঠসখ, (শ্রীকণ্ঠ=শিব—সখ, [সখি শব্দজ] =বন্ধু) সং, পুং, কুবের, যক্ষরাজ, ধনপতি, বসু।

শ্রীকর, (শ্রী=ভাগ্য—কর=যে করে) সং, পুং, বিষ্ণু, নারায়ণ, অনন্ত, বিকুণ্ঠ। স্মৃতিগ্রন্থকারক পণ্ডিতবিশেষ। ক্লীং, রক্তোৎপল। বিং, ত্রিং, শোভাকারক। সৌন্দর্য্যজনক, অলঙ্কারক।

শ্রীকরণ, (শ্রী='শ্রী' এই শব্দ—করণ=করিবার অস্ত্র শস্ত্রাদি) সং, ক্লীং, লেখনী, কলম, পেন।

শ্রীকান্ত, শ্রীধর, শ্রীনাথ, শ্রীপতি, (শ্রী=লক্ষ্মী—কান্ত=স্বামী, ৬ষ্ঠী—ষ। শ্রী=লক্ষ্মী—ধর=যে ধারণ করে, ২য়া—ষ। শ্রী—নাথ, ৬ষ্ঠী—ষ। শ্রী—পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, লক্ষ্মীপতি। রমানাথ। বিষ্ণু। [অংশ] সং, পুং, চন্দন কাষ্ঠ।

শ্রীগণ্ড, (শ্রী=শোভা ইত্যাদি—খণ্ড=অংশ) ... (শ্রী=ভাগ্য—গর্ভ=উৎপত্তি, সং, পুং, বিষ্ণু, জিষ্ণু, হরি। খড়্গ, অসি, কৃপাণ।

শ্রীগ্রহ, (শ্রী—গ্রহ=গ্রহণ) সং, পুং, পক্ষীর পানীয়শালা, শকুনিপ্রপা।

শ্রীঘন, (শ্রী=সৌভাগ্য—ঘন=রাশি) সং, পুং, বুদ্ধদেব। ক্লীং, দধি, দই।

শ্রীদ, (শ্রী=ধন—দ=যে দেয়) সং, পুং, কুবের, ধনাধিপ। বিং, ত্রিং, ধনদাতা। শোভাদায়ক।

শ্রীদাম, সং, পুং, কৃষ্ণসহচর গোপবিশেষ।

শ্রীনন্দন, (শ্রী=লক্ষ্মী—নন্দন=পুত্র) পুং, কামদেব, কন্দর্প, মার, ম... প্রদ্যুম্ন, মীনকেতন।

শ্রীনিকেতন, শ্রীনিবাস, (শ্রী=লক্ষ্মী—নিকেতন, নিবাস=বাসস্থান) সং, পুং, বিষ্ণু, নারায়ণ, গোলকেশ, বৈকুণ্ঠ।

শ্রীপথ, (শ্রী=রাজকীয় যৌতুক—পথ, [পথিন্‌শব্দজ]=রাস্তা) সং, পুং, রাজমার্গ, রাজপথ।

শ্রীপর্ণ, (শ্রী=সৌন্দর্য্য বা লক্ষ্মী—পর্ণ=পত্র) সং, ক্লীং, পদ্ম, জলজ, কমল, ইন্দীবর, শতপত্র, কুবলয়, কোকনদ, উৎপল।

শ্রীপিষ্ট, (শ্রী=সরলবৃক্ষ বা দেবদারুবৃক্ষ—পিষ্ট=চূর্ণিত) সং, পুং, সরলবৃক্ষের রস, টার্পিন্।

শ্রীপুত্র, (শ্রী=ভাগ্য বা লক্ষ্মী—পুত্র) সং, পুং, অশ্ব, ঘোটক, বাজী, বড়বা, তুরঙ্গ, হয়, হরি। মার, কন্দর্প, মকরকেতু, কামদেব।

শ্রীফল, (শ্রী=লক্ষ্মী ইত্যাদি, [যাঁহাকে ইহা দেওয়া যাইতে পারে]—ফল, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বিল্ববৃক্ষ। ক্লীং, বেল।

শ্রীভ্রাতা, (শ্রীভ্রাতৃ, শ্রী=লক্ষ্মী—ভাই। সমুদ্রমন্থনকালে লক্ষ্মীর সহিত ইহারাও উত্থিত হইয়াছিল বলিয়া) সং, পুং, অশ্ব, ঘোটক, হয়। সোম, ইন্দু, শশধর, শশাঙ্ক, শীতাংশু চন্দ্র।

শ্রীমান্, (শ্রীমৎ, শ্রী=সম্পত্তি, সৌন্দর্য্য+মৎ—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ধনী, ঐশ্বর্য্যশালী। শ্রীযুক্ত। সুন্দর, সুশ্রী। সং, পুং, তিলকবৃক্ষ। বিষ্ণু, নারায়ণ, বৈকুণ্ঠ। শিব, হর, ত্রিলোচন, ধূর্জ্জটি।

কুবের, ধনপতি, বসু। মতী—স্ত্রীং, শ্রীবিশিষ্টা।

শ্রীমুখ, (শ্রী=সৌভাগ্য—মুখ=প্রধান) সং, পুং, পত্রপৃষ্ঠে শ্রীশব্দ লিখন। ক্লীং, শোভাযুক্ত আনন।

শ্রীযুক্ত, শ্রীযুত, (শ্রী—লক্ষ্মী ইত্যাদি—যুক্ত, যুত : তৃতীয়া—ষ) বিং, ত্রিং, শ্রীমান্, লক্ষ্মীমান্। শোভাযুক্ত, শোভিত। (জীবিত পুরুষের নামের পূর্ব্বে ইহা প্রযুক্ত হয়)। [গত শৃঙ্গপত্তন দেশ।

শ্রীরঙ্গপত্তন, সং, ক্লীং, মান্দ্রাজের অন্ত-

শ্রীরাগ,(শ্রী—রাগ=স্বরের প্রকারবিশেষ) সং, ছয় রাগের মধ্যে তৃতীয় রাগ।

শ্রীরাম, (শ্রী, [যুক্ত বা যুত উহ্য করিতে হইবে]=শ্রীযুক্ত অর্থাৎ সৌভাগ্যবান্ ইত্যাদি—রাম, যং—স) সং, পুং, দশরথের পুত্র,রামচন্দ্র, রাঘব, সীতাপতি, জানকীবল্লভ।

শ্রীল, (শ্রী=ভাগ্য+লচ—অস্ত্যর্থে) বিং, ত্রিং, শ্রীযুক্ত, লক্ষ্মীমান্, সৌভাগ্যবান্, ধনী, সম্পত্তিশালী, বিভু।

শ্রীবৎস, (শ্রী=লক্ষ্মী—বৎস=প্রিয়, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিষ্ণু। বিষ্ণুর বক্ষঃস্থলস্থ দক্ষিণাবর্ত্ত লোমাবলী। গৃহবিশেষ। সুড়ঙ্গবিশেষ।

শ্রীবৎসকী, (শ্রীবৎসকিন্, শ্রীবৎস=বিষ্ণুর বক্ষঃস্থ চিহ্নবিশেষ+কন্—সাদৃশ্যার্থে, ইন্—অস্ত্যর্থে) সং, পুং, যে অশ্বের বক্ষস্থলে কুটিল আবর্ত্ত আছে।

শ্রীবৎসভৃৎ, শ্রীবৎসলাঞ্ছন, শ্রীবৎসাঙ্ক, শ্রীবরাহ, } (শ্রীবৎস—ভৃৎ=যে ধারণকরে, ২য়া—ষ। শ্রীবৎস—লাঞ্ছন, অঙ্ক=চিহ্ন, ৬ষ্ঠী—হিং। শ্রী=শ্রীযুক্ত—বরাহ=অবতারবিশেষ) সং, পুং, বিষ্ণু, নারায়ণ, আদিপুরুষ, চতুর্ভুজ।

শ্রীবাস, (শ্রী=সরল বা দেবদারুবৃক্ষ। কিম্বা লক্ষ্মী—বাস=বাসস্থান) সং, পুং, সরলবৃক্ষের নির্য্যাস, টার্পিন্। পদ্ম, বারিজ, শতহ্রদ,নলিন,সরসিজ,সরোজ। বিষ্ণু, নারায়ণ, জিষ্ণু, সৌরি। শিব, মহাদেব,বৃষভলাঞ্ছন,শৈলেশ্বর, গিরিশ।

শ্রীবৃক্ষ, (শ্রী=মঙ্গলদায়ক—বৃক্ষ=গাছ) সং, পুং, অশ্বত্থ বৃক্ষ, ন্যগ্রোধ, পিপ্পল, চলদল। বিল্ববৃক্ষ।

শ্রীবৃক্ষ, শ্রীবৃক্ষক, সং, পুং, অশ্বের হৃদয়াদিস্থিত শ্বেতরোমাবর্ত্ত।

শ্রীবৃক্ষকী, (শ্রীবৃক্ষকিন্,শ্রীবৎস=বিষ্ণুর বক্ষঃস্থলস্থচিহ্ন+কন্—ইন্-প্রং। শ্রীবৎস স্থানে শ্রীবৃক্ষ) সং, পুং, বক্ষঃস্থল গলদেশ ও মুখে আবর্ত্তবিশিষ্ট অশ্ব।

শ্রীবেষ্ট,(শ্রী=সরল বা দেবদারু বৃক্ষ-বেষ্ট =নির্য্যাস) সং,পুং,সরলবৃক্ষরস,টার্পিন্।

শ্রীশ, (শ্রী=লক্ষ্মী—ঈশ=ঈশ্বর, পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বিষ্ণু, লক্ষ্মীপতি, রমানাথ, কমলাপতি।

শ্রীসংজ্ঞ, (শ্রী=লক্ষ্মী—সংজ্ঞা=নাম।) সং, ক্লীং, লবঙ্গ। প্রায় সমুদায় লক্ষ্মী অর্থবোধক শব্দ এই বণিক্দ্রব্যে প্রযুক্ত হইয়া থাকে। [গাছ।

শ্রুগ্বৃক্ষ, সং, পুং বিকঙ্কত বৃক্ষ, বঁইচ-

শ্রুত, (শ্রু=শুনা+ক্ত—ম্ম) বিং, ত্রিং, আকর্ণিত, যাহা শ্রবণ করা গিয়াছে। প্রসিদ্ধ। জ্ঞাত। সং, ক্লীং,বেদ, নিগম। (গুরু হইতে যাহা শুনা যায়)। শাস্ত্র। শাস্ত্রজ্ঞান। অধ্যয়ন, পাঠ।

শ্রুতকীর্ত্তি, (শ্রুত=আকর্ণিত—কীর্ত্তি =যশঃ, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, কুশধ্বজ রাজকন্যা, শত্রুঘ্নের পত্নী। পুং, দেবর্ষিবিশেষ। বিং, ত্রিং, বিখ্যাত, যশস্বী, প্রথিত।।

শ্রুতদেবী, (শ্রুত=[শাস্ত্র ইত্যাদি] যাহা শ্রবণ করা গিয়াছে—দেবী) সং, স্ত্রীং, সরস্বতী, বাগ্দেবী, বাণী।

শ্রুতবান্, (শ্রুতবৎ, শ্রু=শ্রবণকরা+তবৎ—ক। কিংবা শ্রুত=শাস্ত্র+মৎ—অস্ত্যর্থে) বিং,ত্রিং,যে শ্রবণ করিয়াছে। শাস্ত্রবিশিষ্ট, শাস্ত্রজ্ঞ, বিদ্বান্, জ্ঞানী, বিচক্ষণ।

শ্রুতবোধ, সং, পুং, কালিদাসকৃত ছন্দো-গ্রন্থবিশেষ।

শ্রুতশালী, (শ্রুতশালিন্, শ্রুত=শাস্ত্র+শাল্=প্রশংসা করা+ইনি—ক) বিং, ত্রিং, বিদ্বান্, শাস্ত্রজ্ঞ।

শ্রুতশ্রবাঃ, (শ্রুতশ্রবস্, শ্রুত—শ্রবস্=কীর্ত্তি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শিশুপালের পিতা। স্ত্রীং, চেদিরাজ শিশুপালের মাতা।

শ্রুতশ্রবোনুজ, (শ্রুতশ্রবস্=সূর্য্যপুত্রমধ্যে একজন—অনুজ=কনিষ্ঠ) সং. পুং, শনৈশ্চর, শনিগ্রহ।

শ্রুতায়ু, সং, পুং, সূর্য্যবংশীয় নৃপতি-[বিশেষ।

শ্রুতি, (শ্রু=ধর্ম্মাধর্ম্ম শ্রবণকরা+ক্তি—ণ, ভা) সং, স্ত্রীং, বেদ, নিগম, শ্রুতি। শ্রোত্র, কর্ণ, শ্রবণ। কিম্বদন্তী, জনশ্রুতি, পুরুষপরম্পরাগতপ্রবাদ। বাচক শব্দ। সূক্ষ্ম স্বরবিশেষ, স্বরের অবয়ব।

শ্রুতিকট, (শ্রুতি=বেদ, কর্ণ ইত্যাদি—কট্=গমনকরা+অচ্—প্রং) সং, পুং, প্রায়শ্চিত্ত, পাপশোধন। সর্প, ভোগী, সরিসৃপ, উরগ, খল।

শ্রুতিকটু, সং, পুং, দুঃশ্রাব্যতা দোষ।

শ্রুতিজীবিকা, (শ্রুতি=বেদ—জীবিকা=জীবন, যাহা বেদে বিদ্যমান আছে) সং, স্ত্রীং, ধর্ম্মশাস্ত্র।

শ্রুতিধর, (শ্রুতি=শ্রবণমাত্র—ধর=যে ধারণ করে) বিং, ত্রিং, শ্রবণমাত্র অভ্যাস-কারক, যে ব্যক্তি কোন বিষয় শুনিবা-মাত্র অভ্যাস করিতে সমর্থ হয়।

শ্রুতিবেধ, (শ্রুতি=কর্ণ—বেধ=বিদ্ধ-করণ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সংস্কারবি-শেষ, কর্ণবেধ।

শ্রুব, (শ্রু=ক্ষরিতহওয়া+ক্ত—প্রং) সং, পুং, যজ্ঞ, যাগ, অধ্বর। ক্লীং, যজ্ঞে ব্যবহার্য্য পাত্রবিশেষ, ঘৃতক্ষেপপাত্র।

শ্রূয়মাণ, (শ্রু=শুনা+শানচ্—প্রং) বিং, ত্রিং, যাহা শ্রবণ করা যায়।

শ্রেঢ়ী, (শ্রেণি—ঢৌক্=গমনকরা+অচ্,—ঙীপ্) সং, স্ত্রীং, অঙ্কশাস্ত্রে—গণনার প্রকারবিশেষ, কতকগুলি রাশি যদি এরূপে বিন্যস্ত থাকে, যে প্রত্যে-কেই স্ব স্ব পরবর্ত্তী রাশি অপেক্ষা স-মান পরিমাণে গুরু বা লঘু, তবে তাহাকে শ্রেঢ়ী কহে। Progression.

শ্রেণি, শ্রেণী, (শ্রি=সেবাকরা+নি—প্রং) সং, স্ত্রীং, পঙ্ক্তি, সারি। দল সেচনপাত্র। কারুসংহতি। সমান ব্যব সায়ী ব্যক্তিগণ।

শ্রেণীক, (শ্রেণি=পঙ্ক্তি ইত্যাদি+ক—প্রং) সং, পুং, মগধদেশীয় নৃপবিশেষ কা—স্ত্রীং, তাঁবু, পটবাস।

শ্রেয়ান্, (শ্রেয়স্, প্রশস্য+ঈয়সুচ্—অত্যর্থে) বিং, ত্রিং, মঙ্গল, শুভ। ধর্ম্ম পুণ্য। মোক্ষ, মুক্তি, অপবর্গ। সৌভাগ্য সুখ। বিং, ত্রিং, শ্রেষ্ঠ। শুভকর।

শ্রেয়স্কর, (শ্রেয়স্—কর=যে করে) বিং ত্রিং, মঙ্গলজনক, শুভকর।

শ্রেষ্ঠ, (প্রশস্য+ইষ্ঠ—অত্যর্থে) বিং ত্রিং, প্রধান, অতি প্রশস্য। জ্যেষ্ঠ সং, পুং, কুবের, ধনপতি, যক্ষরাজ নরপতি, নৃপ, রাজা। ব্রাহ্মণ, দ্বিজ বিপ্র। ক্লীং, গোদুগ্ধ।

শ্রেষ্ঠতা, (শ্রেষ্ঠ+তা—ভাবে) সং স্ত্রীং, উৎকর্ষ। প্রাধান্য, উত্তমতা।

শ্রেষ্ঠাশ্রম, (শ্রেষ্ঠ=প্রধান—আশ্রম প্রধান আশ্রম, গৃহস্থাশ্রম।

শ্রেষ্ঠী, (শ্রেষ্ঠিন্, শ্রেষ্ঠ=প্রধান—ইনি—প্রং) সং, পুং, বণিক্‌বিশেষ, শেঠ

শ্রোণ, (শ্রোণ্=রাশিকরা+অচ্—প্রং অথবা শ্রু=হিংসাকরা+ন—প্রং) সং পুং, পঙ্গু, পদবিকল, খোঁড়া। বিং, ত্রিং পক্ক। ণা—স্ত্রীং, শ্রবণানক্ষত্র। কাঞ্জিক

শ্রোণি, শ্রোণী, (শ্রোণ্=রাশিকরা+[illegible] —প্রং) সং, স্ত্রীং, কটিদেশ। নিতম্ব "শ্রোণীতীর্থশিলঞ্চ নেত্রশফরং ধম্মি ল্লশৈবালকং" কাং।

শ্রোণিফলক, (শ্রোণি=কটিদেশ—ফলক =চর্ম্ম, ফলকের ন্যায় শ্রোণি, ষং—স

সং, ক্লীং, কটির নিম্নপ্রদেশ।
শ্রোণিবিম্ব, সং, ক্লীং, কটিসূত্র, ঘুন্‌সী গোট প্রভৃতি।
শ্রোতঃ, (শ্রোতস্, শ্রু=শুনা, ক্ষরিত হওয়া+অসুন্—প্রং। ৎ—আগম) সং, ক্লীং, নদ্যাদির বেগ। কর্ণ, শ্রোত্র। জ্ঞানেন্দ্রিয়। [ত্রিং, শ্রবণযোগ্য, শ্রবণীয়।
শ্রোতব্য, (শ্রু=শুনা+তব্য—র্ম্ম) বিং,
শ্রোতা, (শ্রোতৃ, শ্রু=শুনা+তৃচ্—ক) বিং, ত্রিং, শ্রবণকর্ত্তা, যে শুনে।
শ্রোত্র, শ্রৌত্র, (শ্রু=শ্রনা+ত্রিণ্—প্রং। শ্রোত্র,+অণ্—স্বার্থে) সং, ক্লীং, কর্ণ শ্রুতি,শ্রবণেন্দ্রিয়,বেদ। শ্রোত্রিয়ের ধর্ম্ম।
শ্রোত্রিয়, (ছন্দস্=বেদ+ঘন্—অধ্যয়—নার্থে; ছন্দস্ স্থানে শ্রোত্র। কিংবা শ্রোত্র [শ্রূয়তে ধর্ম্মাধর্ম্মাবনেন]=বেদ+ঘ জ্ঞা-নার্থে বা অধ্যয়নার্থে) সং, পুং, বেদজ্ঞ বিপ্র,বেদাধ্যায়ী ব্রাহ্মণ। সচ্চরিত্রব্রাহ্মণ। বিং, ত্রিং, সুশীল, সচ্চরিত্র, সৎকুল-জাত। "জন্মনা ব্রাহ্মণো জ্ঞেয়ঃ সংস্কা-রৈর্দ্বিজ উচ্যতে। বিদ্যাভ্যাসী ভবে-দ্বিপ্রঃ শ্রোত্রিয়স্ত্রিভিরেব হি॥""একাং শাখাং সকল্পাং বা ষড়্ভিরঙ্গৈরধীত্য চ। ষট্‌কর্ম্মনিরতো বিপ্রঃ শ্রোত্রিয়ো নাম ধর্ম্মবিৎ"॥
শ্রৌত, (শ্রুতি=বেদ+অণ্=কৃতার্থে) বিং, ত্রিং, বেদবিহিত, শ্রুতিসিদ্ধ। গার্হপত্য আহবনীয় দক্ষিণাগ্নি—এই ত্রিবিধ অগ্নি। "ধর্ম্মজ্ঞৈর্ব্বিহিতো ধর্ম্মঃ শ্রৌতঃ স্মার্ত্তো দ্বিধা দ্বিজৈঃ। দানাগ্নি-হোত্রসম্বন্ধমিজ্যা শ্রৌতস্য লক্ষণং"॥ "স্মার্ত্তো বর্ণাশ্রমাচারো যমৈশ্চ নিয়মৈ-র্যুতঃ। পূর্ব্বেভ্যো বেদয়িত্বেহ শ্রৌতং সপ্তর্ষয়োঽব্রুবন্" ॥
শ্রৌষট, (শ্রু=স্তবাদি শুনা+ঔষট্—প্রং) অং,দেবোদ্দেশে ঘৃতাদি প্রক্ষেপের মন্ত্র।
শ্লক্ষ্ণ, (শ্লিষ্=আলিঙ্গনকরা+স্ন—প্রং, ই—লোপ) বিং, ত্রিং, মনোহর। স্নিগ্ধ, চিক্কণ, "শ্লক্ষ্ণয়া বাচা" ভাং। সূক্ষ্ম। কৃশ। অল্প, কিঞ্চিৎ।
শ্লথ, (শ্লথ্=ঢিলা হওয়া+অচ্—প্রং) বিং, ত্রিং, শিথিল, ঢিলা, অদৃঢ়, আ-লগা। দুর্ব্বল, ক্ষীণ।
শ্লাঘা, (শ্লাঘ্=প্রশংসাকরা+অঙ,অপ্—প্রং) সং,স্ত্রীং,নিজগুণ খ্যাপন। প্রশংসা। অভিলাষ, ইচ্ছা। পরিচর্য্যা, সেবা।
শ্লাঘ্য, শ্লাঘনীয়, (পূর্ব্বে দেখ+যৎ, অনীয়র্—র্ম্ম) বিং, ত্রিং, প্রশংসনীয়, প্রশংসার্হযোগ্য। আশ্বাস্য, স্পৃহণীয়। প্রশস্ত।
শ্লিকু (শ্লিষ্=আলিঙ্গনকরা+কু—প্রং, ষ=ক্) সং, পুং, ভৃত্য, দাস, প্রেষ্য, চাকর,নফর। লম্পট। ক্লীং,জ্যোতিঃশাস্ত্র
শ্লিষা, (শ্লিষ্=আলিঙ্গনকরা+অপ্—ভা) সং, স্ত্রীং, আলিঙ্গন। পরিষ্বঙ্গ, পরিষ্বজন, আশ্লেষ।
শ্লিষ্ট, (শ্লিষ্=আলিঙ্গনকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, আলিঙ্গিত, আশ্লিষ্ট, পরি-ষ্বক্ত। সংসৃষ্ট। সংযুত। শ্লেষযুক্ত, অনেকার্থবাচক।
শ্লীপদ, সং, ক্লীং, শোথরোগ, গোদ।
শ্লীপদপ্রভব, (শ্লীপদ=স্ফীতপাদ—প্র-ভব=উৎপত্তি) সং, পুং, আম্রবৃক্ষ, চূত, সহকার। [র=ল) বিং, ত্রিং, শ্রীযুক্ত।
শ্লীল, (শ্রী=সৌভাগ্য+লচ্—অস্ত্যর্থে,
শ্লেষ,(শ্লিষ্=আলিঙ্গনকরা+ঘঞ্—ভা) সং, পুং, আশ্লেষ, আলিঙ্গন। যোগ, সংযোগ। দাহ, পোড়ান। শব্দের অল-ঙ্কারবিশেষ, শব্দের অনেকার্থ-যোগ।
শ্লেষ্মা, শ্লেষ্মক, (শ্লেষ্মন্, শ্লিষ্=শরীর আলিঙ্গনকরা+মন্—প্রং। শ্লেষ্মন্+কন্—যোগ) সং, পুং, কফ, ছর্দ্দি।
শ্লেষ্মণ, শ্লেষ্মল, (শ্লেষ্মন্=কফ+ন, লচ্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, শ্লেষ্মাবিশিষ্ট, কফযুক্ত
শ্লৈষ্মিক, (শ্লেষ্মন্+ঠক্—ভবার্থে) বিং, ত্রিং, শ্লেষ্মোদ্ভব। শ্লেষ্মাসম্বন্ধীয়।
শ্লৈষ্মিকঅন্তস্ত্বক্, শ্লৈষ্মিকঝিল্লী, } ত্বকের যে ভাগ দ্বারা শরীরের

অভ্যন্তর ভাগ আবৃত; তাহা হইতে অনবরত একপ্রকার রস নির্গত হয়। (Mucous membrane)

শ্লোক, (শ্লোক = পদ্যরচনাকরা, প্রথিত হওয়া + অচ্ — প্রং) সং, পুং, কবিতা, পদ্য। ছন্দোবিশিষ্ট বাক্য। রামায়ণে বলে—শোক হইতে শ্লোক হইয়াছে, কেননা বাল্মীকির রসনা হইতে প্রথমতঃ শোকসূচক "মা নিষাদ" ইত্যাদি শ্লোক নির্গত হয়। পরে তিনি বলেন "পাদবদ্ধোঽক্ষরসমস্তন্ত্রীলয়সমন্বিতঃ। শোকার্ত্তস্য প্রবৃত্তো মে শ্লোকো ভবতু নান্যথা।" যশঃ, কীর্ত্তি, সুখ্যাতি, প্রসিদ্ধি।

শ্বঃ, (শ্বস্, পরাহন্ স্থানে শ্বঃ, কিম্বা আগামী অহন্ এই অর্থে, নিপাতন) অং, পরদিনে, আগামি দিনে, কল্য।

শ্বঃশ্রেয়স, (শ্বস্ = সৌভাগ্য — শ্রেয়স্ = মঙ্গল + অচ্ — প্রং) ক্রিং — বিং, ক্লীং, মঙ্গল, কল্যাণ। সুখ। পরমাত্মা। বিং, ত্রিং, কল্যাণী। সুখী।

শ্বগণ, (শ্বন = কুক্কুর — গণ, ৬ষ্ঠী — ষ) সং, পুং, কুক্কুরসমূহ।

শ্বগণিক, শ্বগণী, (স্বগণিন্, শ্বগণ + ঠক, ইন — অস্ত্যর্থে) সং, পুং, শিকারী, যে ব্যক্তি কুক্কুর লইয়া শিকার করে।

শ্বদন্ত—যে দন্ত কুক্কুরের ন্যায় সূচল, শ্বৈবনদন্ত।

শ্বধূর্ত্ত, (শ্বন্ = কুকুর — ধূর্ত্ত = শঠ) সং, পুং, শৃগাল, শিয়াল, ফেরু, গোমায়ু, শিবা, সামলোষ।

শ্বনিশ—ক্লীং, শ্বনিশা—স্ত্রীং, } (শ্বন্ = কুক্কুর — নিশা = রাত্রি) সং, নক্ত-কুক্কুরনিশা, যে রাত্রিতে কুক্কুরসকল মত্ত হইয়া চীৎকার করে।

শ্বপক, শ্বপচ, শ্বপাক, (শ্বপচ, শ্বন্ = কুকুর পচ্ — স্বীয় ভক্ষ্য জন্য পাককরা, কিম্বা স্বীয় সম্পত্তির ন্যায় রক্ষাকরা + ক্বিপ্, অ — প্রং) সং, পুং, ব্যাধ, চণ্ডাল, চাঁড়াল, পুক্কশ।

শ্বফল্ক; সং, পুং, বৃষ্ণিপুত্র, অক্রূরের পিতা।

শ্বভীরু, (শ্বন্ = কুকুর — ভীরু = ভীত, ৫মী — ষ) সং, পুং, শৃগাল, শিয়াল, যামরুত, গোমায়ু, ফেরু।

শ্বভ্র, (শ্বভ্র = গর্ত্তকরা + অচ্ — প্রং) সং, ক্লীং, রন্ধ্র, বিল, ছিদ্র, গর্ত্ত, গহ্বর।

শ্বয়থু, (শ্বি = স্ফীত হওয়া + অথুচ্ — প্রং, সং, পুং, শোথ, স্ফীততারোগ।

শ্ববৃত্তি, (শ্বন্ = কুক্কুর — বৃত্তি = ব্যবহার, পরপিণ্ড উপজীব্য বলিয়া কুক্কুরের ন্যায় বৃত্তি, ৬ষ্ঠী — ষ) সং, স্ত্রীং, সেবা, চাকরী।

শ্বব্যাঘ্র, (শ্বন্ = কুক্কুর — ব্যাঘ্র = বাঘ) সং, পুং, চিতাবাঘ, কুকুরের ন্যায় বাঘ।

শ্বশুর, (শু = মান্যতা — অশ্ = ব্যাপা + উরন্ — প্রং) সং, পুং, ভর্ত্তার ও পত্নীর পিতা। মান্য ব্যক্তি।

শ্বশুর্য্য, (শ্বশুর + যৎ — অপত্যার্থে) সং, পুং, দেবর, দেওর। ভাসুর। শ্যালক, শালা।

শ্বশ্রূ, (শ্বশুর + উঙ্ — পত্নী অর্থে। উ, অ লোপ) সং, স্ত্রীং, ভর্ত্তার বা পত্নীর মাতা, শাশুড়ী।

শ্বসন, (শ্বস্ — নিশ্বাস ফেলা + অনট্ — প্রং সং, পুং, বায়ু, পবন, মাতরিশ্বা, বাত, প্রাণ, সমীর। ময়নাগাছ। ক্লীং, নিশ্বাস। জীবন।

শ্বসনাশন, শ্বশনোৎসুক, (শ্বসন = বায়ু — অশন — ভক্ষণীয়। শ্বসন = বায়ু — উৎসুক = অনুরক্ত) সং, পুং, সর্প, উরগ, ভুজঙ্গ, ভোগী, খল, সরীসৃপ।

শ্বসিত, (শ্বসন দেখ + ক্ত — ভা) সং, ক্লীং, নিশ্বাস, নাশাগতবায়ু। জীবিত, জীবন, প্রাণ, অসু।

শ্বস্তন, শ্বস্তা, (শ্বস্ — কল্য + তন, ত্য — ভবার্থে বিং, ত্রিং, ভবিষ্যৎ, আগামিদিনভব।

শ্বা, (শ্বন্, শ্বি = বৃদ্ধিপাওয়া + অন্ — প্রং, নিপাতন) সং, পুং, কুক্কুর, কুকুর, সারমেয়, গ্রামসিংহ। শুনী — স্ত্রীং, কুক্কুরী।

শ্বাগণিক, (শ্বগণ = কুক্কুরসমূহ + ঠক — জীবত্যর্থে) সং, পুং, ব্যাধ, লুব্ধক, পা-

শিক কুক্কুরসমূহ দ্বারা মৃগয়াকারী।
শ্বান, (শ্বন্+অন্—স্বার্থে) সং, পুং, কুক্কুর। শুনী -স্ত্রীং, কুক্কুরী।
শ্বাপদ, শ্বন্=কুক্কুর—আ—পদ্=সদৃশ হওয়া+অচ্—প্রং। কিম্বা শ্বন্=কুকুর—পদ=পা যাহার কুক্কুরের ন্যায় পাদ, অর্থাৎ থাবা ৬ষ্ঠী—হিং, নিপাতন) সং, পুং, শিকারী জন্তু, যে সকল পশু মাংস ভক্ষণ করিয়া দেহযাত্রা নির্ব্বাহ করে; যথা—বিড়াল, ব্যাঘ্র, ভল্লূক, কুক্কুর, শৃগাল, নেউল, গন্ধগোকুল প্রভৃতি। (Carnivora.)
শ্বাবিৎ, (শ্বাবিধ্, শ্বন্=কুক্কুর—আঙ—বিধ্=বিদ্ধকরা+কিপ্—প্রং) সং, পুং, শজারু, শল্লকী।
শ্বাস, (শ্বসন দেখ, ণ—প্রং) সং, পুং, নিশ্বাস, নাসাগতবায়ু। বায়ু, পবন, বাত, মাতরিশ্বা। শ্বাসকাস রোগ।
শ্বাসপ্রশ্বাসধারণ, সং, ক্লীং, প্রাণায়াম।
শ্বাসহেতি, (শ্বাস=নিশ্বাস বা দীর্ঘনিশ্বাস ফেলা—হেতি=অস্ত্র) সং, স্ত্রীং, নিদ্রা, ঘুমান।
শ্বাসী, (শ্বাসিন্, শ্বাস=নিশ্বাস+ইনি—অস্ত্যর্থে) সং, পুং, বায়ু, সমীরণ, প্রাণ, মরুৎ, মারুত। বিং, ত্রিং, শ্বাসযুক্ত।
শ্বিত্র, (শ্বিৎ=শুক্লবর্ণহওয়া+রক্—প্রং) সং, পুং, শ্বেতকুষ্ঠ, ধবলরোগ।
শ্বিত্রী, (শ্বিত্রিন্, শ্বিত্র+ইনি—অস্ত্যর্থে) বিং, ত্রিং, শ্বিত্ররোগযুক্ত। কুষ্ঠরোগী।
শ্বেত, (শ্বিত্র দেখ+অচ—প্রং) সং, পুং, শুক্লবর্ণ। দ্বীপবিশেষ। পর্ব্বতবিশেষ, ধবলগিরি। শাদা মেঘ। শুক্রগ্রহ। দৈত্যগুরু, শুক্র। কপর্দ্দক, কড়ী, বরাটক। শঙ্খ, কম্বু। ক্লীং, রৌপ্য, রজত। বংশলোচনা। মিছরি। বেলয়ারি কাচ। বিং, ত্রিং, শুক্লবর্ণবিশিষ্ট। তা—স্ত্রীং, বরাটিকা। শঙ্খিনী।
শ্বেতক, (শ্বেত+কণ্—যোগ) সং, পুং, বরাটক, কড়ী। ক্লীং, রৌপ্য, রূপা।
শ্বেতকুঞ্জর, শ্বেতগজ, শ্বেতদ্বিপ, (শ্বেত=শাদা—কুঞ্জর, গজ, দ্বিপ=হস্তী) সং, পুং, ইন্দ্রগজ, ঐরাবতহস্তী
শ্বেতকেতু, (শ্বেত=শাদা—কেতু=ধ্বজ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ঋষিবিশেষ "তৎ-ত্বমসি শ্বেতকেতো" বেদ। বুদ্ধমতস্থ ব্যক্তিবিশেষ। প্রাণী।
শ্বেতকোল, সং, পুং, পুটীমাছ, শফর,
শ্বেতগরুৎ, (শ্বেত=শাদা—গরুৎ=পক্ষ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, হংস। বিং, ত্রিং, শুক্লবর্ণপক্ষবিশিষ্ট।
শ্বেতচ্ছদ, (শ্বেত=শাদা—ছদ=পালখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, হংস। বিং, ত্রিং, শুক্লপক্ষশালী, শুক্লপক্ষযুক্ত।
শ্বেতধাতু, (শ্বেত=শাদা—ধাতু=আকরীয়) সং, পুং, খটিকা, খড়ী, কঠিনী।
শ্বেতধামা, (শ্বেতধামন্ শ্বেত=শাদা—ধামন্=কিরণ) সং, পুং, চন্দ্র, চন্দ্রমা, নিশাকর, ইন্দু, সোম। কর্পূর। সমুদ্রফেনা
শ্বেতনীল, (শ্বেত=শাদা—নীল=কৃষ্ণবর্ণ বা গাঢ় নীলবর্ণ) সং, পুং, মেঘ, জীমূত, জলদ, ঘন, পয়োদ, বারিবাহ। শুক্ল ও নীলবর্ণ।
শ্বেতপত্র, (শ্বেত=শাদা—পত্র=পালখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শ্বেতচ্ছদ, হংস।
শ্বেতপত্রবাহন, (শ্বেতপত্র=হংস—বাহন =রথাদি) সং, পুং, হংসবাহন, ব্রহ্মা, পিতামহ, কমলযোনি, স্রষ্টা।
শ্বেতপিঙ্গ, শ্বেতপিঙ্গল, (শ্বেত=শাদা—পিঙ্গ, পিঙ্গল=পীতের আভাযুক্ত গাঢ় নীল) সং, পুং, সিংহ, কেশরী, মৃগরাজ, হরি। শুক্লপীতবর্ণ।
শ্বেতপুষ্প, (শ্বেত=শাদা—পুষ্প=ফুল) সং, পুং, সিন্ধুবার বৃক্ষ। ষ্পা—স্ত্রীং, লতাবিশেষ, ঘোষাতকী।
শ্বেতরক্ত, (শ্বেত=শাদা—রক্ত=লাল, শ্বেতমিশ্রিত রক্তবর্ণ, ৩য়া—ষ) সং, পুং, পাটলবর্ণ, গোলাপি রং। বিং, ত্রিং, পাটলবর্ণবিশিষ্ট।

শ্বেতরথ, (শ্বেত=শাদা—রথ=শকটাদি) সং, পুং, শুক্রগ্রহ।

শ্বেতরোচিঃ, (শ্বেতরোচিস্, শ্বেত=শাদা—রোচিস্=দীপ্তি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চন্দ্র, বিধু, শীতরশ্মি। বিং, ত্রিং, শুক্ল-তেজোযুক্ত।

শ্বেতবাজী, (শ্বেতবাজিন্, শ্বেত=শাদা—বাজিন্=অশ্ব+ইনি—অস্ত্যর্থে) সং, পুং, চন্দ্র, সোম, নিশানাথ। অর্জ্জুন, পার্থ, সব্যসাচী।

শ্বেতবাহ্, শ্বেতবাহ, (শ্বেত=শাদা—বাহ্, বাহ=অশ্ব) সং, পুং, ইন্দ্র, শতক্রতু, শক্র, সহস্রলোচন, দেবরাজ, বজ্রী। অর্জ্জুন, বৃহন্নলা, জিষ্ণু, নর, ধনঞ্জয়।

শ্বেতবাহন, (শ্বেত=শাদা—বাহন=যান) সং, পুং, ইন্দু, বিধু, উড়ুপতি। ধনঞ্জয়, পার্থ, অর্জ্জুন। মকর।

শ্বেতশুঙ্গ, (শ্বেত=শাদা—শুঙ্গ=ধান্যাদির শুয়া, ৬ষ্ঠী—হিং) সং, পুং, যব।

শ্বেতসার, (শ্বেত=শাদা—সার=সারাংশ, মাইজ) সং, পুং, খদির বৃক্ষ। এই শ্বেতসার তুষারের ন্যায় শ্বেতবর্ণ, দেখিতে উজ্জ্বল, অঙ্গুলি দ্বারা চাপিলে অল্প শব্দ হইয়া থাকে; গোধূম গোলআলু প্রভৃতিতে অধিক পরিমাণে দৃষ্ট হইয়া থাকে। (Starch)

শ্বেতহয়, (শ্বেত=শাদা—হয়=অশ্ব) সং, পুং, ইন্দ্রের অশ্ব। অর্জ্জুন, সব্যসাচী, ধনঞ্জয়, কৃষ্ণ।

শ্বেতোদর, (শ্বেত=শাদা—উদর=পেট) সং, পুং, কুবের, যক্ষরাজ, ধনেশ।

শ্বেতোহী, (শ্বেতবাহ=ইন্দ্র+ঈপ্—প্রং) সং, স্ত্রীং, ইন্দ্রাণী, শচী।

শ্বৈত্য, (শ্বেত+ষ্যঞ্—ভাবে) সং, ক্লীং, ধাবল্য, শুক্লত্ব। শুভ্রতা, নির্ম্মলতা।

শ্বোবসীয়স, (শ্বস্ এবং বস্ত, এই দুই অব্যয় শব্দের অর্থ এখানে মঙ্গল+ঈয়স্থ—প্রং) বিং, ত্রিং, মঙ্গল, শুভ। মোক্ষ, কুশল। পরদিনভাবি শুভ।

ষ।

ষ, ব্যঞ্জনের একত্রিংশবর্ণ, (ষো=নাশকরা+ড—প্রং) সং, পুং, কেশ, চুল, চিকুর, মূর্দ্ধন, কচ, বাল। শিক্ষক, উপদেষ্টা, গুরু। নাশ, ক্ষতি, ধ্বংস। অবশেষ। প্রাক্তন সংস্কার বা জ্ঞান লোপ। মুক্তি, নির্ব্বাণ। স্বর্গ, নাক। নিদ্রা। ক্লীং, অঙ্কুর। ধৈর্য্য। বিং, ত্রিং, বিজ্ঞ। শ্রেষ্ঠ। শোভন

ষট, (ষষ্, ষো=নাশকরা+ক্বিপ্—প্রং, নিপাতন) বিং, ত্রিং, ৬ ছয় সঙ্খ্যা।

ষট্ক, (ষষ্=ছয়+কণ্—প্রং) বিং, ত্রিং ৬ ছয় সঙ্খ্যা। ছয়গুণ।

ষট্কর্ম্ম, (ষট্কর্ম্মন্, ষষ্=ছয়—কর্ম্মন্=কার্য্য, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, যজন, যাজন অধ্যয়ন, অধ্যাপন, দান, প্রতিগ্রহ—এই ছয় কর্ম্ম। তন্ত্রে—শান্তি, বশীকরণ, স্তম্ভন, বিদ্বেষ, উচ্চাটন, মারণ—এই ছয় কর্ম্ম। ম্ম—পুং, ঐ ছয় কর্ম্মকারী ব্রাহ্মণ। "ইজ্যাধ্যয়নদানানি যাজনাধ্যাপনে তথা। প্রতিগ্রহশ্চ তৈর্যুক্তঃ ষট্কর্ম্মা বিপ্র উচ্যতে"।

ষট্কোণ, (ষষ্=ছয়—কোণ) সং, ক্লীং বজ্র, অশনি। বিং, ত্রিং, যাহার ছয়টি কোণ আছে।

ষট্চক্র, (ষষ্=ছয়—চক্র, দ্বিগু—স) সং ক্লীং, দেহমধ্যস্থ পদ্মাকার ৬ চক্র।

ষট্চত্বারিংশৎ, (ষষ্=ছয়—চত্বারিংশৎ=চল্লিশ, ছয় অধিক চল্লিশ, য়ং—স মধ্যপদলোপ) সং, স্ত্রীং, ৪৬ ছচল্লিশ সঙ্খ্যা। তৎসঙ্খ্যক।

ষট্চরণ, (ষষ্=ছয়—চরণ=পা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ষট্পদ, ভ্রমর, শিলীমুখ উকুণ।

ষট্‌ত্রিংশৎ, (ষষ্=ছয়-ত্রিংশৎ=ত্রিশ; ছয় অধিক ত্রিশ, য়ং—স। মধ্যপদলোপ সং, স্ত্রীং, ৩৬ ছত্রিশ সঙ্খ্যা।

ষট্পদ, (ষষ্=ছয়—পদ=পা, ৬ষ্ঠী—হিং সং, পুং, ভ্রমর। দী—স্ত্রীং, উকুণ

ভ্রমরী। ছন্দোবিশেষ।

ষট্‌পদপ্রিয়, (ষট্‌পদ=ভ্রমর—প্রিয়) সং, পুং, নাগকেশর বৃক্ষ। (পদ্ম, কুমুদ ইত্যাদি শব্দেও প্রযুক্ত হইয়া থাকে।)

ষট্‌পদাতিথি, (ষট্‌পদ=ভ্রমর—অতিথি) সং, পুং, আম্রবৃক্ষ, সহকার, চূত।

ষট্‌পঞ্চাশৎ, (ষষ্=ছয়—পঞ্চাশৎ=পঞ্চাশ; ছয় অধিক পঞ্চাশ; য়ং—স। মধ্যপদ-লোপ) সং, স্ত্রীং, ৫৬ ছাপ্পান্ন সঙ্খ্যা। তৎসঙ্খ্যক।

ষট্‌প্রজ্ঞ, (ষষ্=ছয়—প্রজ্ঞ=যে জানে) সং, পুং, কামুক, লম্পট। ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষ, সামাজিকনিয়ম অর্থাৎ লোকাচার, বার্ত্তাশাস্ত্র অর্থাৎ তত্ত্বজ্ঞান —এই ছয় বিষয়ে অভিজ্ঞ বৌদ্ধ।

ষড়ক্ষীণ, (ষষ্=ছয়—অক্ষি= চক্ষু+খ, ঈন—প্রং) সং, পুং, মৎস্য, মাছ, মীন, ঝষ।

ষড়ঙ্গ, (ষষ্=ছয়—অঙ্গ=অবয়ব, অংশ; দ্বিগু—স) সং, ক্লীং, হস্তদ্বয়, পদদ্বয়, কটি, মস্তক—দেহের এই ৬ অঙ্গ। শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দঃ, জ্যোতিষ—বেদের এই ৬ অঙ্গ। মৌল, ভৃত্য, সুহৃৎ, শ্রেণী, দ্বিষৎ, আটবিক —এই ছয়প্রকার সেনাবয়ব। বিং,ত্রিং, ঐ ছয় অঙ্গবিশিষ্ট।

ষড়ঙ্গজিৎ, (ষড়ঙ্গ=ছয়অঙ্গ—জিৎ= যে জয় করে) সং, পুং, বিষ্ণু, নারায়ণ।

ষড়ঙ্ঘ্রি, (ষষ্=ছয়—অঙ্ঘ্রি=পা, ৬ষ্ঠী—হিং) সং,পুং, ভ্রমর, শিলীমুখ, ষট্‌পদ।

ষড়ভিজ্ঞ, (ষষ্—ছয় [বিদ্যা বা ধর্ম্ম]—অভিজ্ঞ=বহুদর্শী) সং, পুং, দিব্য চক্ষুঃ-শ্রোত্র, পরচিত্তজ্ঞান, পূর্ব্বজন্ম স্মরণ, আত্মজ্ঞান, বিয়দ্গতি অর্থাৎ আকাশে বিচরণ করিবার ক্ষমতা, কায়ব্যূহসিদ্ধি অর্থাৎ যে কোন দেহ ধারণ করিবার ক্ষমতা—এই ছয়বিষয়ে অভিজ্ঞ বৌদ্ধ

ষড়শীতি,(ষষ্=ছয়—অশীতি=আশী ; ছয় অধিক আশী ; য়ং—স। মধ্যপদলোপ) সং,স্ত্রীং, ৮৬ ছেয়াশী সংখ্যা। সংক্রান্তি-বিশেষ, মিথুন কন্যা ধনু ও মীনরাশিতে সূর্য্যের সংক্রমণ।

ষড়ানন, (ষষ্=ছয়—আনন=মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, স্কন্দ, কার্ত্তিকেয়, সেনানী, শরজন্মা।

ষড়ূষণ, (ষষ্=ছয়—উষণ=ঝাল মশলা) সং,ক্লীং, শুঠ পিপুল মরিচ প্রভৃতি মিশ্রিত ছয় প্রকার কটু দ্রব্য।

ষড়্‌গব, (ষষ্=ছয়—গো=গোরু + অচ্—যোগ) বিং, ত্রিং, ছয় গোরু দ্বারা আকৃষ্ট (হলাদি)। সং,ক্লীং,ছয়টী গোরু।

ষড়্‌গুণ, (ষষ্=ছয়—গুণ=সময়, বার) সং, পুং,বহুং, সন্ধি,বিগ্রহ, যান,আসন, দ্বৈধ, আশ্রয়—রাজাদিগের এই ছয় গুণ। বিং, ত্রিং,ছয় সঙ্খ্যাদ্বারা গুণিত।

ষড়্‌জ, (ষষ্=ছয় [স্থান]—জ=যে জন্মে, ৫মী—ষ) সং,পুং, তন্ত্রীকণ্ঠোত্থিত স্বর-বিশেষ,উহাময়ূরস্বরতুল্য, খরজ্। নাসা, কণ্ঠ, উরঃ, তালু, জিহ্বা ও দন্ত—এই ছয় স্থান হইতে উৎপন্ন হয় বলিয়া এই স্বরের নাম ষড়্‌জ। "ষড়্‌জসংবাদিনী কেকা" কাং।

ষড়্‌ধা, ষোঢ়া, (ষষ্=ছয়+ধাচ্—প্রকারার্থে) অং, ছয়বার। ষড়্‌বিধ।

ষড়্‌রস, (ষষ্=ছয়—রস)সং, ক্লীং, দ্রব্যের ছয় প্রকার আস্বাদ—মধুর, লবণ, তিক্ত, কষায়, অম্ল, কটু—এই ছয়।

ষড়্‌বক্ত্র, (ষষ্=ছয়—বক্ত্র=মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ষড়ানন, কার্ত্তিকেয়, স্কন্দ, শরজন্মা, সেনানী।

ষড়্‌বর্গ, (ষষ্=ছয়—বর্গ=শ্রেণী, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ, মাৎসর্য্য—এই ছয়।

ষড়্‌বিধ, (ষষ্=ছয়—বিধ=প্রকার) বিং, ত্রিং, ছয় প্রকার।

ষড়্‌বিন্দু, (ষষ্=ছয়—বিন্দু =দ্রবদ্রব্যের কণা বা ক্ষুদ্র চিহ্ন) সং, পুং, বিষ্ণু, জিষ্ণু, সৌরি, নারায়ণ, মাধব। কীট-

বিশেষ। পক্কতৈলবিশেষ।

ষণ্ড, (ষণ্=দানকরা+ড—প্রং) সং, পুং, স্বাধীন। বৃষ, ষাঁড়, উক্ষ, বলীবর্দ্দ। ক্লীব, নপুংসক। সমূহ। পুং—ক্লীং, পদ্মসমূহ।

ষণ্ডালী, (ষণ্ড=ষাঁড়, নপুংসক— অল্ =পারক হওয়া+অচ্—ঈপ্—প্রং) সং, স্ত্রীং, তৈলমানবিশেষ, ছটাক। সরোবর। দীর্ঘিকা, বাপী, তড়াগ। কামুকী স্ত্রী।

ষণ্ঢ, (ষণ্ড দেশ্য+ঢ—প্রং) সং, পুং, নপুংসক, ক্লীব।

ষণ্মাস্য, (ষণ্মাস+যৎ—ভবার্থে। ষাণ্মাস্যও হয়) বিং, ত্রিং, যাহা ছয় মাসে সম্পন্ন হয়, ছয়মাসসাধ্য।

ষণ্মুখ, (ষষ্=ছয়—মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ষড়ানন, কার্ত্তিকেয়, সেনানী, শরজন্মা।

ষত্ব, (ষ=মূর্দ্ধন্য ষকার+ত্ব—ভাবে) সং, ক্লীং, মূর্দ্ধন্য ষকারের ভাব।

ষর্ষপী, সং, স্ত্রীং, খঞ্জনাকৃতি পক্ষিবিশেষ।

ষষ্টি, (ষষ্=ছয়+ক্তি—প্রং) সং, স্ত্রীং, ৬০, ষাইট সংখ্যা।

ষষ্টিক, (ষষ্টি= শাইট [দিন] +অণ্—যোগ) সং, পুং—স্ত্রীং, ধান্যবিশেষ, ৬০ রাত্রিতে যে ধান্য পক্ক হয়। বিং, ত্রিং, ষষ্টিসংখ্যা দ্বারা ক্রীত।

ষষ্টিক্য, (ষষ্টিক+যৎ—সংক্ষেপার্থে) বিং, ত্রিং, ষষ্টিক ধান্য জন্মিবার উপযুক্ত ক্ষেত্রাদি। [ত্রিং, ষাইটের পূরণ।

ষষ্টিতম, (ষষ্টি+তম—পূরণার্থে) বিং,

ষষ্টিধা, (ষষ্টি=ষাইট+ধাচ্—প্রকারার্থে) অং, ষাইটপ্রকার। ৬০ বার।

ষষ্ঠ, ষষ্ঠক, (ষষ্+ডতি, পূরণার্থে; থুক্—আগম। ষষ্ঠ+কণ্—প্রং) বিং, ত্রিং, ছয়ের পূরণ।

ষষ্ঠান্নকাল, (ষষ্ঠান্ন—কাল=সময়। কন্ যোগে—ষষ্ঠান্নকালক) সং, ক্লীং, দুই বা তিন দিন অন্তর ভোজন।

ষষ্টিমত্ত, (ষষ্টিন্=ছয় [বর্ষ]—মত্ত=ক্রুদ্ধ) সং, পুং, হস্তী, ইভ, বারণ, মাতঙ্গ, কুঞ্জর

ষষ্টিহায়ন, (ষষ্টিন্=ছয়—হায়ন=বৎসর। তখন, সম্পূর্ণ বয়ঃপ্রাপ্ত হয়) সং, পুং, হস্তী, দ্বিরদ, দ্বিপ, করী। এক প্রকার ধান্য।

ষষ্ঠী, ষষ্ঠিকা, (ষষ্ঠ+ঈপ্—প্রং। ষষ্ঠী+কণ্—প্রং) সং, স্ত্রীং, কাত্যায়নী, দুর্গা, গৌরী, গিরিজা, ভবানী। তিথিবিশেষ। দেবীবিশেষ। মাতৃকাবিশেষ, স্কন্দপত্নী। "ষষ্ঠাংশরূপা প্রকৃতেস্তেন ষষ্ঠী প্রকীর্ত্তিতা"। [স্বরে মিলিত রাগিণী।

ষাড়ব, সং, পুং, গীত, গান। রস। ছয়-

ষাড়্গুণ্য, (ষড়্গুণ+যঞ্— প্রং) সং, ক্লীং, সন্ধি, বিগ্রহ, যান, আসন, দ্বৈধীভাব, সমাশ্রয়—এই ছয় গুণ।

ষাণ্মাতুর, (ষষ্=ছয়—মাতৃ=মা, ৬ষ্ঠী—হিং, অ—অপত্যার্থে) সং, পুং, ষড়ানন, কার্ত্তিকেয়,—কৃত্তিকাত্রয়, দুর্গা, গঙ্গা, পৃথ্বী—ইনি এই ছয়ের পুত্র।

ষাণ্মাসিক, (ষণ্মাস+ঠক্—ভবার্থে) বিং, ত্রিং, ষণ্মাসসম্বন্ধীয়, ছয় মাসে কর্ত্তব্য (শ্রাদ্ধাদি)।

ষিড্গ, (ষিট্=ঘৃণাকরা+গ—প্রং) সং, পুং, কামুক, লম্পট। জার, ভুজঙ্গ।

ষোড়ন্, (ষোড়ৎ, ষষ্=ছয়— দৎ=দন্তশব্দজ) সং, পুং, ছয়দন্তবিশিষ্ট বৃষ।

ষোড়শ, (ষোড়শন্+ডট্—পূরণার্থে) বিং, ত্রিং, ষোল সংখ্যার পূরণ।

ষোড়শ, (ষোড়শন্, ষষ্=ছয়—দশন্=দশ, ছয় অধিক দশ, ষং—স, নিপাতন। মধ্যপদলোপ) বিং, বহুং, ১৬ ষোল সংখ্যা,

ষোড়শক, ষোড়শদান, } (ষোড়শন্=ষোল+কণ্—যোগ। ষোড়শন্=ষোল—দান) সং, ক্লীং, ভূমি, আসন, জল, বস্ত্র, প্রদীপ, অন্ন, তাম্বূল, ছত্র, গন্ধ, মাল্য, ফল, শয্যা, পাদুকা, গো, কাঞ্চন, রজত—শ্রাদ্ধাদিকালে এই ষোড়শ প্রকার দ্রব্যদান।

ষোড়শাংশু, (ষোড়শন্=ষোল— অংশু =কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শুক্রগ্রহ।

ষোড়শাঙ্গ, (ষোড়শন্=ষোল—অঙ্গ=অবয়ব, ষষ্ঠী—হিং) বিং, ত্রিং, ষোলঅঙ্গবিশিষ্ট। সং, পুং, গুগগুলু, সরল, দারু, পত্র, চন্দন, হ্রীবের, অগুরু, কুষ্ঠ, গুড়, সর্জ্জরস, ঘন, হরীতকী, নখী, লাক্ষা, জটামাংসী, শৈলেয়—এই ১৬ প্রকার সুগন্ধিদ্রব্যমিশ্রিত ধূম।

ষোড়শাঙ্ঘ্রি, (ষোড়শন্=ষোল—অঙ্ঘ্রি=পা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কর্ক্কট, কাঁকড়া

ষোড়শার্চ্চিঃ, (ষোড়শার্চ্চিস্, ষোড়শন্=ষোল—অর্চ্চিস্=কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শুক্রগ্রহ।

ষোড়াশাবর্ত্ত, (ষোড়শন্=ষোল—আবর্ত্ত=ঘূর্ণন) সং, পুং, শঙ্খ, কম্বু।

ষোড়শার, (শোড়শন্=ষোল -আর=কোণ, ৬ -হিং) সং, ক্লীং, ষোড়শদল পদ্ম।

ষোড়শী, (ষোড়শিন্, ষোড়শ+ইনি—প্রং) সং, পুং, যজ্ঞপাত্রবিশেষ। স্ত্রীং, কালী, তারা প্রভৃতি দ্বাদশমহাবিদ্যার মধ্যে এক মহাবিদ্যা।

ষোড়োশোপচার, (শোড়শন্=ষোল—উপচার) সং, পুং, আসন, স্বাগত, পাদ্য, অর্ঘ্য, আচমনীয়, মধুপর্ক, পুনরাচমনীয়, স্নান, বসন, আভরণ, গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য, চন্দন—এই পূজার ১৬ উপচার।

ষ্ঠ্যূত, (ষ্ঠীব্=ছেপ ফেলা+ক্ত—প্রং) বিং ত্রিং নিরস্ত। বান্ত, বমনকরা। থুথুফেলা।

-***-

স

স, ব্যঞ্জনের দ্বাবিংশবর্ণ। (সো=গমনকরা+ড—প্রং) সং, পুং, শিব, ধূর্জ্জটি, মহাদেব, পিণাকী, কৃত্তিবাস। বিষ্ণু, নারায়ণ, সৌরি, জিষ্ণু। বায়ু, পবন, শ্বসন, বাত। সর্প, ভোগী, ভুজঙ্গ, উরগ। জীবাত্মা। চন্দ্র, সোম, ইন্দু, নিশাকর। ভৃগু। দীপ্তি, কান্তি, প্রভা। সা—স্ত্রীং, লক্ষ্মী, রমা, কমলা।—সা, গৌরী, গিরিজা, অর্পণা, শিবা। ক্লীং, জ্ঞান। চিন্তা। গাড়ি যাইবার উপযুক্ত রাস্তা

সইস, (যবনভাষা) সং, অশ্বপাল।

সঙ্গী, (সখীশব্দজ) সং, সখী, সঙ্গিনী, বয়স্যা। [আদি।

সওয়ারি, (যবনভাষা) সং, যান—পালকী

সওয়াল, (যবনভাষা) প্রশ্ন, জিজ্ঞাসা।

সওদাগর, (যবনভাষা) সং, বণিক্, বাণিজ্যব্যবসায়ী। [বেশ।

সং, (দেশজ) বিং, নটাদির কৌতুকাবহ

সংকৃপ্তকণ্ঠাস্থিক, যাহাদের কণ্ঠের অস্থিসকল একত্রে সংলগ্ন হইয়া একথণ্ড হয়। এইলক্ষণ তাহাদের প্রধান এবং সর্ব্বত্র তুল্য, যথা—কাদাখোঁচা, মৎস্য। (Pharyngognatha)

সংক্রম, সঙ্ক্রম—পুং, ক্লীং } (সম্—ক্রম
সংক্রাম, সঙ্ক্রাম—পুং, } =গমনকরা
+অচ্—ণ, কিম্বা র্ম—ভা) সং, সেতু, সাঁকো। পুং, গমন। সংক্রমণ। সোপান, তীর্থ। সংক্রান্তি। প্রাপ্তি। প্রবেশ

সংক্রমণ, সঙ্ক্রমণ, (সম্—ক্রম্=গমনকরা+অনট্—ণ, কিম্বা র্ম—ভা) সং, ক্লীং, গমন। প্রবেশ। প্রাপ্তি। সংক্রান্তি, সূর্য্যাদির রাশ্যন্তরে প্রবেশ। সোপান। সেতু, সাঁকো।

সংক্রমিত, সঙ্ক্রমিত } (সম্—ক্রমি
সংক্রামিত, সঙ্ক্রামিত, } =গমনকরান+
ক্ত—র্ম) বিং, ত্রিং, স্থাপিত। নিবেশিত, প্রবেশিত। গমিত। প্রতিবিম্বিত।

সংক্রান্ত, সঙ্ক্রান্ত, (সংক্রম দেখ, +ক্ত—ক) বিং, ত্রিং, প্রতিবিম্বিত। সম্বন্ধীয়। গত, প্রাপ্ত। সংক্রমণবিশিষ্ট। যুক্ত। প্রবিষ্ট। সঞ্চরিত। ব্যাপ্ত।

সংক্রান্তি, সঙ্ক্রান্তি, (সংক্রম দেখ+ক্তি—ভা) সং, স্ত্রীং, গমন, সঞ্চার। সূর্য্যাদির রাশ্যন্তরে গমন। প্রতিবিম্বন। ব্যাপ্তি।

সংক্রামক, সঙ্ক্রামক, (সংক্রম দেখ+ ণক—ক) বিং, ত্রিং, একস্থান হইতে অন্যস্থানে প্রবেশকারক। যাহা কোন বস্তুর সংস্রবে উৎপন্নহয়; যথা—সংক্রামক রোগ।

সংগৃহীত, সঙ্গৃহীত, (সংগ্রহ দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, সঙ্কলিত, আহৃত, একত্রীকৃত।

সংগোপন, সঙ্গোপন, সম=সম্যক্-গুপ্=গোপনকরা+অনট্—ভা) সং, ক্লীং, সম্পূর্ণরূপে গোপন, লুকান।

সংগোপিত, সঙ্গোপিত, (সম্—গুপ্=গোপনকরা+ক্ত-র্ম্ম)বিং,ত্রিং, লুকায়িত

সংগ্রহ, সঙ্গ্রহ—পুং, } (সম্-গ্রহ্, সংগ্রহণ, সঙ্গ্রহণ—ক্লীং, } [গ্রহণকরা] =বুঝা+অচ্, অনট্—ণ। সংক্ষেপে করা যায় অর্থাৎ নানা স্থানে বিপ্রকীর্ণ অর্থ সকল বুঝাযায় যাহার দ্বারা) সং, সঙ্কলন। "বিস্তরেণোপাদিষ্টানামর্থানাং সূত্রভাষ্যয়োঃ। নিবন্ধো যঃ সমাসেন সংগ্রহং তং বিদুর্বুধাঃ"॥ "ইতস্ততঃ আকৃষ্য একত্র নিবন্ধনং সংগ্রহ"॥ "নানা গ্রন্থস্থা অর্থাঃ সংগৃহ্যন্তে একস্থানস্থাঃ ক্রিয়ন্তে ইতি সংগ্রহো গ্রন্থবিশেষ"।

সংগ্রহণী, সঙ্গ্রহণী, (সংগ্রহ দেখ, +অনট্ ঈপ্—প্রং) সং, স্ত্রীং, গ্রহণীরোগ, উদরভঙ্গরোগ। একত্রীকরণ, সঞ্চয়। গ্রহণ। সঙ্কোচ। মুষ্টি। উচ্চতা।

সংগ্রহীতা, } (সংগ্রহীতৃ, সংগ্রহ দেখ সংগ্রাহক, } +তৃণ্, ণক) বিং, ত্রিং, সংগ্রহকর্ত্তা।

সংগ্রাম, সঙ্গ্রাম, (সংগ্রাম্=যুদ্ধকরা+অচ্—ভা) সং, পুং, যুদ্ধ, রণ, সমর, লড়াই।

সংগ্রামপটহ, (সংগ্রাম=রণ—পটহ=ঢক্কা) সং, পুং, রণবাদ্য, যুদ্ধ সময়ে বাদনীয় বাদ্য।

সংগ্রাহ, সঙ্গ্রাহ, (সম্—গ্রহ্=গ্রহণকরা +ঘঞ্—ভা) সং, পুং, ফলকের মুষ্টি, ফলকগ্রহণ স্থান্ মুষ্টি দ্বারা বন্ধন মুষ্টি।

সংগ্রাহী, সংগ্রাহী, (—হিন্, সংগ্রহদেখ, +ইনি—ক) ত্রিং, ত্রিং, সংগ্রহকর্ত্তা।

সংজ্ঞপন, সঞ্জ্ঞপন—ক্লীং, } (সম্—সংজ্ঞপ্তি, সঞ্জ্ঞপ্তি—স্ত্রীং, } জ্ঞপি[জ্ঞান], বধ করা+অনট্—ভা), সং, মারণ, বধ। হত্যা বিজ্ঞাপন। প্রচারকরণ।

সংজ্ঞা, সঞ্জ্ঞা, (সম্—জ্ঞা=জানা+আপ্—ভা; যাহার দ্বারা সকল বস্তু জানা যায়) সং, স্ত্রীং, নাম, আখ্যা। জ্ঞান, চৈতন্য। সঙ্কেত,হস্তাদিদ্বারা অর্থসূচনা। বুদ্ধি। সূর্য্যপত্নী। গায়ত্রী। বিশেষ্যপদ।

সজ্ঞাপন, সঞ্জ্ঞাপন, (সম্—জ্ঞাপি =জানান+অনট্—ভা) সং, ক্লীং, বিজ্ঞাপন।

সংজ্ঞু, (সম্=একসঙ্গে, মিলিত—জানু। জানু=জ্ঞু) বিং, ত্রিং,সংহতজানু,মিলিতজানু, যাহার জানুদ্বয় পরস্পর মিলিত।

সংজ্বর, (সম্=সম্যক্—জ্বর্=রোগী বা সন্তপ্ত হওয়া+অচ্—ভা) সং, পুং, সম্যক্ জ্বর, অতিশয় সন্তাপ।

সংয, (সম্=একসঙ্গে—যম্=নিবৃত্তকরা +ড—প্রং; ম্—লোপ) সং,পুং,কঙ্কাল, দেহের অভ্যন্তরস্থ যথাবৎ অবস্থিত সমুদায় অস্থি।

সংযৎ, (সম্—যম্=বিষয়ে বিরত হওয়া +ক্বিপ্—প্রং, ৎ—আগম) সং, পুং, —স্ত্রীং, রণ, সংগ্রাম, যুদ্ধ, লড়াই। আহব। সংশয়।

সংযত,(সম্—যম্=নিবৃত্তকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, রুদ্ধ, বদ্ধ, কৃতসংযম। নিয়মিত।

সংযতব্রত, (সংযত—ব্রত=নিয়ম) বিং, ত্রিং, নিয়মবিশিষ্ট। কৃতসংযম।

সংযতাত্মা, (সংযতাত্মন্, সংযত—আত্মন্, ত্মা—হিং) বিং, ত্রিং, নিয়মিতচিত্ত, স্থিরমনাঃ।

সংযতেন্দ্রিয়, (সংযত—ইন্দ্রিয়। ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, ইন্দ্রিয়জয়কারী। জিতেন্দ্রিয়।

সংযদ্বর, (সংযত্ দেখ+বর—প্রং, ৎ-আগম। কিম্বা সংযৎ=সংগ্রাম—বর=প্রধান) সং, পুং, রাজা, নৃপ, ভূপতি, নরনাথ, লোকেশ

সংযন্তা, (সংযন্তৃ, সংযত দেখ, +তৃন্—ক) বিং, ত্রিং, সংযমকারী, নিয়ন্তা।

সংযম, সংযাম—পুং, সংযমন—ক্লীং, } (সংযত=দেখ, +অচ্, অনট্—ভা) সং, বন্ধন। ধ্যান। সমাধি, যোগ। ইন্দ্রিয়নিগ্রহ। ব্রতাদির পূর্ব্ব দিনে কর্ত্তব্যআচারবিশেষ। ব্রত, নিয়ম

সংযমনী, (সংযত দেখ, +অনট্—ঈপ্ প্রং) সং, স্ত্রীং, যমপুরী।

সংযমিত, (সংযত দেখ+ক্ত—র্ম্ম) বিং,ত্রিং বদ্ধ। নিয়মিত। দমিত। কৃতসংযম।

সংযমী, (সংযমিন্,সংযম+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, নিয়মবান্। মুনি. যোগী। জিতেন্দ্রিয়, সমাধিমান্। বিং, ত্রিং, ইন্দ্রিয়-সংযমযুক্ত।

সংযাত্রা, (সম্—যা=গমন করা, দ্বীপান্তর গমনকরা+ত্রন্, আপ্—প্রং) সং, স্ত্রীং, জলপথে দ্বীপান্তরে গমন।

সংযান, (সম্=সম্যক্, একসঙ্গে—যা=গমনকরা বা যাওয়া+অনট্—ভা) সং, ক্লীং, সম্যক্ প্রকারে গমন, মিলিত হইয়া যাওয়া। পুং—ছাঁচ।

সংযাব, (সম্=একসঙ্গে—যু=যুক্ত হওয়া, মিশ্রিত করা+ঘঞ্—প্রং) সং, পুং, খাদ্যবিশেষ, ঘৃত, ক্ষীর প্রভৃতি দ্বারা পক্ব গোধূমচূর্ণ।

সংযুক্, (সংযুজ্, সম্—যুজ্=যোগকরা +ক্বিপ্—প্রং) বিং, ত্রিং, সংযুক্ত। গুণাঢ্য, গুণবান্। সং, পুং, জামাতা।

সংযুক্ত, সংযুত, (সম্—যু, যুজ্=যোগ করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, সংযোগবিশিষ্ট, মিলিত, অনুগত। সংলগ্ন, একত্রিত।

সংযুগ, (পূর্ব্বে দেখ+ক—প্রং) সং, পুং, যুদ্ধ, সংগ্রাম, বিগ্রহ, রণ, আহব। সংযোগ।

সংযোগ, (সংযুক্ত দেখ+ঘঞ্—ভা) সং, পুং, সম্পর্ক। মিলন; মিশ্রণ।

সংযোগিত, সংযোগী, } সংযোগিন্, সংযোগ=মিলন+ইত, ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, সংযোগবিশিষ্ট।

সংযোজন, (সম্=সহিত—যুজ্=যোগ করা+অনট্—ভা) সং, ক্লীং, একত্রিতকরণ, মিশ্রণ, মিলান। মৈথুন।

সংযোজিত, (সম্—যোজি=যোগকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, সংমিলিত, মিশ্রীকৃত, একত্রিতকরা, সংযোগ করা।

সংরক্ষ—পুং, সংরক্ষণ } (সম্—রক্ষ্=রক্ষা করা+অচ্, অনট্—ভা) সং, রক্ষণ। পরিত্রাণ। তত্ত্বাবধারণ।

সংরব্ধ, (সংরম্ভ দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ক্রুদ্ধ। বেগিত। গর্ব্বিত। সম্ভ্রান্ত। উৎসাহিত। উদ্বেজিত।

সংরম্ভ, (সম্—রভ্=শব্দকরা, ক্রোধ করা ইত্যাদি+ঘঞ্—ভা) সং, পুং, ক্রোধ। বেগ। আক্রোশ। গর্ব্ব। উৎসাহ। সম্ভ্রম।

সংরম্ভী. (সংরম্ভিন্, সংরম্ভ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং সংরম্ভবিশিষ্ট।

সংরাধন, (সম্—রাধ্ [নিষ্পন্ন হওয়া] আরাধনা করা ইত্যাদি+অনট্—ভা) সং. ক্লীং, সেবা, আরাধনা, পরিচর্য্যা, অর্চ্চনা।

সংরাধিত, (সম্—রাধ্ [নিষ্পন্ন হওয়া] আরাধনা করা ইত্যাদি+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং,সেবিত, আরাধিত। অর্চ্চিত।

সংরাব, (সম্—রু=শব্দকরা+ঘঞ্—ভা) সং, পুং, শব্দ, ধ্বনি, নাদ, রুত, ঘোষ।

সংরাবী, (সংরাবিন্, সম্—রু=শব্দকরা +ইন্—ক) বিং, ত্রিং, শব্দবিশিষ্ট,

শব্দকারক।

সংরুদ্ধ, (সম্—রুধ্=রোধকরা+ক্ত—র্ম্ম) বিং,ত্রিং, প্রতিবদ্ধ, নিরুদ্ধ, প্রতিরুদ্ধ।

সংরূঢ়, (সম্—রুহ্=উৎপন্ন হওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, উৎপন্ন, জাত। অঙ্কুরিত। প্রবৃদ্ধ। প্রেরণ।

সংরোধ, (সংরুদ্ধ দেখ+ঘঞ্—ভা) সং, পুং, প্রতিবন্ধ, অবরোধ, বাধা, নিগড়। আটক। নিক্ষেপ।

সংরোহ, (সম্—রুহ=উৎপন্ন হওয়া ইত্যাদি+ঘঞ্—প্রং) সং, পুং, অঙ্কুর। জন্ম, উৎপত্তি।

সংলগ্ন, (সম্—লগ্=লাগিয়া যাওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, সংযুক্ত, মিলিত। সংযত, একত্রীভূত।

সংলয়, (সম্—লী=লীনহওয়া+অচ্—প্রং) সং,পুং,নিদ্রা,ঘুম,স্বপ্ন, স্বাপ। প্রলয়।

সংলাপ, (সম্=সহিত—লপ্=বলা+ঘঞ্—ভা) সং, পুং, পরস্পর কথাবার্ত্তা, মিথোভাষণ।

সংবৎ, (সংবদ্—সম্—বদ্=বলা+ক্বিপ্—প্রং) অং, বৎসর, হায়ন, বর্ষ। বিক্রমাদিত্য রাজার প্রচলিত অব্দ, এক্ষণে সংবৎ ১৯৩৬।

সংবৎসর, (সম্—বস্=বাসকরা+সর—প্রং, যাহাতে ঋতু সকল বাস করে) সং, পুং, বৎসর, বর্ষ। অব্দ।

সংবদন, (সম্—বদ=বলা+অনট্—ভা) সং, ক্লীং, কথন, বলা। সংবাদ। সদৃশীকরণ। দৃষ্টি। ক্লীং, না—স্ত্রীং, আলোচনা। বশীকরণ। মন্ত্রৌষধি দ্বারা মুগ্ধ করণ।

সংবনন, (সম্—বন্=[যাচ্ঞাকরা] অধীনকরা ইত্যাদি+অনট্—ভা) সং, ক্লীং, আলোচনা। বশীকরণ। মন্ত্রৌষধি দ্বারা মুগ্ধকরণ।

সংবর, (সম্—বৃ=বরণকরা+অপ্—প্রং) সং, ক্লীং, জল, সলিল, বারি। ধন, বিত্ত, বসু। পুং, অসুরবিশেষ। মৎস্যবিশেষ। মৃগবিশেষ।

সংবরণ, (সম্—বৃ=বরণকরা ইত্যাদি+অনট্—ভা) সং, ক্লীং, বরণ। সংগোপন। বরমাল্যদান। আবরণ। নিবারণ।

সংবরিত, (সম্—বরি=আচ্ছাদন করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, গোপিত। আচ্ছাদিত।

সংবর্ত্ত, (সম্—বৃৎ=বর্ত্তান+ঘঞ্—প্রং) সং, পুং, মহাপ্রলয়। মেঘ। ঘন, জীমূত। মেঘবিশেষ। মুনিবিশেষ।

সংবর্ত্তক, (সম্—বর্ত্তি=বর্ত্তান+ণক—প্রং) সং, পুং, বলরাম। বলরামের লাঙ্গল। সাগরাগ্নি। বাড়বানল।

সংবর্ত্তকী, (সংবর্ত্তকিন্, সংবর্ত্তক=ইঁহার লাঙ্গল+ইন্—অস্ত্যর্থে) সং, পুং, বলরাম, লাঙ্গলী।

সংবর্ত্তি, সংবর্ত্তিকা, (সম্=[মৃণালের] নিকট—বৃৎ=বর্ত্তান+ণক—প্রং) সং, স্ত্রীং, পদ্মের কেশর সমীপস্থ দল। পদ্মাদির নব পত্র। দীপাদির দশা।

সংবর্দ্ধক, (পশ্চাৎ দেখ,+ণক—ক) বিং, ত্রিং,সংবর্দ্ধনকারী, বৃদ্ধিকারক। সম্মানকারক।

সংবর্দ্ধন, (সম্=সম্যক্—বৃধ্=বর্দ্ধিত হওয়া+অনট্—ভা) সং, ক্লীং, না—স্ত্রীং, বৃদ্ধি। বাড়ান। সম্মাননা।

সংবর্দ্ধিত, (পূর্ব্বে দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বৃদ্ধিপ্রাপ্ত। বৃদ্ধিপ্রাপিত, বাড়ান।

সংবর্ম্মিত, (সম্—বর্ম্মন্=সাজোয়া+ইত—অস্ত্যর্থে) বিং, ত্রিং,বর্ম্মাচ্ছাদিত, সাজোয়া পরা।

সংবলিত, সম্বলিত, (সম্—বল=বেষ্টন করা+ক্ত—প্রং) বিং, ত্রিং, চলিত। সহিত, মিশ্রিত, মিলিত।

সংবসথ, (সম্—বস=বাসকরা+অথ—প্রং) সং, পুং, গ্রাম, পল্লী। বাসস্থান।

সংবহ, (সম্—বহ=বহনকরা+ঘঞ্—

ভা) সং, পুং, বায়ুবিশেষ। বহন।
সংবাটিকা, সং,স্ত্রীং, শৃঙ্গাটক, পানিফল।
সংবাদ, (সম্=সহিত—বদ্=বলা+ঘঞ্—ভা) সং, পুং, সমাচার, খবর, বার্ত্তা, সন্দেশ, বৃত্তান্ত। সাদৃশ্য। সম্ভাষণ, পরস্পর কথাবার্ত্তা।
সংবাদী, (সংবাদীন্, সংবাদ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, তুল্য, সদৃশ। একরূপ সম্ভাষী।
সংবাস, (সম্=সহিত—বস=বাসকরা +ঘঞ্—ধি) সং, পুং, বাসস্থান, গৃহ, বাড়ী, বাস। নগরের মধ্যেই হউক বা বাহিরেই হউক পুরবাসীদের অনাবৃত বিহার স্থান। সভা, সমাজ।
সংবাহ—পুং, সংবাহন—ক্লীং, (সম্—বাহি=[সুখ] পাওয়ান+ঘঞ্, অনট্—ভা) সং, অঙ্গমর্দ্দন, গাটেপা। ভারাদি বহন।
সংবাহক, (পূর্ব্বে দেখ,+ণক—ক) বিং, ত্রিং, অঙ্গমর্দ্দনকারী, যে গা টিপিয়া দেয়। বাহক।
সংবিগ্ন, (সম্—বিজ্=ভীত হওয়া+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, উদ্বিগ্ন। ভীত।
সংবিত্তি (সম্—বিদ্=জানা+ক্তি—ভা) সং, স্ত্রীং, বুদ্ধি। বোধ, অনুভব। চেতনা, সংবিদ্। পূর্ব্বস্মৃতি।
সংবিদ্, সংবিদা, (সম্—বিদ্=জানা ইত্যাদি+ক্বিপ,আপ্—ভা) সং, স্ত্রীং, জ্ঞান। নিয়ম। আচার। প্রতিজ্ঞা। যুদ্ধস্থলে ধ্বনি। সঙ্কেত। সমাধি। নাম। সম্ভাষণ। যুদ্ধ। সন্তোষ। শপথ।
সংবিদিত, (পূর্ব্বে দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অবগত, জ্ঞাত। প্রতিজ্ঞাত।
সংবিধা—স্ত্রীং, সংবিধান—ক্লীং, (সম্—বি—ধা=[ধারণকরা] রচনাকরা ইত্যাদি +আপ্, অনট্—ভা) সং, সেবার সামগ্রী। আয়োজন। ঘটনা। বৈচিত্র্য রচনা, সজ্জা, উপচার।
সংবিভক্ত, (সম্ — বি—ভজ্=ভাগ করা+ক্ত—র্ম্ম) বিং ত্রিং, বিভক্ত, পৃথক্কৃত।
সংবিষ্ট, (সম্—বিশ্= [প্রবেশকরা] শয়নকরা ইত্যাদি+ক্ত—ক) বিং, ত্রিং, সুপ্ত, শয়িত, নিদ্রিত, নিবিষ্ট।
সংবীক্ষণ, (সম্=সম্যক্—বি=বিবিধ—ঈক্ষ=দেখা+অনট্—ভা) সং, ক্লীং, সম্যক্ তাৎপর্য্য হেতু বিবিধপ্রকারে দর্শন। অন্বেষণ, মার্গণ, তল্লাস। দর্শন।
সংবীত, (সম্=সম্যক্—ব্যে=আচ্ছাদন করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, আবৃত। গুপ্ত। রুদ্ধ। (সন্—বি—ইত=গত) সংমিলিত, সঙ্গত। একত্রীভূত।
সংবৃত,(সম্=সম্যক্—বৃ=আচ্ছাদনকরা +ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, আচ্ছাদিত, আবৃত। গোপিত। গুপ্ত। লুক্কায়িত।
সংবৃতি, (পূর্ব্বে দেখ+ক্তি—ভা) সং, স্ত্রীং, আবরণ, আচ্ছাদন, গোপন।
সংবৃত্ত, (সম্—বৃৎ=হওয়া ইত্যাদি+ক্ত—ক) বিং,ত্রিং, সম্পাদিত। নিষ্পন্ন। জাত। গোপিত, লুক্কায়িত। সং, পুং, বরুণ।
সংবৃত্তি, (সম্=সহিত—বৃৎ=আবরণ করা ইত্যাদি+ক্তি—ভা) সং. স্ত্রীং, গোপন। নিষ্পত্তি, সিদ্ধি, সম্পাদন।
সংবেগ, (সম =সম্যক্—বিজ্=ভীতহওয়া+ঘঞ্—ভা) সং.পুং, ভয়। ভয়জনিত ত্বরা। অতিবেগ।
সংবেদ, (সম—বিদ্=জানা+ঘঞ্—ভা) সং, পুং, জ্ঞান, বোধ, অনুভব।
সংবেদন, (পূর্ব্বে দেখ+অনট্—ভা) সং, ক্লীং, না—স্ত্রীং, অনুভব।
সংবেদ্য, (সংবেদ দেখ+যৎ—র্ম্ম) বিং, ত্রিং, অনুভবযোগ্য। জ্ঞেয়।
সংবেশ, (সংবিষ্ট দেখ+ঘঞ্—ভা) সং, পুং, নিদ্রা, শয়ন, স্বপ্ন, স্বপ্নদর্শন। পীঠ, আসন। উপবেশন।
সংবেশন, (সম্—বিশ্= [প্রবেশকরা]

শিপু। পল্লবাদি রচিত আস্তরণ। যজ্ঞ, যাগ, অধ্বর।

সংস্তব, (সম্—স্তু=[স্তবকরা] আলাপ করা+ঘঞ্—ভা) সং, পুং, আলাপ, পরিচয়। প্রশংসা, স্তুতি।

সংস্তবান, (সম্—স্তু=স্তবকরা, প্রশংসা করা+শানচ্—ক) বিং, ত্রিং, সদ্বক্তা, বাগ্মী।

সংস্তাব, (সম্=গীতাংশে যাহাতে সকলে একত্র হইয়া গান করে, একসঙ্গে ধূয়া ধরে—স্তু= [ঈশ্বরকে] স্তবকরা+ঘঞ্—প্রং) সং, পুং, যজ্ঞেতে ব্রাহ্মণেরা মিলিত হইয়া যে স্থানে বসিয়া স্তবাদি পাঠ করে।

সংস্তুত, (সংস্তব দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রশংসিত, স্তুত। পরিচিত।

সংস্ত্যায়, (সম্—স্ত্যৈ=শব্দকরা, সংহত হওয়া+ঘঞ্—প্রং) সং, পুং, বিস্তার। নিবিড়সন্নিবেশ। সংঘাত, সমূহ। গৃহ, ঘর, আলয়, আবসথ।

সংস্থ, (সম্=সম্যক্—স্থা=থাকা ইত্যাদি +ক বা অঙ্—ক, ণ, ভা) বিং, ত্রিং, মৃত। স্থিত.অবস্থিত। সং,পুং,চর, দূত। স্বরাষ্ট্রবাসী, স্বদেশবাসী, প্রতিবাসী। বাসী, বাসকর্ত্তা। স্থা—স্ত্রীং, সচ্চরিত্র। স্থিতি। ন্যায় পথে স্থিতি। জীবিকা, ব্যবসায়। জীবনকাল। মৃত্যু, শেষ, নাশ। সাদৃশ্য। সমাপ্তি। ব্যবস্থা। যজ্ঞবিশেষ। নিত্য, নৈমিত্তিক, প্রাকৃতিক, আত্যন্তিক—এই চতুর্ব্বিধ প্রলয়। প্রকাশ।মূর্ত্তি, আকৃতি। সভা, সমাজ। রাজাজ্ঞা।

সংস্থান, (পূর্ব্বে দেখ+অনট্—ভা) সং, ক্লীং, আকৃতি। অবয়ব সঙ্ঘাত। নাশ, মৃত্যু। নির্ম্মাণ, বিন্যাস। সঞ্চয়। রাশি। চতুষ্পথ। চিহ্ন। সন্নিবেশ।

সংস্থাপন, (সম্—স্থাপি=স্থিত করান+অনট্—ভা) সং, ক্লীং, স্থাপিত করা, রাখা।

সংস্থাপিত, (পূর্ব্ব দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহা স্থাপন করা হইয়াছে।

সংস্থিত, (সংস্থ দেখ+ক্ত—ক) বিং, ত্রিং, স্থিত। সন্নিবিষ্ট। মৃত। সমাপ্ত।

সংস্থিতি, (সংস্থ দেখ+ক্তি—ভা) সং, স্ত্রীং, গৃহ। সংস্থান। মৃত্যু।

সংস্পর্শ, (সম্—স্পৃশ্=স্পর্শ করা+ঘঞ্—ভা) সং, পুং, সম্যক্ স্পর্শ. ত্বগিন্দ্রিয়গ্রাহ্য গুণবিশেষ।

সংস্পৃষ্ট, (পূর্ব্বে দেখ+ক্ত—র্ম্ম) বিং,ত্রিং, সংযুক্ত। সম্যক্ স্পর্শবিশিষ্ট।

সংস্ফাল,(সম্—ফল্=চলিতহওয়া+ঘঞ্—প্রং) সং, পুং, মেষ।

সংস্ফুট, (সম্—স্ফুট্=বিকসিত হওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, প্রস্ফুটিত, বিকসিত। উন্মীলিত।

সংস্ফেট, সংস্ফোট, (সম —স্ফিট্=অনাদরকরা, বধকরা ; স্ফুট্=বধকরা+ঘঞ্—প্রং) সং, পুং, যুদ্ধ, সংগ্রাম, রণ, আহব, সংগর।

সংস্মৃতি, (সম্—স্মৃ=স্মরণকরা+ক্তি—ভা) সং, স্ত্রীং, স্মরণ, মনে রাখা।

সংস্রব, (সম্—স্রু=[গমন করা] মিলিত হওয়া+ঘঞ্—ভা) সং, পুং, সম্পর্ক, মিলন, সম্বন্ধ।

সংহত, (সম্—হন্=[বধ করা] মিলিত হওয়া ইত্যাদি+ক্ত—প্রং) বিং, ত্রিং, মিলিত। জমাট। দৃঢ়।সঞ্চিত। আঘাতপ্রাপ্ত। সম্যক্ হত।

সংহতি, (পূর্ব্বে দেখ+ক্তি—ভা) সং, স্ত্রীং, সঙ্ঘ, সমূহ। একত্র মিলন, দলবন্ধন, "সংহতিঃ কার্য্যসাধিকা" বিংশং। সঙ্ঘাত, অবয়বসংশ্লেষ। নীরন্ধ্রতা। সম্যক্ বধ। নিবিড়সংযোগ।

সংহনন, (সম্=সম্যক্—হন্= আঘাত করা, বা বধকরা+অনট্—ভা) সং, ক্লীং, শরীর, দেহ, কায়। সঙ্ঘাত। সম্যক্ আঘাত।

সংহরণ, (সংহার দেখ+অনট্—ভা, ধি)

সং, ক্লীং, বিনাশ, সংহার। সংগ্রহ। সংকোচ। সঙ্ক্ষেপ।

সংহর্ষ, (সম্—হৃষ্=[তুষ্ট হওয়া] দ্বেষকরা ইত্যাদি+ঘঞ্—প্রং) সং, পুং, বায়ু, বাত, পবন, মাতরিশ্বা। আমোদ প্রমোদ। অন্যশুভদ্বেষ। স্পর্দ্ধা। মাৎসর্য্য। ঘর্ষণ। রোমাঞ্চ।

সংহার, (সম্—হৃ=[হরণকরা] বিনাশকরা ইত্যাদি+ঘঞ্—ভা, ধি) সং, পুং, প্রলয়। ধ্বংস। বিনাশ। নরকবিশেষ। সংগ্রহ। সঙ্কোচ। সঙ্ক্ষেপ। ভৈরববিশেষ।

সংহিত, (সম্—ধা=[ধারণকরা] সংগ্রহ করা ইত্যাদি+ক্ত—প্রং) বিং, ত্রিং, মিলিত, সংগৃহীত। একত্রীকৃত, একত্রীভূত। যোগচিহ্ন,+এই চিহ্ন (Plus.)

সংহিতা, (সংহিত+আপ্—প্রং) সং, স্ত্রীং, স্মৃতিশাস্ত্র। মন্বাদিপ্রণীত ধর্ম্মশাস্ত্র, বেদের শাখা।

সংহূতি, (সম্=একসঙ্গে—হ্বে=আহ্বান করা+ক্তি—ভা) সং, স্ত্রীং, অনেক লোক কর্ত্তৃক একবারে কৃতআহ্বান।

সংহৃত, (সংহার দেখ+ক্ত—ম্ম) বিং, ত্রিং, সংগৃহীত। সঞ্চিত। প্রত্যাকৃষ্ট। নষ্ট, বিনাশিত, হত। সঙ্কুচিত। সঙ্ক্ষিপ্ত

সংহৃতি, (সংহার দেখ+ক্তি—ভা) সং, স্ত্রীং, সংগ্রহ। সংহার। সঙ্কোচ। গ্রহণ, আক্রমণ, আটক করণ।

সংহ্রাদ, (সম্—হ্রাদ=শব্দ করা+ঘঞ্—ভা) সং, পুং, শব্দ, ধ্বনি, গোলমাল।

সংহ্রাদী, (সংহ্রাদিন্ পূর্ব্বে দেখ+ইনি—ক) বিং, ত্রিং, শব্দকারক, শব্দায়মান। হ্রাদযুক্ত।

সংহ্রীণ, (সম্—হ্রী=লজ্জিত হওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, লাজুক, লজ্জাশীল, সঘৃণ।

সংহ্লাদ, (সম্—হ্লদ্=সন্তুষ্ট হওয়া+ঘঞ্—ভা) সং, পুং, আহ্লাদ, আনন্দ।

সক, (স=তিনি, সে+কণ—যোগ) সং, পুং, তিনি, সে, সেই ব্যক্তি।

সকট, (স=সহিত—কট=অধম) বিং, ত্রিং, নীচ, অধম। সং, পুং, শাখোট বৃক্ষ, শেওড়াগাছ।

সকণ্টক, (স=সহিত বা সমান—কণ্টক=কাঁটা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, কণ্টকযুক্ত। সং, পুং, শৈবাল, শেওলা। করঞ্জবিশেষ, নাটাকরঞ্জগাছ।

সকর্ম্মক, (স=সহিত—কর্ম্মন্=কর্ম্ম, ১মা—হিং, কণ্—যোগ) সং, পুং, কর্ম্মযুক্ত ধাতু, যে ক্রিয়ার কর্ম্ম আছে। কর্ম্মান্বয়িক্রিয়ার্থক। "কচিৎ সকর্ম্মকাদ্ধাতোর্ভাবেহপিক্রিয়াব্যাপ্তিরস্তি। যথা—"কাং দিশং গন্তব্যং"।

সকল, (স=সহিত—কলা=অংশ, ১মা—হিং) বিং, ত্রিং, সমুদায়, সম্পূর্ণ, সমস্ত, সমগ্র। কলাসহিত।

সকাম, (স=[সহ], সহিত—কাম=কামনা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সাভিলাষ, কামনাবিশিষ্ট, অখণ্ড। [রিত সময়ে।

সকাল, অং, প্রত্যূষে। উপযুক্ত বা নির্দ্ধা-

সকাশ, (স=সহিত—কাশ্=দীপ্তি পাওয়া+ক—প্রং) বিং, ত্রিং, সমীপ, নিকট। কাশযুক্ত।

সকুল্য, (স=সমান—কুল্য=বংশ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সগোত্র, একবংশ।

সকৃৎ, (বারার্থে স্ প্রত্যয়ান্ত এক শব্দের স্থানে সকৃৎ) অং, একবার। সহিত। সর্ব্বদা। স্ত্রীং, বিষ্ঠা, মল, পুরীষ।

সকৃৎপ্রজ, (সকৃৎ—প্রজা=সন্তান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, জা—স্ত্রীং, বায়স, কাক, ধাঙ্ক্ষ, বলিভুক। বিং, ত্রিং, একপ্রসবী।

সকৃৎফলা, (সকৃৎ=একবার—ফল, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, কদলীবৃক্ষ, কলাগাছ। অংশুমৎফলা, রম্ভাগাছ।

সক্ত, (সন্‌জ্=আসক্ত হওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, আসক্ত। মনোযোগী, অভিনিবিষ্ট। সংলগ্ন। অর্পিত।

সক্তি, (পূর্ব্বে দেখ+ক্তি—ভা) সং,স্ত্রীং, সংযোগ। নিবেশ। অভিনিবেশ। সঙ্গ, আসক্তি।

সক্তু, (সচ্=জলাদি সেককরা+তুন্—প্রং) সং, পুং—স্ত্রীং, যবাদি চূর্ণ, ছাতু।

সক্থি, (সন্জ=আসক্ত হওয়া+থি—প্রং) সং, ক্লীং, উরু। শকটের অঙ্গবিশেষ।

সখা, (সখি, স=সমান—খ্যা=বলা+ই—প্রং) সং, পুং, লোক কর্ত্তৃক যে সমান উক্ত হইয়াছে, বন্ধু, মিত্র, সুহৃৎ, বয়স্ক, সহচর, সহায়।

সখিতা—স্ত্রীং, সখিত্ব—ক্লীং, (সখি+তা, ত্ব—ভাবে) সং, সখ্য, সৌহার্দ্দ, বন্ধুত্ব।

সখী (সখি+ঈপ্—প্রং) সং,স্ত্রীং,বয়স্যা, সহচরী ;"গৃহিণী সচিবঃ সখী মিথঃ" রং

সখ্য, (সখি+য—ভাবে, কর্ম্মণি) সং,ক্লীং, বন্ধুত্ব, সখীত্ব, মৈত্রী, মিত্রতা।

সগন্ধ, (স=সমান, সহিত—গন্ধ=সম্পর্ক, আঘ্রাণ, ৬ষ্ঠী—হিং) বিং,ত্রিং, গন্ধযুক্ত। সং, পুং, একবংশোৎপন্ন, জ্ঞাতি।

সগর, (স=সহ—গর=বিষ, ১মা—হিং) সং, পুং, সূর্য্যবংশীয় নৃপবিশেষ, বাহু রাজার পুত্র। বাহু রাজা নষ্টরাজ্য হইয়া গুর্ব্বিণী যাদবী রাজ্ঞীর সহিত বনে গমন করেন। ভোজনের সহিত সপত্নী-দত্ত বিষ পান করিয়া রাণীর পতন হয় নাই। রাজা সেই বনে তনু ত্যাগকরিলে রাজ্ঞী ঔর্ব্ব মুনির আশ্রমে সন্তান প্রসব করেন। সন্তানটি বিষের সহিত জন্মিয়াছিল বলিয়া 'সগর' নাম হইল,যথা— "ব্যপ্রায়ত মহাবাহুর্গরেণৈব সহ দ্বিজ। সগরো নাম তেনাভূৎ বালকোঽতিমনোহরঃ"।

সগর্ভ, সগর্ভ্য, (স=সমান—গর্ভ=উদর, ৬ষ্ঠী—হিং। সগর্ভ+যৎ—ভবার্থে) সং, পুং, র্ভা—স্ত্রীং, সোদর, সহোদর। সোদরা, সহোদরা। বিং, ত্রিং, গর্ভযুক্ত

সগোত্র, (স=সমান—গোত্র=বংশ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ত্রা—স্ত্রীং, একবংশোৎপন্ন, জ্ঞাতি। ক্লীং, বংশ,কুল।

সগ্ধি, (স=সহ—অদ্=ভক্ষণ করা+ক্তি—ভা, অদ্ স্থানে ঘস্, স্—লোপ, ঘ=গ) সং, স্ত্রীং, সহভোজন, মিলিত হইয়া আহার করা।

সঙ্কট, (সম্=সম্যক্—কট্=আবরণ করা,+অচ্—ক) সং, ক্লীং, দুঃখ, ক্লেশ জনতা, ভিড়। বিং, ত্রিং, সঙ্কীর্ণ, অপ্রশস্ত, সুড়ি। আপদ্জনক। জনতাযুক্ত নিবীড়, অভেদ্য। অপার, অনুত্তীর্য্য টা—স্ত্রীং,দেবীবিশেষ। যোগিনীবিশেষ সঙ্কটস্থল, যোজক, ভূকন্ধরা। (Isthmus

সঙ্কথন—ক্লীং, সঙ্কথা—স্ত্রীং, } (সম্=একসঙ্গে—কথন=কথা) সং, পরস্পর কথোপকথন। মিথোভাষা।

সঙ্কর, সঙ্কার, (সম্—কৃ=বিক্ষেপকরা বা কৃ=করা+অপ্—প্রং) সং, পুং, সম্মার্জ্জনীক্ষিপ্ত ধূল্যাদি, অবস্কর। মিশ্রণ, মিলন। বর্ণসঙ্কর জাতি। পরস্পর বিরুদ্ধ পদার্থের একত্রাবস্থান। রী—স্ত্রীং নবদূষিতা কন্যা।

সঙ্করীকরণ,(সঙ্কর=বর্ণসঙ্করজাতি—করণ মধ্যে, ঈ—আগম) সং, ক্লীং, মিশ্রণ একত্রীকরণ, মিলান। জাতিভ্রংশ করণ

সঙ্কর্ষণ, (সম্—কৃষ=চসা ইত্যাদি+অনট্—ক, ভা) সং, পুং, বলরাম, হলী লাঙ্গলী। ক্লীং, আকর্ষণ। কর্ষণ,কৃষিকর্ম

সঙ্কল—পুং, সঙ্কলন—ক্লীং, (সম্—কল=[গণনাকরা], সংগ্রহকরা ইত্যাদি +অচ্, অনট্—ভা) সং, যোগ, মিলন সংগ্রহ। অঙ্কযোগ, ঠিকদেওয়া।

সঙ্কলিত, (পূর্ব্বে দেখ+ক্ত—ম্ম) বিং, ত্রিং সংগৃহীত, একত্রিত। যোজিতাঙ্ক, ঠিক দেওয়া আঁক। যোজিত, যাহা যোগ করা হইয়াছে।

সঙ্কল্প, (সম্—কৢপ্=[পারক হওয়া] মনে মনে ইচ্ছাকরা+ঘঞ্—ভা) সং, পুং, মনোরথ, অভিলাষ, ইচ্ছা, মানসব

সঙ্কল্পজন্মা, সঙ্কল্পভব, সঙ্কল্পযোনি, (সঙ্কল্প-জন্মন্, সঙ্কল্প=মনোরথ—জন্মন্=জন্ম, ভব=উৎপত্তি, যোনি=স্থান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, কন্দর্প, কাম, মনসিজ, মীনধ্বজ, মার, রতিপতি, প্রদ্যুম্ন।

সঙ্কল্পিত, (সঙ্কল্প দেখ,+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বাঞ্ছিত, ইষ্ট, অভিপ্রেত। কর্ত্তব্যরূপে স্থিরীকৃত। চিন্তিত, ধ্যাত।

সঙ্কসুক, (সম্—কস্=গমনকরা+উক—প্রং) বিং, ত্রিং, চঞ্চল, অস্থির, চপল. ব্যাকুল। দুর্ব্বল। দুর্জ্জন। সঙ্কীর্ণ। অনিত্য

সঙ্কাশ, (সম—কাশ্=দীপ্তিপাওয়া+ঘঞ্—প্রং) বিং, ত্রিং, সমীপ, নিকট। (শব্দের পরবর্ত্তী হইলে) তুল্য, সদৃশ, একরূপ, সমবিধ।

সঙ্কিল, (সম্—কিল্=শুক্লবর্ণ হওয়া+ক—ক) সং, পুং, দহনোল্কা, জলন্তঅগ্নি, জলন্ত মশাল।

সঙ্কীর্ণ, (সম্—কৄ=[বিক্ষেপকরা], নিরন্তর ব্যাপা ইত্যাদি+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, সঙ্কুচিত, সমাকীর্ণ, ব্যাপ্ত। নানাবিধ বস্তু মিলিত। বহুলোকসমাকীর্ণ, ভিড়। বর্ণসঙ্কর। অপ্রশস্ত। মিশ্রিত। অপবিত্র। পরস্পর বিজাতীয়। সঙ্কট। সং, পুং, বর্ণসঙ্কর জাতি। মিশ্রিত রাগ। "বিশেষ্যানিঘ্নৈঃ সংকীর্ণৈর্নানার্থৈরব্যয়ৈরপি"।

সঙ্কীর্ত্তন, (সম্—কৄৎ=প্রশংসা করা+অনট্—ভা) সং, ক্লীং, সম্যক্‌রূপে গুণাদি কথন। সম্যক্ প্রকারে দেবতাদের নামোচ্চারণ। উচ্চারণ। বর্ণনা।

সঙ্কীর্ত্তিত, (পূর্ব্বে দেখ,+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, সংস্তুত। বর্ণিত। উচ্চরিত।

সঙ্কুচিত, (সম্—কুচ্=কোঁকড়ান+ক্ত—ক) বিং, ত্রিং, সঙ্ক্ষিপ্ত। মুদ্রিত, নিমীলিত। অপ্রফুল্ল,মুদিত। অপ্রসারিত, কুণ্ঠিত।

সঙ্কুল, (সম্=একসঙ্গে—কুল্=রাশিকরা+ক—প্রং) বিং, ত্রিং, তুমুল, বহুলোকসমাকীর্ণ। ভিড়, জনতাপূর্ণ। ব্যাপ্ত। মিশ্রিত। সঙ্কীর্ণ। সং,ক্লীং, পরস্পর বিরুদ্ধ বাক্য। সংগ্রাম, যুদ্ধ, সমর, আহব। জনতা, ভিড়, দল। [শেষ।

সঙ্কৃতি, সং, স্ত্রীং, চতুঃপাদবদ্ধ ছন্দোবিশেষ।

সঙ্কেত, (সম্—কিৎ=[সন্দেহকরা], বলা+অচ্—ধি) সং, পুং, স্বাভিপ্রায় ব্যঞ্জক চেষ্টাবিশেষ, ইঙ্গিত, ইসারা। সন্ধান, সূত্র। নিয়ম। গুপ্তস্থান। চিহ্ন। নিরূপিত স্থান। নিয়োগ, চুক্তি। শব্দের অর্থ-বোধনশক্তি, অভিধা।

সঙ্কোচ, (সঙ্কুচিত দেখ+ঘঞ্—ভা।) সং, পুং, সঙ্ক্ষেপ। সামান্য বিষয়ের বিশেষকরণ। জড়ীভাব। বহুবিষয়ক বাক্যার্থের অল্প বিষয়ে স্থাপন। বন্ধন। মুদ্রণ,প্রস্ফুটিত না.হওয়া। মৎস্যবিশেষ, সঙ্কর মাছ। ক্লীং, কুঙ্কুম।

সঙ্কোচন, (সঙ্কুচিত দেখ+অনট্—ভা) সং, ক্লীং, সঙ্কোচকরণ। নী—স্ত্রীং, লজ্জালুলতা।

সঙ্কোচ্যতা,জড়পদার্থের যে গুণ থাকাতে উহাকে চাপিয়া সঙ্কুচিত করা যায়। (Compressibility)

সঙ্ক্রন্দন, (সম্—ক্রন্দি=রোদনকরান+অনট্—ভা) সং, পুং, ইন্দ্র, বাসব, শতক্রতু, আখণ্ডল। (সম্—ক্রন্দ্=রোদনকরা+অনট্—ভা) ক্লীং, রোদন। ক্রন্দন।

সঙ্ক্রম, (সঙ্—ক্রম=গমনকরা+অনট্) পুং, ক্লীং, কষ্ট গতি, প্রতিহত গমন। সেতু। পুং,—গমন,পর্য্যটন, ভ্রমণ। গ্রহগণের একরাশি হইতে রাশ্যন্তরে গমন। এক স্থান হইতে অন্যস্থানে গমন,অতিক্রম। সমসাময়িকতা, এককালে ঘটা।

সংক্রান্তি, (সং—ক্রম=গমনকরা+ক্তিন্) সং, স্ত্রীং, গ্রহগণের একরাশি হইতে রাশ্যন্তরে গমন। গতি। অবস্থা পরিবর্ত্তন। প্রতিরূপকরণ, ভান।

সঙ্ক্লেদ, (সম্=একসঙ্গে—ক্লেদ=সমল

জল) সং, পুং, আর্দ্রতা, ভিজা।

সঙ্ক্ষয়, (সম্=সম্যক্+ক্ষি=ক্ষয়পাওয়ান+ঘঞ্—ভা) সং,পুং,প্রলয়। নাশ,ধ্বংস।

সঙ্ক্ষিপ্ত, (সম্—ক্ষিপ্=[ক্ষেপণকরা ; সঙ্কোচকরা+ক্ত—র্ম্ম) বিং,ত্রিং, অল্পীকৃত, সঙ্ক্ষেপ করা। ত্যক্ত, পরিত্যক্ত, নিক্ষিপ্ত। গৃহীত। আটক করা।

সঙ্ক্ষুব্ধ, (সম্—ক্ষুভ্=চঞ্চল হওয়া, কাতর হওয়া+ক্ত—ক) বিং,ত্রিং, আকুল, সঙ্কুলিত, বিলোড়িত।

সঙ্ক্ষেপ, (সঙ্ক্ষিপ্ত দেখ+ঘঞ্—ভা) সং,পুং,চুম্বক, সঙ্কোচ, অল্পীকরণ,কমান।

সঙ্ক্ষেপণ, (সঙ্ক্ষিপ্ত দেখ+অনট্—ভা) সং,ক্লীং,সঙ্ক্ষেপকরণ, চুম্বক করা।

সঙ্ক্ষোভ, (সম্—ক্ষুভ্=চঞ্চলহওয়া, কাতরহওয়া+ঘঞ্—ভা) সং, পুং. চাঞ্চল্য, সঞ্চলন। অতিক্ষোভ। ভয়চকিততা। ধর্ষণ। গর্ব্ব,অহমিকা।

সঙ্খ্য, (সম্—খ্যা=পরস্পর নামোচ্চারণ করা+অঙ্—প্রং) সং, ক্লীং, সংগ্রাম, যুদ্ধ, সমর, রণ, আহব।

সঙ্খ্যা, (সম্—খ্যা=[বলা], গণনাকরা ইত্যাদি +অঙ্—প্রং) সং, স্ত্রীং, একত্ব দ্বিত্বাদি গণনা,বুদ্ধি। বিচার। বিচারণা।

সঙ্খ্যাত, (পূর্ব্বেদেখ,+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, গণিত, গণনা করা। বিখ্যাত।

সঙ্খ্যান, (সঙ্খ্যা দেখ+অনট্—ভা) সং, ক্লীং, গণনা, গণ্য। ধ্যান।

সঙ্খ্যাবান্, (সঙ্খ্যাবৎ, সঙ্খ্যা+বৎ—অস্ত্যর্থে। যাহার সঙ্খ্যা আছে, অর্থাৎ যে গণিত হয়। অথবা সঙ্খ্যা=বুদ্ধি+বৎ—অস্ত্যর্থে) বিং,ত্রিং,সঙ্খ্যাবিশিষ্ট। সং, পুং, পণ্ডিত, জ্ঞানী। মেধাবী, ধীশক্তিসম্পন্ন, বুদ্ধিমান্।

সঙ্খ্যেয়, (সঙ্খ্যা দেখ,+যৎ—র্ম্ম) বিং, ত্রিং, গণনীয়,সঙ্খ্যাযোগ্য, গণ্য।

সঙ্গ, (সনজ=আসক্তহওয়া+ঘঞ্—ভা) সং, পুং,সংসর্গ,সহবাস, মিলন, "সঙ্গে সৈব তথৈকা" উং। প্রতিবন্ধ। অনুরাগ। বিষয়ানুরাগ। সম্বন্ধ। বন্ধুত্ব। বাসনা। আসক্তি। নদীগণের মিলনস্থল।

সঙ্গণিকা, (সম্—গণ্=গণনাকরা+ণক—প্রং) সং,স্ত্রীং, অনুপম কথোপকথন, অপ্রতিরূপ কথা।

সঙ্গত, (সম্— গম্=[গমনকরা] মিলিত হওয়া, ইত্যাদি+ক্ত—ক) বিং, ত্রিং,সম্বদ্ধ। উপযুক্ত,যুক্তিযুক্ত। মিলিত। সাক্ষাৎকৃত। সঞ্চিত। সং,ক্লীং, মিত্রতা। মিলন, যোগ। গ্রহগণের সমসূত্রে অবস্থিতি।

সঙ্গতি, (পূর্ব্বে দেখ+ক্তি—ভা) সং, স্ত্রীং, সঙ্গম। সম্বন্ধ। সম্পর্ক। মিলন, যোগ। জ্ঞান। সংস্থান। সঞ্চয়। "সপ্রসঙ্গ উপোদ্‌ঘাতো হেতুতাবসরস্তথা। নির্ব্বাহকৈক্যকার্য্যৈক্যে ষোঢ়া সঙ্গতি রিষ্যতে"।

সঙ্গম, (সঙ্গত দেখ+ঘঞ্—ভা) সং, পুং,সংযোগ,মিলন। সম্ভোগ। সহবাস।

সঙ্গর, (সম্—গৃ=[ভোজনকরা] যুদ্ধকরা ইত্যাদি+অপ্—ভা) সং, পুং, যুদ্ধ, সংগ্রাম, সমর, রণ, আহব, প্রহরণ। প্রতিজ্ঞা "মৈথিলঃ সপদি সত্যসঙ্গরঃ"। আপদ্। সম্পদ্। প্রশ্ন। নিয়ম। জ্ঞান। বিষ। ক্রয় বিক্রয় নির্দ্ধারণ। ক্লীং, শমীবৃক্ষের ফল।

সঙ্গব, (সম্—গো=গোরু। যে সময়ে গোসকল দোহনার্থ সঙ্গত হয়) সং, পুং, প্রাতঃকালের পর মুহূর্ত্তত্রয়।

সঙ্গিরমাণ, (সম্—গৃ=[বিজ্ঞাপনকরা] অঙ্গীকার করা+শানচ্—ক) বিং, ত্রিং, প্রতিজ্ঞাকারী।

সঙ্গী, (সঙ্গিন্, সঙ্গ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, সহচর, সমভিব্যাহারী। আসক্ত, সংসক্ত।

সঙ্গীত, (সম্—গীত=গান) সং, ক্লীং, গান। তৌর্য্যত্রিক, নৃত্য-গীত-বাদ্য। বিং, ত্রিং, সম্যক্‌গীত।

সঙ্গীতি, (সম্—একসঙ্গে—গৈ=গান-

করা+ক্তি—ভা) সং, স্ত্রীং, সঙ্গীত। আলাপ, কথোপকথন।

সঙ্গীর্ণ, (সম্—গৄ=[ভোজনকরা], প্রতিজ্ঞা করা, ইত্যাদি+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অঙ্গীকৃত, প্রতিজ্ঞাত।

সঙ্গুপ্ত, (সম্—গুপ্ত=লুকায়িত) বিং, ত্রিং, লুকায়িত। সং, পুং, বুদ্ধ।

সঙ্গঢ়, (সম্=সম্যক্—গুহ্=গোপনকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, সংবৃত, আচ্ছাদিত। লুকায়িত। রাশীকৃত। সঙ্কলিত।

সঙ্গোপন, (সম্=সম্যক্—গুপ্=গোপনকরা+অনট্—ভা) সং, ক্লীং, সম্পূর্ণরূপে গোপনকরা, লুকান।

সঙ্ঘ, (সম্—হন=[বধকরা] পরিচ্ছিন্ন হওয়া+ঘঞ্—ণ) সং, পুং, দল। সমূহ, রাশি। গণ।

সঙ্ঘচারী, (সঙ্ঘচারিন্, সঙ্ঘ=ঝাঁক—চর্=গমনকরা+ইন্—ক) সং, পুং, মৎস্য, মাছ, মীন, ঝস। বিং, ত্রিং, বহুলোকের সহিত গমনকারী।

সঙ্ঘজীবী, (সঙ্ঘজীবিন্, সঙ্ঘ=জনতা—জীবিন্=যে জীবিকা নির্ব্বাহ করে) সং, পুং, ব্রাতীন, মুটিয়া।

সঙ্ঘট, সঙ্ঘটন, সঙ্ঘট্ট, সংঙ্ঘট্টন, } (সম্—ঘট্ = চেষ্টা করা ; বট্ট্=চালিত করা, মিলিতহওয়া ইত্যাদি+অনট্ ভা) সং, পুং, না—স্ত্রীং, মেলন, যোজন। সঙ্ঘর্ষ। পরস্পর ঘর্ষণ। গঠন। ঘটনা। ঘোটন।

সঙ্ঘট্টা, সং, স্ত্রীং, বল্লী, লতা, বীরুৎ।

সঙ্ঘট্টিত, (সঙ্ঘট্ট দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, পরস্পর মর্দ্দিত। সংযোজিত। গঠিত, নির্ম্মিত। চালিত। ঘর্ষিত।

সঙ্ঘতল, বি, ত্রিং, যুক্তকরতলদ্বয়, যোড়হাত।

সঙ্ঘর্ষ, পুং, সঙ্ঘর্ষণ—ক্লীং, (সম্—ঘৃষ্=[ঘসা], স্পর্দ্ধা করা+ঘঞ্, অনট্—ভা) সং, ঘর্ষণ,ঘষা। মর্দ্দন। ঘোটন। পরস্পর স্পর্দ্ধা, আত্মপ্রাধান্যসূচক অহঙ্কার বাক্য। বাজিরাথা। ধীরে ধীরে গমন। বহিয়া যাওয়া।

সঙ্ঘশঃ, (সঙ্ঘশস্, সঙ্ঘ+শস্—প্রং) অং, ভূরিশঃ, বহুশঃ। একত্রিত ভাবে, দলেদলে, পালেপালে।

সঙ্ঘাটিকা, (সম্—ঘট্=[চেষ্টাকরা] মিলিত হওয়া ইত্যাদি+ণক্, আপ্—প্রং) সং, স্ত্রীং, দূতী, কুটনী। যুগ্ম, জোড়া। মিথুন। গন্ধ, ঘ্রাণ। জলকণ্টক।

সঙ্ঘাত, (সঙ্ঘ দেখ+ঘঞ—ভা) সং, পুং সমূহ। সমষ্টি। নিবিড় সংযোগ। আঘাত। হত্যা, বধ। ঘন। কফ। নরকবিশেষ।

সঙ্ঘুষিত, সঙ্ঘুষ্ট, (সম্—ঘুষ্=ঘোষণাকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, সম্যক্প্রকারে ঘোষিত, প্রচারিত। শব্দিত। সং, ক্লীং, ঘোষণা।[ত্রিং, মর্দ্দিত, ঘসা।

সঙ্ঘৃষ্ট, (সম্—ঘৃষ=ঘসা+ক্ত—র্ম্ম)বিং,

সচরাচর, (স=সহিত—চরাচর=স্থাবরাস্থাবর, ১মা—হিং) বিং, ত্রিং, সর্ব্বসাধারণ। স্থাবর, জঙ্গম। জগৎ।

সচি, সচী, (সচ্=[ইন্দ্রকে] আপ্যায়িত করা+ই—প্রং ; পক্ষে ঈ—প্রং) সং, স্ত্রীং, ইন্দ্রপত্নী, ইন্দ্রাণী।

সচিল্লক, (স=সহ—চিল্ল=কুৎসিত চক্ষুঃ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, ক্লিন্নচক্ষুঃ, পিচুটীপড়া চোখ।

সচিব, (সচি=বন্ধুতা—বা=গমনকরা, পাওয়া+ঘঞ—ক) সং, পুং, সহায়, সঙ্গী। অমাত্য, মন্ত্রী। "গৃহিণী সচিবঃ সখা" কাং।

সচেতন, (স=সহ—চেতনা = চৈতন্য, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, চৈতন্যবিশিষ্ট, চেতনাযুক্ত, প্রাণী।

সচেষ্ট, (স=সহিত—চেষ্টা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, উদ্যোগী,চেষ্টাযুক্ত, চেষ্টিত। সং, পুং, আম্র, সহকার, রসাল, চূত।

সচ্চারা, (সং—চার, ৬ষ্ঠী—হিং) সং,

স্ত্রীং, হরিদ্রা, হলুদ।
সচ্চিদংশ, সং, পুং, বুদ্ধি, জ্ঞান।
সচ্চিদানন্দ, (সৎ=নিত্য—চিৎ=জ্ঞান =আনন্দ=সুখ, য়ং—স) সং, পুং, ব্রহ্ম, পরমেশ্বর, নিত্যজ্ঞানসুখস্বরূপ।
সচ্ছল, স্বচ্ছল, (সচ্ছীল শব্দজ) বিং, দাতা, বদান্য, ব্যয়ী।
সজাগ, (স=সহশব্দজ—জাগ=জাগরণ শব্দজ) বিং, জাগ্রৎ, ঈষৎ নিদ্রাযুক্ত।
সজাতি, (স=সমান—জাতি, য়ং—স) বিং, ত্রিং, সমান শ্রেণী, একজাতি। সং, পুং, একজাতীয় স্ত্রীপুরুষের সন্তান। "পশ্যায়ং মূষিকঃ পাপঃ সজাতিসমতাং গতঃ" বিং শং।
সজাতীয়, (স=সমান—জাতি+ঈয়—প্রং) বিং, ত্রিং, একজাতীয়, একধর্ম্মাক্রান্ত, একশ্রেণীভুক্ত। একবিধ। সদৃশ, তুল্য।
সজীব, (স=সহ—জীব=জীবন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, জীবিত, যাহার জীবন আছে।
সজুষ্ (স=সহিত—জুষ্=সেবাকরা+ক্বিপ্—প্রং) বিং, ত্রিং, প্রীতিযুক্ত। একত্র সেবাকারী, সঙ্গী। অং, সহ।
সজুস, সজূস্, (স=সহিত—জুস্=হৃষ্ট হওয়া+ক্বিপ্ —প্রং) অং, সহিত।
সজ্জ, (সস্জ্=সুসজ্জিতহওয়া+অচ্—প্রং) বিং, ত্রিং, ভূষিত। সজ্জিত, সাজান। প্রস্তুত। সন্নদ্ধ, সন্নাহবিশিষ্ট। বর্ম্মিত, কবচী, সাঁজোয়াপরা। প্রাকারাদি দ্বারা সুরক্ষিত।
সজ্জক্রম, বিং, ত্রিং, সজ্জিত, প্রস্তুত।
সজ্জন, (সৎ=সাধু—জন=লোক, য়ং—স) বিং, ত্রিং, সুজাত, সৎকুলোদ্ভব, কুলীন। ভদ্র। সুশীল। সচ্চরিত্র। সাধু, সুজন। "নিজাচারগ্রাহিণো যে কুর্ব্বন্তো বেদসম্মতম্। পাপাভিলাষরহিতাঃ সজ্জনাস্তে প্রকীর্ত্তিতাঃ"॥ সং, ক্লীং, রক্ষিসৈন্যের অবস্থিতি স্থান, চৌকী। ঘট্ট, ঘাট। (সজ্জ দেখ+অনট্—ভা) না—স্ত্রীং, আয়োজন, প্রস্তুতকরণ। সাজান, বিন্যাস। গজসজ্জীকরণ, হস্তীকে সাজান। সৈন্যস্থাপন, ঘাটি।
সজ্জা, (সজ্জ দেখ+অচ্, আপ্—প্রং) সং, স্ত্রীং, বেশ, ভূষা, সাজ। সন্নাহ, সাঁজোয়া, বর্ম, কবচ। আয়োজন।
সজ্জিত, (সস্জ দেখ+ক্ত—ক। কিম্বা সজ্জা+ইত—প্রং) বিং, ত্রিং, ভূষিত। সাজান। বর্ম্মিত, সন্নদ্ধ। আয়োজিত, প্রস্তুত। উদ্যুক্ত।
সজ্য, (স=সহিত—জ্যা=ধনুকের ছিলা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, জ্যাযুক্ত, আরোপিতমৌর্ব্বিক।
সঞ্চ, (সঞ্চয়দেখ+ড—প্রং) সং, পুং, পুস্তক লিখিবার নিমিত্ত পত্রসমূহ।
সঞ্চৎ, (সঞ্চয় দেখ+অৎ—প্রং। ই—লোপ) সং, পুং, বঞ্চক, প্রতারক। ঠক্, ধূর্ত্ত, শঠ।
সঞ্চয়, (সম্=একসঙ্গে—চি=একত্রকরা+অচ্—প্রং) সং, পুং, সংগ্রহ। সমূহ, রাশি।
সঞ্চয়ন, (সঞ্চয় দেখ+অনট্—ভা) সং, ক্লীং, আহরণ, সংগ্রহকরণ।
সঞ্চয়ী, (সঞ্চয়িন্, সঞ্চয়+ইন্—অস্ত্যর্থে, কিম্বা সঞ্চয় দেখ+ইন্—ক) বিং, ত্রিং, সংগ্রহকারক।
সঞ্চর, (সম্—চর্=গমনকরা+ঘ—ণ) সং, পুং, বর্ত্ম, পথ। সেতু, সাঁকো। দেহ, শরীর। নাশকারক।
সঞ্চরণ, (পূর্ব্বে দেখ+অনট্—ভা) সং, ক্লীং, প্রচলন। কম্পন। প্রস্থান, গমন। [ত্রিং, প্রস্থিত, গত। প্রচলিত।
সঞ্চরিত, (সঞ্চর দেখ+ক্ত—ক) বিং,
সঞ্চরিষ্ণু, (সঞ্চর দেখ+ইষ্ণু—ক, শীলার্থে) বিং, ত্রিং, সঞ্চরণশীল, ভ্রমণকারী।
সঞ্চলন, (সম্—চল্=গমনকরা+অনট্—ভা) সং, ক্লীং প্রচলন, কম্পন, দোলন, নড়াচড়া। [পাখী
সঞ্চান, সং, পুং, শ্যেনপক্ষী, শিকরে-

সঞ্চায্য, (সঞ্চয় দেখ+ণ্য—প্রং, নিপাতন) সং, পুং, যজ্ঞবিশেষ।

সঞ্চার—পুং, সঞ্চরণ—ক্লীং, (সম্—চর্ =গমনকরা+ঘঞ্, অনট্—ভা) সং, গতি। বৃদ্ধি। গ্রহাদির রাশ্যন্তরে সংক্রমণ, সংক্রম। সেতু। পথ। বিস্তার। কষ্টগতি। কষ্ট, বিপদ্। পথপ্রদর্শন। উত্তেজন। চালন। সংক্রামণ। সর্পমণি।

সঞ্চারজীবী, (সঞ্চারজীবিন্, সঞ্চার= দুঃখ, ক্লেশ, দায়—জীবিন্=যে বাঁচে) বিং, ত্রিং, শরণাপন্ন, শরণাগত। দুরবস্থাগ্রস্ত, আশ্রয়প্রার্থী।

সঞ্চারিকা, (সঞ্চার দেখ,+ণক—প্রং) সং, স্ত্রীং, দূতী, কুট্টিনী। মিথুন, যুগ্ম, জোড়া। ঘ্রাণ।

সঞ্চারিত,(সম্—চারি=গমনকরান+ক্ত র্ম্ম) বিং, ত্রিং, ইতস্ততঃ চালিত।

সঞ্চারী, (সঞ্চারিন্, সম্—চর্=গমনকরা +ইনি=ক) সং, পুং, নির্ব্বেদ, আবেগ প্রভৃতি ব্যভিচারী ভাব। ধূপ। পবন, বাত, সমীর, বায়ু। বিং, ত্রিং, সঞ্চারণশীল। গমনশীল, অস্থায়ী। আগন্তুক।

সঞ্চালী, (সম্—চল=গমনকরা+ঘি— ঈ, প্রং) সং, স্ত্রীং, গুঞ্জা, কুঁচ।

সঞ্চিত, (সঞ্চয় দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, সংগৃহীত, সঞ্চয়করা। রাশীকৃত,সম্ভৃত।

সঞ্চেয়, (সঞ্চয় দেখ,+ণ্যৎ—র্ম্ম) বিং,ত্রিং, সঞ্চয়নীয়,সঞ্চয় করিবার যোগ্য।

সঞ্জ, (সম্=সমানরূপে, সকল [মানবজাতি] —জ, [জন্=উৎপন্ন হওয়া+ ড—ণ]=যাহার দ্বারা জাত, সৃষ্ট) সং,পুং,ব্রহ্মা। শিব। জ্ঞা—স্ত্রীং,ছাগী।

সঞ্জবন, (সম্—জু=গমনকরা+অনট —প্রং সং, ক্লীং, চতুঃশাল, পরস্পরাভিমুখ গৃহচতুষ্টয়, চকমিলন ঘর

সঞ্জাত, (সম্—জন্=উৎপন্ন হওয়া+ ক্ত—ক) বিং, ত্রিং, উৎপন্ন, জাত।

সঞ্জিহীর্ষু, (সম্—হৃ=[হরণকরা] সংহার করা ইত্যাদি+স—ইচ্ছার্থে, উ—ক)

ষিং, ত্রি

সঞ্জীবন, সম্—জীবি=বাঁচান+অনট— ক,ভা) বিং,ত্রিং, জীবিতকারী। সং,ক্লীং জীবনধারণ, বাঁচিয়া থাকা। পর্ব্বত। নী—স্ত্রীং, জীবনদায়িনী ওষধিবিশেষ।

সট, (সট্=অংশকরা ইত্যাদি+অচ্, নামার্থে) সং, পুং—ক্লীং, টা—স্ত্রীং, জটা, কেশর, সিংহাদির ঘাড়ের চুল। শিখা।

সটাঙ্ক,(সটা=কেশর—অঙ্ক=চিহ্ন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সিংহ, কেশরী, মৃগরাজ

সটি, সটিকা, সটী (সট্=গুচ্ছিত হওয়া +ই—প্রং) সং, স্ত্রীং, গন্ধদ্রব্যবিশেষ বন আদা।

সটীক, (স=সহিত—টীকা=টীপ্পনী ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, টীকাসহিত যাহার টীকা আছে।

সট্টক, সং, ক্লীং, প্রাকৃত ভাষায় রচিত নাটকবিশেষ, যথা—কর্পূরমঞ্জরী প্রভৃ

সড়ক, (সরণি শব্দজ) সং, রাস্তা, বর্ত্ম,

সড়্‌গড়, (দেশজ) সং, অভ্যাস, আয়ত্ত মুখস্থ। [ব্যঞ্জন

সড়্‌সড়ী, (দেশজ) বিং, নীরস শু

সণ্ডিশ, সং, পুং, সন্দংশ, সাঁড়াশি।

সণ্ডীন, (সম্—ডী=আকাশে গমনকর +ক্ত—ভা। ত স্থানে ন) সং, ক্লীং পক্ষীর গতিবিশেষ, উড়িয়া বৃক্ষাদির উপরে বসা।

সতত, (সম্—তন্=বিস্তারকরা+ক্ত —প্রং, ম্—লোপ) ক্রিং—বিং, ক্লীং নিরন্তর, অবিচ্ছিন্ন, সর্ব্বদা।

সতত্ত্ব, (স=সমান—তত্ত্ব=প্রকৃতি সং, ক্লীং, প্রকৃতি, স্বভাব, নিসর্গ

সতর্ক, (স=সহিত—তর্ক=বুদ্ধিদ্বার বিবেচনা, ১মা—হিং) বিং, ত্রিং, সাবধান, তর্কযুক্ত।

সতানন্দ, (সৎ=উত্তম—আনন্দ, ৬ষ্ঠীহিং) বিং, ত্রিং, গৌতম মুনির পুত্র জনকরাজ-পুরোহিত।

সত্তিন, (সপত্নী শব্দজ) সং, এক স্বামীর ভার্য্যা, সপত্নী।

সতী, (অস্=হওয়া+অং—ক, ঈপ্ প্রং) সং, স্ত্রীং, পতিব্রতা স্ত্রী, সাধ্বী স্ত্রী। দক্ষকন্যা, শিবানী, ভবানী "সতী সতী যোগবিসৃষ্টদেহা" কাং।

সতীত্ব, (সতী+ত্ব—ভাবে) সং, ক্লীং, পাতিব্রত্য, সতী স্ত্রীর ধর্ম্ম।

সতীন, সতীনক, সং, পুং, মটর।

সতীর্থ, র্থ্য (স=সমান—তীর্থ=গুরু, ষষ্ঠী—হিং। পক্ষে স=সমান—তীর্থ=গুরু—বাসার্থে) সং, পুং, সমকালে একগুরুর শিষ্য। সহাধ্যায়ী, একপাঠী।

সতীল, (সতী=সাধ্বী স্ত্রী—লক্ষ্=করা +ড—প্রং) সং, পুং বংশ, বেণু, কীচক। বায়ু সমীর, শ্বসন। মাষকলাই। লা—স্ত্রীং, তেওড়া কলাই।

সতৃট্, সতৃষ্ণ, (সতৃষ্, স=সহিত—তৃষ্, তৃষ্ণা, ১মা—হিং) বিং, ত্রিং, তৃষ্ণাযুক্ত, পিপাসিত। সস্পৃহ। অভিলাষী।

সতেজাঃ, (সতেজস্, স=সহিত—তেজস্, ১মা—হিং) বিং, ত্রিং, বলবান্, তেজস্বী।

সৎ, (অস্=হওয়া+অং—ক) বিং, ত্রিং, সন্—সতী—সৎ, সত্য। প্রশস্ত, উত্তম। বিদ্যমান, বর্ত্তমান। নিত্য, চিরস্থায়ী। শোভন। গুণ। সাধু। বিদ্বান্। জ্ঞানী, বিচক্ষণ। মান্য, পূজ্য। সং, ক্লীং, ব্রহ্ম। অং, আদর।

সৎকাঞ্চনার, সং, পুং, রক্তকাঞ্চন বৃক্ষ।

সৎকাণ্ড, সং, পুং, চিল্লপক্ষী, চিল।

সৎকার—পুং, সৎকৃতি—স্ত্রীং, সৎক্রিয়া—স্ত্রীং, (সৎ=মান্য—কার, কৃতি, ক্রিয়া=ক্রিয়া, কর্ম্ম, ষং—স) সং, সম্মান। সমাদর, পূজা, পুরস্কার। মঙ্গল। শবদাহাদি কর্ম্ম।

সৎকৃত, (সৎ=মান্য—কৃত=যাহা করা হইয়াছে) বিং, ত্রিং, পূজিত, সমাদৃত। পুরস্কৃত। সুসম্পন্ন। সৎকারপ্রাপিত।

সত্তম, (সৎ=উত্তম+তম—অত্যর্থে) বিং, ত্রিং, অতি উত্তম, অতিসৎ। অতিশোভন, পূজ্যতম। অতিশয় সাধু।

সত্তা, (সৎ=বিদ্যমান+তা—ভাবে) সং, স্ত্রীং, স্থিতি, বিদ্যমানতা। উৎপত্তি। উৎকর্ষ, উৎকৃষ্টতা। সাধুতা। দ্রব্য-গুণ ও কর্ম্মনিষ্ঠ জাতি।

সত্র, সত্র, (সদ্=গমনকরা+ত্রন্—প্রং) সং, ক্লীং, বজ্ঞ, যাগ, অধ্বর, "হবিষে দীর্ঘসত্রস্য সাচেদানীং প্রচেতসঃ" রং। গৃহ। অরণ্য। আচ্ছাদন। সদাদান, সদাব্রত। কৈতব, ছল। ধন। সরোবর।

সত্রশালা, (সত্র=দান—শালা=গৃহ) সং, ক্লীং, অন্নাদিদানগৃহ।

সত্রা, সত্রা, (স=সহিত—ত্রা=রক্ষাকরা +ক্বিপ্—প্রং) অং, সহিত, সমভিব্যাহারে।

সত্রাজিৎ, (সত্র—আ—জি=জয়করা+ ক্বিপ্—প্রং, ৎ—আগম) সং, পুং, সত্যভামার পিতা।

সত্রি, (সদ্=গমনকরা, বা হিংসাকরা ইত্যাদি+ত্রি—প্রং) সং, পুং, মেঘ। হস্তী, করী, গজ, দন্তী, নাগ, মাতঙ্গ, ইভ। বিং, ত্রিং, জয়শীল, জয়কারী।

সত্রী, (সত্রিন্, সত্র=গৃহ, দান ইত্যাদি +ইনি—অস্ত্যর্থে) সং, পুং, গৃহপতি, গৃহস্থ। বিং, ত্রিং, যজ্ঞশীল, যে ব্যক্তি এখন তখন যজ্ঞ করিয়া থাকে।

সত্ব, সত্ত্ব, (সৎ=উত্তম ইত্যাদি+ত্ব—ভাবে, পক্ষে ৎ—লোপ) সং, পুং—ক্লীং প্রাণী, জন্তু "ঊনং ন সত্ত্বেষধিকো ববাধে" কাং। ক্লীং, প্রকৃতির তিন গুণের মধ্যে প্রধান গুণ, এই গুণ দ্বারা মনুষ্যের মনে সত্য ন্যায় ধর্ম্ম দয়া ভক্তি মহত্ত্ব পবিত্রতাদি জন্মে। দ্রব্য, পদার্থ। স্বভাব। ব্যবসায়। মন, অন্তঃকরণ। বুদ্ধি। নিশ্বাস, প্রশ্বাস। স্বাভাবিক অবস্থা। বল, শক্তি। ধৈর্য্য। উৎসাহ "সত্ত্বানুরূপাহরণীকৃতশ্রীঃ" কাং। স্থিতি। ধন। প্রাণ। জীবন। চৈতন্য।

আত্মা। সাহস। পিশাচাদি। রস।
ত্ব—সত্তাজাতি, বিদ্যমানতা, থাকা।
সত্ত্ববান্, (সত্ত্ববৎ, সত্ত্ব+বৎ—অস্ত্যর্থে) বিং, ত্রিং, সত্ত্বগুণবিশিষ্ট। স্থায়ী। স্বাভাবিক। ধার্ম্মিক, নিষ্পাপ।
সৎপত্র, (সৎ=উত্তম—পত্র=পাতা) সং, ক্লীং, নূতন পদ্মপত্র।
সৎপ্রতিপক্ষ, (সৎ=হওন—প্রতিপক্ষ=বিরুদ্ধ পক্ষ) সং, পুং, সমকক্ষ, প্রতিযোগী। ন্যায়শাস্ত্রে-হেতুর দোষবিশেষ।
সৎফল, (সৎ=উত্তম—ফল) সং, পুং, দাড়িম্ববৃক্ষ, দালিম গাছ।
সত্য, (সৎ=যে হয়+যৎ—প্রং) সং, ক্লীং, অমিথ্যা, যাথার্থ্য। শপথ। প্রতিজ্ঞা। প্রথম যুগ, কৃতযুগ, ১৭,০৭, ২৮,০০০ বৎসর ইহার পরিমাণ। পুং, ঊর্দ্ধ সপ্তভুবনের উপরিস্থিত লোক, ব্রহ্মলোক। রামচন্দ্র। বিং, ত্রিং, প্রকৃত, যথার্থ, "যথার্থকথনং যচ্চ সর্ব্বলোকসুখপ্রদং। তৎ সত্যমিতি বিজ্ঞেয়মসত্যং তদ্বিপর্য্যয়ম্"। "আত্মার্থে বা পরার্থে বা পুত্রার্থে বাপি মানবাঃ। অনৃতং যে ন ভাষন্তে তে বুধাঃ স্বর্গগামিনঃ। তস্মাৎ সত্যকৃতং পঞ্চ তদনন্তফলং ভবেৎ"।
সত্যম্ (সৎ+যম্—প্রং) অং, প্রশ্ন। স্বীকার।
সত্যঙ্কার, (সত্য—কার=করণ, ম্—আগম) সং, পুং, "আমি অবশ্য ইহা লইব", এই বলিয়া সত্য করা, প্রতিজ্ঞা। চিকীর্ষিত কার্য্যের অবশ্যক্রিয়া স্থাপনার্থ পরহস্তে দীয়মান বস্তু বা ব্যক্তি। (Hostage)
সত্যঙ্কারকৃত; বিং, ত্রিং, "আমি অবশ্য এই দ্রব্য ক্রয় করিব", এই সত্য করিয়া যাহা কিছু দেওয়া যায়, বায়না।
সত্যতপাঃ, (সত্যতপস্) সং, পুং, মুনিবিশেষ, ইনি প্রথমে ব্যাধ ছিলেন, পরে তপস্যা করিয়া দুর্ব্বাসা মুনির বরে সর্ব্বশাস্ত্রে পারদর্শী হইয়াছিলেন।

সত্যধৃতি, সং, পুং, ঋষিবিশেষ।
সত্যনারায়ণ, (সত্য—নারায়ণ=বিষ্ণু, যৎ—স) সং, পুং, দেবতাবিশেষ, সত্যপীর। [বৈকুণ্ঠ
সত্যপুর, সং, ক্লীং, বিষ্ণুলোক, গোলোক,
সত্যভামা, (সত্য—ভাম=সুন্দর+আপ—প্রং) সং, স্ত্রীং, কৃষ্ণের এক স্ত্রী।
সত্যভারত, (সত্য—ভারত=মহাভারত) সং, পুং, বেদব্যাস, ব্যাসদেব, দ্বৈপায়ন
সত্যযৌবন, (সত্য—যৌবন=তরুণাবস্থা) সং, পুং, দেবযোনিবিশেষ, বিদ্যাধর।
সত্যবচাঃ, (সত্যবচস্, সত্য—বচস্=বাক্য, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ঋষি, মুনি বিং, ত্রিং, সত্যবাদী।
সত্যবতী, (সত্যবৎ+ঈপ্-প্রং) সং, স্ত্রীং ব্যাসদেবের মাতা। নারদমুনির পত্নী
সত্যবান্, (সত্যবৎ, সত্য+বৎ—অস্ত্যর্থে সং, পুং, নৃপবিশেষ, সাবিত্রীপতি মুনিবিশেষ। বিং, ত্রিং, সত্যযুক্ত।
সত্যবাক্, (সত্যবাচ্, সত্য—বাচ্=বাক্য। কিম্বা সত্য—বচ্=বলা+ক্বি—ক, শীলার্থে) সং, পুং, ঋষি। কাক বিং, ত্রিং, সত্যবাদী।
সত্যবাদী, (সত্যবাদিন্, সত্য—বদ্=বলা+ইন্—ক, শীলার্থে) বিং, ত্রিং সত্যবক্তা, যে সত্য বাক্য বলে।
সত্যব্রত, (সত্য—ব্রত=নিয়ম, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সূর্য্যবংশীয় নৃপবিশেষ ভীষ্ম, গাঙ্গেয়। বিং, ত্রিং, সত্যপরায়ণ সত্যনিষ্ঠ।
সত্যসঙ্গর, (সত্য- সম্—গৄ=গ্রাসকর+অপ্—প্রং) সং, পুং, কুবের। বিং ত্রিং, সত্যপ্রতিজ্ঞ।
সত্যসন্ধ, (সত্য—সন্ধা=প্রতিজ্ঞা, ৬ষ্ঠী-হিং) বিং, ত্রিং, সফলপ্রতিজ্ঞ, সত্য প্রতিজ্ঞ, যাহার কথা নড়ে না। সং, ভরত। জনমেজয়। ন্ধা—স্ত্রীং, দ্রৌপদী
সত্যা ; সং, স্ত্রীং, সীতা, জানকী। সত্যবতী, ব্যাসমাতা। সত্যভামা। দুর্গা

সত্যাকৃতি, (সত্য—আ—কৃ=করা+ক্তি—ভা) সং, স্ত্রীং, সত্যঙ্কার, শপথকরণ, সত্যকরা।

সত্যাগ্নি, (সত্য—অগ্নি=আগুন) সং, পুং, অগস্ত্য মুনি। কুম্ভযোনি।

সত্যানৃত, (সত্য—অনৃত=মিথ্যা, যাহাতে সত্যমিথ্যায় মিশ্রিত) সং, ক্লীং, বাণিজ্য, ব্যবসায়। পণ্য।

[illegible]াপন, (সত্যাপি, [নামধাতু]=বলা, [illegible]রা সত্যাবলোকনকরা+অনট—ভা) সং. ক্লীং, না—স্ত্রীং. সত্যাকৃতি, সত্যঙ্কার, [illegible]করণ। [বিং, ত্রিং, সত্যবাদী

সত্যোদ্য, (সত্য—বদ=বলা+যৎ—ক) [illegible]

[illegible] বিস্তার করা+অচ—প্রং) [illegible] ক্লীং, যজ্ঞ, অধ্বর, ক্রতু।

সত্রা, অং, সহিত, সমভিব্যাহারে।

সত্রী, (সত্রিন, সত্র=গৃহ+ইন—অস্ত্যর্থে) সং, পুং, গৃহস্থ বিং. ত্রিং. যজ্ঞশীল।

সত্বর, (স=সহিত—ত্বরা—শীঘ্রতা, ১মা—হিং) ক্রিং—বিং, ক্লীং, শীঘ্র, অবিলম্ব। বিং, ত্রিং, ত্বরাযুক্ত।

সৎসার, (সৎ=অত্যুত্তম—সার=সারাংশ) সং, পুং, কবি। চিত্রকর।

সদ, (সদ=গমনকরা+অচ—প্রং) সং, পুং, লাভ। ফল।

সদংশক, (স=সহিত—দংশক=দাঁত) সং, পুং, কর্কট, কাঁকড়া, কুলীর।

সদংশবদন, (স=সহিত—দংশ=দন্ত বা চঞ্চু—বদন=মুখ) সং, পুং, কঙ্কপক্ষী।

সদঃ, (সদস, সদ=[যাহাতে] গমন করা যায়+অস—প্রং) সং, স্ত্রীং—ক্লীং, সভা, পরিষদ।

সদন, (সদ=গমনকরা+অনট—ধি) সং, ক্লীং, নিলয়, গৃহ, বাড়ী, আলয়, আবসথ। বিষাদ। জল, নীর, সলিল, বারি, অম্বু।

সদয়, (স=সহিত—দয়া, ১মা—হিং) বিং, ত্রিং, দয়ালু, কৃপাবিশিষ্ট, সঘৃণ।

(সৎ—অয়) সং, পুং, শুভাবহ বিধি।

সদর, (যবনভাষা) বিং, প্রকাশ্য। মুখ্য প্রধান।

সদস্য, (সদস=সভা+যৎ—সাধু-অর্থে) সং, পুং, যজ্ঞাদিস্থলে বিধিদর্শক, যজ্ঞাদিকর্ম্মে নিযুক্ত কর্ম্মকরদিগের ভ্রমসংশোধনকারী। সামাজিক, সভ্য।

সদা, (স=সর্ব্ব+দা—কালার্থে) অং, সর্ব্বকালে, সর্ব্বদা, নিয়ত, অবিশ্রান্ত।

সদাগতি, (সদা=সর্ব্বদা—গতি [illegible] ৬ষ্ঠী—হিং) সং, পুং, বায়ু, সমীর, পবন, মাতরিশ্বা। সূর্য্য, মার্ত্তণ্ড, দিবাকর, উষ্ণরশ্মি। আত্মা। মুক্তি। পরমেশ্বর। বিং, ত্রিং, সর্ব্বদা গমনশীল।

সদাচার, (সৎ=সাধু—আচার, যং—স) সং, পুং, উত্তম আচার, সাধুর আচার। সদ্ব্যবহার। "সরস্বতীদৃশদ্বত্যোর্দেবনদ্যোর্যদন্তরং তং দেবনির্ম্মিতং দেশং [illegible] আচারঃ পারম্পর্য্যক্রমাগতঃ বর্ণানাং সান্তরালানাং সদাচারঃ স উচ্যতে" মনুঃ।

সদাতন, (সদা=সর্ব্বদা+তন—ভবার্থে) বিং, ত্রিং. সর্ব্বকাল-স্থায়ী, চিরস্থায়ী, নিত্য। সং, পুং, বিষ্ণু।

সদাত্মা, (সদাত্মন, সৎ—আত্মন=আপনি) বিং, ত্রিং, সদন্তঃকরণ।

সদাদান, (সদা=সর্ব্বদা—দান=হস্তীর গণ্ডস্থল প্রভৃতি স্থান হইতে নিঃসৃত মদ জল ইত্যাদি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ঐরাবত হস্তী। মত্তহস্তী। গণেশ, লম্বোদর, গজানন।

সদানন্দ, (সদা=সর্ব্বদা—আনন্দ=সুখ, হর্ষ, যং—স) সং, পুং, শিব। বিং, ত্রিং, সর্ব্বদা হর্ষযুক্ত।

সদানর্ত্ত, (সদা=সর্ব্বদা—নর্ত্ত=নৃত্যকারক) সং, পুং, খঞ্জন পক্ষী। বিং, ত্রিং, সর্ব্বদা নৃত্যকারক।

সদানীরা, সদানীরবহা. (সদা—নীর

জল, ৬ষ্ঠী—হিং। শ্রাবণমাসে সকল নদীই রজস্বলা হয়, কিন্তু ইহা নহে, এই নিমিত্ত ইহার নাম সদানীরা) সং, স্ত্রীং, করতোয়া নদী। "অথাদৌ কর্কটে দেবী ত্র্যহং গঙ্গা রজস্বলা। সর্ব্বারক্তবহা নদ্যঃ করতোয়াম্বুবাহিনী"।

সদাপুষ্প, (সদা=সর্ব্বদা—পুষ্প=ফুল) সং, পুং, নারিকেল গুচ্ছ।

সদাযোগী, (সদাযোগিন্, সদা=সর্ব্বদা—যোগ=চিত্তবৃত্তিনিরোধ ইত্যাদি+ইনি—অস্ত্যর্থে) সং, পুং, বিষ্ণু, নারায়ণ।

সদাশিব, (সদা—শিব=সুখদ, ৫মী—হিং) সং, পুং, মহাদেব।

সদৃক্, সদৃক্ষ, সদৃশ, } (সদৃশ্, স=সমান—দৃশ্=দেখা+ক্বিপ্, স, কণ্ড—র্ম্ম। কিংবা দৃশ্, দৃক্ষ, দৃশ=—হিং) বিং, ত্রিং, অনুরূপ, সমান, তুল্য। উপযুক্ত, যোগ্য।

সদৃশব্যবস্থা,—যে ঔষধ সেবন করিলে কোন রোগের সদৃশ রোগ উৎপন্ন হয়, সেই ঔষধ দ্বারাই উক্ত রোগ বিনাশিত হয়, যে চিকিৎসা শাস্ত্র এইরূপ বিধান করে তাহাকে সদৃশব্যবস্থা কহে, (Homeopathy)

সদেশ, (স=সমান—দেশ=স্থান, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, একদেশীয়। সমীপস্থ।

সদ্গতি, (সৎ=উত্তম—গতি=গমন) সং, স্ত্রীং, উত্তমগতি, মুক্তি, নির্ব্বাণ। সদ্ব্যবহার, সৎচরিত্র।

সদ্ভাব, (সৎ=যে হইতেছে বা সাধু—ভাব=উৎপত্তি ইত্যাদি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সত্তা, স্থিতি। সাধুতা। মৈত্রী। প্রণয়, বন্ধুতা। সৎধাতু। সৎমেজাজ। সততা।

সদ্ভূত, (সৎ=সত্য—ভূত=হইয়াছে) বিং, ত্রিং, সত্য, যথার্থ, প্রকৃত।

সদ্ম, (সদ্মন্, সদ্=গমনকরা+মন্—প্রং) সং, ক্লীং, গৃহ, আলয়, ঘর, আবসথ, নিকেতন, আবাস। জল, বারি, নীর, সলিল।

সদ্মচিতি, সং, স্ত্রীং, গৃহ সমূহ।

সদ্যঃ, (সদ্যস্, স=সমান—দ্যস্=দিবাশব্দজ) অং, তৎক্ষণে, তখনি। বর্ত্তমান সময়ে, উপস্থিত দিবসে।

সদ্যঃকৃত, (সদ্যস্=তখনি—কৃত=করা হইয়াছে) সং, ক্লীং, নাম, আখ্যা। বিং, ত্রিং, তৎক্ষণাৎকৃত।

সদ্যস্ক, (সদ্যস্=তৎক্ষণে+ক্যপ্—প্রং) বিং, ত্রিং, নূতন, অভিনব। সদ্যোজাত

সদ্যোজাত, (সদ্যস্=তৎক্ষণে—জাত=উৎপন্ন) সং, পুং, বৎস, বাছুর। বিং, ত্রিং, তৎক্ষণে উৎপন্ন।

সদ্যোভাবী, (সদ্যোভাবিন্, সদ্যস্=তৎক্ষণে—ভাবিন্=হওন) সং, পুং, তর্ণক, সদ্যোজাত বৎস।

সদ্রু, (সদ্=গমনকরা+রু—ক, শীলার্থে) বিং, ত্রিং, গমনশীল, গমনকারী।

সদ্বৃত্ত, (সৎ=সাধু—বৃত্ত=চরিত্র, স্বং—স+৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, সচ্চরিত্র। সংব্যবহার, সাধুস্বভাব। বিং, ত্রিং, সচ্চরিত্রবিশিষ্ট।

সদ্বৃত্তি, (সৎ—বৃত্তি=ব্যবহার, ব্যাখ্যানগ্রন্থ) সং, স্ত্রীং, সৎব্যবহার। ব্যাখ্যানগ্রন্থবিশেষ।

সধর্ম্মা, (সধর্ম্মন্, স=সমান—ধর্ম্ম, ৬ষ্ঠী—হিং, অন্—প্রং) বিং, ত্রিং, এক ধর্ম্মাক্রান্ত। সদৃশ, তুল্য। একরূপ, সমবিধ।

সধর্ম্মচারিণী, (স=[পতির] সহিত—ধর্ম্ম=কর্ত্তব্য—চারিণী=যে আচরণ করে, স্ত্রীয়া—ষ) সং, স্ত্রীং, স্ত্রী, ভার্য্যা, পত্নী।

সধর্ম্মিণী, (সধর্ম্মিন্+ঈপ্—প্রং) সং, স্ত্রীং, পত্নী, সহধর্ম্মচারিণী, ভার্য্যা, স্ত্রী।

সধর্ম্মী, (সধর্ম্মিন্, স=সহিত বা সমান—ধর্ম্ম+ইনি—অস্ত্যর্থে) বিং, ত্রিং, এক ধর্ম্মাক্রান্ত, সদৃশ, তুল্য।

সধবা, (স=সহিত—ধব=পতি, ১মা—হিং) সং, স্ত্রীং, সভর্ত্তৃকা, পতিবত্নী, জীবৎপতিকা স্ত্রী, যাহার পতি আছে।

সধি, (স=সহিত—ধা=ধারণকরা+কি

—প্রং) সং, পুং, অগ্নি, অনল, পাবক, হুতাশন, কৃশানু, দহন।
সধিস্, (সহ্=সহ্যকরা+ইসি—প্রং)সং, পুং, বৃষ, ষাঁড়, উক্ষ, বলীবর্দ্দ।
সধ্রীচী, (সধ্র্যচ্+ঈপ্—প্রং) সং, স্ত্রীং, সহচরী, সখী।
সধ্র্যঙ্, (সধ্র্যচ্, সধ্র্যঞ্চ্, স=সহ—অনচ্=গমনকরা+ক্বিপ্—ক) বিং, ত্রিং, সহচর, সঙ্গী। স্ত্রীং, পত্নী, সহচরী।
সন, (সন্=দানকরা, সেবাকরা ইত্যাদি+অচ্—প্রং) সং, পুং—স্ত্রীং, হস্তীর কর্ণাস্ফালন। পুং, বৃক্ষবিশেষ। নী—স্ত্রীং, গৌরী, উমা, গিরিজা। দীপ্তি, আলোক।
সনক, (সন্=সেবাকরা+ণক—প্রং)সং, পুং, মুনিবিশেষ, ব্রহ্মার পুত্র।
সনৎ, (সন্=সেবা করা বা দান করা+অতি—প্রং) সং, পুং, ব্রহ্মা, কমলযোনি, চতুরানন। অং, সর্ব্বদা, সদা।
সনৎকুমার, (স্বামিমতে, সনৎ=ব্রহ্মা—কুমার=পুত্র, ৬ষ্ঠী—ষ। কিংবা সৎ=নিত্য—কুমার, যং—স) সং, পুং, ব্রহ্মার পুত্র মুনিবিশেষ। হরিবংশে এই নামের কারণ যথা—"যথোৎপন্নস্তথৈবাহং কুমার ইতি বিদ্ধি মাম্। তস্মাৎ সনৎকুমারেতি নামৈতন্মে প্রতিষ্ঠিতম্"।
সনন্দ, (স=সহিত—নন্দ=আনন্দ, ১মা—হিং) সং, পুং, ব্রহ্মার পুত্রবিশেষ। বিং, ত্রিং, আনন্দযুক্ত। (দেশজ) প্রমাণ স্বরূপ লিখিত পত্রাদি।
সনা, সনাৎ, (সন্=সেবা করা+আচ্, আৎ—প্রং। অথবা সদা, নিপাতন) অং, সর্ব্বদা, নিত্য।
সনাতন, (সনা=নিত্য+তন—ভবার্থে) বিং, ত্রিং, নিত্য, সদাতন, চিরস্থায়ী। সং, পুং, ব্রহ্মা। বিষ্ণু। শিব। নী—স্ত্রীং, সরস্বতী, বাণী, বাগ্দেবী। লক্ষ্মী, কমলা, রমা। দুর্গা, গৌরী, গিরিজা।
সনাথ, (স=সহিত—নাথ=প্রভু, ১মা—হিং) বিং, ত্রিং, নাথবিশিষ্ট। সহিত, যুক্ত।
সনাভি, (স=সহিত বা সমান—নাভি=নাই, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সপিণ্ড, সপ্তপুরুষান্তর্গত জ্ঞাতি। বিং, ত্রিং, সদৃশ, তুল্য। স্নেহযুক্ত।
সনামক, সং, পুং, মোরঙ্গবৃক্ষ।
সনি, (সন্=সেবাকরা, দানকরা+ই—প্রং) সং, পুং, পূজা। দান। পুং, নী—স্ত্রীং, অন্বেষণা, পূজা, ব্যক্তির সৎকার পূর্ব্বক কোন কর্ম্মে নিয়োজন। দান। প্রার্থনা। নিয়োগ। প্রদেশ, অঞ্চল।
সনিত, (সন্=দানকরা+ক্ত—প্রং) বিং, ত্রিং, প্রতিপন্ন, সুখ্যাতিযুক্ত, যশস্বী।
সনিষ্ঠীব, সনিষ্ঠেব, (স=[সহ], সহিত—নি—ষ্ঠীব, ষ্ঠিব=থুথু ফেলা+ঘঞ্—প্রং) সং, ক্লীং, অস্পষ্ট কৃত, নিষ্ঠীবনযুক্ত বাক্য।
সনীড়, (স=সমান—নীড়=বাসা) বিং, ত্রিং, নিকট, সবিধ, সমীপ। তুল্য। নীড়যুক্ত।
সন্ত, সং, পুং, সংহততল, যুক্তকরদ্বয়।
সন্তত, (সম্—তন্=বিস্তারকরা+ক্ত—প্রং) ক্রিং—বিং, ক্লীং, অনাদি, অনন্ত, অবিচ্ছিন্ন। সতত, নিরন্তর। বিং, ত্রিং, অবিরত। সম্যক্ বিস্তৃত। অধিক, বহুল
সন্ততি, (সম্=সহিত বা সমানরূপে—তন্=বিস্তার করা+ক্তি—প্রং) সং, স্ত্রীং, বংশ, গোত্র। পুত্র বা কন্যা, সন্তান, "সন্ততিঃ শুদ্ধবংশ্যা হি পরত্রেহ চ শর্ম্মণে" কাং। পঙ্ক্তি, শ্রেণী। বিস্তার। ব্যাপ্তি। ধারা। পারম্পর্য্য, অবিচ্ছেদ।
সন্তপ্ত, (সম্—তপ্=উত্তপ্ত বা দগ্ধকরা+ক্ত—ম্ম) বিং, ত্রিং, সন্তাপযুক্ত, উত্তপ্ত। দগ্ধ, জ্বলন্ত। অগ্নি-বিশুদ্ধ। ক্লিষ্ট। জ্বরিত।
সন্তমস, (সম্=সমূহ—তমস্=অন্ধকার) সং, ক্লীং, ব্যাপক অন্ধকার, সাতিশয় অন্ধকার, গাঢ় অন্ধকার। মহামোহ।
সন্তরণ, (সম্—তৃ=পারহওয়া, ভাসা+

অনট্—ভা) সং, ক্লীং, সাঁতার। পার গমন।

সন্তরিক—যে সকল জীব সাঁতার দেয়।

সন্তর্পণ, (সম্—তৃপ্=প্রীতকরা+অনট্—ক) সং, ক্লীং, তৃপ্তকরা। তুষ্টিসম্পাদন, তোষণ। বিং, ত্রিং, তৃপ্তিকর, প্রীতিজনক।

সন্তান, (সম্—তন্=বিস্তারকরা+ঘঞ্—প্রং) সং, পুং, অপত্য, পুত্র কন্যা। বংশ। প্রবন্ধ। ধারা। প্রবাহ। বিস্তার। ব্যাপ্তি। কল্পবৃক্ষবিশেষ।

সন্তানক, (পূর্ব্বে দেখ,+ণক। কিম্বা সন্তান+কণ্—যোগ) সং, পুং,কল্পবৃক্ষ। দেবতরু, "সন্তানকানামখিলং যস্যা গন্ধেন বাসিতং" ব্যাস। বিং,ত্রিং,বিস্তৃত, ব্যাপনশীল। নিকা—স্ত্রীং, ছুরির ধার। ক্ষীরের সর। ফেন। লূতাতন্তু, মাকড়শার জাল।

সন্তানবান্, (সন্তানবৎ, সন্তান+বৎ—অস্ত্যর্থে) বিং.ত্রিং,যাহার সন্তান আছে, অপত্যবিশিষ্ট।

সন্তানিত, (সন্তান+ইত—প্রং) বিং,ত্রিং, প্রসারিত, বিস্তারিত।

সন্তাপ, (সন্তপ্ত দেখ+ঘঞ্—ভা) সং,পুং, সংজ্বর, উষ্ণতা, উত্তাপ। মনস্তাপ, অন্তর্দাহ, দুঃখ। রিপু। অনুতাপ।

সন্তাপন, (সম্—তাপি=উত্তপ্ত বা দগ্ধ করান+অনট—ভা) সং, পুং, কন্দর্পের বাণবিশেষ। ক্লীং, তাপদান। বিং, ত্রিং, সন্তাপজনক।

সন্তাপিত, (সন্তাপ+ইত—সংজাতার্থে) বিং, ত্রিং, সন্তপ্ত। উত্তপ্ত। উষ্ণ। সন্তাপযুক্ত, দুঃখিত।

সন্তি, (সন্=দানকরা+ক্তি—ভা) সং, স্ত্রীং, অবসান, শেষ। দান, বিতরণ।

সন্তুষ্ট, (সম্=সম্যক্—তুষ্ট=তৃপ্ত) বিং, ত্রিং, সন্তোষযুক্ত, তৃপ্ত, আহ্লাদিত।

সন্তোষ, (সম্=সম্যক্—তুষ্=তুষ্টহওয়া+ঘঞ্—ভা) সং, পুং, আহ্লাদ, হর্ষ। তৃপ্তি

সন্দংশ, (সম্—দন্শ্=দংশনকরা+অচ্—ক) সং, পুং, শিকা, শী—স্ত্রীং,সাঁড়াশি, "স্বদশনসন্দংশেন বকগ্রীবাং চকর্ত্ত" বিং শং। কাতারি, জাঁতি, চিম্টা, সোন্না প্রভৃতি।

সন্দংশক, (সম্—দংশ=দংশনকরা+ণ্বুন্) সং, ক্লীং, সাঁড়াশি, কাতারি, জাঁতি, সোন্না। পাপ।

সন্দর্ভ, (সম্=সহিত, একসঙ্গে—দৃভ্=গ্রন্থনকরা, সংগ্রহকরা+অচ্—প্রং) সং, গ্রন্থ। প্রবন্ধ, পরম্পরান্বিত রচনা। সংগ্রহ। বিস্তার। "গূঢার্থস্য প্রকাশশ্চ সারোক্তিঃ শ্রেষ্ঠতা তথা। নানার্থবত্ত্বং বেদত্বং সন্দর্ভঃ কথ্যতে বুধৈঃ"॥

সন্দর্শন, (সম্=সম্যক্‌রূপে—দৃশ্=দেখা+অনট্-ভা) সং, ক্লীং,ভালরূপে দেখা, পরীক্ষা। অবলোকন,নিরীক্ষণ। জ্ঞান। মূর্ত্তি, আকৃতি, চেহারা।

সন্দষ্ট, (সন্দংশ দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, কামড়ান। সংশ্লিষ্ট, সংলগ্ন।

সন্দান, (সম্—দো=ছেদনকরা+অনট্—প্রং। কিংবা সম্=সহিত—দান=হস্তীর মদজল) সং, ক্লীং, রজ্জু, দামি, শৃঙ্খল, বন্ধনসাধন বস্তু। বন্ধন। সম্যক্ ছেদন। পুং, হস্তীর জানুদ্বয়ের অধোভাগ, হস্তীর গুল্‌ফের ঊর্দ্ধদেশ। হস্তীর কপোলদেশ, যে স্থান হইতে মদজল ক্ষরিত হয়।

সন্দানিত, সন্দিত, (সন্দান+ইত—প্রং। সম্—দো=ছেদনকরা+ক্ত—প্রং) বিং, ত্রিং, শৃঙ্খলবদ্ধ। নিগড়িত, পদাদিতে বদ্ধ। বদ্ধ।

সন্দানিনী, (সন্দান=গবাদি-বন্ধন-রজ্জু+ইন্—ঈপ্, প্রং) সং, স্ত্রীং, গোশালা, গোয়াল ঘর।

সন্দাব, (সম্—দ্রু=গমনকরা+ঘঞ্—ভা) সং, পুং,প্রস্থান, পলায়ন। ছুটিয়া আসা

সন্দিগ্ধ,(সম্—দিহ=[লেপনকরা],সংশয়করা+ক্ত—ক) বিং, ত্রিং, সন্দিহান।

সন্দেহযুক্ত, সংশয়িত। অনিশ্চিত।
সন্দিষ্ট, (সম্—দিশ্ [বলা], আদেশকরা ইত্যাদি+ক্ত—ভা,র্ম্ম) সং, ক্লীং, আদেশ। বার্ত্তা, সংবাদ। বিং, ত্রিং, কথিত। আদিষ্ট, আজ্ঞপ্ত।
সন্দিষ্টার্থ, (সন্দিষ্ট=আদেশ—অর্থ=প্রয়োজন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বার্ত্তাবহ, দূত, সন্দেশহর।
সন্দিহান, (সন্দিগ্ধ দেখ+শানচ্—ক) বিং, ত্রিং, সন্দেহান্বিত, সংশয়যুক্ত, সংশয়ী।
সন্দী, (সম্—দো=ছেদনকরা+ড—ঈ, —প্রং) সং, স্ত্রীং, পর্য্যঙ্ক, খট্টা, খাট। শয্যা, তল্প, কশিপু। আসন্দী, খাটিয়া।
সন্দেশ, (সন্দিষ্ট দেখ+ঘঞ্—ভা) সং, পুং, আদেশ। বার্ত্তা, খবর। মিষ্টান্নবিশেষ
সন্দেশবহ, সন্দেশহর, সন্দেশহারক, (সন্দেশ=খবর—বহ=যে বহনকরে, ২য়া—ষ। হর, হারক=যে গ্রহণ করে, ২য়া—ষ। সং, পুং, বার্ত্তাবহ দূত।
সন্দেহ, (সন্দিগ্ধ দেখ+ঘঞ্—ভা) সং, পুং, সংশয়, দ্বৈধজ্ঞান।
সন্দোহ, (সম=একসঙ্গে—দুহ্=পূরণ করা+ঘঞ্—র্ম্ম) সং, পুং, সমূহ, গণ। রাশি। (সম=সম্যক্—দুহ=দোহন করা+ঘঞ্—ভা) সম্যক্‌দোহন।
সন্দ্রাব, (সম্—দ্রু=বেগে গমন করা+ঘঞ্—ভা) সং, পুং, পলায়ন। প্রয়াণ।
সন্ধা, (সম্—ধা=[ধারণকরা], মিলনকরা ইত্যাদি+আপ—ভা) সং, স্ত্রীং, প্রতিজ্ঞা, পণ। স্থিতি। সন্ধ্যাকাল। অনুসন্ধান। সন্ধি, মিলন।
সন্ধাতব্য, (পূর্ব্বে দেখ+তব্য—র্ম্ম) বিং, ত্রিং, যাহার সহিত সন্ধি কর্ত্তব্য।
সন্ধান, (সন্ধা দেখ+অনট-ভা) সং, ক্লীং, নী—স্ত্রীং, বন্ধন, সন্ধি। মিলন। মিশ্রণ। প্রাপ্তি। অন্বেষণ। পালন। সংযোজন। সুস্বাদু বস্তু। সঙ্ঘটন। আমানী, কাঁজি। মদ্যপানাদি। মদ্য। ত্বক্‌সঙ্কোচ। মদ্য সজ্জীকরণ। (সন্ধীয়তে সন্ধানং,—বংশাঙ্কুর ফলাদীনাং চিরকালং সন্ধায় যৎক্রিয়তে
সন্ধানিত, (সন্ধান=সংযোজন+ইত—সংজাতার্থে) বিং, ত্রিং, সংযোজিত, সঙ্ঘট্টিত।
সন্ধি, (সন্ধা দেখ+ই—ভা) সং, পুং, মিলন, বিজিগীষু এবং অরির ব্যবস্থাপূর্ব্বক ঐক্য। শরীরের অস্থি প্রভৃতির মিলন স্থান। সত্য ত্রেতাদি যুগের মধ্য সময়। সুরঙ্গ। সিঁদ। গর্ত্ত। যোনিদ্বার। বিশ্রাম। নাটকগ্রন্থের অংশবিশেষ। সাধন, কারণ। বর্ণদ্বয়ের মিলন। "সন্ধিরেকপদে নিত্যো নিত্যো ধাতূপসর্গয়োঃ। সূত্রেষ্বপি ভবেন্নিত্যঃ সৈবান্যত্র বিভাষয়া"॥ [সং, পুং, সিঁদাল চোর।
সন্ধিচৌর, (সন্ধি=সিঁধ—চোর=চোর)
সন্ধিজীবক, (সন্ধি=[অন্যদের] মিলন—জীবক=যে জীবিকা নির্ব্বাহ করে) বিং, ত্রিং, যে ব্যক্তি শঠতা দ্বারা অর্থোপার্জ্জনের চেষ্টা পায়। কোটনা।
সন্ধিত, (সন্ধা=মিলন+ইত—সংজাতার্থে) বিং ত্রিং, বদ্ধ। সংযুক্ত, সন্ধিদ্বারা বদ্ধ। পুনর্মিলিত, পুং ভূত।
সন্ধিৎসু, (সন্ধা দেখ+স—ইচ্ছার্থে, উক) বিং, ত্রিং, সন্ধান করিতে ইচ্ছু।
সন্ধিনী, (সন্ধা=মিলন+ইন—ঈপ্, সং স্ত্রীং, বৃষ দ্বারা আক্রান্ত ঋতুমতী গাভী। অকালে দুগ্ধদায়িনী গাভী।
সন্ধিবন্ধ, সং, পুং, ভূমিচম্পক, ভুঁইচাপার গাছ।
সন্ধিবন্ধন, (সন্ধি=শরীরের অস্থি প্রভৃতির মিলন-স্থান, গাঁইট—বন্ধন—বাঁধন) সং, ক্লীং, শিরা।
সন্ধিরন্ধ্রকা, (সন্ধি—রন্ধ্র=ছিদ্র+কন্) ভিত্তির ছিদ্র, দেয়ালের ফাট, চিড়।
সন্ধিলা, (সন্ধি=ছিদ্র ইত্যাদি+লচ-প্রং। অথবা সন্ধি—লা=যে লয়) সং, স্ত্রীং, সুড়ঙ্গ। নদী, তরঙ্গিনী, তটিনী। মদ্য, আসব, সুরা, সুধা

সন্ধিহারক, (সন্ধি=সুরঙ্গ—হারক=যে লইয়া যায়) সং, পুং, সন্ধিচৌর, সিঁদাল চোর।

সন্ধুক্ষিত, (সম্—দীপ্ত হওয়া+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, উদ্দীপিত। প্রজ্বালিত। উত্তেজিত।

সন্ধেয়, (সন্ধা দেখ+যৎ—র্ম্ম) বিং, ত্রিং, সন্ধি করিবার যোগ্য।

সন্ধ্যা, (সন্ধি=[দিবারাত্রির] মিলন+যৎ আ—প্রং) সং, স্ত্রীং, দিবারাত্রির মিলনকাল, প্রাতঃসন্ধ্যা ও সায়ংসন্ধ্যা। তৎকালে উপাস্য মন্ত্ররূপ দেবতা। যুগসন্ধি, সত্য ত্রেতাদি যুগের মিলন কাল। প্রতিজ্ঞা। চিন্তা, উপাসনা। সীমা। নদীবিশেষ। পুষ্পবিশেষ।

সন্ধ্যাংশ, (সন্ধ্যা—অংশ ৬ষ্ঠী—ষ) সং, পুং, যুগসন্ধি। সত্য ত্রেতাদি যুগের প্রথম ও শেষ অংশ।

সন্ধ্যানাটী, (সন্ধ্যানাটিন্, সন্ধ্যা=প্রাতঃসন্ধ্যা ও সায়ংসন্ধ্যা—নাটিন্=যে নৃত্য করে) সং, পুং, শিব, মহাদেব, হর, ধূর্জ্জটি, ত্র্যম্বক, গঙ্গাধর।

সন্ধ্যাবল, (সন্ধ্যা=সায়ংসন্ধ্যা—বল =শক্তি) সং, পুং, রাক্ষস, নিশাচর। যাতুধান, কুণপ।

সন্ধ্যাবলি, (সন্ধ্যা=সায়ংসন্ধ্যা [যখন শিব পূজিত হন]—বলি=পূজোপহার) সং, পুং, শিবালয়স্থ মৃৎকাষ্ঠাদি নির্ম্মিত বৃষ।

সন্ধ্যারাম, (সন্ধ্যা=এই দেবের কন্যা, [যাহাকে ইনি ভাল বাসিতেন]—আ—রম্=ক্রীড়াকরা ইত্যাদি+ঘঞ্—ভা) সং, পুং, ব্রহ্মা, প্রজাপতি, পিতামহ, কমলযোনি।

সন্ন, (সদ্=গমনকরা+ক্ত—প্রং) বিং, ত্রিং, অবসন্ন। ক্ষীণ। হীন, রহিত। নষ্ট, গত। জড়, স্থাবর। ভগ্নোৎসাহ।

সন্নকদ্রু, (সন্নক=খর্ব্ব—দ্রু=স্কন্ধ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পিয়াল বৃক্ষ।

সন্নত, (সম্—নত=প্রণত) বিং, ত্রিং, ধ্বনিত, শব্দিত। প্রান্ত।

সন্নতি, (সম—নম্=নমস্কারকরা, নম্র হওয়া, শব্দকরা+ক্তি—ভা) সং, স্ত্রীং, প্রণাম, প্রণতি। অবনতি, নম্রতা। শব্দ, ধ্বনি।

সন্নদ্ধ, (সম্—নহ্=বন্ধনকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, কবচিত, বর্ম্মিত, সন্নাহবিশিষ্ট, সাঁজোয়া পরা ' নবজলধরঃ সন্নদ্ধোহয়ং নদৃপ্তনিশাচরঃ " কাং। অস্ত্রসজ্জিত। বদ্ধ। শ্রেণীবদ্ধ। উৎপন্ন। আততায়ী; বধোদ্যত। যাহার বাহুতে কবচ আছে।

সন্নয়, (সম্=একসঙ্গে—নী=পাওয়া বা লইয়া যাওয়া+অচ্—প্রং) সং, পুং, সমূহ, সংখ্যা, রাজি। পশ্চাৎভাগে স্থিত সৈন্য।

সন্নহন, (সম্—নহ্=বন্ধনকরা+অনট্—ভা) সং, ক্লীং, বর্ম্মপরিধান। রণসজ্জা। উদ্যোগ। অস্ত্রবন্ধন।

সন্নাহ, (পূর্ব্বে দেখ+ঘঞ্—ণ) সং, পুং, কবচ। অঙ্গত্রাণ, বর্ম্ম, সাঁজোয়া। পরিচ্ছদ।

সন্নাহ্য, (সন্নাহ=সাঁজোয়া+যৎ—অর্হার্থে) সং, পুং, যুদ্ধোপযুক্ত হস্তী। বিং, ত্রিং, সন্নাহযোগ্য।

সন্নিকর্ষ, (সম্=একসঙ্গে—নি—কৃষ্ =আকর্ষণকরা+অচ্—ভা) সং, পুং, সান্নিধ্য, নৈকট্য। বিষয় ও ইন্দ্রিয়ের সম্বন্ধ। ইন্দ্রিয়গোচর। ন্যায়ে—সামান্যলক্ষণা জ্ঞানলক্ষণা, যোগজ—এই ত্রিবিধ অলৌকিক প্রত্যক্ষ সাধন উপায়।

সন্নিকৃষ্ট, (পূর্ব্বে দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, নিকটবর্ত্তী, সন্নিহিত, সমীপস্থ।

সন্নিধ, (পশ্চাৎ দেখ+ক—প্রং) সং, ক্লীং, সামীপ্য, নৈকট্য। বিং, ত্রিং, সমীপস্থ।

সন্নিধান—ক্লীং, সন্নিধি পুং, } (সম্—নি—ধা=ধারণ করা+অনট ই—প্রং) সং, সমীপ, নিকট। স্থিতি। আবির্ভাব। আশ্রয়। সমাগম। (সং—

নিধান, নিধি) সাধুদের স্থান। উত্তম-নিধি।

সন্নিধাপন, (সম্—নি—ধাপি=ধারণকরান +অনট্—ভা) সং, ক্লীং, সংস্থাপন, রাখা।

সন্নিপতিত, সম্—নি—পৎ=গমনকরা +ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, উপস্থিত। একত্র মিলিত। সম্যক্প্রকারে পতিত। মৃত। মিশ্রিত। অবতীর্ণ। আগত।

সন্নিপাত—পুং, সন্নিপাতন-ক্লীং, } (সম্—নি—পৎ=গমনকরা+ঘঞ্—প্রং) সং, পুং, সমূহ। একত্রমিলন। ত্রিদোষজ বিকার রোগবিশেষ, বাত-পিত্ত কফের মিলন। সংগ্রাম, যুদ্ধ। সম্যক্প্রকারে পতন। নাশ। অবতরণ। উপস্থিতি।

সন্নিবদ্ধ, (সম্—নি=নিশ্চয়—বন্ধ্—বন্ধন করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, দৃঢ়বদ্ধ। গ্রথিত, রচিত।

সন্নিবন্ধ—পুং, সন্নিবন্ধন-ক্লীং. } (সম্=সম্পূর্ণরূপে বা সং=উত্তম—নিবন্ধ=বন্ধন। সম্—নি=নিশ্চয়—বন্ধন=বাঁধন) সং, দৃঢ়বন্ধন। গ্রন্থন, রচনা। সম্যক্রূপে একত্র সঙ্কলন। বিং, ত্রিং, উত্তম ভাষাগ্রন্থযুক্ত। উত্তম প্রীতিদানযুক্ত।

সন্নিভ, (সম্—নিভ=তুল্য) বিং, ত্রিং, সদৃশ, তুল্য, সঙ্কাশ, একরূপ, সবিধ।

সন্নিবিষ্ট, (সম—নি—বিশ্=প্রবেশকরা +ক্ত—ক) বিং, ত্রিং, গৃহীতাসন, উপবিষ্ট। সম্মুখে উপস্থিত। নিকটস্থ। সংক্রান্ত। [বিরত। প্রত্যাগত।

সন্নিবৃত্ত, (সম্—নিবৃত্ত) বিং, ত্রিং, নিবৃত্ত,

সন্নিবৃত্তি, (সম্—নিবৃত্তি) সং, স্ত্রীং, প্রত্যাবর্ত্তন। নিবৃত্তি, বিরতি।

সন্নিবেশ, (সম্—নি—বিশ্=প্রবেশকরা +ঘঞ্—ধি, ভা) সং, পুং, নগরাদির বহিঃস্থিত বিহারভূমি। পুরবহিঃস্থপ্রদেশ। আশ্রম, স্থান। নিকট। বিন্যাস, রচনা। যোগ, মিলন। ভিতরে প্রবেশ করান। সমষ্টি, সংগ্রহ। সংযোগ।

সন্নিষণ্ণ, (সম্—নি—ষদ্=গমনকরা+ক্ত) সং, ত্রিং, স্থিত, উপবিষ্ট, অচল।

সন্নিহিত, (সম্—নি—ধা=ধারণকরা+ক্ত—প্রং) বিং, ত্রিং, নিকটবর্ত্তী, সমীপস্থ। সম্যক্স্থাপিত। [স্থায়ী।

সন্নিহিতাপায়, সং, ত্রিং, ক্ষণিক, স্বল্পক্ষণ-

সন্মান, (সৎ=উত্তম—মান=মান্য) সং, ক্লীং, সম্মান, আস্থা। [পুং, সৎচরিত্র।

সন্মার্গ, (সৎ=উত্তম—মার্গ=পথ) সং,

সন্ন্যসন, (সম্—নি—অস্=নিক্ষেপকরা +অনট্—ভা) সং, ক্লীং, সংসার পরিত্যাগ। নিক্ষেপকরণ। গচ্ছিত রাখা।

সন্ন্যস্ত, (সম্—নি—অস্=ক্ষেপণকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, সমর্পিত। নিক্ষিপ্ত। পরিত্যক্ত।

সন্ন্যাস, (সম্—নি—অস্=ক্ষেপণকরা +ঘঞ্—ভা) সং, পুং, সংসারের কামনা পরিত্যাগ। ভিক্ষুধর্ম্ম, চতুর্থ আশ্রম। ত্যাগ। নিক্ষেপ, গচ্ছিত রাখা, জমারাখ। ঠাং মৃত্যু। সমর্পণ। "কাম্যানাং কর্ম্মণাং ন্যাসং সন্ন্যাসং কবয়ো বিদুঃ সর্ব্বকর্ম্মফলত্যাগং প্রাহুস্ত্যাগং বিচক্ষণাঃ"। "সন্ন্যাসঃ কর্ম্মণাং ন্যাসঃ কৃতানামকৃতৈঃ সহ। কুশলাকুশলাভ্যাস্থ প্রহাণং ন্যাস উচ্যতে"

সন্ন্যাসী, (সন্ন্যাসিন্, সন্ন্যাস+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, যে সন্ন্যাস আশ্রম অবলম্বন করিয়াছে। ভিক্ষু, চতুর্থাশ্রমী। "সদন্নে বা কদন্নে বা লোষ্ট্রে বা কাঞ্চনে তথা। সমবুদ্ধির্যস্য শশ্বৎ স সন্ন্যাসীতি কীর্ত্তিতঃ। দণ্ডং কমণ্ডলুং রক্তবস্ত্রমাত্রঞ্চ ধারয়েৎ। নিত্যং প্রবাসী নৈকত্র স সন্ন্যাসীতি কীর্ত্তিতঃ"।

সপ, (যবনভাষা) সং, দীর্ঘ কাটীর মাদুর।

সপক্ষ, (স=সমান—পক্ষ=সহায় ইত্যাদি ১মা—হিং) সং, পুং, যাহার পক্ষ অর্থাৎ ডানা আছে। একপক্ষাবলম্বী, সহায়, অনুকূল। তুল্য।

সপক্ষতা, (সপক্ষ+তা—ভাবে) সং, স্ত্রীং, একপক্ষাবলম্বন, আনুকূল্য, সাহায্য। পক্ষ, অর্থাৎ ডানা থাকা।

সপত্ন, (সপত্নী+অচ্—তুল্যার্থে। অথবা সহ=একার্থ—পৎ=যত্নকরা+ন—প্রং সং, পুং, অরি, অরাতি, বিপক্ষ, শত্রু, বৈরী, রিপু। [বাঁশ।

সপত্নারি, সং, পুং, বংশবিশেষ, বেউড়

সপত্নী, (স=সমান—পতি=স্বামী, —হিং, ঈপ্—প্রং, ন্—আগম) সং, স্ত্রীং, সমানপতিকা স্ত্রী, সতীনী।

সপত্রকৃত, সপত্রাকৃত, (স=সহিত—পত্র =বাণের পক্ষ—কৃত=যাহা করা হইয়াছে) বিং, ত্রিং, সপত্রবাণবেধন দ্বারা পীড়িত। অতিশয় উৎপীড়িত, সাতিশয় ক্লেশিত। পুং, বাণবিদ্ধ মৃগ বা পশু।

সপত্রাকরণ—ক্লীং, সপত্রাকৃতি—স্ত্রীং, } (স=সহিত—পত্র =বাণের পক্ষ—কৃ=করা+অনট্—ক্তি—ভা) সং, অতিশয় পীড়ন। বাণবিদ্ধকরণ।

সপদচক্ষুঃ, যাহাদের চক্ষুঃ দীর্ঘ মূলোপরি স্থাপিত, চিঙ্গড়ী ও কাঁকড়া (Podophthalmia)

সপদি, (সম্—পদ্=গমন করা+ই—প্রং, ম্—লোপ) অং, দ্রুত, শীঘ্র। তৎক্ষণাৎ, তখনি। "ভবতি সপদি পাকান্বয়ে হৃদয়মশেবিতশোকশল্যকং" প্রাং

সপর্য্যা, (সপর্=পূজা করা+যক্, আপ্—প্রং) সং, স্ত্রীং, পূজা, অর্চ্চনা, আরাধনা। "বৎসোৎসুকাপি স্তিমিতা সপর্য্যাং প্রত্যগ্রহীৎসেতি ননন্দতুস্তৌ" কাং।

সপিণ্ড, (স=সমান—পিণ্ড=অন্নের ডেলা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সনাভি, সপ্তম পুরুষান্তর্গত জ্ঞাতি।

সপিণ্ডীকরণ, (সপিণ্ড=সনাভি—করণ, মধ্যে ঈ—অভূততদ্ভাবার্থে) সং, ক্লীং, মৃত্যুর এক বর্ষান্তে কর্ত্তব্য শ্রাদ্ধ, প্রেতত্ব বিমোচনার্থ করণীয় শ্রাদ্ধ, পিতৃপিণ্ডের সহিত প্রেতপিণ্ডের মিশ্রণ, একত্র পিণ্ড ভোজন করান।

সপীতি, (স=সহিত—পীতি=পান) সং, স্ত্রীং, একত্র মিলিত হইয়া পান, সহপান।

সপ্ত, (সপ্তন্, সপ্=একত্রিত হওয়া+অন্—প্রং) ৎ—আগম) বিং, ত্রিং, বহুং, ৭ সাত সংখ্যা।

সপ্তক, (সপ্তন্=সাত [নর ইত্যাদি] +কন্—স্বার্থে; অথবা কৈ, কৈধাতুজ) বিং, ত্রিং, সপ্তসংখ্যাবিশিষ্ট। সাতের পূরণ। সং, ক্লীং, সপ্তসংখ্যা, ৭। কী—স্ত্রীং, সাতনর কাঞ্চী, মেখলা, চন্দ্রহার।

সপ্তগ্রন্থিশুণ্ড, যাহাদের মুখাগ্রভাগের শুণ্ডদ্বয়ের প্রত্যেকে সাতগ্রন্থি আছে যথা—সামান্য বৃশ্চিক (Chilopoda)

সপ্তচত্বারিংশৎ, (সপ্তন্=সাত—চত্বারিংশৎ=চল্লিশ, সাত অধিক চল্লিশ, যং—স। মধ্যপদলোপ) সং, স্ত্রীং, ৪৭ সাতচল্লিশ। তৎসখ্যক।

সপ্তচ্ছদ, সপ্তপর্ণ, সপ্তপলাশ (সপ্তন্=সাত—ছদ, পর্ণ, পলাশ=পাতা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ছাতিমগাছ, বিষমচ্ছদ।

সপ্তজিহ্ব, সপ্তজ্বাল, (সপ্তন্=সাত—জিহ্বা=জিভ, জ্বালা=অগ্নিশিখা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সপ্তার্চ্চিঃ, অগ্নি। অগ্নির সাত জিহ্বার নাম, যথা—"কালী করালী চ মনোজবা চ সুলোহিতাচৈব সুধূম্রবর্ণা। উগ্রা প্রদীপ্তা চ রুপীটযোনেঃ সপ্তৈব কীলাঃ কথিতাশ্চ জিহ্বাঃ"।

সপ্ততন্তু, (সপ্তন্=সাত [অগ্নির জিহ্বা বা প্রার্থনা]—তন্=বিস্তারকরা+তু—প্রং) সং, পুং, ক্রতু, যজ্ঞ, অধ্বর, যাগ।

সপ্ততি, (সপ্তন্=সাত+ক্তি—প্রং) সং, স্ত্রীং, ৭০ সোত্তর সংখ্যা। [পূরণ।

সপ্তদশ, (সপ্ত+দশন্) বিং, ত্রিং, সতরর

সপ্তদশন্, (সপ্তন্=সাত—দশন্=দশ, যং—স, মধ্যপদলোপ) বিং, ত্রিং, বহু,

১৭ সতরসংখ্যা।

সপ্তদীধিতি, (সপ্তন্=সাত—দীধিতি =প্রভা, কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, সপ্তার্চ্চিঃ, অগ্নি, অনল, পাবক, দহন।

সপ্তদ্বীপা, সং, স্ত্রীং, পৃথিবী, ধরণী, ধরা, রসা, বসুধা।

সপ্তধা, (সপ্তন্=সাত+ধাচ্—প্রকারার্থ) অং, সাতবার। সাতপ্রকার।

সপ্তভদ্র, (সপ্তন্=সাত—ভদ্র=ভাগ্য-বস্তু) সং, পুং, শিরীষ বৃক্ষ।

সপ্তম, (সপ্ত সাত+ডতম—পূরণার্থে বিং. ত্রিং, সাতের পূরণ। মী—স্ত্রীং, তিথিবিশেষ।

সপ্তরক্ত, সং, পুং, বহুং, রক্তবর্ণ শরীরের সপ্তস্থান, যথা—করতল, পদতল, অপাঙ্গ, জিহ্বা, তালু, ওষ্ঠ, নখ।

সপ্তর্ষি, (সপ্তন্=সাত—ঋষি, যং—স) সং, পুং, বহুং, ৭ নক্ষত্র। মরিচী, অত্রি, অঙ্গিরা, পুলস্ত্য, পুলহ, ক্রতু, বশিষ্ঠ—এই সাত ঋষি।

সপ্তলা, (সপ্তন=সাত [পত্র ইত্যাদি]—লা=পাওয়া+ক—ক) সং, স্ত্রীং, নবমালিকা পুষ্প। গুঞ্জা। চিণ্ডী। সাতশত।

সপ্তশতী, সং, স্ত্রীং, দেবীমাহাত্ম্যসূচক গ্রন্থ,

সপ্তশলাক, সং, পুং, জ্যোতির্ষোক্ত চক্রবিশেষ।

সপ্তসপ্তি, সপ্তাশ্ব, (সপ্তন্=সাত—সপ্তি=ঘোটক, অশ্ব=ঘোড়া. ৬ষ্ঠী—হিং) সং, পুং, সূর্য্য, দিনকর, সবিতা, প্রভাকর, মার্ত্তণ্ড।

সপ্তসাগর, সং, পুং, বহুং, লবণ, ইক্ষু, সুরা, সর্পিঃ, দধি, দুগ্ধ, জল—এই সপ্তপদার্থময় সপ্ত সমুদ্র।

সপ্তাংশু,(সপ্তন্—অংশু=কিরণ. ৬ষ্ঠী—হিং) সং, পুং অগ্নি। শনিগ্রহ, শনৈশ্চর। বিং, ত্রিং, ক্রূরনেত্র।

সপ্তাংশুপুঙ্গব, (সপ্তন্=সাত—অংশু=কিরণ—পুঙ্গব=শ্রেষ্ঠ) সং, পুং, শনিগ্রহ।

সপ্তার্চ্চিঃ, (সপ্তার্চ্চিস. সপ্তন=সাত—অর্চ্চিস=জ্বালা। প্রভা, ৬ষ্ঠী—হিং। সপ্তার্চ্চিসের নাম সপ্তজিহ্ব শব্দে দেখ) সং, পুং, অগ্নি। শনিগ্রহ। বিং, ত্রিং, ক্রূরনেত্র। ক্লীং, সাতদিন।

সপ্তাহ, (সপ্তন্=সাত—অহন্=দিন) সং,

সপ্তি, (সপ্=[সৈন্য মধ্যে] একত্রিত হওয়া+ক্তি—প্রং) সং পুং, অশ্ব, ঘোটক, বাজী, তুরঙ্গ।

সপ্রতিভ, (স=সহিত—প্রতিভা, ৬ষ্ঠী—হিং) বিং,ত্রিং, প্রতিভান্বিত, অসাধারণ বুদ্ধিসম্পন্ন।

সফর—পুং, সফরী—স্ত্রীং, (স্ফুর্=স্ফূর্তি পাওয়া, নিপাতন। যে শরীর হইতে স্ফূর্তিপায়, অর্থাৎ পার্শ্ব দ্বারা গমনকরে) সং, পুটীমাছ, "অবসরবশাৎ সফরো জনার্দ্দনঃ সোঽপি জাতঃ" উং।

সফল,(স=সহিত—ফল, ১মা—হিং বিং, ত্রিং, ফলবিশিষ্ট, সুসিদ্ধ। লাভজনক।

সবলি, (স=সহ—বলি=পূজা) সং, পুং, প্রদোষ, সন্ধ্যা, গোধূলি।

সব্রহ্মচর্য্যা, (স=সহ—ব্রহ্মচর্য্যা=বেদাধ্যয়ন) সং, ক্লীং, এক গুরুর নিকট বেদাধ্যয়ন সহাধ্যায়।

সব্রহ্মচারী, (সব্রহ্মচারিন্, স=সমান-ব্রহ্মন্=বেদ—চর্=আচরণকরা+ইনি—ক। যাহারা এক গুরু হইতে বেদাধ্যয়নজন্য ব্রহ্মচর্য্যাখ্যব্রত আচরণ করে) সং, পুং, সতীর্থ, এক গুরুর শিষ্য।

সভর্তৃকা, (স=সহিত—ভর্তৃ=স্বামী,১মা—হিং, ক—আপ্—প্রং) সং, স্ত্রীং, পতীবত্নী, সধবা, এয়ো।

সভা, (স=সহিত—ভা=দীপ্তিপাওয়া+অঙ্—ধি, আপ্—স্ত্রীলিঙ্গে) সং, স্ত্রীং, সমাজ, পরিষদ্, কোন কার্য্যের নিমিত্ত যেখানে অনেক লোক একত্রিত হয়। (অত্র ভা দীপ্তিঃ প্রকাশো জ্ঞানমিতি যাবৎ। তয়া সহ সাক্ষাৎ পরম্পরয়া বা বর্ত্তে ইতি সভা)। জনতা। সভ্য। গৃহ।

সভাজন, (সভাজ্=সেবাকরা ইত্যাদি+অনট্—ভা) সং, ক্লীং, পূজা, সৎকার। সম্ভাষণ, কুশলাদি প্রশ্ন জিজ্ঞাসা। আনন্দন। (সভা—জন=লোক) পুং, সভ্য, সভাসদ্ (সহ—ভাজন) বিং, ত্রিং, ভাজনযুক্ত।

সভাজিত, সভাজ্=প্রীতকরা+ক্ত—র্ম) বিং, ত্রিং, পূজিত। সংকৃত, অভ্যর্থিত, স্বাগত প্রশ্নাদি জিজ্ঞাসিত।

সভাসদ্, (সভা—সদ্=[যে গমন করে], যে উপবেশন করে, ৭মী—ষ) বিং, ত্রিং, সভ্য, সামাজিক। বিজ্ঞ।

সভাস্তার, (সভা—স্তৃ=আবরণকরা+অণ্—প্রং) সং, পুং, সভ্য, সামাজিক।

সভিক, সভীক, (সভা+ঠক্—প্রং) সং, পুং, দ্যূতসভাধ্যক্ষ।

সভ্য, (সভা+যৎ—সাধ্বর্থে) সং, পুং, সামাজিক, সভাসদ, "তস্মৈ সভ্যাঃ সভার্য্যায় অর্হণাঞ্চক্রুঃ" কাং। সাধু, সজ্জন। সদ্বংশজাত। সভিক। বিং, ত্রিং, বিশ্বস্ত। সভাসম্বন্ধীয়। বিজ্ঞ। দ্যূতকর।

সম্, অং, সংযোগ সহিত, একসঙ্গে। সম্যক্। সঙ্গ, মিলন। সমূহ। সৌন্দর্য্য। সঙ্গত। শোভন। সমান, তুল্য। সমুচ্চয়। প্রকর্ষ। আশ্লেষ। আভিমুখ্য। প্রকৃষ্ট। নৈরন্তর্য্য। ঔচিত্য।

সম, (সম্=অবিকল হওয়া+অচ্—প্রং) বিং, ত্রিং, তুল্য, সদৃশ, সমান, একবিধ। সমগ্র, সকল। সাধু। যুগ্ম। অবক্রুর, চোস্ত। কালিকরা। ক্লীং, গীতবাদ্যাদি বিষয়ে লয়। মা—স্ত্রীং বৎসর।

সমকক্ষ, বিং, ত্রিং, তুল্যপ্রতিযোগী। তুল্যবল।

সমকন্যা, (সম=সম্পূর্ণ—কন্যা=কুমারী) সং, স্ত্রীং, বিবাহোপযুক্ত কুমারী।

সমকেন্দ্রিক, যে যে বস্তুর কেন্দ্র এক স্থানে বা সমসূত্ররূপে থাকে। (Concentrical.)

সমকোণ, এক সরল রেখার উপর অন্য এক সরল রেখা লম্বভাবে পতিত হইলে যে কোণ উৎপন্ন হয়। (Right-angle)

সমকোল, সং, পুং, ভুজঙ্গ, সর্প। অহি, ব্যাল।

সমক্র, (সম্=একসঙ্গে—অন্চ্=গমনকরা+ক্ত—ক) বিং, ত্রিং তুল্যরূপে গমনকারী। তুল্যরূপে অবস্থাপিত।

সমক্ষ, (সম্=অভিমুখ—অক্ষি=চক্ষুঃ, +টচ্—প্রং) বিং, ত্রিং, সম্মুখ, প্রত্যক্ষ, অগ্রতঃ, পুরতঃ। অং, চক্ষুঃসমীপে।

সমগন্ধক, (সম=সমান, তুল্য—গন্ধ=আঘ্রাণ+কন্—প্রং) সং, পুং, কৃত্রিম ধূপ।

সমগন্ধিক, (সমগন্ধ+ঠক্—অস্ত্যর্থে) সং, ক্লীং, উশীর, বেণার মূল। বিং, ত্রিং, তুল্যগন্ধযুক্ত।

সমগুণশ্রেঢী, যে সরল রাশির প্রত্যেকেরই স্বস্ব পরবর্ত্তীরাশির সহিত সমান অনুপাত। (Geometrical Progression)

সমগ্র, (সম্=সমূহ—গ্রহ্=গ্রহণকরা+ড—প্রং) বিং, ত্রিং, সম্পূর্ণ। সকল, সমস্ত, সমুদায়।

সমঙ্গা, (সম্=একসঙ্গে—অনগ্=গমনকরা বা উৎপন্ন হওয়া+অচ্—প্রং) সং, স্ত্রীং, মঞ্জিষ্ঠা লতা।

সমজ, (সম=সমান, তুল্য—জন্=উৎপন্ন হওয়া+ড—প্রং) সং, পুং, পশুসমূহ। মূর্খসমূহ। ক্লীং, বন, অরণ্য, অটবী, গহন, জঙ্গল।

সমজ্ঞা, (সম=সকল—জ্ঞা=জানা+ক্বিপ্—প্রং) স্ত্রীং, যশঃ, কীর্ত্তি, সুখ্যাতি।

সমজ্যা, (সম্=একসঙ্গে—অজ্=গমনকরা+কাপ্—ধি, আপ্) সং, স্ত্রীং, পরিষদ্, সমাজ, সভা। কীর্ত্তি, যশঃ, খ্যাতি।

সমঞ্জস, (সম্=সহিত—অঞ্জসা=সত্য, ১মা—হিং। কিম্বা সম্=সম্যক্—অঞ্জস্=ঔচিত্য, ৬ষ্ঠী—হিং, অ—প্রং) বিং, ত্রিং, উপযুক্ত। উচিত, যোগ্য। অভ্যস্ত, প-

বিচিত। যথার্থ, নির্ভুল, সত্য। সং। সদৃশ। সুজন। সমীচীন, উত্তম। ক্লীং, উপযুক্ততা, যোগ্যতা।

সমঞ্জসীভূত, (সমঞ্জস—ভূত=হইয়াছে। মধ্যে ই—আগম) বিং, ত্রিং, মিলিত। যে যে স্থানে বা অবস্থায় অবস্থিতি করাতে কেহ কাহারো হানি না করে।

সমণ্ট, সং, পুং, কর্কটী বিশেষ, একপ্রকার ফাঁকুড়। [নীচু নহে। (Level)

সমতল, সমদেশ, সমান ভূমি. যাহা উচু

সমতা, (সম=সমান+তা—ভাবে) সং, স্ত্রীং, একরূপতা, সমভাব। তুল্যতা, সাদৃশ্য, সাম্য। [তিন বাহু বা পার্শ্ব সমান।

সমত্রিভুজ, সং, পুং, যে ত্রিকোণ ক্ষেত্রের

সমতীত, (সম্—অতীত=গত) বিং, ত্রিং, গত, অতীত।

সমদর্শন, সমদৃষ্টি, সমদর্শী, } (সম—দর্শন, দৃষ্টি, ৬ষ্ঠী—হিং। সমদর্শিন্. সম দর্শিন্=যে দেখ) বিং, ত্রিং, যে সকলকে একরূপ দেখে, সর্ব্বত্র সমদর্শক। তত্ত্বজ্ঞানী। পণ্ডিত। বিবেকী, আত্মবোধসম্পন্ন ব্যক্তি।

সমদলক, যে সকল ঝিনুকের দুই দল তুল্য; যথা—সামান্য ঝিনুক। (Lamellibranchiata)

সমধিক, (সম্=সম্যক্—অধিক) বিং, ত্রিং, প্রচুর, অত্যধিক, বহু। [অভিন্ন।

সমধৃত, সং, ত্রিং, সমান তুল্য, একবিধ,

সমধ্ব—সং, ত্রিং, একসঙ্গে ভ্রমণকারী, সাথী।

সমনুব্রত, সং, ত্রিং, সম্পূর্ণ রূপে ভক্ত।

সমন্ত, (সম্—সম্যক্—অন্ত=শেষ) সং, পুং, পরিধি, সীমা, প্রান্ত, পর্যান্তভাগ। বিং, ত্রিং, সকল, সমস্ত।

সমন্ততঃ, সমন্তাৎ, (সমন্ততস্. সম্=সহিত—অন্ত=শেষ+[পঞ্চমী স্থানে] তস্, আৎ—প্রং) অং, সর্ব্বতঃ, সকলদিকে।

সমন্তদুগ্ধা, সং, স্ত্রীং, রাঙচিত্রার গাছ।

সমন্তপঞ্চক, সং, ক্লীং, তীর্থবিশেষ।

সমন্তভদ্র, (সমন্ত=প্রত্যেক বিষয়ে—ভদ্র=ভাগ্যবন্ত) সং, পুং, বুদ্ধদেব।

সমন্তভুক্, (সমন্তভুজ্, সমন্ত=সমুদয়—ভুজ্=যে ভোজন করে) সং, পুং, অনল, অগ্নি, পাবক, কৃশানু, দহন, কৃষ্ণবর্ত্মা, হিরণ্যরেতাঃ।

সমন্যু, (স=সহিত—মন্যু=ক্রোধ, ১মা—হিং) সং, পুং, শিব, মহাদেব। হর, দিগম্বর, পিণাকী, কৃত্তিবাস, ভূতনাথ, বৃষধ্বজ। বিং, ত্রিং, কোপযুক্ত। সক্রোধ, সশোক।

সমন্বয়, (সম্—অন্বয়=সম্বন্ধ) সং, পুং, মিলন। সংযোগ, অবিরোধ। প্রাকৃতিক কার্য্যকারণ প্রবাহ।

সমন্বিত, (সম্=সম্যক্—অন্বিত=যুক্ত) বিং, সংযুক্ত। মিলিত, অবিরুদ্ধ।

সমপৃষ্ঠ, বিং, ত্রিং, অবন্ধুর, উচ্চনীচ নয়।

সমভাব, (সম—ভাব, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সমতা, একরূপতা, সাদৃশ্য।

সমভিব্যাহার, (সম্—অভি—বি—আ—হৃ [হরণকরা], আসক্তহওয়া+ঘঞ্—ভা) সং, পুং, সঙ্গ, একত্রাবস্থান।

সমভিব্যাহারী, (সমভিব্যাহারিন্, সমভিব্যাহার+ইনি—অস্ত্যর্থে) বিং, ত্রিং, সহিত। সঙ্গী, সাথী।

সমভিব্যাহৃত, (সমভিব্যাহার দেখ+ক্ত—প্রং) বিং, ত্রিং, সহিত। একত্রিত, সমভিব্যাহারে চলিত, যুক্ত।

সমভিহার, (সম্=সহিত—অভি—হৃ=গ্রহণকরা+ঘঞ্—ভা) সং, পুং, পৌনঃপুন্য, বারম্বার। আতিশয্য।

সমম্, (সম্=অবিকল হওয়া+অম্—প্রং) অং, সহ, সহিত। একদা, যুগপৎ একেকালে।

সমমণ্ডল, গ্রীষ্মমণ্ডলের উত্তর ও দক্ষিণে উদীচ্য-বৃত্ত ও উদীচ্যেতর বৃত্ত পর্যান্ত দুই ভূভাগ। (Temperate Zone)

সময়, (সম=সমান—ই=গমন করা+অচ্—প্রং) সং, পুং, কাল। অবসর। শপথ।

প্রতিজ্ঞা। আচার। নিয়ম। সঙ্কেত। সীমা। সিদ্ধান্ত। বাক্য, বক্তৃতা, প্রচার, ঘোষণা। দুঃখাবসান। নির্দ্দেশ। নিদে, আজ্ঞা, উপদেশ। ধর্ম্ম। কর্ত্তব্য নির্ব্বাহ। যোগ্যকাল।

সময়কার, (সময়=করার—কার=করণ) সং, পুং, সঙ্কেত, পরিভাষা।

সময়া, (সময় দেখ+আপ্—প্রং) অং, নিকটে, সমীপে। মধ্যে। কর্ত্তব্য।

সময়াধ্যুষিত, (সময়=কাল—অধি=অতীত—উষিত=স্থিত) সং, ক্লীং—সময় বিশেষ, যখন সূর্য্য বা তারা, কিছুই দৃষ্টিগোচর হয় না।

সমর (সম্=একসঙ্গে—ঋ=গমনকরা +অপ্—প্রং) সং, পুং—ক্লীং, সংগ্রাম, যুদ্ধ, রণ, সঙ্গব, আহব, প্রহরণ, সংখ্য, লড়াই।

সমরপোত—যুদ্ধজাহাজ।

সমরমূর্দ্ধা, (সমরমূর্দ্ধন্, সমর=রণ—মূর্দ্ধন্=মস্তক, অগ্রভাগ) সং, পুং, যুদ্ধের সম্মুখ।

সমরশায়ী, (সমরশায়িন্, সমর—শায়িন্=যে শয়ন করে, ণীন—ষ) বিং, ত্রিং, যে ব্যক্তি যুদ্ধে প্রাণত্যাগ করে।

সমরাঙ্গন, (সমর—অঙ্গন) সং, ক্লীং, যুদ্ধক্ষেত্র, রণস্থল।

সমরাশি, যেরাশি দুই সমান অংশে বিভক্ত হইতেপারে, যথা—২, ৪, ৬, ৮ প্রভৃতি। (Even Number)

সমর্ণ, (সম্—অর্দ্দ্=পীড়নকরা, যাচ্ঞাকরা+ক্ত—প্রং) বিং, ত্রিং, প্রার্থিত, অর্দ্দিত, সম্যক্ পীড়িত।

সমর্থ, (সম্—অর্থ=[যাচ্ঞা করা], শক্ত হওয়া ইত্যাদি+অচ্—ক) বিং, ত্রিং, যোগ্য, উপযুক্ত। শক্তিবিশিষ্ট, বলবান্। ক্ষমতাপন্ন, ক্ষমতাবান্। হিত। প্রশস্ত। অভীষ্ট। যুক্তিসঙ্গত।

সমর্থক, (সমর্থ=[গন্ধের) যোগ্য+কন্—যোগ) সং, ক্লীং—চন্দন কাষ্ঠ।

সমর্থতা, (সমর্থ+তা—ভাবে) সং, স্ত্রীং, বল। সামর্থ্য, শক্তি, যোগ্যতা, উপযুক্ততা।

সমর্থন, (সমর্থ দেখ+অনট্—ভা) সং, ক্লীং, না-স্ত্রীং, সামর্থ্য। বিবেচনা। মীমাংসা। মানা। সম্ভাবনা। অসাধ্য বিষয়ের অনুষ্ঠানার্থ উৎসাহ। উৎসাহ। নিশ্চয়। দৃঢ়ীকরণ। বিবাদভঙ্গকরা।

সমর্থিত, (সমর্থ দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বিবেচিত। মীমাংসিত। সম্ভাষিত। দৃঢ়ীকৃত। স্থিরীকৃত।

সমর্দ্ধক, (সম্—ঋধ্=বৃদ্ধি পাওয়া+ণক—ক) বিং, ত্রিং, অভীষ্টপ্রদাতা। বরদ।

সমর্পণ, (সম্—অর্পণ=দান) সং, ক্লীং, দান, অর্পণ, উপহার, উপঢৌকন। স্থাপন।

সমর্পিত, (সম্—অর্পিত=দত্ত) বিং, ত্রিং, দত্ত, অর্পিত। স্থাপিত।

সমর্য্যাদ, (স=সহিত—মর্য্যাদা=সীমা, ১মা—হিং) বিং, ত্রিং, নিকট, সমীপ। সীমাযুক্ত। সচ্চরিত্র।

সমল, (স=সহিত—মল=ময়লা, ১মা—হিং) বিং, ত্রিং, মলযুক্ত, আবিল, ঘোলা। মলিন। সং, ক্লীং, বিষ্ঠা।

সমবকার, (সম্—অব—কৃ=করা+অল্—প্রং) সং, পুং, নাটকবিশেষ।

সমবতার, (সম্=সহিত—অব=নিম্ন—তৄ=[পার হইয়া যাওয়া], যাওয়া ইত্যাদি +অল্—ভা) সং, পুং, তীর্থ, ঘাট, সোপান, সিঁড়ি, ধাপ। অবতরণ।

সমবধান, (সম্=সম্যক্—অবধান=মনোযোগ) সং, ক্লীং, সম্যক্ মনোযোগ। নিষ্পত্তি।

সমবর্ত্তী, (সমবর্ত্তিন্, সম=সকল, সমান—বৃৎ=বাছিয়া লওয়া+ইনি—প্রং) সং, পুং, যম, শমন, অন্তক, কাল, কৃতান্ত। বিং, ত্রিং, তুল্যরূপে স্থিত।

সমবস্থা, (সম্—অবস্থা) সং, স্ত্রীং, কালকৃত বিশেষ অবস্থা। (সম=সমান—অবস্থা) তুল্য দশা।

সমবস্থান, (সম্—অবস্থান) সং, স্ত্রীং, সমভাবে অবস্থিতি।

সমবায়, (সম্—অব—ই [গমন করা] যুক্ত হওয়া+অ—প্রং) সং, পুং, গণ, সমূহ। নিত্যসম্বন্ধ। দর্শনশাস্ত্রে কারণ-বিশেষ, যেমন কপালদ্বয় কুম্ভের। মিলন।

সমবেত, (পূর্ব্বে দেখ+ক্ত—ক) বিং, ত্রিং, নিত্যসম্বন্ধ, নিত্যযুক্ত। মিলিত। একত্রীকৃত বা ভূত। সঞ্চিত। সম্বদ্ধ। একশ্রেণীভুক্ত।

সমশ্নুবান, (সম্—অশ্=ব্যাপা+শানচ—ক, শীলার্থে) বিং, ত্রিং, ব্যাপনশীল, ব্যাপ্তিবিশিষ্ট।

সমষ্টি, (সম্—অশ্=ব্যাপা+ক্তি—প্রং) সং, স্ত্রীং, সম্যক্‌ব্যাপ্তি। সাকল্য। সমস্ততা, সামগ্র্য।

সমষ্টিলা, সমষ্ঠীল, (সম্=একত্রে—স্থা=থাকা ইতচ্—নিপাতন। অথবা সম্=সঙ্গে—অস্থি=হাড়+লা=গ্রহণ করা + ক) সং, স্ত্রীং, কাহার ও মতে তৃণ বিশেষ, যাহা জলাভূমিতে জন্মায়, পাড়নদূর্ব্বা। কাহারও মতে কাঁকুড় বিশেষ।

সমসন, (সম্=একসঙ্গে—অস্=ক্ষেপণ করা+অনট্—ভা) সং, ক্লীং, সঙ্ক্ষেপকরণ। সমাস। কিরণ। Equilibrium সমসংস্থান উভয়দিকে ভারের সমতা-

সমসুপ্তি, (সম=সকল—সুপ্তি=নিদ্রা) সং, স্ত্রীং, মহাপ্রলয়। কল্পান্ত।

সমস্ত, (সম্=একসঙ্গে—অস্=ক্ষেপণ করা+ক্ত—প্রং) বিং, ত্রিং, সমুদায়, সম্পূর্ণ, সকল। একত্রীকৃত, সঞ্চিত, যুক্ত। সংক্ষিপ্ত। কৃতসমাস, যাহা সমাস করা হইয়াছে।

সমস্থলী, (সম=সমান—স্থল=স্থান) সং, স্ত্রীং, গঙ্গাযমুনার মধ্যবর্ত্তী দেশ, দোয়াব।

সমস্বামিত্ব—তুল্যস্বত্ব, তুল্যাধিকার।

সমস্যা, (সম্—অস্= [ক্ষেপণ করা] সঙ্ক্ষেপকরা+ণ্যৎ—ণ, আপ্—প্রং,) সং, স্ত্রীং, শ্লোক সম্পূরণার্থ প্রশ্ন, শ্লোকের পাদ পূরণার্থ প্রশ্ন।

সমহ্বা, সং, স্ত্রীং, খ্যাতি, কীর্ত্তি, যশঃ।

সমাংশিক, সমাংশী, (সমাংশিন্, সম=সমান—অংশ=ভাগ+ইক, ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, সমানভাগী, তুল্যাংশী।

সমাংসমীনা, (সমা=বৎসর+ঈন, আপ্—প্রং, দ্বিত্ব) সং, স্ত্রীং, প্রতিবর্ষ প্রসবিনী গবী।

সমাকর্ষী, (সমাকর্ষিন্, সম্—আ—কৃষ্=আকর্ষণ করা, গমনকরা + ইন—ক) বিং, ত্রিং, আকর্ষণকারী। সং, পুং, অতি দূরগামী গন্ধ।

সমাকুল, (সম্=সম্যক্—আকুল) বিং, ত্রিং, ব্যাকুল, কাতর। সংশয়িত, সন্দিগ্ধ। হতবুদ্ধি।

সমাক্রান্ত, (সম্—আক্রান্ত) বিং, ত্রিং, আক্রান্ত। গৃহীত। অধিষ্ঠিত। বিস্তৃত। ব্যাপ্ত।

সমাখ্যা, (সম্=সমূহ—আ—খ্যা=বলা +অঙ্, আপ্—ভা) সং, স্ত্রীং, আখ্যা, নাম। যশঃ, কীর্ত্তি।

সমাগত, (সম্=একসঙ্গে—আগত) বিং, ত্রিং, উপস্থিত। মিলিত। সাক্ষাৎকৃত, সাক্ষাৎপ্রাপ্ত।

সমাগতি—স্ত্রীং, সমাগম—পুং, } (সম্ = একসঙ্গে—আগতি, আগম=আগমন) সং, মিলন, সঙ্গম। উপস্থিতি, আগমন।

সমাঘাত, (সম্ = একসঙ্গে, সম্যক্—আঘাত=প্রহরণ) সং, পুং, সম্যক্ আঘাত যুদ্ধ, সংগ্রাম। হত্যা, বধ।

সমাচার, (সম্—আ—চর্=গমনকরা+ঘঞ্—প্রং, কিম্বা সম্—আচার=আচরণ) সং, পুং, উত্তম আচরণ। (দেশজ) সংবাদ, খবর।

সমাচ্ছন্ন, (সম্—আচ্ছন্ন=আচ্ছাদিত) বিং, ত্রিং, বিশেষরূপে আচ্ছাদিত, আবৃত, ঢাকা।

সমাজ, (সম্=তুল্য বা সহিত—অজ্ =গমনকরা+ঘঞ্—ক, ধি) সং, পুং, সভা, পরিষদ্। সমূহ, দল, গণ।

, (সম্=সম্যক্—আ—জ্ঞা=জানা +অঙ্‌. আপ্—প্রং,) সং, স্ত্রীং—খ্যাতি, কীর্ত্তি, যশ।

সমাদর, (সম্=সম্যক্—আদর) সং, পুং, সম্যক্ আদর, সম্বর্দ্ধনা, সম্মান।

সমাদান, (সম্=সহিত—আদান=গ্রহণ) সং, ক্লীং, উপযুক্ত দান গ্রহণ। বৌদ্ধদিগের নিত্যকর্ম্ম।

সমাদৃত, (সম্—আদৃত) বিং, ত্রিং, আদরপ্রাপ্ত। সম্মানিত, অত্যাদৃত।

সমাধা, স্ত্রীং, সমাধান—ক্লীং, (সম্—আ—ধা=[ধারণ করা,] নিষ্পন্ন করা ইত্যাদি+আপ্, অনট্—ভা) সং, চিত্তের একাগ্রতা। যোগ, ধ্যান। সিদ্ধান্ত। বিরোধভঞ্জন। নিষ্পত্তি। নিয়ম। তপস্যা। অনুসন্ধান। সমর্থন।

সমাধি, (পূর্ব্বে দেখ+ই—প্রং, যাহাতে মন সমাহিত করা যায়) সং, পুং, চিত্তের একাগ্রতা। যোগ, ধ্যান। নিবেশ। কারণ-সমূহ। নিয়ম। নিদ্রা। আরোপ। প্রতিজ্ঞা, সম্মতি, চুক্তি। প্রতিশোধ। বিবাদভঞ্জন। জলাভাব হওয়াতে শস্য সঞ্চয় করিয়া রাখা। ভবিষ্যযুগের জৈনমুনিবিশেষ। ইন্দ্রিয়ের নিরোধন। অসাধ্য বিষয়ে অধ্যবসায়। মৌনীভাব। সমর্থন। কাব্যের গুণবিশেষ, যথায় দুই ঘটনা দৈবক্রমে এক সময়ে ঘটে—এবং এক ক্রিয়ার সহিত দুই কর্ত্তার অন্বয় হইয়া ঐ ঘটনা দ্বারা প্রকাশিত হয়, যথা—"উৎকণ্ঠিতা চ কুলটা জগামাস্তঞ্চ ভানুমান্" অর্থাৎ এক কালেই সূর্য্য অস্ত গেল এবং কুলটা কামিনী উৎকণ্ঠিত হইয়া গেল। সমাধান। "নিত্যং শুদ্ধং বুদ্ধিযুক্তং সত্যমানন্দমদ্বয়ং। তুরীয়মক্ষরং ব্রহ্ম অহমস্মি পরং পদং। অহং ব্রহ্মেত্যবস্থানং সমাধিরিতি গীয়তে"।

সমাধিক্ষেত্র, সমাধিস্থান, যে স্থানে মৃতদেহ ভূগর্ভে নিহিত করে, গোরস্থান।

সমাধিস্তম্ভ, পুং, ভূগর্ভনিহিত শবোপরি নির্ম্মিত স্তম্ভ।

সমাধ্মাত, (সম্=সম্যক্—আ—ধ্মা=শব্দ করা, অগ্নিসংযোগ করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, সম্যক্ শব্দিত। সমুদ্দীপিত। গর্ব্বিত, অহঙ্কৃত।

সমান, (স=সমান—মান=পরিমাণ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অভিন্ন, একরূপ। তুল্য, সদৃশ। সং, পুং, শরীরান্তর্গত নাভিস্থিত বায়ুবিশেষ।

সমানয়ন, (সম্—আ—নী=[লওয়া] আনয়ন করা ইত্যাদি+অনট্—ভা) সং, ক্লীং, আনয়ন, মিলন, সঙ্গতি।

সমানাধিকরণ, সং, ক্লীং, জাতীয় সাধারণ গুণ। এক ধর্ম্ম, যাহাতে সমান জাতীয় কোন পদার্থেরই ব্যাবৃত্তি থাকে না।

সমানীত, (পূর্ব্বে দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, আনীত। মিলিত, সঙ্গত।

সমানুপাত, দুই অথবা বহুসংখ্যক অনুপাতের সমানতা সম্বন্ধ (Proportion)

সমানোদক, (সমান উদক=জল। তর্পণে সমান, অর্থাৎ এক উদক ইহার, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চতুর্দ্দশ পুরুষ পর্য্যন্ত জ্ঞাতি, যাহাদের তর্পণ করিতে হয়।

সমানোদর্য্য, (সমান—উদর=পেট+যৎ—জননার্থে) সং, পুং, সহোদর, সোদর।

সমান্তরশ্রেঢ়ী, যে সকল রাশি স্ব স্ব পরবর্ত্তী রাশি অপেক্ষা সমান পরিমাণে গুরু অথবা সমান পরিমাণে লঘু। (Arithmetical Progression)

সমান্তরাল, যে দুই সরল রেখা উভয় পার্শ্বে অবিশ্রান্ত বৃদ্ধি পাইলেও পরস্পর সংস্পর্শ করে না। (Parallel)

সমাপ, (সম=সমান— আপ=জল। যেখানে জল যাগ হয়) সং, পুং, দেবযজন স্থান।

সমাপক, (সম্=একসঙ্গে—আপ্=পাওয়া +ণক—ক) বিং, ত্রিং, সমাপ্তিকারক, সমাপনকারী।

সমাপন, (পূর্ব্বে দেখ+অনট্—ভা) সং, ক্লীং, সমাপ্তি, সম্পূরণ, শেষ। বধ। সমাধান। পরিচ্ছেদ। লাভ।

সমাপত্তি, (সম্—আ—পদ্=[গমনকরা,] দুঃখিত, হওয়া ইত্যাদি+ক্তি—ভা) সং, স্ত্রীং, মিলন, যদৃচ্ছসঙ্গতি।

সমাপিত, সমাপ্ত, (সমাপক দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, সম্পাদিত। সম্পূর্ণ, যাহার কিঞ্চিন্মাত্র অবশিষ্ট নাই। সমাপ্তিপ্রাপিত, শেষিত। নিষ্পন্ন। মারিত।

সমাপ্তি, (সমাপক দেখ+ক্তি-ভা) সং, স্ত্রীং, সমাপন, শেষ। বিরোধভঞ্জন। প্রাপ্তি।

সমাম্নায়, (সম্—আ—ম্না=অনুশীলনকরা +ঘঞ্, যুক্—প্রং) সং, পুং, শাস্ত্র।

সমাম্নায়িক, (সমাম্নায়+ঠক্—প্রং) বিং, ত্রিং, শাস্ত্রসম্বন্ধীয়। শাস্ত্রে পঠিত।

সমাযাত, (সম্—আ—যা=গমনকরা+ক্ত —ক) বিং, ত্রিং, সমাগত। উপস্থিত।

সমাযোগ, (সম্—আ—যুজ্=যোগকরা +ঘঞ্—ভা) সং, পুং, সংযোগ। সমূহ, সমষ্টি, দল। প্রয়োজন, উদ্দেশ্য, কারণ, উদ্ভবস্থান।

সমারাধান, (সম্—আরাধন=সেবা) সং, ক্লীং, আরাধনা, সেবা, "সমারাধনতৎপরাভূৎ" কাং।

সমারোহ, (সম্—আ—রুহ্=[উৎপন্ন হওয়া], উন্নত হওয়া+ঘঞ্—ভা) সং, পুং, আরোহণ। অত্যুন্নতি, আড়ম্বর, জাঁকজমক। সম্মত হওয়া।

সমালব্ধ, (পশ্চাৎ দেখ+ক্ত—ক) বিং, ত্রিং, হত। লোপিত। রঞ্জিত।

সমালম্ভন—ক্লীং, সমালম্ভ—পুং, (সম্—আ—লভ্=[শব্দকরা], বধকরা ইত্যাদি+অনট্, ঘঞ্—ভা) সং, কুঙ্কুমাদি বিলেপন। মারণ, বধ।

সমালী, (স=সহিত—মালা) সং, স্ত্রীং, পুষ্পাকর, ফুলের তোড়া।

সমাবর্জ্জিত, (সম্—আবর্জ্জিত) বিং, ত্রিং বক্রপাতিত, বিশেষ বক্রভাবে নোওয়ান

সমাবর্ত্তন, (সম্—আ—বৃৎ=[বেদাধ্যয়ন হইতে] নিবৃত্তহওয়া+অনট্—ভা) সং ক্লীং, ব্রহ্মচর্য্যের পর গৃহধর্ম্মে প্রবেশ। প্রত্যাগমন।

সমাবিদ্ধ, (সম্—আ—ব্যধ্=[বিদ্ধকরা] সংযোজনকরা ইত্যাদি+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, সংযোজিত, সংঘটিত।

সমাবিষ্ট, (সম্—আ—বিশ্=প্রবেশকরা +ক্ত—ক) বিং, ত্রিং, মনোযোগী। অভিনিবিষ্ট, একাগ্রচিত্ত, প্রবিষ্ট।

সমাবৃত, (সম্—আ—বৃ=আবরণকরা +ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বেষ্টিত, আবৃত।

সমাবৃত্ত, (সমাবর্ত্তন দেখ+ক্ত—র্ম্ম) সং, পুং, বেদাধ্যয়নান্তর গৃহধর্ম্মে প্রবিষ্ট। প্রত্যাগত।

সমাবেশ, (সমাবিষ্ট দেখ+ঘঞ্—ভা) সং, পুং, প্রবেশ। সংস্থিতি। একত্র অবস্থান একত্র স্থাপন। মনোযোগ।

সমাবেশিত, (সমাবেশ+ইত—সংজাতার্থে) বিং, ত্রিং, প্রবিষ্ট। অভিনিবেশিত। স্থাপিত। উপস্থাপিত। সহাবস্থিত, একত্র অবস্থিত।

সমাশ্রয়, (সম্=সম্যক্—আশ্রয়) সং, পুং, অবলম্বন, আশ্রয়। রক্ষা।

সমাশ্রিত, (সম্=সম্যক্—আশ্রিত) বিং, ত্রিং, রক্ষিত। আশ্রিত।

সমাস্, (স=সহিত—মাস্=মাস, ১মা—হিং) সং, পুং, সংবৎসর।

সমাস, (সম্—অস্=[ক্ষেপণকরা], সংক্ষেপ করা ইত্যাদি+ঘঞ্—ভা) সং, পুং, সংগ্রহ। সংক্ষেপ। সমর্থন। সমাহার, মিলন। দ্বি বা বহু পদের একপদীকরণ "সমসনং পদয়োঃ পদানাম্বা একপদীকরণং সমাসঃ"। সমাস ছয় প্রকার —দ্বন্দ্ব, বহুব্রীহি, কর্ম্মধারয়, তৎপুরুষ, দ্বিগু, অব্যয়ীভাব।

সমাসক্ত, (সম্—আসক্ত) বিং, ত্রিং,যুক্ত, সংলগ্ন। নিবিষ্ট। অত্যাসক্ত। লব্ধ। চিহ্নিত, বশীকৃত।
সমাসঙ্গ, (সম্—আ=সর্ব্বদা—সনজ্=আলিঙ্গন করা+ঘঞ্—ভা) সং, পুং, অত্যাসক্তি। সংযোগ। অন্তর্নিবেশন।
সমাসন্ন, (সম্—আসন্ন) বিং, ত্রিং, সন্নিহিত নিকটবর্ত্তী। প্রাপ্ত।
সমাসাদিত, (সম্—আ—সাদি=[গমনকরান], পাঁওয়া+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রাপ্ত, লব্ধ। আহৃত। সমানীত।
সমাসাদ্য, (সম্—আ—সদ্=[গমনকরা] পাওয়া+ণ্যৎ—র্ম্ম) বিং, ত্রিং, প্রাপ্য, লভ্য।
সমাসার্থা, (সমাস=সঙ্ক্ষেপ—অর্থ, ৬ষ্ঠী—হিং। সং, স্ত্রীং, সমস্যা।
সমাসীন, (সম্—আস্=উপবেশন করা +শানচ্-ক) বিং,ত্রিং,উপবিষ্ট,আসীন।
সমাসোক্তি, (সমাস—উক্তি=কথন) সং, স্ত্রীং, কাব্যের অলঙ্কারবিশেষ; সমানকার্য্য সমান লিঙ্গ ও সমান বিশেষণ দ্বারা যে স্থলে প্রকৃত বিষয়ে অন্যের ব্যবহার আরোপ হয়।
সমস্যা, (সম্=একত্রে—অস্=গমনকরা+ণ্যৎ) সং, স্ত্রীং, সাক্ষাৎকার।
সমহিত, (সম্—আ—হন্=[বধকরা] আঘাতকরা ইত্যাদি+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, আহত, তাড়িত।
সমাহার, (সম্—আ—হৃ=[হরণকরা] মিলনকরা ইত্যাদি+ঘঞ্—ভা) সং, পুং, সঙ্ক্ষেপ। মিলন। সংগ্রহ। শব্দযোজনা।
সমাহিত, (সমাধা দেখ+ক্তি—র্ম্ম) বিং, ত্রিং, অঙ্গীকৃত। সমাধিনিষ্ঠ। অবহিত, একাগ্রচিত্ত। নিষ্পাদিত, মীমাংসিত। সঞ্চিত। স্থাপিত। বিশোধিত। সমাধিক্ষেত্রে নিহিত। অবিচলিত, দৃঢ়।
সমাহৃত, (সমাহার দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং,সংগৃহীত। একত্রীকৃত। প্রাপ্ত। সংমিলিত। সঙ্ক্ষিপ্ত। আয়োজিত,আনীত।
সমাহৃতি, (সম্—আ—হৃ—[হরণকরা] সঙ্ক্ষেপে প্রতিপন্নকরা+ক্তি—ণ) সং, স্ত্রীং, সঙ্ক্ষেপ। সংগ্রহ। আয়োজন, আহরণ।
সমাহ্বয়, (সম্—আ—হ্বে=আহ্বানকরা+ঘ—প্রং) সং, পুং, প্রাণিদ্যূত, মেষ কুক্কুটাদি দ্বারা যুদ্ধ করানু। দ্যূত। যুদ্ধে আহ্বান। সমর, সঙ্গর, রণ, যুদ্ধ। নাম, আখ্যা। [ক্লীং, যুদ্ধার্থ আহ্বান।
সমাহ্বান, (সমাহ্ব=ডাকা+অনট্) সং,
সমিক, (সম+ঠক—প্রং) সং, ক্লীং, অস্ত্রবিশেষ, বড়শা, খোঁচ।
সমিৎ, (সম্=সহিত—ই=গমনকরা+ক্বিপ্—প্রং। ৎ—আগম) সং,স্ত্রীং,যুদ্ধ।
সমিত, তুল্যতা বোধক চিহ্ন, "=" এই চিহ্ন (Equal)।
সমিতা, (পশ্চাৎ দেখ+ক্ত—প্রং) সং, স্ত্রীং, গোধূমচূর্ণ, ময়দা।
সমিতি,(সম্=সহিত—ই=গমনকরা+ক্তি =প্রং) সং, স্ত্রীং, যুদ্ধ, রণ, সমর। সভা, পরিষদ্। সঙ্গ।
সমিথ, (সম=একসঙ্গে—ইন্=গমনকরা +থক্—প্রং) সং, পুং, অগ্নি, অনল। যুদ্ধ, সমর।
সমিদ্ধ, (সম্—ইন্ধ্=দীপ্তিপাওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, প্রজ্বলিত, প্রদীপ্ত। দীপিত, উত্তেজিত।
সমিধ্, (সম—ইন্ধ্=দীপ্তিপাওয়া+ক্বিপ্—ণ) সং, স্ত্রীং; অগ্নি জ্বালনার্থ তৃণাদি।
সমিধ, (সম্—ইন্ধ্=দীপ্তিপাওয়া+ক—ক) সং, পুং, অগ্নি, অনল। যজ্ঞকাষ্ঠ।
সমিন্ধন, (সম্-ইন্ধ্=দীপ্তিপাওয়া+অনট্—ণ) সং, ক্লীং, অগ্নিজ্বালনার্থ কাষ্ঠাদি। উদ্দীপন।
সমীক, (সম্=বিহ্বল হওয়া+ঈকন্—প্রং) সং, ক্লীং, সংগ্রাম, যুদ্ধ, আহব, সংপ্রহার, সমর।
সমীকরণ, (সম—করণ; মধ্যে ঈ—আগম) সং, ক্লীং, গণিতে— অজ্ঞাত স-

অব্যাক্তানার্থ প্রক্রিয়াবিশেষ; কোন ব্যক্ত রাশি অবলম্বন করিয়া তত্তুল্য কোন অব্যক্ত রাশির পরিমাণ নির্ণয় করণ। (Equation) একজাতীয় করণ। তুলা-করণ। সদৃশীকরণ, অনুরূপ করণ।

সমীক্ষ, সমীক্ষ্য, (সম্—ঈক্ষ=দেখা+অচ্, যৎ—প্রং) সং, ক্লীং, সাঙ্খ্যদর্শন। ক্ষা—স্ত্রীং, প্রকৃতি বুদ্ধি প্রভৃতি চতুর্ব্বিংশতি তত্ত্ব। বুদ্ধি। দৃষ্টি, দর্শন। যত্ন, চেষ্টা। অন্বেষণ, অনুসন্ধান। বেদাঙ্গ গ্রন্থবিশেষ। মীমাংসাদর্শন। বিবেচনা। সম্যক্‌জ্ঞান।

সমীক্ষণ, (সম্=সম্যক্—ঈক্ষ্=দেখা+অনট্ ভা) সং, ক্লীং, আলোচন। উত্তমরূপে দর্শন। অন্বেষণ, অনুসন্ধান।

সমীক্ষিত, (পূর্ব্বে দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, আলোচিত। উত্তমরূপে দৃষ্ট। অন্বেষিত

সমীক্ষ্যকারী, (সমীক্ষ্যকারিন্, সমীক্ষ্য—কারিন্=যে করে) বিং, ত্রিং, যে পূর্ব্বাপর বিবেচনা করিয়া কার্য্য করে।

সমীক্ষ্যবাদী, (সমীক্ষ্যবাদিন্, সমীক্ষ্য—=যে বলে) বিং, ত্রিং, যে পূর্ব্বাপর বিবেচনা করিয়া বাক্য বলে।

সমীচ, (সম্—ই=গমনকরা+চ—প্রং, ি=ী) সং, পুং, সমুদ্র, সাগর, রত্নাকর, বারিধি। চী—স্ত্রীং, মৃগী। বন্দনা, স্তুতি।

সমীচীন (সম্যচ্=সত্য ইত্যাদি+ঈন—প্রং) বিং, ত্রিং, উপযুক্ত, যোগ্য। উত্তম। সত্য, যথার্থ। সং, ক্লীং, সত্য।

সমীদ, সং, পুং, গোধূমচূর্ণ, ময়দা। সমিতা।

সমীন, (সমা=বৎসর+ঈন—প্রং) বিং, ত্রিং, বাৎসরিক, বৎসরসম্বন্ধীয়।

সমীনিকা, (সমীন=বৎসর+কন্—প্রং) সং, স্ত্রীং, সমাংসমীনা, প্রতিবর্ষ প্রসবিনী গাভী।

সমীপ, (সম্=সঙ্গত—অপ্=জল, ৭মী—হিং, অ—প্রং; অ স্থানে ঈ) বিং, ত্রিং, নিকট, অন্তিক, সন্নিহিত।

সমীর, সমির, (সম্=সকল, [স্থানে]—ঈর্=গমনকরা+অচ্—ক) সং, পুং, বায়ু, অনিল, মরুৎ, পবন, বাত, মাতরিশ্বা, শ্বসন।

সমীরণ, (পূর্ব্বেদেখ+অনট্—ক) সং, পুং, বায়ু, অনিল, মারুত। পথিক। ক্লীং, প্রেরণ।

সমীরিত, (সম্—ঈর=প্রেরণকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, উচ্চরিত। প্রেরিত।

সমীহা, (সম্—ঈহ্=চেষ্টাকরা+অচ্, আপ্—প্রং) সং, স্ত্রীং, চেষ্টা, উদ্যোগ। ইচ্ছা। সন্ধান।

সমীহিত, (পূর্ব্বে দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, চেষ্টিত। অভীষ্ট। সং, ক্লীং, চেষ্টা। ইচ্ছা।

সমুখ, (স=সহিত—মুখ=মুখ [ব্যাপার] ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বক্তা, বাগ্মী। যাহার মুখ আছে।

সমুচিত, (সম্=সম্যক্—উচিত) বিং, ত্রিং, উপযুক্ত, যোগ্য। সমঞ্জস।

সমুচ্চয়, (সম্—উৎ—চি=একত্র করা+ণচ্—প্রং) সং, পুং, সমাহার, মিলন। সমূহ, রাশি অনেক পদার্থের এক ক্রিয়াতে অন্বয়; যথা—এবং, আরো, চ, অপিচ, তথা ইত্যাদি।

সমুচ্চিত, (সম্—উৎ—চি=সংগ্রহ করা ইত্যাদি+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, রাশীকৃত। সংগৃহীত। সমুচ্চয়যুক্ত।

সমুচ্চর, সমুচ্চার, (সম্=সম্যক্—উৎ—চর=[গমনকরা] শব্দকরা, ত্যাগকরা +অচ্—প্রং,) সং, পুং, সম্যক্ উচ্চারণ। পরিত্যাগ।

সমুচ্ছলিত, (সম্=সম্যক্—উৎ=উর্দ্ধে—শল্=গমনকরা+ক্ত—ক) বিং, ত্রিং, সমন্তাৎ বিস্তীর্ণ, চতুর্দ্দিকে ছড়ান, ছয়লাপ।

সমুচ্ছেদ, (সম্—উৎ—ছিদ্=ছেদন করা +ঘঞ্—ভা) সং, পুং, উন্মূলন। ধ্বংস, বিনাশ।

মুচ্ছ্রয়, সমুচ্ছায়, (সম্—উৎ=উপরি—শ্রি=সেবাকরা+ণচ্—ভা) সং, পুং, বিরোধ। উচ্চতা, উৎসেধ। উন্নতি, বৃদ্ধি।
মুচ্ছ্রিত, (পূর্ব্বে দেখ+ক্ত—ক) বিং, ত্রিং, বর্দ্ধিত। উচ্চ, উন্নত।
মুচ্ছ্বসিত, (সম্—উৎ=উপরি—শ্বস্=নিশ্বাস প্রশ্বাস ত্যাগকরা+ক্ত—ক, ভা) বিং, ত্রিং, উচ্ছ্বাসযুক্ত। পুনরুজ্জীবিত।
মুচ্ছ্বাস, (পূর্ব্বে দেখ+ঘঞ্—ভা) সং, পুং, নিশ্বাসপ্রশ্বাস। স্ফীতি। স্ফূর্ত্তি।
মুজ্ঝিত, (সম্=সম্যক্—উজ্ঝিত=ত্যক্ত) বিং, ত্রিং, পরিত্যক্ত।
সমুৎকীর্ণ, (সম্—উৎ—কৃ=[বিক্ষেপকরা] বিদারণকরা ইত্যাদি+ক্ত—র্ম্ম). বিং, ত্রিং, বিদ্ধ। ক্ষোদিত। বিদীর্ণ। ভগ্ন।
সমুৎক্রম, (সম্—উৎ=উর্দ্ধে—ক্রম=গমন) সং, পুং, উর্দ্ধগমন, উচ্চলন।
সমুৎক্রোশ, (সম্=সম্যক্—উৎ—ক্রুশ্=রোদনকরা, চীৎকারকরা+ঘঞ্—প্রং) সং, পুং, উচ্চশব্দ। কুররপক্ষী।
সমুত্থ, সমুত্থিত (সম্=সম্যক্—উৎ=উপর—স্থা=থাকা+ক, ক্ত—ক) বিং, ত্রিং, উদিত, উত্থিত, উঠা। উৎপন্ন, জাত।
সমুত্থান, (সম্—উৎ=উপর—স্থা=থাকা+অনট্—ভা) সং, ক্লীং, উত্থান, উঠা, উদয়। উৎপত্তি। কার্য্যারম্ভ। উদ্যোগ। রোগনির্ণয়। রোগশান্তি, রোগমুক্তি।
সমুৎপত্তি, (সম্—উৎ=উপরি—পদ্=গমনকরা+ক্তি—ভা) সং, স্ত্রীং, উৎপত্তি।
সমুৎপন্ন, (পূর্ব্বে দেখ,+ক্ত—ক। দ্, ত=ন্ন) বিং, ত্রিং, জাত। উৎপন্ন। উদ্গত। ঘটিত, প্রবৃত্ত।
সমুৎপাট—পুং, সমুৎপাটন—ক্লীং } (সম্—উৎ=উর্দ্ধে—পাটি=গমনকরান+ঘঞ্, অনট্—ভা) সং, উন্মূলন।
সমুৎপাটিত, (সমুৎপাট দেখ,+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, উন্মূলিত।
সমুৎপিঞ্জ, (সম্—উৎ—পিন্জ্=বধকরা+অচ্—প্রং) বিং, ত্রিং, অতিশয় ব্যাকুল, অত্যন্ত কাতর। সং, পুং, আকুল সৈন্য, যে সকল সেনা ছিন্ন ভিন্ন হইয়া পড়িয়াছে।
সমুৎসাদিত, (সম্=সম্যক্—উৎ—সাদ=[গমন করান], বিনাশকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, উন্মূলিত, বিনাশিত।
সমুৎসুক, (সম্=সম্যক্—উৎসুক=উৎকণ্ঠিত) বিং, ত্রিং, উৎকণ্ঠিত, আগ্রহযুক্ত, ঔৎসুক্যশীল। চিন্তিত।
সমুৎসৃষ্ট (সম্=সম্যক্—উৎ—সৃজ্=ত্যাগকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, সম্যক্‌ত্যক্ত।
সমুৎসেধ, (সম্—উৎ—ষিধ্+ঘঞ্) সং, পুং, উচ্ছ্রায়, উচ্চতা।
সমুদক্ত, (সম্=সহিত—উৎ=উপরি—অন্চ=গমনকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, উদ্ধৃত, কূপাদি হইতে উত্তোলিত।
সমুদয়, (সম্—উৎ—ই=গমনকরা+ণচ্—প্রং) সং, পুং, সকল, সমগ্র, সমূহ। উত্থান, উদয়, উন্নতি। সংগ্রাম, যুদ্ধ। দিবস। [জ্ঞান) সং, পুং, সম্যক্ জ্ঞান।
সমুদাগম, (সম্=সম্যক্—উৎ—আগম=
সমুদাচার, (সম্=সহিত—উৎ—আচার=আচরণ) সং, পুং, শিষ্টাচার, সম্যক্ আচার। আশয়, অভিপ্রায়।
সমুদায়, (সমুদয় দেখ) সং, পুং, সমগ্র, সকল। যুদ্ধ। উদয়, উন্নতি। পশ্চাৎ ভাগে স্থিত সৈন্য।
সমুদিত, (সম্—উদিত) বিং, ত্রিং, উত্থিত। উন্নত। উৎপন্ন. জাত। সম্যক্ কথিত।
সমুদীরণ, (সম্—উৎ—ঈর্=গমনকরা ইত্যাদি+অনট্—ভা) সং, ক্লীং সম্যক্ কথন।
সমুদীরিত (সমুদীরণ দেখ+ক্ত—র্ম্ম) বিং ত্রিং, উচ্চারিত। সম্যক্ কথিত। সং, ক্লীং, উদীরণ।
সমুদ্গ, সমুদ্গক (সম্—উৎ—গম=গমনকরা+ড—প্রং; পক্ষে কন্—যোগ) সং, পুং, সম্পুটক, কৌটা, খুঙি প্রভৃতি।

সমুদ্গত, (সম্—উদ্গত=উদিত) বিং, ত্রিং, উদিত। উৎপন্ন।

সমুদ্গম (সম্—উৎ=উপরি—গম্=গমনকরা+অচ্—ভা) সং, পুং, উদয়। উৎপত্তি। [ত্রিং, উচ্চৈর্গীত।

সমুদ্গীর্ণ, (সম্—উদ্=উচ্চ—গীত) বিং,

সমুদ্গীর্ণ, (সম্—উদ্গীর্ণ=বমিত) বিং, ত্রিং, উচ্চরিত, কথিত। উত্তোলিত। উদ্গীর্ণ, বমিত।

সমুদ্দিষ্ট (সম্=সম্যক্—উৎ—দিশ্=[দানকরা, বলা], লক্ষ্যকরা ইত্যাদি+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, সম্যক্উদ্দিষ্ট।

সমুদ্ধত (সম—উদ্ধত=ধৃষ্ট) বিং, ত্রিং, অশিষ্ট। অবিনীত। গর্ব্বিত, অহঙ্কৃত। উদ্গত। উত্থাপিত। উৎক্ষিপ্ত।

সমুদ্ধরণ—ক্লীং, } (সম্—উদ্ধরণ,
সমুদ্ধার—পুং, } উদ্ধার) সং, উদ্ধার, মোচন। বমন। উন্মূলন। উত্তোলন।

সমুদ্ধৃত, (সম্—উদ্ধৃত) বিং, ত্রিং, উদ্ধৃত। উত্তোলিত। বান্ত। মোচিত, উদ্ধারকরা। উন্মূলিত। অসদ্ব্যবহারপ্রাপ্ত। অংশ করিয়া গৃহীত, পৃথক্ রক্ষিত, আলাহিদা করা, অংশীকৃত। গৃহীত, অধিকৃত।

সমুদ্ধর্ত্তা, (সমুদ্ধর্ত্তৃ, সম্—উদ্—হৃ=লওয়া+তৃচ্—ক) বিং, ত্রিং, ঋণশোধনকর্ত্তা। উচ্ছেদকারক। উদ্ধারকর্ত্তা। উন্মূলয়িতা

সমুদ্ভব, (সম্—উদ্ভব) সং, পুং, উৎপত্তি, জন্ম। কারণ। বিং, ত্রিং, জাত, উদ্ভূত।

সমুদ্ভাসিত, (সম্—উদ্ভাসিত=দীপ্ত) বিং, ত্রিং, উজ্জ্বলীকৃত। প্রদীপ্ত। শোভিত।

সমুদ্ভূত, (সম্—উদ্ভূত) বিং, ত্রিং, উৎপন্ন, জাত, উৎথিত।

সমুদ্যত, (সম্=সম্যক্—উদ্যত=উদ্যুক্ত) বিং, ত্রিং, প্রস্তুত। সম্যক্উদ্যত, সম্যক্ উদ্যুক্ত

সমুদ্যম, (সম্=সম্যক্—উদ্যম=উদ্যোগ) সং, পুং, সম্যক্ উদ্যম। চেষ্টা। আরম্ভ।

সমুদ্র, (সম্=সম্যক্—উন্দ্=ক্লিন্নহওয়া+রক্—প্রং, চন্দ্রোদয়হেতু জলরাশি ক্লিন্ন হয় ইহাতে। "অপাং চৈব সমুন্দেন স সমুদ্র ইতি স্মৃতঃ" ইতি বায়ুপুরাণং। কিম্বা স=সহিত—মুদ্রা=মর্য্যাদা, প্রথমা—হিং। কিম্বা সম্=সম্যক্—উৎ=উদ্গত—র=অগ্নি, সপ্তমী—হিং। কিম্বা স=সহিত—মুদ্র, [মুদ্=হর্ষ—রা=দানকরা+ক—ক]=রত্নাদি, প্রথমা—হিং) সং, পুং, সাগর, অম্বুধি, জলরাশি, জলধি, রত্নাকর, অম্ভোধি, পারাংনিধি, বারিধি। বিং, ত্রিং, মুদ্রাযুক্ত। মুদ্রিত, ছাপা। [সং, পুং, সমুদ্রের ফেনা, কস্তুরি।

সমুদ্রকফ, (সমুদ্র=সাগর=কফ=শ্লেষ্মা)

সমুদ্রকান্তা, (সমুদ্র—কান্ত=স্বামী, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, নদী, তরঙ্গিনী, সমুদ্রগা, তটিনী, সরিৎ সিন্ধু।

সমুদ্রগ, (সমুদ্র—গ=যে গমনকরে, দ্বিতীয়া—ষ) সং, স্ত্রীং, নদী। বিং, ত্রিং, সমুদ্রগামী। সমুদ্রস্থিত।

সমুদ্রগৃহ, (সমুদ্র—গৃহ=ঘর) সং, ক্লীং, জলযন্ত্র গৃহ। গ্রীষ্মকালে তাপ নিবারণ জন্য রাজা বা ধনী ব্যক্তিরা এই গৃহ নির্ম্মাণ করিতেন, ইহার উপরে জল থাকিত এবং ছাদের ছিদ্র দিয়া বর্ষণের ন্যায় জলবিন্দু গাত্রে পতিত হইত।

সমুদ্রচুলুক, (সমুদ্র—চুলুক=গণ্ডূষ; যিনি গণ্ডূষ দ্বারা সমুদ্র পান করিয়াছিলেন) সং, পুং, অগস্ত্য মুনি, কুম্ভযোনি।

সমুদ্রচৌর্য্য,—বম্বেটিয়াগিরি।

সমুদ্রদয়িত, (সমুদ্র—দয়িতা=প্রণয়িনী) সং, স্ত্রীং, নদী, তরঙ্গিনী, তটিনী, কল্লোলিনী, স্রোতোবহা।

সমুদ্রনবনীত, (সমুদ্র—নবনীত; সমুদ্রমন্থন দ্বারা যাহা উৎপন্ন হইয়াছে) সং, ক্লীং, অমৃত, পীযূষ, সুধা। চন্দ্র, সুধাকর, শশী, শশাঙ্ক, ইন্দু, সোম, হিমাংশু।

সমুদ্রমেখলা, } (সমুদ্র——মেখলা,
সমুদ্ররসনা, } রসনা=কটিভূষণ, যে
সমুদ্রাম্বরা, } কটিবন্ধনের ন্যায় স-

মুদ্র কর্ত্তৃক বেষ্টিত। সমুদ্র+অম্বর = পরিচ্ছদ, যে সমুদ্র কর্ত্তৃক আচ্ছাদিত বা ভূষিত) সং, স্ত্রীং, পৃথিবী, ধরিত্রী, ধরা, বসুধা, রসা, পৃথ্বী, মেদিনী, ভূতল।

সমুদ্রযান, (সমুদ্র—যান=গমন) সং, ক্লীং, সমুদ্রযাত্রা। অর্ণবপোত, জাহাজ।

সমুদ্রান্ত, (সমুদ্র=সাগর—অন্ত= শেষ) সং, ক্লীং, বাদাম। সাগরতীর, বেলা; স্ত্রীং, কার্পাসবৃক্ষ।

সমুদ্রারু, (সমুদ্র—ঋ= গমনকরা+উন্—প্রং) সং, পুং, কুম্ভীর। হাঙ্গর, নক্র। রাঘব, তিমিঙ্গিল। রামের সেতু। সেতুবন্ধ। [ত্রিং, সমুদ্রসম্বন্ধীয়।

সমুদ্রীয়, (সমুদ্র+ঈয়—সম্বন্ধার্থে) বিং,

সমুদ্বহ, (সম্—উদ্—বহ্= বহনকরা + ঘঞ্—প্রং) বিং, ত্রিং, বহনকারী। উদ্বহনকর্ত্তা। যে বা যাহা উপরে এবং নীচে প্রচলিত হইতেছে। শ্রেষ্ঠ।

সমুন্দন, (সম্—উনদ্=আর্দ্র হওয়া+অনট্—ভা) সং, ক্লীং, আর্দ্রতা, ভিজা।

সমুন্ন, (পূর্ব্বে দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, আর্দ্র, সিক্ত। ক্লিন্ন, ভিজা।

সমুন্নত, (সম্—উন্নত) বিং, ত্রিং, সম্যক্ উন্নত। উন্নতিবিশিষ্ট, বৃদ্ধিযুক্ত। উচ্চ। মহৎ।

সমুন্নতি, (সম্—উন্নতি) সং, স্ত্রীং, বৃদ্ধি। সম্যক্ উন্নতি, মহত্ত্ব। উচ্চতা। উচ্চপদ।

সমুন্নদ্ধ, (সম্—উদ্—নহ্= [বন্ধনকরা] গর্ব্বকরা ইত্যাদি+ক্ত—ক) বিং, ত্রিং, গর্ব্বিত। পণ্ডিতম্মন্য। উৎপন্ন। বদ্ধ। উদ্বদ্ধ। অধ্যক্ষ, প্রধান। শ্রেষ্ঠ।

সমুন্নয়—পুং, সমুন্নয়ন—ক্লীং, } (সম্—উৎ=উর্দ্ধে—নী= লওয়া + অচ্, অনট্—ভা) সং, ঘটনা, প্রবৃত্তি। উৎক্ষেপণ। উর্দ্ধে লওন। উদ্ভাবন। লাভ, প্রাপ্তি।

সমুপগম, (সম্—উপ—গম্= গমনকরা +ঘঞ্) সং, পুং, নিকটবর্ত্তিতা, নৈকট্য, মেলন।

সমুপচিত, (সম্—উপ—চি= একত্রকরা +ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বহুলীকৃত। বর্দ্ধিত। সং, গৃহীত, রাশীকৃত। বৃদ্ধিপ্রাপ্ত।

সমুপজোষম্, (সম্—উপ—জুষ্=সেবা করা+অম্—প্রং) অং, ভাগ্যবশতঃ, সৌভাগ্যক্রমে। আনন্দ, হর্ষ।

সমুপধান, (সম্—উপ—ধা=[ধারণকরা] স্থাপনকরা ইত্যাদি+অনট্—ভা) সং, ক্লীং, উৎপাদন, জনন। স্থাপন। রক্ষাকরণ, রাখা।

সমুপবেশ, (সম্—উপ=সমীপে—বিশ্= প্রবেশকরা+ঘঞ্) সং, পুং, অভ্যর্থনা। বসান।

সমুপস্থা, (সম্—উপ=সমীপে—স্থা = থাকা+ঘঙ্—অপ্) সং, স্ত্রীং, নৈকট্য, সামীপ্য। ঘটনা।

সমুপেয়িবান্, (সমুপেয়িবস্, সম্—উপ= সমীপে—ই=গমনকরা+বস্—ক, দ্বিত্ব) বিং, ত্রিং, উপস্থিত। প্রাপ্ত।

সমুপোঢ়, (সম্—উপ+বহ্=বহা+ক্ত —র্ম্ম) বিং, ত্রিং, দান্ত, দমিত, আটক্ করা, চাপিয়া রাখা। সমাপন্ন। সমুদিত। সঙ্গত। সঞ্জাত।

সমুল্লসন্, (সমুল্লসৎ, সম্—উদ্—লস্ =ক্রীড়াকরা] দীপ্তিপাওয়া + শতৃ—ক) বিং, ত্রিং, ক্রীড়াশীল। উল্লাসযুক্ত, দীপ্তিমান্।

সমুল্লসিত, (পূর্ব্বে দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, ক্রীড়াশীল। উল্লাসযুক্ত, আনন্দিত। শোভিত।

সমুল্লেখ—পুং, সমুল্লেখন—ক্লীং, } (সম্—উৎ—লিখ =[লেখা] আঁচড়ান ইত্যাদি+অচ্, অনট্—ভা) সং, খনন। আঁচড়ান। কুন্দন, তক্ষণ। চাঁচা। কথন।

সমূঢ়, (সম্—বহ্=বহনকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, রাশীকৃত, পুঞ্জীকৃত। পুঞ্জিত, সংগৃহীত। সঞ্চিত। ভুগ্ন। বক্রীকৃত। সদ্যোজাত। দমিত। বিবাহিত। পরি-

ষ্কৃত। শোধিত। অনুপকৃত। সঙ্গত, সংশ্রবাগত।

সমূর, সমূরু, (সম্=বিহ্বলহওয়া+উর, উরু—প্রং) সং, পুং, মৃগবিশেষ,যাহার চর্ম্মে ব্রহ্মচারীর আসন হইতে পারে।

সমূল, সমূলক (স=সহিত—মূল। কন্—যোগে সমূলক) বিং,ত্রিং, মূলসহিত। সহেতুক। কারণসহিত, সকারণ। সত্য, যথার্থ।

সমূলঘাত, সং, ত্রিং, বিং,মূল উচ্ছেদ করিয়া সংহার করণ, "সমূলঘাতং ন্যব ধীদরীংশ্চ" ভট্টি।

সমূহ, (সম্—উহ=তর্ককরা+ঘঞ্—প্রং) সং, সমুদায়, রাশি। সম্যক্ তর্ক।

সমূহনী, (সমূহ=[ময়লার] রাশি—নী= লওয়া+ড, ঈপ্—প্রং) সং, স্ত্রীং, সম্মার্জ্জনী, খেঙরা।

সমূহ্য, (সম্=সম্যক্ প্রকারে—বহ্=বহন করা বা উহ্=তর্ককরা+ক্যপ্—প্রং) বিং,ত্রিং,তর্কণীয়, তর্ক করিবার যোগ্য। সং, পুং, যজ্ঞাগ্নি।

সমৃদ্ধ, (সম্—ঋধ্=বৃদ্ধিপাওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, সপন্ন, সম্পত্তিশালী। সমৃদ্ধিযুক্ত। বৃদ্ধিযুক্ত। উৎসন্ন, জাত।

সমৃদ্ধি, (পূর্ব্বে দেখ+ক্তিন্—ভা)সং,স্ত্রীং, সম্পত্তি, ঐশ্বর্য্য। উন্নতি, বৃদ্ধি। শ্রেয়ঃ, মঙ্গল। কৃতকার্য্যতা। প্রভাব, আধিপত্য। ঐশ্বর্য্যবিশিষ্টতা।

সমৃদ্ধিমত্তা, সং, স্ত্রীং, সম্পত্তিশালিতা।

সমেত, (সম্=সঙ্গে—এত=আগত) বিং, ত্রিং, সহিত। সংযুক্ত, মিলিত, সঙ্গত। প্রাপ্ত, উপস্থিত।

সমেধিত, (সম্—এধিত=বৃদ্ধিযুক্ত)বিং, ত্রিং, সংবর্দ্ধিত। উন্নত।

সমোদক, (সম=তুল্য—উদক=জল) সং, ক্লীং, অর্দ্ধজলযুক্ত ঘোল।

সম্প, (সম্-পৎ=পতিত হওয়া+ড—প্রং ৎ—লোপ) সং, পুং, পতন, অবতরণ। আ—স্ত্রীং, বিদ্যুৎ, তড়িৎ।

সম্পত্তি, সম্পদ্, } সম্—পদ্=[গমন করা সমৃদ্ধহওয়া ইত্যাদি—ক্তি +ক্বিপ্—ভা) সং,স্ত্রীং,ঐশ্বর্য্য। বিভূতি ধন। শোভা। লক্ষ্মী। গুণোৎকর্ষ ঔৎকর্ষ্য। গৌরব।

সম্পদ, (সম্=একত্রে—পদ), সং, ক্লীং যুক্তপদে দাঁড়ান।

সম্পদ্বর, (সম্—পদ্=গমনকরা+বর—সংজ্ঞার্থে) সং, পুং, রাজা, নরপতি

সম্পন্ন, (সম্পত্তি দেখ+ক্ত—প্রং) বিং ত্রিং, সমগ্র, সম্পূর্ণ। নিষ্পন্ন, সম্পাদিত সম্পত্তিযুক্ত। ঐশ্বর্য্যবিশিষ্ট। সহিত যুক্ত, বিশিষ্ট।

সম্পরায়, (সম্—পর—ই=গমনকরা+ণচ্—প্রং) সং, পুং, যুদ্ধ, সমর, রণ আহব, সঙ্গর। আপদ্। আয়তি, উত্তর কাল। সন্তান, তনুজ।

সম্পরায়ক,—য়িক, (সম্পরায়=যুদ্ধ+কন্ ঠক্—প্রং) সং, ক্লীং, সংগ্রাম, যুদ্ধ, রণ সংগ্রাম, প্রহরণ।

সম্পরিগ্রহ, (সম্—পরিগ্রহ=গ্রহণ) সং পুং, স্বীকার, গ্রহণ।

সম্পর্ক, (সম্=সহিত—পৃচ্=যুক্তহওয়া +অচ্—ভা) সং,পুং, সম্বন্ধ। সংসর্গ সংযোগ, মিলন। মৈথুন, স্ত্রীসংসর্গ

সম্পর্কী, (সম্পর্কিন্, সম্পর্ক+ণিন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, সম্বদ্ধ, সম্পৃক্ত মিশ্রিত। সম্পর্কবিশিষ্ট।

সম্পর্কীয়, (সম্পর্ক+ঈয়—প্রং) বিং ত্রিং, সম্বন্ধবিশিষ্ট, সম্বন্ধীয়। সংক্রান্ত

সম্পাক, (সম্=সম্যক্‌রূপে—পাক) বিং ত্রিং, তর্ককারী। ধৃষ্ট, অবিনীত, শঠ লম্পট। অল্প। সং, পুং, আরগ্বধ বৃক্ষ।

সম্পাট, (সম্—পট=গমনকরা+ঘঞ্ প্রং) সং, পুং, তকু, টেকো।

সম্পাত, (সম্—পৎ=পতিত হওয়া-ঘঞ্—ভা) সং, পুং, পতন, অবতরণ উড্ডয়ন, উড়া। গমন, চলন। প্রবেশ সমূহ। গরুড়ের পুত্র।

সম্পাতি, (সম্—পা=পালনকরা, পান করা+অতি—প্রং) সং, পুং, গরুড়ের পুত্র পক্ষিবিশেষ, জটায়ুর জ্যেষ্ঠ।

সম্পাদক, (সম্—পাদি=গমনকরান+ণক—ক) বিং, ত্রিং, নিষ্পাদক, কার্য্য-নির্ব্বাহক।

সম্পাদন, (পূর্ব্বে দেখ+অনট্—ভা) সং, ক্লীং, নিষ্পাদন, সমাপন, নির্ব্বাহ। উপার্জ্জন।

সম্পাদিত, (সম্পাদক দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, নিষ্পাদিত, নির্ব্বাহিত। সমাপিত।

সম্পাদ্য, (সম্পাদক দেখ+ণ্যৎ—র্ম্ম) বিং, ত্রিং, সম্পাদন করিবার যোগ্য, নিষ্পাদ্য। যে প্রতিজ্ঞায় কোন ক্রিয়া সাধন উদ্দেশ্য। (Problem)

সম্পীড়,—পুং, সম্পীড়ন—ক্লীং, } (সম্—পীড়্—পীড়িত হওয়া+অচ্, অনট্-ভা) সং, প্রেরণ। নিষ্পীড়ন, ক্লেশ দেওয়া।

সম্পুট, সম্পুটক, (সম্—পুট্=[দ্রব্যের সহিত] সংলগ্ন হওয়া+ক—প্রং; পক্ষে কন্-যোগ) সং, পুং, কৌটা, ঠোঙা, খুঙি, পেটরা প্রভৃতি। কুরুবক।

সম্পূর্ণ, (সম্=সম্যক্—পূর্ণ) বিং, ত্রিং, পরিপূর্ণ। সমাপ্ত। সমগ্র। র্ণা-স্ত্রীং, একাদশীবিশেষ।

সম্পৃক্ত, (সম্-পৃচ্=মিলিতহওয়া+ক্ত—প্রং) বিং, ত্রিং, মিলিত, মিশ্রিত। সম্বদ্ধ। খচিত। গ্রথিত।

সম্প্রতি, (সম্-প্রতি, দ্বং—স) অং, এক্ষণে, ইদানীং, অধুনা।

সম্প্রতিপত্তি, (সম্=একসঙ্গে—প্রতিপত্তি =অঙ্গীকার, সম্মতি, জ্ঞান) সং, স্ত্রীং, স্বীকার। বাদীর অভিযোগ শ্রবণ করিয়া প্রতিবাদীর তাহা স্বীকার করা, সম্যক্ জ্ঞান। সঙ্গ, সমভিব্যাহারী হওয়া। অভিমতি। সাহচর্য্য, সহায়তা। চুক্তি, আপোষ। আক্রমণ। কার্য্যকরণ, সম্পাদন।

সম্প্রতীতি, (সম্-প্রতীতি=খ্যাতি, জ্ঞান) সং, স্ত্রীং, খ্যাতি, প্রসিদ্ধি। প্রত্যয়, জ্ঞান।

সম্প্রদাতা, (সম্প্রদাতৃ, পশ্চাৎ দেখ,+তৃচ—ক) বিং, ত্রিং, সম্প্রদানকর্ত্তা

সম্প্রদান, (সম্—প্র-দা=দানকরা+অনট্—সম্প্রং) সং, ক্লীং, দানীয় ব্যক্তি, যাহাকে কোন বস্তু দান করা যায়। দান। কারকবিশেষ।

সম্প্রদায়, (সম্-প্র—দা=[দানকরা] উপদেশকরা+ঘঞ্—ভা, র্ম্ম; য্—আগম) সং, পুং, সমাজ, দল। গুরুপরম্পরাগত সদুপদেশ।

সম্প্রধারণ, (সম্—প্র—ধারী=[ধারণ করান] নিশ্চয়করা+অনট্-ভা) সং, ক্লীং, ণা—স্ত্রীং, অবধারণ। উচিত অনুচিত বিবেচনা, কর্ত্তব্যাকর্ত্তব্য নির্ণয়।

সম্প্রয়োগ, (সম্—প্র—যুজ=যোগকরা +ঘঞ্—ভা) সং, পুং, সম্বন্ধ, সম্পর্ক। ধনাদি বিনিয়োগ, প্রয়োগ, খাটান। সাপেক্ষতা। নিধুবন, রমণ। ইন্দ্রজাল।

সম্প্রযোগী, (সম্প্রযোগিন্, পূর্ব্বে দেখ, +ইনি—ক) সং, পুং, কামুক, লম্পট। প্রয়োগকর্ত্তা। ঐন্দ্রজালিক।

সম্প্রসাদ, (সম্—প্র—সদ=[গমনকরা] প্রসন্ন হওয়া ইত্যাদি+ঘঞ্—ভা) সং, পুং, বিশ্বাস। প্রসন্নতা।

সম্প্রসারণ, (সম্-প্র-সারি=গমনকরান +অনট্—ভা) সং, ক্লীং, ব্যাকরণের সংজ্ঞাবিশেষ, ই উ ঋ ৯ স্থানে য ব র ল হওয়া। বিস্তারণ।

সম্প্রস্থান, (সম্—প্র=অগ্রে-স্থা=থাকা+অনট্) সং, ক্লীং, যাত্রাকরণ।

সম্প্রস্থিত, (সম্—প্রস্থিত) বিং, ত্রিং, যে প্রস্থান করিয়াছে। প্রস্থানোদ্যত।

সম্প্রহার, (সম্—প্রহার) সং, পুং, যুদ্ধ, সমর, সঙ্গর, রণ, আহব। সম্যক্-প্রহার। হনন। গমন।

সম্প্রাপ্ত, (সম্—প্রাপ্ত) বিং, ত্রিং, লব্ধ, যাহা পাওয়া গিয়াছে। ফলিত।

আগত, উপস্থিত। ঘটিত, প্রবৃত্ত।

সম্প্রাপ্তি, (সম্—প্রাপ্তি) সং, স্ত্রীং, প্রাপ্তি, লাভ। সমাগতি, উপস্থিতি।

সম্প্রীতি, (সম্—প্রী=তুষ্টহওয়া+ক্তি—ভা) সং, স্ত্রীং, স্নেহ, প্রণয়। সন্তোষ। আনন্দ, হর্ষ।

সম্প্রৈষ, (সম্—প্র=অগ্রে—ইষ=গমনকরা+ঘঞ্) সং, পুং, আজ্ঞাকর্ত্তা, নেতা। প্রেরণকর্ত্তা, প্রেরক।

সম্প্লব, (সম্—প্লু=গমনকরা+অচ্—ভা) সং, পুং, সঙ্ক্ষোভ, চাঞ্চল্য। চতুর্দ্দিকে বর্ষিত। বন্যা।

সম্ফাল, (সম্—ফল্=ধারণকরা+ণ—প্রং) সং, পুং, মেঘ, ঘন, জলধর, বারিদ, জীমূত, বলাহক।

সম্ফুল্ল, (সম্=সম্যক্—ফুল্ল=প্রস্ফুটিত) বিং, ত্রিং, প্রস্ফুটিত, প্রফুল্ল, বিকসিত।

সম্ফেট, সং, পুং, নাট্যোক্তিতে আস্ফালন, দ্বন্দ্বযুদ্ধ।

সম্ব, (সম্ব্=গমনকরা+অচ্—প্রং) সং, ক্লীং, জল, বারি, নীর, সলিল, অম্বু। বারদ্বয় কর্ষণ, দুইবার চষা। প্রতিলোম কর্ষণ, উল্টা দিকে চষা।

সম্বদ্ধ, (সম্—বন্ধ্=বন্ধনকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, সংযুক্ত, মিলিত। সম্বন্ধযুক্ত, সম্বন্ধবিশিষ্ট। বদ্ধ।

সম্বন্ধ, (সম=সহিত—বন্ধ=বন্ধন) বিং, ত্রিং, শক্ত, সমর্থ। উপযুক্ত, সমীচীন, মিলিত। সং, পুং, সৌভাগ্য, সমৃদ্ধি। যোগ্যতা। সমীচীনতা। উপযুক্ততা। সংসর্গ, সম্পর্ক। সংযোগ, মিলন। সঙ্ঘট্টন। সখ্য, মিত্রতা। কুটুম্বিতা।

সম্বন্ধী, (সম্বন্ধিন্, সম্বন্ধ+ইনি—অস্ত্যর্থে) বি, ত্রিং, কুটুম্ব। সম্বন্ধবিশিষ্ট, সম্পর্কী। সদ্গুণবিশিষ্ট, বিদ্বান্, সুবৃত্ত, ধর্ম্ম, দানশীল ইত্যাদি।

সম্বর, (সম্ব্=গমনকরা+অরচ্—প্রং। কিংবা সম্—বৃ=আবরণকরা+অচ্—প্রং) সং, ক্লীং, জল। সংবরণ। ইন্দ্রিয়-দমন। বৌদ্ধদিগের ব্রতবিশেষ। পুং, দৈত্যবিশেষ। হরিণবিশেষ। মৎস্যবিশেষ। পর্ব্বত। নাটকবিশেষ। সেতু।

সম্বরণ, (সম্—বৃ=আবরণকরা ইত্যাদি+অনট্—ভা) সং, ক্লীং, দমন। বরণ। বরমাল্যদান। সঙ্গোপন, আবরণ।

সম্বরারি, (সম্বর=দৈত্যবিশেষ—অরি=শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কামদেব, কন্দর্প, মার, মীনকেতু, মনসিজ, প্রদ্যুম্ন।

সম্বল, (সম্ব্=গমনকরা+অলচ্—প্রং) সং, পুং—ক্লীং, পাথেয়, পথখরচ। সং-স্থান, পুঁজি। ক্লীং, জল, সলিল, বারি, অ

সম্বাকৃত, (সম্ব=দ্বিতীয়বার কর্ষণ—কৃত=করা হইয়াছে, মধ্যে আ—আগম) বিং, ত্রিং, দ্বিতীয় বার কৃষ্ট, চষা। প্রতিলোমকৃষ্ট, উল্টাদিকে চষা।

সম্বাধ, (সম্—বাধ=পীড়নকরা ইত্যাদি+অচ্—প্রং) বিং, ত্রিং, অপ্রশস্ত, সঙ্কীর্ণ, কমচৌড়া। জনতাপূরিত। সং, পুং, ভয়। সঙ্কট। বাধা। ভিড়, সঙ্ঘর্ষ। যোনিমার্গ। নরকের পথ

সম্বাধন, (পূর্ব্বে দেখ+অনট্—ভা) সং, ক্লীং, দ্বার, বাধা দেওয়া। দ্বারপাল। শূলাগ্র।

সম্বিদা, সিদ্ধি, বিজয়া।

সম্বুদ্ধ, (সম্=সম্যক্—বুদ্ধ=জ্ঞানী) সং, পুং, বুদ্ধাবতার। বিং, ত্রিং, চৈতন্যবিশিষ্ট, জাগরিত।

সম্বুদ্ধি—স্ত্রীং, সম্বোধন—ক্লীং, } (সম্—বুধ=জানা, সাম্মুখ্যকরা+ক্তি, অনট্—ভা) সং, আহ্বান, অভিমুখীকরণ, আমন্ত্রণ। বিশেষরূপে দর্শন। ব্যাকরণে—বিভক্তিবিশেষ।

সম্বোধ, (সম্=সম্যক্‌রূপে—বুধ=জান+অচ্) সং, পুং, ব্যাখ্যাকরণ, জ্ঞাপন, উপদেশকরণ। নিক্ষেপ, প্রেরণ। ক্ষতি, ধ্বংস।

সম্ভলী, (সম্=সহিত—ভল্=নিরূপণ করা, বলা+অচ্—ঙীপ্, প্রং) সং, স্ত্রী

দূতী, কুট্টিনী।

সম্ভব, (সম্ = সম্যক্ — ভূ = হওয়া + অচ্ — ক, ভা) সং, পুং, হেতু, কারণ। উৎপত্তি, জন্ম। মেলন। যোগ্যতা। সম্ভাবনা। সঙ্কেত। অপায়। যুক্তি, আপোষ। ক্ষতি, ধ্বংস। সমীচীনতা, উপযুক্ততা। শক্তি, ক্ষমতা। পরিচয়, সখ্য। বর্ত্তমান যুগের তৃতীয় জৈন। বিং, ত্রিং, উৎপন্ন। মেলক।

সম্ভব্য, (সম্ = সহিত — ভব = হওন + যৎ — প্রং ; কিম্বা পূর্ব্বে দেখ + যৎ — র্ম্ম) বিং, ত্রিং, সম্ভাবনাযোগ্য. সম্ভাবনীয়। সং, পুং, কপিত্থ, কয়েতবেল।

সম্ভার, (সম্ — ভৃ = ধারণকরা ইত্যাদি + ঘঞ্ — প্রং) সং, পুং, সংগ্রহ। সমূহ, রাশি। পুষ্টিসাধন, পোষণ। সরবরাহ। উপকরণ। পরিপূর্ণতা।

সম্ভাবন, (সম্ — ভাবি = চিন্তা করা, যোগ্য হওয়া ইত্যাদি + অনট্ — ভা) সং, ক্লীং, না — স্ত্রীং, চিন্তা। অনুগ্রহ। সুখ্যাতি, যশঃ। পূজা, সৎকার। উৎকটকোটিক সংশয়। তর্ক। যোগ্যতা। যোগ্যতার অধ্যবসায়। স্বীকার। সম্পাদন। অভিসন্ধি। কাব্যালঙ্কারবিশেষ।

সম্ভাবিত, (পূর্ব্বে দেখ + ক্ত — র্ম্ম) বিং, ত্রিং, সম্ভাবনার বিষয়। সন্দেহের বিষয়। সৎকৃত, পূজিত। অনুগৃহীত। বিখ্যাত, প্রসিদ্ধ। চিন্তিত। সম্ভাবনাযোগ্য। তর্কিত।

সম্ভাব্য, (সম্ভাবন দেখ, + যৎ — র্ম্ম) বিং, ত্রিং, সম্ভাবনারযোগ্য। শ্লাঘ্য, প্রশংসনীয়

-পুং, } (সম্ = একসঙ্গে —
সম্ভাষা — স্ত্রীং, } ভাষ্ = বলা + অচ্,
সম্ভাষণ — ক্লীং, } অনট্ — ভা) সং,
পরস্পর কথোপকথন, আলাপন।

সম্ভিন্ন, (সম্ — ভিন্ন) বিং, ত্রিং, ভগ্ন। বিদলিত। মিলিত। সংক্ষোভিত, চালিত। প্রস্ফুটিত।

সম্ভূত, (সম্ — ভূ = হওয়া + ক্ত — ক) বিং, ত্রিং, উৎপন্ন, উদ্ভূত, জাত।

সম্ভূতি, (পূর্ব্বে দেখ + ক্তি — ভা) সং, স্ত্রীং, উৎপত্তি, উদ্ভব। বিভূতি। যোগ। ক্ষমতা, শক্তি। [হইয়া সন্ধিকরণ।

সম্ভূয়সন্ধান, সং, ক্লীং, পরস্পর মিলিত

সম্ভূয়সমুত্থান, (সম্ভূয়, [সম্ — একসঙ্গে — ভূ = হওয়া + ক্ত্বা — প্রং। ক্ত্বা স্থানে য] = একত্রিত হইয়া — সমুত্থান = উঠা, কার্য্যারম্ভ) সং, ক্লীং, অংশীদিগের মিলিয়া বাণিজ্য, সাজীর বাণিজ্য। বক্রায় কারবার। তদ্ঘটিত বিবাদ।

সম্ভৃত, (সম্ভার দেখ, + ক্ত — র্ম্ম) বিং, ত্রিং, সঞ্চিত। যত্নসিদ্ধ। পরিপুষ্ট। দত্ত। লব্ধ প্রস্তুত। পরিপূর্ণ। সম্যক্ বর্দ্ধিত। সঙ্কলিত। জনিত।

সম্ভৃতি, (সম্ভার দেখ + ক্তি — ভা) সং, স্ত্রীং, ভরণ, প্রতিপালন। সম্যক্‌পোষণ বর্দ্ধন। পরিপূর্ণতা। প্রস্তুতকরণ। সঞ্চয়

সম্ভেদ, (সম্ — ভিদ্ = [ভেদকরা] মিলিত হওয়া ইত্যাদি + ঘঞ্ — ভা) সং, পুং, নদীমিলন, নদীসমুদ্রের যোগ। নদীর সঙ্গমস্থান। স্ফুটন। ভেদন। মিলন। একরূপতা।

সম্ভোগ, (সম্ — ভোগ = উপভোগ) সং, পুং, উপভোগ, সুখাস্বাদন। রতিক্রিয়া।

সম্ভ্রম, (সম্ — ভ্রম্ = [ভ্রমণকরা], মান্য হওয়া ইত্যাদি + অচ্ — ভা) সং, পুং, সম্মান, গৌরব, মান্যতা। আদর। ভয়। ত্বরা। ভ্রান্তি। ঘূর্ণন। আনন্দ বা ভয়াদিজনিত ব্যস্ততা, আবেগ।

সম্ভ্রান্ত, (পূর্ব্বে দেখ, + ক্ত — ক) বিং, ত্রিং, মান্য, গৌরবান্বিত, সম্ভ্রমশালী আদরণীয়। ত্বরাবিশিষ্ট। সম্যক্ ভ্রান্ত

সম্ভ্রান্ততন্ত্র, সম্ভ্রমশালী ব্যক্তিদিগের হস্তগত রাজ্যশাসন (Aristocracy)

সম্ভ্রান্তসমাজ, ইংলণ্ড দেশের রাজকীয় সভা-সংক্রান্ত সম্ভ্রমশালী ব্যক্তিদের সভা (House of Lords)

সম্মত, (সম্ — মন্ = [বোধকরা] অনু

মতিকরা ইত্যাদি+ক্ত—প্রং) বিং, ত্রিং, অভিমত। অনুমত। অভিপ্রেত।
সম্মতি, (পূর্ব্বে দেখ+ক্তি—ভা) সং, স্ত্রীং, মত। অনুমতি, আদেশ। সম্মান। ইচ্ছা, বাসনা। ঐকমত্য। আত্মবোধ। প্রণয়।
সম্মদ, (সম—মদ=হৃষ্টহওয়া+অপ—ভা) সং, পুং, আমোদ, আহ্লাদ, হর্ষ। বিং, ত্রিং, সুখী, আনন্দিত।
সম্মর্দ্দ, (সম—মর্দ্দ=মর্দ্দনকরা+অচ—ধি) সং, পুং, যুদ্ধ, রণ, সমর। জনতা, ভিড়, সঙ্ঘর্ষ। ঘর্ষণ। পদাদি দ্বারা মর্দ্দন
সম্মাতুর, (সম—উত্তম, সাধু—মাতৃ=মা+অণ—অপত্যার্থে) সং, পুং, সতী-তনয়—পতিব্রতাপুত্র।
সম্মাদ, (সম=সম্যক্ রূপে—মদ=গর্ব্ব-করা, মত্তহওয়া+ঘঞ্) সং, পুং, অতিরোষ, উন্মাদ, মত্ততা।
সম্মান, (সম—মন=পূজাকরা+ঘঞ্—ভা) সং, পুং, পূজা, সমাদর, গৌরব।
সম্মানন, (পূর্ব্বে দেখ+অনট্—ভা) সং, ক্লীং, না—স্ত্রীং, সম্মান, পূজা, আদর।
সম্মানিত, (সম্মান দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, পূজিত, সৎকৃত, সমাদৃত।
সম্মার্জ্জক, (পশ্চাৎ দেখ,+ণক—ক) বিং, ত্রিং, পরিষ্কারক। সং, পুং, সম্মার্জ্জনী
সম্মার্জ্জন, (সম—মৃজ=শুদ্ধকরা, মার্জ্জন করা+অনট্—ভা, ণ) সং, ক্লীং, শোধন, পরিষ্করণ। নী—স্ত্রীং, খিঙ্গরী, মার্জ্জনী, ঝাঁটা।
সম্মিত, (সম=সহিত—মিত=পরিমিত) বিং, ত্রিং, সমান, সদৃশ, তুল্য। পরিমিত। তুল্য পরিমাণ।
সম্মিলন, (সম—মিল=সংলগ্ন হওয়া+অনট্—ভা) সং, ক্লীং, সংযোগ, মিলন, একত্র হওন।
সম্মিলিত, (পূর্ব্বে দেখ+ক্ত—ক) বিং, ত্রিং, মিলিত, সংযুক্ত, একত্রিত।
সম্মিশ্র, (সম=একসঙ্গে—মিশ্র=মিশান) বিং, ত্রিং, মিশ্রিত, সংযুক্ত।
সম্মুখ, (সম=সমীপ—মুখ) বিং, ত্রিং, সমক্ষ, অভিমুখ।
সম্মুখী, (সম্মুখিন্, সম=সহিত—মুখ=আনন+ইনি) সং, পুং, দর্পণ, মুকুর, আরসি, আয়না।
সম্মুখীন, (সম্মুখ+খ—প্রং) বিং, ত্রিং, অভিমুখ। অভিমুখে স্থিত, সম্মুখবর্ত্তী।
সম্মূঢ়, (সম—মুহ [মুগ্ধহওয়া], একত্রিত হওয়া ইত্যাদি+ক্ত—প্রং) বিং, ত্রিং, রাশীকৃত। শীঘ্রজাত। নির্ব্বোধ, অজ্ঞান ভগ্ন। মোহযুক্ত, মুগ্ধ।
সম্মূর্চ্ছন, (সম—মূর্চ্ছ=মূর্চ্ছিত হওয়া ইত্যাদি+অনট্—ভা) সং, ক্লীং, না—স্ত্রীং, মোহ, মূর্চ্ছা। বৃদ্ধি। উচ্চতা, উচ্ছ্রায়। অভিব্যাপ্তি। ব্যাপ্তি। বিস্তার।
সম্মূর্চ্ছনোদ্ভব, সং, পুং, মৎস্য বা অন্যান্য জলচর প্রাণী।
সম্মৃষ্ট, (সম—মৃজ=শুদ্ধকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, মার্জ্জিত, পরিষ্কৃত, নির্ম্মলীকৃত। চুয়ান।
সম্মোদ, (সম=সম্যক্—মুদ=হৃষ্টহওয়া+ঘঞ্—ভা) সং, পুং, হর্ষ, আমোদ, আনন্দ, প্রীতি।
সম্মোহন, (সম—মোহি=মোহকরান+অনট্—ক, ভা) বিং, ত্রিং, মোহজনক, মোহকারক। সং, পুং, মুগ্ধকরণ। কন্দর্পের বাণবিশেষ।
সম্ম্লিষ্ট, (সম—ম্লেচ্ছ=[অপভাষা বলা], মিলিতহওয়া ইত্যাদি+ক্ত—ক) বিং, ত্রিং, মিশ্রিত, মিলিত। অস্পষ্ট।
সম্যক্, (সম=সহিত—অন্চ=গমনকরা+কিপ্—প্রং) অং, সর্ব্বপ্রকারে, সমগ্ররূপে। উপযুক্তরূপে। উত্তমরূপে।
সম্যক্, সম্যঙ্, (সম্যচ্, সম্যঞ্চ, সম=সহিত—অন্চ=গমনকরা+কিপ্—প্রং) বিং, ত্রিং, সত্য, যথার্থ। শুদ্ধ সহিত। যোগ্য। সঙ্গত, উপযুক্ত। সমুদয়, সম্পূর্ণ, সকল। মনোজ্ঞ, সুন্দর

সম্রাট্, (সম্রাজ্, সম্=সম্যক্—রাজ্=দীপ্তি পাওয়া+কিপ্—ক)সং,পুং,সার্ব্বভৌম, রাজসূয়যজ্ঞকারী সর্ব্বভূমীশ্বর রাজা, রাজাধিরাজ,সসাগরা ধরার অধীশ্বর। যিনি রাজসূয় যজ্ঞ করিয়াছেন, এবং অন্যান্য রাজগণের উপর আধিপত্য করেন, "যেনেষ্টং রাজসূয়েন মণ্ডলস্যেশ্বরশ্চ যঃ। শাস্তি যশ্চাজ্ঞয়া রাজ্ঞঃ সসম্রাট্"।

সযোনি, (স=সহ—যোনি=উদ্ভবস্থান) সং, পুং, ইন্দ্র, শক্র, পুরন্দর, বাসব, আখণ্ডল। যন্ত্রিকা, যাঁতি।

সর, (সৃ=গমনকরা+অপ্—প্রং) বিং, ত্রিং, গমনকারী, এই অর্থে প্রায় যোগে ব্যবহার হয়, যথা অনুসর, অবসর, ইত্যাদি। পুং, দুগ্ধ দধি প্রভৃতির সার। গমন, চলন। বাণ, শর, ইষু, সায়ক। লবণ, লোণা। ক্লীং, সরোবর। জল। ভূষণবিশেষ। মাল্য, মালা, নর, ছড়া। মধু। পুং—স্ত্রীং,নির্ঝর,ঝরণা, জল-প্রপাত

সরঃ, (সরস্, সৃ=[স্নান কিম্বা পান করিবার জন্য ইহাতে] গমনকরা+অসুন্—প্রং) সং, ক্লীং, সরোবর, পুষ্করিণী, জলাশয়,বাপী, তড়াগ। জলাশয়, যাহাতে পদ্ম জন্মিয়াছে বা জন্মিতে পারে। জল, সলিল, নীর, জীবন, নার, অম্বু।

সরঃকাক, (সরস্=সরোবর—কাক) সং, পুং, হংস। কী—স্ত্রীং, হংসী।

সরক, (সৃ=গমনকরা+ণক—প্রং) বিং, ত্রিং, গমনশীল। সং, ক্লীং, সরোবর, সরসী,বাপী। আকাশ। স্বর্গ। পুং—ক্লীং, ইক্ষুরস বা শর্করাজাত সুরা, রম। মদ্যপান পাত্র। মদ্যপান। মদ্যপরিবেশন। অবিচ্ছিন্ন পথশ্রেণী, প্রধান পথ,সড়ক।

সরগরম, (যবনভাষা) বিং, উৎসাহশীল। প্রভাবশালী, জাঁকাল।

সরঘা, (সর=যে কেহ গমন করে—হন্=বধকরা+ড, আপ্—প্রং) সং, স্ত্রীং, মধুমক্ষিকা, মৌমাছী।

সরজ, (সর=দধি দুগ্ধ প্রভৃতির সার—জ=উৎপন্ন) সং, ক্লীং, নবনীত,ননী, মাখন, হৈয়ঙ্গবীন।

সরজাঃ, সরজস্ক, (সরজস্, স=সহ—রজস্=ঋতু, ১মা—হিং; পক্ষে কন্—যোগ) সং, জস্, স্কা—স্ত্রীং, ঋতুমতী স্ত্রী। বিং, ত্রিং, রজোবিশিষ্ট,ধূলিযুক্ত।

সরট্, সরট, সরটি, সরটু, (সৃ=গমনকরা+অটি, অটন্, অটিন্, অটু—প্রং) সং, পুং, কৃকলাস। টিকটিকী। বায়ু, পবন, বাত। মেঘ, জলদ, জীমূত। বেদে,—মধুমক্ষিকা।

সরণ, (সৃ=গমনকরা+অনট—ভা, ক) সং,ক্লীং,গমন, চলন, গতি। লৌহমল। বিং, ত্রিং, গমনশীল।

সরণি,—ণী (পূর্ব্বে=দেখ+অনি—ণ)সং, স্ত্রীং, বর্ত্ম, মার্গ,পথ। সরাণ। গলরোগ বিশেষ। পঙ্‌ক্তি, শ্রেণী।

সরণ্ড, (সৃ=গমনকরা+অণ্ডন্—প্রং। শর ণ্ড হয়) সং, পুং, ধূর্ত্ত, শঠ। সরট, গিরগিটা। ভূষণবিশেষ। কামুক। পক্ষী

সরণ্যু, (সৃ=গমনকরা+অন্যু—প্রং) সং, পুং, মেঘ, ঘন। বায়ু, সমীর। জল, সলিল। বসন্ত। অগ্নি, পাবক।

সরৎ, (সৃ=গমনকরা+অতি—প্রং) সং, পুং, সূত্র, সূতা। (সৃ=গমনকরা+শতৃ) গমনকারী।

সরত্নি, (সৃ=গমনকরা+কত্নিচ্—প্রং) সং, পুং, বদ্ধমুষ্টিহস্ত পরিমাণ।

সরপত্রিকা, সং, স্ত্রীং পদ্মপত্র।

সরপোষ, (যবনভাষা)সং,ঢাকনী,আচ্ছাদন

সরমা, (সৃ=গমনকরা+অম—প্রং। কিংবা স=সহিত—রম=খেলা, শিকার) সং, স্ত্রীং, বিভীষণপত্নী। কুক্কুরী, শুনী।

সরযু, (সৃ=গমনকরা+অযু—প্রং) সং, পুং, বায়ু, বাত। যু, যূ—স্ত্রীং, অযোধ্যার নিকটবাহিনী নদী।

সরল, (সৃ=[বিস্তারে, সৌগন্ধে ইত্যাদি] গমনকরা+কল—প্রং) বিং, ত্রিং,অক-

সং, উদার, সাধু। অবক্র, সোজা। সং, পুং, দেবদারু বৃক্ষ। শালগাছ। পক্ষীবিশেষ। লা-স্ত্রীং,নদীবিশেষ। তেউড়ীগাছ

সরলদ্রব, (সরল=বৃক্ষবিশেষ—দ্রব=যে দ্রব হয়) সং, পুং, সরল বৃক্ষের রস, টার্পিন্ ধুনা

সরস, (সরসী দেখ+অস—প্রং। কিংবা স=সহিত—রস, ১মা—হিং) সং, বিং, ত্রিং, রসযুক্ত।মধুর। ক্লীং, সরোবর।

সরসম্প্রত, সং, ক্লীং ত্রিকণ্টকবৃক্ষ, তেকাটাসিজের গাছ। [পুং,সারসপক্ষী।

সরসিক, (সরস্=সরোবর+ঠন্—প্রং) সং,

সরসিজ, সরসীরুহ, (সরসি=সরোবরে—জ=যে জন্মে। সরসী=সরোবর—রুহ=যে জন্মে, ৭মী—হিং) সং, ক্লীং, পদ্ম, সরোজ, পঙ্কজ, কমল, তামরস, জলজ, নলিন।

সরসী, (সৃ=[স্নান কিংবা পান করিবার জন্য ইহাতে] গমনকরা+অস্,ঈপ্—প্রং) সং, স্ত্রীং, সরোবর। বাপী,তড়াগ

সরস্বতী, (সরস্বৎ+ঈপ্—প্রং) সং, স্ত্রীং, বাগ্দেবী। বাণী, বাক্য, "সরস্বতী শ্রুতিমহতী ন হীয়তাম্"কাং। ব্রহ্মাণী। নদীবিশেষ। নদী, তরঙ্গিনী, কল্লোলিনী। উত্তমা স্ত্রী। কাক,বায়স,ধাঙ্ক। মুনিপত্নী। জৈনদিগের দেবীবিশেষ।

সরস্বান্, (সরস্বৎ,সরস্=হ্রদ + বৎ—অস্ত্যর্থে। কিংবা সরস=রসের সহিত+বৎ—অস্ত্যর্থে) সং, পুং, সমুদ্র, সাগর, রত্নাকর, বারিধি, পারাবার। সরোবর। নদ। মহিষ। বিং, ত্রিং, রসযুক্ত।

সরহস্য, (স=সহিত—রহস্য) বিং, ত্রিং, সমন্ত্রক, মন্ত্রসহিত।

সরাই, (যবনভাষা) সং, পান্থশালা,পথিকদিগের উত্তরিবার স্থান।

সরাগ, (স=সহিত—রাগ=অনুরাগ, রং, ১মা—হিং) বিং, ত্রিং,অনুরক্ত। রঞ্জিত রক্তবর্ণ। অনুরাগী, বাসনাযুক্ত।

সরাব, (সর=জল—অব্=রক্ষাকরা+অচ্—প্রং) সং,পুং মৃণ্ময় পাত্রবিশেষ, সরা।

সরি, সরী, (সৃ=গমনকরা+কি—প্রং) সং, পুং—স্ত্রীং, নির্ঝর, ঝরণা, জলপ্রপাত।

সরিকা, (সৃ=গমনকরা+কুন্) সং, স্ত্রীং, ঔষধ দ্রব্যবিশেষ, হিঙ্গুপত্রী। গমনকারিণী।

সরিৎ, (সৃ=গমনকরা+ইতি—প্রং) সং, স্ত্রীং, নদী, তটিনী, তরঙ্গিনী, স্রোতঃস্বতী, সিন্ধু, সৈকতিনী। সূত্র।

সরিৎপতি, সরিতাম্পতি, সরিদ্বান্, (সরিৎ=নদী—পতি, ৬ষ্ঠী—ষ। সরিতাম্—নদী সকলের—পতি।

সরিদ্বৎ, সরিৎ=নদী+বৎ—অস্ত্যর্থে) সং, পুং, সমুদ্র, সাগর, রত্নাকর, পারাবার, অর্ণব, বারাংনিধি।

সরিৎসুত, (সরিৎ=নদী—সুত=পুত্র) সং, পুং, গাঙ্গেয়, ভীষ্ম।

সরিদ্বরা, সরিতাম্বরা, (সরিৎ=নদী—বর=অত্যুত্তম, শ্রেষ্ঠ। সরিতাম্=নদী সকলের—বর=অত্যুত্তম) সং, স্ত্রীং, গঙ্গা, ভাগীরথী, জাহ্নবী।

সরিমা, (সরিমন্,সৃ=গমনকরা+ইমনিন্—প্রং) সং, পুং, গমন। বায়ু, পবন, সমীরণ, বাত।

সরিল, (সলিল দেখ ; ল=র) সং, ক্লীং, জল, বারি, অম্বু,নীর, নার, জীবন, কমল

সরিষর্প, সং, পুং, সর্ষপ, সরিষা।

সরীসৃপ, (সৃপ্=[যঙ্লুগন্ত] গমনকরা, দ্বিত্ব, অ—প্রং) সং, পুং, যাহারা বুকে হাঁটিয়া যায় ; সর্প, বৃশ্চিক, ভেকাদি।

সরু, (সৃ=গমনকরা+উ—প্রং) বিং, ত্রিং, ক্ষীণ, সূক্ষ্ম, অণু। সং, পুং, খড়্গের মুষ্টি, মুট

সরূপ, (স=সমান—রূপ, ১মা—হিং) বিং, ত্রিং, সমানরূপ। সদৃশ। তুল্য, একবিধ, সবিধ।

সরূপতা, (সরূপ+তল্—ভাবে)সং, স্ত্রীং একরূপতা, তুল্যতা, সাদৃশ্য

সরোজ, সরোজন্মা, (সরস্—সরোবর—

সরোবর—জ=যে জন্মে, ৭মী—ষ। সরোজন্মন্, সরস্—জন্মন্=জন্ম, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, পদ্ম, তামরস, অম্বুজ, ইন্দীবর, উৎপল, নলিন। বিং, ত্রিং, সরোজাত।

সরোজী, (সরোজিন্, সরোজ=পদ্ম+ইনি—অস্ত্যর্থে) সং, পুং, ব্রহ্মা, পিতামহ, চতুরানন, পদ্মযোনি।

সরোজিনী, (সরোজ=পদ্ম+ইন্—সমূহার্থে, ঈপ্—প্রং) সং, স্ত্রীং, কমলিনী, পদ্মিনী, পদ্মের ঝাড়। পুষ্করিণী।

সরোৎসব, (সর=জল—উৎসব=আনন্দ) সং, পুং, সারসপক্ষী।

সরোরুট্, সরোরুহ, (সরোরুহ্, সরস্=সরোবর—রুহ্, রুহ=যে জন্মে, ৭মী—ষ) সং, ক্লীং, পঙ্কজ, পদ্ম, শতদল, তামরস, অম্বুজ।

সরোরুহাসন, (সরোরুহ=পদ্ম—আসন=বসিবার স্থান) সং, পুং, পদ্মাসন,ব্রহ্মা। জগৎসৃষ্টির কারণ পদ্মমধ্য হইতে ইঁহার প্রথমে আবির্ভাব; এই পুষ্প বিষ্ণুর নাভি হইতে উৎপন্ন হইয়াছিল।

সরোবর, (সরস্=পুষ্করিণী—বর=শ্রেষ্ঠ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পদ্মাকর, পদ্মাদিযুক্ত পুষ্করিণী।

সর্গ, (সৃজ্=সৃষ্টিকরা+ঘঞ্—প্রং) সং, পুং, উৎপত্তি। প্রকৃতি। স্বভাব। সৃষ্টি, নির্ম্মাণ। নিয়ম। নিশ্চয়। যত্ন, চেষ্টা। উৎসাহ। মোহ। মোক্ষ। বস্তুর প্রবণতা অধ্যায়, গ্রন্থের পরিচ্ছেদ। অনুমতি। মত, চুক্তি। পরিত্যাগ। মলত্যাগ।

সর্গবন্ধ, (সর্গ=অধ্যায়—বন্ধ=বন্ধন, ৭মী—হিং) সং, পুং, বহুঅধ্যায়বিশিষ্ট গ্রন্থ, মহাকাব্য।

সর্জ্জ, শর্জ্জ, (সৃজ্=সৃষ্টিকরা+ঘঞ্ প্রং) সং, পুং, শালগাছ। শালগাছের রস, ধুনা।

সর্জ্জন, (সৃজ্=ত্যাগকরা ইত্যাদি+অনট্—ভা) সং, ক্লীং, সৈন্যের পশ্চাদ্ভাগ। বিসর্জ্জন, ত্যাগ। সৃষ্টি।

সর্জ্জমণি, (সর্জ্জ=শালগাছ—মণি=রত্ন) সং, পুং, সর্জ্জবৃক্ষের নির্য্যাস, ধুনা।

সর্জ্জরস, (সর্জ্জ=শালগাছ—রস, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ধুনা, শালআঠা।

সর্জ্জি, সর্জ্জিকা, সর্জ্জী, (সৃজ্=ত্যাগকরা+ইনি—প্রং। কণ্—যোগ সর্জ্জিকা) সং, স্ত্রীং, ক্ষারবিশেষ, সাজীমাটী, শাচিক্ষার। র্জ্জি, র্জ্জী—স্ত্রীং, লতাবিশেষ।

সর্জ্জু, (সৃর্জ্জ্=উপার্জ্জনকরা+উ—প্রং) সং, পুং, বণিক্, ব্যবসায়ী। স্ত্রীং, বিদ্যুৎ, তড়িৎ,হ্লাদিনী, ইরম্মদা। হার। অভিসরণ। পশ্চাদ্গমন।

সর্প, (সৃপ্=গমনকরা+অচ্—ক, ভা) সং, পুং, র্পী—স্ত্রীং, সরীসৃপবিশেষ, সাপ, ভুজঙ্গ, অহি, দ্বিজিহ্ব, নাগ। "অপ্রিয়েণাস্য তান্ দৃষ্ট্বা কেশাঃ শীর্য্যন্ত বেধসঃ। হীনাঃ স্বশিরসো ভূয়ঃ সমরোহন্ ততঃ শিরঃ॥ সর্পণাত্তেঽভবন্ সর্পা হীনত্বাদহয়ঃ স্মৃতাঃ" ॥ গমন।

সর্পচ্ছত্র, (সর্প=সাপ—ছত্র=ছাতা) সং, ক্লীং, ছত্রাক, বেঙের ছাতা।

সর্পণ, (পূর্ব্বে দেখ+অনট্—ভা) সং, ক্লীং, গমন, গতি। বাণের মন্দগতি।

সর্পভুক্, (সর্পভুজ্, সর্প—ভুজ্=যে ভোজনকরে, ২য়া—ষ) সং, পুং, সর্পভক্ষক,ময়ূর,শিখণ্ডি, বর্হী, রেতোভুক্। গরুড়, বৈনতেয়, পক্ষিরাজ।

সর্পরাজ, (সর্প—রাজ=রাজন্শব্দজ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বাসুকি, নাগরাজ, অনন্তদেব।

সর্পসত্র, (সর্প—সত্র=যজ্ঞ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, সর্পযজ্ঞ, সর্পনাশক যজ্ঞ, সর্পকুল ধ্বংসের নিমিত্ত যজ্ঞ।

সর্পসত্রী, (সর্পসত্রিন্, সর্প—সত্র=যজ্ঞ+ইনি—অস্ত্যর্থে। সং, পুং, সর্পসত্রকারী পরীক্ষিৎ রাজারপুত্র জনমেজয়। সর্পাঘাতে ইঁহার পিতার মৃত্যু হওয়াতে, ক্রুদ্ধ হইয়া সর্পকুল ধ্বংসের নিমিত্ত ইনি

—ক যজ্ঞ করেন। এই যজ্ঞে মন্ত্রবলে সমুদায় সর্প উপস্থিত হইয়া যজ্ঞাগ্নিতে পড়িয়া দগ্ধহইলে প্রধান প্রধান কতকগুলি ব্যতীত আর সমুদায় বিনাশিত হইয়াছিল। সর্পসত্রকরিয়াছিলেন বলিয়া সেইঅবধি ইঁহার নাম সর্পসত্রী হইল

সর্পহা, (সর্পহন্, সর্প—হন্=যে বধ করে, ২য়—ষ) সং, পুং, নকুল, বেঁজী।

সর্পারাতি, (সর্প=সাপ—অরাতি=শত্রু) সং, পুং, গরুড়, বৈনতেয়, সুপর্ণ। নকুল, বেঁজী। ময়ূর, শিখী।

সর্পাশন, (সর্প—অশন=ভক্ষ্য, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ময়ূর, শিখণ্ডী, বর্হী। গরুড়, বৈনতেয়, সুপর্ণ।

সর্পিঃ, (সর্পিস্, সৃপ্=গমনকরা+ইস্—প্রং) সং, ক্লীং, ঘৃত, আজ্য, হবিঃ।

সর্পিণী, (সর্প+ঈপ্—প্রং; ইন্—আগম) সং, স্ত্রীং, ভুজঙ্গী, স্ত্রীসর্প।

সর্পী, (সর্পিন্, সৃপ্=গমনকরা+ইনি—ক) বিং, ত্রিং, বিসর্পণশীল, গমনশীল। সং, স্ত্রীং, স্ত্রীসর্প, ভুজঙ্গী।

সর্পেষ্ট, সর্পেষ্ট, সং, ক্লীং, শ্রীখণ্ড, চন্দন।

সর্ব্ব, (সর্ব্ব=গমনকরা+অচ্—প্রং) বিং, ত্রিং, সমুদায়, সকল, সমগ্র। সং, পুং, শিব, মহাদেব, ত্রিলোচন, মহেশ।

সর্ব্বংসহা, (সর্ব্ব=সকল [মনুষ্যাদি]—সহ=[সহ্যকরা] বহনকরা+অচ্—ক, আপ্—প্রং) সং, স্ত্রীং, বসুমতী, পৃথিবী, ধরা, ধরিত্রী, বসুন্ধরা, মহী, রসা।

সর্ব্বকর্ত্তা, (সর্ব্বকর্তৃ, সর্ব্ব=সকল [পদার্থ]—কর্তৃ=স্রষ্টা) সং, পুং, ব্রহ্মা, বিধাতা, স্রষ্টা, পিতামহ, লোককৃৎ, কমলযোনি।

সর্ব্বকর্ম্মীণ, (সর্ব্ব=সকল—কর্ম্মন্=কার্য্য+ঈন—নৈপুণ্যার্থে) বিং, ত্রিং, সকল কর্ম্মক্ষম।

সর্ব্বকেশী, (সর্ব্বকেশিন্, সর্ব্ব—কেশ+ইনি—প্রং) সং, পুং, নট, নৃত্যকারক, ভাঁড়।

সর্ব্বগ, (সর্ব্ব=সকল—গ=যে গমন করে, ২য়া—ষ) বিং, ত্রিং, সর্ব্বত্রগামী, সর্ব্বব্যাপী। সং, পুং, শিব। আত্মা। বায়ু, অনিল, সমীরণ। ব্রহ্ম। ক্লীং, জল। গা—স্ত্রীং, প্রিয়ঙ্গুলতা।

সর্ব্বগত, (সর্ব্ব—গত=গিয়াছে) বিং, ত্রিং, সর্ব্বব্যাপী, সর্ব্বত্রস্থিত।

সর্ব্বঙ্কষ, (সর্ব্ব—কৃষ্=গমনকরা+অচ্ প্রং) সং, পুং, পাপ, আগঃ, তৃণঃ। বিং, ত্রিং, সর্ব্বাতিক্রামক, যে সকলকে অতিক্রম করিয়া উঠে, সর্ব্বপ্রধান। [মাত্র।

সর্ব্বগন্ধ, সং, পুং, কাকোলী, । গন্ধদ্রব্যসর্ব্বগ্রন্থিক, (সর্ব্ব—গ্রন্থি=গাঁইট+কন্) সং, ক্লীং, পিপ্পলীমূল।

সর্ব্বজনীন, (সর্ব্ব=সকল—জন=লোক+খ—হিতার্থে) বিং, ত্রিং, সকলের হিতকারী। সর্ব্বলোকহিতকর। বিখ্যাত।

সর্ব্বজ্ঞ, (সর্ব্ব=সকল—জ্ঞ=যে জানে, ২য়া—ষ) সং, পুং, শিব। বুদ্ধ। বিং, ত্রিং, যিনি সকল জানেন।

সর্ব্বতঃ, (সর্ব্বতস্, সর্ব্ব=সকল+[সপ্তমী স্থানে] তস্) অং, সকলদিকে, সকল বিষয়ে, সকল প্রকারে, সম্পূর্ণরূপে।

সর্ব্বতঃশুভা, সং, স্ত্রীং, প্রিয়ঙ্গু বৃক্ষ।

সর্ব্বতন্ত্র, সাধারণ-তন্ত্র, (Republic)। স্বতঃসিদ্ধ, যে কথা প্রমাণ সাপেক্ষনহে, আপনা হইতেই সিদ্ধ হয়। সং, পুং, যে সমুদায় তন্ত্রশাস্ত্র অধ্যয়ন করিয়াছে।

সর্ব্বতোভদ্র, (সর্ব্বতস্=চারিপার্শ্ব—ভদ্র=মঙ্গল) বিং, ত্রিং, সর্ব্বত্র মঙ্গলদায়ক। সং, পুং,—ক্লীং, উৎসর্গ বা প্রতিষ্ঠাদি কর্ম্মে পূজার্থ চতুষ্কোণ মণ্ডল বিশেষ, যাহার দশদিকেদ্বার। চিত্রকাব্যবিশেষ। দেবগৃহ বিশেষ। চতুর্দ্দিকে দ্বারযুক্ত ধনীদিগের গৃহবিশেষ। জ্যোতিষে—শুভাশুভ জ্ঞানার্থ মণ্ডলবিশেষ। পুং, নিম্ববৃক্ষ। বিষ্ণুর রথ ব্যূহবিশেষ। বংশ, বাঁশ।

সর্ব্বতোমুখ, (সর্ব্বতস্=চতুর্দ্দিকে—মুখ

=বদন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং; সর্ব্ব-দিগভিমুখ, সর্ব্বদিগ্বর্ত্তী। সকল বিষয়ে-স্থিত। সং, ক্লীং, জল,সলিল,অম্বু, নীর। আকাশ, নভঃ, গগন, ব্যোম। পুং, পঞ্চানন, শিব। চতুর্ম্মুখ, ব্রহ্মা। আত্মা। ব্রাহ্মণ, দ্বিজ, বিপ্র। স্বর্গ,ত্রিদিব, নাক। অগ্নি, অনল, পাবক, জ্বলন, দহন।

সর্ব্বত্র, (সর্ব্ব=সকল+[সপ্তমীস্থানে] ত্র) অং, সকলদিকে, সকল স্থানে, সকল কালে, সকল-বিষয়ে।

সর্ব্বথা, (সর্ব্ব=সকল+থাচ্—প্রকারার্থে) অং, সকল প্রকারে। অতিশয়, ভৃশ। হেতু। স্বীকার। নিশ্চয়।

সর্ব্বদমন, সর্ব্বন্দম, (সর্ব্ব=সকল—দমন, দম=যে দমন করে) সং, পুং, শকুন্তলা-পুত্র, দুষ্মন্তপুত্র, ভরত। বিং, ত্রিং, সকলের দমনকারী।

সর্ব্বদর্শী, (সর্ব্বদর্শিন্, সর্ব্ব—দর্শিন্=যে দেখে, ২য়া—ষ) বিং, ত্রিং, সর্ব্বদ্রষ্টা, যিনি সমুদায় দর্শন করেন, অভিজ্ঞ। সং, পুং, বুদ্ধ। পরমেশ্বর।

সর্ব্বদা, (সর্ব্ব=সকল+দাচ্—কালার্থে) অং, সদা, সকলসময়ে।

সর্ব্বদেবমুখ, (সর্ব্ব=সকল—দেব=দেবতা—মুখ=বদন, যে দেবতাদিগের মুখস্বরূপ) সং, পুং, অগ্নি, বহ্নি, অনল।

সর্ব্বদ্র্যঙ্, সর্ব্বদ্রাঞ্চ, (সর্ব্ব—অন্চ্=পূজা করা+ক্বিপ্, অচ্—প্রং। দ্রি—আগম) বিং,ত্রিং,সকলের পূজাকারক।

সর্ব্বধুরীণ, (সর্ব্ব=সকল—ধুর্=ভার+ঈন্—বহনার্থে) বিং,ত্রিং, সকল ভারবাহক।

সর্ব্বনাম, (সর্ব্বনামন্,সর্ব্ব—নামন্=নাম) সং, ক্লীং, সকলের সংজ্ঞা। ব্যাকরণের সংজ্ঞা বিশেষ,বিশেষ্যের পরিবর্ত্তে যাহা ব্যবহৃত হয় ; সর্ব্ব, যদ্ তদ্ প্রভৃতি সকলের নাম।

সর্ব্বনাশ, (সর্ব্ব—নাশ=ধ্বংস, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সমস্তক্ষয়, সকলধ্বংস।

সর্ব্বপা, (সর্ব্ব=সমস্ত—পা=পানকরা+অঙ, আপ্) সং, স্ত্রীং, বানররাজ বালীর পত্নী, অঞ্জনা।

সর্ব্বভক্ষ, (সর্ব্ব=সকল—ভক্ষ=যে ভক্ষণ করে) সং, পুং, হুতাশন, বহ্নি, অগ্নি, অনল, হুতভুক, হব্যবাহ, কৃশাণু, হিরণ্যরেতা, জাতবেদা, পাবক। ক্ষা—স্ত্রীং, ছাগী, অজা। বিং, ত্রিং, যে সমুদায় বস্তু বা খাদ্য আহার করে।

সর্ব্বভক্ষ্য, বিং, ত্রিং, যে সমুদায় খাদ্য বা বস্তু ভক্ষণ করে। যে ভক্ষ্যাভক্ষ্য বিবেক না থাকাতে সমুদায়বস্তু আহার করিতে প্রবৃত্ত হয়, (শিশু)।

সর্ব্বভোগীণ, (সর্ব্ব—ভোগ+খঞ) বিং, ত্রিং, যাহা সর্ব্বভূতের ইষ্টসাধক, ভোগোপযুক্ত।

সর্ব্বমঙ্গলা, (সর্ব্ব=সকল—মঙ্গল=মোক্ষ, যিনি সকল মোক্ষ দান করেন) সং, স্ত্রীং, দুর্গা, শঙ্করী, ভবানী, অম্বিকা, অপর্ণা, উমা,কাত্যায়নী, গৌরী, চণ্ডী। মঙ্গলশব্দের অর্থ মোক্ষ,আর আ শব্দের অর্থ দাত্রী। "সর্ব্বমঙ্গলশব্দশ্চ সম্পূর্ণৈশ্চর্য্যবাচকঃ। আকারো দাতৃবচনস্তৎস্মাৎ সা সর্ব্বমঙ্গলা"। "মঙ্গলং মোক্ষবচনং চা শব্দো দাতৃবাচকঃ। সর্ব্বান্ মোক্ষান্ যা দদাতি সা এব সর্ব্বমঙ্গলা॥ হর্ষে সম্পদি কল্যাণে মঙ্গলং পরিকীর্ত্তিতং। তান্ দদাতি চ যা দেবী সা এব সর্ব্বমঙ্গলা। সর্ব্বাণি হৃদয়স্থানি মঙ্গলানি শুভানি চ। দদাতি চেপ্সিতান্ লোকে তেন সা সর্ব্বমঙ্গলা"।

সর্ব্বময়, (সর্ব্ব+ময়ট্—অপৃথক্-ভাবার্থে) বিং, ত্রিং, সর্ব্বাত্মক, সকলস্বরূপ। বিরাড়রূপী। সং, পুং, ঈশ্বর, পরমাত্মা।

সর্ব্বমূল্য, (সর্ব্ব=সকল [দ্রব্যের]—মূল্য) সং, স্ত্রীং, কপর্দ্দক, কড়ি, বরাটক।

সর্ব্বমূষক, (সর্ব্ব=সকল [বস্তু]—মূষ=চুরিকরা+ণক, প্রং) সং, পুং, কাল, সময়। কালে সকলই ধ্বংস এবং

তিরোভূত হইয়া থাকে।

সর্ব্বরস, (সর্ব্ব=সকল—রস=আস্বাদ) সং, পুং, ধুনা, শর্জ্জরস, শালনির্য্যাস, বাদ্যযন্ত্রবিশেষ, বীণাবিশেষ। বিদ্বান্, পণ্ডিত, বিপশ্চিৎ, লবণরস, লোণা।

সর্ব্বরসোত্তম, (সর্ব্ব—রস—উত্তম) সং, পুং, লবণ রস, (সকল রসের মধ্যে সাতিশয় স্বাদু বলিয়া)।

সর্ব্বরাত্র, (সর্ব্ব=সকল—রাত্রি+অচ্—প্রং) সং, পুং, সমস্তরজনী, সমুদায়রাত্রি।

সর্ব্বরীকর, (সর্ব্বরী—[শর্ব্বরীশব্দজ] রাত্রি—কর=যে করে, ২য়া—ষ) সং, পুং, চন্দ্র, ইন্দু, বিধু, উডুপতি, ঋক্ষাধিপ, চন্দ্রমা, নিশানাথ।

সর্ব্বর্ত্তুপরিবর্ত্ত, সং পুং বৎসর, বর্ষ, (ইহাতে ছয় ঋতুর প্রবৃত্তি হয়)।

সর্ব্বলা—লী, (সর্ব্ব=সকল—লা=লওয়া+অঙ্—প্রং) সং, স্ত্রীং, তোমরাস্ত্র, শাবল।

সর্ব্বলিঙ্গী, (সর্ব্বলিঙ্গিন্, সর্ব্ব=সকল—লিঙ্গ=[জাতির] চিহ্ন+ইনি—অস্ত্যর্থে) সং, পুং, পাষণ্ড, ধর্ম্মধ্বজী, পামর, ধূর্ত্ত

সর্ব্বলোক, সং, পুং জগৎ, ব্রহ্মাণ্ড।

সর্ব্বলোকপিতামহ, (সর্ব্ব—লোক=ভুবন—পিতামহ) সং, পুং, ব্রহ্মা, বিধাতা, পদ্মযোনি, চতুরাস্য।

সর্ব্বলোহ, (সর্ব্ব=সকল—লোহ=লৌহ) সং, পুং, লৌহময় বাণ।

সর্ব্ববল্লভা, (সর্ব্ব=সকল—বল্লভা=প্রিয়া, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, অসতী, কুলটা, ব্যভিচারিণী।

সর্ব্ববিদ্,
সর্ব্ববেদী, (সর্ব্ববেদিন্, সর্ব্ব—বিদ্, বেদী=যে জানে, ২য়া—ষ) বিং, ত্রিং, সর্ব্বজ্ঞ, সকলজ্ঞানযুক্ত, যিনি সকল জানেন।

সর্ব্ববেদ, (সর্ব্ব—বেদ+অণ্) সং, পুং, যে ব্রাহ্মণ সর্ব্ব বেদ অধ্যয়ন করিয়াছে।

সর্ব্ববেদাঃ, (সর্ব্ববেদস্, সর্ব্ব=সকল—বেদি=পাওয়ান+অস্—প্রং) সং, পুং, সর্ব্বস্বদক্ষিণ যাজ্ঞিক।

সর্ব্ববেশী, (সর্ব্ববেশিন্, সর্ব্ব=সকল—বেশ=পরিচ্ছদ বা ভূষণ+ইনি—অস্ত্যর্থে) সং, পুং, নট, সকলবেশধারী।

সর্ব্বশঃ, (সর্ব্বশস্, সর্ব্ব+শস্—প্রং) অং, সকলপ্রকারে, সাধারণরূপে।

সর্ব্বসন্নাহ, সং, পুং, সর্ব্বান্তর্ব্বর্ত্তী আত্মা সমুদায় সৈন্য সমবেত এবং সজ্জিত করা।

সর্ব্বসমতা, সং, স্ত্রীং, সকলের প্রতি সমান জ্ঞান, বা ব্যবহার। সমুদায়ের ঐকমত্য।

সর্ব্বস্ব, (সর্ব্ব—স্ব=ধন, স্বকীয়) সং, ক্লীং, সমুদায় ধন, সকল সম্পত্তি। সার।

সর্ব্বহার, (সর্ব্ব—হার=হরণ করা) সং, পুং, সর্ব্বস্ব ক্রোক করা।

সর্ব্বস্বী, (সর্ব্বস্বিন্) সং, পুং, গোপকন্যার গর্ভে নাপিতের ঔরসজাত বর্ণসঙ্কর জাতিবিশেষ।

সর্ব্বাঙ্গ, (সর্ব্ব=সকল—অঙ্গ=অবয়ব ৬ং—স) সং, ক্লীং, সকল অবয়ব।

সর্ব্বাঙ্গীণ, (সর্ব্বাঙ্গ+খ—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, সকল অবয়বীয়, সকল অঙ্গসম্বন্ধীয় সর্ব্বাঙ্গ ব্যাপক। সকল অবয়বের হিতকারী। অঙ্গহীন, সম্পূর্ণ, নিখুঁত।

সর্ব্বাণী, (সর্ব্ব=শিব+ঈপ্—প্রং, আনুক্—আগম। কিংবা সর্ব্ব—নী=পাওয়া+ক্বিপ্—প্রং) সং, স্ত্রীং, সর্ব্বপত্নী, ভবানী দুর্গা। "সর্ব্বান্মোক্ষং প্রাপয়তি জন্মমৃত্যুজরাদিকং। চরাচরাংশ্চ বিশ্বস্থান সর্ব্বাণী তেন কীর্ত্তিতা।"

সর্ব্বাধিকারী, (সর্ব্বাধিকারিন্, সর্ব্ব=সকল+অধিকার+ইনি—অস্ত্যর্থে) বিং, ত্রিং যাহার সকলবিষয়ে অধিকার আছে মন্ত্রী প্রভৃতি।

সর্ব্বান্নীন, (সর্ব্ব=সকল—অন্ন=ভাত+খ—ভোজনার্থে) বিং, ত্রিং, সর্ব্বান্ন ভোজী, যে সকলের অন্ন ভোজন করে যে সর্ব্বপ্রকার অন্ন ভোজন করে।

সর্ব্বাপেক্ষাভার——(৩৫) ভার দেখ।

সর্ব্বাভিসন্ধুক, সর্ব্বাভিসন্ধী, (সর্ব্বাভি

ঙ্গিন্, সর্ব=সকল—অভি—সম্—ধা=[ধারণকরা], লক্ষ্যকরা+ক—প্রং,ইনি—অস্ত্যর্থে) সং, পুং, বৈড়ালব্রতিক, ছদ্মতপস্বী। যে সকলবিষয়ে উপহাসকরে

সর্বাভিসার, (সর্ব=সকল—অভি—সৃ=গমন করা+ঘঞ্—প্রং) সং, পুং, চতুরঙ্গ সৈন্য সমবেত করণ।

সর্বার্থসিদ্ধ, (সর্ব=সকল—অর্থ=বিধেয়, প্রয়োজন—সিদ্ধ=নিষ্পন্ন, ৭মী—ব) সং, পুং, বুদ্ধ। ইঁহার জন্মে ইঁহার পিতার সমুদায় অভিলাষ সিদ্ধ হইয়াছিল বলিয়া।

সর্বাবসর, (সর্ব=সকল [পদার্থ]—অবসর=অবকাশ) সং, পুং, রাত্রির মধ্য ভাগ, অর্দ্ধরাত্র, নিশীথ।

সর্বাস্ত্রী, সং, স্ত্রীং, জৈন মতে ষোড়শ বিদ্যাদেবীর মধ্যে এক দেবী।

সর্বাহ্ন, (সর্ব=সকল—অহন্=দিন) সং, পুং, সমস্তদিন,সমুদায় দিবস,সারাদিন।

সর্বেশ, সর্বেশ্বর, (সর্ব=সকল—ঈশ, ঈশ্বর=প্রভু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শিব, মহাদেব, ধূর্জ্জটি, কপালী, পিণাকী, ভব, ত্রিলোচন, শঙ্কর, ঈশান। সম্রাট্। সার্বভৌম, সকলের রাজা। বিং, ত্রিং, সকলের প্রভু।

সর্বোত্তর, (সর্ব—উত্তর) বিং, ত্রিং,সকলের অপেক্ষা অধিক। সর্বপ্রধান। শ্রেষ্ঠতম, উৎকৃষ্টতম।

সর্বৌঘ, (সর্ব = সমুদায়—ওঘ=সমূহ) সং, পুং, চতুরঙ্গ সেনা সমবেত করণ।

সর্বৌষধি, (সর্ব—ওষধি) সং, স্ত্রীং, কুষ্ঠ বা কুড় জটা মাংসী হরিদ্রা বচা শৈলেয় চন্দন চম্পক মুরা কর্পূর মুস্তা—এই কয়।

সর্ষপ, সরিষপ, (সৃ=গমনকরা+অপ—প্র, ষুক্—আগম) সং, পুং ; শস্যবিশেষ, সরিষা "নূতন সর্ষপশাকং পিচ্ছিলানিচ দধীনি" উং। বিষবিশেষ। এক সর্ষপ পরিমাণ, পী—স্ত্রীং, খঞ্জন পক্ষী।

সলিল, (সল=গমনকরা+অচ, ইলচ্—প্রং) সং, ক্লীং,অম্বু, বারি, জল, নীর, নার, জীবন, বার্, কমল।

সলিলকুন্তল,(সলিল=জল—কুন্তল=কেশ) সং, পুং, শৈবাল, শেওলা, দাম্, গাঁজ।

সলিলক্রিয়া, (সলিল—ক্রিয়া=কার্য্য) সং, স্ত্রীং, তর্পণাদি। জল দ্বারা চিতা ধৌতকরণ।

সলিলজ, (সলিল =জল—জ =জাত) সং, পুং, জলজ, পদ্ম। তামরস, কমল, শতহ্রদ, অম্বুজ,কুমুদ। বিং,ত্রিং, জলজাত

সলিলধি, সলিলনিধি,(সলিল=জল—ধা, নি—ধা=ধারণ করা+ই—ধি) সং, পুং, জলনিধি, সমুদ্র, রত্নাকর, সাগর, পারাবার, অম্বোধি, অর্ণব, বারিধি, সরিৎপতি।

সলিলেন্ধন, (সলিল=জল—ইন্ধন=প্রজ্বলন) সং, পুং, বাড়বানল।

সলীল, (স=সহিত—লীলা, ১মা—হিং) বিং, ত্রিং, লীলাযুক্ত। ক্রীড়াকারী। ভঙ্গীসহিত। কৌতুকী, কৌতুহলী।

সল্লকী, (সল=গমনকরা+বুন্—প্রং ; ল—দ্বিত্ব) সং স্ত্রীং, সজারু পশু। বাবলা গাছ।

সব, (সূ=প্রসবকরা+অপ্—প্রং) সং, পুং, যজ্ঞ, অধ্বর, ক্রতু। বলিদান, আহুতি। যজ্ঞে প্রস্তুত মদ্য। অপত্য, সন্তান। প্রসব। সূর্য্য, সবিতা, দিবাকর। চন্দ্র, বিধু, ইন্দু, শশাঙ্ক। ক্লীং, জল। পুষ্পরস। সোমরসনিষ্পীড়ন ও পান। (সর্বশব্দজ) বিং, সকল, সমুদায়, নিখিল।

সবন, [সূ=প্রসবকরা+অনট্—প্রং)সং, ক্লীং, যজ্ঞে স্নান। যজ্ঞ,অধ্বর, যাগ। স্নান। সোমরসপান। প্রসব। পুং, চন্দ্র, ইন্দু, বিধু। [রাখিয়া ঋণদান।

সবন্ধকপ্রয়োগ——কোন বস্তু বন্ধক

সবয়াঃ, (সবয়স্, স =সমান —বয়স্=জীবনকাল, ৬ষ্ঠী—হিং)বিং,ত্রিং,বয়স্য,

স্নিগ্ধ 'সহচর। সমসাময়িক ব্যক্তি। বিং, ত্রিং, সমবয়স্ক। সমসাময়িক।

সবর; সং, পুং, জল, সলিল, নীর, অম্বু। মহাদেব, ধূর্জ্জটি, ভব, শঙ্কর, পিণাকী।

সবর্ণ, (স=সমান—বর্ণ=জাতি, রং, ১মা—হিং) বিং, ত্রিং, সমানবর্ণ, সমানজাতি, তুল্য, সদৃশ। সমানবর্ণযুক্ত। ব্যাকরণে—একস্থানোচ্চারিতবর্ণ। র্ণা—স্ত্রীং, সূর্য্যপত্নী, ছায়া।

সবল, (স=সহিত—বল, ১মা—হিং) বিং, ত্রিং, বলবান্, শক্তিবিশিষ্ট, বলিষ্ঠ, জোরাল, যোয়ান্, পালওয়ান। সসৈন্য, সেনাসহিত।

সবহা, সুবহা, স্ত্রীং, তিউড়ী গাছ।

সবাস, (স=সহ—বাস=গন্ধ, গৃহ) বিং, ত্রিং, গন্ধযুক্ত, সুগন্ধ। যাহার গৃহ আছে, গৃহস্থ।

সবাসা, (সবাসস্, স=সহ—বাসস্=বস্ত্র) বিং, ত্রিং, বস্ত্রপিহিত, কাপড়পরা।

সবলি, সং, পুং, অপরাহ্ন, বৈকাল, শেষবেলা, ওবেলা।

সবিকল্পক, (স=সহিত—বিকল্প=ইচ্ছানুযায়ী কল্পনা+কন্—যোগ) সং, ক্লীং, ন্যায়ে—বিশেষণবিশিষ্ট বিশেষ্যের জ্ঞান। বেদান্তে—জ্ঞাতৃজ্ঞেয় ভেদজ্ঞান। বিং, ত্রিং, সন্দিগ্ধ। উভয় প্রকার মতানুযায়ী, যে স্থলে উভয় প্রকার কল্পনারই প্রবৃত্তি হয়।

সবিকাশ, (স=সহিত—বিকাশ=প্রসার) বিং, ত্রিং, অসঙ্কুচিত। প্রসারিত, বিস্তারিত, বিস্তীর্ণ। প্রফুল্ল, বিকসিত, বিকচ, উন্মিষিত। [ধক, তাৎপর্য্যসূচক।

সবিগ্রহ, বিং, ত্রিং, শরীর বিশিষ্ট। বো-

সবিতা, (সবিতৃ, সূ=[সর্ব্বলোক] প্রসবকরা+তৃচ্—ক) সং, পুং, সূর্য্য, দিনকর, মার্ত্তণ্ড, বিরোচন, উষ্ণরশ্মি, দিনমণি, হেলি, হরি, সপ্তসপ্তি। "ধীশব্দবাচ্যো ব্রহ্মাণং প্রচোদয়তি সর্ব্বদা। সূর্য্যার্থং ভগবান্ বিষ্ণুঃ সবিতা স তু কীর্ত্তিতঃ। সর্ব্বলোকপ্রসবণাৎ সবিতা স তু কীর্ত্ত্যতে। যতস্তদ্দেবতা দেবী সাবিত্রীত্যুচ্যতে ততঃ"। ঈশ্বর। বিং, ত্রিং, জনয়িতা, প্রসবকর্ত্তা।

সবিতৃদৈবত, (সবিতৃ=সূর্য্য—দৈবত=দেবতা) সং, পুং, হস্তানক্ষত্র। সূর্য্য এই নক্ষত্রের অধিষ্ঠাত্রী দেবতা, অর্থাৎ এই নক্ষত্রের উপর আধিপত্য করেন।

সবিতৃল, (সবিতৃ=সূর্য্য—ল, সম্বন্ধার্থ। বিং, ত্রিং, সূর্য্য সম্বন্ধীয়।

সবিত্রী, (সূ=প্রসবকরা+তৃচ্—ক, ঈপ্—প্রং) সং, স্ত্রীং, গাভী। জনয়িত্রী, মাতা, জননী, প্রসূতি।

সবিধ, (স=সমান—বিধ=প্রকার) বিং, ত্রিং, তুল্য, সদৃশ, সমানরূপ। সমীপ, নিকট, "যস্ত ন সবিধে দয়িতা দবদহনস্তুহিনদীধিতিস্তস্য" উং।

সবিশেষ, (স=সহ—বিশেষ=উত্তমতা) বিং, ত্রিং, অত্যুত্তম, প্রধান। বিলক্ষণ, বা বিশেষ ধর্ম্ম বা গুণবিশিষ্ট।

সবিস্ময়, (স=সহিত—বিস্ময়—আশ্চর্য্য ১মা—হিং) বিং, ত্রিং, বিস্ময়যুক্ত, আশ্চর্য্যান্বিত।

সবেশ, সবেষ, (স=[সমান বা সহ শব্দজ সামান্য, সহিত—বেশ=প্রবেশ, পরিচ্ছদ ভূষণ ইত্যাদি) বিং, ত্রিং, সবিধ, নিকট, সমীপগত। বেশযুক্ত, ভূষিত অলঙ্কৃত।

সব্য, (সূ=প্রসবকরা+য—প্রং) বিং, ত্রিং, বাম, বামহস্ত। দক্ষিণ, দক্ষিণদিক প্রতিকূল, পশ্চাৎদিকে।

সব্যসাচী, (সব্যসাচিন্, সব্য=বাম—সা—যুক্তহওয়া+ইন্—প্রং) সং, পুং, উভয় হস্তে বাণ ক্ষেপণ সমর্থ। অর্জ্জুন ইনি যেমন দক্ষিণহস্তে, তেমনি বাম হস্তেও ক্ষিপ্রতা সহকারে বাণত্যাগ করিতে পারিতেন।

সব্যেষ্ঠ, সব্যেষ্ঠা, (সব্যেষ্ঠৃ, সব্যে=বামে—স্থা=থাকা+ড, তৃন্—প্রং) সং, পুং

সারথি, যন্তা, রথচালক, রথবামপার্শ্বস্থ বীর। ত্রিং, সলজ্জ। বিনীত।

সব্রীড়, (স=সহিত—ব্রীড়া=লজ্জা) বিং,

সশঙ্ক, (স=সহিত—শঙ্কা=ভয়,১মা—হিং) বিং,ত্রিং, শঙ্কাযুক্ত, ভীত, চকিত, ত্রস্ত।

সশল্য, (স=সহ—শল্য=শেল) বিং, ত্রিং, কণ্টকবিদ্ধ, শেলবিদ্ধ। পীড়াদায়ক. ষ্টদায়ক, দুষ্কর।

সশূক, পুং, ঈশ্বরে বিশ্বাসকারী।

সসজ্জ, (স=সহিত—সজ্জা, ১মা—হিং বিং, ত্রিং, সজ্জিত, সজ্জাযুক্ত।

সসত্ত্ব, (স=সহিত—সত্ত্ব=জন্তু, ১মা-হিং) বিং, ত্রিং, প্রাণিযুক্ত। ত্ত্বা-স্ত্রীং, গর্ভবতী, গর্ভিণী স্ত্রী, পোয়াতী

সসৌষ্ঠব, (স=সহ—সৌষ্ঠব=বেগ) বি ত্রিং; বেগগামী, সত্বর। অতিসুন্দর।

সসন, (সস্=নিদ্রিত হওয়া ইত্যাদি+ অনট্—ভা) সং, ক্লীং, যজ্ঞার্থ পশু বধ বধ, হত্যা।

সস্ত্রীক, (স=সহিত—স্ত্রী, ১মা—হি কন্—যোগ) বিং, পুং, সপত্নীক, স্ত্রীস হিত, ভার্য্যার সহ। "সস্ত্রীকোধর্ম্মমা চরেৎ" স্মৃং।

সস্পৃহ, (স=সহিত—স্পৃহা=ইচ্ছা) বিং ত্রিং, সাভিলাষ, লালস, স্পৃহাযুক্ত, ই চ্ছুক, লোভী।

সস্মিত, (স=সহিত—স্মিত=ঈষৎহাস্য ১মা—হিং) বিং, ত্রিং, ঈষৎহাস্যযুক্ত সহাস্য।

সশা,(দেশজ) সং, স্বনামখ্যাত ফলবিশেষ

সস্য,(সস্=নিদ্রিত হওয়া+য—প্রং। শস্যও হয়) সং, ক্লীং, বৃক্ষাদির ফল। শস্য, ধান্যাদি। শাঁস। শস্ত্র। গুণ, উৎকৃষ্টতা

সস্যক, (সস্য+কন্—যোগ) সং, পুং, মণি বিশেষ, ইহা নারিকেলের ন্যায় শুভ্র খড়্গ, কৃপাণ, অসি।

সস্যসংবর, (সস্য=ফল—সংবর=আচ্ছাদন) সং, পুং, শালগাছ, শর্জ্জতরু

সস্যেষ্টি, স্ত্রীং, নবান্নক্রিয়া।

সস্বেদা, (স=সহিত—স্বেদ=ঘর্ম্ম) সং,স্ত্রীং দূষিতা কুমারী। স্বেদযুক্তা, ঘর্ম্মক্লিন্না।

সহ, (সহ্=সহ্যকরা+অচ্—প্রং) সং,পুং অগ্রহায়ণ মাস। পুং, ক্লীং, বল, শক্তি বিং, ত্রিং, সহিষ্ণু, কষ্টভোগী। সহায় সমর্থ। অং, সহিত। সাহিত্য। সাকল সমৃদ্ধি। সাদৃশ্য। বিদ্যমানতা। সম্বন্ধ। হা—স্ত্রীং, পৃথিবী। মুসব্বর গাছ। সি-ম্বীবিশেষ, মুদ্গপর্ণী। ঔষধদ্রব্যবিশেষ, নখী। দংণ্ডোৎপল। শুক্লযব।

সহকর্ম্মা, (সহকর্ম্মন্, সহ=সহিত—কর্ম্মন্=কার্য্য) বিং, ত্রিং, সহকারী, সহায়, সাহায্যকারী।

সহকার, (সহ=সহিত—কৃ=করা+অপ্ —প্রং) সং, পুং,সুগন্ধ আম্রবৃক্ষ। আম্র-পল্লব। সহায়তা, সাহায্য।

সহকারী, (সহকারিন্, সহ—সহিত—কৃ =করা+ইনি—ক.) বিং, ত্রিং, সহায়, সাহায্যকারী। কারণবিশেষ।

সহগমন, (সহ=সহিত—গমন) সং, ক্লীং, সহিত গমন। সহমরণ, স্বামীর সহিত চিতাগ্নিতে জীবিতাবস্থায় শরীর দাহ করণ।

সহচর, (সহ=সহিত—চর=যে গমন করে) বিং, ত্রিং, অনুচর, সঙ্গী। বয়স্য, সখা, বন্ধু, মিত্র। জামিন, প্রতিভূ।

সহচরী, (সহচর+ঈপ্—প্রং) সং, স্ত্রীং, স্ত্রী, সহধর্ম্মিণী, গৃহিণী, পত্নী, ভার্য্যা। সখী, সঙ্গিনী, বয়স্যা, আলী।

সহজ, (সহ=সহিত—জ=যে জন্মে) সং, পুং, সহোদর, এক জননীর গর্ভোৎপন্ন ভ্রাতা। স্বভাব, প্রকৃতি। বিং, ত্রিং, স্বাভাবিক। সুলভ, অনায়াসসিদ্ধ। স-হজাত, প্রাকৃতিক, নৈসর্গিক।

সহজমিত্র, (সহজ=স্বভাবিক—মিত্র=সু-হৃৎ) সং, ক্লীং, স্বাভাবিকসুহৃৎ, ভাগিনেয় পৈতৃষস্রীয়,মাতৃষস্রীয় প্রভৃতি, ইহারা বিষয়ের অংশী নয়, অথচ আত্মীয় বলিয়া স্বাভাবিক মিত্র।

সহজশত্রু, সহজারি, (সহজ=স্বাভাবিক—শত্রু, অরি) সং, পুং, স্বাভাবিক শত্রু, বৈমাত্রেয় পিতৃব্য ও তাহার পুত্রাদি, ইহারা পৈতৃক ধনের অংশী, সুতরাং জন্মের সঙ্গেই ইহাদিগের শত্রুভাব উৎপন্ন হয়।

সহদেব, (সহ=সহিত—দেব=যে খেলা করে) সং, পুং, মাদ্রীর পুত্র, পাণ্ডুর কনিষ্ঠ পুত্র। জরাসন্ধপুত্র, মগধাধিপতি। বা—স্ত্রীং, প্রিয়ঙ্গু বৃক্ষ। দণ্ডোৎপল।

সহধর্ম্মিণী, সহধর্ম্মচারিণী, (সহ=সহিত—ধর্ম্ম+ইনি—প্রং, ঈপ্। সহ—ধর্ম্ম—চারিণী=যে স্ত্রী আচরণ করে) সং, স্ত্রীং, ভর্ত্তার সহিত ধর্ম্মানুষ্ঠানকারিণী। পত্নী, ভার্য্যা, নারী, স্ত্রী, গেহিনী, প্রণয়িনী, অর্দ্ধাঙ্গী।

সহন, (সহ্=সহ্যকরা+অনট—ক, ভা) বিং, ত্রিং, সহিষ্ণু। সং, ক্লীং, ক্ষমা, সহ্যকরা, প্রতীক্ষা।

সহনীয়, (পূর্ব্বে দেখ+অনীয়র্—র্ম্ম) বিং, ত্রিং, সহ্য করিবার যোগ্য। সোঢ়ব্য।

সহপাংশুলিক, পুং, সমসাময়িক। মিত্র, বন্ধু, সুহৃৎ।

সহভাবী, (সহভাবিন্, সহ=সহিত—ভূ=হওয়া+ইন্—প্রং) বিং, ত্রিং, সহিত উৎপন্ন। সহোদর, সোদর। সহায়, আনুকূল্যকারী। সহচর।

সহমরণ, (সহ=সহিত—মরণ) সং, ক্লীং, অনুমরণ, মৃত পতির সহিত মরণ, মৃত স্বামীর সহিত জলচ্চিতায় অধিরোহণ পূর্ব্বক দেহ বিসর্জ্জন।

সহমৃতা, (সহ=সহিত—মৃতা) সং, স্ত্রীং, যে স্ত্রী মৃত স্বামীর সহগমন করিয়াছে।

সহযায়ী, (সহযায়িন্, সহ=সহিত—যা=যাওয়া+ইন্—ক) বিং, ত্রিং, একত্র গমনকারী, যাহারা মিলিত হইয়া গমন করে, সঙ্গী, সাথী।

সহরলা, স্ত্রীং, সিম্বীবিশেষ, মুদ্গপর্ণী।

সহরি, পুং, সূর্য্য, সবিতা, মার্ত্তণ্ড। বৃষ, অনড্বান্, বলীবর্দ্দ।

সহর্ষ, (স=সহিত—হর্ষ=আহ্লাদ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, হর্ষযুক্ত, হৃষ্ট, আহ্লাদিত, আনন্দিত, পুলকিত।

সহবাস, (স=সহিত—বস্=বাসকরা+ঘঞ্—প্রং) সং, পুং, একত্র অবস্থিতি, একসঙ্গে বাস।

সহবিন্মূত্রোৎসর্গী, (সহ—বিট্=বিষ্ঠা—মূত্র—উৎসর্গী=যে ত্যাগকরে) সং, পুং, যে স্তন্যপায়ী পশু মলমূত্রাদি এক দ্বার দিয়া পরিত্যাগ করে, যথা—প্লাটিপাস ও একিনিজী পশু। (Monotremata)

সহস্, (সহ্=সহ্যকরা+অস্—প্রং) সং, পুং, অগ্রহায়ণ মাস, হেমন্তঋতু। সং, ক্লীং, বল, শক্তি। তেজঃ, জ্যোতিঃ, কিরণ, আলো।

সহসা, (সহ্=সহ্যকরা+অসা—প্রং) অং, শীঘ্র। হঠাৎ, অকস্মাৎ, "সহসা বিদধীত ন ক্রিয়াম্" ভারবি। (সহ—হস্=হাস্যকরা+অপ্, আপ্—প্রং) সং, পুং, হাস্যকারিণী।

সহসান, (সহ্=সহ্যকরা+অসানচ্—প্রং) সং, ক্লীং, ময়ূর, শিখণ্ডী, বর্হী, অহিভুক্ যজ্ঞ, অধ্বর, যাগ, ক্রতু। বিং, ত্রিং, সহিষ্ণু।

সহস্য, (সহ্=সহ্যকরা+যৎ—প্রং, নিপাতন) সং, পুং, পৌষমাস।

সহস্র, সং, ক্লীং, দশশত সঙ্খ্যা, হাজার ১০০০। তৎসঙ্খ্যক।

সহস্রকর, সহস্রকিরণ, (সহস্র—কর, কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সূর্য্য, সহস্রাংশু, মার্ত্তণ্ড, বিকর্ত্তন, সবিতা, সহস্রদীধিতি, দিনকৃৎ, অংশুমালী।

সহস্রকৃত্ব, (সহস্র+কৃত্বসুচ) অং সহস্রবার, হাজারবার। বার বার, অসংখ্যবার

সহস্রদংষ্ট্র, সহস্রদংষ্ট্রী, (সহস্র—দংষ্ট্র=দন্ত, ৬ষ্ঠী—হিং। সহস্রদংষ্ট্রিন্, সহস্র—দংষ্ট্র=দাঁত+ইনি—অস্ত্যর্থে) সং, পুং, পাঠীন মৎস্য, বোয়ালমাছ

সহস্রদৃক্, (সহস্রদৃশ্, সহস্র—দৃশ্=চক্ষুঃ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সহস্রনয়ন, ইন্দ্র, শক্র, শতক্রতু, আখণ্ডল, পুরন্দর, দেবরাজ, বাসব, শচীপতি।

সহস্রদোঃ, (সহস্রদোস্, সহস্র= দোস্= বাহু) পুং, কার্ত্তবীর্য্য অর্জ্জুন।

সহস্রধা, (সহস্র+ ধাচ্— প্রকারার্থে) অং, সহস্রপ্রকার। সহস্রবার।

সহস্রনয়ন, সহস্রনেত্র (সহস্র — নয়ন, নেত্র=চক্ষুঃ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ইন্দ্র, পুরন্দর, দেবরাজ, আখণ্ডল।

সহস্রপতি, সহস্রাধিপতি, সং, পুং, প্রদেশের বা সহস্রগ্রামের শাসনকর্ত্তা।

সহস্রপত্র, (সহস্র— পত্র=পাতা, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, সহস্রদলযুক্তপদ্ম। পদ্ম, অরবিন্দ, তামরস, কমল, নলিন।

সহস্রপাদ,—দ্,(সহস্র—পাদ=চরণ, রশ্মি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সূর্য্য, সবিতা, দিনকৃৎ, মার্ত্তণ্ড। বিষ্ণু, নারায়ণ, বৈকুণ্ঠ। চতুরানন, বিধাতা, ব্রহ্মা। পরমেশ্বর।

সহস্রভুজ, (সহস্র—ভুজ—বাহু) সং, পুং বিষ্ণু। কার্ত্তবীর্য্যার্জ্জুন। জা—স্ত্রীং, মহিষাসুর-মর্দ্দিনী দেবী, দুর্গা, দশভুজা, চণ্ডী

সহস্ররশ্মি, সহস্রাংশু, (সহস্র—রশ্মি, অংশু=কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সূর্য্য, সহস্রকিরণ, অংশুমালী, প্রভাকর, সবিতা। [কম্বল, আবিক।

সহস্ররোম, (সহস্র—রোমন্) সং, ক্লীং,

সহস্রলোচন, সহস্রাক্ষ, (সহস্র—লোচন, অক্ষ=অক্ষিশব্দজ, ৬ষ্ঠী—হিং) সং,পুং, ইন্দ্র, আখণ্ডল, পুরন্দর, বাসব, শতক্রতু, দেবরাজ।

সহস্রবদন, সহস্রানন, সহস্রাস্য, (সহস্র—বদন, আনন, আস্য=মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিষ্ণু, নারায়ণ।

সহস্রবীর্য্যা, (সহস্র— বীর্য্য =প্রতাপ, তেজঃ) সং, স্ত্রীং, দূর্ব্বা।

সহস্রবেধি, (সহস্রবেধিন্) সং, ক্লীং, হিঙ্গু, হিং। পুং, বেতসবিশেষ।

সহস্রশিখর, (সহস্র—শিখর=চূড়া) সং, পুং, বিন্ধ্যপর্ব্বত।

সহস্রাক্ষ, (সহস্র— অক্ষ= চক্ষুঃ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ইন্দ্র, আখণ্ডল, পুরন্দর, বাসব, দেবরাজ। (ইন্দ্র গৌতমের পত্নী অহল্যাকে গৌতমের রূপধারণ করিয়া সম্ভোগ করিয়াছিলেন। মুনি সেই দোষে অভিসম্পাত করাতে ইন্দ্রের সর্ব্বগাত্রে যোনি হইয়াছিল। শেষে মুনি প্রসাদিত হইয়া বর দেওয়াতে ঐ সকল যোনি চক্ষু হয়।) বিষ্ণু।

সহস্রার,(সহস্র—আর=কোণ,৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, তন্ত্রোক্ত শিরোমধ্যস্থ সুষুম্না-নাড়ীস্থিত সহস্রদল পদ্ম ; পরমাত্মা যাহাতে অবস্থিত।

সহস্রাবয়, সং, পুং, পাঁচশত হইতে সহস্রপণ পর্য্যন্ত দণ্ড, জরিমানা।

সহাঃ, (সহস্, সহ্—সহ্য করা+অস্—প্রং) সং, পুং, অগ্রহায়ণ মাস। হেমন্তকাল।

সহাধ্যায়ী, (সহাধ্যায়িন্, সহ=সহিত —অধ্যায়ী=যে অধ্যয়নকরে) সং, পুং, একপাঠী, একগুরুর শিষ্য।

সহানুভূতি, অন্যের সুখ দুঃখাদিতে তাদৃশ সুখ দুঃখাদি অনুভব করা। (Sympathy)

সহায়, (সহ=সহিত—ই= গমনকরা+অচ্—ক) সং, পুং, সহকারী। সাহায্যকারী, যে আনুকূল্য করে, সহচর, মুরব্বি। [সাহায্য, আনুকূল্য। সহায় সমূহ

সহায়তা,(সহায়+তল্—ভাবে) সং, স্ত্রীং,

সহার, (সহ্=সহ্যকরা+আরন্—প্রং) সং, পুং, আম্রবৃক্ষ। চূত, রসাল বা মাকন্দ বৃক্ষ। মহাপ্রলয়।

সহারোগ্য, বিং, ত্রিং, সুস্থ, নীরোগ।

সহার্দ্দ, বিং, ত্রিং, প্রিয়, প্রণয়ী।

সহিত, (সহ্=সঙ্গে+ইতচ্—প্রং। কিম্বা সহ্=সহ্যকরা+ক্ত—প্রং ; ই—আগম)

বিং, ত্রিং, সমভিব্যাহৃত, সংযুক্ত। (সম্—হিত) হিতকর, ইষ্টসাধক।
সহিতা, সহিষ্ণু, (সহিতৃ, সহ্=সহ্যকরা+তৃচ্, ইষ্ণু—ক) বিং, ত্রিং, সহনশীল, ক্ষমবান্, প্রতীক্ষাশীল।
সহিষ্ণুতা, (সহিষ্ণু+তল্—ভাবে) সং, স্ত্রীং, সহনশীলতা, ক্ষমা, প্রতীক্ষা।
সহুরি, (সহ্=সহ্যকরা+উরিন্—প্রং) সং, পুং, সূর্য্য, মার্ত্তণ্ড, দিবাকর, সহস্রাংশু। স্ত্রীং, পৃথিবী, ধরা, বসুমতী, মহী।
সহৃদয়, (স=সহিত—হৃদয়=অন্তঃকরণ, ১মা—হিং) বিং, ত্রিং, সামাজিক, রসজ্ঞ, রসিক। প্রশস্তচিত্ত, সদন্তঃকরণ। পণ্ডিত, বিদ্বান্, বিপশ্চিৎ।
সহোক্তি, (সহ=সহিত—উক্তি=কথন) সং, স্ত্রীং, কাব্যের অলঙ্কারবিশেষ, যে স্থলে সহশব্দার্থ বলে একটী পদ দুই বিষয়ের বাচক হয়; যথা,—"সহ চ তনুলতয়া দুর্ব্বলা জীবিতাশা।" উং। [ঘর।
সহোটজ, সং, পুং, পর্ণকুটীর, পাতার
সহোঢ়, (সহ=সহিত—উঢ়া=পরিণীতা। কিম্বা স=সহিত—হোঢ়=অপহৃত দ্রব্য) সং, পুং, দ্বাদশবিধ পুত্রের একপুত্র, বিবাহ কালীন গর্ভবতী কুমারীর বিবাহানন্তর জাত পুত্র। অপহৃত দ্রব্য সহিত ধৃত তস্কর।
সহোঢ়জ, (সহ=সহিত—উঢ়া=পরিণীতা—জ=জাত) বিং, ত্রিং, গর্ভাবস্থায় অজ্ঞানবশতঃ বিবাহিতা স্ত্রীর পুত্র।
সহোত্থায়ী, (সহোত্থায়িন্, সহ=সহিত—উত্থায়ী=যে উত্থানকরে) বিং, ত্রিং, যাহারা সঙ্গে সঙ্গে উত্থানকরে, যাহারা এক সময়ে বাড়িয়া উঠে।
সহোদর, (সহ=সমান—উদর=গর্ভ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, রা—স্ত্রীং, এক মাতার গর্ভজাত ভ্রাতা।
সহোর, (সহ=সহ্যকরা+ওরন্—প্রং) বিং, ত্রিং, সাধু, ধার্ম্মিক, মুনি, ঋষি।
সহ্য, (সহ্=সহ্যকরা+যৎ—র্ম) বিং, ত্রিং, সহনীয়, সহনযোগ্য। সমান, উপযুক্ত, প্রচুর। মিষ্ট, মনোজ্ঞ। শক্ত, সমর্থ। সং, পুং, ভারতবর্ষের পর্ব্বতবিশেষ, পশ্চিমঘাট পর্ব্বতের উত্তরাংশ যাহা হইতে গোদাবরীর উৎপত্তি হইয়াছে। ক্লীং, স্বাস্থ্য, আরোগ্য।
সা, (ষো=সংহার করা—ড+আপ্) সং, স্ত্রীং, লক্ষ্মী, পদ্মা, কমলা, রমা। দুর্গা, গৌরী, অম্বিকা, অপর্ণা, দাক্ষায়ণী।
সাংক্রামিক, সাঙ্ক্রামিক, (সংক্রাম+ঠক্—প্রং) বিং, ত্রিং, সংক্রমণশীল, যাহার সংক্রমণ হয়, স্পর্শেতে যাহা উৎপন্ন হয়, ছোঁয়াচে।
সাংগ্রামিক, সাঙ্গ্রামিক, (সংগ্রাম=যুদ্ধ+ঠক্—ইদমর্থে) বিং, ত্রিং, যুদ্ধোপযোগী। যুদ্ধসম্বন্ধীয়। যুদ্ধনিপুণ, রণদক্ষ। সং, পুং, সেনাপতি, সেনানী।
সাংদৃষ্টিক, (সংদৃষ্ট+ঠক্—প্রং) সং, ক্লীং, পূর্ব্বদৃষ্ট বিষয়ের মনে মনে কল্পনা। কোন কার্য্যের তৎক্ষণাৎ যে ফল হয়।
সাংযাত্রিক, (সংযাত্রা=দীপান্তর গমন+ঠঞ্—প্রয়োজনার্থে) সং, পুং, পোতবণিক্, যাহারা জলপথে বাণিজ্যকরে।
সাংযুগীন, (সংযুগ=যুদ্ধ+খঞ্—তত্র সাধ্বর্থে) সং, পুং, যুদ্ধকুশল, রণপণ্ডিত, দক্ষ সৈনিক। নিপুণ সেনাপতি।
সাংরাবিণ, (সম্=একসঙ্গে—রাবিন্=যে শব্দকরে+অণ—প্রং) সং, ক্লীং, হট্টের শব্দ, হাটের গোলমাল। একত্রে চীৎকার।
সাংবৎসর, (সংবৎসর=বর্ষ+অণ—জ্ঞাতার্থে, ভবার্থে) সং, পুং, গণক, দৈবজ্ঞ। বিং, ত্রিং, বার্ষিক, হায়নিক, আব্দিক।
সাংবৎসরিক, (সংবৎসর=বর্ষ+ঠঞ্—ভবার্থে) বিং, ত্রিং, সংবৎসরসম্বন্ধীয়, বার্ষিক, আব্দিক, হায়নিক।
সাংবাদিক, (সংবাদ=বাদানুবাদ, খবর+ঠক্—প্রং) সং, পুং, নৈয়ায়িক, তার্কিক। বিং, ত্রিং, সংবাদদাতা।

সাংশয়িক, (সংশয়=সন্দেহ+ঠঞ্—প্রং) বিং, ত্রিং, সংশয়াপন্ন, সন্দিহান। অস্থিরবুদ্ধি, অকৃত প্রতিজ্ঞ, অকৃতনিশ্চয়
সাংসারিক, (সংসার+ঠঞ্—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, সংসারসম্বন্ধীয়।
সাংসিদ্ধিক, (সংসিদ্ধি=সমাপ্তি+ঠক্—প্রং) বিং, ত্রিং, স্বভাবসিদ্ধ।
সাংস্থানিক, (সম্=একুসঙ্গে—স্থান+ঠন্—প্রং) বিং,ত্রিং, একদেশীয়, একদেশস্থ। [প্রতর।
সাঁকো, (সংক্রম শব্দজ) সং, সেতু, পুল।
সাঁচা, (দেশজ)বিং, সত্য, যথার্থ,অকৃত্রিম, খাটি। [বারণার্থ কবচ,তনুত্রাণ,কবচ।
সাঁজোয়া, (সজ্জা শব্দজ) সং, বর্ম্ম,অস্ত্রনি-
সাঁড়াশী, (সন্দংশ শব্দজ) সং, লৌহনির্ম্মিত যন্ত্রবিশেষ। [ভাসন।
সাঁতার, (সন্তরণশব্দজ) সং, জলোপরি
সাকম্, (স=সহিত—অক্=গমনকরা+অম্—প্রং) অং, সহিত, সহ, সঙ্গে। "সাকং কুরঙ্গশাবাক্ষ্যা মধুপানলীলাং কর্ত্তুং" উং। [সমুদায়, সমগ্র, সম্পূর্ণ।
সাকল্য, (সকল+যঞ্—প্রং) সং, ক্লীং,
সাকাঙ্ক্ষ, (স=সহিত—আকাঙ্ক্ষা, ১মা ক্রিং—হিং) বিং,আকাঙ্ক্ষাযুক্ত, কামুক, সম্পৃহ, লালস, লোভী, ইচ্ছুক।
সাকার, (স=সহিত—আকার=আকৃতি, ১মা—হিং) বিং, ত্রিং, আকৃতিবিশিষ্ট, যাহার আকার আছে।
সাকূত, (স=সহিত—আকূত=অভিপ্রায়) বিং, ত্রিং, সাভিপ্রায়, অভিপ্রায়যুক্ত।
সাকেত, সং, পুং—ক্লীং, অযোধ্যানগর।
সাক্তুক, (সক্তু=যবাদিচূর্ণ+ঠঞ্—প্রং) সং, পুং, যব। ক্লীং, সক্তুসমূহ। বিং, ত্রিং, সক্তুসম্বন্ধীয়।
সাক্ষর, (স=সহিত—অক্ষর=বর্ণ, ১মা—হিং) বিং, ত্রিং, অক্ষরযুক্ত, বিদ্বান্। পুং, স্বনাম লিখন, সহিকরা।
সাক্ষাৎ, (স=সহিত—অক্ষ=[অক্ষিশব্দজ] চক্ষুঃ—অত্=গমনকরা+ক্বিপ—প্রং) অং, সম্মুখ, প্রত্যক্ষ। ইন্দ্রিয়গোচর, প্রত্যক্ষীভূত। স্বয়ং। তুল্য, সদৃশ।
সাক্ষাৎকার, (সাক্ষাৎ—কার=করণ) সং, পুং, প্রত্যক্ষকরা। দেখাকরা। ভেটহওয়া
সাক্ষী, (সাক্ষিন্, স=সহিত [বিদ্যমানতায়]—অক্ষি=চক্ষুঃ+ইনি-প্রং। অথবা সাক্ষাৎ+ইনি—দৃষ্টবানর্থে, নিপাতন) বিং, ত্রিং, প্রত্যক্ষদর্শী, স্বয়ংদ্রষ্টা। বৃত্তান্তজ্ঞ। উপদ্রষ্টা। "সাক্ষীভূতস্তিষ্ঠতি" বিং শং। [সাক্ষীর কর্ম্ম, প্রমাণ লওয়া
সাক্ষ্য, (সাক্ষিন্+যৎ—ভাবে) সং, ক্লীং,
সাখ্য, (সখি=মিত্র+যঞ্—ভাবে) সং, ক্লীং, সখ্য, মিত্রতা, বন্ধুতা, সৌহার্দ্দ।
সাগর, (সগর=একরাজা+অণ্—অয়মর্থে) সং, পুং, সমুদ্র; রত্নাকর, জলধি, জলনিধি, পারাবার, অর্ণব। (সগর রাজার ৬০০০০ পুত্র অশ্বমেধের অশ্ব অন্বেষণ করত পৃথিবী খনন করিয়া পাতালতলে প্রবেশ করেন। সেই কূপই সমুদ্র হইয়াছে)। মৃগবিশেষ। সংখ্যাবিশেষ, দশপদ্ম সংখ্যা।
সাগরগামিনী, (সাগর—গামিনী=যে গমন করে, ২য়া—ষ) সং, স্ত্রীং, নদী, সরিৎ, তরঙ্গিনী, তটিনী, কল্লোলিনী, কূলঙ্কষা, স্রোতস্বতী।
সাগরনেমি, সাগরমেখলা, সাগরাম্বরা, (সাগর—নেমি=চক্রের প্রান্ত, বেড়। মেখলা=কটিবন্ধ, চন্দ্রহার, অম্বর=বস্ত্র, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, পৃথিবী, ধরিত্রী, ধরণী, মেদিনী, ভূ, মহী, রসা, গো, অচলা। [গরাংশ।
সাগরশাখা, স্থলভাগে প্রবিষ্ট সঙ্কীর্ণ সা-
সাগরালয়, (সাগর=সমুদ্র—আলয়=বাসস্থান) সং, পুং, বরুণ, জলাধিপতি।
সাগরোত্থ, (সাগর=সমুদ্র—উত্থ=উৎপন্ন) সং, ক্লীং, সমুদ্রলবণ।
সাগ্নিক, (স=সহিত—অগ্নি=আগুন+কন্—প্রং) সং, পুং, যে ব্যক্তি সতত যাগশীল ও যাহার যজ্ঞাগ্নি নির্ব্বাপিত

হয় না, অগ্নিহোত্রী দ্বিজ।

সাঙ্কর্য্য, (সঙ্কর=মিশ্রণ+যঞ্—প্রং) সং, ক্লীং; মিশ্রণ, মিলন। একত্রীকরণ, সঙ্কর‍ত্ব।

সাঙ্কেতিক, (সঙ্কেত+ঠক্—প্রং) বিং, ত্রিং, সঙ্কেতকারক। সঙ্ক্ষিপ্ত উপায় অবলম্বন করিয়া অঙ্ককসা (Practice)

সাঙ্ক্ষেপিক, (সঙ্ক্ষেপ+ঠক্—প্রং) বিং, ত্রিং, সঙ্ক্ষেপকারক। সঙ্ক্ষিপ্ত।

সাঙ্খ্য, (সঙ্খ্যা=[সম্=সম্যক্—খ্যা=“বস্তুতত্ত্ব” প্রকাশকরা+ক্বিপ্—ণ] সম্যক্ জ্ঞান+অণ্—প্রং) সং, ক্লীং, কপিলমুনিপ্রণীত দর্শনশাস্ত্র; ইহাতে প্রকৃতি, বুদ্ধিতত্ত্ব, অহঙ্কার, সূক্ষ্মপঞ্চভূত, স্থূলপঞ্চভূত ও একাদশ ইন্দ্রিয়—এই চতুর্ব্বিংশতি পদার্থ; পুরুষ সহিত পঞ্চবিংশতি। “সম্যক্ খ্যায়তে প্রকাশ্যতে বস্তুতত্ত্বমনযেতি সঙ্খ্যা সম্যক্জ্ঞানং তস্যাং প্রকাশমানমাত্মতত্ত্বং সাঙ্খ্যম্” ইতি শ্রীভগবদ্গীতাটীকায়াং শ্রীধরস্বামী।

সাঙ্গ, (স=সহিত—অঙ্গ=অবয়ব, ১মা—হিং) বিং, ত্রিং, অঙ্গযুক্ত, সম্পূর্ণ। “যাহার সমুদায় অঙ্গ সম্পূর্ণ কোন অঙ্গই বিকল নাই”।

সাঙ্গতিক, (সঙ্গতি=সাহচর্য্য+ঠক্) বিং, ত্রিং, সামাজিক, সমাজোৎপন্ন।

সাঙ্ঘাতিক, যে সকল ক্ষুদ্র ঝিনুক একত্রে সম্মিলিষ্ট হইয়া পিণ্ডাকারে থাকে; সাঙ্ঘা-নামক ঝিনুক (Bryozoa)

সাঙ্ঘাতিক, (সঙ্ঘাত+ঠক্—প্রং) বিং, ত্রিং, মারাত্মক, প্রাণনাশক।

সাচি, (সচ=সেবাকরা+ইঞ্—প্রং) অং, বক্র, তির্য্যক্, নত।

সাচিব্য, (সচিব=মন্ত্রী+যঞ্—ভাবে) সং, ক্লীং, মন্ত্রিত্ব। সাহায্য, সহায়তা, বন্ধুতা।

সাচীকৃত, (সাচি=বক্র—কৃত; ঈ—আগম) বিং, ত্রিং, বক্রীকৃত, নোয়ান। বিদ্রূপকৃত, অবথাকথিত।

সাজ, (সজ্জা শব্দজ) সং, বেশ, ভূষণ-দ্রব্য। অস্ত্রশস্ত্রাদি।

সাজাত্য, (সজাতি+যঞ্—ভাবে) সং, ক্লীং, সজাতীয়তা, একধর্ম্মাক্রান্ততা। একবিধতা।

সাঞ্জন, (স=সহিত—অঞ্জন=কাজল) সং, পুং, কৃকলাস, কাঁকলাস। ইঙ্গিত।

সাট, (দেশজ) সং, সংক্ষেপ, স্বল্পতা।

সাটোপ, (স=সহিত—আটোপ=গর্ব্ব) বিং, ত্রিং, গর্ব্বযুক্ত, সাহঙ্কার। বিকট।

সাড়া, (দেশজ) সং, শব্দ। উত্তর। ঠার।

সাড়ে, (সার্দ্ধশব্দজ) বিং, অর্দ্ধের সহিত।

সাত, (সং=দানকরা কিম্বা সো=নাশকরা+ক্ত—প্রং, নিপাতন) সং, ক্লীং, শর্ম্ম, সুখ। কুশল, ক্ষেম, মঙ্গল। আনন্দ, হর্ষ। বিং, ত্রিং, দত্ত। বিনষ্ট। (সপ্তন্ শব্দজ) বিং, ৭ সংখ্যা।

সাতচল্লিশ, (সপ্তচত্বারিংশৎ শব্দজ) বিং, ৪৭ সঙ্খ্যা।

সাতয়, (সাতি=[সৌত্রধাতু] স্থইহওয়া+শ—প্রং) বিং, ত্রিং, সুখজনক।

সাতবাহন, (সাত=সিংহরূপী গন্ধর্ব্ব-বাহন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শালিবাহন রাজা। এই রাজা শৈশবকালে এই গন্ধর্ব্বের উপর আরোহণ করিয়া বেড়াইতেন।

সাতষট্টি, (সপ্তষষ্টিশব্দজ) বিং, ৬৭ সঙ্খ্যা

সাতাত্তর, (সপ্তসপ্ততি শব্দজ) বিং, ৭৭ সঙ্খ্যা।

সাতি, (সো=নাশকরা, কিম্বা সন্=দানকরা+ক্তিচ্—প্রং) সং, স্ত্রীং, শেষ, নিবৃত্তি, বিনাশ। দান। তীব্রবেদনা অবসান। পীড়া।

সাতিশয়, (স=সহিত—অতিশয়=আধিক্য, ১মা—হিং) বিং, ত্রিং, অতিশয়িত অধিক, অত্যধিক।

সাতিসার, (স=সহ [শব্দজ] সহিত—অতিসার=উদরাময়রোগ) বিং, ত্রিং, অতিসার রোগযুক্ত, উদরাময়বিশিষ্ট।

সাত্যকি, (সত্যক=বৃষ্ণিবংশীয় একজন+

ঞি—অপত্যার্থে) সং, পুং, যদুবংশীয় ক্ষত্রিয়বিশেষ, কৃষ্ণের সারথি।

সাত্যবত, সাত্যবতেয়, } (সত্যবতী=এই কবির মাতা+অণ্, ঞেয়—অপত্যার্থে) সং,পুং, সত্যবতী-তনয়, বেদব্যাস, কৃষ্ণদ্বৈপায়ন।

সাত্বৎ, (সাতি=সুখীকরান+বৎ—প্রং) সং, পুং উপাসক, পূজক। অর্চ্চক, আরাধক, সেবক। (সাত্ব=সত্ব+অণ—প্রং—অৎ=সততগমন করা+ক্বিপ্—প্রং) যদুবংশীয়দিগের দেশ, যদুবংশীয় লোক।

সাত্বত, (সত্ব=সত্বগুণ, নিপাতন) সং, পুং, বিষ্ণু। বলদেব। বিষ্ণুভক্তবিশেষ। "ভগবান্ সাত্বতাং পতিঃ" ভাগবত। "সত্বং সত্বাশ্রয়ং সত্বগুণং সেবেত কেশবং যোঽনন্যত্বেন মনসা সাত্বতঃ সমুদাহৃতঃ"।

সাত্বতী, (সাত্বত+ঈপ্—প্রং) সং,স্ত্রীং, নাটকের বৃত্তিবিশেষ। বসুদেব-ভগিনী, শিশুপালের মাতা।

সাত্বিক, (সত্ব=মনোগুণ বা আশয়+ঠক্—নির্বৃতার্থে) সং, পুং, ব্রহ্মা। অন্তঃকরণের ভাববিশেষ, ইহার কার্য্য অষ্টবিধ; যথা—স্তম্ভ স্বেদ রোমাঞ্চ বৈস্বর্য্য (বিকৃত স্বর) বেপথু বৈবর্ণ্য অশ্রু প্রলয় (মূর্চ্ছা)। "সত্বোৎকটে মনসি যে প্রভবন্তি ভাবাস্তে সাত্বিকা ইতি বিদুর্মুনিপুঙ্গবাস্তে" ইতি সর্ব্বানন্দঃ॥ তে চ যথা। স্বেদস্তম্ভোঽথরোমাঞ্চঃ স্বরভঙ্গোঽথ বেপথুঃ। বৈবর্ণ্যমশ্রুপ্রলয় ইত্যষ্টৌ সাত্বিকা মতাঃ। প্রলয়ো মূর্চ্ছা" ইতি ভরতঃ। বিং, ত্রিং, সত্বগুণজাত। সত্বগুণ সম্বন্ধীয়। কোন ফলাকাঙ্ক্ষা না রাখিয়া যে কর্ম্ম করা হয়। সত্য, যথার্থ। সৎ। সাধু। কা—স্ত্রীং, দুর্গা।

সাদ, (সদ্=অবসন্ন হওয়া, হিংসাকরা ইত্যাদি+ঘঞ্—ভা) সং, পুং, পবিত্রতা, বিশুদ্ধি। অবসন্নতা, আলস্য। বিনাশ। কার্শ্য, ক্ষীণতা।

সাদন, (সাদি=গমনকরান+অনট্—ভা) সং, ক্লীং, সদন, গৃহ, ভবন, আবসথ, সদ্ম, বেশ্ম। উচ্ছেদন, বিনাশকরণ, ঘাতন, শাতন, ব্যাপাদন। বিনাশন। অবসাদন, ক্লান্তকরণ। দূরীকরণ।

সাদর, (স=সহিত—আদর) বিং, ত্রিং, আদরসহিত, আদরযুক্ত, সসম্মান।

সাদি, সাদী, (সদ্=গমনকরা ইত্যাদি+ই—ক। সাদিন্, সদ্=গমনকরা+ইন্—ক) সং, পুং, অশ্বারোহী, গজারোহী বা রথারোহী যোদ্ধা। সারথি, সূত, যন্তা, রথচালক। বিং, ত্রিং, অবসন্ন, ক্লান্ত, শ্রান্ত।

সাদিত, (সাদি=গমনকরান+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, বিনাশিত, বিধ্বস্ত, ক্ষারিত, ভগ্ন, ছিন্ন। আকৃষ্ট, কর্ষিত। দুর্ব্বলীকৃত। অবসাদপ্রাপিত।

সাদৃশ্য, (সদৃশ=তুল্য+যঞ্—ভাবে) সং, ক্লীং, তুল্যতা, সাম্য। আলেখ্য।

সাধ, (দেশজ) সং, বাসনা, অভিলাষ, ইচ্ছা, কামনা, লালসা, স্পৃহা, মানস। গর্ভিণীর ইচ্ছামতে ভোজন। দোহদ।

সাধক, (সাধ্=সিদ্ধকরা+ণক—ক) বিং, ত্রিং, সাধনকর্তা, সিদ্ধিকারক, নিষ্পাদক। আরাধক, অর্চ্চক, সেবক, ধ্যানকারক।

সাধন, (সাধ্=[কর্ম্ম] নিষ্পন্নকরা+অনট্—ণ, ভা, ক) সং, ক্লীং, করণকারক। সিদ্ধি, সম্পাদন। গমন। কারণ, হেতু। উপায়। সহায়। হত্যা, বধ। সৈন্য। প্রমাণ। উপকরণ। সম্পত্তি। "সাধনং সুমহদ্ যস্য যন্নান্যস্য বিলোক্যতে। তস্য ধীশালিনঃ কোঽন্যঃ সহেতারালিতাং ক্রবম্" উং। মন্ত্রসিদ্ধিকরণ। অন্ত্যেষ্টিক্রিয়া, মৃতসংস্কার, অগ্নিদান। আরাধনা, ভজনা, অর্চ্চনা, উপাসনা। যুদ্ধোপকরণ। শিশ্ন, লিঙ্গ, মেঢ্র, উপস্থ। অনুগমন। দাপন। বিনাশন। নিষ্পা-

দন, বন্ধুতা, মিত্রতা, মৈত্রী। ধাতুমারণ, পারদাদি শোধন। না—স্ত্রীং, সিদ্ধি নিষ্পাদন। উপাসনা। আরাধনা।

সাধনীয়, (সাধিক দেখ+অনীয়র্—র্ম্ম) বিং, ত্রিং, সাধনযোগ্য, নিষ্পাদ্য। আরাধনীয়।

সাধন্ত, (সাধক দেখ+ঝচ্—প্রং) সং, পুং, যাচক, ভিক্ষুক, ভিখারী, ফকির।

সাধর্ম্ম্য, (সধর্ম্ম=ধর্ম্মের সহিত+ষ্যঞ্—ভাবে) সং, ক্লীং, সাদৃশ্য, সমান ধর্ম্মবত্তা

সাধারণ, (স=সহিত—ধারণ+অচ্—প্রং) বিং, ত্রিং, তুল্য, একবিধ। যাহা সকলেরই আছে, সামান্য। ণী—স্ত্রীং, কুঞ্চিকা, চাবি।

সাধারণগতি—সচল দ্রব্যের উপরিস্থ পদার্থের গতি।

সাধারণতন্ত্র, যেখানে রাজা নাই, সর্ব্বসাধারণ লোকের মতানুসারে যাবতীয় রাজকার্য্য নির্ব্বাহ হয় (Republic)

সাধারণস্ত্রী, (সাধারণ=সামান্য—স্ত্রী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, বেশ্যা, বারাঙ্গনা, বারনারী, গণিকা।

সাধারণ্য, (সাধারণ+যঞ্—ভাবে, কর্ম্মণি) সং, ক্লীং, সাধারণের ধর্ম্ম, যাহা সকলেতে আছে।

সাধিকা, (সাধ্=নিষ্পন্নকরা+ণক—প্রং) সং, স্ত্রীং, সুষুপ্তি, গাঢ়নিদ্রা।

সাধিত, (সাধ্=সিদ্ধকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, সম্পাদিত, নিষ্পাদিত। শোধিত, পরিশোধিত। দণ্ডিত; দাপিত, যাহা দেওয়ান যায়। প্রমাণ দ্বারা ভাবিত। বিনাশিত। অর্থদণ্ড দণ্ডিত। ঋণপরিশোধিত।

সাধিদৈবত, (স=সহিত—অধিদেবতা+অণ্—প্রং) বিং, ত্রিং, অধিষ্ঠাত্রীদেবতাসহিত।

সাধিষ্ঠ, সাধীয়ান্, (সাধীয়স্, সাধু=সৎ বা বাঢ়=অতিশয়+ইষ্ঠন্, ঈয়সুন্, অতার্থে) বিং, ত্রিং, অতিদৃঢ়। অতিশয়। সাধু। অতিভৃশ। যোগ্য, উপযুক্ত। অতি কঠিন।

সাধিষ্ঠান, (স=সহিত—অধিষ্ঠান) সং, ক্লীং, দেহস্থ ষট্চক্র মধ্যে একচক্র।

সাধু, (সাধ্=সিদ্ধকরা+উণ্—প্রং) বিং, ত্রিং, সৎ, উত্তম। সুন্দর। হিত। মহৎ সজ্জন, ধার্ম্মিক। "ন প্রহৃষ্যতি সম্মানে নাবমানে চ কুপ্যতি, ন ক্রুদ্ধঃ পরুষং ব্রূয়াদিত্যেতৎ সাধুলক্ষণম্"। "নির্বৈর সদয়ঃ শান্তো দম্ভাহঙ্কারবর্জ্জিতঃ। নিরপেক্ষো মুনির্বীতরাগঃ সাধুরিহোচ্যতে" বণিক্। সদ্বংশজাত। সমর্থ। যোগ্য উপযুক্ত, নিপুণ। বার্দ্ধুষিক, সুদ্‌খোর উচিত। খ্যাত, যশস্বী। সং, পুং, মুনি বুদ্ধ। বণিক্।

সাধুক, (সাধু+কন্) সং, পুং, নীচজাতি

সাধুতা, (সাধু+তল্—ভাবে) সং, স্ত্রীং সৌজন্য, শিষ্টতা, ভদ্রতা, ন্যায়পরতা

সাধুধী, (সাধু=ধার্ম্মিক-ধা=ধারণকরা+ক—ঈপ্-প্রং) সং, স্ত্রীং, শ্বশ্রূ, শাশুড়ী।

সাধুবাদ, (সাধু—বদ্=বলা+ঘঞ্—প্রং) সং, পুং, প্রশংসা, "সাধু" এই কথা বলা, ধন্যবাদ।

সাধুবাহী, (সাধুবাহিন্ সাধু=সুন্দর মনোজ্ঞ—বাহ=বহন+ইনি—প্রং) সং, পুং, সুশিক্ষিত অশ্ব।

সাধুবৃক্ষ, সং, পুং, কদম্ববৃক্ষ।

সাধুবৃত্ত, সাধুশীল, (সাধু=সৎ—বৃত্ত,শীল=চরিত্র) বিং, ত্রিং, সৎস্বভাববিশিষ্ট সচ্চরিত্র।

সাধৃত, (স=[সহ শব্দজ] সহিত—আধৃত=ধৃত) সং, ক্লীং, ময়ূরসমূহ। পণ্যবীথি দোকান। ছত্র।

সাধ্য, (সাধু দেখ+ণ্যৎ—র্ম্ম) সং, পুং মনঃ, মন্তা, প্রাণ, নর, পান, বীর্য্যবান বিনির্ভয়, নয়, দংস, নারায়ণ, বৃষ, প্র —এই দ্বাদশবিধ গণদেবতাবিশেষ দেবতা। যোগবিশেষ। শর, বাণ, সাম বিং, ত্রিং, সাধনীয়, সাধনযোগ্য, নিষ্পাদ্য। শক্য। জ্ঞেয়। জেয়। প্রতি

বিধেয়, প্রতিকারযোগ্য, নিবর্ত্তনীয়। প্রতিপাদ্য। [সাধ্যনিষ্ঠ ধর্ম্ম।
সাধ্যতা, (সাধ্য+তল্—ভাবে) সং, স্ত্রীং,
সাধ্যতাবচ্ছেদক, (সাধ্যতা—অবচ্ছেদক) বিং,ত্রিং, সাধ্যনিষ্ঠ ধর্ম্মের বিশেষকারক।
সাধ্বস, (সাধু=সজ্জন—অস্=ক্ষেপণ করা+অঙ্—প্রং) সং, ক্লীং, ভয়, ত্রাস, শঙ্কা। মনের আবেগ, ব্যাকুলতা, "সাধ্বসদত্তহস্ত" কাং।
সাধ্বী, (সাধু+ঈপ্—প্রং) সং, স্ত্রীং. পতিব্রতা, সতী, পতিপ্রাণা, পতিপরায়ণা, "আর্ত্তার্ত্তে মুদিতা হৃষ্টে প্রোষিতে মলিনাকৃশা। মৃতে ম্রিয়েত যা পত্যৌ সাধ্বী জ্ঞেয়া পতিব্রতা"। উত্তমা, শ্রেষ্ঠা, "সাধ্বীমাধ্বীকচিন্তাং পরিহর"জয়দেব।
সানন্দ, (স=সহিত—আনন্দ=হর্ষ) বিং, ত্রিং, সহর্ষ, আনন্দযুক্ত, আহ্লাদিত, হৃষ্ট, মুদিত।
সানল, সং, পুং, শালনির্য্যাস, ধুনা।
সানসি, (সন্=দানকরা+অসি—প্রং) অ=া) সং, পুং, সুবর্ণ, সোণা, হিরণ্য, কণক, জাম্বূনদ, চামীকর।
সানিকা, সানেয়িকা, সানেয়ী, (সন্=[হর্ষ] দানকরা+ণক—প্রং। সানেয়ী+কন্-যোগ। পক্ষে এয়—প্রং) সং, স্ত্রীং, বংশী, বাঁশী, বেণু, মুরলী। সানাই।
সানু, (সন্=[সুখ] দানকরা+উণ্—প্রং) সং, পুং—ক্লীং, পর্ব্বতের উপরিস্থ সমান ভূমি, গিরিতট, প্রস্থ। বন। বিদ্বান্,বিপশ্চিৎ। অগ্রভাগ। বাত্যা। পথ। পুং, পণ্ডিত। সবিতা, মার্ত্তণ্ড, প্রভাকর, বিকর্ত্তন, হেলি, সহস্রাংশু সূর্য্য।
সানুজ, (সানু—জ=জাত) বিং, ত্রিং, সানু হইতে জাত। (সহ—অনুজ) অনুজসহিত।
সানুমান্, (সানুমৎ, সানু+মৎ—অস্ত্যর্থে) সং, পুং, পর্ব্বত, শৈল, গিরি, ভূধর, অচল, নগ, "সানুমানাম্রকূটঃ" কাং।
সান্তপন, (সম্=সম্যক্‌রূপে-তপন=সন্তাপজনক+অণ্—প্রং) সং, ক্লীং, ব্রতবিশেষ, ক্রমে ক্রমে ছয় দিন গোময় গোমূত্র দুগ্ধ দধি ঘৃত ও কুশ জল এই ছয় দ্রব্য ভক্ষণ করিয়া সপ্তম দিনে উপবাস করিতে হয়।
সান্তর, (স=সহিত—অন্তর=ব্যবধান, ১মা—হিং) বিং, ত্রিং, ব্যবধানবিশিষ্ট, বিরল, তফাৎ, আলাহিদা, ফাঁক। সচ্ছিদ্র, গর্ত্তকরা। [বিরল, আলাহিদা।
সান্তরাল, বিং, ত্রিং, পৃথক্‌ভূত, বিচ্ছিন্ন।
সান্তানিক, (সন্তান+ঠক্—ইদমর্থে) বিং, ত্রিং, সন্তানসম্বন্ধীয়। বিস্তরণশীল। সং, পুং, সন্তানোৎপাদনের নিমিত্ত প্রতীক্ষাকারী ব্রাহ্মণ।
সান্ত্ব, (সান্ত্ব=শান্তকরা+অচ্—ভা) সং, ক্লীং, প্রিয়বচন, প্রবোধজনক বাক্য, প্রবোধদান। সাম, সন্ধি। বিং, ত্রিং, প্রিয়। অভিমত।
সান্ত্বন, (পূর্ব্বে দেখ+অনট্—ভা) সং, ক্লীং, না—স্ত্রীং, শান্তকরা, প্রিয়বাক্য দ্বারা প্রবোধ দেওয়া, সমাশ্বাসন। সাম, সন্ধি। প্রণয়, মৈত্রী। সস্নেহ সাদর সম্ভাষণ ও কুশল প্রশ্ন।
সান্দৃষ্টিক, (সম্=সহিত—দৃষ্টি—দর্শন+ঠঞ্—প্রং) বিং,ত্রিং,তাৎকালিক ফল। পূর্ব্বদৃষ্টানুসারি ন্যায়বিশেষ।
সান্দ্র, (স=সহিত—অন্দ=বন্ধনকরা+রক্—প্রং) বিং, ত্রিং, গাঢ়, নিবিড়, ঘন, "সা দূরে চ সুধাসান্দ্রতরঙ্গিতবিলোচনা"। প্রবৃদ্ধ। মনোজ্ঞ। মৃদু। স্নিগ্ধ। সং, ক্লীং, অরণ্য, বন।
সান্ধিক, (সন্ধা=চোয়ান+ঠঞ্—প্রং) সং, পুং, শৌণ্ডিক, শুঁড়ি, মদ্যপ্রস্তুতকারক। (সন্ধি+ঠঞ্—প্রং) বিং, ত্রিং, যে সন্ধি করে।
সান্ধিবিগ্রহিক, (সন্ধিবিগ্রহ+ঠঞ্—প্রং) বিং, ত্রিং, সন্ধিবিগ্রহে নিপুণ, কোন্ সময় সন্ধি বা কোন্ সময় বিগ্রহ করিতে হয় যাহারা তাহা উত্তমরূপে জানে

সান্ধ্য, (সন্ধ্যা+অণ্, ভবার্থে) বিং, ত্রিং, সন্ধ্যাকালীন, প্রদোষসাময়িক। সন্ধ্যাসম্বন্ধীয়।

সান্নহনিক, (সন্নহন+ঠক্ -প্রং) বিং, ত্রিং, সন্নাহবিশিষ্ট, কবচিত, বর্ম্মিত। যে আসন্ন বিপদ্ দর্শন করিয়া সৈন্যদিগকে বর্ম্ম পরিধান করিতে ডাকিয়া বলে। পুং, যে বর্ম্ম বহন করিয়া যায়।

সান্নায্য, (সম্—নি=[যজ্ঞীয় অগ্নি] আনয়নকরা+ণ্যৎ—প্রং) সং, ক্লীং, হবিবিশেষ, মন্ত্রপূত ঘৃত। হবনীয় আজ্য।

সান্নিধ্য, (সন্নিধি= নিকট+ষঞ্—স্বার্থে) সং, ক্লীং, সন্নিধান, সামীপ্য, নিকট।

সান্নিপাতিক, (সন্নিপাত=একত্রমিলন+ঠঞ্—কোপনার্থে) বিং, ত্রিং, মিশ্রিত, সমবেত, একত্র মিলিত। সমষ্টিজাত। ত্রিদোষজ, বাতপিত্ত-কফজ, সাঙ্ঘাতিক, "বীর্য্যবন্তৌষধানীব বিকারে সান্নিপাতিকে" কাং।

সান্বয়, বিং, ত্রিং, একবংশীয়, সগোত্র।

সান্ন্যাসিক, (সন্ন্যাস=[জগৎ সংসারের] কামনা পরিত্যাগ+ঠক—প্রং) সং, পুং, সন্ন্যাসী, ভিক্ষু, চতুর্থাশ্রমী ব্রাহ্মণ।

সাপত্ন্য, (সপত্ন=শত্রু+ষ্যঞ্—ভাবে, স্বার্থে) সং, ক্লীং, শত্রুতা। পুং, শত্রু, অরি, অরাতি, রিপু, বিদ্বিষ্। (সপত্নী+ষ্যঞ্—অপত্যার্থে) সপত্নীতনয়। বিং, ত্রিং, সপত্নীজাত। ক্লীং, বহুপত্নীকতা, অনেক পত্নী থাকা।

সাপরাধ, (স=সহিত—অপরাধ, ১মা—হিং) বিং, ত্রিং, অপরাধী, দোষী, সপাপ, কৃতাগস।

সাপিণ্ড্য, (সপিণ্ড=জ্ঞাতি+ষ্যঞ্—ভাবে) সং, ক্লীং, সপিণ্ডতা, জ্ঞাতিত্ব।

সাপেক্ষ, (স=সহিত—অপেক্ষা, ১মা—হিং) বিং, ত্রিং, সাকাঙ্ক্ষ। অপেক্ষাযুক্ত। পরস্পরাপেক্ষী।

সাপ্তপদীন, (সপ্তন্=সাত—পদ=[অন্যের সহিত] পদক্ষেপ, গতি+খঞ্—প্রাপ্তার্থে) সং, ক্লীং, সখ্য, বন্ধুতা, মৈত্রী, সৌহার্দ্দ সাহচর্য্য। সপ্তপদনির্বৃত্ত। সাতটী মাত্র কথায় যে বন্ধুত্ব উৎপন্ন হয়, "সাপ্তপদীনমুচ্যতে" কাং।

সাপ্তপৌরুষ, (সপ্তন্=সাত—পুরুষ+অঞ্—প্রং) বিং, ত্রিং, সপ্তপুরুষব্যাপক, যাহা বংশের সপ্তপুরুষ পর্য্যন্ত বর্ত্তে।

সাফল্য, (সফল+ষ্যঞ্—ভাবে) সং, ক্লীং, ফলোৎপত্তি। সফলতা, লাভজনকতা।

সাম, (সামন্, সো=[পাপ এবং বিরোধ] নাশকরা+মন্—প্রং) সং, ক্লীং, সামবেদ। সামবেদের মন্ত্র। গানবিশেষ। সান্ত্বনা, প্রিয়বচন। সন্ধি।

সামক, (সম=সমান+বুঞ্—প্রং) সং, ক্লীং, মূলঋণ, আসল টাকা। (সো=নাশ করা+বুন্—প্রং, নিপাতন) সং, পুং, তর্ক্‌শাণ, টেকোর বাটুল। শাণপাথর।

সামগ, (সামন্=সামবেদ—গৈ=গান করা+ড—ক, ২য়া—য) সং, পুং, সামবেদাধ্যায়ী ব্রাহ্মণ। যে ব্রাহ্মণ সাম গান করে। গী—স্ত্রীং, সামগায়ক ব্রাহ্মণের পত্নী।

সামগর্ভ, সং, পুং, বিষ্ণু, নারায়ণ, গৌরী।

সামগ্র্য, (সমগ্র=সকল+ষ্যঞ্—প্রং) সং, ক্লীং, গ্রী—স্ত্রীং, সমুদায়, সাকল্য। কারণসমূহ। দলবল। অস্ত্রশস্ত্র। ভাণ্ডার, পুঁজি। দ্রব্য, বস্তু।

সামজ, (সামন্=সামবেদ—জ=জাত) সং, পুং, হস্তী, গজ, মাতঙ্গ, ইভ, করী, দন্তী, দ্বিরদ, দ্বিপ। (পুরাণে বলে, ব্রহ্মা যখন সামবেদ গান করিতেছিলেন সেই সময় হস্তীর উৎপত্তি হইয়াছিল)। বিং, সামবেদ হইতে উৎপন্ন।

সামঞ্জস্য, (সমঞ্জস=উচিত ইত্যাদি+ষ্যঞ্—ভাবে) সং, ক্লীং, উপযুক্ততা, ঔচিত্য, সমীচীনতা। উৎকর্ষ, প্রাধান্য। মিল।

সামধেনী, (সমিধ=অগ্নি প্রজ্বালনার্থ তৃণ কাষ্ঠাদি—আ—ধা=ধারণকরা+ অনট্—ঈপ্—প্রং) সং, স্ত্রীং, অগ্নি সন্দীপন মন্ত্রবিশেষ, ধার্য্যা, অগ্নিপ্রজ্বলন মন্ত্র।

সামনী, (সো=[বিরোধ] নাশকরা+ মন্, ঈপ্—প্রং) সং, স্ত্রীং, পশুবন্ধন-

সামন্ত, (সমন্তা=[সম্=সংলগ্ন—অন্ত=একদেশ, ৬ষ্ঠী—হিং] অন্তের অধিকৃত ভূমি ; অধিকার অর্থে+অণ্) বিং, ত্রিং, নিকটবর্ত্তী, পার্শ্ববর্ত্তী। সমীপস্থ। সীমাবচ্ছেদক। সং, পুং, সমীপস্থরাজা। সামন্ত রাজা। প্রদেশের অধিস্বামী। প্রতিবেশী। ক্লীং, সামীপ্য। অধিনায়ক

সামন্তেশ্বর, (সামন্ত=সামান্য রাজা—ঈশ্বর, ৬ষ্ঠী-ষ) সং,পুং, চক্রবর্ত্তী, সম্রাট্।

সামন্য, (সামন্=সামবেদ+যৎ—জ্ঞাতার্থে) সং, পুং, সামবেদজ্ঞ ব্রাহ্মণ।

সাময়িক, (সময়+ঠক্—যোগ্যার্থে) বিং, ত্রিং, সময়োচিত, কালোপযুক্ত। নিয়মানুযায়ী।

সামযোনি, (সামন্=সামবেদ—যোনি =উৎপত্তির স্থান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ব্রহ্মা, স্বয়ম্ভূ, পদ্মযোনি, চতুরানন। ইভ, দন্তী, গজ, দ্বিরদ, হস্তী। বিং, ত্রিং, সামবেদোৎপন্ন।

সামরিকপোত—যুদ্ধজাহাজ।

সামরিকবিচারালয়, যে বিচারালয়ে সৈন্য প্রভৃতির অপরাধের বিচার হয়। (Court-Martial)

সামর্থ্য, (সমর্থ=বলবান্+ষ্যঞ্—ভাবে) সং,ক্লীং, বল, শক্তি, যোগ্যতা, ক্ষমতা। উপযুক্ততা। শব্দের প্রতিপাদ্য।

সামর্ষ, (স=সহিত—অমর্ষ=ক্রোধ) বিং, ত্রিং, অমর্ষযুক্ত, ক্রুদ্ধ, রাগান্বিত, কুপিত। [বচন।

সামবাদ, সং, পুং, প্রিয়বাক্য, সান্ত্বনা-

সামবায়িক, (সমবায়+ঠক্—প্রং) সং, পুং, প্রধান অমাত্য, মন্ত্রী, সচিব। দলপতি। বিং, ত্রিং, সমবায়সম্বন্ধীয়।

সামাজিক, (সমাজ=সভা + ঠক্-সাধ্বর্থে) সং,পুং, সভ্য, সভাসদ্। সহৃদয়, রসজ্ঞ। বিং, ত্রিং, সমাজসম্বন্ধীয়।

সামাজিকতন্ত্র,—সমাজসম্বন্ধীয় নিয়ম।

সামাজিকনিয়ম, জনসমাজে ব্যক্তিবর্গকে মিলিত হইয়া বিস্তর কার্য্য নির্ব্বাহ করিতে হয়, যে সমস্ত নির্দ্দিষ্ট নিয়মানুসারে সেই সমুদায় কার্য্য সম্পন্ন করা উচিত, তাহার নাম সামাজিক নিয়ম (Social Laws)

সামাজিকমৃত্যু—রাজদ্রোহ প্রভৃতি উৎকট অপরাধে অপরাধীর সমাজ বহিষ্করণ।

সামানাধিকরণ্য, (সমানাধিকরণ=একাশ্রয়+যঞ্—ভাবে) সং, ক্লীং, ঐকাশ্রয় বৃত্তি, একস্থানস্থায়িত্ব। সাধারণ গুণ বা ধর্ম্মের অবস্থিতি স্থান।

সামান্য, (সমান=সাধারণ+যঞ্—ভাবে) বিং, ত্রিং, সাধারণ, সচরাচর যাহা সকলের আছে। যৎকিঞ্চিৎ, তুচ্ছ। সং, ক্লীং, প্রকার, রকম। জাতি, গোত্ব মনুষ্যত্বাদি। সাধারণের কার্য্য। সামগ্র্য। কাব্যের অলঙ্কারবিশেষ, যেখানে সাধারণ ধর্ম্মবলে অনেকবস্তু একত্র সম্বদ্ধ হয়। ণ্যা—স্ত্রীং, বেশ্যা, সাধারণস্ত্রী।

সামান্যলক্ষণা, সং, স্ত্রীং, বস্তুদর্শনে তৎসজাতীয় মাত্রের জ্ঞানজনক উপায়।

সামালন, (বাঙ্গালা সামাল ধাতুজ) সং, সাবধান হওন। রক্ষণ, আত্মরক্ষাকরণ

সামি, (সান্ত্=সান্ত্বনাকরা+অচ্—প্রং, সান্ত্ব স্থানে সাম, অ=ই) অং, অর্দ্ধ; কিয়দংশ। নিন্দনীয়, কুৎসিতব্য।

সামিধেন্য, (সমিধ্=অগ্নি প্রজ্বলন তৃণ কাষ্ঠাদি+ধেন্য—প্রং) সং, পুং, মন্ত্র বা বন্দনা ইত্যাদি। নী—স্ত্রীং, অগ্নি সন্দীপন মন্ত্র।

সামিল, (সামিলশব্দজ) বিং,সম্বলিত,অন্তর্গত, সংক্রান্ত। অন্তর্ভুক্ত, এক সঙ্গের

সামীচী, সং, স্ত্রীং, বন্দনা, স্তুতি।
সামীপ্য, (সমীপ=নিকট+ষ্যঞ-স্বার্থে সং, ক্লীং, নৈকট্য, সান্নিধ্য।
সামুদ্র,(সমুদ্র=সিন্ধু. চিহ্ন+অণ্—ভবার্থে ইত্যাদি) সং, ক্লীং, সমুদ্রলবণ। সমুদ্রফেন। শরীরস্থ চিহ্ন। দেহস্থ চিহ্নঘটিত ভদ্রাভদ্র লক্ষণসূচক শাস্ত্র। বিং, ত্রিং, ঐ শাস্ত্রব্যবসায়ী। সমুদ্রজাত। সমুদ্রসম্বন্ধীয়। পুং, সমুদ্রযাত্রী, নাবিক।
সামুদ্রিক, (সমুদ্র=চিহ্ন+ঠক্—জ্ঞাতার্থে) সং, পুং, শরীরচিহ্নের শুভাশুভ ফলপ্রকাশক দৈবজ্ঞ। বিং, ত্রিং, শরীর চিহ্নসম্বন্ধীয় শাস্ত্রাদি। সমুদ্রসম্বন্ধীয়।
সাম্নী, (সামন্=সামবেদ+ঈপ্—প্রং) সং, স্ত্রীং, বৈদিকচ্ছন্দোবিশেষ।
সাম্পরায়িক, (সম্পরায়=যুদ্ধ+ঠক—প্রং) সং, ক্লীং, যুদ্ধ, সংগ্রাম, সমর, রণ, আহব, সম্প্রহার। বিং, ত্রিং, যুদ্ধসম্বন্ধীয়। পারলৌকিক।
সাম্প্রতম্, (সম্—প্র—তন্=বিস্তারকরা +ডম্—প্রং ; অ স্থানে আ) অং, ইদানীং.সম্প্রতি, এক্ষণে। উপস্থিত সময়ে। উচিত, যুক্ত।
সাম্বরী, শাম্বরী, স্ত্রীং, স্ত্রী বাজিকর।
সাম্ববী, স্ত্রীং, রক্ত লোধ্র বৃক্ষ।
সাম্য, (সম=তুল্য+ষঞ্—ভাবে) সং, ক্লীং, সমতা, তুল্যতা, সাদৃশ্য। ঐক্য, একরূপতা।
সাম্রাজ্য, (সম্রাজ=রাজাধিরাজ+ষ্যঞ্—ইদমর্থে) সং. ক্লীং,সর্ব্বপ্রধান রাজ্য, সম্রাটের শাসনাধীনরাজ্য,সার্ব্বভৌমত্ব। পুং, রাজপুত্র, ক্ষত্রিয়
সায়, (সো—নাশকরা+ঘঞ্—প্রং) সং, পুং, সায়ংকাল, দিনান্ত,প্রদোষ, সন্ধ্যা। শেষ। অবসান। নাশ শর, বাণ, সায়ক, পতত্রী, ইষু।
সায়ক, (সো—নাশকরা+ণক—ণ) সং, পুং, বাণ, শর, ইষু "যুষ্মদ্দেহেষু লজ্জাং দধতিপরমমীসায়কা নিস্তন্তঃ" মং নাং। খড়্গ, অসি, কৃপাণ। স্থিকা—স্ত্রীং, ক্রমে ক্রমে অবস্থিতি।
সায়ন্তন, (সায়ম্+ত্ন্য—ভবার্থে) বিং, ত্রিং, সন্ধ্যাকালীন, "বিধেঃ সায়ন্তনস্যান্তে" কাং।
সায়ম্—অং, } (সো=নাশকরা+অম্—প্রং। সায়=শেষ—অহন্=দিন,৬ষ্ঠী—ষ) সং,সন্ধ্যাকাল,দিনান্ত।
সায়াহ্ন-পুং }
সায়মস্তন, ক্লীং, অস্তসময়। অস্তগিরি।
সায়ী, (সায়িন্, স=সহ—অয়=গমন করা+ণিনি) সং, পুং, অশ্বারোহী। অশ্বপরিচারক, সহিস।
সাযুজ্য,(সযুজ্=[স=সহিত—যুজ=যোগ] যুক্ত+ষ্যঞ—ভাবে) সং,ক্লীং, সংযোগ, অভেদ। সাম্য, সাদৃশ্য।
সার, (সৃ=[বহুকাল] গমনকরা+ঘঞ্—ক) সং, পুং, বৃক্ষের মজ্জা। তেজঃ, বল। শ্রেষ্ঠাংশ। কাঠিন্য,দৃঢ়তা। উৎকর্ষ। মজ্জা। অতিশয়। তত্ত্বার্থ। বায়ু। পীড়া। বীরতা। পুং, স্ত্রীং,—পাশক্রীড়ক। নবনীত। সর। ক্লীং, জল. সলিল, বারি বিত্ত. সম্পত্তি. ধন। উপযুক্ত। রুক্ষাদির উত্তেজক বস্তু। রহস্য। বিং, ত্রিং, শ্রেষ্ঠ, উৎকৃষ্ট। স্থায়ী। নানাবর্ণ। ন্যায্য। রা, রী—স্ত্রীং, দূর্ব্বা। সারিকা, শুকপত্নী। শালিক পাখী।
সারক, (সারি=গমনকরান+ণক—ক) বিং, ত্রিং, রেচক, ভেদক জারক. [illegible]
সারগন্ধ, (সার=সারাংশ—গন্ধ=[illegible]) সং, পুং, শ্রীখণ্ড, চন্দন।
সারগ্রাহী, (সারগ্রাহিন্, সার—গ্রাহী =যে গ্রহণ করে, ২য়া—ষং) বিং, ত্রিং, শ্রেষ্ঠাংশ গ্রাহক, সারগ্রহণকারী
সারঘ, (সরঘা=মধুমক্ষিকা+অণ্—কৃতার্থে) সং, ক্লীং, মধু, সরঘাকৃত।
সারঙ্গ, (সৃ=গমনকরা+ অঙ্গচ্। বা সার=বল— গম্=গমনকরা+খচ্—প্রং) সং, পুং,বিবিধবর্ণ, শবলতা। সিংহ, কেশরী। হস্তী,গজ। হরিণ,মৃগ। চাতক,

পক্ষী। কোকিল, পরভৃত। রাজহংস, মরাল। ময়ূর, শিখী। মেঘ, ঘন। বৃক্ষ, শাখী। পরিচ্ছদ, পোশাক। কেনা, কচ। পদ্ম,তামরস। পুষ্প, কুসুম। শঙ্খ, কম্বু। মণি, রত্ন। সুবর্ণ, হিরণ্য। ধনুঃ, শরাসন। কামদেব, কন্দর্প। চন্দন। কর্পূর। পৃথিবী,ধরণী। রাত্রি.বিভাবরী। জ্যোতি, প্রভা। ভ্রমর, ষট্পদ। রাগ বিশেষ। ছত্র, আতপত্র, ছাতা। বিং, ত্রিং, নানাবর্ণ, শবল।

সারঙ্গিক, (সারঙ্গ+ঠক্—প্র) সং, পুং, ব্যাধ, লুব্ধক, পাশিক, মৃগাবিৎ।

সারজ, (সার=দধি দুগ্ধাদির সর—জ= উৎপন্ন) সং, ক্লীং,হৈয়ঙ্গবীন, নবনীত, মাথন।

সারট, টিকৃটিকী ও তৎসদৃশ জীব; গোধা, বহুরূপা প্রভৃতি। (Sauria)

সারণ, (সারি=গমনকরান+অনট্—ভা) অপসরণ, চালন। পুং, অতিসার রোগ। রাবণের দূতবিশেষ। রাক্ষসবিশেষ। সং, ক্লীং, দোষশুদ্ধি। সারিয়া লওয়া, শোধরাণ।

সারণি—ণী, (সারি=গমনকরান+অনি —প্রং) সং, স্ত্রীং, ক্ষুদ্রনদী, থাল,ঝিল।

সারণিক, (সরণি=পথ+ঠঞ্—প্রং) সং, পুং, পান্থ, পথিক, অধ্বগ, রাহী, রাহাগীর। [ঠেঙ্গাড়ে।

সারণিকঘ্ন, সং, পুং, দস্যু, ডাকাইত,

সারণ্ড, (সারি=গমনকরান+অণ্ডন্— প্রং) সং, পুং, সর্পাণ্ড, সাপের ডিম।

সারতরু, (সার—তরু=বৃক্ষ) সং; পুং, কদলীবৃক্ষ, রম্ভাতরু, অংশুমৎফলা।

সারথি, (সারি=[অশ্বদিগকে] গমনকরান +অথিন্—প্রং। কিংবা সরথ, [স=সহিত—রথ, ১মা—হিং]=অশ্ব+ই—প্রেরণার্থে) সং, পুং, রথাদিচালক, সূত, যন্তা। "নিমিত্তশকুনজ্ঞানো হয়শিক্ষাবিশারদঃ। হয়ায়ুর্ব্বেদতত্ত্বজ্ঞো ভূমিভাগবিশেষবিৎ। স্বামিভক্তো মহোৎসাহঃ সর্ব্বেষাঞ্চ প্রিয়ংবদঃ। শূরশ্চ কৃতবিদ্যশ্চ সারথিঃ পরিকীর্ত্তিতঃ"। সহায়, সহকারী, সাহায্যকারক।

সারথ্য, (সারথি+যঞ্—ভাবে, কর্ম্মণি) সং,ক্লীং,রথাদি চালন। সাহায্য। যান।

সারদা, (সার=[জ্ঞানের] শ্রেষ্ঠাংশ—দা= দানকরা+অঙ্—আপ্—প্রং, ২য়া—ষ) সং, স্ত্রীং, সরস্বতী, বাণী, বীণাপাণি, বাগ্দেবী। দুর্গা, কাত্যায়নী, দাক্ষায়ণী, দশভুজা, গিরিজা, অপর্ণা, অম্বিকা, কালিকা, গৌরী, দিগম্বরী, শক্তি।

সারদ্রুম, সং, পুং, খদির বৃক্ষ।

সারভাণ্ড, (সার=সারাংশ—ভাণ্ড=পাত্র) সং, ক্লীং, অকৃত্রিম পাত্র বা থলিয়া, যেমন মৃগের নাভি, যাহাতে কস্তুরি থাকে, অন্যান্য এই প্রকার।

সারমিতি, সং, পুং, বেদ, শ্রুতি, নিগম।

সারমেয়, (সরমা=কুকুরী+ঠক্—অপত্যার্থে) সং, পুং, য়ী—স্ত্রীং, কুকুর, শ্বা, গ্রামসিংহ। কুক্কুরী।

সারলোহ, (সার=সারাংশ—লৌহ) সং, ক্লীং, ইস্পাত, লোহসার।

সারল্য, (সরল+যৎ—ভাবে) সং, ক্লীং, সরলতা, অকাপট্য, অকৌটিল্য, মনের স্পষ্টভাব।

সারস, (সরস্=সরোবর+অন্—ভবার্থে ইত্যাদি) সং, পুং, সী—স্ত্রীং, স্বনামপ্রসিদ্ধ জলচরপক্ষী। হংস। সং, ক্লীং, পদ্ম, জলজ, কমল, তামরস, শতদল। কটিভূষণা, (সহ—রস+অণ্—প্রং)পুং, চন্দ্র, বিধু, ইন্দু, শশধর। বিং, ত্রিং, সরোবরসম্বন্ধীয়।

সারসন, (সার=শক্তি—সন্=দানকরা +অচ্—প্রং) সং, ক্লীং, স্ত্রীলোকের কটিভূষণ, ২৫ নর চন্দ্রহারাদি। সৈনিক পুরুষের কটিবন্ধন রজ্জু।

সারস্বত, (সরস্বতী=বাক্দেবী+অন্-ইদমর্থে) বিং, ত্রিং, সরস্বতীসম্বন্ধীয়। বিদ্বান্, বাগ্মী। সং, পুং, দিল্লীর উত্তর-

পশ্চিমস্থ দেশবিশেষ। মুনিবিশেষ। কথিত আছে ইনি সরস্বতী নদী হইতে উৎপন্ন হইয়াছিলেন। সারস্বতদেশীয় বা ঐ মুনির গোত্রোৎপন্ন ব্রাহ্মণ। বিল্বদণ্ড, বেলগাছের যষ্টি। ব্রহ্মার দিনরূপ কল্পবিশেষ। ব্যাকরণ বিশেষ।

সারাল, সং, পুং, তিল।

সারি—রী, (সারি=গমনকরান+ইন্—প্রং) সং, স্ত্রীং, পাশক, পাশা। সালিক পক্ষিণী।

সারিকা, (সারি দেখ+ণক—প্রং) সং, স্ত্রীং, পক্ষিণীবিশেষ, শালিক পাখী। ময়না পাখী।

সারিবা, (সারি, [শৃ=হিংসাকরা+ই=হিংসন+বন্—যোগ। শৃ=] সং, স্ত্রীং, লতাবিশেষ, অনন্তমূল।

সারূপ্য, (সরূপ=সমানরূপ+যঞ্ ভাবে) সং, ক্লীং, সমানরূপতা। মুক্তিবিশেষ, যাহাতে, ঈশ্বরের তুল্যরূপ হওয়া যায়।

সার্থ, (সারি=গমন করান+থন্—প্রং। কিম্বা স=সহিত—অর্থ=ধন, ১মা—হিং) সং, পুং, ধনী, সম্পত্তিশালী। সদৃশ অর্থবিশিষ্ট, প্রতিপাদক। সমূহ। সঙ্গী, সাথী। জন্তু-সমূহ বণিক্‌সমূহ।

সার্থক (স=সহিত—অর্থ=শব্দের প্রতিপাদ্য, প্রয়োজন, ১মা—হিং, অক—যোগ) বিং, ত্রিং, অর্থযুক্ত। অন্বর্থ। বণিক্ দলের অধিনায়ক। সফল, লাভবিশিষ্ট। সিদ্ধমনোরথ।

সার্থবাহ, (সার্থ=সমূহ—বাহ=যে বহন করে, ২য়া—ষ) সং, পুং, বণিক্, ব্যবসায়ী। দলবদ্ধ হইয়া বাণিজ্যকারী।

সার্থিক, (সার্থ+ঠক্)সং, পুং, বণিক্, ব্যবসায়ী। [সহিত, অর্দ্ধযুক্ত।

সার্দ্ধ, (স=সহিত—অর্দ্ধ) বিং, ত্রিং, অর্দ্ধ-

সার্দ্ধম্, (স=সহিত—ঋধ—বৃদ্ধিপাওয়া+অম্—প্রং) অং, সহ, সহিত সঙ্গে, একত্রে।

সার্প, সর্প প্রভৃতি জীব। (Ophidia)।

সার্পিষ, সার্পিষ্ক, (সার্পিস্=ঘৃত+ণক—প্রং) বিং, ত্রিং, ঘৃতসম্বন্ধীয়। ঘৃতদ্বারা সংস্কৃত।

সার্প্য, (সর্প=সার্প+য—প্রং) সং, পুং, র্পী—স্ত্রীং, অশ্লেষানক্ষত্র। বিং, ত্রিং, সর্পসম্বন্ধীয়।

সার্ব্ব, (সর্ব্ব=সকল [জ্ঞান ইত্যাদি]+অণ—প্রং) বিং, ত্রিং, সর্ব্বহিতকর। সর্ব্বসম্বন্ধীয়। সং, পুং, জিন, বুদ্ধ।

সার্ব্বকালিক, (সর্ব্বকাল+ঠঞ্-ভবার্থে) বিং, ত্রিং, যাহা সকল সময়ে হয়।

সার্ব্বজনীন, (সর্ব্বজন=সকল মনুষ্য+খঞ—হিতার্থে) বিং, ত্রিং, সর্ব্বলোকহিত, সর্ব্বজনের ইষ্টসাধক, সর্ব্বজনের প্রয়োজনীয় বা উপযুক্ত, সর্ব্বলোকবিদিত।

সার্ব্বত্রিক, (সর্ব্বত্র=সকল স্থান+ঠক্—প্রং) বিং, ত্রিং, সর্ব্বত্রব্যাপী, সকলস্থানে স্থিত, সকল স্থানে উপযুক্ত।

সার্ব্বধাতুক, (সর্ব্ব—ধাতু+ক—প্রং) বিং, ত্রিং, সর্ব্বধাতুসম্বন্ধীয়।

সার্ব্বভৌম, (সর্ব্বভূমি=সকল স্থান+অণ—ঈশ্বরার্থে) সং, পুং, সম্রাট্, চক্রবর্ত্তী, রাজা, সমুদয় ভূমির অধীশ্বর। উত্তর দিগ্‌গজ, কুবেরের হস্তী। বিং, ত্রিং, জগৎব্যাপী, জগদ্বিখ্যাত।

সার্ব্বলৌকিক, (সর্ব্বলোক+ঠঞ্—জ্ঞাতার্থে) বিং, ত্রিং, সর্ব্বলোকসম্বন্ধীয়। সর্ব্বজনবিদিত। সর্ব্বত্রপ্রসিদ্ধ। পৃথিবীর সর্ব্বত্র পরিচিত। সকলের উপর।

সার্ব্ববর্ণিক, (সর্ব্ববর্ণ+ঠঞ) বিং, ত্রিং, সর্ব্বরকমের। সর্ব্বজাতীয়।

সার্ব্ববিভক্তিক, (সর্ব্ব—বিভক্তি+ঠক্—প্রং) বিং, ত্রিং, সর্ব্ববিভক্তিজাত।

সার্ব্ববেদ্য, (সর্ব্ব=সকল—বেদ+যঞ্—জ্ঞাতার্থে) সং, পুং, সমুদায়বেদবেত্তা ব্রাহ্মণ।

সার্ষপ, (সর্ষপ+অণ—প্রং,) বিং, ত্রিং, সর্ষপসম্বন্ধীয়, সর্ষপপ্রস্তুত। ক্লীং, সর্ষপতৈল।

সাষ্টি, সং, স্ত্রীং, নির্ব্বাণ মুক্তিবিশেষ, সমানৈশ্বর্য্য; ঈশ্বরের সহিত সমান ঐশ্বর্য্যশালী হওয়া।

সাল, (সল্=গমনকরা+ঘঞ্—প্রং) সং, পুং, প্রাকার, প্রাচীর। বৃক্ষ, তরু, পাদপ, শাখী, মহীরুহ। সর্জ্জবৃক্ষ। ঘর, কামরা, কুঠুরী। লা—স্ত্রীং, গৃহ। মৎস্যবিশেষ, শালমাছ। (শই ব্যবহৃত হইয়া থাকে)।

সালনির্য্যাস, সালান, (সাল=শালবৃক্ষ—নির্য্যাস=আঠা) সং, পুং, সর্জ্জরস, ধুনা।

সালপর্ণী, স্ত্রীং, স্বনামখ্যাত গুল্মবিশেষ।

সালপুষ্প, (সাল=সালবৃক্ষ—পুষ্প=ফুল) সং, ক্লীং, স্থলপদ্ম।

সালভঞ্জিকা, (সাল=সালবৃক্ষ বা ইহার কাষ্ঠ—ভনজ্=[ভাঙ্গা] রেঁদাকরা+ণক, আপ্—প্রং) সং, স্ত্রীং, পুত্তলিকা, পুতুল। বেশ্যা, বারাঙ্গনা, গণিকা।

সালবেষ্ট, (সাল=শালবৃক্ষ—বেষ্ট=আঠা) সং, পুং, সর্জ্জরস, ধূনক, ধূনা।

সালশৃঙ্গ, ক্লীং, ভিত্তির উপরিভাগ।

সালাকরী, (সালা=গৃহ—কৃ=করা+ট—ঈপ্, প্রং) সং, স্ত্রীং, যুদ্ধে পরাজিতা নারী।

সালার, (সাল=দেওয়াল—ঋ=গমনকরা+অণ্—ণ) সং, স্ত্রীং, নাগদন্ত। ভিত্তিস্থ কীলক, ডাণ্ডা গোঁজ প্রভৃতি।

সালোক্য, (স=সহিত—লোক=ভুবন+ষাঞ্—বাসার্থে) সং, ক্লীং, মুক্তিবিশেষ, তুল্যলোক-বাসরূপ মুক্তি, এক লোকে ঈশ্বরের সহিত সহবাস।

সাল্ব, সং, পুং, নারায়ণের শত্রু অসুর বিশেষ। দেশবিশেষ। বিং, ত্রিং, সাল্বদেশীয়।

সাল্বহা, (সাল্বহন্, সাল্ব=দৈত্যবিশেষ—হন্=যে বধ করে, ২য়া—স্র) সং, পুং, বিষ্ণু, নারায়ণ। [পাখি।

সাল্বিক, সং, পুং, পক্ষিবিশেষ, সালিক

সাবধান, (স=সহিত—অবধান=মনোযোগ) বিং, ত্রিং, মনোযোগী। অবহিত, সতর্ক। পরিশ্রমী।

সাবন, (সু=প্রসবকরা+অনট্, অণ্—প্রং) বিং, ত্রিং, জ্যোতিষে—প্রাকৃতিক, সূর্য্যোদয় হইতে আবার সূর্য্যোদয়পর্য্যন্ত এক সাবন দিন। সূর্য্যসম্বন্ধীয়। সং, পুং, যজ্ঞশেষ, যজ্ঞকর্ম্মের সমাপন। যজমান, যে যজ্ঞার্থ পুরোহিত নিয়োগ করে। বরুণ। দিবারাত্র। ত্রিংশৎ অহোরাত্রাত্মক মাস, "ত্রিংশতা সৌরদিবসৈঃ সাবনঃ পরিকীর্ত্তিতঃ"।

সাবর, (শাবর দেখ) সং, পুং, পাপ। অপরাধ। অংহ, আগঃ। লোধ্রবৃক্ষ।

সাবর্ণ, (সবর্ণ=[পূর্ব্বজো] সদৃশ+অঞ্—প্রং) সং, পুং, দ্বিতীয় মনু, "ছায়া সংজ্ঞাসুতো যোঽসৌ দ্বিতীয়ঃ কথিতোমনুঃ। পূর্ব্বজস্য সবর্ণোঽসৌ সাবর্ণস্তেন কথ্যতে"।

সাবর্ণলক্ষ্য, সং, ক্লীং, চর্ম্ম, চামড়া, ত্বক্।

সাবর্ণি, (সবর্ণা=সূর্য্যের পত্নী+ই—অপত্যার্থে) সং, পুং, সূর্য্যতনয়, অষ্টম মনু।

সাবশেষ, (স=সহিত—অবশেষ) বিং, ত্রিং, অবশিষ্ট। অসম্পূর্ণ।

সাবিত্র, (সবিতৃ=সূর্য্য+অণ্—প্রং) সং, পুং, ব্রাহ্মণ। শিব। বসু বিশেষ। সূর্য্য। গর্ভ। ক্লীং, যজ্ঞসূত্র, যজ্ঞোপবীত, পৈতা। বিং, ত্রিং, সবিতৃসম্বন্ধীয়।

সাবিত্রী, (সবিতৃ=সূর্য্য+অণ্—ই—প্রং) সং, স্ত্রীং, দুর্গা, উমা। সত্যবান্ রাজার পত্নী, অশ্বপতি রাজার কন্যা। বেদের মন্ত্রবিশেষ, গায়ত্রী। "সর্ব্বলোকপ্রসবনাৎ সবিতা স তু কীর্ত্ত্যতে। যতস্তদ্দেবতা দেবী সাবিত্রীত্যুচ্যতে ততঃ॥ বেদপ্রসবনাচ্চাপি সাবিত্রী প্রোচ্যতে বুধৈঃ"। ব্রহ্মার পত্নী। সূর্য্যের অধিষ্ঠাত্রী দেবী। কিরণজাল।

সাবিত্রীপতিত, (সাবিত্রী—পতিত) সং, পুং, যথাকালে যে দ্বিজের উপনয়ন

হয় নাই।

সাবিত্রীব্রত, সং, ক্লীং, জৈষ্ঠ মাসের কৃষ্ণাচতুর্দ্দশীতে কর্ত্তব্য স্ত্রীলোকদের ব্রতবিশেষ।

সাবিত্রীসূত্র, (সাবিত্রী=বেদের মন্ত্রবিশেষ—সূত্র=সুতা) সং, ক্লীং, যজ্ঞসূত্র, যজ্ঞোপবীত, পৈতা।

সাশয়ন্দক, সং, পুং, টিকটিকী, জেঠী।

সাশূক, সং, পুং, কম্বল, আবিক।

সাশ্রূধী, সং, স্ত্রীং, শ্বশ্রূ, শাশুড়ী।

সাসহি, (সহ্=সহ্যকরা+কিং;—দ্বিত্ব) বিং, ত্রিং, বহনসমর্থ।

সাস্না, (সস্=নিদ্রিত হওয়া+ন, আপ্—প্রং) সং, স্ত্রীং, গোরুর গলকম্বল।

সাস্র, (স=সহিত—অস্র=চক্ষুর জল, রক্ত, বা কোণ) বিং, ত্রিং, অশ্রুজলসহিত। রোদনকারী, রোরুদ্যমান। কোণসহিত। সরক্ত।

সাহঙ্কার, (স=সহিত—অহঙ্কার=গর্ব্ব) বিং, ত্রিং, অহঙ্কৃত, গর্ব্বিত, দাম্ভিক।

সাহচর্য্য, (সহচর=সঙ্গী+ষ্যঞ্—ভাবে) সং, ক্লীং, সহচরত্ব। সঙ্গ, সংসর্গ, সহবর্ত্তিতা।

সামানাধিকরণ্য, একআধারে থাকা।

সাহজিক, (সহজ+ঠক্—প্রং) বিং, ত্রিং, স্বাভাবিক, প্রাকৃতিক, নৈসর্গিক।

সাহস, (সহস্=বল+অণ্—প্রং) সং, ক্লীং, দণ্ড, শাসন, ভয়প্রদর্শন, তর্জ্জন। বলপ্রয়োগ। পীড়ন, নিষ্ঠুরতা। ঘৃণা। দস্যুবৃত্তি, লুণ্ঠন। বলাৎকার। অবিমৃষ্যকারিতা, গোঁয়ারতুমি। অন্তঃকরণের উৎসাহ। ভয়হীনতা। দ্বেষ। অগ্নিনিবেদন। চৌর্য্য। মনুষ্যমারণ। কটুবাক্য প্রয়োগ।

সাহসাঙ্ক, (সাহস=বিক্রম—অঙ্ক=চিহ্ন) সং, পুং, রাজা বিক্রমাদিত্য।

সাহসিক, সাহসী, (সহস+ঠক্—প্রং॥ সাহসিন্, সাহস+ইনি—অস্ত্যর্থে) বিং, ত্রিং, দণ্ডস্বরূপে, প্রযুক্ত। বলপূর্ব্বক সম্পাদিত। উদ্ধত, লুঠকারক, ঘাতক, পশুবৎব্যবহারী, নিষ্ঠুর। অধিমৃষ্যকারী। নির্ভীক। পুং, দস্যু, ডাকাইত।

সাহস্র, (সহস্র+অণ্—সমূহার্থে) বিং, ত্রিং, সহস্র মুদ্রায় ক্রীত। সহস্র হিসাবে প্রদত্ত, সহস্র সংখ্যাসম্বন্ধীয়। সং, পুং, সহস্র সৈনিকসংখ্যাত সেনা। ক্লীং, সহস্র সংখ্যা। সহস্র সংখ্যায় সংখ্যাত দল।

সাহায়ক, সাহায্য, (সহায়+ক, ষ্যঞ্—ভাবে, কর্ম্মণি) সং, ক্লীং, সহায়তা, আনুকূল্য, বন্ধুত্ব, সাহচর্য্য, সন্নিভাব।

সাহিত্য, (সহিত+ষ্যঞ্—ভাবে ইত্যাদি) সং, ক্লীং, সংসর্গ, মিলন। কাব্যশাস্ত্র। শব্দশাস্ত্র। সম্বন্ধবিশেষ, একক্রিয়ান্বয়িত্ব।

সাহ্য, (সহ=সহিত, একসঙ্গে+ষ্যঞ্—প্রং) সং, ক্লীং, ঐক্য, মিলন, যোগ।

সাহ্যকৃৎ, (সাহ্য=ঐক্য—কৃৎ=যে করে) সং, পুং, সমভিব্যাহারী, সঙ্গী, সাথী।

সাহ্বয়, (স=সহিত—আহ্বয়=নাম) সং, পুং, যুদ্ধকারক পক্ষী, কুক্কুট বুলবুলি প্রভৃতি। বিং, ত্রিং, সনামক।

সিউনি, (সেচনীশব্দজ) সং, জলসেচন পাত্রবিশেষ।

সিংহ, (হিন্স্=হিংসাকরা+অচ্=অথবা সিচ্=সেচনকরা+ক; চ=হ, নুম্ আগম। প্রং, নিপাতন) সং, পুং, মৃগেন্দ্র, কেশরী, পশুরাজ। পঞ্চমরাশি। (কোন শব্দের পরে থাকিলে) শ্রেষ্ঠ।

সিংহকেলি, পুং, বৌদ্ধমুনিবিশেষ, ইঁহার আর এক নাম মঞ্জুঘোষ।

সিংহকেশর, (সিংহ-কেশর=ঘাড়ের চুল) সং, পুং, সিংহের জটা। বকুল বৃক্ষ।

সিংহতল, (সিংহ—তল=তেলো) সং, পুং, কৃতাঞ্জলি, যোড়হাত, বদ্ধকর।

সিংহতুণ্ড, পুং, মৎস্যবিশেষ।

সিংহদ্বার, (সিংহ=প্রধান কিংবা সিংহাকৃতিযুক্ত—দ্বার=দরজা, কং—স) সং, ক্লীং, সিংহমূর্ত্তি চিহ্নিত প্রবেশদ্বার কটক, সিংদরজা।

সিংহধ্বনি, সিংহনাদ, (সিংহ=[সিংহের

ন্যায়]—ধ্বনি, নাদ=শব্দ, ৬ষ্ঠী—য) সং, পুং, সিংহের ডাক। যোদ্ধাদিগের আস্ফালনসূচক শব্দ, বীরগর্জ্জিত।

সিংহমুখ, (সিংহ—মুখ, ৬ষ্ঠী—য) সং, ক্লীং, সিংহের মুখ। হস্তীর ভূষণবিশেষ।

সিংহযানা, সিংহরথা, (সিংহ=মৃগেন্দ্র—যান, রথ, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, সিংহবাহিনী, দুর্গা, দশভুজা, মহিষমর্দ্দিনী, জগদ্ধাত্রী।

সিংহল, (সিংহ=মৃগেন্দ্র—লা=গ্রহণকরা, দানকরা+ক—প্রং) সং, ক্লীং, টিন। রাঙ। পিত্তল। দারুচিনি। ক্লীং, স্ত্রীং—লা—সিংহল দ্বীপ, লঙ্কাদ্বীপ।

সিংহবাহিনী, (সিংহবাহ=[সিংহরূপবাহ] +ইন্—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, দুর্গা, ভগবতী, দশভুজা, মহিষমর্দ্দিনী, জগদ্ধাত্রী, শারদা।

সিংহবিক্রান্ত, (সিংহ=মৃগেন্দ্র—বিক্রান্ত =পরাক্রান্ত) সং, পুং, অশ্ব, ঘোটক, বাজী, হয়। বিং, ত্রিং, সিংহের ন্যায় পরাক্রমশালী।

সিংহসংহনন, (সিংহ=প্রধান বা অত্যুত্তম—সংহনন=শরীর, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সুশ্রী ও সুগঠন, সুন্দরতনু।

সিংহাঢ্য, (সিংহ—আঢ্য=সম্পন্ন) বিং, ত্রিং, যে স্থলে অনেক সিংহ আছে।

সিংহাণ—ন, সিঙ্ঘান, (শিনৃঘ=আঘ্রাণ করা+আনক্—প্রং, নিপাতন) সং, ক্লীং, লৌহমল, লোহের মরিচা। নাসিকামল, সিকনী, কফ, পোঁটা।

সিংহাবলোকন্যায়—(৩৬) ন্যায় দেখ।

সিংহাসন, (সিংহ=[সিংহাদিধৃত এবং স্বর্ণময়]—আসন, ৩য়া—য) সং, ক্লী সিংহচিহ্নিত আসন, রাজাসন, রাজার বসিবার আসন। "পদ্মঃ শঙ্খো গজো হংসঃ সিংহো ভৃঙ্গো মৃগো হয়ঃ অষ্টৌ সিংহাসনানি"।

সিংহিকা, (সিংহী=রাহুর মাতা+কন্—স্বার্থে) সং, স্ত্রীং, রাহুর মাতা, কশ্যপপত্নী

সিংহী, (সিংহ+ঈপ্—প্রং) সং, স্ত্রীং, সিংহপত্নী, স্ত্রী সিংহ। বার্ত্তাকুবৃক্ষ, বেগুণগাছ। কণ্টকবৃক্ষবিশেষ। রাহুর মাতা।

সিঁড়ী, (দেশজ) সং, সোপান, তীর্থ, [ধাপ, পইঠা।

সিঁদুর, (সিন্দূর শব্দজ) সং, রক্তবর্ণ চূর্ণবিশেষ, সিন্দূর।

সিঁধ, (সন্ধি শব্দজ) সং, সুড়ঙ্গ, গর্ত্ত।

সিকতা, (সিক্=[সৌত্রধাতু] সেচনকরা +অতচ্, আপ্—প্রং) সং, স্ত্রীং, বালুকাময়দেশ। কঙ্কর। (বহুবচনান্ত)—তাঃ বালুকা, বালী।

সিকতাময়, (সিকতা+ময়ট্—সংসর্গার্থে) বিং, ত্রিং, বালুকাময়, বালুকাযুক্ত। সং, ক্লীং, বালুকাময় তট। দ্বীপ, যাহার উপকূল বালুকাময়।

সিকতাবান্, (সিকতাবৎ, সিকতা+বৎ —অস্ত্যর্থে) বিং, ত্রিং, বালুকাময়, যাহাতে কেবল বালি, বেলে।

সিকতিল, (সিকতা+ইলচ্—যুক্তার্থে) বিং, ত্রিং, বালুকাময়, সিকতাবিশিষ্ট, বেলে।

সিকি, (দেশজ) বিং, টাকার চারি ভাগের একভাগমূল্যের ক্ষুদ্র রৌপ্যমুদ্রাবিশেষ। চতুর্থাংশ, পোয়া।

সিক্, (সিচ্, সিচ্=জলাদি সেক করা+ ক্বিপ্—প্রং) সং, স্ত্রীং, বস্ত্র, বাস, পট, কাপড়। বিং, ত্রিং, সেককর্ত্তা, যে সেচন করে।

সিক্ত, (সিচ্=জলাদি সেক করা+ক্ত —র্ম্ম) বিং, ত্রিং, আর্দ্রীকৃত, ভিজা যাহার উপর জল বর্ষণ করা হইয়াছে

সিক্থ, (পূর্ব্বে দেখ+থক্—প্রং) সং পুং, একগ্রাস অন্ন। অন্ন, ভাত। ক্লীং মধুচ্ছিষ্ট, মোম, মধূথ। নীলবড়ি।

সিক্থক, (সিক্থ+কন্—যোগ) সং, ক্লী মধুচ্ছিষ্ট, মধূথ, মোম।

সিকনি, (সিঙ্ঘাণ শব্দজ) সং, নাসিক

মল, কফ, প্লোটা। [সং, ক্লীং, সিকে।
সিক্য, (সিক্=গমনকরান+যৎ—প্রং)
সিক্ক্য, সং, পুং, স্ফটিকমণি, কাচ, বে-
লোয়ার। [স্ত্রীং, নাসিকা।
সিঙ্ঘনী, (শিঙ্ঘ=ঘ্রাণ লওয়া+টনি, ঈম্)
সিচয়, (সিচি=জলাদি সেককরান+শ
—প্রং) সং, পুং, বস্ত্র, বাস, পট, কাপড়।
জীর্ণ বস্ত্র, নেকড়া, কানি।
সিঞ্চৎ, (সিক্ দেখ+শতৃ—ক) বিং, ত্রিং,
সেককারক, সৈচনকারী।যে সেচন ক-
রিতেছে।
সিত, (সো=নাশকরা+ক্ত—প্রং; ও
স্থানে ই) সং, পুং, শুক্লবর্ণ, শাদারঙ।
শুক্রাচার্য্য। শর, সায়ক, ইষু, মার্গণ,
পতত্রী, বাণ। ক্লীং, রৌপ্য। চন্দন।
বিং, ত্রিং, শুক্লবর্ণযুক্ত, শাদা। বদ্ধ।
নষ্ট। সম্পন্ন। সমাপ্ত। জানিত। তা—
স্ত্রীং, মিছরী। শর্করা, চিনী। মল্লিকা।
চন্দ্রকিরণ, জ্যোৎস্না, চন্দ্রিকা। সুশ্রী,
চার্ব্বঙ্গী কামিনী। শ্বেতদূর্ব্বা। মদ্য।
সিতকণ্ঠ, (সিত=শাদা—কণ্ঠ) বিং, ত্রিং,
শ্বেতবর্ণকণ্ঠযুক্ত। সং, পুং, দাত্যূহ
পক্ষী, ডাকপাখী।
সিতকর, (সিত=শাদা—কর=কিরণ,
৬ষ্ঠী—হিং) সং, পুং, চন্দ্র, ইন্দু, বিধু,
শশধর, শশাঙ্ক। কর্পূর।
সিতকুঞ্জর, পুং, ইন্দ্র, বাসব, আখণ্ডল,
পুরন্দর। ইন্দ্রের হস্তী।
সিতচিহ্ন, সং, পুং, মৎস্যবিশেষ।
সিতচ্ছত্র, (সিত=শাদা—ছত্র=ছাতা,
য়ং—স) সং, ক্লীং, শ্বেতবর্ণছত্র, অধি-
রাজের ছত্র। ত্রা—স্ত্রীং, শতপুষ্পী।
সিতচ্ছদ, (সিত=শাদা—ছদ=পালখ,
৬ষ্ঠী—হিং) সং, পুং, হংস, হাঁস। রাজ-
হংস। দা—স্ত্রীং, শ্বেতদূর্ব্বা।
সিতদীধিতি, সিতরশ্মি, (সিত=শাদা—
দীধিতি, রশ্মি=কিরণ, ৬ষ্ঠী—হিং) সং,
পুং, চন্দ্র, নিশানাথ, হিমাংশু, শীতগু,
চন্দ্রমা। কর্পূর।

সিতধাতু, (সিত=শাদা—ধাতু=আক-
রীয়) সং, পুং, কঠিনী, চা খড়ী
সিতপক্ষ, (শিত=শাদা—পক্ষ=পালখ)
শুক্ল পক্ষ। রাজহংস। হংস।
সিতপুষ্প, ক্লীং, তৃণবিশেষ, কাশ। পুং,
টগর বৃক্ষ। এক প্রকার ঘাস, কাশাদির
মত। ষ্পা—স্ত্রীং, মল্লিকা।
সিতমণি, (সিত=শাদা—মণি=রত্ন) সং,
পুং, চন্দ্রকান্তমণি। স্ফটিকমণি, কাচ,
বেলোয়ার।
সিতরঞ্জন, (সিত=শাদা—রঞ্জন=রঙ
করা) সং, পুং, পীতবর্ণ, হরিদ্রারঙ।
সিতশিব, সিব, (সিত=শাদা—শিব=
সুখদ) সং, ক্লীং, সৈন্ধবলবণ।
সিতশিম্বিক, (সিত=শাদা—শিম্বিকা=
শিম) সং, পুং, গোধূম, গম।
সিতশূক, (সিত=শাদা—শূক=শূঁয়া,
৬ষ্ঠী—হিং) সং পুং, যব।
সিতসপ্তি, (সিত=শাদা—সপ্তি=অশ্ব) সং,
পুং, শ্বেতবাহন, অর্জ্জুন, ধনঞ্জয়, সব্য-
সাচী, নর, জিষ্ণু, পার্থ।
সিতসিন্ধু, (সিত=শাদা—সিন্ধু=নদী) সং,
স্ত্রীং, গঙ্গা, ভাগীরথী, ভীষ্মজননী,
জাহ্নবী।
সিতাংশু, (সিত=শাদা=অংশু=কিরণ,
৬ষ্ঠী—হিং) সং, পুং, চন্দ্র, শশাঙ্ক, মৃগ-
লাঞ্ছন, ইন্দু, বিধু, উড়ুপতি। কর্পূর।
সিতাখণ্ড, (সিতা=শাদা—আখণ্ড=শর্ক-
রা) সং, পুং, মধুশর্করা, মিছরীবিশেষ,
বলে যে ইহা মধু হইতে প্রস্তুত হয়।
সিতাগ্র, (সিত=শাদা—অগ্র=অগ্রভাগ)
সং, পুং, কণ্টক, কাঁটা।
সিতাঙ্ক, (শিত=শাদা—অঙ্ক=চিহ্ন বা
স্থান) সং, পুং, বালুকাগড় মৎস্য, বে-
লিয়া মাছ।
সিতাদি, (সিতা=শর্করা—দা=দেওয়া
+ই—প্রং) সং, পুং, গুড়, খাঁড়।
সিতানন, (সিত=শাদা—আনন=মুখ)
সং, পুং, গরুড়, সুপর্ণ, বৈনতেয়।

সিতাপাঙ্গ, (সিত=শাদা—অপাঙ্গ=চক্ষুর প্রান্তভাগ) সং, পুং, ময়ূর, শিখী, বর্হী, শিখণ্ডী।

সিতাভ, (সিত=শাদা—আভা=দীপ্তি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চন্দ্র, বিধু, ইন্দু, উড়ুপতি, মৃগলাঞ্ছন, চন্দ্রমা। কর্পূর। বিং, ত্রিং, শ্বেত, শাদা।

সিতাভ্র=পুং-ক্লীং, সিতাভ্রক—ক্লীং, } (সিত=শাদা—অভ্র=মেঘ। কন্—যোগে সিতাভ্রক) সং. কর্পূর।

সিতাম্ভোজ, সিতাব্জ, (সিত—অম্ভোজ; অব্জ=পদ্ম, যং—স) ক্লীং, শ্বেতপদ্ম।

সিতালতা, (সিতা=শাদা+লতা=লতানিয়া গাছ) সং, স্ত্রীং, দুর্ব্বা, যাহার শ্বেত পুষ্প হয়।

সিতালিক, (সিত=শাদা—আলি=শ্রেণী+কন্, ঈপ্) স্ত্রীং, শম্বূক, শামুক, ঝিনুক, শুক্তি।

সিতাবর, (সিত=শুভ্রতা—আ—বৃ=আবরণকরা+অচ—প্রং) সং, পুং, শাকবিশেষ, সুষুণীশাক।

সিতাশ্ব, (সিত=শাদা—অশ্ব=ঘোড়া, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শ্বেতবাহন, অর্জ্জুন, পার্থ, ধনঞ্জয়, গাণ্ডীবী, জিষ্ণু।

সিতাসিত, (সিত=শুভ্র [চর্ম্ম]—অসিত=কৃষ্ণবর্ণ [বস্ত্র]) বিং, ত্রিং, শুক্ল ও কৃষ্ণ। সং, পুং, বলদেব, হলী. লাঙ্গলী।

সিতি, (সি=বন্ধন করা+ক্তিন্—প্রং) বিং, ত্রিং, তদ্বর্ণবিশিষ্ট। সং, পুং, শুক্লবর্ণ। কৃষ্ণবর্ণ

সিতিকণ্ঠ, (সিতি=কৃষ্ণবর্ণ—কণ্ঠ=গলা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, নীলকণ্ঠ, মহাদেব, শিব। ময়ূর, শিখী, বর্হী। দাত্যূহপক্ষী, ডাকপাখি।

সিতিমা, (সিতিমন্, সিতি+মন্—ভাবে) সং, পুং, শ্বেতত্ব, শাদা বর্ণ, শৌক্ল্য। কৃষ্ণতা, কালিমা।

সিতিবাসাঃ, (সিতিবাসস্, সিতি=কৃষ্ণবর্ণ—বাসস্=বস্ত্র, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বলদেব, বলরাম, হলী, লাঙ্গলী।

সিতেতর, (সিত=শাদা—ইতর=বৈপরীত্যাদি) বিং ত্রিং, কৃষ্ণবর্ণযুক্ত, শুভ্রভিন্ন অন্যবর্ণ।

সিতেতরগতি, (সিতেতর=কৃষ্ণবর্ণবিশিষ্ট—গতি=গমন) সং, পুং, অগ্নি, বহ্নি, অনল, পাবক, কৃশানু, হব্যবাহ।

সিতোদর, (সিত=শাদা—উদর=পেট, ৬ষ্ঠী হিং) সং, পুং, কুবের। ইহাঁর বর্ণ কাল, কিন্তু ধবল রোগের চিহ্ন দ্বারা শাদা হইয়াছিলেন।

সিতোপল, (সিত=শাদা—উপল=প্রস্তর) সং. ক্লীং, কঠিনী, চা খড়ী। পুং, স্ফটিকমণি, কাচ, বেলোয়ারি। লা—স্ত্রীং, মিছরী।

সিদ্ধ, (সিধ্=নিষ্পন্ন হওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, নিষ্পন্ন, সাধিত, শোধিত। মোচিত, উদ্ধৃত। চিরস্থায়ী, সর্ব্বকালবর্ত্তী। বিখ্যাত, প্রসিদ্ধ। বিচারিত, স্থিরীকৃত, প্রমাণীকৃত। নিপুণ, পারদর্শী, কৃতবিদ্য। প্রতিপন্ন, প্রতিপাদিত। পক্ক, রন্ধন করা। প্রস্তুত। মিশ্রিত। দীপ্তিশীল। পরিশোধিত। পুং, দেবযোনিবিশেষ। মুনি। দৈবিক ক্ষমতাসম্পন্ন ঋষি। বিষ্কুম্ভাদি যোগের মধ্যে ২১শ যোগ। যোগী। ঐন্দ্রজালিক। সামুদ্রিক লবণ। ঔষধ গুল্মবিশেষ, ঋদ্ধি।

সিদ্ধগঙ্গা, সিদ্ধসিন্ধু, } (সিদ্ধ=আকাশস্থ দেবযোনিবিশেষ, ঋষি—গঙ্গা, সিন্ধু=নদী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, স্বর্গঙ্গা, মন্দাকিনী। গঙ্গা, ভাগীরথী, জাহ্নবী।

সিদ্ধজল, ক্লীং, আমানি, কাঁজি।

সিদ্ধদেব, (সিদ্ধ=যোগী, ঋষি—দেব=দেবতা) সং, পুং, হর, ভব, শঙ্কর, ত্রিলোচন, বৃষবাহন, গঙ্গাধর, ধূর্জ্জটি, শিব, মহাদেব।

সিদ্ধধাতু, সিদ্ধরস, (সিদ্ধ=রসায়ন বিদ্যা দ্বারা সম্পন্ন—ধাতু, রস) সং, পুং, পারদ, পারা।

সিদ্ধপীঠ, (সিদ্ধ—পীঠ=স্থান) সং, পুং, ক্লীং, সে স্থানে লক্ষ বলি কোটিসঙ্খ্যক হোম এবং তৎপরিমিত মহাবিদ্যা জপ হইয়াছে, এরূপ পবিত্র স্থান। "জাতো লক্ষবলির্যত্র হোমো বা কোটিসঙ্খ্যকঃ। মহাবিদ্যাজপাঃ কোট্যঃ সিদ্ধপীঠঃ প্রকীর্ত্তিতঃ"। [দশ মহাবিদ্যা।

সিদ্ধবিদ্যা, সং, স্ত্রীং, কালী তারা প্রভৃতি

সিদ্ধসাধন, পুং, শ্বেত সর্ষপ। ক্লীং, ঐন্দ্রজালিক প্রকরণ বা সাধন দ্রব্য।

সিদ্ধসেন, (সিদ্ধ=স্বর্গীয় দেবযোনিবিশেষ -সেন=যিনি স্বর্গীয় সেনাগণের উপর আধিপত্য করেন) সং, পুং, কার্ত্তিক, সেনানী, স্কন্দ, শরজন্মা, ষড়ানন, কুমার, কার্ত্তিকেয়।

সিদ্ধান্ত, (সিদ্ধ=সম্পন্ন—অন্ত=শেষ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মীমাংসা। পূর্ব্বপক্ষ নিরাসপূর্ব্বক সিদ্ধপক্ষ স্থাপন, জ্যোতিষশাস্ত্রবিশেষ। [পুং, তান্ত্রিক আচারবিশেষ

সিদ্ধান্তাচার, (সিদ্ধান্ত—আচার) সং,

সিদ্ধান্তী, (সিদ্ধান্তিন্, সিদ্ধান্ত+ইনি—অস্ত্যর্থে) সং, পুং, সিদ্ধান্তকারী, মীমাংসক। মীমাংসাদর্শনমতাবলম্বী।

সিদ্ধাপগা; (সিদ্ধ—আকাশস্থ দেবযোনিবিশেষ, ঋষি—আপগা=নদী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, স্বর্গঙ্গা, মন্দাকিনী, সুরনদী, সিদ্ধগঙ্গা।

সিদ্ধার্থ, (সিদ্ধ=সম্পন্ন—অর্থ=প্রয়োজন, ধন ইত্যাদি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শ্বেত সর্ষপ। জৈনের পিতা। বুদ্ধদেব। প্রসিদ্ধার্থ। চরিতার্থ। সিদ্ধকার্য্য।

সিদ্ধি, (সিদ্ধ দেখ+ক্তিন্—ভা) সং, স্ত্রীং, সমাপন, নিঃশেষ, কার্য্যনিষ্পাদন। বিষ্কুম্ভাদিযোগের মধ্যে এক যোগ। মুক্তি। সৌভাগ্য, সমৃদ্ধি। কৃতার্থতা। জ্ঞান, বুদ্ধি। যাথার্থ্য, সত্য। ভ্রান্তিশূন্যতা। ঋণ পরিশোধ। গুপ্তি, গোপন, আবরণ। তপস্যা বা মন্ত্রের ফলোৎপত্তি। যোগসাফল্য। কাষ্ঠপাদুকাবিশেষ, যাহা চরণে দিলে ইচ্ছামত অনায়াসে সর্ব্বত্র গমন করা যায়। ঔষধ গুল্মবিশেষ, ঋদ্ধি। অনিমাদি ঐশ্বর্য্যের মধ্যে এক ঐশ্বর্য্যবিশেষ, শুভ, মঙ্গল। পুরুষার্থ। মাদকদ্রব্যবিশেষ। ভাঙ্গা, ভাঙ।

সিদ্ধিদ, (সিদ্ধি—দ=যে দান করে) বিং, ত্রিং, সিদ্ধিদাতা।

সিদ্ধিযোগ, সং, পুং, যোগবিশেষ, যদি শুক্রবারে নন্দা, বুধবারে ভদ্রা, শনিবারে রিক্তা, মঙ্গল বারে জয়া এবং বৃহস্পতিবারে পূর্ণাযুক্ত হয়।

সিদ্ধিলী, সং, স্ত্রীং, ক্ষুদ্র পিপীলিকা, খুদি পিঁপিড়া।

সিদ্ধেশ্বরী, সং, স্ত্রীং, দেবীবিশেষ, কালী।

সিধ্ম—ক্লীং, স্ত্রীং, } (সিধ্=[দেহের
সিধ্মন্—ক্লীং, } উপর] গমনকরা+মক্, মন্—প্রং) সং, কিলাস রোগ, ছুলি।

সিধ্মবান্, সিধ্মল, (সিধ্মবৎ, সিধ্মন্+বৎ, লচ্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, কিলাসী, ছুলিরোগবিশিষ্ট।

সিধ্য, (সিধ্=নিষ্পন্ন করা বা হওয়া+ক্যপ্—প্রং) সং, পুং, পুষ্যানক্ষত্র।

সিধ্র, (সিধ্=নিষ্পন্ন হওয়া+রক্—প্রং) সং, পুং, সাধু, ধার্ম্মিক। বৃক্ষ, শাখী, পাদপ, তরু।

সিধ্রকাবণ, (সিধ্রকা=এক গাছের নাম—বন; ন=ণ) সং, ক্লীং, দেবোদ্যান, সন্তানক।

সিন, (সি=বন্ধনকরা+ন বা ক্ত—প্রং) সং, পুং, গ্রাস। ক্লীং, শরীর, দেহ, কায়। বিং, ত্রিং, কাণ, কাণা। শুভ্রবর্ণ। নী—স্ত্রীং, শুক্লবর্ণা।

সিনীবালী, ([সু=সৌভাগ্য+ইন্, ঈপ—প্রং]=সিনী=শুভ্রা চন্দ্রকলা—বল্=ধারণকরা+অণ্—ণ, ঈপ) সং, স্ত্রীং, চতুর্দ্দশীযুক্ত বা প্রতিপদযুক্ত অমাবস্যা, যাহাতে চন্দ্রকলা প্রায় দৃষ্ট হয় না। দুর্গা, উমা, অপর্ণা, গৌরী।

সিন্দুক, সিন্দুবার,(স্যন্দ্=ক্ষরিতহওয়া+উ—প্রং, কন্—যোগ, য=ই। সিন্দু=ক্ষরণ—বৃ=আচ্ছাদনকরা+অণ্—প্রং) সং, পুং, এক প্রকার বৃক্ষ, সিন্ধুবারবৃক্ষ, নিসিন্দা গাছ।

সিন্দূর, (স্যন্দ্=ক্ষরিত হওয়া+উরন্—প্রং) সং,পুং, বৃক্ষবিশেষ। ক্লীং, রক্তবর্ণ চূর্ণবিশেষ, সিঁদুর। রী—স্ত্রীং, রক্তবর্ণ বৃক্ষবিশেষ।

সিন্দূরকারণ, (সিন্দূর=সিঁদুর—কারণ=হেতু, জনক) সং, ক্লীং, সীসক, সীসা।

সিন্দূরতিলক, (সিন্দূর=সিঁদুর—তিলক=ললাটস্থ চিহ্ন, টিপ)সং, পুং, গজ, করী, ইভ, বারণ, দন্তী, হস্তী। কা—স্ত্রীং, সধবা নারী। যে স্ত্রীর কপালে সিন্দূরের টিপ্ আছে।

সিন্ধু, (সিন্দূর দেখ+উ—প্রং, নিপাতন) সং, পুং,সমুদ্র, পারাবার, অর্ণব, বারিধি, সরিৎপতি, রত্নাকর, সাগর। পঞ্জাবের উত্তর প্রান্তবাহী নদ। সিন্ধুদেশ। হস্তী, করী, মাতঙ্গ। গজমদ। রাগবিশেষ। ক্ষুদ্রবৃক্ষবিশেষ। পুং, বহুং, সিন্ধুদেশবাসী। স্ত্রীং, নদী।

সিন্ধুকফ, (সিন্ধু=সমুদ্র—কফ=শ্লেষ্মা) সং, পুং, সমুদ্রফেনা, কস্তুরা।

সিন্ধুখেল, (সিন্ধু=সিন্ধু নামক নদ—খিল্=ক্রীড়া করা+অচ্—প্রং) সং, পুং, সিন্ধুদেশ।

সিন্ধুজ, (সিন্ধু=সমুদ্র, নদী, দেশবিশেষ—জ=যে জন্মে, ৭মী—ষ) সং, ক্লীং, সৈন্ধবলবণ। পুং, চন্দ্রমা, ইন্দু, বিধু, চন্দ্র। উচ্চৈঃশ্রবা। ইন্দ্রের অশ্ব। বিং, ত্রিং, সমুদ্রজাত। নদীজাত। জা—স্ত্রীং, লক্ষ্মী, পদ্মা, কমলা, রমা।

সিন্ধুজন্মা, (সিন্ধুজন্মন্, সিন্ধু=সমুদ্র—জন্মন্=উৎপত্তি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সমুদ্রোদ্ভব। চন্দ্র, বিধু, ইন্দু, সুধাকর, শশাঙ্ক, শীতগু, নিশাকর। ক্লীং, সৈন্ধবলবণ।

সিন্ধুনন্দন, (সিন্ধু=সমুদ্র—নন্দন=পুত্র, সং, পুং, চন্দ্র, চন্দ্রমা, বিধু, ইন্দু। সমুদ্রমন্থনে ইনিও উত্থিত হইয়াছিলেন বলিয়া।

সিন্ধুনাথ, (সিন্ধু=নদী —নাথ= পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সাগর, সমুদ্র, নদীপতি, সরিৎপতি।

সিন্ধুপুত্র,পুং,আবলুশ কাষ্ঠবিশেষ; কেন্দু।

সিন্ধুপুষ্প, (সিন্ধু=সমুদ্র—পুষ্প =ফুল) সং, পুং, কম্বু, শঙ্খ, শাঁক।

সিন্ধুমন্থজ, (সিন্ধুমন্থ=সমুদ্রমন্থনসাধন [পর্ব্বত]—জ=জাত) সং, ক্লীং, অমৃত, পীযূষ, সুধা। সৈন্ধবলবণ।

সিন্ধুর, (স্যন্দ্=ক্ষরিত হওয়া+উরচ্—প্রং, নিপাতন। অথবা সিন্ধু=মদজল+রক্—অস্ত্যর্থে) সং, পুং, করী, হস্তী, গজ, বারণ, ইভ, দন্তী।

সিন্ধুরদ্বেষী, (—ষিন্, সিন্ধুর=হস্তী—দ্বেষিন্=শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সিংহ, কেশরী।

সিন্ধুবার, (সিন্ধু=দেশবিশেষ, সমুদ্র বা গজমদ—বৃ=আবরণকরা, প্রার্থনাকরা+ঘঞ্—প্রং) সং, পুং, নিশিন্দাগাছ। সিন্ধুদেশীয় বা পারস্যদেশীয় উত্তম অশ্ব। ক্ষুদ্র বৃক্ষবিশেষ।

সিন্ধুশয়ন, (সিন্ধু=সমুদ্র—শয়ন=শয্যা) সং, পুং, ক্ষীরোদশায়ী, নারায়ণ।

সিন্ধূদ্ভব, সিন্ধূপল, (সিন্ধু—উদ্ভব=উৎপন্ন। সিন্ধু—উপল=প্রস্তর) সং, ক্লীং, সৈন্ধবলবণ।

সিপ্র, (সপ্=সম্পর্ক রাখা+র—প্রং, নিপাতন) সং, পুং, বিধু, চন্দ্র। ঘর্ম্মজল, স্বেদবারি। প্রা—স্ত্রীং, উজ্জয়িনীর সমীপে প্রবাহিতা নদী, মহাকাল দেশীয় নদী। "—রম্ভোরু কচ্চিন্মনসোরুচিস্তে। সিপ্রাতরঙ্গানিলকম্পিতাসু বিহর্ত্তুমুদ্যানপরম্পরাসু" রঘু। স্ত্রীলোকের কটিবন্ধ। মহিষী, স্ত্রীমহিষ।

সিম, (সি=বন্ধনকরা+মন্—প্রং) বিং,

ত্রিং, সমুদায়, সকল, অখণ্ড, সম্পূর্ণ।
সিয়ন, (সীবন শব্দজ) সং, সূচীকর্ম্ম, সেলাইকরা। [ধূর্ত। সতর্ক।
সিয়ানী, (দেশজ) বিং, চতুর, চালাক,
সির, (সি=বন্ধনকরা+রক্—প্রং, নিপাতন) সং, পুং, পিপ্পলীমূল। রা—স্ত্রীং, নাড়ী, ধমনী। জলবহিবার চর্ম্মাদি-পাত্র, ভিস্তী।
সিরাজাল, পুং, শিরাগ্রন্থি, শিরাসমূহ। রোগবিশেষ, চক্ষুর্গোলক স্ফীত হওয়া।
সিবর, সং, পুং, করী, দ্বিরদ, মাতঙ্গ, হস্তী, গজ।
সিষাধয়িষু, (সাধ্=নিষ্পন্ন করা+ড) বিং, ত্রিং, যে ব্যক্তির সম্পন্ন করিতে বাসনা হইয়াছে, সাধন করিতে ইচ্ছুক।
সিসৃক্ষা, (সৃজ=সৃষ্টিকরা+অঙ্—ইচ্ছার্থে, আপ্—তা) সং, স্ত্রীং, সৃষ্টি করিবার বাসনা, নির্ম্মাণেচ্ছা।
সিহ্ল, সিহ্লক, (স্নিহ্=স্নিগ্ধ হওয়া+লক—প্রং, নিপাতন। কন্—যোগে সিহ্লক) সং, পুং, গন্ধদ্রব্যবিশেষ। ধুনা, লোবান, শৈলজ।
সীকর, শীকর, (সীক্=জলসেক করা+অরন্—প্রং) সং, পুং, জলকণা। গুঁড়ি গুঁড়ি বর্ষণ। "গঙ্গাশীকরিণো মার্গে মরুতস্তং সিষেবিরে" কাং। বায়ু।
সীতা, (সি=[ভূমিকে] খননকরা+ক্ত—নামার্থে, নিপাতনহেতু দীর্ঘ) সং, স্ত্রীং, লাঙ্গলপদ্ধতি, লাঙ্গলচিহ্নিত রেখা। রামচন্দ্রের পত্নী, জনক রাজার দুহিতা, বৈদেহী। যজ্ঞভূমি কর্ষণ কালে ইনি লাঙ্গলের মুখে পৃথিবী হইতে উত্থিত হইয়াছিলেন। "অথ মে কৃষতঃ ক্ষেত্রং লাঙ্গলাদুত্থিতা ততঃ। ক্ষেত্রং শোধয়তা লব্ধা নাম্না সীতেতি বিশ্রুতা॥ অযোনিজা পদ্মকরা বালার্কশতসন্নিভা। সীতামুখে সমুৎপন্না বালভাবেন সুন্দরী। সীতামুখোদ্ভবাৎসীতা ইত্যস্যা নাম চাকরোৎ"। স্বর্গগঙ্গার ধারাবিশেষ। কথিত আছে স্বর্গ হইতে সুমেরুশিখরে পতিত হইয়া গঙ্গার চারি ধারা হয়, উহারই পূর্ব্বধারা যাহা ভদ্রাশ্ববর্ষে প্রবাহিত হইয়াছে। লক্ষ্মী, রমা। দুর্গা, ভবানী। বনদেবতাবিশেষ। মদ্য।
সীতাপতি, (সীতা—পতি, ৬ষ্ঠী—স) সং, পুং, দশরথাত্মজ রামচন্দ্র, রঘুনাথ।
সীৎকার, (সীৎ=অনুকরণশব্দ—কার=করণ) সং, পুং, অব্যক্তমুখশব্দবিশেষ।
সীৎকৃত, (সীৎ=অনুকরণশব্দ—কৃত=করা হইয়াছে) সং, ক্লীং, শীতাদি জনিত অব্যক্ত মুখশব্দবিশেষ।
সীত্য, (সীতা=লাঙ্গলচিহ্নিত রেখা+যৎ—প্রং) বিং, ত্রিং, কৃষ্ট ক্ষেত্রাদি। সং, ক্লীং, ধান্য, ব্রীহি। শস্য।
সীদ্য, সং, ক্লীং, আলস্য, জড়তা।
সীধু, সং, পুং, মদ্য, মদিরিকা। মদ্যবিশেষ, গুড়জ মদ্য।
সীধুগন্ধ, (সীধু=মদ্যবিশেষ—গন্ধ=ঘ্রাণ) সং, পুং, বকুলবৃক্ষ।
সীধ্র, সং, ক্লীং, গুহ্যদ্বার, অপান।
সীপ, সং, পুং, জলপাত্রবিশেষ, কোষা।
সীমন্ত, (সীমন্=[কেশের] সীমা—অন্ত=শেষ, নিপাতন) সং, পুং, সিঁথি, ঝাঁপটা। কেশবীথি। সীমন্তোন্নয়ন। পুং, ক্লীং, মস্তক।
সীমন্তক, (সীমন্ত+কন্—অধিকারার্থে) সং, ক্লীং, সিন্দূর, সিঁদূর। পুং, প্রেত।
সীমন্তিত, (সীমন্তি=সীমন্তযুক্ত করান+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, সীমন্তযুক্তকৃত। সিঁথিকাটা, দ্বিবিভক্ত।
সীমন্তিনী, (সীমন্ত=সিঁথি+ইন্—অস্ত্যর্থে, ঈপ্) সং, স্ত্রীং, নারী, রমণী, মহিলা, কামিনী, বামা, স্ত্রী, বধূ।
সীমন্তোন্নয়ন, (সীমন্ত=সিঁথি—উন্নয়ন=উত্তোলন, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, গর্ভিণী স্ত্রীর চতুর্থ বা ষষ্ঠ বা অষ্টম মাসে কর্ত্তব্য সংস্কারবিশেষ।

সীমা, (সীমন্‌, সি=বন্ধনকরা+মন্‌—প্রং) সং, পুং, অন্ত, অবধি। ক্ষেত্র। ঘাড়, গর্দ্দান। মুষ্ক।
সীমা, (সীমন্‌+আপ্‌—প্রং) সং, স্ত্রীং, অন্ত, অবধি, প্রান্তভাগ। পদমর্য্যাদা। স্থিতি। ক্ষেত্র। সমুদ্রবেলা, তীর। মুষ্ক, অণ্ডকোষ। [গ্রামাদির নির্ণীত অন্তভাগ
সীমানা, (সীমন্‌ শব্দজ) সং, অবধি।
সীর, (সি=বন্ধনকরা+রন্‌—প্রং, ই=ঈ) সং, পুং, হল, লাঙ্গল। সূর্য্য, দিবাকর, সবিতা।
সীরক, (সীর=লাঙ্গল+ কন্‌— উপমানার্থে) সং, পুং, শিশুমার, শুশুক।
সীরধ্বজ, (সীর=লাঙ্গল—ধ্বজা=চিহ্ন) সং, পুং, জনকরাজা।
সীরপাণি, (সীর=লাঙ্গল— পাণি= হস্ত, ৬ষ্ঠী—হিং। সীরিন্‌, সীর=লাঙ্গল+ ইন্‌—অস্ত্যর্থে) সং, পুং, হলধর, বলরাম, রোহিণীরমণ। [মাছ।
সীলন্ধ, সং, পুং, মৎস্যবিশেষ, সিলিন্দা
সীবন, (সিব্‌=সেলাইকরা+অনট্‌—ভা) সং, ক্লীং, সূচী সেঁয়ান, তন্তুসন্তান। নী—স্ত্রীং, সূচী লিঙ্গাগ্র হইতে গুহ্য পর্য্যন্ত।
সীস, সীসক, সীসপত্রক, (সী, [সি=বন্ধনকরা+কিপ্‌—প্রং]=বন্ধন—সো=নাশকরা+ক—প্রং। পক্ষে কন্‌—যোগ) সং, ক্লীং, সীসাধাতু।
সু, (সু=গমনকরা+উ—প্রং) অং, উত্তম। শোভন, সুন্দর। অতিশয়, অত্যন্ত। সমৃদ্ধি। শুভ। অনায়াস। পূজা। উৎকর্ষ। সৌন্দর্য্য। কষ্ট। হর্ষ, আনন্দ। অনুমতি। সং, পুং, প্রসব।
সুঁড়ী, সুড়ি, (দেশজ) সং, অপ্রশস্ত পথ, গলীপথ।
সুঁতী, (স্রোতস্‌শব্দজ) সং, নালা, ক্ষুদ্রখাল, ক্ষুদ্র জলপথ। [পল, কুমুদ।
সুঁদী, (সৌগন্ধিকশব্দজ) সং, শ্বেতোৎ-
সুকণ্টকা, স্ত্রীং, মুসব্বর গাছ।
সুকণ্ডু (সু=অধিক—কণ্ডু=চুলকনা রোগ) সং, পুং, কণ্ডুরোগ, চুলকনা প্রভৃতি।
সুকন্দক, সুকন্দক, (সু=উত্তম—কন্দ=মূল+কন্‌—যোগ) সং, পুং, পলাণ্ডু, পেঁয়াজ।
সুকর, (সু=অনায়াস—কৃ=করা+খল্‌—র্ম্ম) বিং, ত্রিং, সুখকর। সুসাধ্য, অনায়াস সাধ্য, অক্লেশ সাধ্য। রা—স্ত্রীং, সুশীলা গাভী।
সুকর্ম্মা, (সুকর্ম্মন্‌, সু=উত্তম—কর্ম্মন্‌, ৬ষ্ঠী—হিং,) বিং, ত্রিং, সৎক্রিয়ান্বিত। কর্ম্মঠ। সং, পুং, বিশ্বকর্ম্মা, ত্বষ্টা। যোগবিশেষ।
সুকল (সু=উত্তম—কল্‌=শব্দকরা, ডাকা+অচ্‌—প্র) বিং, ত্রিং, দাতা ও ভোক্তা, দানভোগে সমর্থ। অবিকল। মধুরাস্ফুট।
সুকাণ্ডী, (সুকাণ্ডিন্‌, সু=উত্তম—কাণ্ড=ঝাড়, ঝোপ+ইন্‌—প্রং) সং, পুং, ভ্রমর, অলি, ভৃঙ্গ, ষট্‌পদ, মধুব্রত।
সুকুমার, (সু=অত্যন্ত—কুমার=কোমল, বালক, যং—স) বিং, ত্রিং, অতি কোমল। অতি মৃদু, অতি বালক। সং, পুং, পুড়ি ইক্ষু। শস্যবিশেষ। বনচম্পকবিশেষ। এক দৈত্য। রা—স্ত্রীং, ডবল মল্লিকা। কদলী। নদীবিশেষ।
সুকুমারবিদ্যা, সং, স্ত্রীং, সাহিত্যাদি শাস্ত্র। (Polite Learning)
সুকৃৎ, (সু=শুভ—কৃৎ=যে করিয়াছে) বিং, ত্রিং, সুকর্ম্মকারী, ধার্ম্মিক, পুণ্যাত্মা, পুণ্যবান্‌, সৌভাগ্যশালী।
সুকৃত, (সু=শুভ—কৃত=যাহা করা হইয়াছে) সং, ক্লীং, পুণ্য, ধর্ম্ম। ভাগ্য। শুভ। দান। পুরস্কার। দয়া, বদান্যতা। বিং, ত্রিং, পুণ্যবান্‌। পুণ্যাত্মা, ধার্ম্মিক। সুনির্ম্মিত, সুবিহিত। ভাগ্যবান্‌। যাহা উত্তমরূপে করা হইয়াছে।
সুকৃতি, (সু=উত্তমরূপে—কৃতি=করণ

সং, স্ত্রীং; পুণ্য, ধর্ম্ম, সৎকর্ম্ম। অদৃষ্ট। ভাগ্য। শুভ।

সুকৃতী, (সুকৃতিন্, সুকৃত=পুণ্য+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, ধার্ম্মিক, পুণ্যাত্মা। ভাগ্যবান্, সৌভাগ্যশালী। শুভযুক্ত।

সুকেতু, (সু=উত্তম—কেতু=ধ্বজা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, তাড়কা রাক্ষসীর পিতা।

সুকেশী, (সু=উত্তম—কেশ=চুল, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, সুকেশা স্ত্রী। অপ্সরা-বিশেষ। [বিশেষ, ক্ষীরকাকোলী।

সুকোলী, সং, স্ত্রীং, ঔষধের গাছড়া-

সুখ, (সু=উত্তম—খ=[জ্ঞানের] ইন্দ্রিয়। কিংবা সু=শুভ—খন্=খোঁড়া+ড—প্রং। অথবা সুখ=হৃষ্টকরা+অচ্—ভা, ক) সং, ক্লীং, প্রীতি, হর্ষ, আনন্দ। স্বর্গ, ত্রিদিব, নাক। জল, সলিল, বারি। বিং, ত্রিং, সুখজনক। প্রিয়, মনোহর। মধুর। সুখী। খা—স্ত্রীং, বরুণপুরী।

সুখকর, (সুখ—কর=যে করে) বিং, ত্রিং, সুখজনক। প্রীতিপ্রদ। সুসাধ্য।

সুখচার, (সুখ=আনন্দ—চর্=গমন করা+অণ্—প্রং) সং, পুং, উৎকৃষ্ট অশ্ব, সুন্দর ঘোটক।

সুখজাত, (সুখ—জাত=উৎপন্ন) বিং, ত্রিং, সুখযুক্ত, সুখী, আমোদী।

সুখদ, (সুখ—দ=যে দানকরে, ২য়া—ষ) বিং, ত্রিং, হর্ষদ, সুখদায়ক। দা—স্ত্রীং, স্বর্গবেশ্যা। অপ্সরা।

সুখবর্চ্চ, (সুখ=হর্ষ—বর্চ্চ=দীপ্তি পাওয়া+কন্) সং, পুং, সোরা, ক্ষার।

সুখবাস, সং, পুং, তরমুজ, শীর্ণবৃন্ত।

সুখভাক্, (সুখভাজ্, সুখ—ভজ্=ভাগ করা+কিপ্—প্রং) বিং, ত্রিং, সুখী, সুখভাগী। [বঙ্গাতে পূজ্যা লক্ষ্মী।

সুখরাত্রি; সং, স্ত্রীং, দীপান্বিতা অমা-

সুখাধার, (সুখ=আনন্দ—আধার=আশ্রয়) সং, পুং, সুখের স্থান, স্বর্গ। নাক, ত্রিদিব, ত্রিপিষ্টপ।

সুখায়ত, সুখায়ন, (সুখ=আনন্দ—আয়ত=সংযত। সুখ=আনন্দ—অয়ন=গমন) সং, পুং, সুশিক্ষিত অশ্ব। উত্তম ঘোটক।

সুখাবহ, (সুখ-আ—বহ্=যে বহন করে, ২য়া-ষ) বিং, ত্রিং, সুখদায়ক, সুখজনক।

সুখাশ, (সুখ=আনন্দ—অশ্=ভক্ষণকরা+অচ্—প্রং। কিম্বা সুখ=সুখকর—আশা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বরুণ, পাশী, জলেশ্বর। তরমুজ, কাঁকুড়। ভোজনবিলাসী।

সুখী, (সুখিন্, সুখ+ইন্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, সুখবিশিষ্ট, প্রীতিমান্, সন্তুষ্ট। পুং, যতি।

সুখোৎসব, (সুখ=আনন্দ—উৎসব) সং, পুং, ভর্ত্তা, পতি, স্বামী। আনন্দোৎসব।

সুখ্যাতি, (সু—খ্যাতি=যশঃ) সং, স্ত্রীং, যশঃ, প্রশংসা, প্রসিদ্ধি।

সুগ, (সু=উত্তম—গম=গমনকরা+ড—প্রং) সং, ক্লীং, বিষ্ঠা, পুরীষ, মল। বিং, ত্রিং, শোভনগামী। সুবোধ্য। সুগম।

সুগত, (সু=শুভ—গত=যে গিয়াছে, কিম্বা জ্ঞাত। যৎকর্তৃক শুভ জানা যায়) সং, পুং, বুদ্ধদেব।

সুগন্ধ, (সু=উত্তম—গন্ধ, ৬ষ্ঠী—হিং+য়ং—স) সং, পুং, উত্তম গন্ধ। গন্ধক। গন্ধবণিক্। চন্দনবৃক্ষ। ক্লীং, নীলোৎপল। চন্দন। জিরা। গন্ধ তৃণবিশেষ। বিং, ত্রিং, সদ্গন্ধযুক্ত, উত্তম গন্ধবিশিষ্ট। ন্ধা, স্ত্রীং, তুলসী। চুনবিশেষ। মল্লিকা।

সুগন্ধি, (পূর্ব্বে দেখ+ই—প্রং) বিং, ত্রিং, সদ্গন্ধযুক্ত, সুরভি। ধার্ম্মিক। সং, পুং, আম্র, চূত, রসাল, মাকন্দ, সহকার। ক্লীং, সুগন্ধ ঔষধদ্রব্য, এলাবালুকা। পিপ্পলমূল। গন্ধতৃণবিশেষ। ধন্যাক, ধনিয়া।

সুগন্ধিক, (সু=প্রয়োজনাতিরিক্ত শব্দ—গন্ধ=আঘ্রাণ+ঠক্—প্রং) সং, ক্লীং,

শ্বেতপদ্ম। পদ্মের মূল। উশীর। পুং, মোটা ধান্যবিশেষ। ধূপ,ধুনা। গন্ধক।
সুগন্ধিমূষিকা, (সুগন্ধি=সুরভি—মূষিকা =ইন্দুর) সং, স্ত্রীং, ছুঁছা, ছুছুন্দরী।
সুগম, (সু=উত্তমরূপে—গম=গমনকরা যায় যাহাতে) বিং, ত্রিং, সুগম্য। অনায়াসলভ্য। সুজ্ঞেয়। সুবোধ।
সুগৃহীত, (সু=উত্তমরূপে—গৃহীত) বিং, ত্রিং, উত্তমরূপে গৃহীত। ধৃত।
সুগৃহীতনামা, (সুগৃহীতনামন্, সু=শুভ —গৃহীত=যাহা গ্রহণ করা গিয়াছে— নামন্=নাম) সং, পুং, পুণ্যশ্লোক। যুধিষ্ঠিরাদি। প্রাতঃস্মরণীয় ব্যক্তি।
সুগ্রীব, (সু=সুন্দর—গ্রীবা=ঘাড়, ৬ষ্ঠী —হিং) সং, পুং, বানররাজ, কিষ্কিন্ধ্যাধিপতি। কৃষ্ণের অশ্ববিশেষ। শিব, মহাদেব। ইন্দ্র, বাসব, পুরন্দর, আখণ্ডল। রাজহংস। হংস। ৯ম জৈনের পিতা। বীর, শূর। জলাশয়। পর্ব্বতবিশেষ। অস্ত্রবিশেষ। বাসুকি। বিং, ত্রিং, সুন্দরগ্রীবাযুক্ত।
সুগ্রীবেশ, (সুগ্রীব=বানররাজ—ঈশ= প্রভু) সং, পুং, রামচন্দ্র, রাঘব।
সুগোচ, (দেশজ) সং, সদুপায়, সুযোগ।
সুগ্ন, (সু=উত্তম, অত্যন্ত—গ্লৈ=শ্রান্ত হওয়া+ক) বিং, ত্রিং, অতিশয় শ্রান্ত।
সুঘটিত, (সু—ঘট্=চেষ্টকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, উত্তমরূপে সংযোজিত। উত্তমরূপে সাজান। উত্তমরূপে কল্পিত।
সুচক্ষুঃ, (সুচক্ষুস্) পুং, ডুম্বুরবৃক্ষ। পণ্ডিত, বিদ্বান্। বিং, ত্রিং, সুন্দর লোচনবিশিষ্ট।
সুচরিত, (সু—চরিত=গত, ইত্যাদি) সং, ক্লীং, উত্তম আচরণ। বিং, ত্রিং, উত্তমরূপে আচরিত।
সুচরিত্রা, (সু=উত্তম—চরিত্র) সং, স্ত্রীং, সাধ্বী, সৎস্বভাববিশিষ্টা স্ত্রী।
সুচারু, (সু=অত্যন্ত—চারু=মনোহর, য়ং—স) বিং, ত্রিং, অতি সুন্দর। অতিশয় মনোহর, মনোজ্ঞ।
সুচিত্রক, (সু=অত্যন্ত—চিত্রক=চিত্র, বিচিত্রিত) সং, পুং, মাছরাঙ্গা পাখী। চিত্রসর্প, কালনাগিনী সাপ।
সুচির, (সু=অত্যন্ত—চির=অধিককাল) সং, ক্লীং, অতি দীর্ঘকাল, অনেক দিন, "সুচিরমুষিতং বল্কলধরৈঃ" উং। বিং, ত্রিং, দীর্ঘকাল-স্থায়ী।
সুচিরম্, (সু=অত্যন্ত—চিরম্=অধিককাল) অং, বহুকাল, অধিককাল।
সুচিরায়ুঃ, (সুচিরায়ুস্, সু=অত্যন্ত— চির=অধিককাল—আয়ুস্=জীবন) সং, পুং, দেবতা।
সুচুটী, (সু=উত্তম—চুট্=ছেদকরা+ক —প্রং, ঈপ্—যোগ) সং, স্ত্রীং, চিম্টা।
সুচেতাঃ, (সুচেতস্, সু=উৎকৃষ্ট—চেতস্ =মনঃ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সতর্ক। সাবধান। সন্তুষ্টচিত্ত।
সুচেলক, (সু=উত্তম—চেল=বস্ত্র+কন্ —যোগ) সং, পুং, শোভন বস্ত্র, উত্তম বস্ত্র।
সুচ্ছত্রী, সং, স্ত্রীং, শতদ্রু নদী।
সুজন, (সু=উত্তম—জন=লোক, য়ং— স) বিং, ত্রিং, সজ্জন, ধার্ম্মিক, সাধু।
সুজনতা, (সুজন+তল্-ভাবে) সং, স্ত্রীং, সাধুতা, ভদ্রতা, সৌজন্য। "সুজনতা প্রথিতা ভবতা পরং" উং।
সুজনত্ব, ক্লীং, দয়ালুতা, বদান্যতা।
সুজন্মা, সুজাত, (সুজন্মন্, সু=শোভন— জন্মন্=উৎপত্তি, ৬ষ্ঠী—হিং। সু=শোভনরূপে—জাত=যে জন্মিয়াছে) বিং, ত্রিং, শোভনজন্মা। বিবাহিত স্বামীর ঔরসে উৎপন্ন। সৎকুলোদ্ভব। সম্যক্- উৎপন্ন। সুন্দর।
সুড়ঙ্গ, (সুরঙ্গা শব্দজ) সং, সন্ধি, সিঁধ। গর্ত্ত, বিবর, পৃথিবীর ভিতর দিয়া পথ।
সুত, (সু=প্রসবকরা+ক্ত—র্ম্ম) সং, পুং, পুত্র, তনুজ, তনয়, নন্দন। রাজনন্দন, যুবরাজ। তা—স্ত্রীং, কন্যা, দুহিতা,

নন্দিনী, পুত্রী। বৃশ্চবিশেষ। বিং, ত্রিং, উৎপন্ন। সম্বদ্ধ, নিষ্পীড়িত।

সুতক, (সুত+কন্—প্রং) সং, ক্লীং, জননাশৌচ।

সুতঙ্গম, (সুত=পুত্র—গম=যাওয়া+খচ্) সং, পুং, পুত্রের পিতা, পুত্রী।

সুতনু, (সু=সুন্দর, উত্তম—তনু=দেহ, কৃশ) বিং, ত্রিং, সুন্দরদেহ। অতিশয় কৃশ। নু, নূ—স্ত্রীং, কৃশাঙ্গী, তন্বী, শোভনাঙ্গী, সুন্দরী।

সুতপাঃ, (সুতপস্, সু=অত্যন্ত—তপ্=উত্তপ্তকরা+অস্—প্রং) সং, পুং, সূর্য্য, সবিতা, দিবাকর, মার্ত্তণ্ড, হেলি। (সু=উত্তম—তপস্=তপস্যা) পুং, মুনি। ত্রিং, তপস্বী। ক্লীং, উত্তমতপস্যা।

সুতরাম্, (সু=অতিশয়+চতরাম্—প্রং) অং, অত্যন্ত, "সুতরাং দয়ালুঃ" কাং। অবশ্য। অগত্যা।

সুতর্দ্দন, (সু=অত্যন্ত—তর্দ্দ=বধকরা+অনট্—প্রং) সং, পুং, কোকিল, পরভৃত, পিক।

সুতল, (সু=অত্যন্ত—তল=অধোভাগ, বং—স) বিং, ত্রিং, উত্তম তলযুক্ত (গৃহাদি)। সং, পুং, ষষ্ঠ পাতাল। অট্টালিকাবন্ধ, অট্টালিকার মূলপত্তন।

সুতবঙ্করা, সং, স্ত্রীং, সপ্ত পুত্রের মাতা।

সুতবান্, (সুতবৎ, সুত+বৎ—অস্ত্যর্থে) বিং, ত্রিং, পুত্রবিশিষ্ট, যাহার পুত্র আছে।

সুতহিবুক, সং, পুং, যোগবিশেষ।

সুতাত্মজ, (সুত=পুত্র বা সুতা=কন্যা—আত্মজ=পুত্র বা আত্মজা=কন্যা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, পৌত্র, পুত্রের পুত্র। দৌহিত্র, কন্যার পুত্র। জা—স্ত্রীং, পৌত্রী, পুত্রের কন্যা। দৌহিত্রী, কন্যার কন্যা।

সুতী, (সুতিন, সুত+ইনি—অস্ত্যর্থে) বিং, ত্রিং, পুত্রবিশিষ্ট, যাহার পুত্র আছে।

সুতীক্ষ্ণ, (সু=অত্যন্ত—তীক্ষ্ণ, বং—স) সং, পুং, মুনিবিশেষ। বিং, ত্রিং, অতি তীক্ষ্ণ। অতিশয় ধারাল, চোখ।

সুতুঙ্গ, (সু=অত্যন্ত—তুঙ্গ=উচ্চ) বিং, ত্রিং, অতিশয় উচ্চ। সং, পুং, নারিকেল বৃক্ষ। [তস্মান।

সুত্যা, (সু=প্রসবকরা+ক্যপ্) স্ত্রীং, ব্র-

সুত্রামা, (সুত্রামন্, সু=উত্তম—ত্রৈ=[জগৎ] রক্ষাকরা+মন্—প্রং) সং, পুং, ইন্দ্র, দেবরাজ, বাসব, পুরন্দর, আখণ্ডল, পাকশাসন।

সুত্বা, (সুত্বন, সু=প্রসবকরা+বন্—ক, ৎ—আগম) সং, পুং, যজ্ঞস্নায়ী।

সুদ, (যবনভাষা) সং, বৃদ্ধি, ধন প্রয়োগের লাভ।

সুদক্ষিণ, (সু=অত্যন্ত—দক্ষিণ=নিপুণ, বং -স) সং, পুং, বিদর্ভ দেশের নৃপবিশেষ। ণা-স্ত্রীং, দিলীপ রাজার পত্নী। বিং, ত্রিং, উত্তম দক্ষিণাযুক্ত। [ণীর।

সুদণ্ড, সং, পুং, বেত্র, বেত, বঞ্জুল, বা-

সুদন্, (সুদৎ, সু=শোভন—দন্ত=দাঁত, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং শোভন দন্তবিশিষ্ট। তী—স্ত্রীং, সুন্দরী স্ত্রী।

সুদন্ত, পুং, নট, নৃত্যকারী। স্তী, স্ত্রীং, বায়ুকোণের দিক্ হস্তিনী।

সুদম, (সু=অনায়াসে—দম=দমনকারী—র্ম্ম) বিং, ত্রিং, অনায়াসে দমনীয়।

সুদর্শন, (সু=সুন্দররূপে—দৃশ্=দেখা+অনট্—র্ম্ম) সং, পুং, বিষ্ণুর চক্রনামক অস্ত্র। সুমেরু। গোলাবজাম। বর্ত্তমান কালের অষ্টাদশ জৈন মুনির পি[illegible]। গৃধ্র, শকুনি। বিং, ত্রিং, সুন্দর, সুদৃশ্য, দেখিতে উত্তম। নং—ক্লীং, নী—স্ত্রীং, ইন্দ্রপুরী, অমরাবতী। অলকা। না—স্ত্রীং, ঔষধ। আজ্ঞা। বৃক্ষবিশেষ। সুদৃশ্যা কামিনী।

সুদামা, (সুদামন্, সু=উত্তম—দামন্=রজ্জু। কিম্বা সু=অত্যন্ত—দা=দানকরা+মন্—প্রং) সং, পুং, মেঘ, ঘন, অম্বুদ, জীমূত, জলধর। পর্ব্বত, মহীধর, অচল, নগ। সমুদ্র, সাগর, অর্ণব, সরিৎপতি। ঐরাবত। গোপবিশেষ। এক

ব্রাহ্মণ, যাঁহাকে শ্রীকৃষ্ণ ধনী করিয়াছিলেন। বিং, ত্রিং, অতিশয় দাতা, উত্তম দাতা। [যৌতুকাদি দান।

সুদায়, (সু=শুভ—দায়=দান) সং, পুং,

সুদারু, সং, পুং, পারিবাত্র পর্ব্বত, বিন্ধ্য পর্ব্বতের এক পাদ।

সুদি, অং, শুক্লপক্ষ।

সুদীর্ঘ, (সু=অত্যন্ত—দীর্ঘ=লম্বা, য়ং—স) বিং, ত্রিং, অতিদীর্ঘ, অধিক লম্বা।

সুদুঃখিত, (সু=অতিশয়—দুঃখিত, য়ং—স) বিং, ত্রিং, সাতিশয় ক্লেশযুক্ত, অত্যন্ত ব্যথিত।

সুদুর্লভ, (সু=অত্যন্ত—দুর্লভ=দুষ্প্রাপ্য, য়ং—স) বিং, ত্রিং, অত্যন্ত দুষ্প্রাপ্য, যাহা প্রাপ্ত হওয়া যায় না।

সুদুশ্চর, সুদুষ্কর, (সু=অত্যন্ত—দুর্=দুঃখ—চর্=গমনকরা+অচ্—র্ম্ম। সু=অত্যন্ত—দুষ্কর=দুঃসাধ্য, য়ং—স) বিং, ত্রিং, সাতিশয় ক্লেশে সম্পাদনীয়, অতিদুঃসাধ্য।

সুদুস্তর, (সু=অত্যন্ত—দুস্তর=দুষ্পার, য়ং—স) বিং, ত্রিং, দুষ্পার, অতিদুস্তর, যাহা পার হওয়া দুঃসাধ্য।

সুদূর, (সু=অত্যন্ত—দূর=অসন্নিকৃষ্ট, য়ং—স) বিং ত্রিং, অতি দূরবর্ত্তী, বহুদূরস্থ। সং, ক্লীং, বহু দূর।

সুদূরপরাহত, (সুদূর—পরাহত, ৭মী—ষ) বিং, ত্রিং, একান্ত নিরস্ত। অতিদূরে নিরাকৃত।

সুদৃক্, (সুদৃশ্, সু=উত্তম—দৃশ্, [দৃশ্=দেখ+কিপ্—ভা, ণ]=চক্ষুঃ, দর্শন, ৬ষ্ঠী হিং) বিং, ত্রিং, সুনয়ন, সুন্দর চক্ষুর্ব্বিশিষ্ট। সং, স্ত্রীং, সুন্দরী স্ত্রী।

সুদৃঢ়, (সু=অত্যন্ত—দৃঢ়=কঠিন, য়ং—স) বিং, ত্রিং, অতিদৃঢ়, বড়কঠিন।

সুদৃশ্য, (সু=উত্তম—দৃশ্য=দর্শনীয়, য়ং—স) বিং, ত্রিং, দেখিতে সুশ্রী, সুন্দর, মনোজ্ঞ।

সুধন্বা, (সুধন্বন্, সু=উত্তম—ধনুস = ধনুক, ৬ষ্ঠী—হিং, অন্—প্রং) সং, পুং, উত্তম ধনুর্দ্ধারী। বিশ্বকর্ম্মা। নৃপবিশেষ। অনন্তদেব।

সুধর্ম্মন, (সু=অত্যন্ত—ধর্ম্ম, ৭মী—হিং, +৬ষ্ঠী—হিং, অন্—প্রং) সং, পুং, দেবগণের সভা। গৃহস্থ। বিং, ত্রিং, অতি ধার্ম্মিক। বর্ত্তমান কালের শেষ জৈনের একজন প্রধান শিষ্য। র্ম্মা, র্ম্মী—স্ত্রীং, দেবসভা।

সুধা, (সু=সুখে—ধৈ=পানকরা, কিম্বা ধা=[জীবন] ধারণকরা, পোষণকরা+অঙ্—র্ম্ম, ক, আ—প্রং) সং, স্ত্রীং, অমৃত, পীযূষ। পুষ্পরস, মধু, মকরন্দ। চূণ। জল। ইষ্টক। গঙ্গা, জাহ্নবী, ভাগীরথী। হরীতকী।

সুধাংশু, সুধাকর, সুধাঙ্গ, (সুধা—অংশু=কিরণ, ৬ষ্ঠী—হিং। সুধা—আকর=উৎপত্তিস্থান, ৬ষ্ঠী—ষ। সুধা—অঙ্গ=অবয়ব, ৬ষ্ঠী—হিং। সং, পুং, চন্দ্র, শশী, বিধু, ইন্দু। দেবতাদিগের সুধার ভাণ্ডারস্বরূপ।

সুধাংশুরত্ন, (সুধাংশু=চন্দ্র—রত্ন=মণি) সং, ক্লীং, মৌক্তিক, মুক্তা।

সুধাজীবী, (সুধাজীবিন্, সুধ=চূণকাম—জীবী=যে জীবিকা নির্ব্বাহ করে) সং, পুং, রাজমিস্ত্রী।

সুধাধার, সুধানিধি, (সুধা—আধার, নিধি=আশ্রয়, ৬ষ্ঠী—ষ) সং, পুং, চন্দ্র, শশী, বিধু, ইন্দু, শশাঙ্ক।

সুধাপাণি, (সুধা—পাণি=হস্ত, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ধন্বন্তরি, দেবচিকিৎসক।

সুধাভবন, ক্লীং, পঞ্চমমুহূর্ত্ত।

সুধাভুক্, (সুধাভুজ্, সুধা—ভুজ্=ভোজনকরা+কিপ্—ক) সং, পুং, অমৃতভোজী, দেবতা।

সুধাভৃতি, পুং, হোম, নিবেদন।

সুধাময়, (সুধা=অমৃত, চূর্ণ বা ইষ্টক+ময়ট্—প্রং) বিং, ত্রিং, অমৃতময়। চূর্ণময়। সং, পুং, প্রাসাদ, অট্টালিকা।

হর্ম্য
সুধাবর্ষী, (সুধাবর্ষিন্, সুধা—বৃষ্=বর্ষণকরা+ইন্—ক) সং, পুং, চন্দ্র, ইন্দু, বিধু, শশাঙ্ক। ব্রহ্মা, কমলযোনি, পিতামহ। বুদ্ধিবিশেষ।
সুধাশ্রবা, স্ত্রীং, তালু, আলজিব।
সুধাসূতি, (সুধা—সূতি=জন্ম, উৎপত্তি) সং, পুং, চন্দ্র, বিধু, ইন্দু, মৃগলাঞ্ছন, নিশাকর। যজ্ঞ, অধ্বর, বিতান, ক্রতু। পদ্ম, তামরস, অম্বুজ, জলজ।
সুধাস্রবা, (সুধা—স্রু=ক্ষরিত হওয়া+অচ্—আপ্, প্রং) সং, স্ত্রীং, আলজিভ।
সুধাহৃদ্, সুধাহৃৎ, (সুধা—হর্—হৃৎ=যে হরণ করে) সং, পুং, গরুড়, বৈনতেয়, সুপর্ণ, পক্ষিরাজ। ইহার মাতা বিনতাকে কশ্যপমুনি-পত্নী কদ্রুর দাসীত্ব হইতে মোচন করিবার অভিপ্রায়ে, কদ্রুসন্তান সর্পগণের সুধার বিষয় গোচর হওয়াতে, সুধার কারণ ইনি চন্দ্রকে অপহরণ করেন বলিয়া। বিনতাও এই মুনির এক পত্নী ছিলেন।)
সুধিতি, সং, পুং, স্ত্রীং, কুঠার, বাইস।
সুধী, (সু=শোভন—ধী=বুদ্ধি, ৬ষ্ঠী—হিং) সং, পুং, পণ্ডিত, বিদ্বান্, বিপশ্চিৎ। সাতিশয় বুদ্ধিমান্। স্ত্রীং, সুন্দর বুদ্ধি। বিং, ত্রিং, সুবুদ্ধি। [মাত্র,খালি।
সুধু, (শুদ্ধশব্দজ) বিং, কেবল, এক-
সুধোদ্ভব, (সুধা—উদ্ভব=উৎপন্ন) সং, পুং, ধন্বন্তরি। বা—স্ত্রীং, হরীতকী।
সুনন্দ, (সু=উত্তমরূপে—নন্দি=আনন্দিত করান+অচ্—প্রং) সং, ক্লীং, বলরামের মুষল। বিং, ত্রিং, আনন্দজনক, আনন্দদায়ক। ন্দা—স্ত্রীং, উমাসখী-বিশেষ। ইন্দুমতীর সখী। পার্ব্বতী। নারী। গোরোচনা।
সুনয়ন, (সু=উত্তম—নয়ন=চক্ষুঃ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, হরিণ, এণ, মৃগ। না—স্ত্রীং, সুনেত্রা নারী।
সুনাভ, (সু=উত্তম—নাভি) সং, পুং, মৈনাক পর্ব্বত। হিমালয়ের পুত্র।
সুনার, সং, পুং, কুক্কুরীর স্তনদুগ্ধ। সাপের ডিম। চড়ুই পাখী।
সুনাসীর, (সু=উত্তম—নাসীর=অগ্রবর্ত্তী-সৈন্য, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ইন্দ্র, বাসব, পুরন্দর, আখণ্ডল, পাকশাসন, দেবরাজ।
সুনিশ্চিত, (সু=সম্পূর্ণরূপে—নিশ্চিত) বিং, ত্রিং, স্থিরীকৃত, অবধারিত।
সুনিষণ্ণ, সুনিষণ্ণক, (সু=উত্তম—নিষণ্ণ=নিদ্রাকর্ত্তৃক অবনমন। পক্ষে কন্—যোগ) সং, ক্লীং, সুষুণীশাক।
সুনিষ্টপ্ত, (সু=অত্যন্ত—নিষ্টপ্ত=উত্তপ্ত) বিং, ত্রিং, অতিশয় উত্তপ্ত, অত্যন্ত উষ্ণ।
সুনীতি, (সু=উত্তম—নীতি, যং—স) সং, স্ত্রীং, উত্তমনীতি, সদাচরণ। ধ্রুবমাতা। বিং, ত্রিং, নীতিমান্।
সুনীথ, (সু=উত্তমরূপে—নী=পাওয়া+থক্—প্রং) বিং, ত্রিং, সাধু, ধার্ম্মিক, সং।
সুন্দ; সং, পুং, দৈত্যবিশেষ। বানরবিশেষ।
সুন্দর, (সু=উত্তমরূপে—দৃ=আদরকরা+অল্—র্ম, ন্—আগম। কিম্বা সু—উন্দ্=[মনকে] আর্দ্রকরা+অরন্—প্রং) বিং, ত্রিং, মনোজ্ঞ, মনোহর, রম্য, সুরূপ। সং, পুং, কামদেব, মার, মনসিজ, কন্দর্প। রী—স্ত্রীং, সুরূপা স্ত্রী। সুঁদরী গাছ। ছন্দোবিশেষ। হরিদ্রা।
সুন্বৎ, (সু=যাগকরা+অৎ—ক, ন্, ব—আগম) বিং, ত্রিং, যজ্ঞকারী, যাজ্ঞিক, যজমান।
সুপক্ব, (সু=উত্তম—পক্ব, যং—স) বিং, ত্রিং, উত্তম পরিপক্ব, সুপরিণত। সুসিদ্ধ। সং, পুং, সুগন্ধি আম্রবিশেষ।
সুপচ, (সু—পচ্=পাককরা+অচ্—প্রং) বিং, ত্রিং, লঘুপাক দ্রব্য।
সুপত্র, (সু=উত্তম—পত্র=পাতা) বিং,

ত্রিং, সুন্দর পত্রযুক্ত। সুন্দর পক্ষযুক্ত। সুন্দর বাহনযুক্ত সং, ক্লীং, তেজপত্র, তেজপাত।

সুপথ, সুপথিন্, (সু=উত্তম—পথিন্=রাস্তা, যং—স, অ—প্রং) সং, পুং, সুন্দর পথ, সন্মার্গ। সদাচার।

সুপদ্ম, সং, পুং, ব্যাকরণবিশেষ। দ্মা—স্ত্রীং, ঔষধবিশেষ, বচ।

সুপর্ণ, (সু=সুন্দর—পর্ণ=পালখ, ৬ষ্ঠী—হিং। সং,পুং, গরুড়। গরুড় বজ্রাঘাতে আহত হইয়াও হাস্যমুখে কহিলেন, দেখ দেবরাজ! বজ্রাঘাতে আমার কিছুই হয় নাই; কিন্তু বজ্রের সম্মানার্থে একটী পক্ষ পরিত্যাগ করিতেছি। দেবগণ এই পক্ষটী সুন্দর দেখিয়া ইহার নাম সুপর্ণ রাখিলেন) স্বর্ণচূড়পক্ষী, কুক্কুট। বিং, ত্রিং, সুন্দর পর্ণযুক্ত। র্ণা, র্ণী—স্ত্রীং, পদ্মিনী। বিনতা, গরুড়মাতা।

সুপর্ণক, (সু=উত্তম—পর্ণ=পালক+কন্—যোগ) সং, পুং, গরুড়। সপ্তচ্ছদ বৃক্ষ। ছাতিম গাছ।

সুপর্ণকেতু, (সুপর্ণ=গরুড়—কেতু=চিহ্ন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, গরুড়ধ্বজ, বিষ্ণু।

সুপর্ব্বা, (সুপর্ব্বন্, সু=উত্তম, অত্যন্ত—পর্ব্বন্=গাঁইট, ৬ষ্ঠী—হিং) সং, পুং, দেবতা। বাণ, ইষু, মার্গণ, শিলীমুখ, শায়ক, শর, পত্রী। বাঁশ, বেণু, কীচক। তিথিবিশেষ। ধূম। ক্লীং, সুন্দর পর্ব্ব।

সুপাত্র, (সু=উত্তম—পাত্র=ভাজন, যং—স) সং, পুং, যোগ্য ব্যক্তি, উপযুক্ত পাত্র। উত্তম ভাজন।

সুপারী, (দেশজ) সং, গুবাক ফল, পূগ, গুয়া। [অনুরোধ।

সুপারীস, (যবনভাষা) সং উপরোধ,

সুপার্শ্ব, (সু=উত্তম—পার্শ্ব=পাশ) সং, পুং, পক্ষিবিশেষ, সম্পাতির পুত্র। প্লক্ষবৃক্ষ। বর্ত্তমান খন্দেশ। সপ্তম জৈনমুনি

সুপীবা, (সুপীবন্, সু=উত্তমরূপে—পা=পানকরা+বন্-প্রং) বিং, ত্রিং, উত্তমরূপে পানকারী।

সুপুষ্প, (সু=উত্তম—পুষ্প=ফুল) সং, পুং, পালিতামাদার গাছ। শিরীষবৃক্ষ। ক্লীং, লবঙ্গ। ষ্পী—স্ত্রীং, কদলী। পুষ্পবিশেষ।

সুপ্ত, (স্বপ্=নিদ্রিত হওয়া+ক্ত—ভা, —ক) সং, ক্লীং, নিদ্রা। শয়ন। বিং, ত্রিং, নিদ্রিত। শয়িত। ইন্দ্রিয়জ্ঞানশূন্য।

সুপ্তঘাতক, (সুপ্ত=নিদ্রিত—ঘাতক=হত্যাকারী) বিং, ত্রিং, হিংস্র, হিংস্রক। হত্যাকারী।

সুপ্তজন, (সুপ্ত=নিদ্রিত—জন=লোক) সং, পুং, অর্দ্ধরাত্র। নিদ্রিত লোক। "অথার্দ্ধরাত্রে স্তিমিতপ্রদীপে শয্যাগৃহে সুপ্তজনে প্রবুদ্ধঃ" কাং।

সুপ্তজ্ঞান, (সুপ্ত=নিদ্রিত—জ্ঞান) সং, ক্লীং, স্বপ্ন, স্বপন।

সুপ্তি, (সুপ্ত দেখ+ক্তিন্—ভা) সং, স্ত্রীং, নিদ্রা, ঘুমান। স্বপ্ন। শয়ন। বিশ্রম্ভ, বিশ্বাস। [সুরা. সীধু। উজ্জ্বল বুদ্ধি।

সুপ্রতিভা; সং, স্ত্রীং, মদিরা, মদ্য,

সুপ্রতিষ্ঠা, সং,স্ত্রীং,দেবোদ্দেশে মদিরাদি বিধান। যশঃ, খ্যাতি। ছন্দোবিশেষ।

সুপ্রতীক, (সু=সুন্দর—প্রতীক=অবয়ব, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, শোভনাঙ্গ, সুন্দররূপে নির্ম্মিত, দেখিতে সুন্দর। পুং, ঈশান কোণের হস্তী।

সুপ্রতীত, বিং, ত্রিং, উত্তমরূপে জ্ঞাত। সাতিশয় প্রসিদ্ধ, স্পষ্টপ্রমাণীভূত।

সুপ্রভ, (সু=উত্তম—প্রভা=দীপ্তি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সুন্দর প্রভাযুক্ত। ভা—স্ত্রীং, দীপ্তি।

সুপ্রভাত, (সু=শুভ—প্রভাত=প্রাতঃকাল) সং, ক্লীং, শুভসূচক প্রাতঃকাল। (সু=অত্যন্ত—প্রভাত=দীপ্তি, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সাতিশয় দীপ্তিবিশিষ্ট।

সুপ্রলম্ভ, (সু=সুখে, উত্তমরূপে-প্র-লভ্=পাওয়া+খচ—প্রং) বিং, ত্রিং, যাহা অনায়াসে পাওয়া যাইতে পারে, সুখলভ্য, অনায়াসলভ্য।

সুপ্রলাপ, (সু—উত্তমরূপে—প্রলাপ=কথন) সং, পুং, সুবচন, সুন্দর বাক্য, বক্তৃতা, বাগ্মিতা, সূক্তি।

সুপ্রসন্ন, (সু=উত্তমরূপ, অত্যন্ত—প্রসন্ন=হৃষ্ট) বিং, ত্রিং, সাতিশয় প্রসন্ন, নিতান্ত অনুকূল। সং, পুং, যক্ষরাজ, কুবের

সুপ্রসাদ, (সু=অত্যন্ত, উত্তম—প্রসাদ=প্রসন্নতা) সং, পুং, আশুতোষ, দিগম্বর, কৃত্তিবাস, শিব। একান্ত অনুকূলতা, সাতিশয় প্রসন্নতা।

সুপ্রাত, (সু=উত্তম—প্রাতর্=প্রাতঃকাল) বিং, ত্রিং, শোভন প্রাতঃকালবিশিষ্ট।

সুফল, বিং, ত্রিং, উত্তম ফলশালী, সুন্দর সুমিষ্ট ফলোৎপাদক। সং, পুং, বিল্ব, বেল। দাড়িম্ব। শিম্বী বিশেষ। লা—স্ত্রীং, অলাবু, লাউ, কদু। কদলী। দ্রাক্ষাবিশেষ।

সুফেন, (সু=উত্তম—ফেন=ফেনা) সং, ক্লীং, সমুদ্রের ফেনা, কস্তুরা।

সুবন্ধ, (সু—বন্ধ=বন্ধন) সং, পুং, শস্যবিশেষ, তিল।

সুবুদ্ধি, (সু=উত্তম—বুদ্ধি=বোধ, ৬ষ্ঠী-হিং) বিং, ত্রিং, সুধী, উত্তম বুদ্ধিশালী।

সুবোধ, (সু=উত্তম—বোধ=জ্ঞান, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, উত্তমবুদ্ধিশালী, সাতিশয় বুদ্ধিমান্। যাহাকে অনায়াসে বুঝান যায়। যে শীঘ্র বুঝিতে পারে। পুং, জ্ঞান। জাগরণ।

সুভগ, (সু=উত্তম, শ্রেষ্ঠ—ভগ=ভাগ্য, শ্রী, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সুন্দর, লোচনানন্দদায়ক, যাহাকে স্ত্রীগণ কামনা করে। প্রিয়। ভাগ্যবান্, সৌভাগ্যশালী। সুখদ। সোহাগা। অশোকবৃক্ষ। চম্পক। গা—স্ত্রীং, স্বামীর সোহাগিনী কামিনী। মাননীয়া সম্ভ্রান্তা গৃহিণী। বনমল্লিকা, গিরিমল্লিকা। হরিদ্রা। তুলসী। তৃণবিশেষ।

সুভগম্মন্য, (সুভগ—মন্=বোধকরা+খৎ—প্রং) বিং, ত্রিং, যে আপনাকে সুভগ অর্থাৎ সুন্দর বা প্রিয় বলিয়া মনে করে। [নারিকেল বৃক্ষ।

সুভঙ্গ, (সু—ভঙ্গ=ভাঙ্গন) সং, পুং,

সুভদ্র, (সু=অতিশয়—ভদ্র=সৌভাগ্য, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সুসভ্য। সৌভাগ্যবিশিষ্ট, উত্তম। অতিশয় মঙ্গলযুক্ত। সং, পুং, বিষ্ণু। নৃপতিবিশেষ।

সুভদ্রক, (সুভদ্র+কন্—যোগ) সং, পুং, বিমান, ব্যোমযান। বিল্ববৃক্ষ।

সুভদ্রা, (সুভদ্র+আপ্—প্রং) সং, স্ত্রীং, কৃষ্ণের ভগিনী, অর্জ্জুন-পত্নী। লতাবিশেষ। ঘৃতমন্দার গাছ।

সুভাষিত, (সু=উত্তমরূপ—ভাষা=বাক্য+ইত—প্রং, কিম্বা ভাষ্=বলা+ক্ত—প্রং) বিং, ত্রিং, উত্তমরূপে কথিত। সং, ক্লীং, সুন্দর বাক্য, সুবচন, সূক্তি।

সুভিক্ষ, (সু=উত্তমরূপ—ভিক্ষ্=যাচ্ঞা করা, ভিক্ষা দ্বারা লাভ করা+ঘঞ্—প্রং) বিং, ত্রিং, প্রচুর ভিক্ষা বা ভক্ষ্যবিশিষ্ট। ক্ষা—স্ত্রীং, বৃক্ষবিশেষ।

সুভীরক, সং, পুং, পলাশবৃক্ষ।

সুভূ, (সু=উত্তম—ভূ=হওয়া+ক্বিপ্—প্রং) বিং, ত্রিং সুজাত, সুজন্মা। স্ত্রীং, উৎকৃষ্ট ভূমি।

সুভূম, পুং, কার্ত্তবীর্য্য, জৈনমতে ইনি ৮ম চক্রবর্ত্তী। [অতিশয় বহু।

সুভৃশ, (সু—ভৃশ=অতিশয়) বিং, ত্রিং, অং,

সুভ্রূ, (সু=সুন্দর—ভ্রূ=চখের ভুরু, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, সুন্দর ভ্রূবিশিষ্টানারী, সুন্দরী নারী। বিং, ত্রিং, সুন্দরভ্রূযুক্ত।

সুম, (সু=উত্তম—মা=লক্ষ্মী, ইহা লক্ষ্মীর আবৃত) সং, ক্লীং, পুষ্প, কুসুম, সুমনা। পুং, চন্দ্র, ইন্দু, বিধু, শশাঙ্ক। গগন, নভঃ, আকাশ।

সুমত, (সু=উত্তমরূপ—মন্=বোধকরা +ক্ত—প্রং) বিং ত্রিং, সুবুদ্ধিশালী। বন্ধুত্ববিশিষ্ট, প্রিয়।

সুমতি, (সু=উত্তম—মতি=বুদ্ধি, য়ং—স) সং, স্ত্রীং, সুবুদ্ধি। দয়া। বন্ধুত্ব বর্ত্তমান কল্পের ৫ম জৈনমুনি। অতীত কল্পের এক জৈনমুনি।

সুমদাত্মজা, (সু=অত্যন্ত—মদ=মত্তা -আত্মজা=কন্যা) সং, স্ত্রীং, অপ্সরা, স্বর্গবেশ্যা।

সুমধুর, (সু=অতিশয়—মধুর=মিষ্ট; য়ং—স) বিং, ত্রিং, অতিমধুর, অতিশয় মিষ্ট, হর্ষজনক।

সুমধ্যম, (সু=উত্তম—মধ্যম=কটি, ৬ষ্ঠী —হিং) বিং, ত্রিং, যাহার কটিদেশ উত্তম, উত্তমকটিযুক্ত। মা—স্ত্রীং, যে স্ত্রীর কটিদেশ উত্তম।

সুমন, (সু=উত্তম—মন্=বোধকরা+অচ্ —প্রং) সং, পুং, গোধূম, গম। ধুস্তূর। বিং, ত্রিং, মনোহর। না—স্ত্রীং, জাতীপুষ্প বৃক্ষ।

সুমনঃফল, পুং, কপিত্থ। বিল্ব।

সুমনাঃ, (সুমনস্, সু=উত্তম—মনস্= মন, ৬ষ্ঠী—হিং। পুষ্প পক্ষে সু=শোভন —মন্=বোধকরা+অস্—র্ম্ম ; কিংবা সু=শোভন—মনস্=মন, ৭মী—হিং ; অথবা সু=সুস্থির—মনস্=মন, ৬ষ্ঠী— হিং, মধ্যপদলোপ) সং, পুং, দেবতা। বিদ্বান্। বিল্ববৃক্ষ। বিং,ত্রিং, মহামনাঃ। প্রীত, সন্তুষ্ট। সুধী, পণ্ডিত। পুং, ক্লীং, স্ত্রীং, বহুং, পুষ্প। স্ত্রীং, মালতীপুষ্প।

সুমন্তু, সং, পুং, অথর্ব্ববেদের শাখাপ্রচারক মুনিবিশেষ।

সুমন্ত্র, (সু=উত্তম-মন্ত্র=মন্ত্রণা, ৬ষ্ঠী-হিং) সং,পুং, দশরথ রাজার সারথি ও মন্ত্রী।

সুমিত্রা, (সু=উত্তম—মিত্র=বন্ধু+আপ্ —প্রং) সং, স্ত্রীং, দশরথের কনিষ্ঠা স্ত্রী, লক্ষ্মণ ও শত্রুঘ্নের মাতা

সুমুখ, (সু=উত্তম—মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, গরুড়পুত্র। নাগবিশেষ। শাকবিশেষ। পণ্ডিত, অধ্যাপক। গণেশ। গরুড়। ক্লীং, নখক্ষতবিশেষ। বিং,ত্রিং, সুন্দর, মনোজ্ঞ। বিদ্বান্। সুন্দরমুখযুক্ত। খা, খী—স্ত্রীং, সুবদনা। দর্পণ, আরসি, আয়না।

সুমেধাঃ, (সুমেধস্, সু=উত্তম—মেধা =বুদ্ধি, ৬ষ্ঠী—হিং, অস্—প্রং) বিং, ত্রিং, সুবুদ্ধি, উত্তম বুদ্ধিসম্পন্ন।

সুমেরু, (সু=উত্তম—মি=[কিরণ] ক্ষেপণকরা+রু—প্রং) সং, পুং, পৃথিবীর মধ্যস্থ পর্ব্বতবিশেষ। পৃথিবীর উত্তর প্রান্ত। জপমালামধ্যস্থ গুটিকা। বিং, ত্রিং, সর্ব্বশেষ।

সুমেরুবৃত্ত, উত্তর মেরু হইতে ২৩॥০ অক্ষাংশ অন্তরে স্থিত রেখা। (Arctic circle)

সুমেরুসমুদ্র, পৃথিবীর উত্তরমেরুর চতুষ্পার্শ্ববর্ত্তী সমুদ্র। (Arctic Ocean)

সুম্ভ, পুং, দেশবিশেষ।

সুযামুন, (সু=উত্তম—যমুনা=সেইনদী +অণ্—প্রং) সং, পুং, বিষ্ণু। কৌশাম্বীরাজ। বৎসরাজ। প্রাসাদ, অট্টালিকা। পর্ব্বত।

সুযোগ, (সু=উত্তম-যোগ=উপায় ইত্যাদি, য়ং-স) সং,ক্লীং, সুসময়। সদুপায়

সুযোধন, (সু=উত্তমরূপে—যুধ্=যুদ্ধ করা+অনট্—র্ম্ম) সং, পুং, কুরুরাজ, দুর্য্যোধন।

সুর, (সু=আধিপত্যকরা+রক্—ক কিম্বা সুর=প্রভু হওয়া+ক-ক। অথবা সু=উত্তমরূপে—রাজ্=দীপ্তি পাওয়া+ ড-ক) সং, পুং, দেবতা। সূর্য্য, সবিতা পণ্ডিত।

সুরক্ত, (সু=উত্তমরূপে—রন্জ্=অনুরক্তহওয়া ইত্যাদি+ক্ত—প্রং) বিং ত্রিং, উত্তমরূপে রঞ্জিত। অতিশয় অনুরক্ত। অতিসুশ্রাব্য, অতিশয় মধুর যাহার কণ্ঠের রব মধুর। সুরগণ্ড সং, পুং, রোগবিশেষ, রাজগাঁড়

সুরগুরু, (সুর=দেবতা—গুরু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বৃহস্পতি, দেবাচার্য্য।
সুরগ্রামণী, (সুর=দেবতা—গ্রামণী=যে লইয়া যায়) সং, পুং, দেবরাজ, ইন্দ্র, পুরন্দর, বাসব, আখণ্ডল, পাকশাসন।
সুরঙ্গ, (সু=উত্তম—রঙ্গ=রং, ৫মী—হিং) সং, ক্লীং, সিন্দূর, হিঙ্গুল। পুং, সুড়ঙ্গ। অতি উজ্জ্বল রং। কমলালেবু।
সুরঙ্গযুক্, (সুরঙ্গযুজ্, সুরঙ্গ=সুড়ঙ্গ—যুজ্=যে যোগ করে বা করে,) সং, পুং, সুড়ঙ্গ কাটিয়া যে চুরি করে, সিঁদেল।
সুরুঙ্গা, সুরুঙ্গা, (সুরঙ্গ দেখ+অ—প্রং, পক্ষে অ=উ) সং, স্ত্রীং, সুড়ঙ্গ। সন্ধি, সিঁধ। গন্ধতৃণবিশেষ। বেলোয়ার কাচ।
সুরজঃফল, পুং, কাঁঠালগাছ।
সুরজ্যেষ্ঠ, (সুর=দেবতা—জ্যেষ্ঠ=অগ্রজ) সং, পুং, ব্রহ্মা, প্রজাপতি, পিতামহ।
সুরঞ্জন, (সু=উত্তমরূপ—রঞ্জন=সন্তুষ্টকরণ) সং, পুং, গুবাকবৃক্ষ, সুপারি গাছ।
সুরত, (সু=উত্তমরূপে—রম্=ক্রীড়াকরা +ক্ত—ভা, ক) সং, ক্লীং, স্ত্রীসঙ্গ, রমণ, রতিক্রীড়া। বিং, ত্রিং, অতি অনুরক্ত। দয়ালু। স্ত্রীং, (সুর+তল্—সমূহার্থে) দেবসমূহ। দেবত্ব।
সুরততালী, (সুরত=রতিক্রীড়া—তাল=স্বর ইত্যাদি+ঈপ্—প্রং) সং, স্ত্রীং, দূতী, কুটিনী। শিরোমাল্য।
সুরতোষক, (সুর=দেবতা—তুষ্=তুষ্ট হওয়া+ণক—প্রং) সং, পুং, কৌস্তুভমণি। বিং, ত্রিং, দেবতাদের প্রীতিকর।
সুরথ, বিং, ত্রিং, উত্তমরথযুক্ত। যে উত্তম রথে আরোহণ করিয়াছে, বা যাহার উত্তম রথ আছে। সং, পুং, চন্দ্রবংশীয় নৃপবিশেষ। [সং, পুং, দেবদারুবৃক্ষ।
সুরদারু, (সুর=দেবতা—দারু=কাষ্ঠ)
সুরদীর্ঘিকা, (সুর=দেবতা—দীর্ঘিকা=দীঘী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, সুরনদী, স্বর্গঙ্গা, মন্দাকিনী।
সুরদ্বিপ, (সুর=দেবতা—দ্বিপ=হস্তী, ৬ষ্ঠী-ষ) সং, পুং, দেবহস্তী, ঐরাবতাদি
সুরদ্বিট্, (সুরদ্বিষ, সুর=দেবতা-দ্বিষ্=যে দ্বেষ করে, ৪র্থী—ষ) সং, পুং, অসুর, দানব, দিতিজ। রাহু, সৈংহিকেয়।
সুরধনুঃ, (সুরধনুস্, সুর=দেবতা—ধনুস্=ধনুক, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, শক্রধনুঃ, রামধনুক।
সুরধুনী, সুরনদী, সুরনিম্নগা, (সুর=দেবতা—ধুনী, নদী, নিম্নগা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, দেবনদী, গঙ্গা, মন্দাকিনী।
সুরপতি, (সুর=দেবতা-পতি=স্বামী, ৬ষ্ঠী—ষ) সং, পুং, দেবরাজ, ইন্দ্র, ত্রিদিবেশ্বর, বাসব, আখণ্ডল, পাকশাসন।
সুরপথ, (সুর=দেবতা—পথ=পথিন্ শব্দজ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, আকাশ, গগন, নভঃ, বিহায়স্।
সুরপর্ণিকা, (সুর=দেবতা—পর্ণ=পত্র+কন্—যোগ) সং, স্ত্রীং, পুন্নাগবৃক্ষ।
সুরপাদপ, (সুর=দেবতা—পাদপ=বৃক্ষ) সং, পুং, দেবতরু, কল্পবৃক্ষ। [দেবগুরু।
সুরপ্রিয়, সং, পুং, ইন্দ্র, বাসব। বৃহস্পতি,
সুরভি, (সু—রভ্=হৃষ্টহওয়া ইত্যাদি+ই—প্রং) বিং, ত্রিং, সুগন্ধ, সদ্গন্ধযুক্ত মনোহর, আনন্দজনক। মিত্র, মিত্রতাকারক। খ্যাত। বিজ্ঞ, বিদ্বান্। সুন্দর। ধার্ম্মিক, সৎকর্ম্মা। সং, পুং, সুগন্ধ দ্রব্য। চম্পকবৃক্ষ। বসন্তকাল। চৈত্র মাস। জাতীফল বৃক্ষ। কদম্ববৃক্ষ। বকুল বৃক্ষ। ক্লীং, স্বর্ণ। গন্ধক। জাতীফল। স্ত্রীং, ঔষধের গাছড়াবিশেষ, মুরা। কামধেনু, দেবগাভি। গাভি। সুরা। পৃথিবী। মাতৃকাবিশেষ। তুলসী। মল্লিকা।
সুরভিত, (সুরভি+ইত—অস্ত্যর্থে) বিং, ত্রিং, সৌরভযুক্ত, সুগন্ধবিশিষ্ট।
সুরভিত্বক্, (সুরভিত্বচ) ক্লীং, এলা বড় এলাচী। [সিজ, মার
সুরভিবাণ, পুং, কন্দর্প, কামদেব, মন
সুরর্ষি, (সুর=দেবতা—ঋষি, ষং—স) সং, পুং, দেবর্ষি, নারদ তুম্বুরু প্রভৃতি

সুরলা, (সুর=দেবতা—লা=পাওয়া+অঙ্—প্রং) সং, স্ত্রীং, গঙ্গা, জাহ্নবী, ভাগীরথী। নদীবিশেষ। [শব্দ।

সুরলাসিকা, সং, স্ত্রীং, বংশীবাদ্য, বাঁশীর

সুরলোক, (সুর=দেবতা—লোক=ভুবন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, দেবলোক, স্বর্গ, নাক, ত্রিদিব।

সুরবর্ত্ম, (সুরবর্ত্মন্, সুর=দেবতা—বর্ত্মন্=পথ, ৬ষ্ঠী—ষ,) সং, ক্লীং, আকাশ, গগন, নভঃ।

সুরবিদ্বিট্, (সুরবিদ্বিষ্, সুর—বিদ্বিষ্ শত্রু) সং, পুং, অসুর, দৈত্য, দানব, দিতিজ।

সুরবৈরী, সুরশত্রু, (সুর=দেবতা—বৈরী, শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, দৈত্য, অসুর।

সুরশাখী, (সুরশাখিন্, সুর=দেবতা—শাখিন্=বৃক্ষ) সং, পুং, দেবতরু, কল্পবৃক্ষ।

সুরস, (সু=উত্তম—রস, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, মিষ্ট, স্বাদু, সুস্বাদ। রসযুক্ত। সুন্দর। সং, পুং, সুন্দর রস। সিন্ধুবার-বৃক্ষ। ক্লীং, ত্বক্, বল্কল। সা—স্ত্রীং, তুলসী। নাগমাতা। দুর্গা। অতিধৃতি ছন্দোবিশেষ।

সুরসদ্ম, (সুরসদ্মন্, সুর=দেবতা—সদ্মন্=গৃহ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, দেবলোক, স্বর্গ, নাক, ত্রিদিব।

সুরসরিৎ, সুরসিন্ধু, (সুর=দেবতা—সরিৎ, সিন্ধু=নদী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, সুরনদী, মন্দাকিনী, গঙ্গা।

সুরসবস্ত্র—বল্কলনির্ম্মিত বস্ত্র।

সুরসুন্দরী, সুরাঙ্গনা, (সুর=দেবতা—সুন্দরী, অঙ্গনা=স্ত্রী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, স্বর্গবেশ্যা, অপ্সরা।

সুরা, সুরী, (সু=[মত্ততা] প্রসবকরা+ক, আপ্—ঈপ্) সং, স্ত্রীং, মদ্য, মদিরা। চষক, পানপাত্র। সর্পিনী।

সুরাচার্য্য, (সুর=দেবতা—আচার্য্য=গুরু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, দেবগুরু, বৃহস্পতি।

সুরাজীব, সুরাজীবী, (সুরাজীবিন্, সুরা=মদ্য—জীব, জীবিন্=যে বাঁচে, ৩য়া—ষ) সং, পুং, শৌণ্ডিক, শুঁড়ি।

সুরাপ, (সুরা—প=যে পান করে, ২য়া—ষ) বিং, ত্রিং, মদ্যপায়ী, মাতাল।

সুরাপগা, (সুর=দেবতা—আপগা=নদী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, গঙ্গা, মন্দাকিনী।

সুরাপাণ, (সুরা=মদ্য—পা=পানকরা+অনট্—প্রং) সং, পুং, বহুং, প্রাচ্য, পূর্ব্বদেশীয় লোক।

সুরাভাগ, পুং, মদ্য ভোজন করিবার নিমিত্ত যে দ্রব্য দেওয়া যায়, মদের চাট্।

সুরারি, (সুর=দেবতা—অরি=শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সুরশত্রু, অসুর, দানব, দৈত্য।

সুরার্হ, (সুর=দেবতা—অর্হ=যোগ্য) সং, ক্লীং, স্বর্ণ, কনক, হিরণ্য, হেম, চামীকর। হরিচন্দন।

সুরালয়, (সুর=দেবতা, বা সুরা=মদ্য—আলয়=গৃহ) সং, পুং, সুমেরুপর্ব্বত। স্বর্গ, নাক, ত্রিদিব। মদিরা-গৃহ, শুঁড়ির দোকান।

সুরাষ্ট্র, (সু=উত্তম—রাষ্ট্র=দেশ, সং—দ) সং, পুং, সৌরাষ্ট্র, সুরাট্‌দেশ।

সুরুঙ্গাহি, (সুরুঙ্গ=দেওয়ালের গর্ত্ত, সিঁধ—অহি=সর্প) সং, পুং, সন্ধিচৌর, সিঁধাল চোর।

সুরূপ, (সু=উত্তম—রূপ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, উত্তমরূপবিশিষ্ট, রূপবান্। বিজ্ঞ, জ্ঞানী, বিচক্ষণ, পণ্ডিত।

সুরূহক, (সু=উত্তমরূপ—রুহ্=আরোহণ করা+ণক—প্রং) সং, পুং, অশ্ব, যাহার গর্দ্দভের ন্যায় বর্ণ।

সুরেজ্য, (সুর=দেবতা—ইজ্য=গুরু, আচার্য্য) সং, পুং, সুরাচার্য্য, বৃহস্পতি।

সুরেন্দ্র, (সুর=দেবতা—ইন্দ্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, দেবরাজ, ইন্দ্র, বাসব, পুরন্দর।

সুরেন্দ্রজিৎ, (সুরেন্দ্র=ইন্দ্র—জি—যে জয় করে) সং, পুং, গরুড়। বৈনতেয়,

সুপর্ণ। গরুড় কর্ত্তৃক অমৃত অপহৃত হওয়াতে ইন্দ্র তাহা পুনঃপ্রাপ্তির নিমিত্ত ইহার পশ্চাদ্গামী হইবার সময়, গরুড় এই দেবতাকে আঘাত করিয়াছিল বলিয়া।

সুরেভ, (সু=উত্তমরূপ—রেভ্=শব্দ করা + অচ্—প্রং) সং, ক্লীং, রঙ্গ, রাং।

সুরেভট, পুং, পূগ বৃক্ষবিশেষ, এক প্রকার সুপারীর গাছ।

সুরেশ্বর, (সুর=দেবতা—ঈশ্বর=প্রভু) সং, পুং, শিব, মহাদেব। ইন্দ্র, দেবরাজ। রী—স্ত্রীং, স্বর্গঙ্গা, মন্দাকিনী। দুর্গা, মহেশ্বরী। [নাগবৃক্ষ।

সুরেষ্ট, পুং, বাণগাছ। শালগাছ। পু-

সুরৈ, (সু=প্রচুর—রৈ=ধন, ৬ষ্ঠী—হিং) সং, পুং—স্ত্রীং, বণিক, সম্পত্তিশালী, ধনাঢ্য। [র্ত্তণ্ড, দিবাকর, হেলি।

সুরোত্তম, পুং, সবিতা, সূর্য্য, রবি, মা-

সুরোত্তর, (সুর=দেবতা-[পূজন]—উত্তর=শ্রেষ্ঠ, ৭মী—ষ) সং, পুং, শ্রীখণ্ড, চন্দন। [পুং, সুরাসমুদ্র।

সুরোদ, (সুরা=মদ্য—উদ=জল) সং,

সুলক্ষণ, (সু=উত্তম—লক্ষণ=চিহ্ন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, উত্তম লক্ষণাক্রান্ত। ণা—স্ত্রীং, পার্ব্বতীর সখীবিশেষ।

সুলভ, (সু=সুখে—লভ্=পাওয়া + অচ্—র্ম্ম) বিং, ত্রিং, অনায়াসলভ্য, সুখলভ্য, অযত্নসিদ্ধ।

সুলূ, (সু=উত্তম—লূ=যে ছেদন করে) বিং, ত্রিং, উত্তমছেদক। যে ভাল করিয়া কাটিতে পারে।

সুলোচন, (সু=সুন্দর—লোচন=চক্ষু, ৬ষ্ঠী—হিং) সং, পুং, হরিণ, মৃগ, এণ, কুরঙ্গ। বিং, ত্রিং, উত্তম লোচনবিশিষ্ট। না—স্ত্রীং, সুনয়না স্ত্রী। হরিণী, মৃগী, কুরঙ্গী।

সুলোহক, (সু=উত্তম—লোহ=লোহা + কন্—যোগ) সং, ক্লীং, পিত্তল, পিতল।

সুলোহিত, (সু=অত্যন্ত—লোহিত=রক্তবর্ণ) বিং, ত্রিং, অতিশয় রক্তবর্ণ। তা—স্ত্রীং, অগ্নির সাত জিহ্বার একজিহ্বা।

সুবচন, (সু=উত্তম—বচন=বাক্য) সং, ক্লীং, শোভন বাক্য, সুন্দর উক্তি

সুবচনী, শুভসূচনী, (সু=শুভ—বচন=বাক্য + ঙীপ্—প্রং) সং, স্ত্রীং, শক্তির ভেদ, দেবীবিশেষ। "বিপদি স্ত্রিয়ো যস্যাঃ পূজাং মঙ্গক্তেকুর্ব্বন্তি চ। আচারমার্ত্তণ্ডে সুভ সুবচনীতি বর্ত্ততে"॥

সুবচাঃ, (সুবচস্, সু=উত্তম—বচস্=বাক্য, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বাগ্মী, সদবক্তা।

সুবন, (সূ=প্রসব করা + ক্নু—প্রং) সং, পুং, সূর্য্য, সবিতা, রবি, মার্ত্তণ্ড, হেলি, দিবাকর। অগ্নি, পাবক, অনল, দহন, কৃশানু। চন্দ্র, চন্দ্রমা, বিধু, ইন্দু, শশধর। [প্রৌঢ়া স্ত্রী, বৃদ্ধা।

সুবয়াঃ, (সুবয়স্, সু—বয়স্) সং, স্ত্রীং,

সুবর্চ্চল, (সু=উত্তমরূপ—বর্চ্চ্=দীপ্তি পাওয়া + অল্ চ্—প্রং) সং, পুং, দেশবিশেষ। লা—স্ত্রীং, সূর্য্যপত্নী, অতসী। তিসী, মসিনা।

সুবর্ণ, (সু=সুন্দর—বর্ণ=রং, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, স্বর্ণ, সোণা, হিরণ্য, চামীকর, হেম। হরিচন্দন। ধন, সম্পত্তি। বস্ত্র পুং—ক্লীং, মোহর। কর্ষপরিমাণ। পুং, যজ্ঞবিশেষ। গৈরিক, গিরিমাটি। বিং, ত্রিং, সুরূপ, সুন্দরবর্ণ। সুন্দরঅক্ষরযুক্ত। শ্রেষ্ঠজাতিতে উৎপন্ন। উজ্জ্বল। ণা—স্ত্রীং, কৃষ্ণাগুরু। হরিদ্রা।

সুবর্ণক, (সুবর্ণ + কন্—যোগ) সং, ক্লীং, পিত্তল। পুং, সোঁদালি গাছ। স্ত্রীং, সুন্দরবর্ণযুক্তা।

সুবর্ণকদলী, (সুবর্ণ=সোণা—কদলী=কলা গাছ) সং, স্ত্রীং, চাঁপা কলার গাছ। চাঁপাকলা।

সুবর্ণকার, সুবর্ণকৃৎ, (সুবর্ণ=সোণা—কার, কৃৎ=যে করে, ২য়া—ষ) সং, পুং, স্বর্ণকার, সেকরা।

সুবর্ণবণিক্, (সুবর্ণবণিজ্, সুবর্ণ=সোণা—বণিজ্=বেণিয়া) সং, পুং, জাতিবিশেষ, সোণার বেণিয়া। [সং, স্ত্রীং, হরিদ্রা।

সুবর্ণবর্ণা, (সুবর্ণ=সোণা—বর্ণ=রং)

সুবর্ণবিন্দু, (সুবর্ণ=সোণা—বিন্দু—ক্ষুদ্র-চিহ্ন) সং, পুং, বিষ্ণু, নারায়ণ, জিষ্ণু।

সুবসন্তক, (সু=অত্যুত্তম—বসন্ত=বসন্ত-কাল+কন্—যোগ) সং,পুং মদনোৎসব

সুবহ, (সু=সুখে—বহ্=বহনকারী) সং, পুং, অনায়াসে বহনীয়, সুখবাহ্য, যে সুখে অনায়াসে বহনকরিতে পারে। ধৈর্য্যশালী। হা—স্ত্রীং,সেফালিকা। বীণা

সুবাস, (সু=উত্তম—বাস=গন্ধ, গৃহ) সং, পুং, সুগন্ধ, সৌরভ। সুখেবাস। উত্তম নিবাস। উত্তমবাসস্থান। বিং, ত্রিং, সুগন্ধি।

সুবাসিনী, (সু=সুখে—বস্=বাসকরা+ইন্—ক, ঈপ্, কিংবা সুবাস+ইনি—অস্ত্যর্থে, ঈপ্—প্রং) সং, স্ত্রীং, পিত্রালয় নিবাসিনী বিবাহিতা বা কুমারী স্ত্রী। সৌরভযুক্তা স্ত্রী।

সুবিচার, (সু=উত্তম—বিচার=বিবেচনা) সং, পুং, সূক্ষ্ম বিচার, উত্তমরূপে মীমাংসা।

সুবিদ্, (সু=উত্তমরূপ—বিদ্=জানা+ক্বিপ্—প্রং) বিং, ত্রিং, বিজ্ঞ, পণ্ডিত। গুণবান্।

সুবিদ, (সু=উত্তমরূপ-বিদ্=জানা+ক—প্রং) সং, পুং, কঞ্চুকী, অন্তঃপুররক্ষক।

সুবিদৎ, (সুবিদ্=পণ্ডিত—অৎ= [সতত গমন করা] সঙ্গে থাকা+ক্বিপ্—প্রং) সং,পুং, রাজা, নৃপ। নরপতি, পার্থিব।

সুবিদত্র, (সু=উত্তমরূপ—বিদ্=জানা+কত্রন্—প্রং) বিং, ত্রিং, জ্ঞাতি, কুটুম্ব, পরিজন।

সুবিদল্ল, (সুবিদৎ=নৃপ—লা=পাওয়া+ড—প্রং, নিপাতন) সং, ক্লীং, কঞ্চুকী, অন্তঃপুররক্ষক। অন্তঃপুর। ল্লা- স্ত্রীং, বিবাহিতা স্ত্রী।

সুবিধা, (সু=উত্তম—বিধা=প্রকার, য়ং—স) অং, উত্তম প্রকার, সুযোগ। সুসময়।

সুবিধি, (সু=উত্তম—বিধি=বিধান) সং, পুং, সুনিয়ম, উত্তমবিধান।

সুবিরাম্ল, ক্লীং, আমানি, কাঁজি।

সুবৃত্ত, (সু=উত্তম—বৃত্ত=চরিত্র, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সচ্চরিত্র, সাধু, সদাচার। উত্তম বর্ত্তুল।

সুবেল, (সু=উত্তমরূপ—বেল্=চঞ্চল হওয়া+অচ্—প্রং। কিম্বা সু—বেলা, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, প্রণত, নত। শান্ত। দান্ত। সং পুং, ত্রিকূটপর্ব্বত।

সুবেশ, সুবেষ, (সু=উত্তম—বেশ=সজ্জা, য়ং—স) সং, ক্লীং, উত্তম সজ্জা।

সুবেশ, সুবেশী, (সু=উত্তম—বেশ=সজ্জা, ৬ষ্ঠী—হিং। সুবেশিন্, সুবেশ=উত্তম সজ্জা+ইনি—অস্ত্যর্থে) বিং, বিং, উত্তম বেশধারী, সুসজ্জিত।

সুব্যক্ত, (সু—ব্যক্ত=প্রকাশিত) বিং ত্রিং, স্পষ্ট, প্রকাশিত, উদ্ঘাটিত, প্রকটিত। ক্লীং, ক্রিং—বিং, স্পষ্টরূপে।

সুব্রত, (সু=উত্তম—ব্রত=নিয়ম, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, ধার্ম্মিক। ব্রতানুষ্ঠায়ী পুং, বর্ত্তমান কল্পের ২০শ জৈন। ভবিষ্য কল্পের এক জৈন মুনি। তা-স্ত্রীং বর্ত্তমান কল্পের ১৫শ জৈন মুনির মাতা সুদোহা গবী। সচ্চরিত্রা পত্নী।

সুশর্ম্মা, (সুশর্ম্মন্, সু=অত্যন্ত—শর্ম্ম=সুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, নৃপতিবিশেষ ত্রিগর্ত্ত দেশের রাজা। বিং, ত্রিং, অতিশয় সুখী।

সুশিক্ষিত, (সু=উত্তমরূপ—শিক্ষিত=শিক্ষাপ্রাপ্ত) বিং, ত্রিং, উত্তমরূপে শিক্ষাপ্রাপ্ত, কৃতবিদ্য।

সুশিখ, (সু=সুন্দর—শিখা, ৬ষ্ঠী—হিং সং, পুং, অগ্নি, অনল, পাবক, দহন, জলন। বিং, ত্রিং, উত্তম শিখায় ক্লীং—চন্দনবিশেষ।

সুশীত, সুশীতল, (সু=অতিশয়+শীত, শীতল=ঠাণ্ডা, বং—স) বিং, ত্রিং, অতি শীতল।

সুশীম, (সু=অত্যন্ত—শৈ=গমন করা +মন্—প্রং) সং, পুং, শৈত্য, শীতলতা। বিং, ত্রিং, শীতল।

সুশীল, (সু=উত্তম—শীল=স্বভাব, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সচ্চরিত্র। লা—স্ত্রীং, যমের ভার্য্যা। কৃষ্ণের এক স্ত্রী।

সুশীলতা, (সুশীল+তল্—ভাবে) সং, স্ত্রীং, নম্রতা, বিনয়, সৎচরিত্র।

সুশ্রাব্য, (সু=উত্তমরূপ—শ্রু=শ্রবণকরা +ণ্যৎ—র্ম্ম) বিং, ত্রিং, উত্তমরূপে শ্রবণযোগ্য, শুনিতে মধুর।

সুশ্রী, সুশ্রীক, (সু=উত্তম—শ্রী, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, সুন্দর, শ্রীযুক্ত, শ্রীমান্।

সুশ্রুত, (সু=উত্তম—শ্রুত=যাহা শ্রবণ করা হইয়াছে) সং, পুং, বিশ্বামিত্রপুত্র। প্রসিদ্ধ চিকিৎসা-গ্রন্থকার বিশেষ। তৎকৃত গ্রন্থবিশেষ। ক্লীং, সুন্দর শ্রবণ, যাহা উত্তমরূপে শুনা হইয়াছে। বেদে কৃতবিদ্য।

সুশ্লিষ্ট, (সু=অত্যন্ত—শ্লিষ্ট=সংযুক্ত) বিং, ত্রিং, নিবিড় সংযোগবিশিষ্ট, দৃঢ়রূপে সংযুক্ত, দৃঢ় বদ্ধ।

সুষম, (সু=সুন্দর—সম=সমান) বিং, ত্রিং, সুন্দর, শোভন। সমান, তুল্য, সদৃশ। মা—স্ত্রীং, পরমশোভা, উৎকৃষ্ট সৌন্দর্য্য। "মারমাসুষমা চারু রুচা মারবধূত্তমা" ভারবি।

সুষবী, (সু=উত্তমরূপ—সু=গমন করা, প্রেরণ করা+অচ্—প্রং, ঈপ্) সং, স্ত্রীং, কারবেল, করলা। কৃষ্ণজীরক। জীরক।

সুষি—স্ত্রীং, সুষির—ক্লীং, (শুষ্=শুষ্ক হওয়া+ই, ইর—প্রং, শ স্থানে স) সং, গর্ত্ত, ছিদ্র, বিল। বংশীবিশেষ।

সুষী, (সু=সুন্দর—সীমা=প্রান্ত) বিং, ত্রিং, শীতল। সুন্দর, মনোজ্ঞ। সং, পুং,

সুবর্ণ, হেম, স্বর্ণ, সোণা। সং বিশেষ। চন্দ্রকান্তমণি।

সুষুপ্ত, (সু=অত্যন্ত—স্বপ্=নিদ্রিতহওয়া +ক্ত—ক) বিং, ত্রিং, গভীর নিদ্রিত, সুষুপ্তিযুক্ত। অজ্ঞ, আত্মবোধশূন্য। সং, ক্লীং, সুষুপ্তি অবস্থা।

সুষুপ্তি, (পূর্ব্বে দেখ+ক্তিন্—ভা) সং, স্ত্রীং, অচেতনে নিদ্রা, সুনিদ্রা, পুরীততি নাড়ীতে মনঃসংযোগ জন্য গভীর নিদ্রা; তদবস্থায় কোন স্বপ্নাদি দর্শন হয় না।

সুষুম্না, (সুষু=অব্যক্ত শব্দ—ম্না=অনুশীলনকরা+অচ্—প্রং) সং, স্ত্রীং, শরীরস্থ নাড়ীবিশেষ; মেরুদণ্ডের বহির্ভাগে ঈড়া পিঙ্গলা নাড়ীর মধ্যবর্ত্তী নাড়ী।

সুষেণ, (সু=উত্তম—সেনা=সৈন্য, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বিষ্ণু। বেতসবৃক্ষ, বাণীর। চিকিৎসক বানরবিশেষ

সুষ্ঠু, (সু=উত্তম—স্থা=থাকা+উ—প্রং) অং, অতিশয়। শ্রেষ্ঠ। সুন্দর। সত্য

সুসংযত, বিং, ত্রিং, দৃঢ়বদ্ধ। উত্তম নিয়মবিশিষ্ট।

সুসংস্কৃত, (সু=উত্তমরূপ—সংস্কৃত=পক্ব) বিং, ত্রিং, উত্তম সংস্কারবিশিষ্ট, বিলক্ষণ ব্যুৎপন্ন। উত্তমরূপে পক্ব, রন্ধনকরা

সুসত্যা; সং, স্ত্রীং, জনক রাজার ভার্য্যা।

সুসমৃদ্ধ; বিং, ত্রিং, অতিশয় সম্পত্তিশালী।

সুসম্পন্ন; বিং, ত্রিং, উত্তমরূপে নিষ্পন্ন। অতি ধনাঢ্য, অতিশয় সমৃদ্ধিশালী।

সুসহ, (সু=সুখে—সহ্=সহ্যকরা+অচ্—র্ম্ম) বিং, ত্রিং, সুখসহ্য, অনায়াসে সহনীয়।

সুসাধ্য, (সু=সুখে—সাধ্য=সাধনীয়) বিং,ত্রিং, অনায়াস-সাধ্য, সহজ, সুকর।

সুস্থ, (সু=উত্তমরূপে-স্থ=যে থাকে) বিং ত্রিং, নীরোগ, স্বচ্ছন্দ। সুখী। সুস্থির।

সুস্থতা, (সুস্থ+তল্—ভাবে) সং, স্ত্রীং স্বাস্থ্য, আরোগ্য। সখ্য।

সুস্থির, (সু=অত্যন্ত, সুখে—স্থা=থাকা +ইর—ক) বিং, ত্রিং, অতি স্থির, অচঞ্চল। সুস্থ। দৃঢ়, বদ্ধমূল।

সুস্নাত, (সু=উত্তম—স্না=স্নানকরা+ক্ত —ক, দ্বা) বিং,ত্রিং, যে উত্তমরূপে স্নান করিয়াছে। মাঙ্গল্যদ্রব্য দ্বারা স্নাত। সং, পুং, যজ্ঞান্তে স্নানকারী। ক্লীং, উত্তম স্নান।

সুস্পষ্ট, (সু=অত্যন্ত—স্পষ্ট) বিং, ত্রিং, অতি স্ফুট, অতিশয় স্পষ্ট, প্রকট।

সুহস্তি, সং, পুং, জৈনগণ যাঁহাদিগকে পূর্ব্বাধর বলেন,সেই দশ জনের একজন

সুহিত, (সু=উত্তমরূপ+হিত=ধৃত ইত্যাদি) বিং, ত্রিং, পরিতৃপ্ত, সন্তুষ্ট। বিহিত, সাধিত, কৃত, সুসম্পাদিত। উপযুক্ত, সমীচীন। ক্লীং, অতিহিত। তা—স্ত্রীং, অগ্নির জিহ্বাবিশেষ।

সুহৃদ, (সু=উত্তম—হৃদ্=মনঃ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সদা অনুমত, মিত্র, বন্ধু, সখা। সাহায্যকারী। সহায়। সহৃদয়।

সুহৃদয়, (সু=উত্তম—হৃদয়=মনঃ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, শুদ্ধচিত্ত। প্রশস্তমনাঃ, সদন্তঃকরণবিশিষ্ট।

সুহ্ম, সং, পুং, দেশবিশেষ ; কেহ বলেন ইহা বঙ্গদেশের উত্তর-পূর্ব্ব অংশে হইবার সম্ভাবনা। উইল্‌সন সাহেব ইহাকে ত্রিপুরা ও আরাকান বলিয়া অনুমান করেন। যবন জাতিবিশেষ।

সূ, (সূ=প্রসবকরা, প্রেরণকরা ইত্যাদি +ক্বিপ্—প্রং) সং,স্ত্রীং,প্রেরণ। প্রসব। বিং, ত্রিং, প্রসবকর্ত্তা, উৎপাদক।

সূই, (সূচীশব্দজ) সং, সীবনার্থ লৌহ শলাকাবিশেষ,ছুঁই, ছুঁচ।

সূক, (সূ=প্রসবকরা, প্রেরণকরা+ক্বিপ্—প্রং, কন্—যোগ) সং, পুং, বাণ, শায়ক, মার্গণ, ইষু, শিলীমুখ। বায়ু, সমীরণ, পবন, মাতরিশ্বা। পদ্ম, তামরস, জলজ।

সূকর, (শূকর দেখ, শূ=সূ) সং, পুং, শূকর, বরাহ, কোল। কুম্ভকার। মৃগবিশেষ।

সূকা, সং, স্ত্রীং, শারিকাপক্ষিণী।

সূক্ত, (সু=উত্তম-উক্ত=কথিত) সং, ক্লীং, সমীচীনবাক্য, সদ্বচন। ঋগ্বেদের মন্ত্র।

সূক্তি, (সু=উত্তম—উক্তি=বচন) সং, স্ত্রীং, বেদবচন, ঋক্‌বেদমন্ত্র। সৎবচন।

সূক্ষ্ম, (সূচ্=জ্ঞাপনকরা+স্মন্-প্রং) বিং, ত্রিং, ক্ষীণ, সরু। অল্প। ক্ষুদ্র। অতীন্দ্রিয়। সং, পুং, অণু। ক্লীং, ছল, কৈতব, কপটতা। অধ্যাত্মবস্তু। অধ্যাত্মশাস্ত্র। ক্ষ্মা—স্ত্রীং, শব্দপ্রবৃত্তিবিশেষ। ছোট এলাচী। মল্লিকাবিশেষ।

সূক্ষ্মকোণ, সমকোণ অপেক্ষা লঘুকোণ। (Acute Angle)

সূক্ষ্মতণ্ডুলা, সং, স্ত্রীং, পিপ্পলী, পিপুল।

সূক্ষ্মদর্শনযন্ত্র—অণুবীক্ষণ, যে যন্ত্র দ্বারা চক্ষুর অগোচর সূক্ষ্ম বস্তু দর্শন করা যায়। (Microscope)

সূক্ষ্মদর্শী, (সূক্ষ্মদর্শিন্, সূক্ষ্ম—দর্শিন্=যে দেখে, ২য়া—ষ) বিং, ত্রিং, অতিশয় বুদ্ধিমান্।

সূক্ষ্মদেহী, এই সকল জীব সাক্ষাৎ নয়নে অণুবীক্ষণ যন্ত্রের সাহায্য ভিন্ন দৃষ্ট হয় না। পুরাতন ডোবার জলের কীট এই বর্গে লক্ষিত হয়। (Infusoria)

সূক্ষ্মপত্র, (সূক্ষ্ম=ক্ষুদ্র—পত্র=পাতা) সং, পুং, বাবলাগাছ। ধন্যাক। বনজিরা সর্ষপবিশেষ। রক্তবর্ণ ইক্ষুবিশেষ।

সূক্ষ্মভূত, সং, ক্লীং, অপঞ্চীকৃত আকাশাদি পঞ্চভূত।

সূক্ষ্মশরীর, (সূক্ষ্ম—শরীর=দেহ) সং, ক্লীং, পঞ্চপ্রাণ, দশ ইন্দ্রিয়, মনঃ ও বুদ্ধি—আত্মার ভোগসাধন এই সপ্তদশ।

সূচক, (সূচ্=জানান+ণক—ক) সং, পুং, চর, গূঢ়পুরুষ, গোয়েন্দা। শিক্ষক। সীবনী, ছুঁচ। সূচীকর্ম্মকারী। কুকুর। কাক। বিড়াল। সিদ্ধ; খল। দুর্জ্জন। পতি। সূত্রধার। বুদ্ধ। সিদ্ধ। পিশাচ।

বিং, ত্রিং, জ্ঞাপক, প্রকাশক। কথক।
সূচন, (পূর্ব্বে দেখ+অনট্—ভা) সং, ক্লীং, না—স্ত্রীং, জ্ঞাপন। কথন। বিদ্ধকরণ। দুষ্টামি, পেকোমি। অঙ্গভঙ্গী দ্বারা জানান, সঙ্কেত বা চিহ্নাদি দ্বারা জানান। দৃষ্টি। অভিনয়। হিংসন। দোষাবিষ্করণ।
সূচি—চী, (সূচ্=জানান+ই—প্রং। কিম্বা সিব্=সেলাই করা+চ, ই—প্রং; সিব্=স্থানে সূ) সং, স্ত্রীং, সীবনী, ছুঁচ। "সূচীমুখেন সকৃদেব কৃতব্রণস্তং মুক্তাকলাপ লুঠসি স্তনয়োঃ প্রিয়ায়াঃ" উং। সূক্ষ্ম অগ্রভাগ। নৃত্যবিশেষ।
সূচিক, (সূচি=ছুঁচ+ঠক—প্রং, কিম্বা কন্—যোগে) সং, পুং, সূচীকর্ম্মকারী, দরজী। কা—স্ত্রীং, হস্তিশুণ্ড। ছুঁচ।
সূচিকাধর, (সূচিকা=হস্তিশুণ্ড—ধর=যে ধরে) সং, পুং, করী, হস্তী, গজ, দ্বিপ, দন্তী, মাতঙ্গ, ইভ, বারণ।
সূচিকাভরণ, (সূচিকা—ভরণ) সং, ক্লীং, সূচ্যগ্রমাত্র সেব্য ঔষধবিশেষ।
সূচিকামুখ, (সূচিকা=ছুঁচ—মুখ) সং, ক্লীং, শঙ্খ, শাঁখ, কম্বু।
সূচিত, (সূচ্—জানান+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, জ্ঞাপিত, বোধিত। কথিত। হিংসিত।
সূচিরোমা, (সূচিরোমন্ সূচি=ছুঁচ, [শূকরের কুঁচি]—রোমন্=লোম) সং, পুং, বরাহ, শূকর, কোল।
সূচিবদন, (সূচি=ছুঁচের ন্যায় ধারাল নাক বা শুঁড়—বদন=মুখ) সং, পুং, নকুল, বেঁজী। মশা।
সূচিমান্, (সূচিবৎ, সূচি=[ছুঁচ], চঞ্চু +বৎ—অস্ত্যর্থে) সং, পুং, গরুড়, সুপর্ণ।
সূচিকটাহন্যায়, (৩৭) ন্যায় দেখ।
সূচীচক্র—যে সকল পক্ষির চক্ষু ন্যূনাধিক ভাবে গোলাকার ক্রমে সরু হইয়া সূচীর ন্যায় হয়।

সূচীমুখ, ক্লীং, মণি, রত্ন।
সূচ্য, সূচনীয়, সূচিতব্য, (সূচ্=জানান য, অনীয়র্, তব্য—র্ম্ম) বিং, ত্রিং, জ্ঞাপনীয়, বোদ্ধব্য। কথনীয়।
সূচ্যগ্রস্থূলক, (সূচি=ছুঁচ—অগ্র=অগ্রভাগ—স্থূলক=স্থূল) সং, পুং, তৃণবিশেষ, উলুখড়।
সূচ্যাস্য, (সূচী=ছুঁচ—আস্য=মুখ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, মূষিক, ইন্দুর, আখু।
সূত, (সূ=প্রসবকরা+ক্ত—প্রং) সং, পুং, সারথি। সূত্রধর জাতি, ছুতার। ব্রাহ্মণীর গর্ভে ক্ষত্রিয়ের ঔরসে উৎপন্ন প্রতিলোমজ, সঙ্কীর্ণ জাতি। স্তুতিপাঠক, বন্দী। সূর্য্য। পুরাণ-বক্তাবিশেষ। পুং—ক্লীং, পারদ, পারা। বিং, ত্রিং, প্রসূত, জাত, উৎপন্ন। প্রেরিত। তা—স্ত্রীং, সূতিকা।
সূতক, (সূত+কন্-যোগ) সং, ক্লীং, জন্ম। জননাশৌচ। পুং—ক্লীং, পারদ। কা—স্ত্রীং, সূতিকা।
সূতপুত্র, (সূত=সূর্য্য—পুত্র, ৬ষ্ঠী—য) সং, পুং, কর্ণ, সূর্য্যসন্তান।
সূতলী, (সূত্রশব্দজ) সং, শণের দড়ী।
সূতা, সূতিকা, (সূ—প্রসবকরা+ক্ত—ক। পক্ষে কন্—যোগ, আপ্—প্রং) সং, স্ত্রীং, নবপ্রসূতা স্ত্রী। [সূত।
সূতা, (সূত্রশব্দজ) সং, সূত্র, তন্তু, দাম;
সূতি, (সূ=প্রসবকরা+ক্তি—ভা) সং, স্ত্রীং, প্রসব। উৎপত্তি, জন্ম। সন্ততি। সিবন, সেলাই করা।
সূতিকাগার, সূতিকাগৃহ, সূতিকাভবন, (সূতিকা—আগার, গৃহ, ভবন=ঘর, ৬ষ্ঠী—য) সং, ক্লীং, প্রসব গৃহ, আঁতুড়ঘর, অরিষ্ট।
সূতিগৃহ, সূতীগৃহ, (সূতি=প্রসব, জন্ম—গৃহ) সং, ক্লীং, প্রসবগৃহ, সূতিকাগার, অরিষ্ট, আঁতুড়।
সূতিমারুত, সূতিবাত, (সূতি=প্রসব—মারুত, বাত=বায়ু, ৬ষ্ঠী—য) সং

পুং, প্রসব-বেদনা। যে বায়ু সন্তানকে গর্ভ হইতে বহিঃসারণ করে।
সূৎকার, ক্লীং, নাসিকাধ্বনি, গর্জ্জন, অধৈর্য্য বা অবজ্ঞা সূচক যে কোন শব্দ।
সুদত্ত, (সু=উত্তম—দত্ত, নিপাতন) বিং, ত্রিং, সুন্দর বা সম্পূর্ণ রূপে দত্ত।
সূত্থান, (সু=উত্তমরূপ—উত্থান=উদ্যোগ, ষষ্ঠী—হিং) বিং, ত্রিং, চতুর, নিপুণ, কর্ম্মকুশল। কার্য্যদক্ষ, পটু।
সূত্যা, (সু=[সন্তান বা ফল] ধারণ করা+ক্যপ্—প্রং, আপ্, তুক্ আগম) সং, স্ত্রীং, যজ্ঞস্নান। যজ্ঞে সোমলতার রসপান।
সূত্যাশৌচ, (সূতি=সন্তানপ্রসব—অশৌচ=অপবিত্র) সং, ক্লীং, জননাশৌচ, শুভ অশৌচ।
সূত্র, (সিব্=সেলাইকরা+ষ্ট্রন্—প্রং, সিব্=স্থানে সূ। কিংবা সূত্র=গাঁথা ইত্যাদি+ক—প্রং) সং, ক্লীং, গুণ, তন্তু, সূতা। "মনৌ বজ্রসমুৎকীর্ণে সূত্রস্যেবাস্তি মে গতিঃ" কাং। ব্যবস্থা, নিয়ম। শাস্ত্র। দর্শনশাস্ত্র ধর্ম্মশাস্ত্র নীতিশাস্ত্র বা শব্দশাস্ত্রের প্রথম প্রণেতার গ্রথিত সঙ্ক্ষিপ্ত বাক্য—"অল্পাক্ষরমসন্দিগ্ধং সারবদ্বিশ্বতোমুখং অস্তোভমনবদ্যঞ্চ সূত্রং সূত্রবিদো বিদুঃ"॥ নাট্যশাস্ত্রের উপক্রম। আইনবিষয়ক মত বা নিষ্পত্তি। উপবীত, পৈতা।
সূত্রকণ্ঠ, (সূত্র=সূতা—কণ্ঠ=গলা) সং, পুং, ব্রাহ্মণ, বিপ্র, দ্বিজ। খঞ্জনপক্ষী, পারাবত, কপোত, পায়রা। ঘুঘু।
সূত্রকোণ, (সূত্র=রজ্জু—কোণ) সং, পুং, বাদ্যযন্ত্রবিশেষ, ডমরুবাদ্য।
সূত্রগণ্ডিকা, সং, স্ত্রীং, সূতার নলী।
সূত্রতর্কুটি, সং, স্ত্রীং, চরকার টেকো। তুলার পাইজ।
সূত্রধার, (সূত্র=প্রয়োগানুষ্ঠান—ধৃ=ধরা+অণ্—ক) সং, পুং, নাট্যপ্রস্তাবের প্রধান নট। "বর্ত্তনীয়তয়া সূত্রং প্রথমং যেন সূচ্যতে। রঙ্গভূমিং সমাক্রম্য সূত্রধারঃ স উচ্যতে"॥ ইন্দ্র, বাসব, আখণ্ডল, পুরন্দর। ছুতার। সূত্রপ্রণয়নকর্ত্তা। পুং, কার্পাসবৃক্ষ।
সূত্রপুষ্প, (সূত্র=সূতা—পুষ্প=ফুল) সং,
সূত্রভিদ্, (সূত্র=সূতা—ভিদ্=যে ভেদ করে) সং, পুং, সূচীকর্ম্মকারী, দরজী।
সূত্রলা, (সূত্র=সূতা—লা=পাওয়া+অঙ—প্রং) সং, স্ত্রীং, তর্কু, টেকো। তুলার পাইজ।
সূত্রবীণা, স্ত্রীং, বীণাবিশেষ, বেহালা।
সূত্রবেষ্টন। ক্লীং, মাকু।
সূত্রামা,—সু, (সূত্রামন্, সু=উত্তমরূপে—ত্রৈ=[ভুবন] পালন করা+মন্—প্রং, উ=ঊ) সং, পুং, ইন্দ্র, গোত্রভিদ্, বাসব, পুরন্দর।
সূত্রালী, (সূত্র=সূতা—আলী=শ্রেণী) সং, স্ত্রীং, গলসূত্র, হার।
সূত্রী, (সূত্রিন্, সূত্র=সূতা, নিয়ম ইত্যাদি+ইনি—অস্ত্যর্থে) বিং, ত্রিং, সূত্রবিশিষ্ট। পুং, কাক, বায়স, ধ্বাঙ্ক্ষ।
সূদ, (সূদি=হিংসাকরা+ঘঞ্—প্রং) সং, পুং, সূপকার, রন্ধনকারক। পাচক। ব্যঞ্জন। চাটনি। কর্দ্দম, কাদা, পঙ্ক। সারথ্য। অপরাধ। পাপ।
সূদন, (সূদি=হিংসাকরা+অনট্—ভা, ক) সং, ক্লীং, হত্যা, বধ। অঙ্গীকার করা। নিরাস করা। বিং, ত্রিং, বিনাশক। প্রিয়।
সূদশালা, (সূদ=পাচক—শালা=গৃহ) সং, স্ত্রীং, পাকশালা, রন্ধনগৃহ।
সূন, (সূ=প্রসবকরা+ন, বা সূ+ক্ত—প্রং) সং, ক্লীং, প্রসব, জনন, জন্ম। পুষ্প। বিং, ত্রিং, প্রকাশিত, প্রস্ফুটিত, প্রফুল্ল। শূন্য, খালি, রিক্ত। জাত।
সূনা, (পূর্ব্বে দেখ, আপ্—প্রং) সং, স্ত্রীং, কন্যা। বধস্থান, বধ্যভূমি। কশাই খানা। মাংস বিক্রয় স্থান। উনন। শিলনোড়া, ঝাঁটা, উদুখলমুষল, কলসী

পিড়ী—গ্রহের এই পাঁচ সূনা। আঘাত করণ। গলাফোলা। কণ্ঠবন্ধন। কিরণ।

সূনী, (সূনিন্, সূনা=বধ্যভূমি+ইনি—প্রং) সং, পুং, ব্যাধ। লুব্ধক। মাংসবিক্রয়ী, কশাই।

সূনু, (সূ=প্রসবকরা+নু—প্রং) সং, পুং, সবিতা, সূর্য্য, রবি, মার্ত্তণ্ড। তনুজ, তনয়, পুত্র। কনিষ্ঠ ভ্রাতা। দৌহিত্র। নু, নূ—স্ত্রীং, কন্যা। পুত্রী।

সূনৃত, (সূ—নৃৎ=নৃত্যকরা+ঘঞ্—প্রং, উ=ঊ) সং, ক্লীং, সত্য অথচ প্রিয়বাক্য। মঙ্গল, শুভ। বিং, ত্রিং, সত্য। প্রিয়, সুভগ। সত্য অথচ প্রিয়বক্তা।

সূপ, (সূ=প্রসবকরা+প—প্রং, উ=ঊ) সং, পুং, ব্যঞ্জনবিশেষ, ডাল, ঝোল। ভাণ্ড। বাণ। পাচক।

সূপকার, (সূপ=ব্যঞ্জন—কার=যেকরে, ২য়া—ষ) সং, পুং, পাচক, রন্ধনকারী।

সূপধূপন, সূপাঙ্গ, (সূপ=ব্যঞ্জন—ধূপন=সুগন্ধীকরণ, অঙ্গ=অবয়ব) সং, ক্লীং, হিঙ্গু, হিং।

সূম, (সূ=প্রসবকরা+মক্—প্রং) সং, ক্লীং, আকাশ। দুগ্ধ। জল।

সূর, (সূ=প্রসবকরা+ক্রন্—প্রং) সং, পুং, সূর্য্য, রবি, প্রভাকর। বর্ত্তমান কল্পের সপ্তদশ জৈনের পিতা। পণ্ডিত, জ্ঞানী।

সূরণ, (সূর্=বধকরা+অনট্—প্রং) সং, পুং, বেণার মূল। ওলাদিরমূল। বৃক্ষবিশেষ

সূরত, (সূ=উত্তমরূপে—রম্=ক্রীড়া করা বা শান্ত হওয়া+ক্ত—ক, সু=সূ) বিং, ত্রিং, দয়ালু, কৃপালু। স্থির, স্তব্ধ, স্নিগ্ধ, নিশ্চল।

সূরসূত, (সূর=সূর্য্য=সূত=সারথি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সূর্য্যসারথি, অরুণ।

সূরি, (সূর—[illegible]+রি—প্রং) সং, পুং, কবি, পণ্ডিত, বিদ্বান্। জৈন গুরুগণের সাধারণ উপাধি। [illegible]। সূর্য্য।

সূরী, (সূরিন্, সূর=[মূর্খতা] হিংসা করা+ইন্—ক) বিং, ত্রিং, পণ্ডিত, জ্ঞানী, বিচক্ষণ, বিদ্বান্।

সূর্ক্ষণ, (সূর্ক্ষ=অনাদর করা+অনট্—ভা) সং, ক্লীং, অনাদর, অবজ্ঞা, ঘৃণা।

সূর্প, (সূর্প=পরিমাণকরা+ঘঞ্—প্রং। কিম্বা শৄ=হিংসাকরা+প—প্রং। শৄ=সূর্। শূর্প শব্দই ব্যবহৃত হইয়া থাকে) সং, পুং—ক্লীং, তণ্ডুলাদি পরিষ্করণ পাত্র, শূর্প, কুলা। পরিমাণবিশেষ। র্পী—স্ত্রীং, ক্ষুদ্র কুলা।

সূর্পণখা, (সূর্প=কুলা—নখ; শূর্পের মত যাহার নখ, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, রাবণের ভগিনী।

সূর্য্য, (সৃ=[আকাশে] গমনকরা+য—প্রং, নিপাতন। কিংবা সূর+ক্যপ্—স্বার্থে) সং, পুং, সবিতা, রবি, মার্ত্তণ্ড, দিনকৃৎ, দিবাকর, আদিত্য। বালির পুত্র, অঙ্গদ। র্য্যা—স্ত্রীং, সূর্য্যপত্নী। ঔষধদ্রব্যবিশেষ, তিক্ত অলাবু। নবোঢ়া স্ত্রী।

সূর্য্যকান্ত, (সূর্য্য—কান্ত, চন্দ্রকান্ত দেখ) সং, পুং, মণিবিশেষ, কাচমণি, আতস্মণি

সূর্য্যকাল, (সূর্য্য=দিবাকর—কাল=সময়) সং, পুং, দিবস, দিন, অহন।

সূর্য্যগ্রহ, সং, পুং, সূর্য্য, রবি। সূর্য্যগ্রহণ। রাহু, কেতু। কলসীর তলা।

সূর্য্যজ, সূর্য্যতনয়, সূর্য্যপুত্র, (সূর্য্য—জ=জাত, ৫মী—হিং। সূর্য্য—তনয়=পুত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শমন, যম। শনিগ্রহ। মনুবিশেষ। সুগ্রীব। বালী। কর্ণ। জা, য়া—স্ত্রীং, যমুনানদী। কালিন্দী। বিদ্যুৎ।

সূর্য্যভক্ত, (সূর্য্য—ভক্ত=পুষ্প) সং, পুং বন্ধুক পুষ্পবৃক্ষ। বিং, ত্রিং, সূর্য্যের উপাসক।

সূর্য্যমণি, সূর্য্যাশ্মা, (সূর্য্যাশ্মন্, সূর্য্য—মণি=রত্ন, অশ্মন্=পাথর, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সূর্য্যকান্তমণি। পুষ্পবৃক্ষবিশেষ।

সূর্য্যাহ্ব, (সূর্য্য—আহ্বা=নাম) সং,

ক্লীং, তীব্র, তাঁবা। পুং, আকন্দ গাছ।

সূর্য্যেন্দুসঙ্গম, (সূর্য্য—ইন্দু=চন্দ্র—সঙ্গম =মিলন, ষং—স+৭মী—হিং) সং, পুং, অমাবস্তা।

সূর্য্যোঢ়, (সূর্য্য—উঢ়=বহনকরা গিয়াছে) সং,পুং, সূর্য্যাস্তের পর আগত অতিথি। অস্তগত সূর্য্য।

সৃক, (সৃ=গমনকরা+ক্—প্রং) সং, পুং, পদ্ম। কুমুদ। বায়ু। বাণ।

সৃকণ্ডু, সং, স্ত্রীং, কণ্ডুরোগ, চুলকণা।

সৃকাল, সৃগাল, (শৃকাল দেখ) সং, পুং, শিয়াল, শিবা।

সৃক্ক, সৃক্কন্, সৃক্কি—ক্লীং, সৃকণী—স্ত্রীং, } (সৃজ্ =[থুথু] সৃষ্টিকরা+কনিন্—প্রং,পক্ষে ঈপ্-প্রং) সং, ওষ্ঠের প্রান্তভাগ। "সৃকণী পরিলেলিহন্" বিং, শং। (ইহা বকারান্তও হয়)।

সৃগ, (সৃ=গমন করা+গক্—প্রং) সং, পুং, ভিন্দিপাল, ক্ষেপণীয় অস্ত্রবিশেষ, খর্ব্ব বাণ, ইহা হস্তে করিয়া বা চোঙ্গের ভিতর দিয়া ছুঁড়িতে হয়।

সৃজন, (সৃজ=সৃষ্টি করা+অনট—ভা) সং, ক্লীং, নির্ম্মাণ, সৃষ্টি। বর্ষণ।

সৃণি, (সৃ=[করিকুম্ভে] গমন করা+নি —প্রং) সং, পুং, রিপু, অরি, অরাতি, শত্রু। ণি, ণী—স্ত্রীং, অঙ্কুশ, ডাঙ্গশ, হস্তিশাসনাস্ত্র।

সৃণিকা, সৃণীকা, (সৃ=গমন করা+নি —যোগ,ক—প্রং। কিম্বা,সৃ=গমনকরা =ঈক—প্র, ন্—আগম) সং, স্ত্রীং, লালা, মুখের জল।

সৃত, (সৃ=গমন করা+ক্ত—ক) বিং, ত্রিং, অতীত, গত, বিগত।

সৃতি,(সৃ=গমন করা+ক্তিন্—ভা) সং, স্ত্রীং, বর্ত্ম, পথ। গতি, গমন। আঘাত করণ। ক্ষতিকরণ।

সৃত্বর, (সৃ=গমন করা+করপ্—ক, শীলাদ্যর্থে, তুক্—আগম) বিং, ত্রিং, গমনশীল। চঞ্চলস্বভাব।

সৃদাকু, (সৃ=গমন করা+কাকু—প্রং, দুক্—আগম) সং, পুং, সমীরণ, বায়ু। অনল,অগ্নি। অশনি,বজ্র। প্রতিসূর্য্যক। সূর্য্যমণ্ডল। স্ত্রীং, নদী।

সৃপাট, (সৃ=গমন করা+পাট) পুং, ক্লীং, পরিমাণ বিশেষ।

সৃপাটিকা, (সৃ=গমন করা+পাটি—প্রং, কন্=যোগ) সং, স্ত্রীং, চঞ্চু, পাখীর ঠোঁট। [ত্রিং, গত, প্রস্থিত।

সৃপ্ত, (সৃপ=গমন করা+ক্ত—ক) বিং,

সৃপ্র, (সৃপ=গমনকরা+র—প্রং) সং, পুং, চন্দ্র, নিশাকর, বিধু, ইন্দু।

সৃমর, (সৃ=গমনকরা+ক্মরচ্—শীলাদ্যর্থে) বিং, ত্রিং, গমনশীল। সং, পুং, জন্তুবিশেষ। মৃগবিশেষ।

সৃষ্ট, (সৃজ=সৃষ্টিকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, রচিত, নির্ম্মিত, কৃত। অধিক, অনেক। নির্ণীত। যুক্ত, মিশ্রিত। ভূষিত। পরিত্যক্ত।

(সৃজ=সৃষ্টিকরা+ক্তিন্—ভা) সং, স্ত্রীং, নির্ম্মাণ, রচনা। প্রকৃতি। স্বভাব। প্রাকৃতিক ধর্ম্ম বা গুণ। নির্গুণতা। সগুণতা। জগৎ। শিল্প। [শেষ।

সেঁওতী, (সেবন্তী শব্দজ) সং, পুষ্পবি-

সেকটান, (দেশজ) সং, মুখনাসিকা বিকৃত করণ।

সেঁতান, (সিক্তশব্দজ) বিং,আর্দ্র, ভিজা, সেঁতসেঁতে।

সে, ('সঃ' এই পদজাত) সর্ব্বং, অতিপ্রেত ব্যক্তি। [তাহাই।

সেই, (সে—ই=এব শব্দজ) সং, অনন্ত,

সেক, (সিচ্=জলাদিসেক করা+ঘঞ্—ভা) সং, পুং, সেচন, জলপ্রক্ষেপ। আর্দ্রীকরণ, ভিজান।

সেকপাত্র, (সেক=সেচন—পাত্র) সং, ক্লীং, জলসেচনাধার, সিঁউনি প্রভৃতি।

সেকরা, (স্বর্ণকার শব্দজ) সং, স্বর্ণজীবী জাতিবিশেষ, সোণার।

সেকিম, (সিচ্=সেচনকরা+ইমচ্—প্রং) সং, ক্লীং, মূলক, মূলা।
সেক্তা, (সেক্তৃ, সিচ্=সেচনকরা+তৃচ্—ক) বিং, ত্রিং, যে সেককরে, সেচনকর্ত্তা। সং, পুং, স্বামী, ভর্ত্তা।
সেক্ত্র, (সিচ্=সেচনকরা+ষ্ট্রন্—প্রং) সং, ক্লীং, সেকপাত্র, সেচনী, সিউনী।
সেখানে, (সে—খানে=স্থানে এই পদজ) ক্রিং—বিং, তথায়, সেই স্থানে।
সেগুণ, (দেশজ) সং, বৃক্ষবিশেষ।
সেচক, (সেক দেখ+ণক—ক) সং, পুং, মেঘ, ঘন, অম্বুদ। বিং, ত্রিং, সেচনকারী।
সেচন, (সেক দেখ+অনট্—ভা, ণ) সং, স্ত্রীং, সেক, উক্ষণ। ক্ষরণ। আর্দ্রীকরণ। সং—ক্লীং, নী—স্ত্রীং, সেকপাত্র, জলক্ষেপণপাত্র।
সেটু, (সিট্=অনাদর করা+উ—প্রং) সং, পুং, ফলবিশেষ, তরমুজ।
সেতিকা, সং, স্ত্রীং, অযোধ্যা।
সেতু, (সি=বন্ধনকরা+তুন্—প্রং) সং, পুং, জলবন্ধ, ক্ষেত্রাদির আলি, জাঙ্গাল, ভেঁড়ী। শাঁকো, পুল, প্রতর।
সেতুবন্ধ, (সেতু—বন্ধ=বন্ধন, ৭মী—হিং) সং, পুং, ভারতবর্ষের দক্ষিণ প্রান্ত হইতে লঙ্কাদ্বীপ পর্য্যন্ত শ্রেণীবদ্ধ পর্ব্বত শ্রেণী, কথিত আছে হনুমান্ রামের আজ্ঞায় এই সেতু বন্ধন করিয়াছিলেন। "সেতুবন্ধে সমুদ্রস্য গঙ্গাসাগরসঙ্গমে ব্রহ্মহা মুচ্যতে পাপী মিত্রদ্রোহী ন মুচ্যতে" কাং। সাঁকো, পুল, সেতু।
সেত্র, (সি=বন্ধন করা+ষ্ট্রন্—প্রং) সং, ক্লীং, নিগড়, বেড়ী।
সেথা, (সে—থা=স্থানে পদজ) বিং, ত্রিং, তথায়, সেখানে।
সেনা, (সি=[শত্রু] বন্ধনকরা+ণক, আপ্—প্রং। কিংবা স=সহিত+ইন=প্রভু, দলপতি+আপ্—প্রং) সং, স্ত্রীং, সৈন্য, বরূথিনী। সৈন্যদল।
সেনাঙ্গ, (সেনা—অঙ্গ=অবয়ব, ৬ষ্ঠী-ষ) সং, ক্লীং, সৈন্যদলের অবয়ব, হস্তী অশ্ব রথ পদাতি—এই চারি।
সেনানিবেশ, সং, পুং, শিবির, ছাউনি
সেনানী, সেনাপতি, (সেনা—নী=লইয়া যাওয়া+ক্বিপ্—ক, ২য়া—ষ। সেনা-পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সৈন্যাধ্যক্ষ কার্ত্তিকেয়, স্কন্দ।
সেনামুখ, (সেনা—মুখ=বদন) সং, ক্লীং, ৩হস্তী, ৩রথ, ৯অশ্ব, ১৫পদাতি—এতৎ সংখ্যক সৈন্য। সেনাগ্র। পুরদ্বারের সম্মুখবর্ত্তী উচ্চ পথ। [মেঢ্র, উপস্থ
সেফ, (শেফ দেখ, শ=স) সং, পুং শিশ্ন
সেমন্তী, সং, স্ত্রীং, সেঁউতি ফুল।
সেরাহ, সং, পুং, দুগ্ধের ন্যায় শুভ্রবর্ণ অশ্ব
সেরু, (সি=বন্ধনকরা+রু—প্রং) বিং, ত্রিং, বন্ধনকারী। [পুং, সেবা
সেব, (সেব্=সেবাকরা+ক—ভা) সং,
সেবক, (সেব্=সেবাকরা+ণক—ক) বিং, ত্রিং, সেবাকারী। পরিচারক দাস, ভৃত্য, অনুজীবী। (সিব্=সেলাই করা+ণক—ক) সীবনকর্ত্তা, দরজী প্রভৃতি।
সেবধি, (সেব=সেবা—ধা=ধারণকরা+কি—প্রং) সং, পুং, কুবেরের নিধি রত্ন শঙ্খ পদ্মাদি।
সেবন, (সেবক দেখ+অনট্—ভা) সং, ক্লীং, উপাসনা, আরাধনা, সেবা উপভোগ। সীবন, সেলাই। না—স্ত্রীং উপাসনা। নী—স্ত্রীং, সূচী, ছুঁচ।
সেবা, (সেবক দেখ+আপ্—ভা), সং স্ত্রীং, পরিচর্য্যা, শুশ্রূষা। উপভোগ আশ্রয়। উপাসনা। [পূজক, পাণ্ডা
সেবাত, (সেবক শব্দজ) বিং, পূজারী
সেবিত, (সেবক দেখ+ক্ত—র্ম্ম) বিং ত্রিং, উপাসিত, আরাধিত, অর্চ্চিত রক্ষিত। অভ্যস্ত, ব্যবহৃত। উপভুক্ত আশ্রিত।
সেব্য, (সেবক দেখ+যৎ—র্ম্ম) বিং

ত্রিং, সেবনীয়, আরাধ্য, উপাস্য। অভ্যাস, অনুশীলন বা ব্যবহার করিবার উপযুক্ত। যত্ন করিবার যোগ্য। সং, ক্লীং, বেণার মূল।

সেব্যমান, (সেবক দেখ + শানচ্—র্ম, য, ম্—আগম) বিং, ত্রিং, আরাধ্যমান, যাহাকে সেবাকরা যাইতেছে।

সৈংহ, (সিংহ + অণ্—সম্বন্ধার্থে) বিং, ত্রিং, সিংহসম্বন্ধীয়। সিংহতুল্য।

সৈংহিক, সৈংহিকেয়, (সিংহিকা=ইহার মাতা + অণ্, ঠক্—অপত্যার্থে) সং, পুং, সিংহিকা-পুত্র, রাহুগ্রহ।

সৈকত, (সিকতা=বালুকা + অণ্—ইদমর্থে) সং, ক্লীং, বালুকাময় তট, পুলিন। বিং, ত্রিং, বালুকাময় (স্থান), বালিময়।

সৈকতিক, (সিকতা=বালুকা ইত্যাদি + ঠক্—প্রং) সং, পুং, সন্ন্যাসী। ক্ষপণক। ক্লীং, মঙ্গলসূত্র। বিং, ত্রিং, সন্দেহজীবী। ভ্রমজীবী।

সৈকতিল, (সিকতা=বালুকা + ইলচ্—প্রং) বিং, ত্রিং, সিকতাবিশিষ্ট।

সৈতবাহিনী, (সৈত=[সিত=শুভ্র + অণ্—প্রং]—বাহিনী=নদী) সং, স্ত্রীং, বাহুদানদী।

সৈনাপত্য, (সেনাপতি + যক্—ভাবে, কর্ম্মণি) সং, ক্লীং, সেনাপতির কর্ম্ম বা পদ। বিং, ত্রিং, সেনাপতি-সম্বন্ধীয়।

সৈনিক, (সেনা + ঠক্—প্রং) সং, পুং, প্রহরী, সেনাভুক্ত ব্যক্তি, সেপাই। সেনাশ্রেণী। সেনারক্ষক। সেনাসমবেত, মিলিত হস্ত্যশ্বরথপদাদি, সেনাভুক্ত পুরুষাদি। বিং, ত্রিং, সেনাসম্বন্ধীয়।

সৈন্ধব, (সিন্ধু=দেশবিশেষ, সমুদ্র + অণ্—নিবাসার্থে) সং, পুং, ঘোটক, অশ্ব। পুং, ক্লীং, সমুদ্রজাত লবণ। বিং, ত্রিং, সিন্ধুদেশীয়। সমুদ্রজাত।

সৈন্ধী, সং, স্ত্রীং, তালাদির রস, তাড়ী।

সৈন্য, (সেনা=মিলিত হস্ত্যশ্বরথপদাতি + ষ্যঞ্—তত্র সমবেতার্থে, স্বার্থে) সং, ক্লীং, শ্রেণীবদ্ধ যোদ্ধা। মৌল ভৃত্য সুহৃৎ শ্রেণী দ্বিষৎ বন্য—এই ৬ প্রকার। পুং, সেনাসমবেত। অস্ত্রধারী সেপাই।

সৈমন্তিক, (সীমন্ত=কেশ-বীথী, [যেখানে সিঁদুর দেয়] + ঠক—প্রং) সং, ক্লীং, সিন্দূর, সিঁদূর।

সৈরিক, (সীর=লাঙ্গল + ঠক্—প্রং) সং, পুং, লাঙ্গলধারী, লাঙ্গলিক। লাঙ্গলা, কৃষক। হেলে গোরু। বিং, ত্রিং, লা- . . . . ।

সৈরিন্ধ্রী, সৈরন্ধ্রী, (স্বৈর=স্বেচ্ছাধীনতা + ধৃ=ধারণকরা + কন্, ঈপ্—প্রং, নিপাতন। অথবা সীরন্ধ্র, [সীব=হল—ধৃ=ধারণকরা + ক—ক]=কৃষক + অণ্, মুক্ আগম, ঈপ্—প্রং) সং, স্ত্রীং, পরবেশ্মস্থা শিল্পকারিণী, পরগৃহস্থিত স্বাধীনা শিল্পকারিণী। দ্রৌপদী। পাণ্ডবমহিষী, ইনি বিরাট রাজার ভবনে এক বৎসর কাল সৈরিন্ধ্রীর কার্য্য করিয়াছিলেন, সেই অবধি ইহাঁর এই নাম হইয়াছে।

সৈরিভ, (সীর=লাঙ্গল বা সূর্য্য—ইভ=হস্তী + অণ্—প্রং) সং, পুং, মহিষ। স্বর্গ, নাক, ত্রিদিব।

সৈরীয়, সৈরীয়ক, সৈরেয়, সৈরেয়ক; (সৈর; [সীর=লাঙ্গল + অণ—প্রং] =লাঙ্গলসম্বন্ধীয় [লাঙ্গল ইত্যাদি দ্বারা উন্মূলিত] + ছ, ঠক্—প্রং। কন্—যোগে সৈরীয়ক, সৈরেয়ক) সং, পুং, ঝিণ্টী, ঝাঁটীবৃক্ষ।

সৈবাল, (সেবাল=[সেবা—অল্ + অচ্—প্রং] + অণ্—প্রং) সং, ক্লীং, শৈবাল, শেয়ালা। [দূর্ব্বা।

সো, (সো=নাশকরা + ক্বিপ্) স্ত্রীং, পার্ব্বতী,

সোঁটা, (দেশজ) সং, যষ্টি, লাঠী।

সোজা, (দেশজ) বিং, অবক্র, সরল, অকুটিল।

সোঢ়া, (সহ্=সহ্যকরা + ক্ত—র্ম) বিং, ত্রিং, যাহা সহ্য করা হইয়াছে। ধীর,

সহ্যকারক।

সোঢ়া, (সোঢ়, পূর্ব্বে দেখ+তৃচ—র্ক) বিং, ত্রিং, সহনকারক, সহনশীল, ক্ষমাযুক্ত। শক্ত, সমর্থ, সক্ষম।

সোণা, (স্বর্ণশব্দজ) সং, সুবর্ণ, কনক, হিরণ্য, হেম, চামীকর।

সোন্না, (দেশজ) সং, স্বর্ণকারের চিমটা।

সোৎকণ্ঠ, (স=সহিত—উৎকণ্ঠা=উদ্বেগ, ১মা—হিং) বিং, ত্রিং, উৎকণ্ঠাযুক্ত, উদ্বিগ্ন, শোককারী।

সোৎপ্রাস, (স=সহিত—উৎপ্রাস=অধিক, উদ্যম, ১মা—হিং) সং, পুং, ক্লীং, ঈষৎহাস্যযুক্ত বাক্য। শ্লেষবাক্য। অতিহসিত। বিং, ত্রিং, অধিক, বৃদ্ধিযুক্ত। সোল্লুণ্ঠ বাক্য।

সোদর, সোদর্য্য, (স=সমান—উদর=পেট, ৬ষ্ঠী—হিং। সোদর+যৎ—স্বার্থে) সং, পুং, রা, র্য্যা—স্ত্রীং, একগর্ভজ ভ্রাতা বা ভগিনী।

সোনহ ; সং, পুং, লশুন, রশুন।

সোন্মাদ, (স=সহিত—উন্মাদ—বাতুলতা) বিং, ত্রিং, উন্মত্ত,পাগল, ক্ষিপ্ত, ক্ষেপা।

সোপপ্লব, (স=সহিত—উপপ্লব=রাহু,১মা—হিং) সং,পুং, রাহুগ্রস্ত চন্দ্র বা সূর্য্য।

সোপাক, পুং, নীচ জাতীয় ব্যক্তি, পুক্কশীর গর্ভে চাণ্ডালের ঔরসজাত ব্যক্তি, বধাদিকর্ম্মে নিয়োগ করিবার উপযুক্ত।

সোপাধিক, (স=সহিত—উপাধি+কন্—প্রং) বিং, ত্রিং, উপাধিযুক্ত।

সোপান, (স=সহিত—উপান, [উপ=ঊর্দ্ধ—অন্=বাঁচা কিন্তু এখানে গমন করা+অচ্—ভা]=ঊর্দ্ধ গমন, ১মা—হিং) সং, ক্লীং, আরোহিণী, সিঁড়ী, তীর্থ। "সোপানমার্গেষু চকার শব্দং ঠঠং ঠঠং ঠঃ ঠঠঠং ঠঠং ঠঃ" হনুমান্।

সোম, সোমন্, (সু=প্রসবকরা+ম, মন্—প্রং) সং, পুং, চন্দ্রমা, বিধু, চন্দ্র। কুবের। যম। বায়ু, অনিল। কর্পূর। জল। বসুগণের মধ্যে এক বসু। অমৃত। পর্ব্বতবিশেষ। বানরবিশেষ। যজ্ঞে প্রস্তুত রসবিশেষ, সোমলতার রস। (সহ—উমা) শিব। ক্লীং, আমানী, কাঁজি। আকাশ, স্বর্গ।

সোমক্ষয়, (সোম=চন্দ্র—ক্ষয়) সং, পুং, অমাবস্যা। [পুং, বিষ্ণু, নারায়ণ।

সোমগর্ভ, (সোম=চন্দ্র—গর্ভ=ভ্রূণ) সং,

সোমজ, (সোম=চন্দ্র—জ=উৎপন্ন) সং, ক্লীং, ক্ষীর, পয়ঃ, দুগ্ধ। বিং, ত্রিং, চন্দ্রজাত।

সোমতীর্থ, (সোম=চন্দ্র—তীর্থ=পুণ্যস্থান, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ভারতবর্ষের পশ্চিম প্রদেশস্থ পুণ্যস্থান বিশেষ, প্রভাসতীর্থ।

সোমধারা, (সোম=চন্দ্র—ধারা=ধারণ) সং, স্ত্রীং, আকাশ, অন্তরীক্ষ।

সোমপ, সোমপা, সোমপীতী, (সোম=যজ্ঞে প্রস্তুতরসবিশেষ—প=যে পান করে, ২য়া—ষ। সোম—পা=পান করা+ক্বিপ্—ক, ২য়া—ষ। সোমপীতিন্, সোম—পীতি=পান+ইনি—অস্ত্যর্থে) সং, পুং, যজ্ঞে সোমরসপায়ী।

সোমপত্র, (সোম=লতাবিশেষ—পত্র=পাতা) সং, পুং, তৃণবিশেষ, উলুখড়।

সোমপূতিকা, (সোম=সোমলতা—পূতিকা=পূতিকরঞ্জলতা) সং, স্ত্রীং, পূতিকরঞ্জলতা যজ্ঞে সোমলতার প্রতিনিধি হইয়া থাকে।

সোমবন্ধু, (সোম=চন্দ্র—বন্ধু, রাত্রিতে প্রস্ফুটিত হয় বলিয়া) সং, ক্লীং, জলজ পুষ্পবিশেষ, কুমুদ। পুং, সূর্য্য, রবি।

সোমযাগ, (সোম=লতাবিশেষ—যাগ=যজ্ঞ) সং, পুং, সোমলতারস-পানাঙ্গক বর্ষত্রয়সাধ্য যজ্ঞবিশেষ।

সোমযাজী, (সোমযাজিন্, সোম—যজ=যাগকরা+ইনি—ক+ অথবা সোম [যাগ]—যজ্=পূজাকরা+ইনি—ক) সং, পুং, সোমযাগকর্ত্তা।

সোমযোনি, (সোম=চন্দ্র—যোনি=উৎ-

পত্তিস্থান) সং, ক্লীং, পীতবর্ণ সুগন্ধি চন্দন।

সোমরাজী, (সোমরাজিন্, সোম=চন্দ্র—রাজ্=দীপ্তিপাওয়া+ইন্—প্রং) সং, পুং, ওষধিবিশেষ, সোমরাজের গাছ।

সোমলতা, } (সোম=চন্দ্র— লতা
সোমবল্লিকা, } =লতানিয়া গাছ) সং, স্ত্রীং, স্বনাম প্রসিদ্ধ লতাবিশেষ।

সোমবল্ক, (সোম=চন্দ্র—বল্ক=গাছের ছাল) সং, পুং, শ্বেত খদির। কট্‌ফল।

সোমবল্লী, (সোম=চন্দ্র—বল্লী=লতা) সং,স্ত্রীং, গুড়ূচী। সোমলতা। সোমরাজ

সোমসংজ্ঞ, (সোম=চন্দ্র—সংজ্ঞা=নাম) সং, ক্লীং, কর্পূর।

সোমসিদ্ধান্ত, (সোম=চন্দ্র [এই শাস্ত্র-গুরু]-সিদ্ধান্ত[সত্যতা] যাহার) সং, পুং, শৈবমতাবলম্বী পণ্ডিতবিশেষ। বুদ্ধবিশেষ। চন্দ্রপ্রোক্ত জ্যোতিষগ্রন্থবিশেষ।

সোমসিন্ধু ; সং, পুং, বিষ্ণু, নারায়ণ।

সোমসুৎ, (সোম=সোমযাগ—সু=প্রসব করা+কিপ্—ক, ভূতকালে) সং, পুং, যাজ্ঞিক, সোমযাগকর্ত্তা। সোমযাগ-নির্ব্বাহক পুরোহিত।

সোমসুতা, (সোম=চন্দ্র—সুতা=কন্যা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, রেবা, নর্ম্মদা নদী।

সোমসূত্র ; সং, ক্লীং, জলনিঃসরণ স্থান।

সোমা, (সোমন্, সু=প্রসবকরা+মন্—প্রং) সং, পুং, চন্দ্র, বিধু, ইন্দু।

সোমাল, (সোম—অল=[ভূষিতকরা] সমতুল্য হওয়া+অচ্—প্রং) বিং, ত্রিং, কোমল, পেলব, নরম।

সোমোদ্ভবা, (সোম=চন্দ্র [চন্দ্রবংশীয়] —উদ্ভব=জন্ম, ৬ষ্ঠী—হিং। কিম্বা সোম =অমৃত—উদ্ভব, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, নর্ম্মদা নদী। (যাঁহারা এই নদীতে স্নান করেন, তাঁহারা স্বর্গে গমন করেন বলিয়া, ইহার এই নাম হইয়াছে।)

সোরাষ্ট্রিক, (সুরাষ্ট্র=সুরাট দেশ+ঠক) সং, পুং, এক প্রকার বিষ।

সোল্লুণ্ঠ, (স=সহিত—উল্লুণ্ঠ=পরিহাস, ১মা—হিং) বিং, ত্রিং, পার্শ্বপরিবর্ত্ত-নাদিযুক্ত। পরিহাসযুক্ত, ঠাট্টার সহিত।

সোল্লুণ্ঠন, (স=সহিত—উল্লুণ্ঠন=পরিহাস, ১মা—হিং) সং, ক্লীং, পরিহাসযুক্ত-বাক্য, ঠাট্টা। নিন্দাগর্ভস্তুতি।

সোহাগ, (দেশজ) সং, আদরকরণ, বাৎসল্যকরণ।

সোহাগা; (দেশজ) সং, টঙ্কণ।

সৌকর, (সুকর=বরাহ+অণ্) বিং, ত্রিং, শূকরবৎ, শূকরসম্বন্ধীয়।

সৌকরিক, (সূকর=শূয়ার+ঠক্—প্রং) সং, পুং, শিকারী, ব্যাধ প্রভৃতি।

সৌকর্য্য, (সুকর, [সু=সুখে—কৃ=করা +য—র্ম]=সুসাধ্য+ষ্যঞ—ভাবে) সং, ক্লীং, সুসাধ্যতা, সুবিধা।

সৌকুমার্য্য, (সুকুমার=অতি মৃদু+ষ্যঞ্—ভাবে) সং, ক্লীং, কোমলতা, মৃদুতা, সুকুমারতা, মার্দ্দব। যৌবন।

সৌখশায়নিক, সৌখসুপ্তিক, (সুখ-শয়ন, সুখ সুপ্তি+ঠক্—প্রং) সং, পুং, সুখ-শয়ন জিজ্ঞাসু, বৈতালিক। স্তুতিপাঠক, ভাট। [বিলাসী, সুখেচ্ছু।

সৌখীন, (সুখ+ঈন—প্রং) বিং, ত্রিং,

সৌখ্য, (সুখ+যঞ্—স্বার্থে) সং, ক্লীং, সুখ। সুখধারা, সুখবিস্তৃতি।

সৌগত, (সুগত=বুদ্ধ+অণ্—স্বার্থে) সং, পুং, নাস্তিক, বৌদ্ধ।

সৌগতিক, (সুগত=বুদ্ধ+ঠক্) সং, পুং, বৌদ্ধসন্ন্যাসী। সন্ন্যাসী ব্রাহ্মণ। সন্দেহ। ঈশ্বরে অবিশ্বাস, ঈশ্বরবিষয়ক সন্দেহ, নাস্তিক।

সৌগন্ধ, সৌগন্ধ্য, (সুগন্ধ+ষ্যঞ্, অণ, স্বার্থে) সং,ক্লীং, সুগন্ধ, সৌরভ, মিষ্ট গন্ধ

সৌগন্ধিক, (সু=মনোহর—গন্ধ=ঘ্রাণ +ঠক্—প্রং) সং, ক্লীং, শ্বেতপদ্ম। নীলোৎপল। পদ্মরাগমণি। পুং গন্ধক। সুগন্ধদ্রব্য-ব্যবসায়ী। গন্ধবণিক্।

সৌচি, সৌচিক, (সূচী=সূঁচ+ঠক্,ইঞ্—

জীবত্যর্থে) সং, পুং, সূচীকর্ম্মোপজীবী,

সৌজন্য, (সুজন=সজ্জন+ষ্যঞ্-ভাবে) সং, ক্লীং, সাধুতা, ভদ্রতা, সদ্ব্যবহার, সত্তা।

সৌত্র, সৌত্রিক, (সূত্র+ষ্ণ, ঠক—প্রং) সং, পুং, ব্রাহ্মণ। ব্যাকরণে-ধাতুবিশেষ, যাহা হইতে কেবল ধাতু সিদ্ধ বিশেষ্য সাধিত হয়। বিং, ত্রিং, সূত্রসম্বন্ধীয়, সূত্রানুযায়ী, নিয়মানুসারী।

সৌদামনী, সৌদামিনী, সৌদাম্নী, (সুদামন্=ইন্দ্রের হস্তী+ঈ-পত্ন্যর্থে, নিপাতন। ২য় পক্ষে ইক্—আগম। ৩য় পক্ষে অ—লোপ। কিম্বা সুদামা=মালা+অ—ভবার্থে, ঈপ্—প্রং, সৌদামনী অর্থাৎ মালাকার। অথবা স্বামী বলেন, সুদামন্=পর্ব্বত+অ, ঈপ্—প্রং, অর্থাৎ স্ফটিকময় পর্ব্বত প্রান্তভাগ ভবা বিদ্যুৎ অতিস্ফুট হয়) সং, স্ত্রীং, তড়িৎ, বিদ্যুৎ, চপলা, চলা, ইরম্মদা। অপ্সরাবিশেষ।

সৌদায়িক, (সুদায়=বন্ধুকুল, যৌতুকাদি দান+ঠক্-প্রং) বিং,ত্রিং, স্ত্রীধনবিশেষ, পিতৃ-মাতৃ-ভর্ত্তৃকুল হইতে লব্ধধন।

সৌধ, (সুধা=চূর্ণ+অণ্—সংসর্গার্থে) সং, পুং—ক্লীং, রাজসদন, প্রাসাদ। ইষ্টকাদি নির্ম্মিত ভবন, হর্ম্ম্য, কোটাবাড়ী। সুধাধবলিত গৃহ। বিং, ত্রিং, সুবাসিত।

সৌনন্দ, সং, ক্লীং, বলদেবের মুষল।

সৌনন্দী, (সৌনন্দিন্, সৌনন্দ=ইঁহার মূষল+ইনি—অস্ত্যর্থে) সং,পুং, মুষলী, বলদেব, হলী।

সৌনিক, (সূনা=বধ্যভূমি+ঠক্—প্রং) সং, পুং, পশুপক্ষীর মাংসবিক্রয়কর্ত্তা, কশাই।

সৌন্দর্য্য, (সুন্দর+ষ্যঞ্—ভাবে) সং, ক্লীং, সুন্দরতা, কমনীয়তা, মনোজ্ঞতা, মাধুরী, রূপ, সুশ্রীকতা।

সৌপর্ণ, (সুপর্ণ=গরুড়+ঠক্—স্বার্থে) সং, ক্লীং, আদা। মরকত মণি। বিং, ত্রিং, সুপর্ণসম্বন্ধীয়।

সৌপর্ণেয়, (সুপর্ণী=বিনতা+ঠক্—অপত্যার্থে) সং, পুং, গরুড়।

সৌপ্তিক, (সুপ্ত=[নিদ্রা] বা নিদ্রার সময়+ঠক্—প্রং) সং, ক্লীং, রাত্রি-যুদ্ধ, নিশা সমর। মহাভারতের পর্ব্ববিশেষ। বিং, ত্রিং, সুপ্তিসম্বন্ধীয়।

সৌভ, সং, ক্লীং, হরিশ্চন্দ্র রাজার পুরী, ইহা শূন্যে অবস্থিত।

সৌভদ্র, সৌভদ্রেয়, (সুভদ্রা=কৃষ্ণের ভগিনী+অণ্, ঠক্—অপত্যার্থে) সং, পুং, সুভদ্রার পুত্র, অভিমন্যু। সুভদ্রা হরণ করাতে যে যুদ্ধ ঘটিয়াছিল।

সৌভাগিনেয়, (সুভগা+ঠক্-অপত্যার্থে) ইনঙ-আগম) সং,পুং, সুভগা স্ত্রীর পুত্র।

সৌভাগ্য, (সুভগ=ভাগ্যবান্, সুন্দর, প্রিয়+ষ্যঞ্—ভাবে) সং, ক্লীং, শুভাদৃষ্ট। যোগের মধ্যে চতুর্থ যোগ। সৌন্দর্য্য। মনোহারিতা। বল্লভত্ব। সুভগত্ব। প্রিয়ত্ব। রক্তসীসক।

সৌভাঞ্জন, পুং, শজিনা গাছ।

সৌভিক, (সৌভ+ঠক্—প্রং) সং, পুং, বাজীকর, ঐন্দ্রজালিক।

সৌভ্রাত্র, (সুভ্রাতৃ=উত্তম ভ্রাতা+অণ্—ভাবে) সং, ক্লীং, ভ্রাতাদিগের পরস্পর স্নেহ।

সৌমনস, (সুমনস্=পুষ্প+অন্) বিং,ত্রিং, পুষ্পময়, পুষ্পসম্বন্ধীয়।

সৌমনস্য, (সুমনস্=প্রীত+ষ্যঞ্ ভাবে) সং, ক্লীং, প্রীতি। প্রসন্নতা। আমোদ।

সৌমিত্র, সৌমিত্রি, (সুমিত্রা=ইঁহার মাতা+অণ্, ইঞ্—অপত্যার্থে) সং, পুং, সুমিত্রা পুত্র, লক্ষ্মণ শত্রুঘ্ন।

সৌমেচক, ক্লীং, স্বর্ণ, সুবর্ণ, হেম, চামীকর।

সৌমেধিক, (সু=শ্রেষ্ঠ—মেধা=ধারণাবতী বুদ্ধি+ঠক্—প্রং) সং, পুং, যাহার দিব্য জ্ঞান আছে। সিদ্ধ, মুনি প্রভৃতি। বিং, ত্রিং, উত্তম মেধাবিশিষ্ট।

সৌমেরুক, (সুমেরু=সেই পর্ব্বত+কণ্

—যোগ, অণ্—প্রং) সং, ক্লীং, সুবর্ণ, হেম, জাম্বুনদ। বিং,ত্রিং, সুমেরুসম্বন্ধীয়।

সৌম্য, (সোম—চন্দ্র+যৎ—অপত্যার্থে ইত্যাদি) সং, পুং, সোমের পুত্র, বুধগ্রহ। ব্রাহ্মণ। বিপ্র। জগতের এক খণ্ডবিশেষ। বিং, ত্রিং, সুন্দর, মনোজ্ঞ, সুদৃশ্য। প্রসন্ন। নম্র, বিনীত। সাধু। সোমদৈবত। শান্তমূর্ত্তি।

সৌম্যধাতু, সং, পুং, কফ, শ্লেষ্মা।

সৌর, (সূর=সূর্য্য+অণ্—অপত্যার্থে ইত্যাদি) সং, পুং, যম। শনি। মনুবিশেষ। বালী। সুগ্রীব। সূর্য্যের উপাসক। বিং, ত্রিং, সূর্য্যসম্বন্ধীয়।

সৌরজগৎ, এক সূর্য্য ও তাহার চতুর্দ্দিকে পরিভ্রমণকারী গ্রহগণ এবং তাহাদের পারিপার্শ্বিক—এই সমুদয়। (Solar System.)

সৌরভ, (সুরভি=সুগন্ধ+অণ্—প্রং) সং, ক্লীং, সুগন্ধ। সৌন্দর্য্য। কুঙ্কুম। কুক্কুরবিশেষ।

সৌরভেয়, (সুরভী=গাভি+ঠক্—অপত্যার্থে ইত্যাদি) সং, পুং, বৃষ, বলীবর্দ্দ, ষাঁড়। য়ী—স্ত্রীং, গবী, গাই। সুরভিকন্যা। বিং, ত্রিং, সুরভিসম্বন্ধীয়।

সৌরভ্য, (সুরভি=সুগন্ধ+ণ্যৎ—প্রং) সং, ক্লীং, সুগন্ধ। সৌন্দর্য্য। কুঙ্কুম। কুক্কুরবিশেষ। পুং, কুবের।

সৌরসেন, সং, পুং, কার্ত্তিকেয়, স্কন্দ, সেনানী।

সৌরসৈন্ধব, (সুরসিন্ধু=দেবতাদিগের নদী+অণ্—যোগ) সং, পুং, সূর্য্য-ঘোটক। বিং,ত্রিং, সুরসিন্ধুসম্বন্ধীয়, গাঙ্গেয়।

সৌরাজ্য, (সুরাজ+ষ্যঞ্—ভাবে) সং, ক্লীং, সাধুরাজ-বিশিষ্টত্ব, সুরাজত্ব।

সৌরাষ্ট্র (সুরাষ্ট্র=সুরাজ্য+অণ্—প্রং) সং, পুং, দেশবিশেষ, সুরাট্‌দেশ। পুং, বহুং, তদ্দেশীয় লোক। ক্লীং, কাংস্য, কাঁসা। ষ্ট্রি—স্ত্রীং, সৌরাষ্ট্রদেশীয় সুগন্ধি মৃত্তিকা।

সৌরাষ্ট্রিক, (সুরাষ্ট্র=তদ্দেশ+ঠক্) ক্লীং, বিষবিশেষ, (কেহ কেহ বলেন, এক প্রকার সর্পেরবিষ, কেহ বা বলেন, উদ্ভিদ্ বা ধাতুবিষ।)

সৌরি, (সূর=সূর্য্য+ইঞ্—অপত্যার্থে) সং, পুং, শনৈশ্চর, শনি। যম। অসনবৃক্ষ। (সূরি+ইঞ্—অপত্যার্থে) কৃষ্ণ। বিং, ত্রিং, সূর্য্যসম্বন্ধীয়।

সৌরিক, (সুর—দেবতা, সুরা=মদ্য+ঠক্—প্রং। সং, পুং, স্বর্গ, ত্রিদিব, নাক। সুরাবিক্রয়কারী। বিং, ত্রিং, স্বর্গীয়। সুরাসম্বন্ধীয়।

সৌরিরত্ন, সং, ক্লীং, নীলকান্তমণি।

সৌব, (স্ব=স্বয়ং+অণ্—প্রং) বিং, ত্রিং, স্বকীয়। আপনার, নিজের। সং, ক্লীং, রাজাজ্ঞা, ঘোষণা পত্র মাত্র।

সৌবগ্রামিক, (স্বগ্রাম+ঠক্—প্রং) বিং, ত্রিং, স্বগ্রামোৎপন্ন, নিজগ্রামে জাত।

সৌবর, (স্বর+অণ্—প্রং) বিং, ত্রিং, স্বরসম্বন্ধীয়, স্বরনিবদ্ধ।

সৌবর্চ্চল, (সুবর্চ্চল—দেশবিশেষ+অণ্—প্রং) সং, ক্লীং, লবণবিশেষ, সচললবণ। ক্ষার, সোরা।

সৌবর্ণ, (সুবর্ণ—সোণা+অণ্—বিকারার্থে) বিং, ত্রিং, স্বর্ণনির্ম্মিত, সুবর্ণময়, এক সুবর্ণপরিমিত।

সৌবর্ণভেদিনী, স্ত্রীং, প্রিয়ঙ্গু লতা।

সৌবস্তিক, (স্বস্তি=মঙ্গল+ঠক্—প্রং, ব=ঔব) সং, পুং, পুরোহিত। বিং, ত্রিং, স্বস্তিবাচক, হিতজনক, মঙ্গলসাধক,

সৌবিদল্ল, সৌবিদ, (সুবিদ্, [সু=শোভন—বিদ্=জানা+ক্বিপ্—ক]=পণ্ডিত —অৎ=গমনকরা+ক্বিপ্—প্রং=সুবিদৎ=রাজা—লা=গ্রহণকরা+অণ্—প্রং, ২য়া—ষ—সুবিদল্ল অন্তঃপুর+অণ্—তত্র নিযুক্তার্থে) সং, পুং, অন্তঃপুররক্ষক,

সৌবীর, সৌবীর্য্য, (সুবীর=দেশবিশেষ +অণ্, ষঞ্—প্রং) সং, পুং, সিন্ধুনদের

নিকটবর্ত্তী দেশবিশেষ। ক্লীং, বদরূ কুল, কর্কন্ধু। কাঞ্জিক, আমানী।
সৌষ্ঠব, (সুষ্ঠু+অণ্—ভাবে) সং, ক্লীং, আধিক্য, প্রাচুর্য্য। সৌন্দর্য্য। উৎকর্ষ। নাটকের অংশবিশেষ। লঘুতা, ক্ষিপ্রতা
সৌসাদৃশ্য, (সুসদৃশ+ষ্যঞ্—ভাবে) সং, ক্লীং, উত্তমসাদৃশ্য, মিল, অবিভিন্নতা।
সৌহার্দ্দ, সৌহার্দ্দ্য, সৌহৃদ, সৌহৃদ্য, } (সুহৃদ্=মিত্র+ অণ্, ষ্যঞ্-ভাবে) সং, ক্লীং, মিত্রতা, সখিতা, সখ্য, প্রণয়, বন্ধুত্ব। সৌজন্য।
সৌহিত্য, (সুহিত=তৃপ্ত+ষ্যঞ্—ভাবে) সং, ক্লীং, সন্তোষ, অতি তৃপ্তি। পর্য্যাপ্ত ভোজন।
স্কন্দ, (স্কন্দ্=গমনকরা+অচ্—প্রং) সং, পুং, কার্ত্তিকেয়, ষড়ানন, সেনানী, কুমার। রাজা। শরীর। নদীতট। বিদ্বান্, দক্ষ।
স্কন্দন, (স্কন্দ্=গমনকরা, শুষ্ক করা+ অনট্—ভা) সং, ক্লীং, গতি। রেচন। ক্ষরণ। শোষণ। শৈত্য প্রয়োগ করিয়া রক্তস্রাব নিবারণ।
স্কন্ধ, (ক=মস্তক—ধা=ধারণকরা+ক —প্রং, সুট্—আগম) সং, পুং, কন্ধরা, কাঁধ, অংস। শরীর। মূল অবধি শাখা-নির্গম স্থান পর্য্যন্ত বৃক্ষভাগ, গাছের গুঁড়ি। সমূহ। যুদ্ধ। অভিষেক সামগ্রী। সেনাবিভাগ। বৌদ্ধমতে জ্ঞানের ৫ অংশ—বিষয়প্রপঞ্চ রূপস্কন্ধ, বিষয়জ্ঞান-প্রপঞ্চ বেদনাস্কন্ধ, আলয়বিজ্ঞান-প্রপঞ্চ বিজ্ঞানস্কন্ধ, নামপ্রপঞ্চ সংজ্ঞা-স্কন্ধ, বাসনাপ্রপঞ্চ সংস্কারস্কন্ধ। পথ। বক, কোঁচ বক। চুক্তি, নির্দ্দিষ্টকার্য্য। বিজ্ঞ প্রাচীন মনুষ্য। পণ্ডিত, শিক্ষক। ককুৎ, ষাঁড়ের ঝুট। পঞ্চ ইন্দ্রিয়ের পঞ্চ বিষয়, গন্ধরসাদি। গ্রন্থ, গ্রন্থপরিচ্ছেদ। সৈন্যাধ্যক্ষ। ব্যূহ, সৈন্যরচনা। ছন্দো-বিশেষ। স্কন্ধা—স্ত্রীং, শাখা। লতা।
স্কন্ধচাপ, (স্কন্ধ=কাঁধ—চাপ=ধনুক) সং, পুং, ভারযষ্টি, বাঁক। [গুঁড়িতে জন্মে।
স্কন্ধজ, পুং, আগাছা, যাহা অন্য গাছের
স্কন্ধতরু, (স্কন্ধ=গাছের গুঁড়ি—তরু= বৃক্ষ) সং, পুং, নারিকেল বৃক্ষ।
স্কন্ধদেশ, (স্কন্ধ—দেশ=অংশ, ৬ষ্ঠী—স) সং, পুং, কন্ধরা, কাঁধ, অংস। হস্তিস্কন্ধ, যে স্থানে হস্তিপক উপবেশন করে।
স্কন্ধফল, সং, পুং, নারিকেল বৃক্ষ। বিল্ব। ডুম্বুর। [কোঁচবক।
স্কন্ধমল্লক, সং, পুং, কঙ্কপক্ষী, বক,
স্কন্ধরুহ, (স্কন্ধ=গাছের প্রধান গুঁড়ি—রুহ=যে জন্মে) সং, পুং, বটবৃক্ষ।
স্কন্ধবাহ, স্কন্ধবাহক, (স্কন্ধ=কাঁধ—বাহ, বাহক=যে বহন করে, ৭মী—ষ), সং, পুং, শকটাদিবাহক বৃষ, বলদ।
স্কন্ধশাখা, (স্কন্ধ=গুঁড়ি—শাখা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, প্রধান শাখা।
স্কন্ধশৃঙ্গ, (স্কন্ধ=কাঁধ—শৃঙ্গ=শিং) সং, পুং, মহিষ, লুলাপ।
স্কন্ধাবার, (স্কন্ধ=রাজা, সৈন্য—আ—বৃ =আবরণকরা+অণ্—প্রং) সং, পুং, সেনাবিশেষ, কটক। রাজার শরীর রক্ষক সেনা। রাজধানী। সেনানিবেশ, তাম্বু, শিবির, ছাউনি।
স্কন্ধিক, (স্কন্ধ=কাঁধ+ঠক্—প্রং) সং, পুং, শকটাদি বাহক বৃষ।
স্কন্ধী, (স্কন্ধিন্, স্কন্ধ=গাছের গুঁড়ি+ ইনি—অস্ত্যর্থে) সং, পুং, বৃক্ষ, তরু, শাখী, বিটপী, মহীরুহ। বিং, ত্রিং, স্কন্ধসম্বন্ধীয়।
স্কন্ন, (স্কন্দ্=গমনকরা+ক্ত—ক) বিং, ত্রিং, পতিত, চ্যুত, ক্ষরিত। গত। শুষ্ক।
স্খদন, (স্খদ্=বিদীর্ণকরা+অনট্—ভা) সং, ক্লীং, পরাজয়করণ। বিদারণ। ক্লেশোৎপাদন। বিনাশন।
স্খলৎ, (স্খল্=পিছলিয়া যাওয়া+শতৃ—ক) বিং, ত্রিং, যে স্খলিত হইতেছে, বা স্খলিত হওয়া যাহার স্বভাব।
স্খলন, (পূর্ব্বে দেখ+অনট্—ভা) সং,

ক্লীং, ধর্ম্ম হইতে পতন। ভ্রংশ, পতন। পিছলন। উছট খাওয়া। মোচন। ধাক্কা। ভ্রমহওন। বিকলহওন। বাক্যের অর্দ্ধ উচ্চারণ। ভ্রমবশতঃ অনুদ্দিষ্ট বাক্য কথন। বিকৃতি। আঘাতাদি দ্বারা চাঞ্চল্য। বিফলহওন। স্থানচ্যুতি।

স্খলিত, (স্খলৎ দেখ+ক্ত—ভা, ক) সং, ক্লীং, স্খলন। পতন। চলন। ব্যত্যাস। যুদ্ধে কূটপ্রয়োগ। বিং, ত্রিং, পতিত। গত, চলিত, বিচলিত। চ্যুত, ভ্রষ্ট। কুণ্ঠিত। প্রতিহত। বিকৃত। অর্দ্ধোচ্চরিত। মত্ত।

স্তন, (স্তন্=শব্দকরা+অচ্—প্রং) সং, পুং, পয়োধর, বক্ষোজ, কুচ।

স্তনন, (পূর্ব্বে দেখ+অনট্—ভা) সং, ক্লীং, শব্দ, ধ্বনি। মেঘধ্বনি। কাতরধ্বনি।

স্তনন্ধয়, স্তনপ, } (স্তন—ধে=পান করা+খশ্—ক, পা=পানকরা+ক্বিপ্—ক) সং, পুং, য়ী, পা—স্ত্রীং, স্তন্যপায়ী, অতি শিশু।

স্তনয়িত্নু, (স্তনি=শব্দকরা+ইত্নু—শীলাদ্যর্থে) সং, পুং, মেঘ, পয়োধর, জীমূত, বারিবাহ। মেঘধ্বনি। বিদ্যুৎ, চপলা, তড়িৎ, সৌদামনী। বজ্র। রোগ, পীড়া। মৃত্যু। মুস্তক, মুতা।

স্তনমুখ, স্তনবৃন্ত—পুং, স্তনশিখা-স্ত্রীং, স্তনাগ্র-ক্লীং, } (স্তন—মুখ, বৃন্ত=বোঁটা, শিখা=চূড়া, অগ্র=অগ্রভাগ, ৬ষ্ঠী—ষ) সং, কুচাগ্র, চুচুক, স্তনের বোঁটা।

স্তনান্তর, (স্তন—অন্তর=মধ্য, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, স্তনদ্বয়ের মধ্যভাগ, হৃদয়, বক্ষঃস্থল। স্তনদ্বয়ের মধ্যভাগস্থিত চিহ্নবিশেষ, যদ্দ্বারা ভাবি বৈধব্য সূচিত হয়।

স্তনিত, (স্তনি=শব্দকরা+ক্ত—ভা, ক) সং, ক্লীং, বজ্রধ্বনি। মেঘধ্বনি। রতিশব্দ, মণিত। করতালিশব্দ। বিং, ত্রিং, শব্দকারক।

স্তন্য, (স্তন+যৎ—ইদমর্থে) সং, ক্লীং, স্তনদুগ্ধ, মাইদুধ।

স্তন্যজীবী, স্তন্যপায়ী, (স্তন্যজীবিন্, স্তন্য=স্তনদুগ্ধ—জীবী=যে বাঁচে, ৩য়া—ষ। স্তন্যপায়িন্, স্তন্য=স্তনদুগ্ধ—পায়ী=যে পান করে, ৩য়া—ষ) সং, পুং, যাহারা স্তন্যপান করিয়া বর্দ্ধিত হয়; যথা—মনুষ্য, গো, মহিষাদি; ইহারা জরায়ুজ। (Mamalia.)

স্তব্ধ, (স্তন্ভ্=স্থির হওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, জড়ীভূত, স্তম্ভিত, স্পন্দরহিত। দৃঢ়ীভূত। মূর্চ্ছিত। বধির।

স্তব্ধরোমা, (স্তব্ধরোমন্, স্তব্ধ=দৃঢ়ীভূত—রোমন্=লোম) সং, পুং, বরাহ, শূকর, কোল। সং, পুং, ছাগ, অজ।

স্তভ, (স্তন্ভ্=স্থির হওয়া+অচ্—প্রং)

স্তম্ব, (স্থা=থাকা+অম্বচ্—প্রং) সং, পুং, কাণ্ড, ধান্যাদি বৃক্ষের ডাঁটা। স্কন্ধহীন বৃক্ষ, ঝাড়। তৃণাদির আঁটি, গোছা। হস্তীবন্ধনস্তম্ভ। ক্লীং, খুঁটী, থাম। অজ্ঞান অবস্থা।

স্তম্বকরি, (স্তম্ব=গোছা—কৃ=করা+ইন্—প্রং) সং, পুং, ব্রীহি, ধান্য, শস্য।

স্তম্বঘন, স্তম্বঘ্ন, (স্তম্ব=গোছা—হন্=ছেদকরা, ধ্বংস করা+অপ্, কচ্) সং, পুং, তৃণাদিছেদনের অস্ত্র, কাস্তা প্রভৃতি

স্তম্বপুর, সং, স্ত্রীং, এই নামীয় নগরীবিশেষ

স্তম্বেরম, (স্তম্বে=আলানে—রম্=ক্রীড়া করা+অচ্—ক) সং, পুং, হস্তী, গজ, দ্বিপ, দ্বিরদ, বারণ, দন্তী, ইভ।

স্তম্ভ, (স্তব্ধ দেখ+অচ্—ক, ভা) সং, পুং, থাম, খুঁটী। গুঁড়ি, ডাঁটা। জড়ীভাব। অচঞ্চলতা, স্থিরীভাব। প্রতিবন্ধ, রোধ। শীতাদি নিবন্ধন জড়তা। রোগাদি হেতু অজ্ঞান অবস্থা। ইন্দ্রজাল দ্বারা চেষ্টা রোধ।

স্তম্ভকর, সং, পুং, বেড়া, রেল।

স্তম্ভকী, (স্তম্ভকিন্, স্তম্ভক=থামা+ইনি) সং, পুং, চর্ম্মাবৃত বাদ্যযন্ত্রবিশেষ।

স্তম্ভন, (স্তম্ভ দেখ+অনট্—ভা) সং, ক্লীং, অবরোধ। নিবারণ, থামান। স্থিরীকরণ। দৃঢ়ীকরণ। জড়ীকরণ। রক্তের গতিরোধ। ইন্দ্রজাল দ্বারা চেষ্টা রোধ করণ। পুং, কামদেবের পঞ্চবাণান্তর্গত বাণ, যথা—"উন্মাদনঃ শোষণশ্চ তাপন স্তম্ভনস্তথা। সন্মোহনশ্চ পঞ্চৈতে বিখ্যাতাঃ কামশায়কাঃ"।

স্তম্ভিত, (স্তম্ভ দেখ+ক্ত—ক, র্ম্ম) বিং, ত্রিং, জড়ীকৃত। স্থিরীকৃত। নিবারিত। অবরুদ্ধ। দৃঢ়ীকৃত।

স্তর, (স্তৃ=আস্তরণ করা+অচ্—প্রং) সং, পুং, তবক, থাক, ভূমি প্রভৃতির বিভাগ বিশেষ। তল্প, শয্যা।

স্তরিমা, (স্তরিমন্, স্তৃ=আস্তরণকরা+ইমনিচ্—প্রং) সং, পুং, শয্যা, তল্প, কশিপু, বিছানা। খট্টা। ত্রিং, ধূম, ধূঁয়া।

স্তরী, (স্তৃ=আচ্ছাদন করা+ঈ—প্রং) সং,

স্তব, (স্তু=স্তুতিকরা+অপ্—ভা) সং, পুং, গুণবর্ণন, স্তুতি, প্রশংসা।

স্তবক, (পূর্ব্বে দেখ+ণক—র্ম্ম। কিংবা স্থা=থাকা+অকক—প্রং, নিপাতন) সং, পুং, পুষ্পের গুচ্ছ, তোড়া, থলো। সমূহ। স্তুতি। গ্রন্থের পরিচ্ছেদ। বিং, ত্রিং, স্তবকারক।

স্তবকিত, (স্তবক+ইত—প্রং) বিং, ত্রিং, গুচ্ছীকৃত, তোড়া। যাহার স্তবক হইয়াছে।

স্তবরক, সং, পুং, বেড়া, রেল।

স্তবেষ্য, (স্তু=স্তুতিকরা+এষ্য—প্রং) সং, পুং, ইন্দ্র, দেবরাজ, বাসব, পুরন্দর, আখণ্ডল, পাকশাসন।

স্তাবক, (স্তু=স্তবকরা+ণক—ক) সং, পুং, গুণগায়ক। স্তুতিকারক।

স্তিমিত, (স্তিম্=ক্লিন্নহওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, নিশ্চল, স্থির। জড়। আর্দ্র, ভিজা। সং, ক্লীং, আর্দ্রতা। জড়তা, নিশ্চলতা।

স্তিম্ভি, (স্তম্ভ দেখ,+ই—প্রং। অ=ই) সং, পুং, সমুদ্র, সাগর, রত্নাকর, অর্ণব, অম্বুধি, পারাবার। বাধা, প্রতিবন্ধ।

স্তুত, (স্তুব দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, প্রশংসিত, সঙ্কীর্ত্তিত, যাহার স্তবকরা হয়।

স্তুতি, (স্তুব দেখ,+ক্তিন্—ভা) সং, স্ত্রীং, প্রশংসা, স্তব, গুণকথন। "ব্যাজস্তুতিস্তব পয়োদ, ময়োদিতেয়ং" উং।

স্তুতিপাঠক, স্তুতিব্রত, (স্তুতি=স্তব—পাঠক=যে পাঠ করে, ২য়া—ষ। স্তুতি—ব্রত=নিয়ম, ৬ষ্ঠী—হিং) সং, পুং, স্তবকর্ত্তা, বন্দী। সূত, মাগধজাতি।

স্তুতিবাদ, (স্তুতি—বাদ=বাক্য, ৬ষ্ঠী—ষ) সং, পুং, প্রশংসা বাক্য।

স্তুত্য, (স্তুব দেখ+ক্যপ—র্ম্ম) বিং, ত্রিং, স্তবের যোগ্য। যাহার স্তব করিতে হয়। স্তোত্রার্হ। [প্রং) সং, পুং, অজ, ছাগ।

স্তুনক, স্তুভ, (স্তুভ্=স্তব্ধহওয়া+ক—

স্তূপ, (স্তূপ্=উন্নত হওয়া, রাশিকরা+প—প্রং) সং, পুং, রাশি, সমূহ। ঢিবী, রাশীকৃত মৃত্তিকাদি।

স্তূয়মান, (স্তুব দেখ+শানচ্—র্ম্ম) বিং, ত্রিং, যাহার স্তবকরা যাইতেছে।

স্তেন, (স্তেন্=চুরিকরা+অচ্—ক, ভা) সং, পুং, তস্কর, চোর। ক্লীং, মলিম্লুচ, চোর। চৌর্য্য, চুরি।

স্তেম, (স্তিম্=ক্লিন্ন হওয়া+ঘঞ্—ভা) সং, পুং, আর্দ্রভাব, সরসতা, ভিজা।

স্তেয়, স্তৈন, স্তৈন্য, (স্তেন্=চুরিকরা+যৎ—প্রং, ন—লোপ। স্তেন=চোর+অঞ্, য-ভাবে, স্তেন=চুরিকরা+ষ্যঞ্ বা ণ্যৎ) সং, ক্লীং, চৌর্য্য, অপহরণ, চুরিকরণ।

স্তেয়ী, (স্তেয়িন্, স্তেয়=চৌর্য্য+ইনি—অস্ত্যর্থে) সং, পুং, চোর, তস্কর, মলিম্লুচ। স্বর্ণকার, সেকরা।

স্তৈন, (স্তেন্=চুরিকরা+অঞ্) সং, ক্লীং, চৌর্য্য, চুরি, অপহরণ, ডাকাইতি।

স্তৈমিত্য, (স্তিমিত+ণ্যৎ—ভাবে) সং, ক্লীং, আর্দ্রতা। জড়তা।

স্তোক, (স্তুচ্=নির্ম্মলহওয়া, প্রসন্নহওয়া

+ঘঞ্—প্রং) বিং, ত্রিং, অল্প, ঈষৎ। "বিয়তি বহুতরং স্তোকমুর্ব্বীং প্রযাতি" কাং। প্রবোধ। সং, পুং, চাতকপক্ষী। জলবিন্দু। ক্রিং, বিং অল্পে অল্পে।

স্তোকক, (স্তোক=ঈষৎ—কৈ=শব্দকরা +ক—প্রং) সং, পুং, চাতকপক্ষী।

স্তোতা, (স্তোতৃ, স্তু=স্তবকর+তৃচ্—ক) বিং, ত্রিং, স্তবকর্ত্তা, স্তুতিকারক। মাগধ, সূত, বন্দী।

স্তোত্র, (স্তোতা দেখ+ষ্ট্রন্—ণ) সং ক্লীং, স্তুতি, স্তব, আরাধনা বাক্য, বন্দনা।

স্তোভ, (স্তুভ্=স্তব্ধহওয়া+ঘঞ্—ভা) সং, পুং, স্তম্ভন। বাধা দেওয়া, আটক করা। সামবেদের বিচ্ছেদ। অগৌরব, অসম্মান, গ্লানি। নিরর্থক শব্দ।

স্তোম, (স্তোম্=প্রশংসা করা ইত্যাদি+মন্—প্রং) সং, পুং, রাশি, সমূহ। "শব্দস্তোমমহানিধিঃ" তারানাথ। যজ্ঞ, অধ্বর, যাগ। প্রশংসাবাক্য, গুণকথন, স্তব। ক্লীং, মস্তক। ধন। শস্য। ভাটক। লৌহমণ্ডিতাগ্রদণ্ড। বিং, ত্রিং, বক্র, বাঁকা। অসরল। নত।

স্তৌপিক, (স্তূপ=মস্তক+ঠক্) সং, ক্লীং, ক্ষুদ্র সম্মার্জ্জনী, জৈন মুনিগণ পাদ-বিক্ষেপ দ্বারা প্রাণিনাশ আশঙ্কায় এই মার্জ্জনী হস্তে করিয়া পথমার্জ্জন ক-রিতে করিতে গমন করেন।

স্ত্যান, (স্ত্যৈ=শব্দকরা+ক্ত—প্রং) বিং, ত্রিং, আস্তান। ঈষৎ শুষ্ক কর্দ্দম। সংহত, মিলিত। মসৃণ,তেলা, কোমল। পুরু, স্থূল। ধ্বনিত, শব্দিত, মুখরিত। সং, ক্লীং, ঘনত্ব। সান্দ্রতা। প্রতিধ্বনি। শব্দ। সংহতি। আলস্য।

স্ত্যেন, (স্ত্যৈ=শব্দকরা ইত্যাদি+ইনচ্—প্রং) সং, পুং, চোর, তস্কর। অমৃত, পীযূষ।

স্ত্রী, (স্ত্যৈ=শব্দকরা+ড্রট্, ঈপ্—প্রং) সং,স্ত্রীং, নারী, যোষিৎ, অবলা, মহিলা,

স্ত্রীঘোষ, (স্ত্রী—ঘোষ=শব্দ) সং, পুং, প্রভাত, প্রত্যূষ। প্রাতঃকাল।

স্ত্রীচিত্তহারী, (স্ত্রীচিত্তহারিন্) বিং,ত্রিং, সুভগ, নারীর মনোহর। পুং, মোরঙ্গ বৃক্ষ। [যোনি, ভগ।

স্ত্রীচিহ্ন, (স্ত্রী—চিহ্ন, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং,

স্ত্রীচোর, (স্ত্রী—চৌর=চোর) সং, পুং, লম্পট, কামুক।

স্ত্রীজিত, (স্ত্রী—জিত=পরাজিত, ৩য়া—ষ) সং, পুং,স্ত্রীর বশীভূত পুরুষ, স্ত্রৈণ।

স্ত্রীত্ব, স্ত্রীতা, (স্ত্রী+ত্ব, তল্-ভাবে) সং, ক্লীং, নারীত্ব, স্ত্রীধর্ম্ম। স্ত্রীলিঙ্গ।

স্ত্রীধন, সং, ক্লীং, স্ত্রীলোকের স্বত্ববৎবস্তু।

স্ত্রীধর্ম্ম, (স্ত্রী—ধর্ম্ম=স্বাভাবিক অবস্থা, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ঋতু, রজঃ। স্ত্রীলোকের কর্ত্তব্য কর্ম্ম।

স্ত্রীধর্ম্মিণী, (স্ত্রীধর্ম্ম+ইনি—অস্ত্যর্থে, ঈপ্—প্রং) সং, স্ত্রীং, ঋতুমতী, রজস্বলা।

স্ত্রীধর্ষণ; সং, ক্লীং, স্ত্রীলোকের উপর বলপ্রকাশ, বলাৎকার।

স্ত্রীপর, (স্ত্রী—পর=রত, ৭মী—ষ) সং, পুং, লম্পট, নারী প্রিয়। কামুক।

স্ত্রীপুংধর্ম্ম, (স্ত্রী—পুম্স্—ধর্ম্ম=বিধান) সং, পুং, স্ত্রী ও পুরুষের পরস্পর কর্ত্তব্য কর্ম্ম, তদ্বিষয়ক বিবাদ।

স্ত্রীপুংসলক্ষণা, সং, স্ত্রীং, স্ত্রী ও পুরুষের লক্ষণাক্রান্ত স্ত্রী। [পুরুষ, স্ত্রৈণ।

স্ত্রীপূর্ব্ব, সং, পুং, স্ত্রীজিত, স্ত্রীর বশীভূত

স্ত্রীরঞ্জন, ক্লীং, পান, পানের খিলি, যাহা স্ত্রীলোকেরা সর্ব্বদা চর্ব্বণ করিতে ভাল বাসে।

স্ত্রীরত্ন, (স্ত্রী—রত্ন=মণি) সং, ক্লীং, না-রীশ্রেষ্ঠ, উত্তমা স্ত্রী।

স্ত্রীলিঙ্গ, (স্ত্রী—লিঙ্গ=চিহ্ন ইত্যাদি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, স্ত্রীবাচক শব্দ। যোনি।

স্ত্রীবশ, স্ত্রীবিধেয়, (স্ত্রী—বশ=অধীন, বিধেয়=শাসিত) সং, পুং, স্ত্রীর অধীন পুরুষ, স্ত্রৈণ।

স্ত্রীসঙ্গ, সং, পুং, সম্ভোগ, রমণ, রতি।

স্ত্রীসভ, (স্ত্রী—সভা=সমাজ) সং, ক্লীং, স্ত্রীলোকের সভা।
স্ত্রৈণ, (স্ত্রী+নঞ—ভাবে, অধীনার্থে ইত্যাদি) সং, ক্লীং, স্ত্রীত্ব, স্ত্রীস্বভাব। পুং, স্ত্রীজিত, স্ত্রীবশ। বিং, ত্রিং, স্ত্রী-সম্বন্ধীয়। [স্ত্রীবশতা, স্ত্রীর বশীভূততা।
স্ত্রৈণতা, (স্ত্রৈণ+তল—ভাবে) সং, স্ত্রীং,
স্থ, (স্থা—থাকা+ক্ত—ক) বিং, ত্রিং, স্থিত, বিদ্যমান। বর্ত্তমান।
স্থগ, (স্থগ=আচ্ছাদন করা+অনট—প্রং) বিং, ত্রিং, ধূর্ত্ত, শঠ, নির্লজ্জ, বেহায়া। গী—স্ত্রীং, তাম্বূলকরঙ্ক, পানের বাটা, ডিপা।
স্থগন, (স্থগ=আচ্ছাদনকরা+অনট—ভা) সং, ক্লীং, তিরোধান, গোপন। আচ্ছাদন।
স্থগিত, (পূর্ব্বেদেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অবরুদ্ধ। আবৃত। তিরোহিত। নিবৃত্ত।
স্থগু, (স্থগ—আচ্ছাদনকরা+উ—প্রং) সং, ক্লীং, কুঁজ, গড়ু।
স্থণ্ডিল, (স্থল=স্থাপিতহওয়া+ইলচ—নিপাতন।) সং, ক্লীং, যজ্ঞার্থ প্রস্তুত পরিষ্কৃত ভূমি, সমান ভূমি। বালুকাদি প্রস্তুত হোমার্থ মণ্ডলবিশেষ। "নিষেদুর্ষী স্থণ্ডিল এব কেবলং" কাং। সীমা।
স্থণ্ডিলশায়ী, স্থণ্ডিলেশয়, (স্থণ্ডিলশায়িন্, স্থণ্ডিল—শী=শয়নকরা+ইনি—ক, ব্রতার্থে, ৭মী—ষ। স্থণ্ডিলে=যজ্ঞভূমিতে—শয়=যে শয়ন করে) বিং, ত্রিং, যজ্ঞভূভাগে শয়নকারী, ব্রতী।
স্থণ্ডিলসিতক, (স্থণ্ডিল=বেদি—সো=নাশকরা+ক্ত—কন্) ক্লীং, হোমকুণ্ড। যজ্ঞকুণ্ড।
স্থপতি, (স্থ=স্থিত—পতি=প্রভু, স্থং—স) সং, পুং, বার্হস্পত্য যাগকর্ত্তা। অন্তঃপুর-রক্ষক, কঞ্চুকী। অধমীর, অধিপতি। ঘরামি। রাজমিস্ত্রী। শিল্পী। সূত্রধর। সারথি। কুবের। মন্ত্রী। বিং, ত্রিং, প্রধান, মুখ্য, উৎকৃষ্টতর।
স্থপুট, (স্থ=স্থিত—পুট=সংলগ্ন হওয়া+ক—প্রং) সং, ত্রিং, কষ্টজীবী। দুঃখাদিতে নম্রীভূত। অস্থির সন্ধিস্থান। উন্নতানত।
স্থল, (স্থল=স্থিতিকরা+অচ—ক) সং, ক্লীং, লী—স্ত্রীং, স্থান। প্রদেশ। জলশূন্য অকৃত্রিম ভূমি। পাত্র। থলী। থালী। থাল। ক্লীং, পটবাস, তাম্বু। ঢিবি। বিবাদ বা বর্ণনার বিষয়। পুস্তকের অংশ।
স্থলচর, (স্থল—চর=যে গমন করে, ৭মী—ষ) বিং, ত্রিং, যাহারা স্থলে বাস করে
স্থলপদ্ম, (স্থল=জলশূন্য ভূমি—পদ্ম) সং, স্ত্রীং, স্বনাম প্রসিদ্ধ পুষ্পবিশেষ। পুং, মানকচু।
স্থলসঙ্কট, যোজক, ভূকন্ধরা। (Isthmus)
স্থলীয়, (স্থল+ঈয়—ইদমর্থে) বিং, ত্রিং, স্থলসম্বন্ধীয়, স্থানীয়।
স্থবি, (স্থা=থাকা+কিন্—প্রং, স্থা=স্থব) সং, পুং, তন্তুবায়, তাঁতি।
স্থবির, (স্থা=[বহুকাল] থাকা+কিরচ—প্রং, স্থা স্থানে স্থব) বিং, ত্রিং, বৃদ্ধ, প্রাচীন। অচল, স্থির। জীর্ণ। সং, পুং, ব্রহ্মা। বৃদ্ধব্যক্তি।
স্থবিরলগুড়ন্যায়, (৩৮) ন্যায় দেখ।
স্থবিষ্ঠ, স্থবীয়ান, (স্থবীয়স্, স্থূল+ইষ্ঠন্, ঈয়সুন্—অত্যর্থে) বিং, ত্রিং, অতিস্থূল, অতিশয় মোটা। [স্ত্রীং, স্থিতি। থাকা।
স্থা, (স্থা=থাকা+কিপ—প্রং) সং,
স্থাণু, (স্থা=থাকা+নু—প্রং) সং, পুং, শিব, মহাদেব। কীল, গোঁটা, গোঁজ। স্তম্ভ। বর্ষা, সড়কি। বল্মীক, উইয়ের ঢিবি। পুং, ক্লীং, শাখাশূন্যবৃক্ষ, মুড়োগাছ। বিং, ত্রিং, স্থির। স্থবির।
স্থাণ্ডিল, (স্থণ্ডিল—ভূমি ইত্যাদি+অণ—প্রং) বিং, ত্রিং, স্থণ্ডিলশায়ী। ভিক্ষু।
স্থাতব্য, (স্থা=থাকা+তব্য—প্রং) বিং, ত্রিং, স্থিতিযোগ্য, স্থেয়, থাকিবার উপযুক্ত।

স্থাতা, (স্থাতৃ, স্থা=থাকা+তৃণ—ক) বিং, ত্রিং, স্থিতিকারী, যে থাকে।

স্থান, (স্থা=থাকা+অনট্—ধি, ভা) সং, ক্লীং, স্থল। পদ। সাদৃশ্য। নগরের মধ্যস্থ বিস্তৃত পরিষ্কৃত ভূমি। অবকাশ। গৃহ, বাটী, বাড়ী। গ্রন্থসন্ধি। অবস্থিতি, স্থিতি। স্থৈর্য্য। নিকট। সন্নিবেশ। নগর। কার্য্য, কর্ম্ম, ব্যবসায়। আধার। ভাজন।

স্থানক, (স্থান+কন্—যোগ) সং, ক্লীং, আলবাল। নগর। ফেন। বুদ্‌বুদ্‌।

স্থানসন্নিবেশ, সং, পুং, স্থাননির্ণয় ও তাহার সীমাদি নিরূপণ।

স্থানাবরোধকতা, যে গুণ দ্বারা জড়পদার্থ আপনার আশ্রয়স্থান রুদ্ধ করিয়া রাখে। (Resistance) স্থানীয়। সং, পুং, স্থানাধ্যক্ষ

স্থানিক, (স্থান+ঠক—প্রং) বিং, ত্রিং,

স্থানী, (স্থানিন্, স্থান+ইনি—অস্ত্যর্থে) বিং, ত্রিং, স্থানবিশিষ্ট, স্থিতিশীল।

স্থানীয়, (স্থান+ছ—প্রং, কিম্বা স্থা=থাকা+অনীয়র্—প্রং) বিং, ত্রিং, স্থিতিযোগ্য। স্থলীয়, স্থানস্থিত। স্থানসম্বন্ধীয়। সং, ক্লীং, নগর, জনপদ।

স্থানে, (স্থান+ঙসি—সপ্তমীর একবচন) অং, যুক্ত, যোগ্য। উচিত। সত্য। সাদৃশ্য। তদনুসারে। সুতরাং।

স্থাপক, (স্থাপি=রাখা+ণক—ক) বিং, ত্রিং, সংস্থাপনকারী, যে রাখে। নাট্য সম্পাদক। মন্দিরাদিপ্রতিষ্ঠাকর্ত্তা।

স্থাপত্য, (স্থা=[অন্তঃপুরমধ্যে সম্ভ্রান্ত লোকের উপপত্নী বা স্ত্রী] যে থাকে—পতি=প্রভু+ষ্যঞ্—প্রং) সং, পুং, অন্তঃপুররক্ষক। ক্লীং, স্থপতির কর্ম্ম।

স্থাপন, (স্থাপক দেখ+অনট্—ভা) সং, ক্লীং, অর্পণ, রাখা। নিবেশন। চালন, নিয়োগকরণ। আবাস, আলয়। আরোপণ। পুংসবন।

স্থাপিত, (স্থাপক দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, নিবেশিত। অর্পিত। গচ্ছিত। ন্যস্ত। আরোপিত। নিশ্চিত।

স্থামা, (স্থামন্, স্থা=থাকা+মনিন্—প্রং) সং, ক্লীং, সামর্থ্য, শক্তি, বল, জোর। স্থৈর্য্য।

স্থায়িভাব, (স্থায়িন্=স্থিতিশীল—ভাব=গুণ) সং, পুং, রতি, হাস, শোক, ক্রোধ, উৎসাহ, ভয়, জুগুপ্সা, বিস্ময়, শম—এই নয়টী; রসের অবস্থিতি কাল পর্য্যন্ত ইহারা থাকে বলিয়া ইহাদের নাম স্থায়িভাব। ভারমধ্যের সহিত নিম্নভাগের সংযোগ থাকা।

স্থায়ী, (স্থায়িন্, স্থা=থাকা+ইনি—ক, ভবিষ্যৎকালে, য—আগম) বিং, ত্রিং, স্থিতিবিশিষ্ট, অচল। স্থির।

স্থায়ুক, (স্থা=থাকা+উকঞ্—ক, শীলাদ্যর্থে, য—আগম) বিং, ত্রিং, স্থায়ী, স্থিতিশীল। সং, পুং, গ্রামাধ্যক্ষ, মণ্ডল।

স্থাল, (স্থা=থাকা+আলচ্—ধি) সং, ক্লীং, পাত্রবিশেষ, থাল।

স্থালী, (স্থাল+ঈপ্—প্রং) সং, স্ত্রীং, হাঁড়ী, পাকপাত্র। থালী। পাটলাবৃক্ষ।

স্থালীবিল, (স্থালী=পাকপাত্র—বিল=ফাঁক) সং, ক্লীং, পাকপাত্রের অভ্যন্তরস্থ শূন্যভাগ।

স্থালীবিলীয়, স্থালীবিল্য, (স্থালীবিল+ছ, যৎ) বিং, ত্রিং, হাঁড়ীতে দিবার যোগ্য, রাঁধিবার উপযুক্ত।

স্থাবর, (স্থা=থাকা+বরচ্—ক, শীলাদ্যর্থে) বিং, ত্রিং, স্থিতিশীল, অচল, স্থায়ীপদার্থ, বৃক্ষ পর্ব্বতাদি। সং, পুং, পর্ব্বত। ক্লীং, ধনুকের ছিলা।

স্থাবির, (স্থবির=বৃদ্ধ+অণ্—ভাবে) সং, ক্লীং, স্থবিরত্ব, বৃদ্ধাবস্থা। স্ত্রীলোকের পঞ্চাশের পর এবং পুরুষের সত্তরের পর।

স্থাসক, (স্থা=থাকা+স—প্রং, কন্—যোগ) সং, পুং, গন্ধচূর্ণ। ভূষার্থ চূর্ণবিশেষ। জলবুদ্‌বুদ, জলবিম্ব।

স্থাম্ন, (স্থা=থাকা+স্নু) সং, ক্লীং, শারীরিক বল, শক্তি, জোর।

স্থাস্নু, (স্থা=থাকা+স্নু—ক, শীলাদ্যর্থে) বিং, ত্রিং, স্থিতিশীল, স্থায়ী।

স্থিক, সং, পুং, কটি, নিতম্ব, প্রোথ।

স্থিত, (স্থা=থাকা+ক্ত—ক) বিং, ত্রিং, দণ্ডায়মান। স্থিতিশালী। স্থির। স্থিরস্বভাব। অবধারিত। ঘটিত। উপস্থিত। অভিযুক্ত। আক্রান্ত।

স্থিতি, (পূর্ব্বে দেখ+ক্তিন্—ভা) সং, স্ত্রীং, অবস্থান, থাকা। স্থিরতা। অবধারণ। মর্য্যাদা। সীমা। অবস্থা, দশা। স্থান। নিবৃত্তি, থামা। নিষ্পত্তি, রায়। পালন। [দ্বয়ের অনবস্থান।

স্থিতিবিরোধ—এক সময়ে একত্র দ্রব্য-

স্থিতিস্থাপক, (স্থিতি—স্থাপক=যে স্থাপন করে, ২য়াতৎপু) সং, পুং, পূর্ব্বস্থানে স্থাপনকারী গুণবিশেষ। আকুঞ্চন, প্রসারণ ও অভিঘাতাদি করিলেও বস্তু-সকল যে নৈসর্গিক গুণপ্রভাবে পুনর্ব্বার পূর্ব্বভাব প্রাপ্ত হয়। (Elasticity)

স্থির, (স্থা=থাকা+কিরচ্—প্রং) বিং, ত্রিং, স্থায়ী, নিশ্চল। দৃঢ়, কঠিন। নিশ্চিত। ধীর। যাহা ঠাণ্ডা হইয়া জমাট্ বাঁধিয়া গিয়াছে। নিয়ত, বিশ্বাসযোগ্য। সং,পুং, দেবতা। কার্ত্তিকেয়। শনিগ্রহ। বৃষ। পর্ব্বত। বৃক্ষ। মোক্ষ। রা—স্ত্রীং, অচলা,পৃথ্বী। ওষধি বিশেষ, কাকোলী। শিমুলগাছ। [পাটলা পুষ্প।

স্থিরগন্ধ, সং, পুং, চম্পক। ন্ধা—স্ত্রীং,

স্থিরচ্ছদ, (স্থির=দৃঢ়—ছদ=পত্র) সং, পুং, ভূর্জ্জপত্রের গাছ।

স্থিরচ্ছায়, (স্থির=স্থায়ী—ছায়া) সং,পুং, পথপার্শ্বস্থিত ছায়াপ্রধান বৃক্ষ। বৃক্ষ।

স্থিরজিহ্ব, (স্থির=নিশ্চল—জিহ্বা) সং, পুং, মৎস্য, মীন, মাছ।

স্থিরতর, (স্থির+তরপ্—অত্যর্থে) বিং, ত্রিং, অতিস্থির। দৃঢ়তর। চিরস্থায়ী। সুনিশ্চিত। সুধীর, অতিধীর।

স্থিরতা, (স্থির+তল্—ভাবে) সং, স্ত্রীং, স্থৈর্য্য। অবধারণ। দৃঢ়তা।

স্থিরদংষ্ট্র,(স্থির=কঠিন-দ্রংষ্ট্র=দাঁত) সং,পুং, অহি, দ্বিজিহ্ব,ভুজঙ্গ,সর্প। বরাহরূপীবি

স্থিরপত্র, সং, পুং, খর্জ্জুর বৃক্ষবিশেষ।

স্থিরপুষ্প, সং, পুং, চম্পক। বকুল।

স্থিরযৌবন, (স্থির=চিরস্থায়ী—যৌবন=তরুণাবস্থা) সং, পুং, বিদ্যাধর। বিং ত্রিং, চিরযৌবনবিশিষ্ট।

স্থিররঙ্গা, সং, স্ত্রীং, নীল। দারু হরিদ্রা

স্থিরায়ুঃ, (স্থিরায়ুস্, স্থির=স্থায়ী—আয়ুস্=জীবন) বিং, ত্রিং, চিরজীবী। পুং শিমুলগাছ।

স্থিরীকৃত, (স্থির—কৃত=করা হইয়াছে মধ্যে ঈ—আগম) বিং, ত্রিং, নির্ণীত দৃঢ়ীকৃত।

স্থুল, (স্থুড্=আচ্ছাদনকরা+অচ্—প্রং ড=ল) বিং, ত্রিং, দীর্ঘ, লম্বা।

স্থূণা, (স্থা=থাকা+ন—প্রং, নিপাতন সং, স্ত্রীং, লৌহপ্রতিমা, লৌহ মুদ্গর গৃহস্তম্ভ, ঘরের খুঁটী। কামারে হাপর। রোগ।

স্থূম ; সং, পুং, চন্দ্র। দীপ্তি, আলোক।

স্থূর, (স্থা=থাকা+ঊরন্—প্রং) সং, পুং মনুষ্য। বৃষ, ষাঁড়। ভার। বিং, ত্রিং ভারবাহক।

স্থূরী, (স্থূরিন্, স্থূর=ভার+ইনি—অস্ত্যর্থে। কিম্বা স্থূল+ইনি—অস্ত্যর্থে ল=র) সং, পুং, পৃষ্ঠে ভারবহনকারি অশ্ব। বিং, ত্রিং, ভারবাহী।

স্থূরীপৃষ্ঠ, (স্থূরিন্—পৃষ্ঠ, মধ্যে ঈ-আগম সং, পুং, নবারূঢ় অশ্ব।

স্থূল, (স্থূল্=মোটা হওয়া, বৃদ্ধি পাওয়া +অচ্—প্রং) বিং, ত্রিং, পুষ্ট। অসূক্ষ্ম পীবর, মোটা। ইন্দ্রিয়গ্রাহ্য। মন্দ, জড় বুদ্ধি, বোকা, মূর্খ। প্রকাণ্ড। সং, ক্লীং রাশি, সমূহ।

স্থূলক, (স্থূল+কন্—প্রং) বিং,ত্রিং, স্থূল পীবর। সং, পুং, তৃণবিশেষ, উলুখড়।

স্থূলকঙ্গু, (স্থূল=মোটা—কঙ্গু=শস্যবিশেষ সং, পুং, ধান্যবিশেষ, বোর-ধান।

স্থূলকোণ, সমকোণ অপেক্ষা বৃহৎকোণ। (Obtuse angle)

স্থূলক্ষ্বেড়, (স্থূল=বৃহৎ-ক্ষ্বেড়=বংশশলাকা) সং, পুং, শর, সায়ক, ইষু, মার্গণ, বাণ, তীর।

স্থূলত্বক, (স্থূলচর্ম্ম+ইনি—অস্ত্যর্থে। স্থূলত্বচ্, স্থূল—ত্বচ্=চর্ম্ম, ৬ষ্ঠী—হিং) সং, পুং, যে সকল জীবের দেহ স্থূল চর্ম্মে আবৃত থাকে; যথা—হস্তী, গণ্ডার, শূকর, নদ্যশ্ব প্রভৃতি। (Pachydermata)

স্থূলচাপ, (স্থূল=বৃহৎ—চাপ=ধনুক) সং, পুং, তুলা পরিষ্কার করিবার ধনুঃ, ধুনখারা।

স্থূলতা, (স্থূল+তল্—ভাবে) সং, স্ত্রীং, পীনতা। আধিক্য। বৃহত্ত্ব। জড়বুদ্ধিতা, মূর্খতা।

স্থূলদলা, সং, স্ত্রীং, মুসব্বর বৃক্ষ।

স্থূলনাস, স্থূলনাসিক, (স্থূল=বৃহৎ-নাসা, নাসিকা=নাক, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শূকর, বরাহ, কোল। বিং, ত্রিং, স্থূলনাসিকাবিশিষ্ট।

স্থূলপট্ট, (স্থূল—পট্ট=বস্ত্র) সং, পুং, কার্পাস, কাপাসগাছ। তুলা।

স্থূলপট্টাক, (স্থূল=বৃহৎ—পট্ট=বস্ত্র—অক্=হওয়া+অচ্—প্রং) সং, পুং, স্থূল বস্ত্র, মোটা কাপড়।

স্থূলপাদ, (স্থূল=বৃহৎ, মোটা—পাদ=পা) সং, পুং, হস্তী, ইভ, মাতঙ্গ, বারণ, গজ। গোদা।

স্থূলভূত, সং, ক্লীং, পৃথিবী, জল, তেজঃ, বায়ু, আকাশ-পঞ্চীকৃত এই পাঁচভূত।

স্থূললক্ষ—ক্ষ্য, (স্থূল=রাশি—লক্ষ=চিহ্ন, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, বহুপ্রদ, অতিদাতা। বিদ্বান্, কৃতবিদ্য। কৃতজ্ঞ।

স্থূলবল্কল, সং, পুং, রক্তলোধ্র, ইহার ত্বক রঙ করিবার জন্য ব্যবহার হয়।

স্থূলশীর্ষিকা, (স্থূল=বৃহৎ—শীর্ষ=মস্তক+কন্—প্রং) সং, স্ত্রীং, ক্ষুদ্র পিপীলিকা। কিন্তু ইহার মস্তক স্থূল।

স্থূলষট্পদ, (স্থূল—ষষ্=ছয়—পদ=পা) সং, পুং, বরোল, বোল্‌তা। [লাউ।

স্থূলা, সং, স্ত্রীং, পিপ্পলীবিশেষ। অলাবু,

স্থূলাস্য, (স্থূল=বৃহৎ—আস্য=মুখ বা মস্তক) সং, পুং, সর্প, অহি, ভোগী, ভুজঙ্গ, পবনাশ। বিং, ত্রিং, যাহার মুখ বড়।

স্থূলোচ্চয়, (স্থূল=বৃহৎ—উচ্চয়) সং, পুং, অসম্পূর্ণতা। গজের মধ্যম গতিবিশেষ। বরণ্ড, ব্রণ। গণ্ডশৈল। হস্তিদন্তরন্ধ্র।

স্থেয়, (স্থা=থাকা+যৎ—প্রং) বিং, ত্রিং, স্থিরতর। স্থাপনীয়। সং, পুং, সংশয়নির্ণায়ক, বিচারক, বিবাদনির্ণয়কর্ত্তা, মধ্যস্থ, জুরি। পুরোহিত।

স্থেষ্ঠ, স্থেয়ান্, (স্থেয়স্, স্থির+ইষ্ঠন্, ঈয়সুন্=অত্যর্থে) বিং, ত্রিং, অতিস্থির, স্থিরতর। দৃঢ়তর।

স্থৈর্য্য, (স্থির+ষ্যঞ্—ভাবে) সং, ক্লীং, স্থিরতা। দৃঢ়তা। অবধারণ, নিশ্চিতি।

স্থোরী, স্থৌরী, (—রিন্, স্থোর=শক্তি+ইনি—প্রং। কেহ বলেন, স্থুরা=ভারবহনীয় পশুর পৃষ্ঠের গদি+ইনি—অস্ত্যর্থে; নিপাতন) সং, পুং, ভারবাহক অশ্ব। [স্থূলতা, পীনতা।

স্থৌল্য, (স্থূল+ষ্যঞ্—ভাবে) সং, ক্লীং,

স্নপন, (স্নপি=স্নানকরান+অনট্—ভা) সং, ক্লীং, স্নান, স্নেক। অভিষেককরণ। ধৌতকরণ। আর্দ্রীকরণ।

স্নপিত, (পূর্ব্বে দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, স্নাত, সিক্ত। ক্ষালিত। অভিষেচিত।

স্নব, (স্নু=ক্ষরিত হওয়া+অপ্—ভা) সং, পুং, নিস্রব, ক্ষরণ, গলন।

স্নসা, (স্নস্=ফেলিয়া দেওয়া+অচ্—আপ্—প্রং) সং, স্ত্রীং, স্নায়ু।

স্নাত, (স্না=স্নানকরা+ক্ত—ক) বিং, ত্রিং, যে স্নান করিয়াছে। অভিষিক্ত। ধৌত। ক্ষালিত।

স্নাতক, (পূর্ব্বে দেখ+কন্—যোগ) সং, পুং, আপ্লুতব্রতী গৃহস্থ, ব্রহ্মচর্য্য সমা

ধান-পূর্ব্বক, গৃহস্থাশ্রমে প্রবিষ্ট, ব্রহ্মচর্য্যানন্তর সমাবর্ত্তন সময়ে স্নানকারী। স্নাতকব্রত, সং,ক্লীং, স্নাতকের কর্ত্তব্য ব্রত

স্নান, (স্নাত দেখ+অনট্—ভা, ণ) সং, ক্লীং, সর্ব্বাঙ্গ ক্ষালন, অবগাহন, মজ্জন। স্নানসাধনবস্তু, গন্ধচূর্ণাদি, তৈলহরিদ্রাদি। [ক্লীং, কুশতৃণ।

স্নানতৃণ, (স্নান=ধৌতকরণ—তৃণ) সং,

স্নানীয়, (স্নাত দেখ+অনীয়র্—ণ) বিং, ত্রিং, স্নানোপযুক্ত, স্নানযোগ্য। স্নানসাধন বস্তু, স্নানার্থ জল, গন্ধচূর্ণাদি, তৈলহরিদ্রাদি।

স্নাপক, (স্নাপি=স্নান করান+ণক—ক) বিং, ত্রিং, যে স্নান করায়।

স্নায়ী, (স্নায়িন্, স্নাত=দেখ+ইনি—ক, য—আগম) বিং, ত্রিং, স্নানকর্ত্তা, যে স্নান করে।

স্নায়ু, (স্নাত দেখ+উ—প্রং, য—আগম) সং, স্ত্রীং, দেহস্থ সূত্রের ন্যায় সূক্ষ্মনাড়ী, সর্ব্বশরীরব্যাপী সূত্রবৎ সূক্ষ্ম শিরাবিশেষ, স্নায়ু থাকাতেই মাংসপেশী সকল সঙ্কুচিত ও প্রসারিত হয়। ইহা শরীরের সঞ্চালনক্রিয়াসাধন ও অনুভূতিসাধন। (Nerve)

স্নাব, সং, পুং, মাংসপেশী।

স্নিগ্ধ, (স্নিহ্=স্নিগ্ধহওয়া+ক্ত—প্রং) বিং, ত্রিং, মসৃণ, চিক্কণ, কোমল। স্নেহের পাত্র। নিবিড়। মধুর। সুশ্রাব্য। স্নেহযুক্ত। শীতলকারক। সং, পুং, মিত্র, সখা। দেবদারুবৃক্ষবিশেষ। ক্লীং, মধূথ, মোম। প্রভা, তেজঃ। ভক্তমণ্ড। বেধ। স্ত্রীং, মজ্জা।

স্নিগ্ধতা, (স্নিগ্ধ+তল—ভাবে) সং, স্ত্রীং, চিক্কণতা। স্নেহ। প্রিয়তা।

স্নু, (স্নু=[ইহা হইতে বরফ বা জল] ক্ষরিত হওয়া+ডু—প্রং) সং, পুং, সানু, পর্ব্বতের উপরিস্থ সমান ভূমি। স্ত্রীং,স্নায়ু

স্নুক্, (স্নুহ্, স্নুহ্=বমনকরা+ক্বিপ্—প্রং। বমির ঔষধের ন্যায় ইহার দুগ্ধ ব্যবহৃত হইয়া থাকে) সং, স্ত্রীং, সুহীবৃক্ষ।

স্নুত, (স্নু=ক্ষরিত হওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, গলিত, পতিত, ক্ষরিত।

স্নুষা, (পূর্ব্বে দেখ+স, আপ্—প্রং) সং, স্ত্রীং, পুত্রবধূ। সুহীবৃক্ষ।

স্নুহি—হী, (স্নুহ্=বমনকরা ইত্যাদি+কি —প্রং) সং,স্ত্রীং, মনসাগাছ, সিজ্‌গাছ।

স্নেহ, (স্নিহ্=স্নিগ্ধ হওয়া+ঘঞ্—ভা) সং, পুং, প্রেম, দয়া, বাৎসল্য। তৈলাদি দ্রববস্তু। প্রিয়বস্তু। ন্যায়ে—গুণবিশেষ।

স্নেহন, (পূর্ব্বে দেখ,+অনট্—ভা) সং, ক্লীং, তৈলাদি ম্রক্ষণ। স্নেহকরণ।

স্নেহপ্রিয়, (স্নেহ=তৈল—প্রিয়) সং, পুং, প্রদীপ। [সং, পুং, শ্লেষ্মা, কফ।

স্নেহভূ, (স্নেহ=তৈলাদিদ্রববস্তু-ভূ=জাত)

স্নেহরঙ্গ, (স্নেহ=তৈল—রঙ্গ=রং) সং, পুং, শস্যবিশেষ,তিল। [ত্রিং, স্নেহযুক্ত।

স্নেহবান্, (স্নেহ+বৎ—অস্ত্যর্থে) বিং,

স্নেহাশ, (স্নেহ+তৈল—অশ=যে [খায়], ধ্বংস করে) সং, পুং, প্রদীপ।

স্নেহিত, (স্নেহ+ইত—অস্ত্যর্থে) বিং, ত্রিং, স্নেহযুক্ত। সং,পুং, বয়স্য, বন্ধু, মিত্র

স্নেহী, (স্নেহিন্, স্নেহ+ইনি—অস্ত্যর্থে) বিং, ত্রিং, তৈলাদিযুক্ত। প্রেমী। স্নেহযুক্ত। সং, পুং, বয়স্য, বন্ধু।

স্নেহু, (স্নিহ্=স্নিগ্ধ হওয়া+উ—প্রং) সং, পুং, রোগ, পীড়া, গদ, আময়। চন্দ্র, বিধু, ইন্দু, শশী। [স্নিগ্ধতা।

স্নৈগ্ধ্য, (স্নিগ্ধ+ষ্যঞ্—ভাবে) সং, ক্লীং,

স্নৈহিক, (স্নেহ+ঠক্—প্রং) বিং, ত্রিং, স্নেহদ্রব্যবিশিষ্ট, তৈলাদিবৎ।

স্পন্দ—পুং, স্পন্দন—ক্লীং, (স্পন্দ্=ঈষৎ কম্পিত হওয়া+অচ্, অনট্—ভা) সং, কম্পন, স্ফুরণ, ঈষৎ কম্পন, চলন। নড়াচড়া।

স্পন্দনপ্রবাহ, যে শক্তি দ্বারা রক্ত হৃৎপিণ্ড এবং হস্ত পদাদি অঙ্গপ্রত্যঙ্গ সকল চালিত হয়। (Locomotive Stream)

স্পন্দিত, (স্পন্দ দেখ+ক্ত—ক) বিং, ত্রিং,

কম্পিত, স্ফুরিত। সং, ক্লীং, স্পন্দন, কম্পন।

স্পরিশ, সং, পুং, স্পর্শ, ছোঁয়া।

স্পর্দ্ধা, (স্পর্দ্ধ=পরকে পরাভব করিতে ইচ্ছা করা+অঙ্, আপ্—ভা) সং, স্ত্রীং, প্রতিযোগিতা, অন্য ব্যক্তিকে পরাভব করিবার ইচ্ছা, মাৎসর্য্য প্রকাশ। সাদৃশ্য। ক্রমশঃ উন্নতি। ভিড়, ঠেশাঠেশি।

স্পর্দ্ধী, (স্পর্দ্ধিন্, স্পর্দ্ধা+ইনি—অস্ত্যর্থে) বিং, ত্রিং, স্পর্দ্ধাযুক্ত। সদৃশ।

স্পর্শ, (স্পৃশ্=স্পর্শকরা+ঘঞ্—ভা) সং, পুং, স্পর্শন, ছোঁয়া। ত্বগিন্দ্রিয়-গ্রাহ্য গুণবিশেষ। দান। বর্গীয় পঞ্চবিংশতি বর্ণ। যোগ। বায়ু। পদার্থ। প্রণিধি। র্শা—স্ত্রীং, কুলটা। বিং,ত্রিং, স্পর্শকারী।

স্পর্শক, (পূর্ব্বে দেখ+ণক—ক) বিং, ত্রিং, স্পর্শকারী, যে ছোঁয়।

স্পর্শজ্যা, বৃত্তে সংলগ্ন যে সরলরেখা বৃদ্ধি পাইলেও বৃত্তকে ছেদ না করে (Tangent)

স্পর্শন, (স্পর্শ দেখ+অনট্—ভা) সং, ক্লীং, স্পর্শ, ছোঁয়া। বিতরণ, দান। গ্রহণ। পুং, বায়ু, সমীরণ।

স্পর্শমণি, (স্পর্শ—মণি=পাথর, স্পর্শমাত্রে সুবর্ণজনক মণি, ওয়া—ষ) সং, পুং, পরশ পাথর।

স্পর্শমণিপ্রভব, সং, ক্লীং, সুবর্ণ, সোণা।

স্পর্শলজ্জা, স্ত্রীং, লজ্জাবতী লতা।

স্পর্শবান্, (স্পর্শবৎ, স্পর্শ+বৎ—অস্ত্যর্থে) বিং, ত্রিং, সুখস্পর্শ, কোমল। স্পর্শবিশিষ্ট।

স্পর্শানন্দা, (স্পর্শ—আনন্দ=হর্ষণ) সং, স্ত্রীং অপ্সরা, স্বর্বেশ্যা। অপ্সরাবিশেষ।

স্পর্শী, (স্পর্শিন্, স্পৃশ্=স্পর্শকরা+ইনি—ক। কিম্বা স্পর্শ+ইনি—অস্ত্যর্থে) বিং, ত্রিং, স্পর্শকারী। স্পর্শযুক্ত।

স্পশ, (স্পশ=পীড়নকরা ইত্যাদি+অচ্—প্রং) সং, পুং, চর, গূঢ় পুরুষ, যোদ্ধা। যুদ্ধ। ভয়ানক জন্তু বারণাদির সহিত যুদ্ধকরণ।

স্পষ্ট, (স্পশ=পরিষ্কারকরা+ক্ত—প্রং) বিং, ত্রিং, ব্যক্ত, স্ফুট, প্রকাশিত। সুবোধ।

স্পষ্টীকৃত, (স্পষ্ট—কৃত=করা হইয়াছে; মধ্যে ঈ—আগম) বিং,ত্রিং, ব্যক্তীকৃত, যাহা বিশদ করা হইয়াছে। ব্যাখ্যাত।

স্পৃশ্, স্পৃশা, (স্পর্শ দেখ+ক্বিপ্, আপ্—প্রং) সং, স্ত্রীং, স্পর্শ। বিং, ত্রিং, স্পর্শকারী।

স্পৃশা, (স্পৃশ=স্পর্শকরা+অঙ্, আপ্) স্ত্রীং, ওষধিবিশেষ, কাকোলী।

স্পৃশী, (স্পর্শ দেখ+ক—ঈপ্, প্রং) সং, স্ত্রীং, কণ্টকারীবৃক্ষ।

স্পৃশ্য, (স্পর্শ দেখ+যৎ—র্ম্ম) বিং, ত্রিং, স্পর্শযোগ্য, স্পর্শনীয়।

স্পৃষ্ট, (স্পর্শ দেখ+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহা স্পর্শ করা হইয়াছে, ছোঁয়া। ব্যাপ্ত। সং, ক্লীং, স্পর্শ।

স্পৃষ্টাস্পৃষ্ট—ক্লীং, } (স্পৃষ্ট=দ্বিত্ব; অ=
স্পৃষ্টাস্পৃষ্টি—অং, } আ) পরস্পর স্পর্শন, ছোঁয়াছুঁয়ী। [স্পর্শন, ছোঁয়া।

স্পৃষ্টি, (স্পর্শ দেখ+ক্তিন্—ভা) সং, স্ত্রীং,

স্পৃহণীয়, (স্পৃহি=বাঞ্ছাকরা+অনীয়র্—র্ম্ম) বিং, ত্রিং, আকাঙ্ক্ষণীয়, বাঞ্ছনীয়, অভিলষণীয়। শোভনীয়। আশ্চর্য্য। শ্লাঘ্য, প্রশংস্য।

স্পৃহয়ালু, (পূর্ব্বে দেখ+আলুচ্-ক, শীলাদ্যর্থে) বিং, ত্রিং, স্পৃহাবিশিষ্ট, লোভী।

স্পৃহা, (স্পৃহণীয় দেখ+আপ্—ভা) সং, স্ত্রীং, বাঞ্ছা, ইচ্ছা, বাসনা, কামনা। গ্রহণেচ্ছা। লোভ। গণনা।

স্ফট, (স্ফট্=প্রীতকরা+ক—প্রং। উ=অ) সং, পুং, টা—স্ত্রীং, সর্পের ফণা।

স্ফটি—টী, (স্ফট্=বিদীর্ণকরা+কি—প্রং) সং, স্ত্রীং, ফট্‌কিরি।

স্ফটিক, (স্ফট্=ভেদকরা+কুন্—প্রং, অথবা স্ফটি+কন্—প্রং) সং, পুং, অতি

স্বচ্ছ শুভ্রবর্ণ প্রস্তরবিশেষ, সূর্য্যকান্তমণি, ফটিক। "হিমালয়ে সিংহলে চ বিন্ধ্যাটবিতটে তথা। স্ফটিকং জায়তে চৈব নানারূপং সমপ্রভম্। হিমাদ্রৌ চন্দ্রসঙ্কাশং স্ফটিকং তৎদ্বিধা ভবেৎ। সূর্য্যকান্তং তত্রৈকং চন্দ্রকান্তং তথাপরম্। সূর্য্যাংশুস্পর্শমাত্রেণ বহ্নিং বমতি যৎক্ষণাৎ। সূর্য্যকান্তং তদাখ্যাতং স্ফটিকং রত্নবেদিভিঃ। পূর্ণেন্দুকরসংস্পর্শাদমৃতং স্রবতি ক্ষণাৎ। চন্দ্রকান্তং তদাখ্যাতং দুর্লভং তৎ কলৌ যুগে"।

স্ফটিকময়, (স্ফটিক+ময়ট্—বিকারার্থে) বিং, ত্রিং, স্ফটিকমণিনির্ম্মিত।

স্ফটিকাচল, (স্ফটিক=শাদাপাথর—অচল =পর্ব্বত, ৬ষ্ঠী-ষ) সং, পুং, কৈলাস পর্ব্বত।

স্ফটিকাদ্রিভিদ, (স্ফটিকাদ্রি=কৈলাস পর্ব্বত—ভিদ=যে [ভেদ করে; শুভ্রত্ব হেতু যে] লজ্জিত হয়) সং, পুং, কর্পূর।

স্ফটিকাভ্র, (স্ফটিক—অভ্র) সং, পুং, কর্পূর।

স্ফটিকারি; সং, পুং, ফটকিরি।

স্ফরণ, (স্ফর্—চঞ্চল হওয়া+অনট্—ভা) সং, ক্লীং, স্ফুরণ, কম্পন।

স্ফাটিক, স্ফাটীক, (স্ফটিক+অণ্—স্বার্থে) সং, ক্লীং, স্ফটিকমণি। বিং, ত্রিং, স্ফটিকনির্ম্মিত। [সং, পুং, স্ফটিক মণি।

স্ফাটিকোপল, (স্ফাটিক—উপল=প্রস্তর)

স্ফাত, (স্ফায়্=বৃদ্ধিপাওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, বৃদ্ধিযুক্ত, বর্দ্ধিত, স্ফীত।

স্ফাতি, (পূর্ব্বে দেখ+ক্তিন্—ভা) সং, স্ত্রীং, বৃদ্ধি, উন্নতি, উপচিতি।

স্ফার, (স্ফর্=স্ফূর্ত্তিপাওয়া+ঘঞ্—প্রং। কিংবা স্ফায়্=বৃদ্ধিপাওয়া+রক্—প্রং) বিং, ত্রিং, প্রচুর, বহুল। বৃদ্ধিযুক্ত। বৃহৎ। বিস্তৃত। উচ্চরূপে শব্দিত।

স্ফারণ, (স্ফারি=চঞ্চল হওয়া, স্ফূর্ত্তি পাওয়া+অনট্—ভা) সং, ক্লীং, স্ফুরণ, স্ফূর্ত্তি। কম্পন। বিকাশ।

স্ফাল, (স্ফল্=স্ফূর্ত্তিপাওয়া, চলিতহওয়া +ঘঞ্—প্রং) সং, পুং, স্ফুরণ, স্ফূর্ত্তি। বিকাশ। আস্ফালন।

স্ফিক্, (স্ফিচ্, স্ফায়্=বৃদ্ধিপাওয়া+ডিচ্ অথবা—স্ফিট্=আঘাত করা+ক্বিপ্ —প্রং) সং, স্ত্রীং, দ্বিং, নিতম্বদ্বয়, পাছা।

স্ফির, (স্ফায়্=বৃদ্ধিপাওয়া+কিরচ্—প্রং, নিপাতন) বিং, ত্রিং, প্রচুর, বহু, অনেক। প্রবৃদ্ধ।

স্ফীত, (স্ফায়্=বৃদ্ধিপাওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, প্রবৃদ্ধ, বর্দ্ধিত। ফুলা, ফাঁপা। অধিক, অনেক। পদোন্নতি প্রাপ্ত, কৃতকার্য্য। পৈতৃক রোগে আক্রান্ত।

স্ফুট, (স্ফুট্=বিকসিত হওয়া, ব্যক্ত-হওয়া, ভেদ্‌করা+ক—প্রং) বিং, ত্রিং, স্পষ্ট। ব্যক্ত। বিকসিত। প্রফুল্ল। দীপ্ত। প্রদীপ্ত। নির্ম্মল। বিদীর্ণ, ফুটা। বিশদ। শুভ্র। জ্ঞাত। বিস্তৃত। সং, ক্লীং, উৎপ্রেক্ষার দ্যোতক। টা—স্ত্রীং, সর্পের ফণা।

স্ফুটন, (পূর্ব্বে দেখ+অনট্—ভা) সং, ক্লীং, বিকশন। ব্যক্তহওয়া। বিদলিত-হওয়া। ভেদকরণ। বিস্ফারণ।

স্ফুটি, —টী, (পূর্ব্বে দেখ+টি—প্রং) সং, স্ত্রীং, ফুটিফল। পদস্ফোট রোগ।

স্ফুটিত, (স্ফুট দেখ+ক্ত—ক, ম্ম) বিং, ত্রিং, বিকসিত। ব্যক্তীকৃত। স্পষ্টীকৃত। বিস্তারিত। ছিদ্রিত, ফুটো। বিদীর্ণ।

স্ফুৎকর, সং, পুং, অগ্নি, বহ্নি, অনল, পাবক।

স্ফুৎকার, (স্ফুৎ=অনুকরণ শব্দ—কার =করণ) সং, পুং, ফুৎকার, ফুঁদেওয়া।

স্ফুর, (স্ফুর্=চঞ্চল হওয়া ইত্যাদি+ ক—প্রং) সং, পুং, ফলক, ঢাল। স্ফুরণ। বৃদ্ধিপাওয়া, ফুলা।

স্ফুরণ, (স্ফুর্=স্ফূর্ত্তিপাওয়া, চঞ্চলহওয়া +অনট্—ভা) সং, ক্লীং, ণা—স্ত্রীং, স্পন্দন, ঈষৎ কম্পন। দীপ্তি।

স্ফুরন্, (স্ফুরৎ, পূর্ব্বে দেখ+শতৃ—ক) বিং, ত্রিং, স্ফূর্ত্তিবিশিষ্ট, কম্পমান। দেদীপ্যমান।

স্ফুরিত, (পূর্ব্বে দেখ+ক্ত—ভা, ক) বিং, ত্রিং, কম্পিত। দীপ্ত, উজ্জ্বল। প্রতিবিম্বিত। সং, ক্লীং, কম্পন। উদ্রেক। দীপ্তি। পলক।

স্ফুর্জথু, স্ফূর্জ্জথু, (স্ফুর্জ্=বজ্র শব্দকরা+অথুচ্—প্রং) সং, পুং, বজ্রধ্বনি, বজ্র নিনাদ।

স্ফুল, (স্ফুল্=চলিত হওয়া, স্ফূর্ত্তিপাওয়া+ক—প্রং) সং, ক্লীং, পট্টাবাস, তাঁবু।

স্ফুলিঙ্গ, (স্ফু=অনুকরণশব্দার্থ স্ফুৎশব্দজ—লিন্গ্=গমনকরা+অচ্—প্রং) সং, পুং, অগ্নিকণা, আগুনের ফিন্‌কী।

স্ফুলিঙ্গিনী, (স্ফুলিঙ্গ+ইনি—অস্ত্যর্থে) সং, স্ত্রীং, অগ্নির সপ্তজিহ্বার অন্তর্গত জিহ্বাবিশেষ।

স্ফূর্জ্জ, (স্ফূর্জ্জ=শব্দকরা+অচ্) সং, পুং, [বজ্রধ্বনি। বজ্র।

স্ফূর্ত্তি, (স্ফুরণ দেখ+ক্তিন্—প্রং, উ=ঊ) সং, স্ত্রীং, কম্প, স্পন্দ। হর্ষ। প্রতিভা। বিকাশ।

স্ফূর্ত্তিমান্, (স্ফূর্ত্তিমৎ, স্ফূর্ত্তি+মৎ—অস্ত্যর্থে) সং, ক্লীং, স্ফূর্ত্তিবিশিষ্ট।

স্ফেষ্ঠ, স্ফেয়ান্, (স্ফেয়স্, স্ফির=অনেক+ইষ্ঠন্, ঈয়স্থন্—অত্যর্থে) বিং, ত্রিং, অত্যধিক, অতিশয়।

স্ফোট, (স্ফুট দেখ+ঘঞ্—প্রং) সং, পুং, ফোড়া। আব্। ব্যাকরণে—পূর্ব্ব পূর্ব্ব বর্ণের অনুভব সহিত চরমবর্ণ ব্যঙ্গ্য অখণ্ডশব্দবিশেষ। ফুটন, ফাটা। টা=স্ত্রীং. সর্পের ফণা।

স্ফোটক, (স্ফুট দেখ+ণক—প্রং) সং, পুং, ফোড়া। আব্।

স্ফোটন, (স্ফুট দেখ+অনট্—ভা) সং, ক্লীং, বিকাশন। প্রকাশন। বিদারণ। ভঙ্গ। নী—স্ত্রীং, বেধনী, ছিদ্রকারক যন্ত্র, তুরপুন প্রভৃতি।

স্ফোটায়ন, সং, পুং, মুনিবিশেষ।

স্ম, (স্মি=ঈষৎহাস্তকরা+ডম্—প্রং) অং,ক্রিয়াপদযোগে—অতীতকালবাচক যথা। "হন্তিস্ম রাবণং রামঃ"। পাদ

স্ময়, (স্মি=ঈষৎহাস্তকরা+অচ্—প্রং) সং, পুং, গর্ব্ব, অহঙ্কার। অদ্ভুত, আশ্চর্য্য।

স্মর, (স্মৃ=স্মরণকরা+অচ্—র্ম্ম, ভা) সং, পুং, কামদেব, মদন, মার, "স্মর সংস্মৃত্য না শান্তিরস্তিমে" কাং। স্মরণ, মনেকরা।

স্মরকূপক—পুং, ঁং,
স্মরগৃহ—ক্লীং, } (স্মর=কামদেব—কূপ=কূয়া+কন্—তুল্যার্থে। স্মর=কামদেবের—গৃহ) সং, যোনি, ভগ, স্ত্রীচিহ্ন।

স্মরগুরু, (স্মর=কামদেব—গুরু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কৃষ্ণ, কন্দর্পের পিতা; হরকোপানলে ভস্ম হইবার পর কন্দর্প কৃষ্ণের ঔরসে রুক্মিণীর গর্ভে প্রদ্যুম্ন নামে জন্মগ্রহণ করিয়াছিলেন।

স্মরচ্ছত্র, সং,ক্লীং, চিহ্ন।

স্মরণ, (স্মৃ=স্মরণকরা+অনট্—ভা) সং, ক্লীং, স্মৃতি, মনে করা, পূর্ব্বানুভূত বিষয়ের জ্ঞান। ধ্যান, চিন্তা।

স্মরণাপত্যতর্পক, পুং, কূর্ম্ম, কচ্ছপ।

স্মরণীয়, (স্মরণ দেখ+অনীয়র্—র্ম্ম) বিং, ত্রিং, স্মরণের যোগ্য, স্মর্ত্তব্য।

স্মরদশা, (স্মর=কামদেব—দশা=অবস্থা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, মদনাবস্থা, কামদশা। অভিলাষ, চিন্তা,স্মৃতি, গুণকথন, উদ্বেগ, প্রলাপ, উন্মাদ, রোগ, জড়তা, মরণ—এই দশ। "নয়নপ্রীতিঃ প্রথমং চিত্তাসঙ্গস্ততোঽথসঙ্কল্পঃ। নিদ্রাচ্ছেদস্তনুতা বিষয়নিবৃত্তিস্ত্রপানাশঃ। উন্মাদো মূর্চ্ছামৃতিরিত্যেতাঃ স্মরদশা দশৈব স্যুঃ" সাং,দং।

স্মরধ্বজ, (স্মর=কামদেব—ধ্বজ=চিহ্ন) সং, পুং, বাদ্য। পুং চিহ্ন মেঢ্র, উপস্থ। কামদেবের লাঞ্ছন মৎস্য। ক্লীং, স্ত্রীচিহ্ন যোনি। জা—স্ত্রীং, চন্দ্রিকাশোভিত নিশা।

স্মরপ্রিয়া, (স্মর=কামদেব—প্রিয়া=পত্নী,

৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, রতি, কামপত্নী।
স্মরলেখনী, (স্মর=কামদেব—লেখনী=কলম, লিখন) সং, স্ত্রীং, শারিকাপক্ষীণী, শালিক বা ময়না পাখী।
স্মরবল্লভ, (স্মর=কামদেব—বল্লভ=প্রিয়) সং, পুং, অনিরুদ্ধ, প্রদ্যুম্নের পুত্র।
স্মরবীথিকা, (স্মর=কামদেব—বীথি=দোকান+কন্—প্রং) সং, স্ত্রীং, বারাঙ্গনা, বেশ্যা, গণিকা।
স্মরসখ, (স্মর=কামদেব—সখি=বন্ধু, ৭ষ্ঠী—ষ, অ—প্রং) সং, পুং চন্দ্র, বিধু, ইন্দু, সোম। মদনবন্ধু, বসন্ত।
স্মরস্তম্ভ, সং, পুং, মেঢ্র, উপস্থ, লিঙ্গ।
স্মরস্মর্য্য, (স্মর=কামদেব—স্মর্য্য=স্মরণীয়) সং, পুং, গর্দ্দভ, গাধা, রাসভ।
স্মরহর, স্মরারি, (স্মর=কামদেব—হর=যে নাশ করে, ২য়া—ষ। স্মর—অরি=শত্রু, ৬ষ্ঠী—ষ) সং, পুং, শিব, ত্রিলোচন।
স্মরাঙ্কুশ, (স্মর=কামদেব—অঙ্কুশ=ডাঙ্গশ) সং, পুং, নখর, নখ। নায়ক, লম্পট।
স্মরাসব, (স্মর=কামদেব—আসব=মদ্য) সং, পুং, লালা, থুথু।
স্মর্ত্তব্য, (স্মৃ=স্মরণকরা+তব্য—র্ম্ম) বিং, ত্রিং, স্মৃতিযোগ্য, স্মরণীয়।
স্মারক, (পূর্ব্বে দেখ+ণক্—ক) বিং, ত্রিং, স্মৃতিজনক। স্মরণকারী। উদ্বোধক।
স্মারিত, (স্মারি=স্মরণকরান+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, যাহা স্মরণ করাইয়া দেওয়া হয়।
স্মার্ত্ত, (স্মৃতি+অণ্—জ্ঞানার্থে ইত্যাদি) বিং, ত্রিং, স্মৃতিশাস্ত্রোক্ত। স্মৃতিশাস্ত্রে পণ্ডিত। স্মৃতিসম্বন্ধীয়।
স্মিত, (স্মি=ঈষৎহাস্যকরা+ক্ত—ভা, ক) সং, ক্লীং, ঈষৎ হাস্য। বিং, ত্রিং, হসিত। বিস্মিত। বিকসিত, প্রস্ফুট।
স্মৃত, (স্মৃ=স্মরণকরা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, স্মরণের বিষয়, যাহার স্মরণ হইয়াছে।
স্মৃতি, (পূর্ব্বে দেখ+ক্তিন্—ভা, র্ম্ম) সং, স্ত্রীং, স্মরণ, পূর্ব্বানুভূত বিষয়ের জ্ঞান। মন্বাদি মুনিপ্রণীত ধর্ম্মশাস্ত্র, ধর্ম্মসংহিতা। ইচ্ছা। ভাগ। বুদ্ধি।
স্মৃতিমান্, (স্মৃতিমৎ, স্মৃতি=স্মরণ+মতুপ্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, স্মরণকারী, স্মরণযুক্ত। তীক্ষ্ণস্মৃতিশক্তিসম্পন্ন।
স্মের, (স্মি=ঈষৎ হাস্যকরা+ইনু—ক, শীলার্থে) বিং, ত্রিং, ঈষৎহাস্যযুক্ত। "সেব্যা নিতম্বাঃ কিমু ভূধরাণামুতস্মরস্মেরবিলাসিনীনাম্" উং। বিকসিত। স্পষ্ট, স্ফুট। পুং, প্রকাশ।
স্মেরবিষ্কির, (স্মের=ঈষৎহসন—বিষ্কির=পক্ষী) সং, পুং, ময়ূর, শিখী, বর্হী।
স্যদ, (স্যন্দ=গমনকরা ইত্যাদি+ঘঞ্—ভা) সং, পুং, বেগ, শীঘ্রতা।
স্যন্দ, (পূর্ব্বে দেখ+ঘঞ্—ভা, ণ) সং, পুং, ক্ষরণ। গমন, চলন। রথ।
স্যন্দন, (স্যদ দেখ+অনট্—ণ, ক, ভা) সং, পুং, রথ। বায়ু, সমীর, সমীরণ। বৃক্ষবিশেষ। গত কল্পের জীন। ক্লীং, ক্ষরণ। গতি। সলিল, জল। বিং, ত্রিং, গতিশীল, বেগবান্।
স্যন্দনারোহ, (স্যন্দন=রথ—আরোহ=যে আরোহণ করে, ২য়া—ষ) সং, পুং, রথী, যে যোদ্ধা রথে আরোহণ করিয়া যুদ্ধকরে
স্যন্দনী, স্যন্দিনী, (স্যন্দ=ক্ষরিত হওয়া+ক্তি, ইনি—প্রং, ঈপ্) সং, স্ত্রীং, লালা, মুখজাত জল। গাভী, যে যমজ বৎস প্রসব করে।
স্যন্দী, (স্যন্দিন্, স্যন্দ=ক্ষরিতহওয়া, গমনকরা+ণিনি—ক, শীলার্থে) বিং, ত্রিং, ক্ষরণশীল। গমনশীল।
স্যন্ন, (স্যদ দেখ+ক্ত—ক) বিং, ত্রিং, ক্ষরিত। পতিত। গত।
স্যমন্তক, সং, পুং, কৃষ্ণের ভূষণ মণিরত্ন।
স্যমীক, (স্যম=ধ্বনি করা+কন্, ঈট—আগম। ইট্ যোগে সমিকও হয়। প্রং) সং, পুং, বল্মীক, উয়ের ঢিপি। সময়। মেঘ, বন, জীমূত, বৃক্ষ। কা-স্ত্রীং, নীলীবৃক্ষ

স্যূত, (সিব্=সেলাই করা+ক্ত—ম্ম) সং, পুং, সূত্রনির্ম্মিতপাত্র, থলিয়া, বগলী। বিং, ত্রিং,সেলাইকরা, রিপুকরা,বোনা। সূতা বসান। গ্রথিত। প্রোত।

স্যূতসন্ধি, যাহাদের সন্ধিস্থল সেলাই-করা; মস্তকের অস্থিগুলি এরূপে সম্বদ্ধ, যে দেখিলে বোধ হয়, যেন সেগুলি সেলাই করা হইয়াছে, এজন্যে তাহাদের সংযোগস্থলকে স্যূতসন্ধি কহে। (Suture)

স্যূতি,(স্যূত দেখ+ক্তিচ্—ভা) সং,স্ত্রীং, তন্তুসন্তান, বোনা। সেলাইকরা। বংশ, সন্ততি। থলিয়া।

স্যূন, (স্যূত দেখ+ন—প্রং, সিব্=স্যূ) সং, পুং, সূর্য্য। থলিয়া। কিরণ।

স্যূম, (স্যূত দেখ+মন্—প্রং, সিব্=স্যূ) সং, পুং-ক্লীং, কিরণ, রশ্মি। ক্লীং, জল।

স্যূম্ন, সং, ক্লীং, সুখ।

স্যোন,(স্যূত দেখ+ন—প্রং, সিব্=স্যো) সং, পুং, সূর্য্য। কিরণ। স্যূত। মোটা থলিয়া। চট। ক্লীং, আনন্দ। হর্ষ।

স্রংসন, (স্রন্স্=পতিতহওয়া+অনট্—ভা) সং, ক্লীং, অধঃপতন, স্খলন। বিচ্যুতি। বিশ্লেষ।

স্রংসিনীফল, (স্রংসিনী=দোলায়মান—ফল) সং, পুং, শিরীষবৃক্ষ।

স্রংসী, (স্রংসিন্, স্রংসন দেখ+ইনি—ক) বিং, ত্রিং, অধঃপতনশীল, চ্যুতিশীল। স্খলিত, গলিত, চ্যুত, ভ্রষ্ট, পতিত।

স্রক্—গ্, (স্রজ্, সৃজ্=সৃষ্টিকরা+ক্বিপ্—প্রং; সৃজ্ স্থানে স্রজ্) সং, স্ত্রীং,মাল্য, মালা, হার। "স দদর্শ স্রজং দিব্যামৃষিবির্দ্যাধরীকরে" বিষ্ণুপুরাণ।

স্রগ্ধর,(স্রজ্—ধর=যে ধরে) বিং, ত্রিং, মাল্যধারী। রা—স্ত্রীং, একবিংশত্যক্ষরপাদচ্ছন্দোবিশেষ; যাহাতে প্রথম চারি, ৬ষ্ঠ, ৭ম, ১৪শ, ১৫শ, ১৭শ, ১৮শ, ২০শ ও ২১শ বর্ণ গুরু।

স্রগ্বান, স্রগ্বী, (স্রগ্বৎ, স্রগ্বিন্, স্রজ্=মালা+বৎ, বিনি—অস্ত্যর্থে) বিং, ত্রিং, মাল্যধারী, হারযুক্ত। –গ্বিনী, স্ত্রীং, জগতীছন্দোবিশেষ।

স্রব—প্রং, স্রবণ—ক্লীং, } (স্রু=ক্ষরিত হওয়া+অপ্, অনট্—ভা) সং, ক্ষরণ, পতন, গলন। উৎস, ফোয়ারা।

স্রবদ্রঙ্গ, (স্রব=গমনশীল—দ্রঙ্গ=নগর) সং, পুং, বাজার, হাট।

স্রবন্, (স্রবৎ, স্রব দেখ+শতৃ—ক) বিং, ত্রিং, ক্ষরণশীল, গলৎ।

স্রবন্তী, (স্রবৎ+ঈপ্—প্রং) সং, স্ত্রীং, নদী, নির্ঝরিণী, কল্লোলিনী, সিন্ধু।

স্রষ্টা, (স্রষ্টৃ, সৃজ্=সৃষ্টিকরা+তৃচ্—ক) সং, পুং, পিতামহ, বিধাতা,ব্রহ্মা। শিব, ভব, মহাদেব। বিং, ত্রিং, সৃষ্টিকর্ত্তা।

স্রস্ত, (স্রন্স্=পতিত হওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, ক্ষরিত, চ্যুত, স্থলভ্রষ্ট, বিগলিত। বিযুক্তীকৃত।

স্রাক্, (স্রৈ=পাককরা বা পক্ককরা+ক্বিপ্—প্রং। কিম্বা স্রা=পরিপক্কতা—অক্=পাওয়া+ক্বিপ্—প্রং) অং, ক্ষিপ্র, দ্রুত, শীঘ্র। [রণ, পতন। ভ্রংশ।

স্রাব, (স্রব দেখ+ঘঞ্—ভা) সং, পুং,ক্ষ-

স্রাবক, (স্রব দেখ+ণক—ক) বিং, ত্রিং, ক্ষরণশীল। সং, ক্লীং, মরিচ।

স্রুক্, (স্রুচ্, স্রু=[ঘৃত] ক্ষরিতহওয়া+ক্বিপ্—ণ, চিট্—আগম) সং, স্ত্রীং, যজ্ঞাগ্নিতে ঘৃত প্রক্ষেপণার্থ খদিরাদি কাষ্ঠরচিত পাত্রবিশেষ।

স্রুত, (স্রব দেখ+ক্ত—ক) বিং, ত্রিং, ক্ষরিত, গলিত, পতিত। তা—স্ত্রীং, ওষধিবিশেষ, হিঙ্গুপত্রী।

স্রুতি, (স্রব দেখ+ক্তিন্—ভা) সং, স্ত্রীং, ক্ষরণ, গলন, পতন, নিস্যন্দ।

স্রুব, (স্রুক্ দেখ+ক—ণ) সং, পুং, বা—স্ত্রীং, যজ্ঞাগ্নিতে ঘৃত প্রক্ষেপণার্থ কাষ্ঠরচিত পাত্রবিশেষ, স্রুক্। বা—স্ত্রীং, বৃক্ষবিশেষ, বিকঙ্কত বৃক্ষ। শল্লকীবৃক্ষ।

মূর্ব্বালতা। [যজ্ঞপাত্রবিশেষ, স্রুব।
স্রু, (স্রব দেখ+ক্বিপ্—প্রং) সং, স্ত্রীং,
স্রোত, } (স্রোতস্, স্রু=গমনকরা+
স্রোতঃ, } ষঞ্, অস্তুন্—প্রং; ৎ—আগম) সং, ক্লীং, জলপ্রবাহ। ইন্দ্রিয়, হৃষীক। সপ্তবিধ মদক্ষরণ।
স্রোতস্ত, (স্রোতস্+বৎ—প্রং) সং, পুং, শিব, হর, ত্র্যম্বক। মলিম্লুচ, তস্কর, চোর।
স্রোতস্বান্, (স্রোতস্বৎ, স্রোতস্+মতুপ্—অস্ত্যর্থে) বিং, ত্রিং, স্রোতোবিশিষ্ট।
স্রোতস্বতী, } (স্রোতস্+মতুপ্, বি-
স্রোতস্বিনী, } নি—অস্ত্যর্থে। স্রো-
স্রোতোবহা, } তস্—বহ=যে বহে, ২য়া—ষ) সং, স্ত্রীং, নদী, তটিনী, তরঙ্গিণী "কার্শ্যং সৈকতিনী নিষণ্ণপুলিনা স্রোতোবহা মালিনী" কাং।
স্ব, (স্বন্=শব্দকরা+ড-প্রং, বা স্ব=প্রেরণ করা+ব) সং, পুং, জ্ঞাতি। আত্মা, স্বয়ং। ক্লীং, ঐশ্বর্য্য, ধন। বিং, ত্রিং, স্বকীয়। বন্ধু।
স্বক, স্বকীয়, (স্ব=আপন+ক—প্রং, স্ব=আপন+ছ-ইদমর্থে, কুক্—আগম) বিং, ত্রিং, আপন, স্বীয়, নিজ, আত্মসম্বন্ধীয়।
স্বকম্পন, (স্ব=আপনি—কম্পন=কাঁপন) সং, পুং, বায়ু, বাত, সমীর, পবন, অনিল, প্রাণ।
স্বকুলক্ষয়, (স্ব=আপনি—কুল=বংশ—ক্ষয়=নাশ) সং, পুং, মীন, মৎস্য, মাছ। নিজবংশ নাশ।
স্বগত, (স্ব=আত্মা—গত=যে গিয়াছে, ২য়া—ষ) বিং, ত্রিং, মনোগত, আত্মগত, আত্মনিষ্ঠ। সং, ক্লীং, মনে মনে, আলপনীয় ব্যক্তিভিন্ন রঙ্গভূমিস্থ জনগণের শ্রবণযোগ্য বাক্য; অভিনয়কালে কোনও নট, নিকটস্থ ব্যক্তিদিগের নিকট গোপন করিবার নিমিত্ত, বিষয় বিশেষের মনে মনে যে আন্দোলন করে, তাহার নাম স্বগত।
স্বঙ্গ, (সু=সুন্দর—অঙ্গ=অবয়ব) বিং, ত্রিং, সুন্দর অঙ্গবিশিষ্ট, সুরূপ।

স্বচ্ছ, (সু=অতিশয়—অচ্ছ=নির্ম্মল) বিং, ত্রিং, সুস্থ, নীরোগ। নির্ম্মল, পরিষ্কার। প্রতিবিম্বধারণক্ষম, কাচ প্রভৃতি। শুভ্র, শুক্ল।
স্বচ্ছতা, (স্বচ্ছ+তল্—ভাবে) সং, স্ত্রীং, নির্ম্মলতা, প্রতিবিম্বধারণক্ষমতা, যে গুণ দ্বারা কোন বস্তুর ভিতর দিয়া আলোক আসিতে পারে।
স্বচ্ছন্দ, (স্ব=আপনি—ছন্দ=অভিলাষ, ৬ষ্ঠী—হিং+৬ষ্ঠী—ষ) বিং, ত্রিং, স্বাধীন, স্বেচ্ছানুবর্ত্তী, অবাধিত। অযত্নজাত; "স্বচ্ছন্দবনজাতেন শাকেনাপি প্রপূর্য্যতে। অস্য দগ্ধোদরস্যার্থে কঃ কুর্য্যাৎ পাতকং মহৎ" বিং শং। সুস্থ। সং, পুং, স্বেচ্ছা। [ক্লীং, অভ্রকধাতু।
স্বচ্ছপত্র, (স্বচ্ছ—পত্র=পাতা, স্তর) সং,
স্বজ, (স্ব=আপনি—জ=যে জন্মে, ৭মী—ষ) বিং, ত্রিং, আত্মোৎপন্ন। শরীরজাত। সং, ক্লীং, রক্ত, শোণিত। পুং, পুত্র। ঘর্ম্ম। জা—স্ত্রীং, কন্যা।
স্বজন, (স্ব=আপনি—জন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বন্ধু, কুটুম্ব, আত্মীয়; "স্বজনস্য হি দুঃখমগ্রতো বিবৃতদ্বারমিবোপজায়তে" কাং।
স্বতঃ, (স্বতস্, স্ব=আপনি+[পঞ্চমী স্থানে] তস্—প্রং) অং, নিজ হইতে, আপনা হইতে, স্বয়ং।
স্বতঃপ্রবৃত্ত, বিং, ত্রিং, স্বয়ংপ্রবৃত্ত, স্বেচ্ছানুসারে কোন কার্য্যে ব্যাপৃত।
স্বতঃসিদ্ধ, বিং, ত্রিং, যাহা কোন প্রমাণসাপেক্ষ নহে, আপনা হইতেই সিদ্ধ হয়।
স্বতন্ত্র, (স্ব=আপনি—তন্ত্র=অভিলাষ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, স্বাধীন, আত্মবশ।
স্বতা, (স্ব+তল্—ভাবে) সং, স্ত্রীং, স্বকীয়ত্ব।
স্বত্র, (স্ব=নিজ—ত্র=যে পালন করে) বিং, ত্রিং, যে আপনাকে ভরণ করে। পুং অন্ধ।

স্বত্ব, (স্ব=আপনি+ত্ব—ভাবে) সং, ক্লীং, অধিকার, ধনাদিতে প্রভুত্ব।

স্বত্বাস্পদীভূত, বিং, ত্রিং, স্বত্বস্থানীয়, অধিকৃত।

স্বদন, (স্বদ্=আস্বাদনকরা+অনট্—ভা) সং,ক্লীং, আস্বাদন। (সু—অদন=ভক্ষণ)

স্বধা, (স্বদ্=আস্বাদনকরা+আ—প্রং, দ=ধ। কিম্বা স্ব=নিজ—ধা=ধারণকরা +ক, আপ্—প্রং) অং, দেবোদ্দেশে হবির্দান। তদ্দানের মন্ত্র। পিতৃলোকের উদ্দেশে পিণ্ডাদি দান। তদ্দানের মন্ত্র। পিতৃলোকের ভোজ্যবস্তু, পিণ্ডোদকাদি। স্ত্রীং, দেবীবিশেষ, অগ্নিপত্নী। মাতৃকাদেবীবিশেষ, পিতৃলোকের পত্নী।

স্বধাপ্রিয়, (স্বধা=পিতৃলোকের পিণ্ডাদি দানের মন্ত্র—প্রিয়) সং, পুং, অগ্নি, অনল। কৃষ্ণতিল।

স্বধাভুক্, (স্বধাভুজ্, স্বধা—ভুজ্=যে ভোজন করে, ২য়া—ষ) সং, পুং, পিতৃলোক, পূর্ব্বপুরুষ। দেবতা।

স্বধিতি, (স্বদ্=ছেদনকরা+ক্তিন্—ণ; দ্=ধ) সং, পুং—স্ত্রীং, পরশু, কুঠার। পরশ্বধ।

স্বধিতিহেতিক, (স্বধিতি=পরশু-হেতিক =অস্ত্রান্বিত) সং,পুং, পরশুধারী যোদ্ধা।

স্বন, (স্বন্=শব্দকরা+অপ্—ভা) সং, পুং, শব্দ, ধ্বনি, স্বর।

স্বনি, (স্বন্+ইনি) সং, পুং, শব্দ।

স্বনিত, (পূর্ব্বে দেখ+ক্ত। বা স্বন্+ ইতচ্—ক, ভা) বিং, ত্রিং, ধ্বনিত, শব্দিত। সং, ক্লীং, শব্দ। বজ্রধ্বনি। মেঘধ্বনি।

স্বন্ত, (সু=শোভন—অন্ত=শেষ) বিং, ত্রিং, শুভোদর্ক, যাহার শেষ ভাল।

স্বপন—ক্লীং, স্বপ্ন—পুং, (স্বপ্=নিদ্রিত হওয়া+অনট্, ন—ভা) সং, নিদ্রা। নিদ্রিত ব্যক্তির বিজ্ঞান, নিদ্রাবস্থায় বিষয়ানুভব।

স্বপ্নকৃৎ, (স্বপ্ন=নিদ্রা—কৃৎ=যে করে) বিং, ত্রিং, নিদ্রাকারক। সং, ক্লীং, সু-

স্বপ্নক্, (স্বপ্নজ্, স্বপ্=নিদ্রিত হওয়া+ নজ্—প্রং) বিং, ত্রিং, নিদ্রাশীল, নিদ্রিত। শয়নশীল।

স্বভাব, (স্ব=আপনি—ভাব=হওন ইত্যাদি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, প্রকৃতি, স্বরূপ, আত্মভাব। স্বাভাবিক অবস্থা। উদ্দেশ্য, অভিপ্রায়।

স্বভাবজ, (স্বভাব—জ=জাত) বিং, ত্রিং, স্বাভাবিক, স্বভাবজাত, প্রাকৃতিক।

স্বভাবতঃ, (স্বভাবতস্, স্বভাব+তস্— প্রং) অং, স্বাভাবিকরূপে, স্বভাব হইতে।

স্বভাবোক্তি, (স্বভাব—উক্তি=কথন) সং, স্ত্রীং, স্বভাবকথন। কাব্যের অলঙ্কারবিশেষ, কোন বস্তুর যথাবৎ বর্ণন।

স্বভূ, (স্ব=আপনি—ভূ=যে হইয়াছে, ৫মী—ষ) সং,পুং, আত্মভূ—শিব, শম্ভু। ব্রহ্মা, কমলযোনি। বিষ্ণু, নারায়ণ।

স্বমেক, সং, পুং, সংবৎসর, বর্ষ, হায়ন।

স্বয়ংদত্ত, স্বয়ন্দত্ত, সং, পুং, পুত্রবিশেষ, পিতৃমাতৃ-বিহীন বা তাহাদিগের কর্তৃক পরিত্যক্ত যে পুত্র স্বয়ং অন্যের পুত্রতা স্বীকার করে।

স্বয়ংবর, (স্বয়ম্=আপনি—বর=মনোনীতকরণ) সং, পুং, বিখ্যাত পদস্থ ব্যক্তি আহ্বান করতঃ সভা করিয়া তন্মধ্য হইতে কন্যা কর্তৃক স্বেচ্ছায় পতি মনোনীতকরণ। এইরূপ প্রথা প্রায় রাজকন্যাদিগেরই পক্ষে বিহিত।

স্বয়ংবরা, (স্বয়ম্=আপনি—বৃ=মনোনীতকরা+অপ্—ক) সং, স্ত্রীং, স্বয়ং পতিগ্রাহিণী স্ত্রী।

স্বয়ংকৃত, (স্বয়ম্=আপনি—কৃত=করা হইয়াছে) বিং, ত্রিং, আত্মকৃত, স্বাভাবিক, অযত্নসিদ্ধ। সং, পুং, পুত্রবিশেষ।

স্বয়ম্, (সু—অয়্=গমনকরা+অম্-প্রং) অং, আপনি, নিজে। সামর্থ্য।

সয়ম্ভু, স্বম্ভু, (স্বয়ম্=আপনি—ভূ=হওয়া+ক্বিপ্, উ—প্রং) সং পুং, ব্রহ্মা। সৃষ্টিকর্ম্মে রজোগুণময় ব্রহ্মা, পালন-কর্ম্মে সত্ত্বগুণময় বিষ্ণু, সংহার-কর্ম্মে তমোগুণময় মহেশ্বর—এই ত্রিমূর্ত্তি। সময়।

সয়ম্ভুব, (স্বয়ম্ভু=ব্রহ্মা+অণ্—নিষ্প্রয়োজনার্থে, বা অপত্যার্থে। কিম্বা স্বয়ম্=আপনি—ভূ=হওয়া+ক—প্রং) সং, পুং, ব্রহ্মা। পিতামহ। প্রথম মনু।

স্বর্, (স্বৃ=শব্দকরা+ক্বিপ্—প্রং, ঋ=অর্) অং, স্বর্গ, সুরলোক, নাক, ত্রিদিব। আকাশ, নভ, গগন, বিয়ৎ। প্রভা, সৌন্দর্য্য। সূর্য্য ও ধ্রুব নক্ষত্রের মধ্যস্থান। সুরলোক। নিরবচ্ছিন্ন সুখ।

স্বর, (স্বর্=শব্দকরা+অচ্—ক) সং, পুং, উদাত্ত, অনুদাত্ত, স্বরিত, এই ত্রিবিধ কণ্ঠধ্বনি। স্বন, শব্দ। বিশ্বাস ধ্বনি। অ ই প্রভৃতি বর্ণ। ষড়্জ, ঋষভ, গান্ধার, মধ্যম, পঞ্চম, ধৈবত, নিষাদ—এই সপ্তবিধ গানাঙ্গধ্বনি, সুর; তদুৎপত্তি ও বিবরণাদি যথা,—"স স্বরো যঃ শ্রুতিস্থানে স্বনন্ হৃদয়-রঞ্জকঃ। ষড়্জর্ষভগান্ধারো মধ্যমঃ পঞ্চমস্তথা। ধৈবতশ্চ নিষাদশ্চ স্বরাঃ সপ্তপ্রকীর্ত্তিতাঃ। ময়ূরবৃষভচ্ছাগক্রৌঞ্চ-কোকিলবাজিনঃ। মাতঙ্গশ্চ ক্রমেণাহুঃ স্বরানেতান্ সুদুর্গমান্"। "নিষীদন্তি স্বরা অস্মিন্নিষাদস্তেন হেতুনা। অশেষসন্ধিবিষয়ং স হি ব্যাপ্যাবতিষ্ঠতে"। "বায়ুঃ সমুদ্গতো নাভেঃ কণ্ঠশীর্ষসমুদ্গতঃ"। নদত্যৃষভবদ্যস্মাত্তেনৈষ ঋষভঃ স্মৃতঃ। বায়ুঃ সমুদ্গতো নাভেঃ কণ্ঠশীর্ষসমাহতঃ। নানাগন্ধবহঃ পুণ্যো গান্ধারস্তেন হেতুনা"। "নাসাং কণ্ঠমুরস্তালুজিহ্বাং দন্তাংশ্চ সংশ্রিতঃ। ষড়্ভ্যঃ সংজায়তে যস্মাত্তস্মাৎ ষড়্জ ইতি স্মৃতঃ"। "তদ্বদেবোত্থিতো বায়ুরুরঃ কণ্ঠসমাহতঃ নাভিপ্রাপ্তো মহানাদো মধ্যমস্তেন স স্মৃতঃ"। "অভিসন্ধয়তে যস্মাৎ স্বরাংস্তেনৈব ধৈবতঃ। স তু তাবৎ প্রধানত্বাৎ ললাটে ব্যবতিষ্ঠতে"। "বায়ুঃ সমুদ্গতো নাভেরুরোহৃৎকণ্ঠমূর্দ্ধসু। বিচরন্ পঞ্চমস্থানপ্রাপ্ত্যা পঞ্চম উচ্যতে"। সম্পূর্ণ স্বর, যথা, স ঋ গ ম প ধ নি। প্রাণাদি বায়ুর কার্য্যবিশেষ। প্রয়োজনবশতঃ বর্ণ বা শব্দবিশেষের গুরু উচ্চারণ

স্বরপত্তন, (স্বর=নিয়মানুসারে উচ্চারণ—পত্তন=নগর) সং, ক্লীং, সামবেদ, এই বেদ সুর করিয়া উচ্চারণ করিতে হয়

স্বরনাসিকা, (স্বর=গানাঙ্গ-ধ্বনি—নস্=নৈপুণ্য প্রদর্শন করা+ণক—প্রং) সং, স্ত্রীং, বংশী, বাঁশী, মুরলী।

স্বরস, (স্ব=নিজ—রস=অভিপ্রায়, ৬ষ্ঠী—ষ) সং, পুং, স্বাভিপ্রায়, আপন মত, নিজ মত। পেষণজাত রস। বিলক্ষণ রসবোধ। শিলাপিষ্ট কল্কবিশেষ।

স্বরাট্, (স্বরাজ্, স্ব=আপনি—রাজ্=দীপ্তি পাওয়া+ক্বিপ্—প্রং) সং, পুং, ঈশ্বর, স্বয়ংদীপ্ত। ব্রহ্মা। বেদের ছন্দোবিশেষ। [সুভব করিতে পারা যায়।

স্বরানুভাবকতা—যে বৃত্তিদ্বারা স্বরের অ

স্বরাপগা, (স্বর্=স্বর্গ—আপগা=নদী) সং, স্ত্রীং, স্বর্গঙ্গা, সুরনদী, মন্দাকিনী।

স্বরিত, (স্বর=গানাঙ্গধ্বনি+ইতচ্—সংজাতার্থে) সং, পুং, ৩য় স্বর, লঘুগুরু মিলিত স্বর, উদাত্তঅনুদাত্তমিলিত স্বর। বিং, ত্রিং, স্বরযুক্ত। উচ্চরিত।

স্বরীশ্বর, (স্বর্—ঈশ্বর) সং, পুং, ইন্দ্র, দেবরাজ, বাসব, পুরন্দর, আখণ্ডল।

স্বরু, (স্বৃ=শব্দকরা+উ—প্রং) সং, পুং, অশনি, বজ্র। বাণ। যজ্ঞ। যূপখণ্ড। সূর্য্যকিরণ, রৌদ্র। বৃশ্চিকবিশেষ।

স্বরুচি, (স্ব=আপনি—রুচি=অভিলাষ) বিং, ত্রিং, স্বতন্ত্র, স্বেচ্ছাবর্ত্তী। সং, স্ত্রীং, স্বেচ্ছা।

স্বরূপ, (স্ব=নিজ—রূপ=আকৃতি, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, স্বভাব, প্রকৃতি। নি-

সর্গ। স্বাভাবিক অবস্থা। বিং, ত্রিং, পণ্ডিত। সুন্দর, মনোহর। সদৃশ, তুল্য, একবিধ। প্রকৃত।

স্বরূপযোগ্য, (স্বরূপ—যোগ্য=সক্ষম, ৬ষ্ঠী—ষ) বিং, ত্রিং, কার্য্যসাধনযোগ্য।

স্বরূপযোগ্যতা, (স্বরূপযোগ্য+তল্—ভাবে) সং, স্ত্রীং, কার্য্যসাধনযোগ্যতা, সিদ্ধি করিবার ক্ষমতা। [স্বরূপতা।

স্বরূপসম্বন্ধ, সং, পুং, অভিন্ন সম্বন্ধ, তৎ-

স্বরেণু, সং, স্ত্রীং, সূর্য্যপত্নী, সংজ্ঞা।

স্বর্গ, (সু=সুখ—ঋজ্=পাওয়া+ঘঞ্ ধি) সং, পুং, সুরলোক, দেবনগরী, নাক। ভূর্, ভুবর্, স্বর্, মহর্, জন, তর্পস, সত্য,এই সপ্ত। নিরবচ্ছিন্ন সুখ।

স্বর্গঙ্গা, (স্বর্=স্বর্গ—গঙ্গা) সং, স্ত্রীং, সুরনদী, মন্দাকিনী।

স্বর্গণিকা, (স্বর্=স্বর্গ—গণিকা=বেশ্যা) সং, স্ত্রীং, স্বর্বেশ্যা, অপ্সরা।

স্বর্গত, (স্বর্=স্বর্গ—গত=গিয়াছে) বিং, ত্রিং, যে স্বর্গে গমন করিয়াছে, মৃত।

স্বর্গতি, (স্বর্=স্বর্গ—গতি=গমন, ৭মী—ষ) সং, স্ত্রীং, স্বর্গ গমন, মৃত্যু। পারলৌকিক সুখ।

স্বর্গপতি, (স্বর্গ—পতি=স্বামী, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ইন্দ্র, দেবরাজ, বাসব, পাকশাসন,শতক্রতু। [স্ত্রীং, স্বর্বধূ, অপ্সরা।

স্বর্গবধূ, (স্বর্গ—বধূ=স্ত্রী, ৬ষ্ঠী—ষ) সং,

স্বর্গলোকেশ, (স্বর্গলোক—ঈশ=প্রভু) সং, পুং, শরীর, দেহ, কায়। ইন্দ্র, পুরন্দর, দেবরাজ। [সুমেরু পর্ব্বত।

স্বর্গাচল, (স্বর্গ—অচল=পর্ব্বত) সং, পুং,

স্বর্গাপগা, (স্বর্গ—আপগা=নদী, ৬ষ্ঠী-ষ) সং,স্ত্রীং, স্বর্গঙ্গা, মন্দাকিনী। গঙ্গানদী।

স্বর্গগিরি, স্বর্গিরি, (স্বর্গ, স্বর্—গিরি=পর্ব্বত) সং, পুং, সুমেরু পর্ব্বত।

স্বর্গী, স্বর্গিন্, স্বর্গ+ইনি—অস্ত্যর্থে) সং, পুং,দেবতা,সুরলোকবাসী। বিং,ত্রিং,মৃত

স্বর্গৌকাঃ (স্বর্গৌকস্, স্বর্গ—ওকস্=স্থান, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সুর, দেবতা।

স্বর্গ্য, স্বর্গীয়, (স্বর্গ+য্ৎ, ছ—ইদমর্থে) বিং, ত্রিং, স্বর্গসম্বন্ধীয়। স্বর্গসুখজনক।

স্বর্ণ, (সু=সৌন্দর্য্য—ঋণ=পাওয়া+অণ্—প্রং। কিম্বা, সু=সুন্দর—অর্ণ=বর্ণ, ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, কাঞ্চন, হেম, চামীকর, জাম্বূনদ, সুবর্ণ, সোণা। ধুস্তূর, ধুতুরা।

স্বর্ণকায়, (স্বর্ণ=সোণা—কায়=দেহ) সং, পুং, গরুড়, সুপর্ণ, বৈনতেয়। বিং, ত্রিং, সুবর্ণময়শরীর।

স্বর্ণকার, স্বর্ণকৃৎ, (স্বর্ণ—কার, কৃৎ=যে করে, ২য়া-ষ)সং,পুং, সেকরাজাতি।

স্বর্ণচূড়, (স্বর্ণ—চূড়া=শিখা) সং, পুং, পক্ষিবিশেষ, চাসপক্ষী। কুক্কুট, কুকুড়া।

স্বর্ণজ, (স্বর্ণ-জ=জাত) সং,ক্লীং, টিন্‌ধাতু।

স্বর্ণদী, স্বর্নদী, (স্বর্=স্বর্গ—নদী, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, মন্দাকিনী। গঙ্গা।

স্বর্ণদীধিতি, (স্বর্ণ—দীধিতি=কিরণ) সং, পুং, অগ্নি, বহ্নি, পাবক, অনল।

স্বর্ণদ্রু, (স্বর্ণ—দ্রু=বৃক্ষ) সং, পুং, আরগ্বধবৃক্ষ।[সং, পুং, গরুড়। সুবর্ণপক্ষশালী

স্বর্ণপক্ষ, (স্বর্ণ—পক্ষ=পালখ, ৬ষ্ঠী—হিং)

স্বর্ণপদ্মা, (স্বর্ণ—পদ্ম, স্বর্ণপদ্ম ধারণ করে বলিয়া) সং, স্ত্রীং, স্বর্গঙ্গা, সুরনদী, মন্দাকিনী।

স্বর্ণপাটক ; সং, পুং, টঙ্কণ, সোহাগা।

স্বর্ণপুষ্প, (স্বর্ণ—পুষ্প=ফুল) সং, পুং, চম্পকবৃক্ষ।সোঁদালিগাছ। বাবলাগাছ।

স্বর্ণবণিক্, (স্বর্ণবণিজ্, স্বর্ণ—বণিজ্=ব্যবসায়ী) সং,পুং, সোণার বেণিয়া জাতি।

স্বর্ণবিন্দু, (স্বর্ণ—বিন্দু=ক্ষুদ্র চিহ্ন) সং, পুং, বিষ্ণু। সুবর্ণকণা।

স্বর্ণারি, সং,পুং, গন্ধক। [মণি।

স্বর্ভানব, সং, পুং, রত্নবিশেষ, গোমেদক

স্বর্ভানু, (স্বর্=স্বর্গ—ভানু=কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, রাহুগ্রহ, সৈংহিকেয়।

স্বর্যাত, (স্বর্=স্বর্গ—যাত, ৭মী—ষ) বিং, ত্রিং, স্বর্গত, মৃত।

স্বর্লোক, (স্বর্=স্বর্গ—লোক=ভুবন, সং

—স) সং,পুং, সুরলোক, স্বর্গ, নাক।
স্বর্বধূ, স্বর্বেশ্যা, (স্বর্=স্বর্গ—বধূ=স্ত্রী; বেশ্যা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, অপ্সরা।
স্বর্বাপী, (স্বর্=স্বর্গ—বাপী=জলাশয়) সং, স্ত্রীং, সুরনদী, মন্দাকিনী। গঙ্গা, ভাগীরথী।
স্বর্বৈদ্য, (স্বর্=স্বর্গ—বৈদ্য=চিকিৎসক, ৬ষ্ঠী—ষ) সং, পুং, দ্বিং, স্বর্গের চিকিৎসক, অশ্বিনীকুমারদ্বয়।
স্বল্প, (স্ব=অতিশয়—অল্প) বিং, ত্রিং, অতি অল্প, অতি ক্ষুদ্র, যৎকিঞ্চিন্মাত্র।
স্ববশ, (স্ব—বশ=অধীন) বিং, ত্রিং, স্বায়ত্ত, আত্মবশ।
স্ববাসিনী, (স্ব=জ্ঞাতি [মধ্যে]—বাসিন্=যে বাস করে, ৭মী—ষ) সং, স্ত্রীং, চিরপিতৃগৃহবাসিনী বিবাহিতা বা অবিবাহিতা কন্যা।
স্ববীজ, (স্ব=আপনি—বীজ) সং, পুং, আত্মা। ক্লীং, নিজকারণ।
স্বসা, (স্বসৃ, সু—অস্=হওয়া+ঋৎ—প্রং) সং, স্ত্রীং, ভগিনী, বোন।
স্বস্তি, (সু=শুভ—অস্=হওয়া+ক্তিন্—প্রং) অং, আশীর্ব্বাদ। স্বীকার, হাঁ। শুভ, ক্ষেম, মঙ্গল। পুণ্যাদি। সন্তোষ।
স্বস্তিক, (স্বস্তি+কন্—যোগ) সং, পুং, —ক্লীং, সম্মুখে বারাণ্ডা বা চাঁদনিযুক্ত প্রাসাদ। যোগাঙ্গ আসনবিশেষ। সং, পুং, মাঙ্গলিক বস্তু। পিটুলি নির্ম্মিত মাঙ্গল্যদ্রব্যবিশেষ। চতুষ্পথ, চৌরাস্তা। সর্পফণা। সর্পফণাকৃতি হস্তপাত্র, হাতের ঠোঙা। আকৃতিবিশেষ, যাহা বস্তু বা দ্রব্যের উপর অঙ্কিত হইলে উহার শুভোৎপাদন করে। পিষ্টক বিশেষ। লম্পট। লশুন।
স্বস্তিমুখ, (স্বস্তি—মুখ=আরম্ভ) সং, পুং, লেখ, লিপি। ব্রাহ্মণ। বিং, ত্রিং, স্তুতিপাঠক।
স্বস্তিবাচন, (স্বস্তি=মঙ্গল—বাচন=উচ্চারণ, ৬ষ্ঠী—ষ) সং ক্লীং, মঙ্গলকার্য্যারম্ভে মঙ্গলকথন, স্বস্তিশব্দের উচ্চারণ।
স্বস্তিবাচনিক, (স্বস্তিবাচন+ঠক—প্রং) বিং, ত্রিং, স্বস্তিবাচনকারক। স্বস্তিবাচনসম্বন্ধীয়।
স্বস্ত্যয়ন, (স্বস্তি=মঙ্গল—অয়ন, [আ—ই=গমনকরা+অনট্—ভাং]=আগমন ৬ষ্ঠী—হিং) সং, ক্লীং, কুগ্রহ-শান্তির নিমিত্ত মঙ্গলকর্ম্মানুষ্ঠান, শুভার্থবিধি। দানগ্রহীতা ব্রাহ্মণের আশীর্ব্বাদ।
স্বস্থ, (স্ব=আপনি—স্থ=যে থাকে, ৭মী —ষ) বিং, ত্রিং, নিরুদ্বিগ্ন, নিঃসন্দিগ্ধচিত্ত, স্থির। সন্তুষ্ট-চিত্ত। সমাহিতচিত্ত। সুস্থ, নীরোগ। সর্গস্থ, মৃত।
স্বস্রীয়, (স্বসৃ=ভগিনী+ছ—অপত্যার্থে) সং, পুং, য়া—স্ত্রীং, ভগিনীর পুত্র বা কন্যা। বিং, ত্রিং, ভগিনীসম্বন্ধীয়।
স্বাক্ষপাদ, সং, পুং, নৈয়ায়িক, তার্কিক।
স্বাক্ষর, (স্ব—অক্ষর) সং, পুং, সহী, দস্তখৎ।
স্বাগত, (সু=শুভ—আগত=আগমন) সং, ক্লীং, কুশলপ্রশ্ন। শুভাগমন। তা —স্ত্রীং, ত্রিষ্টুভ্ ছন্দোবিশেষ।
স্বাচ্ছন্দ্য, (স্বচ্ছন্দ+ষ্যঞ্—ভাবে) সং,ক্লীং, সুস্থতা, স্বাস্থ্য। স্বচ্ছন্দতা, স্বাধীনতা।
স্বাতন্ত্র্য, (স্বতন্ত্র=স্বেচ্ছাচারী+ষ্যঞ্—ভাবে) সং, ক্লীং, স্বতন্ত্রতা, স্বাধীনতা।
স্বাতি—তী, (সু=শুভ—অৎ=গমনকরা +ইন্—প্রং) সং, স্ত্রীং, নক্ষত্রবিশেষ। সূর্য্যপত্নীবিশেষ। খড়্গ, অসি।
স্বাত্মরক্ষা, আক্রমণ অথবা আত্মরক্ষার্থে তরবারি প্রয়োগবিষয়ক নৈপুণ্যসাধন-বিদ্যা। (Fencing)
স্বাদ, (স্বাদ্=আস্বাদনকরা+অচ্—ভা) সং, পুং, রস, আস্বাদ। রসানুভব, লেহন। প্রীতি।
স্বাদন, (স্বাদ দেখ+অনট্—ভা) সং ক্লীং, রসগ্রহণ, আস্বাদানুভব। রস
স্বাদিত, (স্বাদ দেখ+ক্ত—র্ম্ম) বিং,ত্রিং, ভক্ষিত, গৃহীতস্বাদ। আস্বাদিত, লীঢ়।

স্বাদু, (স্বদ্=আস্বাদকরা+উণ্—প্রং) বিং, ত্রিং দুঃ—দু, কিম্বা দ্বী—দুঃ সুস্বাদ, মিষ্ট, মধুর, মনোজ্ঞ। সং, পুং, মধুররস। ওষধিবিশেষ, জীবক। মধু, গুড়। দু, দ্বী—স্ত্রীং, দ্রাক্ষা।

স্বাদুকণ্টক, (স্বাদু=মিষ্ট—কণ্টক=কাঁটা) সং, পুং, বিকঙ্কতবৃক্ষ। গোক্ষুরীলতা।

স্বাদুখণ্ড, সং, পুং, গুড়, খাঁড়। [কন্দর্প।

স্বাদুধন্বা, (—ধন্বন্) পুং, কামদেব,

স্বাদুরসা, সং, স্ত্রীং, ঔষধবিশেষ, কাকোলী। দ্রাক্ষাজাত সুরা। দ্রাক্ষা। আমড়া।

স্বাদুশুদ্ধ, সং, ক্লীং, সৈন্ধব লবণ।

স্বাদ্বম্ল, (স্বাদু=মিষ্ট—অম্ল=টক) সং, পুং, দাড়িম্ববৃক্ষ।

স্বাধিকার, (স্ব=আপনি-অধিকার, ৬ষ্ঠী—ষ) সং,পুং, নিজ অধিকার; নিজকর্ত্তব্য; "কশ্চিৎ কান্তাবিরহগুরুণা স্বাধিকারপ্রমত্তঃ শাপেনাস্তংগমিতমহিমা বর্ষভোগ্যেন ভর্ত্তুঃ। যক্ষাশ্চক্রে" কাং।

স্বাধীন, (স্ব=আপনি—অধীন=বশ, ৬ষ্ঠী—ষ) বিং, ত্রিং, স্বেচ্ছাচারী, আত্মবশ, স্বতন্ত্র, পরাধীন নয়।

স্বাধীনতা, (স্বাধীন+তল্—ভাবে) সং, ক্লীং, স্বতন্ত্রতা, আত্মবশতা।

স্বাধীনপতিকা, স্বাধীনভর্ত্তৃকা, (স্ব=আপনি—অধীন=বশ—পতি, ভর্ত্তৃ=স্বামী, ৬ষ্ঠী—হিং) সং, স্ত্রীং, নায়িকাবিশেষ, নায়ক যাহার বশ।

স্বাধ্যায়, (সু=সুকৃত—আ=আবৃত্য—অধ্যায়=অধ্যয়ন, সুকৃত জন্য আবৃত্তি করিয়া বেদাধ্যয়ন) সং,পুং,বেদাধ্যয়ন, বেদপাঠ। বেদাংশবিশেষ।

স্বাধ্যায়বান্, স্বাধ্যায়ী, (স্বাধ্যায়বৎ, স্বাধ্যায়+বৎ—অস্ত্যর্থে। স্বাধ্যায়িন্, স্বাধ্যায়+ইনি—অস্ত্যর্থে) সং, পুং, বেদপাঠক, যে বেদ পড়ে।

স্বান, (স্বন্=শব্দকরা+ঘঞ্—ভা) সং, পুং, স্বন, ধ্বনি, শব্দ। রব।

স্বান্ত, (স্বন্=শব্দকরা+ক্ত—প্রং, নিপাতন) বিং, ত্রিং, শব্দিত, ধ্বনিত। সং ক্লীং, চিত্ত, মনঃ। গহ্বর।

স্বাপ, (স্বপ্=নিদ্রিত হওয়া+ঘঞ্—ভা) সং, পুং, নিদ্রা। নিদ্রাবস্থায় বিষয়ানুভব, স্বপ্ন। অচৈতন্য। পক্ষাঘাত, স্পর্শশক্তি-রাহিত্য। পক্ষাঘাতরোগ।

স্বাপতেয়, (স্ব=নিজ বা ধন—পতি=স্বামী+ঠঞ্—ইদমর্থে) সং, ক্লীং, ধন, সম্পত্তি, বিভব, বসু।

স্বাপদ, (শ্বাপদ দেখ; শ=স) সং, পুং, বন্যজন্তু। হিংস্রজন্তু।

স্বাভাবিক, (স্বভাব=প্রকৃতি+ঠক্—ভবার্থে) বিং, ত্রিং, স্বভাবসিদ্ধ, নৈসর্গিক, প্রাকৃতিক। [রাম।

স্বামিজঙ্ঘী, (—জ্ঘিন্) সং, পুং, পরশু·

স্বামিত্ব, (স্বামিন্+ত্ব—ভাবে) সং, ক্লীং, কর্তৃত্ব। প্রভুত্ব। স্বত্ব, অধিকার।

স্বামী, (স্বামিন্, স্ব=ঐশ্বর্য্য+আমিনচ্—অস্ত্যর্থে) সং, পুং, অধিপতি, প্রভু। রাজা,সম্রাট। পতি,ভর্ত্তা। গুরু। পণ্ডিত-ব্রাহ্মণ। কার্ত্তিকেয়, স্কন্দ, ষড়ানন। বিষ্ণু। শিব। বাৎস্যায়ন মুনি। গরুড়। পরমহংস। বিং,ত্রিং, অধিকারী। প্রভু।

স্বায়ম্ভুব, (স্বয়ম্ভু=ব্রহ্মা+অণ্—অপত্যার্থে ইত্যাদি) সং, পুং, স্বয়ম্ভুপুত্র; প্রথম মনু। বিং, ত্রিং, ব্রহ্মসম্বন্ধীয়।

স্বারাট্, (স্বারাজ্, স্বর=স্বর্গ—রাজ্=দীপ্তিপাওয়া+কিপ্—প্রং, ৭মী—ষ) সং, পুং, স্বর্গের রাজা, ইন্দ্র, দেবরাজ।

স্বারাজ্য, (স্বরাজ্ বা স্বারাজ্+যৎ—ভাবে, কর্ম্মণি) সং,ক্লীং, ঈশ্বরত্ব। ইন্দ্রত্ব

স্বারোচিষ, (স্বরোচিষ+অঞ্—অপত্যার্থে) সং, পুং, দ্বিতীয় মনু।

স্বার্থ, (স্ব=আপনি—অর্থ=প্রয়োজন ইত্যাদি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, স্বকার্য্য, নিজ প্রয়োজন। স্বীয় অর্থ। বিশেষণ।

স্বার্থপর, স্বার্থপরায়ণ, (স্বার্থ—পর,পরায়ণ=তৎপর, ৭মী—ষ) বিং, ত্রিং, স্বকার্য্যসাধনে তৎপর, নিজপ্রয়োজনসিদ্ধ

বিষয়ে ব্যগ্র।

স্বার্থিক, (স্বার্থ+ঠক—প্রং) বিং, ত্রিং, স্বার্থে বিহিত। নিজ অর্থদ্বারা সম্পাদিত

স্বাস্থ্য, (স্বস্থ+ষ্যঞ—ভাবে) সং, ক্লীং, সুস্থতা, আরোগ্য। নিরুদ্বেগ, নিশ্চিন্ততা। সুখ। সন্তোষ।

স্বাহা, (সু=শুভ—আ—হ্বে=[দেবতাদিগকে] আহ্বানকরা+ডা—প্রং। কিংবা স্বদ্=আস্বাদনকরা+আ—প্রং, দ=হ) অং, দেবোদ্দেশে অগ্নিতে ঘৃত প্রদান। তদ্দানের মন্ত্র। অগ্নির ভার্য্যা। মাতৃকাবিশেষ।

স্বাহাপতি, স্বাহাপ্রিয়, (স্বাহা=অগ্নিপত্নী—পতি, প্রিয়=স্বামী, ৬ষ্ঠী—ষ) সং, পুং, অগ্নি, অনল পাবক, হুতবহ।

স্বাহাভুক্, (স্বাহাভুজ্, স্বাহা—ভুজ্=যে ভোজন করে, ২য়া—ষ) সং, পুং, দেবতা।

স্বিৎ, (স্ব—ই=গমনকরা+ক্বিপ্—প্রং, ৎ—আগম) অং, প্রশ্ন। বিতর্ক। সংশয়, সন্দেহ। পাদপূরার্থক।

স্বিন্ন, (স্বিদ্=ঘর্ম্মাক্ত হওয়া ইত্যাদি+ক্ত—ক) বিং, ত্রিং, স্বেদযুক্ত, ঘর্ম্মাক্ত। আর্দ্র। ক্লিন্ন। পক্ক।

স্বীকার, (স্ব=আপনি—কার=করণ, —অভূততদ্ভাবার্থে, অ=ঈ) সং, পুং, প্রতিজ্ঞা, অঙ্গীকার। পরিগ্রহ। প্রতিগ্রহ, গ্রহণ। আয়ত্তীকরণ। বশীকরণ।

স্বীকৃত, (স্ব=আপনি—কৃত=যাহা করা হইয়াছে ; পূর্ব্বে দেখ) বিং, ত্রিং, অঙ্গীকৃত। সম্মত। পরিগৃহীত। প্রতিগৃহীত, গৃহীত। আয়ত্তীকৃত। বশীকৃত।

স্বীয়, (স্ব=আপনি+ছ—ইদমর্থে) বিং, ত্রিং, স্বকীয়, নিজ। আত্মীয়, য়া—স্ত্রীং, নায়িকাবিশেষ, স্বামীর প্রতি অনুরক্তা নায়িকা।

স্বেচ্ছা, (স্ব=আপনি—ইচ্ছা, ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, যদৃচ্ছা, আপন ইচ্ছা, স্বচ্ছন্দ।

স্বেচ্ছাচারী, (স্বেচ্ছাচারিন্, স্বেচ্ছা—আচারিন্=যে আচরণ করে, ৩য়া—ষ) বিং, ত্রিং, স্বাধীন, যে আপন ইচ্ছানুরূপ আচারণ করে। অবাধ্য।

স্বেচ্ছামৃত্যু, (স্বেচ্ছা=আপনইচ্ছা—মৃত্যু=মরণ) সং, পুং, ভীষ্ম। গাঙ্গেয়।

স্বেদ, (স্বিদ্=ঘর্ম্মাক্তহওয়া ইত্যাদি+ঘঞ্—প্রং) সং, পুং, তাপ। ঘর্ম্ম, ঘাম ক্লেদ। উষ্ম। বাষ্প।

স্বেদজ, (স্বেদ=ক্লেদ—জন=যে জন্মে, ৫মী—ষ) বিং, ত্রিং, উষ্মজাত, কৃমিদংশমশকাদি।

স্বেদন, (স্বেদদেখ+অনট্—ভা, ণ) সং, ক্লীং, স্বেদ, ঘর্ম্ম। ঘর্ম্মজনন, ঘর্ম্মোৎপত্তি। ঘর্ম্মনিঃসারণ, ভাব্রা। নী—স্ত্রীং, লৌহময় পাকপাত্র।

স্বেদনিকা, ([স্বেদন=ঘর্ম্ম+ঈ—প্রং] =স্বেদনী+কন্—যোগ) সং, স্ত্রীং, লৌহময় পাকপাত্র। ভর্জ্জন-পাত্র।

স্বৈর, (স্ব=আপনি—ঈর=গমন করা, প্রেরণকরা+অ—ক, ভা) বিং, ত্রিং, আত্মবশ, স্বাধীন, স্বচ্ছন্দ। মন্দ, জড়। সং, ক্লীং, স্বেচ্ছাধীনতা, যথেচ্ছাচার।

স্বৈরচারী, (স্বৈরচারীন্, স্বৈর—চারী=যে গমন করে) বিং, ত্রিং, স্বেচ্ছাচারী, অবাধ্য। রিণী—স্ত্রীং, ব্যভিচারিণী স্ত্রী।

স্বৈরতা, সৈরিতা, (স্বৈর, স্বৈরিন্+তল্ ভাবে) সং, স্ত্রীং, স্বাধীনতা, যথেচ্ছাচারিতা।

স্বৈরন্ধ্রী, (স্বৈর=স্বাচ্ছন্দ্য—ধৃ=ধারণ করা ; নিপাতন) সং, স্ত্রীং, পরবেশ্মস্থা শিল্পকারিণী।

স্বৈরী, (স্বৈরিন্, স্বৈর দেখ+ইনি—ক) বিং, ত্রিং, স্বেচ্ছাচারী, অবাধ্য। রিণী—স্ত্রীং, ব্যভিচারিণী। [বিশেষ।

স্বোরস, সং, পুং, স্বরস, শিলাপিষ্টতল

—*—

হ

হ, ব্যঞ্জনের ত্রয়স্ত্রিংশৎবর্ণ। (হা=ত্যাগকরা, কিংবা হন্=বধকরা+ড বা ক-প্রং) বিং,ত্রিং, হাস্য, উচ্চহসিত। বিং, মত্ত, সুরামত্ত। সং,পুং, শিব। জল। শূন্য। ধ্যান। মঙ্গল। আকাশ, ব্যোম। স্বর্গ। রক্ত, রুধির। মৃত্যু, মরণ। ভয়। জ্ঞান। চন্দ্র, বিধু। বিষ্ণু। সমর, যুদ্ধ। রোমাঞ্চ। অশ্ব, ঘোটক। গর্ব্ব,অহমিকা। চিকিৎসক। কারণ। উদ্দেশ্য। হা—স্ত্রীং,পরিত্যাগ, বর্জ্জন। বীণা। ক্লীং, ঈশ্বর, পরমাত্মা। আনন্দ, হর্ষ। আহ্বান। অস্ত্র শস্ত্র। মণিপ্রভা। বীণা ধ্বনি। অং, —পাদপূরণার্থক। সম্বোধন। নিন্দা। কোপ। নিয়োগ। নিগ্রহ।

হওন, (দেশজ) সং, জন্মান। বর্ত্তন।

হওয়া, (দেশজ) সং, জন্মান, উৎপত্তি।

হংস, (হন্=বধকরা+স—প্রং) সং,

হংস।

পুং,হাঁস। পরমাত্মা। ব্রহ্মা। বিষ্ণু। সূর্য্য। পরমব্রহ্ম। নির্লোভ নরপতি। গূঢ়মন্ত্রবিশেষ। যতিবিশেষ। অশ্ব। দেহস্থ বায়ুবিশেষ। মাৎসর্য্য। শিব। (শব্দের পরবর্ত্তী হইলে) শ্রেষ্ঠ,উৎকৃষ্ট, প্রধান। অগ্রগামী। গুরু। পর্ব্বত। মহিষ। কামদেব। সী-স্ত্রীং, স্ত্রীহাঁস। ছন্দোবিশেষ।

হংসক, (হংস+কন্—যোগ) সং, পুং, পাদাভরণবিশেষ, পাঁইজোর, মল, নূপুর। রাজহংস, হংস, মরাল। সিকা—স্ত্রীং, হংসী।

হংসগদ্গদা, (হংস—গদ্—শব্দকরা অচ্, আপ্-প্রং) সং,স্ত্রীং, মধুরভাষিণী।

হংসগামিনী, (হংস—গামিনী=যে গমন করে, যং—স) সং, স্ত্রীং, হংসবৎ গমনশীলা। ব্রহ্মাণী দেবী।

হংসদাহন, (হংস—দাহন=পোড়ান, উদ্দীপন) সং, ক্লীং, অগুরু, সুগন্ধিকাষ্ঠবিশেষ।

হংসনাদিনী, (হংস—নাদিনী=যে রব করে, যং—স) সং, স্ত্রীং, পরমসুন্দরী স্ত্রী, যাহার মধ্যভাগ ক্ষীণ, বিপুল নিতম্বদেশ,হস্তীর ন্যায় গমন ও কোকিলের ন্যায় স্বর; "গজেন্দ্রগমনা তন্বী কোকিলানাং রুতাম্বিতা। নিতম্বগুর্ব্বিণী যা সা কথ্যতে হংসনাদিনী"।

হংসপাদ, (হংস—পাদ=পা, যাহার সহিত ইহাদের বর্ণ আকৃতি প্রভৃতির তুলনা করা যায়) সং, পুং, হিঙ্গুল।

হংসমালা, (হংস—মালা) সং, স্ত্রীং, পাতিহাঁস। হংসশ্রেণী।

হংসরথ, হংসবাহন, (হংস—রথ; বাহন ৬ষ্ঠী—হিং) সং, পুং, ব্রহ্মা, প্রজাপতি। পিতামহ, কমলযোনি।

হংসলোহক, সং, ক্লীং, পিত্তল, পিতল।

হংসাভিখ্য, (হংস—অভিখ্যা=সৌন্দর্য্য, শোভা, তুল্য বর্ণ হেতু) সং, ক্লীং, রজত, রৌপ্য।

হংহো, (হং—হো; উভয়ই সম্বোধনসূচক অব্যয়। অথবা হং=অব্যক্তশব্দ —হা=ত্যাগকরা+ডো—প্রং) অং, সম্বোধন, প্রায় গর্ব্বিত ব্যক্তিরাই ব্যবহার করে। প্রশ্ন।

হক, (যবনভাষা) বিং, যথার্থ, ন্যায্য। স্বত্ব।

হকীয়ৎ, (যবনভাষা) সং, সূক্ষ্ম বিচার, যাথার্থ্যানুসন্ধান, তথ্য।

হক, (হক্=অনুকরণ শব্দ—কৈ=শব্দকরা+ড) সং, পুং, গজসমাহ্বান, হাতির ডাক।

হক্কার, (হক্—আহ্বানশব্দ—কার=করণ) পুং, আহ্বান।

(হিণ্ডি=অনাদরকরা+আ; নিপাতন) অং, দাসীর প্রতি সম্বোধনবাক্য।
হঞ্জি, সং, পুং, ক্ষুৎ, হাঁচী।
হঞ্জে, (হিণ্ডি=অনাদরকরা+এ-প্রং, নিপাতন) অং, নাট্যে—ভৃত্যার প্রতি স্ত্রীলোকের সম্বোধন সূচক শব্দ।
হটন, হঠন, (দেশজ) সং, পশ্চাৎ গমন। পরাস্ত হওন। [পুং, ক্রয় বিক্রয়স্থান, হাট
হট্ট, (হট্=দীপ্তিপাওয়া+ট—প্রং) সং,
হট্টবিলাসিনী, (হট্ট=হাট—বি—লস্=আমোদ করা+ণিনি, ঈপ্) স্ত্রীং, গন্ধৌষধিবিশেষ। বারাঙ্গনা, বেশ্যা।
হঠ, (হঠ=বলাৎকার করা+অচ্—প্রং) সং, পুং, বলাৎকার। লুঠ। প্রসভ। পশ্চাদ্গতি। [শৈবাল, শেওলা।
হঠপর্ণী, (হঠ=পাণা-পর্ণ=পত্র) সং, স্ত্রীং,
হঠবন্দীকরণ—বলপূর্ব্বক কারারুদ্ধকরা।
হঠাৎ, (হঠশব্দজ) ক্রিং—বিং, অকস্মাৎ, দৈবাৎ। [করণ।
হঠান, (দেশজ)সং, পরাস্তকরণ, পরাভব-
হঠালু, হঠী, (হঠ—আলু=মূল) সং, পুং, কুম্ভিকা, পাণা।
হড়ি, সং, পুং, কাষ্ঠযন্ত্রবিশেষ, হাড়িকাঠ।
হড়িক, হড্ডক, হড্ডিক, সং, পুং, ঝাড়ুদার, হাড়ি, মেথর।
হড্ড, সং. ক্লীং, অস্থি, হাড়। [মজ্জা।
হড্ডজ, (হড্ড=হাড়-জ=জাত) সং, ক্লীং,
হড্ডিপ, সং,পুং, মলেগ্রহি, হাড়ি, মেথর।
হণ্ডা, সং, স্ত্রীং, হাঁড়া। অং, দাসীকে সম্বোধন করিবার শব্দ।
হণ্ডিকা, হণ্ডী, (হণ্ডা+কন্—আপ্, ঈপ্—প্রং) সং,স্ত্রীং, মৃৎপাত্রবিশেষ, হাঁড়ী।
হণ্ডিকাসুত, সং, পুং, ছোট হাঁড়ি।
হণ্ডে, (হিণ্ড=অনাদর করা+এ—প্রং, নিপাতন) অং, নীচ-জাতীয়া স্ত্রীলোকের প্রতি সম্বোধন-সূচক শব্দ।
হত, (হন্=বধকরা+ক্ত—র্ম) বিং, ত্রিং, বিনাশিত। ধ্বস্ত। ব্যাহত। প্রতিহত। নিরাশ। গুণিত। বিনষ্ট। দগ্ধ। তুচ্ছ।
সং, ক্লীং, গুণন। হনন।
হতক, (হত+কন্—যোগ) সং, পুং, ভীরু, কাপুরুষ। হতভাগ্য। নীচ। নষ্টপ্রায়। [নৈরাশ্য।
হতজীবিত, বিং,ত্রিং, মৃত, গতাসু। ক্লীং,
হতসাধ্বস, বিং, ত্রিং, নির্ভীক।
হতমূর্খ, সং, পুং, অতিমূঢ়, গণ্ডমূর্খ।
হতাদর, (হত=বিনষ্ট—আদর, বং—স+ষষ্ঠী—হিং) সং, পুং, অসম্মান, অমর্য্যাদা। বিং, ত্রিং, অবজ্ঞাত।
হতাধিমন্থ, সং,পুং, দর্শনশক্তিলোপ।
হতাশ, (হত=বিনষ্ট—আশা=আকাঙ্ক্ষা, ষষ্ঠী—হিং) বিং, ত্রিং, নির্দ্দয়। নিরাশ। দুষ্ট। বন্ধ্য। দুর্ব্বল। অক্ষম।
হতি, (হন্=বধকরা+ক্তিচ্—ভা) সং, স্ত্রীং,হনন। ব্যাঘাত। অপকর্ষ। গুণন।
হতৌজাঃ, (—জস্.হত=নষ্ট—ওজস্=বল) বিং, ত্রিং, হীনবল। পুং, দৌর্ব্বল্যসহকৃত জ্বর।
হত্নু, (হন্=বধকরা, আঘাত করা+কত্নুচ্—প্রং) সং, পুং, রোগ। অস্ত্র।
হত্যা, (হন্=বধকরা+ক্যপ্—ভা, আপ্—প্রং, ন—স্থানে ৎ) সং, স্ত্রীং, বধ, হনন, বিনাশ, হিংসা।
হথ, সং,পুং, ভগ্নোৎসাহ পুরুষ।
হন, (হন্=বধকরা+অচ্) সং,পুং, ঘাতক।
হনন, (পূর্ব্বে দেখ+অনট্—ভা) সং, ক্লীং, বধ, হত্যা, মারণ। গুণন।
হনু, (হন্=বধকরা+উ—প্রং) সং, পুং, নু—স্ত্রীং, গণ্ডদেশের উপরিভাগ, চোয়াল। স্ত্রীং, অস্ত্র। রোগ। মৃত্যু।
হনুমান্, হনূমান্, (হনুমৎ, হনু+মৎ—

হনুমান।

অত্যাহর্থ) সং, পুং, স্বনামপ্রসিদ্ধ বানর, পবনতনয়,মারুতি। বানর বিশেষ, মুখ-পোড়া বানর।

হনূষ, (হন্=বধকরা+উষন্-প্রং) সং, পুং, রাক্ষস, নিশাচর। যাতুধান। কুণপ।

হন্ত, (হন্ দেখ+ত—প্রং) অং, বিষাদ, খেদ। অনুকম্পা, করুণা। হর্ষ। সম্ভ্রম। বাক্যারম্ভ।

হন্তব্য, (হন্=বধকরা+তব্য—র্ম্ম) বিং, ত্রিং, হননীয়, বধযোগ্য। গুণ্য।

হন্তা, (হন্, পূর্ব্বে দেখ+তৃচ্—ক) বিং. ত্রিং,হননকর্ত্তা, বধকারক,নাশক, ঘাতক।

হন্ন, (হদ্=বিষ্ঠাত্যাগ করা+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, কৃতপুরীষোৎসর্গ। [মোক্তি।

হম্, অং, ক্রোধোক্তি। বিনয়োক্তি। সম্ভ্র-

হম্ভা, হম্মা, হম্বা, (হম্=অনুকরণশব্দ—ভা=দীপ্তিপাওয়া+অঙ্, আপ্—প্রং) সং, স্ত্রীং, গোধ্বনি, গোরুর শব্দ।

হয়, (হয়্ বা হি=গমনকরা+অচ্—ক) সং, পুং, অশ্ব, ঘোটক বাজী, তুরঙ্গ। ইন্দ্র, বাসব, আখণ্ডল, পাকশাসন। ৭ সপ্তসংখ্যা। য়ী—স্ত্রীং,ঘোটকী,বড়বা।

হয়গন্ধা,সং,স্ত্রীং,ওষধিবিশেষ, অশ্বগন্ধা।

হয়গ্রীব, (হয়=ঘোটক—গ্রীবা=ঘাড়, ৬ষ্ঠী—হিং) সং, পুং, দৈত্যবিশেষ; এই দৈত্য কল্পান্তে ব্রহ্মার সুষুপ্তাবস্থায় বেদ হরণ করিয়া লইয়া গেলে বিষ্ণু মৎস্যা-বতারে ইহাকে বধ করিয়াছিলেন। বিষ্ণুর অবতার বিশেষ, নৃসিংহ অবতার

হয়ঙ্কষ, (হয়=ঘোটক—কষ্=আঘাত করা+খচ্—প্রং) সং, পুং, সারথি। যন্তা; সূত। মাতলি, ইন্দ্রসারথি।

হয়জ্ঞ, সং, পুং, অশ্বশাস্ত্রবেত্তা অশ্বপা-লক; সহিস।

হয়দ্বিষন্, (ষৎ, হয়=অশ্ব—দ্বিষৎ=শত্রু) সং, পুং, মহিষ, লুলাপ।

হয়ন, (হয় দেখ+অনট্—ভা) সং ক্লীং, কর্ণীরথ, আচ্ছাদিত শকট বা ডুলি।

হয়প্রিয়, (হয়=ঘোটক—প্রিয়) সং, পুং, শস্যবিশেষ, যব।

হয়মার, হয়মারক, (হয়=ঘোটক—মার, মারক=যে মারিয়া ফেলে) সং, পুং, করবীর বৃক্ষ।

হয়মারণ, (হয়=ঘোটক—মারণ=হনন) সং, পুং, অশ্বত্থবৃক্ষ, পিপ্পল, চলদল, কু-ঞ্জরাশ। [কুবের।

হয়বাহন, সং, পুং, সূর্য্যপুত্র বা সূর্য্য।

হয়শীর্ষ, সং, পুং, বিষ্ণু, নারায়ণ,নৃসিংহ।

হর, (হৃ=হরণকরা, লওয়া+অপ—প্রং) সং, পুং, শিব, মহাদেব। অগ্নি, অনল। গর্দ্দভ, রাসভ। হরণ। ভাগ। ভাজক অঙ্ক, ভগ্নাংশসম্বন্ধীয় রাশি যত সমান অংশে বিভক্ত হয়। বিং, ত্রিং, বহনকা-রক, যে লইয়া যায়। হরণকারী।

হরণ, (পূর্ব্বে দেখ+অনট্—ভা) সং, ক্লীং, গ্রহণ। যৌতুক দান,গুরুদক্ষিণাদি দান ইত্যাদি। ভুজ, বাহু। অপহরণ। বহন। ভাগকরণ।

হরবীজ, হরতেজঃ, (হরতেজস্, হর=শিব—বীজ=রেতঃ, তেজস্, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, পারদ, পারা।

হরশেখরা, (হর=শিব—শেখরা=চূড়া) সং, স্ত্রীং, গঙ্গা, জাহ্নবী, ভাগীরথী, সুরনদী।

হরহূরা, সং, স্ত্রীং, দ্রাক্ষা, আঙুর।

হরাদ্রি, (হর=শিব—অদ্রি=পর্ব্বত, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কৈলাস পর্ব্বত।

হরি, (হৃ=[সকল মনুষ্যের হৃদয় ইত্যাদি] লওয়া, হরণ করা+ই—ক। কিংবা হৃ =[রুদ্ররূপে বিশ্বকে] সং-হার করা+ই—ক) সং, পুং, বিষ্ণু; "রুদ্ররূপেণ সংহর্ত্তা বিশ্বানামপি নিত্যশঃ ভক্তানাং পাপকোষোহি হরিস্তেন প্রকী-র্ত্তিতঃ"। যম। পবন। ইন্দ্র। চন্দ্র। সূর্য্য। সিংহ। রশ্মি। ঘোটক। শুকপক্ষী। বানর। সর্প। ভেক। শিব। পৃথিবীর নববর্ষের মধ্যে একবর্ষ। ব্রহ্মা। অগ্নি।

কোকিল। হংস। ময়ূর। হরিৎবর্ণ। ধূম্রবর্ণ। পীতবর্ণ। বিং, ত্রিং, পিঙ্গল-বর্ণ। কপিশবর্ণ।

হরিক, (হরি+কন্—যোগ), সং, পুং, পীত হরিৎবর্ণ অশ্ব। চৌর। দ্যূতক্রীড়ক

হরিকেলীয়,(হরি=বিষ্ণু—কেলি=ক্রীড়া +ছ—প্রং) সং, পুং, বাঙ্গালাদেশ।

হরিকেশ, (হরি=বিষ্ণু—ক=ব্রহ্মা—ঈশ =প্রভু) সং, পুং, শিব। যক্ষবিশেষ।

হরিগৃহ, সং, ক্লীং, দেশ বিশেষ, নগরী-বিশেষ, শান্তপুর।

হরিচন্দন, (হরি=ইন্দ্র—চন্দন্ [চন্দ = আহ্লাদকরা + অনট্—ক] = আহ্লাদ জনক, ৬ষ্ঠী—ব) সং, পুং—ক্লীং, দেব-তরু বিশেষ। হরি=কপিলবর্ণ—চন্দন্ য়ং—স। কিংবা হরি=ইন্দ্র—চন্দন, ৬ষ্ঠী—ষ। অথবা হরি=ভেক, তদাকারে পর্বত ভাগে জাতত্বহেতু হরিচন্দন) পীতবর্ণ সুগন্ধ কাষ্ঠবিশেষ, গোশীর্ষ নামক শ্বেত চন্দন। ক্লীং, কুঙ্কুম। চন্দ্রিকা, জ্যোৎস্না। পদ্মকেশর।

হরিণ, (হৃ=লওয়া+ইনচ্—প্রং) সং, পুং, মৃগ, কুরঙ্গ, এণ। পাণ্ডুবর্ণ। শুভ্রবর্ণ। বিষ্ণু। শিব। সূর্য্য। হংস। জগতের ক্ষুদ্রতর বিভাগ বিশেষ। বিং, ত্রিং, পাণ্ডুরবর্ণবিশিষ্ট। বিশদ। ণী-স্ত্রীং, মৃগী, কুরঙ্গিণী। সুবর্ণপ্রতিমা। ছন্দোবিশেষ, সপ্তদশ অক্ষরে প্রতিপাদ নিবদ্ধ। পদ্মিনী প্রভৃতি চতুর্ব্বিধ স্ত্রীর একবিধ স্ত্রী, চিত্রিণী স্ত্রী। অপ্সরাবিশেষ। ছন্দোবিশেষ। হরিদ্বর্ণা স্ত্রী।

হরিণনর্ত্তক, (হরিণ=মৃগ—নর্ত্তক=নৃত্য-কারী) সং, পুং, কিন্নর, স্বর্গের গায়ক।

হরিণপ্লুতা, সং, স্ত্রীং, ছন্দোবিশেষ, ১ম ও ৩য় পাদে ১১ এবং ২য় ও ৪র্থ পাদে ১২ অক্ষর।

হরিণহৃদয়, (হরিণ=মৃগ—হৃদয়=মনঃ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, ভীরু, ভীতস্বভাব।

হরিণাক্ষী, (হরিণ—অক্ষি=চক্ষু, ৬ষ্ঠী—হিং, অ, ঈপ্) সং, স্ত্রীং, মৃগনয়ন তুল্য নয়নবিশিষ্টা স্ত্রী। গন্ধদ্রব্যবিশেষ। হট্ট-বিলাসিনী।

হরিণাঙ্ক, (হরিণ—অঙ্ক=চিহ্ন বা ক্রোড়, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চন্দ্র, মৃগাঙ্ক, শশ-ধর, শশাঙ্ক।

হরিৎ, (হৃ=লওয়া+ইতি—প্রং) সং, পুং, নীলপীতমিশ্রিত বর্ণ। সবুজবর্ণ। বেগবান্ অশ্ব। সিংহ। সূর্য্যের অশ্ব। সূর্য্য। বিষ্ণু। পুং, ক্লীং, ঘাস, সবুজবর্ণ দূর্ব্বাদি। স্ত্রীং, দিক্। হরিদ্রা। বিং, ত্রিং, হরিদ্বর্ণ বিশিষ্ট।

হরিত, (পূর্ব্বোক্তধাতু+ইতন্—প্রং) সং, পুং, সবুজবর্ণ। সিংহ। বিং, ত্রিং, তঃ—তা—কিংবা রিণী—তং, সবুজবর্ণবিশিষ্ট। তা—স্ত্রীং, দূর্ব্বা। হরিদ্রা।

হরিতক,(হরিত=সবুজবর্ণ+কন্—যোগ) সং, ক্লীং, হরিদ্বর্ণ তৃণ। শাক। বৃক্ষের পত্রাদি।

হরিতাল, (হরিতা=হরিদ্রা—অল্=ভূষিত করা + অণ্—প্রং) সং, ক্লীং, পীতবর্ণ, স্বনাম প্রসিদ্ধ ধাতু। পুং, পীতবর্ণ পক্ষিবিশেষ, হরিয়াল।

হরিতালী, হরিতালিকা, (হরিতাল+ঈপ্—প্রং ; পক্ষে কণ্—যোগ, আপ্—প্রং) সং, স্ত্রীং, দূর্ব্বা ঘাস। দক্ষিণোত্তর, ব্যাপিনী আকাশস্থ রেখা, ছায়াপথ। ভাদ্রশুক্ল চতুর্থী।

হরিতাশ্ম, (হরিতাশ্মন্, হরিত = সবুজবর্ণ —অশ্মন্=পাথর, য়ং—স) সং, ক্লীং, মরকতমণি। তুঁতিয়া।

হরিদশ্ব, (হরিৎ=সবুজবর্ণ—অশ্ব, ৬ষ্ঠী—হিং) সং, পুং, সূর্য্য, রবি, মার্ত্তণ্ড, ভানু।

হরিদেব, (হরি=বিষ্ণু—দেব=দেবতা, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শ্রবণানক্ষত্র।

হরিদ্রব, সং, পুং, নাগকেশরপুষ্পরেণু।

হরিদ্রা, (হরি=বিষ্ণু ইত্যাদি—দৃ=আদর করা+ক,আপ্—প্রং; কিম্বা হরিৎ =পীতবর্ণ-দ্রু=গমনকরা+ড-প্রং) সং,

স্ত্রীং, হলুদ।

হরিদ্রাঙ্গ, (হরিদ্রা=হলুদ—অঙ্গ=অবয়ব, হরিদ্রা বর্ণের ন্যায় অঙ্গ যাহার, ৬ষ্ঠী—হিং) সং, পুং, হরিতাল পক্ষী।

হরিদ্রাভ, (হরিদ্রা—আভা=দীপ্তি, ৬ষ্ঠী হিং) বিং, ত্রিং, পীতবর্ণ, হলুদে।

হরিদ্রু, (হরি=বানর—দ্রু=গমনকরা+ক্বিপ্-প্রং) সং, পুং, বৃক্ষ, শাখী, বিটপী, মহীরুহ, দ্রুম, পাদপ। দারুহরিদ্রা।

হরিদ্বার, (হরি=বিষ্ণু—দ্বার, ৬ষ্ঠী—ষ, বৈকুণ্ঠ যাইবার পথ) সং, ক্লীং, হিমালয়প্রস্থস্থ, নগরবিশেষ, ঐ স্থানে গঙ্গানদীর উৎপত্তি।

হরিন্মণি, (হরিৎ=সবুজবর্ণ—মণি=পাথর য়ং—স) সং, পুং, মরকতমণি, সবুজবর্ণ প্রস্তরবিশেষ।

হরিনেত্র, (হরি=বিষ্ণু ইত্যাদি—নেত্র=নয়ন) সং, পুং, পেচক, পেঁচা। ক্লীং, শ্বেতপদ্ম।

হরিপদী, বিষুব রেখার সহিত অয়নমণ্ডলের পশ্চিমদিকের সংযোগস্থল। (Autumnal Point)

হরিপর্ণ, সং, ক্লীং, মূলক, মূলা।

হরিপ্রস্থ, (হরি=ইন্দ্র—প্রস্থ; ইন্দ্রপ্রস্থ-দেখ) সং, ক্লীং, ইন্দ্রপ্রস্থ, যুধিষ্ঠিরের রাজধানী।

হরিপ্রিয়, (হরি=বিষ্ণু—প্রিয়) সং, পুং, কদম্ববৃক্ষ। শিব। বাতুল। বর্ম্ম। যে ব্যক্তি হরিকে ভাল বাসে। ক্লীং, কৃষ্ণচন্দন। য়া—স্ত্রীং, লক্ষ্মী। তুলসী। দ্বাদশী তিথি। পৃথিবী। বিং, ত্রিং, হরি যাহা ভালবাসেন।

হরিভুক্, (হরিভুজ, হরি=ভেক—ভুজ্=যে খায়, ২য়া—ষ) সং, পুং, সর্প, ভুজঙ্গ, অহি, ভোগী, আশীবিষ।

হরিমন্থজ, (হরি=ঘোটক ইত্যাদি—মন্থ=মন্থন, চর্ব্বণ-জন্=উৎপন্ন হওয়া+ড-প্রং) সং, পুং, চণক, ছোলা। কৃষ্ণমুগ।

হরিয়, সং, পুং, পীতবর্ণ অশ্ব।

হরিলে, অং, নাট্যোক্তিতে দাসীকে সম্বোধন করিবার শব্দ।

হরিলোচন, (হরি=সবুজবর্ণ—লোচন=চক্ষু) সং, পুং, কর্কট, কাঁকড়া। পেচক, উলুক।

হরিবর্ষ, হরিবৃষ, (হরি=বিষ্ণু—বর্ষ=পৃথিবীর একদেশ) সং, ক্লীং, পৃথিবীর নববর্ষের একবর্ষ।

হরিবান্, (হরিবৎ, হরি=ঘোটক+বৎ—অস্ত্যর্থে) সং, পুং, ইন্দ্র, বাসব, পুরন্দর।

হরিবাসর, সং, ক্লীং, একাদশীযুক্ত দিন। দ্বাদশীর প্রথম পাদ।

হরিবাহন, (হরি=বিষ্ণু-বাহন, ৬ষ্ঠী—হিং) সং, পুং, গরুড়, সুপর্ণ। [হরিতাল।

হরিবীজ, (হরি=বিষ্ণু—বীজ) সং, ক্লীং,

হরিশয়ন, সং, ক্লীং, বিষ্ণুর নিদ্রা। আষাঢ় মাসের শুক্লা দ্বাদশী অবধি কার্ত্তিক মাসের শুক্লা দ্বাদশীপর্য্যন্ত চারিমাস কাল।

হরিশর, (হরি=বিষ্ণু—শর=বাণ, ত্রিপুরা নগরসমূহে অগ্নিপ্রদানে বিষ্ণু ইঁহাকে শরের ন্যায় কার্য্য করাইয়াছিলেন বলিয়া) সং, পুং, শিব, মহাদেব।

হরিশ্চন্দ্র, (হরি=বিষ্ণু-চন্দ্র; স্-আগম; হরিরিব চন্দ্রোরমণীয়ঃ) সং, পুং, ত্রেতাযুগের সূর্য্যবংশীয় অষ্টাবিংশ রাজা, ত্রিশঙ্কুপুত্র রাজাবিশেষ।

হরিহয়, (হরি=সবুজবর্ণ—হয়=ঘোটক, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ইন্দ্র। সূর্য্য। কার্ত্তিকেয়। গণেশ।

হরিহরাত্মক, (হরি=বিষ্ণু—হর=শিব—আত্মন্=আপনি+কন্—যোগ) সং, পুং, গরুড়। শিবের বৃষ। দক্ষ।

হরীতকী, (হরি=যে [ব্যাধি] হরণ করে—তকী=দীপ্তি। কিম্বা হরি=পীতবর্ণ—ইত=প্রাপ্ত+কন্, ঈপ্—প্রং) সং, স্ত্রীং, বৃক্ষবিশেষ; ফলবিশেষ। "হরতে-প্রসভং ব্যাধীন্ ভূয়স্ত কতিযদ্বপুঃ। হরীতকী তু সা প্রোক্তা তকতি দীপ্তবাচকা"।

হরেণু, (হৃ=লওয়া+এণু—প্রং) সং, স্ত্রীং, কুলস্ত্রী। রেণুকা নামে গন্ধদ্রব্য। দাই-

ল, ডাহুল। আম্রবর্ণ মৃগী। পুং, লঙ্কা দ্বীপ। গ্রামের সীমাবিচ্ছিন্নকারিণী লতা।
হর্ত্তা, (হর্তৃ, হৃ=লওয়া ইত্যাদি+তৃচ্—ক) বিং, ত্রিং, হরণকারক। বহনকারক। সংহারকারক। গ্রহণকারক। সং, পুং, চৌর। সূর্য্য। [ক্লীং, জৃম্ভণ, হাই।
হর্ম্ম, (হর্ম্মন্, হৃ=লওয়া+মনিন্—প্রং) সং,
হর্ম্মিত, (হর্ম্মন্+ইত—প্রং) বিং, ত্রিং, ক্ষিপ্ত। দগ্ধ। জৃম্ভিত।
হর্ম্মট, সং, পুং, সূর্য্য। কচ্ছপ।
হর্ম্ম্য,(হৃ=[মনকে] হরণকরা+যৎ—প্রং; ম—আগম) সং, ক্লীং, ধনীদিগের বাস ভবন, প্রাসাদ, ইষ্টকাদি রচিত গৃহ।
হর্য্যক্ষ, (হরি=সবুজবর্ণ—অক্ষি=চক্ষু,৬ষ্ঠী—হিং+যচ্—প্রং)সং, পুং, সিংহ। কুবের
হর্য্যত, (হৃ=লওয়া+অতচ্—প্রং) সং, পুং, ঘোটক। অশ্বমেধীয় অশ্ব।
হর্য্যশ্ব, (হরি=সবুজবর্ণ—অশ্ব, ৬ষ্ঠী—হিং) সং, পুং, ইন্দ্র, হরিহয়, দেবরাজ, পাকশাসন।
হর্ষ, (হৃষ্=হৃষ্ট হওয়া+ঘঞ্—ভা) সং, পুং, আনন্দ, সুখ, আমোদ। বিং, ত্রিং, সুখী, আনন্দী।
হর্ষক, (পূর্ব্বে দেখ+ণক, ক) বিং, ত্রিং, হর্ষজনক। সং, পুং, পর্ব্বতবিশেষ।
হর্ষণ, (পূর্ব্বে দেখ+অনট্—ভা, ক) সং, ক্লীং, আনন্দজনন। হর্ষ, আনন্দ। পুং, বিষ্কুম্ভাদিযোগের চতুর্দ্দশযোগ। চক্ষুরোগবিশেষ। বিং ত্রিং, হর্ষজনক।
হর্ষমাণ, (হর্ষ দেখ+শানচ্—ক) বিং, ত্রিং, হৃষ্ট, হর্ষযুক্ত।
হর্ষয়িত্নু, (হর্ষ দেখ+ইত্নুচ্—প্রং) সং, পুং, পুত্র। ক্লীং, স্বর্ণ। বিং, ত্রিং,হর্ষজনক
হর্ষিত, (হর্ষি=হৃষ্টহওয়ান+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং,তোষিত, আমোদিত। (হর্ষ+ইতচ্—প্রং) হৃষ্ট। [ক্লীং, মৃগ। নায়ক।
হর্ষুল, (হৃষ=আনন্দিত হওয়া+উলচ্)
হল, (হল্=কর্ষণকরা+অচ্—ণ) সং,ক্লীং, লাঙ্গল, হাল। পুং, ককারাদি সমস্ত ব্যঞ্জন বর্ণ।
হলদ্দী, (হলৎ=কৃষক—দে=পালনকরা অ—প্রং) সং, স্ত্রীং, হরিদ্রা, হলুদ।
হলধর, হলভৃৎ,(হল=লাঙ্গল—ধর,ভৃৎ=যে ধারণ করে, ২য়া—ষ) সং, পুং, লাঙ্গলী, বলদেব। কৃষক।
হলভূতি, হলভৃতি, (হল=লাঙ্গল—ভূ=হওয়া, ভৃ=ধরা+ক্তিচ্—প্রং) সং, স্ত্রীং, কৃষিকর্ম্ম, চাস।
হলা,(হল দেখ+আপ্—প্রং) অং, নাট্যে সখীর প্রতি স্ত্রীলোকের সম্বোধনসূচক শব্দ। স্ত্রীং, সখী। পৃথিবী। মদ্য। জল
হলায়ুধ, (হল—আয়ুধ=অস্ত্র, ৬ষ্ঠী—হিং) সং, পুং, বলরাম, বলদেব।
হলাহ, সং, পুং, নানাবর্ণবিশিষ্ট অশ্ব।
হলাহল, (হল=লাঙ্গল—আ=সমন্তাৎ—হল্=চসা+অচ্—ক, যে লাঙ্গলের ন্যায় সর্ব্বত্র কর্ষণ করে; স্বার্থে 'অ' করিলে হালহল। নিপাতন হেতু 'ল' লোপে হাহল) সং, পুং—ক্লীং, বিষবিশেষ, কালকূট "হালাহলং হালহলং, হাহলঞ্চ হলাহলং।" ইতি রুদ্র। পুং, সর্পবিশেষ, ব্রহ্মসর্প।
হলি, (হল্=কর্ষণকরা+ইন্—প্রং) সং, পুং, হলকৃত রেখা। কৃষি। বৃহৎহল।
হলিপ্রিয়, (হলিন্=বলরাম—প্রিয়,৬ষ্ঠী—ষ) সং, পুং, কদম্ববৃক্ষ। য়া—ক্লীং,সুরা, মদিরা। রেবতী।
হলী, (হলিন্, হল=লাঙ্গল+ইনি—অস্ত্যর্থে) সং, পুং, বলরাম। কৃষক।
হলীন, সং, পুং, শেগুনগাছ।
হলীমক, সং, ক্লীং, নেবা রোগবিশেষ।
হলীশা, (হল—ঈশা) সং, স্ত্রীং, লাঙ্গলদণ্ড
হলুদ, হলদী, (হরিদ্রা শব্দজ) সং, বরবর্ণিনী, হরিদ্রা।
হল্‌কা, (দেশজ) সং, অগ্নিশিখা।
হল্য,(হল=লাঙ্গল+যৎ—কৃষ্টার্থে ইত্যাদি) বিং, ত্রিং, হলকৃষ্ট (ক্ষেত্রাদি)। লাঙ্গলসম্বন্ধীয়। ল্যা—স্ত্রীং, হলসমূহ।

হল্লক, (হ্লাদ্=আহ্লাদিত হওয়া+ণক—প্রং, নিপাতন) সং,ক্লীং, রক্ত কহ্লার

হল্লীষ, হল্লীষক, হল্লীস, হল্লীসক, } (হেলা=স্ত্রীলোকের ভাববিশেষ, লীলা-লষ্, লস্=নৃত্যবিষয়ে পটুত্ব প্রদর্শন করা+অচ্—প্রং, নিপাতন। কন্—যোগে হল্লীষক, হল্লীসক) সং, ক্লীং, নাট্যে স্ত্রীলোকদিগের মণ্ডলাকারে নৃত্য; একজন পুরুষ ও আট বা দশজন স্ত্রী একত্রিত হইয়া গান ও নৃত্য।

হব, (হু=হোমকরা ইত্যাদি+অপ্—ধি. ভা) সং, পুং, হোম, যজ্ঞ। হ্বে=আহ্বানকরা+অপ্—প্রং; আহ্বান। আজ্ঞা।

হবন, (পূর্ব্বে দেখ+অনট্—ধি) সং, পুং, হোম, যজ্ঞ। নী—স্ত্রীং, হোমকুণ্ড।

হবনায়ুঃ, (হবনায়ুস্, হবন=হোম—আয়ুস্=জীবন) সং, পুং, অগ্নি, বহ্নি, অনল, পাবক।

হবনীয়, (হব দেখ+অনীয়র্—র্ম্ম) বিং, ত্রিং, হোমযোগ্য। হোমার্থ বস্তু।

হবিঃ, (হবিস্, হু=হোমকরা+ইস্—প্রং) সং, ক্লীং, ঘৃত। হব্যঘৃত। জল। হোম। [সং, স্ত্রীং, হোমকুণ্ড, হবনী।

হবিত্রী, (হু=হোমকরা+ইত্রন্—প্রং)

হবিরশন, (হবিস্=ঘৃত-অশন=ভক্ষণীয়, ভক্ষণ) সং, পুং, অগ্নি, হুতভুক্। ক্লীং, ঘৃতভোজন।

হবির্গেহ, (হবিস্=ঘৃত—গেহ=ঘর, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, হোমদ্রব্যাদি রক্ষার্থ গৃহ, হোমগেহ।

হবির্ভুক্, (হবির্ভুজ্, হবিস্—ভুজ্=যে ভোজন করে) সং, পুং, অগ্নি, অনল, কৃশানু। দেবতা।

হবিষ্য, (হবিস্=ঘৃত+যৎ—যোগ্যার্থে) সং, ক্লী, ঘৃতান্ন। পক্বনবনীত।

হব্য, (হু=হোমকরা+যৎ—ণ) সং, ক্লীং, ঘৃত। হোম। হবনীয় দ্রব্য, হবিঃ, হোমার্থ বস্তু, চরুপ্রভৃতি, ঘৃতাদি। বিং, ত্রিং, হোমযোগ্য।

হব্যপাক, (হব্য=হবনীয় দ্রব্য—পচ্=পাককরা+ঘঞ্—র্ম্ম, ধি) সং, পুং, চরু, হোমার্থ পক্ব বস্তু। হবনীয় বস্তুর পাক পাত্র।

হব্যবাট্, (হব্যবাহ্,) হব্যবাহ, হব্যবাহন, হব্যাশ, হব্যাশন, } (হব্য=হবনীয় দ্রব্য—বাহ্, বাহ, বাহন=যে বহন করে, ২য়া—ষ। —আশ, অশন=যে ভোজন করে, ২য়া—ষ) সং, পুং, অগ্নি, অনল, হুতভুক্, কৃষ্ণবর্ত্ম।

হস—পুং, হসন—ক্লীং, (হস্=হাস্যকরা+অপ্, অনট্—ভা) সং, ক্লীং, হাস্য, হাসা।

হসনী, হসন্তী, হসন্তিকা, (হস্=হাস্যকরা+অনট্—প্রং, ঈপ্। হস্=হাস্যকরা+অৎ—ক, ঈপ্—প্রং; তৃতীয় পক্ষে কন্—যোগ, আপ্—প্রং) সং, স্ত্রীং, অঙ্গারধানী, আঙ্গটা, অগ্নিপাত্র।

হসনীমণি, (হসনী=অগ্নিপাত্র—মণি=রত্ন) সং, পুং, অগ্নি, বহ্নি, অনল, জ্বলন।

হসন্, (হসৎ, হস্=হাস্যকরা+শতৃ—ক) বিং, ত্রিং, হাস্যকারী, যে হাসে।

হসিত, (হস্=হাস্যকরা+ক্ত—ক, ভা) বিং, ত্রিং, সহাস্য। বিকসিত। সং,ক্লীং, হাস্য।

হস্ত, (হস্=হাস্যকরা+তন্—প্রং) সং, পুং, কর, মণিবন্ধ অবধি অঙ্গুলাগ্র পর্য্যন্ত, "হস্তালম্বং বিতর" উং। হস্তিশুণ্ড। ২৪ অঙ্গুলি পরিমাণ। (কেশ শব্দের পরবর্ত্তী হইলে) গুচ্ছ। পুং, স্তা—স্ত্রীং, ত্রয়োদশ নক্ষত্র। সমূহ।

হস্তপক্ষ, যাহাদের হস্ত বা পুরঃপদ পক্ষরূপে পরিণত, অর্থাৎ যে সকল জীব চর্ম্মযুক্তকরসাহায্যে উড়ে; যেমন বাদুড় প্রভৃতি। (Chiroptera)

হস্তপুচ্ছ, (হস্ত=হাত—পুচ্ছ=লেজ, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, হাতের পোঁছা।

হস্তবান্, (হস্তবৎ, হস্ত+বৎ—অস্ত্যর্থে)

বিং, ত্রিং, কৃতহস্ত, লঘুহস্ত।
হস্তবারণ, (হস্ত=হাত—বারণ=নিবারণ) সং,ক্লীং, মারণোদ্যত ব্যক্তির নিবারণ।
হস্তবিম্ব, (হস্ত=হাত—বিম্ব=লালফল) সং, ক্লীং, স্থাসক, গন্ধদ্রব্য চূর্ণ।
হস্তসূত্র, (হস্ত—সূত্র=সূতা, ৬ষ্ঠী—ষ) সং ক্লীং, বলয়, বালা। হস্তপরিহিতসূত্র।
হস্তামলক, (হস্ত—আমলক=আমলকী ফল, ৬ষ্ঠী—ষ) সং, পুং, করস্থিত আমলকীফল। বেদান্ত গ্রন্থবিশেষ।
হস্তাবর্ত্তন, সং, ক্লীং, হস্তদ্বারা স্পর্শ, হাত বুলান। [সং, ক্লীং, হস্তিসমূহ।
হস্তিক, (হস্তিন্=হাতী+কন্—সমূহার্থে)
হস্তিকক্ষ্য, (হস্তিন্=হাতী—কশ্=বধকরা+স—প্রং, এবং যৎ—যোগ) সং, পুং, সিংহ। ব্যাঘ্র। [তাবিশেষ।
হস্তিকর্ণ, সং, পুং, এরণ্ডবৃক্ষ। উপদেব-
হস্তিকর্ণদল,সং,পুং, কিংশুক বৃক্ষবিশেষ।
হস্তিস্কন্দ, সং, পুং, বৃক্ষশাখা।
হস্তিগিরি, (হস্তিন্=হাতী—গিরি=পর্ব্বত) সং, পুং, দেশবিশেষ, কাঞ্চীদেশ।
হস্তিঘ্ন, সং, পুং, মনুষ্য, নর।
হস্তিদন্ত, (হস্তিন্=হাতী—দন্ত=দাঁত, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মূলক, মূলা। নাগদন্তক, দ্রব্যাদি স্থাপনার্থ ভিত্তিপ্রোত কীলক। ক্লীং, হাতীর দাঁত।
হস্তিনখ, (হস্তিন্=হাতী—নখ=নখর, ষং—স) সং, পুং, পুরদ্বারস্থিত মৃত্তিকাস্তূপ।
হস্তিনপুর, } (হস্তিন্=এক রাজার
হস্তিনাপুর, } নাম—পুর=নগর, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, চন্দ্রবংশীয় হস্তিনামক রাজা কর্ত্তৃক নির্ম্মিত নগর, প্রাচীন দিল্লী নগর; "সুহোত্রস্যাপি দায়াদো হস্তীনাম বভূব হ। তেনেদং নির্ম্মিতং বং পুরৈব হস্তিনাপুরম্"
হস্তিপ, হস্তিপক, (হস্তিন্=হাতি—প=যে পালন করে, ২য়া—স। পকে কন্—যোগ) সং, পুং, হস্তিপালক, মাহুত।

হস্তিপর্ণী, সং, স্ত্রীং, ওষধিবিশেষ, মোরোড়া। অলাবুবিশেষ।
হস্তিমদ, (হস্তিন্=হাতী—মদ=ক্ষরিত জল, ৬ষ্ঠী—ষ) সং, পুং, মত্ত বা বন্য হস্তীর শুণ্ডের দুই ছিদ্র, গণ্ডদ্বয়, শিশ্ন, ও চক্ষুর্দ্বয়-এই ৭স্থান হইতে ক্ষরিত জল
হস্তিমল্ল, (হস্তিন্=হাতী—মল্ল=বাহুযোদ্ধা) সং, পুং, গণেশ। শঙ্খনামে নাগ। ঐরাবত। ভস্মস্তূপ। ধূলিবর্ষণ। হিমানী।
হস্তিবাহ, (হস্তিন্=হাতী—বাহ=যে বহন করে) সং, পুং, অঙ্কুশ, ডাঙ্গশ।
হস্তিশুণ্ডা, (হস্তিন্=হাতী—শুণ্ডা=শুঁড়) সং, স্ত্রীং, হাতিশুঁড়ার গাছ। হাতীর শুঁড়।
হস্তী, (হস্তিন্, হস্ত=শুণ্ড+ইনি-অস্ত্যর্থে) সং, পুং, করী, গজ, বারণ, ইভ, দ্বিপ, ।, কুঞ্জর, মাতঙ্গ। সুহোত্ররাজপুত্র,

হস্তী।

ইঁহা হইতেই হস্তিনাপুর নাম হইয়াছে। স্তিনী—স্ত্রীং, করিণী। চতুর্ব্বিধ স্ত্রীর মধ্যে এক প্রকার স্ত্রী।
হস্তে, (হস্ত+ঙে—প্রং) অং, স্বীকার।
হস্তেকরণ, (হস্তে=[সপ্তম্যন্ত] হাতে—করণ) সং, ক্লীং, পাণিগ্রহণ, বিবাহ।
হস্ত্য, (হস্ত+যৎ—প্রং) বিং, ত্রিং, হস্তদত্ত। হস্তকৃত।
হস্ত্যারোহ, (হস্তিন্=হাতী—আরোহ=যে আরোহণ করে, ২য়া—ষ) সং, পুং, হস্তিপক। নিষাদী, হস্তিস্থ। গজা-

রূঢ় ব্যক্তি। [বিং; ত্রিং, মূর্খ; মূঢ়
হস্র, (হস্=উপহাস করা+রক্—প্র)
হহল, সং, ক্লীং, হলাহল, কালকূট।
হহা, হাহা, (হ—এই শব্দ—হা=ত্যাগ করা+ক্বিপ্—প্রং) সং, পুং, গন্ধর্ব্ব, স্বর্গীয় গায়ক। অং, আকস্মিক দুঃখ, শোক, বিস্ময়, সম্ভ্রম।
হা, (হা=ত্যাগকরা+ক্বিপ্—প্রং) অং, বিষাদ, শোক, যাতনা ইত্যাদি সূচক। আনন্দসূচক। কুৎসা। হায়। [ব্যাদন।
হাই, (হাক্কিকা শব্দজ) সং, জৃম্ভণ, মুখ-
হাইর, (দেশজ) সং, পরাভব, পরাজয়।
হাইল, (দেশজ) সং, নৌকাদণ্ড, বহিত্র।
হাঁ, (দেশজ) সং, স্বীকার, সম্মতি। মুখব্যাদান।
হাঁক, (দেশজ) সং, দীর্ঘ চীৎকার, ডাক।
হাঁকন, (বাঙ্গলা হাঁক ধাতুজ) সং, চীৎকারকরণ, ডাকন।
হাঁচন, (হক্কিশব্দজ) সং, ক্ষুৎকরণ, হাঁচা।
হাঁচি, (হক্কিশব্দজ) সং, ক্ষুৎ, হাঁচা।
হাঁটন, (দেশজ) সং, চলন, গমন, সরণ।
হাঁটু, (দেশজ) সং, জানুসন্ধি।
হাঁড়া, (হণ্ডিকা শব্দজ) সং, বৃহৎ মৃৎপাত্রবিশেষ, বড় হাঁড়ি।
হাঁড়ী, (হণ্ডী বা হণ্ডিকা শব্দজ) সং, মৃত্তিকা পাত্রবিশেষ।
হাঁপ, (দেশজ) সং, শ্বাসত্যাগ, শ্রমজন্য দীর্ঘ নিঃশ্বাস। [বিশেষ।
হাঁম, হাম, (দেশজ) সং, ক্ষুদ্রাকার ব্রণ-
হাঁস, (হংসশব্দজ) সং, মরাল, হংস।
হাগন, হাগা, (দেশজ) সং, মলত্যাগ, পুরীষোৎসর্গ।
হাঙ্গর, (হাং=অনুকরণ শব্দ—গর=যে ভোজন করে) সং, পুং, হিংস্র জল জন্তুবিশেষ, হাঙর।
হাজা, (দেশজ) বিং, জলপ্লাবনে বিনষ্ট।
হাজার, (যবনভাষা) বিং, সহস্র, দশ শত।
হাট, (হট্টশব্দজ) সং, বাজার, ক্রয়বিক্রয়-স্থান।
হাটক, (হট্ =দীপ্তিপাওয়া+ক—প্রং) সং, ক্লীং, স্বর্ণ, হেম, চামীকর, জাম্বুনদ, সুবর্ণ, সোণা। পুং, দেশবিশেষ। বিং, ত্রিং, স্বর্ণনির্ম্মিত।
হাটকময়, (হাটক=স্বর্ণ+ময়ট্+বিকারার্থে) বিং, ত্রিং, সুবর্ণময়, সুবর্ণনির্ম্মিত।
হাটকেশ্বর, সং, পুং, গোদাবরী নদীতীরস্থ শিব।
হাড়, (হড্ডশব্দজ) সং, অস্থি, হড্ড।
হাড়গিলা, হাঁড়িগিলা, (হাড়=অস্থি-গিলা=যে গিলে) সং, স্বনামখ্যাত অস্থি-ভক্ষক বৃহৎ পক্ষীবিশেষ।

হাড়গিলা।

হাড়ি, (হড়ি এবং হড়িক বা হড্ডিক শব্দজ) সং, কাষ্ঠ যন্ত্রবিশেষ, হাইড়। নীচ জাতিবিশেষ, মেথর।
হাড়িকাট, (হাড়ি=হড়িশব্দজ—কাঠ =কাষ্ঠশব্দজ) সং, পশুচ্ছেদনার্থ কাষ্ঠযন্ত্রবিশেষ। পাদবন্ধন কাষ্ঠ।
হাত (হস্তশব্দজ) সং, কর, ভুজ, পাণি।
হাতড়ী, (হাতশব্দজ) সং, লৌহ মুদ্গরবিশেষ, আঘাত যন্ত্র।
হাতব্য, (হা=ত্যাগকরা+তব্যর্—র্ম্ম) বিং, ত্রিং, ত্যক্তব্য, ত্যাগযোগ্য।
হাতা, (হাত শব্দজ) সং, খজাকা, দর্ব্বী, পাত্রবিশেষ। [করণবিশেষ।
হাতিয়ার, (দেশজ) সং, অস্ত্র, যুদ্ধোপ-
হাতী, (হস্তীশব্দজ) সং, করী, হস্তী, বারণ, ইভ, দন্তী। [চিকিৎসক।
হাতুড়িয়া, (দেশজ) সং, মূর্খ বৈদ্য, কু-

হাত্র, (হন্=বধকরা বা হা=ত্যাগকরা+ত্রনু-প্রং) সং, ক্লীং, বেতন, মূল্য, ভাড়া।
হান, (হা=ত্যাগকরা+অনট—ভা) সং, ক্লীং, ত্যাগ। ক্ষতি। বিক্রম, পরাক্রম, সাহস। বিং, ত্রিং, ত্যক্ত। [ঘাতকরণ।
হানন,(হননশব্দজ) সং, প্রহারকরণ। আ-
হানি, (হান—দেখ+ক্তিচ্ প্রং, ত=ন) সং,স্ত্রীং, ত্যাগ। নাশ। ক্ষতি, অপচয়।
হানুক, (হন্=বধকরা বা আঘাত করা+উকঞ্ প্রং) বিং, ত্রিং, হত্যাকারী। ক্ষতিকারক।
হান্ত্র, (হন্=বধকরা+ষ্ট্রন্—প্রং)সং,ক্লীং, মৃত্যু, মরণ। [পক্ষিণী।
হাপুত্রিকা, হাপুত্রী, সং, স্ত্রীং, খঞ্জন
হাপর, (দেশজ) সং, ধাতু আবর্ত্তন পাত্র।
হাফিক্কা, সং, স্ত্রীং, জৃম্ভা, হাই।
হাম্বান,(হম্বা শব্দজ)সং,গোরুর চীৎকার।
হায়,(হা শব্দজ) অং, খেদ প্রকাশক শব্দ।
হায়ন, (হা=[ভাব] ত্যাগকরা+অনট্—প্রং, য—আগম) সং, পুং—ক্লীং, বৎসর, বর্ষ। পুং, ধ্যান্যবিশেষ। অগ্নিশিখা।
হায়া, (যবনভাষা) সং, লজ্জা, সরম।
হার, (হৃ=[মন ইত্যাদি] হরণকরা+অণ্—ণ) সং, পুং, দ্বারবান্, প্রতিহারী। গ্রহণ, বহন। মুক্তাদির মালা। যুদ্ধ। ভাগ। বিং, ত্রিং, ভাজক। হারক। বাহক। যে বা যাহা গ্রহণ করে।
হারক, (হৃ=হরণকরা ইত্যাদি+ণক—ক) সং,পুং, চৌর। কিতব, ধূর্ত্ত। গদ্য। শাস্ত্র, পদার্থ বিদ্যা। দ্যূতক্রীড়ক বিশেষ। চৌর, লুণ্ঠন কারক, ডাকাইত। ভাজক অঙ্ক। বিং, ত্রিং, বাহক। হরণকারী। [সং, স্ত্রীং, মুক্তাহারেরগুলি।
হারগুলিকা, (হার—গুলিকা, ৬ষ্ঠী—ষ)
হারহুর, সং, ক্লীং, মদ্য।
হারাণ, (হারি শব্দজ) সং, পরাজয়করণ, পরাস্তকরণ। খেয়াল।
হারি, (হৃ=লওয়া, হরণকরা ইত্যাদি+ইঞ্—প্রং) সং, স্ত্রীং, পরাভব। পথিক লোকের পরিবার। পথিকশ্রেণী। বিং, ত্রিং,মনোহর, রুচির। রী—স্ত্রীং, মুক্তা।
হারিকণ্ঠ, (হারি=হারশব্দজ—কণ্ঠ) সং, পুং, কোকিল, পিক, পরভৃত। বিং,ত্রিং হারযুক্তকণ্ঠ। [পুং, হরিণঘাতক, ব্যাধ।
হারিণিক, (হরিণ=মৃগ+ঠক্—প্রং) সং,
হারিত, (হারি=লওয়ান+ক্ত—প্রং। কিংবা হরিৎ=সবুজবর্ণ+অণ্—প্রং) সং, পুং, শুকপক্ষী। বিং, ত্রিং, হরিৎবর্ণ। পরাজিত। অপহারিত। চোরিত।
হারিদ্র, (হরিদ্রা+অণ্ বা অঙ্—প্রং) বিং, ত্রিং, হরিদ্রাবর্ণ। সং, পুং, কদম্ববৃক্ষ, নীপ।
হারী, (হারিন্, হৃ=[মন] হরণকরা—ণিন্—ক) বিং, ত্রিং, মনোহর। বাহক। অপহারক। হরণকারী। (হার+ইনি—অস্ত্যর্থে) হারযুক্ত।
হারীত, (হরিত=সবুজবর্ণ+অণ্—প্রং, ই=ঈ) সং, পুং, শুকপক্ষী। হরিয়াল পাখী। সংহিতাকার মুনিবিশেষ। প্রতারণা।
হার্দ্দ, হার্দ্দ্য,(হৃদ্=অন্তঃকরণ+অণ্, ণ্যৎ) সং, ক্লীং, হৃদ্যতা, প্রণয়, প্রীতি, স্নেহ। বিং, ত্রিং,হৃদ্গত। মনোজ্ঞ। হৃদয়জ্ঞেয়।
হার্য্য, (হৃ=হরণকরা+ণ্যৎ—র্ম্ম) বিং, ত্রিং, গ্রহণযোগ্য। গ্রাহ্য। বহনীয়। ভাজ্য। অপহরণীয়। নিবার্য্য।
হাল, (হাল=লাঙ্গল+অণ্—অস্ত্যর্থে। কিংবা হল=কর্ষণকরা+ঘঞ্—প্রং)সং, পুং, বলরাম। শালিবাহন রাজা। লাঙ্গল। লা—স্ত্রীং,সুরা, মদিরা। তাড়ী। লী—স্ত্রীং, স্ত্রীর কনিষ্ঠা ভগিনী, কনিষ্ঠা শ্যালিকা, ছোটশ্যালী।
হালক, সং, পুং, পীত হরিত বর্ণ অশ্ব।
হালহল, হালহাল, সং. ক্লীং, বিষবিশেষ, হলাহল।
হালাহ, সং, পুং, বিচিত্র বর্ণ অশ্ব।
হালাহল, (হলাহল+অ—প্রং। হলাহল

দেখ) সং, পুং, বিষবিশেষ, কালকূট "হালাহলমপি পীতং" উং। পুং, কীট-বিশেষ। লা—স্ত্রীং, গিরিকা, নেংটিয়া ইঁদুর। লী—স্ত্রীং, সুরা, মদ্য।
হালাহলধর, (হালাহল=বিষ—ধর=যে ধরে, ২য়া—ষ) সং, পুং, বিষধর, সর্প।
হালি, (যবনভাষা) বিং, ত্রিং, নবোৎপন্ন, নূতন, একেলে, এবছরে। (দেশজ) সং, নৌকাদণ্ড, বহিত্র।
হালিক, (হল=লাঙ্গল+ঠঞ্—বহত্যর্থে) বিং, ত্রিং, হলসম্বন্ধীয়। হালিয়া। হল-বাহক। লাঙ্গলধারী, কৃষক।
হালিনী, সং, স্ত্রীং, গিরগিটাবিশেষ।
হালু, (হল্=কর্ষণকরা+উণ্—প্রং) সং, পুং, দন্ত, রদন।
হালুইকর, (যবনভাষা) সং,মিষ্টান্নপ্রস্তুত-কারক, মিঠাইওয়ালা, ময়রা। [মূল্য।
হাল্কা, (দেশজ) বিং, লঘু, পাতলা, স্বল্প-
হাব, (হ্বেঞ্=আহ্বানকরা, [উত্তেজনা-করা] + ঘঞ্) সং, পুং, যুবতীর বি-লাস চেষ্টা, অঙ্গভঙ্গীবিশেষ। "যুবা-নোহনেন হূয়ন্তে নারীভির্মদনানলে। অতো নিরুচ্যতে হাবস্তে বিলাসাদয়ো মতাঃ" ॥ আহ্বান, ডাক। [নির্ব্বোধ।
হাবা (দেশজ) বিং, বাক্‌শক্তিহীন ব্যক্তি,
হাস—পুং, হাসিকা—স্ত্রীং, } (হস্=হাস্যকরা+ ঘঞ্—ভা, ণক—আপ্) সং, হাস্য, হাসি।
হাসিকা, (হা=ত্যাগ করা+অসুন্, সুট্-আগম) সং, পুং—বেদে—চন্দ্র।
হাসি, (হস্‌ধাতুজ) সং, হাস্য, হাস।
হাস্তিক, (হস্তিন্=হাতী+ঠক্—সমূহার্থে) সং, ক্লীং, হস্তিসমূহ। পুং, হস্ত্যারোহ। বিং, ত্রিং, হস্তিসম্বন্ধীয়।
হাস্তিন, (হস্তিন্=এক রাজার নাম+অণ্—কৃতার্থে) সং ক্লীং, হস্তিনাপুর, প্রাচীন দিল্লী।
হাস্য, (হস্=হাস্যকরা+ণ্যৎ—ভা, র্ম্ম) সং, ক্লীং, হাসি। পুং, কাব্যের রসবি-শেষ। বিং, ত্রিং, পরিহসনীয়, উপ-হসনীয়। [কালকূট, হলাহল।
হাহল, হাহাল, (হলাহল দেখ) সং, ক্লীং,
হাহা, (হা=বিষাদসূচক অব্যয়শব্দ—হা-পাওয়া+কিপ্—প্রং) সং, পুং, গন্ধর্ব্ব, কুবেরানুচর। অং, দুঃখ, শোক, বিস্ময় ও সম্ভ্রমসূচক শব্দ। খেদজনক শব্দ, শোকধ্বনি।
হাহাকার, (হাহা=শোকধ্বনি—কার=করণ) সং, পুং, শোকধ্বনি। কাতর-তাজন্য কলরব। কলরব। যুদ্ধকলরব। অশ্বাদি প্রেরণধ্বনি।
হি, (হি=গমনকরা+বিচ্-প্রং) অং, হেতু। নিশ্চয়। অবধারণ। বিশেষ। পাদপূরণ। প্রশ্ন। সম্ভ্রম। অসূয়া। ব্যগ্রতা।
হিং, (হিঙ্গুশব্দজ) সং, বণিকুদ্রব্যবিশেষ।
হিংচা, (হিলমোচি শব্দজ) সং, শাক-বিশেষ, জলজ শাক।
হিংসক, (হিন্স্=বধ করা+ণক—ক) বিং, ত্রিং, দ্বেষ্টা, হিংসাকারক, ঘাতক। সং, পুং, হিংস্রজন্তু। শত্রু। অথর্ব্ববেদ-বেত্তা ব্রাহ্মণ।
হিংসা—স্ত্রীং, হিংসন—ক্লীং, } (পূর্ব্বে দেখ+আপ্, অনট্—ভা) সং, হত্যা, বধ, হনন। অপকার, ক্ষতি। দ্বেষ। ঈর্ষ্যা।
হিংসাকর্ম্ম, (হিংসাকর্ম্মন্, হিংসা—কর্ম্মন্ =কার্য্য, ৬ষ্ঠী—ষ) সং, ক্লীং, অভিচার, মারণ মোহন স্তম্ভন বিদ্বেষণ উচ্চাটন বশীকরণ—এই ছয়।
হিংসারু, (হিংসা—ঋ=গমন করা+উণ্—প্রং) সং, পুং, ব্যাঘ্র, শার্দ্দূল।
হিংসালু, (হিংসক দেখ+আলুচ, ক-শী-লার্থে) বিং, ত্রিং, হিংসাশীল, ঘাতক। অপকারক, হিংসা করা যাহার স্বভাব।
হিংসালুক, (হিংসালু+কন্—যোগ) বিং, ত্রিং, হিংসাশীল। সং, পুং, হিংস্র কুক্কুর।
হিংসিত, (হিংসক দেখ+ক্ত—র্ম্ম) বিং,

ত্রিং, যাহাকে হিংসা করা হয়। হত, নাশিত।

হিংসীর, (হিন্সি=বধকরান বা আঘাত করান+ঈরচ্-প্রং)সং,পুং, ব্যাঘ্র। খল।

হিংস্য, (হিংসক দেখ+যৎ-র্ম্ম) বিং, ত্রিং, হিংসাযোগ্য। বধ্য।

হিংস্র, হিংস্রক, (হিংসক দেখ+রক্-ক, শীলাদর্থে, পক্ষে কন্ যোগ) বিং, ত্রিং, হিংসাশীল, হনন্‌কারক, ঘাতক। অপকারক। সং, পুং, হিংসাকারক জন্তু। ভীম। শিব। স্রা-স্ত্রীং-জটামাংসী। শিরা

হিঁচড়ন, (দেশজ)সং, কেশমার্জন। টানন, আকর্ষণ। [গূঢ়ার্থ প্রশ্ন।

হিঁয়ালি, (প্রহেলিকা শব্দজ) সং,

হিক্কা, (হিক্=শব্দ করা+অঙ—ণ,আপ্—প্রং) সং, স্ত্রীং, রোগের উপসর্গবিশেষ, হেঁচকী।

হিঙ্কার, (হিং=অনুকরণশব্দ+কার=যে করে) পুং, ব্যাঘ্র, শার্দ্দূল।

হিঙ্গু, (হি=গমনকরা ; নিপাতন) সং, পুং—ক্লীং, নির্য্যাসবিশেষ, হিং।

হিঙ্গুল, হিঙ্গুলি, হিঙ্গুলু, (হিঙ্গু=হিং—লা=দানকরা, গ্রহণকরা+ক, কি, ডু—প্রং) সং, পুং, রঞ্জনদ্রব্যবিশেষ, হিঙুল।

হিঙ্গুলী, সং, স্ত্রীং, বার্ত্তাকু, বেগুণ।

হিঙ্গূল, সং, ক্লীং, মধুমূল, মৌ আলু।

হিজড়া, (দেশজ) সং, ক্লীব, নপুংসক, খোজা।

হিজরী, (যবনভাষা) সং, মুসলমানের প্রচলিত শক। [গাছ।

হিজ্জ, হিজ্জল, সং,পুং, বৃক্ষবিশেষ, হিজল

হিঞ্জীর, সং, পুং, হস্তীর পাদবন্ধন রজ্জু বা শৃঙ্খল।

হিড়িম্ব, সং, পুং, রাক্ষসরাজবিশেষ, ভীম ইহাকে সংহার করিয়াছিলেন। ম্বা—স্ত্রীং, তদ্ভগিনী, ঘটোৎকচের মাতা।

হিড়িম্বজিৎ, হিড়িম্বরিপু, হিড়িম্বাপতি, (হিড়িম্ব—জিৎ=যে জয় করে, ২য়া—ষ। হিড়িম্ব—রিপু=শত্রু, ৬ষ্ঠী—ষ, হিড়িম্বা—পতি, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ভীম, বৃকোদর, মধ্যম পাণ্ডব।

হিণ্ডন, (হিন্ড্=গমনকরা+অনট্—ভা) সং,ক্লীং, ভ্রমণ। রমণ। বিলেখন। লেখন।

হিণ্ডিক, ([হিন্ড্=গমন করা+অচ্-প্রং] =হিণ্ড+ঠক+প্রং) সং, পুং, গণক, দৈবজ্ঞ।

হিণ্ডির—ণ্ডী, (হিণ্ড=গমনকরা, ঘৃণাকরা +ইরন্, ঈরন্—প্রং) সং, পুং, অস্থিবিশেষ। সমুদ্রাদির ফেন। পুরুষ। বার্ত্তাকু।

হিণ্ডী, (হিন্ড্=[অসুরদিগকে] ঘৃণাকরা +অচ্,ঈপ্-প্রং) সং,স্ত্রীং,দুর্গা,পার্ব্বতী।

হিত, (ধা=পোষণকরা+ক্ত—প্রং) বিং, ত্রিং, উপকারক। প্রিয়। যোগ্য, উপযুক্ত। পথ্য। গত। ধৃত। অনুকূল। ব্যবহার্য্য। সং, ক্লীং, মঙ্গল। গমন।

হিতকর, হিতকারী, (হিত—মঙ্গল—কর =যে করে, ২য়া—ষ। হিতকারিন্, হিত =মঙ্গল—কারী, [কৃ=করা+ইনি—ক]=যে করে, ২য়া—ষ) বিং, ত্রিং, মঙ্গলদায়ক, উপকারক।

হিতপ্রণী, (হিত=উপযুক্ত—প্রণী=যে উপদেশ দেয়) সং, পুং, চর, দূত।

হিতবাদী, (হিতবাদিন্, হিত=মঙ্গল—বাদী=যে বলে, ২য়া—ষ) বিং, ত্রিং, হিতকথনশীল, সৎপরামর্শদায়ক।

হিতার্থী, (হিতার্থিন্, হিত=মঙ্গল—অর্থী =যে আকাঙ্ক্ষা করে, ২য়া—ষ) বিং, ত্রিং, মঙ্গলপ্রার্থী, শুভাকাঙ্ক্ষী, মিত্র।

হিতৈষণা, (হিত—ইষি=ইচ্ছাকরান+ অনট্—ভা) সং,স্ত্রীং, হিতেচ্ছা, পরের উপকার সাধন।

হিতৈষী, (হিতৈষিন্, হিত=মঙ্গল—এষিন্ =যে ইচ্ছা করে, ২য়া—ষ) বিং, ত্রিং, হিতেচ্ছাকারী, হিতাভিলাষী।

হিতোক্তি, (হিত=প্রিয়—উক্তি=কথন) সং, স্ত্রীং, হিতকর বাক্য, প্রিয়বচন।

হিতোপদেশ, (হিত=উপকারক—উপ-

দেশ, য়ং—স,) সং, পুং, সৎপরামর্শ-দান। নীতিগ্রন্থবিশেষ।

হিন্তাল, হীন্তাল, (হীন=অধম—তাল, নিপাতন) সং, পুং, হেঁতালগাছ।

হিন্দু, (হীন—দূষ্=দোষা, নিপাতন) সং, পুং, জাতিবিশেষ, হিঁদু। "হীনঞ্চ-দূষয়ত্যেষ হিন্দুরিত্যুচ্যতে প্রিয়ে"।

হিন্দোল, (হি=অব্যক্তশব্দ—দুল=দোলান+ঘঞ্—প্রং) সং, পুং, দোলা, ঝুলন। ঝুলনযাত্রা। রাগবিশেষ। যানবিশেষ। লী —স্ত্রীং, ডুলী। ঝুলী।

হিম, (হন্=বধকরা+মক্—প্রং। হত স্থানে হি) সং, ক্লীং, তুষার, বরফ, নীহার। "মহার্হরত্নপ্রভবস্য যস্য হিমং নসৌভাগ্যবিলোপিজাতং" কুং। শৈত্য, শীতলতা। চন্দন। চন্দনদ্রব। শীতলস্পর্শ। নবনীত। টীন। মুক্তা। পথ। পুং, হিমগিরি, হিমালয় পর্ব্বত। চন্দনবৃক্ষ। চন্দ্র। কর্পূর। ঋতুবিশেষ। বিং, ত্রিং, শীতল।

হিমকটিবন্ধ, উদীচ্যবৃত্ত ও উদীচ্যেতর-বৃত্ত হইতে উত্তর ও দক্ষিণ মেরু পর্য্যন্ত দুই ভূভাগ। (Arctic Zone)

হিমকর, (হিম=শীতল—কর=কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, চন্দ্র। কর্পূর। বিং, ত্রিং, শীতস্পর্শ বিশিষ্ট।

হিমকূট, (হিম=তুষার বা শীতল—কূট=স্তূপ) সং, পুং, শিশির ঋতু, শীতকাল।

হিমগিরি, (হিম=তুষার কিম্বা শীতল—গিরি=পর্ব্বত, ৬ষ্ঠী—ষ) সং, পুং, হিমালয় পর্ব্বত, হিমবান্।

হিমজ, (হিম=হিমালয় পর্ব্বত—জ=জাত) সং, পুং, মৈনাক পর্ব্বত। বিং, ত্রিং, হিমালয় পর্ব্বতে জাত। জা—স্ত্রীং, পার্ব্বতী, দুর্গা, গৌরী, গিরিজা।

হিমদ্যুতি, হিমদীধিতি, (হিম=শীতল—দ্যুতি=দীপ্তি, দীধিতি=কিরণ, ৬ষ্ঠী—হিং,) সং, পুং, শীতকিরণ, চন্দ্র, শীতগু।

হিমপ্রস্থ, (হিম=শীতল—প্রস্থ=বাস-স্থান) সং, পুং, হিমালয় পর্ব্বত।

হিমমণ্ডল—হিমকটিবন্ধ।

হিমবান্, (হিমবৎ, হিম=তুষার, শৈত্য+বৎ—অস্ত্যর্থে) সং, পুং, হিমালয় পর্ব্বত। বিং, ত্রিং, শীতল, শৈত্যগুণ-যুক্ত, ঠাণ্ডা।

হিমবালুকা, (হিম=তুষার—বালুকা=বালি, য়ং—স) সং, স্ত্রীং, কর্পূর।

হিমশিলা, সং, স্ত্রীং, তুষার, বরফ।

হিমশৈল, (হিম=তুষার—শৈল=পর্ব্বত, ৬ষ্ঠী—ষ+য়ং—ষ) সং, পুং, হিমালয়পর্ব্বত

হিমশৈলজা, (হিমশৈল=হিমালয়পর্ব্বত—জা=যে জন্মে, ৫মী—ষ) সং, স্ত্রীং, পার্ব্বতী, দুর্গা, গিরিজা গৌরী, উমা।

হিমসংহতি, (হিম=শীতল—সংহতি=[সমূহ, রাশি] বহুদ্রব্যের একত্র হওন) সং, স্ত্রীং, হিমানী, বরফ।

হিমহাসক, (হিম=শীতল বা শীতকাল—হস্=হাস্যকরা+ণক—প্রং) সং, পুং, হিন্তাল বৃক্ষ।

হিমাংশু, (হিম=শীতল—অংশু=কিরণ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, শীতকিরণ, চন্দ্র। শীতগু, সুধাকর, শীতরশ্মি। কর্পূর।

হিমাংশুভিক্ষ্য, সং, ক্লীং, রৌপ্য, রূপা।

হিমাগম, (হিম=তুষার—আগম=আগমন, ৭মী—হিং) সং, পুং, শীতকাল, হেমন্ত ঋতু।

হিমাঙ্গ, (হিম=শীতল—অঙ্গ=অবয়ব, য়ং—স) সং, ক্লীং, শীতল অঙ্গ, হিমকায়

হিমাদ্রি, (হিম=তুষার কিংবা শীতল—অদ্রি=পর্ব্বত, ৬ষ্ঠী—ষ+য়ং—স ; কিংবা হিমে যুক্ত অদ্রি=হিমাদ্রি, ৩য়া—ষ) সং, পুং, হিমালয় পর্ব্বত।

হিমাদ্রিজা, হিমাদ্রিতনয়া, } (হিমাদ্রি=হিমালয় পর্ব্বত—জা=যে জন্মে, ৫মী—ষ। হিমাদ্রি=হিমালয়পর্ব্বত—তনয়া=কন্যা; ৬ষ্ঠী—ষ) সং, স্ত্রীং, পার্ব্বতী, দুর্গা, গিরিজা, গৌরী, উমা।

হিমানী, (হিম=তুষার+ঈপ্—মহদর্থে

আমুক—আগম) সং, স্ত্রীং, হিমসংহতি, বরফ।

হিমারাতি, হিমারি. (হিম=শীতল—অরাতি, অরি=শত্রু) সং, পুং, অগ্নি, পাবক, অনল। সূর্য্য, তপন, রবি, ভানু, মার্ত্তণ্ড।

হিমালয়, (হিম=তুষার—আলয়=গৃহ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ভারতেবর্ষের উত্তর সীমায় পূর্ব্বপশ্চিম সমুদ্র পর্য্যন্ত ব্যাপী পর্ব্বত, পার্ব্বতীর পিতা। [ক্ষীর।

হিমাবতী, সং, স্ত্রীং, ওষধি বিশেষ, স্বর্ণ-

হিমাহ্ব, হিমাহ্বয়, (হিম=তুষার—আহ্বা, আহ্বায়=নাম, ৬ষ্ঠী—হিং) সং, কর্পূর। বর্ষবিশেষ।

হিমিকা, (হিম=কোয়াশা+কণ, আপ—প্রং) সং, স্ত্রীং, শিশির, হিমকণা, তৃণাদির উপরিভাগে পতিত হিম। কুজ্ঝটিকা। কোয়াসা।

হিমেলু, (হিম=শীতল+এলু—প্রং) বিং, ত্রিং, হিমক্লেশিত, হিমার্ত্ত, হিমপীড়িত।

হিম্য, (হিম=তুষার+যৎ—জাতার্থে) বিং, ত্রিং, হিমজাত, হিমোৎপন্ন। শীতল, ঠাণ্ডা, হিমে জমা।

হিয়া, (হৃদয় শব্দজ) সং, বক্ষঃস্থল, বুক।

হিরঙ্গু, সং, পুং, রাহুগ্রহ।

হিরণ, (হৃ=লওয়া+অনট্—প্রং, ঋ=ইর) সং, ক্লীং, স্বর্ণ। রেতঃ। বরাটক, কপর্দ্দক, কড়ি।

হিরণ্ময়, (হিরণ্=হিরণ্য শব্দজ+ময়ট্ বিকারার্থে) বিং, ত্রিং, হিরণ্যবিকার, স্বর্ণময়। সং, পুং, ব্রহ্মা। ক্লীং, বর্ষবিশেষ।

হিরণ্য, (হৃ=লওয়া+কন্যন্—প্রং, ঋ=ইর) সং, ক্লীং, সুবর্ণ। রৌপ্য। ধন। রেতঃ। কপর্দ্দক। পরিমাণবিশেষ। দ্রব্য।

হিরণ্যকশিপু, (হিরণ্য=স্বর্ণ—কশিপু=পরিচ্ছদ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, দৈত্যবিশেষ, প্রহ্লাদের পিতা; বিষ্ণু নৃসিংহাবতারে ইহাকে বিনাশ করিয়াছিলেন।

হিরণ্যগর্ভ, (হিরণ্য=স্বর্ণ—গর্ভ=উৎপত্তি স্থান, ৬ষ্ঠী—হিং, কিংবা গর্ভ=ভ্রূণ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, ব্রহ্মা। "এতস্ত অণ্ডং হিরণ্যবর্ণমভবৎ। তথাচ স্মৃতিঃ হিরণ্যবর্ণমভবত্তদণ্ডমুদকেশয়ং। তত্র যজ্ঞে স্বয়ং ব্রহ্মা স্বয়ম্ভুরিতি বিশ্রুতঃ ইতি" উপচারাৎ হিরণ্যবর্ণমণ্ডং হিরণ্যং"। ইতি ভরতঃ। শিলাবিশেষ।

হিরণ্যদ, (হিরণ্য=স্বর্ণ—দ=যে দেয়) সং, পুং, সমুদ্র, রত্নাকর, সাগর। দা—স্ত্রীং, পৃথিবী, ধরণী।

হিরণ্যনাভ, (হিরণ্য=স্বর্ণ—নাভি) সং, পুং, মৈনাক পর্ব্বত।

হিরণ্যবাহু, (হিরণ্য=স্বর্ণ—বাহু=ভুজ) পুং, শোণ নদ। শিব, মহাদেব।

হিরণ্যরেতাঃ, (হিরণ্যরেতস্, হিরণ্য=স্বর্ণ—রেতস্=শুক্র, ৬ষ্ঠী—হিং) সং, পুং, অগ্নি। সূর্য্য। শিব।

হিরণ্যবর্ণা, (হিরণ্য=স্বর্ণ—বর্ণ=রং) সং, স্ত্রীং, নদী, তরঙ্গিণী, তটিনী, কল্লোলিনী, সরিৎ।

হিরণ্যবাহ, (হিরণ্য=স্বর্ণ—বহ্=বহন করা+অণ—প্রং) সং, পুং, শোণ নদ।

হিরণ্যাক্ষ, (হিরণ্য=স্বর্ণ—অক্ষ=অক্ষি-শব্দজ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, হিরণ্যকশিপুর ভ্রাতা; বিষ্ণু বরাহাবতারে ইহার প্রাণ বধ করিয়াছিলেন।

হিরুক্, (হি=গমনকরা+রুকক্—প্রং) অং, ত্যাগ, বিনা, ব্যতিরেকে, ভিন্ন। মধ্য। নিকটে।

হিলমোচি, হিলমোচিকা, হিলমোচী, (হিল=কটাক্ষাদি ভঙ্গীকরণ—মুচ্=মোচন করা+ইন্ প্রং, কন্—যোগে হিলমোচিকা) সং, স্ত্রং, হিঞ্চাশাক, হেলঞ্চা।

হিল্ল, সং, পুং, শরারিপক্ষী।

হিল্লোল, (হিল্লোল্=দোলান+ক—ভা) সং, পুং, দোলন। তরঙ্গ, ঢেউ।

হিবুক, (হিন্ব্=প্রীতকরা+উকঞ্-

প্রং) সং, ক্লীং, লগ্নচতুর্থ স্থান।
হিসাব, (যবনভাষা) সং, গণনা।
হিহি, অং, আহ্লাদসূচক শব্দ, হাস্যশব্দ। সং, পুং, গন্ধর্ব্বের নাম।
হী, (হন্=বধকরা+ডী—প্রং) অং, হাস্য শব্দ। বিস্ময়। শোক। বিষাদ। দুঃখ। হেতু।
হীন, (হা=ত্যাগকরা+ক্ত-র্ম্ম, ত স্থানে ন) বিং, ত্রিং, ঊন, পরিত্যক্ত, রহিত, বর্জ্জিত। নিন্দনীয়। অধম, নীচ। মন্দ। শূন্য।
হীনবাদী, (হীনবাদিন্, হীন=বর্জ্জিত বা নিন্দনীয়—বাদ=বাক্য+ইনি-অস্ত্যর্থে) বিং, ত্রিং, মূক, বোবা। বিরুদ্ধার্থবাদী।
হীনাঙ্গ, (হীন—অঙ্গ, ৬ষ্ঠী—হিং) বিং, ত্রিং, অঙ্গহীন, বিকলাঙ্গ। ঙ্গী—স্ত্রীং, পিপীলিকা। [চিহ্ন। (Minus)
হীনিত, বিয়োগচিহ্ন, "—" এই প্রকার
হীন্তাল, সং,পুং, বৃক্ষবিশেষ, হেঁতালগাছ।
হীয়মান, (হা=ত্যাগকরা+শানচ্—প্রং) বিং, ত্রিং, যাহা পরিহীন হইতেছে, ক্ষয়শীল।
হীর, (হৃ=লওয়া+ক—প্রং, ঋ=ঈর্) সং, পুং, শিব। ইন্দ্রের বজ্র। সর্প। হার। সিংহ। ক্লীং, হীরক, হিরা।
হীরক, হীর, (হীর+কন্—যোগ) সং, ক্লীং, রত্নবিশেষ, হীরা, জহর।
হীরা, (হীর+আপ্—প্রং) সং, স্ত্রীং, লক্ষ্মী। মৎস্যবিশেষ। পিপীলিকা। (হীর-কশব্দজ) সং, রত্নবিশেষ।
হীরাঙ্গ, (হীর=হীরা—অঙ্গ=অবয়ব) সং, পুং, ইন্দ্রের বজ্র।
হীল, সং, ক্লীং, শুক্র, রেতঃ, বীর্য্য।
হীলুক, সং, ক্লীং, গৌড়ীমদ্য, রমসরাপ।
হীহী, (হী—দ্বিত্ব) অং, আহ্লাদসূচক শব্দ। হাস্যধ্বনি।
হুঁ, (হুম্শব্দজ) অং, স্বীকার বোধকশব্দ।
হুঁকা, (যবনভাষা) সং, তামাকুর ধূম-পানার্থ যন্ত্র
হুকুম, (যবনভাষা) সং, আজ্ঞা, আদেশ, অনুমতি।
হুঙ্কার—পুং, | (হুম্=অনুকরণশব্দ—
—ক্লীং, | কার, কৃত=করণ) সং, হুঙ্কারশব্দ। বন্যবরাহধ্বনি। গর্জ্জন। বিং, ত্রিং, গর্জ্জিত।
হুড়ক্কা, (হুড়ুক্কশব্দজ) সং, দ্বারবন্ধ করিবার কাষ্ঠ। পতিসংসর্গত্যাগিনী স্ত্রী।
হুড়াহুড়ি, (দেশজ) সং, ঠেলাঠেলি, মারামারি।
হুড়ুক্ক, (হুড়ুক্=অনুকরণশব্দ—কৈ=শব্দ করা+ক—প্রং) সং, পুং, পটহবিশেষ। দাত্যূহপক্ষী। মত্ত ব্যক্তি। লৌহবদ্ধাগ্র লগুড়, হুড়ক্কা।
হুড়ুম্ব, সং, পুং, ভৃষ্টচিপিটক, চিঁড়াভাজা।
হুণ্ড, (হুনড্=ভিড়হওয়া, একত্রকরা+অচ্—প্রং) সং,পুং, ব্যাঘ্র। গ্রাম্যশূকর মূর্খ। রাক্ষস। মেষ। [চিঠি
হুণ্ডী, (দেশজ) সং, অর্থসম্বন্ধীয় টাকার
হুত, (হু=হোমকরা+ক্ত—র্ম্ম, ভা) বিং, ত্রিং, অগ্নিক্ষিপ্তঘৃতাদি। তর্পিত। হোম করা অগ্নি। আহুত। সং, ক্লীং, হোম
হুতভুক্, হুতবহ, | (হুতভুজ্, হুত=
হুতাশ, হুতাশন, | অগ্নিক্ষিপ্তঘৃতাদি ভুজ্=যে ভোজনকরে, ২য়া—ষ। হুত—বহ=যে বহন করে, ২য়া—ষ। হুত—আশ=যে ভোজন করে, ২য়া—ষ হুত—অশন=ভোজ্য, ৬ষ্ঠী—হিং) সং পুং, অগ্নি, হোমঘৃতাদি-ভক্ষক।
হুতি, (হু=হোমকরা+ক্তিন্—প্রং) সং, স্ত্রীং, হবন, হোম।
হুম্, হুম্, (হ্বে=আহ্বান করা+ডুম্-প্রং) অং, বিতর্ক। স্বীকার। সম্মতি নিষেধ। সংশয়। গানধ্বনি। অসূয়া স্মৃতি। প্রশ্ন।
হুল, (দেশজ) সং, সূক্ষ্মাগ্রভাগ।
হুলহুলী, সং, স্ত্রীং, স্ত্রীলোকদের মঙ্গল সূচক মুখশব্দ, হুলুধ্বনি।
হুলু, (হুলহুলীশব্দজ) সং, স্ত্রীলোকে

মঙ্গলধ্বনি। [মাল্।
হুলুস্থুল, (দেশজ) সং, গোলযোগ। গোল।
হুশিয়ার্, (যবনভাষা) বিং, মনোযোগী, চতুর, বিজ্ঞ।
হুহু, হূহূ, (হ্বে=আহ্বানকরা+ডু—প্রং, নিপাতন) সং, পুং, গন্ধর্ব্ববিশেষ।
হূ, অং, গর্ব্ব। অবজ্ঞা। আহ্বান। শোক।
হূঙ্কার—পুং, } (হূম্=অনুকরণশব্দ—
হূঙ্কৃতি-স্ত্রীং, } কার, কৃত=করণ) সং, হূম্ এই অবজ্ঞাসূচক শব্দ।
হূণ, সং, পুং, অসভ্যজাতিবিশেষ। "মত্ত-হূণাবরোধানাং" কাং। ভারতবর্ষের উত্তরস্থ ম্লেচ্ছ দেশবিশেষ।
হূত, (হ্বে=আহ্বানকরা+ক্ত—র্ম্ম, ভা) বিং, ত্রিং, আহূত। সং, ক্লীং, আহ্বান।
হূতি, (পূর্ব্বে দেখ+ক্তিচ্—ভা) সং, স্ত্রীং, আহূতি। আহ্বান, ডাকা।
হূন, সং, পুং, ম্লেচ্ছ দেশবিশেষ। তদ্দেশীয় রাজা। ম্লেচ্ছজাতিবিশেষ।
হূরব, (হূ=ভয় বা ক্রোধের চীৎকারধ্বনি—রব=শব্দ) সং, পুং, শৃগাল, শিয়াল, শিবা, যামঘোষ, ফেরু।
হূর্চ্ছন, (হূর্চ্ছ্=বক্র হওয়া+অনট্—ভা) সং, ক্লীং, কুটিলতা, বক্রতা।
হূহু, হূহূ, (হুহু দেখ) সং, পুং, গন্ধর্ব্ব-বিশেষ। অং, যাতনাসূচক ধ্বনি।
হৃচ্ছয়, (হৃদ্=অন্তঃকরণ—শয়=যে শয়ন করে, ৭মী—ষ) সং, পুং, মনসিজ, কামদেব, মদন, মার, কন্দর্প।
হৃণিয়া, হৃণীয়া, (হৃণী=[কণ্ড্বাদি]লজ্জিত হওয়া+ক্, আপ্—প্রং) সং, স্ত্রীং, নিন্দা। লজ্জা, ত্রপা, ব্রীড়া, হ্রী।
হৃৎ, (হৃ=হরণকরা+ক্বিপ্—প্রং, ৎ—আগম) বিং, ত্রিং, হরণকারী।
হৃত, (হৃ=লওয়া+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, অপহৃত। আকৃষ্ট। আনীত। ছিন্ন।
হৃত্তত্ত্ববিবেক, কোন ব্যক্তির মস্তকের গঠন দেখিয়া তদীয় মনোবৃত্তি সমুদায় যে শাস্ত্র দ্বারা নিরূপিত হয়। (Phrenology). [স্থান। (Heart)
হৃৎপিণ্ড, হৃদয়স্থিত রক্তাদির আধার-
হৃদ্, হৃদয়, (হৃ=হরণকরা+ক্বিপ্—প্রং, ৎ—আগম, ৎ=দ্। হৃ=হরণকরা+কয়ন্—প্রং, দ্=আগম) সং, ক্লীং, বক্ষঃস্থল। চিত্ত, মনঃ। জীবিত।
হৃদয়গ্রাহী, (হৃদয়গ্রাহিন্, হৃদয়—গ্রাহিন্=যে গ্রহণ করে) বিং, ত্রিং, মনোহারী, মনোজ্ঞ।
হৃদয়ঙ্গম, (হৃদয়=অন্তঃকরণ—গম=যে গমন করে) বিং, ত্রিং, মনোহর। হৃদ্গত, হৃদ্য, মনোগত, প্রিয়। উপযুক্ত।
হৃদয়বান্, (হৃদয়বৎ, হৃদয়=অন্তঃকরণ+বৎ—অস্ত্যর্থে) বিং, ত্রিং, সদন্তঃকরণ, প্রশস্তচিত্ত, মনস্বী।
হৃদয়স্থান, (হৃদয়=অন্তঃকরণ—স্থান) সং, ক্লীং, বক্ষঃস্থল, বুক।
হৃদয়ালু, হৃদয়িক, হৃদয়ী, (হৃদয়িন্, হৃদয়=অন্তঃকরণ+আলুচ্, ঠক্, ইনি—অস্ত্যর্থে) বিং, ত্রিং, প্রশস্তচিত্ত, সদন্তঃকরণ।
হৃদয়েশ, (হৃদয়=অন্তঃকরণ—ঈশ=ঈশ্বর, ৬ষ্ঠী—ষ) সং, পুং, প্রাণেশ্বর, স্বামী, বল্লভ, ভর্ত্তা, কান্ত। শা—স্ত্রীং, প্রণয়িণী, কান্তা।
হৃদিকা, সং, স্ত্রীং, কৃপাচার্য্যের মাতা।
হৃদিকাসুত, (হৃদিকা=ইহাঁর মাতা—সুত=পুত্র, ৬ষ্ঠী—ষ) সং, পুং, কৃপাচার্য্য।
হৃদিস্পৃক্, (হৃদিস্পৃশ্, হৃদি=অন্তঃকরণে স্পৃক্=যে স্পর্শ করে) বিং, ত্রিং, মনোহর। হৃদ্য, প্রিয়, মনের মত। মর্ম্মস্পৃক্।
হৃদ্গত, (হৃদ্=অন্তঃকরণ—গত=যে গিয়াছে, ২য়া—ষ) বিং, ত্রিং, মনোগত, হৃদয়স্থ, চিত্তস্থ।
হৃদ্য, (হৃদ্=অন্তঃকরণ+যৎ—প্রং) বিং, ত্রিং, হৃদয়ঙ্গম, মনোগত। বাঞ্ছিত। মনোজ্ঞ। প্রিয়।
হৃদ্যতা, (হৃদ্য+তল্—ভাবে) সং, স্ত্রীং, সদ্ভাব, প্রণয়, প্রেম

হৃল্লাস, (হৃদ্=অন্তঃকরণ—লস্—ক্রীড়া-করা+ঘঞ্—প্রং) সং, পুং হিক্কা, হেঁচ্‌কী।

হৃল্লেখ, (হৃদ্—অন্তঃকরণ—লিখ—লেখা +ঘঞ্—প্রং) সং, পুং, জ্ঞান। তর্ক। খা—স্ত্রীং, ঔৎসুক্য।

হৃষিত, (হৃষ=হৃষ্ট হওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, বিস্মিত। হৃষ্ট, আহ্লাদিত, প্রীত। হর্ষিত, পুলকিত। প্রণত। স্মিত। প্রহত।

হৃষীক, (হৃষ্=অলীক ব্যবহারকরা+ঈ, কন্—প্রং) সং, ক্লীং, ইন্দ্রিয়। জ্ঞানেন্দ্রিয়।

হৃষীকেশ, (হৃষীক=ইন্দ্রিয়—ঈশ=ঈশ্বর, ৬ষ্ঠী—ষ) সং, পুং, বিষ্ণু, নারায়ণ। পরমাত্মরূপ, "ইন্দ্রিয়াণি যদ্বশে বর্ত্তন্তে স পরমাত্মা"।

হৃষ্ট, (হৃষ=হৃষ্টহওয়া+ক্ত—ক) বিং, ত্রিং, আহ্লাদিত, আনন্দিত, মুদিত, প্রীত, সন্তুষ্ট, পুলকিত, রোমাঞ্চিত।

হৃষ্টরোমা, (হৃষ্টরোমন্, হৃষ্ট=আনন্দিত—রোমন্=রোম) বিং, ত্রিং, পুলকিত, রোমাঞ্চিত। [হর্ষ, আনন্দ। গর্ব্ব।

হৃষ্টি, (হৃষ্ট=দেখ+ক্তিচ্—ভা) সং, স্ত্রীং,

হে, (হি=গমনকরা+ডে—প্রং) অং, সম্বোধন, আহ্বানসূচক। অসূয়া।

হেঁট, হেট, (দেশজ) বিং, অধঃ, নম্র।

হেঁয়ালি, (প্রহেলিকা শব্দজ) সং, অস্পষ্টার্থ প্রশ্ন।

হেক্কা, (হিক্=হিক্কাতোলা+অচ্—প্রং, ই=এ) সং, স্ত্রীং, হিক্কা, হেঁচ্‌কী।

হেঠ, (হেঠ্=বাধা দেওয়া+অচ্—ভা) সং, পুং, বাধা, প্রতিবন্ধক। ক্ষতি।

হেড়জ, সং, পুং, ক্রোধ, কোপ।

হেন্ত্রাবুক, সং, পুং, অশ্ববিক্রয়কারী।

হেতি, (হন্=বধকরা+ক্তিণ্—ণ, নিপাতন) সং, পুং-স্ত্রীং, অস্ত্র, শস্ত্র। স্ত্রীং, সূর্য্যকিরণ। অগ্নিশিখা।

হেতু, (হি=গমনকরা+তুন্—প্রং) সং, পুং, কারণ, বীজ, মূল। প্রয়োজন।

হেতুতা, (হেতু+তল—ভাবে) সং, স্ত্রীং, হেতুর ধর্ম্ম, কারণতা, হেতুত্ব।

হেতুমান্, (হেতুমৎ, হেতু+মৎ-অস্ত্যর্থে) বিং, ত্রিং, হেতুবিশিষ্ট, কার্য্য।

হেতুবাদ, (হেতু—বাদ=কথন, ৬ষ্ঠী—ষ) সং, পুং, হেতুকথন।

হেত্বাভাস, (হেতু—আভাস=অনুরূপ, ৬ষ্ঠী—ষ) সং, পুং, নিকৃষ্ট হেতু, দুষ্ট হেতু, বাস্তবিক সাধক না হইলেও আপাততঃ প্রকৃত সাধক বুঝিয়া যাহাকে বোধ হয়। ব্যভিচার, বিরুদ্ধতা, অসিদ্ধি, সৎপ্রতিপক্ষতা, বাধ—এই পাঁচ হেতুদোষ।

হেথা, (দেশজ) ক্রিং—বিং, অত্র, এখানে।

হেন, (দেশজ) বিং, এমন, ঈদৃশ।

হেম, হেমন, (হি=গমনকরা+মক্, মণিন্—প্রং) সং, ক্লীং, চামীকর, হিরণ্য, জাম্বুনদ। স্বর্ণ, সুবর্ণ, সোণা।

হেমকন্দল, (হেম=স্বর্ণ—কন্দল=অঙ্কুর) সং, পুং, প্রবাল, পলা।

হেমকার, (হিমন্=স্বর্ণ—কার=যে করে, ২য়া—ষ) সং, পুং, স্বর্ণকার, সেকরা।

হেমকূট, (হেম=স্বর্ণ—কূট—শৃঙ্গ, ৬ষ্ঠী—হিং) সং, পুং, হিমালয়ের উত্তরে স্থিত পর্ব্বতবিশেষ, ইহা ভারতবর্ষ ও কিন্নরবর্ষের মধ্যস্থলে বিস্তৃত।

হেমকেলি, (হেম=স্বর্ণ-কেলি=যে ক্রীড়া করে) সং, পুং, অগ্নি, অনল, পাবক, দহন, জ্বলন।

হেমকেশ, (হেম=স্বর্ণ—কেশ=চুল) সং, পুং, শিব, মহাদেব, ত্রিনয়ন, ব্যোমকেশ, ধূর্জ্জটি।

হেমজ্বাল, (হেম=স্বর্ণ—জ্বালা=অগ্নিশিখা) সং, পুং, অগ্নি, অনল, পাবক, কৃষ্ণবর্ত্মা।

হেমতরু, সং, পুং, ধুস্তূর।

হেমতার, (হেম=স্বর্ণ—তৄ=পারহওয়া+ঘঞ্—প্রং) সং, ক্লীং, তুথ, তুঁতিয়া।

হেমন্ত, (হন্=[সন্তাপ] বধকরা+অন্ত—, প্রং, হন্=হি, ম্—আগম। কিম্বা হিম—অন্ত=শেষ, ৬ষ্ঠী—হিং, মনীষাদি) সং, পুং—ক্লীং, হিমসময়, হিমঋতু, অগ্রহায়ণ ও পৌষমাস।

হেমপর্ব্বত, (হেম=স্বর্ণ—পর্ব্বত, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সুমেরু পর্ব্বত।

হেমপুষ্প, (হেম=স্বর্ণময়—পুষ্প=ফুল) সং, ক্লীং, অশোকপুষ্প। পুং, চম্পক বৃক্ষ, লোধ্র বৃক্ষ। ষ্পী—স্ত্রীং, মঞ্জিষ্ঠা।

হেমমালা, সং, স্ত্রীং, যমের পত্নী।

হেমমালী, (হেমমালিন্, হেমমালা+ইনি—অস্ত্যর্থে) সং, পুং, সূর্য্য, ভানু, তপন, দিবাকর।

হেমরাগিণী, (হেম=স্বর্ণ—রাগ=রং+ইনি, ঈপ্—প্রং) সং, স্ত্রীং, হরিদ্রা, হলুদ।

হেমল, (হেমন্=স্বর্ণ—লা=লওয়া বা পাওয়া+ক—প্রং) সং, পুং, স্বর্ণকার। কৃকলাস। কষ্টিপাথর।

হেমলক—এক প্রকার বিষবৃক্ষ।

হেমশঙ্খ, (হেম=স্বর্ণ—শঙ্খ=শাঁখ) সং, পুং, বিষ্ণু, নারায়ণ।

হেমা, (হেমন্, হি=গমন করা+মন্—প্রং) সং, পুং, বুধগ্রহ।

হেমাঙ্গ, (হেম=স্বর্ণ—অঙ্গ=অবয়ব) সং, পুং, গরুড়। সিংহ। সুমেরু। ব্রহ্মা। চম্পক বৃক্ষ। ক্লীং, সুবর্ণ অঙ্গ। বিং, ত্রিং, সুবর্ণঅঙ্গযুক্ত।

হেমাদ্রি, (হেম=স্বর্ণ—অদ্রি=পর্ব্বত, ৬ষ্ঠী—ষ) সং, পুং, সুমেরু পর্ব্বত।

হেয়, (হা=ত্যাগকরা+যৎ—র্ম) বিং, ত্রিং, ত্যাজ্য, তুচ্ছ।

হের, (হি=গমনকরা+রক্—প্রং) সং, ক্লীং, মুকুটবিশেষ। হরিদ্রা। আসুরী মায়া।

হেরম্ব, (হে=আহ্বানসূচক অব্যয়, কিম্বা শিবেতে—অম্ব্ কিম্বা রম্ব্=শব্দকরা+অচ্—প্রং) সং, পুং, গণেশ, "হেরম্ব লম্বোদর" গং, শুং। মহিষ। গর্ব্বিত বীর বুদ্ধ।

হেরিক, সং, পুং, চর, দূত।

হেলঞ্চী, সং,স্ত্রীং,হিলমোচিকা,হেলেঞ্চা।

হেলন, (হেড়্=ঘৃণাকরা+অনট্—ভা) সং, ক্লীং, অবজ্ঞা, অসম্মান, অনাদর।

হেলা, (হেড়্=ঘৃণাকরা কিংবা হিল্=কটাক্ষাদি ভঙ্গীকরা+অচ্, আপ্—প্রং) সং, স্ত্রীং, [illegible]। অবজ্ঞা। অবলীলা। লীলা, স্ত্রীলোকের ভাববিশেষ। [দোলান।

হেলান, (দেশজ) সং, বক্রভাবকরণ।

হেলায়, (হেলাশব্দজ) ক্রিং—বিং, অনায়াসে, অক্লেশে।

হেলাবুক্ক, সং, পুং, অশ্ববিক্রয়ী।

হেলি, (হিল্=কটাক্ষাদি ভঙ্গীকরা+ই—প্রং) সং, পুং, সূর্য্য। আলিঙ্গন। স্ত্রীং, হেলা। [শাক।

হেলেঞ্চা, (হেলঞ্চী শব্দজ) সং, হিংচা-

হেষা, (হেষ্=অশ্বডাকা+অচ্, আপ্—প্রং) সং, স্ত্রীং, অশ্বধ্বনি, ঘোটকের শব্দ, ঘোড়ার ডাক।

হেষী, (হেষিন্, হেষা=অশ্বধ্বনি+ইনি—অস্ত্যর্থে) সং, পুং, অশ্ব, ঘোটক, বাজী। [শব্দ।

হেহে, (হে—দ্বিত্ব) অং, সম্বোধনসূচক

হৈ, (হ্বে=আহ্বানকরা+ডৈ—প্রং) অং, আহ্বান। নিষেধ। সম্বোধন। পাদপূরণার্থক।

হৈতুক, (হেতু=কারণ+ঠক্—প্রং) সং, পুং, যে ব্যক্তি যুক্তি প্রদর্শন করিয়া সৎকর্ম্মের অনুষ্ঠানে সন্দিহান হয়। বিং, ত্রিং, হেতুসম্বন্ধীয়।

হৈম, (হেমন=স্বর্ণ কিংবা হিম=তুষার+অণ্—বিকারার্থে, সম্বন্ধার্থে) বিং, ত্রিং, হিরণ্ময়, হেমসম্বন্ধীয়, সৌবর্ণ। হিমসম্বন্ধীয়, শীতল। সং, ক্লীং, হিমভবজল, শিশির।

হৈমন, হৈমল, (হেমন্ত=হিমঋতু+অণ্

—ভবার্থে, স্ত—লোপ। হিমল=শীতল +অণ্—প্রং) সং, পুং,অগ্রহায়ণ মাস। পুং—ক্লীং, হেমন্তঋতু। বিং, ত্রিং, হেমন্তকালীন,হিমসম্বন্ধীয়।

হৈমন্ত, (হেমন্ত=হিমঋতু+অণ্—ভবার্থে) সং, পুং—ক্লীং, হেমন্ত ঋতু। বিং, ত্রিং, হেমন্তসম্বন্ধীয়, হিমকালীন।

হৈমন্তিক, (হেমন্ত=হিমঋতু+ঠক্—ভবার্থে) সং, ক্লীং, শালিধান্য, আমন ধান। বিং, ত্রিং, হিমকালীন।

হৈমবত, (হিমবৎ=হিমালয় পর্ব্বত+অণ্—সম্বন্ধার্থে) সং, ক্লীং, ভারতবর্ষ। বিং, ত্রিং, হিমালয়সম্বন্ধীয়।

হৈমবতী, (হিমবৎ=হিমালয় পর্ব্বত+অণ্—প্রভবত্যর্থে, ঈপ্—প্রং) সং,স্ত্রীং, পার্ব্বতী, দুর্গা, গিরিজা, উমা, গৌরী। গঙ্গা। হরীতকী।

হৈয়ঙ্গবীন, (হ্যস্=পূর্ব্বদিনে গোদোহ দুগ্ধ+খঞ্—উদ্ভবার্থে, নিপাতন) সং, ক্লীং, সদ্যোজাত ঘৃত, পূর্ব্বদিনের দোহিত দুগ্ধোত্থ ঘৃত, "হৈয়ঙ্গবীনমাদায় ঘোষবৃদ্ধানুপস্থিতান্" রং। [ম্লুচ্।

হৈরিক, সং, পুং, তস্কর, চোর, মলি

হৈহয়, হৈহেয়, সং, পুং, দেশবিশেষ তদ্দেশীয় রাজা কার্ত্তবীর্য্য।

হো, (হ্বে=ডাকা+ডো—প্রং) অং, বিস্ময়। সম্বোধনসূচক শব্দ। সম্বোধন। আহ্বান।

হোড়, হোঢ়, (হোড়্=গমনকরা+অচ্—প্রং) সং, পুং, নৌকাবিশেষ, হুড়ীনৌকা। ক্লীং, লোপ্ত্র, চোরিত দ্রব্য।

হোড়া, (হোড়্, হড়=[পরধন] পাওয়া +তৃচ্—ক) সং, পুং,চৌর,তস্কর, দস্যু।

হোতা, (হোতৃ, হু=হোমকরা+তৃচ্—ক) সং, পুং, পুরোহিত, যজ্ঞাদিস্থলে ঋক্-প্রযোক্তা। যষ্টা, যজমান। ঋক্বেদজ্ঞ। বিং, ত্রিং, যজ্ঞকর্ত্তা।

হোত্র, (হু=হোমকরা+ষ্ট্রন্—প্রং) সং, ক্লীং, হোম। হবিঃ, হোম্য ঘৃত। ত্রা—স্ত্রীং স্তব।

হৌত্রী, (হোত্রিন্, হোত্র=হোম+ইনি—অস্ত্যর্থে) সং,পুং,হোমকারক,যাজ্ঞিক

হোত্রীয়, (হোত্র=হোম+ছ—প্রং) সং, ক্লীং, হবির্গৃহ। বিং,ত্রিং,হোত্রসম্বন্ধীয়। (হোতৃ+ছ—প্রং) হোতৃসম্বন্ধীয়।

হোথা,(দেশজ) ক্রিং—বিং,তত্র,সেখানে।

হোম, (হু=হোমকরা+মন্—প্রং) সং, পুং, দেবোদ্দেশে মন্ত্রপাঠ পূর্ব্বক অগ্নিতে ঘৃতাদি ক্ষেপণ।

হোমক, হোমী, (হোমিন্, হু=হোমকরা +ণক, মিনি—ক) সং, পুং, হোতা, হোমকর্ত্তা। [পুং, অগ্নি। ঘৃত। জল।

হোমি, (হু=হোমকরা+মিন্—প্রং) সং,

হোম্য, (হোম+যৎ—প্রং) সং, ক্লীং, হোমোপযুক্ত ঘৃত। বিং,ত্রিং হোমসম্বন্ধীয়

হোরা, (হোড়্=গমনকরা+অচ্, আপ্, প্রং, ড=র) সং, স্ত্রীং, লগ্ন। ২॥০ দণ্ড-পরিমিতকাল, ইংরেজদের এক ঘণ্টা। রাশিপরিমাণের অর্দ্ধাংশ। শাস্ত্রবিশেষ। রেখা। "চতুর্ব্বিংশতিবেলাভিরহোরাত্রং প্রচক্ষতে। পশ্চিমাদর্দ্ধরাত্রাদি হোরাণাং বিদ্যতে ক্রমঃ"।

হোল, (দেশজ) সং, মুষ্ক, অণ্ডকোষ।

হোলাকা, সং, স্ত্রীং,বসন্তোৎসব,হোলী।

হোলী, (হোলাকা শব্দজ) সং, দোলযাত্রা, বসন্তোৎসব।

হৌ, (হ্বে=আহ্বানকরা+ডৌ—প্রং) অং, সম্বোধন। আহ্বান।

হৌতৃক, (হোতৃ=পুরোহিত+ঠঞ্—প্রং) বিং, ত্রিং, হোতৃসম্বন্ধীয়।

হৌম্য, (হোম+ঘঞ্—যোগ্যার্থে) সং, ক্লীং, হোমোপযুক্ত ঘৃত। বিং,ত্রিং,হোমসম্বন্ধীয়।

হ্যঃ, (হ্যস্, অহন্=দিন, "গতে অহনি" এই অর্থে নিপাতন) অং, গতদিনে পূর্ব্বদিনে।

হ্যস্তন, হ্যস্ত্য, (হ্যস্=পূর্ব্বদিনে+ট্যু, ত্য—ভবার্থে) বিং, ত্রিং, গতদিবসী

পূর্ব্বদিবসীয়।

হ্রদ, (হ্রাদ্=শব্দকরা+অচ্-প্রং,নিপাতনে) সং, পুং, অকৃত্রিম বৃহৎ জলাশয়। আলোক। রশ্মি। কুম্ভীর, কুমীর।

হ্রদগ্রহ, (হ্রদ=গ্রহ=বাসস্থান) সং, পুং,

হ্রদিনী, (হ্রদ+ইনি—অস্ত্যর্থে, ঈপ্—প্রং) সং, স্ত্রীং, নদী, তটিনী, তরঙ্গিনী, সিন্ধু, সরিৎ। বিদ্যুৎ, ইরম্মদা, চপলা, চঞ্চলা।

হ্রসিমা—পুং, হ্রস্বতা—স্ত্রীং, হ্রস্বত্ব—ক্লীং (হ্রসিমন্, হ্রস্ব=খর্ব্ব+ইমনিচ্, তল, ত্ব—ভাবে) সং, ক্ষুদ্রতা, লঘুতা, হ্রাস, অল্পতা, খর্ব্বতা।

হ্রস্বাঙ্গ—সং, পুং, মূলবিশেষ। জীরক।

হ্রসিষ্ঠ, হ্রসীয়ান্, (হ্রস্ব=খর্ব্ব+ইষ্ঠন্—অত্যর্থে। হ্রসীয়স্, হ্রস্ব+ঈয়সুন্—অত্যর্থে) বিং, ত্রিং, অতি হ্রস্ব।

হ্রস্ব, (হ্রস্=খর্ব্বহওয়া+ব—প্রং) বিং,ত্রিং, খর্ব্ব, ক্ষুদ্র। লঘু। খাট। ছোট। সং, পুং, একমাত্রা-কালোচ্চার্য্য স্বরবর্ণ।

হ্রাদ, (হ্রাদ্=শব্দকরা+অচ্—ভা) সং, পুং, শব্দ, গোলমাল, ধ্বনি। পুং,দৈত্যবিশেষ, হিরণ্যকশিপুর পুত্র।

হ্রাদিনী, (হ্রাদ=শব্দ—ইনি—অস্ত্যর্থে, ঈপ্—প্রং)সং,স্ত্রীং,নদী। বজ্র। বিদ্যুৎ।

হ্রাদী, (হ্রাদিন্, হ্রাদ+ইনি—অস্ত্যর্থে) বিং, ত্রিং,হ্রাদযুক্ত। শব্দকারক।

হ্রাস, (হ্রস্=শব্দকরা+ঘঞ্—ভা) সং,পুং, ক্ষীণতা, ক্ষয়। শব্দ।

হ্রিণীয়া, (হ্রিণী=লজ্জিত হওয়া+যক্, আপ্—প্রং) সং, স্ত্রীং, ঘৃণা। নিন্দা। লজ্জা।

হ্রিত, (হ্রী=লজ্জিত হওয়া+ক্ত—প্রং, ঈ=ই। কিম্বা হৃ=লওয়া+ক্ত—প্রং, ঋ=রি) বিং, ত্রিং, লজ্জিত। বিভক্ত। নীত। সং, ক্লীং, অংশ।

হ্রিবের, সং,ক্লীং, স্বনামখ্যাত গন্ধদ্রব্যবিশেষ,বালা। (হ্রীবের এবং হ্রীবেলও হয়)।

হ্রী, (হ্রী=লজ্জিত হওয়া+ক্বিপ্—ভা) সং, স্ত্রীং, ব্রীড়া, লজ্জা, ত্রপা।

হ্রীকা,হ্লীকা, (হ্রী=লজ্জিত হওয়া+কন্, আপ্—প্রং। পক্ষে র=ল) সং, স্ত্রীং, শঙ্কা, ভয়। ত্রপা, লজ্জা।

হ্রীকু, হ্লীকু, (হ্রী=লজ্জিত হওয়া+কুক্—প্রং। পক্ষে র=ল) বিং, ত্রিং, লজ্জিত। সং, পুং, জতু, জৌ, গালা। টীনধাতু।

হ্রীজিত, হ্রীণ, হ্রীত, (হ্রী=লজ্জা—জিত=পরাজিত, ৩য়া—ষ। হ্রী=লজ্জিত হওয়া+ক্ত—ক, ত=ন) বিং, ত্রিং, লজ্জাশীল, লাজুক।

হ্রীমান্, (হ্রীমৎ, হ্রী=লজ্জা+মৎ—অস্ত্যর্থে) বিং, ত্রিং, লজ্জাযুক্ত।

হ্রেপিত, (হ্রেপি=লজ্জিতহওয়ান+ক্ত—র্ম্ম) বিং, ত্রিং, লজ্জাপ্রাপিত।

হ্রেষা, হ্লেষা, (হ্রেষ্=অশ্বডাকা+অচ্, আপ্—প্রং। পক্ষে র=ল) সং, স্ত্রীং, অশ্বধ্বনি, ঘোড়ার ডাক।

হ্লাদ, (হ্লাদ্=আনন্দিত হওয়া+ঘঞ্—ভা) সং, পুং, আহ্লাদ, আনন্দ।

হ্লাদিত, (পূর্ব্বে দেখ+ক্ত—র্ম্ম) বিং,ত্রিং, আনন্দিত, আহ্লাদিত।

হ্লাদিনী, (হ্রাদিনী দেখ, র=ল) সং,স্ত্রীং, বিদ্যুৎ। বজ্র। শক্তিবিশেষ।

হ্লাদী, (হ্লাদিন্,হ্লাদ+ইনি—অস্ত্যর্থে) বিং, ত্রিং, আহ্লাদযুক্ত।

হ্বান, (হ্বে=আহ্বানকরা+অনট্—ভা) সং, ক্লীং, আহ্বান, ডাকা।

সমাপ্ত।

PRINTED BY B. P. M. AT THE B. P. M'S PRESS,
No. 22, Jhamapooker Lane, Calcutta.

ধাতুমালা।

অনুবন্ধ ও অনুবন্ধের ফল।

অ—সুখে উচ্চারণ করিবার নিমিত্ত।
আ—ভাববাচ্যে এবং ক্রিয়ার আরম্ভ অর্থে ক্ত, ও ক্তবতুর স্থানে বিকল্পে ইম্ হয়।
ই—নুণ্ বিশিষ্ট, অর্থাৎ ধাতুর অন্তিম স্বরের পর একটী ন হয়। ঐ নকারের লোপ হয় না।
ইর্—লুঙের পরস্মৈপদে বিকল্পে অঙ্ হয়।
ঈ—ক্ত ও ক্তবতুর স্থানে ইম হয় না।
উ—ক্তাচ্ স্থানে বিকল্পে ইম্ হয়।
ঊ—বিকল্পে ইম্ হয়।
ঋ—ঞির পর অঙ্ পরেতে হ্রস্ব হয় না, অর্থাৎ ণ্যন্ত করিলে লুঙ্ বিভক্তিতে হ্রস্ব হয় না।
ৠ—ঞির পর অঙ্ পরেতে বিকল্পে হ্রস্ব হয়, অর্থাৎ ণ্যন্ত করিলে লুঙ বিভক্তিতে বিকল্পে হ্রস্ব হয়।
ঌ—লুঙের পরস্মৈপদে অঙ্ হয়।
এ—লুঙের পরস্মৈপদে বৃদ্ধি হয় না, অর্থাৎ ব্যঞ্জনাদি ইম্‌বিশিষ্ট ধাতুর উপান্ত্য অকার আকার হয় না।
ঐ—যজাদি, অর্থাৎ স্বরবর্ণ সহিত য স্থানে ই, ব স্থানে উ, র স্থানে ঋ এবং ল স্থানে ঌ হয়।
ও—ক্ত ও ক্তবতুর ক্ত স্থানে ন হয়।
ঔ—ইম্ হয় না।
ক—চুরাদি।
কি—বিকল্পে চুরাদি, অর্থাৎ চুরাদি ও ভ্বাদি।
গ—ক্র্যাদি।
গি—প্যাদি এবং ক্র্যাদি।
ঘ—রুদাদি।
ঙ—আত্মনেপদী।
জ—জ্বলাদি।
ঞ—উভয়পদী।
ঞি—বর্ত্তমান কালে ক্ত হয়।
টু—অথু প্রত্যয়বিশিষ্ট।
ড—ত্রিমক প্রত্যয় বিশিষ্ট।
ণ—ফণাদি।
ত—অকারান্ত ধাতু।
দ—তনাদি।
ধ—রুধাদি।
ন—স্বাদি।
প—মুচাদি।
ভ—শমাদি।
ম—ঘটাদি।
মি—বিকল্পে ঘটাদি।
য—দিবাদি।
ল—অদাদি।
লু—স্বপাদি এবং অদাদি।
লি—হ্বাদি।
ব—বৃতাদি।
শ—তুদাদি।
শি—কুটাদি এবং তুদাদি।
ষ—কৃদন্তে অঙ্ বিশিষ্ট।
ক্ষ—জক্ষাদি।
র—বৈদিক ধাতু।

—**—

সাঙ্কেতিক অক্ষর।

সঙ্কেত	সঙ্কেতার্থ।
সক	সকর্ম্মক।
দ্বিক	দ্বিকর্ম্মক।
প	পরস্মৈপদী।
ক	করণ বা করা।
ল	লওন বা লওয়া।
হ	হওন বা হওয়া।
খা.........	খাওন বা খাওয়া।
পা.........	পাওন বা পাওয়া।
যা	যাওন বা যাওয়া।
দে.........	দেওন বা দেওয়া।
ভ্বা.........	ভ্বাদিগণীয় ধাতু।

বোপদেব গোস্বামির কবিকল্পদ্রুম অবলম্বন করিয়া এই ধাতুমালা লিখিত হইল। যে সমস্ত ধাতু কবিকল্পদ্রুমে নাই তাহাদের প্রথমে '*' এই চিহ্ন দেওয়া গিয়াছে।

অকারান্ত।

অঙ্ক—
অঙ্গ— } ত, সক, প, অঙ্কপাত-ক, চিহ্ন-ক, আঁকা।

অংশ—
অংস— } ত, ক, সক, প, বিভাজন, বিভাগ-ক।

অর্থ—ত, ক, দ্বিক, ঙ, যাজন, প্রার্থনা-ক।

অন্ধ—ত, ক, অক, প, দৃষ্টিক্ষয়, দৃষ্টিহীন-হ।

অঘ—ত, ক, অক, প, পাপ-ক।

অবধীর—ত, ক, সক, প, অবজ্ঞা-ক।

আন্দোল—ত, ক, সক, প, দোলন, দোলান। ঘোঁট-ক।

ঊন—ত, ক, সক, প, পরিহীণ, ন্যূণ-ক, কমান।

ওজ—ত, ক, অক, প, বলপ্রকাশ, তেজস্বী-হ।

কথ—ত, ক, দ্বিক, প, বাক্যপ্রবন্ধ, বলা।

কল—ত, ক, সক, প, গমন-ক। সঙ্খ্যা-ক, গণা।

কত্র—
কুত্র—
কর্ত্ত— } ত, ক, অক, প, শৈথিল্য, শিথিল-হ।

কর্ণ—ত, ক সক, প, ভেদ-ক। আ—শ্রবণ-ক।

কাল—ত, ক, অক, প, কালোপদেশ, সময় কথন।

কুণ—ত, ক, সক, প, আভাষণ। মন্ত্রণা-ক।

কুমার—
কুম্যল— } ত, ক, অক, প, কেলী, ক্রীড়া-ক।

কেত—ত, ক সক, প, মন্ত্রণা-ক। নিমন্ত্রণ-ক। অক, সময় কথন।

কূণ—ত, ক, সক, প, সঙ্কুচিত-ক। অক, সঙ্কুচিত-হ।

কুহ—ত, ক, সক, ঙ, বিস্ময়ায়ন, বিস্ময়াপন্ন-ক।

কুট—ত, ক, সক, প, দাহ, দগ্ধ-ক। রাশি-ক। মন্ত্রণা ক। লেখ্যাদি জাল-ক।

ক্লপ—ত, ক, অক, প, দৌর্ব্বল্য, দুর্ব্বল-হ।

ক্ষপ—ত, ক, সক, প, ম, ক্ষেপ, ক্ষেপণ-ক।

খচ—ত, ক, সক, প, বন্ধন-ক। যোজন-ক।

খোট—
খোড়— } ত, ক, সক, প, ক্ষেপণ ক।

খেট—
খেড়— } ত, ক, সক, প, ভক্ষণ-ক।

গদ—ত, ক, অক, প, মেঘগর্জ্জন।

গর্ব্ব—ত, ক অক, ঙ, দর্প, অহঙ্কার-ক।

গৃহ—ত, ক, সক, ঙ, গ্রহণ-ক।

গণ—ত, ক, সক প, সঙ্খ্যা-ক, গণা।

গবেষ—ত, ক, সক, প, মাগা, অন্বেষণ-ক।

গোম—ত, ক, সক প, লেপন-ক।
গাত্র—ত, ক, অক, ঙ, শৈথিল্য, শিথিল-হ।
গুণ—ত, ক, সক, প, মন্ত্রণা-ক। অভ্যাস-ক। গুণিত ক।
গহ—ত, ক, অক, প, নিবিড়-হ। বুঝিতে কঠিন-হ।
*গ্রাম—ত, ক, সক, প, মন্ত্রণা-ক। আভাষণ ক।
চিত্র—ত, ক, সক, প, চিত্রিত-ক। কদাচিৎদর্শন-ক। বিস্ময়াপন্ন-ক।
চহ—ত, ক, অক, প, শাঠ্য-ক।
ছদ—ত, ক, সক, প, আচ্ছাদন-ক।
ছিদ্র—ত, ক, সক, প, ছিদ্রিত-ক।
ছেদ—ত, ক, সক, প, ছেদন-ক।
তীর—ত, ক, অক, প, কার্য্যসম্পন্ন-ক।
তুণ—ত, ক, সক, প, সঙ্কুচিত-ক। অক, সঙ্কুচিত-হ।
তুথ—ত, ক, সক, প, আচ্ছাদন-ক। আস্তরণ-ক, পাতা।
দুঃখ—ত, ক, সক, প, পীড়ন-ক।
দণ্ড—ত, ক, সক, প, দণ্ড-ক। দমন-ক।
ধ্বন—ত, ক, অক, প, শব্দ-ক।
*ধেক—ত, ক, সক, প, দর্শন-ক।
নিবাস—ত, ক, সক, প, আচ্ছাদন-ক।
প্রেঙ্খোল—ত, ক, অক, প, চপল-হ।
পট—ত, ক, সক, প, বেষ্টন-ক। জড়ান।
পর্ণ—ত, ক, অক, প, হরিদ্বর্ণ-হ। পীতবর্ণ-হ।
পদ—ত, ক, সক, ঙ, গমন-ক। প্রাপ্তি, পাওয়া।
পশ, ষ—ত, ক, সক, প, বন্ধন-ক। পীড়ন-ক। স্পর্শ-ক। গমন-ক।
পত—ত, ক, অক, প, প্রভুহওয়া। পতন, পড়া।
পার—ত, ক, অক, প, কার্য্যসম্পন্ন-ক।
{ পল্যুল / পল্যূল } ত, ক, সক, প, ছেদন-ক। পবিত্র-ক।
পুট—ত, ক, সক, প, গাঁথা। পরস্পর যোজন-ক।
পক্ষ—ত, ক, সক, প, পরিগ্রহ-ক। অবলম্বন-ক।
ভাম—ত, ক, সক, প, কুপিত-ক। অক, কুপিত-হ।
ভাজ—ত, ক, সক, প, পৃথক-ক।
মৃগ—ত, ক, সক, আ, পূজা-ক।
মহ—ত, ক, সক, প, অন্বেষণ-ক।
মূত্র—ত, ক, সক, প, প্রস্রাব-ক।
মন্ত্র—ত, ক, সক, প, ধারণ-ক।
মৃষ—ত, ক, সক, প, ক্ষমা-ক।
মৃষ—ত, ভ্বা, সক, ঞ, ক্ষমা-ক।
মিশ্র—ত, ক, সক, প, মিশ্রিত-ক
রহ—ত, ক, সক, প, ত্যাগ-ক।

রস—ত, ক, সক, প, আস্বাদন-ক। অক, রসযুক্ত-হ, রসা।
রূপ—ত, ক, সক, প, রূপযুক্ত-ক। উপমেয়কে উপমানের সহিত অভিন্ন বোধ-ক। নি—, নিরূপণ-ক।
রচ—ত, ক, সক, প, সৃষ্টি-ক। রচনা-ক।
রুক্ষ—ত, ক, অক, প, অস্নিগ্ধ-হ। কর্কশ-হ।
রংহ—ত, ক, সক, প, গমন-ক। প্রাংশু-হ। অক, সত্বর গমন-ক।
রূষ—ত, ক, অক, প, স্ফূর্ত্তি-পা।

লজ }
লঞ্জ } ত, ক, অক, প, দীপ্তি-পা।

লড় }
লাড় } ত, ক, সক, প, ক্ষেপণ-ক। হটিয়া দে।

লল }
বর } ত, ক, সক, প, লাভকরিতে ইচ্ছা-ক।

বর্ণ—ত, ক, সক, প, স্তব-ক। বিস্তার-ক। বাড়াইয়া বলা দীপ্তি-ক। অক, উদ্যোগ-ক।
বস—ত, ক, অক, প, বাস-ক।
বাস—ত, ক, সক, প, গুণান্তরাধান, বাসিত-ক।
ব্যয়—ত, ক, সক, প, গমন-ক। ব্যয়-ক।
বিত্ত—ত, ক, সক, প, ব্যয়-ক।
বাত—ত, ক, সক, প, গমন-ক। সেবা-ক। সুখী-ক।
বেল—ত, ক, অক, প, সময় কথন।
ব্লেক্ষ—ত, ক, সক, প, দর্শন-ক।
বুণ্ট—ত, ক, সক, প, ভাগ-ক।
বট—ত, ক, সক, প, বেষ্টন-ক, জড়ান। ভাগ ক।

বল্বল }
বল্যাল } ত, ক, সক, প, ছেদ-ক। পবিত্র-ক।

বীজ—ত, ক, সক, প, ব্যজন-ক। বাতাস-ক।
বীর—ত, ক, অক, ঙ, বীর্য্য প্রকাশ-ক।
ব্রণ—ত, ক, সক, প, অঙ্গভেদ-ক। ক্ষত-ক।

শ্রথ }
শার }
শ্লথ } ত, ক, অক, প, দুর্ব্বল-হ। শিথিল-হ

শ্রাম—ত, ক, সক, প, ডাকিয়া ফেরাণ।
শূর—ত, ক, অক, ঙ, উদ্যম-ক। বিক্রম-ক।

শঠ }
শ্বঠ } ত, ক, সক, প, দুরুক্তি-কু। অনিষ্টোক্তি-ক।

শীল—ত, ক, সক, প, অভ্যাস-ক, অনুশীলন-ক, বিস্তার-ক।

সম }
স্তম } ত, ক, অক, প, বিহ্বল-হ। ব্যাকুল-হ।

সান্ত্ব } ত, ক, সক, প, সান্ত্বনা-ক।
সাম }
সংগ্রাম—ত, ক, অক, ঞ, যুদ্ধ-ক।
স্পৃহ—ত, ক, সক, প, অভিলাষ-ক।
সাট—ত, ক, সক, প, প্রকাশিত-ক।
সভাজ—ত, ক, সক, প, সেবা-ক। প্রীত-ক। দর্শন ক।
স্থূল—ত, ক, অক, ঙ, বৃদ্ধি-পা। মোটা-হ।
সূত্র—ত, ক, সক, প, গাঁথা। প্রশংসা-ক। বেষ্টন-ক।
সত্র—ত, ক, সক, ঙ, বিস্তার-ক। সংযোজিত-ক।
সূচ—ত, ক, অক, প, খলতা-ক। সক, গোপনে নিন্দা-ক।
স্বর—ত, ক, অক, প, উচ্চৈঃ শব্দ-ক। সক, তিরস্কার-ক।
স্তেন—ত, ক, সক, প, চুরি-ক।
স্তোম—ত, ক, সক, প, প্রশংসা-ক।
স্তন—ত, ক, অক, প, মেঘগর্জ্জন।
সার—ত, ক, অক, প, দুর্ব্বল-হ।
সুখ—ত, ক, সক, প, সুখী-ক।
স্ফুট—ত, ক, অক, প, প্রকাশিত-হ। ফুটিয়া বাহির-হ।
স্কন্দ—ত, ক, সক, প, রাশি-ক। জড়-ক।
স্বন } ত, অক, ক, প, শব্দ-ক।
স্তম }
হিল্লোল ত, ক, সক, প, দোলান।

আকারান্ত ধাতু।

খ্যা—ল, অক, প, প্রসিদ্ধ-হ। দ্বিক, কথন। সং—, সংখ্যা-ক।
গা—লি, সক, প, র, স্তব-ক। অক, জন্মান।
গা—ভ্বা, সক, ঙ, গমন-ক। প্রাপ্তি।
ঘ্রা—ভ্বা, অক, প, গন্ধগ্রহণ-ক, সোঁকা।
জ্যা—গি, অক, প, জীর্ণ-হ।
জ্ঞা—গ, সক, প, জানা। প্রতি—, প্রতিজ্ঞা-ক। অব—, অবজ্ঞা-ক।
জ্ঞা—ক, সক, প, ম, মারিয়া ফেলা। দেখান, জানান। তীক্ষ্ণ-ক। তুষ্ট-ক। স্তব ক
জ্ঞা—ক, সক, প, প্রেরণ-ক, নিয়োগ-ক।
দা—ল, সক, প, ছেদ-ক।
দা—ভ্বা, সক, প, দান-ক।
দা—লি, সক, ঞ, ডু, দান-ক। আ—, গ্রহণ-ক। প্রতি—, প্রতিদান-ক।
দরিদ্রা—ল, অক, প, নির্ধন-হ।
দ্রা—ল, অক, প, নিদ্রিত-হ। পলায়ন-ক।
ধা—লি, সক, ঞ, ডু, ধারণ-ক। পোষণ-ক। দান-ক। অপি—, আচ্ছাদন-ক। অভি—, কথন। অব—, মনোযোগ। আ—, স্থাপন। জনন। পরি—পরিধান। বি—, বিধান। সং—, সন্ধান। অন্তর্—, অন্তর্ধান। বি, অব—, ব্যবধান।

ধ্মা—ভ্বা, সক, প, অগ্নিসংযোগ-ক। শব্দ-ক, বাজান।
প্সা—ল, সক, প, ভক্ষণ-ক।
প্রা—ল, সক, প, পূর্ণ-ক।
পা—ভ্বা, সক, প, পান-ক।
পা—ল, সক, প, রক্ষা-ক।
ভা—ল, অক, প, ষ, দীপ্তি-পা।
মা—সি, অক, ঙ, শব্দ-ক। সক, পরিমাণ-ক।
মা—ল, সক, প, পরিমাণ-ক, মাপা। অক, পরিমাণ-পা। অনু—, অনুমান-ক। প্র—, প্রকৃষ্টরূপ জানা।
মা—য, সক, ঙ, অদাদি গণীয় মা ধাতু দেখ।
ম্না—ভ্বা, সক, প, অনুশীলন-ক।
যা—ল, সক, প, গমন-ক। পাওয়া। অ—, আগমন-ক। অনু—, পশ্চাৎ গমন-ক। উদ্—, উর্দ্ধে গমন-ক। নির্—, নির্গত-হ।
রা—ল, সক, প, দান-ক। গ্রহণ-ক।
লা—ল, সক, প, গ্রহণ-ক।
ধা—কু, সক, প, সুখভোগ-ক। গমন-ক। সেবা-ক।
বা—ল, অক, প, বায়ু চলন। সক, বধ-ক। নির—, নির্ব্বাণ-হ।
শ্রা—ল, অক, প, ঘর্ম্মাক্ত-হ।
শ্রা—ল, অক, প, ম, পক্ব-হ।
স্থা—ভ্বা, অক, প, স্থিত-ক। অনু—, অনুষ্ঠান-ক। প্র—, প্রস্থান-ক। উপ—, উপস্থিত-হ। উপসনা-ক। উৎ—, উত্থিত-হ।
স্না—অক, প, স্নান-ক। নি—, কুশল-হ।
হা—লি, সক, প, ও, ত্যাগ-ক।
হা—লি, সক, ঙ, ও, গমন-ক।

ইকারান্ত।

ই—ভ্বা, সক, প, গমন-ক। প্রাপ্তি। উৎ—, উদিত হ।
ই—ল, সক, প, গমন-ক। অতি—, অতিক্রম-ক। অব—, জানা। আ—, আগমন। উৎ—, উদিত-হ। প্র—, মরণ। প্রতি—, বিশ্বাস। জানা। অধি—, অধ্যয়ন-ক।
কি—লি, সক, প, র, জানা।
ক্ষি—ন, গ, সক, প, য, বধ-ক।
ক্ষি—ভ্বা, অক, প, ক্ষীণ-হ। প্রভুত্ব-ক। সক—, ক্ষয় পাওয়ান।
ক্ষি—শ, অক, প, বাস-ক।
চি—ন, সক, ঞ, চয়ন করা। উপ—, বৃদ্ধি।
জি—ভ্বা, সক, প, পরাজিত-ক। অধি—, সর্ব্বোৎ-কৃষ্টরূপে থাকা।
শ্রি—ভ্বা, সক, ঞ, সেবা-ক, আশ্রয়-ক। উৎ—, উন্নত হওয়া।
শ্বি—{ ভা, অক, প, ইর্, ঐ, টু, ও। } বৃদ্ধি-পা। স্ফীত হওয়া। সক, গমন-ক।

স্মি—ভ্বা, অক, আ, ঈষদ্ধাস্য-ক। বি—,বিস্ময়াপন্ন হওয়া।
হি—ন, সক, প, বর্দ্ধিত-ক। গমন-ক।

ঈকারান্ত।

ক্ষী—ভা; সক, এ, বধ-ক।
ক্রী—গী, সক, এ, ডু, ক্রয়-ক। বি—,বিক্রয়-ক।
জ্রী—গি, কি, অক, প, জীর্ণ-হ।
ডী—য, সক, ঙ, ও, গমন-ক। অক—,আকাশ গমন-ক।
দীধী—ল, অক, আ, ক্রীড়া-ক। দীপ্তি-পা।
ণী—ভ্বা, দ্বিক, এ, পাওয়ান। পরি—,বিবাহ-ক।
প্রী—ভা, সক, এ, তুষ্ট-ক।
প্রী—সক, এ, তুষ্ট-ক, ইচ্ছা-ক।
পী—য, সক, ঙ, পান-ক।
ভী—লি, অক, প, ভীত হওয়া।
মী—গ, সক, এ, বধকরা।
লী—য, অক, ঙ, ও, লীনহওয়া।
বেবী—ল, সক,ঙ, র, ইচ্ছা-ক, গমন-ক,ভোজন-ক, অক,গর্ভ গ্রহণ-ক।
ব্রী—গি, সক, প, বরণ করা, প্রার্থনা- ক।
শী—ল, অক, ঙ, শয়ন-ক। অনু—,অনুতাপ-ক। সং—সন্দেহ-ক।
হ্রী—লি, অক, প, লজ্জিত হওয়া।

উকারান্ত।

ঊর্ণু, ল, সক, এ, আচ্ছাদন-ক।
ক্ষ্ণু, ল, সক, প, তীক্ষ্ণ-ক।
জু—ভ্বা, অক, প, বেগে চলন।
তু—ল, অক, প, জীবিকা নির্ব্বাহ-ক। সক, বধ-ক। গমন-ক।
দ্রু—ভা, অক, প, দ্রব হওয়া, দৌড়ান।
দু—ন, সক, প, ও, টু, উপতপ্ত হওয়া। সক, উপতপ্তকরা।
দ্যু—ল, সক, প, সম্মুখে-যা।
ধু—ন, সক, এ, কম্পিত-ক। অক, কাঁপা।
নু—ল, সক, প, স্তব-ক।
প্লু—ভ্বা, অক, ঙ, জলে ভাসিয়া-যা। ক্রমশঃ নিম্ন হওয়া। সক, গমন-ক।
প্লু—ভ্বা, অক, ঙ, অর্থ প্লু ধাতুর ন্যায়।
যু—ল, সক, প, যুক্ত-ক। মিশ্রিত না করা। অক, যুক্ত হওয়া।
রু—ল, অক, প, শব্দ-ক।
শ্রু—ভ্বা, সক, প, শ্রবণ-ক। গমন।
স্নু—ন, অক, এ, স্নান-ক। সক, যোগ-ক, স্নান করান।
সু—ভা, সক, প, গমন-ক, প্রসব-ক। অক, আধিপত্য-ক।

স্নু—ল, অক, প, ক্ষরণ।
স্তু—ল, সক, এ, স্তব-ক।
শ্রু—ভ্বা, অক, ক্ষরণ, দৌড়ান।
হু—লি, সক, প, হোম-ক, ভোজন-ক।
হ্নু—ল, সক, ঙ, চুরি করা।

ঊকারন্ত।

দূ—য, অক, ঙ, ও, দুঃখিত হওয়া। ক্লেশ পাওয়া।
দ্রূ—ন, গ, সক, এ, বধ-ক। গমন-ক।
ধূ—শি, ক, সক, প, কাঁপান। অক, কাঁপা।
ধূ—ন, গি, সক, এ, কাঁপান।
নূ—শি, সক, প, স্তবকরা।
পূ—ভ্বা, সক, ঙ, পবিত্র-ক। অক, পবিত্র হওয়া।
পূ—য, সক, ঙ, পবিত্রকরা।
পূ—গি, সক, এ, পবিত্রকরা।
ব্রূ—ল, দ্বিক, এ, কথন।
ভূ—ভ্বা, সক, এ, প্রাপ্তি।
ভূ—ভ্বা, অক, অ, হওয়া, উৎপত্তি। অনু—, অনুভবকরা। প্র—, প্রচুর হওয়া, প্রভুহওয়া।
লূ—গি, সক, এ, ছেদকরা।
সূ—ল, সক, ঙ, প্রসবকরা।
সূ—য, সক, ঙ, ও, প্রসবকরা।

ঋকারান্ত।

ঋ—লি, সক, প, র, গমনকরা।
ঋ—ভা, সক, প, গমন-ক, প্রাপ্তি।
কৃ—দ, সক, এ, ডু, করা। উপ—ভূষিত-ক, উহ্য-ক, বিকৃত হওয়া।
গৃ—ভা, সক, প, সেবনকরা।
জাগৃ—ল, অক, প, জাগিয়া থাকা, সতর্ক থাকা।
দৃ—শ, সক, ঙ, আদর করা।
ধৃ—শ, অক, ঙ, স্থিতি করা, থাকা।
ধৃ—ভ্বা, সক, এ, ধারণ করা।
পৃ—লি, সক, প, পালন করা।
পৃ—ন, সক, প, প্রীত হওয়া। বি, আ—ব্যাপৃত হওয়া।
ভৃ—লি, সক, এ, টু, ড, ধারণ করা, পোষণ করা।
মৃ—শ, অক, ঙ, মরণ, প্রাণত্যাগ করা।
বৃ—ন, গ, সক, এ, প্রার্থনা করা, বরণ করা।

স্থ—ভ্বা, সক, প, গমন-ক। অক, সরিয়া যাওয়া।
স্মৃ—ভ্বা, সক, প, স্মরণ করা। বি—, ভুলিয়া যাওয়া।
স্মৃ—ভ্বা, অক, প, ম, উৎকণ্ঠিত হওয়া।
স্তৃ—ন, সক, এ, আস্তরণ করা।
হ্বৃ—ভ্বা, অক, প, কুটিল হওয়া।
হৃ—ভ্বা, সক, এ, হরণ করা। আ—, আহার-ক। পরি—, পরিত্যাগ করা।
সং—, সংহারকরা।

ঋকারান্ত।

কৄ—গি, সক, এ, বধ করা।
কৄ—শ, সক, প, ক্ষেপণ করা। সং—, মিশ্রণ।
গৄ—শ, সক, প, ভক্ষণ করা, উৎ—, উদ্গার করা।
জৄ—গি, কি, অক, প, জীর্ণ হওয়া।
জৄ—য, অক, প, ম, ষ, জীর্ণ হওয়া।
তৄ—ভ্বা, সক, প, পার হইয়াযাওয়া, আক্রমণকরা। অক, জলে ভাসিয়া যাওয়া।
দৄ—য, গি, অক, প, বিদীর্ণ হওয়া।
পৄ—ভ্বা, লি, গি, সক, প, পালন করা। পূর্ণ করা।
বৄ—গি, সক, প, বরণ-ক। ধারণ-ক।
শৄ—গি, সক, প, বধ করা। ভেদ করা।
স্তৄ—গি, সক, প, আচ্ছাদন-ক, আস্তরণ-ক।

একারান্ত।

দে—ভ্বা, সক, ঙ, পালন করা।
ধে—ভ্বা, সক, প, ট, পান করা।
বে—ভ্বা, সক, এ, ঐ, বস্ত্রাদি বরন।
ব্যে—ভ্বা, সক, এ, ঐ, আচ্ছাদন-ক।
হ্বে—ভ্বা, সক, এ, আহ্বান-ক। স্পর্দ্ধা পূর্ব্বক বিপক্ষকে ডাকা।

ঐকারান্ত।

গৈ—ভ্বা, সক, প, গান করা, কীর্ত্তন করা।
গ্লৈ—ভ্বা, অক, প, ম্লান হওয়া, ক্লান্ত হওয়া।
ত্রৈ—ভ্বা, সক, ঙ, রক্ষা-ক।
দৈ—ভ্বা, সক, ল, শুদ্ধ, ক। অক, শুদ্ধ হওয়া।
ধৈ—ভ্বা, সক, প, চিন্তা-ক।
পৈ—ভ্বা, অক, ঙ, বৃদ্ধি পাওয়া।
ম্লৈ—ভ্বা, অক, প, ম্লান হওয়া।
রৈ—ভ্বা, অক, প, শব্দকরা।
সৈ—ভ্বা, অক, প, ক্ষয় পাওয়া।
স্ত্যৈ—ভ্বা, অক, প, সংহত হওয়া।

ওকারান্ত।

ছো—য, সক, প, ছেদ করা।
দো—য, সক, প, ছেদ করা।
শো—য, সক, প, তীক্ষ্ণ করা।
সো—য, অক, প, মরণ। পরি, অব—, পর্য্যবসান।

কান্ত।

অন্‌ক্—ক, সক, প, চিহ্ন করা।
অক্—ভ্বা, অক, প, ম, বক্র গতি।
অর্ক্—ক, সক, প, উপতপ্ত করা, স্তব করা।
কে—ভ্বা, সক, ঞ, ব্যাঘাত-ক। অক, তৃপ্ত হওয়া।
টিক্, টীক্—ভ্বা, সক, ঙ, ঋ, গমন-ক, প্রাপ্তি।
ঢৌক্—ভ্বা, সক, ঙ, ঋ, প্রাপ্তি।
দ্রেক্—ভ্বা, সক, ঙ, ঋ, শব্দ করা। উৎসাহ-ক। বৃদ্ধি।
ধ্রেক্—ভ্বা, অক, ঙ, ঋ, শঙ্কিত হওয়া। সক, সন্দেহ করা।
লোক্—ক, অক, প, দীপ্তি পাওয়া। সক, আলোকিত করা। আ, বি, অব—, দর্শন করা।
* বিষ্ক্—ক, সক, ঙ, বধ করা।
বন্‌ক্—ভ্বা, অক, ঙ, ই, বক্র হওয়া, সক, বক্র করা। গমন করা।
শক্—য, অক, ঙ, ইর্, সমর্থ হওয়া। সক, পারা।
শক্—ন, অক, প, ইর্, সমর্থ হওয়া। সক, পারা।
শ্লোক্—ভ্বা, অক, ঙ, ঋ, গ্রথিত করা, সক, পদ্যরচনা করা। সৃষ্টি করা। ত্যাগ করা।
শুল্‌ক্—ক, সক, প, সৃষ্টি করা, ত্যাগ করা, কথন।
সেক্—ভ্বা, সক, ঙ, ঋ, গমন করা।
হিক্ক্—ভ্বা, অক, ঞ, অব্যক্ত শব্দ করা, হিক্কা তোলা।

খান্ত।

ইন্‌খ্—ভ্বা, সক, প, ই, গমন করা।
উখ্—ভ্বা, সক, প, গমন করা।
ওখ্—ভ্বা, অক, প, ঋ, শুষ্ক হওয়া, সমর্থ হওয়া, পর্য্যাপ্ত হওয়া। সক, ভূষিত করা।
রাখ্—ভ্বা, অক, প, ঋ, সমর্থ হওয়া। শুষ্ক হওয়া। পর্য্যাপ্ত হওয়া। ব্যর্থ হওয়া। সক, ভূষিত করা।
লিখ্—শ, সক, প, লিখন, আঁচড়ান।
শাখ্—ভ্বা, সক, প, ঋ, ব্যাপন।

গান্ত।

অগ্—ভ্বা, অক, প, ম, বক্র গমন করা।

ইন্‌গ্‌—ভ্বা, সক, প, ই, গমন-ক। সঙ্কেত-ক।
ভন্‌গ্‌—ভ্বা, অক, প, ই, স্খলন, আচাড়-খা, কম্পন। সক, গমন-ক।
মার্গ্‌—ক, সক, প, সংস্কার ক, গমন-ক।
মার্গ্‌—ক্লি, সক, প, অন্বেষণ-ক।
* মৃগ্‌—য, সক, প, অন্বেষণ-ক।
লিঙ্গ—ভ্বা, সক, প, ই, গমন-ক, আ—, আলিঙ্গন-ক।
লগ্‌—ভ্বা, অক, প, ম, এ, লাগিয়া যাওয়া।
বল্‌গ্‌—ভ্বা, অক, প, দৌড়িয়া যাওয়া। লম্ফন।
স্বন্‌গ্‌—ভ্বা, সক, প, ই, প্রাপ্তি।

ঘান্ত।

অর্ঘ্‌—ভ্বা, সক, প, ক্রয়-ক, পূজা-ক। অক, মহার্ঘ হওয়া।
দ্রাঘ্‌—ভ্বা, অক, ঙ, শ্রম করা, সমর্থ হওয়া। সক, দীর্ঘ করা।
লঙ্ঘ্‌—ভ্বা, অক, ঙ, ই, উপবাস করা। সক, গমন-ক।
লঙ্ঘ্‌—ভ্বা, অক, প, ই, শুষ্ক হওয়া।
শ্লাঘ্‌—ভ্বা, সক, ঙ, ঋ, সাতিশয় প্রশংসা করা।

চান্ত।

অর্চ্চ—ক, সক, প, পূজা করা।
অর্চ্চ—ভ্বা, সক, ঞ, পূজা করা।
অন্‌চ্‌—ভ্বা, সক, প, ই, গতি। পূজন।
ঋচ্‌—শ, সক, প, স্তব করা।
ক্রন্‌চ্‌—ভ্বা, সক, প, গমন-ক। বক্র-ক। অক, বক্র হওয়া। তুচ্ছ হওয়া।
কুন্‌চ্‌—ভ্বা, অক, প, কোঁকড়ান। তুচ্ছ হওয়া।
গ্লুন্‌চ—ভ্বা, সক, প, ইর্‌, গমন-ক। প্রাপ্তি।
গ্রুচ্‌—, গ্লুচ্‌— } ভ্বা, সক, প, ইর, উ, গমন-ক। হরণ করা।
চর্চ্চ—ক, সক, প, অধ্যয়ন-ক। অনুশীলন ক।
ত্বচ্‌—শ, সক, প, আবরণ করা।
পচ্‌—ভ্বা, সক, ঞ, ডু, ঔ, ষ, পাক করা।
পৃচ্‌—ধ, অক, প, ঈ, সংপৃক্ত হওয়া।
মুচ্‌—ভ্বা, সক, ঙ, কল্কন করা।
মুন্‌চ্‌—ভ্বা, সক, ঙ, ই, অর্থ—পূর্ব্বের ন্যায়।
মুচ্‌—ক, সক, প, মোচন করা।
ম্লুচ্‌—ভ্বা, সক, প, ইর্‌, ড, গমন করা।
যাচ্‌—ভ্বা, দ্বিক, ঞ, ঋ, টু, ডু, যাচ্ঞা করা।
রিচ্‌—ধ, অক, ঞ, উ, ইর্‌, পুনঃ পুনঃ বিষ্ঠা ক্ষরণ, খালি হওয়া।

রুচ্—ভ্বা, সক, ঙ, ৯, রোচক হওয়া, প্রীতিপ্রাপ্ত হওয়া, দীপ্তি পাওয়া।
রুচ্—ভ্বা, দ্বিক, প, ঔ, কথন।
বচ্—ক, সক, প, বলিয়া পাঠান, আদেশ করা।
বচ্—ল, দ্বিক, প, ঔ, কথন।
বিচ্—লি, ধ, সক, ঞ, ঔ, ইর্, পৃথক্ করা।
ব্যচ্—ক, সক, ঙ, বঞ্চনা করা।
ব্রশ্চ—শ, সক, প, উ, ছেদ করা।
শুচ্—য, অক, ঞ, ইর্, শুচি হওয়া, স্নান করা। সক, ভেদ করা।
শুচ্—ভা, অক, প, শোক করা। সক, লক্ষ করিয়া দুঃখ করা।
ষিচ্—প, সক, ঞ, ঔ, জলাদি সেক করা।

ছান্ত।

আনৃছ্—ভ্বা, অক, প, ই, দীর্ঘ হওয়া। সক, দীর্ঘ করা।
উন্ছ—শ, সক, প, ই, জীবিকার্থ ত্যক্ত ধান্যাদি খুটিয়া লওয়া।
উছ্—শ, সক, প, ঈ, বন্ধন করা। সমাপন করা। অতিক্রম করা।
ঋচ্ছ্—শ, অক, প, কঠিন হওয়া, মূর্চ্ছাপন্ন হওয়া। সক, গমন করা।
প্রচ্ছ্—শ, দ্বিক, প, ঔ, জিজ্ঞাসা করা।
ম্লেচ্ছ্—কি, অক, প, অপভাষা কথন।
মূর্চ্ছ—ভ্বা, অক, প, আ, মূর্চ্ছিত হওয়া। উন্নত হওয়া। বৃদ্ধি হওয়া।
লাঞ্ছ—ভ্বা, সক, প, ই, চিহ্নযুক্ত করা।
বিছ্—শ, সক, প, গমন-ক।
বাঞ্ছ—শ, সক, প, ই, অভিলাষ-ক।
কুর্চ্ছ—ভ্বা, অক, প, আ, বক্র হওয়া।

জান্ত।

অজ্—ভ্বা, সক, প, ক্ষেপণ করা, গমন-ক।
অন্জ্—ক, অক, প, দীপ্তি পাওয়া।
অন্জ—ধ, সক, প, উ, গমন-ক। ব্যক্ত-ক। অক, ব্যক্ত হওয়া।
অর্জ্জ্—ভ্বা, ক, সক, প, উপার্জ্জন করা।
উর্জ্জ্—ক, অক, প, জীবিত হওয়া, বলিষ্ঠ হওয়া, তেজস্বী হওয়া।
ঋজ্—ভ্বা, সক, ঙ, গমন-ক। অক, স্থির হওয়া, বলিষ্ঠ হওয়া।
এজ্—ভ্বা, অক, ঙ, ঋ, ম, কম্পিত হওয়া।
কূজ্—ভ্বা, অক, প, অব্যক্ত শব্দ করা।
গজ্—ভ্বা, অক, প, তেজস্বী হওয়া, শব্দ করা।
ছন্জ্—ক, অক, প, কষ্টে জীবনযাত্রা নির্ব্বাহ করা।
যুজ্—ভ্বা, অক, প, যুদ্ধ করা।
তুন্জ্—ক, সক, প, বধ করা। দান করা। অক, বলিষ্ট হওয়া। গমন করা। দীপ্তি পাওয়া।

ত্যজ্—ভ্বা, সক, প, ঔ, ত্যাগ করা।
তিজ্—ক, সক, প, তীক্ষ্ণ করা।
তিজ্—ভ্বা, সক, ঙ, সহ্য করা। তীক্ষ্ণ করা।
নিজ্—লি, সক, ঞ, ঔ, ইর্, পোষণ করা। শুদ্ধ করা।
পূজ্—ক, সক, প, পূজা করা।
ভজ্—ভ্বা, সক, ঞ, ঔ, ভাগ করা, সেবা করা।
ভনজ্—ধ, সক, প, ঔ, ও, ভাঙ্গা।
ভ্রস্‌জ—ভ্বা, অক, ঙ, ঋ, টু, দীপ্তি পাওয়া।
ভুজ্—ধ, সক, উ, ঔ, ভক্ষণ করা, উপভোগ-ক। প, পলায়ন করা।
ভ্রস্‌জ্—শ, সক, ঞ, ঔ, পাক করা। ভর্জ্জন করা, ভাজা।
মৃজ্—ল, সক, প, উ, ষ, শুদ্ধ করা।
মস্‌জ্—শ, অক, প, ঔ, ও, টু, মগ্ন হওয়া।
যুজ্—ধ, সক, ঞ, ঔ, ইর্, যুক্ত করা।
রন্‌জ্—য, অক, ঞ, ঔ, ম, অনুরক্ত হওয়া।
রজ্জ্—ভ্বা, অক, ঞ, ঋ, দীপ্তি।
লস্‌জ্—ভ্বা, অক, ঙ, ঈ, ও, লজ্জিত হওয়া।
বিজ্—লি, অক, ঞ, ঔ, ইর্, ক্ষরণ।
বিজ্—শ, অক, ঙ, ঈ, ও, উদ্বিগ্ন হওয়া।
বৃজ্—কি, সক, প, ঈ, ত্যাগ করা।
ব্রজ্—ভ্বা, সক, প, গমন-ক, প্রাপ্তি।
বজ্—ভ্বা, সক, প, গমন করা।
শিন্‌জ্—কি, ল, অক, ঙ, ই, অব্যক্ত শব্দ করা।
সন্‌জ্—ভ্বা, অক, প, ঔ, আসক্ত হওয়া।
স্বন্‌জ্—ভ্বা, সক, ঙ, ঔ, আলিঙ্গন করা।
সর্জ্জ্—ভ্বা, সক, প, উপার্জ্জন করা। বি—, পরিত্যাগ করা।
সৃজ্—শ, সক, প, ঔ, সৃষ্টি করা। উৎ, বি—, দান করা।

ঝান্ত।

উদ্‌ঝ্—শ, সক, প, ত্যাগ করা।
ঝর্ঝ্—শ, সক, প, ভৎর্সনা করা।

টান্ত।

অট্ট—ভ্বা, সক, ঙ, লঙ্ঘন-ক। বধ-ক।
অট্—ভ্বা, সক, প, গমন-ক। প্রাপ্তি। অক, ভ্রমণ-ক।
কণ্ট্—ভ্বা, সক, প, গমন-ক। প্রাপ্তি।
কন্ট্—ভ্বা, সক, প, বর্ষণ-ক। আস্বাদন-ক।
কূট্—ক, অক, ঙ, অপ্রসন্ন-হ। সক, না দেওয়া।

কুট্—দি, সক, ঙ, তাপিত-ক। ছেদন-ক।
কুট্—ক, সক, ঙ, তাপিত-ক।
কুট্ট—ক, সক, প, নিন্দা-ক। ছেদ-ক।
খোট্—ভ্বা, অক, প, খঞ্জ-হ।
ঘট্—ক, অক, প, বধ-ক। রাশি-ক।
ঘট—ভ্বা, সক, ঙ, ষ, ম, চেষ্টা-ক। সংঘটন।
ঘুট্—ভ্বা, অক, ঙ, প্রত্যাগমন-ক। সক, পরিবর্ত্ত-ক।
মুট্—কি, সক, প, চূর্ণ-ক।
মুট্—শি, সক, প, তিরস্কার-ক। চূর্ণ-ক।
যৌট্—ভ্বা, অক, প, সম্বন্ধযুক্ত হ।
রট্—ভ্বা, দ্বিক, প, কথন।
রুণ্ট্—ভ্বা, সক, প, লুণ্ঠন-ক। চুরি-ক।
লুট্—ভ্বা, অক, ঙ, দীপ্তি পাওয়া। গড়াগড়ি দেয়।
লুট্—য, সক, প, মন্থন-ক। অক, গড়াগড়ি দেয়।
লুণ্ট্—কি, সক, প, হরণ-ক। অবজ্ঞা-ক।
লুণ্ট্—ভ্বা, সক, প, ই, লুঠিয়া-ল।
বেষ্ট্—ভ্বা, সক, ঙ, বেষ্টন-ক।
বণ্ট্—ক, সক, প, বণ্টন-ক।
বিট্—ভ্বা, সক, প, আক্রোশ-ক। গালি দে।
শট্—ক, সক, ঙ, প্রশংসা-ক।
শট্—ভ্বা, অক, প, আসন্ন-হ। বিদীর্ণ-হ। রোগী-হ। সক, গমন-ক। বিদীর্ণ-ক।
স্ফুট—ক, সক, প, ভেদ-ক। আ—, বধ-ক।
স্ফুট—ভ্বা, সক, প, ইর্, ই, ভেদ-ক।
স্ফুট—শি, অক, প, ব্যাপ্ত-হ, বিকশিত-হ।
স্ফুট—ভ্বা, অক, ঙ, অর্থ ঐ।
স্ফুট—ভ্বা, সক, প, বিদীর্ণ-ক।
হেট—ভ্বা, সক, প, পীড়ন-ক, ক্লেশ-দে।

ঠান্ত।

অঠ—ভ্বা, সক, ঙ, গমন। প্রাপ্তি।
অঠ—ভ্বা, সক, প, অর্থ ঐ।
কুণ্ঠ—ভ্বা, অক, প, ই, খোঁড়ান। অলস-হ।
কণ্ঠ—কি, অক, প, উৎকণ্ঠিত-হ। সক, উৎকণ্ঠার সহিত চিন্তা-ক।
গুণ্ঠ—ক, সক, প, বেষ্টন-ক। অব—, আচ্ছাদন-ক।
পঠ—ভ্বা, সক, প, পাঠ-ক।
লুণ্ঠ—ভ্বা, অক, প, ই, আলস্য করা। খনন-ক। সক, গমন-ক। চুরি-ক।
লুণ্ঠ—শি, অক, প, গড়াগড়ি দেয়।
লুণ্ঠ—ক, সক, প, চুরি-ক। লুঠিয়া-ল।

শঠ—ক, সক, ঙ, প্রশংসা-ক।
শঠ—ভ্বা, সক, প, বধ-ক। পীড়ন-ক। প্রতরণা-ক। অক, শঠতা-ক।
শঠ—ক, অক, প, আলস্য-ক। সক, গমন-ক। সংস্কার-ক।
সঠ—ক, সক, প, সমাপন-ক। সংস্কার-ক।

ডান্ত।

মাঁড়ি—ভ্ব, সক, ঙ, স্তব-ক।
মাড়ি—ক, সক, প, অর্থ ঐ।
কড়—শ, সক, প, ভক্ষণ-ক। অক, অহঙ্কৃত-হ।
কণ্ড—ভ্বা, অক, ঞ, হৃষ্ট হওয়া। মত্তহওয়া। সক, নিস্তুষ-ক, কাঁড়া।
কণ্ড—ক, সক, প, বিদীর্ণ-ক। রক্ষা-ক।
ক্রীড়—ভ্বা, অক, প, ঋ, খেলা-ক।
কুণ্ড—ভ্বা, সক, ঙ, ই, দগ্ধ ক।
খোড়—ভ্বা, অক, প, ঋ, খঞ্জ-হ।
ক্ষুড়—ক, সক, প, ভেদ-ক।
গড়—ভ্বা, অক, প, ক্ষরণ, গড়ান।
গুণ্ড—ক, সক, প, জড়ান। চূর্ণ ক।
চণ্ড—ভ্বা, অক, ঙ ই, রুষ্ট-হ।
তড়, ক, সক, প, আঘাত-ক। অক, দীপ্তি-পা।
তোড়—ভ্বা, সক, প, ঋ, অনাদর-ক।
নড়—ক, অক, প, অধঃপতন। সক, চ্যুত-ক।
পিণ্ড—ক, সক, প, পিণ্ডীকরণ।
পিণ্ড—ভ্বা, সক, ঙ, অর্থ ঐ।
পীড়—ক, সক, প, ঋ, বধ-ক, মন্থন-ক।
ভণ্ড—ভ্বা, অক, ঙ, ভাঁড়াম-ক।
মৃড়—গ, শ, সক, প, হৃষ্ট-হ।
মণ্ড—কি, সক, প, ই, অলঙ্কৃত-ক।
মণ্ড—ভ্বা, সক, ঙ, বিভাগ-ক। বেষ্টন-ক।
মুণ্ড—ভ্বা, সক, প, ই, মুড়ন। পীড়ন-ক।
লুড়—ভ্বা, সক, প, মন্থন-ক।
লোড়—ভ্বা, অক, প, উন্মত্ত-হ।
লুণ্ড—ক, সক, প, চুরি-ক। লুঠিয়া-ল।
ব্রীড়—য, যক, প, ক্ষেপণ-ক। অক, লজ্জিত-হ।

ঢান্ত।

ঢুণ্ঢ—ভ্বা, সক, প, অন্বেষণ-ক।
হেড়—গ, অক, প, উৎপন্ন-হ।

ণান্ত ।

অণ্—ভ্বা, অক, প, শব্দ-ক ।
অণ্—য, অক, ঙ, জীবিত থাক ।
ঋণ্—দ, সক, ঞ, উ, গমন-ক ।
কুণ্—ভ্বা, অক, প, ঋ, আর্ত্তনাদ-ক্ ।
কণ—ভ্বা, সক, প, গমন-ক । প্রাপ্তি ।
ক্বণ্—ভ্বা, অক, প, শব্দ-ক ।
কূন—ক্, সক্, ঙ, সঙ্কোচ-ক ।
ক্ষণ্—(ন্) দ, সক, ঞ, উ, বধ-ক ।
ক্ষিণ্—(ন্) দ, সক, ঞ, অর্থ ঐ ।
ঘুণ্—ভ্বা, অক, ঙ, ভ্রমণ-ক ।
ঘূর্ণ্—শ, অক, ঞ, ঘোরা, ভ্রমণ-ক ।
চূর্ণ—ক, সক, প, পেষণ-ক ।
ক্রুণ্—শ, অক্, প, কুটিল-হ । সক, গমন-ক । বধ-ক ।
ধ্বণ্—ভ্বা, অক, প, শব্দ-ক ।
পৃণ্—ভ্বা, অক, ঙ, ক্রয়বিক্রয়-ক । স্তব-ক ।
পৃণ্—শ, সক, প, তৃপ্তি-ক ।
ভণ্—ভ্বা, অক, প, ঋ, শব্দ-ক । সক, কথন
ভ্রণ্—ক, সক, ঙ, আকাঙ্ক্ষা-ক । আশঙ্কা-ক ।
মণ্—ভ্বা, অক, প, অব্যক্তশব্দ-ক ।
রণ্—ভ্বা, সক, প, গমন-ক ।
রণ্—ভ্বা, অক, প, শব্দ-ক ।
*বৃণ্—শ, সক, প, প্রীত-ক ।
বৃণ্—(ন্) দ, সক, ঞ, উ, ভক্ষণ-ক ।
বৃণ্—ক, সক, প, রং করা ।
শোণ্—ভ্বা, সক, প, ঋ, গমন-ক । রক্তবর্ণ-ক । অক, রক্তবর্ণ-হ ।

তান্ত ।

অৎ—ভ্বা, সক, প, গমন করা । প্রাপ্তি ।
কৃৎ—ধ, সক, প, ঈ, বেষ্টন করা ।
কৃৎ—স, সক, প, ছেদন করা ।
কৃৎ—ক, সক, প, কীর্ত্তনকরা ।
কিৎ—ভ্বা, সক, প, সন্দেহ করা । ইচ্ছা-ক । রোগাপনয়ন করা ।
কিৎ—লি, সক, প, জানা । মানা ।
চৎ—ভ্বা, দ্বিক, ঞ, প্রার্থনা করা ।
চিৎ—ভ্বা, সক, প, ঈ, জানান । সংজ্ঞা ।
চিৎ—ক, সক, প, জানা ।

চিন্ত্—ক, সক, প, স্মরণকরা। চিন্তা করা।
চুৎ—স, সক, প, বধকরা। প্রস্থান।
চুৎ—ভ্বা, অক, প, ইর্, ক্ষরণ, চ্যুত হওয়া।
চ্যুৎ—ভ্বা, অক, প, ইর্, ক্ষরণ।
জ্যুৎ—ভ্বা, অক, ঙ, ঋ, দীপ্তিপাওয়া।
জ্যুৎ—ভ্বা, অক, প, ইর্, দীপ্তি পাওয়া।
দ্যুৎ—ভ্বা, অক, ঙ, ৯, দীপ্তি পাওয়া।
নৃৎ—য, অক, প, ইত্যকরা। নাচা।
পৎ—য, অক, ঙ, আধিপত্য করা।
পৎ—ভ্বা, অক, প, ৯, পতন, আধিপত্য করা।
পুস্ত্—ক, সক, প, বন্ধন করা। অনাদর করা। আদর করা।
মুস্ত্—ক, অক, প, একত্রিত হওয়া।
যৎ—ক, সক, প, যন্ত্রণাদে-অলঙ্কৃত করা। নির্—,ফিরিয়া দেওয়া। প্রতী-
কার করা।
যৎ—ভ্বা, অক, ঙ, ঈ, যত্নকরা
যুৎ—ভ্বা, অক, ঙ, ঋ, দীপ্তিপাওয়া।
বৃৎ—ভ্বা, অক, ঙ, ৯, উ, বিদ্যমান থাকা।
শ্বিৎ—ভ্বা, অক, ঙ, শুক্লবর্ণ হওয়া।
শ্চ্যুৎ—ভ্বা অক, প, ইর্, ক্ষরণ।

থান্ত।

ক্বথ্—ভ্বা, সক, প, পাক করিয়া ক্বাথ বহির করা।
কথ্য—ভ্বা, সক, ঙ, সাতিশয় প্রশংসা করা।
কুথ্—গ, অক,প, ক্লেশ, হিংসা।
কুন্থ—গ, অক, প, শ্লিষ্ট হওয়া। ক্লিষ্ট হওয়া।
গ্রন্থ—ভ্বা, অক, ঙ, কুটিল হওয়া।
গ্রন্থ—কি, গ, সক, প, গাঁথা, সংশিষ্ট করা।
নাথ্—ভ্বা, সক, ঙ, প্রার্থনা করা, আশীর্ব্বাদ করা। অক, উত্তপ্ত হওয়া।
প্রভু হওয়া।
পথ্—ভ্বা, সক, প, গমনকরা।
প্রোথ্—ভ্বা, সক, ঞ, পর্য্যাপ্ত হওয়া, বাহুল্য হওয়া।
প্রথ্—ক, সক, প, ক্ষেপণকরা। অক, বিখ্যাত হওয়া।
প্রথ্—ভ্বা, অক, ঙ, বিখ্যাত হওয়া।
মিথ্—ভ্বা, সক, ঞ, ঋ, বধকরা। মনেরাখা।
মন্থ্—ভ্বা, সক, প, বধকরা। পীড়ন করা, বিলোড়নকরা।
মন্থ—গ, সক, প, মন্থনকরা।
মথ—ভ্বা, সক, প, এ, মন্থন করা।
মন্থ—ভ্বা সক, প, ই, বধকরা, পীড়ন করা।

বাধ্—ভ্বা, সক, ঙ, ঋ, ব্যাঘাত-ক।
মেধ্—ভ্বা, সক, ঞ, ঋ, বধ-ক। মনে রাখা। অক, সঙ্গ-ক।
যুধ—য, অক, ঙ, ঔ, ইর্, যুদ্ধ-ক।
রধ্—য, সক, প, উ, ক, হিংসা-ক। পাক-ক। অক, নিষ্পন্ন-হ।
রুধ্—ধ, সক, ঞ, ইর্, ঔ, রুদ্ধ-ক।
অনুরুধ্—য, সক, ঙ, ঔ, ইচ্ছা-ক। অনুরোধ-ক।
রাধ্—ন, সক, প, ঔ, নিষ্পন্ন-ক। বধ-ক। য, নিষ্পন্ন-হ। শুভাশুভ পর্য্যালোচনা-ক। আ—, আরাধন-ক। অব—, অপরাধী-হ।
বধ্—ভ্বা, সক, প, হত্যা-ক।
ব্যধ—য, সক, প, ঔ, বিধ্য-ক। পীড়ন-ক।
বিধ—শ, সক, প, বিধান-ক।
বৃধ—ভ্বা, অক, ঙ, উ, ৯, দীপ্তি পা।
বর্দ্ধ্—ক, সক, প, পূরণ-ক। ছেদন-ক।
শুধ্—য, অক, প, ৯, ঔ, শুদ্ধ-হ।
সিধ্—ভ্বা, অক, প, উ, মাঙ্গলিক-হ। সিদ্ধ-হ। সক, অনুশাসন-ক।
সিধ্—ভ্বা, অক, প, উ, গমন-ক। প্রাপ্তি। আ—, রাজার আজ্ঞানুসারে ধৃত-ক। নি, প্রতি—, নিষেধ-ক।
সাধ্—ন, য, সক, প ঔ, নিষ্পন্ন-ক। অক, নিষ্পন্ন-হ।
স্পর্দ্ধ্—ভ্বা, অক, ঙ, পরকে পরাভূত করিতে ইচ্ছা-ক।

নান্ত।

অন্—ল, অক, প, জীবিত-থা।
খন্—ভ্বা, সক, ঞ, উ, বিদীর্ণ-ক। খনন-ক। নি—, পুঁতিয়া ফেলা।
জন্—য, অক, ঙ, ইর্, ম, উৎপন্ন-হ।
তন্—দ, সক, উ, বিস্তার-ক।
দান্—ভ্বা, সক, ঞ, ছেদ-ক। অক, ঋজু হ।
ধ্বন্—ভ্বা, অক, প, মি, শব্দ-ক।
ধন্—হ্বা, অক, প, র, ধনী-হ, ধান্যোৎপাদন-ক।
মান্—কি, সক, প, পূজা-ক।
মন্—ভ্বা, সক, প, পূজা-ক। অক, গর্বিত-হ।
মন্—য, সক, ঙ, ঔ, বুঝা। অনু—অনুমতি। অভি, সম্—, সম্মতি। অব—অবজ্ঞা-ক।
বন্—ভ্বা, সক, প, ম, উ, ব্যাপন।
শান্—ভ্বা, সক, ঞ, তীক্ষ্ণ-ক।
স্তন্—ভ্বা, অক, প, মি, শব্দ-ক।
স্বন্—ভ্বা, অক, প, শব্দ-ক।
হন্—ল, সক, ঙ, ঔ, বধ-ক। গমন-ক।

পান্ত।

আপ্—ন, কি, ৯, সক, প, ঔ, প্রাপ্তি। বি—, ব্যাপন।
ক্ষিপ্—শ, সক, এ্ণ, ঔ, ক্ষেপণ-ক। অধি, আ-,তিরস্কার করা। উৎ—,উর্দ্ধে ক্ষেপণ-ক। নিক্ষেপণ করা।স্থান। সুন্—সংক্ষেপ-ক। প্রেরণ-ক।
কুপ্—য, অক, প, ইর্, কুপিত-হ।
কম্প্—ভ্বা, অক, ঙ, কম্পন।
কৃপ্—ভ্বা, অক, ঙ, উ, ৯, সমর্থ-হ। যোগ্য-হ।
গুপ্—ভ্বা, সক, প, উ, রক্ষা-ক। ক, গোপন-ক।
গুপ্—ভ্বা, সক, ঙ, অপহ্নব-ক। নিন্দা করা।
চপ্—ভ্বা, সক, প, প্রিয় কথন।
চুপ্—ভ্বা, অক, প, মন্দ মন্দ গমন-ক।
ছুপ্—শ, সক, প, ঔ, স্পর্শ-ক।
জ্ঞপ্—ক, সক, প, ম, জানান। জানা।
জপ্—ভ্বা, সক, প, উ, জপ-ক। পাঠ-ক।
জল্প্—ভ্বা, সক, প, কথন।
টিপ্—ক, সক, প, প্রেরণ-ক।
তপ—ভ্বা, সক, এ্ণ, উত্তপ্ত-ক। দগ্ধ-ক।
তপ—ভ্বা, অক, প, ঔ, উত্তপ্ত-হ। প্রভুত্ব-ক।
ত্রপ—ভ্বা, অক, ঙ, উ, মি, ষ, লজ্জিত-হ।
তৃপ—য, সক, প, উ, প্রীত-ক। অক, প্রীত-হ।
তুপ—ভ্বা, সক, প, বধ-ক।
দীপ—য, অক, ঙ, ঋ, ঈ, দীপ্ত-হ।
দৃপ—য, অক, প, উ, ইর্, হৃষ্ট-হ। অহঙ্কৃত-হ।
ধূপ—ভ্বা, সক, প, তাপিত-ক। অক, জ্বলিত-হ।
পুষ্প—য, অক, প, বিকসিত-হ।
লিপ্—শ, প, সক, এ্ণ, ঔ, লেপন।
লুপ্—শ, প, স, ক, এ্ণ, ঔ, ঋ, ৯, লোপ, ছেদ-ক।
লপ্—ভ্বা, দ্বিক, প, ঋ, কথন। বি—বিলাপ, অনু—, পুনর্ব্বার বলা সং—, পরস্পর-কথন। দুর্—অপ্রিয় কথন। অপ—অপহ্নব করা।
ব্যপ্—ক, অক, প, ক্ষীণহওয়া। সক, ক্ষরিত-ক।
বেপ্—ভ্বা, অক, ঙ, ঋ, টু, কম্পিত হওয়া।
বপ্—ভ্বা, সক, এ্ণ, ঐ, ডু, ঔ, মুণ্ডন ক, বীজবপন ক।
শূর্প্—ক, সক, প, পরিমাণ করা।
শপ্—ভ্বা, সক, উভ, ঔ, অভিশাপ দেওয়া। অক, ঙ, শপথ করা।
স্বপ্—ল, অক, প, ঔ, নিদ্রিত হওয়া, স্বপ্ন দেখা।
স্তূপ্—ক, সক, প, রাশি ক। অক, রাশিহওয়া।
সৃপ্—ভ্বা, সক, প, ঔ, ৯, গমন করা। প্রাপ্তি।
হ্লপ্—ক, দ্বিক, প, কথন।

ফান্ত

গুফ্—শ, ম, সক, প, গ্রন্থন।
গুল্ফ্—শ, সুক, প, গ্রন্থন।
দৃফ্—শ, ম, সক, প, পীড়ন করা।
দৃন্ফ্—শ, সক, প, পীড়ন করা।
ঋক্, শ, সক, প, দান। প্রশংসা। নিন্দা। অক, যুদ্ধকরা।

বান্ত।

ক্ষীব্—ভ্বা, অক, ঙ, ঋ, মত্তহওয়া। গর্ব্বিত হওয়া।
কুটুম্ব্—ক, সক, ঙ, ধারণ করা। পোষণ করা।
খর্ব্ব—ভ্বা, সক, প, গমন করা।
চুম্ব্—কি, সক, প, ই, চুম্বন করা।
পর্ব্ব্—ভ্বা, সক, প, গমন করা।
পূর্ব্ব্—ক, অক, প, বাসকরা।
লম্ব্—ভ্বা, অক, ঙ, ই, লম্বিত হওয়া। শব্দ-করা। বি—, বিলম্ব করা। আ, অব—, অবলম্বন করা।
সর্ব্ব্—ভ্বা, সক, প, গমন করা প্রাপ্তি।

ভান্ত।

ক্ষুভ্—ভ্বা, অক, ঙ, ঌ, চঞ্চল হওয়া, কাতর হওয়া।
ক্ষুভ্—য, গ, অক, প, চঞ্চল হওয়া, কাতর হওয়া।
কুন্ভ্—ক, সক, প, আচ্ছাদন করা।
গল্ভ্—ভ্বা, অক, অ, প্রগল্ভ হওয়া।
জন্ভ্—ক, সক, প, নষ্ট করা। বধ করা।
জনভ্—ভ্বা, সক, প, ই, মৈথুন, স্ত্রীসংসর্গ করা।
জভ—ভ্বা, সক, প, অর্থ ঐ।
জৃভ্—ভ্বা, অক, ঙঁ, জৃম্ভন, হাইতোলা।
জম্ভ—ভ্বা, অক, ঙ, ই, অর্থ ঐ।
জৃন্ভ্—ভ্বা, অক, ঙ, ই, অর্থ—ঐ। উৎ, বি—, প্রকাশ পাওয়া।
দৃভ্—কি, শ, সক, প, ঈ, গ্রন্থন।
দনভ্, ন, অক, প, ই, দম্ভ করা।
যভ্—ভ্বা, সক, প, ঔ, স্ত্রীসঙ্গ করা।
রভ—ভ্বা, অক, ঙ, ঔ, বেগেগমন করা। আ—, আরম্ভ করা।
রন্ভ—ভ্বা, অক, ঙ, ই, শব্দকরা।
লভ্—ভ্বা, সক, ঙ, ঔ, ডু, ষ, লাভ করা। আ—, স্পর্শ করা। বধ করা। উপ—, বোধকরা।
লুভ্—য, অক, প, ইর্, লাভাকাঙ্ক্ষী হওয়া।

শুভ—ভ্বা, অক, ঙ, ৯, দীপ্তি পাওয়া।
শুভ্—শম, অক, প, শোভাপাওয়া। সক, বধ করা।
স্তুভ্—ভ্বা, অক, ঙ, উ, স্তব্ধ হওয়া। সক, স্তব্ধ করা।
স্তনভ্—ভা, অক, ঙ, ই, অর্থ ঐ

মান্ত।

অম্,—ক, অক, প, রোগী হওয়া।
কম্—ভ্বা, সক, ঙ, ঊ, অভিলাষ করা।
ক্লম্—য, অক, প, ইর, উ, ক্লান্তহওয়া।
ক্রম্—য, অক, প, উ, গমন করা।
ক্রম্—ভ্বা, সক, প, উ, অর্থ ঐ। আ—, আক্রমণকরা। উপ, প্র—, আরম্ভ-করা। বি—, বিক্রম করা।
ক্ষম্—য, ভ, সক, প, ইর্, ঈ, ক্ষমা করা। সহ্ করা।
গম্—ভ্বা, সক, প, ঔ, ৯, গমনকরা। প্রাপ্তি। অনু—, পশ্চাদ্ গমনকরা। অপ—, পলায়ন করা। অব—, জানা। অব—, আগমনকরা। নির্—, নির্গত হওয়া। সম্—, মিলিত হওয়া।
চম্—ভ্বা, সক, প, উ, ভক্ষণকরা।
তম্—য, ভ, অক, প, ইর্, উ, ম্লান হওয়া। সক, ইচ্ছাকরা।
দম্—য, ভ, অক, প, ইর্, উ, শান্ত হওয়া।
নম্—ভ্বা, সক, প, ঔ, নমস্কারকরা। অক, নম্রহওয়া, শব্দকরা।
ভ্রম্—য, ভ, অক, প, ইর্, ঈ, ভ্রমণকরা। ভ্রান্তহওয়া।
ভ্রম্—ভ্বা, অক, প, উ, ভ্রমণকরা।
যম্, ভ্বা, অক, প, ঔ, উ, বিষয় বিরত হওয়া। সক, নিবৃত্তকরা। আ—, দীর্ঘ হওয়া। উপ—, বিবাহকরা।
রম্—ভ্বা, অক, ঙ, ঔ, উ, গমনকরা। অনুরক্ত হওয়া। উপ—, মরণ। বি—, নিবৃত্তিপাওয়া।
বম্—ভ্বা, সক, প, উ, টু, বমনকরা।
শম্—য, ভ, অক, প ইর্, উ, শান্তহওয়া।
শ্রম্—চ, ভ, সক, প, ইর্, উ, তপস্যা করা। ক্লান্ত হওয়া। বি—, বিশ্রামকরা।

যান্ত।

অয়—ভ্বা, সক, ঙ, গমনকরা। আ—, আগমনকরা। পরা—, পলায়ন করা।
তায়, ভ্বা, সক, উ, ঋ, পলায়নকরা, পালনকরা, বিস্তার-ক।
দয়—ভ্বা, সক, ঙ, দয়াকরা। গ্রহণ-ক। গমন-ক। বধকরা। দানকরা। রক্ষাকরা।
প্যায়্—ভ্বা, অক, ঙ, ঈ, ও, বৃদ্ধি পাওয়া।
রয়্—ভ্বা, সক, ঙ, প্রাপ্তি।

ব্যয়্—ভ্বা, সক, ঞ, গমনকরা। প্রাপ্তি।
স্ফায়্—ভ্বা, অক, ঙ, ঈ, বৃদ্ধি হওয়া।
হয়্—ভ্বা, অক, প, ক্লান্তহওয়া। সক, গমনকরা।

রান্ত।

অভ্র্—ভ্বা, সক, প, গমনকরা, প্রাপ্তি।
ঈর্—কি, সক, প, গমনকরা, পীড়নকরা. উৎ—, কীর্ত্তনকরা। কথন।
ক্ষর্—ভ্বা, অক, প, ক্ষরণ। সঞ্চলন।
চর—ভ্বা, সক, প, গমন। ভোজন। আচরণ।
চর্—ক, সক, প, সন্দেহকরা, সন্দেহ না করা। উৎ—, উচ্চারণ করা, বি—, বিচারকরা।
চূর—য, সক, ঙ, ঈ, দগ্ধকরা।
চুর্—কি, সক, প, চুরিকরা।
ছুর্—শি, সক, প, ছেদকরা, রঞ্জিত করা।
জ্বর্—ভ্বা, অক, প, ম, রোগীহওয়া।
ৎসর্—ভ্বা, অক, প, ছলকরিয়া যাওয়া।
ত্বর্—ভ্বা, অক, ঙ, ম, ষ, ত্বরাকরা।
তন্ত্র—ক, সক, ঙ, পোষণকরা, ধারণ করা।
পুর্—শ, অক, প, অগ্রে ২ গমনকরা।
পূর্—য, অক, ঙ, ঈ, পরিপূর্ণ হওরা। সক, পরিপূর্ণ করা।
মন্ত্র—ক, সক, ঙ, গোপনে পরামর্শকরা।
যন্ত্র,—ক, সক, প, সঙ্কুচিত হওয়া, যন্ত্রণাদেওয়া।
শূর্—কি, অক, ঙ, ঈ, স্তব্ধ হওয়া। সক, বধকরা।
স্ফুর্—শি, অক, প, স্ফূর্ত্তিপাওয়া, চঞ্চলহওয়া।

লান্ত।

কল্—ভ্বা, সক, ঙ, গণন। অক, শব্দকরা।
কীল্—ভ্বা, সক, প, বদ্ধকরা।
ক্ষাল্—ভ্বা, অক, প, চঞ্চল হওয়া। সক, চয়নকরা।
ক্ষল্—ক, সক, প, পবিত্রকরা, ধৌত করা।
খেল্—ভ্বা, অক, প, ঋ, খেলাকরা। অক, কম্পন।
গল্—ভ্বা, সক, প, ভক্ষণ করা। অক—, ক্ষরণ।
গিল্—শ, সক, প, গলাধঃকরণ করা, গেলা।
চল্—ভ্বা, সক, প, গমনকরা। অক, কম্পন।
জল্—ক, সক, প, আচ্ছাদন করা।
জ্বল্—ভ্বা, অক, প, ম, কম্পন, দীপ্তহওয়া।
টল্—ভ্বা, অক, প, ব্যাকুল হওয়া, চঞ্চলহওয়া।

তিল—ক, শ, অক, প, স্নেহযুক্ত হওয়া।
তুল—কি, সক, প, ওজনকরা।
ভুল—ক, সক, প, দোলান।
দল—ভ্বা, সক, প, মি, ভেদকরা। ছিন্নভিন্ন করা।
দল—ক, সক, প, অর্থ ঐ।
নল—ভ্বা, সক, প, বন্ধন-ক।
পাল—কি, সক, প, রক্ষা-ক।
পল—ভ্বা, সক, প, গমন-ক।
ফুল্ল—ভ্বা, অক, প, বিকসিত-হ।
ফল—ভ্বা, সক, প, আ, বিদীর্ণ-ক। অক, বিদীর্ণ-হ।
ফল—ভ্বা, অক, প নিষ্পন্ন-হ। সক, গমন-ক।
বল—ভ্বা, অক, প, বৃদ্ধি-পা। বলিষ্ঠ-হ।
বল—ভ্বা, সক, ঙ, দান-ক। বধ-ক। নিরূপণ-ক।
মীল—ভ্বা, অক, প, চক্ষুমুদ্রিত-হ।
মিল—শ, অক, ঞ, সংলগ্ন-হ।
মূল—ক, সক, প, রোপণ-ক। নির, উৎ—, উৎপাটন-ক।
মূল—ভ্বা, অক, ঞ, প্রতিষ্ঠিত-হ।
লল—ক, সক, ঙ, পাইতে ইচ্ছা-ক।
শল—ভ্বা, সক, প, গমন-ক। প্রাপ্তি। উৎ—, উদ্গত-হ।
শল—ভ্বা, অক, ঙ, কম্পন। সক, আচ্ছাদন। উৎ—, উৎলে উঠা।
শীল—ভ্বা, অক, প, একান্ত প্রবৃত্ত-হ।
স্খল—শি সক, প, মি, চয়ন-ক। অক, চলন, পিছলে-যা।
হ্বল—ভ্বা, অক, প মি, কম্পন। বি—, বিহ্বল-হ।
হল—ভ্বা, সক, প, কর্ষণ-ক, লাঙ্গলদে।

অন্তঃস্থবান্ত।

অব—ভ্বা, সক, প রক্ষা-ক। গমন-ক। ইচ্ছা-ক। প্রীত-ক। স্তব-ক। প্রার্থনা-ক। প্রবেশ-ক। গ্রহণ-ক। বধ-ক। জানা। অভিলাষ করণ। অনুষ্ঠান-ক। অক, তৃপ্ত-হ। দীপ্তি-পা। সংলগ্ন-হ। বৃদ্ধি-পা। সমর্থ-হ।
ক্লীব, ভ্বা, অক, ঙ, অপ্রগল্ভ-হ।
জীব—ভ্বা, সক, প, জীবিত থাক। উপ—, আশ্রয়ভূক্ত-ক।
দিব—য, অক, প, ক্রীড়া-ক। শোভা-পা। নিদ্রিত-হ। সন্তুষ্ট-হ। সক, শত্রু পরাভব করিতে ইচ্ছা-ক। প্রশংসা-ক। ক্রয়বিক্রয়-ক। গমন-ক।
দিব—ক, অক, ঙ, অব্যক্ত শব্দ-ক। অস্ফুট ধ্বনি-ক। পরি—, ক্রন্দন-ক। শোকপ্রকাশ-ক।
ধাবি—ভ্বা, অক, ঞ, উ, দৌড়ান। সক, ধৌত-ক।
প্লব—ভ্বা, অক, ঙ, ভাসিয়া-যা। সক, গমন-ক।
সিব—য, সক, প, উ, সেলাই-ক।
ষ্ঠীব—ষ্ঠিব, ভ্বা, সক, প, উ, থুথু ফেলা।

সেব—ভ্বা, সক, আ, ঋ, সেবা-ক।

শান্ত।

অশ—ন, সক, ঙ, উ, ব্যাপন, রাশীকরণ।
অশ—গ, সক, প, ভোজন-ক।
ঈশ—ল, অক, ঙ, প্রভুত্ব-ক।
কাশ—য, অক, ঙ, ঋ, উ, দীপ্তি-পা।
কাশ—ভ্বা, অক, ঙ, ঋ, অর্থ ঐ।
ক্রুশ—ভ্বা, অক, প, উ, ক্রন্দন-ক। চীৎকার-ক। সক—, আহ্বান-ক।
 আ—, গালি-দে।
ক্লিশ—য, অক, এ, ক্লেশ-পা।
ক্লিশ—গ, সক, উ, পীড়ন-ক।
দন্শ—ক, অক, প, দীপ্তি-পা। সক, ঙ, দেখা। কামড়ান।
দন্শ্—ভ্বা, সক, প, ঔ, দংশন-ক।
দিশ্—শ, সক, এ, ঔ, কথন। দান-ক। আ—, অনুমতি-ক।
দৃশ্—ভ্বা, সক, প, ঔ, ইর্, দর্শন-ক।
নশ্—য, অক, প, উ, ৯, বিনষ্ট-হ।
ভ্রন্শ্—য, অক, প, উ, ইর্, অধঃপতিত-হ।
ভ্রন্শ্—ভ্বা, অক, ঙ, অর্থ ঐ।
মৃশ্—শ, সক, প, ঔ, পরামর্শ-ক। বিবেচনা-ক।
বিশ্—শ, সক, প, ঔ, প্রবেশ-ক।
স্পৃশ্—শ, সক, প, ঔ, স্পর্শ-ক।

ষান্ত।

অক্ষ্—ভ্বা, সক, প, উ, ব্যাপন। রাশীকরণ।
অক্ষ্য্—ন, সক, প, উ, অর্থ ঐ।
ইষ্—শ, সক, প, উ, বাঞ্ছা-ক।
ইষ্—য, সক, প গমন-ক। অনু—, অন্বেষণ-ক।
ঈক্ষ—ভ্বা, সক, ঙ, দর্শন-ক। অপ—, অপেক্ষা-ক। উপ—, অনাদর-ক।
 পরি—, পরীক্ষা-ক।
উষ্—ভ্বা, সক, প, উ, দগ্ধ-ক।
কাঙ্ক্ষ্—ভ্বা, সক, প, আকাঙ্ক্ষা-ক।
কৃষ্—ভ্বা, সক, প, ঔ, আকর্ষণ-ক। লাঙ্গল-দে।
ঘৃষ্—ভ্বা, সক, প, ঔ, ঘর্ষণ-ক।
ঘুষ্—কি, সক, প, স্তব-ক। ইর্, ঘোষণা-ক। আ—, অনবরত রোদন ক।
চুষ্—ভ্বা, সক, প, পান-ক। চোষা।
চক্ষ্—ল, সক, ঙ, কথন। দেখা।
তুষ্—শ, অক, ঙ, হৃষ্ট-হ। সক, সেবা-ক।
জুষ্—কি, সক, প, তর্ক ক। তৃপ্ত-ক। হিংসা-ক। অক, তৃপ্ত-হ।

তক্ষ্‌—উ, সক, প, তক্ষণ-ক। অক, হাস্ত-ক।
ত্বিষ্‌—ভ্বা, অক, এ, ঔ, দীপ্তি-পা। অব—, বাস-ক।
তৃষ্‌—য, অক, প, ইর্‌, তৃষ্ণাতুর-হ।
দীক্ষ্‌—ভ্বা, অক, ঙ, মুণ্ডিত-হ। সক, যাগ-ক। উপনীত-ক।
দুষ্‌—য, অক, প, উ, ইর্‌, মন্দ-হ।
দ্বিষ্‌—অ, সক, এ, ঔ, হিংসা-ক।
ধৃষ্‌—ক, সক, আ, বলপূর্ব্বক বদ্ধ-ক।
পুষ্‌—গ, সক, পু, পোষণ-ক। অক, পুষ্ট-হ।
পুষ্‌—য, সক, প, ঔ, ৯, অর্থ ঐ।
পুষ্‌—ক, সক, প, অর্থ ঐ।
পিষ্‌—ধ, সক, প, ঔ, ৯, চূর্ণ-ক। পেষণ-ক।
প্রেষ্‌—ভ্বা, সক, ঙ, ঋ, বমন-ক।
ভক্ষ্‌—ক, সক, প, ভক্ষণ-ক।
ভিক্ষ্‌—ভ্বা, সক, এ, লাভ-ক। যাচ্ঞা-ক।
ভাষ্‌—ভ্বা, দ্বিক, ঙ, ঋ, কথন।
মুষ্‌—ভ্বা, সক, প, বধ-ক।
মুষ্‌—গ, সক, প, চুরি-ক। বলপূর্ব্বক গ্রহণ-ক।
মৃষ্‌—ক, সক, প, ক্ষমা-ক।
ম্রক্ষ্‌—ক, সক, প, মাথা, ম্রক্ষণ-ক।
রুষ্‌—ভ্বা, সক, প, রাগ-ক।
লষ্‌—য, সক, এ, অভিলাষ-ক।
লষ্‌—ভ্বা, সক, এ, অর্থ ঐ।
লক্ষ্‌—ক, সক, এ, দেখা। চিহ্ন-ক।
বৃষ্‌—ভ্বা, সক, প, বর্ষণ-ক। অক, গর্ভ গ্রহণ ক।
শিষ্‌—কি, সক, প, শেষ, রাখা। বি—, বিশেষ-ক।
শ্লিষ্‌—য, অক, প, ঔ, ৯, শ্লিষ্ট-হ। সক, আলিঙ্গন-ক।
শুষ্‌—য, অক, প, শুষ্ক-হ।
শিক্ষ্‌—ভ্বা, সক, ঙ, শিক্ষা-ক।
হৃষ্‌—য, অক, প, ইর্‌, দৃষ্ট-হ।
হ্রেষ্‌—ভ্বা, সক, আ—, গমন-ক। অক, অশ্বধ্বনি।

সান্ত।

অস্‌—ল, অক, প, বিদ্যমান থাকা।
অস্‌—য, সক, প, ইর্‌, ক্ষেপণ-ক। নির্‌—, নিরস্ত-ক।
আস্‌—ল, অক, উপবেশন-ক।
কাশ্‌—ভ্বা, অক, ঙ, কাশা।
গ্রস্‌—কি, সক, প, গ্রাস-ক।
ঘস্‌—ভ্বা, সক, প, ঔ, ৯, ভক্ষণ-ক।
চকাস্‌—ল, অক, প, দীপ্তি-পা।

এস্—ক্র্য, সক, প, ধারণ-ক। গ্রহণ-ক।
এস্—য, অক, প, ভীত-হ।
ধ্বন্স্—ভ্বা, অক, ঙ, ৯, উ, বিনষ্ট-হ। সক, গমন-ক।
ভৎস্—ক, সক্র, এ, ভৎসনা-ক।
বস্—ভ্বা, অক, প, ঔ, ঐ, বাস-ক।
বস্—ল, সক, ঙ, পরিধান-ক।
শ্বস্—ল, অক, প, র, নিদ্রিত-হ।
আশন্স্—ভ্বা,—সক, ঙ, অভীষ্ট প্রার্থনা-ক।
শাস্—ল, সক, প, শাসন-ক।
শন্স্—ভ্বা, সক, প, স্তব-ক। কথন।
শ্রন্স্—ভ্বা, অক, ঙ, খুলিয়া পড়া।
হ্লস্—ভ্বা, অক, প, শব্দ-ক।
হস্—ভ্বা, অক, প, হাস্য-ক। সক, উপহাস-ক।
হিন্স্—ধ, কি, সক, প, বধ-ক।

হান্ত।

অর্হ্—ভ্বা, অক, প, যোগ্য-হ। সক, পূজা-ক।
ঈহ্—ভ্বা, অক, ঙ, চেষ্টা-ক।
উহ্—ভ্বা, সক, ঙ, তর্ক-ক।
গ্রহ্—গ, সক, এ, গ্রহণ-ক।
গর্হ্—ভ্বা, সক, আ, নিন্দা-ক।
গর্হ্—কি, সক, প, অর্থ ঐ।
গাহ্—ভ্বা, সক, আ, অবগাহন-ক।
গুহ্—ভ্বা, সক, এ, উ, আচ্ছাদন-ক। গোপন-ক। উপ—, আলিঙ্গন-ক।
তৃহ্—ধ, সক, প, উ, বধ-ক।
দুহ্—ল, দ্বিক, এ, ঔ, দোহন-ক।
দ্রুহ্—য, অক, প, উ, ৯, অনিষ্টাচরণ-ক।
দিহ্—ল, সক, এ, ঔ, লেপন-ক।
দহ্—ভ্বা, সক, প, ঔ, দগ্ধ-ক।
নহ্—য, সক, এ, ঔ, বন্ধন-ক। সং—, বর্ম্মপরিধান-ক।
মুহ্—য, অক, প, উ, মুগ্ধ-হ।
রুহ্—ভ্বা,অক,প,ঔ, উৎপন্ন-হ। আ—,আরোহণ-ক। অব—, অবরোহণ-ক।
লিহ্—ল, সক, এ, ঔ, চাটা।
বহ্—ভ্বা, সক, এ, ঔ, বহন-ক। প্রাপণ। উৎ, বিং—, বিবাহ-ক।
স্নিহ্—য, অক, প, উ, ৯, প্রীত-হ।
স্নিহ্—ক, অক, প, স্নিগ্ধ-হ। চিক্কণ-হ।
সহ্—য, কি, সক, প, সহ্য-ক।
সহ্—ভ্বা, সক, ঙা, অর্থ ঐ। উৎ—, সযত্ন-হ।